ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি পরিষ্কারভাবে মাননীয় বিধায়ককে জানাতে চাই যে, মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে আমাদের এই সরকারের অভিমুখ শিক্ষা, স্বাস্থ্য, সংস্কৃতি, কৃষি, শিল্প, পানীয় জলের ব্যবস্থা, রাস্তা-ঘাট, ১০০ দিনের কাজ এই সমস্ত দিকেই, যা মানুষের সঙ্গে থাকে, মানুষকে আরো উৎকর্ষতার দিকে নিয়ে যায়, তার উপর বিশেষ গুরুত্ব দিয়েছেন। এক্ষেত্রে শিক্ষার এলিমেন্টারি এডুকেশন থেকে হায়ার এডুকেশন, স্কিল ডেভলাপমেন্ট, কারিগরি শিক্ষা—প্রায় প্রতিটি ক্ষেত্রেই একটা উন্নয়নের ছাপ, একটা উন্নতির ছাপ আছে। আমি আপনাদের কাছে একথা স্পষ্টভাবে বলতে চাই যে, আমরা ১০,০০০ ক্লাস রুম বাড়িয়ে দিয়েছি। এই ছোটো ছোটো জিনিসগুলো চোখে পড়ছে না। আমরা প্রত্যেকটা জায়গায় চেষ্টা করছি কলেজ এবং স্কুল যেন হয়। যেমন হিন্দি স্কুল, উর্দু স্কুল—যে যেখানে যেরকম তার সুযোগটা যাতে গ্রহণ করতে পারে এবং আপনি নিশ্চয়ই অবগত আছেন কন্যাশ্রী প্রকল্পের মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রী ইতিমধ্যেই ২৭ লক্ষ ছাত্রীকে এই সুযোগের আওতায় এনে স্কুলমুখী করেছেন, তাতে স্কুলছুটের সংখ্যা কমেছে। ফলে আমরা নিজেরাই এই অভিমুখ সকলকে নিয়েই, যারা চিৎকার করছেন বাম দিকে তাদেরও আছে হয়তো, আর ডান দিকে যার চুপ করে বসে আছেন তাদেরও আছে। এটা কিন্তু একটা রাজ্য। এই রাজ্যতে সকলে মিলেই সহযোগিতা করে ঐক্যবদ্ধভাবে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যই হচ্ছে মমতা বন্দ্যোপাধ্যায়ের কর্মধারার অভিমুখ।

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন, ছাত্রী আবাসের সংখ্যা উনি জেলাওয়ারি অনুন্নত এলাকার কথা লিখিতভাবে বলেছেন। আমার প্রশ্ন এই ছাত্রী আবাসগুলিতে বিগত দিনের সরকারের আমলে এই পিছিয়ে পড়া ছাত্র-ছাত্রীরা যে দৈন্যদশার ভেতরে পড়াশোনা করত, বর্তমান সরকার সমন্বয় রেখে আজকে থাকা-খাওয়ার ব্যবস্থা করে যে ছাত্র ও ছাত্রী আবাস তৈরি করেছে, সেই আবাসগুলি পুরোপুরি চালু হয়েছে এবং আগামী দিনে নতুন করে ওই অনুন্নত এলাকায় আরো ছাত্র-ছাত্রী আবাস তৈরি হবে কি না জানাবেন ?

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ককে জানাই, কিছু চালু হয়েছে এবং কিছু বাকি আছে। যেমন ২৬টি মডেল স্কুলের কাজ এখনো চলছে। সেগুলো আমরা কমপ্লিট করবার পর, আমাদের যে টার্গেট, সেই টার্গেটটাকে রিচ করবার পর আমরা সকলের কাছ থেকে আবার চাইছি এবং আমাদের যে দপ্তর আছে তার আধিকারিকদের

জানিয়েছি যে, কোথায় কোথায় প্রয়োজন আছে, বিশেষ করে অনুন্নত জেলাগুলোর, সেখানে যেখানে যেখানে প্রয়োজন আছে তার ইয়ার মার্ক করে সংশ্লিষ্ট জেলার শিক্ষা অধিকর্তা যিনি আছেন, তার মাধ্যমে আমাদের কাছে আসতে। তারপর আমরা সেগুলোকে নিয়ে বসে একত্রিত করে কি করে তাকে সাহায্য করা যায়, সেই জেলার শিক্ষা আরো উন্নত করা যায়, সেটা আমরা দেখব।

শ্রী আনিসুর রহমান : স্যার, আমি মাননীয় মন্ত্রীর কাছে খুবই গুরুত্ব দিয়ে দুটো কথা বলতে চাই প্রশ্ন আকারে। তা হচ্ছে যে রাজ্যের স্কুলগুলোর অবস্থা সত্যি খুব খারাপ। প্রাইমারি এবং সেকেন্ডারিতে টিচারের ভীষণ অভাব। তার উপর ট্রান্সফারের ফলে শহর এলাকায় শিক্ষক বেশি আছে, গ্রাম এলাকায় শিক্ষক নেই। কলেজের অবস্থা তাই, স্কুলের অবস্থাও তাই। এ যদি একটা ইউনিফর্ম ব্যবস্থা না হয়, আমি অনেক স্কুলে গিয়ে দেখেছি শহরের পাশে স্কুলে অনেক টিচার আছে, আর গ্রামের স্কুলে টিচার নেই। গ্রামের ছেলেরা ভীষণভাবে বঞ্চিত হচ্ছে। আমার অনুরোধ আপনার কাছে যে, দরকার হলে আপনি দিল্লিতে দলবেঁধে যান, আলোচনা করে নিয়ে এর একটা সমাধান না করলে ক্ষতি হবে। এটা আমার একটা কথা। আর দ্বিতীয় আমার প্রশ্ন যেটা সেটা হচ্ছে যে, মাইনরিটি দপ্তরের মুসলিম গার্লস হস্টেল কিছু করা ছিল, কিছু টাকাপয়সা দেওয়া হয়, কিছু বেতন হয়তো দেওয়া হয়। কিন্তু এই এম.এস.ডি.পি ফান্ড থেকে জেলায় জেলায় কিছু হস্টেল করা হয়েছে। এর কিন্তু মা-বাবা নেই। হস্টেল হয়ে পড়ে আছে, ঘর ভেঙে পড়ে যাচ্ছে দেখার কেউ নেই, চালাবার কেউ নেই। মেয়েরা থাকতে চায়, কিন্তু সেই হস্টেলে কে মেট্রন হবে, কে রান্না করবে, কে দেখবে, ফার্নিচার কিছুই নেই।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আবারও বলছি মাননীয় সদস্যকে, আপনার কাছে যে চিঠি গেছে সেটাই সরকারের স্ট্যান্ড। এটা নিয়ে বিশদ আলোচনা করতে চাইলে আমার কাছে আসবেন, আলোচনা করব।

শ্রী রামশঙ্কর হালদার : স্যার, বিগত সরকারের সময় থেকেই আপার প্রাইমারী শুরু হয়েছে, বর্তমান সরকারও আপার প্রাইমারী দিচ্ছেন। কিন্তু আপার প্রাইমারী থেকে যেসব ছাত্র-ছাত্রীরা পাশ করছে তারা পরবর্তীকালে হাইস্কুলগুলোতে ভর্তি হতে গেলে নানা সমস্যায় পড়ছে। বিশেষ করে আমি দেখেছি আমার বিধানসভা এলাকাতে, প্রথম প্রজেন্মের পড়ুয়ারা ভর্তি হতে পারছে না বলে বহু অভিভাবক এস.আই.অফিস, ডি.আই.অফিসে ঘোরবার পর আমাদের কাছে যাচ্ছে। আপনারা আপার প্রাইমারীগুলোকে হাইস্কুল করছেন কিনা, করলে কি ব্যবস্থা গ্রহণ করছেন এবং প্রথম প্রজন্মের পড়ুয়ারা যে স্কুলছুট হয়ে যাচ্ছে, শিক্ষার ক্ষেত্রে যে ঘাটতি থাকছে, বিশেষ করে গ্রামাঞ্চলে, সেই সম্পর্কে কোনো উদ্যোগ গ্রহণ করছেন কিনা যদি অনুগ্রহ করে বলেন।

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী এটার উত্তর দিন। আমার কনস্টিটিউয়েন্সিতেও এরকম সমস্যা হচ্ছে।

[11.40—11.50 a.m.]

ডঃ পার্থ চ্যাটার্জী : আমার নিজের অভিজ্ঞতায় বলছি, যেমন একটা নামকরা স্কুলে পড়লাম, মাধ্যমিকে পাশ করলাম, কিন্তু উচ্চ মাধ্যমিকে তো ভর্তি হতে পারছি না। এই জিনিস তো আছে। এটা আজকে নতুন কিছু না। এই জিনিস আছে যে একটা স্কুলে ভিড় হচ্ছে। সেই স্কুলে যেটা পড়াশোনায় ভাল, পঠন-পাঠনে সমাজে দাগ কেটেছে। সেখানে গিয়ে সকলে হাজির হচ্ছে। এই সমস্যাটি কিন্তু আমি যদি চেষ্টা করিও যে, যদিও আমরা চেষ্টা করছি আপার প্রাইমারিকে মাধ্যমিকস্তরে নিয়ে যাওয়ার, মাধ্যমিক স্তর থেকে উচ্চমাধ্যমিক স্তরে নিয়ে যাওয়ার। এবারে পনেরশো স্কুলকে করেছি মাধ্যমিক থেকে উচ্চমাধ্যমিকে। আরও অনেক স্কুলকে প্রাইমারি থেকে আপার প্রাইমারিতে। এগুলো করা হলেও আপনি লক্ষ্য রাখবেন যে আপনারই বিধানসভার মধ্যে যে স্কুলগুলো অনেক ভাল যার গ্রহণযোগ্যতা অনেক ভাল ছাত্রছাত্রীদের কাছে, অভিভাবকের কাছে সেই স্কুলে ভিড় হচ্ছে। আমার পাশে যেখানে আমি থাকি সেই স্কুলে আমি যাচ্ছি না, যাচ্ছি অনেক দূরে। এই সমস্যা সকলকে মিলেই মেটাতে হবে। সব জায়গায়তেই যাতে পঠন-পাঠনের স্ট্যান্ডার্ডটা বাড়ে সেদিকে সবাইকে নজর রাখতে হবে। আজকে সমস্যাটা আপনি বলেছেন শহরেও এই সমস্যা আছে। গ্রামেতেও আছে।

শ্রী রামেশ্বর দলুই : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মাধ্যমিক পরীক্ষা নিয়ে বলেছেন, শুভেচ্ছা জানিয়েছেন। আমিও আপনার মাধ্যমে ছাত্রছাত্রীদের শুভেচ্ছা জানাই। আমাদের আশঙ্কা বোধহয় সত্য প্রমাণিত হচ্ছে যে মাধ্যমিকে ছাত্র-ছাত্রীর সংখ্যা কমে গেছে। তার মানে ড্রপ আউট বাড়ছে। প্রাইমারী থেকে সেকেন্ডারি পর্যন্ত। অনুন্নত জেলা যেটা উনি কোশ্চেন করেছেন, আমি জানতে চাইছি কোন জেলাতে পিছিয়ে পড়ছে। কোন জেলাতে ? প্রতিফলন তো মাধ্যমিকে হল, পরীক্ষার্থীর সংখ্যা কমেছে। এটাকে যদি আপনি অনুগ্রহ করে বলেন।

মিঃ স্পীকার : এটা নোটিশ দেবেন। উনি জানতে চাইছেন আপনার কাছে যে কোন কোন স্কুলে ছাত্র-ছাত্রীরা কম পাশ করেছে। কম বসছে। কোন কোন জেলাওয়ারি।

ডঃ পার্থ চ্যাটার্জী : আপনি এটা লিখিতভাবে দেবেন। তবুও আপনাকে একটা বলি যে এটা খুব চাউড় হয়েছে। যে মাধ্যমিকের ছাত্র-ছাত্রীর সংখ্যা কমে গেছে। না, আগে কমপার্টমেন্টালে ছিল। কমপার্টমেন্টাল যুক্ত হয়ে সংখ্যাটাকে বলা হত। এখন যেহেতু সবাই পাস করছে, কমপার্টমেন্টালের সাথে যদি আপনি দেখেন আমার কাছে আসবেন আমি আজকেই বলে দিতে পারব যে কমপার্টমেন্টালের সংখ্যা যেহেতু কমছে, পাসের সংখ্যা বাড়ছে। আমরা দুটো দিকটাকে ধরে বলি আজকাল কমপার্টমেন্টাল পাচ্ছে কম। সেইক্ষেত্রে আপনি করবেনটা কি ?

রাজ্যের কৃষি সমবায় সমিতি

*৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৯) **শ্রী অসিত মিত্র** : সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৪ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত রাজ্যে মোট কতগুলি কৃষি সমবায় সমিতি কাজ করছে ;

(খ) অনিয়মের দায়ে কতগুলি কৃষি সমবায় সমিতির সরকারী স্বীকৃতি বাতিল করা হয়েছে ; এবং

(গ) ওই বিষয়ে কতজন দোষী ব্যক্তিকে শাস্তি দেওয়া হয়েছে ?

শ্রী জ্যোতির্ময় কর :

(ক) ২০১৪ সালের ৩১শে ডিসেম্বর সাপেক্ষে রাজ্যে মোট ৫০৯৩টি কৃষি সমবায় সমিতি কাজ করছে।

(খ) অনিয়মের দায়ে কোনো কৃষি সমবায় সমিতির সরকারী স্বীকৃতি বাতিল করা হয়নি। তবে অচলাবস্থার জন্য ১০০টি সমবায় সমিতিকে লিকুইডেশনে দেওয়া হয়েছে।

(গ) সমবায় সমিতির আর্থিক দুর্নীতির ক্ষেত্রে কোনো ব্যক্তিকে শাস্তি দেওয়ার বিষয়ে প্রাথমিক দায় সংশ্লিষ্ট সমবায় সমিতির পরিচালকমণ্ডলীর। প্রাপ্ত তথ্য অনুযায়ী ৬৭জনের বিরুদ্ধে এফ আই আর দায়ের করা হয়েছে।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে আপনি সমবায় আন্দোলন থেকে এসেছেন। আপনি নিজে জানেন যে আমাদের এই রাজ্যে অনেক সমবায় সমিতি আছে। বিভিন্ন ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভের আন্ডারে যে কৃষি সমবায় সমিতিগুলো কাজ করছে না, দে আর স্লিপিং কো-অপারেটিভ এবং আমি আপনাকে বলছি যে অথচ নির্বাচনের সময়ে দেখা যায় যে সেই কো-অপারেটিভগুলোকে স্বীকৃতি দিয়ে তাদের ভোটাধিকার দেওয়া হয়। আপনি বলেছেন ১০০টি সমবায় সমিতিকে লিকুইডেশনে দেওয়া হয়েছে কিন্তু আমি বলছি আপনার কাছে যে, এই যে স্লিপিং কো-অপারেটিভ এই একশোটাকে লিকুইডেশনে দেওয়া হয়েছে তাদের কতজনের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে ? কতজন ব্যবস্থা নেওয়ার মতো জায়গায় এসেছে ? তদন্ত হচ্ছে ? কিভাবে তদন্তকে অগ্রসর করা হচ্ছে।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই যে, মোট ছয় হাজার নথিভুক্ত রেজিস্টার্ড প্রাথমিক কৃষি উন্নয়ন সমিতি আছে, যাকে আমরা বলি প্যাকস্। প্রাইমারী এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটি। এই ছয় হাজারের মধ্যে আমরা যদি অডিটের বিচারে এক নাম্বার সমিতি ধরি, তাহলে সেই সমিতির সংখ্যা ধারেকাছে ছয়শোর মতো। তবে একটু-আধটু এদিক-ওদিক হতে পারে। এবারে যদি ওয়ার্কিং সমিতি ধরি, ধুঁকছে যেগুলি রুগ্ন স্বাস্থ্য, সেই রুগ্ন স্বাস্থ্য ধরলে আপনি যেটাকে স্লিপিং বলছেন সেটা স্লিপিং নয়, সেগুলি হচ্ছে রুগ্ন, রিভাইভ করার দরকার আছে। সেই সমিতিগুলির সংখ্যা প্রায় আড়াই হাজারের মতো। বাকি সমিতিগুলিতে কি আছে ! তাদের ম্যানেজমেন্ট নেই, সেগুলি ইনঅপারেটিভ। কাজও করছে না। আমার দপ্তরের প্রথম দায়িত্ব ছিল যে আমরা কতগুলিকে রিভাইভ করতে পারি, উদ্ধার করতে পারি। সেইজন্য আমরা একটা রিভাইভাল প্যাকেজ তৈরি করি এবং সেই রিভাইভাল

প্যাকেজ অনুযায়ী সরাসরি সেই সমিতিগুলিকে আমরা পুনরুজ্জীবিত করছি, আর্থিক সাহায্য দিয়ে। দ্বিতীয় দফায় যেগুলিকে আমরা দেখে নিচ্ছি যে, সরাসরি টাকা দিয়ে যাদের স্বাস্থ্যোদ্ধার করা যাবে না, সেগুলিকে পাশের কোনো শক্তিশালী স্ট্রং সমিতির সঙ্গে মার্জ করে দিচ্ছি। উইকার সমিতিকে মার্জ করিয়ে দিয়ে আমরা এরিয়াটাকে ইনক্লুড করিয়ে দিচ্ছি। আর যেগুলিকে কিছুই করা যাবে না, সেগুলিকেই শুধুমাত্র লিক্যুইডিশনে দেওয়া হচ্ছে। আপনারা জানেন যে লিক্যুইডিশনে দেওয়ার একটা প্রসেস আছে। আপনি বললেন ছয় হাজার চারশোর মধ্যে লিক্যুইডিশনে একশোটা, সমিতির সংখ্যা দেখে কম মনে হচ্ছে। ঠিকই মনে হচ্ছে। কিন্তু এই লিক্যুইডিশন প্রসেসে নিয়ে যাওয়ার জন্য তার কতগুলি পদ্ধতিগত ব্যাপার আছে। সেগুলি আমরা নিচ্ছি। তবে আপনাকে আমি নিশ্চিত করতে পারি, আপনি আশ্বস্ত থাকতে পারেন, একজন কৃষকও কৃষিঋণ পাবে না পশ্চিমবঙ্গে, তা হবে না। এক ইঞ্চি জায়গা সমবায়ের সার্ভিস পাবে না, লেফটআউট থাকবে, এটাও হবে না। আপনি একটু অপেক্ষা করুন সেই প্রক্রিয়া শুরু হয়েছে।

শ্রী অসিত মিত্র : স্যার, আমার প্রশ্ন, মাননীয় মন্ত্রী নিজে দায়িত্ব নিয়ে যে কথাগুলি বললেন সেগুলি যদি বাস্তবে রূপায়িত হলে ভালো হবে। তবে আমার যেটা মনে হয়...

মিঃ স্পীকার : আপনি ব্যাকগ্রাউন্ড না বলে সরাসরি প্রশ্ন করুন।

শ্রী অসিত মিত্র : স্যার, ব্যাকগ্রাউন্ড ছাড়া কোয়েশ্চেন হয় না। আমার আর একটি প্রশ্ন হল—এই যে জায়গাতে কো-অপারেটিভগুলি অচল হয়ে পড়ে আছে, কিন্তু সেই জায়গাতে নতুন করে রেজিস্ট্রেশান দেওয়া হচ্ছে না এস কে ইউ এসের ক্ষেত্রে, কৃষি প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে। আপনারা কি এই ব্যাপারটা ভেবেছেন যে, যেহেতু ওই গ্রামপঞ্চায়েতে একটা কো-অপারেটিভ আছে, সুতরাং আর ওখানে কাউকে দেওয়া যাবে না, whether it is working or not working ? আমি আপনাকে জিজ্ঞাসা করছি।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় বিধায়ক যে প্রশ্ন তুলেছেন কো-অপারেটিভ-এর ক্ষেত্রে একটা অটোনমির ব্যাপার আছে। এই অটোনমিকে ব্রেক করা যাবে না। তখন সবাই বলবে যে দেখ কো-অপারেটিভের অটোনমি ব্রেক করে দিচ্ছে। কো-অপারেটিভের স্বাধীনতাকে ব্রেক করে দিচ্ছি। তাহলে আপনি যদি বলেন যে সমিতিগুলি দুর্বল আছে, যেটা আগে বললাম, তার ইনফ্রাস্ট্রাকচার ডেভলপমেন্ট, তার ক্যাপিটাল ইনফিউশান, তার সংশ্লিষ্ট যে ডিস্ট্রিক্ট সেন্ট্রাল ব্যাঙ্ক আছে, তার সঙ্গে কোলাবোরেশন আমরা করছি। এমন নয় যে করছি না। কিন্তু যেটা একদম শেষ ফিনিশড, যার হার্ট বিট একেবারেই খুঁজে পাওয়া যাচ্ছে না, কোন কিছুই পাওয়া যাচ্ছে না, সেগুলিকে লিক্যুইডিশনে দিয়ে দেওয়া হচ্ছে। আপনাদের আশ্বস্ত করতে পারি, সেই রকম যদি কোনো সমিতি থাকে, আপনি সরাসরি আমাকে বলুন, ২৪ ঘণ্টার মধ্যে অ্যাকশন নেব, তা না হলে এইরকম হাউসে বলবেন না।

[11.50 a.m.—12.00 noon]

শ্রী বিপ্লব রায়চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রিমহোদয় ঠিকই বলেছেন, যে প্যাক্স-এর মাধ্যমে কৃষকদের একটা ব্যাপক লোন দেওয়া হয়, যাতে তারা

দুবার, তিনবার ভালো করে চাষ করতে পারে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি যে, কত পরিমাণ ঋণ আপনারা দিয়েছেন, এটা যদি একটু প্রিসাইজ্ করে যদি বলেন, তাহলে আমরা সবাই উপকৃত হই।

শ্রী জ্যোতির্ময় কর : স্যার, মাননীয় বিপ্লববাবুর প্রশ্নের উত্তরে জানাই, উনি ঠিকই বলেছেন। আমাদের মূল যে প্রশ্নকর্তা, তিনিও পরিষ্কার হয়ে যাবেন। এতৎসত্ত্বেও অ্যাজ্ অন টুডে ৮২% এগ্রিকালচারাল লোন আমরা কৃষি থেকে দিই, ৮২% অফ দ্যা টোটাল ডেপ্লয়মেন্ট। পশ্চিমবাংলার যত অর্থনৈতিক প্রতিষ্ঠান আছে, কৃষিক্ষেত্রে যা বিনিয়োগ করে—সমবায়—তার ৮২%, শতকরা ৮২ ভাগ বিনিয়োগ করে এবং সেই জন্যই আমরা যে বলি, এগ্রিকালচারে আমরা ফার্স্ট, এগ্রিকালচারে পুরস্কার নিয়ে এসেছে কৃষি দপ্তর ভারত সরকারের কাছ থেকে, পঞ্চায়েত দপ্তর, আজকে এটা অ্যালায়েড কিছু আছে। আপনার নির্দিষ্ট প্রশ্নের উত্তরে জানাই, ডিউরিং ২০১৩-১৪, আমরা স্মল্ টার্ম ইনভেস্টমেন্ট, এস.টি লোক যাকে বলি, অর্থাৎ তিন মাসের জন্য যে টাকা দেওয়া হয়, সেকেন্ড ক্রপের জন্য যে টাকা দেওয়া হয়, তাকে বলা হয় এস.টি. লোন। আমরা এস.টি. লোন দিয়েছিলাম ২ হাজার ৮৯৭ কোটি ২৬ লক্ষ টাকা এবং এল.টি. মানে যেগুলোকে আমরা বলি কমার্শিয়াল ক্রপ, সেই কর্মশিয়াল ক্রপ বা ডোমেস্টিক যে আমরা লোন দিই, আমরা দিয়েছিলাম ৪১ কোটি ৪৯ লক্ষ টাকা। অ্যাজ্ অন্ টুডে, ডিউরিং ২০১৪ এবং ২০১৫—এখনো শেষ হয়নি, কিন্তু ২০১৪ এবং ২০১৫, আপ টু ৩০।০৯, ৩০শে সেপ্টেম্বর, মানে একটা ক্রপ বলছি, মাইন্ড দ্যাট সেকেন্ড ক্রপ ইনভেস্টমেন্টের হিসেব এখানে নেই। ৩১।১০ পর্যন্ত আমরা এস.টি.সেক্টর, মানে স্মল টার্ম সেক্টরে আমরা দিয়েছি ১ হাজার ৪১৪ কোটি ৪৩ লক্ষ টাকা এবং এল.টি. সেক্টর, মানে লং টার্ম সেক্টরে আমরা দিয়েছি ৮৩ কোটি ৭৪ লক্ষ টাকা। এগ্রিকালচারে যে ক্রপ ইনসিওরেন্স হয়, যত ক্রপ্ ইনসিওরেন্সের টাকা দেওয়া হয়, সেই নিরিখেও ৮২% ইনসিওরেন্সের টাকা দেয় এবং স্যার, আরেকটা কথা বলি, রাজ্য সরকার কিন্তু সেই টাকাটা দেয়, ওনাদের সময় রাজ্য সরকার দিত না, চাষীদের দিতে হত। এখন রাজ্য সরকারই দেয়।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, ওনার কাছে ৬ মাস আগে একটা প্রশ্ন আমার ছিল, উনি বলেছিলেন যে, চেষ্টা করছি। সেটা হচ্ছে, বীরভূম জেলায় কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক বন্ধ। ওনাকে জিজ্ঞেসা করা হয়েছিল, উনি এই সভাতেই বলেছিলেন যে, যত দ্রুত সম্ভব এই ব্যাঙ্কটা খোলার চেষ্টা করছি। এখন বীরভূম জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কটা কি অবস্থায় রয়েছে, সেটা যদি উনি একটু বলেন, তাহলে ভাল হয়।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, পরে এই সেশনেই বীরভূমের ব্যাপারে নির্দিষ্ট প্রশ্ন আছে গৌরাঙ্গবাবুর।

মিঃ স্পীকার : আপনি উত্তরটা দিয়ে দিন, কেননা, আমরা অত দুর যেতে পারব না।

শ্রী জ্যোতির্ময় কর : আজকে নেই স্যার, এই সেশনেই আছে। সুতরাং এটুকু বলছি, পজিটিভ, সদর্থক দিকেই এগোচ্ছে। কেন, বলি আমি ? আপনি শুনুন। আপনার উৎকণ্ঠার

সঙ্গে আমি একমত, সারা বাংলা একমত। কিন্তু এর জন্য প্রচুর টাকার দরকার। যার বাজেট অ্যাকোমোডেশন ছাড়া সেই টাকা দেওয়া যাবে না। সুতরাং বাজেট পর্যন্ত অপেক্ষা করতে হবে এবং আরো কিছু ব্যাপার আছে, আপনাকে আমি বলব, আপনি স্বস্তি পাবেন।

শ্রী অসীম মাঝি : স্যার, আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে একটা প্রশ্ন জানতে চাইছি যে, এই এগ্রিকালচারাল ইনসিওরেন্স—বিশেষ করে আমার বলাগড় ব্লকে সুখসাগর পেঁয়াজ খুব বিখ্যাত। এই সুখসাগর পেঁয়াজের ওপরে ৬% ইন্টারেস্টে ইনসিওরেন্সটা কাটা হচ্ছে। আমি আপনাকে অনুরোধ করব, এই ব্যাপারে একটু ভাবতে।

মিঃ স্পীকার : এটা তো প্রশ্ন নয়, আপনি ওনাকে পরে বলে দেবেন।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ্ : স্যার, মাননীয় মন্ত্রিমহোদয়, বললেন, কৃষি সংক্রান্ত ব্যাপারে তিনি খুব ঢাক পেটালেন। আমার প্রশ্ন হচ্ছে যে কৃষি সমবায় সমিতিগুলি কত ধান এই সময় অভাবী কৃষকদের কাছ থেকে কিনেছে, এই প্রশ্নের উত্তরটা আপনার কাছে চাইছি।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, চৌধুরী মহাশয়, সমবায়টা তো ঢাক পিটিয়ে দিয়ে গিয়েছিলেন, শ্মশানযাত্রা হয়ে গিয়েছিল তবুও আপনার প্রশ্নের উত্তরে জানাই, আপনার ভালো লাগবে, এই বীরভূম আমার সৃষ্টি না, আমাদের সরকারের সৃষ্টি না, ঢাক আপনারা পিটিয়ে দিয়ে গিয়েছিলেন। ঢাক-ঢোল দুইই পিটিয়ে গিয়েছিলেন। এখন শুনুন, স্ট্যাটাস অফ দা প্রকিয়রমেন্ট স্যার, সমবায় দপ্তর নিজে কেনে না, বেনফেড, কনফেড কেনে। সেই বেনফেড এবং কনফেডের মাধ্যমে প্রকিয়রমেন্ট কত হয়েছে আপনাদের অবগতির জন্য জানাই ডিউরিং ২০১৩-১৪ বেনফেড কিনেছে ২১ হাজার ৪৬৯.৬৫ মেঃ টন। কনফেড কিনেছে ৭৪ হাজার ৭৩০.৩ মেঃ টন। ডিউরিং ২০১৪-১৫ আপটু ৩০.৯.২০১৪ বেনফেড কিনেছে (গোলমাল) ২০০০ মেঃ টন। গলার জোরে সত্যকে চাপা যাবে না, এই গভর্নমেন্ট আসার পরে আপনারা যা করতেন, ভাববেন না সেটা হচ্ছে। এই গভর্নমেন্ট আসার পরে চেক্ দিয়ে, নগদ চেক্ দিয়ে কৃষকদের কাছ থেকে নেওয়া হচ্ছে। আপনারা কিনতেন ? আপনারা ভাবতেই পারেননি। নগদ চেক্ দিয়ে কৃষকদের কাছ থেকে ধান কেনা হচ্ছে স্যার। সুতরাং এঁরা জানেন না যে কৃষকরা আজ উল্লসিত, তাই আজকে দিকে দিকে আমাদের জয়, এটাও একটা কারণ। কৃষকরা তৃপ্ত বলে। স্যার, উত্তরে জানাই বেনফেড ৮২ হাজার ২১৪ মেঃ টন কিনেছে এইবারে এই পর্যন্ত, কনফেড কিনেছে ৫৩ হাজার ৭৫৫ মেঃ টন।

সমবায় সমিতিতে আর্থিক অনিয়ম

*৪। (অনুমোদিত প্রশ্ন নং *১১১) **শ্রী সমীর কুমার জানা** : সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৪ সালের ৩১শে ডিসেম্বর সাপেক্ষে মোট কতগুলি সমবায় সমিতির বিরুদ্ধে আর্থিক অনিয়মের অভিযোগ জমা পড়েছে ; এবং

(খ) উক্ত সমবায় সমিতিগুলির বিরুদ্ধে ৩১শে ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত কী কী ব্যবস্থা নেওয়া হয়েছে ?

শ্রী জ্যোতির্ময় কর :

মাননীয় প্রশ্নকর্তা বিধায়ক শ্রী সমীর কুমার জানার প্রথম প্রশ্নের উত্তরে জানাই,

(ক) ২০১৪ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত মোট ১৩৩টি সমবায় সমিতির বিরুদ্ধে আর্থিক অনিয়মের অভিযোগ জমা পড়েছে।

(খ) উক্ত সমবায় সমিতিগুলির বিরুদ্ধে ২০১৪ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত ৯৭টির বিরুদ্ধে আইনানুগ ও প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হয়েছে।

শ্রী সমীর কুমার জানা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার প্রথম সাপ্লিমেন্টারী মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রথম জিজ্ঞাস্য, বিগত বামফ্রন্টের আমলে যে সমস্ত ক্ষেত্রে দেখা গেছে সমবায়গুলো একেবারে শেষ হতে বসেছিল সংকীর্ণ রাজনীতির স্বার্থে, সেই সমস্ত দুর্বল সমবায় সমিতিগুলোকে তুলে ধরার জন্য আপনি কি কি উদ্যোগ গ্রহণ করেছেন ?

শ্রী জ্যোতির্ময় কর : স্যার, প্রথমত আমরা চেষ্টা করেছি পরিচালক সমিতি থেকে পুনর্গঠিত করতে। শুনে রাখুন, দ্বিতীয়ত আমরা চেষ্টা করেছি প্রশাসনিক বা পরিকাঠামোটাকে তৈরি করতে, তৃতীয়ত আমরা চেষ্টা করেছি সরকারের ফান্ডকে inflate করতে, চতুর্থত আমরা চেষ্টা করেছি সেই সমবায় সমিতির যে সদস্য সংখ্যা তাকে রিভাইভ করিয়ে সেই সমিতিকে পুনর্গঠিত করতে।

[12.00 noon—12.10 p.m.]

শ্রী সমীর কুমার জানা : মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে আমার লাস্ট সাপ্লিমেন্টারি। এই সরকারের অভিমুখ কিষান ক্রেডিট কার্ডের মধ্য দিয়ে দ্রুত মানুষের কাছে আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের চেষ্টা করা। কিন্তু এই জায়গাতে আমরা সমবায় সমিতিগুলোর মাধ্যমে এই কিষান ক্রেডিট কার্ডগুলিকে যাতে দ্রুত উপভোক্তাদের কাছে পৌঁছে দেওয়া যায়, তার জন্য কি ভূমিকা আমরা গ্রহণ করতে পেরেছি ?

শ্রী জ্যোতির্ময় কর : এটি একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন আপনি করেছেন। সমবায় দপ্তরও ৭৪ লক্ষ কিষান ক্রেডিট কার্ড এবং আমরা প্যাক্স লেভেল থেকে জেলা লেভেল পর্যন্ত, ডিস্ট্রিক্ট সেন্ট্রাল লেভেল থেকে কো-অপারেটিভ পর্যন্ত প্রত্যেক স্তরে যে সমবায় সমিতি আজকে আমরা কিষান ক্রেডিট কার্ড সেখানে দিচ্ছি। এবং শুধু তাই নয়, আমরা ভাগ করে দিচ্ছি যাতে কমার্সিয়াল ক্রপ, যাকে বলে বাণিজ্যিক শস্য, সেটা যাতে চাষীরা ভালো উৎপাদন করতে পারেন, তার জন্যও আমরা কিষান ক্রেডিট কার্ড আজকে সারা পশ্চিমবাংলায় চালু করেছি।

শ্রী শেখ আমজাদ হোসেন : স্যার, ধন্যবাদ। স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার স্পেসিফিক প্রশ্ন। মন দিয়ে শুনবেন। আপনি যে ধান কেনার কথা

বলেছেন, হুগলী জেলায় যত এম.এল.এ আছে, মাত্র দুজন আছি আমরা, বাকি সব আপনাদের টোটাল জেলায়। স্যার, প্যাডি প্রোকিয়োরমেন্ট মিটিং, ডি.এম-এর মিটিং ওখানে হয়েছে গত ১৭ তারিখ। সেখানে আমার নির্দিষ্ট প্রশ্ন ছিল যে, পাণ্ডুয়াতে আপনি কটা ক্যাম্প করেছেন এবং কত বস্তা ধান কিনেছেন ? আপনার ডি.সি.এফ.এস জবাব দিচ্ছেন-একটাও ক্যাম্প হয়নি, এক বস্তা ধানও কেনা হয়নি। আর আপনি বলছেন কে কত হাজার মেট্রিক টন কিনেছেন। কোথায় কিনলেন ? মঙ্গল গ্রহে ? কেন মিলছে না ? স্যার, এটাই প্রশ্ন যে, পাণ্ডুয়াতে কত ধান কেনা হয়েছে, সেটা আপনি বলুন। ডি.সি.এফ.এস যা বলছে সেটা কি ঠিক যে একটাও ক্যাম্প হয়নি, এক বস্তাও ধান কেনা হয়নি।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার স্পেসিফিক উত্তর এই যে ডিস্ট্রিক্ট কন্ট্রোলারের সার্টিফিকেট নিয়ে চলবে না কি আমার দপ্তর ? ...(গোলমাল)... আমি বলেছি বেনফেড কিনেছে। আমি বলেছি কনফেড কিনেছে। এবং আমি অন রেকর্ড বলেছি।

.....(গোলমাল)....

শ্রী অজয় দে : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমার মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে একটি অতিরিক্ত প্রশ্ন যে, এই সমবায় সমিতিগুলো রয়েছে আমাদের রাজ্যে, তাদের অধীনে অনেক কোল্ড স্টোরেজ আছে। আমি জানতে চাইছি যে, বিগত দিনে এই কোল্ড স্টোরেজগুলো অনেকগুলো বন্ধ ছিল এবং এখনো কিছু কিছু বন্ধ আছে অনেক জায়গায়। অনেক আলু বাইরে-টাইরে পড়ে থাকে সংরক্ষণ করা যায় না, স্টোরেজ করা যায় না। ২০১১-র পরে তাদের এই ইনটেক ক্যাপাসিটি আপনার আমলে কতটা বাড়াতে পেরেছেন ? আর যেগুলো বন্ধ রয়েছে আমার এলাকাতেও একটি আছে শান্তিপুরে, এই বন্ধগুলোকে চালু করার ক্ষেত্রে কি ধরনের কর্মসূচি নিয়েছেন বা পদক্ষেপ নিয়েছেন, যদি একটু জানান।

মিঃ স্পীকার : এই প্রশ্নটা স্টার প্রশ্ন নাম্বার ৬ নম্বর প্রশ্নেই রয়েছে। আপনি মাননীয় মন্ত্রী উত্তর দিন। স্টার প্রশ্ন নাম্বার ৬-কেও নিয়ে নেওয়া হল এর সঙ্গে।

সমবায় পরিচালিত হিমঘরের সংখ্যা

*৬। (অনুমোদিত প্রশ্ন নং *১২৫) **শ্রী অজয় দে** : সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে সমবায় পরিচালিত হিমঘরের সংখ্যা কত ;

(খ) তন্মধ্যে, চালু ও বন্ধ হিমঘরের সংখ্যা কত (তালিকাসহ) ; এবং

(গ) বন্ধ হিমঘরগুলি চালু করার জন্য কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি ?

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ক অজয়বাবু কিন্তু রেলিভেন্ট প্রশ্ন তুলেছেন। স্যার, এরা বেশি কথা বলেছেন মানে এদের অতীতটাকে টেনে

ধরবো বলে। শুনে রাখুন, শুনে রাখুন ভালো লাগবে, আপনাদেরই কাজে লাগবে। স্যার, কোল্ড স্টোরেজ ফাংসানিং ৪২. আমাদের সমবায় কোল্ড স্টোরেজ ৪২টি কাজ করছে। ক্যাপাসিটি ৩ কোটি ১৮ লক্ষ মেট্রিক টন এবং আপনার নন-ফাংসানিং কোল্ড স্টোরেজের মধ্যে আমরা দুটোকে রিভাইভ করে নিয়েছি এ বছর। গত বছর আমরা করেছি যার ক্যাপাসিটি হচ্ছে ৮ লক্ষ মেট্রিক টন। আপনার এরিয়ায় আমরা একটা রিভাইভ করতে চাইছি যেটা পরিত্যক্ত। স্যার, শ্মশানের মতো ফেলে দিয়ে গিয়েছিল। কি কষ্ট হচ্ছে কল্পনা করতে পারবেন তা। স্যার, প্রোপোসড যে, প্রোপোসড—আপনার বীরভূমের এম.এল.এ আছেন, আপনার কোল্ড স্টোরেজ আমরা রিভাইভ করছি। কোটি কোটি টাকা দিয়ে আমরা রিভাইভ করছি। আমরা এই ফিনান্সিয়াল ইয়ারে ৬ কোটি টাকা ইনভেস্ট করেছি রিভাইভালের জন্য। আপনার কোল্ড স্টোরেজ বেকপুর। বেকপুর মন্ত্রিমহাশয়ের এরিয়া। সেখানেও আমরা কোল্ড স্টোরেজ করছি। কারণ আমাদের হোল ডিপার্টমেন্টের টার্গেট মানে মিশনই হচ্ছে, কোল্ড স্টোরেজের ইনফ্রাস্ট্রাকচারকে আপ গ্রেডেড করে নিয়ে আসা, একটা যুক্তিসঙ্গত জায়গায় নিয়ে আসা।

(প্রশ্নোত্তর পর্ব সমাপ্ত)

Starred Questions
(to which answers were laid on the Table)

পাট উৎপাদনের পরিমাণ

*৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৮) **শ্রী রামেশ্বর দলুই** : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৪-১৫ আর্থিক বছরে ৩১শে জানুয়ারী সাপেক্ষে রাজ্যে পাট উৎপাদনের পরিমাণ কত (জেলাভিত্তিক তথ্যসহ) ; এবং

(খ) ওই সময়ে রাজ্য সরকার কতজন কৃষকের কাছ থেকে কত পরিমাণ পাট ক্রয় করেছে ?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক)

ক্রমিক নং	জেলা	আনুমানিক উৎপাদন (হাজার বেল)
১	দার্জিলিং	৪৩
২	জলপাইগুড়ি	৪২৩
৩	কোচবিহার	৮৭৫
৪	উঃ দিনাজপুর	৬৭৩
৫	দঃ দিনাজপুর	৩০৪

ক্রমিক নং	জেলা	আনুমানিক উৎপাদন (হাজার বেল)
৬	মালদা	৩৫৭
৭	মুর্শিদাবাদ	২২৮৯
৮	নদীয়া	২০৩২
৯	উঃ ২৪ পরগনা	৯৪৫
১০	দঃ ২৪ পরগনা	১১
১১	হাওড়া	৪৯
১২	হুগলী	৪৮৫
১৩	বর্ধমান	২২৮
১৪	বীরভূম	৬
১৫	বাঁকুড়া	৬
১৬	পুরুলিয়া	-
১৭	পশ্চিম মেদিনীপুর	৫২
১৮	পূর্ব মেদিনীপুর	৮
	মোট	**৮৭৮৬**

খ) রাজ্য সরকার কৃষকদের কাছ থেকে কোনো পাট ক্রয় করে না। কেন্দ্রীয় সরকারের সংস্থা 'জুট করপোরেশন অফ ইন্ডিয়া' মূলত ন্যূনতম সহায়ক মূল্যে (এম.এস.পি) পাট ক্রয় করে।

অপর্যাপ্ত বৃষ্টিতে কৃষিকাজের ব্যাঘাত

*৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৫) **শ্রী বিজয় বাগদী** : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বীরভূম জেলায় যে সমস্ত ব্লকে বর্ষাকালে পর্যাপ্ত বৃষ্টি না হওয়ার কারণে কৃষিকাজ ব্যাহত হয়েছে, সেই সমস্ত ব্লকের জন্য রাজ্য সরকার কী ব্যবস্থা নিয়েছে ?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

রাজ্য সরকার নিম্নলিখিত পদক্ষেপগুলি নিয়েছেন।

'বিকল্প ফসলের চাষ' এই প্রকল্পের মাধ্যমে নিম্নলিখিত বীজ মিনিকিট বীরভূম জেলায় বিতরণ করা হয়েছে।

ক্রমিক নং	মিনিকিটের নাম	পরিমাণ	সংখ্যা	মন্তব্য
১.	টোরিয়া	১ কেজি	১৪০০	প্রতিটি মিনিকিট ১ বিঘা জমিতে চাষ করার জন্য
২.	সরষে	১ কেজি	৪০০০	
৩.	মুসুর	৪ কেজি	৮০০	
৪.	মুগ	৪ কেজি	৮০০	
৫.	হাইব্রিড ভুট্টা	৪ কেজি	১১৫০	
৬.	হাইব্রিড সূর্যমুখী	১ কেজি	১০০	

'শুখা অঞ্চলে ফসল বৈচিত্র্যকরণ' প্রকল্পের মাধ্যমে বীরভূম জেলায় নিম্নলিখিত প্রদর্শনী ক্ষেত্র করার জন্য বিভিন্ন ফসলের বীজ বিতরণ করা হয়েছে।

ক্রমিক নং	প্রদর্শনী ক্ষেত্রের নাম	পরিমাণ	সংখ্যা	মন্তব্য
১.	হাইব্রিড ভুট্টা	৪ কেজি	৭০০	প্রদর্শনী ক্ষেত্র ১ বিঘার জন্য
২.	চিনাবাদাম	১৫ কেজি	৩১০	
৩.	কলাই	৪ কেজি	৪০০	

'রাজ্য সরকারের উচ্চ ফলনশীল/হাইব্রিড বীজ বিতরণ প্রকল্প'-এর মাধ্যমে বীরভূম জেলায় নিম্নলিখিত ফসলের বীজ ও সার (এন. পি কে ১০:২৬:২৬) বিতরণ করা হয়েছে।

ক্রমিক নং	প্রদর্শনী ক্ষেত্রের নাম	পরিমাণ	সংখ্যা	মন্তব্য
১.	খেসারি	৮ কেজি	৪০০	প্রদর্শনী ক্ষেত্র ১ বিঘার জন্য এবং প্রতি বিঘার জন্য ৫ কেজি (এন.পি.কে ১০:২৬:২৬) বিতরণ করা হয়েছে।
২.	মুগ	৪ কেজি	৩০০	
৩.	মুসুর	৪ কেজি	৪০০	
৪.	তিল	১ কেজি	৭০০	

বিদ্যালয়ের উন্নীতকরণ

*৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৮) **শ্রী অসিত মজুমদার** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১১ সালের ২০শে মে থেকে ৩১শে জানুয়ারী, ২০১৫ পর্যন্ত রাজ্যে কতগুলি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে ও কতগুলি উচ্চপ্রাথমিক বিদ্যালয়কে মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করা হয়েছে ;

(খ) উক্ত সময়ের মধ্যে রাজ্য সরকার হুগলী জেলায় কতগুলি নতুন প্রাথমিক বিদ্যালয় তৈরি করতে সক্ষম হয়েছে ; এবং

(গ) চুঁচুড়া বিধানসভা এলাকায় নতুন প্রাথমিক বিদ্যালয় তৈরি করার কোনো পরিকল্পনা আছে কি ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১১ সালের ২০শে মে থেকে ৩১শে জানুয়ারী, ২০১৫ পর্যন্ত রাজ্যে ১৬২১টি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে ও ৩১৯টি উচ্চপ্রাথমিক বিদ্যালয়কে মাধ্যমিক বিদ্যালয়ের উন্নীত করা হয়েছে।

(খ) উক্ত সময়ের মধ্যে রাজ্য সরকার হুগলী জেলায় ৬টি নতুন প্রাথমিক বিদ্যালয় তৈরি করতে সক্ষম হয়েছে।

(গ) এখনও পর্যন্ত কোনো নিউ সেট আপ প্রাথমিক বিদ্যালয় তৈরি করার পরিকল্পনা পাওয়া যায়নি।

পশ্চিম মেদিনীপুর জেলায় কিষান মাণ্ডি

*৯। ● (অনুমোদিত প্রশ্ন নং *২০৮) **ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা** : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিম মেদিনীপুর জেলার কয়টি ব্লকে কিষান মাণ্ডির কাজ সমাপ্ত হয়েছে ;

(খ) ওই জেলার সবং ব্লকের কিষান মাণ্ডির কাজ কোন্ পর্যায়ে রয়েছে ;

(গ) ওই কিষান মাণ্ডির ভেতর কোল্ড স্টোরেজ স্থাপন হবে কি ; এবং

(ঘ) ওই কিষান মাণ্ডিতে মোট কতজনের কর্মসংস্থান হবে ?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পশ্চিম মেদিনীপুর জেলার ৪টি কৃষক বাজারের কাজ সম্পন্ন হয়েছে ৩১-০১-২০১৫ পর্যন্ত।

(১) ঝাড়গ্রাম সাব-ডিভিশনাল অ্যাডাপটিভ রিসার্চ ফার্ম।

(২) মেদিনীপুর সয়েল কনভারশন রিসার্চ স্টেশন।

(৩) কেশপুর ব্লক সীড্ ফার্ম।

(৪) চন্দ্রকোণা (ঝাকড়া উপবাজার চত্বর)।

(খ) সবং ব্লকের কৃষক বাজারের কাজ ৭৩% সম্পন্ন হয়েছে।

(গ) রাজ্যে নির্মীয়মাণ কৃষক বাজারগুলির অধিকাংশের ক্ষেত্রে হিমঘর স্থাপনের ব্যবস্থা থাকলেও সবং কৃষক বাজারের ক্ষেত্রে প্রাপ্ত জমির পরিমাণে অপ্রতুলতা থাকার কারণে আপাতত হিমঘর স্থাপনের প্রকল্প গ্রহণ করা হয়নি। তবে ভবিষ্যতে হিমঘর স্থাপনের উদ্দেশ্যে ওই কৃষক বাজার চত্বরে অতিরিক্ত জমি পাবার জন্য কৃষি দপ্তরের সাথে যোগাযোগ করা হবে।

(ঘ) কৃষক বাজারে সরাসরি কতজনের কর্মসংস্থান হবে, তা এই মুহূর্তে বলা সম্ভব হচ্ছে না ; তবে স্ব-নির্ভরতাই হল কৃষক বাজার স্থাপনের মূল উদ্দেশ্য।

মিড-ডে মিল

*১০। (অনুমোদিত প্রশ্ন নং *২৪১) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে ডিসেম্বর, ২০১৪ সাপেক্ষে মিড-ডে মিল চালু আছে এমন বিদ্যালয়ের সংখ্যা কত ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

৩১শে ডিসেম্বর, ২০১৪ সাপেক্ষে মিড-ডে-মিল চালু আছে এমন বিদ্যালয়ের সংখ্যা— প্রাথমিক বিদ্যালয়-৬৭,৯৯৯ (এস.এস. কে সহ), উচ্চ-প্রাথমিক বিদ্যালয়-১৫,২৭৩।

শামুকতলা কৃষিবাজার সংস্কার

*১১। (অনুমোদিত প্রশ্ন নং *২৩০) **শ্রী মনোজ কুমার ওরাওঁ** : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

আলিপুরদুয়ার ২নং ব্লকের শামুকতলায় কৃষিবাজার সংস্কারের বিষয়ে কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

আলিপুরদুয়ার ২ নং ব্লকের শামুকতলায় আলিপুরদুয়ার নিয়ন্ত্রিত বাজার সমিতির পরিচালনাধীন কোনো কৃষিবাজার নেই।

মুর্শিদাবাদ জেলায় কিষান মাণ্ডি

*১২। (অনুমোদিত প্রশ্ন নং *২৫২) **শ্রী রবিউল আলম চৌধুরী** : বিগত ১৬ই জুন, ২০১৪ তারিখের তারকিত প্রশ্ন নং ৭৮ (অনুমোদিত প্রশ্ন নং *২৯০)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে মাননীয় কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে ডিসেম্বর, ২০১৪ সাপেক্ষে মুর্শিদাবাদ জেলায় চালু কিষান মাণ্ডির সংখ্যা কত ?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

৩১শে ডিসেম্বর, ২০১৪ সাপেক্ষে মুর্শিদাবাদ জেলায় ৪টি কৃষকবাজার নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে।

(১) বহরমপুর মডেল সীড ফার্ম।

(২) সাগরদিঘি ব্লক সীড ফার্ম।

(৩) কান্দি স্টেট এগ্রিকালচারাল রিসার্চ ফার্ম।

(৪) হরিহরপাড়া ব্লক সীড ফার্ম।

সম্পূর্ণ হওয়া কৃষকবাজারগুলি মুর্শিদাবাদ জেলা নিয়ন্ত্রিত বাজার সমিতিকে হস্তান্তরের প্রক্রিয়া শুরু হয়েছে।

আগামী দিনে মুর্শিদাবাদ জেলা নিয়ন্ত্রিত বাজার সমিতি ওই কৃষকবাজারগুলি চালু করার প্রক্রিয়া শুরু করবে।

সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের সংখ্যা

*১৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৮) **শ্রী ধীরেন বাগদী** : সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে কতগুলি সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক আছে ?

সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

রাজ্যে মোট ১৭টি সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক আছে। ব্যাঙ্কগুলির নামের তালিকা সংযুক্ত করা হল।

List of Central Cooperative Bank/District Central Cooperative Banks under Short Term Sector

1. West Bengal State Cooperative Bank Ltd.
2. Howrah District Central Cooperative Bank Ltd.
3. Hooghly District Central Cooperative Bank Ltd.
4. The Burdwan Central Cooperative Bank Ltd.
5. Birbhum District Central Cooperative Bank Ltd.
6. Murshidabad District Central Cooperative Bank Ltd.
7. Malda District Central Cooperative Bank Ltd.
8. Raiganj District Central Cooperative Bank Ltd.
9. Dakshin Dinajpur District Central Cooperative Bank Ltd.
10. Darjeeling District Central Cooperative Bank Ltd.
11. The Jalpaiguri Central Cooperative Bank Ltd.
12. Bankura District Central Cooperative Bank Ltd.
13. Purulia Central Cooperative Bank Ltd.
14. Vidyasagar Central Cooperative Bank Ltd.
15. Tamluk Ghatal Central Cooperative Bank Ltd.
16. Balageria Central Cooperative Bank Ltd.
17. Mugberia Central Cooperative Bank Ltd.

আলু রপ্তানি

*১৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৯) **শ্রী রামশঙ্কর হালদার** : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে উৎপাদিত আলু অন্য রাজ্যে রপ্তানি করা হয় ; এবং

(খ) সত্যি হলে, রাজ্যে মোট উৎপাদিত আলুর পরিমাণ কত ও রাজ্যে আলুর চাহিদা কত ?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, এটা সত্যি যে পশ্চিমবঙ্গে উৎপাদিত আলু অন্য রাজ্যে রপ্তানি করা হয়।

(খ) (১) এই প্রশ্নটির অন্তর্গত আলুর উৎপাদন সংক্রান্ত প্রথম অংশটি কৃষিজ বিপণন দপ্তরের আওতাভুক্ত বিষয় নয়।

২) এই রাজ্যে আলুর বাৎসরিক চাহিদা আনুমানিক ৫০ থেকে ৬০ লক্ষ মেট্রিক টন।

'আমার ধান আমার চাতাল' প্রকল্প

*১৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৭) **শ্রী নর্মদা চন্দ্র রায়** : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনার বরাদ্দ টাকায় 'আমার ধান আমার চাতাল' নামে যে নতুন প্রকল্প-এর সিদ্ধান্ত সরকার নিয়েছে তার মাধ্যমে রাজ্যের কৃষক কীভাবে উপকৃত হবেন ?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) উপরোক্ত প্রকল্পটির অধীনে ধান শুষ্ককরণ ও সংরক্ষণের জন্য প্রয়োজনীয় চাতাল নির্মাণ অথবা জৈব জ্বালানি চালিত মনুষ্যনিয়ন্ত্রিত দানাশস্য শুষ্ককরণ যন্ত্র নির্মাণ অথবা উন্নতমানের নিম্নমূল্যের ধান ও অন্যান্য দানাশস্য সংরক্ষণ কাঠামো নির্মাণের জন্য যথাক্রমে ১০০০০, ৮০০০ এবং ৫০০০ টাকা ধান প্রক্রিয়াকরণের সঙ্গে যুক্ত নির্বাচিত উপস্বত্বভোগীদের (মূলত স্বাবলম্বন গোষ্ঠীর মহিলা সদস্যদের) ব্যাঙ্ক অ্যাকাউন্ট বা কিষান ক্রেডিট কার্ড অ্যাকাউন্টে এককালীন সহায়তা (ওয়ান টাইম অ্যাসিসটেন্স) হিসাবে প্রদান করা হবে।

(খ) এই প্রকল্পটি রূপায়িত হলে যে বিপুল পরিমাণ চাল সারা রাজ্যে ছড়িয়ে থাকা অসংখ্য ক্ষুদ্র "স্বগৃহভিত্তিক ধান প্রক্রিয়াকরণ শিল্প উদ্যোগ" (হোম বেসড প্যাডি প্রসেসিং ইউনিট)-গুলির মাধ্যমে উৎপাদিত হয়, তার গুণগত মানোন্নয়ন ঘটবে। শুধু তাই নয়, ধান শুকানোর এবং সিদ্ধ করার মজুরি এবং জ্বালানি খরচও হ্রাস পাবে। ফলত ওই

উদ্যোগগুলির সাথে যুক্ত মানুষেরা কম খরচে অপেক্ষাকৃত উন্নত মানের চাল তৈরি করে তা লাভজনক দামে বিক্রি করতে পারবেন। গ্রামাঞ্চলে এই প্রকল্পটি স্ব-নিযুক্তি ও বিকল্প উপার্জনের ক্ষেত্রে নতুন দিকনির্দেশ করতে পারে।

NOTICE OF ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today, I have received one notice of Adjournment Motion from Shri Asit Mitra on the subject of reported incident of molestation of a girl student and physical attack on her mother by some miscreants at Shyampur, Howrah.

The subject matter of the Motion is not such that may call for Adjournment of the Business of the House.

Member will get ample scope to raise the matter during discussion on Governor Address which will commence on and from today. Members may also invite attention of the Hon'ble Minister concern through Calling Attention, Question, Mention etc.

I, therefore, withhold my consent to the Motion.

Member may, however, read the text of the Motion as amended.

শ্রী অসিত মিত্র : স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতবি রাখছে।

বিষয়টি হল—

সম্প্রতি হাওড়া জেলার শ্যামপুরে অষ্টম শ্রেণীর এক ছাত্রীকে শ্লীলতাহানির অভিযোগ করা হয়। ছাত্রীর মা'ও দুষ্কৃতীদের আঘাতে হাসপাতালে চিকিৎসাধীন।

.....(At this stage Congress Party M.L.A.s walked out of the Chamber).....

NOTICE OF CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received four (4) notices of Calling Attention on the following subjects, namely.

	Subject	Name
i)	Alleged booth capturing and demand for re-poll in election of peoples Co-operative Bank in Medinipur .	: Shri Sahajahan Choudhury, : Shri Rameswar Doloi, and Shri Nirapada Sardar

ii) Urge for improvement of infrastructure in Block Hospitals of Joynagar-I & II Blocks. : Dr. Tarun Kanti Naskar

iii) Alleged non-implementation of the Geetanjali Scheme of 2013-2014 in Malda District. : Shri Tajmul Hossain

iv) Urge for re-construction of Jhalda-Gola Road in Purulia District. : Shri Nepal Mahata

I have selected the notice of Shri Nepal Mahata on the subject of Urge for re-construction of Jhalda-Gola Road in Purulia District.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

শ্রী শঙ্কর চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ক শ্রী নেপাল মাহাত যে কলিং অ্যাটেনশান এনেছেন আমরা এই হাউস চলাকালীনই তার উত্তর উনাকে জানিয়ে দেব।

PRESENTATION OF COMMITTEE REPORT

Presentation of the Fifth Report of the Committee on the Affairs of Women and Children

Smt. Aparna Saha : Hon'ble Speaker Sir, with your kind permission I beg to present the Fifth Report of the Committee on the Affairs of Women and Children (2014-2015) on the present status of Sukanya Home, North 24 Parganas.

LAYING OF NOTIFICATION

Notification made by the Department of Environment under the West Bengal Right to Public Service Act, 2013

Dr. Sudarshan Ghosh Dastidar : Hon'ble Speaker Sir, I beg to lay the notification No. EN/3107/A-02/2013(Pt-1), dated the 20th December, 2013 issued by the Department of Environment, Government of West Bengal and published in the Kolkata Gazette Extraordinary dated the 14th February, 2014 regarding the services for delivering to the people of the State within the specified stipulated time limit alongwith the Designated officer(s) responsible for providing

the Services, the Appellate officer(s) and the Reviewing officer(s) under the West Bengal Right to Public Service Act, 2013.

[12.10—12.20 p.m.]

LAYING OF REPORTS AND ACCOUNTS

The Annual Report and Accounts along with Audit Report and Comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal Highway Development Corporation Limited for the year 2012-2013.

Shri Shankar Chakravorty : Sir, I beg to lay the Annual Report and Accounts along with Audit Report and comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal Highway Development Corporation Limited for the year 2012-2013.

The Audit Report on the Accounts of the Panchayati Raj Institutions in West Bengal for the year 2012-2013.

Shri Subrato Mukherjee : Sir, I beg to lay the Audit Report on the Accounts of the Panchayati Raj Institutions in West Bengal for the year 2012-2013.

শ্রী আনিসুর রহমান : স্যার, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রীকে অভিনন্দন জানাতে চাই। দেরিতে হলেও তিনি বাংলাদেশে গিয়েছেন এবং দেরিতে হলেও বাংলাদেশের সঙ্গে জলবন্টন এবং ছিটমহল বন্টনের ব্যাপারে একটা পজিটিভ কথা তিনি বলেছেন। এর জন্য তাঁকে আমি অভিনন্দন জানাতে চাই। তাছাড়া তিনি ইলিশ আপনার কথাও বলেছেন, এর জন্য আমি তাঁকে অভিনন্দন জানাতে চাই। কিন্তু আমি আশ্চর্য হয়ে গেলাম যে আমাদেরই মুখ্যমন্ত্রীর সঙ্গে গেলেন একজন মানুষ, তার নাম শিবাজি পাঁজা। কি করে তিনি গেলেন .....(গোলমাল)...

মিঃ স্পীকার : এটা এর সাথে কোনো রিলেটেড নয়। আপনি অন্যরকমভাবে এটা বলুন। আপনি গভর্নর সাহেবের ভাষণ প্রসঙ্গে যা বলার বলবেন। এটা এর মধ্যে নয়।

MENTION CASES

শ্রী মনোজ কুমার ওরাওঁ : স্যার আপনার মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। বর্তমানে বাংলায় সোয়াইন ফ্লুর প্রকোপ খুব বেড়ে যাচ্ছে। ইতিমধ্যে পাঁচজন মারা গেছেন।

মিঃ স্পীকার : উনি একটা খুব গুরুত্বপূর্ণ বিষয়ে বলছেন। শুনুন না দয়া করে।

শ্রী মনোজ কুমার ওরাওঁ : আমাদের ডুয়ার্সকে বলা হয় মিনি ভারতবর্ষ। ওখানে বিভিন্ন ভাষাভাষী লোকের বসবাস। সেখানে সোয়াইন ফ্লুর প্রভাব মারাত্মকভাবে বেড়ে গেছে। অথচ সেখানে প্রতিরোধ করার মতো কোনো কিট নেই। ফলে যার রোগ হচ্ছে তাকে ব্লক থেকে জেলা, জেলা থেকে কলকাতায় নিয়ে আসতে আসতে অনেক সময় লেগে যাচ্ছে বা লেগে যায়। যদি দ্রুত ব্যবস্থা করা না হয় তবে আমাদের ডুয়ার্সে এই রোগ মহামারীর আকার ধারণ করতে পারে।

শ্রী আব্দুর রহিম বক্সী : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। মালদার মালতীপুর বিধানসভা কেন্দ্রে বেশ কিছু জায়গা আছে, যেগুলো আদিবাসী এবং সংখ্যালঘু অধ্যুষিত। সেই জায়গাগুলোতে উপস্বাস্থ্যকেন্দ্র না থাকার কারণে সেখানকার মানুষগুলো স্বাস্থ্য পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছেন। এমনকি সেই ব্লকে যে দুটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে, সেগুলো অচল। সেই স্বাস্থ্যকেন্দ্রগুলোতে ডাক্তার নেই, নার্স নেই, কোনো পরিকাঠামো নেই। ফলে কোনো উপস্বাস্থ্যকেন্দ্র এবং প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র না থাকার কারণে সেখানকার মানুষগুলো খুব অসুবিধার মধ্যে পড়েছেন। বিশেষ করে চোলনমুনি, খেমপুর, বিজলি, মহদীপুর এই চারটি জায়গায় অনতিবিলম্বে স্বাস্থ্যকেন্দ্র গঠনের জন্য মাননীয়া স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, একটি খুব গুরুত্বপূর্ণ বিষয়ে বলতে চাই। যদিও পরিবহণমন্ত্রী জেলে আছেন। স্যার, বালুরঘাট-মালদা একটি খুবই গুরুত্বপূর্ণ সড়ক। বালুরঘাট-মালদা রুটে আজ প্রায় দু মাস ধরে বেসরকারী পরিবহণ পরিষেবা বন্ধ আছে। বারে বারে দুই জেলার প্রশাসন বসেও এর কোনো সুরাহা করতে পারছে না। স্যার, আজ থেকে মাধ্যমিক পরীক্ষা শুরু। খুব স্বাভাবিক কারণে এই বালুরঘাট-মালদা গুরুত্বপূর্ণ সড়কপথে বেসরকারী পরিবহণ পরিষেবা বন্ধ থাকার ফলে এলাকায় একটি তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে। স্যার মালদা জেলা অবৈধভাবে নয়টি বাসের রুট পারমিট দেয়।

এই রুট পারমিট দেওয়ার সঙ্গে সঙ্গে ওই নটি বাসের সেখানে রুটের সময়সূচীও ঠিক করে দেওয়া হয়। ফলে দেখা যাচ্ছে দক্ষিণ দিনাজপুর জেলার এই সড়কপথ সবচেয়ে বেশি হচ্ছে দক্ষিণ দিনাজপুর জেলায়। তাদেরকে না জানিয়ে এই সময়সূচী এবং পারমিট দেওয়ার ফলে আজকে আঠারো দিন ধরে আঠারোটি বাস মালদহে আটকে রয়েছে। এই বাসের সঙ্গে যুক্ত কর্মচারীরাও ওখানে আটকে আছেন। এই রকম একটা অভূতপূর্ব পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে আমি বলতে চাই, যেহেতু পরিবহণমন্ত্রী জেলে আছেন, সেইজন্য মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, এই দুই জেলার বেসরকারী পরিবহণ ব্যবস্থা যাতে দ্রুত চালু করা হয় তার দাবি আমি জানাচ্ছি।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সরকার থেকে ফলাও করে প্রচার করা হচ্ছে ধান কেনা হচ্ছে। কিন্তু আমার বিধানসভা এলাকায় কোনো জায়গাতেই চাষীদের কাছ থেকে ধান

কেনার ব্যবস্থা হয়নি। ধানের দাম যেখানে ১৩৬০ টাকা প্রতি কুইন্টাল। ৮১৬ টাকা প্রতি ব্যাগ, ৬০ কেজি। কিন্তু অভাবী চাষীরা ধান বিক্রি করতে বাধ্য হচ্ছেন ৬৭০ টাকা, ৬৮০ টাকায়। অর্থাৎ ১১০০ টাকার বেশি কুইন্টালপ্রতি তারা ধানের দাম পাচ্ছেন না। রাজ্য সরকার বোনাস ঘোষণা করেছেন কুইন্টালপ্রতি মাত্র ১৫ টাকা। পাশাপাশি আমাদের প্রতিবেশী রাজ্য উড়িষ্যা, বিহার এবং ঝাড়খণ্ড বোনাস হিসাবে ২০০ টাকা দিচ্ছেন। এই জায়গায় দাঁড়িয়ে রাজ্য সরকারের ধান কেনার লক্ষ্যমাত্রা ছিল ১২ লক্ষ মেট্রিক টন। সেখানে রাজ্য সরকার ধান কিনেছে মাত্র তিন লক্ষ মেট্রিক টন। মাত্র ২২% ধান রাজ্য সরকার কিনেছে। তাই আমি রাজ্য সরকারের কাছে দাবি জানাচ্ছি, যেখানে উৎপাদন খরচ বেড়েছে, কীটনাশকের দাম বেড়েছে, সেখানে দাঁড়িয়ে চাষীদেরকে সরকারের থেকে ২০০ টাকা করে বোনাস দিয়ে গ্রাম পঞ্চায়েতভিত্তিক ধান কেনার ব্যবস্থা করা হোক। আর সি.এ.সি.জি যেখানে উৎপাদন খরচ ১২৩৪ টাকা বলেছে, সেখানে লাভজনক দাম ১৮৫১টাকা করার দাবিও আমি জানাচ্ছি।

ডঃ তরুণ কান্তি নস্কর : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রী তথা মাননীয়া স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি সোয়াইন ফ্লুর বিষয়ে। ইতিমধ্যে আমাদের রাজ্যে ৬৩-৬৪ জন এই রোগে আক্রান্ত হয়েছে এবং শিশুসমেত মোট চারজন মারা গেছে। প্রতিদিন নতুন নতুন আক্রান্তের খবর পাওয়া যাচ্ছে। অথচ ডায়াগনিসিসের জন্য প্রয়োজনীয় কীটস সরকারী প্রতিষ্ঠান 'নাইসেক' ছাড়া কোথাও নেই। সরকারী ব্যবস্থাপনায় মেডিসিনের কোন সাপ্লাই নেই এবং টিকাকরণেরও কোনো সরকারী উদ্যোগ নেই। গণ-সচেতনতা বৃদ্ধির জন্য সরকারী উদ্যোগও দেখা যাচ্ছে। বরং সরকারের অত্যন্ত দায়িত্বপূর্ণ পদ থেকে মশা এর জন্য দায়ী বলে আরও বিভ্রান্ত করা হচ্ছে। অথচ মশার সঙ্গে এই রোগের কোনও সম্পর্ক নেই। তাই আমার দাবি এই রোগের কারণ এবং তার প্রতিরোধে সরকারী উদ্যোগ কি, তা এই সভায় স্বাস্থ্যমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী বিবৃতি দিয়ে জানান।

Dr. Harka Bahadur Chhetri : Hon'ble Speaker, Sir, through you, I would like to draw the attention of the concerned Minister that last year July, 18th, when Hon'ble Chief Minister of West Bengal had been to Darjeeling there was a meeting of the administrative officials including the Chief Secretary and Home Secretary where the issue of the garbage disposal plant is in progress. But it is incomplete due to lack of the supply of fund. I had brought the notice of the Hon'ble Chief Minister and she had instantly ordered the Chief Secretary to sanction 10 crore rupees. And after that the follow up has not been done and nothing has come out of that and last time when I met the Hon'ble Urban Development Minister and he referred the issue to the Chief Secretary and since then we have not heard anything and with the onset of summer and the swine flu thing and the dirt not finding proper treatment. I would like to

draw the attention of the Hon'ble Minister to take immediate action so that the sanction of the proposed amount be sanctioned to Kalimpong Municipality so that it can go ahead with the proposal of the garbage disposal plant. Thank you.

[12.20—12.34 p.m.]

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : স্যার, swine flu—এটা সত্যি যে সারা ভারতবর্ষেই হচ্ছে। গতকাল অবধি প্রায় ৮০০ জনের বেশি সারা ভারতবর্ষে আক্রান্ত হয়েছে। তার মধ্যে, আমাদের পশ্চিমবাংলায় মাননীয় বিধায়করা বলেছেন, আপনাদের উদ্বেগ আমরা appreciate করি, ৬৭ জন আক্রান্ত হয়েছেন। ১৬৫ জনের রক্ত পরীক্ষা হয়েছে। ৬৭ জন আক্রান্ত হয়েছেন এবং ৪ জন নয় সবশুদ্ধু ৫ জন মারা গেছেন। বেলভিউতে যিনি ventilator ছিলেন সেই মৃত্যুর খবর দেরিতে এসেছে বলে সেটা তখন up load করা হয়নি, কিন্তু তার মৃত্যুর সাথে সাথে, ২১ তারিখে তিনি মারা গেছেন এবং যারা ventilator ছিলেন ও আছেন তারা খুব খারাপ অবস্থায় এসেছিলেন, কিন্তু এটা মনে রাখতে হবে সারা ভারতবর্ষে যখন ৮০০ জনের ওপর আক্রান্ত এখানে আক্রান্তের সংখ্যা ৬৭ এবং মৃতের সংখ্যা ৫। আর এই যে বলা হচ্ছে কিট পাওয়া যাচ্ছে না, এটা কিন্তু সঠিক নয়। ওষুধ এবং পরীক্ষার কিট, এটা যথেষ্ট পরিমাণে রয়েছে এবং দেওয়া হচ্ছে প্রত্যেকটি হসপিটালকে। প্রতিষেধকের পার্শ্ব প্রতিক্রিয়া থাকে বলে প্রতিষেধকের টিকাকরণের কোনো ব্যবস্থা এখানে নেই। এটা World Health Organization (WHO)-এর যে protocol, তার মতে এখানে প্রতিষেধক কিছু হয় না। এটা একটা influenza, H1 N1 influenza। এই influenza-র প্রকোপ—শুয়োর carrier নয়, এখানে কিন্তু শুয়োর carrier নয়। শুয়োরের শরীরে এটা এক সময় হতো। তাই এটার নাম swine flu. কিন্তু এর carrier হচ্ছে, air borne carrier। এয়ারই হচ্ছে এর carrier। সুতরাং সেখানে air carrier। (নয়েজ).....শুনুন ভাল করে। air carrier। আপনি কিছু ইঙ্গিত করতে চাইলে সেটা নয়, যেটা শোনার জন্যে এসেছেন সেটা শুনুন। সারা পশ্চিমবাংলায় শূন্য হয়েছেন, কথা শুনুন। তবে বুঝবেন কি। ওসব বলে কোনো লাভ হবে না। আপনার উদ্বেগ কি ? কাউকে ইঙ্গিত করার জন্য, না আপনার উদ্বেগ বাংলার জন্য ? সেটা আমরা জানতে চাই। আপনি কি বলতে চান ? তাহলে শুনুন যেটা বলছি। এটা air carrier এবং air থেকে হয়। তাই এখানে যে সচেতনতার দরকার মানুষের মধ্যে, সেটা স্বাস্থ্য বিভাগ থেকে যথেষ্ট পরিমাণে করা হচ্ছে। আপনারা, মাননীয় বিধায়করা আছেন, নিজের জায়গাটাকে এবং নিজেকে অন্যদিকে পরিচালনা না করে সঠিকভাবে এলাকার মানুষের মধ্যে সচেতনতা আনতে আপনারা যদি সঠিক পদ্ধতি অবলম্বন করেন তাহলে তাদের কাছে গিয়ে বলুন—এটা হাঁচি, কাশি থেকে আসে। এটা কোন barrier maintain করে না। ফলে এটা হাঁচি, কাশি থেকে আসে। মানুষ যাতে পরিষ্কার করে হাত ধোন বাইরে থেকে এসে, খাবার আগে মুখে, চোখে, নাকে হাত না দেন-সেখানে সেই কথাগুলো যদি আপনারা বলেন, তার গুরুত্ব নিশ্চিতভাবে আছে। আপনারা সেটা বলুন। বলতে তো বাধা নেই। আপনারা বলুন,

....(নয়েজ)... সেটাই তো বলছি। সুতরাং স্যার, এটা নিয়ে আমাদের যা যা করণীয়—স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে—ঘন ঘন এটা নিয়ে মিটিং হচ্ছে। অনেক প্রাইভেট হসপিটাল দেখা যায়, যে তারা রাখতে চান না। তাদের সাথেও যোগাযোগ করে এটা বলা হয়েছে যে তারা যাতে রাখেন ছেড়ে না দেন, এরকম আর.এস.ভি. হসপিটালে একজন ventilator রয়েছেন, আমার নিজের ব্যক্তিগত একটি কারণে আমি জানতে পেরেছিলাম যে তাকে ছেড়ে দেওয়ার ব্যবস্থা করা হচ্ছে ওখানে রাখবে না বলে। স্যার এর কিন্তু প্রতিষেধক হয় না। কোনো ডাক্তারের কিংবা কোন নার্সের কিন্তু হয় না, ...(নয়েজ)...

মিঃ স্পীকার : উনাকে বলতে দিন। উনি গুরুত্বপূর্ণ একটি বিষয়ে বলছেন।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : কারণ, স্যার, তারা সজাগ—যারা treat করছেন তাদের হয়নি। সুতরাং এই কথাটা যদি মাননীয় বিধায়করা মনে রাখেন তাহলেই বুঝতে পারবেন স্যার, এটা নিজের সচেতনতা থেকে আসবে। আমরা দেখেছি যে বহু মানুষ এই সম্পর্কে সচেতন নয়। তবে বিভ্রান্তি সৃষ্টিটা—এটা কিন্তু কাম্য নয়। যেভাবে আমাদের স্বাস্থ্য বিভাগ থেকে পদক্ষেপ নেওয়ার প্রয়োজন সেই পদক্ষেপ নেওয়া হচ্ছে এবং আমরা গোটা ব্যাপারের ওপর নজর রেখেছি।

মিঃ স্পীকার : ধন্যবাদ মাননীয়া মন্ত্রীকে। এখানে সবাই উদ্বেগ প্রকাশ করেছেন, অনেক বিধায়ক উদ্বেগ প্রকাশ করেছেন। একটা বিবৃতির প্রয়োজন ছিল, উনি বিবৃতি দিয়েছেন। ...(নয়েজ)... উনি বলেছেন, বিবৃতি দিয়েছেন। এটা রেকর্ডেড হয়েছে। It has gone on record.

শ্রী নিরাপদ সর্দার : মাননীয় স্পীকার মহোদয়, স্যার আমি মাননীয় স্বাস্থ্য দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই, ভিটামিন-'এ' সংক্রান্ত বিষয়ে। স্যার, আমরা সকলে জানি জাতীয় টিকাকরণ কর্মসূচিতে সদ্যোজাত থেকে তিন বছরের শিশুদের ভিটামিন-'এ' খাওয়ানো হয়। স্যার, আমরা অদ্ভুতভাবে লক্ষ্য করছি ২০১১ সাল থেকে পরপর কমতে কমতে একেবারে তলানিতে ঠেকেছে। আমি একটা রিপোর্ট পেলাম গত, এই বছরেরই মাত্র ৬ শতাংশ শিশুকে ভিটামিন-'এ' খাওয়ানো হয়েছে। ফলে লক্ষ লক্ষ শিশু রাতকানা, হাম এবং শ্বাসনালী সংক্রান্ত বিষয়ে আক্রমণে পড়বে এই শিশুগুলো। শিশুদের ভবিষ্যৎ অন্ধকারে ডুবে যাচ্ছে। কিন্তু দপ্তর কি করছে ? মাননীয় মন্ত্রী এখানে আছেন, যদি বলেন। রাজ্যের জনস্বাস্থ্য বিশেষজ্ঞদের এবং চিকিৎসকবিদদের চিন্তার ভাঁজ লক্ষ্য করা যাচ্ছে। রাজ্যের স্বাস্থ্য দপ্তরের জাতীয় টিকাকরণ কর্মসূচিতে যে ভিটামিন খাওয়ানোর বিষয়টা সেটা আস্তে আস্তে বন্ধ হতে চলেছে। আর এটা যদি বন্ধ হয়ে যায় তাহলে লক্ষ লক্ষ শিশু তাদের ভবিষ্যৎ সাংঘাতিকভাবে ক্ষতি হবে। এই বিষয়ে যত্নবান হওয়ার জন্য অনুরোধ করছি, মাননীয় মন্ত্রী আছেন তার দৃষ্টি আকর্ষণ জ্ঞাপন করছি।

শ্রী নেপাল মাহাত : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আজ থেকে ২৩ থেকে ২৫ অযোধ্যাতে টুরিজম এবং জেলা পরিষদের তৎপরতার 'অযোধ্যা মেলা' অনুষ্ঠিত হচ্ছে।

সেখানে আমাদের পঞ্চায়েত সমিতির সভাপতি বাঘমুণ্ডির বারবার আপত্তি করা হয়েছিল যে ২৩ থেকে ২৫ মাধ্যমিক পরীক্ষা চলছে এবং যেখানে মেলাটা হচ্ছে সেখানে আদিবাসীর ছেলে-মেয়েরা থাকে, তারা পড়াশোনা করে। প্রবল আপত্তি করা সত্ত্বেও ডি.এম.সাহেব জানালেন ব্রাত্য বসুর যেহেতু সময় পাওয়া যাচ্ছে না, তিনি সেই সময় সময় দিয়েছেন, অতএব সেই সময়েই মেলাটা করতে হবে। স্যার, ওখানে এমন একটা পরিস্থিতি তৈরি হয়েছে যে পড়াশোনা করার একটা পরিবেশ গরিব ছেলে-মেয়েদের, সেই পরিবেশটা নষ্ট হয়ে গিয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, এই বিষয়টাকে খুব সিরিয়াসলিভাবে দেখা হয় স্যার এবং ওখানে যে ইনভাইটেশান কার্ড ছাপা হয়েছে, তাতে দেখা যাচ্ছে আমি ওখানে লোকাল এম.এল.এ.। আমার নাম বাদ, বাকি যত সবার নাম আছে, জেলা পরিষদের কর্মাধ্যক্ষ পর্যন্ত। আমি সেই বিষয়ে যাচ্ছি না। সেখানে সরকারী নিয়ম অনুযায়ী কার কার নাম দেবে, ওটা ওদের ব্যাপার। কিন্তু মাধ্যমিক পরীক্ষাতে কিভাবে খুব জোরালোভাবে মাইক বাজিয়ে সেখানে মেলা হচ্ছে এবং বার বার আপত্তি করা সত্ত্বেও এই বিষয়ে দেখা হচ্ছে না যে, ওখানে যেহেতু আদিবাসীর ছেলে-মেয়েরা পড়ে। তাদের রেজাল্ট খারাপ হলে কারও কিছু আসে যায় না। এই বিষয়ে তৎপরতার সঙ্গে আপনাকে দেখার জন্য অনুরোধ করছি স্যার। এটা খুবই অন্যায় এবং আমি এটার চরম প্রতিবাদ করছি।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : (অ্যাবসেন্ট)

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রী তো ছিলেন বেচারাম মান্নাবাবু তো ছিলেন, কোথায় গেলেন ? বেচারাম মান্নাবাবু। ....(নয়েজ)...

মিঃ স্পীকার : আপনি দৃষ্টি আকর্ষণ করুন না।.....(নয়েজ).... আপনার যা বলার বলুন না। কি বলতে চাইছেন ?

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে জানাচ্ছি, কৃষি সংক্রান্ত বিষয়ে পরামর্শ দেওয়ার জন্য রাজ্যের চাষীদের নিয়ে তিন দিনের অনুষ্ঠান হয়ে গেল, যার কেতাবি নাম 'মাটি তথ্য কৃষি কথা'। জানা গেছে এর মধ্যে ১২ কোটি টাকা খরচ হয়েছে, এর সঙ্গে আরও উৎসব আছে মাটি উৎসব। কৃষকরা যখন ফসলের দাম পাচ্ছেন না, তখন ১০২ জন কৃষক আত্মহত্যা করেছেন। এই ১২ কোটি টাকা খরচ করে কোনো উৎসব করার মানে আছে কিনা আমি বুঝতে পাচ্ছি না। দ্বিতীয়ত, যে কথাটা হচ্ছে, সেটা হচ্ছে এই কৃষকরা ফসলের ন্যায্য দাম না পাওয়ার জন্য, গ্রামবাংলার বাজারগুলো শুকিয়ে যাচ্ছে, বাজারে কোন জিনিসপত্র বিক্রি হচ্ছে না, কৃষকরা চাষ ছেড়ে দিয়ে অন্য রাজ্যে চলে যাচ্ছে। এই জায়গায় দাঁড়িয়ে আছে। আমার মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে একান্তভাবে অনুরোধ, এই সময় খরচ বন্ধ করে দিয়ে কৃষকদের স্বার্থে যাতে কাজ করা হয় তা দেখেন। ইতিমধ্যে সার বাজার থেকে উধাও হয়ে গেছে, সার পাওয়া যাচ্ছে না, সেগুলোর ব্যবস্থা করুন। তাহলে গ্রামবাংলার কৃষকরা বাঁচবে।

ZERO HOUR

ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : (অ্যাবসেন্ট)

শ্রী নেপাল মাহাত : অনারেবেল স্পীকার স্যার, মাননীয়া স্বাস্থ্যমন্ত্রী এখানে আছেন, আমি আপনার মাধ্যমে মাননীয়া স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি এর আগে কথা দিয়েছিলেন, পুরুলিয়ার দেবেন মাহাতো সদর হাসপাতাল সহ অন্যান্য হাসপাতালে ডাক্তারের যে ক্রাইসিস এই বিষয়ে বার বার যোগাযোগ করার পরে ৫০জন ডাক্তার যাবে। এখন পর্যন্ত পুরুলিয়াতে তিন জন ডাক্তার গিয়েছে, তার মধ্যে একজন আবার চলে গেল। আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, দয়া করে এই বিষয়টা খুব স্ট্রংলি না দেখলে, ১২টা হসপিটাল আছে যেখানে একটাও ডাক্তার নেই। এই বিষয়টা আপনাকে একটু জোরালোভাবে দেখার অনুরোধ করছি। আপনার অবগতির জন্য জানাই আপনার কথা অনুযায়ী আমি ২-৩ জন ডাক্তারকে সি.এম.ও.এইচ-এর কাছে নিয়েও গিয়েছিলাম যে তাদের সরাসরি অ্যাপয়েন্টমেন্টের ব্যবস্থা করুন। এমন সব টেকনিক্যাল কারণ দেখাতে শুরু করলেন যে ডাক্তারগুলো পালিয়ে গেল। রাঁচির আশপাশ থেকে আমরা নিয়ে এসেছিলাম। এই বিষয়টাতে আপনি কিছু কি জানাবেন যে কিভাবে করা যায়, যদি আমরা আশপাশের ডাক্তার জোগাড় করি ? সেই বিষয়ে সি.এম.ও.এইচ-কে পাওয়ার দেওয়া, তাদের এনগেজ করার এই ধরনের যদি কিছু থাকে, সেটা না জানালে স্বাস্থ্য ব্যবস্থা সম্পূর্ণভাবে বিপর্যস্ত হবে।

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী শুনেছেন, উনি নিশ্চয়ই এটা দেখবেন।

শ্রী রামেশ্বর দলুই : স্যার, ধন্যবাদ আপনাকে। মেদিনীপুর শহরে গতকাল মেদিনীপুর People's Co-operative Bank-এর নির্বাচন ছিল। আমি মাননীয়া স্বরাষ্ট্রমন্ত্রী এবং সমবায়মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি আপনার মাধ্যমে। শাসক দল এবং পুলিশ নির্বাচনকে প্রহসনে পরিণত করে। ৫১টি আসনের মধ্যে ৪৭টি আসনে লেফ্‌ট ফ্রন্ট প্রতিদ্বন্দ্বিতা করেন। ১২টা পর্যন্ত ভোট চলছিল। মেদিনীপুর কলেজে ভোটটা চলছিল। বিস্তীর্ণ এলাকার ভোটাররা এসেছিলেন ভোট দেবার জন্য। তারপর সেখানে দুষ্কৃতীকারীরা, তৃণমূল আশ্রিত, তারা বাইক বাহিনী, পুলিশের উপস্থিতিতে বুথ দখল করে, মারামারি করে, এজেন্টদের বের করে দেয়, ৭-৮জন প্রার্থী আক্রান্ত হয়। টোটালি আই.সি-কে লিখিতভাবে জানানো হয়। পুলিশের জেলার সর্বোচ্চ আধিকারিককে লিখিতভাবে জানিয়েছেন, ফ্যাক্স করে জানিয়েছেন, সশরীরে জানিয়েছেন। আমি দাবি করছি নির্বাচন বাতিল করা হোক, পুনরায় নির্বাচনের ব্যবস্থা করা হোক। পুলিশ এবং অন্যান্যরা যারা এই ধরনের কাজের সঙ্গে যুক্ত ছিলেন, যারা দর্শকের ভূমিকা পালন করেছেন, সাহায্য করেছেন, তাদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করছি। গণতন্ত্র আক্রান্ত, মাননীয় রাজ্যপাল এখানে বক্তৃতায় বলেছেন গণতন্ত্র সুরক্ষিত রাজ্যে। আমি দেখছি যে, রাজ্যে গণতন্ত্র রাজ্যে আক্রান্ত রক্তাক্ত। স্কুল কলেজ....

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয়া অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে সংসদীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী সম্প্রতি বাংলাদেশ সফর সেরে এসেছেন। সেখানে ছিটমহল, তিস্তা চুক্তি, ইলিশ নিয়ে আলোচনা হয়েছে। এখানে মুখ্যমন্ত্রী এসে বিবৃতি দেবার জন্য দাবি করছি। A man is known best by his association. আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলছি.....

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

(At this stage the House was adjourned till 1.45 p.m.)

[1.45—2.00 p.m.] (after Adjourned)

PRESENTATION OF THE 59TH REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker : I beg to present the 59th Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber today and recommended the Revised Programme of Business for the 24th and 25th February, 2015 and Programme of Business for the 28th February, 2015 as follows :

24.2.2015, Tuesday	i)	The West Bengal University of Technology(Amendment)Bill, 2015 **(Introduction, Consideration and Passing)**	1/2 hour
	ii)	The West Bengal Backward Classes Commission (Amendment) Bill, 2015 **(Introduction, Consideration and Passing)**	1/2 hour
	iii)	Discussion on Governor's Address	4 hours
25.2.2015, Wednesday	i)	The West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 2015 **(Introduction, Consideration and (Passing)**	1 hour
	ii)	Discussion on Governor's Address	4 hours
28.2.2015. Saturday		General Discussion on Budget	4 hours

The Programme of Business for the 26th and the 27th February, 2015 will remain unchanged.

The House will sit at 10.00 a.m. on Saturday, the 28th February, 2015 and there will be no Calling Attention and Mention Case on that day.

MOTION

Now the Minister-in-Charge of Parliamentary Affairs Department may please move the Motion for acceptance.

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কার্য উপদেষ্টা কমিটির ৫৯তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে, তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

Mr. Speaker : Hon'ble Minister-in-Charge, Shri Purnendu Bose, has moved the Motion for acceptance. I think the Motion is adopted. The Motion is adopted.

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

শ্রী সুভাষ নস্কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ১৯শে ফেব্রুয়ারী আমাদের এই মহতী সভায় পশ্চিমবঙ্গের মহামান্য রাজ্যপাল শ্রী কেশরীনাথ ত্রিপাঠী মহাশয় কর্তৃক যে ভাষণ প্রদত্ত হয়েছে, সেই বিষয়ে দু-চারটি কথা আমি উল্লেখ করি। স্যার, আমরা সবাই জানি, এটা আমাদের কাছে একটা মহামান্য দলিল, রাজ্যপালের ভাষণ। লোকসভার ক্ষেত্রে রাষ্ট্রপতির ভাষণ, বিধানসভার ক্ষেত্রে রাজ্যপালের ভাষণ। আমি রাজ্য সরকারকে প্রথমে শুরুতেই ধন্যবাদ জানাই, এই এত বড় একটা দলিলে ছত্রে ছত্রে সমস্ত অসত্য কথা, এই রাজ্য সরকার মাননীয় রাজ্যপালের মুখ দিয়ে পাঠ করালেন। এই জন্য স্যার, শুরুতে ধন্যবাদ দিই। কারণ এই নজিরের জুড়ি মেলা ভার। দ্বিতীয় কথা স্যার, কি বলছেন মাননীয় রাজ্যপাল মহাশয় ? প্রথমেই বলেছেন, এই রাজ্যের আইন-শৃঙ্খলার পরিস্থিতি শান্তিপূর্ণ, আর দ্বিতীয় কথা হচ্ছে কলকাতা শহর মহিলাদের পক্ষে নিরাপদ। কে বলেছেন ? মহামান্য রাজ্যপাল কেশরীনাথ ত্রিপাঠী। ১৯ তারিখে বলছেন এখানে, এই মহতী সভায়। দু-দিন আগে একই ব্যক্তি মাননীয় রাজ্যপাল কেশরীনাথ ত্রিপাঠী মহাশয় উদ্বেগ প্রকাশ করলেন কল্যাণী বিশ্ববিদ্যালয়ের তাণ্ডব নিয়ে। তাহলে কোন ভাষণটা সত্য ভাববেন। যে ভাষণটা তাঁর উদ্বেগের ভাষণ, স্বগতোক্তি, আর পিছন থেকে প্রম্পট করা। কোনটা ? আপনারা তো প্রম্পট করিয়ে উনার মুখ দিয়ে বলিয়েছেন। তাহলে যেটা উদ্বেগ প্রকাশ করেছেন সেটাই সত্য, সেটাই চলছে সারা রাজ্যে। তাণ্ডবের রাজ্য, অশান্তির জঙ্গল। দ্বিতীয় কথা বলি স্যার, ও বিষয়ে আমাদের বন্ধুরা বলবেন, আমি বিস্তারিত বলছি না। বলেছেন, পরের ছন্দে-৭৫টির বেশি সফর করেছেন আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী। আমাদের গর্ব হয়। অতীতে কেউ করেননি, কেউ করেননি। ভালো তো। নিঃসন্দেহে, এটা ব্যঙ্গ করছি না, আমিও গর্ববোধ করছি। কিন্তু কেন বলুন তো ? আপনি অনেক দিন ধরে বিধানসভায় আছেন, এই আমাদের মতো গুটিকতক বিধায়ক আমরা এদিকে আছি। একটু রাগলে কি উনার ওই সভাটা পণ্ড হয়ে যেত ? জেলায় জেলায় সফরগুলি কি পণ্ড হয়ে যেত ? একটি সভাতেও আমাদের কাউকে ডেকেছেন এমন একটা প্রমাণ মিলবে ? এই যে এত বড় একটা বক্তৃতা, এর মধ্যে কিন্তু খুঁজে পাওয়া যাবে না। এত জেলা সফর করছেন, নতুন জেলা বিভাজন করছেন, আমরা তো বিরোধিতা করিনি। কিন্তু নাকের ডগায় যে জেলাটা বিভাজন হয়ে আছে শুধু বামফ্রন্ট করেছিল বলে ? চব্বিশ পরগনা জেলার প্রশাসনিক দপ্তরটা কলকাতায়, খোদ কলকাতায়। এটা শুনতে ভালো লাগে ? ওটা জেলার অভ্যন্তরে বারুইপুরে নিয়ে যাওয়ার জন্যে আমরা তদানীন্তন বামফ্রন্ট সরকার সিদ্ধান্ত নিয়েছিল। নিঃসন্দেহে জমি, জায়গা, পরিকাঠামো—সবটাই। আজকে একটা শব্দও ব্যয়

করলেন না, সেই জন্যে এক ইঞ্চি কাজ করলেন না কত দ্রুত জেলাপ্রশাসনিক ভবনটা ওদিকে যায়। কেন দক্ষিণ চব্বিশ পরগনা জেলার যাঁরা বিধায়করা আছেন—মূকবধির কেন ? কথা বলুন। আপনারা দাবি করবেন না ? বেহালায় গিয়ে মিটিং করছেন, জেলার সদরে পাচ্ছেন না। কলকাতায় মিটিং করছেন। স্যার, এ বিষয়ে আমি বেশি দূর যাচ্ছি না। যা বলেছেন বলুন, আমার বন্ধুরা বলবেন, আপনারা বলবেন। কিন্তু যা এখানে আদৌ উল্লেখ নেই সে রকম কিছু বিষয়ে আপনাদের কাছে যাব। এখানে একটা কথা তার আগে বলে রাখি। আমাদের সুব্রতদা থাকলে খুব ভালো হত। খুব গর্ববোধ হচ্ছিল। আমাদের রাজ্যে এম.জি.এন.আর.ই.জি.এ.-তে পুরস্কার পেয়েছেন এবং শ্রম দিবস সৃষ্টির ক্ষেত্রে প্রথম স্থান পেয়েছেন। পুরস্কারের নাম স্কচ পুরস্কার। খুব ভালো কথা। এটা তো আমাদের রাজ্যের ব্যাপার, এটা কোনো দলের ব্যাপার নয়। কিন্তু সুব্রতদা কলকাতার মানুষ তো গ্রামের মানুষ না, সব খবর গোড়ায় রাখেন না। পেপারস-টা সাবমিট করেন। ২৩ কোটি ১৫ লক্ষ শ্রমদিবস সৃষ্টি হয়েছে। স্যার, যাঁরা গ্রামের এম এল এ-রা একটু বুকে হাত দিয়ে বলবেন, গর্বের কথা বাস্তবে ঠিক, আমাদের এখনো এই রাজ্যে এম জি এন আর ই জি এ-র কাজ করে টাকা বাকি আছে গড়ে ৮-৯ মাস, ১০ মাস, গড়ে এক বছর বলা যেতে পারে সারা রাজ্যের। এক-একটি ব্লকে মিনিমাম বকেয়া টাকা হল—আমি আমার ব্লকে জানি, ২৩ কোটি, ২০ থেকে ৩০ কোটি টাকা পর্যন্ত এক-একটি ব্লকে বকেয়া টাকা। দায়ী করছি না। আপনাদের দায়ী করছি না। ...(নয়েজ)... আমার বক্তব্য অন্য জায়গায়। আপনি বলেছেন, শ্রম দিবস ২৩ কোটি ১৫ লক্ষ তাহলে বকেয়া শ্রম দিবস তো এর মধ্যেই আছে। সেটাই ধরে রেকর্ড করছেন—এক আর দুই, খুব সাংঘাতিক বিষয়—আপনারা কানটা একটু খোলা রাখুন, ৬২ সি এফ টি-তে একটা শ্রম দিবস সৃষ্টি হয়। তার মজুরি ১৬৯ টাকা। গ্রামের মানুষ এই হিসেব বোঝেন না। বাংলায় বোঝেন, এক হাজার মাটি কাটলে ২ হাজার ৭২৬ টাকা পাওয়া যায়—এক হাজার মাটির দাম। আচ্ছা, টাকা নেই, পেমেন্ট হচ্ছে না, কাজ বন্ধ আছে রাজ্যের ? সবাই তো জানব পেমেন্ট না দিলে বন্ধ থাকবে। আমি জানি পেমেন্ট না দিলেও কাজ চলছে। বাকিতে নয়, নগদে কাজ চলছে। অবাক হবেন না। সেই ১ হাজার মাটির দাম কত ? ওই ২৭২৬ টাকার অর্ধেক—১২০০ থেকে ১৩০০ টাকা। কারা দিচ্ছে ? পঞ্চায়েতের সদস্যা, সদস্য এবং তাঁর সহযোগী, আপনাদের পার্টি কর্মী, নেতৃত্বরা। নগদ টাকা দিয়ে এম.জি.এন.আর.ই.জি.এ.-র মাটির কাজ করাচ্ছে গাঁটের থেকে। তার মানে কী ? ভরসা, যখন ওই টাকা আসবে তখন ১ হাজার মাটির দাম ২৭২৬ টাকা পাওয়া যাবে ১২০০ টাকার পরিবর্তে, ১৩০০ টাকার পরিবর্তে। কাদের গাঁটিতে যাচ্ছে ? এদিকে তো শ্রমদিবসে আমরা 'স্কচ' পুরস্কার পাচ্ছি আর ওদিকে পঞ্চায়েতের সদস্যরা স্কচ হুইসকির বোতল নিয়ে ফুর্তি করছেন পঞ্চায়েত অফিসগুলোতে মাস্টার রোল বাড়ছে, শ্রমদিবস বাড়ছে। তলায় হাত দিয়ে দেখতে বলুন। সুব্রতবাবু খুব পুরনো মন্ত্রী, তাঁর ওপর ভরসা আছে।

আরেকটা কথা বলি। মজুরি কত দিচ্ছেন তা তো বললাম। কিন্তু জবকার্ড ! একটু খুঁটিয়ে দেখবেন স্যার আপনিও গ্রাম এলাকা থেকে নির্বাচিত হয়েছেন। জবকার্ডে একটা ফটো থাকে। কিন্তু ফটোর ওপরে সিল-স্ট্যাম্প থাকে না। যে কেউ যখন-তখন ফটো পাল্টে আরেকজনের ফটো দিয়ে টাকা তুলছে। হয় কিনা, করা যায় কিনা যায় ? দ্বিতীয় কথা কি ?

একজন মজুরের একটা জবকার্ড থাকা বিধি। কিন্তু খোঁজ নিয়ে দেখবেন, দরকার হলে আমি প্রমাণ দেব সত্য কিনা, একাধিক জবকার্ড। কেন ? এই কারণে যে, সি.পি.এমের আমলের বামফ্রন্টের আমলের ওই জবকার্ড চলবে না, এস নতুন জবকার্ড দিই। ওটা জমা দিয়ে যাও। দুটো জবকার্ড হয়ে গেল। একটা পঞ্চায়েতের গাঁটিতে এবং আরেকটা মজুরের বাড়ীতে। মজুরের বাড়ীর জবকার্ড-টা officially show করা হয়। আর, এটাও কাগজের মধ্যে ঢুকে যায় দুটো জবকার্ডের পেমেন্ট হয়ে গেল । এই জিনিস হচ্ছে বাস্তবে। আর, আপনি রেকর্ড করছেন।

আরেকটা বিষয়, আপনারা সবাই দেখবেন, আমাদের মাথায় রাখি না ওগুলো। IAY. একটা ঘরের জন্য ইন্দিরা আবাস যোজনায় কত টাকা পাওয়া যায় ? ৭০,২১০ টাকা। এই প্রকল্পের টাকা কি সবটা ওই ইন্দিরা আবাস যোজনা থেকে আসে ? না। আসে কত ? ৭০,২১০ টাকা আসে। Total Project হচ্ছে ৮৫,২১০। মানে ১৫ হাজার টাকাটা MGNREG থেকে আসে। টাকা নেই মজুরী দিতে পারে না, কিন্তু মাস্টার রোল সাবমিট হচ্ছে ৮৫,২০০ টাকার। স্যার পুকুর চুরি হয়। কিন্তু এ যে সাগর চুরি। এর বিধান আপনি কোথায় পাবেন স্যার ?

শেষ এক মিনিট সময় চাইব। বিষয়টি আদৌ উল্লেখ নেই এই বই-তে। আদৌ উল্লেখ নেই, তিস্তা প্রকল্পের উত্তরবঙ্গের M.L.A.-র দেখুন। ২৮ পাতার বক্তব্যে তিস্তা প্রকল্প কোথায় ? আমরা গর্ব করে বলেছিলাম 'জাতীয় প্রকল্প টাকা চাই'। কেন্দ্রীয় মন্ত্রিসভা আমাদের ৯০ শতাংশ টাকা অনুমোদন করেছে। রাজ্যের মাত্র ১০ শতাংশ দায়ভার। ১২০০ একর জমি তিন বছর ধরে মাননীয়া মুখ্যমন্ত্রী আটকে রেখেছেন, ছাড়পত্র দেননি অধিগ্রহণের। তিস্তা খরা হচ্ছে যাচ্ছে, মরুভূমিতে ফেলে দিচ্ছেন। বাদ দেবেন আপনারা ? কেন এই অসত্য কথাটা উল্লেখ করছেন ?

ঘাটাল মাস্টার প্ল্যান অনুমোদনের অপেক্ষায় ? এখানে মাননীয় সেচমন্ত্রী থাকলে ভালো হত। ২০০৯-১০-এ ১৭১০ কোটি টাকার ডি.পি.আর জমা হয়েছিল। শুধুমাত্র ম্যাথামেটিক্যাল মডেল স্টাডি-টা করা হয়নি। তিন বছর লেগে গেল ? এখন ধোঁকা দিচ্ছেন ? আমরা অনুমোদনের অপেক্ষায়। বলছেন, কেলেঘাই-কপালেশ্বরী, মানসবাবু এসে গেছেন, ৬০ শতাংশ কাজ হল এই তিন বছরের মধ্যে ? '১৫ সালে তো শেষ হওয়ার কথা, এই বছরে। তাহলে কীভাবে কাজ হচ্ছে ?.....(এই সময় বক্তার মাইকের বিদ্যুৎ সংযোগ ছিন্ন হয়ে যায়।).....

শ্রী পরশ দত্ত : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ১৯শে ফ্রেব্রুয়ারী পশ্চিমবঙ্গের মহামান্য রাজ্যপাল সংবিধানের ১৭৬ ধারা অনুযায়ী যে ভাষণ এখানে রেখেছেন সেই ভাষণকে সমর্থন করার জন্য আমি কিছু কথা বলতে চাই।

[2.00—2.10 p.m.]

স্যার, আমার পূর্ববর্তী বক্তা অনেক কিছুই বললেন। শুনে আমার একটা কথাই বার বার মনে হচ্ছিল যে কিছু মানুষের স্বভাব থাকে ছিদ্রান্বেষণ, একটি প্রাণী আছে তাদের ছেড়ে দিলে সবসময় গর্তের দিকে যায়। কোথায় ছিদ্র আছে খুঁজে বার করে। আমি জানি না বিরোধী

পক্ষের নেতারা সেই প্রাণীকে অনুসরণ করে চলেন কিনা আজকাল। তার কারণ কেন বলছি ? এই রাজ্যপালের ভাষণটি ছত্রে, ছত্রে পশ্চিমবঙ্গের উন্নয়নের একটি দলিল। ...(গোলমাল) ...কানের চিকিৎসা করে আসুন....(গোলমাল)....স্যার, ২০১১ সালের মে মাসে পশ্চিমবঙ্গের মানুষ একটি নিঃশব্দ বিপ্লব সাধন করেছিলেন। পৃথিবীর কোথাও কোনো কমিউনিস্ট শাসন রক্তপাত ছাড়া শেষ হয়নি। এই পশ্চিমবাংলার মানুষ ২০১১ সালের মে মাসে সেই অসাধ্য সাধন করেছিলেন পশ্চিমবঙ্গের বুকে। ৩৪ বছরের একটি জগদ্দল পাথরের মতো চেপে থাকা কমিউনিস্ট শাসনকে নির্বাচনের মাধ্যমে উৎখাত করে ফেলেছিলেন। তার পর থেকে পশ্চিমবাংলার মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে যে উন্নয়নের ধারা অব্যাহত থেকেছে, সেই উন্নয়নের দলিল রাজ্যপালের এই ভাষণ। স্যার, মহামান্য রাজ্যপাল এই অগ্রগতিকে লিপিবদ্ধ করেছেন এই ঐতিহ্যমণ্ডিত গৃহে প্রদত্ত তার ভাষণে। এই ভাষণকে সেই কারণে আমি প্রথমত সমর্থন জানাই। স্যার, মাননীয় রাজ্যপাল শুরুতেই পশ্চিমবঙ্গের সাধারণ প্রশাসনে যে উৎকর্ষতা এসেছে, সেই উৎকর্ষতার কথা লিপিবদ্ধ করেছেন। সেটা করতে গিয়ে উনি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর নিরলস প্রয়াসের কথা উল্লেখ করেছেন। হ্যাঁ, ইতিপূর্বে পশ্চিমবাংলার কোন মুখ্যমন্ত্রী এইভাবে সারা রাজ্য চষে বেড়াননি। তিনি শুধু ঘুরেছেন তাই নয়, ...(গোলমাল)...আরে শুনুন না, খুব অসুবিধা হচ্ছে এই কথাগুলো শুনতে, নিজেদের রাজত্বে নিজেরা এইখানে বসে রাজ্যটাকে একটা মুহ্যমান রাজ্যে পরিণত করেছিলেন, কোথাও প্রশাসনিক কাজকর্ম ছিল না, আর যেটা করেছেন সেটা লুকোনো আমার পূর্ববর্তী বক্তা বন্ধু বলেছেন, পশ্চিমবাংলার আইনশৃঙ্খলা নাকি খুব খারাপ। স্যার, পশ্চিমবাংলার আইনশৃঙ্খলা নিয়ে মহামান্য রাজ্যপাল তার ভাষণে প্রথমেই কলকাতাকে 'সেফ সিটি' হিসাবে তকমা দিয়েছেন। কিসের ভিত্তিতে ? ক্রাইম ব্যুরোর ভিত্তিতে। ন্যাশনাল ক্রাইম ব্যুরো, যেখানে রেকর্ডেট থাকে। আপনাদের সময় তো অর্ধেক জিনিসই রেকর্ডেট হত না। শয়ে শয়ে কঙ্কাল মাটির তলায় পাওয়া গিয়েছিল, সেগুলো যেদিন খুন হয়েছিল রেকর্ড হয়নি, পরবর্তীকালে যখন বেরিয়েছে তখন জবাব দিতে পারেননি। আপনাদের লজ্জাও করে না। আর লজ্জারও লজ্জা আছে। আপনারা লজ্জারও বাইরে চলে গিয়েছেন। তাই এখানে দাঁড়িয়ে এখনো দাঁত বার করে হাসতে পারেন। স্যার, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর প্রশাসনিক দূরদৃষ্টির ফলে পশ্চিমবঙ্গের উত্তর এবং পশ্চিমাঞ্চলে যে অরাজক অবস্থা ছিল, সামগ্রিক উন্নয়নের মাধ্যমে সেই অরাজক অবস্থা দূর হয়ে এই দুটি জায়গাই উন্নয়নের পথে এগিয়ে চলেছে। যে পশ্চিমাঞ্চলের জঙ্গলমহলের মানুষ ক্ষুধার তাড়নায়, বঞ্চনার জন্য বিপথগামী হয়েছিলেন তাদের পুলিশ দিয়ে আটকানো সম্ভব না কখনও এটা বুঝেছিলেন, আপনারা বোঝেননি। আমাদের মুখ্যমন্ত্রী বুঝেছেন এবং বুঝেছিলেন বলেই তাদের কাছে ব্যালটের পরিবর্তে উন্নয়ন তুলে ধরেছেন। আজকে দেখুন গিয়ে পশ্চিমাঞ্চলে সামাজিক, কালচারাল এবং প্রশাসনিক উৎকর্ষতা এতটা বেড়েছে যে পশ্চিমাঞ্চলের সমস্ত দুরবস্থা দূর হচ্ছে ধীরে ধীরে।

স্যার, মাননীয়া মুখ্যমন্ত্রী ৭৫ বার গেছেন সারা পশ্চিমবঙ্গ জুড়ে। যে দাবিটা উত্তরবঙ্গের বহুদিন ছিল, কেউ করেনি, এত বছর ধরে কোনো সরকার করেনি, উনি করেছেন। উত্তরবঙ্গের জন্য আলাদা একটি সেক্রেটারিয়েট করেছেন। যেখানে কাজ

তাড়াতাড়ি হবে, কলকাতায় আসতে হবে না। উত্তরবঙ্গের মন্ত্রীরা তো রয়েছেন এখানে, অনেকে বলুন না আপনাদের কাজ তাড়াতাড়ি হচ্ছে না ? আপনাদের সেই কলকাতায় দৌড়ে আসার যে বিড়ম্বনা তার থেকে আপনারা মুক্তি পাননি ? পেয়েছেন তো ? স্যার, আলিপুরদুয়ারকে আলাদা জেলা করা হয়েছে। এটাও বহু পুরানো ডিমান্ড এবং আমার মনে আছে যেদিন ঘোষণা হয় সেদিন কংগ্রেসের মাননীয় সদস্য দেবপ্রসাদবাবু তিনি সেদিন এখানে দাঁড়িয়ে বলেছিলেন আমাদের বহু দিনের ডিমান্ড কেউ ফুলফিল করেনি। এই সরকার করেছে তাই ধন্যবাদ জানাই। বিরোধী হতে পারেন, কিন্তু সত্যি কথা স্বীকার করেছেন, গণতন্ত্রের এটাই নিয়ম। অন্ধের মত বিরোধিতা করা গণতন্ত্র নয়। সেটা মার্কসীয় প্রথা এবং মার্কসীয় প্রথায় গণতন্ত্র থাকে না। এটা আপনারা জানেন, আমরাও জানি। হাড়ে হাড়ে আজকে আপনারা ফিল করছেন। ফিল করছেন বলেই আপনাদের দলটা ভেঙে চৌচির হয়ে যাচ্ছে। স্যার, আর একটি গুরুত্বপূর্ণ কাজ যার উল্লেখ মাননীয় রাজ্যপাল করেছেন। সেটি হচ্ছে পুলিশের উন্নয়ন। পুলিশকে শুধু দরোয়ান হিসাবে ব্যবহার করলে চলে না। পুলিশও মানুষ, তারও মানবিক চাহিদা আছে। সেই চাহিদাটা কোনোদিন পালন করেননি। এই প্রসঙ্গে একটা কথা বলবো। আমার একজন সরকারী সিকিউরিটি গার্ড ছিল। সেই পূর্বতন মন্ত্রিসভার এক মন্ত্রীর সিকিউরিটি গার্ড ছিলেন। আমার কাছে দুঃখ করে পরবর্তীকালে বলেছেন, জঙ্গলমহলে সে ছিল। জঙ্গল মহলে তার সাহেবের সঙ্গে কিছু একটা মনোমালিন্য হয়েছে। তাকে গভীর রাত্রে জঙ্গলমহলে গাড়ি থেকে নামিয়ে দিয়ে বলেছে, যে কোরে পারিস বাড়ি যা। মরতে হয় এখানেই মর। এটাই ছিল আপনাদের সময়কার মন্ত্রীদের মানসিকতা। আর এখন এই সরকারের আমলে পুলিশের জন্য হাউজিং তৈরি হচ্ছে। পুলিশের উন্নয়ন প্রকল্পে নানান সামাজিক পরিকল্পনা নেওয়া হয়েছে। এমন কি কনেস্টবলদের রিটায়ারমেন্টের আগের বেশ কয়েকটি বছর যাতে হোম ডিস্ট্রিক্টে থাকতে পারে তার বন্দোবস্ত করা হয়েছে। পুলিশের উন্নয়ন করতে গেলে শুধু হাতে বন্দুক ধরিয়ে দিলে চলে না। পুলিশকে তার মন থেকে প্রশাসনের সঙ্গে একাত্ম করতে হয়। এটাই প্রশাসনিক ক্যাপাবেলিটি, এই ক্যাপাবেলিটি আপনাদের ছিল না। আপনারা জোর করে গায়ের জোরে সব কিছু চাপাবার চেষ্টা করেছেন।এটা সারা পৃথিবীতে মার্কসীয় প্রথা। আর সারা পৃথিবীতে এই মার্কসীয় প্রথা আপনাদের নেতারা প্রয়োগ করার চেষ্টা করেছিলেন বলেই সারা পৃথিবী থেকে আজ মার্কসবাদ উঠে যাচ্ছে। মার্কসবাদ হ্যাজ বিকাম এ থিং অফ দ্যা পাস্ট, মডার্ন নয়, আজকের নয়। স্যার, পশ্চিমবাংলার ফরেন্সিক ল্যাবরেটরি, এই ফরেন্সিক ল্যাবরেটরিকে মডার্ন করা হয়েছে। জিরো পেন্ডিং কেস নিয়ে আসার চেষ্টা করা হচ্ছে। তার স্ট্যাটিসটিক্স মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে দিয়েছেন। ১৬ হাজার ব্যাকলগ কেস ছিল। সেটাকে কমিয়ে ৭ হাজারে নামানো হয়েছে, যার ভেতরে ২৮০০ নতুন কেস যুক্ত আছে। স্যার, এই সমস্ত সোস্যাল ইনিসিয়েটিভের জন্য আজকে পশ্চিমবাংলার প্রশাসন অনেক বেশি কর্মোদ্যোগী, অনেক বেশি এফিসিয়েন্ট। আজকে প্রশাসনের বিভিন্ন জায়গায় যে সব সোস্যাল ইনিসিয়েটিভ নেওয়া হয়েছে তার জন্য আমি আরো কিছু বলবো। যেখানে রাজ্যপাল বলেছেন মাইনরিটি ডেভালপমেন্ট—এই মাইনরিটি ডেভালপমেন্ট-মাইনরিটিকে ভোটার

হিসাবে না দেখে মাইনরিটিকে মানুষ হিসাবে দেখার চেষ্টা করা হয়েছে এই সরকারে। আর সেই জন্যই আজকে সারা ভারতবর্ষ জুড়ে মাইনরিটির লিডার যদি কাউকে বলতে হয়— না, কোনো উত্তরপ্রদেশের নেতা নয়, কোনো রাজস্থানের নেতা হয়, কোনো মধ্যপ্রদেশের নেতা নয়, কোনো বিহারের নেতা নয়, মাইনরিটির নেতার স্বীকৃতি পেয়ে গেছেন পশ্চিমবাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

[2.10—2.20 p.m.]

আপনাদের সময়কার প্রাক্তন মুখ্যমন্ত্রী বলেছিলেন মাদ্রাসাগুলিতে নাকি জঙ্গিপনা শেখানো হয়। আর মাদ্রাসার উন্নয়ন করবার জন্য আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী ২০১০-১১ সালে ৪৭২ কোটি টাকা মাদ্রাসা এডুকেশানের বাজেট ছিল, সেটাকে বাড়িয়ে ১৭৩৭ কোটি টাকাতে নিয়ে গেছেন। উন্নয়ন একেই বলে। ভারতবর্ষে শুধু মাইনরিটি নয়, স্কিল ডেভেলপমেন্টের জন্য তাদের নানা প্রচেষ্টা করা হয়েছে। এগুলো human resource development. টাকা দিয়ে, কিছু পয়সা পাইয়ে দিয়ে উন্নয়ন করানো যায় না। মানুষকে নিজের পায়ে দাঁড় করাতে হয়। যারা পিছিয়ে আছেন, তাদের স্কিল ডেভেলপমেন্টের জন্য প্রোজেক্টস নেওয়া হয়েছে। স্যার, ওবিসি, এস.সি, এস.টি, এখানে এস.সি, এস.টি সংক্রান্ত মন্ত্রী এক্ষুনি নেই। কিন্তু এইটুকু বলতে পারি যে একসময় এই পশ্চিমবাংলার বুকে সিডিউলড কাস্ট সার্টিফিকেট পেতে মাথার ঘাম পায়ে চলে যেত। এখন অনলাইন করা হয়েছে, অনলাইন করা হয়েছে সঙ্গে সঙ্গে পাওয়া যায়। আপনারা খোঁজ নিয়ে দেখবেন। এখন এগুলোকে যদি আপনারা মিথ্যা কথা বলেন তাহলে বলতে হয় এই সদনে মাননীয় রাজ্যপাল মিথ্যা কথা বলেছেন। সেটাই কি বলছেন ? তার জন্য সংবিধানের প্রবিধান আছে, যান, সে পথে যান। এখানে দাঁড়িয়ে চিৎকার করে কি হবে ? স্যার, উর্দু, নেপালি, গুরুমুখী, সাঁওতালি, ওড়িয়া এবং হিন্দি—এই সবকটিকে অফিসিয়াল ল্যাঙ্গুয়েজের স্বীকৃতি দেওয়া হয়েছে। স্যার, কাস্ট সার্টিফিকেটের জন্য e-services দেওয়া হয়েছে। ৫৩টি সাবডিভিশান, out of 66 have gone on line for caste certificates, ৬৬টির ভেতরে ৫৩টি সাবডিভিশানে কাস্ট সার্টিফিকেটের জন্য অনলাইনের ব্যবস্থা করা হয়েছে। তবু বলবেন হয়নি কিছু ? প্রশাসনিক উৎকর্ষতা হয়নি? স্যার, এই পশ্চিমবঙ্গে অনেকগুলি জনজাতি আছে, যারা চিরকাল চোখের আড়ালে ছিল, অবহেলিত ছিল। তাদের উন্নয়ন করবার জন্য অনেকগুলি ডেভেলপমেন্ট বোর্ড করা হয়েছে। Mayel Lyang Lepcha Development Board, চিন্তা করেছিলেন কোনদিন ? স্যার, cultural board for Sherpas, এগুলো কেন করা হয়েছে ? ভারতবর্ষে একটা জিনিস বুঝতে হবে। ভারতবর্ষ বিভিন্ন সাংস্কৃতিক গ্রুপ, বিভিন্ন কালচারাল গ্রুপ, বিভিন্ন ভাষাভাষী গ্রুপ, বিভিন্ন ধর্মাবলম্বী গ্রুপ—তার একটি সংমিশ্রণ। এই গ্রুপগুলোকে যদি প্রপার স্বীকৃতি না দেওয়া হয়, এরা সব সময়ে মেন স্ট্রিমের বাইরে থাকার চেষ্টা করবে। সেইজন্য এদের স্বীকৃতি দিয়ে এদের মেন স্ট্রিমে আনার জন্যই এই সমস্ত ডেভেলপমেন্ট বোর্ড করা হয়েছে। এগুলো কি ভাল কাজ নয় ? এগুলো কি পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষের একাত্মতা তৈরি করবার পদক্ষেপ নয় ? স্যার, সোসাল ফ্রন্টে একটি যুগান্তকারী কাজ হয়েছে। সারা বিশ্বে তার স্বীকৃতি দিয়েছে। এই

বাংলায় গরিব ঘরের মেয়েরা, গরিব ঘরে কন্যাসন্তান হলে কান্নার রোল উঠত । কেন ? পড়াতে পারত না, খাওয়াতে পারত না, এই বাংলার বুকে হাজার হাজার গরিব ঘরের মেয়েকে চৌদ্দ বছর, তেরো বছর, বারো বছরে বিয়ের নাম করে কারুর হাতে তুলে দেওয়া হত। আমরা দেখেছি এই বাংলায় এই মেয়েগুলোকে বিয়ের নাম করে কিছু লোক বাংলার বাইরে নিয়ে গিয়ে তাদের বিক্রি করে দিত, দেহ ব্যবসায় নামানো হত। কেন ? আর্থিক দুস্থ, অসচ্ছলতা। এই অবস্থায় দাঁড়িয়ে কেউ ভাবেননি যে এই মেয়েগুলোকে যদি প্রপার এডুকেশান দেওয়া হয়, তাদের যদি নিজের পায়ে দাঁড় করাবার মতো অবস্থা করা হয়, তাহলে শুধু এই নারীশক্তি জাগ্রত হবে তাই নয়, একজন পুরুষ শিক্ষিত হলে একজন পুরুষ শিক্ষিত হয়। একজন মহিলা শিক্ষিত হলে শুধু একজন শিক্ষিত হয় না, তার সন্তানাদি শিক্ষিত হবে। অর্থাৎ একজন মহিলা শিক্ষা মানে একটা প্রজন্মের শিক্ষা। একটা প্রজন্মকে নিজের পায়ে দাঁড় করাবার ব্যবস্থা, সেটা করা হয়েছে। কেউ দেখেননি। ভারতবর্ষের বুকে বহু পণ্ডিত জন্মেছেন, বহু চিন্তাবিদ জন্মেছেন, কিন্তু গ্রামে-গঞ্জে দুস্থ পরিবারের মেয়েগুলোকে উদ্ধারের জন্য সবাই অপেক্ষা করেছিলেন কবে মমতা ব্যানার্জী মুখ্যমন্ত্রী হয়ে আসবেন, কন্যাশ্রী প্রকল্প চালু করবেন, যাতে এই মেয়েগুলো রক্ষা পায়। আমার কাছে আরো আশ্চর্য লাগে যে বর্তমান কেন্দ্রীয় সরকার তারাও কিছু করেননি। কেবল সরকারে আসার পরে নকল নবিশি করতে পারছেন। আমরা অলরেডি ২১ লক্ষ মহিলা—বিধানসভায় সামান্য কয়েকটি সংখ্যায় এসেছেন, এসে চিৎকার করে মনে করছেন বাজিমাত করবেন, চিৎকার করতে গেলে তো আমাদের সংখ্যায় আপনারা পেরে উঠবেন না। আজকে নয়, আগামী ১৫ বছর চুপ করে থাকুন। যা পাপ করেছেন তার শাস্তি এখনো মানুষ দিচ্ছে। সেই শাস্তি পেয়েও লজ্জা হয়নি ? আপনারা এখানেও চিৎকার করবেন আবার বাইরে গিয়েও চিৎকার করবেন ! স্যার, এই সরকার ই-গভর্নেন্স চালু করবার পর National award for e-governance in the category of outstanding performance in citizens' centric services. এটা এই সরকারের মুকুটে আর একটি পালক। আপনারা পাননি কোনোদিন। স্যার, economic front infrastructure development-এর জন্য কাজ চলছে। যেদিকে তাকাবে দেখুন রোডস, কমিউনিকেশনে প্রচুর উন্নয়ন হয়েছে। রাস্তাঘাটের আরো উন্নয়নের জন্য এই পশ্চিমবঙ্গ সরকার একটি স্টেট হাইওয়ে অথরিটি তৈরি করেছেন। স্যার, ইরিগেশনে ২০০০ মাইনর ইরিগেশন হাতে নেওয়া হয়েছে। পাওয়ার সেক্টরে, এখানে পাওয়ার মন্ত্রী রয়েছেন, আমি অভিনন্দন জানাব পাওয়ার সেক্টরে প্রচুর উন্নয়ন হয়েছে এবং উন্নয়ন হওয়ার ফলে আজকে গ্রামে-গঞ্জে আপনাদের আমলে সেই ঘন্টার পর ঘন্টা লাগাতার লোডশেডিং, কখনো কখনো আসেন, আপনাদের এক নেতার নামে লোকে রসিকতা করে বলত উনি কখন আসেন আর কখন যান কেউ জানে না। আজকে সেই অবস্থা নেই। স্যার, স্কলারসিপ দেওয়া হয়েছে ট্রেনিং-এর জন্য। মহিলাদের স্কলারশিপ দেওয়া হচ্ছে। ও.বি.সি., এস.সি, এস.টি-দের স্কলারশিপ দেওয়া হচ্ছে। কেন ? সবকটা এই হিউমেন রিসোর্স ডেভলাপমেন্টের জন্য। এই রিসোর্স যদি ডেভলাপ করে তাহলে পশ্চিমবাংলার উন্নয়ন ত্বরান্বিত হবে। স্যার, আমি একটা কথা বলে শেষ করব।

আজকে পশ্চিমবাংলায় সবচেয়ে বেশি অগ্রগতি হচ্ছে ইন্ডাস্ট্রিয়াল সেক্টরে, স্মল অ্যান্ড মিডিয়াম সেক্টরে। স্মল অ্যান্ড মিডিয়াম সেক্টরে কেন উন্নয়ন করা হয়েছে এটা বোঝা দরকার। Small and medium sector is labour intensive, not capital intensive. পশ্চিমবাংলায় সবচেয়ে বড় সমস্যা হচ্ছে এক নম্বর ক্যাপিটেল, দুই নম্বর মানুষের কাছে কাজের অভাব। এই লেবার ইনটেনসিভ সেক্টরকে যদি প্রাধান্য দেওয়া যায় তাহলে যেমন ক্যাপিটেল তৈরি হবে, সেই সঙ্গে সঙ্গে মানুষের হাতে কাজ পৌঁছোবে। মানুষের হাতে কাজ পৌঁছোলে মানুষের ক্রয়ক্ষমতা পৌঁছোবে। ক্রয়ক্ষমতা পৌঁছোলে সেভিংস বাড়বে। সেভিংস বাড়লে ক্যাপিটেল তৈরি হবে। তখন আর আপনাদের মতো ক্যাপিটাল খুঁজতে সারা বিশ্ব ঘুরে বেড়াতে হবে না মুখ্যমন্ত্রীকে। সেই জন্য স্মল অ্যান্ড মিডিয়াম সেক্টরে এতটা জোর দেওয়া হয়েছে। আমরা বিশ্বাস করি আগামী পাঁচ বছরে এর ফল আমরা নিশ্চয়ই পাব। আপনারা ৩৪ বছরে পারেননি, আমরা সেটা ৫-৭ বছরে করে দেখিয়ে দেব। এই সমস্ত জিনিস দেখতে গেলে একটি কথাই বলতে হয়, অনেক জিনিস বলার ছিল, বলা গেল না। বলতে গেলে তা ঘন্টার পর ঘন্টা লেগে যাবে। আমি শুধু এই কথা বলেই শেষ করব যে পশ্চিমবাংলায় যে উন্নয়নের মানচিত্র মাননীয় রাজ্যপাল এই সদনে রেখে গেছেন, এই মানচিত্র ইতিহাসের দলিল হয়ে থাকবে। এই মানচিত্র আগামী দিনে পশ্চিমবাংলাকে পথ দেখাবে এবং আগামী দিনে পশ্চিমবাংলার (এই সময় মাইক অফ হয়ে যায়)

[2.20—2.30 p.m.]

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নং ধারা অনুযায়ী পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল শ্রী কেশরীনাথ ত্রিপাঠী মহাশয় গত ১৯শে ফ্রেব্রুয়ারী এই সদনে যে ভাষণ রেখেছেন এবং তার উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তার সঙ্গে আমি একমত হতে পারছি না। কেন না রাজ্যপালকে পুরো অসত্য ভাষণ পাঠ করতে রাজ্য সরকার বাধ্য করেছে।

স্যার, রাজ্যের আইন-শৃঙ্খলার প্রশ্নে মাননীয় রাজ্যপাল বলেছেন যে, রাজ্যে আইন-শৃঙ্খলা নাকি খুব ভালো অবস্থায় আছে। আজকেই এই হাউসের প্রথম অর্ধে আমাদের দলের চিফ হুইপ একটা অ্যাডজর্নমেন্ট মোশান এনেছিলেন—হাওড়ার শ্যামপুরের তফশিলি সম্প্রদায়ের একটি মেয়ে, ক্লাস এইটে পড়ে, তার মা যখন তাকে নিয়ে বাড়ি ফিরছিল সেইসময় একদল দুষ্কৃতী তার শ্লীলতাহানি করে। মেয়েকে বাঁচাতে গিয়ে তার মা দুষ্কৃতীদের আক্রমণে আহত হয়ে বর্তমানে হাসপাতালে ভর্তি আছে। তার আগের দিন ভাটপাড়াতে প্রকাশ্য দিবালোকে কয়েকজন দুষ্কৃতী আর একজনকে গুলি করে মারতে গিয়ে, একজন সংখ্যালঘু সম্প্রদায়ের মহিলা, যিনি বাচ্চাদের চিকিৎসা করাবার জন্য বাড়ি ফিরছিলেন তাকে গুলিতে প্রাণ দিতে হল। অত্যন্ত দুর্ভাগ্যের কথা যে, আজকে পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রান্তে বিভিন্ন সময়ে কোনো মানুষ নিরাপদে বাড়িতে ফিরতে পারবে কিনা, তার কোনো নিশ্চয়তা নেই। বীরভূমের সাত্তোর-এর ঘটনা আপনারা সবাই জানেন। একজন সংখ্যালঘু সম্প্রদায়ের

মহিলা, তার এক আত্মীয়ের বিরুদ্ধে নাকি কোনো ফৌজদারী মামলা ছিল, সেই আত্মীয়কে খুঁজতে গিয়ে এই মহিলা—তার সম্পর্কে কাকিমা, যিনি থাকেন বর্ধমান জেলার বুদবুদে, তার বাড়িতে তৃণমূলের কিছু দুষ্কৃতীকে সঙ্গে নিয়ে পুলিস আসামিকে খুঁজতে চড়াও হয়। আসামিকে না পেয়ে সেই মহিলাকে পার্শ্ববর্তী জঙ্গলে নিয়ে গিয়ে পুলিশ এবং তৃণমূলের দুষ্কৃতীরা তার সর্বাঙ্গে বিচুটি ঘসে দেয়। এই তো আইন-শৃঙ্খলার অবস্থা ! প্রকৃতপক্ষে এখানে আইন-শৃঙ্খলা কিছু আছে বলে তো মনে হয় না। আর একটা অত্যন্ত লজ্জার বিষয় মাননীয় রাজ্যপালের ভাষণে দেখলাম। এই রাজ্যে নারী নির্যাতন প্রত্যেকদিনের ঘটনা, সবসময় নারী নির্যাতন হচ্ছে। ওঁনার ভাষণের একটা ছত্রে লেখা হয়েছে—নারী নির্যাতন যা হচ্ছে সেইগুলোর ক্ষেত্রে নাকি যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে এবং কাস্টডি ট্রায়াল করে দোষীদের সাজা দেওয়া হচ্ছে। বর্ধমান শহরের একটা ঘটনার কথা বলি। ২০১৩ সালের ২৫শে অক্টোবর একটি মেয়ে, টিউশান পড়ে বাড়ি ফিরার পথে তাকে তুলে নিয়ে গিয়ে ধর্ষণ করে, প্রাণে মেরে ক্যানেলে ফেলে দেওয়া হল। দুদিন পর তার দেহ উদ্ধার হল। আমাদের মুখ্যমন্ত্রী বললেন, ওটা ধর্ষণের ঘটনা নয়, মহিলা আত্মহত্যা করেছে। পরে যখন একটা গণ আন্দোলন তৈরি হল, তখন আসামিদের খুঁজে গ্রেফতার করা হল। কিন্তু কি সেশনাল ট্রায়াল হল ? নয়জনের বিরুদ্ধে চার্জশিট হল। তারা জামিন পেয়ে গেলেন। এখন যেমন ট্রায়াল শুরু হয়েছে সেই মহিলার বাড়িতে সেই দুষ্কৃতীরা আগুন লাগিয়ে দিয়েছে এবং প্রত্যেকটা সাক্ষী যাদের প্রাণভয় দেখানোর ফলে সাক্ষীরা সাক্ষ্য দিতে পারছেন না এবং যা পরিস্থিতি তৈরি হয়েছে কেসের যে আসামিরা মুক্ত হয়ে যাবে। আজকে এই জায়গায় পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলার পরিস্থিতি। ঠিক তেমনিভাবে বর্ধমান জেলারই আর একটা ঘটনা সারা ভারতবর্ষের মানুষকে নাড়া দিয়েছে। এই বছরে দুর্গাপুজোর সময়ে ২রা অক্টোবর, সেদিন আবার মহাত্মা গান্ধীর জন্মদিন ছিল—খাগরাগড়ে একটা বিস্ফোরণ হয়। বিস্ফোরণ হয় খাগড়াগড়ের একটা বাড়িতে। দুজন মারা যায়। প্রথমত আমাদের যিনি তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক ছিলেন, এখনো আছেন পরে থাকবেন কিনা জানি না। তিনি বর্ধমানে মিছিল করতে গেলেন এই ঘটনার পরিপ্রেক্ষিতে। বললেন পুলিশ ঠিক ব্যবস্থা নিয়েছে। কি করবে কারণ পুজোর সময়ে ব্যাপারটা নিয়ে গণ্ডগোল বাড়ুক তাই চাইবে। কি ঠিক ব্যবস্থা নিয়েছেন। না, পুলিশ সেখানে যে সমস্ত বিস্ফোরক পাওয়া গিয়েছিল দামোদরের চরে নিয়ে গিয়ে নষ্ট করে দিয়েছে, যাতে পরবর্তী ক্ষেত্রে তদন্ত করতে গিয়ে কিছু না পাওয়া যায় তার ব্যবস্থা করেছেন। এর সঙ্গে স্যার, ভারতবর্ষের সংহতি, ভারতবর্ষের স্বাধীনতা জড়িয়ে আছে এবং অত্যন্ত দুর্ভাগ্যের বিষয় যে আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী এই ঘটনাটাকে লঘু করে দেওয়ার জন্য বললেন যে এটা একটা সম্প্রদায়ের উপরে আঘাত করা হচ্ছে। যারা সন্ত্রাসবাদী সে কোন সম্প্রদায়ের সেটা তো কেউ দেখতে যায় না। কিন্তু যারা সন্ত্রাসবাদী তাদের যদি চিহ্নিত করা না যায়, তাহলে শুধুমাত্র খাগড়াগড় বা বর্ধমানের ঘটনা নয়, পরবর্তী সময়ে দেখা গেছে যে, এই জাল ভারতবর্ষের বিভিন্ন প্রান্তে ছড়িয়ে আছে এবং একে একে তা ধরা পড়ছে। এর সঙ্গে ভারতবর্ষের যে বন্ধুদেশ বাংলাদেশের স্বাধীনতা তার সঙ্গেও এর সম্পর্ক জড়িয়ে আছে। সেই ঘটনাটাকেও চাপা দিয়ে

দেওয়ার চেষ্টা হল। এইভাবে রাজ্যের যে প্রবণতা যে, যে ঘটনাই ঘটুক, সেই ঘটনাটাকে ছোট ঘটনা বলে চাপা দিয়ে দেওয়ার চেষ্টা হচ্ছে। অরূপ ভাণ্ডারী নিহত হল। এলাকার মানুষ বলল যে সে ইভ টিজিং-এর বিরুদ্ধে প্রতিবাদ করতে যাওয়ার ফলে তার মৃত্যু হয়েছে। তাকে খুন করা হয়েছে। আর আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী বললেন যে না, এটা দুটো গোষ্ঠীর মধ্যে দ্বন্দ্ব। কোন গোষ্ঠী, কিসের গোষ্ঠী সেটা কিন্তু তিনি পরিষ্কার করলেন না। তার সঙ্গে যে প্রবণতা তৈরি হয়েছে যে, যে ঘটনাই ঘটুক সেই ঘটনাটাকে ধামাচাপা দিয়ে দেওয়ার জন্য একটা ঘুষ দেওয়ার প্রবণতা চালু হয়েছে। কিছু হলেই সেই পরিবারের কাছে একটা টেমপোরারি চাকরি করে দিয়ে তাদের মুখটা কি করে বন্ধ করে দেওয়া যায় সেই চেষ্টা হচ্ছে। আসল উৎস খুঁজে বার করে দোষীদের যদি সাজা দেওয়া যেত, তাহলে হয়তো এই অবস্থার পরিবর্তন হত। কিন্তু সেই ব্যাপারে কোনো ব্যবস্থাই করা হচ্ছে না। আমাদের পরশবাবু বলছিলেন পুলিশের উন্নতির জন্য এবং পুলিশকে সঙ্গে নিয়ে নাকি এই সরকার চলার চেষ্টা করছে। সেই চেষ্টার উদাহরণ হিসাবে আজকে টিভিতে দেখছিলাম বীরভূম জেলার যুব সভাপতি ছিলেন একজন, তিনি থানায় ঢুকে, থানার ওসিকে কলার চেপে ধরে মারলেন, একজন এস আই বীরভূমের তৃণমূলের লোকদের হাতে নিহত হল। কলকাতার একটা কলেজে ছাত্র সংসদের নির্বাচনকে সামলাতে গিয়ে একজন পুলিশের এস আই তৃণমূলের গুন্ডাদের হাতে নিহত হল। এইভাবে একে একে আলিপুরে তৃণমূলের অত্যাচারে পুলিশ কর্মীরা বাধ্য হয়ে টেবিলের তলায় লুকোলেন, এই সম্পর্ক রাজ্য সরকার পুলিশের সঙ্গে তৈরি করে দিয়েছে। এর ফলে পুলিশ নাকি খুব চলছে। আমরা যে এলাকায় বাস করি আমরা দেখি পুলিশের এখন দুটো কাজ। একটা হল তৃণমূল যা অপকর্ম করবে সেই অপকর্মগুলোকে কিভাবে প্রোটেকশন দেওয়া যায়, আর একটা কাজ হল—এমনি আইন-শৃঙ্খলার প্রশ্নে পুলিশ পাওয়া যাবে না। দশ হাত অন্তর অন্তর পুলিশের একটা করে গাড়ি দাঁড়িয়ে আছে। কি কাজ না, রাস্তা দিয়ে যে গাড়িগুলো যাচ্ছে সেই গাড়িগুলোকে ধরে তাদের যথাযথ ফাইন করে যাওয়া একের পর এক।

[2.30—2.40 p.m.]

এ এক অভিজ্ঞতার কথা বললাম। এর আগেও আমি এখানে বলেছিলাম যে একজন বয়স্ক শিক্ষক আমার কাছে এসে বলেছেন, 'আমাকে বাঁচান। আমার একটা মোটর সাইকেল আছে। গ্রাম থেকে কাটোয়ার একটি স্কুলে আমি মাস্টারি করতে আসি। যখনই আমি আসি তখনই আমাকে পুলিশ ফাইন করে। আমি বলি আমার সবই ঠিক আছে। তখন পুলিশ অফিসার একদিন আমাকে বললেন সবই যখন ঠিক আছে, তাহলে আপনি আমাদের সঙ্গে একটা মাসোহারার ব্যবস্থা করুন। অর্থাৎ মাসিক একটা বন্দোবস্ত করে নিন। তাহলে আপনাকে আর ধরা হবে না।' তাই বলি পুলিশের এখন এটাই কাজ। এটা ছাড়া আর কিছুই পুলিশ করে না। সুতরাং আমাদের রাজ্যের দুর্নীতি কোন পর্যায়ে পৌঁছছে। এর আগে প্রাথমিক শিক্ষক নিয়োগ যন হল, তখন বহু বিধায়কের নামেও বেরিয়েছিল। আমাদের যারা শাসকদলের বিধায়ক যে তাদের স্ত্রী, শালি থেকে আরম্ভ করে বাড়ীতে কাজ করার লোক কেউ বাদ যায়নি। আটজন, নয়জন করে এক-একজন বিধায়ক তাদের চাকরি করে

দিয়েছে। এখন আবার একটা নতুন নিদর্শন দেখলাম বর্ধমান জেলায়। আপনারা হয়ত কাগজে দেখেছেন। বর্ধমান জেলার যে পঞ্চায়েত স্তর তার বিভিন্ন স্তরে কিছু কর্মচারী নিয়োগের কথা হয়েছে। সেই কর্মচারী নিয়োগের জন্য পরীক্ষাও হয়ে গেছে। রিটিন পরীক্ষাটা হয়ে গেছে। জেলা পরিষদের যারা সদস্য, সবই প্রায় শাসকদলের সদস্য, তারা যথারীতি বিভিন্ন জনের কাছ থেকে টাকা নিয়ে বসে আছেন যে চাকরি করে দেবেন। কিন্তু দেখা গেল যে তিনজন মানুষ একজন মন্ত্রী, একজন এম.এল.এ. আর একজন বর্ধমান জেলা পরিষদের সভাধিপতি, সেই তিনজন নাকি তাদের যা লিস্ট সেগুলিকেই করে দিয়েছেন। এদের করে দেননি। এটা এত লজ্জার ব্যাপার যে, বর্ধমান জেলা পরিষদের সাধারণ সভা হচ্ছিল, সেই সভাতে যেহেতু জেলা পরিষদের অন্যান্য সদস্যদের যে লিস্ট, সেই লিস্টের কেউ পাস করতে পারেননি, সেই কারণে তারা জেলা পরিষদের সভা ছেড়ে চলে গেল। বর্ধমান জেলার জেলাশাসক—রাজ্যের সাধারণ প্রশাসনটা কোন পর্যায়ে পৌঁছেছে দেখুন। তিনি তাদের পিছনে পিছনে গিয়ে জেলা পরিষদের অফিসে হাতজোড় করে বললেন যে আপনারা ফিরে আসুন। তারা ফিরে আসেননি। এবং আজকের কাগজেও আছে জেলা পরিষদের সেই সদস্যরা এক হয়ে তৃণমূলের রাজ্য দপ্তরে নাকি দরবার করতে আসবেন যে যে মন্ত্রী যে বিধায়ক এবং যে জেলা পরিষদের সভাধিপতি তারা যে সব নাম দিয়েছেন সেগুলি বাতিল করে তারা যাদের কাছ থেকে টাকা নিয়েছেন, তাদের নামগুলির যাতে অ্যাপয়েন্টমেন্ট হয় তার ব্যবস্থা করার জন্য। আজকে কি পর্যায়ে দুর্নীতি এসে পৌঁছেছে, সেটা আজকে রাজ্যপালের ভাষণে এর কথা কিন্তু কোথাও বলা নেই। এইজন্য আমি রাজ্যপালের ভাষণের সঙ্গে একমত হতে পারছি না। স্যার, এরপরে আসছি শিল্পের ব্যাপারে। আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী অনেকগুলি সভা করলেন বিভিন্ন শিল্পপতিদের নিয়ে। শেষ যে সভা করলেন সেখানে তিনি বললেন প্রায় আড়াই লক্ষ কোটি টাকার মতো নাকি শিল্প বিনিয়োগের একটা সম্ভাবনা দেখা দিয়েছে বা শিল্প বিনিয়োগ হবে। কিন্তু আমরা দেখেছি যে কেন্দ্রীয় শিল্প দপ্তরের ইন্ডাস্ট্রিয়াল পলিসি অ্যান্ড প্রোমোশন দপ্তর তারা যে তথ্য প্রকাশ করেছেন, তাতে দেখা যাচ্ছে যে, দু'হাজার চোদ্দ সালে আমাদের রাজ্যের দু হাজার সাতশো চুয়াত্তর কোটি টাকা শিল্প বিনিয়োগের প্রস্তাব এসেছে। যা আমাদের দেশের টোটাল বিনিয়োগের যে প্রস্তাব তার এক শতাংশেরও নীচে। আর আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী বললেন যে আড়াই লক্ষ কোটি টাকার বিনিয়োগ নাকি তারা করে দেবেন। আজকে সেই জায়গায় দাঁড়িয়ে আমরা একটা কথাই বলতে চাই যে শিল্পে বিনিয়োগ হচ্ছে না বলেই আজকে বাংলার ছেলেমেয়ে বাংলায় চাকরি না পেয়ে বাইরে চাকরি করতে যাচ্ছে। তার সঙ্গে সঙ্গে আমরা দেখছি আমাদের মুখ্যমন্ত্রী কয়েকটা শিল্পের কথা বলছেন, যেমন, অন্ডালে বিমানবন্দরের কথা তিনি বলছেন। .....(গোলমাল).....অন্ডালে বিমানবন্দর ২০১০ সালের আগের থেকে শুরু হয়েছে, এখনো শেষ হয়নি। অতএব এটা যদি এই সরকারের তৈরি বলে চালানো হয়, সেটা সঠিক তথ্য নয়। ঠিক তেমনই ইউরিয়ার কারখানা ম্যাটিক্স, সেটা বহু আগের থেকে শুরু হয়েছে। আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী বলছেন, তিনি নাকি এগুলো তৈরি করার ব্যবস্থা করেছেন। স্যার, শিক্ষাব্যবস্থা সম্পর্কেও আমাদের রাজ্যপালের ভাষণে অনেক কথা বলা হয়েছে। আজকে প্রথম যে সভা, সেই সভায় এই বিধানসভার কোনো সদস্য

শিক্ষামন্ত্রীর কাছে একটা কথা বলছিলেন যে, এই বছরের মাধ্যমিক পরীক্ষায় ছাত্র-ছাত্রীর সংখ্যা ১৫ হাজার কমে গেছে। তিনি তাঁর একটা উদ্ভট যুক্তি দিয়ে বললেন, কম্পার্টমেন্টালের সংখ্যা কমে যাওয়ার জন্য নাকি ১৫ হাজার ছাত্র-ছাত্রী কমে গেছে এবং পাশের হার নাকি ব্যাপক বেড়ে গেছে। আমি একটা তথ্য দেখছিলাম, গত বছর থেকে তার আগের বছরের পাশের হার ১.২৭% বেড়েছে। তার জন্য ১৫ হাজার ছাত্র-ছাত্রী কমবে কেন ? বাস্তব ঘটনা, পশ্চিমবাংলার শিক্ষার পরিবেশটা নষ্ট হয়ে গেছে। ছাত্র-ছাত্রীদের ড্রপ আউটের সংখ্যা অনেক বেড়ে গেছে এবং তার সঙ্গে সঙ্গে আমরা আরেকটা মারাত্মক প্রবণতা লক্ষ্য করছি, শিক্ষাব্যবস্থার মধ্যেও প্রশাসনিক চাপ তৈরি করার ব্যবস্থা হচ্ছে। মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানগুলোর ক্ষেত্রে শিক্ষা দপ্তর থেকে একটা সার্কুলার দেওয়া হল। বলা হল, যে সমস্ত স্কুল স্পনসর হতে চান, তারা তাদের অপশনটা জানান। স্পনসর হলে কি কি সুবিধা পাওয়া যাবে, তাও বলে দেওয়া হল কেন্দ্রীয় শিক্ষা মিশনের কাছ থেকে। স্বভাবতই যেহেতু ইনফ্রাস্ট্রাকচারের উন্নয়নের সম্ভাবনা আছে, বেশির ভাগ স্কুল তাদের স্পনসর হওয়ার কথা রাজ্য সরকারকে প্রস্তাবে জানালো। কিন্তু পরবর্তী ক্ষেত্রে দেখা গেল যে, সরকারের মূল উদ্দেশ্য হল, সেখানে গণতান্ত্রিক পদ্ধতিতে যে ম্যানেজিং কমিটিগুলি তৈরি হয়, সেগুলোকে বন্ধ করে দিয়ে সরকারি একটা চাপিয়ে দেওয়া কমিটি তৈরি করে দেওয়ার চক্রান্ত হল। তার কারণ, ৭ হাজারের ওপর স্কুল যারা স্পনসর হওয়ার জন্য আবেদন করেছে, তার মধ্যে মনে হয় ২৮৭টা স্কুলকে স্পনসর স্কুলের সব সুযোগ-সুবিধা দেওয়া হচ্ছে। আর বাকি স্কুলগুলোর ক্ষেত্রে বছরে ৫০ হাজার টাকা করে একটা উন্নয়নের টাকা দেওয়ার কথা বলে সমস্ত ম্যানেজিং কমিটিগুলোকে একদম পঙ্গু করে রেখে সেখানে একটা কমিটি রাজ্য সরকার তৈরি করে দিচ্ছে এবং রাজ্য সরকার যে কমিটি করে দিচ্ছে, সেই কমিটি নিয়েও একটা সমস্যা থেকে গেছে। তার কারণ, সর্বশিক্ষা মিশনে যে কথা বলা আছে, সেখানে ৭৫% গার্জেন্ প্রতিনিধি নির্বাচিত হয়ে আসতে হবে। আর এখানে কোনো গার্জেন প্রতিনিধিকে নির্বাচিত হয়ে আসতে হবে না। তার সঙ্গে স্বভাবতই দুজনকে শিক্ষা অনুরাগী নিয়োগ করবেন, তাদের মিনিমাম্ কোয়ালিফিকেশন গ্র্যাজুয়েট হতে হবে। কিন্তু দেখা যাচ্ছে সেভেন-এইট পাস করা লোককেও সেই কমিটিতে ঢুকিয়ে দেওয়া হচ্ছে। মূলত সরকারি নিয়ন্ত্রণ এবং শাসক দলের নিয়ন্ত্রণ জারি রাখার জন্যই এই কমিটি ভেঙে দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। তার সঙ্গে সঙ্গে স্যার, উচ্চশিক্ষার ক্ষেত্রেও আজকে খবরের কাগজেও আছে দেখবেন, অন্ততপক্ষে পশ্চিমবাংলার ৮০ ভাগ কলেজ, যেখানে স্থায়ী অধ্যক্ষ নেই, টিচার-ইন-চার্জ দিয়ে কলেজ চালানো হচ্ছে, বেশির ভাগ কলেজে শিক্ষক নেই। আমি কাটোয়া কলেজের একটা উদাহরণ দিচ্ছি। আগেও বলেছি, এখনো বলছি, ফিজিওলজি, ডিপার্টমেন্ট, তার অনার্স আছে, অথচ একজনও পার্মানেন্ট টিচার নেই। কলেজে শিক্ষক, অশিক্ষক কর্মচারীর অভাবে কলেজগুলো ধুঁকছে। তার সঙ্গে কলেজে যে টিউশন ফি আদায় হয়, এই সরকার এসে তার অর্ধেক টাকা রাজ্য সরকারকে দিতে বাধ্য করা হয়েছে। ফলে সেই সমস্ত কলেজগুলো যে টেম্পোরারি শিক্ষক নিয়োগ করে পড়াশুনা চালাবে, সেই ব্যবস্থাটা বন্ধ হওয়ার উপক্রম হয়েছে। সেই জায়গায় দাঁড়িয়ে মাননীয়

রাজ্যপাল যে ভাষণ পাঠ করতে বাধ্য হয়েছেন তার সাথে একমত হতে পারলাম না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2.40—2.50 p.m.]

শ্রী রমেন্দ্র নাথ বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের রাজ্যপাল শ্রী কেশরী নাথ ত্রিপাঠী কর্তৃক প্রদত্ত ভাষণকে সমর্থন জানিয়ে আমি এই সদনে দু-চারটি কথা বলছি। অনেক কথা ইতিমধ্যে শোনা গেল, তাতে আমাদের প্রিয় সদস্য নস্কর সাহেব তিনি বললেন ছত্রে ছত্রে এই যে ভাষণ তা মিথ্যাতে বোঝাই। এই যে কথাটা, এটা একেবারে রাজনৈতিক কথা। আমি একদিকে যেমন এই কথার প্রতিবাদ করছি, অন্যদিকে রাজ্যপালের ভাষণের সমর্থনে আমি দু-চারটি কথা বলছি। আমরা জানি মমতা বন্দ্যোপাধ্যায়, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কেমন এবং তাঁর অতীত কেমন, এই সমস্ত বিষয় নিয়ে আমাদের গভর্নর সাহেব তিনি পর্যালোচনা করে এবং এই যে প্রদত্ত ভাষণ তিনি দিয়েছেন এর সাথে একটা গভীর সামঞ্জস্য তিনি খুঁজে পেয়েছেন বলেই এখানে সেই ভাষণ দিয়েছেন। কোন দিক, জীবনের কোন দিক আমাদের প্রয়োজন। জীবনের যত দিক আছে, সমাজের যত চাহিদা আছে, তিনি দেখেছেন, বর্তমান মুখ্যমন্ত্রী তার সরকার এটা পর্যালোচনা করে সমস্ত দিকে দৃষ্টি রেখে কি করে পশ্চিমবঙ্গের সার্বিক উন্নয়ন সাধন করা যায়, এ ব্যাপারে যে সমস্ত ব্যবস্থা অবলম্বন করেছেন, তাতে করে সমাজের গরিব চাষী, খেটে খাওয়া মানুষ, সাধারণ মানুষ, সর্বস্তরের মানুষ এরা উপকৃত হচ্ছে এবং যে সমস্ত প্রকল্প গ্রহণ করা হয়েছে তার মধ্যে দিয়ে তিনি দেখেছেন এটি, পশ্চিমবঙ্গে উন্নয়নের সাথে সাথে মানুষের উন্নয়ন সম্ভব হয়েছে। আসলে মমতা বন্দ্যোপাধ্যায় একটা ফোকাশ, একটা টর্চ, তিনি যেদিকে সেই ফোকাশ দেন অর্থাৎ যেদিকে তিনি তাকান, সেই দিক আলোকিত, পুলকিত হয়ে ওঠে। আমরা লক্ষ্য করেছি বিদ্যুতের অভাবে পশ্চিমবঙ্গের বুকে যে অন্ধকার রাজত্ব তৈরি হয়েছিল, তার অবসান ঘটিয়ে তার মন্ত্রী মণীশ গুপ্ত যে সকল ব্যবস্থা গ্রহণ করেছেন, তার মধ্যে দিয়ে যদি রাজ্যপালের ভাষণের মধ্যে থাকে পশ্চিমবঙ্গ আলোকিত হয়েছে, বিদ্যুতের দ্বারা আজকে শোভিত হয়েছে, তাহলে সেটা কি মিথ্যা কথা ? নিশ্চয়ই মিথ্যা কথা নয়, এটা আপনাদের চিন্তা করতে হবে। শিক্ষার জগতে আপনারা দেখেছেন যে পশ্চিমবঙ্গের অভূতপূর্ব উন্নয়ন সম্ভব হয়েছে এবং তার মধ্যে দিয়ে অনেক সৃষ্টি প্রকল্প, সৃজনশীল প্রকল্প তৈরি হয়েছে, স্কুল-কলেজ হচ্ছে, মাদ্রাসা হচ্ছে, বিশ্ববিদ্যালয় হচ্ছে এবং আরও অনেক প্রচেষ্টা। কতটা কি করা গেল, তার চাইতে মমতা বন্দ্যোপাধ্যায়ের যে প্রচেষ্টা, সেই প্রচেষ্টা, আন্তরিকতা, জনগণের প্রতি শ্রদ্ধা, উন্নয়নের প্রতি শ্রদ্ধা এবং আন্তরিকতা আমাদের আকর্ষণ করবেই করবে। কেবলমাত্র আমাদেরই আকর্ষণ করবে না, সমস্ত পশ্চিমবঙ্গের মানুষকে আকর্ষণ করেছে। এই অবস্থায় বলা যায়, সমালোচনার জন্য শুধু সমালোচনা করলে হবে না, কনস্ট্রাকটিভ দিক লক্ষ্য করতে হবে। যখন পশ্চিমবঙ্গে তিনি মুখ্যমন্ত্রী হন তখন প্রশাসনিক অবস্থা কি রকম ছিল ? সেখানে যারা সরকারি আমলা হয়ে,

আধিকারিক হয়ে অবস্থান করছিলেন, তাদের মধ্যে অনেকেই বিগত পশ্চিমবঙ্গ সরকারের দ্বারা নিয়োজিত। বি.ডি.ও এবং অন্যান্য মানুষ, শিক্ষা জগতে বলুন, অন্যান্য জগতে বলুন, ইউনিভার্সিটিতে বলুন, স্কুল-কলেজে বলুন, সেখানে তাদের নিয়ন্ত্রণে সমস্ত আধিকারিকরা, সমস্ত প্রিন্সিপ্যালরা অনেক রকমভাবে ছিল। সেই অবস্থার মধ্যে মমতা বন্দ্যোপাধ্যায় মুখ্যমন্ত্রী হয়ে তাঁর প্রতিভার দ্বারা তিনি চিন্তা করলেন যে, এইভাবে যদি আমাকে এদের দিয়ে কাজ করাতে হয় তাহলে আমাকে সৃষ্টিশীল হতে হবে এবং অনেক চিন্তা করে ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাই তিনি এমন একটা ব্যবস্থা অবলম্বন করলেন যে, আমি তো মুখ্যমন্ত্রী, আমার মন্ত্রী আছে এবং এই যে প্রশাসন সবাই আমার এবং সেই দৃষ্টি নিয়ে, সেই আন্তরিকতা নিয়ে তিনি প্রশাসনিক বৈঠকগুলো করলেন। সেই বৈঠকগুলোতে বসে যে যে পন্থীই হোক, যে যার দ্বারাই মনোনীত হোক এবং অ্যাপয়েন্টেড হোক, সে বাধ্য হবে মুখ্যমন্ত্রীর কথা মেনে নিতে। সেই গিন্নিপনার মাধ্যমে তিনি এই তিন/চার বছরের মধ্যে ৭৫টি আধিকারিকদের নিয়ে প্রশাসনিক বৈঠক করলেন। তারা প্রতিশ্রুতি দিলেন যে, আমরা সরকারের সহায়তার জন্য সরকারের পাশে থাকবো এবং আমাদের উপর ন্যস্ত যে সমস্ত দায়দায়িত্ব, সেটা আমরা ঠিকভাবে পালন করবো। বলুন তো মমতা বন্দ্যোপাধ্যায় যা উদ্ভাবনী বিদ্যা এবং উদ্ভাবনী প্রতিভা, সেই প্রতিভা যদি না থাকতো তাহলে এই সমস্ত মানুষকে, এই সমস্ত আধিকারিককে, এই সকল প্রশাসনিক হেডদেরকে এমনভাবে ভালোবেসে, আন্তরিকতার মাধ্যমে তাদের কাজ করাতে পারতেন ? আমরা লক্ষ্য করেছি যে, কেবলমাত্র তাতেই তিনি ক্ষান্ত হলেন না। তিনি তৈরি করলেন প্রশাসনিক ক্যালেন্ডার। যার ফলে কারোর মনের ভিতর অন্য রকম মানসিকতা থাকলেও চুপ করে বসে থাকতে পারবে না। তারা সে সমস্ত কাজ করতে আরম্ভ করলেন। এই যে যুগান্তকারী ইতিহাস তৈরি পূর্ববর্তী কোনো মুখ্যমন্ত্রী এমন কাজ করেননি। আজকে রাজ্যপাল কেশরীনাথের দৃষ্টিতে তিনি অভিজ্ঞতা দিয়ে বুঝতে পারলেন মমতা বন্দ্যোপাধ্যায় ঠিক কাজই করেছিলেন। জঙ্গলমহল—এই জঙ্গলমহল একটা সাংঘাতিক ব্যাপার। যেখানে নিত্তনৈমিত্তিক ছিল খুন, হত্যা, রাহাজানি এবং একটা বিশেষ দলের চরম গ্লানি। তা তিনি কি রকম কৌশলে দূরীভূত করলেন। আবার বলছি, আসলে মমতা বন্দ্যোপাধ্যায় হচ্ছে একটা আলোর ফোয়ারা। সেই আলোর ফোয়ারার সাথে তাঁর ছিল আন্তরিকতা। যার মধ্য দিয়ে আজকে ওই সকল সমস্যা মিটে গেছে। পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া এবং বীরভূম এই সমস্ত জায়গায় যেখানে শুষ্ক ভূমি সেখানে তিনি সেচের ব্যবস্থা করলেন। সেচের মাধ্যমে যেমন তিনি ওখানকার খাদ্যের উন্নয়ন করলেন ঠিক তেমন করেই মানবিকতার উন্নয়ন সাধন করে সেখানে একটা সভ্যতার আলো পৌঁছে দিলেন। কি শিক্ষায়, কি রাস্তাঘাট নির্মাণে, কি জল সাপ্লাই করার ব্যাপারে সমস্ত দিকে তিনি পশ্চিমাঞ্চলকে উজ্জীবিত করে তুললেন। জঙ্গলমহলকে উজ্জীবিত করে তুললেন। এই যে সৃজনশীল প্রতিভা সেই প্রতিভাকে রাজ্যপালকে তো অস্বীকার করতে পারেন না। দার্জিলিংয়ের বুকে যে সমস্যা সেই দার্জিলিংয়ের বুকে দাঁড়িয়ে, তিনি বারেবারে গিয়ে, একবার তো তাদের সামনেই বললেন, ভাইয়েরা তোমরা পশ্চিমবঙ্গ থেকে কোনো বিচ্ছিন্ন দ্বীপ নও, বিচ্ছিন্ন কোনো রাজ্য নও। তোমরা পশ্চিমবাংলারই অঙ্গ।

আমি তোমাদের সামনে বসেই বলছি তোমরা ভালো থাকো এবং আমি এর উন্নয়ন চাই। আমি এখানে পর্ষদ তৈরি করে দিচ্ছি, কিন্তু বিচ্ছিন্ন হওয়ার কোনো মন্ত্র আমি দেবো না।

[2.50—3.00 p.m.]

এবং তাই সেখানে আজকে পর্যটন কেন্দ্রে যথেষ্ট আয় হচ্ছে। মানুষ সাহস করে সেখানে যাচ্ছে। অথচ আমাদের পূর্ববর্তী মুখ্যমন্ত্রী বা বলা যায় মুখ্যমন্ত্রীরা ওই জায়গায় যেতে ভয় পেতেন। কিন্তু আজকে কেবলমাত্র মুখ্যমন্ত্রী যাচ্ছেন না। সেখানে অন্যান্য মানুষেরা আনন্দের জন্য, পর্যটনের জন্য সেখানে যাচ্ছেন এবং সেখানে একটা সভ্যতার আলো, গণ্ডগোলহীনতার আলো সেখানে পৌঁছে গেছে। এই অবস্থার মধ্যে—এতো গেল ভৌগোলিক অবস্থানের কথা। অন্যান্য দিকে সমাজের মানুষের উপকারের জন্য, পশ্চাৎপদ মানুষের জন্য তিনি কাস্ট সার্টিফিকেটের ব্যবস্থা করলেন। পশ্চাৎপদ মানুষের জন্য তিনি অনেক কিছু করেছেন। মুসলিম ভাইদের জন্য তিনি অনেক কিছু করেছেন। ভয়ের মধ্য দিয়ে যারা তাদেরকে ভোট দিত, আজকে ভয়ের মাধ্যমে নয়। আন্তরিকতার মাধ্যমে, উন্নয়নের গন্ধে, মমতা বন্দ্যোপাধ্যায়ের চিন্তাধারার মাধ্যমে তারা আকৃষ্ট হয়ে আজকে মুখ্যমন্ত্রী মুসলিমপ্রাণ হয়ে দাঁড়িয়েছেন। এমনি করে—কি স্বাস্থ্য, কি শিক্ষা এবং সর্বশ্রেষ্ঠ একটা প্রকল্প 'কন্যাশ্রী', প্রকল্প এই যুগান্তকারী কন্যাশ্রী প্রকল্প কেবলমাত্র পশ্চিমবঙ্গকে উন্নত করেনি, সারা ভারতবর্ষকে উন্নত করবে, সারা পৃথিবী একে গ্রহণ করবে। এই রকম সৃজনশীল প্রতিভাসম্পন্না এবং প্রতিভাময়ী মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকারকে তাই মহামান্য কেশরীনাথ ত্রিপাঠী যে সমর্থন করেছেন, সেটা ঠিকই করেছেন।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)

শ্রী সুশান্ত ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ১৯ তারিখ মহামান্য রাজ্যপাল যে ভাষণ এখানে দিয়েছেন তার উপরে ধন্যবাদসূচক প্রস্তাব নিয়ে আলোচনা শুরু হয়েছে। ইতিমধ্যে আমাদের বামফ্রন্টের বর্ষীয়ান বিধায়ক সুভাষ নস্কর মহাশয় তিনি বলেছেন, সরকার পক্ষের তরফ থেকে কিংবা কংগ্রেস বন্ধুদের তরফ থেকেও ইতিমধ্যে এখানে বক্তব্য পেশ করা হয়েছে। সেই ভাষণকে কেন্দ্র করেই যে আলোচনা—ভাষণ দেওয়ার জন্য মহামান্য রাজ্যপালকে ধন্যবাদ। কিন্তু যে ভাষণ দেওয়া হয়েছে এখানে, সে ভাষণ সমর্থনযোগ্য নয় বলেই সে সম্পর্কে কিছু কথা এখানে উত্থাপন করা প্রয়োজন। বিগত বছর ২০১৪ সালের ১০ই ফেব্রুয়ারী এই সদনে তৎকালীন মহামান্য রাজ্যপাল যে ভাষণ দিয়েছিলেন সেই ভাষণ এম.কে. নারায়ণন মহাশয়ের যে ভাষণ তার ৭-এর পাতায় একটি প্যারাতে উল্লেখ করা হয়েছিল গুরুত্ব দিয়ে যে, আমি বিষয়টিতে আনন্দ প্রকাশ করছি যে আমার সরকার সারদা কেলেঙ্কারিতে সঞ্চিত অর্থ হারানোর ফলে ক্ষতিগ্রস্ত ২ লক্ষ ৩৭ হাজারের বেশি বিনিয়োগকারীদের সাহায্য প্রদানে এগিয়ে এসেছে। আমার সরকার একটি বিশেষ তদন্ত কমিশন গঠন করার ক্ষেত্রে দ্রুত পদক্ষেপ গ্রহণ করেছে। যার তদন্তের কাজ শেষ করে সমস্ত অভিযুক্তদের গ্রেপ্তার করা এবং এই কেলেঙ্কারি সম্পর্কিত বিভিন্ন মামলার চার্জশিট গ্রহণ করার ক্ষেত্রে সক্রিয় ভূমিকা পালন করেছে। অবসরপ্রাপ্ত বিচারপতি মাননীয় শ্রী শ্যামল

সেনের নেতৃত্বে আমার সরকার কর্তৃক নিযুক্ত তদন্ত কমিশন ও বিনিয়োগকারীদের স্বার্থরক্ষার ব্যাপারে বেশ কিছু ব্যবস্থা নিয়েছে। এবার কোথাও এত দীর্ঘ বক্তব্যের মধ্যে এই বক্তব্যের এক লাইনও উল্লিখিত হয়নি। আমি জানি যে, সারদাকাণ্ড নিয়ে এখন কোনো শব্দ এই সরকারের পক্ষে উচ্চারণ করা খুবই যন্ত্রণাদায়ক। আমি একথা বলে আমার সরকার পক্ষের বিধায়ক বন্ধুদের বা সরকার পক্ষের মাননীয় সদস্যদের তাঁদের বিব্রত করবো না। ভারতবর্ষে এই ঘটনার কোনো নজির নেই। পশ্চিমবাংলা সেই ঘটনার বিরলতম নজির গ্রহণ করছে। ভারতবর্ষের এতগুলো অঙ্গরাজ্যে কোনো অপরাধের সঙ্গে যুক্ত থাকা কোনো ব্যক্তি তিনি জেলে থাকার পরে মন্ত্রী থাকতে পারেন, এই ঘটনার কোনো নজির গোটা ভারতবর্ষের ইতিহাসে নেই, যে ইতিহাস পশ্চিমবাংলায় তৈরি করা হয়েছে। তাই হয়তো সযত্নে (গোলমাল) শুনুন, আমি বিব্রত করতে চাই না। তাই হয়তো সযত্নে এই বিষয়ে উল্লেখ করা হয়নি।

কিন্তু যে কথা আমাকে বলতে হবে, আনন্দের সঙ্গে শ্যামল সেন কমিশনের যে ঘোষণা করা হয়েছিল, ভারতবর্ষের সর্ব্বোচ্চ আদালত তারা যখন এই ঘটনার তদন্ত করার ক্ষেত্রে কেন্দ্রীয় একটি সংস্থাকে দায়িত্ব দিলেন, তখন রাজ্য সরকারের নিয়োজিত এই কমিশন তারা কাজ করতে পারবে। তারা যে উদ্দেশ্য নিয়ে এই কমিশন গঠন করেছেন, সেই উদ্দেশ্যে তারা প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারবে, কমিশন কাজ করে যেতে পারবে, এই কথা বলার পরেও সেই কমিশনের কোনো রিপোর্ট আজ পর্যন্ত রাজ্যের মানুষকে জানানো কেন হল না, সেই কমিশন রাতারাতি তুলে দেওয়ার ব্যবস্থা করা হল। আমরা এই বিধানসভায় যে কমিশনের ঘোষণা শুনেছিলাম, এই বিধানসভার সদস্য হিসাবে আমাদের অধিকার আছে, সেই শ্যামল সেন কমিশনের রিপোর্ট প্রকাশ করা হোক, সেই প্রকাশের মধ্য দিয়ে আমরা জানতে চাই যে মাননীয় বিচারপতি শ্যামল সেন মহাশয় তিনি কি সুপারিশ করেছেন এই রাজ্য সরকারের কাছে। এতে তো কারোর কোনো বিরোধিতা থাকার কথা না। রাজ্য সরকারের গঠিত কমিশন শ্যামল সেন মহাশয় তিনি রাজ্যপাল ছিলেন, তিনি হাইকোর্টের প্রধান বিচারপতি ছিলেন, তিনি সুপারিশ করছেন, সেই সুপারিশ আপনাদের তৈরি করা কমিশনের সুপারিশ আপনারা গ্রহণ করবেন, আমরা জানতে পারব, রাজ্যের মানুষ জানতে পারবে। ১৮ লক্ষেরও বেশি মানুষ যারা প্রতারিত হয়েছেন, যাদের জীবনের সব সঞ্চয়টুকু তারা খুইয়ে দিয়েছেন, কেউ হয়ত ভেবেছিলেন, একটু একটু সঞ্চয়ে জমানো টাকা নিয়ে তারা একটা মাথা গোঁজার ঠাঁই তৈরি করবেন, কেউ ভেবেছিলেন, তাদের সেই সঞ্চিত অর্থ দিয়ে তার মেয়ের বিয়ের সময় সেই টাকা ব্যবহার করতে পারবেন। কিংবা ভেবেছিলেন, লেখাপড়া শেখানোর জন্যে সেই টাকাকে তারা ব্যবহার করতে পারবেন, তাদের সর্বনাশ হয়ে গেল, তারা সর্বস্বান্ত হয়ে গেল। ১০০-র বেশি মানুষ—তারা আত্মহত্যা করেছেন, যারা প্রতারিত হয়েছেন—গোটা রাজ্যজুড়ে আজকে নানাভাবে আন্দোলন সংগঠিত হচ্ছে, ১৮ লক্ষ পরিবার তাদের চোখের জল তার তো দায় আপনাদের এই সরকারকেও নিতে হবে। চিৎকার করে আমার গলা থামানো যাবে না। আমাদের প্রতি অনেক বিষয়ে কড়া ব্যবস্থা নেওয়ার চেষ্টা করেছেন, গলা বন্ধ করতে পারেননি, আমার গলা থাকবে, যদি

শোনার প্রয়োজন হয়, আমি যা বক্তব্য বলব, এই বক্তব্যের মধ্যে গঠনমূলক সমালোচনাই আমি করবো। শুধু সমালোচনা করার জন্যে অন্ধের হস্তির দর্শন আমি করবো না। কিন্তু যদি মনে হয় যে এই সঙ্গে গোটা রাজ্যের মানুষের স্বার্থের সঙ্গে আপনাদেরও সম্পর্কযুক্ত থাকা উচিত, তাহলে এ দাবি আপনাদেরও করা উচিত। শ্যামল সেন কমিশনের রিপোর্ট এই রাজ্যের মানুষের জানা উচিত। আমি বলব, যে কথা বলব, যে কথা এখানে উল্লেখ করা হয়নি, ভারতবর্ষে কোন রাজ্যে আছে, যে রাজ্যে রাজ্য সরকারের নিয়োজিত মানবাধিকার কমিশন—আজকে সংবিধানস্বীকৃত মানবাধিকার কমিশন-আজকে সেই মানবাধিকার কমিশন এই রাজ্যে তুলে দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। আপনাদের পছন্দমতো ব্যক্তিকেই আপনারা নিয়োগ করবেন, এতে আমাদের কোন বাধা বিপত্তির কোনো জায়গা নেই। আপত্তি জানালেও সেই আপত্তি যুক্তিগ্রাহ্য হবে না। কিন্তু যাকে আপনারা নিয়োগ করলেন, যখন কয়েকটি বিষয়ে রাজ্য সরকারের সঙ্গে সহমত পোষণ করতে পারছিলেন না, একটার পর একটা অন্যায়ের বিরুদ্ধে যখন মানবাধিকার কমিশনের চেয়ারম্যান তিনি যথার্থ ভূমিকা নিচ্ছিলেন তখন তাঁকে পরিকল্পিত পরিকল্পনা করে, পরিকল্পিত কাহিনি রচনা করে, যেভাবে তাঁকে সরিয়ে দেওয়ার জন্য আপনারা দিল্লি পর্যন্ত দরবার করলেন, তারপরে সেই সত্যতার বিন্দুমাত্র প্রমাণ আজ পর্যন্ত প্রকাশ্যে এল না। অথচ নির্বাচনের সময়ে আপনারা বলেছিলেন, যে এই ধরনের প্রতিষ্ঠানগুলোকে আপনারা গুরুত্ব দেবেন, এই ধরনের প্রতিষ্ঠানগুলো, যেগুলোর দিকে মানুষ মুখাপেক্ষী হয়ে থাকে। আজকে সেই জায়গাকে আপনারা প্রায় তুলে দেওয়ার ব্যবস্থা করলেন। ভারতবর্ষের কোন রাজ্যে আছে, অবসরপ্রাপ্ত আই.পি.এস.—যারা মানবাধিকার লঙ্ঘনের সঙ্গে অনেকক্ষেত্রে যুক্ত, সেই রকম একজনকে আপনারা আপনাদের ক্ষমতাবলে চেয়ারম্যান করেছেন। কিন্তু কাজ ! গত এক বছর ধরে, মানবাধিকার কমিশন একটা সুপারিশ, তারা রাজ্য সরকারের কাছে করেছে, যে এইখানে মানবাধিকার লঙ্ঘিত হয়েছে, এর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হোক। হয়নি। এগুলো গণতন্ত্রের পক্ষে স্বাস্থ্যকর নয়। আমার আগের বক্তা, বামফ্রন্টের বিধায়ক বলেছেন, আমার পরের বন্ধুরা তারাও বলবেন এইসব কথা। আইনশৃঙ্খলা নিয়ে অনেক কথা হয়েছে, কারা আইনশৃঙ্খলা রক্ষা করবেন। আজকে একটার পর একটা ঘটনা, যে ঘটনার কথা আমার আগে, আমাদের কংগ্রেস দলের বন্ধু বিধায়ক রবীন্দ্রনাথ চট্টোপাধ্যায় মহাশয় বলছিলেন, পুলিশকে থানায় ঢুকে পেটানো হচ্ছে। কোনো ব্যবস্থা নেই। কলকাতার উপরেও যেখানে মুখ্যমন্ত্রীর বাড়ি, তার থেকে ঢিল ছোঁড়ার দূরত্বে সেখানে থানা আক্রমণ করা হচ্ছে, গোটা ভারতবর্ষের মানুষ, বিশ্বের মানুষ দেখছে, থানার ভিতরে ফাইল মাথায় দিয়ে আলমারির পাশে লুকিয়ে পুলিশ মাথা বাঁচানোর চেষ্টা করছে—তারা আইন-শৃঙ্খলা রক্ষা করবে ! বোমা মেরে হাসপাতালে পাঠানো হচ্ছে, মৃত্যুর সঙ্গে পাঞ্জা কষতে কষতে মারা যাচ্ছে, আইন-শৃঙ্খলা রক্ষা করার দায়িত্ব যাদের তাদের যদি এই জায়গায় ফেলে দেওয়া হয়-হ্যাঁ এখন হয়ত বুঝতে পারছেন না, পরিস্থিতি কোথায়। গতকাল মেদিনীপুর শহরের উপরে যেখানে ঢিল ছোঁড়া দূরত্বে এস.পি.-র অফিস, কোতোয়ালী থানা, সেখানে পিপলস কো-অপারেটিভ ব্যাঙ্কের নির্বাচন, আমাদের বন্ধু বিধায়ক তিনি জিরো আওয়ারে উল্লেখ করেছেন, ভয়ঙ্কর ঘটনা।

[3.00—3.10 p.m.]

৫১টি আসনে ভোট হচ্ছে। ভোট হবে কেন্দ্রীয়ভাবে। দলের ক্যাম্পাসে সেই ভোটের জন্য ভোটররা আসছে, ৪৭টি আসনে বামপন্থীরা প্রার্থী দিয়েছে, দুপুর পর্যন্ত ভোট চলছে নির্বিঘ্নে। যখন শাসক দল বুঝতে পারছে যে তাদের পরাজয় নিশ্চিত, কোনোভাবে জেতা সম্ভব নয়, তখন বাইক বাহিনীকে নিয়ে আসা হল। পুলিশ রক্ষা করল তাদের। মেরে সেখান থেকে বের করে দেওয়া হল যারা প্রার্থী তাদেরকে। বের করে দেওয়া হল যারা এজেন্ট তাদেরকে। আমরা প্রতিবাদ জানিয়েছি। আমরা যেখানে প্রতিবাদ জানানোর সেখানে আমরা জানাই। আমার কথা হল এই, এটা যদি আইন-শৃঙ্খলার উৎকৃষ্ট উদাহরণ হয়, একটার পর একটা ঘটনা, কত ঘটনা, কোন ঘটনার উল্লেখ করব আমি জানি না। যারা এইসব কথা বলছেন তারা তাদের নিজেদের বিবেকের কাছে প্রশ্ন করবেন যে সত্যি আজকে প্রতিদিন শিক্ষার পরিস্থিতি কোথায় যাচ্ছে। আপনাদের বিধায়ক, তৃণমূল কংগ্রেসের বিধায়ক বন্ধুরা তারা উষ্মা প্রকাশ করছেন না পুলিশের ভূমিকা নিয়ে ? তারা উষ্মা প্রকাশ করছেন না যে পুলিশের ভূমিকা সমর্থনযোগ্য নয় বলে। হ্যাঁ, এখানে করতে পারবেন না। এখানে করলে মুখ্যমন্ত্রী নিজে পুলিশ মন্ত্রী, তাঁর রোষে পড়তে হবে। সেইজন্য আজকে আড়ালে-আবডালে তারাও তাঁর ভূমিকা নিয়ে তারা সমালোচনা করেন। এই সমালোচনা গ্রহণ করতে হবে। হ্যাঁ আমরা জানি, আপনারা সরকার পক্ষের বিধায়ক, এইসব সমালোচনা প্রথম প্রথম শুনতে আপনারা হয়তো অভ্যস্ত নন, কিন্তু অভ্যস্ত তো হতে হবে। তিন বছর পেরিয়ে তো চার বছর চলছে। সংসদীয় গণতন্ত্রের ধারায় সমালোচনা যদি গ্রহণ না করেন, তাহলে ভুলগুলি শুধরাবেন কি করে ? ভুলগুলি যদি শুধরাতে না পারেন, তাহলে পরিণতি—আজকের পরিণতি—একই জায়গায় দাঁড়িয়ে থাকবে না। আজকে হয়তো মনে হতে পারে—একটু আগে যখন আপনাদের প্রথম বক্তা বলছিলেন, আমরা এত বিধায়ক, এটা এই সংসদে দাঁড়িয়ে বলা—আজকে রাজনীতিতে ফুল স্টপ, কমা একটা জায়গায় দাঁড়িয়ে থাকে না। আজকে আমরা এদিকে আছি, আপনারা ওদিকে আছেন। আমরা ভুল করেছিলাম। সেইজন্য হয়তো মানুষ আমাদের বর্জন করেছেন, আমরা এদিকে এসেছি। কিন্তু সেই ভুলের পুনরাবৃত্তি যদি আপনারাও করেন, তাহলে ইতিহাসে আবার আপনারা সেই একই জায়গায় চলে যাবেন, যেখানে ছিলেন। আমি বলছি, এটা ঠিক করবে মানুষ। এটা ঠিক করবে বাংলার মানুষ। এটা তাদের দায়িত্ব। কিন্তু আমাদের দায়িত্ব আপনাদের যে কাজ ভালো, সেই কাজ নিশ্চয় ভালো বলব, যে কাজ সমালোচনা করার যোগ্য, সেই কাজে নিশ্চয় আমরা সমালোচনা করব। শিক্ষাক্ষেত্র নিয়ে, শিল্প নিয়ে অনেক কথা। এখানে আলোচনার মধ্যে এসেছে। কোথায় দাঁড়িয়েছে শিল্পের অবস্থা। যখন আমরা সরকারে ছিলাম, সিঙ্গুর থেকে টাটার কারখানা চলে গেল। ঠিক আছে। মানুষ বিচার করেছে, তাই চলে গেল। আমাদের সমর্থন করেননি, আপনাদের করেছেন। আজকে জিন্দালদের কারখানা, পশ্চিমবাংলার সবচেয়ে বড় ইস্পাত শিল্প না, আজকে ভারতবর্ষের মধ্যে অন্যতম ইস্পাত শিল্পের যে ভিত্তিপ্রস্তর স্থাপিত হয়েছিল পশ্চিম মেদিনীপুরে, আজকে সেই শিল্প পাকাপাকিভাবে এখান থেকে তারা গুটিয়ে নিয়ে চলে গেলেন। বলেলেন যে এখানে তারা আর ওই শিল্প প্রতিষ্ঠান তৈরি করবেন না।

ইনফোসিস, উইপ্রো, তারা আজকে দ্বিধার মধ্যে পড়েছেন, তারা এই রাজ্যে তাদের শিল্প ব্যবস্থা চালিয়ে যাবেন, কি যাবেন না। নতুন করে কোনো শিল্প আসেনি। আমার আগে একজন বলেছেন, গত বছর আপনারা শিল্প সম্মেলন করে ১ লক্ষ ৪০ হাজার কোটি টাকা বিনিয়োগের কথা বলেছিলেন। কিন্তু ৩ হাজার কোটি টাকাও গত বছর বিনিয়োগ হয়নি। আমাদের কারো বক্তব্য নয়, কেন্দ্রীয় সরকারের তাদের পক্ষ থেকে শিল্প সংক্রান্ত একটা দৈনিক সংবাদ মাধ্যমে সেই কথা প্রকাশিত হয়েছে। শুধু তাই নয়, বলা হল, এবারে যে কোটি কোটি টাকা খরচ করে যে শিল্প সম্মেলন করা হল, তার পরিণতি কি। তার পরিণতি, দেখলাম, শিল্প সম্মেলনের পরবর্তীকালে শিল্পপতিদের নিয়ে সভা করতে গিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী তেলেভাজাকে শিল্পের পর্যায়ে উন্নীত করতে চললেন। বললেন, তেলেভাজা করেও নাকি চারতলা, ছ'তলা, দশতলা বাড়ি তৈরি করা যায়। পরের দিন একটা কাগজে প্রকাশ পেল যে দশ বছর ধরে তেলেভাজা বিক্রি করেও কলকাতায় শুধু ফুটপাতের সিঁড়িতে রাত কাটাতে হয়, একটা মাথা গোঁজার ঠাঁই জোগাড় হয়নি। আর উনি বলে দিলেন, চারতলা, ছ'তলা, দশতলা। যদি সেই তেলেভাজার ব্র্যান্ড থাকে তাহলে বলবেন আমরা বিরোধী দলের সদস্যরা আমরা চেষ্টা করব সেই ব্র্যান্ড দিয়ে পশ্চিমবাংলার মানুষের কাছে বলতে যে পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী বলেছেন যে এই ব্যান্ডের তেলেভাজা যদি বিক্রি করা যায়, তাহলে অচিরেই চারতলা, ছ'তলা, দশতলা বাড়ির মালিক হওয়া যায়। গোটা বাংলায় মানুষ নতুন করে চিন্তা-ভাবনা করতে পারবে। তিনি কোথায় নিয়ে যেতে চেয়েছেন। আজকে বৃহৎ শিল্প ছাড়া রাজ্যে বেকার সমস্যা সমাধানে বিকল্প কোনো রাস্তা নেই। এ কথা আজ সকলেই মানতে বাধ্য এই দুনিয়াতে। শিল্প ছাড়া আজকে কর্মসংস্থানের কোনো সুযোগ হবে না। বড় শিল্প নেই, ছোটো, মাঝারি শিল্প, যে শিল্পগুলো আজকে প্রতিদিন একটার পর একটা কারখানা বন্ধ হয়ে যাচ্ছে। এই সময়কালের মধ্যে কতগুলো আক্রমণকারী ঘটনা ঘটেছে। ১৫.৬.২০১৪ তারিখে হুগলির ভদ্রেশ্বরের জুটমিলের কর্তা খুন হয়ে গেলেন। কিসের জন্য ? ৮.১১.২০১৪ তারিখে ভদ্রেশ্বরের ভিক্টোরিয়া জুট মিলের ম্যানেজারকে বেধড়ক মারধর করল, আপনাদের যারা শ্রমিক সংগঠনের সঙ্গে যুক্ত তারা। ২২.১১.২০১৪ তারিখে জলপাইগুড়ি মালবাজারে সেখানকার চা-বাগানের মালিক খুন হয়ে গেল। এইসব কথা মানুষের মন থেকে মুছে ফেলা যাবে না। বার্ন স্ট্যান্ডার্ডের কয়েকদিনের আগের ঘটনা। গোটা রাজ্যের মানুষ এটা জানে আজকে, আর যারা শিল্পের সঙ্গে যুক্ত তারাও জানে। যারা এখান থেকে পালিয়ে যেতে পারবে না তারাই থাকতে বাধ্য হচ্ছে, কিন্তু যাদের চলে যাবার সুযোগ আছে, তারা একদিনও এখানে থাকতে রাজি হচ্ছে না। শিল্পের ক্ষেত্রে যে পরিবেশ গোটা পশ্চিমবাংলায় তৈরি হয়েছে, তাতে অন্ধকারে গোটা রাজ্যকে ঢেকে দেওয়া হয়েছে। এই কথা আপনারা আপনাদের এলাকায় যেখানে বসবাস করেন সেখানে যে শিল্পগুলো আছে তার অবস্থা পর্যালোচনা করলেই আমার এই বক্তব্যের প্রয়োজন হবে না, আপনারা নিজেরাই একথা উপলব্ধি করতে পারবেন।

শিক্ষার ক্ষেত্রে অনেক কথা বলা হয়েছে। কল্যাণী বিশ্ববিদ্যালয়ের ঘটনার কথা বিরোধী দলের একজন বলেছেন। গোটা রাজ্যের মানুষ সেই ঘটনা টি.ভি-তে দেখেছেন।

বিশ্ববিদ্যালয়ের একজন আধিকারিককে এমনভাবে পেটানো হচ্ছে যেটা কোনো সভ্য সমাজের ঘটনা নয়। রাজ্যপাল এই ঘটনার নিন্দা করলেন, মুখ্যমন্ত্রী এই ঘটনার নিন্দা করলেন, তারপরে এই ঘটনার সঙ্গে যারা যুক্ত সেই দোষীরা গ্রেপ্তার হলেন। যেটা ভালো সেটা নিশ্চয় ভালো। কিন্তু যাদবপুর বিশ্ববিদ্যালয়ে যে ঘটনা ঘটল—ভারতবর্ষের মধ্যে সেরা বিশ্ববিদ্যালয় হচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়। আজকে সেই বিশ্ববিদ্যালয়ে স্তম্ভিত করে দেওয়ার মতো ঘটনা ঘটল। সেই বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সম্পর্কে অনেক বক্তব্য আছে, এটা আমার বক্তব্য নয়। রাজ্য মন্ত্রিসভার একজন গুরুত্বপূর্ণ সদস্য এই বিশ্ববিদ্যালয়ের ঘটনা সম্পর্কে বললেন, আজকে আপনাদের দলের একজন সাংসদ বিশ্ববিদ্যালয়গুলোতে যে ঘটনা ঘটেছে, সেই সম্পর্কে বলছেন। তিনি বলছেন, শিক্ষাঙ্গনকে দলতন্ত্র থেকে মুক্ত করার যে কথা বলা হয়েছিল আজকে শিক্ষাঙ্গনকে সেই দলতন্ত্র থেকে মুক্ত করা যায়নি, অচিরেই এই জিনিস বন্ধ হওয়া উচিত। এটা আমার বক্তব্য নয়, আপনাদের দলের একজন সাংসদ এই কথা বলেছেন। তারপরেও যদি আপনারা আমার বক্তব্যের বিরুদ্ধে গলা চড়িয়ে বিরোধিতা করেন তো করবেন, তাতে আমার আপত্তির কিছু নেই। কিন্তু আমার গলা বন্ধ করে দেওয়া এত সহজ নয়, আমার গলা বন্ধ করে দেওয়া যাবে না। আজকে এই জায়গা থেকে আমরা বাংলাকে যদি রক্ষা করতে না পারি, তাহলে বাংলার শিক্ষাঙ্গনের যে পরিবেশ তার সমাধি হবে। সেই সমাধি শুধু আমাদের ভবিষ্যৎ প্রজন্মের জন্য নয়, আপনাদের ভবিষ্যৎ প্রজন্মরাও তার জন্য আপনাদের দিকে আঙুল তুলে জিজ্ঞাসা করবে শিক্ষার অঙ্গনে যে পরিস্থিতি তৈরি হল তার জন্য আপনারা কেন যথাযথ দায়িত্ব পালন করেননি। এখানে সংকীর্ণতার কোনো জায়গা নেই। আজকে বিদ্যালয়গুলোতে শিক্ষক নেই, কলেজে আজকে শিক্ষকের অভাব আছে। শিক্ষক নিয়োগের জন্য যে ব্যবস্থা আছে তাকে প্রায় পঙ্গু করে দেওয়া হয়েছে। এস.এস.সি-তে চূড়ান্ত তালিকায় যাদের নাম আছে তারা নিয়োগ থেকে বঞ্চিত হচ্ছে। তার জন্য তারা দিনের পর দিন অনশন করে প্রতিবাদ জানাচ্ছে, আন্দোলন সংগঠিত করছে। পার্শ্বশিক্ষকদের অবস্থার কথা আমাদের বিরোধী পক্ষের একজন বিধায়ক এখানে উল্লেখ করেছেন। তারা অনশন বসেছে, পুলিশী জুলুম করে তাদের সেই অনশন বন্ধ করে দেওয়ার চেষ্টা হচ্ছে। এগুলো সম্পর্কে সংবেদনশীল হওয়া প্রয়োজন, এগুলো ভালো নয়। যারা সরকারে থাকবে তাদেরই দায়িত্ব এগুলো। তারা সংবেদনশীলতার মধ্যে দিয়ে সমস্যার সমাধান যদি না করেন তাহলে এইসব সমস্যা আগামী দিনে ভয়ঙ্কর জায়গায় যাবে। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে যে অনড় ভূমিকা আপনারা নিয়েছিলেন, সেখান থেকে তো আপনাদের পিছু হাটতে হল। কেন আপনাদের সেখান থেকে পিছু হাটতে হল ? কেন মুখ্যমন্ত্রীকে দৌড়ে যেতে হল যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে ? যদিও এই ধরনের যাওয়া বিশ্ববিদ্যালয়গুলোর যে স্বাধিকার তার মধ্যে হস্তক্ষেপ করা। কেন মুখ্যমন্ত্রীকে সেখানে হস্তক্ষেপ করতে হল ? একটা ভয়ঙ্কর জায়গায় পরিস্থিতিটা চলে যাচ্ছিল বলেই মুখ্যমন্ত্রীকে সেখানে হস্তক্ষেপ করতে হল। সেখান থেকে বের করার অন্য কোনো রাস্তা ছিল না বলেই মুখ্যমন্ত্রীকে যেতে হল এবং উপাচার্যকে পদত্যাগ করার নির্দেশ সেখান থেকে দিতে হল। সেই উপাচার্য পদত্যাগ করার পর সেই সমস্যা থেকে আপনারা মুক্ত হলেন। গোটা

ভারতবর্ষের মানুষ দেখল যাদবপুর বিশ্ববিদ্যালয়ে কোন ধরনের ঘটনা সংঘটিত হয়েছিল। এগুলোকে হাল্কা করে দেখার কোনো বিষয় নয়। আজকে উত্তরবঙ্গ থেকে দক্ষিণবঙ্গের কলেজগুলোতে একটার পর একটা ঘটনা ঘটছে। একটার পর একটা মহাবিদ্যালয়গুলোতে কি ঘটনা ঘটেছে আপনারা জানেন, সেখানে নিয়োগের ক্ষেত্রে কি অবস্থা চলছে সেটাও আপনারা জানেন। একটু আগে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের নিয়োগ সম্পর্কিত কথা হচ্ছিল। কিছুদিন আগে দৈনিক সংবাদপত্রে প্রকাশিত হল কল্যাণী কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসাবে যাকে নিয়োগ করা হবে তার যোগ্যতা সম্পর্কে, তার অতীত সম্পর্কে। সেটা ভয়াবহ। এগুলো আলোচনার মধ্যে আসা উচিত। এটা আমাদের দরকার নয়, আপনারা যারা সরকার পক্ষের লোক তারা এগুলোকে আলোচনার মধ্যে নিয়ে আসবেন না কেন ? এই ত্রুটিগুলো সংশোধন করার ব্যবস্থা কেন আপনারা নেবেন না ? যদি এই ব্যাপারে আপনারা উদ্যোগে না নেন, তাহলে গোটা রাজ্যের মানুষ আপনাদের ক্ষমা করবে না।

[3.10—3.20 p.m.]

ভবিষ্যতে তার জবাবদিহি করতে হবে আপনাদেরই। যেহেতু সরকার পরিচালনার দায়িত্বে আছেন আপনারা। হ্যাঁ, ঠিকই, আমাদের এদিকের বক্তারা বলছিলেন যে আমাদের—এই রাজ্যের শিল্পের উন্নয়নের জন্যে সিঙ্গাপুরে শিল্প প্রতিনিধি দল গেল। তা নিয়ে অনেক কাগজে খবর হল। আমরা বলেছিলাম যে আমরা আশাবাদী। মুখ্যমন্ত্রী যখন টিম নিয়ে গেছেন তার কিছু সুফল আমরা পাবো। কোনো সুফল ফলেছে ? বাংলাদেশে গেলেন। কোনো একটা রাজ্যের মুখ্যমন্ত্রী সে রাজ্যের প্রতিনিধি হিসাবে যান না। জাতীয় নেতা হিসাবে, জাতীয় প্রতিনিধি হিসাবে যান। গেলেন। ফিরে আসার পরে যে ঘটনা ঘটলো, আমি তা উল্লেখ করে বিব্রত করব না। কিন্তু বাংলাদেশে থাকা অবস্থায় যে ঘটনা, মারাত্মক ঘটনা। ওই প্রতিনিধি দলের মধ্যে, একজন গায়ক গেলেন। তিনি সেখানকার জাতীয় সংগীত গাইতে গিয়ে যে অবমাননা করলেন রবীন্দ্রনাথের, অবমাননা করলেন জাতীয় সংগীতের—যার ফলে সেখানকার শিল্পীরা উঠে দাঁড়িয়ে প্রতিবাদ করলেন। মুখ্যমন্ত্রীকে হস্তক্ষেপ করতে হল। সেই জাতীয় সংগীত আবার নতুন করে গাওয়ার ব্যবস্থা করতে হল। এইসব শিল্পী নামে যাদের পরিচিতি তারা এই ধরনের প্রতিনিধি দলের সঙ্গে যুক্ত হয়ে এই রাজ্যের নয়, গোটা ভারতবর্ষের বদনাম করছেন বিদেশের মাটিতে। কবিগুরু রবীন্দ্রনাথকে অপমান করছে এরা। এদের সম্পর্কে আপনারা ভাববেন। আমাদের ভাবনার মধ্যে দিয়ে সবটা হবে না। কবিগুরুর জন্য এই রাজ্যের মানুষ, দেশের মানুষ আমরা গর্ববোধ করি, আমরা অহংকার করি। তার সংগীত আমাদের দেশের জাতীয় সংগীত হিসাবে গাওয়া হয়, বাংলাদেশে জাতীয় সংগীত হিসাবে গাওয়া হয়। আর শুধু তাই নয়, জেনে নিন শ্রীলঙ্কার মাটিতে যে জাতীয় সংগীত—তারও অনুপ্রেরণা রবীন্দ্রনাথ। সেখানকার যিনি সিংহলি কবি, যিনি নিজে গান রচনা করেছিলেন, সেই গানেরও অনুপ্রেরণা রবীন্দ্রনাথ। তিনি বিশ্বভারতীর ছাত্র ছিলেন। সেসব কথা আমাদের জানা উচিত, সেসব কথা আমাদের বোঝা উচিত। তাই ভবিষ্যতে মুখ্যমন্ত্রী নিশ্চয় যাবেন। আমাদের রাজ্যের প্রতিনিধি নয়, দেশের প্রতিনিধি হিসাবে তিনি যাবেন।

কিন্তু যাওয়ার সময় তিনি ভাববেন যে কাদের সঙ্গে নিয়ে যাচ্ছেন। শুধুমাত্র পছন্দের...(এই সময় মাইক অফ্ হয়ে যায়।)....

শ্রী যোগরঞ্জন হালদার : স্যার, পশ্চিমবঙ্গের মহামান্য রাজ্যপাল শ্রী কেশরী নাথ ত্রিপাঠী ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার অধিবেশনে ৩৮ পাতার একটি ভাষণ সম্পূর্ণরূপে প্রদান করেছেন এই হাউসে। প্রায় এক ঘন্টা ধরে তিনি এই ভাষণ প্রদান করেছেন। এজন্য আমি অত্যন্ত গর্বিত ও আনন্দিত, তাঁকে ধন্যবাদ জ্ঞাপন করছি। আমরা সকলেই জানি যে রাজ্যপালের ভাষণ সরকারের পক্ষ থেকে লিখে দেওয়া হয় এবং সেই ভাষণ রাজ্যপাল পাঠ করেন। আমাদের বর্তমান মহামান্য রাজ্যপাল, এক ঘণ্টা ধরে ৩৮ পাতার পুরো ভাষণটা তিনি পড়েছেন। এই ধরনের ঘটনা, ইতিপূর্বে পূর্ববর্তী সরকারের আমলে কখনো হয়েছিল কিনা, এখানে মাননীয় মন্ত্রীরা এবং পুরোনো সদস্যরা আছেন, তাঁদের বক্তব্যের সময় তাঁরা যদি উল্লেখ করেন, তাহলে আমরা খুব বেশি হবো। কেন তিনি, পূর্বতন রাজ্যপাল উল্লেখ করেননি, অনেক কারণ ছিল, তার সত্যতা ছিল কম। সেই কারণে তিনি হয়তো উল্লেখ করেননি। মহামান্য রাজ্যপাল বিশ্বাস করেন যে মা-মাটি-মানুষের মুখ্যমন্ত্রী অত্যন্ত আর্থিক সংকটের মধ্যেও জনকল্যাণে ব্রতী আছেন। প্রতিনিয়ত রাজ্যে ঘুরে বিভিন্ন সমস্যা বোঝার চেষ্টা করেন। এবং সমস্যাগুলো সমাধানের লক্ষ্যে প্রতিনিয়ত ব্যবস্থা করার চেষ্টা করেন। সর্বোপরি সম্মানীয় মুখ্যমন্ত্রী অত্যন্ত মানবদরদী। মানুষের প্রতি অত্যন্ত আন্তরিক এবং জনগণের প্রতি তাঁর দায়বদ্ধতার পরিচয় তিনি দিয়েছেন। সেই কারণে মাননীয় রাজ্যপাল তাই সম্পূর্ণভাবে এই ভাষণ পাঠ করেছেন। তাঁর ভাষণে, আইন-শৃঙ্খলার পরিস্থিতি তিনি বর্ণনা করেছেন, শান্তিপূর্ণ। কেন শান্তিপূর্ণ বর্ণনা করেছেন ? পূর্বতন সরকারের যে গোর্খাল্যান্ড হয়ে যাওয়ায় যে অবস্থা ছিল, সেই অবস্থা থেকে অনেক পরিবর্তন হয়েছে। ঐক্যবদ্ধ বাংলা তৈরি হয়েছে। গোর্খাল্যান্ডের আন্দোলন স্তিমিত হয়েছে। উন্নয়নের কর্মযজ্ঞ চলছে। দার্জিলিং শান্ত হয়েছে এবং মাওবিহীন, মাওমুক্ত একটা জঙ্গলমহল তৈরি হয়েছে। শান্ত জঙ্গলমহল। জঙ্গলমহলে উন্নয়ন চলছে। এছাড়া নারী নির্যাতন থেকে রক্ষা করার জন্য তিনি ২০টি মহিলা থানা তৈরি করেছেন। স্বনির্ভর হওয়ার লক্ষ্যে তিনি কন্যাশ্রী প্রকল্প চালু করেছেন। তিনি প্রশাসনে নিয়ে গেছেন, পঞ্চায়েতে ৫০ পারসেন্ট মহিলাকে ক্ষমতায় নিয়ে মহিলাদের উন্নয়ন করার প্রচেষ্টা গ্রহণ করেছেন। আমরা জানি, যে আপনারা অনেক কথা বললেন, যে কথাগুলো এই সদ্যসমাপ্ত দুটি উপনির্বাচন হয়েছে—সব কথাগুলো আপনারা বলেছেন জনগণের কাছে। জনগণ যে আপনাদের প্রত্যাখ্যান করেছে, আপনাদের বেশি ভোটে হারিয়ে দিয়েছে। আর অনেক বেশি ভোট দিয়েছে তৃণমূল কংগ্রেসকে, মমতা ব্যানার্জীকে এবং আমাদের দলকে সমর্থন করছেন, কেন ? ভোটের পরিমাণ আপনারা লক্ষ্য করুন, যদি আপনাদের বক্তব্য গ্রহণযোগ্য হত তাহলে এই উপনির্বাচন ভোটে হার-জিতের কথা বলছি না, পারসেন্টেজ আপনাদের ১০ শতাংশ কমে যেত না। আপনারা ৩৫ থেকে ২৫ হয়েছেন। আর আমাদের পারসেন্টেজ আরও ৫ থেকে ৭ শতাংশ বেড়েছে। তাহলে মানুষ আপনাদের গ্রহণ করছে

না, প্রত্যাখ্যান করছে। আপনাদের সমস্ত বক্তব্যগুলো মিথ্যায় প্রমাণিত হয়েছে, এই উপনির্বাচনে তার থেকে যদি আপনাদের শিক্ষা না হয়, তাহলে আপনাদের দল—অতি অল্প সময়ের মধ্যে ১৬ সালে ২৫ পারসেন্ট থেকে ১৫ পারসেন্টে আপনারা নেমে যাবেন। কালোকে কালো বলা শিখুন, সাদাকে সাদা বলা শিখুন, সত্যিকে সত্যি বলা শিখুন, মিথ্যাকে মিথ্যা বলা শিখুন। যদি তা না করেন আগামী যে লোকসভা, আগামী যে বিধানসভা নির্বাচনে আপনারা দেখবেন ২৫ থেকে কমে ১৫ পারসেন্টেজে চলে যাবেন—সত্যি কথা, এই কথাগুলো বিধানসভায় বলার দরকার নেই। এগুলো অনেক আপনারা বলেছেন। তাই রাজ্যপাল, রাজ্যপাল সত্যের পক্ষে, ন্যায়ের পক্ষে, বিচার-বিশ্লেষণ করে তিনি ৩৮ পাতা এক ঘন্টা ধরে আমাদের এই সদনে ভাষণ প্রদান করেছেন। আপনাদের সময় কি হয়েছিল ? আমাদের মাননীয় রবীন্দ্রনাথবাবু বক্তব্য রেখেছেন, আমাদের আরও বামফ্রন্টের বন্ধুরা অনেকে বক্তব্য রেখেছেন কিন্তু রবীন্দ্রনাথবাবু তখন বললেন না, যে মানসবাবু কেমন করে, কেমন করে পালাতে হয়েছিল সেই আইনশৃঙ্খলার কথা বললেন না। সেই সময় কিন্তু আপনারা বলেছিলেন। কঙ্কাল, কঙ্কাল কি অবস্থায় করেছিলেন এই মন্ত্রিমহাশয়, এখানে ছিলেন। তাহলে সেই কথা তো তখন আপনারা লেখেননি। তখন আপনারা কি লিখে দিয়েছিলেন, আইনশৃঙ্খলা খুব শান্ত। যখন আর্থিক সংকট চলছে, তখন আপনারা লিখে দিলেন আমাদের ঘাটতিশূন্য বাজেট। যখন ও.সি.কে তুলে নিয়ে যাচ্ছে মাওবাদীরা, তখন বললেন জঙ্গলমহল শান্ত। এই বইতেই আপনারা লিখে দিলেন। আর সেই জন্যই তখন সেই সময় যে সমস্ত রাজ্যপাল ছিলেন তারা আপনাদের নির্বাচন বই, নির্বাচন বই তারা পাঠ করেননি। এক লাইন, দুই লাইন—সবচেয়ে বেশি এক পাতা পাঠ করছেন, এর বেশি তারা পাঠ করেননি। কেননা আপনারা মিথ্যা কথা বলেছিলেন। আর আমাদের যে বই লেখা হয়েছে, সেই বইতে সত্যি কথা লেখা হয়েছে, মহামান্য রাজ্যপাল পাঠ করেছেন। আর আপনাদের সবচেয়ে বড় বক্তব্যটা কি এখন ? নারী নির্যাতনে ছেয়ে গেছে পশ্চিমবাংলায়। এইটাই হচ্ছে আপনাদের সবচেয়ে বড় বক্তব্য আপনাদের সামনে। এটা ঠিক, এটা একটা সামাজিক ব্যাধি। এটা একটা সামাজিক ব্যাধি, একে রোধ করতে সমাজের সকল শ্রেণীর মানুষের মানসিক মানোন্নয়নের প্রয়োজন আছে, সেটা অত্যন্ত জরুরি। কিন্তু কোনো নারী নির্যাতনকে সমর্থন করার জন্য বলছি না। কিন্তু বাস্তব পরিস্থিতি কি বলছে ? প্রতিদিন, প্রতিনিয়ত ক্রমশই নারী নির্যাতন বাড়ছে। আমরা যদি ন্যাশনাল ক্রাইম রেকর্ড বুরো থেকে আমরা বলতে চাই—২০০৫ সালে ৭.১ শতাংশ নারী নির্যাতন হয়েছিল। আর ২০০৬ সালে ১১.৭ পারসেন্ট নারী নির্যাতন হয়েছে, আর ২০০৭ সালে ২৩.৭, আর ২০০৮ সালে ২৮.৮, ২০০৯ সালে ৩২.২, আর ২০১০ সালে ৩৬.৫, আর ২০১১সালে ৪৩.১, আর ২০১২ সালে ৫৩.২ নারী নির্যাতন হয়েছে। এর থেকে কি প্রমাণিত হয় ? নারী নির্যাতন লাফিয়ে লাফিয়ে বাড়ছে সারা ভারতবর্ষে, সারা পৃথিবীতে—এটা একটা ব্যাধিতে পরিণত হয়েছে। এর জন্য চাই জনজাগরণ, এর জন্য চাই ঐক্যবদ্ধ প্রয়াস। এর মধ্যে রাজনীতি নেই। আবার যদি অন্যভাবে দেখি—যদি রাজ্য রাজ্যে করে ভাগ করে দেখি—১৩ সাল পর্যন্ত যে রেকর্ড, সেই রেকর্ড বলছে দিল্লীতে ১২৮৮৮ টোটাল ১৩ সাল পর্যন্ত।

[3.20—3.30 p.m.]

ইউ.পি-তে ৩২ হাজার ৫৪৬ নারী নির্যাতন, উড়িষ্যাতে ১৪ হাজার ১৭৩, মহারাষ্ট্রে ২৪ হাজার ৮৯৫, রাজস্থানে ১৭ হাজার ৯৯৩, আসামে ১৭ হাজার ৪৪৯, ওয়েস্ট বেঙ্গলে ২৯ হাজার ১২৬, অন্ধ্রতে ৩২ হাজার ১০৯। আবার যদি আমরা ধরি রেপ কেস ৩৭৬ আই.পি.সি.যেটা বলে, যদি আমরা অল ইন্ডিয়া ধরি তাহলে ৩৩ হাজার ৭৬০, রেট হচ্ছে ৫২%। আর ২০০৯-১০ সালে ছিল ৯.২%। ২০১৩ সালে হল ৩৫.২%, আর ২০১৪ সালে আরও ১৭% বেড়েছে । আবার আমরা যদি এইভাবে ধরি ২০১৩ সাল, এক বছরে কত নারী নির্যাতন হয়েছে, আমরা যদি স্টেট ওয়াইজ বলি, তাহলে ওয়েস্ট বেঙ্গলে ৬৭.১%, সেখানে ত্রিপুরা ওয়েস্ট বেঙ্গলের চেয়ে কত ছোট রাজ্য, সেখানে হয়েছে ৮৯.৭। সেখানে শাসন করছে কে ? বামফ্রন্ট সরকার। তার নেতৃত্ব দিচ্ছে কে ? মানিক সরকার। তার তারাটা কি—কাস্তে, হাতুড়ি, তারা। সেখানে আপনারা শাসন করছেন। সেখানে ৮৯.৭ নারী নির্যাতন হয়েছে এক বছরে। মুখটা লজ্জায় ঢাকা দিতে হবে আপনাদের। এটা আমাদের রিপোর্ট নয়, ন্যাশানাল ক্রাইম রিপোর্ট। এখান থেকে আমরা বলছি। উড়িষ্যাতে ৬৮.৯, আর দিল্লী সব থেকে ছোট সেখানে ১৪৬.৮ এক বছরে। এই যে নারী নির্যাতনের চিত্র সারা ভারতবর্ষব্যাপী, এই নির্যাতন তো শুধু বাইরের লোক করে না, বাড়ির লোক করছে, তার স্বামী করছে, তার ননদ করছে, তার শাশুড়ি করছে। ফলে নারী নির্যাতনের ব্যাপকতা বেড়ে গেছে। এই নারী নির্যাতন রুখতে গেলে আমাদের জনজাগরণ প্রয়োজন। আপনাদেরকে আমরা দোষী করব, আর আপনারা আমাদের দোষী করবেন। তাতে নারীদেরকে নারী নির্যাতনের হাত থেকে রক্ষা করতে পারব না। তাই এই ব্যাপারে আমাদের একটা ঐক্যবদ্ধ প্রয়াস খুবই প্রয়োজন। তার জন্য মুখ্যমন্ত্রী কি করতে পারে ? মুখ্যমন্ত্রী এই নারী নির্যাতনকে রক্ষা করার জন্য, আইন-শৃঙ্খলাকে রক্ষা করার জন্য ৫৭টি নতুন থানা গত সাড়ে তিন-চার বছরের মধ্যে তৈরি করেছেন। আর ২০টি মহিলা থানা তৈরি করেছেন মহিলাদের প্রোটেকশান দেওয়ার জন্য। এটা কি খুব অন্যায় করেছেন ? এটা কি নারীদের রক্ষা করার বিষয় নয় ? এটাকে কি বাহবা জানানো যায় না ? এটাকে আপনি বাহবা না জানালেও বাংলার জনগণ বাহবা জানিয়েছে। রাজ্যপাল মহোদয় বাহবা জানিয়েছেন। আর আপনি বাহবা জানালেন, কি জানালেন না তাতে আমাদের কিছু যায় আসে না। আমরা আপনাদের বক্তব্যের মধ্যে এই কয়েকটা বিষয় পয়েন্ট আকারে বলছি, যেগুলো হয়েছে, কি হয় নি আপনি হ্যাঁ কি না বলবেন। সর্বত্র'ই-প্রশাসন' চালু হয়েছে কি ? আপনারা উত্তরে বলবেন কেউ না কেউ। আপনি বলবেন উত্তরবঙ্গে শাখা সচিবালয়, 'উত্তরকন্যা' চালু হয়েছে না এটা মিথ্যা কথা ? আপনারা বলবেন, আপনাদের বক্তব্যের সময়। পশ্চিমবাংলায় জনপরিষেবা আইন চালু হয়েছে কি, না হয় নি ? বক্তব্যের সময় বলবেন হ্যাঁ কি না। আপনি বলবেন, সংখ্যালঘু মানুষের কে-টু ও.বি.সি. হিসাবে চালু হয়েছে কিনা, ১৭% ও.বি.সি. সংরক্ষণ শিক্ষাক্ষেত্রে হয়েছে কিনা, আপনারা বলবেন যে এটা মিথ্যা বলছে। তাহলে এতগুলো সত্যি যদি হয়, রাজ্যপাল তো নিশ্চয়ই এটা পাঠ করবেন। সংখ্যালঘু পিছিয়ে পড়া ছাত্রীদের সাইকেল দেওয়া হয়েছে কি ? আপনাদের এলাকায় মেয়েরা সাইকেল চড়ছে কি ? জিজ্ঞাসা

করে দেখেছেন আপনারা ? আপনারা দিয়েছিলেন সাইকেল ? সাইকেল আমরা দিয়েছি। সাইকেল দিয়েছি মেয়েরা বাড়ি থেকে এসে পড়াশোনা করার জন্য। হয়েছে কিনা দেখবেন, এলাকায় যাবেন, ঘুরে দেখবেন। না দেখলে আরও বেশি ভোটে হেরে যাবেন। একটু বেশি করে ঘোরার চেষ্টা করুন। সাইকেল দিয়েছি কিনা ভালো করে দেখুন। চেষ্টা করুন আপনারা। আমাদের জঙ্গলমহলে মানুষকে দু'টাকা কে.জি দরে চাল দেওয়া হয়েছে। ওই এলাকায় যারা বিধায়ক আছেন আপনারা চেষ্টা করবেন দেখবেন, দেওয়া হয়েছে কি হয়নি। আমরা ক্রীড়া ক্ষেত্রে 'খেল' সম্মান দিয়েছি। আমরা 'জীবন কৃতী' দিয়েছি, সম্মানিত করেছি, ওই সমস্ত মানুষ যারা খেলায় কাজ করেছেন। আমরা কর্মসংস্থানের জন্য 'যুবশ্রী', দেড় হাজার টাকা করে বেকার ছেলেদের দিচ্ছি। আমরা 'গীতাঞ্জলি' প্রকল্পে ৭৩ হাজার ৯৬০ জনকে দিতে পেরেছি নতুন করে। 'আমার ঠিকানা' প্রকল্পে ১৯ হাজার ৯৪৮। আমরা ১৮৫টি প্রাথমিক, ৫৭টি উচ্চ প্রাথমিক বিদ্যালয় নতুন করে স্থাপন করতে পেরেছি এবং ৭১টি মহিলা হস্টেল তৈরি করা হয়েছে। এগুলো কি উন্নয়নের মধ্যে পড়ে না ? এগুলো সত্যি কি সব মিথ্যা কথা লেখা হয়েছে ? এগুলো যদি মিথ্যা কথা হয়, তাহলে এই সরকারকে নিশ্চয়ই আগামী দিনে মানুষ আর সমর্থন করবে না। মানুষ কেন সারদা বলার পরে, এত প্রচার করার পরেও আপনারা সকলে মিলে, কংগ্রেসের সকলে মিলে, বি.জে.পি-র সবাই মিলে আমাদের বিরুদ্ধে প্রচার করার পরেও আমাদের ভোট ১০% বেড়ে যাচ্ছে, কেন ? এটা আপনাদের ভাবতে হবে, পরিকল্পনা করতে হবে, বিশ্লেষণ করতে হবে। কেন মানুষ মাননীয়া মমতা ব্যানার্জীকে সমর্থন করছে ? ১০ লক্ষ অসংগঠিত শ্রমিকদের আমরা সামাজিক নিরাপত্তা দিয়েছি। মুক্তি কার্ড দিয়েছি। সত্যি না মিথ্যা বলবেন আপনারা। তাদের দুর্ঘটনাজনিত মৃত্যু, চিকিৎসা, লেখাপড়ার জন্য সহায়তা প্রদান এই সরকার করেছে। সমাজের কল্যাণের জন্য প্রতিনিয়ত লড়াই করছেন। তাই আমাদের এই রাজ্যপাল যে বক্তব্য পেশ করেছেন, তাকে পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী প্রবোধ চন্দ্র সিনহা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গের মহামান্য রাজ্যপাল শ্রী কেশরীনাথ ত্রিপাঠী বিধানসভার বাজেট অধিবেশনের প্রাক্কালে যে ভাষণ পেশ করেছেন, সেই সম্পর্কে আমি দু-একটা কথা বলতে চাইছি। ইতিমধ্যেই এখানে সরকার পক্ষ এবং বিরোধী পক্ষের বন্ধুরা আলোচনা করেছেন। যে যার মত ব্যক্ত করেছেন। আমাদের বিরোধী পক্ষের যেসব বক্তব্য এখানে উত্থাপিত হয়েছে আমি সেগুলো সমর্থন করি এবং আমি সেগুলোর পুনরাবৃত্তি করতে চাইছি না। আমি কয়েকটি বিষয় শুধু তুলে ধরতে চাইছি। এই ভাষণের মধ্যে দিয়ে রাজ্যপাল যে কথাটা বলেছেন, আর জনগণের যে প্রত্যাশাটা ছিল, এই দুটোর মধ্যে রাজ্যপালের ভাষণের মধ্য দিয়েই প্রমাণিত হয়েছে—যদি ধরে নিই এটা সঠিক—তাহলে অর্ধেক প্রত্যাশা পূরণের দিকে এগিয়েছেন, বাকি অর্ধেকটার দিকে আপনারা এগোতে পারেননি। কি কথা আছে ৩ নং পাতায়—"My government has been very dynamic in governance." মানে গতিশীল। শাসন পরিচালনার ক্ষেত্রে গতিশীল। আমরা ধরেই নিলাম যে সরকার গতিশীল। কিন্তু আমরা তো কেবল গতিশীল সরকার চাই না। আমরা চাই Government must be dynamic এবং

Government has been good governance. অর্থাৎ গতিশীল শাসনের সাথে সুশাসনকে যদি যুক্ত করা না যায় তাহলে কিন্তু সেই শাসনটা জনগণের প্রকৃত প্রত্যাশা পূরণ করতে পারে না। যেমন আমি উদাহরণস্বরূপ দু-একটা কথা যদি বলি, যে রকম স্কুল-কলেজে শিক্ষক পদ খালি রয়েছে, পাঠদানের ক্ষেত্রে অসুবিধা হচ্ছে। সরকার এসে দ্রুত ব্যবস্থা গ্রহণ করল যে এই পদগুলোকে পূরণ করে নিতে হবে। এটা হল গতিশীল ব্যবস্থা। কিন্তু নিয়োগ করতে গিয়ে নানা ধরনের দুর্নীতি হল। যেমন-'টেট পরীক্ষা, এস.এস.সি এবং অন্যান্য ক্ষেত্রে corruption হয়ে গেল। ফলে সুশাসন হল না। সুতরাং জনগণ চায়, যে গভর্নমেন্টটা হবে সেটা শুধু গতিশীল বলে নিজেকে দাবি করলে চলবে না, তাকে পরিচ্ছন্ন সরকার হতে হবে, transparent সরকার হতে হবে। তার মধ্যে corruption থাকবে না, তার মধ্যে favoritism বা স্বজন-পোষণ থাকবে না। তার মধ্যে মানুষের কল্যাণের জন্য যেসব কাজগুলো করা দরকার, সেই কাজগুলো করতে হবে। সেই কাজগুলো কিন্তু হচ্ছে না। বহুদলীয় গণতান্ত্রিক শাসন ব্যবস্থায় একটা সরকারকে নিজস্ব দলীয় রাজনৈতিক চিন্তা-ভাবনার উর্ধ্বে উঠে যদি শাসন পরিচালনা করতে না পারা যায়, তাহলে ভিন্নমতাবলম্বী মানুষদের রাজনৈতিক কার্যকারণে অনেক সময় ন্যায্য গণতান্ত্রিক অধিকার ভোগদখল করা থেকে বঞ্চিত হতে হয়। তাহলে যদি আমি আপনাদের কথাটাকে ধরেই নিই ঠিক, It is dynamic government but it is not good governance. আপনারা কোথাও বলেননি যে আমরা একটা good governance দেওয়ার জন্য চেষ্টা করছি।

[3.30—3.40 p.m.]

সেই জন্য বলছি যে, অর্ধেকটা প্রত্যাশা হয়তো পূরণ করলেন ডাইনামিক গভার্নমেন্স, কিন্তু গুড গভার্নমেন্স পারলেন না। দুর্নীতির অনেক কথা বলা যেতে পারে গুড গভর্নমেন্সের যেগুলো অন্তরায়। বাতি লাগানোর ক্ষেত্রে দুর্নীতি হয়েছে। আরও বহু ক্ষেত্রে দুর্নীতি হয়েছে। সুতরাং এটা একটা জিনিস। দ্বিতীয় কথা হচ্ছে, নারী নির্যাতনের কথা অনেক উঠেছে। আমরা শঙ্কিত। আপনি ঠিকই বলেছেন যে, জনসচেতনতা তৈরি করতে হবে, এটা একটা বড় দিক। কিন্তু তার সাথে প্রশাসনটাকেও তো কার্যকরী করতে হবে। কিন্তু সেই ক্ষেত্রেই তো ঘাটতি থেকে যাচ্ছে। জনজাগরণ করার দিকে যদি বলেন তাহলে আমাদের সহমত আছে। কিন্তু প্রশাসন কি করছে ? নারী নির্যাতনের ক্ষেত্রে তার যে ভুমিকা যেটা বারে বারে সংবাদপত্রে প্রতিফলিত হচ্ছে, আমরা দেখতে পাচ্ছি সেটাকে তো সমর্থন করা যায় না। অভিযোগ নিতে চাই না। বয়ান পাল্টে দিতে চাই। হাইকোর্টে কি দেখছেন। এই সমস্ত বিষয়গুলিকে কেন্দ্র করে হাইকোর্টে যে মামলাগুলি হচ্ছে সেখানে হাইকোর্টের পর্যবেক্ষণ রাজ্য সরকারের সম্পর্কে প্রকাশিত হচ্ছে, সেটা কিন্তু একটা সরকারের পক্ষে সুখকর বিষয় নয়। তাছাড়া আপনারা কি বলছেন ? Kolkata is a safe city for women. তাহলে সারা পশ্চিমবঙ্গ কি করবে ? আপনি যদি কলকাতাকে safe city for women বলেন তাহলে কি আপনি বলছেন, যে পশ্চিমবঙ্গের বাকি অংশ not safe for women ? চারটে সিটি দিলেও আপনাকে বলতে হবে যে, State is safe for women. এবং কলকাতার

ক্রাইম রেকর্ড এই চারটি সিটির চেয়ে কম—এইটা যদি বলতেন তাহলে বিষয়টা পূর্ণাঙ্গ বলা হত। তা কিন্তু আপনারা বলেননি। বলেছেন যে—Kolkata is a safe city for women. সারা পশ্চিমবঙ্গের ক্ষেত্রে সেই জিনিসটা দেখা যাচ্ছে না। ফলে আমি প্রথমে যেটা বলতে চাইছি সেটা হল এই যে, dynamic governmence আর good governmence—এই দুটোকে যদি আমরা একত্র করে পেতে চাই, তাহলে এই good governmence দেওয়ার ক্ষেত্রে এই সরকার ফেল করেছে। এটা আমরা বলতে চাইছি। দ্বিতীয় যে বিষয়টি আপনারা বহু চর্চিত বলছেন সেটা হচ্ছে কি যে, একটা ঋণের টাকা—এই শুনতে শুনতে খুব ক্লান্তি এসে গেছে। আগের সরকারের দু'লক্ষ কোটি টাকা ছিল। স্যার, what is the constitutional position ? সাংবিধানিক বিষয়টা কি ? একটা সরকার যখন যায়, পরে যখন আর একটা সরকার আসে পরবর্তী সরকারকে আগের সরকারের অ্যাসেট অ্যান্ড লায়াবিলিটিজ—সবটা নিতে হয়। সেটা যেমন, একটা সরকারের ক্ষেত্রে হতে পারে, একটা কোম্পানির বোর্ডের ক্ষেত্রে হতে পারে, একটা ম্যানেজমেন্টের ক্ষেত্রে হতে পারে। তাহলে আপনি যদি আজকে বলেন যে, আমি দু'লক্ষ টাকার দায়ভারটা নেব না, তাহলে চৌত্রিশ বছরের আগের সরকার যে সমস্ত অ্যাসেট তৈরি করেছিল আপনি ডিসন্ করুন তাহলে বুঝবো যে হ্যাঁ, আপনি ঠিক কথা বলছেন। আপনি চৌত্রিশ বছরের অ্যাসেট-টাকে ডিসন্ করবেন না—আপনি এক জায়গায় বলেছেন যে, ২০১৪ সালে আমার রেকর্ড ধানের ফলন হয়েছে। তাহলে ২০১৪ সালে আপনি যে রেকর্ড উৎপাদনটা করলেন সেটা কিভাবে ? না, সেই স্বাধীনতার পর থেকে কংগ্রেস সরকারের আমলে যে উৎপাদন হয়েছিল বামফ্রন্টের আমলে যেটা বেড়ে বেড়ে গেছে তারপরে আপনারা এসে বাড়িয়েছেন—সেগুলি দিয়ে এখন রেকর্ড উৎপাদন। তাহলে আপনার রেকর্ড উৎপাদনটা চৌত্রিশ বছরের উৎপাদনটাকে মাইনাস করে নয়, আপনার রেকর্ড উৎপাদন চৌত্রিশ বছরের উৎপাদনটাকে প্লাস করে। সুতরাং, আপনি যখন লায়াবিলিটিজ নেবেন না বলছেন আপনাকে তখন অ্যাসেট সম্পর্কেও বলতে হবে যে, আপনার অ্যাসেট নিচ্ছি না। আর একটা কথা আপনারা এখানে লিখেছেন যে, এই নতুন সরকার আসার পরে জানুয়ারি ২০১৫ পর্যন্ত আপনারা ১ লক্ষ কোটি টাকা বাজার থেকে ঋণ গ্রহণ করেছেন। সরকারের সময়সীমা এক বছর বাকি আছে। এই এক বছরের মধ্যে আপনাদের বাজার থেকে আরও লোন নিতে হবে। অর্থাৎ, আপনারা যে লোন নিলেন, সেই লোন কিন্তু পুরো শোধ করে যেতে পারবেন না। কখনওই সম্ভব না। সেই লোনটা পরবর্তী সরকার—সে যেই আসুক না কেন তার ঘাড়ে চাপিয়ে দিয়ে যাবেন। আপনার লোন যদি পরের সরকারকে বহন করতে হয়, কাঁধে নিয়ে বেড়াতে হয় আপনি আগের সরকারের লোন দেবেন না কেন ? যখন কেন্দ্রে অটল বিহারী বাজপায়ি সরকার ছিল- এন ডি এ সরকার তারা অনেক টাকা লোন করে দিয়ে গিয়েছিল। পরবর্তীকালে মনমোহন সরকার তথা ইউ পি এ সরকার এসে সেই লোন তারা ঘাড়ে করে নিয়ে বয়েছে। তারা কিন্তু কখনো বলেননি যে, ওই সরকার লোন করে দিয়ে গেছে আমরা লোনটা নেব না। আবার মনমোহন সিং-এর সরকার কেন্দ্রে ফাইনেন্সিয়াল পজিশান-টাকে যে জায়গায় রেখে দিয়ে গেল বর্তমানে এন ডি এ সরকার

তাকে অস্বীকার করতে পারছে না। তবে একটা কথা এখানে আছে, আপনি যদি ২ লক্ষ টাকার এই লোনটা নিতে না চান বা যদি মনে করেন অপচয় হয়েছে, তাহলে আপনাকে সেই দুর্নীতির স্পেসিফিক বিষয়গুলিকে সংগ্রহ করে তার বিরুদ্ধে তদন্ত করতে হবে, তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য চেষ্টা করতে হবে। তা না করে আপনি এটা করতে পারেন না। এটা বারে বারে বলে মানুষকে ভুল বোঝানো হচ্ছে। আমরা সকলে লেজিসলেজার। আমাদের দায়িত্ব হচ্ছে জনগণকে প্রকৃতপক্ষে সচেতন করা। তা না করে আমরা যদি তাদের ভুল-ভাল তথ্য দিই, তাহলে সেটা political education of the people, গণতন্ত্রে যেটা হওয়া দরকার through political parties, সেটা হল না, political education হল না। এই কাজটা করা তো ঠিক না। তারপর কী হচ্ছে ? এই সরকার মাঝে-মধ্যে দেখা যাচ্ছে constitutional mandate, mandatory যেগুলো, সেগুলো মানছে না। উল্লেখিত হয়েছে, Human Rights Commission. I am very much concerned about the Human Rights Commission. একটা সংবিধান আছে, একটা সরকার আছে, একটা হাইকোর্ট আছে, তার পরে আবার একটা Human Rights Commission. কেন ? তার পর একটা Women Commission কেন ? তারপর একটা Backward Classes Commission তৈরি করা হয়েছে কেন ? না, এরা হচ্ছে Watch dog on the Government. Government-র ভুল-ভাল হলে এরা সতর্ক করবে এবং তার জন্য ব্যবস্থা গ্রহণের চেষ্টা করবে। তাহলে সরকার যদি এই সমস্ত কমিশনগুলোকে সচল রাখার ব্যবস্থা না করে বা কমিশনগুলোর সুপারিশকে মান্যতা দেওয়ার চিন্তা-ভাবনা না করে তাহলে কিন্তু জনগণের গণতান্ত্রিক মৌলিক অধিকার ব্যাহত হবে। সুতরাং, এই সরকারের ক্ষেত্রে অন্তত এটা বলা যেতে পারে যে, রাজনৈতিক দৃষ্টিভঙ্গিতে একাংশের মানুষের যে গণতান্ত্রিক ন্যায্য অধিকার রয়েছে, সেটা কিছুটা ব্যাহত হচ্ছে।

সুতরাং, আমি এই কয়েকটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ধীমান রায় : মাননীয় স্পীকার মহাশয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে মাননীয় রাজ্যপাল শ্রীকেশরীনাথ ত্রিপাঠীর ১৯শে ফ্রেব্রুয়ারী, ২০১৫ প্রদত্ত ভাষণের আমি সম্পূর্ণভাবে সমর্থন করে এই সদনে আপনাদের কাছে কয়েকটা কথা নিবেদন করতে চাই।

Opposite bench-র মাননীয় সুশান্তবাবু নেই, উনি থাকলে ভালো হত এবং উনি যদি বলতেন তাহলে ভালো হত। আমি দেখছি উনি এখানে নেই। আমার মনে হয়, আইন-শৃঙ্খলার কথা ওনার মুখ দিয়ে না বলাই ভালো বা ওনাদের পক্ষে না বলাই ভালো। কারণ, গত কয়েক বছরের ইতিহাস সারা বাংলার মানুষ জানেন। এখন উনি এখানে এসে পশ্চিমবঙ্গ সরকারের আইন-শৃঙ্খলার ব্যাপারে বলছেন। কিন্তু আমি শ্রদ্ধার সঙ্গে ওনাকে বলতে চাই, দয়া করে উনি উত্তর দেবেন কী ? পশ্চিমবঙ্গের জনসংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে এবং বৃদ্ধি পাওয়ার সঙ্গে সঙ্গে পশ্চিমবঙ্গে নতুন যে সরকার, মাত্র তিন বছর দশ মাসের মধ্যে তিনি দারুণভাবে চেষ্টা করছেন পশ্চিমবঙ্গে যে সমস্যা তৈরি হচ্ছে, সেই

সমস্যাকে সমাধান করার। একথা অস্বীকার করার কোনো কারণ নেই যে, বেআইনী কার্যকলাপ বন্ধ করার জন্য আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নততর ব্যবস্থার মাধ্যমে মানুষের কাছে এই সুবিধা পৌঁছে দেবার জন্য ইতিমধ্যে পশ্চিমবঙ্গ সরকার ২০টি মহিলা পরিচালিত থানা, ১৪টি উপকূলবর্তী এলাকায় এবং ৫টি সাইবার সংক্রান্ত থানা, ইত্যাদি অর্থাৎ রাজ্যে মোট ৫৭টি নতুন থানা স্থাপন করেছেন। একথা অস্বীকার করার কোনো কারণ নেই যে, ভারতবর্ষব্যাপী এবং সঙ্গে সঙ্গে পশ্চিমবঙ্গেও কোনো কোনো জায়গায়, কোনো কোনো ঘটনা ঘটছে। আমরা নিশ্চিতভাবে চাই অবিলম্বে তা বন্ধ হোক। তার জন্য পশ্চিমবঙ্গ সরকার মাত্র তিন বছর দশ মাসের মধ্যে ৫৭টি থানা ইতিমধ্যে তৈরি করেছেন। যার মধ্যে মহিলা থানা ২০টি।

মাননীয় স্পীকার মহাশয় আমরা নিশ্চয় অস্বীকার করতে পারব না এবং আপনারা জানেন, জঙ্গলমহলে আজকে যে অবস্থা চলছে। এখানে সুশান্তবাবু চলে গেলেন, কেন চলে গেলেন আমি জানি না, সুশান্তবাবু যদি পরের দিন দয়া করে উত্তর দেন, তাহলে আমরা বাধিত থাকব। জঙ্গলমহলের যে ঘটনা ঘটেছিল তাতে বাংলার মানুষ আতঙ্কিত হয়ে গিয়েছিলেন। কিন্তু আমি দায়িত্ব নিয়ে বলছি সুশান্তবাবু, একদিন আপনি ওখানে যান এবং আপনাদের বাম-প্রতিনিধিদল যাক। দেখবেন আপনারা যেখানে যেতে ভয় পেতেন, সেখানে সড়ক ব্যবস্থা থেকে শুরু করে, রাস্তা থেকে শুরু করে, স্বাস্থ্য পরিষেবা থেকে শুরু করে, সেখানকার মানুষের মধ্যে একটা আনন্দ বিরাজ করছে।

[3.40—3.50 p.m.]

সুতরাং উত্তরোত্তর বাংলায় যে উন্নতি হচ্ছে, তা অস্বীকার করার কোনো কারণ নেই। শিক্ষা ব্যবস্থা নিয়ে আপনি বলেছেন। আমি আপনাদের কাছে বলি, পশ্চিমবঙ্গে কমবেশি যদি ৪৫০টি কলেজ ধরে নেওয়া যায় তার ১০ পারসেন্ট কলেজ যদি ধরি তাহলে হয় ৪৫টা কলেজ। যদি ৫ পারসেন্ট কলেজ ধরি, তাহলে ২৩টা কলেজ। বলুন তো সারা বাংলায় আমি এমন অনেক কলেজ জানি, অনেক অধ্যাপককে জানি যাদের প্রতি শ্রদ্ধা রেখে বলছি, তারা দেড়টার সময় কলেজে আসেন, আর তিনটের সময় বেরিয়ে যান। অ্যাডমিনিস্ট্রেশনে কি হচ্ছে না হচ্ছে তারা দেখেন না। তাই স্পীকার মহোদয়, আপনার কাছে আমার আবেদন এবং আপনাদের কাছে বলতে চাই, আমি সীমিত সময়ের মধ্যে আপনাদের বলি পশ্চিমবঙ্গ সরকারের মহামান্য রাজ্যপাল তার প্রদত্ত ভাষণে (এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)।

শ্রীমতী প্রতিমা রজক : মাননীয় চেয়ারম্যান সাহেব, ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের মহামান্য রাজ্যপাল শ্রী কেশরী নাথ ত্রিপাঠী মহাশয় কর্তৃক ১৯শে ফেব্রুয়ারী ২০১৫ যে ভাষণ পেশ করেছেন, সরকার পক্ষ যে ধন্যবাদজ্ঞাপক সূচক প্রস্তাব নিয়ে এসেছে আমি তার বিরোধিতা করে কয়েকটি কথা বলছি। আমরা প্রথমে দেখতে পেলাম যে রাজ্যপাল বললেন এই সরকার প্রশাসন পরিচালনায় যথেষ্ট গতিশীলতার পরিচয় দিয়েছে। মুখ্যমন্ত্রী পার্বত্য এলাকা এবং উপজাতি অধ্যুষিত এলাকা সহ রাজ্যের জেলাগুলিতে সফর করার ক্ষেত্রে

নিরলস থেকেছেন। আমরা জানি মুখ্যমন্ত্রী বেড়াতে ভালোবাসেন। তিনি ঘুরে বেড়াচ্ছেন আমরা দেখতে পাচ্ছি। কিন্তু তিনি কতটা কাজ করছেন, সেটা কি আমরা দেখতে পাচ্ছি ? যদি তিনি কাজই করতেন, তাহলে আমার মনে হয় সরকার এবং বিরোধী একসঙ্গে মিলে সকলকে নিয়ে কাজ করতেন। আমরা প্রত্যেকটা জায়গায় দেখতে পেলাম তিনি মিটিং করতে যাচ্ছেন কিন্তু তিনি সরকার ছাড়া বিরোধীদের কাউকেই ডাকছেন না। আমরা কোনো জায়গায় তার সঙ্গে প্রশাসনিক মিটিং করতে পারলাম না। তাই আমরা বলতে চাই সরকার কখনো একতরফাভাবে এলাকার উন্নয়ন করতে পারে না, যদি না বিরোধীদের সঙ্গে নেন। দ্বিতীয়ত, মহামান্য রাজ্যপাল বলেছেন, কলকাতা শহর মহিলাদের পক্ষে নিরাপদ। সত্যি কি এই কলকাতা শহর মহিলাদের পক্ষে নিরাপদ ? আমরা প্রত্যেকটা সময় দেখতে পাচ্ছি এই কলকাতা শহরে মহিলাদের উপর অত্যাচার চলছে, ধর্ষণ হচ্ছে, তারা অত্যাচারিত হচ্ছে। কিন্তু আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী মহিলা। এর জন্য তিনি কোনো প্রতিবাদ করছেন না। আমরা দেখছি এই বিধানসভা কলকাতায় অবস্থিত। এক বছর আগে এই বিধানসভায় যখন বিরোধী পক্ষের এক মহিলা বিধায়ককে মারলেন সরকার পক্ষের বিধায়করা, আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী কোনো প্রতিবাদ করলেন না। আমাদের যিনি স্পীকার তিনিও কোনো প্রতিবাদ করলেন না। তাই আমরা বলতে চাই এই কলকাতা শহর কিন্তু গোটা পশ্চিমবঙ্গের মধ্যে একটা শহর নয়। পশ্চিমবঙ্গের অনেক জেলা আছে যে জেলাতে মহিলারা বাস করে। প্রত্যেক জেলায় দেখুন মহিলারা কিভাবে অত্যাচারিত হচ্ছে, ধর্ষণ হচ্ছে। তাই যে কথাটা আপনারা বললেন, এটা সম্পূর্ণ অসত্য। আমরা দেখলাম এই রাজ্যের আইনশৃঙ্খলা নিয়ে আপনারা বলেছেন—কিন্তু সত্যি কি এই রাজ্যের আইনশৃঙ্খলা আমাদের নিয়ন্ত্রণের মধ্যে আছে ? আমরা দেখতে পাচ্ছি রাজ্যের মহিলারা প্রতিনিয়ত ধর্ষিত হচ্ছে—কামদুনি থেকে বারাসাত, খোরজুনা, লোবা, কাটোয়া প্রতিটি জায়গায়। আজকে আমাদের একজন বিধায়ক অসিত মিত্র মহাশয় তিনি অ্যাডজর্নমেন্ট মোশন এনেছিলেন। হাওড়ার শ্যামপুকুর থানার ঘটনা, যেখানে মা-মেয়ে দুজনে একসঙ্গে একটা জায়গায় যাচ্ছিল, মায়ের কাছ থেকে মেয়েকে নিয়ে গিয়ে ধর্ষণ করা হল। অথচ আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী একজন মহিলা তার কোনো প্রতিবাদ করলেন না। এরপরও আপনারা বলছেন আমাদের রাজ্যের আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে আছে ? আমরা প্রত্যেকটা দিন দেখতে পাচ্ছি শাসক দলের হাতে বিরোধীরা মার খাচ্ছে। প্রতিটি কলেজে যেখানে ভোট হচ্ছে শাসক দলের লোকজন পুলিশকে সঙ্গে নিয়ে সেই বিরোধী ছাত্রদেরকে মারছেন। এর কোনো প্রতিবাদ কিন্তু আমরা দেখতে পাচ্ছি না। তাই আমরা বলতে চাই আমাদের রাজ্যে কিন্তু আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে নেই, কারণ তারা বলছে যে পুলিশ প্রশাসন নাকি ভাল চলছে। অবশ্যই চলবে। কারণ তারা সরকারের কথা শুনছে। তারা তো বিরোধীদের কথা শুনছে না। আমরা দেখতে পাচ্ছি প্রতিটি জায়গাতে আপনাদের দলে যারা ব্লক সভাপতি আছেন, সরকারী দলের যারা ক্যাডার আছে, তারা থানাতে গিয়ে বসে থাকছে। তারা অ্যান্টিস্যোসালদের নিয়ে রাজনীতি করছে। বাড়ি বাড়ি গিয়ে হুমকি দিচ্ছে যে তৃণমূল কর, না হলে তোমাদেরকে মিথ্যা কেসে ফাঁসিয়ে দেব।

আমার বিধানসভায় আপনারা যাকে ব্লক সভাপতি করেছেন তিনি ১০টি কেসের আসামি। তাকে আপনারা বার করে নিয়ে এলেন, ব্লক সভাপতি করলেন। তার একটি

কেসও হল না। দুদিন আগে পঞ্চায়েত ভোটে এলাকায় ঢুকতে পারছিলেন না। তারপরে যখন আপনাদের দলের সভাপতি হল, এখন সে খোলামেলা ঘুরে বেড়াচ্ছে। এরপর তিনি হুমকি দিচ্ছেন যে, তৃণমূল না করলে আপনাদের মেরে ফেলা হবে। এরপরেও আপনারা বলবেন আপনাদের আইন-শৃঙ্খলা আপনাদের নিয়ন্ত্রণে আছে। আমার মনে হয় না এই রাজ্যের আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে আছে। কিছুক্ষণ আগে একজন বলছিলেন যে বামফ্রন্টের আমলে নাকি এইসব চলতো। তার জন্যে তো মানুষ আপনাদের এনে পরিবর্তন করেছে। তাহলে কেন আপনারা বামফ্রন্টের রাস্তায় চলছেন ? কেন আপনারা পরিবর্তন করতে পারছেন না ? যে না, বামফ্রন্ট খারাপ করেছে আমরা ভাল করে দেখাবো। আমরা ৩৪ বছর দেখেছি আবার আমরা এই সাড়ে ৩ বছরও দেখছি। ৩৪ বছরের চেয়ে এই সাড়ে তিন বছর আরো খারাপ জায়গায় নেমে এসেছে। আমরা দেখলাম MGNREGA প্রকল্প, সেখানে ২৩.১৫ কোটি শ্রমদিবস সৃষ্টি হয়েছে। অথচ আমরা গ্রাম বাংলার মানুষরা জানি যারা কলকাতায় বসে থাকে তারা কতটা জানে জানি না, কিন্তু আমাদের প্রতিটা জেলাতে, প্রত্যেকটা ব্লকে দেখুন ১০০ দিনের টাকা শ্রমিকরা পাচ্ছে না। ১০০ দিনের কাজ কারা করে ? যারা গরিব মানুষ তারা কিন্তু ১০০ দিনের কাজ করে। অথচ এই সরকারের কোনো হুঁশ নেই যে না, আমরা ১০০ দিনের টাকা গরিব মানুষকে পাইয়ে দিই। তারা বলছে আমাদের কতটা শ্রম দিবস হয়েছে। এটা তারা জোর গলায় বলতে পারছে, কাগজে তারা লিখতে পারছে অথচ শ্রমিকরা যে টাকা পাচ্ছে না, এটা তারা কিন্তু বলতে পারছে না। তাই আমাদের খারাপ লাগছে যে আমরা এমন এক রাজ্যে বাস করি যেখানে গরীব মানুষরা কেন পায় না। আমরা কন্যাশ্রী প্রকল্পের কথা শুনলাম—অনেকে বলছিলেন যে মুখ্যমন্ত্রীর জন্য অপেক্ষা করছিল ওখানকার মেয়েরা যে কখন কন্যাশ্রী প্রকল্প হবে আর আমরা সেই টাকায় পড়াশুনা করবো। আমরা তো পড়াশুনা করেছি তখন কি কন্যাশ্রী প্রকল্প ছিল ? এখানে তো অনেক বিধায়ক আছে, তারা কি কন্যাশ্রী প্রকল্পের টাকায় পড়াশুনা করেছে ? তাহলে কেন তিনি এই কথা বলছেন ? আর আপনারা যারা কন্যাশ্রী প্রকল্পের টাকা দিচ্ছেন ৫০০ টাকা, সেই টাকায় কি একটা মেয়ের সারা জীবন পড়াশুনা হবে ? তবুও আমি বলছি, আপনারা মুর্শিদাবাদ জেলায় যাবেন সেখানে প্রতিটি স্কুল বা কলেজে বলুন তারা কিন্তু কন্যাশ্রীর টাকা পাচ্ছে না। যদি ২০০টি ফর্ম পাঠাচ্ছে সেখানে ১০০টি ফর্ম ফেরত পাঠিয়ে দিচ্ছে। বলছে না, টাকা দেওয়া হবে না। আর ৪০-৫০টি ফর্মের টাকা দিচ্ছে। আমার মুর্শিদাবাদ জেলায় বেশির ভাগ স্কুল-কলেজে এই রকম ঘটনা ঘটছে। আপনারা শিল্প নিয়ে অনেক কথা বলেছেন। মুখ্যমন্ত্রী বলেছেন শিল্পে নাকি বিনিয়োগ এসেছে। সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল প্রমোশান পলিশি ভারত সরকারের—গোটা দেশে যা বিনিয়োগ হয়েছিল রাজ্যে তার ১% বিনিয়োগ হয়েছে। ২০১৪-তে বিনিয়োগ প্রস্তাব মাত্র ২৭৭৪ কোটি টাকা। অথচ সম্প্রতি শিল্প সম্মেলনে আমাদের সি.এম.বলেছেন আড়াই হাজার কোটি টাকা। সত্যি কি তথ্যের সঙ্গে এই দাবির কোনো মিল আছে ? আমরা ২০১৩-তে কত দেখলাম ? ৮০০ কোটি টাকা। ২০১৪-তে তা কমে চার ভাগের এক ভাগ। আমরা ৩৪ বছরে আমাদের রাজ্যে ঋণ দেখলাম ২০ হাজার ৬০০ কোটি টাকা। রিজার্ভ ব্যাঙ্ক থেকে ঋণ নিয়েছে ভারতবর্ষের ১৬টি

রাজ্যের মধ্যে আমাদের পশ্চিমবঙ্গ প্রথম। ২০১৩-১৪-তে ঋণ নেওয়া হয়েছে ২১ হাজার কোটি টাকা। ২০১৪-১৫-তে ঋণ নিয়েছে ২১ হাজার কোটি টাকা। কোনো সরকার কিন্তু এত ঋণ নেয়নি। তারা আগামীকালও নাকি ঋণ নেবে আমরা শুনেছি ২৫ হাজার কোটি টাকা। তাহলে আমাদের রাজ্যের মোট ঋণের পরিমাণ কত হবে ? ২ লক্ষ ৭৫ হাজার কোটি টাকা। তাহলে আমরা বুঝতে পারছি কালকে যখন আমাদের রাজ্যে একটা শিশু জন্ম গ্রহণ করবে তার মাথার উপর কত টাকা ঋণ হবে। সেটা আপনারা একবার ভেবেচিন্তে দেখবেন। আমরা অনেক রকম শুনলাম, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী অনেক উন্নয়ন করছেন। তাহলে কেন আমাদের রাজ্যে এত ঋণ ? পরিশেষে আমি আর একটা কথা বলতে চাই, সারদা নিয়ে আমাদের মুখ্যমন্ত্রী অনেক কথা বলেছিলেন। তিনি সিগারেটের উপর কর বসিয়েছিলেন যে, সিগারেট খাও তাহলে আমাদের রাজ্যে কর হবে, আমি সারদার টাকা শোধ করবো। আর আজকে দেখুন, সারদার টাকা নিয়ে আমাদের মাননীয় মন্ত্রী জেলে বসে আছেন। আজকে রাজ্যের যারা সাধারণ মানুষ, যারা সারদায় টাকা রেখেছিল তারা কিভাবে সেই টাকা পাবে এবং যারা সারদার টাকা নিয়ে বড়লোক হল তাদের কিন্তু শাস্তি মাননীয়া মুখ্যমন্ত্রী দিতে পারছেন না। আজকে মাননীয়া মুখ্যমন্ত্রী সারদা নিয়ে একটা কথাও বলতে পারছেন না। তিনি ভাবতে পারছেন না যে আজকে যারা সারদায় টাকা রেখে সর্বস্বান্ত হয়েছে তাদের টাকা কি করে শোধ হবে। আজকে যে মন্ত্রী জেলে বসে আছে, তিনি কেন এখনও মন্ত্রী থাকবেন ? কেন তাকে মাননীয় মুখ্যমন্ত্রী সরাচ্ছেন না ? আমরা এর প্রতিবাদ করছি। আজকে একটা মন্ত্রী জেলে থেকে কি করে মন্ত্রী থাকতে পারে ?

(এই সময় মাইক অফ হয়ে যায়।)

[3.50—4.00 p.m.]

শ্রী অখিল গিরি : মাননীয় চেয়ারম্যান স্যার, পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার পঞ্চদশ অধিবেশনের প্রারম্ভিক ভাষণে পশ্চিমবঙ্গের মহামান্য রাজ্যপাল এই সভায় যা বলেছেন, তাঁর সেই ভাষণের উপরে যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে, তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য পেশ করছি। আজকের এই বিধানসভায় যতজন বক্তা বক্তব্য রেখেছেন, একজন সিনিয়ার সদস্য এবং বামফ্রন্টের সময়ে মন্ত্রী ছিলেন, সুশান্ত ঘোষ মহাশয়, তিনি হাউসে নেই। তিনি মাননীয়া মুখ্যমন্ত্রীকে তাচ্ছিল্যের স্বরে তেলেভাজার উদাহরণ দিয়ে তিনি উন্নয়নের কথা বলেছেন। তিনি পশ্চিম মেদিনীপুরের মানুষ। পশ্চিম মেদিনীপুরের আমলাশোল বলে একটি জায়গায় আছে। যে জায়গায় বামফ্রন্টের আমলে অনাহারে মানুষ মারা গিয়েছিলেন। সেখানে না ছিল রাস্তা, না ছিল আদিবাসীদের ঘরবাড়ি, না ছিল ছেলে-মেয়েদের পড়াশোনা করবার স্কুল। ২০১১ সালে নতুন সরকার, মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী দায়িত্ব নেওয়ার পরে এখনও একজন কেউ অনাহারে মারা যায়নি। এখন সেখানকার মানুষ খাবারের জন্য চাল পেয়েছেন, রাস্তা পেয়েছেন, স্কুল পেয়েছেন, জল পেয়েছেন। এটা এই বর্তমান সরকারের উন্নয়নের লক্ষ্য। যে রাজ্যে, ভারতবর্ষের যে কোনো রাজ্যেই যা উন্নয়ন হোক, সেই উন্নয়নটা সম্ভব হয়, সেই

রাজ্যে যদি সুশাসন প্রতিষ্ঠিত হয় এবং রাজ্যে যদি শান্তি থাকে। এক-একটা দপ্তরের নাম বলা যেতে পারে। কিন্তু সময়ের অভাবে হয়তো সবটা বলা যাবে না। তবু একটা কথা বলতে পারি, এই রাজ্যে দায়িত্ব নেওয়ার পর সুশাসন কায়েম করার লক্ষ্যে এই সরকার প্রতিশ্রুতিবদ্ধ। তাই তিনি জঙ্গলমহলে গিয়ে বলেছিলেন কি চাই ? খাদ্য চাই, খাদ্য নাও, চাল দিচ্ছেন। রাস্তা চাই, রাস্তা নাও, রাস্তা দিয়েছেন। স্কুল চাই, স্কুল নাও, স্কুল দিয়েছেন। তাই সেখানকার মানুষ, সেখানকার জঙ্গলমহলের মানুষ উন্নয়নের কর্মযজ্ঞে মমতা বন্দ্যোপাধ্যায়ের সাথে যোগ দিয়েছেন। তাই সেখানে শান্তি বিরাজ করছে। তাই সেখানে উন্নয়ন সম্ভব। স্যার, একটা কথা বলা যেতে পারে। বলেছিলেন বামফ্রন্টের একজন সিনিয়ার মন্ত্রী, অনেকবার এম.এল.এ হয়েছেন, তিনি আমার শিক্ষকও বটে। যে কলেজে আমি পড়াশোনা করেছি, তিনি ইতিহাসের অধ্যাপনা করেছেন, প্রবোধ চন্দ্র সিনহা মহাশয়। তিনি স্বীকার করেছেন হাউসে যে চার বছরে আমরা অর্ধেকটা পূরণ করেছি। ৩৫ বছরে বামফ্রন্ট কতটা পূরণ করেছেন তারা জানেন। তাহলে আর চার বছর থাকলেই আমরা সম্পূর্ণটা পূরণ করতে পারব, এই আট বছরে। তাহলে সব কাজটাই শেষ হয়ে যাবে। উনি তো স্বীকার করেছেন হাউসে। আমরা চার বছরে আমরা যা বলেছি বইয়েতে, চার বছরে আমরা অর্ধেকটা পূরণ করেছি। তাহলে আর চার বছরে আমরা পূরণ করতে পারব। সমরেশবাবু এখন তৃণমূলের সদস্য। ওখানে কংগ্রেসের লোকেরাও আমাদের বলছেন, মানসবাবু বলছেন, উনি তৃণমূলের সাথে থাকবেন। উনি বলেছেন তৃণমূলের সাথে থাকবেন। স্যার, খাদ্য দপ্তরের কথাটা বলি বামফ্রন্টের আমলে। কি ছিল রেশনের মান ? আগে কি ছিল, আপনারাও স্বীকার করবেন। বলবেন না হাউসের ভিতরে বা বাইরে পচা চাল, নোংরা চাল, চালে কাঁকর মেশানো। এখন কি এগুলো বলেন ? রেশনের চাল কাঁকর মেশানো চাল নয়, পচা চাল নয়, দুর্গন্ধ চাল নয়। কেউ কোনো অভিযোগ করে না। রেশনের মান ভালো হয়েছে। তাই উন্নত মানের খাদ্য দপ্তর হয়েছে। আপনাদের আমলে ৬৮ লক্ষ ভুয়ো রেশন কার্ড ছিল। কে ধরেছে রেশন কার্ড ? এখন কি বলতে পারবেন আপনারা কোনো ভুয়ো রেশন কার্ড আছে ? প্রায় আমরা শেষ করে এনেছি ভুয়ো রেশন কার্ড। রেশন কার্ডের মাল কোথায় যেত ? রেশন কার্ড আপনাদের নামে থাকত। আজকে খাদ্য দপ্তর কি অবস্থায় গিয়েছে ? গণবন্টন ব্যবস্থার প্রতি মানুষের আস্থা ফিরে এসেছে। আজকে কেউ অভিযোগ করে গণবন্টন নিয়ে ? আপনাদের সময় কি ছিল ? এজেন্ট থেকে কন্ট্রোলার থেকে একেবারে আপনাদের এজেন্ট, আপনাদের লোকাল কমিটি, জোনাল কমিটি মধুচন্দ্রিমা গড়ে উঠেছিল। এখন খাদ্যদপ্তরের মধুচন্দ্রিমার কথা কেউ বলে ? আপনারাও তো বলেন না। আমাদের তৃণমূলের সঙ্গে খাদ্য দপ্তরের মধুচন্দ্রিমার কথা আপনারাও তো কেউ বলেন না। আপনাদের পক্ষ থেকে তো অভিযোগ নেই। স্বাভাবিক কারণে এই খাদ্য দপ্তরের দু-টাকা করে চাল গরিব মানুষরা লাইন দিয়ে কাতারে কাতারে নিচ্ছে। ডিজিটাল রেশন কার্ড তৈরি হচ্ছে ২৯০ কোটি টাকা খরচ করে। উন্নত মানের ব্যবস্থা করা হচ্ছে খাদ্য দপ্তরকে। সেই খাদ্য দপ্তরকে আপনারা কি অবস্থায় নিয়ে গিয়েছিলেন ? আজকে আপনারা বলছেন এই সরকার উন্নয়নের কোনো কাজ করেনি। অসত্য কথা বলছেন। সুশান্তবাবু একটা কথা

বললেন বাংলাদেশ থেকে মুখ্যমন্ত্রী ফিরে এসেছেন। মুখ্যমন্ত্রী বলেছেন এই বাংলাকে বিশ্ববাংলা তৈরি করবেন। তাই বাঙালির অভিন্ন হৃদয়, মন জয় করে তিনি বাংলাদেশ থেকে এ রাজ্যে ফিরে এসেছেন। আমাদের লক্ষ্যটা স্থির, আমাদের ভাবনাটা স্থির, আমাদের চিন্তাটা স্থির, এই বাংলাকে বিশ্ববাংলা তৈরি করবার। তাই তিনি বাংলাদেশে গিয়ে আজকে এপার বাংলা এবং ওপার বাংলা সবারই মন জয় করে তিনি আজকে আমাদের রাজ্যে ফিরে এসেছেন। এই তো বিশ্ববাংলা। আজকে বাংলাকে প্রতিষ্ঠিত করবার জন্যে তিনি চেষ্টা করছেন। সমবায় দপ্তরের কথা বলি। সমবায় দপ্তরের প্রশ্নের উত্তর যখন মাননীয় মন্ত্রী মহাশয় দিচ্ছিলেন, আপনার আর একজন সমবায়ের লোক সমরেশবাবু আপনাদের সাথে ছিলেন, তাকে জিজ্ঞাসা করুন, সমবায় দপ্তরটা কেমন অবস্থায় চলে গিয়েছিল। আজকে সেই সমবায় দপ্তর শিক্ষার্থী উপভোক্তারা, স্টুডেন্টস কনজিউমার, স্কুল-কলেজে ছাত্রদের সমবায় উপভোক্তাদের-আজকে স্টুডেন্টস কনজিউমার তৈরি করা হচ্ছে। আজকে গ্রামীণ অর্থনীতিকে কারা নিয়ন্ত্রণ করে ? বিকল্প অর্থনীতিটা কি পশ্চিমবঙ্গের ? গ্রামীণ অর্থনীতি কারা নিয়ন্ত্রণ করে ? সমবায় ব্যবস্থা। সেই সমবায় ব্যবস্থা আজকে ভেঙে গিয়েছিল। সেই সমবায় ব্যবস্থাকে আজকে মা-মাটি-মানুষের সরকার তুলে আনার চেষ্টা করছে। আজকে কৃষি উন্নয়ন সমিতিগুলো বাজার থেকে ধান কিনছে। এদের মূল এজেন্ট কে ? বেনফেড ? কিন্তু গ্রামের একটা সমবায় প্রতিষ্ঠান কৃষি উন্নয়ন সমিতি—বাজারে এক কুইন্টাল ধানের দাম কত ? ১০৫০ টাকা। কৃষকরা পাচ্ছে কত টাকা ? ১২০০-১৩৬০টাকা। ৩১০ টাকা কুইন্টাল-পিছু বেশি। ধান কিনে নিচ্ছে সমবায় সমিতিগুলো। ন্যায্যমূল্যের কথা আপনারাও বলতেন। আপনারা দিতেন না। আজকে ৩১০ টাকা বেশি দাম দিয়ে কৃষকদের কাছ থেকে ধান কিনে নিচ্ছে সমবায় কৃষি উন্নয়ন সমিতিগুলো। আজকে কেন এত দ্রুততার সঙ্গে বাংলার উন্নয়ন হচ্ছে ? গোটাটা নিয়ন্ত্রণ করছেন মুখ্যমন্ত্রী। আপনাদের সময় রাইটার্সে ছিল মুখ্যমন্ত্রীরা। আমাদের সময় মুখ্যমন্ত্রী কোথায় ? নবান্নে নয়, জেলায় নয়, একেবারে ব্লক স্তরে গিয়ে মুখ্যমন্ত্রী গোটা প্রশাসনকে নিয়ে আজকে বাংলার উন্নয়নটা নিজে খতিয়ে দেখছেন। আপনাদের জেলায়ও গেছে। একজন বি.ডি.ও জিজ্ঞাসা করতে পাচ্ছে। কোনো কর্মসূচি রূপায়ণের ক্ষেত্রে একজন ব্লক ডেভলাপমেন্ট অফিসার মুখ্যমন্ত্রীর কাছে তুলে ধরতে পারছে যে সমস্যা সৃষ্টি হচ্ছে তার সমাধানের জন্য।

[4.00—4.10 p.m.]

সেখানে আজকে সরাসরি মুখ্যমন্ত্রী এবং ব্লক ডেভলপমেন্ট অফিসাররা তুলে ধরতে পারছেন তার সমাধানের উপায় এবং সঙ্গে সঙ্গে তার একটা সমাধানের ব্যবস্থা হচ্ছে। শুধু মন্ত্রিমণ্ডলী নয়, শুধু আধিকারিকরা নয়, সকলেই আজকে অনেক বেশি সচেতন উন্নয়নের ব্যাপারে। ২০১১ সালে যখন এই সরকার দায়িত্ব নেয়, তার আগে রাজ্যের যে প্রকল্পগুলি ছিল সেইগুলি সবই ছিল কেন্দ্রীয় সরকারের মুখাপেক্ষী। আজকে এই সরকারের ৪৮ থেকে ৫০ প্রকল্প নিজস্ব প্রকল্প, যেগুলো নিয়ে আপনারা আলোচনা করেছেন। শুধু রাজ্যের কথা নয়, শুধু ভারতবর্ষের কথা নয়, সারা বিশ্বের পথ প্রদর্শক 'কন্যাশ্রী' প্রকল্প, যেটা ইউনিসেফ স্বীকৃতি দিয়েছে এবং এই প্রকল্প রচনা করার জন্য উৎসাহ দিচ্ছে। এটাই আমাদের

সার্থকতা। তাই বাংলার মানুষ আমাদের সমর্থন করছে। আজকে কিষান ক্রেডিট কার্ড নিয়ে কৃষকদের মধ্যে যে উন্মাদনার ঢেউ উঠেছে সেটা আমাদের সরকারকে আরও দায়িত্বশীল করেছে। আজকে বাংলাকে শস্য শ্যামলা করার জন্য কৃষকরা যেভাবে সরকারের কাজকর্মের দিকে এগিয়ে আসছে তার জন্য পশ্চিমবাংলা এগিয়ে যেতে পারে। (নয়েজ..) শুধু সারদা সারদা করছেন কেন ? আপনাদের সময় একজন চিটফান্ড মালিককে তিনতলা থেকে ফেলে দিয়ে মেরে ফেলেননি ? আপনাদের আমলেই তো চিটফান্ড তৈরি হয়েছে। এই অল্প সময়ের মধ্যে পশ্চিমবাংলার যে উন্নয়ন ঘটেছে আজকের উপনির্বাচনের ফলই তা প্রমাণ করেছে। অর্থনৈতিক সংকটকে সামনে রেখে, ২৮ হাজার কোটি টাকা সুদ দেওয়ার পরও রাজ্য সরকার নিজস্ব প্রকল্পগুলো চালু করেছে এবং তার মধ্যে দিয়ে সব মানুষকে পরিষেবা দিচ্ছে। তাই আজকে মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন এবং সেই ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কেশব চন্দ্র রায় : মিঃ চেয়ারম্যান স্যার, আমি একটা গানের মধ্যে দিয়ে সবটা তুলে ধরব।

'বাংলাদেশে গেইলাম, ইলিশও খাইলাম, আইলাম খালি হাতে ফিরিয়া রে, আমার বাংলার কি হবে।

সিঙ্গাপুরে গেইলাম, ফুর্তি করলাম, শিল্প না আসিল ঘরে রে, বাংলার আমার কি হবে ভাই রে। ওরে শিল্পও গেল, শিক্ষাও গেল.....'

মিঃ স্পীকার : প্লিজ, এটা বিধানসভা। বিধানসভার মর্যাদা রক্ষা করুন। I will not allow you. এটা বিধানসভা, এটা কোন মকারি করার জায়গা নয়। No. I will not allow you. Please stop It. রাজ্যপালের ভাষণের ওপর যা বলার আপনি বলুন। সোহরাব সাহেব আপনি এটা দেখুন। প্লিজ, আপনারা বিধানসভার মর্যাদা রক্ষা করে চলুন।

শ্রী কেশব চন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংবিধানের ১৭৬ ধারা অনুযায়ী অনেকক্ষণ ধরে দাঁড়িয়ে কষ্ট করে রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তাঁর সেই কষ্টের জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু তাঁর মুখে সরকার যে কথাগুলো গুঁজে দিয়েছেন তাকে আমি ধন্যবাদ জানাতে পারছি না। যে রাজ্যপাল ১৯তারিখেই ভাষণ রাখলেন ১৭তারিখে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের যে কাণ্ডকারখানা আমরা দেখলাম, সেখানে দেখলাম যেন ফুলনদেবী আবার এসে হাজির হয়েছে। ফুলনদেবী আবার এসে হাজির হয়েছে। যেভাবে ঘুঁসি মারছিলেন এক ভদ্রমহিলা আর একটা শিক্ষাকর্মীকে সেটা একটা অবাক কাণ্ড। রাজ্যপাল সেই কাণ্ডের নিন্দা করার পরে কি করে ১৯ তারিখে বলেন রাজ্যের আইন-শৃঙ্খলা খুব ভাল চলছে। তাই আমি ধন্যবাদ জ্ঞাপন করতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আইন-শৃঙ্খলার ব্যাপারে যখন এসেছি তখন আমার জেলা কুচবিহার—শীতলকুচি একটা জায়গা, সেই শীতলকুচিতে দাঙ্গাদাঙ্গি, মারামারি কাদের মধ্যে ? তৃণমূলে, তৃণমূলে। আতঙ্কে সব মানুষ পালায়। তৃণমূলে, তৃণমূলে মারামারি হল। সেখানে আইন-শৃঙ্খলা বলে কিছু নেই। আমার সিতাই বিধানসভা কেন্দ্রে তৃণমূলে তৃণমূলে মারামারি হল। একটা লোক মরে গেল। আমরা ঠিক থাকতে পারি

না। সিতাই বিধানসভা কেন্দ্রে মাদারহাট একটা হাইস্কুল আছে। সেই হাইস্কুলে একজন নবম শ্রেণীর ছাত্রী বীথিকা মোদক তাকে নিয়ে গিয়ে সারা রাত ধর্ষণ করে ছেড়ে দেওয়া হল। তবু তাদের অ্যারেস্ট করা হল না। কোন রাজ্যে আমরা বসবাস করি। আর সেই রাজ্যপাল বলেন কিনা আইন-শৃঙ্খলা ভাল আছে পশ্চিমবাংলায়। আমরা সেটা মেনে নিতে পারি না। আমি আর একটা কথা বলছি, সেটা হল শ্রম দিবসের কথা বলেছেন আমাদের রাজ্যপাল তাঁর ভাষণে। শ্রম দিবস অনেক নাকি বেড়ে গেছে। কিন্তু আমরা গ্রামের মানুষ আমরা দেখছি, সামনে যে বন্ধুরা আছেন তারাও দেখেন যে ট্রাক্টরে করে মাটি কাটা হয়। ট্রাক্টরে করে মাটি কাটা হয়। মানুষ নিয়োগ করা হয় না। শ্রমিক নিয়োগ করা হয় না। একটা ট্রাক্টরে ২০ জনের মাটি কাটতে পারে। শুধু মাস্টার রোল করে দেখাচ্ছে। মাস্টার রোল করে দিয়ে তাদেরকে দেখানো হচ্ছে যে না, মাটি কাটার কাজ অনেক হয়েছে, একশো দিনের কাজ অনেক হয়েছে। এ আমরা দেখছি। দেখছি এখনো। আমি অনেকদিন আগেই বলেছিলাম, শিক্ষায় নাকি আমরা অনেক এগিয়ে গেছি। আমি অনেকদিন আগেই এখানকার সভাসদকে অনুরোধ করেছিলাম যে বলুন তো কার বিধানসভা কেন্দ্রে কলেজ নেই। কেউ হাত তোলেনি। আমি হতভাগ্যের মতো একটা হাত তুলেছি। আমার সিতাই বিধানসভা কেন্দ্রে কোনো কলেজ নেই। কোনো কলেজ নেই। আর আজকে বলছে কি না আমরা শিক্ষায়দীক্ষায় এগিয়ে গেছি। এ কোন কথা ? আজকে শিক্ষাক্ষেত্রে যে নৈরাজ্য প্রতিদিন ছাত্রদের মধ্যে মারামারি, কাটাকাটি চলেই আসছে। এটা কোন অরাজকতায় বাস করছি। আর বলছে যে না, শান্তি-শৃঙ্খলা ভাল আছে। আমরা মেনে নেব ? একটা রাজবংশী ভাষা অ্যাকাডেমি করা হয়েছে। বলুন তো আপনি সেই রাজবংশী ভাষাকে স্বীকৃতি দেওয়া হয়েছে ? সেই অ্যাকাডেমি কোনো কাজ করছে ? স্কুলগুলোতে কি রাজবংশী ভাষা পড়ানো হচ্ছে ? আমি কারো বিরোধিতা করছি না। প্রশংসা করছি। অলচিকি ভাষাকে স্বীকৃতি দেওয়া হয়েছে। পড়ানো হচ্ছে। হোয়াই নট রাজবংশী ভাষা ? অলচিকি ভাষায় কতজন কথা বলেন আর রাজবংশী ভাষায় কতজন কথা বলেন ? কেন হল না ? এটা আমার জানবার বিষয়। তাই রাজ্যপালকে আমি ধন্যবাদ জ্ঞাপন করতে পারছি না। চা-বাগানগুলোর অবস্থা দিন দিন খারাপ হচ্ছে। চা-বাগানের মানুষ খেতে পাচ্ছে না, অনাহারে মরছে। সুইসাইড করছে। তার জন্য কোনো ব্যবস্থা নেই। তাই ধন্যবাদ জ্ঞাপন করতে পারছি না। আর একটা কথা বলি, কুচবিহারের সঙ্গে নাকি বিমান যোগাযোগ থাকবে।

[4.10—4.20 p.m.]

সেই কবে থেকে বিমান যোগাযোগ চালু চালু চালু শুনছি। কিন্তু চালু আর হয় না। একবার হল, একদিন উড়ল, তারপরে দু-দিন বন্ধ হয়ে গেল। আর একদিন উড়ল। এখন শেষ। ফিনিশ, আর নেই। বিমান চালু হচ্ছে, বিমান চালু হচ্ছে। আরে বিমান যদি চালু না হয়, তাহলে শিল্পটা হবে কি করে ! আর শিল্প ? শিল্পের কথা কি বলি। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছিলেন তেলেভাজা শিল্পের কথা। আরে বাবা তেলেভাজার যে তেল ফুটছে, সেই ফুটন্ত তেলের দাপটে কি হল—জিন্দাল ভাগল। টাটা ভাগল। সব শিল্প কারখানা বন্ধ করে বড় বড় শিল্পপতিরা ভেগে যাচ্ছে। এই তেলেভাজার ফুটন্ত তেলের জন্য। হ্যাঁ, কথায় কথায় খালি টাকা দাও, টাকা দাও, টাকা দাও। নাহলে শিল্প করতে দেব না। এই তো হচ্ছে।

যার ফলে শিল্প এখানে হয়নি। আর হবেও না। এই যদি রাজনৈতিক পরিস্থিতি চলতেই থাকে। তাই আমাদের মুখ্যমন্ত্রী বলেন যে আসুন আমরা সবাই মিলে বাংলাকে গড়ে তুলি। আমার খুব ভালো লাগে এই কথাটা। আমার খুবই ভালো লাগে এই কথাটা। কিন্তু আমাকে লাথি দেবেন, আর বলবেন যে আমাকে সহযোগিতা কর, বাংলাকে গড়ে তুলি। আমাকে বকাবকি করবেন, বলবেন যে, সহযোগিতা কর, আমরা বাংলাকে গড়ে তুলি। লাথি মেরে এটা কেমন হল ! আই.সি.ডি.এস. প্রকল্প-প্রত্যেকটা এম.এল.এ. সেই আই.সি.ডি.এস. প্রকল্পের চেয়ারম্যান। বাতিল করে দেওয়া হল। কেন বাতিল করা হল ? অন্য রাজ্যে তো হয় না ? আমার রাজ্যে হল কেন ? দু-নাম্বার হল-আমরা যারা এম.এল.এ. আছি, এই যে ফিশারম্যান যারা আছে, গীতাঞ্জলি প্রকল্পে সেই মুসলিম যারা গরিব মানুষ আছেন, সেই প্রকল্পে তাদেরকে ঘর দেবার ব্যবস্থা ছিল। আমরা নাম দিয়েছি। কিন্তু এখন আমরা এম এল এরা সব বাদ। তাহলে আমাদের বলা হল যে সহযোগিতা কর, ওইদিকে আবার লাথি দিয়ে বল দূর হঠ। এ কি ? যার ফলে আমি ধন্যবাদজ্ঞাপন করতে পারছি না। এবারে যেটা বলি সেটা হল—আইনশৃঙ্খলা শিল্প শিক্ষা সব দিক দিয়ে আমার পশ্চিমবঙ্গ সারা ভারতের সঙ্গে তুলনা করতে গিয়ে আমরা পিছিয়ে পড়ছি। আমরা যারা বিরোধী দলে আছি তারা সবাই চায় আমার বাংলা আমাদের সকলের মা তার ভালো হোক। উন্নতি হোক। এটা আমরা নিশ্চয় চাই। আমরা সহযোগিতা করতে চাই। সরকারও যেন আমাদের সেই মর্যাদাটা দেন। এটি আমি কামনা করি। ধন্যবাদ।

(....গোলমাল...)

মিঃ স্পীকার : দেখছি আমি ব্যাপারটা। আই অলসো টেক দিজ ম্যাটার ভেরি সিরিয়াসলি। আপনারা বসুন। আমি ব্যাপারটা দেখছি।

(....গোলমাল...)

শ্রী সমীর কুমার পোদ্দার : মাননীয় স্পীকার স্যার, ভারতীয় সংবিধানের ১৭৬ নাম্বার অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গে পঞ্চদশ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে মহামান্য রাজ্যপাল গত ১৯শে ফেব্রুয়ারী যে ভাষণ পেশ করেছেন শ্রী কেশরী নাথ ত্রিপাঠী সেই ভাষণকে সম্পূর্ণভাবে সমর্থন করে আমি দু-একটা কথা বলতে চাই। স্যার আমরা দেখেছি এই হাউসে তিনপক্ষ সময় ধরে আমরা বিরোধী রাজনৈতিক সদস্যদের বক্তব্য শুনেছি।

(....গোলমাল...)

(এই সময় বিরোধী কংগ্রেস দলের মাননীয় সদস্যরা ওয়াক আউট করেন)

(....গোলমাল...)

মিঃ স্পীকার : আই টেক দ্যা ম্যাটার্ ভেরি সিরিয়াসলি। আপনারা প্লিজ বসুন।

(....গোলমাল...)

.....(এই সময় কংগ্রেস সদস্যগণ ওয়াক আউট করেন).....

শ্রী সমীর কুমার পোদ্দার : ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে মহামান্য রাজ্যপাল শ্রী কেশরীনাথ ত্রিপাঠী তাঁর ভাষণ গত ১৯শে ফেব্রুয়ারী পেশ করেছেন। সেই ভাষণকে সম্পূর্ণভাবে সমর্থন করে আমি কিছু কথা এখানে বলতে চাই। স্যার, দীর্ঘক্ষণ ধরে আমরা সরকারি এবং বিরোধী বিধায়কদের বক্তব্য শুনছিলাম। আমরা একটা জিনিস লক্ষ্য করেছি, ওইদিকে সি.পি.এম। বা বামফ্রন্টের বিধায়ক আর এই দিকে জাতীয় কংগ্রেসের বিধায়করা একই সুরে সুর মিলিয়ে এখানে বক্তব্য রাখছেন। তাদের একটামাত্র ইস্যু—আইন-শৃঙ্খলা। এখানে কিছুক্ষণ আগে আমাদের প্রাক্তন মন্ত্রী বক্তব্য রেখেছেন । "ভূতের মুখে রাম নাম।" এটা আমরা দেখে আশ্চর্য হয়ে যাই, যাদের আমলে থানায় গেলে কথা বলা যেত না, যাদের আমলে এল.সি.এস.-এর পারমিশান ছাড়া থানায় কোনো ডাইরি নিত না, তারা আজকে এখানে বড় বড় ভাষণ দিচ্ছেন, তারা আইন-শৃঙ্খলার কথা বলছেন। আমরা মনে করি যে, ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার দেনা নিয়েও বা ২৮ হাজার কোটি টাকা প্রতি বছর সুদ দিয়েও বাংলার মুখ্যমন্ত্রী পিছিয়ে যাওয়া ৩৪ বছরের বাংলাকে নতুন করে রূপ দেওয়ার জন্য বাংলার মানুষের মুখে আবার হাসি ফোটানোর জন্য যে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন এবং এই দীর্ঘ সাড়ে তিন বছর ধরে তিনি যে যে কাজ করেছেন, সেটা এই রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে সঠিকভাবে উঠে এসেছে। যে কথা বিরোধী রাজনৈতিক বিধায়করা বলছেন, বার বার আইন-শৃঙ্খলার কথা—আমরা মনে করি, রাজ্যপাল বলেছেন যে, রাজ্যের আইন-শৃঙ্খলার পরিস্থিতি শান্তিপূর্ণ ও নিয়ন্ত্রণের মধ্যে রয়েছে। মহিলাদের কথা বার বার ওঁনারা বলছেন। মহিলাদের ওপর আক্রমণের মতো সামাজিক অভিশাপ যেখানেই নেমে এসেছে, বর্তমান সরকার সেখানেই দ্রুত ব্যবস্থা গ্রহণ করছে। এই ধরনের অপরাধের ক্ষেত্রে দুটো পেশাদারি মনোভাব নিয়ে তদন্ত চালানোর নির্দেশেও দিয়েছেন। এই বিষয়ে সহমত হয়ে আমি একটি তথ্য আপনাদের সামনে তুলে ধরছি। ন্যাশনাল ক্রাইম রেকর্ডস। ব্যুরো বলছে, সারা দেশে যেখানে ৩ লক্ষ ৯ হাজার ৫৪৬টি মহিলাদের ওপর অপরাধ সংঘটিত হয়েছে এবং সেই অপরাধের মধ্যে ধর্ষণ, নারী পাচার, ছিনতাই, যৌন হয়রানি, শ্লীলতাহানি, স্বামীর নির্যাতিতা—এই ধরনের অপরাধ, তার মধ্যে শুধুমাত্র ধর্ষণের অপরাধ ঘটেছে ৩৩ হাজার ৭৭টি এবং সারা ভারতবর্ষের মধ্যে এক দিল্লীতেই ১৪৪১টি ঘটনা ঘটেছে। এই হিসেবে সেখানে কলকাতা নারীদের জন্য ভারতবর্ষের সব কটি শহরের মধ্যে সবচেয়ে নিরাপদ শহর। এটা আমাদের কথা নয়, এই কথা হচ্ছে ন্যাশনাল ক্রাইম রেকর্ড ব্যুরোর কথা। আমরা ২০১১ সালে বর্তমান সরকার গঠিত হওয়ার পর চরম নৈরাজ্য, আইন-শৃঙ্খলার অবনতির জন্য সামাজিক জীবনে শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে ২০টি মহিলা পরিচালিত থানা, ১৪টি উপকূলবর্তী থানা, ৫টি সাইবার ক্রাইম থানা সহ ৫৭টি থানা আমরা তৈরি করতে পেরেছি। রাজ্য পুলিশের আরো বেশি করে গতি আনার জন্য আইন-শৃঙ্খলার পরিস্থিতি নিয়ন্ত্রণ করার জন্য ৬টি পুলিশ কমিশনারেট তৈরি করা হয়েছে। বামফ্রন্টের আমলে প্রায় প্রতিনিয়ত খুন, ধর্ষণ, ডাকাতি, ছিনতাইয়ের মতো অপরাধ বর্তমানে অনেক কমে গেছে।

[4.20—4.30 p.m.]

আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সরকার গঠনের পর শান্তি বজায় রাখতে যে আহ্বান রাজ্যবাসীকে দিয়েছিলেন বদলা নয়, বদল চেয়েছিলেন। তাই ২০১১ সালে যখন সারা পশ্চিমবাংলায় পরিবর্তন ঘটেছিল, যাঁরা আমরা বিধায়ক আমরা মমতা ব্যানার্জীর নেতৃত্বে তাঁর ডাকে সাড়া দিয়ে একটাও আমরা বদলা নিইনি। আমরা ভুক্তভোগী, ২০১১ সালে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির আমলে পুলিশী তাণ্ডবের আমরা ভুক্তভোগী। আজকে এখানে যে সব বিধায়করা আইন-শৃঙ্খলা নিয়ে কথা বলছেন, সেই বিধায়করা বুকে হাত দিয়ে বলুন একটা বিধায়কের গায়ে আমাদের এই সরকারের পুলিশ এসে হাত দিয়েছে ? কিন্তু আমরা বুকে হাত দিয়ে বলতে পারি আমাদের প্রতিনিয়ত প্রতি তৃণমূল কর্মীরা ওই পুলিশের দ্বারা নির্যাতিত হয়েছি, প্রতিটি পরিবার। আমি নিজেও ব্যতিক্রম নয়, আমি দুবার আক্রান্ত হয়েছি, আমার জীবনহানি হতে পারতো। অজাকে আইন-শৃঙ্খলার প্রশ্ন নিয়ে আমরা যদি বলি বামফ্রন্টের আমলে ন্যাশানাল ক্রাইম ব্যুরোর তথ্য অনুযায়ী ২০১১ সালের মে মাস পর্যন্ত মহিলাদের বিরুদ্ধে অপরাধের যে রাজ্য তালিকা যেটা তাদের আমলে ৪১.৬% সবার উপরে ছিল। আজকে সেখানে আমরা অনেক শান্তিতে বসবাস করতে পারছি। আইন-শৃঙ্খলা রক্ষায় বর্তমান মা-মাটি-মানুষের সরকারের সবচেয়ে বড় কৃতিত্ব জঙ্গলমহল ও পাহাড়ে শান্তি ফিরিয়ে আনা। যে পাহাড়ে বামফ্রন্টের মুখ্যমন্ত্রী দূরে থাক, কোনো মন্ত্রী যেতে সাহস পায়নি, সেখানে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী ২০ বার তার প্রশাসনকে নিয়ে গিয়ে শান্তি এবং উন্নয়নের বার্তা দিয়ে আজকে দার্জিলিং এবং পাহাড় হাসছে। এখানে অনেক বিধায়ক শিক্ষা নিয়ে অনেক কথা বলেছেন। আমরা যদি শিক্ষার কথা বলি তাহলে বলতে হয় রাজ্যপাল বলেছেন যে রাজ্যে শিক্ষায় যে প্রসার হয়েছে, বিগত বামফ্রন্টের আমল থেকে এই সাড়ে তিন বছরে অনেক এগিয়ে গেছে। সেক্ষেত্রে আমরা দেখেছি ৯৯.৯৭% বেশি প্রাথমিক বিদ্যালয়, ৯৯.৮৬% বেশি উচ্চপ্রাথমিক বিদ্যালয়ে আজকে মিড-ডে মিলের ব্যবস্থা করা গেছে। বর্তমান সরকার ১৮৫টি প্রাথমিক ও ৩৩৭টি নতুন উচ্চপ্রাথমিক বিদ্যালয় স্থাপন করেছেন। ৯১১৮টি অতিরিক্ত শ্রেণীকক্ষ ও ৫০০০ বিদ্যালয়ে শৌচাগারের ব্যবস্থা করেছেন। ১৭টি আদর্শ বিদ্যালয় করেছেন এবং ৪টি সুসংহত বিদ্যালয় এবং ৭১টি মেয়েদের হস্টেলের ব্যবস্থা আমাদের এই সরকারের আমলে হয়েছে। প্রায় ৫০০টি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে পরিণত করেছেন। আপনারা জানেন এই বর্তমান সরকার শিক্ষার ক্ষেত্রে এক যুগান্তকারী পরিকল্পনা গ্রহণ করেছেন। কন্যাশ্রী নামে যে প্রকল্প তা আমাদের নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর মস্তিষ্কপ্রসূত। সেই প্রকল্প আজকে স্কুলছুট যারা—সমাজে ১৮ বছরের আগে নাবালিকা অবস্থায় মেয়েকে বিয়ে দিত অর্থের কারণে। সেই সমস্ত মেয়েকে আজকে সুযোগ করে দিয়েছেন এই কন্যাশ্রীর মধ্যে দিয়ে। আজকে ২১ লক্ষ মেয়েরা এই সুযোগ-সুবিধা পাচ্ছেন। তাই ইউনিসেফ্ মমতা ব্যানার্জী মস্তিষ্কপ্রসূত এই কন্যাশ্রীকে স্বীকৃতি দিয়েছেন, এমনকি ইংলন্ডের হাউস অফ্ কমন্সের ৮জন সাংসদ মুখ্যমন্ত্রীর সাথে এই ব্যাপারে বিস্তারিত আলোচনা করতেও সম্প্রতি এসেছিলেন, জানতে এসেছিলেন। কন্যাশ্রীর পাশাপাশি আমরা দেখি মার্কসবাদী কমিউনিস্ট পার্টি যখন ক্ষমতায়

ছিলেন তখন পিছিয়ে পড়া সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইবস, মাইনরিটিদের নিয়ে শুধুমাত্র ভোটের রাজনীতি করেছে, কিন্তু তাদের উন্নয়নের কথা কখনো ভাবেনি। তাই শিক্ষাশ্রীর নামে যে নতুন যুগান্তকারী পদক্ষেপ নিয়েছেন, যেখানে বামফ্রন্টের আমলে পঞ্চম শ্রেণীতে ২০টাকা দেওয়া হতো, সেখানে আজকে পঞ্চমশ্রেণীর ছাত্রছাত্রীদের জন্য ৫০০ টাকা, ষষ্ঠ শ্রেণীর ছাত্রছাত্রীদের যেখানে বামফ্রন্টের আমলে ৫০ টাকা দেওয়া হত, সেখানে এই শিক্ষাশ্রীর মাধ্যমে ৬০০ টাকা এবং সপ্তম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের যেখানে ১০০ টাকা দেওয়া হত এখন তাদের জন্য ৬৫০ টাকার ব্যবস্থা করেছেন। অষ্টম শ্রেণীতে যেখানে ১৫০ টাকা দেওয়া হত, সেখানে ৭০০ টাকার ব্যবস্থা করেছেন। এছাড়াও প্রথম থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত বিনামূল্যে বই এবং এ বছরে নবম শ্রেণীর জন্য বিনামূল্যে বইয়ের ব্যবস্থা করেছে। এছাড়া শিক্ষায় বিভিন্ন কলেজ—অনেক উদাহরণ আছে। সময় সীমিত, তাই আমি শুধু দুটো কথা বলে শেষ করবো। ইউনাইটেড নেশান ডেভলপমেন্ট প্রোগ্রামে ১৯৯০ সালে একটি রিপোর্ট মেহেবুব হকের নেতৃত্বে ১৯৯৬ সালে প্লেস করা হয়। তাতে বলা হয়েছে দেশের অর্থনৈতিক বৃদ্ধি করতে, জবলেস প্লট যেটা সিঙ্গুর পরিকল্পনা যেখানে হাজার হাজার কৃষককে বেকার করে রুটলেস প্লট যেমন নন্দীগ্রামে কেমিক্যাল হাব তৈরির জন্য গ্রামের পর গ্রামের মানুষকে উচ্ছেদ করার পরিকল্পনা....(মাইক অফ)।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ১৯ তারিখে মহামান্য রাজ্যপাল এই মহতী সভায় যে লিখিত ভাষণ দিয়েছেন তাকে আমি সমর্থন করতে পারছি না। কারণ এই ভাষণ হচ্ছে একেবারে অসার, অবাস্তব, অসত্য, তাই সমর্থন করতে পারছি না। অনেকে গল্পের গরুকে গাছে চড়ান। কিন্তু এই মা-মাটি-মানুষের সরকার গল্পের গরুকে উড়োজাহাজে চড়িয়ে চাড়ছে। এ অবস্থা আপনারা দেখতে পাচ্ছেন। ভোটাধিকার প্রসঙ্গ তুলেছেন। ২০১৪ সালে যে পার্লামেন্ট নির্বাচন হয়ে গেল সেই নির্বাচনে কিভাবে জালিয়াতি হয়েছে আমরা জানি। আমাদের একজন এজেন্টকেও বসতে দেয়নি। তাড়িয়ে দিয়েছে। শুধু লোকসভা নির্বাচন নয় স্কুল, কলেজ সমস্ত নির্বাচনকে এভাবে প্রহসনে পরিণত হচ্ছে। এই যে পিপলস কো-অপারেটিভ যেটা মেদিনীপুরে সেই নির্বাচনে ভোট দিতে দেয়নি মেরে তাড়িয়ে দিয়েছে। আমাদের সেখানে দাঁড়াতে দেয়নি, সেখানে প্রগতিশীল প্রার্থীদেরও তারা ভোটাধিকার প্রয়োগ করতে দেয়নি। আর আইন শৃঙ্খলার প্রশ্নে যত না বলা যায় ততই ভালো। কি চলছে পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা ? আইন-শৃঙ্খলা বলে পশ্চিমবাংলায় কিছু আছে ? অপরাধীদের রাজত্ব চলছে এই পশ্চিমবাংলায়। শাসক দলের ছত্রচ্ছায়ায় এলাকায় এলাকায় দুষ্কৃতিদের বাহিনী তৈরি হয়েছে। এই দুষ্কৃতীরা অঞ্চলের শেষ কথা। শাসকদল এই বাহিনীর উপর নির্ভরশীল, কারণ এদের সাহায্যে এলাকা দখল করতে হয় তৃণমূল কংগ্রেসকে। ২০১১ সালের বিধানসভা নির্বাচনের পর থেকে আমাদের ১৬২ জন কর্মী খুন হয়েছেন, শহীদ হয়েছেন শাসকদলের কর্মীদের হাতে। অপরাধ—এরা কর্মী-সমর্থক, সেই জন্যেই। বামপন্থী কর্মী হওয়ার অপরাধে শাসকদের অত্যাচার সহ্য করতে না পেরে আত্মহত্যা করতে বাধ্য হয়েছেন ২১ জন। ২৬ হাজার বামপন্থী কর্মীকে এলাকা ছাড়তে বাধ্য করা হয়েছে। তারা বাড়ি ফিরতে পারছে না। গণ-সংগঠনের অফিসগুলো একটার পর

একটা দখল করে নেওয়া হচ্ছে। ট্রেড ইউনিয়ানের অফিসগুলো একটার পর একটা দখল করে নিচ্ছে। আমাদের গণশক্তি বোর্ড পুড়িয়ে দিয়েছে। গণশক্তি বিক্রি করতে দিচ্ছে না। এই জায়গায় পশ্চিমবাংলা দাঁড়িয়ে আছে। যাদের ১০ হাজার একর খাস চাষযোগ্য জমি আছে তাদের কাছ থেকে জমি কেড়ে নিয়েছে বামপন্থী হওয়ার অপরাধে। ২৯ কোটি টাকার বেশি জরিমানা আদায় করেছে বামপন্থী কর্মীদের কাছ থেকে। এই হচ্ছে পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা। আপনারা দেখতে পাচ্ছেন যে, শুধু আমাদের কর্মীরা খুন হচ্ছেন তা নয়, শাসকদের কর্মীরা নিজেদের মধ্যে মারামারি করে খুন হচ্ছেন। আমার বিধানসভা কেন্দ্রের মধ্যে চার জন খুন হয়েছেন। এটা আপনাদের অবগত আছে। এই কদিন আগে শাসক দলের দুজন খুন হয়ে গেল নিজেদের মধ্যে মারামারির মধ্য দিয়ে। আইন-শৃঙ্খলার প্রশ্ন ? রাজ্যের মহিলা মুখ্যমন্ত্রী থাকা সত্ত্বেও কিভাবে মেয়েদের সম্ভ্রম নষ্ট হচ্ছে। মেয়েদের কথা অনেক উঠেছে। তাদের কিভাবে অত্যাচার হচ্ছে, তাদের কিভাবে সম্ভ্রম নষ্ট হচ্ছে—আপনারা দেখছেন, আমি সেই জায়গায় খুব বেশি যাচ্ছি না। যখন পার্কস্ট্রীটের ঘটনা ঘটল, সোনার ছেলেরা যে ঘটনা ঘটালো তারপরে মুখ্যমন্ত্রীর যে বিবৃতি, যে সাজানো ঘটনা—তারপর থেকেই শাসকদলের কর্মীরা উৎসাহিত হল। তারপর থেকে পশ্চিমবাংলায় নারী নির্যাতন দারুণভাবে বেড়ে গেল। কোনো প্রতিরোধ করা গেল না। আমরা জানি যে সমাজে বাস করছি একটা পুরুষ শাসিত সমাজ। পচা, গলা, সমাজ আমরা জানি। এখানে এই ধরনের ঘটনা ঘটতে পারে। কিন্তু প্রশাসনের ভূমিকাটা কি ? প্রশাসনের ভূমিকা বলে কিছু আছে ? যারা আক্রান্ত হচ্ছেন, তাদের পক্ষেই কেস দেওয়া হচ্ছে আর যারা আক্রান্তকারী তাদের ছেড়ে দেওয়া হচ্ছে।

[4.30—4.40 p.m.]

চলবেই তো। আমাদের রাজ্যের এম.পি. যদি এই কথা বলেন—বক্তৃতা করেন যে যারা সি.পি.এম করছে তাদের বাড়িতে আমার ছেলেদের ঢুকিয়ে রেপ করে দেব। তারপরেও কি পশ্চিমবাংলা নারী নির্যাতনের জায়গায় থাকবে ? নারী নির্যাতন বেড়েই যাবে। এই হচ্ছে পশ্চিমবাংলার অবস্থা। এই হচ্ছে আমাদের রাজ্যের অবস্থা। আমরা ২৯ পাতার ভাষণ শুনলাম মহামান্য রাজ্যপালের কাছ থেকে। কিন্তু সেখানে সারদা একবারও ঠাঁই পেল না। যে সারদা আজকে অন্যতম কেলেঙ্কারি, সবচেয়ে বড় আর্থিক কেলেঙ্কারি। সেই কেলেঙ্কারির কথা এখানে উল্লেখ হল না। একটার পর একটা মন্ত্রী জেলে যাচ্ছেন। একটার পর একটা নেতা জেলে যাচ্ছেন। কিন্তু না—এখানে কোনো ঠাঁই পেল না। ১০০জন আমানতকারী আত্মহত্যা করল, তার কথা এখানে বলা হল না। সুতরাং, সারদার মতো কেলেঙ্কারি সেই কেলেঙ্কারির কথা রাজ্যপালের ভাষণের মধ্যে থাকল না।

কৃষিক্ষেত্রে ব্যবস্থা কি ? বড় বড় কথা বলছেন কৃষিক্ষেত্রে। কৃষি আছে ? কৃষিতে যে সংকট চলছে সেই সংকট সৃষ্টির জন্য আজকে মা-মাটি-মানুষের সরকার দায়ী। আপনার ইউরিয়া সার। আগেই বলছিলাম বাজারে গিয়ে দেখুন কোনো ইউরিয়া সার নেই। কিভাবে চাষীরা চাষ করবে ? আর যে কটা ইউরিয়া সার আছে সেগুলো বেশি দামে বিক্রি করছে।

সরকার সেইদিকে নজর দিচ্ছে না। এখানে কৃষিমন্ত্রী আছেন, আমি বলছি ইউরিয়া সারের দিকে নজর দিন। চাষীরা ইউরিয়া সার পাচ্ছে না। আপনারা দেখতে পাচ্ছেন কৃষিক্ষেত্রের অবস্থা। কৃষকরা ফসলের দাম পাচ্ছে না। তারা আত্মহত্যা করছেন। ইতিমধ্যে ১০১ জন কৃষক আত্মহত্যা করেছেন। একটিবারও সেই ব্যাপারে রাজ্যপালের ভাষণের মধ্যে লেখা নেই। তাদের কোনো সাহায্য পর্যন্ত করা হচ্ছে না। এই জায়গায় পশ্চিমবাংলা আজকে দাঁড়িয়ে আছে। কেন তাদের সাহায্য করা হবে না। কেন কৃষকরা আত্মহত্যা করবে ? তাদের জন্য কেন কোনো ব্যবস্থা গ্রহণ করা হবে না ? কেন তারা উৎপাদিত ফসলের দাম পাবে না ? এটা আমাদের আলোচনার মধ্যে আনতে হবে।

কোষাগারে টাকা নেই। অথচ ১১ কোটি টাকা খরচ করে উৎসব করছেন। কিসের উৎসব না মাটি উৎসব। মাটিতীর্থ, কৃষির কথা। কোটি কোটি টাকা খরচা হচ্ছে। কি হবে সেখানে ? মুখ্যমন্ত্রী রাজ্যের সমস্ত কৃষকদের ডেকে ৩ দিন ধরে অনুষ্ঠান করবেন। কৃষির কথা বলবেন। কেন ? কৃষির কথা বলার জন্য তো ব্লকে ব্লকে আধিকারিকরা আছেন। তারা সেখানে কৃষির পরামর্শ দেবেন। হাজার হাজার টাকা খরচা করে, লক্ষ লক্ষ টাকা খরচ করে, কোটি কোটি টাকা খরচা করে কেন মুখ্যমন্ত্রীকে তাদের ভাষণ শোনাতে হবে। কি কৃষির কথা তিনি শোনাবেন ? কৃষির জন্য যারা পরামর্শদাতা আছেন তারাই সে কথা শোনাবেন। অর্থ নাই বললে তো হবে না। অর্থ তো বিভিন্নভাবে ব্যয় হচ্ছে। অর্থ—মাটি, খেলা, মেলা নিয়ে ব্যয় হচ্ছে। কিন্তু মানুষের স্বার্থে, কৃষকের স্বার্থে ব্যয় হচ্ছে না। স্যার, আপনি শুনলে অবাক হবেন, কৃষিতে যারা চাষ করেন, চাষীরা চাষ ছেড়ে দিচ্ছে। চাষ ছেড়ে দিয়ে তারা বাইরে চলে যাচ্ছে। কারণ, কৃষি থেকে তারা আর বাঁচতে পারবে না। তাই বহু কৃষক চাষ ছেড়ে দিয়ে তারা বাইরের রাজ্যে চলে যাচ্ছে। তাদের নিজেদের বাঁচার তাগিদে চলে যাচ্ছে। এই ব্যাপারটা ভাববেন না ? যারা মা-মাটি-মানুষের সরকার বলছেন, তারা একটিবারও ভাববেন না ?

আর সাম্প্রদায়িক সম্প্রীতির কথা বলছেন। পশ্চিমবাংলায় চিরকাল সাম্প্রদায়িক সম্প্রীতি আছে। এর জন্য আমাদের গর্ব। বিশেষ করে ১৯৬৪ সালের পর থেকে। ১৯৬৪ সালে কলকাতায় একটা সাম্প্রদায়িক দাঙ্গা হয়েছিল। সেই সাম্প্রদায়িক দাঙ্গা ছড়িয়ে গিয়েছিল গোটা রাজ্যে। ২৪পরগনা থেকে সমস্ত জায়গায়। সেই দাঙ্গা বন্ধ হল কখন ? শ্রমজীবী মানুষের ঐক্যবদ্ধ আন্দোলনের মধ্য দিয়ে। ষাটের দশকের শেষ দিকে আপনারা জানেন, জমির আন্দোলন, মজুরির আন্দোলন, খাদ্যের আন্দোলন, একটার পর একটা আন্দোলনে উত্তাল হয়েছে পশ্চিমবাংলা। সমস্ত শ্রমজীবী মানুষ ঐক্যবদ্ধ হয়েছিল। জোতদার, জমিদার, শাসক শ্রেণীর বিরুদ্ধে সমস্ত মানুষ ঐক্যবদ্ধ হতে পেরেছিল বলেই সেদিন দাঙ্গা থেমে গিয়েছিল। সেই দাঙ্গার পরম্পরা আজও চলছে। আজকে আমরা দেখতে পাচ্ছি সেই দাঙ্গা আবার নতুন করে সৃষ্টি হচ্ছে। বিভিন্নভাবে সেই জায়গায় নিয়ে যাওয়ার চেষ্টা করা হচ্ছে। ১৯৪৬ সালে দাঙ্গা হয়েছিল, তখন আমাদের দেশ অবিভক্ত ছিল। নোয়াখালিতে অবিভক্ত বাংলাদেশ—পূর্ববাংলা, তখন তেভাগা আন্দোলনের জন্য সমস্ত কৃষক নির্বিশেষে হিন্দু-মুসলমান, সমস্ত কৃষকরা জোতদার, জমিদারদের বিরুদ্ধে লড়াই করতে পেরেছিল বলে দাঙ্গা

থেমে গিয়েছিল। একমাত্র গণতান্ত্রিক ব্যবস্থা থাকলে দাঙ্গা হয় না, যেকোনো রাজ্যে যদি গণতান্ত্রিক ব্যবস্থা থাকে তাহলেই দাঙ্গা থামতে পারে। যদি মানুষের অধিকার প্রতিষ্ঠিত হয় তাহলেই দাঙ্গা থামতে পারে। তা না হলে দাঙ্গা থামতে পারে না।

আজকে আমরা কি দেখতে পাচ্ছি। আজকে আপনারা বর্ধমানে দেখতে পাচ্ছেন কিভাবে বর্ধমানের খাগড়াগড় কাণ্ড—দেখতে পাচ্ছেন। এই রাজত্বেই আমরা দেখতে পাচ্ছি। অস্বীকার করছেন কেন ? তার নীচের তলায় তৃণমূলের অফিস। তৃণমূল সেই জায়গায় অফিস করে বসে আছে। তার উপরের তলায় কার্যকলাপ চলছে। এই সমস্ত কার্যকলাপগুলো চলছে আপনারা দেখতে পাচ্ছেন। আজকে ১০০ দিনের কাজ, একশো দিনের কাজের টাকার কি হবে ? হ্যাঁ, সেন্ট্রাল গভর্নমেন্ট দিচ্ছে না, তাহলে তার জন্য যা যা আন্দোলন করার করুন, লিখুন, একশো দিনের কাজের টাকা পাচ্ছে না। প্রায় হাজার কোটি টাকার উপর রাজ্যের বাকি আছে। এই টাকা রাজ্য সরকারকে দিতে হবে। এর জন্য আমাদের আন্দোলন করতে হবে, টাকা দিতে হবে। শিক্ষাক্ষেত্রে অরাজকতা, এইসব কথা অনেকে বলেছেন, কিন্তু আমি যে কথা বলতে চাইছি, চা-বাগানের শ্রমিকদের কথা। চা-বাগানে একটার পর একটা শ্রমিক তারা আজকে আত্মহত্যা করতে বাধ্য হচ্ছেন, খেতে পাচ্ছে না, পরতে পাচ্ছে না। অথচ একটু আগে বলে গেলেন উত্তরকন্যার কথা। বলে গেলেন, উত্তরকন্যা উদ্বোধন করে এসেছেন, যেমন উত্তরকন্যা উদ্বোধন করছেন, তখন চা-বাগানের ওই চা-শ্রমিকরা তারা আত্মহত্যা করতে বাধ্য হচ্ছেন, মারা যাচ্ছেন। মুখ্যমন্ত্রীর একবারও সময় হল না, যে চা-বাগানে এসে ওই শ্রমিকদের দেখা করা, শ্রমিকদের উন্নতির জন্য কিছু করার দরকার, তার জন্য তার ভাববার সময় পেলেন না। এই অবস্থা আমরা দেখতে পাই। শুধু উৎসবের পর উৎসব করে যাচ্ছেন আর মানুষের মৃত্যুর মিছিল দেখতে পাচ্ছেন না আপনারা। নীল সাদা রং করলেই শুধু হবে না, ত্রিফলা আলোর মধ্যে দিয়েই পশ্চিমবাংলা অতি উন্নয়নের জায়গায় যাবে না, উন্নয়ন করতে গেলে বিভিন্ন বেকার যুবক যুবতীদের যে সমস্ত যা আছে সেইগুলোকে দেখতে হবে। ইতিমধ্যেই ৮৯জন মহিলাসহ বেকার যুবক আত্মহত্যা করেছেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সমীর কুমার জানা : শ্রদ্ধেয় অধ্যক্ষ মহোদয়, ভারতীয় সংবিধানের ১৭৬নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গে পঞ্চদশ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে, পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল শ্রী কেশরীনাথ ত্রিপাঠীর প্রদত্ত ভাষণ ১৯শে ফেব্রুয়ারী যা এখানে উপস্থাপিত হয়েছে এবং তার উত্তরে যে ধন্যবাদজ্ঞাপক ব্যবস্থা গ্রহণের জন্য বলা হয়েছে, সেই বক্তব্যকে পূর্ণাঙ্গভাবে সমর্থন করে আমি গুটি কয়েক প্রতিবেদন উপস্থাপন করছি। আলোচনার প্রথমেই বলি যে যারা আজকে বিরোধী দলে আছেন, যারা দীর্ঘ সময় ধরে আইনশৃঙ্খলার অবস্থা সম্পর্কে অবহিত করছেন এই সংসদে, আমি শুধু তাদেরকে বলতে চাই যে, আপনাদের পিরিয়ডটা বোধহয় খুব বেশিদিন আগে শেষ করেননি। আপনাদের আমলে গোটা পশ্চিমবঙ্গে যে ধরনের আইন-শৃঙ্খলা ছিল, যে অরাজকতা ছিল, যে খুন জখম থেকে রাহাজানি থেকে আলিমুদ্দিন স্ট্রিটের নির্দেশ মেনে যেভাবে করে কাজকর্ম চলত, তার নজির হিসাবে গোটা পশ্চিমবঙ্গে সেই ধানতলা থেকে, বানতলা থেকে আরম্ভ করে,

মরিচঝাঁপি থেকে আরম্ভ করে, ওদিকে সিঙ্গুরে তাপসী মালিকের হত্যাকাণ্ড, নন্দীগ্রামের হত্যাকাণ্ড থেকে আরম্ভ করে পশ্চিম মেদিনীপুরের ছোট আঙাড়িয়ার কাণ্ড, নেতাই কাণ্ড থেকে আরম্ভ করে, সূচপুরে যে গণহত্যাগুলো হয়েছিল, বর্ধমানের সাঁইবাড়ীর যে গণহত্যাগুলো আপনারা করেছিলেন, আপনারা কি বলতে পারেন, ২০১১ সালে মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরে আপনাদের এই পরিকল্পিত চক্রান্ত করে যে গণহত্যাগুলো বাংলার বুকে আপনারা করেছিলেন, '১১সালে মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরে অনুরূপ একটা ঘটনা ঘটেছে কিনা, এটা আপনাদেরকে জানানোর জন্য আমি অনুরোধ জানাব। একটার পর একটা অত্যাচার করেছেন, আজকে বলছেন, আপনারা থাকতে পারেননি এলাকায়, এর আগে আপনাদের কোন রাজত্ব ছিল ? তৃণমূল কংগ্রেস করার অপরাধে কোনো মানুষ কি তার নিজ নিজ বাড়িতে থাকতে পারত ? তাদেরকে ঘর ছেড়ে আজকে বহুদিন চলে যেতে হয়েছে। কত রক্তাক্ত অধ্যায়ের সূচনা করেছেন আপনারা। সেই আপনারা বলতে চাইছেন যে আজকে আইনের শাসন নেই, আমি আপনাদের কাছে বলতে চাই, আইনের যদি শাসন না থাকতো, আজকে যে মিডিয়া যে অবস্থাতে যে প্রচারের জায়গাতে রয়েছে, বিগত দিনে আপনাদের সময়ে যে অত্যাচার হত, তার অধিকাংশ অত্যাচারের ঘটনা থানায় পেশ করবার মতো সুযোগ থাকত না। আজকে সামান্য কোথাও ঘটনা ঘটে গেলে মিডিয়ার সৌজন্যে সেটা আজকে চারিদিকে ব্যাপৃত হচ্ছে। আর আজকে আপনারা এখন যে সমস্ত ঘটনাগুলো বলছেন, আপনারা অত্যাচারিত হচ্ছেন, সেগুলো কি নিশ্চয় আজকে মিডিয়ার সৌজন্যে সেগুলো কি প্রচারিত হচ্ছে না ? এটা কি আপনারা বলতে পারবেন, মাননীয়া মুখ্যমন্ত্রী দায়িত্ব নেওয়ার পরে এমন কোনো ঘটনা ঘটে গেছে, যেখানে তিনি কোনো দায়িত্ব নিয়ে তার বিরুদ্ধে কোনো পুলিশি ব্যবস্থা গ্রহণ করেননি ?

[4.40—4.50 p.m.]

এইরকম কি কোনো নজির আছে ? একটা নজির দেখান। বরং এটাও বলতে পারি যে তৃণমূল কংগ্রেস হোক বা যে যত বড় আধিকারিক হোক না কেন, তিনি নিজের দল বলে কোনোদিন দেখেন না। সেই কারণে আপনাদের অভিযোগ পাওয়ার সঙ্গে সঙ্গে সে আরাবুল হতে পারে, কাউর হতে পারে, অন্য কেউ হতে পারে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করে তাদের যেমন থানায় পাঠিয়েছেন, জেলে পাঠাতেও দ্বিধা করেননি। এর মধ্য দিয়ে আমরা বলতে চাই আজকে গণতান্ত্রিক অধিকারকে প্রতিষ্ঠিত করার জন্য মা-মাটি-মানুষের সরকার একের পর এক চেষ্টা করেছেন। আজকে জঙ্গলমহলের কথা বলছেন। সেই জঙ্গলমহলে কিভাবে একের পর এক উন্নয়ন সংগঠিত হয়েছে, যেজন্য আজকে জঙ্গলমহলে সম্পূর্ণ শান্তি প্রতিষ্ঠিত হয়েছে। যে জঙ্গলমহলে এর আগে আপনারা কেউ যেতে পারতেন না, আপনাদের সময়কার মুখ্যমন্ত্রী সেখানে যাওয়ার সাহস দেখাতে পারেননি, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী নির্বাচনের আগে এবং নির্বাচনের পরবর্তীকালে সেই এলাকায় গিয়ে আজকে শান্তি প্রতিষ্ঠা করতে পেরেছেন। জঙ্গলমহলে যারা মাওবাদীর দিকে চলে যাওয়ার চেষ্টা করেছিলেন তাদের আজকে আর্থ-সামাজিক উন্নয়নের মধ্য দিয়ে, তাদের চাকরির

ব্যবস্থার মধ্য দিয়ে, শিক্ষা, স্বাস্থ্য, সংস্কৃতি সমস্ত কিছু পরিবর্তন করার ফলে সেখানকার মানুষ আজকে আমাদের সরকারকে সমর্থন করেছেন। সেখানে আজকে উৎসব হয়। যে কোনো নির্বাচনের আগে আপনাদের সময় মানুষ ভোট দিতে পারত না। এখন সেই নির্বাচনকে কেন্দ্র কের সারা রাত্রিব্যাপী উৎসবের মধ্য দিয়ে জঙ্গলমহলে কাজ হচ্ছে। এটা তো বলবেন। আজকে মা-মাটি-মানুষের সরকার উন্নয়ন যা করছেন, অর্থাৎ আপনাদের যদি লক্ষ্য থেকে থাকে যে কেবলমাত্র নিছক বিরোধিতার জন্য বিরোধিতা করবেন তাহলে তা করতে পারবেন। সেখানে আমাদের কিছু বলার নেই। আমরা মনে করি, মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রী আজকে ফাস্ট ট্রাক কোর্টের মধ্যে দিয়ে সেখানে ব্যবস্থা গ্রহণ করেছেন। অতি দ্রুত যাতে বিচারব্যবস্থাকে সুন্দরভাবে একটা রেজাল্ট যাতে পাইয়ে দেওয়া যায় তার জন্য তিনি ব্যবস্থা গ্রহণ করেছেন। এছাড়া আপনারা জেনেছেন, যে ২০টি মহিলা পরিচালিত থানা এবং কোস্টাল থানাগুলি তৈরি করা হয়েছে, সাইবার সংক্রান্ত যে সমস্ত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, এগুলোর মধ্য দিয়ে তার জন্য তিনি আজকে অনেক উন্নত ব্যবস্থা গ্রহণ করতে পেরেছেন। আমরা মনে করি, আজকে সংখ্যালঘু উন্নয়ন আপনারা সবাই প্রতিবাদ করেছিলেন, আমরা মনে করি আজকে মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হওয়ার ফলে এবারের বাজেটে ১৭৩৭ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। ২০টি জেলাতে সংখ্যালঘু ভবনের উদ্যোগ গ্রহণ করা হলেও ১৫টি ভবন ইতিমধ্যে তৈরি করা হয়েছে। আমরা দেখতে পাচ্ছি, রাজারহাটে, নিউ আলিয়া বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাস তৈরি করার ব্যবস্থা নেওয়া হয়েছে। একের পর এক কাজ হচ্ছে। এস সি সম্প্রদায়ের মধ্যে সেখানে সংবিধান অনুযায়ী আজকে পড়াশুনার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এরপরে আমরা দেখতে পাচ্ছি, '১৪ সালে নয় লক্ষ জাতিগত শংসাপত্র প্রদান করা সম্ভব হয়েছে। এটা আমরা মনে করি মা-মাটি-মানুষের সরকারের অ্যাচিভমেন্ট। এই অ্যাচিভমেন্ট তো আপনাদের সরকার তুলে ধরতে পারেননি। আজকে শিক্ষাশ্রীর মধ্য দিয়ে গোটা পশ্চিমবঙ্গে একটা নতুন দিগন্তের সূচনা করা হয়েছে। পঞ্চম শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীরা ওই প্রকল্পের মধ্য দিয়ে তাদের আর্থিক বুনিয়াদ দৃঢ় করার চেষ্টা করছে। আর একটা কথা বলি, আপনারা বারবার করে সরকারের নানাবিধ ব্যর্থতার কথা প্রচার করে থাকেন। আপনারা বলতে পারবেন, আপনারা কি কখনো কন্যাশ্রী প্রকল্প নিয়ে চিন্তা-ভাবনা করেছিলেন ? ভারতবর্ষের এতগুলো অঙ্গরাজ্য আছে কোনো রাজ্য থেকে এভাবে নতুন উদ্ভাবনী শক্তির মাধ্যমে একটা অভিনব পদ্ধতির তিনি ব্যবস্থা করেছেন। এই পদ্ধতির মধ্য দিয়ে কেউ কি বলতে পারবেন কেবলমাত্র তৃণমূল কংগ্রেসের বাড়ির মেয়েরাই উপকৃত হয়েছে ? এখানে সমস্ত মানুষ, সমস্ত বাড়ির মেয়েরা উপকৃত হচ্ছে। আজকে যে কারণের জন্য ইউনিসেফ সহযোগিতা করছে, এটা আমাদের সৌভাগ্য। বিরোধিতার কথা ভুলে গিয়ে একবার কি ভেবে দেখবেন ব্রিটিশ পার্লামেন্ট থেকে সাংসদরা পশ্চিমবঙ্গ বিধানসভায় উপস্থিত হয়েছিলেন কেন ? তারা দেখছিলেন, এই প্রকল্পের প্রেজেন্টেশান। পশ্চিমবাংলা কিভাবে এত বড় একটা সুন্দর পরিকল্পনা গ্রহণ করেছে। আজকে বিরোধিতার জন্য কেবলমাত্র বিরোধিতা করবেন না। এত বড় একটা কল্যাণকারী অধ্যায় মমতা ব্যানার্জী সূচনা করলেন, তার জন্য আপনারা কি

প্রশংসা করতে পারবেন না ? গোটা ভারতবর্ষ যেটা করতে পারেননি, মমতা ব্যানার্জী সেটা করে বিশ্বের দরবারে তার আসনটাকে তিনি প্রতিষ্ঠিত করতে পেরেছেন। আমি মনে করি, বিরোধিতার প্রশ্নে বিরোধিতা না করে যেগুলো কল্যাণমূলক কাজ সেগুলোকে সহযোগিতা করার জন্য আবেদন জানাচ্ছি। আজকে যে অর্থনৈতিক দুরবস্থা চলছে, তার জন্য বিগত সরকার দায়ী। এর জন্য প্রতি বছর ২৮ হাজার কোটি টাকা করে কেন্দ্রীয় সরকার সুদ ও আসল বাবদ কেটে নিচ্ছে। এ পর্যন্ত আমরা প্রায় ১ লক্ষ কোটি টাকা কেন্দ্রীয় সরকারের নিকট সুদ ও আসল বাবদ দিতে বাধ্য হয়েছি। এই আর্থিক দুরবস্থার মধ্য দিয়ে বাংলাকে একটা নতুন জায়গায় টেনে নিয়ে আসার জন্য কর কাঠামোকে পরিবর্তন করে কর সংগ্রহের মাধ্যমে ২১ হাজার কোটি টাকা থেকে সেই জায়গায় আজকে ৪০ হাজার কোটি টাকায় নিয়ে আসা হয়েছে। প্রভূত আর্থিক দায় স্বীকার করেও নতুন পরিকল্পনার মাধ্যমে এই যে পরিকল্পনা কিভাবে করে এই অবস্থার মধ্য থেকে কিভাবে উন্নয়ন সংগঠিত হয়, তিনি আজকে দেখিয়ে দিয়েছেন। আজকে কৃষির ক্ষেত্রে তিনি কল্যাণ সাধন করে গেছেন। পরপর তিন বছর কৃষির ক্ষেত্রে কৃষি কর্মণ বিশেষ উপাধিতে ভারত সরকার কেন আজকে পশ্চিমবঙ্গকে সম্মানিত করেছেন ? এর উত্তর আপনারা দেবেন না ? কৃষিতে এত যন্ত্রপাতি কখনো দেওয়া হয়নি। আজকে এলাকার গরিব চাষীদের কাছে এই যন্ত্রপাতি সরকার থেকে পৌঁছে দেওয়া হয়েছে এবং কৃষির সাফল্যটাকে তুলে ধরবার জন্য চেষ্টা করা হচ্ছে, এই ব্যাপারটা আপনারা কখনো ভেবে দেখবেন না ? এইগুলো নিয়ে অহেতুক মানুষের মধ্যে বিভ্রান্তি তৈরি করবার জন্য আপনারা চেষ্টা করছেন। আজকে ৩৫ লক্ষ কিষান ক্রেডিট কার্ড দেওয়া হয়েছে, আর্থ-সামাজিক দিক থেকে এই কিষান ক্রেডিট কার্ড একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। আজকে 'নিজগৃহ, নিজভূমি' এই প্রকল্পের অধীনে ২ লক্ষ ৩০ হাজারেরও বেশি পাট্টা বিতরণ করা হয়েছে। গৃহহীন মানুষদের গৃহ প্রদানের লক্ষ্যে এই সরকার এই কাজ করেছে। পি এম জি এস ওয়াই-র আওতায় আমরা ২০১৪ সালে ১,৭৩৮ কিলোমিটার রাস্তা নির্মাণ করেছি। 'জল ধরো জল ভরো'। এই কর্মপ্রকল্পের আওতায় পাঁচ বছরে ৫০,০০০ পুকুর কাটার কথা ছিল, সেই জায়গায় ১,১৮,১৬৪টি পুকুর কাটা হয়েছে। এখানে আমরা যেমন জল ধারণ করছি, তেমনি সেই জলকে আবার কাজে লাগানোর চেষ্টা করছি। গরিব দুস্থ মানুষদের কাছে এই পুকুর কাটার মধ্যে দিয়ে আর্থ-সামাজিক অবস্থারও উন্নতি ঘটানো সম্ভব হয়েছে। এর পরেও আপনার যদি বলেন কোনো উন্নয়ন হয়নি, মা-মাটি-মানুষের সরকার কোনো কাজ করেনি, তাহলে এই ব্যাপারে আমাদের বলার কিছু নেই। ইতিমধ্যেই আমাদের রাজ্যে ৮৪টি 'কৃষক বাজার' নির্মাণের কাজ সম্পূর্ণ হয়েছে এবং ৮৮টির কাজ চলছে। অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকদের জন্য এই বছর ১০ লক্ষ 'সামাজিক মুক্তি কার্ড' নামে একটি স্মার্ট কার্ড বণ্টন করা হয়েছে। আপনাদের আমলে আপনারা এই কাজ কেন পারেননি ? এই সামাজিক মুক্তি কার্ডের মধ্যে দিয়ে অসংগঠিত শ্রমিকদের জন্য রাজ্য সহায়তাপ্রাপ্ত ভবিষ্যনিধি তহবিল কর্মপ্রকল্পের মাধ্যমে একটি মাইল ফলক অতিক্রম করেছে। আজকে লোডশেডিং কথাটা বাংলার মানুষ ভুলতে বসেছে। আমরা সুন্দরবনের অধিবাসী হিসাবে আজকে গর্বিত। এটি একটি নদীবেষ্টিত এলাকা, এখানে কোনদিন বিদ্যুৎ

যাবে না বলে মানুষ জানত। সেই জায়গাতে টাওয়ারের মাধ্যমে আজকে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। আজকে এই সরকার মানুষের কল্যাণ করছে, এই কল্যাণকে যদি আপনারা উপেক্ষা করেন, তাহলে আপনারা সত্যকে অস্বীকার করছেন। 'যুবশ্রী' প্রকল্পে এক লক্ষ বেকারকে মাসে ১৫০০ টাকা করে আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে। 'লোক প্রসার প্রকল্পের' মাধ্যমে লোকশিল্পীদের সাহায্য করার চেষ্টা হচ্ছে। এই সরকার ১৮৫টি নতুন প্রাথমিক এবং ৩৩৭টি নতুন উচ্চ প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদন দিয়েছে। মানুষের চাহিদার কথা ভেবেই সরকার পরিকাঠামো উন্নয়নের চেষ্টা করছে। আপনাদের আমলে হাসপাতালগুলোর কি অবস্থা ছিল ? মা-মাটি-মানুষের সরকার ক্ষমতায় প্রতিষ্ঠিত হওয়ার পরে হাসপাতালগুলোতে আজকে এগারো হাজারেরও বেশি শয্যাসংখ্যা বৃদ্ধি করা হয়েছে এবং ডাক্তার তৈরি করার জন্য আসন সংখ্যা ১৩৪৫টি বৃদ্ধি করা হয়েছে। এছাড়াও মাল্টি স্পেশালিটি হাসপাতাল এবং সুপার স্পেশালিটি হাসপাতাল তৈরি করে স্বাস্থ্যের মানোন্নয়নের চেষ্টা করা হয়েছে। এস.এন.সি.ইউ. আগে ছয়টি ছিল, এখন আটচল্লিশটা হয়েছে। আজকে এস.এন.এস.ইউ. তৈরি করা হয়েছে, যেটা আগে ছিল না। ১৯টি গুরুতর অসুস্থ পরিচর্যা ইউনিট অর্থাৎ সি.সি.ইউ. তৈরি করা হয়েছে। আজকে সরকারি-বেসরকারি অংশীদারিত্বে পি পি পি মডেলে ৯৪টি নায্যমূল্যের ওষুধের দোকান খোলা হয়েছে। একটা ঐতিহাসিক সিদ্ধান্ত গ্রহণ করেছে এই সরকার, এর ফলে বহু মানুষ কম পয়সায় ওষুধ পাচ্ছে। আজকে ইকনমিকালি উইকার সেকশানের মানুষদের জন্য একটা যুগান্তকারী ঘটনা ঘটে গেছে, 'গীতাঞ্জলি' কর্মপ্রকল্পের অধীনে অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণীর মানুষজনের জন্য ১৭,৯৬৭টি এবং 'আমার ঠিকানা' কর্মপ্রকল্পের অধীনে ১৪,৩৭৩টি গৃহ নির্মাণের প্রস্তাব মঞ্জুর করা হয়েছে। এইসব মানুষদের অধিকার প্রতিষ্ঠার জন্য চেষ্টা করা হচ্ছে। আজকে সুন্দববনের মানুষ হিসাবে গর্ব অনুভব করি, প্রাকৃতিক দুর্যোগ হলে আমরা আতঙ্কিত হয়ে পড়তাম, ওখানে ১৮৫টি ফ্লাড শেলটার নির্মিত হতে যাচ্ছে। এটা একটা ঐতিহাসিক সিদ্ধান্ত। মা-মাটি-মানুষের সরকারের পক্ষ থেকে রাজ্যে শান্তির বাতাবরণ তৈরি করার চেষ্টা হচ্ছে। যখন সি.পি.এমের আমলে তৃণমূলের মানুষরা মার খাচ্ছিলেন তখন কংগ্রেসি বন্ধুরা কোথায় ছিলেন ? সেজন্য আমাদের বর্তমান মুখ্যমন্ত্রী খোলা আকাশের নীচে ধর্মতলায় ২৬দিন অনশন করেছিলেন। তিনি সিঙ্গুরে আন্দোলন করতে গিয়েছিলেন, নন্দীগ্রামে গিয়েছিলেন, তখন সুশান্তবাবুরা কি করেছিলেন তা আমরা সকলে জানি। পরবর্তীকালে মাটির তলা থেকে সেখানে মানুষের কঙ্কাল উদ্ধার হয়েছে। নন্দীগ্রামের বুকে যে হত্যাকাণ্ড হয়েছিল তার নায়ক ছিল বামপন্থী দলের প্রতিভূরা।

[4.50—5.00 p.m.]

প্রতিনিয়ত ওই নন্দীগ্রামের বুকে যে হত্যাকাণ্ড হয়েছিল মানুষকে নৃশংসভাবে যারা হত্যা করেছিল মৃত্যুর এইসব ঘটনার সবগুলোকে অচল করবার চেষ্টা করা হয়েছিল। তাদেরকে ধরা হয়নি। দু-মিনিটের মধ্যে তাদের জামিন হয়ে গিয়েছিল। কারা গিয়েছিলেন ? আপনারা সেখানে গিয়ে বলেছিলেন, এরা আমার দলের সম্পদ। যারা দলের সম্পদ বলে, মাটি নীচ থেকে যারা কঙ্কাল তুলে আনার চেষ্টা করে থাকে, সে সমস্ত দায়িত্বশীল ব্যক্তিত্ব, আজকে

মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রীর নেতৃত্বে যে সরকার চলছে, তার সমালোচনা করবার অধিকার তাদের আছে কিনা, তা একবার আমি ভেবে দেখতে বলবো। গতকাল দেখেছেন আমাদের ভারত বনাম দক্ষিণ আফ্রিকার মধ্যে একটা ক্রিকেট খেলা হচ্ছিল। সেখানে প্রথমে যদি দেখতেন, কি অবস্থা, সবাই চিন্তা-ভাবনা করছিল, ভারত বোধহয় জিততে পারবে না। কিন্তু মাথা ঠান্ডা করে যেভাবে সমস্ত বাধা-বিপত্তিকে দূরে সরিয়ে রেখে সেখানে আমরা জয়যুক্ত হতে পেরেছি। এটা অতি পরিষ্কার, যত আয়লা, যত অন্যান্য ঘটনা, যত সিঙ্গুর-এর ঘটনা ঘটিয়েছেন আপনারা—এখন পরবর্তীকালে আপনারা সারদা সারদা করে অনেক কথা বলেছেন কিন্তু মানুষের দরবারে আপনাদের কোনো স্থান নেই। এখানে মাথা ঠান্ডা করে মমতা ব্যানার্জীর সরকার যেমনভাবে জিতে আসতে পেরেছে, কৃষ্ণগঞ্জ থেকে আরম্ভ করে বনগাঁ। তেমনিভাবে প্রত্যেকটি জায়গায় আপনারা পরাজিত হবেন, আপনাদের চিন্তা-ভাবনার পরিবর্তন ঘটান। মা-মাটি-মানুষের সরকার যা করছেন উন্নয়নের জন্য। গোটা ভারতবর্ষ, ভারতবর্ষের বাইরে মানুষ মাথা উঁচু করে তাকে সমর্থন করছে। তাকে সমর্থন করবার জন্য আহ্বান জানাই এবং আজকে মাননীয় রাজ্যপাল যে বক্তব্য পেশ করেছেন তাকে পূর্ণাঙ্গ সমর্থন করে বক্তব্য শেষ করছি।

শ্রী পরেশ চন্দ্র অধিকারী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় রাজ্যপাল মহাশয়, গত ১৯ তারিখ এই মহতী বিধানসভায় যে ভাষণ প্রদান করেছেন—সেই ভাষণের বিষয় নিয়ে আমার বিরোধী বন্ধু অনেকেই কতগুলো বিষয় আলোচনা করেছেন, আমি সেই বিষয়ে যাচ্ছি না। শুধু যে বিষয়গুলো উল্লিখিত হয়নি আমি সেই বিষয় দিয়েই আমার বক্তব্য শুরু করছি। আমি প্রথমেই মাননীয় রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে কয়েকটি কথা এখানে বলছি। আমরা সকলেই জানি যে মাননীয় রাজ্যপাল তিনি যে ভাষণ প্রদান করেছেন তা রাজ্যের সরকারের তৈরি করা বয়ান, তিনি তা এখানে পাঠ করেছেন। সেটাই হচ্ছে ঘটনা। তিনি রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিষয়ে ভূয়সী প্রশংসা করেছেন। যেটা উনার নিজস্ব বক্তব্য নয়। কারণ আমরা কয়েকটা বিষয়ে উনার বক্তব্য কয়েক দিন আগেই—এই ভাষণের দুদিন আগেই তাঁর বক্তব্য শুনেছি। উনি রাজ্যের, বিশেষ করে কল্যাণী বিশ্ববিদ্যালয় সম্পর্কে তিনি গভীর অসন্তোষ প্রকাশ করেছিলেন প্রকাশ্যেই। তিনি এখানেই থেমে থাকেন নি। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ঘটনা সহ রাজ্যের অন্যান্য অনেক ঘটনা, তিনি প্রকাশ্যেই তার বিরক্তির কথা বারে বারেই উচ্চারণ করেছেন। তিনি সেটা গোপনও করেননি, কিন্তু রাজ্যপাল যেদিন এখানে ভাষণ দিলেন সেটা ঠিক, না তিনি বাইরে যেটা বললেন সেটা ঠিক ? আমরা বাইরেরটাই ধরে নেবো কারণ এটা সরকারী বয়ান, তৈরি করে দেওয়া, একটা নিয়মমাফিক, যে নিয়মমাফিক বয়ান, সেটা তিনি এখানে পাঠ করেছেন, এই মহতী বিধানসভায়। রাজ্যপাল তিনি এই মহতী সভায় আইন-শৃঙ্খলার কথা বলেছেন। আমার বন্ধুরা অনেকেই আইন-শৃঙ্খলার বিষয় নিয়ে নানারকম বক্তব্যে নানান বিষয় উল্লেখ করেছেন। আমি সেইদিকে যাচ্ছি না। শুধু বলছি, কন্যাশ্রী প্রকল্পের সাফল্যের কথা এখানে বলা হয়েছে। যেটা গর্বের প্রকল্পের কথা বলা হচ্ছে। কিন্তু আমি এ কথা একেবারে পরিষ্কার করে বলতে পারি, রাজ্যবাসী জানেন, যে আজকে আমাদের রাজ্যের কন্যারাই বিপন্ন। তারা নিরাপত্তাহীনতায়

ভুগছে। আজ আমাদের এই রাজ্যে শুধু কন্যারা নন, আমাদের মা-বোনেরা তারাও। নারী নির্যাতন, ধর্ষণ অন্যান্য বিষয় নিয়ে বারে বারেই আমরা দেখছি খবরের কাগজে বিষয়গুলো উঠে আসছে। বারে বারেই এই বিষয়টা সমালোচিত হচ্ছে। আমরা যদি বলি, পার্কস্ট্রীট থেকে পাড়ুই, কাটোয়া থেকে কামদুনি, আমাদের এই উত্তরবঙ্গের আমাদের এই বিরোধী দলের বিধায়ক উনি উপস্থিত আছেন ধূপগুড়ি এলাকায়—কি সাংঘাতিক ঘটনা ১লা সেপ্টেম্বর ২০১৪ হিমানি বর্মণ দশম শ্রেণীর ছাত্রী, তার বাবাকে নিয়ে সালিশি সভা হচ্ছিল। তার অপরাধ, তিনি সালিশি সভায় গিয়ে প্রতিবাদ করেছেন তার বাবার উপর কেন অত্যাচার করা হচ্ছে। এই অত্যাচারের বিষয়ে প্রতিবাদ করার বিষয় নিয়ে আমরা দেখলাম—হিমানি বর্মণকে আর পাওয়া গেল না, তার পরের দিন পাওয়া গেল—সেই হিমানি বর্মণ তাকে পাওয়া গেল রেললাইনের ধারে যার দেহে কোনো বস্ত্র ছিল না। আজ হিমানি বর্মণকে চলে যেতে হল। শুধু হিমানি বর্মণ নয়, আমাদের নিজস্ব এলাকায় হলদিবাড়ি, সেখানে আমরা দেখছি এই হলদিবাড়িতে যেখানে উত্তর বড় হলদিবাড়ি নবম শ্রেণীর ছাত্রী তিনি ধর্ষিতা হলেন এবং এই ধর্ষণের ব্যাপার নিয়ে এফ.আই.আর হল—আজও কিন্তু সেখানে যারা অপরাধী তারা কিন্তু গ্রেফতার হল না। এখানে আমার দিনহাটার বিধায়ক উপস্থিত আছেন। আর দিনহাটায় বারে বারেই থানার উপরে সাধারণ মানুষরা যাচ্ছেন, বিচার চাইছেন। বলছেন, অপরাধীরা ঘুরে বেড়াচ্ছেন—আপনার থানার পাশ দিয়ে যাচ্ছেন, একে গ্রেফতার কথা হোক। আজ কিন্তু মাতাল হাটের সেই ঘটনায়, ধর্ষণকারীদের মধ্যে একজনকে গ্রেফতার করা হয়েছে। আজও পর্যন্ত অন্যরা কিন্তু ঘুরে বেড়াচ্ছেন থানার সামনে দিয়ে, তাদেরকে ছোঁয়া হচ্ছে না। আজ গোটা রাজ্যের চিত্রটা একই রকম। আজ আইন-শৃঙ্খলার কথা যেখানে বলা হচ্ছে—সমগ্র রাজ্যবাসীর মাথা হেঁট হয়ে যায়—আমরা যখন দেখছি যে আমাদের এই রাজ্যের শুধু সাংবাদিকরা শুধু নয়, আমাদের রাজ্যের বাইরের সাংবাদিকরা তারা ছুটে যাচ্ছেন। গত ১৭ জানুযায়ী ২০১৫ আমাদের এই রাজ্যেই বীরভূমের সাত্তোরের ঘটনা আমাদের মাথা হেঁট হয়ে যায়। যখন দেখছি মহিলার উপর বর্বরোচিত আক্রমণ পুলিশ নিজেরাই তারা শাসন করবেন যারা ক্ষমতায় আছেন, যারা আমাদের রক্ষাকর্তা তারা যেভাবে বর্বরোচিত আচরণ করলেন—এই ঘটনা আমাদের মাথা হেঁট হয়ে গেল। আর শুধু ছাত্র-ছাত্রীরা নয়। আমরা দেখছি গোটা পশ্চিমবঙ্গেই প্রতিনিয়তই ঘটে যাচ্ছে যার উল্লেখ আমাদের মহামান্য রাজ্যপালের ভাষণে দেখলাম তার বিপরীত কথা—এখানের ভাষণের মধ্যে দিয়ে বলে গেলেন। আজ এই রাজ্যে চিট ফান্ডের কথা অনেক বন্ধুরাই বলেছেন। যে চিট ফান্ডের বিষয় নিয়ে একটি কথাও উচ্চারিত হল না। যেখানে রাজ্যের ১৭ লক্ষ মানুষ যারা এই কেলেঙ্কারির সাথে, যারা আমাদের এই চিট ফান্ডের সাথে জড়িত। রাজ্যের সর্ববৃহৎ কেলেঙ্কারি যে ২৫ হাজার কোটি টাকার কেলেঙ্কারি—যেখানে শতাধিক মানুষ আত্মহত্যা করেছেন, এ ব্যাপারে একটা কথাও উচ্চারিত হল না, আমাদের এই রাজ্যপালের ভাষণে যে বিষয়টা আমরা আশা করেছিলাম। আজ আমরা দেখছি আমাদের রাজ্য পশ্চিমবঙ্গ গোটা অর্থনীতি যেখানে কৃষির উপর নির্ভর, যেখানে রাজ্যের ৭০ শতাংশ রাজ্যের মানুষ যে কৃষির উপর নির্ভর, সেই কৃষকরা আজ বিপন্ন। এই কথা

কিন্তু একটি বারের জন্য উচ্চারিত হল না। আজ আমরা কি দেখছি যে আমাদের এখানে—কৃষকদের জন্য আমাদের বাজেট ভাষণে দশ পৃষ্ঠায় দেখছি, কৃষকদের কাছ থেকে ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা যেখানে ধরা হয়েছিল ১২ লক্ষ মেট্রিক টন, সেখানে বাজেট ভাষণে বলা হল চার লক্ষ মেট্রিক টনের মতন ধান সংগৃহীত হয়েছে। আজ আমরা দেখছি যে সাধারণ মানুষ যারা এই ধান বিক্রি করে-যারা প্রতিনিয়ত অভাবের কারণে বিক্রি করতে বাধ্য হচ্ছেন, সেখানে কিন্তু সরকারী কোনো বিক্রির ব্যবস্থা নেই, কোনো ক্যাম্প নেই। কোনো জায়গায় সরকারী—সেখানে কিনবার জন্য সেই রকম কোনো ব্যবস্থা করা হয়নি। যে ব্যবস্থা করা অত্যন্ত প্রয়োজন—আমাদের এই রাজ্যের অভাবী ধান বিক্রি বন্ধ করা অত্যন্ত জরুরি। প্রতি কুইন্টাল যেখানে ৩১০ টাকা থেকে ৩৫০ টাকা তারা ক্ষতি করছেন—সরকারী যে দাম ধার্য করা হয়েছে, সেই ধার্য দামের নীচে তারা ধান বিক্রি করতে বাধ্য হচ্ছেন। এই ব্যাপার নিয়ে একটি বাক্য উচ্চারিত হয়নি, আমাদের এই রাজ্যপালের ভাষণে। আজ আমরা দেখছি শুধু কৃষকরাই বঞ্চিত নয়, আজ কৃষকদের সঙ্গে বারে বারে দেখছি আমাদের এই রাজ্যের শিল্পের কথা।

[5.00—5.10 p.m.]

যে শিল্পের কথা মাত্র ১১ লাইনের মধ্যে শেষ করেছেন তিনি এই ভাষণের মধ্যে দিয়ে। স্যার, শিল্প স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যানের দায়িত্ব আপনি আমাকে নিজেই দিয়েছেন। আমরা দেখছি গোটা রাজ্যের অবস্থা কোন জায়গায়। কিছুদিন আগে আমরা গিয়েছিলাম হলদিয়ায়। হলদিয়ায় যে শিল্পগুলো আমরা গত কয়েক বছর আগে, ২০১২ সালে প্রথম যখন আমরা ভিজিট করি, ভিজিট করে যখন আমরা ঘুরে আসি, আজকে দেখছি মিতসুভিসি আর কয়েক দিনের মধ্যে বন্ধ হওয়ার মুখে। হলদিয়া পেট্রোকেমিক্যালের কথা আপনারা নিজেরাই জানেন। সেখানকার প্রত্যেকটা কারখানা আজকে ধুঁকছে। যে কোনো মুহূর্তে বন্ধ হয়ে যাবে। আমরা দেখছি আমাদের এখান থেকে জিন্দালরা চলে গেলেন। আমরা দেখছি এখান থেকে টাটারা তো অনেক আগেই চলে গেছেন। হিন্দুমোটর তো আমরা দেখছি বন্ধ করে দিতে বাধ্য হলেন। শুধু এই হিন্দমোটর নয়, লক্ষ লক্ষ বেকার বাড়ছে। যে কটা শিল্প আমাদের এখানে চালু আছে, সেই কটা শিল্প কিন্তু বন্ধ হওয়ার মুখে। আজকে যে অবস্থাটা চলছে আমাদের এখানে শিল্পগুলো, শিল্পের নামে জমি কিনেছিল, আমরা উল্লেখ করেছিলাম, আমরা বারে বারে শিল্পমন্ত্রীকেও বলেছিলাম যে শিল্পগুলো জমি আমাদের রাজ্য থেকে নিয়েছিলেন, যারা বেকারদের চাকুরি দেবেন বলেছিলেন, যারা আমাদের প্রতারণা করলেন তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিন। কিন্তু আমরা দেখলাম কোনো ব্যবস্থাই গ্রহণ করা হল না। সরকার থেকে বলে দেওয়া হল যে, এদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। এই জমিতে যদি শিল্প করা না হয়, তাদেরকে আমরা চিঠি দিয়ে জানাবো এবং নির্দিষ্ট তারিখ দেওয়া হবে যে তারিখের মধ্যে তারা যদি এখানে শিল্প স্থাপন না করেন, সেই জমিগুলো আমরা কেড়ে নিয়ে অন্য শিল্পপতিদের দেবার ব্যবস্থা করবো। কিন্তু আমরা দেখলাম কাজের কাজ কোনো কিছুই হলো না, যারা শিল্পের নামে জমি অধিগ্রহণ করেছিলেন তাদের বিরুদ্ধে কোনো ব্যবস্থাই নিলেন না। আর্থিক শৃঙ্খলার প্রশ্নে সরকার সমস্ত নিয়মকানুনকে তোয়াক্কা না করে যেভাবে বাজার

থেকে ঋণ নিচ্ছেন, আমরা ভাবছি যে এই সরকার আত্মসামাজিক পরিকাঠামো সমস্তটাই না ভেঙে পড়ে। অবস্থাটা সাংঘাতিক। আমাদের এখানে রাজ্যের মানুষদের মন অন্য দিকে ঘোরানোর জন্য শুধু উৎসবে মাতোহারা। আমার দেখছি শুধুই উৎসব। মাটির উৎসব, আমরা দেখছি জঙ্গলমহলের উৎসব, আমরা দেখছি সৈকত উৎসব, আমরা দেখছি উত্তরবঙ্গ উৎসব, আমরা দেখছি পাহাড় উৎসব, আমরা দেখছি চা-উৎসব, আমরা দেখছি ফিল্ম উৎসব, আমরা দেখছি যাত্রা উৎসব। খালি উৎসবেই মাতোহারা। অথচ আমাদের এই রাজ্যে আমার বিধবা মায়েরা পেনশান পাচ্ছেন না নিয়মিত। তারা বারেবারেই যাচ্ছেন, একবার বলা হচ্ছে পোস্ট অফিসের মাধ্যমে আর পেনশান দেওয়া হবে না, আপনারা ব্যাঙ্কে জিরো ব্যালেন্সের বই করুন। তারা ব্যাঙ্কের দুয়ারে দুয়ারে ঘুরছেন, ব্যাঙ্কের বই আর হচ্ছে না। তারা বারে বারেই বঞ্চিত হচ্ছেন। শুধু আমার বিধবা মায়েরাই নয় বার্ধক্য ভাতা পাচ্ছেন না। আমার কৃষক ভায়েরা যারা দীর্ঘ দিন জমির সাথে লড়াই করেছেন, যারা শেষ বয়েসে পেনশানের তালিকায় অন্তর্ভুক্ত হয়েছেন, তারাও বারে বারে দুয়ারে দুয়ারে ঘুরছেন, একবার পোস্ট অফিসে যাচ্ছেন, একবার প্রধানের কাছে যাচ্ছেন, একবার আমাদের বিধায়কদের কাছে ছুটে আসছেন। কি নরক যন্ত্রনায় ভুগছেন ! অথচ আমরা সকলেই উৎসবের বন্যার মধ্যে দিয়ে আমরা ছুটে বেড়াচ্ছি। আমাদের রাজ্যে যা অবস্থা, শুধু একদিকে শিল্পের নামে সাধারণ মানুষের যে দুর্দশা আর একদিকে উৎসবের নামে দাতার যে বন্যা উঠছে, তার মধ্যে সাধারণ মানুষের জীবন জেরবার। এর মধ্যে আবার আমরা বারে বারে দেখাচ্ছেন কন্যাশ্রী প্রকল্প। আমি শুধু অনুরোধ করবো এই কন্যাশ্রী প্রকল্প আজকে যে কন্যারা আজকে নিরাপত্তার হীনতায় ভুগছেন তাদের দিকে নিশ্চয়ই এগিয়ে আসবেন। যারা আজও নিরাপত্তা হীনতায় থানার দুয়ারে দুয়ারে বারে বারে ঘুরছেন যে সব মায়েরা যে সব বোনেরা, নিশ্চয়ই আমাদের এই রাজ্যপালের ভাষণে সংশোধনীতে উঠে আসবে। আমরা যে সব সংশোধনী দিয়েছি নিশ্চয়ই সেই সংশোধনীগুলো উঠে আসবে। এই কয়েকটি কথা বলে, আপনি আমাকে কয়েকটি মিনিট সময় দেওয়ার জন্য আপনাকে আর একবার ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় স্পীকার স্যার, পশ্চিমবঙ্গের শ্রদ্ধেয় রাজ্যপাল শ্রী কেশরীনাথ ত্রিপাঠী মহাশয় গত ১৯শে ফেব্রুয়ারী, ২০১৫ বিধানসভার অধিবেশনে প্রদত্ত ভাষণকে সম্পূর্ণভাবে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। "নাহি নাহি ভয়, হবে হবে জয়, খুলে যাবে এই দ্বার"। অপবাদ, অপপ্রচার, বিদ্বেষ, স্বার্থন্বেষী চক্রান্তের বিপক্ষে বাংলার মানুষ গত কয়েকদিন আগে বনগাঁ লোকসভা, কৃষ্ণগঞ্জ বিধানসভা কেন্দ্রে বিপুল ভোটে তৃণমূল কংগ্রেস প্রার্থীদের জয়ী করে বাংলার উন্নয়নের পক্ষে মাননীয়া মুখ্যমন্ত্রীর নিরলস সংগ্রাম ও কর্মপ্রচেষ্টার পাশে থাকার বার্তা পৌঁছে দিয়েছে। তাই বনগাঁ লোকসভা এবং কৃষ্ণগঞ্জ বিধানসভা সহ সারা বাংলার সংগ্রামী মানুষদের আমরা এই বিধানসভা থেকে অভিনন্দন জানাই। এটা নিশ্চিত যে বাংলার বর্তমান মাননীয়া মুখ্যমন্ত্রী শুধু বিবৃতি দিয়ে নয়, রাজ্যের কর্মসংস্কৃতি ফিরিয়ে আনতে উন্নয়নমুখী কর্মসূচি গ্রহণ করেছেন। রাজ্যের জেলা থেকে ব্লকস্তরের কর্মীদের সঙ্গে রোজই বৈঠক করে উন্নয়নকে মানুষের কাছে পৌঁছে দেওয়ার

যে অবিরাম প্রয়াস তিনি করছেন, তা নিশ্চিতভাবে গত কয়েকদিন আগে লোকসভা এবং বিধানসভার নির্বাচনে পশ্চিমবাংলার মানুষ পুনরায় এই অপপ্রচার, এই ঘৃণ্য চক্রান্তের বিরুদ্ধে রায় দিয়েছেন। তাই বর্তমান পশ্চিমবাংলার রাজ্যপাল তাঁর ভাষণের ভেতর দিয়ে বাংলার মানুষের কাছে বলেছেন যে আইন-শৃঙ্খলার ক্ষেত্রে পশ্চিমবাংলা ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় অনেক ভাল এবং শৃঙ্খলার দিক থেকে আজকে প্রমাণ হয়েছে যে বাংলা শৃঙ্খলার দিক থেকে অনেক উন্নততর হয়েছে। তার কারণ কর্ম প্রয়াসের ভেতর দিয়ে তা প্রমাণিত হয়েছে। আমরা রাজ্য সরকারের তরফ থেকে অত্যন্ত গর্বের সঙ্গে জানাই যে, পশ্চিমবাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় 'কন্যাশ্রী' প্রকল্প করে শুধু বাংলার নয়, ভারতবর্ষ তথা পৃথিবীর কাছে আজকে খ্যাতি অর্জন করে এই প্রকল্পকে একটা বাংলার প্রথম জায়গায় নিয়ে যাওয়ার যে প্রয়াস নিয়েছেন, নিশ্চয়ই তাকে আমরা এই বিধানসভার তরফ থেকে অভিনন্দন ও ধন্যবাদ জানাই। আমরা নিশ্চিতভাবে আরেকটি কথা গর্বের সঙ্গে জানাই, 'শিক্ষাশ্রী', 'যুবশ্রী' প্রকল্প পশ্চিমবাংলার মা-মাটি-মানুষের সরকার যেভাবে আজকে বাস্তবে রূপ দিয়েছে, এটা প্রমাণিত যে উন্নয়নকে উন্নয়ন ছাড়া বাংলার মা-মাটি-মানুষের সরকার মাননীয়া মুখ্যমন্ত্রীসহ বাংলার মন্ত্রিসভার সমস্ত মাননীয় সদস্য-সদস্যাগণ যে আন্তরিক নিরলস প্রয়াসের ভেতর দিয়ে পুনর্গঠনের কাজে হাত দিয়েছেন, সার্বিক দিক থেকে তা নিশ্চিতভাবে আজকে রাজ্যপালের ভাষণে তা প্রকাশ পেয়েছে, এটা নিশ্চিত। আমরা দেখতে পেয়েছি যে আইন-শৃঙ্খলার ক্ষেত্রে পশ্চিমবঙ্গে থানাগুলোর অবস্থা কি ছিল ? নতুন করে পশ্চিমবাংলার মায়েদের সম্মান যাতে বাঁচে, সেই কারণে ২০টি মহিলা থানা আজকে নতুন করে পশ্চিমবাংলার মা-মাটি-মানুষের সরকার তৈরি করেছে। এর থেকেই বোঝা যায় যে, পশ্চিমবাংলার মায়েদের প্রতি বর্তমান মা-মাটি-মানুষের সম্মান কতটা। আপনারা নিশ্চিতভাবে এটা জানেন যে পশ্চিমবঙ্গে 'সামাজিক সুরক্ষা প্রকল্প'-এ বিগত দিনের ৩৪ বছরের শাসন ব্যবস্থায়—আমি ১০ বছর বিরোধী দলের বিধায়ক ছিলাম—সেই সময় দেখেছি 'সামাজিক সুরক্ষা প্রকল্প'-এ শ্রমিকরা জানত না তাদের সামাজিক ন্যায় বিচার আজকে তারা পাবে, সেই সময় সেই সচেতনতা বামফ্রন্ট সরকার দেখায়নি। কিন্তু আমাদের সরকার ক্ষমতায় আসার পর আমরা বিভিন্ন জেলায়, বিভিন্ন ব্লকে, বিভিন্ন সাব-ডিভিশানে এই সাড়ে তিন থেকে চার বছরের ভেতরে সামাজিক সুরক্ষা প্রকল্পে সার্বিকভাবে সমস্ত পিছিয়ে পড়া সমাজ, শ্রমিক শ্রেণীর মানুষ, তারা বিভিন্নভাবে, বিভিন্ন কর্মপন্থার ভেতর দিয়ে আজকে উপকৃত হচ্ছে। আমরা দেখতে পেলাম বিগত দিনের সরকার পশ্চিমবাংলায় পাহাড়ে কিভাবে আগুন জ্বালিয়ে রেখে বিদায় নিয়েছেন।

[5.10—5.17 p.m.]

আমরা আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাই। পশ্চিমবঙ্গের মা-মাটি-মানুষের সরকারকে ধন্যবাদ জানাই, মন্ত্রিসভাকে ধন্যবাদ জানাই যে, পাহাড়কে আজকে সার্বিকভাবে সেই এলাকায় কর্মসংস্কৃতিকে ফিরিয়ে সেই এলাকার উন্নয়নকে পাহাড়বাসীর কাছে পৌঁছে দিয়েছে। তাই আজকে পাহাড়বাসী হাসছে। আজকে পাহাড়ের জন্য, উত্তরবঙ্গের জন্য উত্তরকন্যা তৈরি করে, সেক্রেটারিয়েট তৈরি করে উত্তরবঙ্গের সমস্ত

জেলার মানুষরা যাতে দ্রুততার সঙ্গে উন্নয়নের স্বাদ পায়, উন্নয়নের মালা গাঁথায় তারা নামতে পারে, সেই কারণে অত্যন্ত দ্রুত গতিতে উত্তরকন্যা উদ্বোধন হয়েছে এবং সেই এলাকার মানুষ সেখান থেকে তাদের দৈনন্দিন যে জীবনে যে কর্মসূচিতে কাজ তারা পাচ্ছে এটা নিশ্চিত। আমরা পশ্চিমবঙ্গের যে নতুন করে আজকে জঙ্গলমহল সহ পিছিয়ে পড়া জেলার যে পরিস্থিতি আমরা বিগত চৌত্রিশ বছরের শাসনব্যবস্থায় আমরা দেখেছি রাজ্যপালের ভাষণও আমরা সেই সময় শুনেছিলাম। কিন্তু বর্তমান রাজ্যপাল মহাশয় বিধানসভায় প্রকৃত আইন-শৃঙ্খলা আজকে পিছিয়ে পড়া জেলার ক্ষেত্রে এবং বিশেষত জঙ্গলমহল যেখানে খুন, রাহাজানি, সন্ত্রাস, রক্তের হোলি খেলা ছাড়া আজকে জঙ্গলমহলে একটা দিনও দেখিনি যে সুস্থভাবে মানুষ দিন কাটিয়েছে। কিন্তু সাড়ে তিন বছরে মমতা ব্যানার্জীর সরকার সেই এলাকার মানুষকে সঙ্গে নিয়ে সেই এলাকার কৃষ্টি-সংস্কৃতিকে সঙ্গে নিয়ে আজকে সেই এলাকার কর্মোদ্যোগকে কাজে লাগিয়ে সেই এলাকার শিক্ষা, স্বাস্থ্য, কৃষিক্ষেত্রে এবং সার্বিক উন্নয়নে সেই এলাকার বেকার ভাই-বোনেদের ক্ষেত্রে চাকরির ক্ষেত্রে একটা দিগন্ত খুলে গিয়েছে। জঙ্গলমহল সহ সমস্ত অনুন্নত জেলাগুলিতে দেখতে পেলাম, আয়লাবিধ্বস্ত এলাকাতেও বিগত দিনের সরকারের ভূমিকা কি ছিল এবং সাড়ে তিন বছরের ভিতরে এই আয়লাবিধ্বস্ত এলাকায় মানুষ সেখানে গৃহহারা ছিল। সার্বিকভাবে তারা কোনো উন্নয়নের স্বাদ পায়নি। সেই আয়লাবিধ্বস্ত এলাকাতেও পুনর্গঠনের জন্য পশ্চিমবাংলার এত আর্থিক অনটনের ভেতর দিয়েও যেখানে আমরা বলে থাকি দু'লক্ষ তিন হাজার কোটি টাকার ঋণের বোঝা নিয়ে, মাথাপিছু পঁচিশ থেকে ছাব্বিশ হাজার টাকার ঋণের বোঝা নিয়ে যে মানুষরা আজকে বাংলায় জন্মাচ্ছে, এই ঋণকে সঙ্গে নিয়ে বিগত দিনে বিদায় নিয়েছে বামফ্রন্ট সরকার তা সত্ত্বেও পশ্চিমবাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ঐকান্তিক প্রয়াসে এবং মন্ত্রিসভার আন্তরিক প্রচেষ্টায় আজকে আয়লাবিধ্বস্ত এলাকার পুনর্গঠন যেভাবে হয়েছে বাস্তবে তা বামফ্রন্ট-এর মানুষরা চাক্ষুষ গিয়ে দেখে আসুন। পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার শিলান্যাস করত। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী যেমন শিলান্যাস করেন তেমনি করে কথা রেখে সেই এলাকার উন্নয়নের জন্য বাস্তবে চেষ্টা করছেন যার জলজ্যান্ত প্রমাণ বিভিন্ন জেলায় দেখেছি। বিভিন্ন ক্ষেত্রে মাননীয়া মুখ্যমন্ত্রী এবং মন্ত্রিসভার সদস্যরা জেলায় গিয়ে শিলান্যাস করেছেন। অত্যন্ত দায়িত্ব নিয়ে বলতে চাই যে, উত্তরবঙ্গ থেকে শুরু করে জঙ্গলমহল, জঙ্গলমহল থেকে শুরু করে সাগর—আমরা যারা দক্ষিণবঙ্গে বাস করি তারাও বাস্তবটা উপলব্ধি করলে দেখতে পাই যে, প্রতিটি কর্মসূচিই আজকে বাস্তবে রূপ পেয়েছে। একটি কর্মসূচিও আজকে অসত্যে পরিণত হয়নি। এটা অত্যন্ত গুরুত্বের বিষয়। যে কথাগুলি রাজ্যপাল মহোদয় ১৯শে ফেব্রুয়ারি প্রতিটি ছন্দে, প্রতিটি পাতায় তার কর্মসূচির কথা, উন্নয়নের কথা বলেছেন। সেই কারণে এত স্তিমিত বামফ্রন্টের সদস্যরা। আর কংগ্রেস ? কংগ্রেস তো ছবি তোলার জন্য বেরিয়ে গেল বাইরে। তাদের আর বলার কিছু নেই। এত উন্নয়ন, সেই উন্নয়নের মালা গাঁথায় সারা পশ্চিমবঙ্গের সমস্ত ধর্মের মানুষ আজকে জয়গান গাইছে বাংলার মা-মাটি-মানুষের সরকারের পক্ষে। সেই কারণে প্রমাণিত হয়েছে গত বনগাঁ লোকসভার উপনির্বাচনে দু-লক্ষ এগারো হাজার ভোটের

ব্যবধান—এটা আপনারা বুঝুন। আপনাদের শুইয়ে দিয়েছে। বামফ্রন্টকে শুইয়ে দিয়েছে, কংগ্রেসকে শুইয়েছে এবং একজন প্রতিনিধি BJP-র এসেছে, তাঁকেও শুইয়ে দিয়েছে।

নদীয়া জেলার কেষ্টগঞ্জে, আমি নদীয়া জেলার প্রতিনিধি, কেষ্টগঞ্জেও আজকে বামফ্রন্টের চিহ্ন নেই। আগামীদিনে, '১৬ সালের ভোটেও মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং পশ্চিমবাংলার মা-মাটি-মানুষের সরকার উন্নয়নের যে প্রতিশ্রুতি মানুষকে দিয়েছেন বুঝতে পারবে। কোন জায়গায় আপনাদের অবস্থান সেটা বুঝতে পারবেন।

আমি অনেক কিছু লিখে এনেছিলাম। কিন্তু আজকে হাউজের হাল দেখে এখানে বোঝা যাচ্ছে যে আপনাদের আগামীদিনে, '১৬ সালে এই কজনও ফিরবেন কিনা জানি না। তার কারণ যে উন্নয়ন, আজকে আপনারই স্বীকার করছেন, সেদিন তো নিশ্চিত ছিলেন, আমিও ছিলাম বিধানসভায় ১৯শে ফেব্রুয়ারী, একটি কথা, একটি প্রতিবাদও আপনাদের বিরোধী দলনেতা থেকে শুরু করে, আপনাদের কোনো প্রতিনিধির দেখতে পাইনি।

আপনারা বলেন 'বাংলায় উন্নয়ন হয়নি।' বাংলায় অমুক হয়নি। এই কথা ভেক কথা। এসব কথা আর বাংলার মানুষের কাছে শোনাতে যাবেন না। তাই আসুন আমরা সার্বিকভাবে মহামান্য রাজ্যপাল মহাশয় তাঁর ভাষণের মধ্যে দিয়ে উন্নয়নের যে মালা গেঁথেছেন, মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে পশ্চিমবাংলায় মা-মাটি-মানুষের সরকার যে জয়গান গাইছে সেই জয়গানে আপনারাও সাথী হোন।

এই বলে পূর্ণভাবে মাননীয় রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

Adjournment

...(At this stage the House was adjourned at 5.17 p.m. till Tuesday, the 24th February, 2015 at the Assembly House, Kolkata)...

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Tuesday, the 24th February, 2015 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (**Shri Biman Banerjee**) in the Chair, 27 Ministers, 06 Ministers-of-State, 14 Parliamentary Secretaries and 174 Members.

[11.00—11.10 a.m.]

(Hon'ble Members of Left Front rose to speak.)

(গোলমাল)

মিঃ স্পীকার : আপনারা কোশ্চেন আওয়ারটা করতে দিন। কোশ্চেন আওয়ারটা চলুক। কোশ্চেন আওয়ারটা একটা ইমপর্টেন্ট আওয়ার। কোশ্চেন আওয়ারটা তো হবে। আপনারা প্লিজ বসুন। বসুন, বসুন, আগে আমাদের কোশ্চেন আওয়ারটা হোক। কোশ্চেন আওয়ারে ডিসকাশান না হলে লাভটা কি ?

Starred Questions

(to which oral answers were given)

রাস্তা নির্মাণ ও সংস্কার

*১৬। (অনুমোদিত প্রশ্ন নং *২) **শ্রী তজমুল হোসেন** : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে চলতি আর্থিক বছরের ৩১শে ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত কত কিলোমিটার নতুন রাস্তা তৈরি হয়েছে ও কত কিমি রাস্তা সংস্কার হয়েছে (জেলাওয়ারি হিসাবসহ) ;

(খ) বর্তমানে কত কিমি রাস্তার নির্মাণকার্য চলছে ; এবং

(গ) উপরোক্ত সময়সাপেক্ষে এই কাজে বরাদ্দকৃত অর্থের কত পরিমাণ ব্যয়িত হয়েছে ?

শ্রী শঙ্কর চক্রবর্তী :

(ক) চলতি আর্থিক বছরের ৩১/১২/২০১৪ পর্যন্ত ১৬৪৭ কি.মি. নতুন রাস্তার কাজ হয়েছে এবং ১১৬১ কি.মি. রাস্তার সংস্কার হয়েছে।

(জেলাওয়ারি তালিকা সংযোজিত)

(খ) বর্তমানে ২৭৩২ কি.মি. রাস্তার নির্মাণকার্য চলছে।
(জেলাওয়াড়ী তালিকা সংযোজিত)

District	New Construction (in K.m.)	Repairing (in K.m.)	Ongoing Construction (in K.m.)
Alipurduar	22.40	24.83	70.84
Bankura	55.27	32.57	141.26
Bardhaman	115.99	173.97	276.58
Birbhum	98.13	110.60	116.24
Cooch Behar	64.60	51.50	120.79
Darjeeling	68.90	39.45	154.75
East Midnapur	102.83	46.83	127.82
Howrah	112.31	24.74	70.13
Jalpaiguri	53.30	66.92	98.50
Kolkata	0.00	0.00	0.00
Malda	22.64	71.47	61.32
Murshidabad	83.73	53.00	75.71
Nadia	85.63	34.44	182.51
North 24 Parganas	101.30	83.35	198.53
Uttar Dinajpur	72.90	15.98	162.59
Purulia	135.78	30.32	130.55
South 24 Parganas	198.47	83.60	241.03
Dakshin Dinajpur	43.10	34.95	37.80
West Midnapur	84.85	101.77	250.45
Hooghly	124.71	80.57	214.42
Total	**1646.84**	**1160.86**	**2731.82**
Say	**1647 k.m.**	**1161 k.m.**	**2732 k.m.**

(গ) উপরোক্ত সময়সাপেক্ষে বরাদ্দকৃত অর্থের ৬২% ব্যয়িত হয়েছে।

শ্রী তজমুল হোসেন : আপনি জেলাওয়ারি বলুন। এখানে মালদা জেলা কি আরো অন্য জেলা.....

মিঃ স্পীকার : জেলাওয়ারি তো দেওয়া আছে।

শ্রী তজমুল হোসেন : স্যার, আপনি বৈষম্যটা দেখুন।

মিঃ স্পীকার : আপনি প্রশ্নটা করুন। জেলাওয়ারি দেওয়া আছে। আপনি প্রশ্নটা করুন। সময় নষ্ট করে লাভ নেই। আপনি সাপ্লিমেন্টারি কোশ্চেন করুন। যা আছে তা আছে। আপনি প্রশ্নটা করুন।

শ্রী শঙ্কর চক্রবর্তী : জেলাওয়ারি তথ্য সংযোজিত করা আছে।

শ্রী তজমুল হোসেন : না, না, আপনি হাউসে বলুন।

মিঃ স্পীকার : আরে মিঃ হোসেন আপনি সাপ্লিমেন্টারি প্রশ্নটা করুন। আমি দেখব নিশ্চয়ই, কিন্তু আপনি প্রশ্নটা করবেন তো। সময় নষ্ট করে লাভ কি ?

শ্রী তজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন, যে চার্ট দেওয়া হয়েছে তার মধ্যে আমার মালদা জেলায় মাত্র ২২.৬৪ কিলোমিটার রাস্তা হয়েছে। মাননীয় মন্ত্রীকে আমার হবিশ্চন্দ্রপুর বিধানসভার জন্য আমি আপনার মাধ্যমে বারবার বলেছি, কলিং অ্যাটেনশানেও বলেছি। কলিং অ্যাটেনশানে আমাকে বলা হয়েছে আপনার কাজ শীঘ্রই আরম্ভ হবে। কিন্তু ২০১৩, ১৪, আজ ১৫ হয়ে গেল, তা সত্ত্বেও মাত্র দু-কিলোমিটার রাস্তা—হরিশ্চন্দ্রপুর থানা থেকে হবিশ্চন্দ্রপুর স্টেশন পর্যন্ত এই রাস্তাটা এখন পর্যন্ত হচ্ছে না। এটা কি অফিসারদের গাফিলতি, না আপনার গাফিলতি, কি জন্য যে হচ্ছে না, বলছে টেন্ডার হচ্ছে না, টেন্ডার হচ্ছে না। তা সত্ত্বেও আমরা জনপ্রতিনিধিরা সব সময় হেনস্থা হচ্ছি। নবান্ন থেকে শুরু করে এখানে, ওখানে মালদা, প্রত্যেকটা জায়গায় যাওয়া সত্ত্বেও রাস্তাটা হচ্ছে না। চার বছর হতে চলল। স্যার, এই রাস্তাটা কবে নাগাদ হবে ?

মিঃ স্পীকার : ঠিক আছে। আপনি প্রশ্ন করেছেন মাননীয় মন্ত্রী উত্তর দেবেন।

শ্রী শঙ্কর চক্রবর্তী : গাফিলতির কোনো প্রশ্নই নেই। আপনি যে রাস্তাটার কথা বলেছেন ন্যাশানাল হাইওয়ে—৮১ থেকে হরিশ্চন্দ্রপুর স্টেশন ভায়া হরিশ্চন্দ্রপুর বাস স্ট্যান্ড সেই রাস্তার কাজের দরপত্র আহ্বান করা হয়ে গেছে, শীঘ্রই শুরু হবে।

শ্রী তজমুল হোসেন : স্যার, মালদা জেলার গাজোল থেকে শুরু হয়ে চাঁচোল, হরিশ্চন্দ্রপুর হয়ে বিহার ঢোকবার যে রাস্তাটা—বিহারের রাস্তাটা অথচ হয়ে গেছে, কিন্তু সামান্য এই ১০ কিলোমিটার রাস্তা এখনও পর্যন্ত হচ্ছে না। বিহারের লাভা রাস্তাটার সাথে আমাদের বেঙ্গলের যাতায়াতের যে ব্যবস্থা, ওদিকে ব্রীজ থেকে নিয়ে লাভা পর্যন্ত সমস্ত রাস্তা কমপ্লিট। কিন্তু আমাদের এই ১০ কিলোমিটার ন্যাশানাল হাইওয়ে এটা কবে নাগাদ আরম্ভ হবে, কখন হবে ? কেন্দ্রীয় সরকার টাকা দেওয়া সত্ত্বেও এই কাজটা হচ্ছে না। এটা কবে হবে দয়া করে যদি আপনি জানান।

শ্রী শঙ্কর চক্রবর্তী : ন্যাশানাল হাইওয়ে-৮১ গাজোল-হরিশ্চন্দ্রপুর-কাটিহার যে রাস্তাটা সেই রাস্তার হরিশ্চন্দ্রপুর থেকে লাভা ব্রীজ এই অংশের গেজেট নোটিফিকেশানটা কেন্দ্রীয় সরকারের কাছে পেন্ডিং আছে। গেজেট নোটিফিকেশান হবে জমি অধিগ্রহণ আইন অনুযায়ী। তারপরে আমরা ব্যবস্থা নেব। আমাদের দিক থেকে আমরা সমস্ত ব্যবস্থা তৈরি রেখেছি।

শ্রী সমরেশ দাস : মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে মন্ত্রীর কাছে প্রশ্ন। পূর্ব মেদিনীপুর জেলার নন্দকুমার থেকে দীঘা পর্যন্ত রাস্তাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। অবস্থা অত্যন্ত বেহাল। এটির সংস্কারের কোনো পরিকল্পনা আছে কিনা দয়া করে একটু জানান।

শ্রী শঙ্কর চক্রবর্তী : আপনি যে রাস্তাটি উল্লেখ করলেন সেই রাস্তার কাজ শুরু করবার জন্য ইতিমধ্যেই ব্যবস্থা নেওয়া হয়েছে।

শ্রী শমীক ভট্টাচার্য : স্যার, বসিরহাট ইটিন্ডা রোডের অন্তর্গত বসিরহাট কলেজ মোড় থেকে টাউন হল পর্যন্ত রাস্তা প্রায় এক দশকের বেশি সময় ধরে খারাপ। বসিরহাটের যে বাজার আছে সেই বাজারের সম্পূর্ণ বাণিজ্য আজকে বিপর্যস্ত অবস্থা। সেখানে মানুষ চলাচল করতে পারছে না। ব্যবসায়ী সমিতি থেকে শুরু করে বিভিন্ন সংগঠন বিভিন্ন সময়ে রাজ্য সরকারের কনসার্নড ডিপার্টমেন্টের কাছে তারা জানিয়েছে, কিন্তু এখনও পর্যন্ত রাস্তার কোনো সুরাহা হয়নি। ওল্ড সাতক্ষীরা রোড—বসিরহাট ব্রীজ থেকে শুরু করে ঘোজাডাঙ্গা আন্তর্জাতিক সীমান্ত যার মধ্যে প্রায় দু-ফুট আকারের গর্ত হয়ে আছে। বিস্তীর্ণ রাস্তা খারাপ, চলাচলের অযোগ্য। একদিকে রাস্তা খারাপ, অন্যদিকে মাঝ রাস্তা থেকে কিছু লোক উঠে প্রত্যেকটি ট্রাক থেকে ৬০০ টাকা করে তারা চাঁদা সংগ্রহ করছে। আগেও এই হাউসে তোলা হয়েছিল কিন্তু দুর্ভাগ্যজনকভাবে এক দশকের বেশি সময় ধরে এই ব্যবস্থা আছে। সরকার পরিবর্তিত, কিন্তু অবস্থার কোনো পরিবর্তন ঘটেনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিমহোদয়ের কাছে অবেদেন মানুষকে এই দুর্বিষহ কষ্ট থেকে যদি একটু ব্যবস্থা করেন বাধিত হব।

শ্রী শঙ্কর চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাই, যে দুর্বিষহ অবস্থার কথা আপনি বলছেন, সেটা বিগত সরকারের আমলে রাস্তাগুলির দিকে কোনো নজরই দেওয়া হয়নি। আমরা সরকারে আসবার পর বিভিন্নভাবে বিভিন্ন রাস্তার প্রশস্তিকরণ এবং উন্নতীকরণ করছি। আপনি ঘোজাডাঙ্গা যে রাস্তাটির কথা বলেছেন, আপনাকে জানাই তার টেন্ডার ফাইনালাইজড্ হয়ে গেছে। অল্পদিনের মধ্যে ওয়ার্ক অর্ডার ইস্যু করে কাজ শুরু হবে।

শ্রী আবু তাহের খান : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে জানতে চাইছি যে, স্টেট হাইওয়ে থেকে আমাদের ৩৪ নং যে জাতীয় সড়ক মুর্শিদাবাদের পোর্সানের কাজ আমরা দায়িত্ব নিয়ে করে দিয়েছি, কিন্তু দুর্ভাগ্য আমাদের এখনও নদীয়ার দিকে সমস্ত কাজটা বাকি। জমি অধিগ্রহণের জন্য এই জটটা ছাড়ছে না। বার বার আপনার কাছে বলা হয়েছে, কিন্তু কোনো কাজ হচ্ছে না, এই ব্যাপারে আপনি কি পদক্ষেপ নিচ্ছেন ?

এই যে স্টেট হাইওয়ে তার অবস্থা সাংঘাতিক, করুণ। কোনো গাড়ি যেতে পারছে না। এই সম্পর্কে আপনার মতামত কি এবং কি ব্যবস্থা নিচ্ছেন ?

শ্রী শঙ্কর চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাই যে, NH-34 এয়ারপোর্ট থেকে বারাসাত পর্যন্ত চার লেনের কাজ ইতিমধ্যে শুরু হয়ে গেছে। বারাসাত থেকে সন্তোষপুরের রোডের অবস্থা ভালো আছে এবং সেখানে চার লেন রাস্তা করা সম্ভব নয় আপাতত। বাকি যে রাস্তার কথা আপনি বলছেন সেটা ন্যাশানাল হাইওয়ে অথরিটি অব ইন্ডিয়ার অন্তর্ভুক্ত। সুতরাং সেটা আমাদের দপ্তরের এক্তিয়ারের মধ্যে আসে না। আমাদের ন্যাশানাল হাইওয়ে অথরিটি যে সাহায্য চাইবেন, সেই সাহায্য সবসময় আমরা করতে প্রস্তুত আছি।

[11.10—11.20 a.m.]

শ্রী বিশ্বজিৎ কুণ্ডু : মাননীয় স্পীকারের মাধ্যমে সম্মানীয় মন্ত্রিমহোদয়কে জানাতে চাইছি আমাদের কালনার উপর দিয়ে এস.টি.পি.-কে রোড যে গেছে, সেই এস.টি.পি.-কে রোডগুলোর বেহাল অবস্থা রয়েছে বেশ কিছু জায়গায়। সেগুলি যদি ইমিডিয়েট সারানোর ব্যবস্থা না নেওয়া হয়, প্রতিদিন অ্যাক্সিডেন্ট হচ্ছে এবং মানুষের ক্ষতি হচ্ছে। এই বিষয়টি যদি আপনি দেখেন তাহলে আমরা উপকৃত হব।

শ্রী শঙ্কর চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের যে প্রস্তাব, উনি আবেদন করলেন, ওনাকে অনুরোধ করব যে আপনি লিখিতভাবে আপনার এই আবেদনটা আমার কাছে দিন। আমি নিশ্চয় বিষয়টি পর্যালোচনা করে দেখব।

শ্রী মনোরঞ্জন পাত্র : স্যার, মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন— বাঁকুড়া জেলার পি.ডবলিউ.ডি এবং পি.ডবলিউ.ডি রোডসের প্রত্যেকটা রাস্তা খুব খারাপ হয়ে আছে, একদম মেরামত হচ্ছে না। আমি স্পেসিফিকভাবে বলতে চাই যে তালডাংরা থানার চৌবেগা থেকে তালডাংরা বাজার পর্যন্ত প্রায় তিন বছর ধরে রাস্তার ভেতরে বড় বড় গর্ত হয়ে গেছে, মাছ চাষ করা চলবে। এই রাস্তাটা কবে মেরামত হবে ?

শ্রী শঙ্কর চক্রবর্তী : আপনি সার্বিকভাবে গোটা জেলা নিয়ে যে অভিযোগটি জানালেন আমি আপনার সাথে সহমত হতে পারছি না। বাস্তব পরিস্থিতি তা বলছে না। আপনার যদি কোনো স্পেসিফিক রাস্তার সম্পর্কে বলবার থাকে, আপনি জানাবেন, আমি সেটা নিশ্চয় দেখব।

শ্রী তপন চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিরোধী সদস্যরা বারবার করে বলছিলেন। আমার মনে হয় তাদের আমলেই রাস্তায় মাছ চাষ করা হত। বর্তমান সরকারের আমলে অনেক রাস্তাই রিপেয়ারিং করা হচ্ছে। আমার একটি জায়গায় মুসলিমপাড়া-হালদিপাড়া ব্রীজ, ওই ব্রীজটির সম্বন্ধে, অ্যাপ্রোচ রোডটার সম্বন্ধে একটু বলবেন। একদিকটা হয়েছে, আর একদিকটা হয়নি। এটার সম্বন্ধে একটু বললে ভালো হয়।

মিঃ স্পীকার : পলিসিগত কোনো প্রশ্ন নেই, সবাই শুধুমাত্র ইনডিভিজুয়াল রাস্তার প্রশ্ন করছেন।

শ্রী শঙ্কর চক্রবর্তী : আপনি যে ব্রীজের সমস্যার কথা বললেন, অনেকগুলি সেতুই নির্মাণ হওয়ার পরেও জমি অধিগ্রহণের কিছু সমস্যার জন্য আটকে আছে। আপনাদের সকলের অবগতির জন্য জানাই, আপনারা নিশ্চয় জানেন যে আমাদের সরকার এই অবস্থায় জমি অধিগ্রহণের আইনের বিভিন্ন জটিলতার কারণে সরাসরি জমি কেনার একটা ব্যবস্থা গ্রহণ করেছে এবং সেই সম্বন্ধে সরকারী আদেশনামা ইতিমধ্যেই বেরিয়েও গেছে। সেই আদেশনামা বেরোনোর পর আমি প্রত্যেকটি জেলার জেলা পরিষদের সভাধিপতিকে ব্যক্তিগতভাবে চিঠি দিয়েছি ওই সার্কুলারকে যুক্ত করে নিয়ে, যে তাদের উদ্যোগ গ্রহণ করবার জন্য। সেই প্রসিডিওর অনুযায়ী আমরা এগোচ্ছি। আমরা আশা করছি এই অনুযায়ী ডাইরেক্ট পারচেজের মাধ্যমে যে সমস্ত জায়গায় অ্যাপ্রোচ রোডের সমস্যা আছে, সেগুলি সমাধান করে দিয়ে আমরা সেতুগুলিকে চালু করে দিতে পারব।

শ্রী সুভাষ নস্কর : স্যার, সারা রাজ্যে প্রচুর রাস্তাঘাট হয়েছে। নিঃসন্দেহে মন্ত্রী মহাশয় অল্পদিনের হলেও অনেক খবর রাখছেন, উত্তরও দিচ্ছেন। আমার প্রশ্ন অন্য জায়গায়। আপনি রাজ্যের যে সমস্ত রাস্তাঘাট, স্টেট হাইওয়ে এগুলো করছেন। কিন্তু গ্রামেগঞ্জের প্রচুর ছোটো ছোটো রাস্তা জেলা পরিষদের থেকে প্রধানমন্ত্রীর সড়ক রোজগার যোজনা থেকে হয়েছে। স্যার, তার সমস্ত ছাল-চামড়া বেরিয়ে গেছে। এই জায়গায় মেরামতির দায়িত্ব কার ? নিঃসন্দেহে বলবেন জেলা পরিষদের। কিন্তু সেই পরিমাণ অর্থ বোধহয় তাদের নেই। সার্বিকভাবে পূর্তমন্ত্রী হিসাবে আপনি এটা মাথায় রাখবেন কিনা যে আপনার পরিকাঠামো আছে। মেরামতের দায়িত্ব অর্থটা সংগ্রহ করে বা সরকারী অর্থ দিয়ে আপনি শুরু করবেন কিনা।

শ্রী শঙ্কর চক্রবর্তী : আপনি প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার অন্তর্গত যে সমস্ত রাস্তার কথা উল্লেখ করলেন, মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাই যে এই রাস্তাগুলির মেনটেনেন্সের দায়িত্ব আমাদের নয়। আমাদের নয় সেটা। সেটা আপনি জানেন....(নয়েজ)....জেলা পরিষদ যদি আমাদের যে নিয়ম-কানুন আছে সেই অনুযায়ী যদি আমাদের সঙ্গে যোগাযোগ করেন এবং অর্থের যদি সংকুলান হয় তবে আমরা সেগুলি বিবেচনার মধ্যে নেব।

শ্রী পরেশ অধিকারী : ধন্যবাদ স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন হল, এর আগে অবশ্য আপনাকে একটা চিঠি দিয়েছিলাম। জলপাইগুড়ি এবং কোচবিহার জেলার সংযোগকারী একটা রাস্তা যে রাস্তাটার নাম জলপেশ রোড। সেই জলপেশ রোডের বিষয়ে আপনাকে এর আগে লিখিত দেওয়া হয়েছিল। সেই রাস্তা থেকে সমস্ত বাসের মালিকরা বাস তুলে নিয়েছেন রাস্তাটার কাজটা না হওয়ার জন্য। আপনি যে সংস্কারের তালিকা দিয়েছেন যে এইবার রাস্তা সংস্কার হয়েছে এগারোশো একষট্টি কিলোমিটার। এর মধ্যে সেই রাস্তাটি ধরা আছে কিনা সেটা আপনার কাছে জানতে চাইছি।

শ্রী শঙ্কর চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনার মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাই আমি জেলাওয়ারি যে রাস্তা সংস্কারের কাজ হচ্ছে তার বিস্তারিত বিবরণ দিয়েছি। এবারে যদি স্পেশিফিক রাস্তা নিয়ে কোনো প্রশ্ন থাকে তাহলে আপনি দয়া করে আমাকে জানাবেন আমি আপনাকে জানিয়ে দেব।

নষ্ট শ্রমদিবস

*১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬৩) **শ্রী কল্লোল খাঁ** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০৭ সালের ১লা জানুয়ারী থেকে ২০১১ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত সময়কালে প্রতি বছর রাজ্যে ধর্মঘটের ফলে নষ্ট শ্রমদিবসের সংখ্যা কত ছিল ; এবং

(খ) ২০১২ সালের জানুয়ারী থেকে ২০১৪ সালের ডিসেম্বর পর্যন্ত প্রতি বছরে রাজ্যে নষ্ট শ্রমদিবসের সংখ্যা কত ?

শ্রী মলয় ঘটক :

(ক)

বছর	ওই বছরে নষ্ট শ্রমদিবসের সংখ্যা
২০০৭	১,৩৩,৫০,০০০
২০০৮	৩৮,০০,০০০
২০০৯	৪০,৪০,০০০
২০১০	৯৩,৮০,০০০
২০১১	৬০,০০০

(মোট ২০০৭ সাল থেকে ২০১১ সাল পর্যন্ত শ্রমদিবসের নষ্টের সংখ্যা হচ্ছে—তিন কোটি ছয় লক্ষ ত্রিশ হাজার)

(খ) ২০১২-১৩ সাল থেকে এই রিপোর্ট আর্থিক বছর অনুযায়ী করা হচ্ছে। রিপোর্ট নিম্নরূপ :

বছর	ওই বছরে নষ্ট শ্রমদিবসের সংখ্যা
জানুয়ারী ২০১২-মার্চ ২০১২	শূন্য
এপ্রিল ২০১২-মার্চ ২০১৩	৫২০২
এপ্রিল ২০১৩-মার্চ ২০১৪	শূন্য
এপ্রিল ২০১৪-ডিসেম্বর ২০১৪	এই রিপোর্ট মার্চ ২০১৫-এর পর চূড়ান্ত হবে।

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন—ইহা কি সত্য গত ২০.২.২০১৫ তারিখে চা-বাগানের শ্রমিকদের ওয়েজ এগ্রিমেন্ট সই হয়েছে তাতে সমস্ত ইউনিয়ন সই করেছে। এই চুক্তিতে শ্রমিকদের বৃদ্ধির হার কত জানাবেন কি ?

শ্রী মলয় ঘটক : ইহা সত্য যে গত ২০ তারিখে আমরা শিলিগুড়িতে উত্তরকন্যাতে ত্রিপাক্ষিক বৈঠক হয়েছে চা-শ্রমিকদের সঙ্গে এবং চা-বাগানের মোট ২৬টা ইউনিয়ন রয়েছে। এই ২৬টা ইউনিয়নই অংশ গ্রহণ করেছেন এবং সই করেছেন। চা-বাগানে আজ পর্যন্ত ঐতিহাসিকভাবে এত টাকা কোনোদিন বাড়েনি। দার্জিলিংয়ে-৪২.৫০ টাকা, তরাইয়ে-৩৭.৫০ টাকা সরাসরি বেড়েছে এবং অন্যান্য খাতে আরো টাকা বেড়েছে। এর আগে কোনো চা-বাগানের এগ্রিমেন্টে সমস্ত ইউনিয়ন সই করতেন না। কিন্তু এইবারে সমস্ত ইউনিয়ন অংশ গ্রহণ করেছেন এবং সইও করেছেন।

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার দ্বিতীয় অতিরিক্ত প্রশ্ন যে আপনি ধারবাহিকভাবে ২০০৭ সাল থেকে ২০১১ সালের যে শ্রমদিবস নষ্ট হয়েছে সেই শ্রমদিবসে যে কয়েক কোটি শ্রমিক শ্রম হারিয়েছে এর আর্থিক পরিমাণটা কত জানাবেন কি ?

[11.20—11.30 a.m.]

শ্রী মলয় ঘটক : আর্থিক পরিমাণের তথ্য আমার কাছে নেই। তাছাড়া এক-একটা কারখানাতে শ্রমিকদের মাইনে এক-একরকম হয় কিন্তু আমি আপনাকে এটুকুই বলতে পারি কতগুলো কারখানা কোন্ বছরে বন্ধ হয়েছিল। ২০০৭-এ ১১টি, ২০০৮-এ ১২টি, ২০০৯-এ ১০টি, ২০১০-এ ১৭টি এবং ২০১১-তে ৫টি। আপনি যদি স্পেসিফিক কোয়েশ্চেন করেন এবং সেটা লিখিতভাবে পাঠালে আপনার উত্তর আমি পাঠিয়ে দেব।

শ্রী মইনুল হক : মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, গত ২০১২ সালে বিড়ি শ্রমিকদেরকে নিয়ে, ইউনিয়নকে নিয়ে একটা চুক্তি হয়েছিল। তারপর দীর্ঘদিন বিড়ি ইউনিয়ন বা বিড়ি শ্রমিকদেরকে নিয়ে কোনো চুক্তি হয়নি। আপনার কাছে তথ্য আছে কি যে, বর্তমানে হাজারপ্রতি বিড়িতে কত মজুরী দেওয়া হয় ? সেটা একটু জানাবেন।

শ্রী মলয় ঘটক : বিড়ি শ্রমিকরা অসংগঠিত শ্রমিকদের ক্ষেত্রে পড়ে। আজকের যে প্রশ্ন, সেটা সেই ব্যাপারে নয়। তবে আপনার যদি স্পেসিফিক কোনো কোয়েশ্চেন থাকে তাহলে আমাকে তা লিখিতভাবে পাঠাবেন, আমি উত্তর পাঠিয়ে দেব।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : উনি রিপোর্টে যা বললেন তাতে ৩ কোটির বেশি শ্রমদিবস নষ্ট হয়েছে। আমার মনে হচ্ছে একটা অন্যরকম ইউটোপিয়ান থিংকিং থেকে উনি বলেছেন। কারণ তার যা রিপোর্ট তাতে তৃতীয় যে প্রশ্ন, তাতে ১৪১টি কারখানা বন্ধ হওয়ার কথা উনি লিখেছেন—এটা বন্ধ হবে না, সাময়িক কর্মবিরতি। পশ্চিমবাংলায় ইতিমধ্যেই জুটমিলের মালিক খুন হয়ে গিয়েছেন, চা-বাগানের মালিক খুন হয়ে গিয়েছেন, ম্যানেজার খুন হয়ে গিয়েছেন। বিভিন্ন জায়গাতে স্যার এখনও পর্যন্ত—একটাও মিনিমাম ওয়েজ ইন্সপেক্টার নিয়োগ হয়নি ২০১১-এর মে মাসের পরের থেকে। কাজেই আমি ওনার কাছে এইটুকুই শুধু জানতে চাইব যে, ২০১১-এর পরের থেকে আপনি কতজন মিনিমাম ওয়েজ ইন্সপেক্টার নিয়োগ করেছেন এবং তারা কতগুলি জায়গাতে মিনিমাম ওয়েজেসের ব্যাপারে এই শ্রমবিরোধ মীমাংসা করেছেন। এর কারণের জন্য কি হয়েছে ?

শ্রী মলয় ঘটক : আপনি যেটা প্রশ্ন করলেন, এর পরের প্রশ্ন সেই ব্যাপারে করা আছে। এটা শ্রমদিবস নষ্টের ব্যাপারে প্রশ্ন।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : মিনিমাম ওয়েজেস এর সাথে অঙ্গাঙ্গীভাবে যুক্ত স্যার। আমি এই জন্যই জানতে চেয়েছি।

শ্রী মলয় ঘটক : তবু আমি প্রশ্নের উত্তরে বলি যে, এই সরকার ক্ষমতায় আসার পরে আমরা প্রত্যেকটা ক্ষেত্রে নিয়োগ করেছি এবং নিয়োগের প্রসেস এখনও চলছে। স্পেসিফিক যদি আপনার প্রশ্ন থাকে কতজন, সেটা আমি আপনাকে লিখিতভাবে পাঠিয়ে দেব।

Dr. Harka Bahadur Chhetri : Hon'ble Speaker, Sir, through you I would like to ask not very specific question but this is a question which concern people who are living outside the Darjeeling District in one of the state rather than specifically in Darjeeling i.e lot of private workers in private factories are suffering in the sense that they are made to work for twelve to sixteen hours per day. Is there any law by which we can bring them under the purview of the State Government so that some kind of monitoring happens and they are made to work for eight hours because even in the Assembly yesterday only, Sir, some people came to me and they are asking that in the private factories we were made to work for sixteen even to twenty hours and there is no rule which regulates this minimum eight hours-work. So, is there anything that can be done so that life of these people who are working in private factories can be made little more easier, Sir. Thank you.

Shri Moloy Ghatak : Sir, I beg to reply that there is a specific law that a worker will work for only eight hours. Sir, it is the duty of the Union to see whether any company are depriving the workers or they are compelling the workers for doing more job and if the Union make any specific complaint to our Department, we will definitely take steps according to the law.

শ্রী নির্মল ঘোষ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন চা-বাগানগুলোর যে চুক্তি করেছেন দীর্ঘ বছর পর, প্রায় তিন যুগ পর চায়ের শ্রমিকদের জন্য সব থেকে ভালো একটা এগ্রিমেন্ট হয়েছে। আপনার প্রশংসা করে আপনাকে জিজ্ঞাসা করি আগে ১৫-২৫টা চা-বাগান বন্ধ থাকত। এখন যদি আমাকে দয়া করে বলেন যে, এই চুক্তি হওয়ার সময় কতগুলো চা-বাগান বন্ধ হয়ে আছে এবং কত লোক এতে অ্যাফেক্টেড্ হয়েছে ?

শ্রী মলয় ঘটক : স্যার, মোটামুটি ৭টা চা-বাগান বন্ধ ছিল। তার মধ্যে দুটো চা-বাগান খোলা গিয়েছে। যে ৫টা এখনও বন্ধ আছে তার মধ্যে ৩টে চা-বাগান আগের

সরকারের সময় থেকে বন্ধ আছে। বাকি দুটো চা-বাগানের ব্যাপারে আমাদের কথা-বার্তা চলছে, খুব শিগগিরই খুলে যাবে।

শ্রী যোসেফ মুণ্ডা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন এই সরকারের কাছে চা-শ্রমিকেরা খুব আশা করেছিল। ৮টা মিটিং হওয়ার পর গত ২০ তারিখে ওয়েজ নেগোশিয়েশন হয়েছে। ২৬টি ইউনিয়নের দাবি ছিল যাতে মিনিমাম ওয়েজ চা-বাগানে লাগু করা হয়। আপনি একটা কমিটি করবেন, যেটা অ্যাডভাইসরি কমিটি। আমার প্রশ্ন, এই কমিটিতে সরকারের পক্ষে কতজন লোক থাকবে এবং ইউনিয়নের পক্ষে কতজন লোক থাকবে, এটা কাইন্ডলি যদি বলেন তাহলে ভালো হয় ?

শ্রী মলয় ঘটক : স্যার, আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে জানাই এটা আমাদের সরকারের একটা ঐতিহাসিক সিদ্ধান্ত। মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে আমরা ইতিমধ্যে সেই যে কমিটি, সেই কমিটির নোটিফিকেশন করে দিয়েছি। সেখানে মিটিং-এর আগেই আমরা সেই কমিটি সেখানে ডিস্ট্রিবিউট করেছি। তারপরে কিছু কিছু ইউনিয়ন থেকে অনুরোধ এসেছে যে কয়েকজন নেতার নাম সেখানে যাতে থাকে সেটা দেখার জন্য। আমরা তাদেরকে বলেছি যে আমরা নিশ্চয়ই এটা গুরুত্ব সহকারে দেখব এবং মিনিমাম ওয়েজেসের জন্য যে কমিটি, সেই কমিটির নোটিফিকেশন ইতিমধ্যেই হয়ে গিয়েছে। আসাম একটা নোটিফিকেশন করেছিল, কিন্তু সেটা মিনিমাম ওয়েজেস বোর্ডের। সেই মিনিমাম ওয়েজেস বোর্ডের নোটিফিকেশন আমাদের সরকার ২০১৩ সালে করেছে সেকশান ৯। সেকসান ৫-এর যে নোটিফিকেশন, specifically for fixing the minimum wages of tea gardens workers, সেই নোটিফিকেশনও আমরা ইতিমধ্যে করে ফেলেছি এবং আগামী ১৬ মার্চ তার প্রথম বৈঠক হবে। অলরেডি আমরা নোটিফিকেশন করে দিয়েছি তাতে সবার নাম উল্লেখ করা আছে। এখন যে নোটিফিকেশন হয়েছে তাতে ৮ জন সরকারি অফিসার আছেন, ৮ জন ম্যানেজমেন্টের লোক আছেন এবং ৮ জন ইউনিয়নের প্রতিনিধি আছেন।

(এই সময় মাননীয় সদস্য শ্রী বাসুদেব খাঁ প্রশ্ন করবার জন্য হাত তোলেন)

মিঃ স্পীকার : আপনার সাপ্লিমেন্টারি আছে তো, আপনার তো একটা প্রশ্ন আছে *প্রশ্ন ২২। বাসুদেব খাঁ, আপনি ওই প্রশ্নটা করে নিন, কারণ অতদূর যাবে না।

এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক

*২২। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৫) **শ্রী বাসুদেব খাঁ** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১লা জানুয়ারী, ২০১১ থেকে ৩১শে ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত কতজন বেকার যুবক-যুবতী এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নাম নথিভুক্ত করেছেন (বছরওয়ারি হিসাবসহ) ?

শ্রী মলয় ঘটক : মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ২৬.০৭.২০১২ তারিখে এমপ্লয়মেন্ট ব্যাঙ্কের শুভ উদ্‌ঘাটন করেছিলেন।

সেই মর্মে ২৬.০৭.২০১২ তারিখ থেকে ৩১শে ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত বেকার যুবক-যুবতীদের এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নাম নথিভুক্তকরণের বছরওয়ারি খতিয়ান দেওয়া হল —

২৬.০৭.২০১২ তারিখ থেকে ৩১.১২.২০১২ তারিখ পর্যন্ত ৫৪,৮৬১ জন।

১.১.২০১৩ তারিখ থেকে ৩১.১২.২০১৩ তারিখ পর্যন্ত ১৪,৩৮,৩৩৯ জন।

১.১.২০১৪ তারিখ থেকে ৩১.১২.২০১৪ তারিখ পর্যন্ত ২,৮৮,৬৩০ জন।

৩১শে ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত মোট ১৭,৮১,৮৩০ জন বেকার যুবক-যুবতী এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নাম নথিভুক্ত করেছেন।

শ্রী বাসুদেব খাঁ : স্যার, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে আমার একটি প্রশ্ন এমপ্লয়মেন্ট ব্যাঙ্কের কথাটা যেখানে উল্লেখ করা আছে, এমপ্লয়মেন্ট ব্যাঙ্কের আগে যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ নামটা ছিল, কিন্তু এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে যারা নাম নথিভুক্ত করেছে তাদের যে বেকার ভাতা দেওয়া হচ্ছে, তাদের নামগুলো কি নতুনভাবে আবার এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নথিভুক্ত করাতে হবে ?

[11.30—11.40 a.m.]

শ্রী মলয় ঘটক : স্যার, এটা খুব দীর্ঘ লিস্ট, আমার কাছে আছে, আমি আপনাকে তার জেরক্স কপি দিয়ে দেব। তবে আমি আপনাকে বলি, আমাদের রাজ্যে মোট ৬৩টা জুটমিল, তার মধ্যে একটাই জুটমিল, ডেল্টা জুটমিল বন্ধ আছে, ৬২টা জুটমিলই চালু আছে। ৩টে চা-বাগান বামফ্রন্টের সময় থেকেই বন্ধ আছে। এছাড়াও যে চা-বাগানগুলো বন্ধ হয়েছিল তার প্রায় সমস্তগুলোই খুলে গেছে। সুতরাং জুটমিল বা চা-বাগান সেরকম বন্ধ বলতে কিছু নেই।

শ্রী শাহাজাহান চৌধুরী : রাজ্যে রুগ্ন শিল্প সংস্থার রুগ্নতার সংখ্যা কত এবং বি.আই.এফ.আর.এ. প্যাকেজে যাওয়া সংস্থাগুলির পুনরুজ্জীবন প্যাকেজে আর্থিক পরিমাণ কত ?

শ্রী মলয় ঘটক : আমি আগেই জানিয়েছি, মা-মাটি-মানুষের সরকারের সময়ে ১৪১টি কলকারখানা সাময়িকভাবে কোনোটা দু-মাসের জন্য, কোনোটা চার-মাসের জন্য, কোনোটা ছয় মাসের জন্য বন্ধ আছে এবং এর অধিকাংশ কারখানাই খুলে দেওয়া হয়েছে। এবং, যে কয়জন শ্রমিকের চাকরি সাময়িকভাবে চলে গিয়েছিল, তার চেয়ে অনেক বেশী শ্রমিক চাকরি ফিরে পেয়েছে আপনাদের সময়ে বন্ধ হয়ে যাওয়া কারখানাগুলি খুলে যাওয়ার জন্য।

শ্রী নগেন্দ্রনাথ রায় : কোচবিহারের চকচকা শিল্প বিকাশ কেন্দ্রে Assem জুটমিলটি বন্ধ আছে, সেটা কোন পর্যায়ে আছে মাননীয় মন্ত্রী দয়া করে জানাবেন কি ?

শ্রী মলয় ঘটক : এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে যাদের নাম নথিভুক্ত আছে, সেখান থেকেই বেকার ভাতা দেওয়া হচ্ছে।

শ্রী বাসুদেব খাঁ : বেকার ভাতা পেতে গেলে কি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নাম ট্রান্সফার করে এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে আসতে হবে ?

শ্রী মলয় ঘটক : এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নাম লেখাতে হবে, তবেই সে বেকার ভাতা পাবে। যুবশ্রী প্রকল্পে পাবে।

বন্ধ কারখানা

*১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩১) **শ্রী শাহাজাহান চৌধুরী** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে ২০১১ সালের ৩১শে মে থেকে ২০১৪ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত ছোটো-বড় কতগুলি কারখানা/শিল্প বন্ধ হয়েছে ; এবং

(খ) এর ফলে কর্মচ্যুত শ্রমিকের সংখ্যা কত ?

শ্রী মলয় ঘটক : (ক) রাজ্যে ২০১১ সালের ৩১শে মে থেকে ২০১৪ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত সাময়িক কর্মবিরতি হয়েছে এমন কারখানা বা শিল্প সংস্থার সংখ্যা হল ১৪১টি। কিন্তু এই সময়কালের মধ্যে অধিকাংশ কারখানাই সাময়িক কর্মবিরতির পর পুনরায় চালু করা গেছে।

(খ) যেহেতু ২০১১ সালের ৩১শে মে-এর আগের বন্ধ হওয়া কারখানা বা শিল্প সংস্থাও অনেকগুলি পুনরায় চালু করা গেছে, সেহেতু এই সময়কালের মধ্যে প্রকৃত কর্মচ্যুত শ্রমিকের সংখ্যা চূড়ান্ত করার কাজ চলছে।

তাহলেও আমি এখানে বলতে পারি যে, আমাদের সরকার গঠন করার পরে যে কারখানা বন্ধ হবার ফলে শ্রমিককর্মচারীরা কর্মচ্যুত হয়েছিলেন। আমরা সরকারে আসার পরে এইসময় এবং বামফ্রন্টের আমলে যেসমস্ত কল-কারখানা বন্ধ হয়েছিল, সেই কল-কারখানাগুলো খোলার ফলে তার চেয়ে অনেক বেশী শ্রমিক তাদের কাজ ফিরে পেয়েছে।

শ্রী শাহাজাহান চৌধুরী : আপনি বললেন সাময়িক কর্মবিরতি বা বন্ধ হয়েছে এরকম কারখানা বা শিল্প সংস্থার সংখ্যা ১৪১টি। এর মধ্যে কতগুলো কারখানা, কতগুলো চা-বাগান এবং কতগুলো চটকল পড়ছে এবং এই কারখানায় কর্মহীন শ্রমিকের সংখ্যা কত মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি ?

শ্রী মলয় ঘটক : স্যার, আমার কাছে যে তালিকা আছে ১৪১টির তার মধ্যে কুচবিহারের চকচকার নাম লিস্টে নেই। আমার মনে হয় এটা হয়তো খুব ছোটো ৫ জন, ১০ জন, ১৫ জনের জুটমিল এবং তাহলে বলি আপনি যে প্রশ্ন করেছিলেন যে আমাদের সরকারের সময়ে, এই চটকলটা তার আগেকার বন্ধ। আপনি ৩১শে ডিসেম্বর পর্যন্ত চেয়েছিলেন যদি জানুয়ারী বা ফেব্রুয়ারীতে বন্ধ হয় সেই তালিকায় এই নামটা নেই। তবে আমি আপনাকে স্পেসিফিকালি উত্তরটা জানিয়ে দেব।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমার মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন—অনেক কলকারখানা বন্ধ হয়েছে, কিছু কিছু খোলা হয়েছে আপনি বলেছেন ঠিক আছে। আমি বন্ধ কলকারখানা যেগুলো এখনও বন্ধ হয়ে আছে তার শ্রমিকদের কিছু অনুদান সরকারের পক্ষ থেকে দেওয়া হত। বর্তমানে কত শ্রমিক এই ধরনের অনুদান পাচ্ছেন যদি টাকার অঙ্কটা বলেন।

শ্রী মলয় ঘটক : দেখুন আমাদের সরকার যে কারখানাগুলো বন্ধ হয়ে যায়, এক বছর পরে ফাওলাই স্কিমে দেড় হাজার টাকা করে শ্রমিকদের ভাতা দেওয়া হয় এবং সেই কারখানা খুলে যাওয়ার পরেও এটা আরও এক বছর আমরা কনটিনিউ করি। অর্থাৎ বন্ধ হওয়ার এক বছর পরে দেওয়া হয়, খুলে যাওয়ার পরেও আমরা এটাকে কনটিনিউ করি। চা-বাগানের ক্ষেত্রে মাননীয়া মুখ্যমন্ত্রী নির্দিষ্টভাবে এই আইনটাকে বদলে সেটা তিন মাসের করে দিয়েছেন। কোনো চা-বাগান বন্ধ হলে তিন মাস বন্ধ থাকলেই তাহলেই সেখানে দেড় হাজার টাকা করে শ্রমিকদের ফাওলাই স্কিমে দিতে পারব। এটা মাননীয়া মুখ্যমন্ত্রী করে দিয়েছেন। যেহেতু এই কারখানাগুলো প্রায়ই খোলে এবং প্রায়ই বন্ধ হয়, তাই আজকের দিনের একজ্যাক্ট নাম্বারটা যদি জানতে চান তাহলে সেটা আমি আপনাকে স্পেসিফিক্যালি জানিয়ে দেব।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় শ্রমমন্ত্রীর কাছে অতিরিক্ত একটি প্রশ্ন যে এই মা মাটি মানুষের সরকার গত কয়েকদিন আগে একটি অসাধারণ ঐতিহাসিক সিদ্ধান্ত নিয়েছেন। সেটা হল চা-বাগানের শ্রমিকদের জন্য মিনিমাম ওয়েজের কমিটি গঠন। কংগ্রেসের এক বন্ধু প্রশ্ন করেছিলেন। আপনারা ৩৪ বছর ক্ষমতায় ছিলেন এই সময় কিন্তু এই সিদ্ধান্ত গ্রহণ করতে পারেননি। যদিও আপনারা দাবি করেন যে আপনারা প্রো-লেবার এবং আপনারা শ্রমিকের বন্ধু। চা-বাগানের শ্রমিকদের কি অবস্থা, এখানে বসে আছেন উদয়নবাবু তাঁর বাবা বলেছিলেন যে এক হাজারেরও বেশি শ্রমিকের অনাহারে মৃত্যু হয়েছে। ভুলে যাবেন না নিশ্চয়ই। সেখানে দাঁড়িয়ে আমাদের সরকার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে শ্রমমন্ত্রী সার্কুলার করেছেন, নোটিফিকেশন করেছেন এবং যে দিন কমিটি গঠন হয়, আটটা মিটিং হয়েছিল, আটটা মিটিং-এ আমি ছিলাম। যে দিন কমিটি গঠন হয় যারা মিনিমাম ওয়েজ ডিসাইড করবে সেখানে আমি দেখলাম যারা বামপন্থী তাদের অনুরোধে একটার পর একটা সদস্য সংখ্যা বাড়িয়েছেন, সরকারী অফিসারের সংখ্যা কমিয়েছেন এবং তাঁর নিজের দলের সদস্য সংখ্যা কমিয়েছেন, বামপন্থী বলে পরিচিত যারা তাদের সংখ্যা বাড়িয়েছেন। আমার প্রশ্ন খুব স্পেসিফিক টার্মস অব রেফারেন্সটা তৈরি হয়েছে কিনা ? টাইম হয়েছে ২০১৭-র মধ্যে মিনিমাম ওয়েজ ডিক্লেয়ার করতে হবে, কিন্তু এর জন্য যে টার্মস অব রেফারেন্স তৈরি করতে হয় আমি মাননীয় শ্রমমন্ত্রীর কাছে জানতে চাইছিলাম সেই টার্মস অব রেফারেন্স তৈরি করতে কতদিন সময় লাগতে পারে ?

শ্রী মলয় ঘটক: স্পীকার সাহেব আপনার মাধ্যমে মাননীয় সদস্যর প্রশ্নের উত্তরে জানাই যে ২০ তারিখেই এই কমিটি আমরা ঘোষণা করেছি। আজকে ২৪ তারিখ এবং মাননীয় সদস্যের অবগতির জন্য জানাই যে ২০ তারিখের মিটিং-এ সিদ্ধান্ত নিয়েছিলাম যে এই

কমিটির আগামী ১৬ই মার্চ প্রথম বৈঠক হবে উত্তরবঙ্গের উত্তরকন্যাতে। স্বাভাবিকভাবে ১৬ই মার্চের আগে টার্মস অফ রেফারেন্স করার প্রয়োজন এবং সেটা আশা করি হয়ে যাবে।

[11.40—11.50 a.m.]

শ্রীমতী জাহানারা খান : স্যার, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন—২০১১-১৫-এর মধ্যে বর্ধমান জেলাতে সম্পূর্ণভাবে বন্ধ হয়ে গেছে কটি কারখানা এবং সাময়িকভাবে কতগুলি কারখানা বন্ধ হয়ে গেছে ?

শ্রী মলয় ঘটক : স্যার, আপনার মাধ্যমে মাননীয় সদস্যাকে জানাই যে আমি আগেই বলেছি যে ১৪১টি কারখানা সাময়িকভাবে বন্ধ হয়েছিল। এর মধ্যে অধিকাংশ কারখানা আবার খুলে গেছে। এই লিস্টটা আমার কাছে আছে, কিন্তু পরপর জেলা ওয়াইজ লেখা নেই। আপনি যদি বলেন, আমি তাহলে এর একটা জেরক্স আপনাকে দিয়ে দেব। এর থেকে বর্ধমান জেলার ব্যাপারটা বের করে নিতে পারবেন।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে আমার নির্দিষ্ট প্রশ্ন-আপনারা ঘোষণা করেছিলেন আপনাদের নির্বাচনী ইস্তাহারে—ক্ষমতায় এলে আপনারা বন্ধ কারখানাগুলি খুলে দেবেন। তাই আমার প্রশ্ন—এই পর্যন্ত কতগুলি বন্ধ কারখানা খুলতে পেরেছেন সেটা নির্দিষ্টভাবে উত্তর দেবেন।

শ্রী মলয় ঘটক : স্যার, বন্ধ কারখানার খোলার কাজ প্রায় রোজই চলছে এবং আপনারা হয়ত খবর পেয়েছেন যে আমরা অনেক পুরানো বন্ধ কারখানা খুলে দিয়েছি। আপনাকে প্রথমেই বললাম যে ১৪১টি কারখানার মধ্যে অধিকাংশ কারখানাই খুলেছে। এমনকি আপনাদের সময়কালেরও বন্ধ কারখানা ছিল, তার অনেক কারখানাই আমরা খুলেছি। এবং যার ফলে যে শ্রমিক বন্ধ কারখানার জন্য কর্মচ্যুত হয়েছিলেন তারা তো আমাদের সময়ে চাকরি ফেরত পেয়েছেন। আপনাদের সময়ে যারা বেকার হয়েছিলেন তারাও আবার চাকরি ফিরে পেয়েছেন।

ক্রেতা সুরক্ষা দপ্তরে জমা অভিযোগপত্র

*১৯। (অনুমোদিত প্রশ্ন নং *১১৩) **শ্রী সমীর কুমার জানা :** ক্রেতা সুরক্ষা বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৪ সালে ক্রেতা সুরক্ষা দপ্তরে মোট কতগুলি অভিযোগপত্র জমা পড়েছিল ; এবং

(খ) তার মধ্যে কতগুলি অভিযোগের নিষ্পত্তি হয়েছে/হচ্ছে ?

শ্রী সাধন পাণ্ডে : (ক) এই সময়ে ২২টি জেলা ফোরামে মোট ৫৮১২টি এবং রাজ্য কমিশনে মোট ২৮২৭টি অভিযোগ জমা পড়েছে।

(খ) জেলা ফোরামে মোট ৫২৮১টি এবং রাজ্য কমিশনে মোট ১৮২৯টি অভিযোগের নিষ্পত্তি হয়েছে।

শ্রী সমীর কুমার জানা : স্যার, মাননীয় মন্ত্রীর উদ্যোগ গ্রহণের জন্য ধন্যবাদ জ্ঞাপন করি। আমার পরবর্তী অতিরিক্ত প্রশ্ন—দুঃস্থ ক্রেতাগণের স্বার্থ সুরক্ষা, আইনী পরামর্শ ও সাহায্যের জন্য সরকারী কি কি উদ্যোগ গ্রহণ করা হয়েছে ?

শ্রী সাধন পাণ্ডে : মাননীয় সদস্যের উত্তরে এটাই বলব যে আমরা প্রতিটি ফোরামে একটা করে কনজিউমারস অ্যাসিসট্যান্স ব্যুরো খুলেছি। আমরা আপাতত দশটি জায়গায় কনজিউমারস অ্যাসিসট্যান্স ব্যুরো খুলেছি। যেখানে ব্যুরোর দায়িত্ব হল যেকোনো মানুষ তাদের কাছে যাবে কোর্টে কাগজ ফাইল করতে পারছে না, হয়ত শিক্ষিত নয়, তার পিটিশন ড্রাফট করে দেবে এবং সেটা কোর্টে প্লেস করবে। এবং আমার মনে হয় যে কোর্টে অনেক গরীব মানুষ যায়। উকিল ছাড়া তারা হয়ত পারে না। সেই কারণে তাদের জন্য এই ব্যবস্থা। দশটা জায়গায় আমরা পরীক্ষামূলকভাবে করেছি। প্রত্যেকটি জেলাতে আমরা ছড়িয়ে দেব। আমরা অ্যাসেসমেন্ট করছি যে দশটি জায়গায় আমরা অ্যাপয়েন্টমেন্ট দিয়েছি তারা কেমন কাজ করছে। মনে রাখবেন এই কনজিউমার অ্যাসিসটেন্স ব্যুরোগুলোকে আমরা ফাইন্যান্স করছি, আমরা টাকা দিচ্ছি এবং বলেছি তাদের যেন প্রত্যেকের একটা করে উকিল থাকে, যাতে ড্রাফটিংটা তারা সুবিধে করে, সাধারণ মানুষ যে কোর্টে যাবে, সেখানে তারা এটা করে দেবে এবং কোর্টে ফাইল করে দেবে।

শ্রী সমীর কুমার জানা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত দ্বিতীয় প্রশ্ন, মাননীয় মন্ত্রিমহোদয় ক্রেতা সুরক্ষাকে সুরক্ষিত করার জন্য বেশ কয়েকটি উদ্যোগ নিয়েছেন। এখনো গ্রামাঞ্চলের অনেকে অজ্ঞতার অন্ধকারে রয়েছে। সেই অজ্ঞতার কারণে যে সাধারণ ক্রেতাগণ ক্ষতিগ্রস্ত হচ্ছে, সেই ক্রেতা স্বার্থ সুরক্ষিত করতে, জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আমরা সরকারের পক্ষ থেকে আর কি কি অতিরিক্ত ব্যবস্থা গ্রহণ করতে পেরেছি ?

শ্রী সাধন পাণ্ডে : মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই, আমরা সচেতনতা বৃদ্ধি করার জন্য ব্যাপক পাবলিসিটি করছি। আমরা প্রত্যেকটি জেলাতে মেলাগুলোতে অংশগ্রহণ করছি, মানুষকে বলছি এবং আমরা ব্যাপকভাবে টি.ভি., রেডিও, অন্যান্য মাধ্যমে সচেতনতা বৃদ্ধি করার চেষ্টা করছি। আমরা আরো বেশি গ্রামের দিকে ছড়িয়ে যাব ব্লক স্তরে, সেই জন্য ব্যবস্থা নিয়েছে, যাতে আরো বেশি করে, আরো গ্রাম বাংলার দিকে ছড়িয়ে যাওয়া যায়।

শ্রী মনোজ চক্রবর্তী : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যদিও এই দপ্তরটি আগে গুরুত্বহীন ছিল, তবে মাননীয় মন্ত্রী চেষ্টা করে একটা জায়গায় পৌঁছেছেন। আমার বাড়ির পাশেই ছিল অফিসটা। ধন্যবাদ উনি পাচ্ছেন, আমি দিচ্ছি—ধন্যবাদ। উনি অনেক প্রচার করছেন এবং কেসও অনেক লাগু হচ্ছে এবং সুফলও পাওয়া যাচ্ছে। আগে আমার বাড়ির পাশেই অফিস ছিল। সকলে বলতো 'বাঁটখাড়া' অফিসে যাচ্ছি। কাজেই এটা আগে বাঁটখাড়া অফিস ছিল আগে, সেই জায়গায় এই অফিসটাকে আপনি খাঁড়া করেছেন। আপনাকে ধন্যবাদ। আমি আপনাকে বলছি, যদি রেডি না থাকে পরে লিখিতভাবে দিলেও হবে— মুর্শিদাবাদ জেলায় কতগুলো কেস্ ফাইল্ হয়েছে

এবং কতগুলো নিষ্পত্তি হয়েছে এবং সফল পেয়েছে ? যদি দয়া করে জানান। আপনার কাছে রেডি থাকলে দিতে পারেন, না থাকলে পরে লিখিতভাবে যদি দেন, আমি বাধিত হব।

শ্রী সাধন পাণ্ডে : মাননীয় বিধায়কের প্রশ্নেরর উত্তরে আমি এটা পরিষ্কার বলতে চাই, শুধু 'বাঁটখাড়া' দপ্তর এটা নয়। যে কোনো মানুষের যে কোনো সমস্যা—এ.টি.এম. কার্ড থেকে শুরু করে, ফ্ল্যাটের প্রোমোটারের অত্যাচার থেকে শুরু করে, হাসপাতালে ডাক্তারের নেগলিজিয়েন্স থেকে শুরু করে, রেলের টিকিট ফেরত না পাওয়া, তার অর্থ না পাওয়া—ট্রেন যদি লেটে যায়—সেই রকম দরখাস্তও এসেছে এবং তারও সুবিচার হয়েছে। ওজনটা তো একটা গুরুত্বপূর্ণ ব্যাপার। কিন্তু তা সত্ত্বেও যে কোনো মানুষের যে কোনো সমস্যা—মনে রাখবেন, আমরা ৯৮%, ৯৯% সবাই ক্রেতা। আমরা কিনতে যাই। বিক্রেতা— তারাও কিনতে যায়। অতএব মুর্শিদাবাদ জেলার ব্যাপারে আপনি বলেছেন। আমি আপনার প্রশ্নের উত্তর আপনার কাছে পাঠিয়ে দেবো। আমার কাছে তো এখন ডিটেল্ রিপোর্ট নেই যে, মুর্শিদাবাদে কতগুলো কেস্ ফাইল্ হয়েছে—কি হয়েছে, না হয়েছে। কিন্তু আপনাকে এটা বলছি, হাউসের নলেজের জন্য বলছি যে, সিভিল কোর্ট থেকে আমাদের কোর্টে চলে আসছে মামলা বেশি করে, যাতে মানুষ রিলিফ পায় এবং রাজ্য সরকার এই কোর্টগুলোকে বাড়াবার জন্য উত্তরবঙ্গে একটি অ্যাডিশনাল বেঞ্চ, আসানসোলে একটি অ্যাডিশনাল বেঞ্চ—তারা অ্যাকসেপ্ট করেছেন, গ্রহণ করেছেন আমরা সেটা খুলতে চলেছি। এছাড়া কলকাতায় ৩টি ফোরাম্ আছে। এত বেশি চাপ—৩টি ফোরাম্ আমরা করছি। অতএব, আমরা কলকাতায় আমাদের রাজ্য কমিশনের অ্যাডিশনাল বেঞ্চ করছি, অতএব এগুলো আর দু-তিন মাসের মধ্যে হয়ে যাবে এবং সাধারণ মানুষের যাতে সুবিধে হয়, তার জন্য আমার রেগুলার মনিটরিং করছি।

[11.50 a.m.—12.00 noon]

শ্রী রামেশ্বর দলুই : স্যার, আপনাকে ধন্যবাদ, মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ, ওনারা একটা কথা আমাদের খুবই মনে ধরেছে শুভবুদ্ধি চেপে না রেখে বলেন। তা আমি আশা করি শুভবুদ্ধি চেপে না রেখে আমার প্রশ্নের উত্তরটা দেবেন। সেটা হল যে এই যে অভিযোগ, যে অভিযোগগুলো ওনার দপ্তরে পড়েছে কিছু নিষ্পত্তিও হয়েছে। আমি জানাতে চাইছি যে টেলিভিশন বা সংবাদমাধ্যমে প্রতারিত হচ্ছে কিছু বিজ্ঞাপনের মাধ্যমে রোগ ভালো হয়ে যাওয়া, তার পরে জীবন-জীবিকা, উন্নয়ন, গ্রহরত্ন ইত্যাদি প্রচার হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়েরও একটা বক্তব্য আমি মিডিয়ার মাধ্যমে দেখেছি ওনারও আন্তরিক ইচ্ছা আছে। মাননীয় বিধায়ক আনিসুর রহমান বিষয়টা তুলেছিলেন এই সভায়। এই ব্যাপারে যারা প্রতারকরা যাতে প্রতারিত না করতে পারেন মানুষকে, বিভ্রান্ত করতে না পারেন, সেই জন্য কোনো আইনকানুন করার কোনো উদ্যোগ গ্রহণ করবেন কি না ? আর এই অভিযোগ যা আপানার কাছে জমা পড়েছে এর মধ্যে এই ধরনের কোনো প্রতারকের বিরুদ্ধে কোনো অভিযোগ আপনার কাছে জমা পড়েছে কিনা ? যদি এটা অনুগ্রহ করে বলেন।

শ্রী সাধন পাণ্ডে : মাননীয় সদস্যর উত্তরে আমি এটা বলছি যে কয়েকটা টেলিভিশন চ্যানেল তারা এই ধরনের বিজ্ঞাপন এক ঘণ্টা, দেড় ঘণ্টা করে দেখাচ্ছে। আমি জানি, যদি

আমি ব্যবস্থা নিতে যাই, এটা আমার ব্যবস্থা নেওয়ার অধিকার আছে, আমি ব্যবস্থা নিতে যাই, তাহলে ওভারঅল রি-অ্যাকশান রাজ্যে যেটা ঘটবে এবং আমার উপর এসে পড়বে, তখন তার দায়িত্বটা কে নেবে ? তার দায়িত্বটা কে নেবে ? অপোজিশন বেঞ্চ থেকে আপনারা তো আমাকে উস্কে দিচ্ছেন, আর তার পর সেটা সামলাবার দায়িত্বটা কি আপনাদের থাকবে ? তো, আমি বলছি আপনি শুভবুদ্ধিসম্পন্ন কথা বলেছেন, এটা হল শুভবুদ্ধিসম্পন্ন চেতনা যে, ঘটনা ঘটলে এক রকম হবে, আমি মিডিয়ার গায়ে হাত দিলে আর একরকম হবে। আপনারা আমাকে বলছেন, তারপর মিডিয়া আর রকমভাবে চলবে। অতএব আমাকে সামলে চলতে হচ্ছে সবাইকে।

শ্রী বিপ্লব রায়চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অবহেলিত ছেঁড়া পাশবালিশের মতো পড়ে থাকা দপ্তর, যোগ্যতা থাকলে কতটা উন্নত করা যায় ৩৪ বছর পরে একজন মন্ত্রী তা প্রমাণ করেছেন, তার জন্য তাঁকে প্রভূত ধন্যবাদ জানাচ্ছি। ইদানীংকালে শহরাঞ্চলের বৃদ্ধি ঘটছে এবং মানুষ থাকবার জন্য নানান জায়গায় বাড়ি খুঁজে বেড়াচ্ছেন। এবং এই যে ফ্ল্যাটবাড়িগুলো তৈরি হচ্ছে তা অনেক সময়েই অত্যন্ত নিম্নমানের মাল দিয়ে, এছাড়া যারা তৈরি করছেন তারা অনেক সময় টাকা-পয়সা নিয়ে চিটিংবাজি করছেন। প্রায়শই এই ধরনের ঘটনা সংবাদপত্রেও আসছে, আমাদেরও কানে আসছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব এই ব্যাপারে কি কি ব্যবস্থা নিচ্ছেন বা নেওয়া যায় সেগুলো সম্বন্ধে যদি আমাদের অবহিত করেন।

মিঃ স্পীকার : উত্তর দিয়েছেন উনি আগে। এর আগেও এই প্রশ্ন হয়েছে, এই প্রশ্নের উত্তর উনি এর আগের বারেও দিয়েছেন। ঠিক আছে আপনি বলুন।

শ্রী সাধন পাণ্ডে : মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে আমি এটা বলতে চাই বিভিন্ন ফ্ল্যাট নিম্নমানের হচ্ছে এবং প্রতারণা করা হচ্ছে, কারোর থেকে ফ্ল্যাট বুকিং-এর সময় টাকা নেওয়া হচ্ছে, তার পর তাকে না দিয়ে অন্য লোককে ফ্ল্যাট বিক্রি করে দেওয়া হচ্ছে। এইসব অনেক কমপ্লেন পাচ্ছি, কিন্তু আমার হাতকে সীমাবদ্ধ করে দেওয়ার জন্য কেউ কেউ চেষ্টা করছেন। সেই জন্য আমি হয়তো সুপ্রিম কোর্টে যাব একটা রুলিং-এর জন্য যে, আমি প্রতারকদের ধরবো আর কেউ কেউ, আমি তাদের নাম বলতে পাচ্ছি না এই হাউসে,.... কোনো অর্গানাইজেশান যদি আমাকে আটকাবার চেষ্টা করে বা আমার কোর্টের জাজকে ডেকে তিরস্কার করে তাহলে সুপ্রিম কোর্ট বলে দিক আমার দপ্তর এইসব ব্যাপারে ইন্টারফেয়ার করতে পারবে ? না, অন্য জুডিসিয়ারি দপ্তর আমাকে আটকে দিচ্ছে। এই জিনিসটা আমার সামনে এসেছে। আমি হয়তো মাসখানেকের মধ্যে সুপ্রিম কোর্টে এস.এল.পি ফাইল করব যে, আমার দপ্তরের অধিকার যেন কেউ, কোনো অর্গানাইজেশান, আমি নাম বলব না, কোনো জুডিসিয়ারি বডি আমার অধিকারটা কেড়ে নিতে চাইছে। আমার জাজা যখন জেলে পাঠাচ্ছে তখন তারা সেটা রুখে দেওয়ার চেষ্টা করছে প্রোমোটারের তরফ থেকে। আমি সেটা বাধা পাচ্ছি, বাধাপ্রাপ্ত হচ্ছি এবং সেই জন্য আমি সুপ্রীম কোর্টে এস.এল.পি. ফাইল করে আমার অধিকার সম্বন্ধে, শুধু আমার অধিকার নয়,

সারা ভারতবর্ষে কনজিউমার ডিপার্টমেন্টের অধিকার আছে কিনা, এইসব ব্যাপারে ইন্টারফেয়ার করার জন্য আমরা সেটা বুঝে নেব।

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী আপনি নিশ্চয়ই অবহিত হবেন যে, আপনাকে সংবিধান যা ক্ষমতা দিয়েছে আপনার আইনের মাধ্যমে, সেটা আপনি প্রয়োগ করতে পারেন। কোনো ভীতির কাছে আপনার মাথা নীচু করার কোনো কারণ নেই। এটা মন্ত্রীর দুর্বলতা। এই ধরনের মত প্রকাশ করার কোনো কারণ থাকতে পারে বলে আমি মনে করি না।

করিমপুরে অর্ধনির্মিত সেতু

*২০। (অনুমোদিত প্রশ্ন নং *১২৮) **শ্রী আনিসুর রহমান** : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্যি যে, নদীয়া-মুর্শিদাবাদ জেলার সীমান্ত করিমপুরে জলঙ্গি নদীর উপর একটি সেতু অর্ধনির্মিত হয়ে পড়ে আছে ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ ওই কাজটি সম্পূর্ণ হতে পারে বলে আশা করা যায় ?

শ্রী শঙ্কর চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ক শ্রী আনিসূর রহমান মহাশয়ের প্রশ্নের উত্তরে জানাই,

(ক) হ্যাঁ, সত্যি।

(খ) প্রয়োজনীয় জমির সংস্থান হলে কাজ সম্পূর্ণ হওয়ার দিন জানানো যেতে পারে।

শ্রী আনিসুর রহমান : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই, এটা সমস্যা হয়েছে যে মন্ত্রী তিন/চারটে বদল হয়ে গেছে। প্রত্যেকটা মন্ত্রীর সঙ্গে এই বিষয়ে আলোচনা হয়েছে, কিন্তু সবাই বলছেন দেখছি আবার নতুনভাবে এসেছেন। এখন অনেকদিন আগে থেকে চার বছর ধরে পড়ে আছে। একটা শহরের পাশে একটা নদীর ধারে ব্রীজ। ১০ কোটি টাকা স্যাংশান হয়েছিল। সব কাজ হয়ে গেছে, শুধু অ্যাপ্রোচ রোড বাকি আছে এবং তার ল্যান্ড অ্যাকোয়ার করার কাজও হয়ে গেছে। শুধুমাত্র মাঝে মাঝে কিছু মামলা করে আর আটকে রাখার চেষ্টা করে। আপনি চেষ্টা করলে হয়ে যাবে। আপনি একটু উদ্যোগ নেন তাহলে আশা করবো সেই কাজটা হবে। এটা করা যাবে কিনা বলুন।

শ্রী শঙ্কর চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাই যে, আপনি জানেন এই সেতুটা তৈরি হয়ে থাকলেও একদিকে আপনার জেলা, অ্যাপ্রোচ রোড আর একদিকে নদীয়া জেলার অ্যাপ্রোচ রোড তৈরি হবে। আপনার জেলায় ঘরাইবাড়ির সাইডে অ্যাপ্রোচ রোডের যে জমির বিষয়টা ছিল সেই জমির বিষয়টা সমাধান হয়ে গেছে। এখন নদীয়ার দিকে করিমপুর সাইডে অ্যাপ্রোচ রোড যেটা তৈরি হবে সেই জমির সমস্যাটা এখনও মেটেনি। আপনার অবগতির জন্য জানাই নদীয়া জেলার প্রশাসন সর্বতোভাবে এই

ব্যাপারটায় চেষ্টা করছে। জেলাশাসকের দপ্তরে এই নিয়ে মিটিং হয়েছে। মহকুমা শাসকের দপ্তরে এই নিয়ে মিটিং হয়েছে কিন্তু যাদের কিছু কিছু জমি ওখান থেকে নেওয়া হয়েছে তাদের আপত্তি এবং অন্যান্য কারণে সেই জমির সমস্যাটা ওখানে মেটানো যায়নি। এই জন্য আমরা বর্তমানে সিদ্ধান্ত নিয়েছি, আপনি নিশ্চয়ই জানেন যে ২০১৪ সালের ২৪শে ১১-তে একটা সরকারী আদেশনামা হয়েছে এবং যে সব জায়গায় এইসব সমস্যা আছে সেখানে জমিগুলো ডাইরেক্টলি কিনে নেওয়ার জন্য আদেশনামা বের হয়ে গেছে। সেই অনুযায়ীর আমরা করিমপুরের দিককার যে জমি সেই জমি সম্পর্কে ইতিমধ্যেই স্ট্যান্ডিং কমিটি অন ইন্ডাস্ট্রি ইনফ্রাস্ট্রাকচার অ্যান্ড এমপ্লয়মেন্ট তাদের অনুমতির জন্য কাগজ তৈরী করছি এবং তাদের কাছে পাঠাচ্ছি। তাদের অনুমতি এলেই আমরা এই করিমপুরের দিকে জমির যে সমস্যা সেটা সমাধান করবার চেষ্টা করবো ডাইরেক্ট পারচেসের মাধ্যমে। আমি অনুরোধ করবো নদীয়া জেলার যারা মাননীয় বিধায়ক আছেন তারা একটু সহযোগিতা করুন। যারা ওখান থেকে জমি দেবেন তাদের কাছ থেকে আমরা সরাসরি সেই জমিটা কিনে নেব।

[12.00 noon—12.10 p.m.]

এবং সেই সম্পর্কে নদীয়া জেলার জেলা পরিষদের যিনি সভাধিপতি আছেন তাকেও ব্যক্তিগতভাবে আমি চিঠি দিয়ে জানিয়েছি, যাতে তিনি উদ্যোগ নেন। এবং আমার মনে হয় খুব তাড়াতাড়ি করিমপুরের দিককার জমি সমস্যার সমাধান হয়ে যাবে। কারণ, জমি অধিগ্রহণ আইনে যে সমস্ত জটিলতার সৃষ্টি হয়েছে, তাতে ওই দিককার—করিমপুরের সমস্যাটা মেটানো যাচ্ছে না। এই দুইদিকে করিমপুরের সমস্যা মিটে গেলেই আপনার দিক এবং নদীয়ার দিকের এই দুইদিকের জমি পেয়ে গেলেই আমরা একসঙ্গে অ্যাপ্রোচ রোডের দরপত্র আহ্বন করবো। আমার মনে হয় যে, আপনি যে সমস্যাটার কথা বলছেন সেটার বোধহয় সমাধান খুব শীঘ্রই হয়ে যাবে।

শ্রী আনিসুর রহমান : আপনাকে ধন্যবাদ। এরপর আমি যেটা বলতে চাইছি যে, এপারে মুর্শিদাবাদে যে রাস্তার দরকার ছিল, বেশি যেটা, সেটা মিটে গেছে। আমরা থেকেই সমাধান হয়ে গেছে। আর ওইখানে করিমপুরে যে পার্টটা আছে সেখানে একটা রাস্তা আছে। সরকারি রাস্তা আছে একটু ওয়াইডেনিং করতে হবে। এবং সেটা করতে গেলে কিছু বাড়ির হয়তো সামান্য ক্ষতি হবে। সেই ক্ষতিপূরণসহ সমস্ত কিছু দেখার কথা বলা হয়েছিল। মালিকেরাও রাজি হয়েছিল বলেই ব্রীজটা হয়েছিল। এখন কিছু সুবিধাবাদী লোক মামলা-মোকদ্দমা করার চেষ্টা করছে। আমার অনুরোধ যে, এত প্রয়োজন ওখানে—একেবারে শহরের পাশে, খুবই প্রয়োজন, ওদেরকে বহরমপুরে আসতে হয়—অনেকটা ঘুরে আসতে হয়, মানে ওই পদ্মা নদী ঘুরে আসতে হয়। যদি আপনি নিজে গিয়ে একবার বসেন, দরকার হলে দুই জেলার ডিএম, দুই জেলার এস পি, এদেরকে নিয়ে যদি বসেন আর অফিসাররা থাকেন—তাহলে আমার ধারণা আপনি একটা অ্যাপ্রোচ করলেই মিটে যাবে। আমি শুনেছি যে কোর্ট কেসের ফয়সালা হয়ে গেছে। যদি আপনি দয়া করে দেখেন তাহলে ভালো হয়।

শ্রী শঙ্কর চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাই যে, আপনি যেটা বললেন, সেই সমস্যাটা সমাধানের দিকে আমরা এগিয়েছি। আমরা

সেই জন্যই স্ট্যান্ডিং কমিটির কাছে ইতিমধ্যেই আমরা আমাদের প্রোপোজাল পাঠাচ্ছি। ওনাদের অনুমোদন পেলেই আমরা এই ব্যাপারটায় এগোবো। আপনি দয়া করে আপনার যিনি দলীয় বিধায়ক ওই অঞ্চলে আছেন তাঁকে অনুরোধ করবেন, যাতে সহযোগিতা করেন এবং এই সঙ্গে সঙ্গে আমরা যাতে স্ট্যান্ডিং কমিটির অ্যাপ্রুভালের পরেই জমিটাকে সরাসরি কিনে নিতে পারি সেই ব্যবস্থা যাতে আমরা নিতে পারি। সেই দিকে আপনাদের সহযোগিতা আমরা চাইছি এবং সেটা পেয়ে গেলেই আমরা একসঙ্গে দুইদিকের অ্যাপ্রোচ রোডটা তৈরি করে দেব।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : ধন্যবাদ, মাননীয় অধ্যক্ষ মহোদয়। মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, এই নিয়ে আমি আগেও দু'বার, তিনবার ওনার সঙ্গে কথা বলেছি। এখনও অবধি সুরাহা হয়নি। ডেবরা থেকে সবং ২৬ কিলোমিটার যে CRF Fund-এ রাস্তাটা হল সেখানে তিনটে ব্রীজ ছিল। দুটো ব্রীজ হয়ে গেছে, থার্ড ব্রীজ বাড় জীবন, সবং-এর থেকে একটু আগে কন্সট্রাকশান কমপ্লিট হয়ে ঝুলে আছে। ওখানেও ওই জমির সমস্যা। আমরা সবরকম সাহায্য করার জন্য আমরা নিজেরা প্রস্তুত রয়েছি। কিন্তু আপনাদের নতুন সার্কুলার অনুযায়ী স্ট্যান্ডিং কমিটি অন ইন্ডাস্ট্রিয়াল ইনফ্রাস্ট্রাকচার সবং-এর বাড় জীবনের অ্যাপ্রোচ রোড তৈরি করা জমির বিষয়ে কি অবস্থায় আছে—আমি তো অনেক দিন ধরেই আপনার দপ্তরের সঙ্গে যোগাযোগ করছি।

শ্রী শঙ্কর চক্রবর্তী : আপনি যে প্রশ্নটা তুলেছেন আমি ইতিপূর্বে প্রশ্নের উত্তরেই বললাম যে, স্ট্যান্ডিং কমিটিতে যেগুলো পাঠানো হচ্ছে সেগুলি অ্যাপ্রুভাল হলেই আমরা সেই সম্পর্কে জেলা পরিষদের মাধ্যমে সেই সার্কুলারে যেভাবে অগ্রসর হওয়ার কথা বলা আছে আমরা সঙ্গে সঙ্গেই সেই ব্যাপারে পদক্ষেপ নিয়ে নেব। কারণ, যেহেতু অনেকগুলি ব্রীজ আপনি জানেন যে, এই অ্যাপ্রোচ রোডের সমস্যায়—তৈরি হলেও আমরা সেগুলিকে চালু করতে পারিনি। সেই জন্যই আমাদের এই সরকার নতুন এই ব্যবস্থাটা নিয়েছেন ডাইরেক্ট পার্চেজের এবং সেই ব্যবস্থা অনুযায়ী পদক্ষেপগুলি, আমরা পরপর যে কয়েকটা ব্রীজ হয়ে আছে প্রত্যেকটা সম্বন্ধে নিচ্ছি। সুতরাং আমরা আশা করছি, এইভাবে আমরা অ্যাপ্রোচ রোডগুলির সমস্যার সমাধান করে দিয়ে ব্রীজগুলিকে চালু করে দিতে পারব।

(প্রশ্নোত্তর পর্ব সমাপ্ত।)

Starred Questions
(to which answers were laid on the 'Table')

সুন্দরবন উন্নয়নে ডব্লু. ডব্লু. এফ.

*২১। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৩) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা** : সুন্দরবন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, ডব্লু. ডব্লু. এফ. সংস্থা সুন্দরবন এলাকায় উন্নয়নমূলক কাজের দায়িত্ব পেয়েছে ; এবং

(খ) সত্যি হলে, ৩১শে ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত ওই কাজের অগ্রগতি কীরূপ ?

সুন্দরবন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না। সুন্দরবন বিষয়ক দপ্তর কর্তৃক ডব্লু. ডব্লু. এফ. সংস্থাকে সুন্দরবন এলাকায় উন্নয়নমূলক কাজের কোনো দায়িত্ব অর্পণ করা হয়নি।

(খ) প্রযোজ্য নয়।

ময়নাগুড়ির কারিগরী শিক্ষাকেন্দ্র

*২৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৯০) **শ্রী অনন্তদেব অধিকারী** : কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

ময়নাগুড়ির পলিটেকনিক ও আই. টি. আই. কলেজে পঠন-পাঠনের কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায় ?

কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

ময়নাগুড়ির পলিটেকনিক কলেজে পঠন-পাঠনের কাজ ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ থেকে ও আই. টি. আই. কলেজে পঠন-পাঠনের কাজ আগস্ট, ২০১৫ থেকে শুরু হবে বলে আশা করা যায়।

সবং-এ কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান

*২৪। (অনুমোদিত প্রশ্ন নং *২০৬) **ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা** : কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিম মেদিনীপুর জেলার সবং ব্লকে কোন ইঞ্জিনিয়ারিং কলেজ, পলিটেকনিক অথবা আই.টি.আই. স্থাপন করার পরিকল্পনা দপ্তরের আছে কি ; এবং

(খ) থাকলে,— (১) পরিকল্পনাটি কীরূপ ; ও

(২) কবে তা রূপায়িত হতে পারে ?

কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) যদিও প্রতিটি মহকুমায় একটি করে পলিটেকনিক এবং প্রতিটি ব্লকে একটি করে আই.টি.আই. স্থাপনের পরিকল্পনা সরকারের আছে, আপাতত সবং ব্লকে কোনো পলিটেকনিক অথবা আই.টি.আই. স্থাপন করার পরিকল্পনা নেই।

ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন করার বিষয়টি এই দপ্তরের বিবেচনাধীন নয়।

(খ) আপাতত নেই।

আই.টি.আই. কলেজ

*২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৩) **শ্রী বিশ্বজিৎ কুণ্ডু** : কারিগরী ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে সরকারী আই.টি.আই. কলেজের সংখ্যা কত, তন্মধ্যে বর্তমান সরকারের কার্যকালে নির্মিত কলেজের সংখ্যা কত ?

(খ) কালনা ২ নং ব্লকের আই.টি.আই. কলেজ নির্মাণের কাজ কবে থেকে শুরু হবে বলে আশা করা যায় ; এবং

(গ) কালনার জাপট পাড়ার বন্ধ এস.টি.ভি.টি সেন্টার-এর বিষয়ে কোনো পরিকল্পনা সরকারের আছে কি ?

কারিগরী ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বর্তমানে রাজ্য সরকারী আই.টি.আই. কলেজের সংখ্যা মোট ৬৩টি। তন্মধ্যে বর্তমান সরকারের কার্যকালে নির্মিত কলেজের সংখ্যা ১১টি। এছাড়া আরও ২৫টি আই.টি.আই.-এর নির্মাণকার্য ২০১৫ সালের জুন মাসের মধ্যে শেষ হবে বলে আশা করা যায়।

(খ) যদিও প্রতিটি ব্লকে একটি করে আই.টি.আই. স্থাপনের পবিকল্পনা সরকারের আছে, আপাতত ওই ব্লকে কোনো আই টি আই স্থাপন করার পবিকল্পনা দপ্তরের নেই।

(গ) না। কালনার জাপট পাড়ার বন্ধ এস.টি.ভি.টি. সেন্টার-এর বিষয়ে আপাতত কোনো পরিকল্পনা সরকারের নেই।

কুমারগ্রামে আই.টি.আই.

*২৬। (অনুমোদিত প্রশ্ন নং *২১৮) **শ্রী মনোজ কুমার ওরাওঁ** : কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কুমারগ্রাম ব্লকের আই.টি.আই. কলেজ নির্মাণের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে ?

কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

কুমারগ্রাম ব্লকের আই.টি.আই. কলেজ নির্মাণের কাজ ইতিমধ্যেই সম্পূর্ণ হয়েছে।

১১৭ নং জাতীয় সড়ক

*২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৪) **শ্রী দীপক কুমার হালদার** : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ১১৭ নং জাতীয় সড়ক সম্প্রসারণের কাজ সত্বর শুরু হবে ; এবং

(খ) সত্যি হলে, তা কবে নাগাদ শুরু হতে পারে বলে আশা করা যায় ?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১১৭ নং জাতীয় সড়কের জোকা (২২ কি.মি.) থেকে ডায়মন্ড হারবার (৫৬ কি.মি.) পর্যন্ত সম্প্রসারণের প্রস্তাবটি ভারত সরকারের MoRTH-এর বিবেচনাধীন।

(খ) MoRTH কর্তৃক প্রস্তাবটি অনুমোদিত হলে কাজটি শুরু হবে।

৩৪ নং জাতীয় সড়ক

*২৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৯) **শ্রী রবিউল আলম চৌধুরী** : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩৪ নং জাতীয় সড়কের অন্তর্গত রেজিনগর থেকে বেলডাঙা পর্যন্ত সড়ক মেরামতির কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে ?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

রাস্তাটি পূর্ত দপ্তরের অধীনে নয়।

পুরুলিয়ায় জল ধরো ভল ভরো প্রকল্প

*২৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪২০) **শ্রী ধীরেন্দ্রনাথ মাহাতো** : জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে ডিসেম্বর, ২০১৪ সাপেক্ষে পুরুলিয়া জেলায় জল ধরো জল ভরো প্রকল্পের অধীন মঞ্জুর হওয়া প্রকল্পের সংখ্যা কত (ব্লকওয়ারি তথ্যসহ) ?

জলসম্পদ অনুসন্ধান বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

২০১৪-১৫ আর্থিক বছরে ৩১শে ডিসেম্বর, ২০১৪ সাপেক্ষে জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগ দ্বারা পুরুলিয়া জেলায় বিভিন্ন প্রকল্পে 'জল ধরো জল ভরো'র অধীন মঞ্জুর হওয়া প্রকল্পের সংখ্যা ১১৩টি।

ব্লকওয়ারি তথ্য :

ব্লকের নাম	প্রকল্পের সংখ্যা	অনুমোদিত বরাদ্দ (লক্ষ টাকায়)
আরশা	১	৩৫.৬২
বলরামপুর	৩	৮৩.১১
বড়বাজার	৯	২৭১.৪৬
হুড়া	৫	২০১.১৮
ঝালদা-১	২	৬৮.১৮
ঝালদা-২	৩	১৩৫.৩২

ব্লকের নাম	প্রকল্পের সংখ্যা	অনুমোদিত বরাদ্দ (লক্ষ টাকায়)
কাশীপুর	২১	১৬২১.২৬
মানবাজার-১	৯	৩০৫.১৯
মানবাজার-২	৫	১৯৩.১১
পারা	৭	৩০৭.০০
পুরুলিয়া-১	৭	২১১.৬৭
পুরুলিয়া-২	৫	১২৭.৩৫
রঘুনাথপুর-১	১০	৩১১.৭৯
রঘুনাথপুর-২	৯	৩৯০.১৯
পুঞ্চা	৬	২০৫.৫৫
নেতুরিয়া	২	১৬০.২৫
সানতুরী	৯	৪৭৯.৫৭
সর্বমোট	**১১৩**	**৫১০৭.৮৮ লক্ষ**

মিঃ স্পীকার : মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাই যে সেকেন্ড হাফে অর্থাৎ আমাদের রিসেস-এর পরে প্রথমে আমরা নেবো The West Bengal Commission for Backward Classes (Amendment) Bill, 2015 ; যদিও আমাদের আজকে অর্ডার পেপারে ছাপা হয়েছে, The West Bengal University of Technology (Amendment) Bill, 2015 প্রথমে হওয়ার কথা, ওইটা আমরা সেকেন্ড নেবো, প্রথমে নেবো—The West Bengal Commission for Backward Classes (Amendment) Bill, 2015

NOTICE OF ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today, I have received two notices of Adjournment Motion. The first one is from Shri Apurba Sarkar, Shri Abu Taher Khan, Shri Manoj Chakraborty, Shri Akhruzzaman and Smt. Shaoni Singha Roy on the subject of alleged assault on a woman and ransacking by Police at a house at Jagtai village under Suti Police Station in Murshidabad on 19.02.2015. And the second one is from Shri Paresh Chandra Adhikary, Shri Anisur Rahaman, Shri Ram Sankar Halder, Shri Insar Ali Biswas, Shri Sahajahan Choudhury, Shri Rameswar Dolai, Shri Nirapada Sardar, Shri Basudeb Khan and Shri Tajmul Hossain on the demand of excess fund towards cost of land for extension of East-West Metro.

The subject matter of both the motions are not such that may call for the adjournment of the business of the House. Members

will get ample scope to raise the matter during discussion on Governor's Address which is nows going on. Members may also invite attention of the Ministers concerned through Calling Attention, Mention, Question etc.

I, therefore, withhold my consent to both the Motions.

One Member of each party may, however, read the text of the Motions as amended.

শ্রী আবু তাহের খান : স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট ঘটনার বিষয়ে আলোচনার জন্য, এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছে। বিষয়টি হল, মুর্শিদাবাদ জেলার সূতী থানার অন্তর্গত জগতাই গ্রামে গত ১৯.০২.২০১৫ তারিখে সূতী থানার ও.সি.-র নেতৃত্বে একদল পুলিশ বাহিনী রাত ১১টা নাগাদ জনৈকার বাড়ীতে ঢুকে তল্লাশি চালায় এবং মহিলাকে মারধর করে এবং সেই বাড়ীর সমস্ত আসবাবপত্র ভেঙে দেয়।

(গোলমাল)

মিঃ স্পীকার : এডিটেড পোর্শানটা পড়েছেন আপনি। ইউ হ্যাভ রেড দি এডিটেড পোর্শান। সোহরাব সাহেব আপনি জানেন যে এইগুলো আলোচনায় তোলা যায়, আমাদের গভর্নরস অ্যাড্রেসের আলোচনাতে তুলবেন এগুলো, বলেছি তো আমি।

শ্রী পরেশ চন্দ্র অধিকারী : স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল, ২০০৪ সালে রাজ্য ও কেন্দ্রীয় সরকার যৌথ উদ্যোগ ইস্ট-ওয়েস্ট মেট্রোর পরিকল্পনা করেছিল। তখন খরচ ধরা হয়েছিল ৪৮.৭৪ কোটি টাকা, বর্তমানে রাজ্য সরকার জমির দাম বাবদ ৪ হাজার কোটি টাকা দাবী করছে। এর জন্য মেট্রো সম্পূর্ণ অনিশ্চিত হয়ে পড়েছে। স্যার।

(Noise)

(At this stage the Left Front Members walked out of the Chamber)

NOTICE OF CALLING ATTENTION

Mr. Speaker : Today I have received five (5) notices of Calling Attention on the following subjects, namely :

Subject	Name
(i) Urge for filling up of vacant postes of Doctors and Medical Staff at Khirgram (ক্ষীরগ্রাম) Primary Health Centre at Mangalkot.	: Shri Sahajahan Choudhury

	Subject		Name
(ii)	Urge for taking necessary steps for Prevention of sound pollution in different places in the State.	:	Shri Gouranga Chatterjee
(iii)	Urge for early completion of construction work of I.T.I. building in Joynagar Block-II.	:	Dr. Tarun Kanti Naskar
(iv)	Alleged delay in opening of Trauma Care Centre at Kharagpur State General Hospital in the district of Paschim Medinipur.	:	Dr. Manas Ranjan Bhunia, and Shri Gyan Singh Sohanpal
(v)	Urge for setting up of Medical college by upgrading Deben Mahata Hospital at Purulia.	:	Shri Nepal Mahata

I have selected the notice of Dr. Manas Ranjan Bhunia and Shri Gyan Singh Sohanpal on the subject of Alleged delay in opening of Trauma Care Centre at Kharagpur State General Hospital in the district of Paschim Medinipur.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

[12.10—12.20 p.m.]

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : স্যার, আমি বাজেট অধিবেশন শেষ হওয়ার আগেই এই ব্যাপারে বলে দেব।

LAYING OF REPORT

The 40th Annual Report containing Annual Accounts, Audit Report and Comments of the Comptroller and Auditor General of India thereon, of The West Bengal Livestock Development Corporation Limited for the year 2013-14.

Shri Swapan Debnath : Hon'ble Sir, I beg to the 40th Annual Report containing annual Acounts, Audit Report and Comments of the Comptroller and Auditor General of India thereon, of The West Bengal Livestock Development Corporation Limited for the year 2013-14.

MENTION CASES

শ্রী মনোজ কুমার ওরাওঁ : নট প্রেজেন্ট।

শ্রী ধীরেন্দ্রনাথ মাহাতো : নট রেসপন্ডেন্ট।

ডঃ তরুণ কান্তি নস্কর : স্যার, আমি রাজ্যের বিদ্যালয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্যের উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এবং মাদ্রাসাগুলিতে প্রায় এক হাজার জন চুক্তি-ভিত্তিক শিক্ষক-শিক্ষিকা কর্মরত আছেন। তারা গত ১২ বছর ধরে প্রায় পূর্ণ সময়ের শিক্ষকের মতোই দায়িত্ব পালন করে আসছেন। উচ্চ মাধ্যমিক স্তরে উত্তরপত্র মূল্যায়ণ, স্ক্রুটিনি, নির্বাচন কমিশনের কাজ সবই তাদের করতে হয়। অথচ পূর্ণ সময়ের শিক্ষকের কোনো সুযোগ-সুবিধা তারা পান না। তাদের বেতন মাত্র মাসিক ৮,৫০৫ টাকা। তারা সমকাজে সমবেতন ও মর্যাদার জন্য আজকে রাস্তায় নেমে আন্দোলন করছেন। আমার মনে হয়েছে তাদের এই দাবি যথেষ্ট যুক্তিসঙ্গত। আমি বিদ্যালয় শিক্ষামন্ত্রীকে তাদের দাবি মেনে নিতে অনুরোধ করছি।

শ্রী বাসুদেব খাঁন : নট প্রেজেন্ট।

শ্রী আব্দুর রহিম বক্সী : নট প্রেজেন্ট।

শ্রী রামেশ্বর দলুই : নট প্রেজেন্ট।

শ্রী নিরাপদ সর্দার : নট প্রেজেন্ট।

শ্রী ইনসার আলি বিশ্বাস : নট প্রেজেন্ট।

শ্রী রামশঙ্কর হালদার : নট প্রেজেন্ট।

Dr. Harka Bahadur Chhetri : Hon'ble Speaker Sir, through you I would like to highlight one important issue and draw the attention of the concerned Minister. Sir, there is a place called Chhota Manzing in Gorubathan in my Constituency having area around 63 acres. The people of that ares vote for Kalimpong Constituency. Their block office is in Kalimpong. Their electoral roll is also in Kalimpong. Their Food and Supply office is also in Kalimpong. But unfortunately they fall under Jalpaiguri district. So far as the land record is concerned the fall under Jalpaiguri District. This correspondence was started in 2007 between the two BLROs of Malbazar and Kalimpong. But despite that no action has no far been taken. This could be because of the complacency of the bureaucrats that they are not responding or taking the initiative to transfer that strip of land which actually should have fallen under Kalimpong Constituency but it is still under Jalpaiguri district. In this context I had raised this issue in the last winter session also and the joint verification by the District Magistrates of Jalpaiguri

and Darjeeling also took place but despite that whatever is the progress is not known to me and the people are still pressing hard to me asking for what has happended to that strip of land. So, I would like to draw the attention of the Hon'ble Minister so that the rectification of the record be done as soon as possible. Thank you, Sir.

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিশেষ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং এই হাউসের সমস্ত সদস্যদের কাছে অনুরোধ রাখছি। বিশ্বকাপ ক্রিকেটে ভারতবর্ষের আশা নিয়ে প্রথমে অনেক প্রশ্ন দেখা দিয়েছিল। আমরাও ভেবেছিলাম তাদের যে অগ্রগতি সেই অগ্রগতি বোধহয় এবারে রুদ্ধ হয়ে যাবে। স্যার, গতকাল আমরা দেখেছি ভারতবর্ষের রাষ্ট্রপতিও ভারতীয় ক্রকেট টিমকে অভিনন্দন জানিয়েছে, এই কারণে যে বিশ্বকাপ ক্রিকেটে ধোনির নেতৃত্বাধীন বাহিনী শুধুমাত্র পাকিস্তানকে পরাজিত করতে পেরেছে তা নয়, সাউথ আফ্রিকার মতো টিম, যে টিমকে কোনোদিন বিশ্বকাপ ক্রিকেটে আমরা হারাতে পারিনি, তাদের এবারে হারিয়ে দিয়েছে ধোনির নেতৃত্বাধীন ভারতীয় ক্রিকেট টিম। আমি আপনার মাধ্যমে এই সভার কাছে একটি প্রস্তাব রাখছি, আপনি আমাদের ম্যাসেজ অফ দি হাউস এই বিধানসভার পক্ষ থেকে—এখানে শোভনদেব চট্টোপাদ্যায় আছেন, তিনিও এই ব্যাপারে আগে বলেছিলেন—এই হাউসের সমস্ত দলের পক্ষ থেকে একটি ম্যাসেজ পাঠিয়ে দিন অস্ট্রেলিয়ায় ভারতীয় ক্রিকেট টিমের ক্যাপটেনের কাছে, 'তোমাদের এই অগ্রগতিতে আমরা আনন্দিত, আমরা চাই তোমরা বিশ্বকাপ নিয়ে আমাদের ভারতবর্ষে ফিরে এসো'। এটাই আপনার কাছে আমার আবেদন।

মিঃ স্পীকার : আপনার এই বার্তাটা আমরা নিশ্চয় পৌঁছে দেব। আর ভারত ওয়ার্ল্ড কাপ যদি জিতে আসে তাহলে আমরা এখানে একটা বড় করে সংবর্ধনার ব্যবস্থা করব।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যের প্রতিমন্ত্রী ম্যাডাম চন্দ্রিমা ভট্টাচার্য এবং মাননীয় মুখ্যমন্ত্রী, যিনি ওভারঅল স্বাস্থ্যের দায়িত্বে আছেন, তার দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল মাননীয়া মন্ত্রী এই হাউসে কিছু বক্তব্য রেখেছেন। বিষয়টা খুব গভীর প্যানিক বা আতঙ্কের সৃষ্টি না করলেও উদ্বেগের সঞ্চার করেছে—সোয়াইন ফ্লু। আমরা মোটামুটি যারা নন-মেডিকেল পার্সন তারা সংবাদমাধ্যম, ইলেকট্রনিক মিডিয়াতে খবরাখবর দেখে বিষয়টি কি সেটা গোদা গোদা করে বুঝতে পারছি। কিন্তু অন মেডিকেল পয়েন্ট অফ ভিউ, আমি আপনার মাধ্যমে মাননীয়া স্বাস্থ্যমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীকে বলব, আমরা সংবাদমাধ্যমে দেখলাম মাননীয়া মুখ্যমন্ত্রী নবান্নে এই বিষয়ে একটি জরুরী বৈঠক করছেন। কিন্তু স্যার, একটু দেরী হয়ে গেল। ইতিমধ্যে পশ্চিমবঙ্গে ৬৭-৬৮ জন এই রোগে আক্রান্ত হয়েছেন এবং পাঁচজন মারা গেছেন। গোটা ভারতবর্ষে ১৩,৪০০ জন আক্রান্ত হয়েছেন, ৮১২ জন মারা গেছেন। এই পরিস্থিতিতে সবচেয়ে বেশী আক্রান্তের সংক্যা হচ্ছে রাজস্তান এবং মহারাষ্ট্রে। পশ্চিমবঙ্গেও কিন্তু সংখ্যাটা কম নয়। হাউস চলছে, আমরা দেখছি স্বাস্থ্য ভবন এবং স্বাস্থ্য দপ্তর তারা bit hesitant for massive awareness

campaign—এটা কেন আমি বুঝতে পারছি না। আমি আপনার মাধ্যমে মাননীয়া স্বাস্থ্যমন্ত্রীকে বলব, মুখ্যমন্ত্রীর কাছে ম্যাসেজ দিতে। ইলাবোরেটলি অনেক বেশী করে উদ্যোগ নিয়ে আমাদের কাজ করতে হবে।

মিঃ স্পীকার : ডাঃ ভূঞ্যা, গতকাল আপনি ছিলেন না বলে আপনি জানেন না, মাননীয়া স্বাস্থ্যমন্ত্রী কালকে বিস্তারিতভাবে বলেছেন। লেটেস্ট অবস্থা কি এটা স্বাস্থ্যমন্ত্রী আজকে জানান।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : স্যার, গতকাল অবধি ৬৯ জন, আমি যখন বলেছিলাম গতকাল তখন এই সংখ্যাটা ৬৭ ছিল। গতকাল রাত অবধি আমাদের কাছে যে রিপোর্ট তাতে ১৭২ জনের টেস্ট হয়েছিল এবং ৬৯ জন আক্রান্ত হয়েছেন ধরা পড়েছে। দুজন ভেন্টিলেটারে রয়েছেন। গতকালও আমি বলেছি বি সি রায় হাসপাতাল এবং আর আর.এস.বি. হাসপাতাল টালিগঞ্জে তারা আছেন। তাছাড়া স্যার, ৬৭ জন আক্রান্ত হয়েছেন এবং পাঁচ জনের মৃত্যুর কথা গতকালও বলেছিলাম, আজও সেই সংখ্যাটা পাঁচই আছে।

শ্রী নেপাল মাহাত : অনারেবেল স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দীর্ঘদিন ধরে আমার যে ঝালদা শহর যে পাঁচটি থানা নিয়ে ঝালদা সাবডিভিশান হওয়ার কথা তার সমস্ত রকম প্রক্রিয়া কমপ্লিট হওয়ার পরেও এখনো পর্য্যন্ত সেটা ঘোষণা হচ্ছে না।

[12.20—12.30 p.m.]

সেই বাম জামানা থেকে তার প্রক্রিয়া শুরু হয়েছে পরবর্তীকালে আরো জায়গা জমি থেকে শুরু করে সমস্তরকম বিষয় সবটাই ঠিকঠাক হয়ে আছে, কিন্তু এখনো পর্যন্ত সেই সাবডিভিশান ঘোষণা না হওয়ার জন্য অনেক দূরদূরান্ত থেকে—প্রায় ৮০-৯০ কিলোমিটার দূর থেকে পুরুলিয়া কোর্টে মানুষজন তাদেরকে আসতে হচ্ছে বিভিন্ন কাজে। স্যার আপনার মাধ্যমে জানাই অবিলম্বে এই ঝালদাকে সাবডিভিশনে বা মহকুমা ঘোষণা করার যে বিষয়টি দীর্ঘদিন ধরে চাপা পড়ে আছে সেটা যেন ঘোষণা করা হয়। আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর আছে সেই দাবী জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রীমতী প্রতিমা রজক : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বড়োঞা বিধানসভা এলাকায়, বড়োঞা এবং পাঁচতুবি দুটি অঞ্চলে পি.এইচ.ই.-র দুটো জল সরবরাহ কেন্দ্র আছে, সেই দুটো অকেজো হয়ে পড়ে আছে। দীর্ঘদিন ধরে মানুষ সেখানে জল পাচ্ছে না। মাননীয় মন্ত্রী এখানে আছেন। আমি উনাকে লিখিতভাবে জানিয়েছিলাম, যারা সরকারী আধিকারিক আছেন তাদেরকেও আমি বারবার লিখিতভাবে জানিয়েছি যে এই জল সরবরাহ কেন্দ্র দুটো সারাপোর ব্যবস্থা করা হোক, কিন্তু আজও অবধি সেই জল সরবরাহ কেন্দ্র দুটো সারানোর ব্যবস্থা করা হয়নি। স্যার, তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে বলব উনি এখানে আছেন, এব্যাপারে যদি কিছু বলেন এই দুটো জল সরবরাহ কেন্দ্র কবে সারানো যাবে, তাহলে খুব ভালো হয়।

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী এখানে রয়েছেন, মাননীয় মন্ত্রী নিশ্চয় এটা দেখবেন।

মাননীয় মন্ত্রী, মাননীয় সদস্যা প্রতিমা রজক একটা সাবজেক্ট উল্লেখ করেছেন। এব্যাপারে আমি মাননীয় মন্ত্রী সুব্রত মুখার্জীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় সদস্যা প্রতিমা রজক, উনি ওয়াটার প্রোজেক্ট সম্বন্ধে উল্লেখ করেছেন। মেনশান করেছেন। মাননীয় সদস্যা আপনি আর একবার রিপিট করুন, আবার বলুন।

শ্রীমতী প্রতিমা রজক : স্যার, আমার বড়োঞা বিধানসভায় বড়োঞা এবং পাঁচতুবি দুটো অঞ্চলে পি.এইচ.ই.-র দুটো জল সরবরাহ কেন্দ্র আছে। মাননীয় মন্ত্রী আমি আপনাকে লিখিতভাবে জানিয়েছিলাম। সরকারী আধিকারিক যাঁরা আছেন তাদেরকেও লিখিতভাবে জানিয়েছি, কিন্তু সেই জল সরবরাহ কেন্দ্র দুটো অকেজো হয়ে পড়ে আছে। মানুষ জল পাচ্ছে না। এই কেন্দ্র দুটো সারানোর জন্য আমি আপনাকে লিখিতভাবে জানিয়েছিলাম, এই দুটো কবে সারানো হবে এটা যদি আপনি একটু দয়া করে বলেন।

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, উনি জলের কথা বলেছেন। আমরা জলের কাজ করছি। অন্যান্য বিধায়করা জানেন। আমরা অনেক প্রবলেমের মধ্যে আছি—আর্সেনিক আছে, ফ্লোরাইড আছে এবং কেন্দ্রীয় সরকারের নিয়মিত টাকা দেওয়াও অনেকটা কমে গেছে। এত প্রতিকূলতা সত্ত্বেও আমরা যা কাজ করছি তাতে প্রায় 50% গ্রামীণ জল আমরা সরবরাহ করতে পেরেছি এবং 70 liter per head আমরা জল দেবো এটাও আমরা প্রতিশ্রুতিবদ্ধ। আমাদের twenty-twenty vision—এ সেই কথা মেনশান করে আসছি। উনার এরিয়াতে, কোনো পঞ্চায়েত এরিয়াতে যদি এই ধরনের সমস্যা থাকে—উনি লিখে দেওয়ার চেয়েও একদম সরাসরি এসে দেখা করে যদি বলেন আমি ব্যাপারটা দেখে নেব।

শ্রী অপূর্ব সরকার : স্যার, আমার আজকের যে উল্লেখ সেটা সরাসরি আপনার কাছেই। কারণ, আমরা যারা এই পবিত্র বিধানসভার সদস্য, আমরা জানি আপনি এই হাউসে বিভিন্ন কমিটি তৈরী করেন, স্ট্যান্ডিং কমিটি থেকে বিভিন্ন রকম—সেই স্ট্যান্ডিং কমিটিগুলোর যে কাজ এবং দায়বদ্ধতা সেই কাজ এবং দায়বদ্ধতাগুলো এই হাউসের সম্মানীয় সদস্যরা তা পালন করেন কিন্তু দুর্ভাগ্যের সঙ্গে আমরা লক্ষ্য করেছি এবং আবেদনও করেছি তার ফল পাইনি, যেমন অন্যান্য রাজ্যের প্রতিনিধিরা যখন আমাদের এই হাউসে আসেন, আমাদের কাছে আসেন সরকারী দপ্তরের কাজকর্ম দেখে সেই রাজ্যকে সমৃদ্ধ করার চেষ্টা করেন, এখানকার ভালো কাজগুলো নিয়ে তখন আমরা যারা সবাই বিধানসভার সদস্য তাদের অন্য রাজ্যে যাওয়ার ওপর আপনি প্রতিবন্ধকতা আরোপ করেছেন। স্বাভাবিকভাবেই অন্য রাজ্যের কোনো ভালো কাজ, স্ট্যান্ডিং কমিটির যে গুরুদায়িত্ব—সেখানকার ভালো কাজ দেখে আসার পর এই রাজ্যকে আমরা কিন্তু সমৃদ্ধ করতে পারছি না। স্যার, এই জায়গায় আপনার কাছে আবেদন—যদি দয়া করে যে ব্যারিকেড তৈরী হয়েছে সেটা যদি আপনি মুক্ত করার ব্যবস্থা করেন, তাহলে অন্য রাজ্যের ভালো কাজগুলো সেগুলো এই রাজ্যের যাতে সমৃদ্ধ হয় তার ব্যবস্থা আমরা বিধায়করা করতে পারব। ধন্যবাদ স্যার।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, গতকাল উনি যখন এই বিধানসভায় উত্তর দিচ্ছিলেন, তখন তিনি বলেছিলেন যে

মাধ্যমিক পরীক্ষা শুরু হয়েছে যাতে সুষ্ঠুভাবে পরীক্ষা সম্পন্ন হয় তার জন্য সবার কাছে আবেদন রেখেছিলেন, অনুরোধ করেছিলেন। কিন্তু ঘটনা হচ্ছে মাধ্যমিক পরীক্ষাতে গত তিন বছর ধরে দেখছি, পরীক্ষার সময় ব্যাপকভাবে টোকাটুকি চলছে এবং টোকাটুকির সাপ্লাই-এর বিভিন্ন ছবি—বিভিন্ন ইলেকট্রনিক্স মিডিয়া এবং সংবাদপত্রে বেরোচ্ছে। তাতে যারা টুকলি সাপ্লাই করছে বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে তারা তো জিমন্যাস্টিককেও হার মানিয়ে দেবে। এই যে ব্যাপকভাবে টোকাটুকি চলছে বিভিন্ন জায়গাতে এবং অনেক সময় দেখা যাচ্ছে সরকারী দলের নেতৃত্বে বিভিন্ন জায়গায় পরীক্ষা চলাকালীন মাইক বাজিয়ে মিটিং-মিছিল পর্যন্ত হচ্ছে। আমার এলাকাতেই যেমন হয়েছে গত ২১ তারিখে। আমি এই ব্যাপারে বলব যাতে করে সুষ্ঠুভাবে মাধমিক পরীক্ষা সম্পূর্ণ হয় তার .....(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

শ্রী শমীক ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আমি সভার কাছে এবং সংশ্লিষ্ট দপ্তরের কাছে গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করতে চাইছি যে, গত কয়েক বছর যাবৎ বাংলাদেশের আভ্যন্তরীণ রাজনৈতিক পরিস্থিতি শাহবাগ মুভমেন্টকে কেন্দ্র করে গোটা বাংলাদেশের বিস্তীর্ণ অঞ্চল প্রত্যন্ত গ্রামের মধ্যে সেখানে কিছু মানুষের উপর অত্যাচার হচ্ছে এবং বহু মানুষ বাংলাদেশ থেকে পেরিয়ে আমাদের এখানে সীমান্তবর্তী জেলাগুলোর মধ্যে আশ্রয় নিতে বাধ্য হচ্ছে। প্রশ্নটা কোনো ধর্মের নয়, প্রশ্নটা কোনো বিশ্বাসের নয়, প্রশ্নটা ইললিগাল, ইমিগ্রেশানের। পশ্চিমবঙ্গের জনসংখ্যার উপর এর চাপ বাড়ছে, পশ্চিমবাংলার অর্থনীতি ক্ষতিগ্রস্ত হচ্ছে। এই অনুপ্রবেশ দেখার দায়িত্ব যদিও বি.এস.এফ এর। কিন্তু বিস্তীর্ণ কোরাস বর্ডারে—যদি আমাদের সমস্ত রাজনৈতিক দল, যদি সরকার সচেতন না হয়—যদি সংশ্লিষ্ট থানা এবং আধিকারিকরা যদি গুরুত্ব দিয়ে বিষয়টি না বিবেচনা করেন তাহলে একদিক থেকে শুধুমাত্র ভারতবিরোধী কার্যকলাপ .....(নয়েজ)

মিঃ স্পীকার : এটা কেন্দ্রের ব্যাপার। এটা কেন্দ্রের ব্যাপার, বর্ডার সিকিউরিটি ফোর্স আছে।.....(নয়েজ).....

শ্রী শমীক ভট্টাচার্য : পুলিশ কোনো অ্যাকশান নিচ্ছে না, পুলিশ বলছে রাজনৈতিক দলের হস্তক্ষেপের কারণে আমরা অপারগ.....(নয়েজ)...জেলার সুপার স্বীকার করেছেন....(নয়েজ)....(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : মাননীয় স্পীকার স্যার, মাননীয় গৌরাঙ্গ চ্যাটার্জী এম.এল.এ. যেটা উত্থাপন করেছেন আমারও একই বক্তব্য ছিল। সেটা হচ্ছে এই যে গতকালকে আমাদের কাছ থেকে মাননীয়...(নয়েজ)...অন্য জিনিস দেব।

মিঃ স্পীকার : ঠিক আছে, ঠিক আছে ওটা যদি একই ব্যাপার হয়,....(নয়েজ)....আর অন্য দরকার নেই, ছেড়ে দিন।

শ্রী যোসেফ মুণ্ডা : ধন্যবাদ স্যার, মাননীয় অধ্যক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর কাছে আমার অনুরোধ মেটলিমোড় থেকে ইঙ্গ পর্যন্ত প্রায় নয় কিলোমিটার যে রাস্তা—এই রাস্তাটা প্রায় ২৫ হাজার মানুষ যাতায়াত করেন এবং রোজই প্রাইমারি থেকে কলেজ অবধি আসা-যাওয়া ছাত্রছাত্রীদের এবং প্রাইমারি স্বাস্থ্য কেন্দ্র থেকে মেডিক্যাল কলেজ অবধি

এখানকার রোগীরা যাতায়াত করেন। এই রাস্তা যদি শীঘ্রই করা হয় তাহলে উপকৃত হবে মানুষ, ধন্যবাদ স্যার।

মহঃ সোহরাব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয়া মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, জগদাই গ্রাম সুতি থানা ইব্রাহিম শেখ তিনবারের প্রাক্তন প্রধান। তার বিরুদ্ধে কোনো মামলা অভিযোগ নেয় থানায়। তার ভাইয়ের বিরুদ্ধে একটা ফলস্ অ্যান্ড কনককটেড মামলা আছে। সেটার বিরুদ্ধেও আমরা থানাতে গিয়ে আমাদের এল.এল.এ.-র সঙ্গে যখন যাই, তখন সেখানকার ও.সি. সো অ্যারোগেন্ট তাকে বলে আপনাকে কোনো উত্তর দেব না।

[12.30—12.38 p.m.]

যদি কিছু উত্তর দিতে হয় কোর্টে দেব। সেই পুলিশ ইব্রাহিম শেখের বাড়িতে গিয়ে বাড়ির দরজা ভেঙে তার স্ত্রীকে মারধর করে। স্যার, এই যে ভদ্রলোক ও.সি. এর আগে যেখানে গিয়েছেন সেখানে তিনি গণ্ডগোল করেছেন। এর আগে যখন ওদের দলে ছিলেন তখন তাঁদের ইঙ্গিতে অনেক কিছু করেছেন। এখন কার ইঙ্গিতে আমি বলছি না, এখন আমাদের ওখানে একজন মানুষকে, আমাদের দলীয় নেতাকে একটা মিথ্যা মামলায় জড়িয়ে—তার বাড়ি যদি যেত আমাদের বক্তব্য কিছু ছিল না, কিন্তু তার দাদার বাড়িতে গিয়ে তার স্ত্রীকে, একজন মহিলাকে যেভাবে তার হাত ভেঙে দিয়েছে আমরা তার প্রতিবাদ চাইছি। সেই ও.সি.-কে অবিলম্বে ওখান থেকে ট্রান্সফার করে সেই মামলা যাতে সি.আই.ডি. দিয়ে তদন্ত হয় তার ব্যবস্থা করার জন্য আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী মমতাজ বেগম : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয়া স্বাস্থ্যমন্ত্রীকে জানাচ্ছি যে পশ্চিমবঙ্গে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সমস্ত সরকারী হাসপাতালে ন্যায্য মূল্যে ঔষধের দোকানের ব্যবস্থা করেছেন, তার জন্য আমি ধন্যবাদ জানাই। মহাশয়া আমার বিধানসভা এলাকা গার্ডেনরীচে স্টেট জেনারেল হসপিটাল নামে একটা সরকারী হাসপাতাল আছে। আমার অঞ্চলে ১০ রকমের মানুষ বসবাস করে। ওই হাসপাতালে ন্যায্য মূল্যে একটা ঔষধের দোকানের ব্যবস্থা করে দেন তাহলে আমার এলাকার মানুষ অনেক উপকৃত হবে।

শ্রী কে. পি. সিং. দেও : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয়া স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। প্রথমে জানাই ধন্যবাদ যে পুরুলিয়ার মতো একটা পিছিয়ে পড়া জায়গায় সদর হাসপাতালে লেপ্রোস্কপি সার্জারি শুরু হয়েছে। কিন্তু বর্তমানে সার্জারির যে অবস্থা, প্রতিদিন প্রায় ৩০-৪০টি সার্জারি হয়। সেই ক্ষেত্রে এনাসথেসিস্ট ডাক্তারের অভাব পড়ে গেছে। যেখানে লেপ্রস্কপি অপারেশান হচ্ছে সেখানে এনাসথেসিস্ট ডাক্তার পাওয়া যাচ্ছে না। অনেক রোগী কম খরচে যেটা করতে চাইছে তার থেকে ডিপ্রাইভ হচ্ছেন। মাননীয়া মন্ত্রিমহাশয়ের কাছে আমার আবেদন, অনেক ইচ্ছুক ডাক্তার যারা এখানে আসতে চাইছেন, আমার কাছে নাম আছে, আমি দেব, তাদের যদি এখানে ট্রান্সফার করা হয় তাহলে অনেক রোগী উপকৃত হবেন এবং জেলারও উপকার হবে।

ZERO HOUR

শ্রী পরেশ অধিকারী : ধন্যবাদ স্যার। একটা মর্মান্তিক ঘটনা যে বিষয়ে আমার বিধানসভা কেন্দ্রের অন্তর্গত জামালদা এলাকায় জীবনের প্রথম বড় পরীক্ষা মাধ্যমিক, সেই মাধ্যমিক পরীক্ষার পরীক্ষার্থীরা পরীক্ষা দিয়ে ফেরার পথে জামালদা এলাকার ভেলপুর মোড়ে বিকাল ৪টার সময় বাস দুর্ঘটনা ঘটে। এই দুর্ঘটনার কবলে ৬ জন নিহত হয় যার মধ্যে ৪ জনই পরীক্ষার্থী। ৪২ জন আহত হয় যার মধ্যে ৩১ জনের অবস্থা গুরুতর, যাদের জলপাইগুড়ি সদর হাসপাতালে পাঠানো হয়। ইতিমধ্যে ৩ জনকে মেডিক্যাল কলেজে ভর্তি করা হয়েছে, তারা আশংঙ্কা জনক অবস্থায় রয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে এই ব্যাপারে একটা বিবৃতি দাবি করছি। যারা পরীক্ষা দিতে পারল না তাদের বিষয়ে ব্যবস্থা নেওয়ার কথা বলছি। এই দুর্ঘটনায় যারা অকালে প্রাণ হারালো সেই বিষয়ে একটা পূর্ণ তদন্ত এবং তাদের পরিবারকে আর্থিক সাহায্যের দাবি জানাচ্ছি।

মিঃ স্পীকার : ঘটনাটা অত্যন্ত দুর্ভাগ্যজনক, এটা আমরাও ফিল করছি এটা অত্যন্ত দুর্ভাগ্যজনক ঘটনা। অতগুলো ছাত্র পরীক্ষা দিতে গিয়ে রোড অ্যাক্সিডেন্টে মারা গেছে, এই ব্যাপারে আমরা সবাই সহানুভূতিশীল এবং আমরাও চাই এই ঘটনার সাথে যদি কোনো অন্যরকমভাবে ঘটনাটা ঘটে থাকে সেই ব্যাপারে সরকার ব্যবস্থা নিক। মাননীয়া মুখ্যমন্ত্রী এই ব্যাপারে যথেষ্ট সতর্ক আছেন।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয়া স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ২২শে ফেব্রুয়ারী বেলঘরিয়ায় কামারহাটি পৌরসভার ৩৫ নম্বর ওয়ার্ডে কাউন্সিলারের দাদা কাজল ভট্টাচার্য পুকুরে জামা কাচাকে কেন্দ্র করে শাসক দলের দুষ্কৃতীরা তার বাড়িতে হামলা চালায় এবং কাজল ভট্টাচার্যকে নৃশংসভাবে খুন করে। কাজল ভট্টাচার্য আমাদের পার্টির নেতা। এই এলাকায় তোলাবাজি, দাগাবাজি চিন্ময়-সহ কয়েকজন দুষ্কৃতী মানুষকে অতিষ্ঠ করে তুলেছে। কাজল ভট্টাচার্যের স্ত্রী থানায় অভিযোগ দায়ের করেছেন। দুষ্কৃতীদের অবিলম্বে গ্রেপ্তার ও শাস্তির দাবি জানাচ্ছি।

শ্রী রণজিৎ কুমার মণ্ডল : স্যার, আমার যেটা জিরো আওয়ারে ছিল, সেটা পরেশবাবু বলেছেন। আমি শুধু একটু অ্যাডিশান করতে চাই—একটা নিয়ম বা আইন আছে যে মাধ্যমিক পরীক্ষা চলাকালীন বিশেষ করে পরিবহণ দপ্তর থেকে পরীক্ষার্থীদের জন্য একটা স্পেশ্যাল বাস দেওয়া হয়। কিন্তু যেহেতু ১০ লক্ষ ৫০ হাজার ৯৩০ জন এবার পরীক্ষার্থী আছে, সুতরাং আমি জানি সেইভাবে পর্যাপ্ত বাসের ব্যবস্থা করা হচ্ছে না। ছাত্র-ছাত্রীরা ঝুলতে ঝুলতে যাচ্ছে। আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহণমন্ত্রী ও মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে বলতে চাই, যাতে পর্যাপ্ত পরিবহণ ব্যবস্থা থাকে এবং ছাত্র-ছাত্রীরা যাতে স্পেশ্যালি এই বাস অ্যাভেল করতে পারে তার ব্যবস্থা করা হোক। তা না হলে কিন্তু একই অবস্থার সৃষ্টি হবে।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনার মাধ্যমে জানাই, আমি নিজে মনে করি এই হাউসের সমস্ত সদস্যদের কাছে আমার কথা একইরকমভাবেই প্রতিধ্বনিত হবে। কেন্দ্রে যে নতুন সরকারটি প্রতিষ্ঠিত হয়েছে, ভারতীয় জনতা পার্টি এবং

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে, তাকে অর্ডিন্যান্সরাজ সরকার হিসাবে আমরা চিহ্নিত করতে পারি। ইউ.পি.এ.-(২)-তে আমরা সহমতের ভিত্তিতে একটি ভূমি বিল এনেছিলাম, আইনে পাশ করেছিলাম এবং সেখানে পশ্চিমবঙ্গের মাননীয়া মুখ্যমন্ত্রীও তার কিছু এদিক-ওদিক বক্তব্য থাকলেও সার্বিক সহমত তিনি করেছিলেন যে ৮০% মানুষের সহমত নিয়ে যে কোনো ভূমি অধিগ্রহণ করতে হবে। ইনফ্রস্ট্রাকচার বলুন, ইন্ডাস্ট্রি বলুন, সব কিছু। কিছু এমার্জেন্সি—ডিফেন্স মিলিটারি, ক্যানেল, রেলওয়ে ট্র্যাক, এয়ারপোর্ট এগুলো বাদ দিন। কিন্তু আমরা দেখছি কেন্দ্রীয় সরকার আসার পরই একের পর এক ভারতবর্ষের মানুষের স্বার্থবিরোধী পদক্ষেপগুলো নিচ্ছে। আজকেও হয়ত আপনার মাধ্যমে, আপনিও জানেন স্যার, আপনি আইনজ্ঞ, হয়তো যে পার্লামেন্ট অ্যাক্ট আছে, সব বিরোধীরা এর বিরেদ্ধে। একটা সরকার এসেছে ভারতবর্ষকে বিক্রি করে দিতে। একটা সরকার এসেছে ভারতবর্ষের স্বনির্ভরতাকে, স্বয়ম্ভরতাকে, স্বাধীনতাকে এবং তার অগ্রগতিকে আঘাত করতে। আমি তাই আপনার মাধ্যমে একটা প্রস্তাব এই হাউস থেকে আজকে নেওয়া হোক, আমি মনে করি সবাই মিলে সহমত হব। এই অর্ডিন্যান্সরাজ কেন্দ্রীয় বি.জে.পি. সরকারের বিরুদ্ধে আমরা একমত হয়ে বলি এই অর্ডিন্যান্স ভূমি নিয়ে প্রত্যাহার করতে হবে। কিছুতেই যেন বাংলার প্রতিনিধিরা এর সঙ্গে সহমত না হয়।

মিঃ স্পীকার : আমাদের আজকে শ্রী হরিদাস মিত্রের ১০১তম জন্মদিন। আমি সবাইকে লবিতে আসবার জন্য অনুরোধ করব।

(এই সময় ১.৩০ পর্যন্ত সভার কাজ মুলতুবি রাখা হয়)

[1.30—1.40 p.m.]

LEGISLATION

The West Bengal Commission for Backward Classes (Amendment) Bill, 2015

Mr. Speaker : Hon'ble Minister-in-Charge of Backward Classes Welfare Department may please introduce the Bill.

Shri Upendranath Biswas : Sir, I beg to introduce The West Bengal Commission for Backward Classes (Amendment) Bill, 2015.

(Secretary then read the Title of the Bill)

Mr. Speaker : Hon'ble Minister-in-Charge of Backward Classes Welfare Department may now move the motion for consideration of the Bill.

শ্রী রামেশ্বর দলুই : মাননীয় মন্ত্রী The West Bengal Commission for Backward Classes (Amendment) Bill, 2015 উত্থাপন করেছেন। এই বিষয়

সংক্ষিপ্তভাবে কয়েকটি কথা আপনার মাধ্যমে উত্থাপন করতে চাই। বিশেষ কিছু বড় ব্যাপার না, খুবই ছোটো একটা ব্যাপার। দেখছি তাড়াহুড়ো আছে। সেটা হ'ল যে, যেটা নিয়ে আসা হয়েছে Section 1, Sub-Section 4 ১৯৯৩-এ এটা বলা ছিল মূল আইনে, তাতে যা বলা ছিল, তিন বছর হবে সেটা পাঁচ বছর করতে চেয়েছেন—মেম্বার সেক্রেটারি আর বয়সের বিষয়টি ৬২ ছিল ৬৫ করতে চেয়েছেন—মেম্বার সেক্রেটারি। মেম্বার সেক্রেটারি কে হবেন তাও বলা আছে যে, রাজ্যের কোনো সচিব অবসরপ্রাপ্ত ইত্যাদি। এই নিয়ে একটা মাননীয় মন্ত্রীর আন্তরিকতার অভাব নেই। এই বিভাগ সম্পর্কে তিনি যথেষ্ট অবহিত এবং অত্যন্ত গভীরে ব্যাকওয়ার্ডদের সম্পর্কে তিনি নানা গবেষণা এবং নানা বিষয়ে দেখেন। আস্থা আছে অনেক। কিন্তু এই বিলের উদ্দেশ্য, এই যে যা নিয়ে এসেছেন অ্যামেন্ডমেন্টটা, উদ্দেশ্য সম্পর্কে পরিষ্কার করে উনি যদি বলেন। কেন ৬২-র জায়গা ৬৫ করা হল ? কেন তিন বছরের জায়গায় পাঁচ বছর করতে হল ? অবসরপ্রাপ্তদের ব্যাপারে কেন এত বয়স বাড়িয়ে দেওয়া—কাজে উৎসাহ, উদ্দীপনা কি পাওয়া যায় ? রি-অ্যাপয়েন্টমেন্টের ব্যাপারটা—মানে অবসর গ্রহণের পর পুনরায়—এইরকম সব বিষয়গুলি আছে। আমি সেই জন্য বিষয়গুলি উল্লেখ করতে চাইছি। আর পরিবর্তনের জন্য পরিবর্তন। আমরা জানি যে, আমাদের দেশ স্বাধীন হয়েছে বহু বছর। ৬৬ বছর হল, আমাদের দেশ প্রজাতন্ত্র হিসাবে ঘোষিত হয়েছে। ব্যাকওয়ার্ডদের জন্য ডঃ বি.আর. আম্বেদকরকে স্মরণ করতে হয়, তিনি লড়াই করেছেন। আর আমরা বামপন্থীরা পশ্চাৎপদ মানুষ। এই শ্রেণীবিভক্ত সমাজে যারা পিছিয়ে আছেন—তপশীলি জাতি, তপশীলি উপজাতি, অন্যান্য অংশের জন্য যে লড়াই জন্মলগ্ন থেকে, সেই লড়াই-এর মধ্যে ছিলাম। জন্মলগ্ন থেকে সেই লড়াইয়ে তখনও ছিলাম, এখনেও আছি আর আগামীদিনেও থাকব। এটা আমাদের অঙ্গীকার। সমাজবাদ, আমাদের দেশের সংবিধানে সমাজবাদের কথা বলা আছে। যেখানে সামাজিক ন্যায়ের জন্য বিভিন্ন জনমত, বিভিন্ন সংগঠন গড়ে উঠেছে এবং আমাদের রাজ্যেও প্রাক্তন শিক্ষামন্ত্রী মাননীয় কান্তি বিশ্বাসের নেতৃত্বে সামাজিক ন্যায়ের একটা ফোরাম গড়ে উঠেছে। আমার সুযোগ হয়েছিল সেই ফোরামে যাওয়ার। পুজোর অবকাশে সল্টলেকে একটা বড়ো কনভেনশন হয়েছিল। তাতে বিভিন্ন প্রান্ত থেকে মানুষজন এসেছিলেন। কী অবস্থায় আছে ব্যাকওয়ার্ডরা ? আমরা তো অন্যান্য রাজ্যের তুলনায় গর্ববোধ করি। বাংলায় রেনেসাঁ, নবজাগরণ হয়েছিল। বিদ্যাসাগর, রামমোহন—তাঁদের উত্তরসুরি হিসাবে বাংলার মানুষ, আমরা দাবি করতেই পারি। অগ্রগতি আছে। জাতপাতের প্রশ্ন, বৈষম্যের প্রশ্ন, নারী-পুরুষের বৈষম্য, লিঙ্গ বৈষম্য। নানান ধরনের বৈষম্য আছে। ভারতবর্ষের অন্য রাজ্যে গেলে এখনও দেখা যায় একই জায়গা থেকে সকলের জল নিয়ে খাওয়ার অধিকার নেই। একই দোকানে সকলের ঢোকার অধিকার নেই। কত রকমের ব্যাপার আছে। হিন্দুদের মধ্যেও দলিত হিন্দু মন্দিরে গেলে খুন হয়ে যায়। এটা বাংলায় নেই। দুর্ভাগ্যবশত একটা শক্তি এখন চেষ্টা করছে এদের মধ্যে বিভাজন তৈরী করে দেওয়ার। তারা কেউ কেউ নাকি কখনো কখনো স্বপ্নও দেখছেন আমাদের রাজ্যের সরকারে চলে আসবেন বলে। কিন্তু পশ্চিমবাংলার মানুষ এত বোকা নয়। পশ্চিমবাংলার মানুষ এরকম শক্তিকে কখনো নিয়ে আসবে না। ধর্মের প্রশ্ন একটা আছে। ধর্মান্তকরণের একটা প্রশ্ন আছে। আমি সেই জন্য মাননীয় মন্ত্রীকে বলব, কমিশনে যাঁরা থাকবেন তাঁদের কথা নির্দিষ্ট করে বলা আছে ১৯৯৩

সালেরটাতে। চেয়রাপার্সন কে হবেন ? এখন চেয়ারপার্সন কে আছেন ? আপনি বলার সময়, আমার ধৃষ্টতা নেবেন না, আমার জানা নেই। চেয়ারম্যান কে আছেন ? তাঁর কার্যকারিতা কী ? কী করার কথা ? সমাজবিজ্ঞানী একজন থাকার কথা। কে সমাজবিজ্ঞানী ? তার ক্রাইটেরিয়া কী ? সরকার মনোনীত করেন এগুলো। সেই সমাজবিজ্ঞানীকে যদি আমাদের সঙ্গে পরিচয় ঘটিয়ে দেন, তাঁর নামটা বললে আমরা জানেতে পারব কে সমাজবিজ্ঞানী। অনগ্রসর সম্প্রদায়ের দু'জন বিশেষজ্ঞ থাকবেন এই কমিশনের মধ্যে। আছেন কি ? কী তাঁদের পরিচয় ? আর, সচিব পর্যায়ের একজন, যা আমি আগে উল্লেখ করেছি, তিনি মেম্বার সেক্রেটারী হবেন। আর, কী করা হবে ? কী এঁদের করার কথা ? কী করার কথা তা বলা আছে। আমি আপনার বাজেট বক্তৃতা থেকেই তুলে ধরতে চাই। বলা আছে, 'অনগ্রসর শ্রেণীর মানুষের মর্যাদা এবং সামাজিক নিরাপত্তা সুনিশ্চিত করতে হবে।' তাঁদের দেখতে হবে। আপনি পাঁচটা লক্ষ্যের কথা বলেছেন। এটা হচ্ছে কিনা দেখতে হবে। চাকরীর ক্ষেত্রে, শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ভর্তির ক্ষেত্রে তপশীলি জাতি এবং অন্যান্য অনগ্রসর শ্রেণীর সংরক্ষণ সুনিশ্চিত করা হচ্ছে কিনা। নানান প্রশ্ন আছে। হচ্ছে না।

তপশীলি জাতি এবং অন্যান্য অনগ্রসর শ্রেণীর ছাত্রছাত্রীদের অনুদান বৃত্তি, ছাত্রাবাস বৃত্তি, উত্তম গুণমানের শিক্ষার প্রশিক্ষণ তালিম দেওয়ার ব্যবস্থা করতে হবে। Hostel Grant আমরা দাবি করেছি, আমিও বলব, আপনি জানেন, সেখানে ১২ মাসই যদি দেওয়া যায় এবং নিয়মিত হতে হবে। ১০ মাস দেওয়া হয়। জিনিসপত্রের দাম বাড়ছে। SC/ST ছেলে-মেয়েদের Hostel, Central Hostelগুলো দেখবেন। নানান প্রশ্ন আছে, আমার বলার সময় তো কম। আপনি এবং এই যাঁরা বিদগ্ধ মাননীয় সদস্য-সদস্যা আছেন, মাননীয় মন্ত্রিমহোদয়রা আছেন, তাঁরা বিষয়গুলো জানেন। এগুলো দেখা দরকার। তপশীলি অধ্যুষিত অঞ্চলগুলোতে পরিকাঠামোগত সূক্ষ্ম ফাঁকগুলো বন্ধ করা, তাঁদের উন্নত জীবন-যাপনে সহায়তা করা—এই লক্ষ্য কতটা পূরণ হচ্ছে দেখবেন। পরিবারভিত্তিক আয় সৃজন প্রকল্পের মাধ্যমে তপশীলি জাতি এবং অন্যান্য অনগ্রসর শ্রেণীর মানুষের আর্থিক সহায়তা দান। তপশীলি জাতির মানুষের সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণ, রক্ষণাবেক্ষণ এবং মানোন্নয়ন করা। অর্থনৈতিক দিক থেকে যাঁরা পিছিয়ে আছেন, সাংস্কৃতিক দিক থেকে যারা পিছিয়ে আছেন, শিক্ষার দিক থেকে যারা পিছিয়ে আছেন তারা অনগ্রসর। তারা কতদিন আর পিছিয়ে থাকবেন ? এটা আমাদের লজ্জা ! ৬৮ বছর স্বাধীন হল দেশ। এখনও আমরা তাদের এগিয়ে নিয়ে আসতে পারলাম না কেন ? এক্ষেত্রে আমার বক্তব্য হচ্ছে, সামনে রাজ্য বাজেট আসছে। আপনি নিশ্চয় সরকারের মনোভাব, আপনার মনোভাব বলবেন। আমরা দাবি করি কেন্দ্রীয় বাজেটে জনসংখ্যার অনুপাতে অর্থ বরাদ্দ হওয়া উচিত SC/ST/ OBC-দের ক্ষেত্রে। মাইনরিটিদের ক্ষেত্রেও একই কথা। OBC-র মধ্যে মাইনরিটিও আছে, তাদের ক্ষেত্রেও জনসংখ্যার অনুপাত ধরে করা হোক। দুর্ভাগ্যবশত অনেক ভালো ভালো বাজেট হয়, বাজেট বক্তৃতা হয়, SC/ST-দের সম্বন্ধেও অনেক কথা বলা হয়, অনেক স্বপ্ন দেখানো হয় কিন্তু তারপর যখন আমাদের ঘুম ভেঙে যায় দেখি আমরা যেখানে ছিলাম, সেখানেই আছি। কোনো কোনো ক্ষেত্রে ক্রমশ অবনতি হচ্ছে। এটা তো ঠিক যে এখনও

পর্যন্ত আমাদের রাজ্যে ডাইনি প্রথা আছে। দুর্ভাগ্যবশত। যদিও গোলমালটা লাগিয়ে দেয় যারা তফশিলি উপজাতি নয়। তারা হয়তো গোলমালের ভেতরে আছেন, লাগিয়ে দিচ্ছেন। এরকম অভিজ্ঞতা আমার আছে। তারা এখন জেল খাটছে। নিরপরাধ লোক জেল খাটছে মেদিনীপুর জেলে। তপশীলি জাতি, উপজাতির মহিলারা জেলে আছেন।

[1.40—1.50 p.m.]

জেলের মধ্যে তাদের বাচ্চা হয়েছে। তাকেও পুলিশ ধরে নিয়ে গেছে। আমি সেই জন্য বলব গুরুত্ব সহকারে ব্যাপারগুলো দেখবেন। কিছু কিছু ঘটনা সেই জায়গাতেই ঘটছে। তপশীলি জাতির উপর আক্রমণ হচ্ছে। তপশীলি উপজাতিদের উপর আক্রমণ হচ্ছে। রাজনৈতিক প্রতিহিংসা অনেক জায়গায় ঘটছে, এলাকা ছাড়া হচ্ছে। জমি থেকে পাট্টা, বর্গা উচ্ছেদ হয়েছে। তার মধ্যে তপশীলি জাতি আছে, অন্যান্য অংশও আছে। তাদের বিষয়টা দেখতে হবে। নির্যাতন প্রতিরোধ আইন POA, এটার ব্যাপারে জেলা এবং রাজ্যস্তরের যে কমিটি এবং ব্লকস্তরের মনিটরিং কমিটি, সেই কমিটির মিটিং ঠিকমতো হয় না। মিটিংগুলো যাতে নিয়মিত হয়, পর্যালোচনা যাতে হয়, সেটা দেখবেন। আমি বলব আপনার সদিচ্ছা আছে। এই দপ্তরকে আরো সক্রিয় হতে বলব। অনেক পদ খালি আছে। ইন্সপেক্টর নেই। তপশীলি জাতি, উপজাতির সার্টিফিকেট দিতে হয়রান করা হচ্ছে। এটাকে যাতে সরলীকরণ করা যায়, অনেক জায়গায় দেখা যায় এস.ডি.ও, বি.ডি.ও.-রা ১০ পাতার ফর্ম দিয়ে দিচ্ছেন। সেই সব পূরণ করা খুব কঠিন। যাতে সরলীকরণ করা যায় সেই ব্যাপারে আমরা মাঝে মাঝে তাদের সঙ্গে মিট করেছি। বামপন্থী এম.এল.এ.-রা.....(এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

ডাঃ এম. নুরুজ্জামান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস আজকে The West Bengal Commission for Backward Classes (Amendment) Bill, 2015 যেটা এনেছেন, তাকে সম্পূর্ণ সমর্থন করে এই বিষয়ে আমি দু-একটি কথা নিবেদন করছি। স্যার, আজকে এই বিলের মূল বিষয়টা খুবই ছোটো কিন্তু ব্যাপ্তি অনেক বড়। আমার যতদূর মনে পড়ে Backward Classes আন্দোলন যখন শুরু হয়েছিল ভি.পি.সিং তখন প্রধানমন্ত্রী ছিলেন। মণ্ডল কমিশন হয়েছিল। তারপর কেন্দ্রে Backward Class-এর জন্য রিজারভেশন হয়। আমাদের এখানে ১৯৯৩ সালে ওয়েস্ট বেঙ্গল কমিশন ফর Backward Classes অ্যাক্ট পাশ হওয়ার ফলে Backward Classes কমিশন হয়েছিল। সেখানে যে প্রভিশান ছিল—মেম্বার সেক্রেটারি যিনি হবেন তার মেয়াদ থাকবে হয় তিন বছর, না হলে সর্বোচ্চ মেয়াদ হচ্ছে ৬২ বছর বয়স পর্যন্ত। এই বিষয়টায় একটা পরিবর্তন করার কারণ হচ্ছে এই জন্য যে সাধারণত দেখুন, একটা যে কোনো স্ট্যান্ডার্ড টাইম অফ অফিস-৫ বছর মেয়াদ ধরা হয়। যেমন ধরুন আমরা এম.এল.এ. হয়েছি ৫ বছরের জন্য, এম.পি. হয়েছেন ৫ বছরের জন্য। একটা ৫ বছরের মেয়াদকাল থাকলে একটা লোকের কাজ করতে সুবিধা হয়। না হলে জিনিসটা বুঝতে বুঝতেই যদি দেখা গেল সময় পেরিয়ে যাচ্ছে, তিন বছর শেষ হয়ে গেল। আর একজন অফিসার এলেন, তিনি আবার কাজ বুঝতে বুঝতে আরো তিন বছর কেটে গেল। একটা

লোকের কাজ করার জন্য ৫ বছর উপযুক্ত সময় ও সুযোগ দরকার। দ্বিতীয় কথা হল এই যে ৬৫ বছর বয়স পর্যন্ত বাড়ানো হল, আমাদের এখানে এই পর্যায়ের উপযুক্ত অফিসার অনেক সময় পাওয়া যায় না। অভিজ্ঞ অফিসারের উইসডম এবং এক্সপেরিয়েন্সকে কাজে লাগাবার জন্য এই কথা ভাবা হয়েছে। এটা ৬৫ বছর বয়স পর্যন্ত করা হয়েছে। সুতরাং এখানে অযৌক্তিকতার কোনো কারণ দেখি না। তাছাড়া আগে যখন ওয়েস্ট বেঙ্গল ব্যাকওয়ার্ড ক্লাস কমিশন হয়েছিল তার কাজ অনেক ছোটো ছিল, কিন্তু গত ২২ বছরে তার কাজ অনেক বেড়েছে। তখন যে ব্যাকওয়ার্ড ক্লাসের লিস্ট ছিল, এখন সেই ব্যাকওয়ার্ড ক্লাসের লিস্টের মধ্যে অনেকগুলো সংযোজন হয়েছে। অনেকগুলো ব্যাকওয়ার্ড ক্লাস অন্তর্ভুক্ত হয়েছে। সুতরাং কাজের পরিধি ব্যাপক হয়েছে, ব্যাপ্তি হয়েছে, বৃহত্তর হয়েছে। সেই জন্য পাঁচ বছর মেয়াদের একজন মেম্বার সেক্রেটারি, অভিজ্ঞ অফিসারের থাকা খুব জরুরী এই কাজের সুপারভিশন বা তদারকি করবার জন্য। মূল কথা হচ্ছে যে কথা বলছিলেন আমাদের রামেশ্বরবাবু—দেখুন ব্যাকওয়ার্ড ক্লাস আমরা যারা আছি, আমাদের সমাজের অনগ্রসর শ্রেণী—সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইব, তার সঙ্গে হিন্দু সমাজের ও.বি.সি.-এর একটা ঐতিহাসিক কারণ আছে। সেই ঐতিহাসিক কারণে দুর্ভাগ্যবশত হলেও সংবিধান যখন রচনা হয়েছিল সেই সময় এই ব্যাকওয়ার্ড ক্লাসের উপস্থিতি কিন্তু স্বীকার করে নেওয়া হয়েছিল। যার জন্য ডঃ বি. আর. আম্বেদকর ব্যাকওয়ার্ড ক্লাসের জন্য সেই সময় রিজারভেশন না রাখলেও সংবিধানের ষোলোর চার ধারায় উনি প্রভিশান রেখেছিলেন সরকার যদি মনে করে কোনো ব্যাকওয়ার্ড ক্লাস সরকারি চাকরিতে উপযুক্ত প্রতিনিধিত্ব পায়নি বা তারা অনগ্রসর, তাদের জন্য সরকার রিজারভেশন করতে পারে। এই প্রভিশান সংবিধানের ১৬ (৪) ধারায় ডঃ বি. আর. আম্বেদকর রেখেছিলেন। আজ প্রায় ৬৮ বছরের মধ্যে আমাদের পশ্চিমবাংলায় ৩৪ বছর কিন্তু শাসন করলেন বামপন্থীরা। রামেশ্বরবাবুরা শাসন করলেন ৩৪ বছর। সেই ৩৪ বছরে কতটা ব্যাকওয়ার্ডকে ফরওয়ার্ড করতে পেরেছেন সেই জিজ্ঞাসা আমাদের কিন্তু রয়েই গেছে। আজকে আমরা চার বছর ক্ষমতায়—চার বছর এখনো পূর্ণ হয়নি। তাই আজকে সেই জায়গায় দাঁড়িয়ে এই ব্যাকওয়ার্ড ক্লাসকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আজকে ও.বি.সি. রিজারভেশান—OBC-A, OBC-B। OBC-A-দের জন্য ১০%, OBC-B-দের জন্য ৭%—সেই রিজারভেশান করা হয়েছে। সমস্যা অনেক আছে, সব সমস্যার সমাধান ৪ বছরে করা যায় না এটা ঘটনা। কিন্তু আমাদের যে সদিচ্ছা আছে, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যেভাবে OBC-দের এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সদিচ্ছা দেখাচ্ছেন, শুধু চাকরির ক্ষেত্রে নয়, শিক্ষাক্ষেত্রেও। তার মধ্যে আমাদের মুসলিম কমিউনিটি—আমাদের খুব সৌভাগ্য। আমরা মুসলমানরা কিন্তু এদেশে আরব থেকে আসিনি। আমাদের মুসলমানরা আরব থেকে কেউ আসিনি। আমাদের পূর্বপুরুষরা হয়তো তপশিলি জাতি থেকে অথবা ও.বি.সি.—থেকে ধর্মান্তরিত হয়ে মুসলমান হয়েছিলেন। এটা কিন্তু তরবারির দ্বারা হয়নি। এই দেশে যারা পীর এসেছিলেন, দরবেশ এসেছিলেন, সুফী সাধক ছিলেন তাদের আখলাখের দ্বারা, চরিত্রের দ্বারা আকৃষ্ট হয়ে

হিন্দুধর্মের মানুষ যারা শূদ্র, যারা নিপীড়িত, যারা বঞ্চিত, যাদের সম্বন্ধে রবীন্দ্রনাথ বলেছিলেন—"হে মোর দুর্ভাগা দেশ, যাদের করেছো অপমান। অপমানে হতে হবে তাহাদের সবার সমান। মানুষের অধিকারে বঞ্চিত করেছো যারে, সম্মুখে দাঁড়ায়ে রেখে তবু কোলে দাও নাই স্থান। অপমানে হতে হবে তাহাদের সমান।" সেই হাসিম সেখ এবং রানা কৈবর্ত—যারা এই দেশের মূল শক্তি। যারা এই দেশের বল, এই দেশের ভবিষ্যৎ, যাদের বাদ দিয়ে দেশ এগোতে পারে না, বাংলার এগোতে পারে না। আজকে তারাই বাদের একটা অংশ ধর্মান্তরিত হয়ে আমরা মুসলমান হয়েছিলাম। আজকে OBC লিস্টে সেই জন্য দেখা যাচ্ছে আমাদের মুসলিম সমাজের ৯৪.৫% তারা OBC লিস্টে চলে এসেছে। এখানে একটা সমস্যা আছে। দেখা যাচ্ছে আমরা যারা পশ্চিমবাংলায় OBC লিস্টে আছি, কেন্দ্রীয় সরকার আবার OBC লিস্টে বানিয়েছেন সেখানে তারা শুধু মুসলমানদের মধ্যে কিছু আনসারি কমিউনিটি তাদেরকে এনেছেন। বাকি মুসলিমদের কিন্তু তাদের OBC যারা সত্যিই পিছিয়ে পড়া, তাদের কিন্তু কেন্দ্রীয় লিস্টে আনা হয়নি। এখন আবার অন্য গল্প শুনছি। আমাদের রামেশ্বরবাবু বলছিলেন, আমাদের কিছু বন্ধু তারা বলছেন "ঘর ওয়াপসি"। ভুল করে আগেকার হিন্দু সমাজের মানুষজন মুসলমান, খ্রিস্টান হয়ে গিয়েঝিল ওদেরকে আবার ফিরিয়ে আনতে হবে। তা আমি বলি, ভারতবর্ষের ২০ কোটি মুসলমান বা খ্রিস্টান তারা যদি সব হিন্দু হয়ে যায় তাদের জায়গা দেবেন কোথায় ? তারা কি আবার শূদ্র পদে ফিরে যাবে, নাকি ব্রাহ্মণ পদে আপনারা তাদেরকে গ্রহণ করবেন। তাদের হিন্দু করলে কি দেশের সমস্ত সমস্যার সমাধান হয়ে যাবে, না তাদের দারিদ্র দূর হবে, না তাদের আর্থ-সামাজিক অবস্থা পাল্টাবে। তাই কথা হচ্ছে, এদের আর্থ-সামাজিক অবস্থা পাল্টাতে হবে। আমাদের শিক্ষা দিতে হবে। আমি সেই জন্য আপনাদের বলব আমাদের এই ভেদাভেদ ভুলে রবীন্দ্রনাথ যে কথা বলেছিলেন, "এস ব্রাহ্মণ শুচি করি মন, ধর হাত সবাকার। এসো হে পতিত হোক অপনীত সব অপমান ভার। মার অভিষেকে এসো এসো ত্বরা, মঙ্গলঘট হয়নি যে ভরা, সবার পরশে পবিত্র করা তীর্থ নীড়ে, আজি ভারতের মহামানবের সাগরতীরে।" আসুন আমরা সবাই এগিয়ে যাই। ব্যাকওয়ার্ড ক্লাসকে ফরওয়ার্ড করার কাজে আমরা যত্নবান হই। নতুন করে ভারতবর্ষ গড়ে তুলি, নতুন করে বাংলা গড়ে তুলি, ধন্যবাদ।

ডঃ সুখবিলাস বর্মা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে যে এই বিলটা এসেছে ছোট্ট বিল কিছুই নাই বলা যেতে পারে। শুধু টার্ম অফ অফিস বাড়ানো। মেম্বার সেক্রেটারির টার্ম অফ অফিস বাড়ানো। ৬২ বছর পর্যন্ত ছিল সেটা ৬৫ পর্যন্ত হবে। তবে অনেকগুলো কথা এখানে শুনলাম। যেমন রামেশ্বরবাবু বললেন, বামপন্থীরা নাকি সবসময় এর পক্ষেই ছিলেন, OBC-দের পক্ষে। আমি যতদূর শুনেছিলাম তাদের কাছে তো ছিল, পশ্চিমবঙ্গে ওবিসি-টবিসি নেই। যার জন্যে অনেক পরে প্রাকটিক্যালি অনেক বাধ্য হয়েই এই OBC কমিশনটা হয়েছিল। যখন রঙ্গনাথ মিশ্র কমিশন হল, রঙ্গনাথ মিশ্র বলে দিলেন যে এমনকি মুসলমানদের OBC-তে আনতে হবে ইত্যাদি, ইত্যাদি ; তারপরে কমিশন হল। রিজারভেশান নিয়ে সারা ভারতবর্ষে সব সময় যা ঘটে থাকে ৯০-এর প্রথমে একই জিনিস ঘটেছিল। মণ্ডল্ কমিশন যার জন্য আজকে সবার কাছে—কেউ বলছেন ভালো জিনিস, কেউ বলছেন ভি.পি. সিং একেবারে সর্বনাশ করে গেছেন। এ থাকবেই, সামাজিক নিয়মে তা থাকবেই।

[1.50—2.00 p.m.]

এবং ব্যাপারটাকে যাতে ক্লিনচ আপ করা যায় তার জন্য সুপ্রিম কোর্টের নাইন জাজ বেঞ্চ হল। নাইন জাজ বেঞ্চ, বিখ্যাত বেঞ্চ, ইন্দিরা সাহানি ভার্সেস গভর্নমেন্ট অফ ইন্ডিয়া এবং তারপরেই হল যে ওবিসি হিসাবে অর্থাৎ সোশ্যালি নয়, কিন্তু economically and educationally ব্যাকওয়ার্ড, এই রকম যারা আছেন, তাদেরকে ওবিসি হিসাবে আনতে হবে। তারপরেই বিভিন্ন রাজ্যে OBC Commission হল, আমাদের এখানে হল '৯৩-তে। '৯৩-তে হওয়ার পরে '৯৪-এ আমাদের প্রথম রিজার্ভেশান লিস্ট এল। ডাঃ নুরুজ্জামান সাহেব বললেন, এখন কাজ অনেক বেড়ে গেছে। না স্যার, কিচ্ছু কাজ নেই। এই কমিশনের প্রথম কাজ কি ? এই কমিশনের প্রধান কাজ হচ্ছে যে কোন কোন কাস্ট ওবিসি লিস্টে আসবে। আপনি জানেন ইতিমধ্যেই ১৪৩টি কাস্ট এখানে এসে গেছে। এখন বোধহয় সামান্য কয়েকটা পিটিশান বাকি আছে। সেইগুলো দেখতে হবে এবং সেক্ষেত্রে কাজটা কে করেন ? প্রধানত সি.আর.আই এই কাজটা করেন। সেক্রেটারীর কাজ শুধু ক্লারিকাল কাজ। আমি ছিলাম ওই ডিপার্টমেন্টে, আমি জানি। কাজেই সেদিক থেকে কাজ খুব বেড়ে গেছে তা নয়। অবশ্যই কাজ বাড়ানো যেতে পারে। যেটা রামেশ্বরবাবু বলেছিলেন যে কি হয়েছে ? সিডিউলড কাস্টদের কি হয়েছে, সিডিউলড ট্রাইবদের কি হয়েছে, কি করা যেতে পারে। এর একটা স্টাডি কিন্তু এই ওবিসি কমিশন করতে পারে। আমার যতদূর মনে আছে ২০০৬-০৭ সালে আমরা গভর্নমেন্ট থেকে, আমাদের বিভিন্ন অ্যাসোসিয়েশান থেকে একটা প্রপোজাল পাঠিয়েছিলাম যে ওবিসি কমিশন যেটা আছে, সেই কমিশনকে এই পাওয়ারটা দেওয়া হোক, কাজে লাগানো হোক। সারা বছরে প্র্যাকটিক্যালি তাদের কোনো কাজ নেই। শুধু এই কয়েকটা কমিউনিটি বাকি, আর ইতিমধ্যেই, আগেই বললাম, কমিউনিটিগুলো সবগুলো এসে গেছে, এখন কয়েকটা আছে। কাজেই আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে অনুরোধ করব বিষয়টি দেখতে যে এইরকম একটা কমিশন অন্য রাজ্যে যেমন আছে, তারা অ্যাসেস করুক। এখানে কমিশনের একজন মাননীয় সদস্য আছেন জোয়ারদার সাহেব। তিনি নিশ্চয় আমার সঙ্গে একমত হবেন যে স্কোপ আছে। কি হয়েছে সেটা দেখা। এই যেটা ফলো করা হল, আমি যতদূর মনে করি কাজ বাড়ার ব্যাপার নয়, সমস্ত কমিশন, প্রায় সমস্ত কমিশনের এই মেম্বার সেক্রেটারী, মেম্বার—এদের এজ লিমিট হয়েছে ৬৫। কাজেই আমার মনে হয় প্রধানত মাননীয় মন্ত্রী মহোদয় ওই কারণেই আসছেন যে অন্য সব জায়গায় যখন ৬৫, এখানেও ৬৫ করা হোক। হয়তো একজন এক্সপেরিয়েন্সড লোকও পাওয়া যেতে পারে। তার এক্সপেরিয়েন্সকে কাজে লাগানো যেতে পারে, ইত্যাদি ইত্যাদি। কিন্তু যে কাজটি করছেন সেই কাজটি, যাতে তাকে ঠিকমতো কাজে লাগানো যেতে পারে, কমিশনটাকে যাতে অ্যাক্টিভেট করা যেতে পারে, আমি আপনার কাছে অনুরোধ করব আপনি সেইটা করুন, যাতে অ্যাসেসমেন্ট করা, সার্ভে করা সম্ভব। তারা দেখে নিন কতটা কি হয়েছে, আগামী দিনে কি কি করা যেতে পারে। আপনি সিনসিয়ারলি কতকগুলি স্কীম ইমপ্লিমেন্ট করার চেষ্টা করছেন। কিন্তু সেখানে ইমপ্রুভমেন্ট আরও করা যায় কিনা এবং সেখানে ব্যাকওয়ার্ড ক্লাস কমিশনের বোধহয় সাহায্য নেওয়া যেতে পারে, এই কমিশনকে কাজে লাগানো যেতে পারে। এই অনুরোধ রেখে শেষ করব। ধন্যবাদ।

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : মিঃ স্পীকার স্যার, আমি কৃতজ্ঞ যে তিনজন বক্তা, আমাদের সহকর্মী খুব গুরুত্বপূর্ণ কথা বলেছেন। মিঃ দলুই, ডাঃ নুরুজ্জামান, ডঃ বর্মা। এই বিলের যে পরিধি, আপনারা তার বাইরে গিয়ে বৃহত্তর কথা বলেছেন। It has touched my heart and I am grateful to you. You have brought the attention that if these people who are 80% of Bengal, are backward, then we are all backward. Hon'ble Speaker Sir, therefore, it needs the attention of the entire House that how can we improve the condition of these people. Keeping this in view, I have taken notes from all the speakers and I have a few words to submit to this Sacred House. Total population in West Bengal in 2011 Census is 9,12,76,215. Scheduled Castes population in West Bengal is 2,14,63,270 which is 23.51% of the total population of West Bengal, While, Scheduled Tribe population is 52,96,953 i.e. 5.83% of the population of West Bengal. There is no accurate figure about Backword Classes population of West Bengal. If we take Mondal Commission research as a benchmark, we may take 50% of the total population is Backward Classes.

Hon'ble Speaker, Sir, previous government included SC, ST and Other Backward Castes (OBCs) under the ambit of term Backward Classes. I am grateful. The term still exists in the lexicon of the Government of West Bengal, but the connotation and denotation have changed. Now, the Department of Backward Classes Welfare means the Welfare of SCs and OBCs. They are 73.51% population of West Bengal. If we add 5.83% of ST population, the total percentage would be 79.34, say 80% of the total population of West Bengal.

Hon'ble Speaker, Sir, they are backwards and they all suffer at least some degree of social discrimination, otherwise they would not come under the ambit of reservation. There are Backward Classes who are more backward among themselves. Hon'ble Speaker, Sir, so, social Justice is a very complex issue which defies standard paradigm of development. We need a complete paradigm shift to do justice.

Hon'ble Speaker, Sir, unless a backward class is not included in the Backward Classes list, it remains outside the ambit of reservation. The West Bengal Commission for Backword Classes (Amendment) Bill, 2015, deals only the Backward Classes, other than SCs and STs. OBC-'A' and 'B' are extremely important in the matrix of reservation policy. Almost all 'A' classes in OBC list are Muslim, who are equally backward like the Scheduled Castes. In West Bengal 27% of the population in 2011 Census are Muslims. Of 102 OBC

Muslims, 68 are in the category of 'A' and 34 are in OBC–'B'. Percentage of OBC Muslims 'A' to total Muslims is 96.04% and 'B' is only 3.96% to total Muslims.

Hon'ble Speaker, Sir, Ranganath Commission recommended the backward Muslims as SC or ST with reference to their spatial distribution of population.

Hon'ble Speaker, Sir, West Bengal backward Classes Commission is entrusted with the task of identification of Backward Classes and the Commission recommends to the Government for inclusion in OBC list. Ordinarily, the recommendation of the Commission is mandatory on the part of the Government of West Bengal. The Secretary of the Commission plays a vital role in the Commission. He needs tenure like us, for a period of five years to concentrate on the functioning of the Commission. He may also continue in service up to sixty five years of age.

I take this opportunity, with your kind permission, Hon'ble Speaker, Sir, to pray empathy and compassion of this sacred house for the Backward classses, who are 80% of the population of West Bengal and have been suffering social, economic, political and cultural injustice for ages.

Through you, Hon'ble Speaker, Sir, with this end in view, with all humility, I appeal to the Hon'ble members of this august House for passing of The West Bengal Commission for Backward Classes (Amendment) Bill, 2015, in public interest of West Bengal.

Thank you, Sir.

Mr. Speaker : Now, the question before the House is that the Bill be taken into consideration. As many as are of that opinion will please say AYE and as many as of the contrary opinion will please say NO. Ayes have it, Ayes it.

Clause 2

There is no amendment to Clauses 2. So, I put Clause 2 do stand part of the Bill. As many as are of that opinion will please say AYE and as many as are of the contrary opinion will please say NO. Ayes have it. Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

There is no amendment to Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. So, I put Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill. As many as are of that opinion will please say AYE and as amny as are of the contrary opinion will please say NO. Ayes have it, Ayes have it.

Now, the Hon'ble Minister-in-Charge of Backward Classes Welfare Department may please move the motion for passing the Bill.

[2.00—2.10 p.m.]

Dr. Upendranath Biswas : Sir, I beg to move that the West Bengal Commission for Backward Classes (Amendment) Bill, 2015, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is the motion moved by Shri Upendranath Biswas. As many as are of that opinion, will please say "AYE". As Many as are of the contrary opinion, will please say "NO."

Ayes have it, Ayes have it.

The Bill is Passed, the Bill is passed.

The West Bengal University of Technology (Amendment) Bill, 2015

Dr. Partha Chatterjee : Sir I beg to introduce the West Bengal University of Technology (Amendment) Bill, 2015.

(Secretary then read the Title of the Bill)

Dr. Partha Chatterjee : Sir I beg to move that the West Bengal University of Technology (Amendment) Bill, 2015 be taken into Consideration.

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মন্ত্রী মহাশয় যে বিলটি এনেছেন—আমি অনেক দিন আগে একটি বই পড়েছিলাম, বইটির নাম হচ্ছে 'ইন্ডিয়া উইনস ফ্রিডম'—'ভারত স্বাধীন হল'। তাতে একটা জায়গায় লেখা ছিল যে কুতুব বিনারের চূড়ায় দাঁড়িয়ে যদি কোনো দেবদূত বলে যে, কদিকে বিভক্ত স্বাধীন দেশ আর একদিকে পরাধীন দেশ। তুমি কোনটা চাও। তিনি বলেছিলেন যে, আমি চিৎকার করে বলব যে, আমার দেশের স্বাধীনতা যদি আরও ১০০ বছর পিছিয়ে যায় যাক তবু আমি দেশ ভাগ চাই না। সেই

লোকটির নাম হচ্ছে আবুল কালাম আজাদ। ভারতবর্ষের প্রথম শিক্ষামন্ত্রীর নাম হচ্ছে আবুল কালাম আজাদ। স্বাধীনতা সংগ্রাম থেকে আরম্ভ করে, দেশ ভাগের বিরোধীতা করায় যিনি সামনের সারিতে ছিলেন তার নাম আবুল কালাম আজাদ। আজকে ভারত সরকার তার নামে ১১ সেপ্টেম্বর বোধহয় শিক্ষাদিবস হিসাবে পালন করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করেছেন কয়েক বছর আগে। এইরকম একজন মানুষের নামে একটা ইউনিভার্সিটির নাম হবে, তাতে আমাদের বিরোধিতা করার কোনো ব্যাপার নেই। কিন্তু আমার একটা আবেদন আছে পার্থবাবুর কাছে যে, এইরকম একজন মানুষের নামে যখন একটা প্রতিষ্ঠান করবেন, তখন কেন একটা ১৫-২০ বছরের পুরোনো ইউনিভার্সিটির নামকরণ কেন করবেন। অনেক সুযোগ আছে। আজকে সারা পশ্চিমবাংলার দিকে তাকিয়ে দেখুন, আমি অন্তত মুর্শিদাবাদ জেলার ছেলে বলে বলছি না, যতগুলো আমাদের বড় জেলা রয়েছে সব জায়গায় ইউনিভার্সিটি হয়ে গিয়েছে। মুর্শিদাবাদ জেলা হচ্ছে এমন একটা জেলা, যেখানে একটা কলেজ আছে, যার বয়স হচ্ছে আমাদের ক্যালকাটা ইউনিভার্সিটির থেকে অনেক বেশি। ক্যালকাটা ইউনিভার্সিটির আগে এটার জন্ম হয়েছে। এমন একটা কলেজ যেখানে মাস্টারদা সূর্যসেন থেকে আরম্ভ করে অনেক ঐতিহাসিক লোক পড়াশুনা করেছিলেন। বহুদিন থেকে দাবি করে আসছি এখানে ইউনিভার্সিটি করার। এখন এখানে কিছু পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রী পড়াশুনা হয়। আমি বলব যদি সত্যিকারের আবুল কালাম আজাদের সম্মান দিতে হয়, শ্রদ্ধা জানাতে হয় তাহলে আমার মনে হয় এইরকম একটা পুরনো ইউনিভার্সিটির নাম পরিবর্তন না করে একটা নতুন ইউনিভার্সিটি করা হোক এবং আমার প্রস্তাব যেহেতু সব বড়-বড় জেলাতে ইউনিভার্সিটি হয়ে গিয়েছে একমাত্র মুর্শিদাবাদ ছাড়া, এই জন্য মুর্শিদাবাদ জেলায় এটা করা যেতে পারে। তাছাড়া এখানে একটা সুবিধে আছে যে, সারা দেশে যারা সংখ্যালঘু, তারা এখানে সংখ্যাগুরু। তাই সব দিক বিবেচনা করলে আমার মনে হয় মুর্শিদাবাদ জেলায় যদি একটা ইউনিভার্সিটি করা যায় এবং সেটা যদি আবুল কালাম আজাদের নামে নামকরণ করা যায় তাহলে সেটা অনেক বেশি কার্যকরী হবে এবং অনেক বেশি এফেক্টিভ হবে বলে আমার ধারণা। আমি তাই আবেদন জানাব এখানে এটা করার। এই বিষয়ে আর বেশি কথা বলার নেই। আজকে যখন সারা দেশে সবথেকে বড় প্রয়োজন হচ্ছে আমাদের সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা করা। নানাভাবে এতদিন পরেও—প্রায় ৭০ বছর কাছাকাছি আমাদের দেশ স্বাধীন হয়েছে কিন্তু তারপরেও এখনো আমাদেরকে ভুগতে হচ্ছে এই সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার জন্য। কিছু খারাপ শক্তি আছে, যারা আমাদের ঐক্য নষ্ট করছে, ঐক্য বিনাশ করছে, ঠিক সেইরকম সময়ে এতকাল আগে, এতবছর আগে এইরকম একটা মানুষ যারা সত্যিকারের আমাদের ঐক্যের জন্য, আমাদের সম্প্রীতির জন্য লড়াই করে গিয়েছেন, আমাদের স্বাধীনতার জন্য লড়াই করে গিয়েছেন, সেই মানুষকে স্মরণ করা যেমন আমার কর্তব্য, তেমনি সেই স্মরণটা আরও বেশি গুরুত্ব পায় যদি তার সঙ্গে এই প্রয়োজনীয়তার কথা ভেবে নিয়ে আমরা যদি নতুন জায়গায় নতুন একটা বিশ্ববিদ্যালয় গ্রহণ করতে পারি। আমরা জানি আমাদের জেলাতেও, মুর্শিদাবাদ জেলাতেও প্রায় ৪০টার ওপর কলেজ আছে, জেনারেল কলেজ-সহ অন্যান্য কলেজ আছে। এই ইউনিভার্সিটি তৈরী হলে সেই সমস্ত

কলেজের অ্যাফিলিয়েশন পাওয়া সুবিধা হবে, পড়াশোনার ক্ষেত্রে সুবিধা হবে। বিশেষ করে পিছিয়ে পড়া মহিলাদের ক্ষেত্রে আরো সুবিধা হবে। এই জন্য আমার আবেদন আমি এটার বিরোধী নই, এটাকে নিশ্চয়ই সমর্থন করি, কিন্তু আমার আবেদন পুরনো বিশ্ববিদ্যালয়ের নামকরণ না করে একটা নতুন বিশ্ববিদ্যালয় করা হোক। এতে যেমন তার প্রতি শ্রদ্ধা জানানো হবে, তেমনি আমাদের রাজ্যের ক্ষেত্রে এই নতুন বিশ্ববিদ্যালয় উচ্চশিক্ষার ক্ষেত্রে অনেকখানি সাহায্য করতে পারবে বা ভূমিকা পালন করতে পারবে বলে আমার ধারনা। কিছুটা অপ্রাসঙ্গিক হলেও আমি বলতে চাই ৭টা নতুন প্রাইভেট ইউনিভার্সিটি হয়েছে। তাদের অবস্থা কি আমরা জানি না। কিন্তু আমি বিভিন্ন জায়গায় দেখলাম যত প্রাইভেট কলেজ হয়েছে, বেশিরভাগ জায়গায় ওদের যে faculty আছে খুবই দুর্বল এবং বেশিরভাগই under-qualified। এইরকম লাইসেন্স দেওয়ার মতো করে কলেজ খুলে দিচ্ছে আর সেখানে এখন টিচার দিচ্ছে তাদের কোনো মিনিমাম কোয়ালিফিকেশন নেই। এটা শিক্ষার ক্ষেত্রে একটা চরম অরাজকতার মতো হয়ে দাঁড়ায়। আমি শুনেছিলাম পার্থবাবু বলেছিলেন যে, আমরা এই সমস্ত প্রতিষ্ঠানকেও ইনস্পেকশানের ব্যবস্থা করব, যাতে এগুলো ঠিকমতো চলে। কিন্তু হচ্ছে না। আমি অনেকগুলো কলেজে গিয়ে দেখেছি যেখানে মাস্টার ডিগ্রি দরকার, এম.এড. দরকার, সেখানে বি.এড.এ পড়িয়ে দিচ্ছে। দু-একটি এমন ঘটনা ঘটছে। হয়তো ৫ জন শিক্ষকের দরকার, সেখানে ৩ জনকে নিয়ে এসে ডবল ডবল ক্লাস করে চালিয়ে দিচ্ছে, এইরকম সমস্যা তৈরী হচ্ছে। এই জন্য এগুলো কিছুটা অপ্রাসঙ্গিক মনে হতে পারে কিন্তু তবুও আমি বললাম এই কারণে যাতে আমাদের সামগ্রিকভাবে শিক্ষার প্রয়োজনীয়তা মেটাতে পারে যদি আমরা ঠিকমতো এগুলো দেখতে পারি। যারা সত্যিকারের ভালো ছেলে, যারা পড়াশোনা করেছে, যাদের minimum requisite qualification আছে, তারা অনেকে ঘুরে বেড়াচ্ছে। চাকরি পাচ্ছে না, কাজ পাচ্ছে না। অথচ তারা এই সুযোগটা পেতে পারে। এই জন্যে আমি ওটা যেমন বলতে চাই যে প্রাইভেট কলেজের ব্যাপারে শিক্ষায় যাতে এরকম—পণ্যকরণ যাকে বলে, কমোডিটির মতো ব্যবস্থা না করে দেওয়া, টাকা দাও পড়াশোনা কর, সেই অবস্থা যাতে না হয়। কেন না ইতিমধ্যে কতগুলো প্রাইভেট কলেজ হয়েছে, টাকা দাও ডিগ্রি নাও, আর কোনো কাজ নেই। ঠিকমতো পড়াশোনা হয় না, কোনো কাজই হয় না অথচ ডিগ্রি নিয়ে চলে আসছে। কেন না একটা ট্রেনিং-এর ডিগ্রি একান্ত দরকার, তা না হলে চাকরি হবে না। এই যে পদ্ধতি, এই যে ব্যবস্থা, এই ব্যবস্থার একটা পরিবর্তন একান্ত দরকার। আমি আশা করি যে মাননীয় মন্ত্রী সেই ব্যবস্থা করবেন। আবারও বলছি যে আমি এই বিলের বিরোধী না। আবুল কালাম আজাদের নামে একটা ইউনিভার্সিটি হবে, সে ব্যাপারে কোনো আপত্তি নেই। আমার একটা অনুরোধ থাকছে বিনীতভাবে যে, একটা নতুন ইউনিভার্সিটি করুন এবং সম্ভব হলে—আমি মুর্শিদাবাদ জেলার ছেলে হয়তো সঙ্কীর্ণতা মনে হতে পারে, সঙ্কীর্ণতা নয় এই কারণে যে মুর্শিদাবাদ জেলা একটা বড় জেলা, একটা ঐতিহাসিক পরিচয় আছে। সেখানে কোনো ইউনিভার্সিটি নেই। সেখানে যদি এই ইউনিভার্সিটিটা করতে পারেন তাহলে আবুল কালাম আজাদকে যেমন শ্রদ্ধা জানানো হবে, তেমনি ইউনিভার্সিটির যে চাহিদাগুলো আছে, যে প্রয়োজনগুলো আছে, সেই প্রয়োজনও অনেকখানি মিটতে পারে। আবার আমি পার্থবাবুর

কাছে আবেদন জানাব বিনীতভাবে এটা বিবেচনা করা যায় কি না দেখুন, আর যদি না হয় তাহলে বিলে আমার আপত্তি নেই। বিলকে আমি সমর্থন জানাচ্ছি।

শ্রী স্নেহাশীষ চক্রবর্তী : অনুপস্থিত।

শ্রী অপূর্ব সরকার : স্যার, আজকে যে The West Bengal University of Technology (Amendment) Bill, 2015 এখানে মাননীয় মন্ত্রী মহোদয় উপস্থাপন করেছেন, আমি তাকে পূর্ণ সমর্থন করছি। এই কারণের জন্য পূর্ণ সমর্থন করছি যার নামে আজকে নাম পরিবর্তন করে ওয়েস্টবেঙ্গল ইউনিভার্সিটি অফ টেকনোলজি মৌলানা আবুল কালাম আজাদের নামে আজকে হতে যাচ্ছে, যে মানুষটা ভারতবর্ষের স্বাধীনতা নয়, স্বাধীনতার পরবর্তী সময় যিনি ভারতবর্ষের প্রথম শিক্ষা মন্ত্রী, যিনি শিক্ষামন্ত্রী হয়ে ভারতবর্ষের শিক্ষা ব্যবস্থাকে আমূল পাল্টানোর চেষ্টা করেছেন এবং যে মানুষটি পার্লামেন্টে প্রথম অধিবেশনে দাঁড়িয়ে তাঁর প্রথম বক্তব্য ছিল ভারতবর্ষ স্বাধীন হয়েছে, ভারতবর্ষকে এগোতে গেলে পৃথিবীর মানচিত্রে একটি পিছিয়ে পড়া দেশ থেকে উন্নয়নশীল দেশে রূপান্তরিত করতে গেলে যেটা সর্বাগ্রে প্রয়োজন ভারতবর্ষের মানুষের শিক্ষার ব্যবস্থা করা।

[2.10—2.20 p.m.]

সকলের জন্য শিক্ষার যে দাবী তিনি পার্লামেন্টে পেশ করেছিলেন, ফ্রি অফ কস্ট, বিনা পয়সায় ১৪ বছর বয়সি ভারবতর্ষের ছেলে-মেয়েদের শিক্ষার ব্যবস্থা করার কথা তিনি তার প্রথম বক্তৃতায় বলেছিলেন। শুধু adult education, Women's educationই নয়। যার ফলস্পরূপ আজকে ভারতবর্ষে রাইট টু এডুকেশনের অধিকার এসেছে। খুব স্বাভাবিকভাবেই তার নামে যখন হতে যাচ্ছে, এখানে আমাদের পূর্ণ সমর্থন থাকছে এই বিলের প্রতি। শুধু তাই নয়, তিনি ভারতবর্ষের প্রথম শিক্ষামন্ত্রী হয়ে ১৯৫১ সালে প্রথম আই.আই.টি. প্রতিষ্ঠা করেন। আই.আই.টি. প্রতিষ্ঠা করার পর ১৯৫৩ সালে ইউনিভার্সিটি গ্রান্ট কমিশনও মৌলানা আবুল কালাম আজাদের হাত ধরে আমরা ভারতবর্ষে পাই, যা আজকে ভারতবর্ষের ইউনিভার্সিটিগুলো, কলেজগুলোর উন্নয়নের ক্ষেত্রে বড় ভূমিকা পালন করে। তিনি যেদিন আই.আই.টি. তৈরী করেছিলেন, সেদিন তাঁর ভাষণের এক জায়গায় তিনি বলেছেন, আইআই.টি. তৈরীর করার পর বলেছেন I have no doubt the establishment of this institution will form a land mark in the progress of higher technological education and research in the country. তিনি এই কথা বলেছিলেন ১৯৫১ সালে। আর আজকে ভারতবর্ষের টেকনোলজি পৃথিবীর মানচিত্রে কোন জায়গায় গিয়েছে ! আজকে ভারতবর্ষ Cryogenic rocket তৈরী করছে। তাঁর দূরদর্শিতার ফলে ভারতবর্ষ আজকে পৃথিবীর মানচিত্রে একটা জায়গা করে নিতে পেরেছে। পশ্চিমবঙ্গে এই ইউনিভার্সিটি তৈরী হ'ল ২০০০ সালের ৫ই আগস্ট। এর উদ্দেশ্য ছিল, যে কলেজগুলো এর আন্ডারে আছে তাদের Guidance দেওয়া। এবং global technological যেসব নতুন নতুন আবিষ্কার হচ্ছে সেই আবিষ্কারগুলোকে সামনে রেখে এই Technology instituteগুলোকে গাইডেন্স দেওয়া,

আমাদের পশ্চিমবাংলার ছেলে-মেয়েদের আরও উচ্চশিক্ষায় শিক্ষিত করা, তাদের মেধা শক্তির বৃদ্ধি ঘটানো। আজকে ভারতবর্ষেরই নয়, পশ্চিমবঙ্গের প্রচুর এরকম technology student আছে যারা আজকে large headron collider-এ কাজ করছে, যেখানে পৃথিবীর সবচেয়ে বড় গবেষণা হচ্ছে। পশ্চিমবঙ্গের মানুষ হিসাবে এটা আমাদের গর্বের জায়গা। আনিসুর সাহেব বলেছেন মুর্শিদাবাদে ইউনিভার্সিটির কথা। আমরা এই দাবী বরাবর করেছিলাম। আনিসুর সাহেবকে মনে করিয়ে দিতে চাই, আপনারা দীর্ঘ ৩৪ বছর ক্ষমতায় ছিলেন, আপনারা করতেই পারতেন, কিন্তু আমরা বারবার দাবী করা সত্ত্বেও আপনারা মানেননি, যেখানে সবচেয়ে বেশী সংখ্যালঘু মানুষ বাস করে। আজকে এই দাবী আপনি তুলছেন, কিন্তু এই দাবী তোলার কোনো নৈতিক অধিকার আপনাদের আছে কিনা ভেবে দেখুন। যখন মৌলানা আবুল কালাম আজাদের নামে একটা নতুন ইউনিভার্সিটি হচ্ছে, সেখানে আমরা পূর্ণ সমর্থন করছি। শুধু একটা অনুরোধ করব, প্লেসমেন্টের ক্ষেত্রে যারা পাশ করে বার হচ্ছে, সেখানে প্লেসমেন্টের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের মেধা, যা ভারতবর্ষের অন্যত্র বা বিদেশে চলে যাচ্ছে; সেই মেধা যাতে পশ্চিমবঙ্গে কাজ করে সেটা দেখবেন। এই কথা বলে, এই বিলকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, The West Bengal University of Technology (Amendment) Bill, 2015, এটা তোলার সময় এই বিলের Objects & Reasons-এ লেখা আছে কি কারণে আমরা এই সংশোধনীটা এনেছি। আমার আগে দুজনেই মুর্শিদাবাদ জেলার লোক হওয়ার ফলে তারা পশ্চিমবাংলাটাকে ছোটো করে এনে মুর্শিদাবাদে নিয়ে এসেছেন। আমি তার উত্তর দেব। একটা কথা বলি যে ১২৬ জন্মজয়ন্তী পালনের সময়ে মৌলানা আবুল কালাম আজাদের নামে যিনি আমাদের এই ভারতবর্ষের প্রথম শিক্ষামন্ত্রী হিসাবে কাজ করেছেন। অপূর্ববাবু একটু আগে বিস্তৃতভাবে বলবার চেষ্টা করছিলেন। তাঁর নামে আমরা আমাদের ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অব টেকনোলজি এটা নামকরণ করতে চাই। এটার অনেকে আমাদের কাছে শুধু দাবি করেননি। আমাদের অনুভূতি দিয়ে আমাদের মনে হয়েছে যে, যে প্রতিষ্ঠানটি ২০০০ সালে ২০শে জুলাই প্রতিষ্ঠিত হলেও, ২০০১ থেকে তার যাত্রাপথ শুরু করেছিল মাত্র ৩০টি কলেজকে নিয়ে। আজকে সেই ইউনিভার্সিটি ২০৭ টি কলেজ তার অন্তর্গত, যার মধ্যে ৬টা ইঞ্জিনিয়ারিং কলেজ যা সরকার পোষিত এবং অন্য কলেজ প্রাইভেট ইঞ্জিনিয়ারিং, আর্কিটেকচার, ফার্মেসী, প্রফেসনাল ডিগ্রী, ম্যানেজমেন্ট কোর্সেস এইগুলো সেখানে পড়ানো হয়। শুনলে খুশী হবেন যে এই ইউনিভার্সিটির অন্তর্গত ছাত্রের সংখ্যা বর্তমানে প্রায় এক লক্ষ ৭০ হাজার। এই অতবড় একটা ইউনিভার্সিটি যার মধ্যে ভার্সেটাইল বিভিন্ন সাবজেক্ট. তারা পড়াচ্ছে এবং ১৩৬টি কোর্স এখানে পড়ানো হয়। ২৮ ধরনের বিষয় আন্ডার গ্র্যাজুয়েট এবং পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রী, এম ফিল এবং পি এইচ ডি অর্থাৎ এর ব্যাপ্তিটা কত বড়। সেই কারণেই আমরা আমাদের সরকার মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্ব প্রস্তাব এনেছেন যে এই বিশ্ববিদ্যালয়কে আমরা মৌলানা আবুল কালাম আজাদের নামে রাখতে চাই। প্রশ্ন অনেক উঠেছে। বিশ্ববিদ্যালয় ছাড়াও বেসরকারী প্রতিষ্ঠানগুলো ইঞ্জিনীয়ারিং এর, আনিসুরবাবু প্রশ্ন

তুলেছেন তার পঠন-পাঠনের মান এবং শিক্ষকের মান নিয়ে। আপনি ঠিকই ধরেছেন এই ব্যাপারে আমি আমাদের আধিকারিকদের সাথে কথা বলেছি এবং ইউনিভার্সিটির আধিকারিকদেরও ডেকেছি, উপাচার্যদেরও ডেকেছি যে যাদের যাদের অ্যাফিলিয়েশন করা হয়েছে তাদের সম্পর্কে একটা স্ট্যাটাস রিপোর্ট তৈরী করা এবং কোনো অবস্থাতেই এই যে কেন্দ্রীয় নিয়ামক সংস্থা আছে সেই নিয়ামক সংস্থার শর্তাবলী সেই শর্তাবলীর বাইরে গিয়ে কাজ করা যাবে না। যারা কাজ করবে তাদের যদি আমরা ধরতে পারি, আমরা আরম্ভ করেছি দেখা, আমরা নিশ্চিত ব্যবস্থা গ্রহণ করব। কিন্তু অন্যদিকে এটাও ঠিক যে এইগুলো তো বেসরকারী প্রতিষ্ঠান অল্প হলেও বিগত সরকারের আমলেই এটা হয়েছিল এবং তখন একটা বাড়ি দুটো-চারটে বেঞ্চ পেতেই ইঞ্জিনীয়ারিং কলেজ, এই কলেজ, সেই কলেজ বলে তারা চালাতে আরম্ভ করেছিল। ফলে নজরটা যদি প্রথম থেকেই থাকত তাহলে এই যে দুর্বলতাটা দেখা যাচ্ছে যেটা আপনারা দেখছেন সেই দুর্বলতার জায়গাটা থাকত না।

[2.20—2.30 p.m.]

তাহলেও আমরা আমাদের দায়িত্ব সম্পর্কে সচেতন এবং আমরা দেখব যাতে কেন্দ্রীয় নিয়ামক সংস্থার শর্তাবলী পূরণ করা যায়। রাজ্যের শিক্ষা দপ্তরের যে শর্তাবলী আছে তা যাতে পূরণ করা যায়। তার থেকেও বড় কথা তার থেকে একটা উন্নতমানের পঠন-পাঠন এবং পরিকাঠামো যেন ছাত্রদের কাছে থাকে। মুর্শিদাবাদ জেলা নিয়ে আপনারা অনেকেই বলেছেন যে কেন মুর্শিদাবাদ জেলাতে এটা কেন করা হল না। কিন্তু আপনাদের জানাই যে, মুর্শিদাবাদ জেলায় ইতিমধ্যে আলিগড় মুসলিম ইউনিভার্সিটিও, সেন্ট্রাল ইউনিভার্সিটি সেটা কিন্তু মুর্শিদাবাদেই হচ্ছে। এবং আমি বলি তার যাবতীয় সাহায্য এই রাজ্য সরকার প্রোভাইড করছে। জায়গা থেকে শুরু করে, অ্যাডমিনিস্ট্রেটিভ যে সমস্ত ইস্যুগুলি আছে, সেই ইস্যুগুলিতে কিন্তু আমাদের সরকার সাহায্য করছে। এবং ইউ জি অর্থাৎ আন্ডারগ্র্যাজুয়েটে ইতিমধ্যেই কোথাও কোথাও পড়াশুনা শুরু হয়েছে। সুতরাং একটা বড় ইউনিভার্সিটি অলরেডি মুর্শিদাবাদ জেলায় প্রতিষ্ঠিত হয়েছে যার আরও ব্যাপ্তি ঘটবে পরবর্তীকালে। আমরা সবাই মিলেই চেষ্টা করলে। আমি তাই আপনাদের কাছে অনুরোধ করব যে এইরকম একটি দিনে এক মহান ব্যক্তিত্ব, এক মহান পণ্ডিত এবং যিনি ভারতের প্রথম শিক্ষামন্ত্রী ছিলেন, আমার তো ব্যক্তিগতভাবে শিক্ষামন্ত্রী হিসাবে গর্ব অনুভব হচ্ছে যে আমরা এই সময় করতে পারছি তার নামে। আসুন আমরা যেন সবাই গর্বিত হই। আসুন আমরা যেন সবাই আনন্দ করতে পারি। এইরকম একটি লোকের নামে ইউনিভার্সিটির নামকরণ করে তাঁকে যোগ্য সম্মান জানাচ্ছি। আমি বিলটিকে, এই সংশোধনীকে গ্রহণ করবার জন্য সকলের কাছে আবেদন জানাচ্ছি।

Mr. Speaker: The question before the House is that the West Bengal University of Technology (Amendment) Bill, 2015 as settled in the Assembly, be taken into consideration,. As many as are of that opinion will please say AYE. As many as are of the contrary opinion will please say NO. Ayes have it. Ayes have it.

Clauses 2 and 3

Mr. Speaker : There is no amendment to Clauses 2 and 3. So I put Clauses 2 and 3 do stand part of the Bill. As many as are of that opinion will please say AYE. As many as are of the contrary opinion will please say NO. Ayes have it. Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill.

Mr. Speaker : There is no amendment to Clause 1 the Enacting Formula, the Preamble and the Title of the Bill. So I put Clause-1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill. As many as are of that opinion will please say AYE. As many as are of the contrary opinion will please say NO. Ayes have it. Ayes have it.

Now the Hon'ble Minister in charge of Higher Education Department may move the motion for passing of the Bill.

Dr. Partha Chatterjee : Hon'ble Speaker, Sir, I beg to move that the West Bengal University of Technology (Amendment) Bill, 2015 as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is that the West Bengal University of Technology (Amendment) Bill, 2015 as settled in the Assembly, be passed.

As many as are of that opinion will please say AYE. As many as are of the contrary opinion will please say NO. Ayes have it. Ayes have it. The Bill is passed. The Bill is passed.

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

শ্রী মনোরঞ্জন পাত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয় গত ১৯ তারিখে পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল যে ভাষণ এখানে পেশ করেছেন এবং তার উপরে যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে আমি তার সম্পূর্ণ বিরোধিতা করছি। বিরোধিতা করছি এই কারণের জন্য যে রাজ্যপালকে দিয়ে আমাদের রাজ্যের যে বাস্তব চিত্র সেটাকে তুলে না ধরে তাকে দিয়ে অসত্য ভাষণ এখানে পাঠ করানো হয়েছে। তার প্রতিটি ছত্রে ছত্রে স্যার রাজ্যের আইনশৃঙ্খলা রাজ্যের উন্নয়নের অভিমুখ এই সমস্ত বিষয়গুলি অসত্য। আমি প্রথমে একটা কথা বলতে চাই এই যে আমাদের হাউস চলছে এই হাউস চলতে চলতেই গতকাল রাত্রের

পশ্চিমেদিনীপুর জেলার জামবনীতে বোরো বলে একটা গ্রামের ছয়জন কিশোরী স্কুলছাত্রী ইভটিজিং-এর লজ্জার কারণে বিষপান করেছে এবং পাঁচজন মারা গেছে এবং একজন মেদিনীপুর মেডিক্যালে চিকিৎসাধীন। এটা কি হচ্ছে ? স্কুল ছাত্রী, তাদের ওপরে যে ধরনের আক্রমণ সংঘটিত করা হচ্ছে—তারা বিষ খাচ্ছে, তারা আত্মহত্যা করছে। শুধু এটা নয়, গত পরশু দিন কলকাতার বেলঘরিয়াতে কাজল ভট্টাচার্য পুকুরে স্নান করতে গেছে। সেই স্নান করাকে কেন্দ্র করে তৃণমূলের গুণ্ডাবাহিনী তার বাড়িতে গিয়ে প্রকাশ্য দিবালোকে তাকে খুন করেছে। এই হচ্ছে রাজ্যের আইন-শৃঙ্খলার অবস্থা। শুধু এটা ঘটনা নয়। সরকার বদল হওয়ার পরে আমরা দেখছি অনেক ঘটনা ঘটেছে। একেবারে পার্কস্ট্রীট থেকে কাটোয়া, কাটোয়া থেকে কামদুনি। তারপর সদ্য সদ্য আপনারা জানেন যে, শ্যামপুরের একজন ছাত্রী, তাকে রক্ষা করতে গিয়ে তার মা আহত হলেন, লিলুয়াতে নিজের বোনকে রক্ষা করতে গিয়ে ভাই খুন হয়ে গেলেন। ভাটপাড়াতে দুটো দলের দুষ্কৃতীর আক্রমণের ফলে গুলিচালনার ফলে একজন গৃহবধূ খুন হয়ে গেলো। আর বীরভূমের সাতুলের কথা তো একটা মধ্যযুগীয় বর্বরতা। মধ্যরাতে একজন মহিলাকে তুলে নিয়ে গিয়ে জঙ্গলে গাছে বেঁধে তার হাত ব্লেড দিয়ে চিরে—বলতে আমাদের লজ্জা হয়, পশ্চিমবাংলার লজ্জা—তার গোপনাঙ্গে বিচুটি লাগিয়ে দেওয়া হয়। পশ্চিমবাংলা এটা কোন জায়গাতে যাচ্ছে ? রাজ্যপালের ভাষণে অনেক পুরস্কারের কথা বলা হয়েছে রাজ্য সরকারের। এখানেও রাজ্য সরকারকে স্যার পুরস্কার দেওয়া উচিত। এখানে উল্লেখ করা হয়েছে যে, এইসব ঘটনাগুলোর জন্য নাকি আমাদের রাজ্যে ৪০টা ফার্স্ট ট্রাক কোর্ট চালু করা হয়েছে। আমি এটা খুব বিনীতভাবে জানতে চাইছি যে, দিল্লিতে যখন বড় ঘটনা ঘটল, ৬ মাসের মধ্যে তার বিচার হ'ল। বম্বেতে একটা ঘটনা ঘটল, তার এক বছরের মধ্যে বিচার হ'ল। আর পশ্চিমবাংলায় ৪০টা ফার্স্ট ট্র্যাক কোর্ট চালু হওয়ার পরেও এই তিন বছরের মধ্যে মা-বোনেদের ওপরে যে ধরনের আক্রমণ, ধর্ষণ সংঘটিত হয়েছে, একটা কেসেরও বিচার হ'ল না। তার সবচেয়ে বড় কারণটা হচ্ছে এই যে, এখানে পুলিশের অপদার্থতা। পুলিশকে এখানে দলদাসে পরিণত করা হয়েছে। মূল আসামিদেরকে গ্রেপ্তার করা হচ্ছে না, কিম্বা কোনো জায়গায় চার্জশীট পেশ করা হচ্ছে না, কিম্বা পুলিশের রিপোর্ট যথা সময়ে কোর্টে পেশ না করার জন্যই এখানে বিচার হচ্ছে না। এখানে বিচারের নামে একটা প্রহসন চলছে। শুধু মা-বোনেদের ওপারে নয়, আজকে শিক্ষা প্রতিষ্ঠান—একেবারে বিশ্ববিদ্যালয় থেকে, কলেজ থেকে বিভিন্ন জায়গায়—একটা জায়গাতেও ছাত্র সংসদ নির্বাচনে বিরোধী কোনো দলের ছাত্রদের নোমিনেশন পেপার তুলতে দেওয়া হয়নি। গুণ্ডামি করে, গায়ের জোরে, পুলিশকে গুলি করে মেরে এক তরফাভাবে ছাত্র সংসদ শাসক দলের ছেলেরা সব দখল করে নিল। অর্থাৎ গণতন্ত্রের সব জায়গাতে আপনারা পেরেক ঠুকে দিয়েছেন। গণতন্ত্র বলে পশ্চিমবাংলায় কিছু নেই। একটা জঙ্গলের রাজত্ব এখানে কায়েম হয়েছে। কেন আমি এই কথাগুলো বলছি ? আপনারা শুনুন কি ধরনের নৈরাজ্য হচ্ছে। আপনাদের দলের একজন এম.পি.—পূর্ব মেদিনীপুরের জনসভায় প্রকাশ্যে তাকে চড় মারছে, প্রকাশ্যে। এটা কি ভাবতে পারা যায় ? পশ্চিমবাংলার ইতিহাসে কোনোদিন এইরকম ঘটনা ঘটেনি। একজন এম.পি.কে প্রকাশ্য জনসভায় চড় মারা হয়েছে ! চড় মারার পরে সেখানে নেতা-নেত্রীরা

আইন নিজেদের হাতে তুলে নিলেন, তার হাত-পা ভেঙে দেওয়া হল। আর পুলিশ ঠুটো জগন্নাথের মতো সেখানে দাঁড়িয়ে আছে। এই তো হচ্ছে পশ্চিমবাংলার অবস্থা ! তাহলে কি কারণে আপনারা এটা রাজ্যপালকে দিয়ে বলালেন যে, পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা সব স্থিতিশীল, শান্তিপূর্ণ অবস্থার মধ্যে রয়েছে ? একটা জায়গাতেও এই বিষয়গুলো নেই।

[2.30—2.40 p.m.]

আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী যখন বিরোধী দলে ছিলেন তখন উনি অনেক বড় বড় কথা বলতেন যে মাও-ফাও বলে এখানে কিছু নেই। উনি তো ছত্রধরের মোটর সাইকেলে গোটা রামগড় এলাকাটা ঘুরে বেড়াতেন। আর আজকে কি হচ্ছে এটা ? আজকে মুখ্যমন্ত্রী তার সঙ্গে দুটো ডামী মুখ্যমন্ত্রী সাজিয়ে ওঁনাকে ওখানে যেতে হচ্ছে, আর তখন তো বলতেন মাও ফাও বলে কিছু নেই। তাহলে কেন ওখানে কেন্দ্রীয় বাহিনী প্রত্যাহার করা হচ্ছে না ? বাহিনী প্রত্যাহার করা হচ্ছে না এই কারণের জন্য সেটা আপনারা জেনে রাখুন আপনাদের সরকারের স্বরাষ্ট্র দপ্তর কিছুদিন আগে কেন্দ্রীয় সরকারকে জানিয়েছে নন্দীগ্রামের ঘটনায় মাওবাদীরা ছিল, লালগড় ঘটনায় মাওবাদীরা ছিল। আজকে আপাতদৃষ্টিতে আপনারা মনে করছেন যে জঙ্গলমহল শান্ত। কেন ? স্যার, আমি যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে এই আজকে মাওবাদীদের সাথে তৃণমূলের একটা বৈবাহিক সম্পর্ক হয়ে আছে, তার জন্য আপাতদৃষ্টিতে সেখানে শান্তিশঙ্খলা ঠিক আছে, কিন্তু ভিতরে ভিতরে তুষের আগুনের মতো ধিকিধিকি জ্বলছে। সেই জন্য সামগ্রিকভাবে যেটা বলতে চাই আজকে পশ্চিমবাংলায় আইন নেই, শৃঙ্খলা নেই, গণতন্ত্র নেই। সব কমিশনগুলোকে তুলে দেওয়া হচ্ছে, হিউম্যান রাইট্স কমিশন সেটাকে অকেজো করে দেওয়া হয়েছে। মহিলা কমিশন অকেজো করে দেওয়া হচ্ছে। গণতন্ত্রের জন্য, মানুষের অসুবিধার জন্য তারা কোথায় জানাবেন সেই সব জায়গাগুলোকে তুলে দিয়ে সব জায়গাগুলোতে গণতন্ত্র ধ্বংস করে দেওয়া হচ্ছে। আর আপনারা বলছেন আপনারা নাকি অনেক উন্নয়ন করছেন। পশ্চিমবাংলায় আপনারা ১০০ দিনে কাজের জন্য নাকি পুরস্কার 1 পেয়েছেন, আমরা এই পুরস্কারটা ঠিক বুঝতে পারছি না। স্যার, আমি খুব দায়িত্ব নিয়ে এই কথা বলতে চাই গত ৭ তারিখে বাঁকুড়া জেলাতে ডিস্ট্রিক্ট ভিজিলেন্স এবং মনিটরিং কমিটির মিটিং-এ ছিলেন মাননীয়া এম.পি., তিনি সভাপতিত্ব করছিলেন। কত দিন কাজ হয়েছে ? ১০০ দিনের জায়গায় গড়ে ১৫ থেকে ২০ দিন কাজ হয়েছে। কাজ হওয়ার পরে দেখা গেল যে ৪ মাস, ৫ মাস আগে গরীব মানুষ যারা কাজ করেছেন তারা কিন্তু এখনো মজুরী পাননি। কত টাকা মজুরী পাননি ? একটা জেলাতেই ২২ কোটি টাকা, গরীব মানুষ তারা কাজ করেছেন, কিন্তু সেই টাকা তারা পাননি। আর আপনারা বলছেন যে আমরা ১০০ দিনের কাজে প্রথম হয়ে গেছি। কি করে যে আপনারা কাজে প্রথম হচ্ছেন আমরা সেটা বুঝতে পারছি না। অনেক গরীব মানুষ যে ভাতা পান, সেই ভাতাগুলি বন্ধ হয়ে যাচ্ছে, সেই ভাতাগুলো অনিয়মিত হয়ে যাচ্ছে। নতুন করে কোনো গরীব মানুষ যাদের বি.পি.এল. তালিকায় নাম আছে তারা ভাতা পাচ্ছে না। পুরোপুরিভাবে গ্রামের সামাজিক উন্নয়নে যে কাজ সেগুলো একেবারে স্তব্ধ হয়ে গেছে। আর পঞ্চায়েতগুলো চুরি, দুর্নীতি,

লুঠের একটা জায়গা হয়ে গেছে। স্যার, আমার বলতে খুব লজ্জা লাগে যে কিছু দিন আগে আমাদের জেলাতে আমরা জানতে পারলাম পশ্চিমবাংলায় প্রথম। এই যে জঙ্গলমহল নিয়ে ওঁনারা অনেক বড় বড় কথা বলেন, এই জঙ্গলের অধিকার বামফ্রন্ট সরকার মানুষের হাতে ফেরত করে দিয়েছিলেন। প্রত্যেকটা জায়গাতে ফরেস্ট প্রোটেকশান কমিটি তৈরী হয়েছিল, এই ফরেস্ট প্রোটেকশান কমিটি তৈরী হওয়ার মধ্যে দিয়ে সেখানে রাজ্যসরকার তখনকার বামফ্রন্ট সরকার সিদ্ধান্ত করেছিলেন এর ২৫% টাকা সেই এলাকার মানুষ ফেরত পাবেন। আমরা অবাক হয়ে যাচ্ছি ৪০ কোটি টাকা—এই ফরেস্ট প্রোটেকশান কমিটি যেগুলো আগে ছিল, এই শাসকদলের লোকেরা সেই কমিটির সম্পাদক, সভাপতির পরিবর্তন করে দিয়ে সব শাসক দলের লোককে ঢুকিয়ে দিয়েছেন—সেই টাকাগুলো বিলি হচ্ছে না। আর কোথাও যে বিলি হচ্ছে সেখানে উন্নয়নের নামে একটা লোক ১০ হাজার টাকা পাবে, তার কাছ থেকে ৪ হাজার টাকা কেটে নিয়ে বাকি টাকা ফেরত দেওয়া হচ্ছে। এই জঙ্গলের টাকাগুলো লুঠ করা হচ্ছে। ফরেস্ট প্রোটেকশান কমিটি সেগুলোকে তুলে দেওয়া হচ্ছে। অর্থাৎ সেখানেও একটা নৈরাজ্য আজকে তৈরী হচ্ছে। আর সরকার বলছে আমার টাকা নেই। ৬০ হাজার ক্লাবকে দু-তিন লক্ষ করে টাকা দিয়ে ১০৫ কোটি টাকা দিলেন, আর এই যে কৃষক তাদের ধান কিনবার কোনো ব্যবস্থা নেই। পাট কেনার কোনো ব্যবস্থা নেই। আলুর দাম পড়ে গেছে সেগুলো কেনার ব্যবস্থা নেই। আর সরকার বলছে আমরা মা-মাটি-মানুষের সরকার। কৃষকদের জন্য উন্নয়ন করে যাচ্ছে। প্রত্যেকটা ক্ষেত্রে ধাপ্পাবাজি চলছে। এই যে হাসপাতালে আপনারা দেখছেন হোস্টেল, ১০৪টার মতো এস.সি., এস.টি. হোস্টেল..... (এই সময় মাইক অফ হয়ে যায়)।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় স্পীকার স্যার, আমাদের পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল শ্রী কেশরীনাথ ত্রিপাঠি গত ১৯শে ফেব্রুয়ারী যে ভাষণ দিয়েছেন তার উপর যে প্রস্তাব গ্রহণ করা হয়েছিল, পার্থ চট্টোপাধ্যায় এনেছিলেন, সমর্থন করেছিলাম, তারই উপর আমি আমার বক্তব্য সীমাবদ্ধ রাখছি। স্যার, কালকে আমি এখানে সুভাষ নস্করের বক্তব্যটা শুনেছিলাম। আজকে মনোরঞ্জনবাবুর বক্তব্য শুনলাম। আমরা চিরকাল শুনে এসেছিলাম যে, House belongs to Opposition. সব সময়ই বিধানসভায় বিরোধীদের সমান অধিকার। আমরা দুই ঘণ্টা বললে আপনারা দুই ঘণ্টা বলেন। এবং বক্তব্যের ধার। এত চিৎকার করছেন, এত মিডিয়ায় যাচ্ছেন, এত ওয়াক আউট করছেন কিন্তু আপনাদের দু'জনের বক্তব্য শুনেই মনে হল যেন আপনারা প্রায় ঘুমিয়ে পড়েছেন। আসলে আপনারা ঘুমিয়ে পড়েননি, বাংলার জনগণ আপনাদের প্রায় ঘুম পাড়িয়ে দিয়েছে। সেখান থেকে আপনারা বেরিয়ে আসতে পারছেন না। এটা আমাদের কাছে মনে হচ্ছে। তা না হলে গতকাল সুভাষবাবু বললেন আপনারা এত বড় কেন লিখেছেন ? কেন রাজ্যপাল ২৬ পাতা বাংলায় আর ৩৭ পাতা ইংরাজীতে লিখবেন ? বলেছেন, আপনি বার করুন রেকর্ড আমি পুরো শুনেছি আপনার বক্তব্য। এবং আমাদের সময় তো এত বড় করে লেখা হত না। কি করে লিখবেন ? লিখতে গেলে যে সৎ সাহস লাগে, লিখতে গেলে কলিজার যে জোর লাগে, লিখতে গেলে মানুষের উপর যে অধিকার থাকে এবং সত্য বলার মতো যে মানসিকতা থাকে এর কোনোটাই আপনাদের ৩৪ বছরে মানুষ দেখতে পায়নি। সেই

কারণের জন্যই আপনাদের সময় যেটা ছিল আমাদের এখানে আছে লাস্ট বছরেরটা এম. কে. নারায়ণন। উনি লিখেছিলেন ১৬ পাতা। আর বাংলায় যেটা এবারে আছে কেশরীনাথ ত্রিপাঠি সেটা হল ২৮ পাতা আর ইংরাজীতে যেটা উনি পড়েছেন সেটা হল ৩৭ পাতা। এই লেখার মধ্যে তো এমন কিছু লেখা যাবে না। বাংলার গল্প বা সাহিত্য লেখার ব্যাপার নয় এটা। এই লেখাটা হচ্ছে তথ্য ভিত্তিক। আমি ভাবছিলাম যেখানকার যারা বিরোধী দল আছেন তারা তথ্যকে সমালোচনা করবেন, ক্রিটিসিজিম করবেন, এটা মিথ্যা বলবেন, এটা সত্য বলবেন, এটা অসত্য বলবেন যে বানিয়ে লেখা বলবেন। সে ধারের কাছে যাওয়ার মতো ক্ষমতা গোটা বিরোধী দলের কারো নেই। কারণ যে তথ্য দেওয়া হয়েছে তার প্রত্যেকটার পিছনে কোথা থেকে তথ্য উঠে আসছে সেগুলো পরিষ্কার করে বলা হয়েছে। আপনি কালকে 'মহাত্মা গান্ধী কর্ম সংস্থান সুনিশ্চিত করণের' কথা বলছিলেন। আপনাদের লাস্ট বছর ২০১০-এ নারায়ণন সাহেবের বক্তৃতা থেকে, আপনারা ১ হাজার ১১ লক্ষ শ্রম দিবস তৈরী করেছিলেন। আর আমাদের সরকার চার বছরে ২৩.১৫ কোটি কর্ম দিবস তৈরী করেছে। কোথায় তিন ভাগের এক ভাগ হচ্ছে ? কি বলছেন আমি বুঝতে পারছি না। তো আমাদের এই কাজের মধ্যে যে ইনিসিয়েটিভ সেই ইনিসিয়েটিভটাকে পুরস্কৃত করা হয়েছে। একটা সরকার এই পরিকল্পনাটাকে বাস্তবায়িত করার জন্য যে পরিমাণ ইনিসিয়েটিভ নিয়েছে সেটা 'স্কচ' পুরস্কার বলছেন।উনিও বলতে পারেননি, আপনি কালকে স্কচ-মদ-টদ ইত্যাদি অনেক কথা বলেছেন। যাগ্গে, বলার কিছু না থাকলে আপনি বলবেনই এ ব্যাপারে আমার কিছু বলার নেই। যেটা আজকে একটু আগে মনোরঞ্জনবাবু বলছিলেন আমি একটু পড়ে শোনাতে চাই। এম. কে. নারায়ণন সাহেব যেটা লিখেছিলেন—'বিগত বছরে রাজ্যের নিরাপত্তা পরিস্থিতি আরও জটিল হয়েছে, ২০১০। এই রাজ্য, রাজ্যের পশ্চিম অংশে বাম উগ্রপন্থীদের হিংসাত্মক কার্যকলাপ এবং উত্তরে বিচ্ছিন্নতাবাদী আন্দোলনের সাক্ষী হয়েছিল। বিভিন্ন রাজনৈতিক দলের মধ্যে সংঘর্ষ বৃদ্ধি পেয়েছে।' এর সঙ্গে আরও অনেক কিছু আছে। তাছাড়া গোর্খা জনমুক্তি মোর্চার গোর্খাল্যান্ড আন্দোলনের কথা ইত্যাদি বলা আছে। অর্থাৎ সেই সময় রাজ্যের আইন-শৃঙ্খলার পরিস্থিতি অত্যন্ত শোচনীয় পর্যায় গিয়ে পৌঁছে গিয়েছিল। জঙ্গলমহলের কথা বললেন। জঙ্গলমহল গড়ে বছরে সাড়ে ৪০০ মানুষ সে পুলিশ হতে পারে, বিভিন্ন রাজনৈতিক দলের মানুষ হতে পারে—সাড়ে ৪০০ মানুষ গড়ে খুন হয়েছে।

[2.40—2.50 p.m.]

আমি বলি আপনারা কনটেস্ট করুন না যে, গত তিন বছরে—বছর ওয়াইজ দেখতে গেলে একজনও মানুষ খুন হয়নি এই জঙ্গলমহলে কিসের জোরে ? মমতা বন্দ্যোপাধ্যায়ের হাতে কি আলাদিনের আশ্চর্য প্রদীপ আছে ? মমতা বন্দ্যোপাধ্যায়ের হাতে কি কোনো জাদুকাঠি আছে ? না। যেটা আছে আপনাদের কোনোদিন ছিল না। আগামী কোনোদিনও থাকবে না। সেটা হচ্ছে রাজনৈতিক মস্তিষ্কের সঙ্গে হৃদয়কে সম্পৃক্ত করতে জানেন বলেই আজকে জঙ্গলমহলে খুন-জখম সমস্ত কিছু বন্ধ হয়ে গেছে। এ কথা আজকে স্বীকার করতেই হবে আপনাদের। যেখানে ৪৫০ মানুষ মরত বছরে সেখানে এখন একজনও মানুষ মরে না। মনোরঞ্জনবাবু খুব আনন্দিত। কারণ ওখানে কেন খুন হচ্ছে না। ধিকিধিকি জ্বলছে, অমুক

জ্বলছে ইত্যাদি ইত্যাদি অনেক কথা বলে গেলেন। সেসব কি—মানুষ খুন হচ্ছে না ইত্যাদি। মানুষ খুন হলে এখানে উনি সমালোচনা করার জায়গা পেতেন। যিনি বাংলার মা'কে ভালোবাসেন, যিনি বাংলার মাটি'কে ভালোবাসেন তিনি চাইবেন জঙ্গলমহলে একজন মানুষেরও মৃত্যু না হোক। কিন্তু সি পি আই এম আজ পর্যন্ত কোনোদিন এই মাটিটাকে মা বলে ভাবতে পারেনি। তাই তারা চায় জঙ্গলমহলে আবার মৃত্যু ঘটুক—আবার সংঘর্ষ হোক—আবার অনেক মায়ের কোল খালি হয়ে যাক। সে জিনিস চায়। মমতা বন্দ্যোপাধ্যায় বুঝতে পেরেছিলেন যে কিভাবে এই অশান্তিকে দূর করতে হবে। সাড়ে তিন কোটি মানুষকে তিনি দু'টাকা কেজি দরে চাল খাওয়াচ্ছেন। তার মধ্যে জঙ্গলমহল আছে, তার মধ্যে উত্তরবাংলা আছে, তার মধ্যে পিছিয়ে পড়া মানুষ আছে। তার মধ্যে বি পি এল তালিকাভুক্ত মানুষ আছে। আসলে বুঝবার ক্ষমতা হৃদয় দিয়ে যে, মানুষগুলো কেন হাতে অস্ত্র ধরেছিল। যখন তাদের দেওয়ালে পিঠ ঠেকে গেছে, ওষুধ নেই, চাকরি নেই, মাথার উপর আচ্ছাদন নেই, দু'বেলা দুমুঠো ভাত নেই, চিকিৎসার কোনো ব্যবস্থা নেই। তখন খুব সহজেই তাদের হাতে অস্ত্র তুলে দেওয়া গিয়েছিল। মমতা বন্দ্যোপাধ্যায় বুঝতে পেরেছিলেন অস্ত্রের মোকাবিলা অস্ত্র দিয়ে করা যাবে না। অস্ত্র মোকাবিলা করতে হবে খাদ্য দিয়ে, বস্ত্র দিয়ে, চিকিৎসা দিয়ে, বাসস্থান দিয়ে, শিক্ষা দিয়ে। আজকে তাই, আজকে তাই সেখানে কোনো গণ্ডগোল নেই। কেন আপনারা পারেননি গোর্খাল্যান্ডে আন্দোলন নিয়ে সেখানে শান্তি ফিরিয়ে আনতে। মমতা বন্দ্যোপাধ্যায় একই কথা বলেছেন সেখানে যা চাইবে আমি তাই দেওয়ার চেষ্টা করব, কিন্তু বিচ্ছিন্ন হতে দেব না বাংলাকে, ভাগ হতে দেব না বাংলাকে। আজকে তার হৃদয়ের স্পর্শ, হাতের স্পর্শ— সে পাহাড়ের মানুষ বুঝতে পেরেছে যে এই মানুষটা আমাদের জন্য কাজ করেছে। আজকে তাই গোর্খাল্যান্ড-এর কোনো আন্দোলন নেই। মানুষ আনন্দের সঙ্গে সেখানে তাঁর উদ্যোগকে গ্রহণ করেছেন।

National Crime Record Bureau থেকে যে বই বেরয় সেখানে বলছে যে, কলকাতা ভারতবর্ষের অন্যান্য অনেকগুলো মেট্রো সিটির তুলনায় অনেক ভালো পরিস্থিতিতে আছে কলকাতা। অনেক ভালো পরিস্থিতি, এখানে বলছে পরিষ্কার করে। এবং ইন্ডিয়া টুডে যেটা রিসার্চ করে—আমি প্রত্যেক বছর বইটা কিনিও, ইন্ডিয়া টু ডে যেটা রিসার্চ করে তাতে ভারতের তিরিশটা রাজধানী এবং কুড়িটা উদীয়মান শহর সব মিলিয়ে যে রিসার্চ করেছে তাতে বলেছে যে কলকাতার stands in a position of one. এক নম্বর পজিশানে আছে শহরের দিক থেকে। শান্তি শৃঙ্খলার দিক থেকে, সার্বিকভাবে তারা একে এক নম্বর জায়গায় দিয়েছেন। এবং রাজ্যপাল তাঁর কথায় উল্লেখ করেছেন। It is not a matter কি যে অমার রাস্তায় দাঁড়িয়ে বক্তৃতা করছি। রাজ্যপাল তাঁর বক্তব্যের মধ্যে এটা তুলে ধরেছেন। এর বাস্তবতা আছে, সত্যতা আছে—তাই তিনি তুলে ধরতে পেরেছিলেন।

স্যার, আমি খুব বেশি তুলনামূলক আলোচনায় যাব না। আমি চাইছি যে, যেগুলো বললে আমরা গর্ব অনুভব করি সেই কথাগুলো আমি আপনাদের সামনে এখানেও কিছুটা উল্লেখ হয়েছে কিছুটা আমরা আপনাদের সামনে তুলে ধরার চেষ্টা করব। আমি চাই

আপনারা সেগুলো মিথ্যা প্রমাণ করুন। খুশি হব আপনারা যদি মিথ্যা প্রমাণ করতে পারেন। আর তা না হলে যে বোঝা নিয়ে আছেন এতদিন ধরে দেখেছেন কৃষ্ণগঞ্জের ঘটনা দেখলেন, বনগাঁর ঘটনা দেখলেন। এত পরিকল্পনা করলেন, এত আঁতাত করলেন, বিভিন্ন মিডিয়ার সঙ্গে এবং রোজ সকাল থেকে রাত্রি পর্যন্ত দেখলাম চোখের জলে প্রায় বোতল বোতল ভর্তি হয়ে যাচ্ছে মিডিয়াতে বসে বসে। বাংলা একদম গোল্লায় গেছে, সব কিছু শেষ হয়ে গেল বাংলার। কিন্তু আমি দেখলাম যে বনগাঁর নির্বাচনে আমাদের ডিফারেন্সটা বেড়ে গেল। ১ লক্ষ ৪০ থেকে ২ লক্ষ ১১ হাজারের উপর চলে গেল। কৃষ্ণগঞ্জে ২০ হাজার থেকে চলে গেল ৩৭ হাজারে। Ultimately at the end of the day, at the end of the election মানুষই শেষ কথা বলে এবং মানুষই শেষ কথা বলেছে। যে আপনারা যে কথাগুলো মানুষের কাছে তুলে ধরবার চেষ্টা করছেন, সর্ব অসত্য কথা। আমরা আমাদের রাজ্যে যেটা মনে করি—এখানে অনেকে আছেন বামফ্রন্ট বা সি পি এম করেন—আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী ক্ষমতায় আসার পর থেকে যেটায় জোর দিচ্ছেন যে প্রশাসনিক বৈঠক- ৭৫টা প্রশাসনিক বৈঠক করেছেন। কালকে সুভাষবাবু বলেছেন, আমাদের ডাকছেন না কেন ? আরে, অফিসারদের সঙ্গে মিটিং করবেন, সেখানে আপনাকে কি জন্য ডাকবে ? মন্ত্রীরা যায়, মন্ত্রীরা ছাড়া কে থাকবে লখানে ? মন্ত্রী থাকে আর প্রশাসনিক অফিসাররা থাকে। আপনাদের কেন ডাকবে ! আর আপনারা কতবার আমাদের ডেকেছিলেন, আপনাদের সময় ? আমারও দেখতে দেখতে ২৪ বছর হয়ে গেল এখানে, তো আমাদেরও কেউ—কোনো সময়ে আমাদের ডেকেছিলেন, কোনোদিন ডাকেননি। এখন চোখে জল ঝরান। প্রশাসনিক বৈঠক। আসল কথাটা কোথায়। এই জায়গাটা আপনারা ৩৪ বছরে কখনো ভাবতে পারেননি যে একটা মুখ্যমন্ত্রী চার বছরে বিভিন্ন জেলায় ৭৫টা প্রশাসনিক বৈঠক করতে পারেন। আমি চ্যালেঞ্জ করছি এখানে দাঁড়িয়ে, ভারতবর্ষের কোনো মুখ্যমন্ত্রী, কাউকে ছোটো করে নয়, প্রত্যেককে সম্মান জানিয়ে, ভারতবর্ষের সব মুখ্যমন্ত্রীর প্রতি সম্মান জানিয়ে বলছি যে প্রমাণ করুন একজনও মুখ্যমন্ত্রী, ভারতবর্ষে মাত্র সাড়ে তিন বছর সময়ের মধ্যে ৭৫টা প্রশাসনিক বৈঠক করেছেন। কেন করেছেন—টু এক্সপিডাইড, আমাদের একটা ক্যালেন্ডার, প্রশাসনিক ক্যালেন্ডার আছে, আমাদের রাজ্যের একটা প্রশাসনিক ক্যালেন্ডার আছে, সেই ক্যালেন্ডার অনুযায়ী কাজ হচ্ছে কিনা সেটা সরেজমিনে দেখবার জন্যে আপনারা কোথায় প্রশংসা করবেন মুখ্যমন্ত্রীকে যে না তিনি রাজ্যের জন্যে দৌড়চ্ছেন। চীৎকার করছেন কেন ? যে প্রশাসনিক ক্যালেন্ডার তৈরী করেছেন, সেই প্রশাসনিক ক্যালেন্ডারকে সামনে রেখে প্রত্যেকটি জেলায় জেলায় তার ক্যালেন্ডার অনুযায়ী কাজ হচ্ছে কিনা, এইটা দেখবার জন্যে তাঁকে দৌড়াতে হচ্ছে। এইখানে দাঁড়িয়ে বিরোধীদলের কোনো বন্ধু যদি বলতে পারেন, একটা রাজ্যের মুখ্যমন্ত্রীর নাম, সে আপনাদের ত্রিপুরার মুখ্যমন্ত্রী থেকে শুরু করে, আর মহারাষ্ট্র, গুজরাট পর্যন্ত কোনো মুখ্যমন্ত্রী, একজনকেও যদি দেখাতে পারেন, যে সাড়ে তিন বছরে ৭৫টা প্রশাসনিক বৈঠক করেছেন, তার গোটা রাজ্য জুড়ে, তাহলে আমি রাজি আছি, সেই দলের দারোয়ানের ভূমিকা নিতে রাজি আছি। যদি পারেন—আর তা না হলে এই প্রশ্ন উত্থাপন করবেন না ; এ নৈতিক অধিকার আপনাদের

নেই। স্যার, এর সঙ্গে সঙ্গে আমাদের রাজ্যপাল যেটা বলেছেন যে এই সরকার মূলত পরিকাঠামোর উন্নয়নের জন্য চেষ্টা করছেন। আমি একটা কথা মনে করিয়ে দিচ্ছি, রুশ বিপ্লবের পর, কমরেড লেনিন যখন দায়িত্ব নিয়েছিলেন, তখন সেই দেশে প্রবল খাদ্যের অভাব ছিল, খাদ্যের সংকট ছিল, কিন্তু খাদ্যের সংকট থাকা সত্ত্বেও তিনি মনে করেছিলেন যে রাশিয়ার যদি উন্নয়ন করতে হয় তাহলে একপ্রান্ত থেকে আর এক প্রান্তয় বৈচিত্র্যকরণ করতে হবে। বিদ্যুৎ নিয়ে যেতে হবে, কারণ বিদ্যুৎ হচ্ছে আধুনিক সভ্যতার ভিত্তি। আমাদের রাজ্যেও আমরা পরিকাঠামো, রাস্তাঘাট, বিদ্যুৎ, জল এইগুলোকে যথারীতি, যথাবিহিতভাবে আমাদের সরকার গুরুত্ব দেবার চেষ্টা করেছেন। আমি আপনাকে বলি যে, প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় আমাদের সরকার ৬,৮০৪ কিমি রাস্তা করেছে। আজকে পি ডাব্লু ডি—ইমপ্লিমেন্টিং এজেন্ট আমরা, উই আর দি ইমপ্লিমেন্ট এজেন্ট—আপনারা করতে পারেননি, আমরা করেছি ; সেই গৌরব তো আমাদের বটেই। এছাড়া পি ডাব্লু ডি, পূর্ত দপ্তর নিয়ে আজকে সকালবেলায় প্রশ্নের উত্তরে জানিয়েছেন যে আমাদের সরকার আসার আগে, শেষ যে বামফ্রন্ট সরকারের প্ল্যান বাজেট, সেই প্ল্যান হেডে কত টাকা ছিল, ৬৩১.৬৫ ক্রোর, আমাদের সরকার এই বছর লাস্ট, লাস্ট যে ফিনান্সিয়াল ইয়ার, তাতে কত টাকা ধরেছে ৪,৪২১.৭৯ বা ৬৯ কোটি টাকা।

[2.50—3.00 p.m.]

এর মাধ্যমেই প্রমাণিত হয় যে একটা দৃষ্টিভঙ্গি কি। একদিকে প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার মাধ্যমে রাস্তা তৈরি করা এবং একই সঙ্গে সরকার তার নিজস্ব পূর্ত দপ্তরের বাজেট প্ল্যান বাজেট অ্যালোকেশান বৃদ্ধি করে যে কত পার্সেন্ট—৬৩১ থেকে ৪৪২১—এই কয়েক কোটি টাকা বৃদ্ধি করা—এটা একটা ডাইরেকশান, কোনো দিকে এগোবো আমরা। রাস্তার উন্নয়নের জন্য এবং যে রাস্তা সংস্কার হচ্ছে তার পরিমাণ হচ্ছে ১,১৬১ কিলোমিটার রাস্তা তৈরি হয়ে গেছে, ২৭৩২ কিলোমিটার রাস্তা সংস্কার হচ্ছে যেটা একটু আগে আমরা শুনেছিলাম মাননীয় মন্ত্রীর মুখে।

স্যার, এবারে আসছি বিদ্যুতের কথায়। বিদ্যুতের বিষয়ে আমরা নিশ্চিতভাবে বলতে পারি যে বিদ্যুতের ক্ষেত্রে একটা অভাবনীয় সাফল্য আমাদের রাজ্যে এসেছে। প্রায় নাইনটি নাইন পয়েন্ট সামথিং পারসেন্ট গ্রামে বিদ্যুৎ চলে গেছে। মৌজায় নয়, আগেকার সময় বামফ্রন্টের আমলে মৌজার কথা বলা হত। আমি মৌজার কথা বলছি না। আমি বলছি নাইনটি নাইন পারসেন্ট প্লাস গ্রামেতে বিদ্যুৎ পৌঁছে গেছে। এটা এক নম্বর। দুই নম্বর লোডশেডিং প্রায় নেই বললেই চলে। একান্ত কেবল ফল্ট বা অন্য কারণে কখনো কখনো হয়তো দেখা যেতে পারে, এছাড়া লোডশেডিং নেই। তিন নম্বর, যেটা সব থেকে গুরুত্বপূর্ণ মাননীয় চেয়ারম্যান স্যার—আমি আপনাদের ডিসটার্ব করছি না, আপনারাও করবেন না—সেটা হল পাওয়ার ব্যাঙ্কিং। পাওয়ার ব্যাঙ্কিং বলাতে এখানে অনেকে অনেক রকম সমালোচনা করেছিলেন, উপহাসও করেছিলেন। আসলে এই জায়গায় কিছু বুদ্ধি রাখতে হয়, কিছু বুদ্ধি রাখতে হয়। পাওয়ার কখনো পাওয়ার ব্যাঙ্কে জমা থাকে না, সেটা সবাই জানি

আমরা। পাওয়ার ব্যাঙ্কিং মানে কি ? পাওয়ার ব্যাঙ্কিং মানে আমার যখন সারপ্লাস তখন আমি অন্য রাজ্যকে দিলাম, আর আমার যখন ডেফিসিট তখন অন্য রাজ্য থেকে আমি নিলাম। দ্যাট ইজ কলড পাওয়ার ব্যাঙ্কিং। এখানে পাওয়ার ব্যাঙ্ক মানে পাওয়ার ব্যাঙ্কে রাখা যায় না। প্রথম প্রথম বিরোধী দলের লোকেরা খুব সমালোচনা করতেন। হোয়াট ইজ পাওয়ার ব্যাঙ্কিং ? এইরকম কোনো কথা হয় নাকি ? বিদ্যুৎ আবার ব্যাঙ্কে রাখা যায় নাকি ? সেই জন্য আপনাদের খুপড়িতে যে ঘিলুটা আছে সেটা আস্তে আস্তে শুকিয়ে যাচ্ছে। এই জন্য পাওয়ার ব্যাঙ্কিংটা বুঝতে হবে।

মাননীয় চেয়ারম্যান স্যার, এবারে আসছি এডুকেশানের ব্যাপারে। আমরা খুব গর্ব অনুভব করছি এই মুহূর্তে। রাজ্যের মানুষও গর্ব অনুভব করছেন। আমাদের রাজ্যে ৬৮ বছরে ৩৮টা সরকারী কলেজ হয়েছিল। আমরা কমিটেড, পাঁচ বছরের মধ্যে ৩১টা সরকারী কলেজ করব। এর মধ্যে অধিকাংশ কলেজের কাজ শুরু হয়ে গেছে। আমি তো বারবার আপনাদের চ্যালেঞ্জ জানাচ্ছি, যদি ক্ষমতা থাকে তাহলে আপনারা আমাদের দেওয়ার তথ্যগুলোর সমালোচনা করুন। বলুন কোথায় মিথ্যে আছে, কোথায় অসত্য আছে। পাঁচ বছরের মধ্যে আমরা ৩১টা কলেজে এবং ১৪টা বেসরকারী কলেজ সহ মোট ৪৫টা সরকারী ও বেসরকারী কলেজ সাড়ে তিন বছরের মধ্যে আমরা করতে চেয়েছি। তার মধ্যে অধিকাংশ কলেজের কাজ শুরু হয়ে গেছে। আজকে আমাদের রাজ্যে বিশ্ববিদ্যালয়ের সংখ্যা ক্রমশ বাড়ছে। এখানে আপনারা বলেছিলেন, শিক্ষাকে পণ্য করে দেওয়া হচ্ছে, প্রাইভেটাইজেশান করে দেওয়া হচ্ছে। একটা সময় আমাদের রাজ্য থেকে ছাত্ররা ভারতবর্ষের অন্য রাজ্যে পড়তে চলে যাচ্ছিল। আমি নিজে দেখেছি, দক্ষিণ ভারতগামী সমস্ত ট্রেনগুলো ভর্তি থাকত ছাত্রে। আমরা বলেছি, আমাদের রাজ্যের মেধাকে আমরা অন্য রাজ্যে যেতে দেব না। মমতা বন্দ্যোপাধ্যায় বলেছেন, আমাদের রাজ্যের মেধা আমাদেরই রাজ্যেই থাকবে। তার জন্য সরকারের ক্ষমতা থাকলে সরকার করবে। আর সরকার যদি পুরো করতে না পারে তাহলে বেসরকারী উদ্যোগকে আমরা উৎসাহিত জানাব। যাতে আমাদের রাজ্যে আরো শিক্ষিত ছেলে তৈরি হয়। সাথে সাথে আমাদের রাজ্যে দু'খানা ইঞ্জিনিয়ারিং কলেজ করেছি। দু'দুটো ইঞ্জিনিয়ারিং কলেজ এই স্বল্পকালের মধ্যে আমরা আমাদের রাজ্যে তৈরি করেছি। আরো অনেকগুলি বেসরকারী এবং সরকারী বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত হয়ে আছে, ৬টা প্লাস ৭টা, মোট ১৩টা। ১৩টা বিশ্ববিদ্যালয় হবে আমাদের এই পিরিওডের মধ্যে, এই সময়সীমার মধ্যে আমাদের রাজ্যে। আমরা এগিয়ে যাচ্ছি শিক্ষায়।

স্যার, একই সঙ্গে আমাদের রাজ্যে মিড ডে মিল চলছে। প্রাথমিক স্তরে যে শিক্ষাব্যবস্থা সেখানে আমাদের সরকারের পক্ষ থেকে ৯৯.৯৭% প্রাথমিক বিদ্যালয়ে এবং ৯৯.৮৬% উচ্চ প্রাথমিক বিদ্যালয়ে মিড-ডে মিলের বন্দোবস্ত করা হয়েছে। এটা নিশ্চিতভাবে একটা আশাব্যঞ্জক চিত্র। তবে একটা কথা বলব, বেশ কিছু এন জি ও আছে, যারা স্কুলগুলোর পাশে বিভিন্ন জায়গায় গিয়ে একটু ভালো খাবার দিচ্ছে, আমাদের

ছেলে-মেয়েরা সেই ভালো খাবারের দিকে ছোটবার চেষ্টা করবে। এই এন জি ও-দের তো কোনো স্টেপ নেই, তারা একটা একটা স্কুলের পাশে বা দুটো কুলের পাশে এই ব্যবস্থা করে দিল। এই ব্যাপারে সরকারের সঙ্গে নিশ্চয় আমি কথাবার্তা বলব। আই সি ডি এসের মাধ্যমে, মিড-ডে মিলের মাধ্যমে বাচ্চাদের স্কুল গোয়িং করে তোলা, স্কুলের প্রতি আকর্ষণ করে তোলা, এই কাজটা কিন্তু পুরোদমে চলছে। স্যার, ১২৫টি নতুন প্রাথমিক এবং ৩৩৭টি উচ্চ প্রাথমিক স্কুল এই সময়সীমার মধ্যে তৈরী করা হয়েছে। সবথেকে বড় কথা আপনাদের সময়ে স্কুলগুলিতে শৌচাগার ছিল না। এমনকি মেয়েদের স্কুলে পর্যন্ত শৌচাগার ছিল না। এত লজ্জা নিয়ে আপনারা আছেন কি করে আমি জানি না ! কিন্তু মেয়েদের স্কুলে শৌচাগার পর্যন্ত আপনারা করতে পারেননি। আমাদের সরকার প্রায় ৫০০০ শৌচাগার বিভিন্ন স্কুলে তৈরী করতে সক্ষম হয়েছে। ৯,১১৮টি নতুন ক্লাসরুম তৈরী করা হয়েছে। শহরে বাংলা মিডিয়াম স্কুলের প্রতি আকর্ষণ কমে যাচ্ছে কিছু কিছু জায়গায়, কিন্তু গ্রামের দিকে এখনো পর্যন্ত স্কুলে প্রচুর ছাত্র-ছাত্রী আছে। তাদের একস্ট্রা ক্লাসরুম না দিলে পড়ানো সম্ভব হচ্ছিল না, শিক্ষার পরিবেশ তৈরী করা যাচ্ছিল না। সেই কারণে ৯,১১৮টি নতুন শ্রেণীকক্ষ তৈরী করা হয়েছে। এছাড়াও পলিটেকনিক এবং আই টি আই—আমাদের রাজ্যের ছেলেমেয়েরা হায়ার এডুকেশানে যেতে পারবে না, বা সকলে হায়ার এডুকেশানে যান, এটা কিন্তু আন্তর্জাতিক ক্ষেত্রে ব্যবস্থা নয়। পৃথিবীর যে কোনো উন্নত দেশে টু পারসেন্ট থেকে থ্রি পারসেন্ট স্টুডেন্ট হায়ার এডুকেশানে যায়। জাপানে সবাই এম এ পাশ করতে যায় না। আমেরিকার সব ছেলেমেয়েরা উচ্চশিক্ষায় যায় না। পৃথিবীর উন্নত দেশগুলোতে দু'পারসেন্ট থেকে থ্রি পারসেন্টের বেশী কেউ হায়ার এডুকেশানে যায় না। সবাই যায় পলিটেকনিক বা আই টি আই এই ধরনের শিক্ষায়। যেখান থেকে কাজ শিখে চাকরি করা যাবে। আমাদের রাজ্যেও আমাদের মুখ্যমন্ত্রী সেই মানসিকতার দিকেই তৈরী হয়েছেন এবং আমাদের রাজ্যে ১০৮টি আই টি আই এবং ৪২টি নতুন পলিটেকনিক হবে বলে ডিসিশান হয়েছে। ইমপ্লিমেন্টেড হয়েছে ৬৬টি আই টি আই এবং ১০টি পলিটেকনিক, যেখানে ক্লাশ চলছে। স্বাস্থ্যের ব্যাপারে স্বাস্থ্য প্রতিমন্ত্রী প্রতিদিনই বলেন এখানে, স্বাস্থ্যের ব্যাপারে আমাদের রাজ্যে কি কি কাজ হয়েছে তা মাননীয় রাজ্যপাল তার ভাষণের মধ্যে উল্লেখ করেছেন। আমাদের রাজ্যে প্রায় এগারো হাজার নতুন বেড হাসপাতালগুলোতে বেড়েছে। আপনাদের সময়ে নার্সিংহোমগুলোর বাড়বাড়ন্ত হয়েছিল। মাননীয় চেয়ারম্যান স্যার, গরীব মানুষদেরকে বাঁচাতে গেলে অল্টারনেটিভ ব্যবস্থা একটাই, সরকারি স্তরে বেডের সংখ্যা বাড়াতে হবে। বামফ্রন্ট সরকারের আমলে এই ব্যাপারে একটা অচলাবস্থা তৈরী হয়েছিল। হাসপাতালগুলোতে ক্রিটিকাল কেয়ার ইউনিটের সংখ্যা বাড়াতে হবে। এস.এন.সি.ইউয়ের সংখ্যা বাড়াতে হবে, আগে ছয়টি এস.এন.সি.ইউ ছিল, এখন ৪৮টি এস.এন.সি.ইউ. হয়েছে এই অল্প সময়ের মধ্যে। অল্প সময়ের মধ্যে এই রেকর্ড কাজ করার জন্য এই সরকারকে আপনাদের বাহবা দেওয়া উচিত ছিল। এস.এন.সি.ইউ. হলে আপনাদের আলাদা করে উপকার হবে না, আমাদেরও আলাদা করে উপকার হবে না, এতে বাংলার গরীব মানুষের উপকার হবে।

[3.00—3.10 p.m.]

গরীব মানুষকে যেভাবে স্কুইচ করা হয় তার থেকে অন্তত পক্ষে আমরা মুক্ত হতে পারব। স্যার, শেষ করব একটি কথা বলে। সেটা হচ্ছে এই, আমার মনে হয় বামফ্রন্টের মানুষদের সাম্প্রতিককালের নির্বাচন থেকে একটু শিক্ষা গ্রহণ করা উচিত যে আমাদের সরকার হাজারো কুৎসার বিরুদ্ধে—হাজারো কুৎসার বিরুদ্ধে আমাদের জবাব কিন্তু কুৎসা নয়। আমাদের জবাব কিন্তু বোমা বন্দুক নয়। আমাদের জবাব থাকবে উন্নয়ন। আর সেই উন্নয়নের কথা আমরা এই বইয়ের মধ্যে ছত্রে ছত্রে উল্লেখ করেছি। পারলে, ক্ষমতা থাকলে এর বিরোধিতা করে অসত্য প্রমাণিত করুন যদি কোনোরকম ক্ষমতা থাকে, আর নাহলে এটাকে সমর্থন করুন। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী শাওনী সিংহ রায়: মাননীয় চেয়ারম্যান সাহেব, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে মহামান্য রাজ্যপাল শ্রী কেশরীনাথ ত্রিপাঠী মহাশয় ১৯ ফেব্রুয়ারী ২০১৫, তিনি যে ভাষণ পেশ করলেন গ্রাম বাংলার একজন জন প্রতিনিধি হিসাবে এই ভাষণে সত্যতা না থাকার কারণে একদিকে সম্মতি দিতেও পারছি না স্বাভাবিকভাবেই ধন্যবাদ জ্ঞাপন করাও সম্ভব হচ্ছে না। ভারতবর্ষের সংবিধান অনুসারে প্রতিবছর শুরুতে—অধিবেশনের প্রারম্ভে রাজ্যপাল মহাশয় যে ভাষণ দেন তখন যে সরকার আসীন থাকেন সেই ভাষণ তারাই লিখে দেন। সেই ট্র্যাডিশান ধরে এবারে ২০১৫-র ১৯ ফেব্রুয়ারী আমরা দেখলাম রাজ্যপাল মহাশয় যে ভাষণ পাঠ করলেন যা বর্তমান সরকারের একটি লিখিত অসত্য দলিল। আমার পূর্ববর্তী বক্তা, উনি যথেষ্ট সিনিয়ার উনি বার বার বলছিলেন এর সত্যতার কথা। আমি তাদের কাছে কিছু প্রশ্ন করি। ২০১১ সালের পর থেকে রাজ্যপালের ভাষণে আমরা বারংবার দেখেছি, বাঙালীদের, এই বাংলার বিভিন্ন জাতির মানুষের, ঘরের নারীর সুরক্ষার কথা তারা বলেছেন কিন্তু আমরা বলতে চাই তারা যদি সত্যি হয় তাহলে ঘুম থেকে উঠে সকাল বেলায় যে সংবাদ মাধ্যমগুলো আমরা দেখি, তাতে যে করুণ কাহিনী, বাংলার মহিলাদের কথা লেখা থাকে—তাহলে সেই সংবাদ মাধ্যম কি মিথ্যে ? তাহলে কি মিথ্যে বারাসাত ? তাহলে কি মিথ্যে সেই রিঙ্কুর কথা ? তাহলে কি মিথ্যে সেই মধ্যমগ্রামের-কামদুনীর কথা ? তাহলে কি মিথ্যে সেই পাড়ুইয়ের কথা ? আপনারা বলুন সেটা মিথ্যে না আপনাদের বইতে যা লেখা আছে সেইটা মিথ্যে। এ বাংলা সরোজিনী নাইডুর বাংলা, এ বাংলা মাতঙ্গিনী হাজরার বাংলা—তাহলে কি আপনারা বলতে চান বাংলার মেয়েরা মিথ্যে কথা বলছে। বাংলার মেয়েরা মিথ্যেবাদী। বর্তমান সরকার কি সেটাই প্রমাণ করতে চাইছে ? লজ্জা, ধিক্কার জানাই আমি সেই বিষয়কে।...(নয়েজ)... যাই হোক, পরের কথায় কান না দিয়ে নিজের কথায় আসা উচিত। আজকে আপনারা বলছিলেন, ন্যাশনাল ক্রাইমস রেকর্ড ব্যুরোর রিপোর্ট অনুসারে আপনারা বলছিলেন। সত্যি তথ্যটা দেখেছেন ? আজকে নারী ধর্ষণের ক্ষেত্রে প্রথমে রয়েছে মধ্যপ্রদেশ। তারপরে আপনারা। নারী নির্যাতনের ক্ষেত্রে সর্বপ্রথম রয়েছেন আপনারা। তারপেরও বলছেন রিপোর্ট আজকে নাকি ভুল বলছে। আচ্ছা আপনাদের বক্তব্য, ফার্স্ট ট্র্যাক কোর্টের মাধ্যমে আপনারা চাইছেন বিচার ব্যবস্থা ত্বরান্বিত

হোক। সত্যি কি হচ্ছে সেই বিচার ব্যবস্থা ত্বরান্বিত ? আজকে কামদুনির মানুষ তাকিয়ে রয়েছে কবে সুবিচার পাবে। আজকে তাকিয়ে রয়েছে সেই পার্কস্ট্রীটের মেয়েটা—কবে সুবিচার পাবে। যে ১৯ তারিখে রাজ্যপাল এখানে ভাষণ দিলেন, ঠিক তার আগের দিন ১৮ তারিখে ঘটেছিল হাওড়ার শ্যামপুরের সেই ছোট্ট মেয়েটা অষ্টম শ্রেণীতে পড়ে—যাকে তার মায়ের চোখের সামনে ধর্ষণ করা হল। মনে আছে সে দিন, সেই ১৪ বছরের তাপসী মালির কথা। যার জন্য আপনারা ছুটে গিয়েছিলেন বাংলার বিরোধী দলনেত্রী দিদি হিসাবে যার পাশে গিয়ে দাঁড়িয়েছিল—তবে আজকে কেন, তিনি হাওড়ায় ছুটে গিয়ে বললেন না আজও আমি তোমাদের সেই দিদি, তোমাদের পাশে আছি—কেন তার কণ্ঠ রোধ, কেন তিনি আজকে সে কথা বললেন না। কিছুদিনের মধ্যেই ৮ই মার্চ, বিশ্বনারী দিবস গতবছর আমরা দেখেছিলাম। আমাদের মুখ্যমন্ত্রী মহিলাদের নিয়ে পদযাত্রা করছিলেন এই মহানগরী কলকাতার বুকে। কিন্তু আমি বলি সেই পদযাত্রা করে হয়তো আপনার সংগঠনের মহিলা সংগঠন শক্তিশালী হবে কিন্তু বাংলার মেয়েদের সুরক্ষা কখনও পদযাত্রা করে সংরক্ষিত হতে পারে না। তার জন্য প্রতিবাদ করা দরকার, তার জন্য কঠোর হওয়া দরকার।

রাজ্যপাল মহাশয়ের ভাষণে দেখতে পেলাম শিল্পের এক সোনার ছবি। আমাদের মুখ্যমন্ত্রী খুব পরিশ্রম করছেন। সিঙ্গাপুর যাচ্ছেন, বাংলায় যাচ্ছেন, বড় বড় শিল্পপতিদের সঙ্গে বসছেন—তিনি যখন বাইরে পদার্পণ করেন তার পিছনে শিবাজী পাঁজার মতো বিভিন্ন রকম শিল্পপতিরা যান—আমরা দেখতে পেলাম, দরকার আছে বাংলায় শিল্পের। বেকারত্বের জ্বালার হাহাকার বাংলার ঘরে ঘরে রয়েছে। তা যদি আমরা শিল্প চাই—আমরা এই ভাষণে দেখতে পেলাম দুই লক্ষ একচল্লিশ হাজার কোটি টাকা নাকি আগামী দিনে এখানে বিনিয়োগ করা হবে—খুব ভালো কথা। কিন্তু সত্যিই—শিল্পের পরিবেশ কি বলুন তো ? যদি সত্যিই চান বাইরের শিল্পপতি আমাদের রাজ্যে আসুক। তাহলে শিল্পের মধ্যে কেন এত জঙ্গিপনা। আজকে বলুন বহু প্রাচীন ঐতিহ্যপূর্ণ বার্ণ স্ট্যান্ডার্ড কারখানা শাসক দলের গুণ্ডামিতে কেন রেহাই পেল না। ২০১৪ সালে বেশ কয়েটি চটকলে কেন আপনাদের সমাজ বিরোধীরা তাদেরকে আক্রমণ করল, বলতে পারেন। ২০১৪ জুন ভদ্রেশ্বের নর্থ ব্রুক জুট মিলের উপর হামলা করে সেখানকার সি.ই.ও. হরি কিশোর মহাশ্বরীর উপর উন্মত্ত জনতা আক্রমণ করে তাকে হত্যা করল। বলতে পারেন, নভেম্বরে রিষড়ার হেস্টিং চটকলে দুস্কৃতীরা কেমন আক্রমণ করল। ভদ্রেশ্বর ভিক্টোরিয়া জুটমিলে প্রোডাকশান ম্যানেজারকে কেন মারধর করা হল। নভেম্বরের শেষের দিকে সোনালি চা-বাগানের কর্তাকে কেন খুন করা হল ? কত বছর আর আপনাদের হাতে—মাত্র তিন, সাড়ে তিন বছর। তার মধ্যে দিয়ে যেভাবে বাংলার শিল্পে জঙ্গিপনা চলছে, তা দেখে কি বলতে পারেন শিল্পপতি এখনও আশা করবে বাংলায় শিল্প করার জন্য। এখনও আশা করবে। বাইরে থেকে শিল্পপতি এখানে অর্থ বিনিয়োগ করার জন্য যদি সত্যিই শিল্প চান বাংলার পরিস্থিতিকে কঠোর হস্তে দমন করুন। না হলে বাংলার যে কটা শিল্প বাকি আছে তা নিয়ে শিল্পপতিরা তারা অন্য রাজ্যে পাড়ি দেবে। সেটা নিশ্চয় বাংলার পক্ষে মঙ্গল হবে না, বাংলার মানুষের কাছে সেটা কাম্য নয়।

এই প্রতিবেদনে শিক্ষায় প্রশংসায় আপনারা পঞ্চমুখ। আমরাও চাই কেন না শিক্ষার আঙ্গিনায় সমাজের অন্ধকার দূরকৃত হয়। শিক্ষা প্রত্যেকটা মানুষের দ্বারে দ্বারে পৌঁছাক—এটা আমাদেরও কামনা। কিন্তু আজকে সরকারী অর্থ ব্যয় করে বিভিন্ন স্কুল, বিভিন্ন কলেজ, বিভিন্ন জায়গায় আপনারা শিক্ষা প্রতিষ্ঠানের জন্য অট্টালিকা তৈরি করছেন—বাড়ি হচ্ছে, সেখানে ঘর হচ্ছে, ছাত্ররা পড়াশোনা করবে। কিন্তু সত্যি কথা বলুন তো। আজকে ২০১১-র পর থেকে রায়গঞ্জ বিশ্ববিদ্যালয় ঘটনা থেকে শুরু হয়েছে। তারপর একেরপর এক যে ধরনের ঘটনা আজকে বাংলার বুকে ঘটে চলেছে বিকিন্ন কলেজগুলোতে, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে—আজকে যে তাণ্ডব নৃত্য চলছে তার পরেও কি আপনারা পিতা-মাতা হিসাবে আমাদের একবারও বুক কাঁপে না—যখন আমার ছেলে মেয়েটা কলেজে যায়, সে ভালোভাবে বাড়ি ফিরবে কিনা।

[3.10—3.20 p.m.]

কল্যাণী বিশ্ববিদ্যালয়ের যে ঘটনা, যেভাবে একজন মহিলাকে আক্রান্ত করা হল, যা দেখে কেবলমাত্র আমরা বিরোধীরা নয় সারা বাংলার, সারা ভারতবর্ষের মানুষ ধিক্কার জানিয়েছে। এটাও কি কখন সম্ভব হতে পারে ? এই লজ্জা শুধু বিরোধীদের নয়, এই লজ্জা আমার আপনার সকলের লজ্জা। প্রতিদিন এই ধরনের ঘটনা ঘটছে। আপনাদের সরকার যে দলের সমর্থনে চলে, যে দলের সরকার আপনারা—বিধানসভায় দলের নাম না করাই উচিত—তাদের দলের যারা ছাত্রপরিষদ করে থাকেন, তারা যেভাবে কলেজের ভোটকে কেন্দ্র করে একটার পর একটা তাণ্ডব নৃত্য করছে, কখন আপনারা প্রশাসনিকভাবে শক্ত পদক্ষেপ নিয়েছেন ? শুধু সামান্য একটু বকুনি, দিদিমণি বলেছেন, ছোট ছোট ছেলে-মেয়েরা একটু দুষ্টুমি করছে, এই বলে আপনারা এড়িয়ে গেছেন। শাসন করেননি তাদের। তাই কলেজে আজকে পড়াশোনার বদলে বোম মাসকেট নিয়ে ছাত্ররা ঢুকছে, হাতে তাদের খাতা-কলম নেই। এটা বাংলার লজ্জা নয় ? যে বাংলা এক সময় ভারতবর্ষের শিক্ষার পীঠস্থান ছিল, যে বাংলায় লেখাপড়া শেখার জন্য বাইরে থেকে ছাত্র-ছাত্রীরা এখানে আসত, আজকে সেই বাংলার কি হাল হয়েছে একবার আপনারা নিজেরা চিন্তা করে দেখুন। অনেকে বলছিলেন দলতন্ত্রের কথা। গণতন্ত্র শেষ হয়ে গেছে, দলতন্ত্র শুরু হয়েছে। যার প্রতিচ্ছবি কারিগরি শিক্ষার সংসদে এবারে আমরা দেখলাম। ২০১৩ সালের বিধানসভায় The West Bengal Council of Technical & Vocatioal Education and Skill Development Act পাশ হয়েছিল। সেই সূত্রে সংসদ গঠনের প্রক্রিয়া শুরু হয়েছে। এর আগে এর মাথার উপর একজন বসতো, তিনি নাকি দিদির খুব কাছের লোক ছিলেন। কিন্তু এই দপ্তরের মন্ত্রী মহাশয়ের সঙ্গে তার বনিবনা না হওয়ার দরুন আজকে দলতন্ত্রকে আশ্রয় করে এই সংসদের মাথায় কখনও একজন মন্ত্রী বসতে পারে না, কিন্তু গণতন্ত্রকে সরিয়ে দিয়ে দলতন্ত্র কায়েম করতে গিয়ে এই সংসদের মাথায় একজন মন্ত্রী মহাশয়কে আপনারা বসালেন। এটাই কি কাম্য ? জঙ্গল থেকে পাহাড়, কাঁদতে তাদের মানা, শুধু হাঁসতে হবে। হাঁসতে হাঁসতে তাদের পেট ব্যথা হয়ে যাচ্ছে, চোখ দিয়ে তাদের জল পড়ছে। কারণ কাঁদতে বারণ, হেঁসেই যাবে তারা, কাঁদতে তাদের বারণ। পেটে রয়েছে ক্ষুধার জ্বালা। ১৯ তারিখে এখানে যখন রাজ্যপাল ভাষণ দিচ্ছেন তার আগের দিন ১৮ তারিখ,

চা-বাগানের শ্রমিকরা মিছিল করেনি ? ভুখা পেটে তারা হরতাল করেনি ? ৪৮ ঘণ্টা হরতাল তারা করেনি ? ২০১৪ সালে যখন ইউ.পি.এ গভর্নমেন্ট ৩রা জানুয়ারী বলেছিলেন পশ্চিমবাংলা সমস্ত চা-বাগানের শ্রমিকদের ন্যায্য মূল্যে তাদের সমস্ত পাওনা রাজ্য সরকারের মিটিয়ে দেওয়া উচিত। কিন্তু টালবাহানা আপনারা করেছেন।

(এই সময় লালবাতি জ্বলে ওঠে)

তারা কিন্তু খিদের জ্বালা উপেক্ষা করে একের পর এক ভুখা হরতাল করেছে, তারা মিছিল করেছে। তাদের আবেদনে সেই সময় কিন্তু আপনারা সাড়া দেননি। আর আজকে আপনারা কি বলছেন ? আপনারা বলছেন আপনারা তাদের সঙ্গে আছেন, আপনারা তাদের পাশে আছেন। কৃষি ভিত্তিক জায়গা ভারতবর্ষ, যে ভারতবর্ষে একটা বড় শতাংশের মানুষ কৃষির উপর নির্ভরশীল। সেই ভারতবর্ষে আজকে আমরা কি দেখতে পাচ্ছি ? সেই ভারতবর্ষে আজকে আমরা দেখতে পাচ্ছি সরকারের পক্ষ থেকে আজকে বলা হচ্ছে আজকে নাকি কৃষিতে তাঁরা বিপুল পরিবর্তন এনেছেন। কি ধরনের পরিবর্তন এনেছেন ? আজকে পরিবর্তনের কথা বললে কিন্তু যে চাষীরা মাটিতে ফসল ফলায়, সে যখন নায্য মূল্য পাচ্ছেন না, যে চাষীরা মাটিতে ফসল ফলায়, সহায়ক মূল্য পাচ্ছেন না সেই চাষী যখন...

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

মিঃ চেয়ারম্যান : মাননীয় সদস্যদের একটি কথা স্মরণ করিয়ে দেব দয়া করে এখানে কেউ আরেকজন বলবার সময় এমন কোনো কমেন্ট করবেন না, যেটা অবমাননাকর। আমি কারোর নেম করতে চাই না। যিনি বলেছিলেন, তিনি এই মুহূর্তে হাউসে উপস্থিত নেই। তাই কারোর নেম করতে চাই না। This is not the custom of the House. এই ধরনের কমেন্ট করে এই হাউসকে কেউ অবমাননা করবেন না।

শ্রী শ্রীকান্ত মাহাতো : মাননীয় চেয়ারম্যান স্যার, এই হাউসের অধ্যক্ষকে সম্মান জানিয়ে ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে মাননীয় রাজ্যপাল শ্রী কেশরীনাথ ত্রিপাঠি যে ভাষণ প্রদত্ত করেছেন, এই হাউসে রেখেছেন ১৯ তারিখ, সেই ভাষণকে সমর্থন জানিয়ে তার উপর কিছু কথা নিবেদন করার চেষ্টা করছি, বলার চেষ্টা করছি। আমি এর আগের দিনও বক্তব্য শুনছিলাম। এর আগের দিন যখন আমি বক্তব্য শুনছিলাম তখন মনে মনে ভাবছিলাম যে এই বক্তব্যের মধ্যে এই বইয়ের মধ্যে কি লেখা আছে, আর এর আগে যারা রাজ্যপালের ভাষণ পাঠ করেছেন, সেই বক্তব্যে কি ছিল এবং বিগত সরকারের সময় কি ছিল। আজকে প্রথম থেকে যে কয়েকজন বক্তব্য রাখলেন বিরোধী পক্ষ এবং সরকার পক্ষের, আমি বিরোধী পক্ষের বক্তব্যগুলো মন দিয়ে শোনার চেষ্টা করছিলাম এবং সরকার পক্ষের বক্তব্য শুনে চিন্তা করছিলাম যে হয়তো এই বইয়ে যা লেখা আছে তার উপর আলোচনা, সমালোচনা হবে। কিন্তু আমি নতুন সদস্য। কয়েকবার ভাষণ শুনেছি। বেশীরভাগ ক্ষেত্রেই বক্তব্য যা শুনছি, তাতে করে মনে হচ্ছে যে, বাইরের বক্তব্য এবং রাজনৈতিক বক্তব্য আলাপ-আলোচনায় বেশী করে অংশগ্রহণ করে এই বইয়ের উপর না হয়ে অন্য দিকে লাইনটা চলে যাচ্ছে। তাই আমি ছোট করে বলার চেষ্টা করছি এবং যারা বক্তব্য রেখেছেন, তাদের বক্তব্যের উপর এবং রাজ্যপাল

যে বক্তব্য রেখেছেন আমার মনে হয় বিরোধী পক্ষের, যারা বিরোধিতা করছেন, যারা সমর্থন করছেন না, তাদের কিছু আলাপ-আলোচনা চিন্তা করতে ভুল হচ্ছে। এই বইয়ের প্রত্যেকটা জায়গায় মা-মাটি-মানুষের সরকার শুধু রাজ্যপালের বক্তব্যে নয়, যথোপযুক্ত উদাহরণ দিয়ে তার তুলনা তৈরী করেছেন। একটা সাড়ে তিন বছরের সরকার বাংলায় মানুষের অন্ন, বস্ত্র, বাসস্থান, স্বাস্থ্য, শিক্ষা, শান্তি এবং স্বাধীনতা পৌঁছে দেওয়ার জন্য যে হারে আইনশৃঙ্খলা এবং প্রশাসনিক কার্যক্রম করেছে, আমরা বিগত সরকারের ঘটনাগুলো চোখের সামনে দেখেছি। আমার মনে হয় আমাদের বিরোধী পক্ষের বিধায়করা জানেন না বা হয়তো ভুলে গেছেন, অবলুপ্তি ঘটেছে কম সময়ের মধ্যে, নন্দীগ্রাম, নেতাই, সূঁচপুর, নানুর, মরিচঝাঁপি, সাঁইবাড়ি, ছোটো আঙারিয়া, দাসেরবাঁধ—কত কঙ্কাল কাণ্ডের কথা বলব। সেই ইতিহাস বললে সারাদিনেও বক্তব্য শেষ হবে না। আমরা শুনছি বারবার ধরে বলছে মহিলাদের নিরাপত্তার কথা, আমি মনে করি মহিলাদের নিরাপত্তা প্রশাসনিকভাবে সব ক্ষেত্রে হয়তো নির্মূল হয়নি, কিন্তু মা-মাটি মানুষের সরকার মমতা বন্দ্যোপাধ্যায় যা করেছেন, আমরা বিগত ইতিহাসগুলোকে তার ব্যাখ্যা করে আবার পুনরুজ্জীবিত করতে চাই। আমরা দেখেছি চোখের সামনে—বলছিল অবরোধ, খুন-খারাপির কথা-চোখের সামনে আমরা পশ্চিমবাংলায় দেখেছি জঙ্গলমহলে প্রতিদিন ঘুম থেকে উঠতাম মার্ডার হত, খুন হত, থানাতে ফোন করলে, এস.ডি.পি.ও.-কে ফোন করলে, ডি.এম.-কে ফোন করলে অফিস থেকে পুলিশরা বেরোত না। আজকে আমরা দেখতে পাচ্ছি প্রত্যেকটা রাজনৈতিক দলের মানুষ, প্রত্যেকটা ছেলে-মেয়েরা আজকে সুন্দরভাবে, সুষ্ঠু ভাবে ঘোরাফেরা করে পারছে, থাকতে পারছে, কথা বলতে পারছে। এই কথা বলার বাক্-স্বাধীনতাটা ছিল না। আমরা ৩৪ বছর ধরে বাংলায় দেখেছি। দিল্লিতে মসনদে থেকে পশ্চিমবাংলায় ষাট হাজার মানুষ খুন হয়েছে, অত্যাচারিত হয়েছে, সন্ত্রাস হয়েছে, লুঠপাট হয়েছে, ডাকাতি হয়েছে, এমন কোনো গ্রাম নেই এলাকা নেই জমি দখল হয়নি। আমরা তখন তো আইন-শৃঙ্খলার কথা বড় করে কোথাও বলতেও শুনিনি, দেখতেও শুনিনি, ভাবতেও শুনিনি। আমরা এত বড় একটা দুঃখজনক পরিস্থিতির মধ্যে দিয়ে বাংলার মানুষ বসবাস করেছিলাম। এই রাজ্যপালের ভাষণের মধ্যে আইন-শৃঙ্খলার কথা বলা হয়েছে। পাহাড় থেকে জঙ্গলমহলে কতকগুলো গণহত্যা হয়েছে সাড়ে তিন বছরে ? কতগুলো মানুষ অত্যাচারিত হয়েছে, নির্যাতিত হয়েছে ? জঙ্গলমহলে কি সত্যিই শান্তি নেই ? রাত্রি বারোটা একটার সময় বেলপাহাড়ি থেকে আমলাশোল প্রত্যেকটা জায়গায় মানুষ ঘুরতে পারে। পাহাড় থেকে শুরু করে প্রত্যেকটা জায়গায়, গণ্ডগোলের হিসাব করলে ন্যূনতম প্রত্যেকটা জায়গায় খুব কম সংখ্যক দেখা যাবে। এগুলো আমাদের এই রাজ্যপালের ভাষণে আইন-শৃঙ্খলা সম্বন্ধে পরিষ্কার বলা আছে।

[3.20—3.30 p.m.]

কোথাও বিক্ষিপ্ত ঘটনা আছে আমরা সেগুলো সমর্থন করি না আমরা সেগুলোকে নির্মূল করার চেষ্টা করছি। সেখানে রাজ্যপাল থেকে প্রশাসন সমস্ত রকম উদ্যোগ গ্রহণ করা হয়। আমরা এই বইয়ের মধ্যে সেটা দেখেছি। আমরা বুঝতে পারছি না, মনে হয় আমরা বইটাকে ভালো করে পড়েনি। কন্যাশ্রী প্রকল্প, যুবশ্রী প্রকল্প, অধিকার প্রকল্প, গীতাঞ্জলী প্রকল্প, আমার বাড়ি প্রকল্প। ব্লকে ব্লকে আই.টি.আই, মহকুমায় পলিটেকনিক, ১৩টি ইউনিভার্সিটি—আমাদের জঙ্গলমহলে

৮টি কলেজের কাজ শুরু হয়ে গেছে, মডেল স্কুল—এগুলি কি বইয়ের মধ্যে মিথ্যা লেখা আছে ? যদি আমি মনে করি যে, আমাদের বিরোধী পক্ষের বিধায়করা যারা আছেন, আসুন তাদেরকে দেখাব যেটা জঙ্গলমহলে, পুরুলিয়ায়, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর এলাকায় হয়েছে। ভাবতে অবাক লাগে। বসে খাবার সময় একজন বামপন্থী বিধায়ককে আমি বলছিলাম যে, সুবর্ণরেখা নদীতে ব্রীজটার কতটা হয়েছে, দাদা দেখেছেন ? কত বড় হয়েছে। আমরা ওড়িশাতে ক'ঘণ্টায় পৌঁছাতে পারব ! চিন্তা করলে অবাক লাগবে। ১৯৪৭ সালের ১৫ই আগস্ট আমাদের দেশ স্বাধীন হয়। ১৯৫০ সালের ২৬শে জানুয়ারি সংবিধান চালু হয়েছে। সংবিধান চালু হওয়ার পর জঙ্গলমহল, পাহাড়-পর্বত এলাকার মানুষ পিঁপড়ের ডিম খেয়ে জীবন-যাপন করত। এখন দু'টাকা কেজি দরে মানুষের কাছে চাল পৌঁছে দেওয়ার সংস্থান হয়েছে। আজকে সাড়ে তিন কোটি মানুষ এই দু'টাকা কেজি দরে চাল পাচ্ছে। এটা মানুষের কাছে আশ্চর্য লাগছে। আমরা দেখেছি, আমাদের এলাকায় জুনিয়ার কনস্টেবল, হোমগার্ড, এন.ভি.এফ., সিভিক পুলিশ, গ্রিন পুলিশ থেকে শুরু করে, গ্রামের মানুষের কর্মসংস্থান থেকে শুরু করে, গ্রামের মানুষের এমজিনারেগার কাজ থেকে শুরু করে, গোয়ালতোড়, রামগড়, লালগড় আজকে এমন কোনো অঞ্চল নেই সারা বাংলায় যেখানে চার-পাঁচটা পিচের রাস্তা হয়নি, এত সুন্দর ব্যবস্থা নেই। আমরা ভাবতাম—আগে যখন ছোটো ছিলাম, কলেজে, ইউনিভার্সিটিতে পড়তাম যে, বড় বড় জলের ট্যাঙ্ক-এর জল শুধু কলকাতা, মেদিনীপুর শহরের মানুষ খায়, গ্রাম এলাকার মানুষও যে ট্যাপ কলের পানীয় জল খাবে এটা কেউ কল্পনা করতে পারিনি, এটা ভাবা যায়নি। বাঁকুড়া যান দেখে আসুন, পুরুলিয়া যান দেখে আসুন, মেদিনীপুর যান দেখে আসুন—প্রত্যেকটা গ্রাম জি.পি.তে হয়েছে। হয়তো সব জায়গায় পূরণ হয়নি, বলতে পারেন সেই কথা। কিন্তু সাড়ে তিন বছরে, চার বছরে সব পূরণ করা সম্ভব নয়। আপনারা প্রশ্ন করতে পারেন যে, কন্যাশ্রী লিখেছেন, সেখানে কতজনকে কন্যাশ্রী দিয়েছেন ? আমার সব বোনেরা হয়তো কন্যাশ্রী পায়নি। কিন্তু সারা পশ্চিমবাংলায় ২১ লক্ষ বোন আমার কন্যাশ্রী পেয়েছে। যেটা আমরা কোনোদিন দেখিনি। স্বাধীনতার পর থেকে কোনো সরকার করতে পারিনি। কেন্দ্রের কি রাজ্যের—কোনো সরকার করতে পারিনি। মমতা বন্দ্যোপাধ্যায় করে দেখিয়েছেন। যার হৃদয় আছে, ভাবনা আছে, যাঁর কার্যক্রম আছে। যেটা রাজ্যপাল তার বক্তব্যের মধ্য দিয়ে বলেছেন।

আমি বলতে চাই, আমাদের কন্যাশ্রীতে আমরা আই.এ.ওয়াই স্কীমে দেখেছি যে, বিপিএল তালিকাটা তৈরী হয়েছে তাতে অনেক গরিব মানুষের নাম বিপিএল তালিকায় বাদ ছিল। সেই বিপিএল তালিকায় গরিব মানুষের নাম বাদ থাকলে ঘর দেওয়া হবে কি করে ? মমতা বন্দ্যোপাধ্যায় বললেন, রবীন্দ্রনাথের কবিতার বাণী —"গৃহহীনে গৃহ দিলে আমি থাকি ঘরে"—নিজ ভূমি নিজ গৃহ প্রকল্প তৈরী করলেন। অধিকার প্রকল্প তৈরী করলেন। গীতাঞ্জলী প্রকল্প তৈরী করলেন। আমার বাড়ি প্রকল্প তৈরী করলেন। যাদের আই.এ.ওয়াই স্কীমে ঘর দেওয়া হয়নি তাদের ওই সমস্ত প্রকল্পের মধ্য দিয়ে গৃহহীন মানুষদের গৃহ দেওয়ার ব্যবস্থা করলেন। মমতা বন্দ্যোপাধ্যায় এই রকম সৃজনশীল শক্তির দ্বারা নিজের চিন্তা-ভাবনা, কার্যক্রমের মধ্য দিয়ে বাংলার মানুষের অন্ন-বস্ত্র-বাসস্থান, স্বাস্থ্য-শিক্ষা-শান্তি ও স্বাধীনতা পৌঁছে দেওয়ার চেষ্টা করেছেন। আপনারা বলবেন, ৩৪১টি ব্লকে কি আই.টি.আই. হয়েছে, আপনি বলুন

তো একজন সদিচ্ছা রাজনৈতিক নেত্রী হিসাবে, একজন বিধায়ক হিসাবে একটা সরকারের পক্ষে ৩৪১টি ব্লকেই আই.টি.আই করা সম্ভব ? কিন্তু ৪২টি ব্লকে আই.টি.আই. হয়েছে। যেটা কোনোদিন কোনো রাজ্যে পারেনি। পশ্চিমবাংলায় মমতা বন্দ্যোপাধ্যায় করে দেখিয়েছেন। প্রতিটি মহকুমায় আই.টি.আই., পলিটেকনিক—আপনি বলুন তো সম্ভব হবে ? আপনারা চৌত্রিশ বছরে কতগুলি করেছিলেন আমরা সেটা দেখেছি—বিদ্যাসাগর ইউনিভার্সিটি আর আমরা কতগুলি ইউনিভার্সিটি করলাম ? কাজী নজরুল ইউনিভার্সিটি থেকে শুরু করে পঞ্চানন বর্মা ইউনিভার্সিটি থেকে শুরু করে, বাঁকুড়া বিশ্ববিদ্যালয় থেকে শুরু করে—কত বলব, সবগুলির নাম বলতে বলতে সময় চলে যাবে। এতগুলি কলেজ আর ইউনিভার্সিটি তৈরী হয়েছে মা-মাটি-মানুষের সরকারের আমলে তা এই বইটায় বলে দেবে। বইটাতে লেখা আছে, আমরা দেখেছিলাম। পঞ্চাশ-ষাট-সত্তরের দশকে প্রাইমারি স্কুল, হাইস্কুল তৈরী হয়েছিল, বামফ্রন্টের আমলে চৌত্রিশ বছরে কতগুলি প্রাইমারি স্কুল তৈরী হয়েছিল ? আমরা বলে যাচ্ছি দেখে রাখবেন। যতগুলি হাইস্কুল ছিল তার বেশিরভাগকে হায়ার সেকেন্ডারি স্কুল করে দিয়েছি। নতুনভাবে সাড়ে চারশো প্রাইমারি স্কুল করেছি। আপার প্রাইমারি স্কুল থেকে শুরু করে কয়েক হাজার স্কুল তৈরী করেছি এবং সেইগুলিতে বিভিন্নরকম ডেভলপমেন্ট চলছে। তাহলে সেগুলো চিন্তা করে অন্তত বলা দরকার। যেগুলো সত্যই হয়েছে সেগুলো নিশ্চয় বলতে হবে। আর যেগুলো হয়নি সেগুলোর সমালোচনা করে বলার চেষ্টা করব। কিন্তু সব সময় নেগেটিভ কথা-বার্তা বলতে থাকলে মানুষ কিন্তু বিশ্বাস করবে না। যেটা বনগাঁ এবং কৃষ্ণগঞ্জ লোকসভা ও বিধানসভার ক্ষেত্রে হয়েছে। টি.ভি., মিডিয়াকে ব্যবহার করে, হাউজকে মিসলিড করে, কুৎসা, অপপ্রচার করেও কিন্তু মানুষকে ভুল বোঝানো যায়নি। মানুষ কিন্তু মা-মাটি-মানুষের সরকারের পক্ষে রায় দিয়েছে। তাই সত্য কথাটা বলুন, গঠনমূলক সমালোচনা করুন। যে গঠনমূলক সমালোচনা আলোচনা মধ্যে দিয়ে পশ্চিমবাংলায় অন্তত মানুষের জন্য একটা উন্নয়নের জায়গা তৈরী করে দিয়ে যেতে পারব। মনে রাখবেন কেউ সব দিন ক্ষমতায় থাকে না, ক্ষমতা আসে এবং যায়।

কিন্তু আমরা ৩৪ বছর বাংলায় কী দেখলাম, কী তৈরী হয়েছে ? আমরা দেখলাম বাংলায় খাদ্য-বস্ত্র-বাসস্থান, শিক্ষা-স্বাস্থ্যের উন্নয়ন হয়নি। কিন্তু একটা জিনিস তৈরী হয়েছিল তা হচ্ছে 'হার্মাদ'। সেই হার্মাদ তৈরী করে জঙ্গলমহলে অত্যাচার, খুন-খারাপি হয়েছে। বললে, শুনলে খারাপ লাগবে, বলবেন, পুরনো রেকর্ড বাজাচ্ছে। আমরা দেখেছি, আমাদের চোখের সামনে, আমাদের বয়স ৩৮-৩৯ বছর, আমরা চোখের সামনে দেখেছি কী অত্যাচার কী বীভৎষতা হয়েছে। যারা সর্বহারার কথা বলেছিল, যারা বিপ্লবের কথা বলেছিল, যারা সাম্যবাদের কথা বলেছিল, যারা সমাজতন্ত্রের কথা বলে, যারা আজও বলছে 'গণতন্ত্র ধূলিস্যাৎ হয়ে যাচ্ছে, গণতন্ত্র লুঠপাট হয়ে যাচ্ছে' তাদের আমার প্রশ্ন করতে ইচ্ছা হয় যে, গত ৩৪ বছর কোন গণতন্ত্র, কোন্ সাম্যবাদ আর কোন সমাজতন্ত্র হয়েছিল ? কোনো বক্তৃতা বা কোথাও দেখতে পাইনি। তাই দয়া করে এই বাংলার মানুষের উন্নয়নের ক্ষেত্রে মহামান্য রাজ্যপাল যথার্থই বলেছেন। গঠনমূলক সমালোচনা করবেন, আপনারা ভুল-টা ধরে দেওয়ার চেষ্টা করবেন। এই ইউনিভার্সিটিগুলো হয়েছে, কলেজগুলো হয়েছে, এই স্কুলগুলো হয়েছে, পানীয় জলের ব্যবস্থা হয়েছে, চিকিৎসা ব্যবস্থা হয়েছে—এই বইটাতে লেখা আছে। দেখবেন ৬টা ছিল ICCU

centre-র কথা ছিল। আর, আমরা ২৮টা না ৩০টা করেছি। আপনারা দেখবেন এই বইটাতে লেখা আছে আগে আমাদের MBBS ডাক্তার কত জন হত আর এ বছর কতজন হচ্ছে। গত সাড়ে তিন বছরে ১৩৪৫ জন। যেটা আগে হত ১০০/২০০/৩০০/৪০০/ এইটা বইয়ের মধ্যে পড়েনি বলে আমার মনে হচ্ছে বিরোধীরা বলছেন 'আমরা সমর্থন করতে পারব না'। আমি আপনাদের কাছে বলতে চাই, এই বইয়ের মধ্যে শুধু আইন-শৃঙ্খলা নয়, একটা মানুষের জন্ম থেকে মৃত্যু, দেশকে সমাজকে উন্নত করা, বৈজ্ঞানিক প্রযুক্তিতে উন্নত করা, চিকিৎসা বিদ্যায় উন্নত করা, শিক্ষা-স্বাস্থ্যে উন্নত করা, সড়ক যোজনায় উন্নত করার কথা আছে।

আমি কিছুক্ষণ আগে প্রশ্নোত্তর আলোচনার সময় দেখেছিলাম বাঁকুড়ার হয়তো কেউ বলছিলেন পাকা রাস্তার কথা। বাঁকুড়া, পুরুলিয়া থেকে শুরু করে, খাতড়া থেকে শুরু করে, রানীবাঁধ থেকে শুরু করে পশ্চিম-মেদিনীপুরের, আমরাও ছোট থেকে বড় হয়েছি, এত চকচকে পাকা রাস্তা কোনোদিন দেখতে পাইনি। প্রায় প্রত্যেকটাই খানা-খন্দে ভর্তি ছিল। সেই জায়গা থেকে বাংলায় অনেক রাস্তা হয়েছে। হয়তো সব রাস্তা এখনও হয়নি, একবারে সব রাস্তা করা সম্ভবও নয়। একবারে সমস্ত কাজ করা সম্ভব নয়। কিন্তু কতগুলো পাকা রাস্তা হয়েছে, কত কার্যক্রম হয়েছে হিসাব করলে, বিবেকের কাছে প্রশ্ন করলে উত্তর পাবেন এবং সদিচ্ছাও বুঝতে পারবেন। মমতা বন্দ্যোপাধ্যায় সত্যিকার কথা বলছেন না মিথ্যা কথা বলেছেন তাও বউঝতে পারবেন। তিনি মা-মাটি-মানুষের কথা বলেন আবার রাজনৈতিক কাজ-কর্মের কথাও বলেন। রাজনৈতিক কথা অবশ্যই থাকতে পারে কিন্তু মনে রাখবেন কাজ করার ক্ষেত্রে মানসিকতা না থাকলে মানুষের কাজ-কর্ম করা যায় না। মমতা বন্দ্যোপাধ্যায়ের মানসিকতা ছিল ক্ষমতার মধ্যে দিয়ে নয় কাজের মধ্যে দিয়ে মানুষের কাছে পৌঁছে যাওয়া। একমাত্র আমাদের মুখ্যমন্ত্রী যিনি ১৯৯২ সালের ১২ই জানুয়ারী বেলপাহাড়ী থেকে কলকাতা পর্যন্ত পদযাত্রা এবং কলকাতা থেকে দিল্লির পার্লামেন্টে বলেছিলেন 'আইন করে মানুষকে কাজ আইন করে মানুষকে খাবার পৌঁছে দিতে হবে যার মধ্যে দিয়ে মানুষ সমাজে মাথা উঁচু করে দাঁড়াতে পারবে'। মমতা বন্দ্যোপাধ্যায়, আমাদের সরকার শুধু মাত্র উন্নয়নের কাজকর্মই নয় সমাজ সংস্কারের দিকেও কাজকর্ম করছেন। কিছুক্ষণ আগে আমার আগের বক্তা বলছিলেন যেটা বিদ্যাসাগর, রামোহন করে যাওয়ার চেষ্টা করেছিলেন, বাল্য-বিবাহ রোধ, মমতা বন্দ্যোপাধ্যায় একজন রাজনৈতিক মুখ্যমন্ত্রী হয়ে কন্যাশ্রী প্রকল্পের মধ্যে দিয়ে এবং মেয়েদের 9-10-11-12-এ সাইকেল মদ্যে দিয়ে আজকে সারা বাংলা জুড়ে বাল্যবিবাহ রোধ করার একটা প্রকল্প নিয়েছেন। এই প্রকল্প শুধু মাত্র রাজনৈতিকভাবে নয় সারা বাংলা তথা ভারতবর্ষের মানুষের শিক্ষা, তার আন্তর্জাতিক শিক্ষার একটা ক্ষেত্র এবং সমাজ সংস্কারের পথপ্রদর্শকের ভূমিকা গ্রহণ করেছেন আমাদের সরকার। এটাও মহামান্য রাজ্যপাল এই বইয়ের মধ্যে বলেছেন। তাই আসুন আমরা সবাই মিলে আন্তরিকতার সঙ্গে, হৃদয় দিয়ে, গঠনমূলক সমালোচনা করার মধ্যে দিয়ে সমর্থন করার আহ্বান জানিয়ে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম।

[03.30-03.40 p.m.]

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয় চেয়ারম্যান স্যার, গত ১৯শে ফেব্রুয়ারী আমাদের রাজ্য বিধানসভার বাজেট অধিবেশনের উদ্বোধনের মধ্য দিয়ে মহামান্য রাজ্যপাল এখানে যে ভাষণ

রেখেছেন তার প্রদত্ত ভাষণের উপরে আজকে দ্বিতীয় দিন আলোচনা চলছে। গতকাল মহামান্য রাজ্যপালের ভাষণের উপরে আমাদের বাম পরিষদীয় দলের পক্ষ থেকে সরকারের তৈরী করা যে বয়ানের অসত্য ভাষণ মহামান্য রাজ্যপালকে দিয়ে তারা এখানে পেশ করেছেন তার পরিপ্রেক্ষিতে আমি শুধু এটুকু বলতে চাই—আপনারা কি করে পারলেন ? একজন সাংবিধানিক প্রধানকে দিয়ে প্রতিটি ছত্রে ছত্রে অসত্য ভাষণ এখানে পরিবেশিত করলেন। আইনশৃঙ্খলার প্রশ্নে গতকাল আলোচনা করেছেন আমাদের বিরোধী দলের পক্ষ থেকে এবং আজকে আলোচনার সূত্রপাত করেছেন আমাদের বেঞ্চের পক্ষ থেকে মনোরঞ্জনবাবু। যে বিষয়গুলো এখানে আইনশৃঙ্খলার প্রশ্নে উপস্থিত করেছেন সেগুলোর আমি পুনরাবৃত্তি করছি না। কেন না আপনারা জানেন, আপনাদের সাড়ে তিন বছরে রাজ্যের আইনশৃঙ্খলার কি পরিস্থিতি ? কি হাল ? সেটা বাংলার মানুষ বিলক্ষণ দেখছেন। ইতিমধ্যে আমাদের দিক থেকে যারা আলোচনায় অংশগ্রহণ করেছেন তারা প্রমাণ করেছেন কিভাবে এই ভাষণ মিথ্যার উপরে দাঁড়িয়ে, বাস্তবের উপর দাঁড়িয়ে নেই। আমি শুধু এই প্রসঙ্গে একটা বিষয় বলব সেটা হচ্ছে, আজকে কোথায় যাবে যেসমস্ত মানুষ আক্রান্ত হচ্ছে। আক্রান্তরা আজকে যখন বিচার পায় না কারণ পুলিশ আপনাদের দলদাসে পরিণত হয়েছে। এখানে উল্লেখিত হয়েছে,কংগ্রেস পরিষদীয় দলের পক্ষ থেকে যিনি আজকে বললেন, সেখানে পার্কস্ট্রিট থেকে কামদুনি, কাটোয়া বিভিন্ন জায়গায় যে নারী ধর্ষণ হয়েছে এবং ধর্ষণ করে খুন করা হয়েছে। আজকে সেই কথা এখানে বিস্তারিতভাবে উল্লেখ করেছেন। যখন বাংলার আক্রান্তরা বিচার পায় না, তখন তারা বাধ্য হয়ে বাংলার সরকারের প্রশাসনের উপর মানুষ ভরসা করতে পারছে না, তখন একটা-দুটো নয়, ২৪টা এরকম অভিযোগ পত্র আমাদের রাষ্ট্রপতির কাছে তারা গত ডিসেম্বরে জমা দিয়ে এসেছেন। অস্বীকার করবেন ? অস্বীকার করতে পারবেন না। আপনারা বলছেন আজকে মানবাধিকার কমিশন, এই রাজ্য মানবাধিকার কমিশন এখানে যদি মানবাধিকার লঙ্ঘিত হয় আপনারা তার বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারেন। সেই জন্য প্রাক্তন বিচারপতি অশোক গঙ্গোপাধ্যায় এই আক্রান্তদের নিয়ে একটি কমিটি তৈরী করেছেন। সেই কমিটির পরামর্শদাতা হচ্ছেন তিনি। যখন দিনের পর দিন আক্রান্ত হচ্ছেন বিচার পান না মানবাধিকার কমিশনে, আপনারা তো খাতায় কলমে রেখে দিয়েছেন, সেখানে বিচার পায় না। শুধু কলকাতা শহরে নয়, সমস্ত বাংলা জুড়ে আজকে দেখবেন ৪৩টি অভিযোগ জাতীয় মানবাধিকার কমিশনের কাছে জমা পড়েছে। আপনাদের লজ্জা হওয়া উচিত। আপনারা বলেছেন সত্যের উপর দাঁড়িয়ে আছেন, তাহলে কেন আজকে বিচার পায় না। আজকে ট্রাফিক পুলিশকে আপনারা চড় মারছেন।

আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর ভাইপো তাকে চড় মারলেন। যে চড় মারলেন তাকে খুন করার অভিযোগের ধারা দেওয়া হল। আর যারা খুনি সেই খুনিদের জামিন যোগ্য ধারা দেওয়া হল। এই হচ্ছে আমাদের বাংলার পুলিশ। আপনারা অস্বীকার করতে বারবেন আজকে বাংলায় কি বলছে, আপনারা শ্মশানে পরিণত করেছেন। এখানে শান্তি-শৃঙ্খলা বলে কিছু নেই। মানুষের নিরাপত্তা বলে কিছু নেই। আমরা গর্ব করতাম যে বাংলার প্রথম মহিলা মুখ্যমন্ত্রী তার রাজত্বে মহিলারা অন্তত নিরাপদ থাকবেন কিন্তু কোথায় মা-বোনেদের নিরাপত্তা ? নিরাপত্তা নেই।

আজকে সেখানে বিচার পাচ্ছে না। এই অসত্য ভাষণ এখানে পরিবেশিত হয়েছে। সেই কারণে আমার আগে শোভনদেববাবু বলছিলেন, অনেক উন্নয়ন হয়েছে এখানে আমি সব কিছুর মধ্যে যাব না। শুধু একটা উদাহরণ দেব আপনাদের। এইবারে আমাদের এখানে যে বিশ্ব বাংলা শিল্প বাণিজ্য সম্মেলন এই জানুযারী এই ৭-৮ তারিখে করলেন। ঢাকঢোল পিটিয়ে করলেন। তার আগে মাননীয় মুখ্যমন্ত্রী সিঙ্গাপুরে গেলেন, মুম্বাইতে গেলেন। সেখানে রোড শো করলেন। হাজার হাজার কোটি টাকার বিনিয়োগ হবে। এখানে শিল্প হবে, বিনিয়োগকারীরা আসবে। আজকে আমরা কি দেখছি। এই যে বিশ্ব বাংলা শিল্প বাণিজ্য সম্মেলন সল্টলেক স্টেডিয়ামে অনুষ্ঠিত হল গত জানুযারী মাসে। সেখানে আমরা কি শুনলাম, মাননীয়া মুখ্যমন্ত্রী বললেন, কি বললেন ২ লক্ষ ৪৩ কোটি টাকার বিনিয়োগ আসছে। ভালো কথা, পশ্চিমবাংলা শিল্পে এগিয়ে যাক। তিনি বললেন, সাড়ে ৪ লক্ষেরও বেশি সেখানে কর্মসংস্থান তৈরী হবে, এই কথা বললেন। তারপরে শিল্প সম্মেলনের শেষে সাংবাদিকদের সামনে তিনি বললেন ফাটাফাটি। ফাটাফাটি, এত বিনিয়োগ আসছে এখানে। ফাটাফাটি বললেন, সত্যিই ফাটাফাটি। আজকে আমরা একটা রিপোর্ট দেখছি, সেটা হচ্ছে ডিপার্টমেন্ট অফ ইন্ডাসট্রিয়াল পলিসি অ্যান্ড প্রমোশন। এটা হচ্ছে কেন্দ্রীয় শিল্প বাণিজ্য মন্ত্রক তারা একটা রিপোর্ট বের করেছেন। সেই রিপোর্টে লক্ষ করছি সারা ভারতবর্ষ জুড়ে বিভিন্ন রাজ্যগুলির অবস্থান শিল্পে কোথায়। সেটা লক্ষ করছি আমরা রিপোর্টে, তাতে আমরা কি দেখছি। তাতে আমরা দেখছি পশ্চিমবাংলা চতুর্দশতম স্থানে চলে গিয়েছে। অর্থাৎ বাংলার পরে আছে শুধু উত্তর-পূর্বাঞ্চলের কয়েকটি রাজ্য মাত্র। কি বিনিয়োগ হয়েছে ? বিনিয়োগের প্রস্তাব মাত্র দুটো হয়েছে। তার জন্য কত টাকা বিনিয়োগ। মাত্র ১৭ কোটি টাকার বিনিয়োগ, ভাবতে পারেন। মুখ্যমন্ত্রী বললেন, ফাটাফাটি। প্রচুর বিনিয়োগকারীরা আসছেন, শিল্প হবে। কিন্তু আমরা কি দেখছি মাত্র ১৭ কোটি টাকা, পার্সেন্টেজের বিচারে যদি আমরা দেখি সারা ভারতবর্ষের তুলনায় পশ্চিমবাংলায় ১.১৬% বিনিয়োগ। আর আমরা দেখছি কত টাকা। সেখানে ০.০৮% এই হচ্ছে বাংলার চিত্র। এই অবস্থা, তাই আপনারা বলবেন আজকে বাংলার উন্নতি হচ্ছে ? শিল্প নেই সেই জন্য বিদ্যুৎ উদ্বৃত্ত। কিন্তু আজকে এখানে যে আপনারা দাবি করছেন সেই দাবি অমূলক। বাস্তবের মাটিতে দাঁড়িয়ে এটা করছেন না। স্বাভাবিক কারণেই শ্মশানের রাজত্ব তৈরি করেছেন। তাই একটা অসত্য ভাষণ মহামান্য রাজ্যপালকে দিয়ে পাঠ করিয়েছেন সেটাকে সমর্থন করতে পারছি না, ধন্যবাদ।

শ্রীমতী বনশ্রী মাইতি : মাননীয় চেয়ারম্যান স্যার পঞ্চদশ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের মহামহিম রাজ্যপাল শ্রদ্ধেয় কেশরীনাথ ত্রিপাঠী মহাশয়ের ১৯শে ফেব্রুয়ারীর বক্তব্যের আলোচনায় অংশগ্রহণকারী হিসাবে আমার নাম বিবেচিত করায় আমি বাংলার মমতাময়ী অগ্নিকন্যা মাননীয়া মুখ্যমন্ত্রীকে জানাই আমার সশ্রদ্ধ প্রণাম। আজ এই পবিত্র বিধানসভা কক্ষে উপস্থিত মন্ত্রীমণ্ডলী, বিরোধী নেতা-সহ সমস্ত বিধায়কগণকে জানাই শ্রদ্ধা, সম্মান ও সেলাম। মহামান্য রাজ্যপালের বক্তব্যকে পূর্ণ সমর্থন জানিয়ে বলি উইলটন চার্চিল বলেছিলেন একজন নৈরাশ্যবাদী সব কিছুই দুরূহ ও শক্ত মনে করে। আর একজন আশাবাদী তার মধ্যেই সুযোগ খুঁজে পান। মহামান্য রাজ্যপাল রাজ্যের উন্নয়নের যে খতিয়ান তুলে ধরলেন তাতে বলতেই হয় যে নিরাশা গভীর অশ্রুজলে ডুবেছিল এই রাজ্য। পূর্বতন রাজ্যপালের কথায় হাড়হিম করা আতঙ্কময় পরিবেশ বা রক্তের পরিধি দীর্ঘ থেকে দীর্ঘতর

হচ্ছে। পাহাড় থেকে জঙ্গলমহল নাগিনীর বিষাক্ত নিশ্বাস নৈরাজ্য ও পরিত্রানের হাহাকার। শিল্প শ্মশানে উন্নয়নের চিতাভস্ম গায়ে মেখে শিল্প কাপালিকদের তাণ্ডব অমুকবাদ নিপাত যাক। কোনো বাদ কোথায় গেল জানা নেই। পশ্চিমবঙ্গের বরবাদ হয়ে গেল। এই আঁধারের পথেই ২০১১ সালে আলোর পথের উদ্দেশ্যে যাত্রা শুরু করলেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়—"আলোর পথযাত্রী।" এমনকি অন্ধকারতম রাত্রি শেষে সূর্য ওঠে। প্রথম দিনে প্রথম বক্তা হিসাবে আমাদের যতদূর সম্ভব সুভাষ নস্কর মহাশয় এই বইটিকে দেখে বলেছিলেন—এই বইটিতে ভুরি ভুরি মিথ্যে দিয়ে ভরা আছে। আমি বিধায়ককে বলব আপনারা শাক দিয়ে কখনো মাছ ঢাকতে পেরেছিলেন ? আপনারা বলতে পারবেন যেভাবে আপনারা রাজ্যপালের এই বক্তব্যকে অবমাননা করলেন, আজকে আপনাদের উচিত শিক্ষা দিয়েছেন গণতান্ত্রিক ব্যবস্থায় জনগণই। জনগণই আপনাদের যোগ্য জবাব দেবে। মুখ্যমন্ত্রী মহাশয়া ঘোষণা করেছিলেন রাইটার্স বিল্ডিংকে জেলায় জেলায় নিয়ে যাবেন। পাহাড় থেকে জঙ্গল, জঙ্গল থেকে সমতল সর্বত্রই তিনি প্রায় ৭৫টি প্রশাসনিক সভা করেন বিভিন্ন প্রকল্প রূপায়ণ ও তার যথাযথ বাস্তবায়নে। রাজ্য জুড়ে উন্নয়নের কর্মযজ্ঞ চলছে। প্রশাসনিক সুবিধার্থে উত্তরবঙ্গে আলিপুরদুয়ার নতুন জেলা রূপে আত্মপ্রকাশ করেছে। আজ পাহাড় হাসছে, জঙ্গল হাসছে, আজকে সারা বাংলা হাসছে। মিলন উৎসব, সাম্প্রদায়িক সম্প্রীতির বন্ধন সুদৃঢ় হয়েছে। হারিয়ে যাওয়া লোকসংস্কৃতি পুনরুজ্জীবিত লাভ করেছে। ন্যাশানাল ক্রাইম রেকর্ডস ব্যুরোর তথ্য অনুযায়ী—কলকাতা ভারতবর্ষের অন্যান্য শহরগুলির

[3.40-3.50 p.m.]

তুলনায় মহিলাদের পক্ষে সবচেয়ে নিরাপদ শহর হিসাবে পরিণত হয়েছে। বন্ধ্যা কর্মনাশা বন্ধ আজকে বন্ধ হয়েছে। শিল্প সম্মেলনে শিল্পপতিরা পশ্চিমবঙ্গের প্রতি আগ্রহ দেখাচ্ছেন সরকারের সদর্থক দৃষ্টিভঙ্গি ও শিল্পনীতির জন্য। সমবায় আন্দোলন আজকে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। বিগত সরকারের সময়কালে রাজ্যের সমবায় ব্যবস্থাকে ভেঙে দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছিল। প্রায় ৭৫০০ সমিতির কোনো পরিচালকমণ্ডলী ছিল না। এই সরকার গণতন্ত্রকে সম্মান দিয়েছে। সমিতিগুলিতে নির্বাচিত বোর্ড আনার ব্যবস্থা করেছে। ফলে গ্রামের গরিব কৃষকদের প্রায় ৭৪ লক্ষ কিষান ক্রেডিট কার্ড বিলি করা হয়েছে। সমিতিগুলির মাধ্যমে ২ হাজার ৯০০ কোটি টাকা কৃষি ঋণ দাদন করা হয়েছে। বাম সরকারের সময়কালে কৃষি বিমার টাকা কৃষকদের দিতে হত এখন রাজ্যসরকার সেই টাকা তাদের হাতে তুলে দিচ্ছে। সাচার কমিটির রিপোর্ট মাইনরিটি ডেভলপমেন্টের ক্ষেত্রে পূর্ববর্তী সরকারের ব্যর্থতা চোখে আঙুল দিয়ে দেখিয়ে দেয়। কিন্তু আমাদের সরকার অঙ্গীকারবদ্ধ সংখ্যালঘু উন্নয়নে এবং মাদ্রাসা শিক্ষার উৎকর্ষ এবং প্রসারে। ২০১০-১১ সালের বরাদ্দ ৪৭২ কোটি টাকা থেকে বাড়িয়ে ২০১৪-১৫ সালে করা হয়েছে ১৭৩৭ কোটি টাক। ২৮৯টি হোস্টেল নির্মিত হয়েছে আগামী প্রজন্মের শিক্ষার অগ্রাধিকারের ক্ষেত্রে। ৫৭ লক্ষ ছাত্রছাত্রীকে স্কলারশীপ প্রদানের মাধ্যমে শিক্ষাঙ্গণে আনার সফলতা আজকে ঘরে ঘরে পৌঁছে দেওয়া হয়েছে। রাজারহাটে আলিয়া বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাস নির্মাণ করে সংখ্যালঘু উন্নয়নরে সদর্থক ভূমিকা পালন করা হয়েছে। আজকে

ফাইভ থেকে এইট পর্যন্ত SC ও ST ছাত্রদের জন্য "শিক্ষাশ্রী" চালু করা হয়েছে। উচ্চশিক্ষায় SC, ST ও OBC-দের জন্য সংরক্ষণ বাড়ানো হয়েছে। প্রায় ১,৩২,০০০ জন আদিবাসীকে বার্ধক্য ভাতা পৌঁছে দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রীর এক অভিনব প্রয়াস তাঁর মস্তিষ্কপ্রসূত "কন্যাশ্রী" প্রকল্প, যার মাধ্যমে ১৩ থেকে ১৮ বছর বয়সী মেয়েরা নিজেদের নাম নথিভুক্ত করেছে। প্রায় ২১ লক্ষ মেয়ে এই প্রকল্পের সুবিধা পাচ্ছে। বাল্যবিবাহের মতন সামাজিক ব্যাধিকে দূরে সরিয়ে শিক্ষার মাধ্যমে আত্মনির্ভর হওয়ার চেষ্টা চলছে। দেশে-বিদেশে আজকে এই প্রকল্পটি প্রশংসিত হয়েছে। শুধু তাই নয় দেশের বাইরেও তারা আজকে গ্রহণ করার কথা ভেবেছেন। এবং রাজ্যের মধ্যে তারা ভিন্ন রাজ্য ভিন্ন নামে এই প্রকল্পকে চালু করার ব্যবস্থা করেছেন। শিক্ষার ক্ষেত্রে দেশের অন্যান্য বোর্ডের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ও সময়োপযোগী পাঠক্রম চালুর ব্যবস্থা করা হয়েছে। পূর্বের বৈষম্য অনেকটাই দূর করা সম্ভব হয়েছে। উচ্চশিক্ষার সার্বিক তত্ত্বাবধানে গঠিত হয়েছে মনিটর গ্রুপ। যেখানে দেখা যাচ্ছে ৯৯.৯৭% প্রাথমিকে, ৯৯.৮৬% উচ্চ প্রাথমিক বিদ্যালয়কে মিড-ডে মিলের আওতায় আনা হয়েছে। নির্মল বিদ্যালয় ছাত্র-ছাত্রীদের জলের ব্যবহার, স্বাস্থ্যবিধান, পরিষ্কার-পরিচ্ছন্নতা বিষয়ক সচেতনতা গড়ে তোলার প্রয়াস চলছে। আজকে দেখা যাচ্ছে অন-লাইন প্রক্রিয়ার মাধ্যমে কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ভর্তির ব্যবস্থা করার কথা ঘোষণা করা হয়েছে। যা পূর্ববর্তী সরকারের সবচেয়ে বড় ব্যর্থতার জায়গা, যে ছিদ্র ধরে শুরু হয়েছিল শিক্ষার রক্তিমীকরণ ; বর্তমান সরকার চায় উপযুক্ত মেধা, ভর্তির স্বচ্ছতা ও রাজনীতিমুক্ত শিক্ষা ব্যবস্থা। এই সরকার আই.টি.আই. ও পলিটেকনিকের উপরেও জোর দিয়েছে। এগুলিকে সবই ভুলে ভরা, মিথ্যাতে ভরা বলে কি আপনারা মনে করেন ? আমার শিক্ষাগুরু কালকে এখানে বক্তব্য রেখেছিলেন। আমাদের ইতিহাসের খ্যাতনামা অধ্যাপক প্রবোধচন্দ্র সিনহা মহাশয়। তিনি এই বইটিকে দেখে বলেছিলেন—যে এখানে ৫০% কাজ করা হয়েছে। হ্যাঁ, বলতে পারি তাতে আমার সমালোচনা করা ধৃষ্টতা আমার নেই। আর এক বিধায়ক বলেছিলেন যে ইতিহাস আমাদের শিক্ষা দেয়। ইতিহাস আমাদের অতীতকে জানতে দেয়। ইতিহাস আমাদের ভবিষ্যতকে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করে। আজকে আমরা কি দেখলাম ৩৪ বছরের ইতিহাসে এক হাড়হিম করা রক্তাক্ত মানুষের কথা জানলাম। আজকে আমরা নববধূর স্বামীকে হারানোর আর্তনাদ শুনলাম। মায়ের কোল থেকে শিশুদেরকে কেড়ে নেওয়ার কথা শুনলাম। তাদের আর্তনাদ, সন্ত্রাস, শোষণের কথা জানলাম, ইতিহাস তাই বলছে। আজকে তাই আমরা বলতে পারি যিনি আমাদের বলেছিলেন আজকে আমরা যা করলাম আপনারা সেটাকেই করে কি আমাদের দেখাবেন ? না, আমরা বলতে পারি আজকে ৫০% থেকে ২০১৪-১৫ সালে যে বইটিতে আজকে লিপিবদ্ধ করা হয়েছে আগামীদিনে আপনাদের কাছে সেই উন্নয়নের বার্তা পৌঁছে যাবে। আজকে আমাদের "যুবশ্রী" প্রকল্প, যেখানে আজকে যুবকদেরকে দেন হাজার টাকা মাসিক ভাতা দেওয়া হয়। আরো অসংখ্য প্রকল্পের মাধ্যমে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী উন্নয়নের কাজকে এগিয়ে নিয়ে যাচ্ছেন। আর একটা সবচেয়ে গুরুত্বপূর্ণ অভিনব উদ্যোগ "মাটি উৎসব", যে "মাটি উৎসব" পালন করে গ্রামেগঞ্জের খেটে খাওয়া মানুষরা বলছেন—"আমরা চাষ করি আনন্দে, হাটে মাঠে বেলা কাটে সকাল হতে সন্ধে, আমরা চাষ করি আনন্দে।" আজকে সামাজিক ন্যায় প্রান্তিক মানুষকে দিয়েছে পেটভর্তি ভাত, দুই হাতে কাজ, মাথার উপর

ছাদ। তাইতো আজকে বলি "দিক দিগন্তে প্রসারিত হাতে তুমি যে পাঠালে ডাক, তাই তো আজকে গ্রামে ও শহরে স্পন্দিত লাখে লাখ।" ধন্যবাদ।

শ্রী ইনসার আলি বিশ্বাস : মাননীয় চেয়ারম্যান স্যার ভারতের সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের রাজ্যপাল মাননীয় কেশরীনাথ ত্রিপাঠি গত ১৯শে ফেব্রুয়ারী এই পবিত্র সদনে যে ভাষণ দিয়েছেন এবং ভাষণের উপর যে ধন্যবাদ সূচক প্রস্তাব নেওয়া হয়েছে সেই সম্পর্কে দুটি কথা বলতে চাই। খালি কলসি জোরে বাজে। এই ভাষণের মধ্য দিয়ে বাংলার মুখ্যমন্ত্রী যে অসত্য কথা বলেছেন, আর মুখ্যমন্ত্রীর যে সমস্ত সহকর্মী বা সরকার আছেন তারা যে অসত্য কথা লেখাবেন এটাই হচ্ছে ঘটনা।

[3.50—4.00 p.m.]

বাংলার মুখ্যমন্ত্রী গোটা বাংলা জুড়ে প্রত্যেকটা জায়গায় অসত্য কথা বলেন। তিনি বললেন সুদীপ্ত সেনকে চিনি না। গোটা বাংলার মানুষ জানেন ডেলোয় কোথায় বৈঠক হয়েছিল, কার সঙ্গে। তিনি বললেন শিবাজী পাঁজাকে চিনি না। তার সফরসঙ্গী বাংলাদেশের। তিনি বললেন শিলাদিত্য চৌধুরী—তিনি মাওবাদী। তা আজও প্রমাণিত হয়নি। কামদুনির ঘটনা, এখানে আন্দোলন সংঘটিত হচ্ছে—বললেন মাওবাদীরা ওখানে যুক্ত আছে, তা প্রমাণিত হয়নি। ফলে অম্বিকেশ মহাপাত্রকে মাওবাদী হিসাবে পরিগণিত করলেন—যা কখনও প্রমাণিত হয়নি। তাহলে আমরা—বাংলার সাধারণ মানুষ এটা স্বাভাবিক কারণে মেনে নেবেন যে, রাজ্যপালকে দিয়ে যে বক্তব্য রাখা হয়েছে, সেটা হচ্ছে মিথ্যা, অসত্যে পরিণত। ফলে এই ভাষণকে ধিক্কার জানাই এই রাজ্য সরকারের তৈরী করা ভাষণকে। কারণ এই জন্যই বলছি। আজকে আইন-শৃঙ্খলার কথা বলতে গিয়ে বলেছেন ভালো আইন-শৃঙ্খলা আছে পশ্চিমবাংলায়। আজকে অবাক হয়ে যেতে হয় যে, চরম অবনতি হয় যদি এই বাংলার সেটা হচ্ছে আইন-শৃঙ্খলার অবনতি। আজ পর্যন্ত—গতকালকেও বেলঘড়িয়ায় একজন সি.পি.আই.এম. কর্মীকে খুন করা হল। এই নিয়ে ১৬৩ জন বাম কর্মী এখন পর্যন্ত এই সাড়ে তিন বছরে খুন হল। বাংলায় আইন-শৃঙ্খলা ভালো আছে ! ধূপগুড়ি—খুব লজ্জা লাগে চেয়ারম্যান স্যার যে, একজন দশম শ্রেণীর ছাত্রী, সে আজকে মাধ্যমিক পরীক্ষা দিত, সেই ছাত্রীকে ধর্ষণ করে খুন করা হল। আজও খুনীরা ধরা পড়ল না, খুনীদের বিচার হচ্ছে না। এই হচ্ছে বাংলার আইন-শৃঙ্খলা। আজকে হলদীবাড়ি—নবম শ্রেণীর এক ছাত্রীকে যেভাবে ধর্ষণ করা হল এবং তাকে খুন করা হল, সেই খুনীদের ধরা হচ্ছে না। গত কয়েকদিন আগে হাওড়ার শ্যামপুকুরে একজন অষ্টম শ্রেণীর ছাত্রী তার মায়ের সঙ্গে যাচ্ছিল, সেই অষ্টম শ্রেণীর ছাত্রীকে যেভাবে ধর্ষণ করা হল এবং তার মাকে আহত করা হল, এটা কি বাংলার আইন-শৃঙ্খলা ভাল আছে—একথা বলা যাবে ? নারী নির্যাতন—আজকে কি অসত্য কথা বলেছেন। শোভনবাবু বলছিলেন আমরা দেখতে পাই না অনেক কিছু। শোভনবাবুকে চ্যালেঞ্জ জানাচ্ছি এই কথাগুলো যদি আমরা অসত্য বলি, তাহলে এগুলো প্রমাণ করুক। যে ঘটনা নারী নির্যাতনে গোটা ভারতবর্ষের মধ্যে ন্যাশানাল ক্রাইম ব্যুরো বলছে যেটা দ্বিতীয় স্থানে গোটা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গের স্থান। আর ওনারা বলছেন সেফটি এলাকা। নারী নির্যাতনে অনেক পিছিয়ে—দিল্লি, মুম্বাই, মধ্যপ্রদেশ থেকে আরম্ভ করে, সব জায়গা থেকে আমরা পিছিয়ে আছি। আমরা গর্ব করি, ধান উৎপাদনে আমাদের স্থান প্রথম।

আমরা গর্ব করি মাছ উৎপাদনে আমাদের স্থান প্রথম। আর এখন আমাদের লজ্জা লাগে নারী নির্যাতনে ভারতবর্ষের মধ্যে দ্বিতীয় স্থান অধিকার করে আছে পশ্চিমবাংলা। শিক্ষার ক্ষেত্রে নৈরাজ্য। যে শিক্ষার পরিবেশ—বলছেন 'কন্যাশ্রী' প্রকল্প দিয়ে নারীদের শিক্ষা সচেতনতা দিয়ে বাল্যবিবাহ রোধ করা হবে। আমাদের বামফ্রন্টের আমলে যারা বি.পি.এল. অন্তর্ভুক্ত ছিল, নাইন থেকে টুয়েল্‌ভ অবধি ইনসেনটিভ হিসাবে তাদেরকে স্টাইপেন্ড দেওয়া হত। তারই নাম পরিবর্তন করে 'কন্যাশ্রী' দেওয়া হল—ভাল কথা। কন্যাশ্রী মানে মেয়েরা। আজকে সেই মেয়েরা কলেজে যেতে পারছে না, লেখাপড়ার সুযোগ পাচ্ছে না কেন ? কলেজে-কলেজে প্রতিদিন গণ্ডগোল। ওই শাসকদলের সব ধ্বজাধারীদের—তৃণমূল ছাত্র পরিষদ প্রতিদিন কলেজের ছাত্র-ছাত্রীদের মধ্যে গণ্ডগোল করে কলেজে শিক্ষার পরিবেশটাকে নষ্ট করে দিচ্ছে। কলেজের অধ্যক্ষদেরকে আক্রমণ করছে। যাদবপুর বিশ্ববিদ্যালয়ে দেখলাম যখন গোটা বাংলা জুড়ে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের পাশে গিয়ে দাঁড়াল, ভোট হোক কলরব যখন জাগরণ করল, মুখ্যমন্ত্রী স্বাধিকার ভেঙে তখন সেখানে ছুটলেন। তার আগে তিনি সেখানে যেতে পারলেন না। যখন দেখছে বাংলা ছাত্র-ছাত্রীরা ঐক্যবদ্ধভাবে কাজ করছে। কল্যাণী বিশ্ববিদ্যালয়—এখানে যে ঘটনা ঘটল, এটা লজ্জা লাগে যে, তৃণমূলে-তৃণমূলে, আর শিক্ষামন্ত্রী পার্থবাবু যখন যাচ্ছেন তখন তাঁকে যারা কল্যাণী বিশ্ববিদ্যালয়ের আধিকারিকদেরকে আক্রান্ত করলেন, যারা দুষ্টুমি করলেন, তারাই কিন্তু গিয়ে ফুলের মালা দিচ্ছে। এ থেকে কি বুঝে নেব যে, তুমি আমার পক্ষে থাক, তুমি আমাকে ফুলের মালা দাও, কল্যাণী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য থেকে আরম্ভ করে কর্মী, আধিকারিকদের পেটাও, আমি তোমাদের পাশে আছি। এটাই হচ্ছে বাংলার মন্ত্রীসভার বিভিন্ন মন্ত্রীদের কাজকর্ম। আজকে বিচারকরা আক্রান্ত হচ্ছেন। অবাক হয়ে যাই যে, বিচারকরা রায় দেবেন—আজকে দেখলাম যখন আমাদের একজন মন্ত্রী জেলে আছেন, জেলে থেকে ৪০৯ ধারায় ঢুকতে দেওয়া হবে না। আইনজীবীদের নাম করে বহিরাগতরা গিয়ে বিচারককে ৭ ঘণ্টা অবরুদ্ধ করে রাখলেন। ভারতবর্ষের কোনো অঙ্গরাজ্যে এইরকম ঘটনা ঘটেছে বলে জানা নেই। এটাই হচ্ছে বাংলা। যেখানে বিচারকদের নিরাপত্তা নেই, সেখানে বাংলার সাধারণ মানুষের নিরাপত্তা থাকবে এটা কখনো ভাবা যায় না। আজকে কলেজগুলিতে লেখাপড়া হচ্ছে না। কলেজগুলোতে কোনো শিক্ষক নেই, প্রফেসার নেই, বারবার বলছে দেখছি দেখব। সাড়ে তিন বছরে এই দেখছি দেখব করতে করতে—উৎসব করে এরোপ্লেনে ঘুরে বেড়াচ্ছেন, মাটি উৎসব করছে। প্রশাসনিক টাকা, সরকারি টাকা দিয়ে বাস নিয়ে বিভিন্ন ব্লক থেকে তৃণমূলের কর্মীবাহিনীদেরকে নিয়ে আসছেন জনগণের টাকা দিয়ে। বাংলার মুখ্যমন্ত্রী এটা করেছে। কারোর কিছু বলার ক্ষমতা নেই। উনি যা করবেন জনগণের টাকায়, সরকারের টাকায় আজকে এইরকম ঘটনা ঘটাচ্ছে। লোক যখন হচ্ছে না তখন বাসে করে লোক নিয়ে আসছে। আমরা দেখলাম কৃষান ক্রেডিট কার্ড-এর জন্য বলছে কৃষানদেরকে নিয়ে আসতে হবে। বলছে তুমি কি তৃণমূল কর ? তাহলে চলো বাসে, আমরা সঙ্গে নিয়ে যাচ্ছি, ২০০ টাকা করে দেওয়া হবে। এটাই হচ্ছে গোটা বাংলার চিত্র। মাধ্যমিক পরীক্ষার্থীদের সংখ্যা কমে গেল। অমাদের মাননীয় শিক্ষামন্ত্রী, তিনি একটা তথ্য দিচ্ছেন কম্পার্টমেন্টালদের সংখ্যা কমে যাচ্ছে। গত বছর যা পাশ করেছে, তার আগের বছর পাশের পার্সেন্টেজ কত ? আপনারা কি তাহলে আরো ১০-২০ পার্সেন্ট বেড়ে গেল। একটাও কম্পার্টমেন্টাল নেই এইরকম কি হতে পারে ?

এই অসত্য তথ্য এই পবিত্র বিধানসভায় পেশ করেছেন। প্রোমোটার রাজ চলছে গোটা রাজ্য জুড়ে। খানিকখন আগে প্রশ্নোত্তর পর্বে মন্ত্রী বলছেন প্রোমোটারদের আমি কিছু বলতে পারব না। আপনাদের কোনো মন্ত্রী বা বিধায়ক তাদের পাশে নেই। আমাদেরকে তারা সঙ্গ হিসেবে চাইছে। এটাই হচ্ছে ঘটনা। আপনি তার উত্তরে বলেছেন যে আপনি আইনের মধ্যে থাকুন। গোটা বাংলা জুড়ে এইরকম ঘটনা চলছে। শিল্পের কথা বলছেন ? আপনাকে বলি বেকার ছেলে-মেয়েকে নিয়ে এইরকম খেলা খেলবেন না। বলছেন চপের দোকান কর, পিঁয়াজির দোকান কর, চায়ের দোকান করল, তেলেভাজার দোকান কর, তাহলে দু-তলা থেকে দশ তলা বাড়ি হবে। কোথায় হয়েছে এই ঘটনা ? আমার ছেলে এম.এ., বি.এ. পাশ করে সে চায়ের দোকান করবে, চপের দোকান করবে ? বাংলার বেকার যুবক-যুবতীদের কর্মসংস্থানের সুযোগ নেই। চপের দোকান করে তাদের কর্মসংস্থানের সুযোগ হবে—বাংলার মুখ্যমন্ত্রী যদি একথা বলতে পারেন, আমাদের অবাক হয়ে যেতে হয়। ফলে আমরা মনে করি বাংলার মুখ্যমন্ত্রী বেকার ছেলে-মেয়েদেরকে নিয়ে ছিনিমিনি খেলছেন। আজকে সকালে প্রশ্নের উত্তর দিচ্ছিলেন শ্রমমন্ত্রী। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে আসতে হবে। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে আবার এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে যাব, আবার আসল ব্যাঙ্কে যাব—আমার বেকার ছেলে-মেয়েদের আর বেকারভাতা হবে না, ওই ভাতাই হবে। আজকে লক্ষ করছি বর্ধমান জেলায় বেকার ছেলে-মেয়েদেরকে নিয়ে কি ছিনিমিনি খেলা হচ্ছে। পঞ্চায়েতের পরীক্ষা হল, পঞ্চায়েতের পরীক্ষা নিয়ে কাগজে অনেক বেরিয়েছে। গতকালকে আমাদের একজন সদস্য বলেছেন সেখানকার তৃণমূলের জেলা সভাপতি, জেলাপরিষদের সভাধিপতি এবং একজন মন্ত্রী যুক্ত হয়ে একটা প্যানেল করেছে, তাদের লোকদেরকে ঢুকিয়ে দেওয়া হয়েছে। আর হাজার হাজার ছেলে যে পরীক্ষা দিল তাদের নাম নেই। এটা পরীক্ষা ? পরীক্ষার নামে প্রহসন হচ্ছে। লাখ লাখ টাকা খরচ করে এইরকম কাজ করছে। তিনি শিল্প করব বলে চললেন। জানি না কোনো নায়ক-নায়িকা গিয়ে শিল্প নিয়ে আসবে এই বাংলায়, চললেন সিঙ্গাপুরে। সিঙ্গাপুরে গিয়ে দেখলেন পাখির চিড়িয়াখানা। আমাদের দেশে পাওয়া যায় একটা জিনিস সিঙ্গাপুরের নামে, ফলে আমার ভাঁড়ারটা শূন্য হল। কোটি কোটি টাকা খরচ করে সিঙ্গাপুরে গেলেন শিল্প আনতে। বাংলাদেশ সফরে গেলেন তিস্তা নদী নিয়ে ২১শে ফেব্রুয়ারী আলোচনা হবে বলে।

[4.00—4.10 p.m.]

আর আমাদের এখানকার একজন গায়ক যখন সেখানে জাতীয় সঙ্গীত গাইতে গেলেন, তাকে নামিয়ে দিতে বাধ্য হয়েছে। এটা এই বাংলার কলঙ্ক, বাঙালির কলঙ্ক, ভারতবর্ষের কলঙ্ক। আজকে মুখ্যমন্ত্রী সাঙ্গোপাঙ্গো নিয়ে যাচ্ছেন আর আমাদের কোষাগার ধ্বংস করা হচ্ছে। আপনারা বলেন নন্দীগ্রামে সি.বি.আই. চাই, নেতাইতে সি.বি.আই. চাই, আর এখানে সি.বি.আই.-কে ঠেকানোর জন্য সারদা কান্ডে ১১ কোটি টাকা খরচ করলেন। কার টাকা খরচ করলেন ? আজকে মন্ত্রীসভার একজন সদস্য কোথায় আছেন রাজ্যপালের ভাষণে তা উল্লেখ করা হল ন। ৩৪ বছর নয়, ভারতবর্ষের স্বাধীনতা লাভের পর পশ্চিমবঙ্গে ১৯৪৭ থেকে ২০১৩ সাল পর্যন্ত একজনও মন্ত্রী জেলে যায়নি, আর আজকে সাড়ে তিন বছরেই একজন মন্ত্রী জেলে গেলেন। রাজ্যপালের অসত্য ভাষণের জন্য একে সমর্থন করতে পারছি না।

শ্রী মইনুল হক : মাননীয় স্পীকার স্যার, মাননীয় রাজ্যপাল ৩০ পৃষ্ঠা জুড়ে যে ভাষণ দিয়েছেন তার মধ্যে কিছু অসত্য ভাষণ থাকার জন্য তাকে সমর্থন করতে পারেছি না। তিনি বলেছেন রাজ্যে আইন-শৃঙ্খলার অবস্থা নাকি খুব ভালো। আজকে শাসক দলের চিফ হুইপ কয়েকবার বিরোধীদের দিকে তাকিয়ে বলেছেন অসত্য হলে প্রমাণ করুন। আপনি যেদিন থেকে বিধানসভায় এসেছেন, ঠিক ওই সময় আমারও আসা। যখন আমরা একসঙ্গে বিরোধীদলে ছিলাম। তখন যারা সরকারে ছিল, আজকে প্রধান বিরোধী দলে আছেন, তাদের দিকে বহু অভিযোগে আঙুল তুলতাম। জঙ্গলমহলে শান্তি বিরাজ করছে, পাহাড়ে শান্তি বিরাজ করছে, একথা অস্বীকার করার জায়গা নেই। কিন্তু আজকে পার্কস্ট্রীট থেকে আরম্ভ করে কামদুনি, বারাসাত, সাল্তোর, পাড়ুই, সালকিয়ায় যেসব ঘটনা ঘটেছে, গত পরশু বেলঘরিয়ায় যে ভাবে একজন বৃদ্ধ মানুষকে পিটিয়ে মারা হয়েছে, তারপরও বলবেন এখানে আইনের শাসন আছে ? এটা কি আমাদের মেনে নিতে হবে ? বিরোধীদলের চিফ হুইপ রাজ্য সরকারের খতিয়ান দেখালেন কোথায় স্কুলে শ্রেণীকক্ষ হয়েছে। এটা কি আপনাদের টাকা থেকে ? আপনি বললেন ৯৯% গ্রামে বৈদ্যুতিকরণ হয়েছে। কার টাকায় ? রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ যোজনায় হয়েছে। ইউ.পি.এ. সরকার গত দশ বছর ধরে প্রতিটা স্কুলে শৌচালয় করছে। আজকে নরেন্দ্র মোদি যে সাফাই অভিযান শুরু করেছেন সেটা আমরা ২০০৪ সালে শুরু করেছিলাম। আজকে আপনি বলছেন মিড ডে মিল রাজ্যসরকারের প্রকল্প ? টাকা আপনাদের ? এই যে অসত্য ভাষণ আপনি দিলেন শুধু সরকারকে সেভ করার জন্য, আজকে বলুন যে রাজ্যপালকে দিয়ে যে ভাষণ পাঠ করালেন সে এঁরা যখন ছিলেন, এটা সব জায়গায় সমস্ত রাজ্যে হয়, সরকার যেটা লিখে দেয় তাঁরা সেটাই পাঠ করেন। রাষ্ট্রপতিও তাই করেন। আজকে বলুন গঙ্গা ভাঙনের মতো, গঙ্গা, পদ্মা ভাঙন একটা জাতীয় সমস্যা। কেন্দ্রীয় সরকার আজ থেকে প্রায় ১০ বছর আগে ঘোষণা করেছেন, আজকে বলুন ভাঙন নিয়ে একটা শব্দ উচ্চারণ করা হয়নি। মালদা, মুর্শিদাবাদ জেলাকে দিনের পর দিন গঙ্গা গ্রাস করেছে। চাষের জমি থেকে বাসস্থান থেকে আমের বাগান, লিচুর বাগান মসজিদ থেকে ইদগা, মন্দির কোনোটাই বাদ যায়নি। এই সিজনেও গত বর্ষায় আমার বিধানসভার পার্শ্ববর্তী মাথাবাড়ি, সুজাপুর, এই বিধানসভা এলাকায় মানিকচক, ফরাক্কা, সামসেরগঞ্জ, সূতী, রঘুনাথগঞ্জ, ভগবানগোলা, লালগোলা, জলঙ্গীতে ব্যাপক ভাঙন হয়েছে। কোনো রাজ্যসরকারের কাছ থেকে সাহায্য পাইনি। আজকে এরা দীর্ঘ ৩৪ বছর কেন্দ্রের বঞ্চনার কথা বলতেন। একই কায়দায় আপনারাও বঞ্চনার কথা বলছেন। গত এক তারিখ উমা ভারতী এসেছিলেন ফরাক্কায় আমি এবং স্থানীয় সাংসদ ছিলাম মিটিং-এ। মাননীয় মন্ত্রী রাজীববাবু ছিলেন। উমা ভারতী এক ঘণ্টার মিটিং-এ অন্তত একশোবার রাজীবাবু রাজীববাবু করলেন। তাহলে বঞ্চনা কোথায় ? বলুন আপনারা। ভালো ছেলে, ভালো ছেলে। আপনারা সহযোগিতা নেবেন না। অর্থের বিকল্প ব্যবস্থা করবেন না। আর মুড়ি-মুড়কির মতো জেলায় যাবেন মাননীয় মুখ্যমন্ত্রী আর একশো-দুশো কাজের শিলান্যাস করবেন কাগজে। অর্থ কোথা থেকে আসবে ? আই.টি.আই. কলেজ প্রতি ব্লকে হবে। কটা কমপ্লিট হয়েছে। আজকে এই সমস্ত গল্প করে লাভ নেই। আজকে পশ্চিমবাংলায় মাননীয় মুখ্যমন্ত্রী যেভাবে জেলা ভিজিটের নামে, উন্নয়নের

নামে—আপনারা বলতেন দলতন্ত্র নয় ক্ষমতায় এলে গণতন্ত্রের কায়েম করব। গণতন্ত্র ! গণতন্ত্র কায়েম করছে। জেলায় মুখ্যমন্ত্রী ভিজিট করছেন, মিটিং করছেন আমাদের বাদ দিয়ে। যারা জেলাপরিষদের সভাধিপতি তাকেও ডাকা হয় না। এর থেকে লজ্জার কি হতে পারে। যুব উৎসব, টাকার শ্রাদ্ধ। সেখানে পঞ্চায়েত সমিতির সভাপতি পর্যন্ত সেখানে আমন্ত্রণ পায়নি। এর থেকে লজ্জার কি হতে পারে ?

[4.10—4.20 p.m.]

এবারে আসছি আই.সি.ডি. এসের ব্যাপারে। আই.সি.ডি. এস প্রকল্প সারা পশ্চিমবঙ্গে তথা সারা ভারতে চালু হয়েছে ১৯৭১-৭২ সালে। আর আপনারা ক্ষমতাতে এসে এম এল এ-দের অধিকার কেড়ে নিলেন। এটা দলতন্ত্র। এটাকে গণতন্ত্র বলছেন ? আমার মনে আছে জ্যোতিবাবু মুর্শিদাবাদে গেছেন বহরমপুরে মিটিং করতে। আমাদের ডেকেছেন। বুদ্ধদেব ভট্টাচার্য গেছেন প্রশাসনের সঙ্গে মিটিং করতে বন্যা নিয়ে। সেখানে আমাদের ডেকেছেন মিটিং-এ। কি বলছেন ? কি বলছেন এগুলি ? আমি দায়িত্ব নিয়ে বলছি। আজকে আমাদের মুখ্যমন্ত্রী দলতন্ত্র এমনভাবে কায়েম করছেন। আই.সি.ডি. এস দিয়ে শুরু করেছেন। এখন স্কুলে ম্যানেজিং কমিটি আর থাকবে না। এখানে তৃণমূলের নেতাদেরকে দিয়ে কলেজ স্কুল এবার প্রাইমারী স্কুলে বোধহয় ঢুকবেন। কোনোটাই বাদ যাবে না ? দলতন্ত্র ? এটা গণতন্ত্র ? কিসের গণতন্ত্র ? আজকে মন্ত্রী এখানে আছেন। আমি একটা সমস্যা নিয়ে দীর্ঘদিন বলে আসছি। মোকামা থেকে একটা রাস্তা ফারাক্কাতে মিশবে মাত্র বারো কিলোমিটার। ঝাড়খণ্ড বিহার সরকার খোঁজ নিন মন্ত্রী মহাশয় তারা কাজ কমপ্লিট করে দিয়েছেন। কিছু ইনকমপ্লিট আছে। ম্যাকসিমাম কাজ হয়ে গেছে। আর বারো কিলোমিটার রাস্তা আপনি করতে পারেননি। এর থেকে লজ্জার আর কি থাকতে পারে ? এর থেকে লজ্জার কি হতে পারে ! এন এইচ (৩৪) যেটা একজন সদস্য তিনি হয়ত বুঝতে পারেননি। আপনি বললেন এটা ন্যাশানাল হাইওয়ে অথরিটির। এটা আমাদের কিছু করার নেই। আপনার কিছু করার নেই ! এই জমি জোটের ফলে দীর্ঘদিন ধরে সেই দু-হাজার আট সালে কাজের শিলান্যাস করেছিলেন প্রণববাবু। আজকে শুধু মুর্শিদাবাদ জেলার ৭০ কিলোমিটার রাস্তার কাজ হয়েছে ফোর লেনের। বাকী টোটাল কাজ ইনকমপ্লিট বারাসাত থেকে। কোথাও কাজ চলছে, কোথাও বন্ধ হয়ে আছে। কেন ? জমিজোটের জন্য। এটা কি রাজ্য সরকারের দায়িত্ব নয় ? এটা কি আপনাদের দায়িত্বের মধ্যে পড়ে না ? এতবড় একটা পরিকল্পনা কেন্দ্রীয় সরকারের আজকে শুধু আপনাদের গাফিলতির জন্য এতবড় প্রজেক্ট কমপ্লিট হচ্ছে না। আজকে যতদিন যাচ্ছে টাকার পরিমাণ বেড়ে যাচ্ছে। কারণ ২০১২ সালে এই সড়ক কমপ্লিট হওয়ার কথা। এই এন এইচ (৩৪) কমপ্লিট হওয়ার কথা, কিন্তু পনেরো সাল হয়ে গেল জানি না কবে কমপ্লিট হবে। এই যে একজন মন্ত্রী ছিলেন। কোন কোন ব্যর্থতা, কোন কথা বলব ? নিশ্চয় কিছু কাজের মন্ত্রী আছেন। তাঁরা কাজ করেন। আর বেশীরভাগ মন্ত্রী তাদের কথা এদের মতো হয়েছে। পনেরো বছর থাকব, কুড়ি বছর থাকব, কেউ বলছেন ত্রিশ বছর থাকব। নিশ্চয় থাকবেন। জনগণ আপনাদের সঙ্গে আছে। আপনারা থাকুন। ভালো কথা। কিন্তু

বিরোধীদের অবজ্ঞা করেন তাহলে এই যে কি ছিনু রে মা, কি হনু রে মা। এই জিনিসটা যদি চলে আসে আপনাদের মধ্যে এদের মতোই অবস্থা হবে। এটাই বলে রাখছি। তাই আজকে আমি কয়েকটি বিষয় নিয়ে উল্লেখ করব যে পশ্চিমবঙ্গে বিড়ি শিল্প বলে কিছু আছে ? লেবার মন্ত্রী ছিলেন এখানে। কৃষি মন্ত্রী লেবার মন্ত্রী ছিলেন। পশ্চিমবাংলার কথা বলছি, প্রায় ২০ থেকে ২৫ লক্ষ বিড়ি শ্রমিক পশ্চিমবাংলায়। অথচ বিড়ি শ্রমিকদের জন্য বিগত সরকার রাজনীতি করা ছাড়া তাদের জন্য কিছু করেনি। বর্তমান সরকার—উনি যখন লেবার মন্ত্রী ছিলেন মাননীয় কৃষি মন্ত্রী, সেই সময় একটা চুক্তি হয়েছিল। আমরা খুশি হয়েছিলাম যে, এক লাফে প্রায় ২০ টাকা মজুরি বাড়ানো হয়েছিল বহুদিন পর। ওদের আমলে তো আড়াই-তিন টাকা করে বাড়তো। আর খাজনা থেকে বাজনা বেশি হত। আমরা আশাবাদী, আমরা আশ্বস্ত হলাম, মন্ত্রীর পদক্ষেপে এবার হয়তো বিড়ি শ্রমিক তাদের ন্যায্য পাওনা পাবে। কিন্তু সেই ১২ সালে চুক্তি হওয়ার পর আর চুক্তি হল না এবং বিড়ি শ্রমিকদের যেটা ন্যূনতম মজুরি দেওয়া হয়, সেই মজুরিও তারা পাচ্ছে না। তাদের পি.এফ., তাদের কেন্দ্রীয় সরকার যে সুযোগ-সুবিধাগুলি দেয়, স্থানীয় বিড়ি কোম্পানিগুলোর যারা ঠিকাদার, তারা তাদেরকে বঞ্চিত করছে। অথচ এত বিশাল জায়গায় এতগুলো শ্রমিক, যারা রুজি-রুটি করে বিড়ি থেকে। শুধু শ্রমিক নয়, শ্রমিকদের সঙ্গে আরো অনেক মানুষ জড়িয়ে আছে, তাদের সংখ্যাও অনেক। অথচ এই বিড়ি শ্রমিকদের যে বঞ্চনা, যে বামফ্রন্ট আমলে হয়েছে দীর্ঘ ৩৪ বছর, আজকে একই বঞ্চনার শিকার তারা হচ্ছে। তাই আমি এই রাজ্যপালের যে ভাষণ, যে অসত্য ভাষণ, যেটা তাঁকে দিয়ে পড়ানো হয়েছে, তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

ডঃ আবুল হাসেম মণ্ডল : মাননীয় স্পীকার স্যার, মাননীয় রাজ্যপাল এই বিধানসভায় বাজেট অধিবেশনের পূর্বে যে ভাষণ দিয়েছেন, তার সমর্থনে আমি কয়েকটি কথা বলতে চাই। বিগত দুদিনে এই ভাষণ সম্বন্ধে যেসব বক্তা বক্তৃতা করছিলেন, বিশেষ করে বিরোধী পক্ষের, এখন আমার মনে একটা সন্দেহ জাগছে যে, রাজ্যপাল নিজেই অসত্য হয়ে গেছেন। কারণ, আমরা জানি যে, রাজ্যপালের পদ—সাংবিধানিক নিয়ম অনুযায়ী তাঁকে শপথ নিতে হয়। সংবিধানের নিয়ম-কানুন মেনে উনি চলা-ফেরা করেন, মতামত প্রকাশ করেন। যথারীতি তিনি এই সভাতে বক্তৃতা করেছেন। সরকারের কাজ-কর্মের পর্যালোচনা করেছেন এবং তাঁর মতামত প্রকাশ করে এই সভাকে উনি মূল্যবান উপদেশ দিয়েছেন। তাহলে কি ধরে নেব যে, বিরোধী পক্ষের বন্ধুরা যা বলছেন যে, রাজ্যপালের এই মূল্যবান মতামতের কোনো গুরুত্ব নেই ? তিনি কি সমস্ত মিথ্যা কথা বলে গেছেন ? বিগত দিনে এই রাজ্যের যে উন্নয়ন হয়েছে বা ভবিষ্যতে যে উন্নয়নের পরিকল্পনা করা হচ্ছে, এই কথা খুবই সত্য.....

[4.20-4.30 p.m.]

এবং সাংবিধানিকভাবে নির্দেশিত যে রাজ্যপাল তাঁর সরকারকে সরকারের নীতি নির্ণয় করতে সাহায্য করবেন। শুধু তাই নয় এই বিধানসভা এই লেজিসলেটিভ হাউজে যেসব প্রোপোজাল আসবে, সেই সব প্রোপোজাল উনি বিবেচনা করতে পারেন, সাহায্য করতে পারেন। এই রকম একটি পরিস্থিতি যেখানে তাঁর ভাষণ এবং মতামতকে সম্পূর্ণ অসত্য বলে প্রমাণ করা হচ্ছে।

তাহলে কি সেটা আইনের পরিপন্থী নয়, সরকারের পরিপন্থী হয়, নীতির পতিপন্থী নয়, সংবিধানের পরিপন্থী নয় ? কারণ যিনিই বিরোধীপক্ষে থাকুন না কেন এই সদনে মিথ্যার কোনো স্থান নেই, যেখানে মানুষ, আমরা সাধারণ জনগণ সারা পশ্চিমবাংলা, লোকসভার ক্ষেত্রে সারা ভারতবর্ষের মানুষ লক্ষ করে থাকে যে তাদের আশা-ভারসা সমস্ত ধরনের প্রত্যাশা পূরণ করবে। সুতরাং এই পশ্চিমবাংলার সাধারণ জনগণ আশা করে এই বিধানসভা থেকে এই সদন থেকে তাদের সব রকমেরই সাহায্য, নিরাপত্তা, দাবী পূরণ করার চেষ্টা করা হবে। যে ভাষণ দিলেন আমরা যদি সেই ভাষণ পর্যালোচনা করি তাহলে আমাকে প্রথম দেখতে হবে পশ্চিমবাংলার অর্থনৈতিক কি পরিবর্তন ঘটেছে বিগত সাড়ে তিন বছরে। এবং উনি কি চেয়েছিলেন, তাঁর সরকার, মা-মাটি-মানুষের সরকার, সেটা পূরণ করতে পেরেছে কি না। আমরা দেখেছি গ্রস স্টেট ডোমেস্টিক প্রোডাক্ট যেটা GSDP আমরা বলি, গত ১৫ বছরে কোনোরকম উন্নতি হয়নি। একথা নিশ্চয় আমার সামনে যে বন্ধুরা আছেন তাঁরা অস্বীকার করতে পারবেন না। এবং দেখা যাচ্ছে খুব আনন্দের বিষয় যে বিগত দু-বছর ৫%করে বেড়েছে। যে ডোমেস্টিক স্টেট প্রোডাক্টটা বিগত ১৫ বছরে এক শতাংশও বাড়েনি, সেটা আজ ৫% হারে প্রতি দু-বছর অন্তর বেড়েছে, নিশ্চয়ই এটা আপনারা অস্বীকার করতে পারবেন না। ঠিক তেমনিইভাবে ট্যাক্স রেভিনিউ যেটা ২১ হাজার কোটি টাকা ছিল, সেটা ৪০ হাজার কোটি টাকা হয়েছে। যে অর্থের অবস্থা, আর্থিক উন্নয়ন ঠিক ধাপে ধাপে ঘটে যাচ্ছে, যে অবস্থায় এই মা-মাটি-মানুষের সরকার ক্ষমতায় এসেছিল তার পর থেকে অর্থনৈতিকভাবে একটা স্টেটকে ধীরে ধীরে উন্নতির পথে নিয়ে যাচ্ছে। সেই রকম আমরা যদি স্টেট প্ল্যান এক্সপেন্ডিচার যদি আমরা ধরি এবং ক্যাপিটাল এক্সপেন্ডিচারের কথা যদি আমরা ধরি তাহলে আমরা দেখতে পাব স্টেট প্ল্যান এক্সপেন্ডিচার সেটা ২৭.৪৫ শতাংশ বেড়েছে, অর্থাৎ ২০১২-১৩-তে ছিল ১৯ হাজার কোটি টাকার মতো। অর্থাৎ ১৮ হাজার ৯শত সামথিং। ওটা বেড়েছে ২৪ হাজার কোটি টাকার একটু বেশি ২০১৩-১৪-তে। অর্থাৎ ২৭%-এর কিছু উপর....যদি আমরা capital expenditure-এর কথা দেখি সেখানে আমরা দেখতে পাব ৫২% capital expenditure হয়েছে। যেখানে আয় হচ্ছে এবং ব্যয় হচ্ছে তাহলে অর্থনীতির যে soundness-এর কথা বলি নিশ্চয়ই সেটা আমরা দেখতে পাচ্ছি। এটা একটা দিক। এবার অর্থনীতির পর যদি আমরা শিক্ষাক্ষেত্রের দিকে যাই তাহলে দেখব শিক্ষা নিয়ে এতক্ষণ অনেক আলোচনা চলছিল, অনেক সমালোচনা চলছিল। জানি এই কথাগুলো সম্পূর্ণ মিথ্যা। একটা বিদ্যালয়কে, একটা স্কুলকেও repair করা হয়নি। আপনারা তো সব ভাঙাচোরা ফেলে গিয়েছিলেন। তার দেওয়ার ছিল না, তার ছাদ ছিল না, তার টালি ছিল না, সেখানে মেয়েদের toilet ছিল না, সেখানে টিউবওয়েলও ছিল না। সে আপনি primary school-ই বলুন আর high school-ই বলুন। বিগত এই সাড়ে তিন বছরে সেগুলো করা হয়েছে। অনেক সময় মাস্টারমশাইও ছিল না। না, সেগুলো হয়তো ইচ্ছাকৃতভাবে আপনারা দেখতে পারছেন না বা দেখছেন না। আর বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষার ক্ষেত্রে তো অনেক বক্তাই বলেছেন যে, কতগুলো Government college করা হয়েছে, কতগুলো Government sponsored করা হয়েছে, কত ছাত্র বেড়েছে। আপনারা যখন ওই বেঞ্চ থেকে UGC-র কথা উল্লেখ করে

সমালোচনা করেন তখন gross enrolment ratio-র কথা আপনারা বলেন। যে gross enrolment ratio পশ্চিমবাংলায় সবচেয়ে কম। বিগত বছরগুলোতে আপনারা কোনো কলেজ করে যাননি। ফলে ছাত্র ভর্তি হবে কি করে ? সেই সমস্ত ছাত্রদের ভর্তি করার সুযোগ করতে হচ্ছে। যেখানে Gross enrolment ratio খুবই কম ছিল যেটা আপনারা এক সময় ২০১১-তে ছিল ১২.৮%। সেটা আপাতত ১৭% দাঁড়িয়েছে। যেটা নাকি UGC ১৮%-র মতো বলছে। সেটা প্রয়োজন। সেই সাথে আমি এ কথাও বলতে পারি যে, যাতে সাধারণ বাড়ির ছেলেপুলেরা যাকে আপনারা বলেন, আমরা বলি দারিদ্রসীমার নীচে বাস করছে তাদেরও শিক্ষার প্রয়োজন। কিন্তু তাদের শিক্ষার প্রয়োজনে আর্থিক সুবিধাটা দিতে হবে। কি করে তারা পড়াশুনা করবে তার ব্যবস্থা তো কখনো করে যাননি। এই মা-মাটি-মানুষের সরকার আসার পর আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী যে সমস্ত scheduled caste এবং scheduled tribe ছাত্রছাত্রী আছে যাতে তারা নির্দিষ্ট সময়, নির্দিষ্ট নিয়মে scholarship পায় সেই ব্যবস্থা করেছেন। সেই সাথে কি করেছেন ? সংখ্যালঘু সম্প্রদায়—যারা এতদিন neglected ছিল, যারা ব্যবহৃত হয়েছিল তাদের আর্থিক, সামাজিক উন্নয়নের জন্য কিছু হয়েছিল বলে মনে হয় না। আজ তাদের scholarship দেওয়া হচ্ছে। শুধু তাই নয় সেই minority section-এ যারা আছে তাদের মেয়েরা যাতে আরও বেশি করে শিক্ষার আলোয় আলোকিত হতে পারে, সমাজের মূলস্রোতের সাথে মিশতে পারে সেই সব ব্যবস্থা করা হয়েছে। এইসব সত্য জিনিসগুলো যেগুলো দিনের পর দিন ঘটে যাচ্ছে, হচ্ছে এগুলো আপনারা ওখানে বসে বসে সবই অস্বীকার করে ফেললেন। তাহলে বলতে হবে সমস্ত রাজ্যপালের ভাষণই বলুন আর বাইরে যে বাস্তব ঘটনাগুলো ঘটে যাচ্ছে তার সাথে কোনো মিলই নেই। হ্যাঁ, মিথ্যা বলতেই হবে কিন্তু limit থাকবে। সেই limit cross করে ফেলেছেন আপনারা।

[4.30—4.40 p.m.]

লিমিট ক্রশ হয়ে গেছে। লিমিট যদি থাকত হয়তো সে বার করা যেত। এবার আসি Public Distribution System, কেন্দ্রীয় সরকারের নিয়ম তারা বলছে যে, National Food Security Act-কে চালু করতে হবে। হ্যাঁ, National Food Security Act যেমন চালু হচ্ছে, সেই সাথে আজ দু-টাকা কেজি খাদ্যশস্য গরিব মানুষদের দেওয়া হচ্ছে। এতে প্রায় সাড়ে তিন কোটির মতো যারা বেনিফিশিয়ারী তারা উপকৃত হচ্ছে। হ্যাঁ, পচা আছে ঠিকই, কিন্তু তাকে আবার পচিয়ে দেওয়া হচ্ছে। পচিয়ে তাকে দেওয়া হচ্ছে কিন্তু সেটা পচা নয়। পচিয়ে দেওয়া হয় তাহলে নিশ্চয়ই ওই Public Distribution System-এর মাধ্যমে এত লোককে দেওয়া হত না। কারণ, এগুলো শুনে শুনে এখন আপনাদের একটু খারাপ লাগছে। যে কাজগুলো আমরা করিনি, আমরা করতে পারি না। যে কাজগুলো আমরা করিনি। ইচ্ছাকৃতভাবে সরে এসেছি, ইচ্ছাকৃতভাবে মানুষকে ধোঁকা দিয়ে এসেছি, ইচ্ছাকৃতভাবে মানুষকে ভয় দেখিয়ে এসেছি। এখন সে কথাগুলোতো বলতে পারবে না। কারণ আপনারা করেননি। করতে পারেননি—আমি একথা বলছি না। এখন সেগুলো করছে মা-মাটি-মানুষের সরকার। আমাদের নেত্রীর নেতৃত্বে সেগুলো বাস্তবায়িত হচ্ছে। আপনাদের লজ্জা লাগছে, আপনাদের খারাপ লাগছে। হ্যাঁ, আজকে সাধারণ

মানুষ কাজ করছে, সবকিছু করছে। তা এই সিস্টেমে—অন্যদিকে আবার দেখুন তাদের খাদ্য সুরক্ষা আইন যেমন করা হচ্ছে, খাদ্য তাদের দেওয়া হচ্ছে, তিন কোটির উপরে মানুষকে আজ দু-টাকা কেজি খাদ্যশস্য ধান হোক, গম হোক, তাকে দেওয়া হচ্ছে এটা কম কথা নয়। গ্রামে যারা আছে যারা খুব সাধারণ ছোটোখাটো লোকজন যারা কাজকর্ম করে—নিশ্চয়ই জানেন তাদের SHG বলে। সেই সেল্ফ হেল্প গ্রুপগুলো আরো যাতে শক্তিশালী হতে পারে, তারা নিজেদের পায়ে যাতে দাঁড়াতে পারে, এই চিন্তাভাবনা কখনো আপনাদের আসেনি। তার জন্য কি করা হল। মুক্তিধারা স্কীম, মুক্তিধারা যোজনা চালু করা হয়েছে। সেই যোজনার মাধ্যমে সবরকমের আর্থিক সাহায্য তারা পাবে। আর একটা কথা আমাদের পশ্চিমবাংলায় বিভিন্ন প্রদেশের লোকেরা বসবাস করে। বিভিন্ন প্রদেশের লোকেরা বাস করে তাদের অফিস-আদালতে সবসময় কাজকর্ম করতে হয়। সে ব্যবসা বলুন, নিজের ব্যক্তিগত প্রয়োজন বলুন, কিন্তু এতদিন নিয়ম ছিল যে একমাত্র বাংলা অথবা ইংরেজিতেই তাকে কথাবার্তা বলতে হবে, তাকে কাজকর্ম করতে হবে। কিন্তু আমরা গর্ব করে বলতে পারি, ভারতের মধ্যে আমার মনে হয় পশ্চিমবাংলাই প্রথম যেখানে উর্দু, নেপালি, হিন্দি, ওড়িয়া, সাঁওতালি এবং গুরুমুখি ভাষা যেগুলো আছে পশ্চিমবাংলাতে তাদের ভাষা অফিসিয়াল ল্যাংগুয়েজ হিসাবে ব্যবহৃত হচ্ছে। আপনি ভারতবর্ষের অন্য কোথাও দেখাতে পারেন যে, বাংলা ভাষা গুজরাতে অফিসিয়াল ল্যাংগুয়েজ হিসাবে স্বীকৃতি হয়েছে বা কাজ করতে পারবে কি দক্ষিণ ভারতে। কিন্তু আমরা সেটা একটা বড় কাজ করেছি। মা-মাটি-মানুষের সরকার সেটা বড় কাজ করেছে। এই পশ্চিমবাংলায় এমন কিছু কিছু শ্রেণীর মানুষ বাস করে যে তাদের ভাষার প্রতি সম্মান যেমন জানানো হচ্ছে তাকে গুরুত্ব দেওয়া হচ্ছে এবং তার মাতৃভাষাকে ব্যবহার করে এই পশ্চিমবাংলায় সে যতদিন বসবাস করবে সমস্ত সুযোগ-সুবিধা তারা ভোগ করবে। এই কথা বলে আমি আবার সকলকে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ। নমস্কার।

শ্রী অক্ষয় ঠাকুর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ১৯শে ফেব্রুয়ারী আমাদের রাজ্যের মহামান্য রাজ্যপাল এই পবিত্র বিধানসভায় যে ভাষণ রেখেছেন এবং তার উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে, আমি তার সাথে একমত হতে পারছি না। স্যার, আপনি ভালো করেই জানেন যে এই পবিত্র বিধানসভায় মহামান্য রাজ্যপাল সংবিধানের ১৭৬ ধারা অনুসারে রাজ্য সরকারের পক্ষ থেকে যে ভাষণ তৈরী করে দেওয়া হয় তাকে শুধু সেটাই পাঠ করতে হয়, এটাই নিয়ম। এখানে যেসব কথা বলা হয়েছে, তার সাথে বাস্তব অবস্থার পরিবেশ পরিস্থিতির সাথে বিন্দু-বিসর্গ কোনো মিল নেই। মহামান্য রাজ্যপাল তাঁর ভাষণে অসত্য কাল্পনিক কিছু কথা তুলে ধরেছেন। কিন্তু তাঁর রাজ্য যে অন্ধকার অতল তলে তলিয়ে যাচ্ছে, সেই দিকটা আলোচনা করবার সাহস তাঁর দীর্ঘ ভাষণের মধ্যে ফুটে ওঠেনি। তাঁর ভাষণের মধ্যে এটা উল্লেখ করেননি যে এই বাংলায় অত্যন্ত গরীব প্রান্তিক চাষীরা তার ফসলের ন্যায্য মূল্য না পেয়ে আত্মহত্যা করেছেন, তার কথার উল্লেখ নেই। উল্লেখ নেই এই রাজ্যের সব থেকে যে আর্থিক কেলেঙ্কারী, বৃহৎ আর্থিক কেলেঙ্কারী ঘটে গেল, যেটা নিয়ে তদন্ত চলছে, ১৮ লক্ষ মানুষ নিজের সর্বস্ব বেশী লাভের আশায় চীট ফান্ডে জমা রেখেছিলেন, সেই টাকা লুঠ হয়ে গেল, সেই লুঠেরা যারা লুঠ

করলেন, আর সর্বস্বান্ত মানুষ প্রতিদিন চোখের জল ফেলছেন তাদের এই করুণ জীবনের কথা রাজ্যপালের ভাষণে উল্লেখ করা হয়নি। উল্লেখ হয়নি, মহামান্য রাজ্যপালের ভাষণে যে তার রাজ্যে সরকারের মন্ত্রীসভার একজন মন্ত্রী বৃহৎ আর্থিক কেলেঙ্কারীর দায়ে জেলখানায় ভাত খাচ্ছেন আর জেলখানায় বসে মন্ত্রীত্বও করছেন। গোটা ভারতবর্ষ কেন গোটা পৃথিবীতে এই রকম কোনো নজির আছে কিনা আমার জানা নেই। এটা বাংলার লজ্জা, এটা আমাদের লজ্জা স্যার, সরকারে আসার আগে এনারা খুব শ্লোগান দিয়েছিলেন যে দলতন্ত্র নয়, গণতন্ত্র প্রতিষ্ঠা করবেন। বদলা নয়, বদল চাই। এই সরকারের বয়স তিন বছর আট মাস অতিক্রান্ত হতে চলেছে। এই সময়কালের মধ্যে বাংলার মানুষ তাদের অভিজ্ঞতার মধ্যে দিয়ে বুঝেছেন যে প্রতিদিন শাসকদলের দ্বারা গণতন্ত্রকে প্রতিদিন গলা টিপে হত্যা করা হচ্ছে। এমন কোনো গণতান্ত্রিক প্রতিষ্ঠান নেই, যার উপরে আঘাত আসেনি। গণতন্ত্রকে প্রতিদিন গলা টিপে হত্যা করা হচ্ছে। এমন কোনো গণতান্ত্রিক প্রতিষ্ঠান নেই, যার উপরে আঘাত আসেনি। গণতন্ত্রকে প্রতিদিন গলা টিপে হত্যা করা হচ্ছে। এমন কোনো গণতান্ত্রিক প্রতিষ্ঠান নেই, যার উপরে আঘাত আসেনি। গণতন্ত্রের আন্দোলনের উপর আঘাত, বিরোধীদের মিছিল, মিটিং, সভা-সমিতিতে আঘাত। প্রতিদিন এ ঘটনা ঘটে চলেছে গোটা বাংলায় এই সময়কালের মধ্যে। গণতন্ত্রের কোথাও পরিবেশ নেই। একটা একনায়কতন্ত্র শাসন চলছে বলে গোটা পশ্চিমবাংলায় মানুষ দেখছে। যতদিন যাচ্ছে, তত আপনাদের ফ্যাসীবাদী, স্বৈরতান্ত্রিক যে নগ্নরূপ সেটা আরো বেশী করে প্রকাশিত হচ্ছে। স্যার, যে কারণে তৎকালীন পূর্বতন রাজ্যপাল পর্যন্ত মন্তব্য করেছিলেন, যে রাজ্যে একটা গুন্ডারাজ চলছে। এতো আমরা বলছি না, আমরা বামপন্থীরা বলছি না, এই রাজ্যের পূর্বতন রাজ্যপালকে বলতে হয়েছে, আপনাদের এই ঘটনা দেখে যে রাজ্যে গুন্ডারাজ চলছে।

[4.40—4.50 p.m.]

স্যার এই সরকারের আমলে, এই সময়কালের মধ্যে মানুষের অন্যায়, অবিচার, বৈষম্যের প্রতিবাদ করাটা যেন বোধহয় মহা অপরাধ। যারা এই প্রতিবাদ করতে গিয়েছেন তাদের হয় হত্যা করা হয়েছে, অথবা মিথ্যে মামলায় ফাঁসিয়ে দেওয়া হয়েছে। সে বরুণ বিশ্বাসের ক্ষেত্রে হোক বা অলোক ভাণ্ডারীর ক্ষেত্রে হোক বা তপন দত্তের বেলায় হোক। এই ঘটনা তো পশ্চিমবাংলায় ঘটেছে। আচ্ছা আমাদের কথা ছেড়েই দিন। আপনারা নিজেরা বলুন তো, এই সময়কালের মধ্যে আপনাদের নিজের দলের মানুষের হাতে আপনাদের দলীয় কত জন নেতা, কর্মী খুন হলেন। আপনাদের দলের কতজন মানুষ এই ঘটনাকে কেন্দ্র করে সি.বি.আই. দাবী করেছেন। এতো আপনারাই বলছেন। এখানে আইন-শৃঙ্খলার কথা বলছেন আপনারা ! আইন-শৃঙ্খলা তো কিছুই নেই এই পশ্চিমবাংলায়। যে রাজ্যের আইনমন্ত্রী মহামান্য সুপ্রিম কোর্টের আদেশকে আগ্রাহ্য করে প্রতারকদের স্বার্থে ধর্নায় বসেন, যে রাজ্যের পুলিশমন্ত্রী প্রতারিতদের পাশে না থেকে প্রতারকদের সাহায্য করার জন্য রাজপথে মিছিল করে চ্যালেঞ্জ জানায়, তারপরেও আমাদের বলতে হয় এ রাজ্যে আইন শৃঙ্খলা অত্যন্ত উন্নত। যে রাজ্যে আদালত আক্রান্ত হয়, আদালতের বিচারপতিদের অশ্লীল গালিগালাজ করা হয়, সেই রাজ্যে আপনারা কোন মুখে বলেন যে রাজ্যের আইন-শৃঙ্খলা

অত্যন্ত উন্নত, অত্যন্ত ভালো। এটাই তো বলবেন, কারণ এই রাজ্যে অর্থাৎ বাংলায় আপনারা এমন মুখ তৈরি করেছেন যে কোথাও গণতান্ত্রিক ব্যবস্থায় নির্বাচন হয় না বা হবে না। সব জায়গায় বাধা দাও। বিরোধীদের বাড়িঘর জ্বালিয়ে দাও। বাড়িঘর লুট কর। যদি কোনো পুলিশ প্রশাসন তাকে সাহায্য করে, বিরোধীদের পাশে দাঁড়ায় তবে সেই পুলিশের ওপরে বোম মারো, হাতের কব্জি কেটে দাও। কোনো সাংবাদিক যদি প্রকৃত তথ্য জনসমক্ষে তুলে ধরেন তাহলে সেই সাংবাদিকের হাত-পা ভেঙে গুঁড়িয়ে দাও। এই তো হচ্ছে আপনাদের সোনার টুকরো গুণীজনরা। যাদের মাথায় নাকি অক্সিজেন কম যায়, যারা নাকি শিক্ষিকাদের মুখে জলের জাগ ছুঁড়ে মেরে দেয়, এইরকম গুণীজনরা হলেন এই সরকারের আসল মুখ। এই হল প্রধান লোক আপনাদের। প্রায় গোটা পশ্চিমবাংলায় এই ঘটনা ঘটে চলছে। এটা এই রাজ্যে সব থেকে বড় আমাদের লজ্জা। দেশ স্বাধীন হওয়ার পরে এই বাংলায় একজন মহিলা মুখ্যমন্ত্রী ক্ষমতায় আসীন হয়েছেন। যার জন্য মহিলারা খুব খুশি হয়েছিলেন। আমরাও খুশি হয়েছিলাম। আজ পুরুষতান্ত্রিক শাসনব্যবস্থায় অন্তত মেয়েরা তার মাথা উঁচু করে বাঁচবে। গর্ব করে বলবে যে মহিলা মুখ্যমন্ত্রীর আমলে আমরা অত্যন্ত শান্তিতে মাথা উঁচু করে অধিকার অর্জন করছি। কিন্তু দুর্ভাগ্য যে একজন মহিলা মুখ্যমন্ত্রীর রাজত্বে সব থেকে যদি কেউ নিরাপত্তাহীনতায় ভোগেন তাহলে সেটা আমাদের মায়েরা, বোনেরা। এমন একটা দিন দেখাতে পারবেন যেদিন মায়েদের ওপরে অত্যাচার হয়নি, তারা ধর্ষিতা হননি, তাদের ওপরে আঘাত আসেনি, তাদের সম্মান মাটির সঙ্গে মিশে যায়নি। এমন একটা দিন খবরের কাগজ দেখাতে পারবেন, এমন একটা দিনের ঘটনা দেখাতে পারবেন যেদিন মায়েদের ওপরে এই ঘটনাগুলো ঘটেনি। সে পার্ক স্ট্রীট থেকে আরম্ভ করে কাটোয়া, কামদুনি, জলপাইগুড়ি, হলদিবাড়ি, কোচবিহার, কোন জায়গায় কথা বলবেন। কোন জায়গা বাদ আছে এই সময়কালের মধ্যে। যখন এই ঘটনাগুলো ঘটছে, স্বাভাবিক অপরাধগুলো ঘটে যাচ্ছে, তখন আপনারাই পাশে দাঁড়াচ্ছেন এবং বলছেন এগুলো সব ছোটো ঘটনা, এটা সাজানো ঘটনা, এটা বিরোধীদের চক্রান্ত। এই কথাগুলো বলে আপনারা উৎসাহিত করছেন দুর্বৃত্তদের। আপনাদের একটা কথা বলে রাখি, নেতাজী সুভাষ চন্দ্র বসু একটা কথা বলতেন—সমাজে বা দেশে যদি মায়েরা অসম্মানিত হয়, লাঞ্ছিত হয়, সেই সমাজ বা সেই দেশ আজ হোক বা কাল হোক ধ্বংস হবেই। আপনারাও সেই ধ্বংসের জায়গায় যাচ্ছেন, আপনারাও ধ্বংস হবেন। মায়েদের চোখের জল কখনো বৃথা যাবে না। আরেকটা কথা বলে আমি শেষ করব, উত্তরবঙ্গ নিয়ে আপনারা অনেক কথা বলছেন। উত্তরকন্যা তৈরী করে দিয়ে আপনারা মনে করেছিলেন উত্তরবঙ্গের মানুষের মন জয় করে নিয়েছেন। অনেক বড় কাজ আপনারা করেছেন। কালকেও আমি শুনছিলাম সরকার পক্ষের বক্তৃতা, উত্তরকন্যা তৈরী করে উত্তরবঙ্গের মানুষের কষ্টকে লাঘব করে দেওয়া হয়েছে, সেখানকার মানুষকে আর কলকাতায় আসতে হবে না এই কথা আপনারা বলছিলেন। সব দপ্তরের কাজই ওখানে হবে। আমি দায়িত্ব নিয়ে বলছি, উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের মন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর ঘর ছাড়া উত্তরকন্যায় একটা ঘরের দরজাও খোলা নেই। সেখানে কোনো কাজ হচ্ছে না। আপনরা মানুষকে ধোঁকা দিচ্ছেন। আপনারা এই ধোঁকাবাজিটা বন্ধ করুন। তাই

মানুষ বলছে এই সরকার হচ্ছে তোলাবাজের সরকার, ধোঁকাবাজের সরকার।

শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রিসভার লিখে দেওয়া ভাষণ মহামান্য রাজ্যপাল একটানা পড়েছেন, এটাই নিয়ম। নিজের গুড় কেউ টক বলে না। আমাদের মন্ত্রিসভাও নিজের গুড় টক বলেনি। কিন্তু আমরা যতই বলি না কেন, যতক্ষণ পর্য্যন্ত রাজ্যের জনগণ এই কথা না বলছে ততক্ষণ পর্যন্ত ওদের কিছু এসে যাবে না। অজস্র ঘটনা ঘটেছে, আমরা অজস্র কথা বলেছি, কিন্তু ভোটের সময় দেখছি ওরা জিতে যাচ্ছে। এই কারণটা জানতে গেলে আমি সহ বিরোধীদের বলি, স্বরূপনগরের রেজাল্টটা বিশ্লেষণ করলেই আসল কেস ধরা যাবে। সেই দিকে যদি এগোতে পারেন তাহলেই ভবিষ্যত আছে, তা না হলে কোনো ভবিষ্যত নেই, সব ভুল। সংখ্যালঘু উন্নয়ন এই সরকারের একটা বড় এজেন্ডা। এটা একটা ট্রাম্প কার্ডও বটে। সেই সংখ্যালঘু উন্নয়নের ক্ষেত্রে এরা বাজেট বরাদ্দ বাড়িয়েছেন, তার জন্য আমি এই সরকারকে ধন্যবাদ জানাই। কিছু কিছু কাজ টোকেন হলেও হাতে গরম কাজ ওরা দেখিয়েছেন এবং তার ফল ওরা পাচ্ছেন। আর এই সংখ্যালঘুদের বিশেষ করে ও.বি.সি.-দের, তার ভেতরে 'এ ক্যাটাগরির' যে মুসলমান আছেন তাদের উচ্চশিক্ষায় রিজার্ভেশানের ব্যাপারে মাননীয় ব্রাত্য বসু বলেছিলেন, ২০১৪-১৫ সালে কাজ শুরু করবেন সেটা করেছেন বলে আমি আন্তরিক ধন্যবাদ জানাই। এই কাজটা যদি বামফ্রন্ট সরকার করে যেতে পারতেন তাহলে ওদের ব্যাটারি এত ডাউন হয়ে যেত না। কিন্তু এই সরকার যে ইমাম ভাতা দিচ্ছেন সেটা সরকারের কাজ নয়। সরকার কি মসজিদগুলো করেছে নাকি ? মুসলমানরাই বানিয়েছে, তাদের কে ইমাম হবে, তাদের কি ভাতা হবে সেটা মুসলমানদের ইন বিল্ট ক্যাপাসিটির মধ্যে আছে। আপনারা এর মধ্যে নাক গলাচ্ছেন কেন ? গালর্স স্কুলে আটশো জন মেয়ে পড়ে, তার মধ্যে আশি জন হচ্ছে মুসলমান মেয়ে। তারা সাইকেল নিয়ে স্কুলে যাচ্ছে, আর বাকি মেয়েরা মুখ শুকনো করে বসে থাকছে। আপনারাই কিন্তু এই বিভাজন তৈরী করছেন। সাইকেল বিলি করে আর ইমাম ভাতা দিয়ে মুসলমানদের কোনো উন্নতি হবে নাকি ? আপনারা বলতে পারেন সাচার কমিটির রিপোর্টর পরে তাদের কি অবস্থা দাঁড়িয়েছে সেটা আপনারা কেউ জানেন না।

[4.50—5.00 p.m.]

আপনারা বলতে পারেন যে সাচ্চারের রিপোর্টের পরে কি অবস্থায় দাঁড়িয়েছে আপনারা কেউ জানেন না। খোঁজ রাখেন না। মুসলমানদের মধ্যে থেকে ইন্টালেকচুয়াল ক্লাস তৈরী হয়েছে। স্ন্যাপ অ্যান্ড গাইড অ্যান্ড গিল্ডস এই দুটো সংস্থা মিলে একটা রিপোর্ট তৈরী করেছেন মাইনরিটিদের স্ট্যাটাসের ওপর ১০ হাজার বাড়িতে গিয়ে সমস্ত পরিবারকে বিভিন্নভাবে প্রশ্ন করে ডাটা তৈরী করে তারা যা দেখেছেন সেই রিপোর্টে দেখা যাচ্ছে—পশ্চিমবাংলার মুসলমানদের ৭৫ ভাগ কায়িক পরিশ্রম করে, গায়ে-গতরে খেটে জীবন নির্বাহ করে। এরা রাজমিস্ত্রী, এরা ছুতোর মিস্ত্রী, এরা জরির কাজ করে, এরা বুটির কাজ করে, এরা চামড়ার কাজ করে, এরা কাঠের কাজ করে, এরা রঙের কাজ করে, এরা বিড়ি

বাঁধে। এরাই তো চাষ করে। এরাই তো উৎপাদক শ্রেণী। উৎপাদক অংশ কিন্তু বামফ্রন্ট শ্রেণী সংগ্রামের নাম করে এই উৎপাদক অংশকে অবহেলা করছে। তার পরিণতি হচ্ছে এই। আপনারা যেন ভুলে গিয়ে এদের অবহেলা করবেন না। তাহলে আপনাদেরও একই পরিণতি হবে। এইটার দিকে আপনাদের নজর রাখতে হবে যে এই অংশটা যা আছে তাদের মধ্যে থেকে, অবস্থা কি ? চাকরী দেবেন ? ওই রিপোর্টে দেখা যাচ্ছে পশ্চিমবাংলায় মুসলমানদের ১১ ভাগ কোনো দিন স্কুলে যায়নি। তো চাকরীর প্রশ্ন আসেই না। ২১ ভাগ যারা প্রাইমারী স্কুলে ঢুকেছে কিন্তু চার ক্লাস পাশ করেনি। ৪ ভাগ মাত্র গ্রাজুয়েট। ১ ভাগ মাত্র পোস্ট গ্র্যাজুয়েট। আর ডাক্তার-ইঞ্জিনিয়ার ইত্যাদি মিলে পয়েন্ট সামথিং তাহলে এই জায়গায় যদি আপলিফ্টমেন্ট না হয়, তো কায়িক পরিশ্রম করে গতর ভাঙিয়ে খাবে। গরু পাচার করবে। আরও নানান রকমের কেলেঙ্কারী জটিলতা যা আছে সব করবে। দেখবেন মুসলমানরা বাইরে সংখ্যায় যা জেলে তার চেয়ে সংখ্যায় বেশী। ওখানে ওরা মেজরিটি। তাহলে এইটা কেন হচ্ছে সেটাও তো ভাবা দরকার। সবাইকে ভাবতে হবে। .....(নয়েজ)..... হ্যাঁ, একটু বলি, শুনুন না কি অসুবিধে আছে ? কাউকে তো বাদ দিচ্ছি না আপনাকেই বা ছাড়ব কেন ? প্রাথমিক শিক্ষা যে মানুষের ভিত কিন্তু মুর্শিদাবাদের কথা উঠেছিল। মুর্শিদাবাদে ৬৭ ভাগ মুসলমান। বাঁকুড়া, পুরুলিয়ার জনসংখ্যার সঙ্গে সঙ্গতি রেখে যে পরিমাণ প্রাইমারী স্কুল আছে মুর্শিদাবাদে নেই। কেন ? মুর্শিদাবাদে একটা ইউনিভার্সিটি নেই। তার উত্তরে বলছেন আলিগড় ইউনিভার্সিটির ক্যাম্পাস আছে। ক্যাম্পাস মানে ইউনিভার্সিটি নাকি ? তাহলে ওখানে একটা ইউনিভার্সিটি করতে হবে। না যদি করেন ওর ফল পেতে হবে। এই ২০১৬তেই পেতে হবে। এইটা আপনাদের আমি জানিয়ে যাচ্ছি। আর হচ্ছে কর্ম সংস্থান। এতো করতেই হবে। তো এর জন্য বড় শিল্প, সঙ্গে অনুসারী শিল্প ইত্যাদি ব্যাপার আছে কিন্তু ছোটোখাটো ব্যাপারে কিছু কর্ম সংস্থান করা যায়। মাননীয়া মুখ্যমন্ত্রী কিছু কথা বলছেন। সবটাই যে একেবারে উড়িয়ে দেওয়ার তা নয়, তেলেভাজাটা বাদ দিলে—কাঁথা সেলাইতে আয়ের ব্যবস্থা আছে। বিড়ি বাঁধাতে আয়ের ব্যবস্থা আছে কিন্তু এই যে যারা বিড়ি শ্রমিক, এর ৯০ ভাগ হচ্ছে মুসলমান। এদের বাড়ির মেয়েদের বিয়ে দেওয়ার আগে জিজ্ঞেস করা হয় মা তুমি কতটা বিড়ি বাঁধতে পারো ? যে বিড়ি বেশী বাঁধতে পারে তাড়াতাড়ি তার বিয়েটা হয়ে যাবে। তাহলে এদের জন্যে যে মজুরী। এদের জন্যে যে আরও আরও সব কাজ-কর্ম আছে, ঘর বেঁধে দেওয়া ইত্যাদি, সে সব দিকে উনার নজর নেই। কারণ ওখানে যে বড় বড় বিড়ি ব্যাপারী আছে তাদের টাকায় সব পার্টিই ভোট করে। সেই বিড়ি ব্যাপারীদের টাকায় বিড়ি মালিকদের টাকায়, ভোট করে বলে এদের জন্যে কেউ কিছু করে না। কিন্তু আমরা ছাড়ব না, আমরা লেগে যাব। আর হচ্ছে এই যে আইনশৃঙ্খলার কথা, আমি বলছি না। ওটা তো যারা আপনারা দেখছেন, চোখে দেখে ভালো করে বুঝতে পারছেন। ও নিয়ে কোনো অসুবিধে নেই। কিন্তু আপনারা ভোটে জিতে এই যে গ্যারান্টিটা করে নিচ্ছেন সেটা কোন জায়গা থেকে সেটা একটু হিসাব করে দেখবেন। ওয়াকফ প্রপার্টি, হাজার হাজার কোটি টাকার ওয়াকফ প্রপার্টি। বাম ফ্রন্টের নেতারা মেরে মেরে খেয়েছে। আপনাদের নেতারাও লুটে খাচ্ছে। তার জন্য আমি বলেছিলাম, যে সি.বি.আই. তদন্ত করা

হোক। মাননীয়া মুখ্যমন্ত্রী এখানে বলেছিলেন আমি তদন্ত করব। করা যায়নি। এখন আপনারা বলবেন, বি.জে.পি. সরকার—আমি বলছি এখানে একটা রেজোলিউশান নিন। যে আমরা সবাই মিলে রেজোলিউশান এনেছি, যে ওয়াকফ সম্পত্তি লুটে খাচ্ছে যারা মুসলমানদের এই সম্পত্তি যারা লুটে খাচ্ছে—অনেক কিছু করা যায়, তার জন্য তদন্ত করা হোক। আর আপনি বলতে দিলেন না, সংখ্যালঘুদের আবাসনের ভয়ঙ্কর সমস্যা আছে। কোনো হিন্দু বাড়িতে গেল, 'প্রথমে জিজ্ঞাসা করে মা তোমার নাম কি তানিয়া পারভিন। আহা ! ইঞ্জিনিয়ার, তুমি তো খুব ভালো মেয়ে। বাড়ি ভাড়া যেই বলে, তখন বলে এখন হবে না পরে তোমাকে telephone-এ জানাব। সেই জন্য এদের জন্যে আবাসনের দরকার। সংখ্যালঘুদের আবাসন এবং মেয়েদের nursing training দিতে পারলে—দুবাই থেকে আরম্ভ করে—এই আমাদের রাজ্যেই সুযোগ আছে এবং Gulf country-তে হাজার হাজার সুযোগ আছে। কেরালাতে মুসলমানদের আর্থিক অবস্থা ভালো কেন ? তারা petro-dollar ভেঙে খাচ্ছে। আর আমাদের সুযোগ থেকে সুযোগ ব্যবহার করছি না। মন্ত্রীসভার কাছে এই pointগুলো বললাম, ভাবতে পারেন, নাও ভাবতে পারেন।

শ্রী যোসেফ মুণ্ডা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপাল মাননীয় কেশরীনাথ ত্রিপাঠি ১৯শে ফেব্রুয়ারী ২০১৫, যে ৩০ পাতায় ভাষণ পেশ করেছেন তাকে সম্পূর্ণরূপে সমর্থন করতে পারছি না। আমি এই ভাষণ বইতে দেখলাম, মাননীয় রাজ্যপাল শুরু করেছেন—মাননীয়া মুখ্যমন্ত্রী পার্বত্য এলাকায় এবং উপজাতি অধ্যুষিত এলাকার সফর নিয়ে। আমরা দেখেছি বইয়ে লেখা হয়েছে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলাতে মুখ্যমন্ত্রী ৭৫ বারের বেশি সফর করেছেন। এবং তার সঙ্গে সঙ্গে ডুয়ার্সও সফর করেছেন। যখন ডুয়ার্স সফর করেছেন, মুখ্যমন্ত্রী সে দলীয় সভায় হোক বা সরকারী সভায় হোক সেখানে মুখ্যমন্ত্রী চা বাগানের কথা এবং সেই এলাকার আদিবাসীদের কথা বলেছেন। এই বইয়ের মধ্যে লেখা হয়েছে এবং উল্লেখ করেছেন রাজ্যপাল মহাশয়—কি বড় বড় শিল্পের কথা উনি উল্লেখ করেছেন এবং দুই লক্ষ কোটি টাকার অধিক শিল্প বিনিয়োগ রূপায়িত বা প্রস্তাবিত হয়েছে একথা উল্লেখ আমরা দেখেছি। কিন্তু এই কথাটা উল্লেখ নেই এই ভাষণে পার্বত্য এবং উপজাতি অধুষ্যিত এলাকায় অর্থনীতির মূল ভিত হচ্ছে চা বাগান এবং পর্যটন। নিশ্চয় চা বাগানের কথা উনি বলেছেন। আজকেও চা বাগানের মানুষ অনেক জায়গায় না খেয়ে রয়েছেন এবং তিন টাইম খেতে পান না। এই কথা কিন্তু রাজ্যপাল উলেখ করেননি। তার কারণ বন্ধ চা বাগান রেড ব্যাঙ্ক রয়েছে, বন্ধ চা বাগান ধরণীপুর, বন্ধ চা বাগান মধুর চা বাগান রয়েছে। হ্যাঁ, এই রাজ্যপালের ভাষণে আমরা দেখেছি দুই টাকা কেজি দরে চালের কথা উল্লেখ আছে। সেই জঙ্গলমহল থেকে আরম্ভ করে চা বাগান এবং আয়লা অধুষ্যিত এলাকায়। কিছুক্ষণ আগে গভর্ণমেন্টর Chief Whip মাননীয় সদস্য বলছিলেন, দুই টাকা কেজি দরে চাল বন্ধ চা বাগানের মানুষ খেতে পাচ্ছে। কিন্তু উনি এটা উল্লেখ করেননি—প্রতি চা শ্রমিক বা চা বাগানের একজন শ্রমিক কতটুকু পাচ্ছেন, এই কথা কিন্তু এই বইতে উল্লেখ করা হয়নি। তাই আমি বলতে চাই, একজন মানুষ ১.২৫ Kg চাল, এবং ৭৫০ গ্রাম

গম পাচ্ছেন—এই চাল এবং গম খেয়ে সারা সপ্তাহ জীবিত থাকতে পারে না বা সারা সপ্তাহ তারা খেয়ে বাঁচতে পারে না। তাই চা বাগানের অর্ধেক মানুষ এখনও না খেয়ে থাকছেন। তাই আমরা অনাহারে মৃত্যু চা বাগানে দেখতে পাচ্ছি। সেই বামফ্রন্টের আমলে অনেক মানুষ মারা গেছেন। সে ৩৫ খানা চা বাগান বন্ধ ছিল। কিন্তু মানুষ আশ করেছিল, পরিবর্তন করেছিল এই সরকারের আমলে যাতে বন্ধ চা বাগান খোলা হোক এবং বন্ধ চা বাগান না হয়—সেই জন্য সরকার পরিবর্তন করেছিল। সে বিগত দিনেও চা শ্রমিক মারা গিয়েছেন এবং আজকেও অনাহারে মৃত্যু হচ্ছে, তা কিন্তু প্রমাণ রয়েছে বর্তমানে। আমরা দেখেছি চাবাগানে সে wage negotiation-এর কথা। সাড়ে তিন লক্ষ থেকে চার লক্ষ শ্রমিক প্রায় ১৮ লক্ষ মানুষ চা বাগানের উপর নির্ভরশীল। সে আট মাস লেগেছিল wage negotiation করতে। যখন সারা ভারতবর্ষে সারা পশ্চিমবঙ্গে মূল্যবৃদ্ধির হার যে জায়গায় পৌঁছেছে সেখানে ৯৫ টাকা মজুরি চা বাগানের শ্রমিকদের নিতে হয়েছে। সে গত কুড়ি তারিখে মন্ত্রী এখানে উপস্থিত ছিলেন, আমরা বলেছি মন্ত্রীকে সে বিগত ২০ তারিখে আমরা দেখলাম wage negotiation হয়েছে। আজকেও চা শ্রমিকের নেতারা ঘুরে বেড়াচ্ছেন, সেই মন্ত্রী থেকে রাজ্যপালের কাছে কিভাবে সেখানে সেই minimum wage লাগু করা হোক। এইভাবে বঞ্চিত রয়েছে চাবাগান।

[5.00—5.10 p.m.]

চা-বাগানে শিক্ষার ক্ষেত্রে বলতে চাই। মুখ্যমন্ত্রীকে নিশ্চয়ই চা-বাগানের মানুষ, উত্তরবঙ্গের হিন্দি ভাষাভাষী মানুষ ধন্যবাদ দেবে এবং তার সঙ্গে আমি নিজে মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ দিতে চাই, ৩৪ বছরে বামফ্রন্ট সরকার যেটা পারেননি, উনি সেটা পেরেছেন, সেই ডুয়ার্সের বুকে হিন্দি কলেজ বানাহাটে করেছেন। নিশ্চয়ই বাহবা দেবার কথা। কিন্তু কলেজে একবারে এই গরীব হিন্দি ভাষাভাষী ছাত্র-ছাত্রীরা যেতে পারে না, তার সঙ্গে দরকার হিন্দি হাই স্কুল, হিন্দি মিডিয়াম হাই-সেকেন্ডারী স্কুল। এই স্কুল সেখানে কিন্তু করা হয়নি। এই ভাষণে রাজ্যপাল সেটা উল্লেখ করেননি। আমি বলতে চাই স্বাস্থ্য পরিষেবার কথা। স্বাস্থ্য পরিষেবার কথা উল্লেখ নেই চা-বাগানের ক্ষেত্রে এই রাজ্যপালের ভাষণে। চা-বাগানে শুধু চা-শ্রমিকরাই থাকে না, সেখানে হাজার হাজার মানুষ থাকে। মিনিমাম একটা চা-বাগানে ৫ থেকে ৬ হাজার মানুষ বসবাস করে। যে ছোট ডিসপেনসারী চা-বাগানে সেখানে চা-শ্রমিকরা সেই সুযোগ পেয়ে থাকে, সেখানকার মানুষ স্বাস্থ্য পরিষেবা পান না। তাই আমি বলি চা-বাগানে বসবাসকারী মানুষদের স্বাস্থ্য পরিষেবার কথা রাজ্যপাল বলতেন তাহলে নিশ্চয়ই বলতাম তিনি সত্য বলেছেন। আর একটা কথা বলতে চাই, চা-বাগানে ঘরের কথা বলি, যখন মুখ্যমন্ত্রী ডুয়ার্সে সফর করেছেন আমরা জমির পাট্টার কথা শুনেছি। চা-বাগানে গরীব মানুষ শ্রমিকদের পাট্টা দেবার কথা বলেছেন। কিন্তু রাজ্যপালের ভাষণ এই বই-এ কোনো উল্লেখ নেই কতজনকে সেখানে পাট্টা দেওয়া হয়েছে। চা-বাগানের মানুষের কতজনকে পাট্টা দেওয়া তার উল্লেখ নেই। তার কারণে সেই চা-বাগানে ইন্দিরা আবাস যোজনা এবং গীতাঞ্জলী প্রকল্পে ঘর নেই। যতটুকু চা-শ্রমিকদের ঘর সেখানে সেই ৫ হাজার মানুষ বসবাস করতে

হচ্ছে। তাই আমি বলব এই জায়গায় সরকার যেভাবে পাট্টার কথা বলেছেন এখানে উল্লেখ নেই। তাই মনে করি এখানে সততা আমি দেখছি না। এখানে নিশ্চয়ই অসত্য কথা বলা হয়েছে। আমি বলতে চাই, পানীয় জলের ব্যবস্থা সেই বামফ্রন্টের আমলে শুনেছিলাম, সমস্ত চা-বাগানের মানুষদের বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা করা হবে। যখন সরকার পরিবর্তন হয়েছিল সবাই আমরা বাহবা দিয়েছিলাম চা-বাগানের মানুষদের জন্য বিশুদ্ধ পানীয় জল খাবার ব্যবস্থা করবে। কিন্তু আজকেও আমরা দেখতে পাচ্ছি সেখানে সেই ঝোরা, নালা এবং কাঁচা কূয়ার জল খেতে হচ্ছে। এই সরকার হয়ত চেষ্টা করছে কিন্তু এখন পর্যন্ত তার কোনো প্রতিফলন চা-বাগানের শ্রমিকদের জন্য দেখতে পাচ্ছি না, এখানে পানীয় জলের কথা উল্লেখ করা নেই। আমি বলতে চাই সেই শিক্ষার সঙ্গে জড়িত, এই বই-এ উল্লেখ করা রয়েছে, রাজ্যপাল যেটা পাঠ করেছেন এখানে এক ঘণ্টা ধরে, প্রত্যেক ব্লকে আই.টি.আই. করা হবে এবং প্রত্যেক মহকুমায় একটা করে পলিটেকনিক করা হবে। কিন্তু দুঃখের সাথে বলতে চাই সেই চা-বাগানে যে অর্থনৈতিক অবস্থা, কি অবস্থায় রয়েছে সেখানকার ছাত্র-ছাত্রীরা, উচ্চ শিক্ষায় শিক্ষিত হতে পারে না তাদের অর্থনৈতিক কারণের জন্য। সেই দিন মমতা ব্যানার্জী মুখ্যমন্ত্রী বলেছিলেন, ডুয়ার্সে যখন নাগরাকাটায় গিয়েছিলেন সেই মেটেলী ব্লকে, নাগরাকাটা বিধানসভার অন্তর্গত, সেখানে একটা আই.টি.আই. কলেজ করা হবে এবং প্রত্যেক ব্লকে ব্লকে, তিস্তার করোনেশান ব্রীজ থেকে কুমারগ্রাম পর্যন্ত একটাও কিন্তু পলিটেকনিক্যাল কলেজ বা আই.টি.আই. করা হয়নি তাই আমি বলতে চাই রাজ্যপাল যদি এই ভাষণে উল্লেখ করতেন কোন কোন ব্লকে ডুয়ার্স হয়েছে তাহলে খুসী হতাম কিন্তু মুখ্যমন্ত্রী যেটা বলেছেন সেটা পরিস্ফুটিত হয়নি এই বই-এ। তাই আমি মনে করি কতটা সততা আছে হাউসে সেটা প্রমাণ হবে। আমি বলতে চাই সেই জি.টি.এ.-র কথা। এখানে যখন জি.টি.এ. আইন তৈরী হয় সবাই মিলে সমর্থন আমরা করেছিলাম এবং ত্রিপাক্ষিক বৈঠকের মাধ্যমে জি.টি.এ. চুক্তি হয়েছিল। এখানে আমাদের পেছনে বসে জি.টি.এ. অধ্যুষিত এলাকার এম.এল.এ. দার্জিলিং অন্য রাজ্যের কথা হয় তখন চেঁচিয়ে চেঁচিয়ে জি.টি.এ. হস্তান্তরের কথা বলেন। আমি মনে করি চুক্তি অনুযায়ী জি.টি.এ.-র ক্ষমতা হস্তান্তর করা না হয় জি.টি.এ. এলাকার উন্নতি ব্যাহত হবে। তারা পেছিয়ে রয়েছে সেটাই দেখা যাচ্ছে। আমি বলতে চাই আই.সি.ডি.এস.-এর কথা। চা-বাগানের প্রচুর মহিলা আই.সি.ডি.এস.-এর সঙ্গে জড়িত। আজকে সেখানে থমকে বসে আছে। আই.সি.ডি.এস.-এর রিক্রুটমেন্ট হচ্ছে না। কারণ কি ? এখানে অনেক সদস্যবৃন্দ বলছিলেন যে, এখানে দলতন্ত্র হচ্ছে। আমি সেটা বলব না, পশ্চিমবাংলার মানুষ বলছেন। ব্লকভিত্তিক কমিটি আই.সি.ডি.এস.-এর সেখানে আমরা বর্তমানে কি দেখেছি ? ১ বছর না পেরোতেই জেলাওয়ারী কমিটি হয়ে গেছে। সেখানে মন্ত্রীকে চেয়ারম্যান করা হয়েছে। সেখানে আই.সি.ডি.এস.-এর রিক্রুটমেন্ট বন্ধ হয়ে রয়েছে। সেই আদিবাসী এলাকায়, উপজাতি এলাকায় সেখানে কিন্তু মেয়েরা পড়াশুনা করে রয়েছে সেখানে আই.সি.ডি.এস.-এ পর্যন্ত ঢুকতে পারছে না। সেখানে আদিবাসীদের কথা বলা হচ্ছে এবং উপজাতিদের কথা বলা হয়। আমি সেখানে দেখতে পাচ্ছি না সেই ট্রাইবাল মানুষদের উন্নতি হয়েছে। পর্যটনের কথা বলি। মুখ্যমন্ত্রী বলেছেন মেগা ট্যুরিজম করবেন

জলঢাকায়। মুখ্যমন্ত্রী বলেছেন, পর্যটনকে উন্নতি করবেন। মুখ্যমন্ত্রী বলেছেন সব ট্যুরিজমের ডেভলপমেন্ট হবে। কিন্তু বাস্তবে তা হয়নি। নিশ্চয়ই হয়েছে। হয়েছে কোনটা ? সেই মেটেলি ব্লকের আন্ডারে সেখানে একটা ঘর হয়েছে। সেখানে এনকোয়ারীর পর আমরা জানতে পারলাম সেখানে হবে কি ? সেখানে পর্যটকরা যখন আসবে সেখানে বসে জল খাবে, সেখানে থাকতে পারবে না। সেখানে খাওয়া-দাওয়া পাওয়া যাবে না। এইভাবে দুটো বিল্ডিং হয়েছে। যদি এই সরকার সেই ডুয়ার্সের বুকে দুটো ঘর করে যদি পর্যটনের উন্নতি দাবি করে, তাহলে ডুয়ার্সের সাধারণ মানুষ সেটা মানবেন না। এই আমার বলার। আমি আর কিছু বলতে চাই না। আমি এটাই বলতে চাই এই সরকার যদি সঠিক দৃষ্টিতে কাজ করে উত্তরবঙ্গে সেই ডুয়ার্সের আদিবাসী এলাকায়, তাহলে নিশ্চয়ই মানুষ সেখানে দেখবে সরকার উন্নতি করেছে। এই বলে সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী জাহানারা খান : মাননীয় স্পীকার স্যার, ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার পঞ্চদশ অধিবেশনের পশ্চিমবঙ্গের মহামান্য রাজ্যপাল শ্রী কেশরীনাথ ত্রিপাঠি গত ১৯শে ফেব্রুয়ারী ২০১৫-তে এই মহতি সভায় ভাষণ দিয়েছেন, তার জন্য ওনাকে ধন্যবাদ জানাই। কিন্তু সরকারের পক্ষে যে লিখিত ভাষণ এবং সরকারের সমর্থনে যে ধন্যবাদ জ্ঞাপন করেছেন, তার বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাই। রাজ্যপালের ভাষণের উপর বলার আগে একটি কথাই বলতে চাই যেটা আমরা চাক্ষুষ গোটা পশ্চিমবঙ্গে দেখছি—পশ্চিমবঙ্গের সংস্কৃতি, আজ আমরা বিধানসভার হাউসের মধ্যেও দেখলাম, আমাদের মহিলা বিধায়ক বলার সময় সরকার পক্ষের বিধায়ক যেভাবে রুচিহীন কটূক্তি করলেন, এটা লজ্জাজনক এবং ধিক্কারজনক। আমরা বিগত দিনেও দেখেছি বিধায়ককে কিরকমভাবে মারছে এবং আজকে তার একটা নতুন নমুনা তার মধ্যে যুক্ত হল। রাজ্যপাল প্রথমেই তিনি আমাদের রাজ্যবাসীকে স্বাধীনভাবে ভোটাধিকার প্রয়োগের জন্য অভিনন্দন জানিয়েছেন। কিন্তু এই ভোটাধিকার কতটা স্বাধীন ছিল তা একটু বিশ্লেষণ করে দেখা যাক। লোকসভা নির্বাচনের প্রস্তুতিপর্বে রাজ্যের বিভিন্ন প্রান্তে সভা, মিছিলের উপর হামলা, শিক্ষক ও শিক্ষা প্রতিষ্ঠানের ও ছাত্র-ছাত্রীদের উপর হামলা, মিথ্যা মামলা দায়ের করা, মহিলাদের শ্লীলতাহানি করা, ধর্ষণ ও মৃতদেহ নিয়ে টানাটানি এ ছিল নিত্য নৈমিত্তিক বিষয়। গত ১৭ই এপ্রিল থেকে ১২ই মে, ২০১৪ পাঁচ দফায় ভোট হয়। কিন্তু গ্রহণ পর্বের আগে থেকে হুমকি চলতে থাকে। নির্বাচনের দিন সন্ত্রাস, বুথদখল, রাগিং চলছে ব্যাপকভাবে। কার্যত লুট হয়েছে মানুষের গণতান্ত্রিক অধিকার। চাকদহে মহিলা কর্মী বেলা দে সন্ত্রাসের ফলে নিহত হন। বাসন্তীর সন্তানসম্ভবা সুরাইয়াও ভোট দেওয়ার অপরাধে আক্রান্ত হন। হাড়োয়ায় চার জন গুলিবিদ্ধ হন এবং কয়েকজন আহত হন। কাঁথি কেন্দ্রে বামপ্রার্থী তাপস সিনহা আহত হন। আহত হন বামপ্রার্থী রাণাঘাটের অর্চনা বিশ্বাস। আমরা সকলেই টি.ভি.-র পর্দায় দেখেছি শাসকদলের মহিলা বিধায়ক প্রিসাইডিং অফিসারকে মারধর করে কিভাবে ছাপ্পা ভোট দিয়েছেন, যা নির্বাচন কমিশনও এফ.আই.আর. করতে বাধ্য হন এবং পরে জামিনও নেন। মহামান্য রাজ্যপাল বলেছেন—রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি

শান্তিপূর্ণ ও নিয়ন্ত্রণের মধ্যে রয়েছে। মহিলাদের উপর আক্রমণের মতো সামাজিক অভিশাপ যেখানেই নেমে এসেছে, আমার সরকার সেখানেই দ্রুত ও অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করেছে। এটা কি সত্য ? স্বাধীনতার ৬৬ বছর পেরিয়ে একবিংশ শতাব্দীতে দাঁড়িয়েও নারীসমাজ সমস্ত অধিকার থেকে বঞ্চিত। সারা বিশ্বে ১২৩টি দেশের মোট জনসংখ্যার মধ্যে নারীরাই হচ্ছে সংখ্যাগরিষ্ঠ। কিন্তু নারীদেরই অকল্পনীয় নির্যাতনের শিকার হতে হয়। আমাদের রাজ্যে রবীন্দ্রনাথ, নজরুল সঙ্গীত কাব্যে বারেবারে উচ্চারিত হয়েছে নারীসমাজের যোগ্য মর্যাদার কথা। ২০১১ সালে এই রাজ্যে সরকার পরিবর্তনের পর থেকে নারী নিগ্রহ, দর্ষণ, ধর্ষিতার খুন, শ্লীলতাহানির ঘটনা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। রাজনৈতিক সন্ত্রাস ও আক্রমণের শিকার মহিলারা। অন্যদিকে ভয়াবহভাবে বিপন্ন নারীর সামাজিক নিরাপত্তা। শিশু-কিশোরী, ছাত্রী, প্রতিবন্ধী, খেলোয়াড়, বিধবা এমনকি ৭০ বছরের মহিলাদেরও নিরাপত্তা নেই এ রাজ্যে। স্কুল-কলেজ, ট্রেন, বাস রাস্তাঘাট, কর্মক্ষেত্র সর্বত্র আক্রান্ত মহিলারা। রাজ্যের রাজধানী এবং সুমহান ঐতিহ্যের অধিকারী আমাদের প্রিয় কলকাতা আজ সারা বিশ্বে ধর্ষণ নগরী বলে খ্যাত।

[5.10—5.20 p.m.]

জাতীয় ক্রাইম রিসার্চ ব্যুরোর ২০১৩ সালের রিপোর্টে নারী নির্যাতনে আমাদের রাজ্য দেশে প্রথম। নারী ধর্ষণে আমাদের দুর্ভাগ্য বাংলার স্থান তৃতীয়। বাংলার ক্রাইমব্যুরোর প্রতিবেদনে প্রকাশিত ২০১০ সালে এর রাজ্যে সম্মান হারিয়েছিলেন ৩২ জন নারী আর ২০১৩ সালে সেই সংখ্যা বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ২৬৩৬। দেশের নারী সমাজের উপর মোট আক্রমণের ১২ শতাংশ সংগঠিত হয়েছে এ রাজ্যে। অতএব এতসব ঘটনা সত্ত্বেও রাজ্য সরকার সম্পূর্ণ উদাসীন। রাজ্যের মুখ্যমন্ত্রী মহিলা হলেও তিনি এতটুকু বিচলিত নন বরং এ সমস্ত তথ্য মিথ্যা বলে উড়িয়ে দিয়ে অসত্য ভাষণ দেন বিধানসভায়। মুখ্যমন্ত্রী ঘটনার তদন্ত না করেই অপরাধীদের আড়াও করার জন্য কখনো বলছেন সাজানো ঘটনা, মিথ্যা ঘটনা, ছোট্ট ঘটনা, কখনো বিরোধীদের চক্রান্তের কথা বলছেন। তিনি ধর্ষিতার রেট ঠিক করে দিচ্ছেন। রাজ্যের পুলিশ প্রশাসন তৃণমূল কংগ্রেসের দলদাসের মতো আচরণ করছেন। বেশীরভাগ ক্ষেত্রে এফ আই আর নেওয়া হচ্ছে না। পুলিশ ডায়েরী তুলে নেওয়ার জন্য চাপ দিচ্ছে। অভিযোগের বয়ান পাল্টে দেবার হুমকি দিচ্ছে। কয়েকটি ক্ষেত্রে পুলিশ আধিকারিকরাও এই ঘৃণ্য কাজের সঙ্গে যুক্ত। দিল্লীর নির্ভয়া কাণ্ডে অপরাধীদের শাস্তি হলেও এরাজ্যের অপরাধীরা শাস্তি পাচ্ছে না। ফলে অপরাধীরা উৎসাহিত হচ্ছে। তাই তো পার্ক স্ট্রীট, কামদুনি, মধ্যমগ্রাম, লাভপুর, সুঁটিয়ে, ধূপগুড়ি, গেদে, বারাসাত, মুক্তিরচক, বীরভূমের পাড়ুই-র মতো নৃশংস ঘটনার মূল অপরাধীরা আজও ধরা পড়েনি। আমি যে জেলায় থাকি সেই বর্ধমান জেলাতে গত সাড়ে তিন বছরে মহিলা খুন হয়েছে—পূর্ণিমা ঘড়ুই, মুন্দাকলা রাই, আসমিরা বেগম দুজন প্রাক্তন বিধায়ক—প্রদীপ তা এবং দিলীপ সরকার। জেলা জুড়ে বেশ কয়েকজন মহিলাকে মিথ্যা মামলায় ফাঁসানো হয়েছে এবং বাড়ি ছাড়তে বাধ্য করা হয়েছে। সম্প্রতি নবাবহাটে স্কুল ছাত্রী ধর্ষণের মামলা চলাকালীন তৃণমুলী দুস্কৃতীরা সাক্ষীদের ভয় দেখিয়ে মামলা তোলার জন্য চাপ দিয়ে চলেছে। এমনকি ছাত্রীর মা-বাবার বসতবাড়িতে আগুন

ধরিয়ে চাপ সৃষ্টি করছে। পুলিশ প্রশাসনের কাছে অভিযোগ করেও সুফল পাওয়া যায় না। রাজ্য সরকারের স্বরাষ্ট্র সচিব ডেপুটেশন নেন না। রাজ্যের মন্ত্রীরা মহিলাদের নামে অত্যন্ত কুরুচিপূর্ণ, অশালীন, অসভ্য, বর্বর ভাষা ব্যবহার করেছেন যা সমগ্র নারীসমাজের কাছে অপমান। বর্তমানে রাজ্যে নারী কমিশন টি এম সি সরকারের হাতের পুতুল হয়েছে। রাজ্য মানবাধিকার কমিশন সম্পূর্ণ নিষ্ক্রিয়। এমনকি মহামান্য রাজ্যপালও বারেবারে সব ঘটনা শুনে অদ্ভুতভাবে নীরব থাকেন। মহামান্য রাজ্যপাল সরকারী উদ্যোগে বাণিজ্য সম্মেলনের কথা বলেছেন। আমরা তা সাধুবাদ জানাই। কিন্তু বাণিজ্য সম্মেলন চলাকালীনই বন্ধ হয়ে যায় হলদিয়ার ১টি কারখানা।

মিঃ স্পীকার : পুরোটা দেখে পড়বেন ? কিছুটা নিজে বলুন। পুরোটা দেখে না পড়ে নিজেই বলুন।

শ্রীমতী জাহানারা খান : এটা আমারই নিজেরই, স্পীকার স্যার। অন্য কারও নয়।

মিঃ স্পীকার : লিখিত ভাষণ পুরোটা দেখে পাঠ করা যায় না। পুরোটা না দেখে পড়াটাই ভালো।

শ্রীমতী জাহানারা খান : বর্তমানে রাজ্যসরকারের আমলে কাঁচামালের অভাবে ও বিদ্যুতের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির জন্যে ইতিমধ্যে বর্ধমান জেলাতেই প্রায় ৩০টি শিল্প কারখানা বন্ধ হয়ে গেছে।.....(নয়েজ)..... এর মধ্যে আছে আমাদের জামুরিয়ার শ্যামসুয়েল কারখানায় যে তোলাবাজদের ঘটনা তা আপনারা সকলেই জানেন। ম্যাট্রিক্স কারখানায় যে সার উৎপাদন করার কথা বলা হয়েছিল সেটাও হয়নি।

কাটোয়া তাপবিদ্যুৎ কেন্দ্রের কাজ এক কদমও এগোয়নি। এর মধ্যে জিন্দাল ও অভিজিৎ যে সমস্ত কোম্পানি আসার কথা ছিল তারও কোনো কাজ হয়নি। এই সময়ের মধ্যে নতুন শিল্প রাজ্য সরকার, মুখ্যমন্ত্রী বহু মিথ্যা প্রতিশ্রুতি দিয়েছেন। কিন্তু তা সত্ত্বেও একটাও স্থাপিত হয়নি। যা ক্ষীণ প্রচেষ্টা চালিয়েছিলেন, আমাদের শাসকদলের সমাজ-বিরোধীদের তোলা আদায়, গুণ্ডামি এবং সিন্ডিকেটের অত্যাচার সেই সম্ভাবনাকে আরও বিলীন করেছে।

মিঃ স্পীকার : বাকিটা আপনি নিজেই বলুন না, পারবেন আপনি বলতে।

শ্রীমতী জাহানারা খান : কুড়ি-বাইশ বছর ধরে যারা কারখানায় কাজ করছিলেন তারাও আজকে কর্মহীন হয়ে পড়েছে।.....(নয়েজ).....

স্যার, আমি তো আর প্রথম নয়, আমার আগে তো সবাই বলেছেন।

মিঃ স্পীকার : আপনি নিজে বলুন। লিখিত ভাষণ পুরোটা পাঠ করবেন না। আপনাদের লিডার বসে আছেন, উনি জানেন। পুরো লিখিত ভাষণ কেউ পাঠ করেনি।

শ্রীমতী জাহানারা খান : সরকারের পক্ষে যখন বলেছে তখন তো বলা হয়নি।

মিঃ স্পীকার : পুরো লিখিত ভাষণ কেউ পাঠ করেনি। আপনি বলুন না, আপনি নিজেই পারবেন বলতে।

শ্রীমতী জাহানারা খান : আমরা দেখেছি, তাদের একমাত্র অপরাধ তারা সি পি আই এম করে। তার জন্য তাদের কাজ থেকে ছাড়িয়ে দেওয়া হয়েছে। আমরা দুর্গাপুর ইস্পাত কারখানাতে দেখেছি সাড়ে তিন হাজার শ্রমিককে কর্মচ্যুত করা হয়েছে। তাদের পরিবারগুলিকে অনাহারের দিকে ঠেলে দেওয়া হয়েছে। চা-বাগানের শ্রমিকদের মৃত্যু মিছিল চলছে। কৃষকরা ফসলের দাম পাচ্ছে না। তারা রাস্তা-ঘাটে ফসল ফেলে তার বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করছে। একদিকে শয়ে শয়ে কৃষক আত্মহত্যা করছে অন্যদিকে আমরা দেখছি চিটফান্ড কাণ্ডে কোটি কোটি টাকা নয়-ছয় হচ্ছে। রাজ্যের একজন মাননীয় মন্ত্রী জেলে বসে আছেন অথচ মন্ত্রিত্ব নিয়ে আছেন। এই সমস্ত কথা তো আমরা ভাষণে দেখলাম না। অথচ দেখছি মহামান্য রাজ্যপাল বিভিন্নভাবে বিভিন্ন প্রকল্পের কথা ঘোষণা করেছেন। কোটি কোটি টাকা ব্যয় করা হচ্ছে সারদা কাণ্ডকে বন্ধ করার জন্য। তার জন্য ১২ কোটি টাকা নষ্ট করলেন। অথচ আমাদের পশ্চিমবঙ্গের অনেক বিধবা মহিলা, যারা পেনশনের ওপর নির্ভর করে আছেন। যারা বিভিন্ন ভাতা পান তাদের তা ঠিকভাবে দেওয়া হচ্ছে না। মহামান্য রাজ্যপালের ভাষণে যদি এই সমস্ত কথা দু-কলম থাকত তাহলে জানতাম হ্যাঁ সত্যি কথা, ঘটনা এই ভাষণের মধ্যে রেখেছেন। তাই আমি রাজ্যপাল মহাশয়ের এই ভাষণের সঙ্গে একমত না হয়ে আমার কথা এখানে শেষ করছি। ধন্যবাদ।

শ্রী অশোক ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, রাজ্যপাল শ্রীকেশরীনাথ ত্রিপাঠী মহাশয় ১৯শে ফেব্রুয়ারী এই সদনে যে ভাষণ রেখেছেন তাকে পূর্ণ সমর্থন করছি এবং সমর্থনের সঙ্গে সঙ্গে দু-একটি কথা আমি বলতে চাইছি আমার সময়সীমার মধ্যে।

স্যার, প্রথমেই বলি, লেখা-পড়া যদি আপনি অ্যালাউ করতেন, লিখে বলা যাবে এখানে তাহলে আমিও একটু ভালো করে গুছিয়ে লিখে আনতাম। বারোআনা হয়ে যাওয়ার পরে আপনি ডিজ-অ্যালাউ করলেন।

মিঃ স্পীকার : আপনি বলুন, নিজের মতো বলুন। Please. অন্যের সম্বন্ধে না বলাই ভালো।

শ্রী অশোক ঘোষ : একটা জিনিস পরিষ্কার, অনেকে, বিশেষ করে বিরোধী দলের মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির যাঁরা আছেন, বিশেষ করে সুশান্তবাবু, কালকে বক্তৃতাটা মন দিয়ে শুনছিলাম, পশ্চিমবঙ্গে শান্তিপূর্ণ আইন-শৃঙ্খলা সম্বন্ধে মহামান্য রাজ্যপাল যা বলেছেন সেটা নাকি ভুল হয়েছে, উনি বলেছেন, ওনাদের পছন্দ হয়নি। হতেই পারে। কিন্তু National Crime Bureau-র প্রকাশিত তথ্য অনুযায়ী শহরে মহিলাদের নিরাপত্তা, নথিভুক্ত অপরাধের বিচারে দিল্লী, মুম্বাই, ব্যাঙ্গালোর, আমেদাবাদের তুলনায় কলকাতা নিচের দিকে রয়েছে। মাননীয় সূর্য্যবাবু চলে যাচ্ছেন, শুনে গেলে ভালো করতেন। আইন-শৃঙ্খলা নিয়ে সুশান্তবাবুর মতো মাননীয় বিধায়ক, যাঁর অতীত কীর্তি সারা ভারতবর্ষের মানুষ জানে তিনি আমাদের দিকে আঙুল তুলেছেন। শুধু একটাই কথা বলি,

'তুমি মহারাজ সাধু হলে আজ, আমি আজ চোর বটে'। এই সুশান্তবাবুর কীর্তি, মাননীয় বিধায়ক, পশ্চিমবাংলার পুরনোদিনের সংবাদপত্রগুলো যদি আমরা খুলি তাহলে দেখতে পাব এখনো বোধহয় খুঁড়লে দু-চারটে কঙ্কাল পাওয়া যাবে। যাঁরা মেরে মানুষকে মাটির নিচে পুঁতে দিত তাঁরা আজকে আইন-শৃঙ্খলার কথা বলছেন তৃণমূলের বিরুদ্ধে।

স্যার, আমি শুধু আরেকটা কথা মনে করিয়ে দিই। বাংলাদেশে মাননীয়া মুখ্যমন্ত্রীর সফর নিয়ে, আমাদের একজন গায়ক ভুল গান গেয়েছেন। জাতীয় সঙ্গীত নাকি ভুল হয়েছে। সঙ্গে সঙ্গে সংশোধন হয়েছিল। কিন্তু সেটাকে নিয়ে রবীন্দ্রনাথ সম্বন্ধে যে উচ্ছ্বাস, রবীন্দ্রনাথ সম্বন্ধে অনেক আনন্দাশ্রু দেখতে পেয়েছিলাম, এতবড় একজন কবিকে অপমান করা হয়েছে। এই কবি কে স্যার ? বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর। ওনাদের চোখে কী ছিলেন ? বুর্জোয়া কবি। রবীন্দ্রনাথ সম্বন্ধে আজকে ধ্যান-ধারণা পাল্টেছে, বুর্জোয়া কবি আজ বিশ্বকবি হয়েছে। আনন্দাশ্রু বেরিয়েছে। খুব ভালো খবর।

[5.20—5.30 p.m.]

কিন্তু আমি এদেরকে মনে করিয়ে দিতে চাই, অতীতে একের পর এক ভুলের সংশোধন করেছেন। যেমন একটু আগে অক্ষয়বাবু বলছিলেন নেতাজীর কথা। পাশাপাশি বসে আছেন ওদেরকে নিয়েই। সেই নেতাজীকে এরা তোজোর কুকুর বলেছিল। সুতরাং সেক্ষেত্রেও কিন্তু এরা সহ্য করে পাশাপাশি ঘর করছেন। কোচবিহারে এনাদের কৃষক সংগঠনের উপর গুলি করে কৃষক হত্যা হল সি পি এমের আমলে, পাশাপাশি করতে হবে উপায় নেই। যাবে কোথায় ? আস্তাকুঁড়েতে এমনিই চলে গেছে। স্যার, আপনি একটা জিনিস লক্ষ করবেন যে সারা পশ্চিমবাংলায় দুরবীনের আকাল পড়ে গেছে। দুরবীন মানুষ খুঁজে পাচ্ছে না। কেন ? এত দুরবীনের জন্য মানুষ ছুটছে যে দুরবীন দিয়েও তিনটি দলকে দেখতে পাচ্ছে না। দেখতে হচ্ছে দুরবীন দিয়ে। কৃষ্ণগঞ্জ এবং বনগাঁ—এই নির্বাচনের পরে এদের দুরবীন দিয়ে দেখতে হচ্ছে। তারপরেও এরা এখানে এসে চিৎকার করছে। বেঁচে আছে মিডিয়া। মিডিয়াতে কয়েকজন মানুষ সেজেগুজে বসে থাকেন। দেখবেন মিডিয়া সেই মানুষগুলোকে সামনে নিয়ে আসছে। আচ্ছা ঠিক আছে—অমুক কি বলেন শুনুন, অমুক কি বলেন শুনুন। এই হচ্ছে এদের অস্তিত্ব। আর যারা এখানে মিডিয়াতে বসছে বেশিরভাগ জায়গায় তারা যখন নির্বাচনে দাঁড়িয়েছে সেই মানুষগুলো জামানত হারিয়েছে। মানুষ তাদেরকে প্রত্যাখ্যান করেছে। তারা কিন্তু মিডিয়া জমজমাট করে বসে আছে। সেই জন্যই এরা কোড করছে। এদের অবস্থা এমন একটা জায়গায় গেছে দুরবীন এরাও কিনেছে স্যার, এই কারণে বলছিলাম সংবাদপত্র সকালে পড়তে হয় এদের। সংবাদপত্র পড়ার সময় দেখে কোথায় ধর্ষণ হয়েছে, কোথায় শ্লীলতাহানি হয়েছে চল মিডিয়ায় যাই। চল একটা মিছিল করি। মিছিল করার ক্ষমতা নেই। লোকসংখ্যা অনেক কমে গেছে। এই দুরবীনের আকাল এদের জন্যই হয়েছে। আজকে পার্কস্ট্রিট নিয়ে চেঁচাচ্ছিলেন, পার্কস্ট্রিট শেষ। তারপর চেঁচাল বারাসাত নিয়ে, বারাসাত শেষ। কামদুনি নিয়ে কিছুদিন ছিঁচকাঁদুনি হল। সেটাও শেষ। এখন ইস্যুর জন্য বসে আছে। কবে, কোথায় কি হবে ? মাঠে নামতে পারছে না। বনগাঁ রিফিউজি

করেছে। কৃষ্ণগঞ্জ তাড়িয়ে দিয়েছে। যায় কোথায় ? এদের অবস্থা এরকম জায়গায় এসেছে। অক্ষয়বাবুর কথা শুনছিলাম মন দিয়ে। সাংবাদিকদের প্রহার করা হচ্ছে। তৃণমূল গুণ্ডারা নাকি সাংবাদিকদের প্রহার করছে। চুল তো পেকেছে, বয়স তো হয়েছে, অক্ষয়বাবু বয়স্ক মানুষ। মনে আছে, ১৯৭৭ সালে যখন বামফ্রন্ট প্রথম ক্ষমতায় এল, আনন্দবাজার খুলে দেখেছিলেন ? আমরা রক্তাক্ত, আমরা আক্রান্ত। কারা গিয়ে আনন্দবাজার অফিস ভাঙচুর করেছিল ? আমরা করিনি। আপনারা করেছিলেন। আজকে সাংবাদিকদের জন্য চোখের জল ফেলছেন। আপনারা পথ দেখিয়েছিলেন। আজকে পার্কস্ট্রিটের ঘটনায় আপনারা চিৎকার করছেন। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী কবে নাকি বলেছেন ঠিক আছে, এরকম তুচ্ছ ঘটনা ঘটে। মাননীয় জ্যোতিবাবু উপর থেকে হাসছেন আপনাদের দিকে চেয়ে। বানতলায় যখন ঘটনা ঘটল, সেই বানতলার ঘটনা যখন রাইটার্সে জিজ্ঞাসা করা হল মাননীয় মুখ্যমন্ত্রী আপনি বলুন এ ব্যাপারে আপনার কি রিমার্ক ? এরকম ঘটনা ঘটতেই পারে। ভুলে গেছেন পশ্চিমবাংলার মানুষ ? যারা মার্কসবাদী করতেন, সিপিএম করতেন। জ্যোতিবাবুর সেই উক্তি বের করুন। জ্যোতিবাবুর উক্তি বের করে পুরনো জায়গায় দেখে যান। স্যার, একটা জিনিস আমি শুধু এদের বলতে চাই সমালোচনা করুক আপত্তি নেই। সমালোচনা না করলে দলে এরা থাকতে পারবে না। না, এরা তৃণমূলের বিরুদ্ধে কিছু বলেনি। কিন্তু ভালো দিকগুলো দেখুন। সেটা নিয়ে বলছেন না কেন ? মুখ্যমন্ত্রী সাড়ে তিন বছরে পশ্চিমবাংলার মানুষের জন্য কিছু করেননি ? একজন কোনো বক্তা উদাহরণ রাখলেন ? যে না, মুখ্যমন্ত্রী এটা যেটা করেছেন এই এই কাজ ভালো হয়েছে । না সেই এক কামদুনি আর পার্কস্ট্রিটের ছিচকাঁদুনি। স্যার, নর্মদাবাবু আছেন। নর্মদাবাবুর বক্তৃতা আমি শুনলাম। পশ্চিমবাংলাকে নাকি আমরা সাড়ে তিন বছরে শ্মশানে পরিণত করে দিয়েছি। স্যার, ৩৪ বছরে এত শ্মশান হয়েছে, এক ছটাক জায়গা নেই যে আমরা নতুন করে শ্মশান করব। টোটাল রাজত্ব শ্মশানে পরিণত হয়ে গিয়েছে। আমি নতুন করে কি করব। আমি শুধু আপনাদের কাছে বলতে চাইছি, রাজ্যে আমরা গর্বের সঙ্গে বলছি ২০১১ সালের মে মাসে আমাদের বাংলার অগ্নিকন্যা মমতা ব্যানার্জী মুখ্যমন্ত্রী হবার পরে যে যে উন্নয়নমূলক কর্মসূচি হয়েছে, দয়া করে এখনো কালকের দিনটা আছে, সতীর্থ বন্ধুদের বলবেন, সূর্যবাবু চলে গেলেন হয়তো কাল বলবেন। কোথায় ভুলটা হল। রাজ্যপাল যেটা বললেন, নিরাপদ শহর। অন্যায় নয়। রাজ্যপাল বলছেন, আপনারা কথায় কথায় বলেন পুলিশ তুমি দলদাস হয়ে গেছো। আপনাদের স্লোগান মনে আছে, "পুলিশ তুমি যতই মার, মাইনে তোমার ১১২।" সেই সিদ্ধার্থ রায়ের আমলে। আজকে সেই পুলিশ দলদাসে নয়, তাদের কথা মানুষ ভাবছে। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী ভেবেছেন। এরাও সাধারণ মানুষ। আজকে তাদের জন্য প্রত্যাশা নামক নিজস্ব মালিকাধীন বাড়ি তাদের জন্য করে দেওয়া হয়েছে। অন্যায়টা কোথায় হল ? পুলিশের জন্য করা হচ্ছে না। সাধারণ মানুষের জন্য ভাবা হচ্ছে না। আজকে শিক্ষা—বার বার ওই টি.ভি.-তে দেখছেন যাদবপুর, যাদবপুর, কল্যাণী, কল্যাণী—আপনাদের শেষ। তার মানে পশ্চিমবাংলায় শিক্ষা শেষ হয়ে গেছে। আরম্ভ হয়ে গেল আপনাদের চিৎকার। আরম্ভ হয়ে গেল ছিঁচকাঁদুনি। আজকে স্যার, আমি আপনার মাধ্যমে বলছি বিশেষ করে যারা বসে

আছেন এদেরকে জানাতে চাই, রাজ্যে ৪৫টি নতুন কলেজ স্থাপিত হয়েছে এবং ১৩টি বিশ্ববিদ্যালয়। এর সঙ্গে সঙ্গে ১৮৫টি নতুন প্রাথমিক বিদ্যালয়, ৩৩৭টি নতুন উচ্চ প্রাথমিক বিদ্যালয় অনুমোদন পেয়েছে। এটা কি কাজ নয় ? সাড়ে তিন বছরে এটা কোনো উন্নয়ন নয় ? ভাববেন, আপনারা অনেক কিছু ভাবেন। স্যার, আর একটা কথা বলি, আমি বুঝতে পারছি আপনাদের অবস্থাটা। খুবই সঙ্গীন হয়ে গেছে। আজকে কন্যাশ্রী—আনিসুর রহমান সাহেব একটা প্রশ্ন করেছিলেন, তার উত্তরে আমাদের মাননীয় মন্ত্রী বলেছেন অন্তর্ভুক্তের সংখ্যা কন্যাশ্রীতে কত ? ৩০শে সেপ্টেম্বর, ২০১৪ অবধি ১৯ লক্ষ ৭৪ হাজার ৭৬২ জন। এটা বলবেন না যে কন্যাশ্রী নিয়ে, এই কাজটা এত ভালো হয়েছে। মিডিয়ার কথা ছেড়ে দিন কিন্তু আপনারা এখানে এসে বলছেন না কেন এই কাজটা ভালো হয়েছে। স্যার, উত্তরবঙ্গ উন্নয়ন—যারা উত্তরবঙ্গের মানুষ তারা জানেন। সত্যি বুকে হাত দিয়ে বলুন মাননীয়া মুখ্যমন্ত্রী উত্তরবঙ্গ উন্নয়ন করছেন কি না, আজকে বলুন জ্যোতিবাবু থেকে শুরু করে বুদ্ধবাবু অবধি দার্জিলিংয়ের ওই জায়গায় যেতে সাহস করতেন। রাজীব গান্ধী দিল্লি থেকে এসে জ্যোতিবাবুর হাত ধরলেন, বললেন চলো পাহাড়টা ঘুরে আসি। ভয়ে উনিও যাননি। বুদ্ধবাবুর কথা ছেড়ে দিন। ও তো পাম অ্যাভিনিউ থেকে পার্টি অফিস এই তো তার দৌড় ছিল। আমাদের মুখ্যমন্ত্রী সাড়ে ৩ বছরে কতবার গেলেন বলুন ? লাইফ রিস্ক করে তিনি কতবার সেখানে গিয়ে ওদের সঙ্গে বসে, আলোচনা করে সেই সমস্যার সমাধানের চেষ্টা করেছেন। আছে কোনো উদাহরণ আছে আপনাদের। বলুন, এই জিনিস আজকে অল্প সময়ের মধ্যে এই যে উত্তরবঙ্গের জন্য পৃথক সচিবালয় উত্তরকন্যা নির্মাণ করছেন। এছাড়াও নানান উন্নয়নের কর্মযজ্ঞ আছে।

[5.30—5.40 p.m.]

আজকে রাজস্ব আয়, এত টাকা কেটে নিয়ে গেছে, আপনাদেরই ধার করা। কেটে নেওয়া সত্ত্বেও পশ্চিমবঙ্গে দিনের পর দিন উন্নয়নের যজ্ঞে আমরা এগিয়ে চলেছি। আজকে এই সরকারের আমলে রাজস্ব আয় উত্তরোত্তর বৃদ্ধি পেয়েছে। কিন্তু এই আয় আমরা উন্নয়নের কাজে ব্যবহার করতে পারছি না। কারণ বেশিরভাগটাই কেন্দ্রীয় সরকার কেটে নিয়ে যাচ্ছে। তার জন্য আপনাদের কোনো অনুতাপ নেই, অনুশোচনা নেই। এই জিনিসটা আপনারা করে গেলেন। এই সুদের টাকা আমাদের চলে যাচ্ছে, থাকলে আরও বেশি কাজ এখানে হতে পারত। কিন্তু আমরা করতে পারিনি। আজকে ২০১৪ সালের সর্বকালীন রেকর্ড হয়েছে। এই সরকার ফসল উৎপাদনে তিন বছর ধরে রাজ্য সরকার কৃষিকর্মণ পুরস্কার দিয়ে আসছে। মহাত্মা গান্ধী জাতীয় কর্মসংস্থান প্রকল্পে ২৩.১৫ কোটি শ্রমদিবস তৈরি হয়েছে। বিগত তিন বছর নয় মাসে ৬৮০৪ কিলোমিটার রাস্তা তৈরী হয়েছে। কাজ হয়নি ? খালি সমালোচনা, খালি সমালোচনা। আমি শুধু আপনাদের একটা কথা বলি সমালোচনা করুন কিন্তু ভালো জিনিস যেটা হচ্ছে সেটা স্বীকার করার মতো সৎ সাহস রাখুন। মেরুদণ্ড সোজা করে বলুন যে হ্যাঁ, এই কাজটা ভালো হচ্ছে। সেটাও বললে হয়তো পার্টি থেকে তাড়িয়ে দিতে পারে, সে ভয়ও আছে। যাক, সেটা চেষ্টা করুন। আর স্বাস্থ্যের ব্যাপারে বলছেন। যান পি.জি. হসপিটালে যান, অন্য কোথাও যেতে হবে না। পি.জি. হসপিটালে ঢুকুন, হাওড়া

হাসপাতালে ঢুকুন, কলকাতার যে কোনো হসপিটালে যান। হসপিটালগুলোর আজকে কি অবস্থা দেখুন। আগে তো ছিল আপনার যেত দু-পায়ে, আসতো চার পায়ে। এখন সেই হসপিটালগুলোর অবস্থা মাননীয় মুখ্যমন্ত্রী নিজের তত্ত্বাবধানে নিয়ে উন্নয়ন ঘটিয়েছেন। আজকে সেই জায়গায় হাসপাতাল থেকে দেখেছি আমরা রোগের পরীক্ষা, ওষুধ, শয্যা ব্যবস্থা সব মিলিয়ে এই সমস্ত মানুষ বিনা পয়সায় চিকিৎসা পাচ্ছেন। ওষুধের দাম একদম কমিয়ে দেওয়া হয়েছে। আর আপনারা বলছেন উপকার হচ্ছে না। স্যার, এই জন্যই আমি আপনাকে বলছি যে এরা শুধু সারদা নির্ভর করে রাজ্যের বিচার করছে। সারদা, সারদা, সারদা, এদের ভয়ে সারদা দক্ষিণেশ্বর পালিয়ে গেছে। সারদা বাইরে নেই, সারদা আপনাদের ভয়ে লুকিয়ে দক্ষিণেশ্বরে বিশ্রাম নিচ্ছে। প্রতিটি কাজ যেটা হচ্ছে, আপনাদের কাছে আমার অনুরোধ এই কুৎসা প্রচার সত্ত্বেও দু'লক্ষ কোটির বেশি শিল্প বিনিয়োগ রূপায়িত হয়েছে এবং প্রস্তাবিত হয়েছে। এগুলো উপলব্ধি করুণ। পরিশেষে বলি 'শিক্ষাশ্রী', 'কন্যাশ্রী', 'যুবশ্রী', পাহাড় জঙ্গলমহল, মা-মাটি-মানুষের শ্রী। কুৎসাকারী মিডিয়া আর বিরোধীরা হবেন হতশ্রী। আমাদেরই বরণ করবে শহর, নগর, পল্লীশ্রী। স্যার, পরিশেষে আমি আপনাকে ধন্যবাদ দিই আমাকে বলার সুযোগ দেওয়ার জন্য এবং এ থোঁতা মুখগুলো ভোঁতা করতে পেরেছি এটাই আমার আনন্দ। নমস্কার।

শ্রী অরুণ মহাপাত্র : শ্রদ্ধেয় অধ্যক্ষ মহাশয়, ১৯ তারিখে রাজ্যপাল যে ভাষণ এখানে দিয়েছেন, যা লিপিবদ্ধ হয়েছে তাতে অনেক অসত্য কথা আছে। কিন্তু সত্য থাকলেও অনেক অসত্য কথা আছে। শোভনবাবু, আপনি বয়স্ক লোক। আপনি নিজে পড়ে বুঝতে পারবেন যে তাতে অনেক সত্য কথা বলা আছে। যাই হোক, আমি একটা কথা বলছি যে এই জিনিস সমর্থনযোগ্য নয়। একটা সরকারকে বিচার করতে হয় তার কাজকর্মের ভেতর দিয়ে। আপনাদের অনেক মন্ত্রীও, যাদের দপ্তরের কথা বলব, তারাই এখানে নেই। যেমন ধরুন আপনাদের খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয়বাবু, তিনি বলেছিলেন প্রথম মন্ত্রী হওয়ার পরে যেন বিপ্লব হয়ে গেল। আমি তাঁর কয়েকটি মিটিংয়ে গেছি। রাজ্যে যেন তিনি খাদ্যের বন্যা বইয়ে দেবেন। কৃষকের অবস্থা খুব ভালো করে দেবেন। আজকে তিনি হাউসে নেই। কিন্তু কৃষককের কি অবস্থা ? আজকে কৃষক কোথায় ধান বিক্রি করবে ? কেন্দ্রীয় সরকার দর বেঁধে দিল। FCI কোনো সেন্টার খুলল না। রাজ্য সরকার কোনো সেন্টার খুলল না। কাকে আপনারা দায়িত্ব দিলেন। দায়িত্ব দিলেন যারা নিল না। যারা কর্পোরেট সেক্টরের ছোটো ভাই। কেন্দ্র কর্পোরেট সেক্টার চালাচ্ছে আর তার ছোটো ভাইরা এই রাজ্যটা চালাচ্ছে। এই হচ্ছে ঐতিহাসিক পরিহাস। আজকে চাষির ঘরে ধান বিক্রি হবে না। আমি বলছি আপনাদের আপনারা ভাবুন এরপর চাষ বন্ধ হয়ে যাবে। এরপর বরো ধান উঠলে মাঠেই ধান লোকে ফেলে দিয়ে আসবে। ধান কিনবার লোক থাকবে না। এই তো অবস্থা দাঁড়িয়েছে। এই একটা দপ্তরের হাল। রাজ্যপালের ভাষণে আমি দেখলাম—আপনারা তো সবসময় বলছেন যে টাকা নেই। টাকা ধার করে গেছে আগের সরকার তার দায়ভার আমাদের বহন করতে হচ্ছে। আচ্ছা একটা প্রকল্প মঞ্জুরী আছে কেন্দ্রীয় সরকারের। আমার

কন্সটিটিউয়েন্সির পাশে, সুবর্ণরেখা ব্যারেজ প্রকল্প। প্রায় আড়াই হাজার কোটি টাকা খরচ হবে। দশটা ব্লকে আড়াই হাজার হেক্টর জমিতে সেচের ব্যবস্থা হবে। তার যে মঞ্জুরীতে বলা আছে ৯০ ভাগ টাকা কেন্দ্রীয় সরকার বহন করবে। ১০ ভাগ টাকা রাজ্য সরকারকে দিতে হবে। সেই প্রকল্পের উল্লেখ এই বাজেট বক্তৃতায় নেই। রাজ্যপালের যে বক্তৃতা তাতে নেই। কেন নেই ? সেই প্রকল্পতে কি টাকা লাগছে না ? কি তার অগ্রগতি ? কি ব্যাপার—সেটা নেই। সেচমন্ত্রী এখানে নেই, রাজীববাবু। তার কোনো উল্লেখ নেই। কি হবে দশটা ব্লকে—পূর্ব মেদিনীপুরে পাঁচটা ব্লক আর পশ্চিম মেদিনীপুরে ছয়টা ব্লক। আড়াই হাজার হেক্টর জমিতে চাষের ব্যবস্থা হত। আমি কয়েকবার চিঠি দিয়েছি রাজীববাবুকে। এর আগেও বিধানসভায় তুলেছি যে এই প্রকল্পটা করুন, এত ভালো প্রকল্প। যেটা করলে রাজ্যের চাষিরা উপকৃত হবে। চাষ উপকৃত হবে। সেই প্রকল্পের ৯০ ভাগ টাকা কেন্দ্রীয় সরকার দেবে। কিন্তু আপনারা সেটা করছে না। তাহলে কি করে বলব যে আপনাদের সদিচ্ছা আছে করার, নেই। আমি সুব্রতবাবুকে দিয়েছি কয়েকটা রাস্তার ব্যাপার। এখনো পর্যন্ত সেই রাস্তাগুলোর টেন্ডার হচ্ছে না। তিনি একটা রাস্তার টেন্ডার করে দিয়েছিলেন। সেটার অর্ধেক কাজ হয়ে অর্ধেক বন্ধ হয়ে আছে। কেন বন্ধ আছে ? আপনাদের লোকেদের দাপটে বন্ধ হয়ে গেছে। নাম চাইলে আমি বলে দেব। সুব্রতবাবুকে আমি বলেছি যে এই রাস্তাটা বন্ধ হয়ে গেছে অর্ধেক হয়ে। এটা করলে আমার কন্সটিটিউয়েন্সির ১১টা রাস্তা আছে। তার কোনো কাজ আরম্ভ হচ্ছে না। প্রাইম মিনিস্টার যোজনা সেটা কেন্দ্রীয় সরকারের টাকা, হচ্ছে না। কেন হচ্ছে না ? এই শিল্প—আপনারা অনেক দামামা বাজালেন শিল্প হবে। কই শিল্প ? শিল্পটা কোথায় ? এই তো সিঙ্গাপুর গেলেন, মুম্বাই গেলেন, আবার মুম্বাইতে মুকেশ আম্বানীকে সন্তুষ্ট করবার জন্য এরোপ্লেনে মুর্শিদাবাদ থেকে মিষ্টি নিয়ে গেলেন মুখ্যমন্ত্রী। মুর্শিদাবাদ থেকে মিষ্টি গেল প্লেন ভাড়া করে। মুর্শিদাবাদ থেকে মিষ্টি গেল, মুকেশ আম্বানী সেই মিষ্টি খেয়ে আমাদের পশ্চিমবঙ্গে শিল্প করবেন ? করলেন ? একটাও শিল্প না। একটা টাকাও মুকেশ আম্বানী দিল না। সিঙ্গাপুর গেলেন কি হল ? আপনাদের দেশের কথা ভাববার দায়িত্ব দেশের লোক দিয়েছে। আপনাদের ভাবতে হবে। আজকে হাজার হাজার লোক ঘুরে বেড়াচ্ছে, বেকার—তাদের কি হবে ? শিল্প না হলে কাজের অগ্রগতি হবে ? এই তিন বছর নয় মাসে একটাও শিল্প স্থাপন হয়নি। একটাতো হয়নি। যা হয়েছিল আগে। যে জল বামফ্রন্ট ভর্তি করেছিল সেটাকে আপনারা চালিয়ে দিচ্ছেন।

[5.40—5.50 p.m.]

আপনাদের নিজেদের কাজ আপনারা দেখান কি করেছেন। কোথায় শিল্প করেছেন, কোথায় বিদ্যুৎ কেন্দ্র করেছেন, যে বিদ্যুৎকেন্দ্রগুলি আগে হয়েছিল, সেই বিদ্যুৎকেন্দ্রগুলি চলছে। কিন্তু আপনারা কি করেছেন ? এই তিন বছর ৯ মাসে কি করেছেন ? শুধু বাক্যবাণ বর্ষণ করেছেন—বাক্যবাণ। আর মেলা করেছেন, পার্বণ করেছেন, আর শিল্পের নামে হাজার হাজার, কোটি কোটি টাকা খরচা করেছেন, সম্মেলন করেছেন, মুম্বাই গিয়েছেন, সিঙ্গাপুর গিয়েছেন। কিন্তু শিল্প হয়নি। রাস্তাঘাটের কথা বলেছেন কিন্তু কি হয়েছে ? কিচ্ছু হচ্ছে না সে কথা আমি বলছি না। কিছু হচ্ছে। এবারে হচ্ছে না সেটা আমি বলব না। এইরকম কথা

আমি বলতে চাই না। প্রত্যেকটা সরকারের কিছু ভালো কাজ থাকে, কিছু মন্দ কাজ থাকে। কিন্তু ভালো কাজের প্রশংসা আপনারা করেন না। ভালো কাজ যেগুলো বামফ্রন্ট করেছিল সেগুলো আপনারা করেননি। বামফ্রন্ট ভূমি সংস্কার করেছিল, সেচের ব্যবস্থা করেছিল। তার উপরে দাপাদাপি চলছে। আজকে যে কৃষক খেতে পাচ্ছে, কৃষক যে এগিয়েছে—আপনারা একটা স্লোগান তুলতেন, আপনাদের বিরোধী দলের আমলে। বলেছিলেন যে 'লে লে লে লুঠে নে'। সি.পি.এম-এর আমলে বামফ্রন্টের আমলে—'লে লে লে লুঠে নে'। আপনারা ৩ বছর ৯ মাস ক্ষমতায় আছেন কিন্তু কি দেখছেন, কি দেখা হচ্ছে ? একজনও তো বামফ্রন্টের মন্ত্রীকে গ্রেফতার করতে পারেননি। জেলে যায়নি। কিন্তু 'লে লে লে লুঠে নে'—কে লুঠল ? আপনারাই লুঠলেন। আপনাদের মন্ত্রী জেলে আছেন, আপনাদের এম.পি. জেলে আছেন। তার তো উত্তর দেবেন আপনারা। তারা তো জেলে আছেন। তাহলে কে লুঠল ? সারদা কেলেংকারীতে এতো টাকা কে লুঠল ? আর আইন-শৃঙ্খলার পরিস্থিতি বলবেন। আইন-শৃঙ্খলা—আইন কি আছে ? সত্যি কি আছে আইনই ? আইন তো নেই। দেশের বিচার নেই, আইন নেই। এটা একটা গুণ্ডামির রাজত্ব চলছে। কিছু মাফিয়া লোককে দিয়ে আপনারা রাজত্ব চালাচ্ছেন। এটা কিভাবে, এটা কতদিন চলবে ? অনেক আশা পশ্চিমবঙ্গের লোক করেছিল আপনাদের কাছে যে, আপনারা একটা পরিবর্তন করাবেন। কিন্তু কোথায় পরিবর্তন ? পরিবর্তনের কোনো নামগন্ধ নেই। পরিবর্তন শুধু মুখে। কাজে কি পরিবর্তন হয়েছে ? কি পরিবর্তন দেখিয়েছে, কোথায় পরিবর্তন, কোন জায়গায় পরিবর্তন ? না শিল্পে পরিবর্তন, না কৃষিতে পরিবর্তন, না আইন-শৃঙ্খলায় পরিবর্তন, না কিসে পরিবর্তন ? আপনারা একটা কাজ করেছেন। ধর্ষণটা বাড়িয়েছেন। আপনাদের পরিবর্তনের যুগে। ধর্ষটা বাড়িয়ে দিয়েছেন গ্রামে-গঞ্জে চতুর্দিকে ধর্ষণ হচ্ছে। ধর্ষণটাই বাড়িয়েছেন। আর কি হচ্ছে ? আরে কি হয়েছে ? সেচের কি ব্যবস্থা হয়েছে ? কৃষকের কি উপকার হয়েছে ? তাই বন্ধুগণ আমি বলতে চাইছি—লাল আলো জ্বলছে, আমি বেআইনী কথা বলব না। আমি বলছি যে, আপনারা আরও ১ বছর ৩ মাস আছে, তার মধ্যে আপনারা নিজেদের সংশোধন করার চেষ্টা করুন, আপনারা সংশোধিত হন এবং ভালো কাজ করুন যাতে মানুষ সন্তুষ্ট হয়, না হলে ২০১৬ সালে আপনাদের বিজয় ঘণ্টা বেজে যাবে।

শ্রী শ্যামল মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ১৯শে ফেব্রুয়ারী পশ্চিমবঙ্গের রাজ্যপাল মহামান্য শ্রী কিশোরীনাথ ত্রিপাঠী ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার, পঞ্চদশ অধিবেশনে তাঁর ভাষণ প্রদান করেছেন। এই ভাষণকে সম্পূর্ণভাবে সমর্থন করে আমি এই পবিত্র সদনে কিছু বলতে চাই। আমি মনে করি যে, এই মহামান্য রাজ্যপাল শ্রী কেশরীনাথ ত্রিপাঠীর ভাষণে যে বই, এটা একটা মহামূল্যবান দলিল। বাস্তব এবং সত্যনিষ্ঠ। কারণ গত ৪৫ মাস ধরে আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী, মানবিক মুখ্যমন্ত্রী স্বপ্নের ফেরিওয়ালা, দেশ ও রাজ্য গড়ার কারিগর মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে ৬৪টা দপ্তরকে নিয়ে পশ্চিমবাংলায় যে উন্নয়ন সংগঠিত হচ্ছে, সারা ভারতবর্ষের অন্যান্য অঙ্গরাজ্যের মুখ্যমন্ত্রীরা অবাক দৃষ্টিতে তাকিয়ে আছে। যারা ভুলভাল

বকছে, আমাদের অপোজিট বেঞ্চে যারা বসে আছে, এরা চোখে দেখতে পায় না, কোনো দিন পাবেও না। ৩৪ বছরে যে সরকার অপশাসন, অপচেষ্টার মধ্যে দিয়ে বাংলাকে শেষ করেছে তারা কোনো দিন এই বইয়ের কথাগুলোকে সমর্থন করতে পারে না। আইন-শৃঙ্খলা ? যেভাবে অত্যাচার ওরা করেছে, ১৯৮৮ সালে আমাদের পরিষ্কার মনে আছে পুলিশকে সঙ্গে নিয়ে পুলিশের নির্যাতন এবং রাষ্ট্রীয় সন্ত্রাস আপনারা চালিয়েছেন। সে কথা কি আপনারা ভুলে গেছেন ? রক্তক্ষয়ী যুদ্ধের মধ্যে দিয়ে, বিভিন্ন জমি আন্দোলনকে কেন্দ্র করে যেভাবে কৃষককে আপনারা শেষ করেছেন, আজকে আপনারা আইনের অনুশাসনের কথা বলছেন ! আমরা অনেক অত্যাচারিত হয়েছি। বহু মানুষ ঘর ছাড়া হয়েছিল। আপনাদের আমলে প্রায় ৬৪ হাজার কংগ্রেস, তৃণমূল কংগ্রেস এবং অন্যান্য দলের কর্মীরা নিহত হয়েছিল। কখনো পুলিশকে সঙ্গে নিয়ে, কখনো আপনারা নিজে থেকে পুলিশকে পাশে রেখে সংগঠিত সন্ত্রাস চালিয়েছেন। সে কথা কি আপনারা ভুলে গেছেন ? তাই পরিষ্কার করে বলতে চাই যে বাই ইলেকশান হয়ে গেল, টি.ভি.-র পর্দায় যখন আমরা দেখছি ১৬ তারিখে যে বি.জে.পি. আর বামফ্রন্ট তারা বলছে যে আমরা সেকেন্ড হব না থার্ড হব। আমি পরিসংখ্যানটা একটু বলি। বনগাঁয় সি.পি.এম. সেকেন্ড হয়েছে আর বি.জে.পি. হয়েছে থার্ড। কৃষ্ণগঞ্জে বি.জে.পি সেকেন্ড আর সি.পি.এম থার্ড হয়েছে। টি.ভি.-র পর্দায় সাংবাদিকরা জিজ্ঞেস করছে আপনারা কি এতেই খুশি ? সি.পি.এম. বলছে আমরা তো সেকেন্ড হয়েছি, বি.জে.পি. বলছে আমরা তো কৃষ্ণগঞ্জে সেকেন্ড হয়েছি। আপনারা সেকেন্ড থার্ড হবেন, ফার্স্ট আপনারা ৪০ বছরেও হতে পারবেন না। সেকেন্ড-থার্ড নিয়ে আপনারা টি.ভি.-র পর্দায় যাবেন। যত কুৎসা অপপ্রচার করুন না কেন, কুৎসা অপপ্রচার দিয়ে মমতা বন্দ্যোপাধ্যায়ের উন্নয়নকে কোনোদিন বন্ধ করা যায় না।আমি বলব টি.ভি.-র পর্দায় না গিয়ে মানুষের কাছে আপনারা যান। আর যারা সাংবাদিকরা আছেন, ক্যামেরাটা ধরে বলছেন আপনি বলুন—আমি তাদেরকেও বলব যে আপনারা মানুষের কাছে যান, শেষ রায় দেবে মানুষ। পশ্চিমবাংলার ২০টা জেলার মানুষ রায় দেবে তৃণমূলের পক্ষে, মমতা ব্যানার্জীর পক্ষে। বি.জে.পি. আর সি.পি.এম-এর পক্ষে রায় দেবে না। তার প্রমাণ একটা লোকসভা এবং একটা বিধানসভা নির্বাচনের ফল। আমাদের সেমি ফাইনাল হয়ে গিয়েছে ২০১৫ সালে। ২০১৬ সালের বিধানসভা নির্বাচনে এই বামফ্রন্ট আর বি.জে.পি.-কে গোহারান হারাব। ২০০-র বেশি আসন নিয়ে পশ্চিবাংলায় আবার ক্ষমতায় আসবে শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়। আমাদের দক্ষিণ ২৪ পরগনা জেলার ডায়মন্ড হারবারে মহিলা বিশ্ববিদ্যালয় হয়েছে। আপনাহেদর আমলে কি হয়েছে ? নারীশিক্ষার জন্য কন্যাশ্রী প্রকল্প করেছে। সারা পৃথিবীর মানুষ বিশেষ করে লন্ডন থেকে শুরু করে অনেক দেশের রাষ্ট্রপ্রধানরা বলছেন যে মমতা বন্দ্যোপাধ্যায় একমাত্র পারেন সারা ভারতবর্ষকে পথ দেখাতে। বামপন্থীদের বুঝতে হবে অনেক অত্যাচার করেছেন। ৫৬ হাজার কল-কারখানা বন্ধ করে দিয়েছেন ৭৩ হাজার একর জমির ওপরে। সালেমকে এনে আবার ৬১ থেকে ৬২ একর জমি দেওয়ার চক্রান্ত করেছিল জমির হাঙরদের নিয়ে।

[5.50—6.02 p.m.]

সিঙ্গাপুরের একটা black listed company, SALEM গোষ্ঠিকে এনে পশ্চিমবাংলার কৃষকদের পেটে লাথি মারার ব্যবস্থা করেছিল এই বামফ্রন্ট সরকার। শুনে যান আমার কথাগুলো। আমরা ভাগ সি.পি.এম. ভাগ, ভাগ বি.জে.পি. ভাগ বলব না। আমাদের মুখ্যমন্ত্রীর নেতৃত্বে আমরা অসংগঠিত শ্রমিকদের সামাজিক সুরক্ষার প্রকল্প নিয়েছি তাদের বিভিন্নভাবে সাহায্য করার জন্য। এর জন্য ১৮৭ কোটি টাকা আছে। এই বছর ১০ লক্ষ অসংগঠিত শ্রমিকদের সাহায্য করার জন্য আমাদের সরকার এগিয়ে এসেছে। আমাদের লক্ষ্যমাত্রা ৫০ লক্ষ অসংগঠিত শ্রমিককে দারিদ্রসীমার উপরে তুলে আনা। বিভিন্ন পরিবহন কর্মী, নির্মাণ কর্মী, কৃষকদের সাহায্যের জন্যও এই সরকার কাজ করছে। বামফ্রন্ট সরকার তো সব শিল্প শেষ করেছে। CITU Union লাল ঝান্ডা ধরে সব কলকারখানায় তালা ঝুলিয়েছে। চা-বাগানের শ্রমিকদের উপর অত্যাচার হয়েছে। কো-অর্ডিনেশন কমিটির চাঁদার জুলুমের কথা সবাই জানে। আজকে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর ঐকান্তিক প্রচেষ্টায় আমরা একটার পর একটা প্রকল্প রূপায়ণ করতে পেরেছি। যখন জোটে ছিলাম, সেই সময় মানসদা, নেপালদাকে নিয়ে আমাদের মুখ্যমন্ত্রী এবং বর্তমান রাষ্ট্রপতি গিয়ে কেলেঘাই-কপালেশ্বরী প্রকল্পের উদ্বোধন করেছিলেন। সেখানে ৬০ শতাংশেরও বেশী কাজ হয়েছে। বাগজোলা খাল, টালি নালা, হাওড়ার উদয়নারায়ণপুর খালের কাজও আমরা করেছি। হাজার হাজার কিলোমিটার মসৃণ black top-এ মোড়া পিচ রাস্তা, ঢালাই রাস্তা আমরা করেছি। অনেকেই বলে, হ্যাঁ দাদা প্রত্যেকটা পঞ্চায়েতে দপ্তরগুলো কাজ করছে, আগের বামফ্রন্টের আমলে সেসব হয়নি। আগামী ১৫-১৬ আর্থিক বছরে পি.ডব্লু.ডি. মন্ত্রী ঘোষণা করেছেন ৫৫৩ কিলোমিটার রাস্তা হবে। বড় বড় সেতুর কাজ আমরা করছি। আয়লা বাঁধ নির্মাণের কাজ ধীর গতিতে চলছে, কেন না আমরা গরীব মানুষদের পেটে লাথি মারতে চাই না। তাই চিৎকার করে মমতা ব্যানার্জীর উন্নয়নের ধারাকে স্তব্ধ করেতে পারবেন না। মহামান্য রাজ্যপালের ভাষণ একটা মহামূল্যবান দলিল। আমাদের শপথ এবং আমরা বদ্ধপরিকর শান্তি এবং উন্নয়নের ধারা বজায় রাখতে। উন্নয়নের নামে আপনারা কখনো রেলের চাকা, কখনো বাসের চাকা বন্ধ করেছেন, কখনো ট্যাক্সি বন্ধ করেছেন। সবসময় অবরোধ আর অবরোধ করে পরিবহন শিল্পটাকেই ধ্বংস করেছে বামফ্রন্ট সরকার। আর প্রত্যেকটাকে সচল করার জন্যে আমাদের মানবিক মুখ্যমন্ত্রী স্বপ্নের ফেরিওয়ালা, তিনি কাজ ছাড়া কিছু বোঝেন না। এক সময়ে তিনি যখন দু-দুবারের রেলমন্ত্রী হয়েছিলেন সারা পশ্চিমবাংলা তথা ভারতবর্ষে অভূতপূর্ব সাফল্য এনেছিলেন তিনি। সুন্দরবনের মানুষ, আমাদের দক্ষিণ ২৪ পরগনা জেলার মানুষ আমরা কোনোদিন ভুলব না। আমাদের নিজের চোখে দেখা, জীবদ্দশায় দেখা যে সোনারপুর থেকে ক্যানিং পর্যন্ত ডবল লাইন উপহার দিয়েছিলেন। আমরা পেয়েছিলাম বারুইপুর থেকে ডায়মন্ডহারবার পর্যন্ত, লক্ষ্মীকান্তপুর পর্যন্ত ডবল লাইন। ক্যানিং-এর মডেল স্টেশন, বারুইপুরের মডেল স্টেশন, সোনারপুরের মডেল স্টেশন, বালিগঞ্জের মডেল স্টেশন যৌথ মেট্রো রেলের কাজ দুটো বাজেটে ৯৯ সাল

এবং ২০০৯ সাল দু-তিনটি বাজেটে হাজার কোটি টাকা স্যাংশান করেছিলেন। আর যখন সেই প্রকল্পগুলো চলে যায় তখন আপনারা প্রতিবাদ করতে পারেন না। কারণ আপনারা সংখ্যায় কমে যাচ্ছেন। আপনারা মানুষ থেকে বিচ্ছিন্ন হয়েছেন। আজকে সারা ভারতবর্ষের লোকসভায় কয়েকটা হাতে গোনা বামপন্থী সাংসদ তারা লড়াই করতে পারছে না। ওরা যখন বন্ধু সরকারের ছিল তখন অতিরিক্ত রেল প্রকল্প পশ্চিমবঙ্গের জন্য আনতে পারেননি। উপরন্তু এই বন্ধু সরকারের তাঁবেদারি করছে। কাজের কাজ ওরা কিছু করতে পারেনি। রেলওয়ে স্ট্যান্ডিং কমিটির নেতা ছিলেন ওদেরই। ওরা অধ্যক্ষের পদ নিচ্ছেন কিন্তু মন্ত্রীর পদ নিয়ে কাজ করতে পারবেন না বলে সেন্ট্রাল গভর্নমেন্টের মন্ত্রীর পদ ওরা নিল না। রেল দপ্তর নিলে বা অন্য কোনো দপ্তর নিলে যদি না হয় তাহলে তো আমরা মমতার বিরুদ্ধে কিছু ছাপতে পারব না। তাই পরিষ্কার করে বলছি, চিৎকার করে লাভ নেই। মানুষ আপনাদের দূরে ছুঁড়ে ফেলে দিয়েছে। আর ওই যে কারা বলছে, যে ভাগ, ভাগ, ভাগ আরে দিল্লীতে কেজরিওয়ালের যে পেস বোলিং, যে ফাস্ট বোলিং—এমন ফাস্ট বোলিং, এমন দ্রুত বোলিং করেছে যে মোদির ওই স্বচ্ছ ভারত অভিযান আর আচ্ছে দিন রহে মুখ থুবড়ে পড়েছে দিল্লিতে। আর আমাদের এখানে এই দুটো উপ-নির্বাচনে এখানে এদের খেলার পুতুলের মতো নাচিয়েছি। বামফ্রন্ট নেচেছে, আর বিজেপিও নেচেছে। আজকে খেলার পুতুল, ওরা খেলার পুতুলে পরিণত হয়েছে। মানুষের কাছে যাবে না, বলে ভাই ওকে ধরে আনো, নাক বেঁকা, কান বেঁকা, ঠোঁট বেঁকা, কপাল উঁচু—বলছে ভাই এস, ভালো করে ড্রেস পোশাক পরো স্নো-পাউডার মাখো। টি.ভি.-র পর্দায় বসো। তৃণমূলের বিরুদ্ধে, মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে একটু বলে। কিন্তু বলে তো কিছু হবে না। এত উন্নয়ন হয়েছে ভারতবর্ষের মডেল হিসাবে রাজ্য পশ্চিমবঙ্গ দু-বছরের মধ্যে এগিয়ে যাবে। পরিষ্কার কথা বলছি। আজকে কুৎসা, অপপ্রচার দিয়ে মমতা ব্যানার্জীর নেতৃত্বে এই সরকারকে কোনো দিন পিছিয়ে দেওয়া যায় না। কোনোদিন পিছিয়ে দেওয়া যাবে না। আমাদের এই সরকার বদ্ধ পরিকর, শান্তি এবং উন্নয়নের নিরিখে বদ্ধ পরিকর। আমরা একটার পর একটা উন্নয়ন করবার চেষ্টা করছি। আমাদের রাজ্যের কৃষির ক্ষেত্রে আমরা নিজেরা মাঠে যাই। বিধানসভার পশ্চিম ক্যানিং কেন্দ্রের চাষীদের সাথে কথা বলবেন। কৃষি দপ্তর এবং বিভিন্ন দপ্তর থেকে চাষীর হাতকে শক্ত করবার জন্য সমস্ত চাষীদেরকে যেভাবে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন আমাদের মুখ্যমন্ত্রী। গত দু-দুটো আর্থিক বছরে কৃষির উৎপাদনের মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে পশ্চিমবঙ্গ সরকার এক নম্বর স্থান অধিকার করেছে এবং স্বাস্থ্য ব্যবস্থার ক্ষেত্রে কলকাতার হাসপাতালগুলো দেখে আসবেন। ক্যানিং সাব-ডিভিশান হাসপাতাল গত চার বছর আগে যা ছিল আমরা ছবির মতো সেটা পাল্টে দিয়েছি। পি.জি., ন্যাশানাল মেডিকেল কলেজ, নীলরতন সরকার হাসপাতাল সমস্ত জায়গায় গিয়ে দেখবেন আমরা কি করেছি। সমস্ত জায়গায় আপনারা কি করেছেন ? একটা ধাক্কা মারলেই বলে যে আমার সি টি স্ক্যান করতে হবে। এবং বিধায়ক যদি ধাক্কা খেয়ে পড়ে যায় নিজেরা, বলেন যে আমাকে নিয়ে চলো হাসপাতালে। সি টি স্ক্যান করুন। আমাকে চিকিৎসা করুন। মিথ্যা অবাস্তব কথা বলে কোনোদিন এই মা-মাটি-মানুষের সরকারকে অবরুদ্ধ করা যাবে না। গণতন্ত্রকে শেষ

করেছেন আপনারা। আর একটা দিল্লিতে আছে সাম্প্রদায়িক শক্তি। সি পি এম আর বি জে পি এক সাথে মিলে দেখুন তৃণমূলের বিরুদ্ধে যৌথ অপপ্রচার করার চেষ্টা করা হচ্ছে, সেই অপপ্রচার সম্পূর্ণভাবে ধ্বংস হবে। আজকে পুলিশমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর সময়ে পুলিশ আজকে মাথা উঁচু করে স্বাধীনভাবে তারা কাজ করছে। আজকে তাদেরকে আমরা কন্ট্রোলও করছি না। আগে আপনারা আলিমুদ্দিন স্ট্রীট থেকে কনট্রোল করতেন, কাকে গ্রেপ্তার করতে হবে, কাকে অ্যারেস্ট করতে হবে, সমস্ত আপনাদের অঙ্গুলিহেলনে চলত। বহু অত্যাচারিত হয়েছে মানুষ ? আপনারা সমস্ত বিরোধী বন্ধুদের থাকতে বলবেন। আমাদের বিরোধীদলের নেতা কোথায় গেল ? আমি তাদের থাকতে বলছি। কথাগুলি ভালো করে শুনতে বলবেন। আর ওই বিভিন্ন কঙ্কাল উৎপাদনের নায়ক, অত্যাচারের নায়ক তারা কোথায় গেল ? তাদের তো থাকতে হবে ? ভয় নেই ? আমরা সঙ্গে নিয়ে লড়াই করব। তাই স্যার, ভারতীয় সংবিধানের ১৭৬ অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গ বিধানসভার পঞ্চদশ অধিবেশনের পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল শ্রী কেশরীনাথ ত্রিপাঠী মহাশয়ের এই প্রদত্ত ভাষণ সম্পূর্ণ বাস্তব সত্যনিষ্ঠ। এই কথাটিকে সমর্থন জানিয়ে সবাইকে শ্রদ্ধানমস্কার জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Adjournment

The House was then adjourned at 6.02 p.m. till 11 a.m. on Wednesday, the 25th February, 2015 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, the 25th February, 2015 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker **(Shri Biman Banerjee)** in the Chair, 27 Ministers, 04 Ministers of State, 17 Parliamentary Secretaries and 143 Members.

[11.00—11.10 a.m.]

POINT OF INFORMATION

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, কয়েকদিন ধরে দেখছি, আজকে ঢোকার সময়ও দেখলাম যে শাসক দলের একজন বিধায়ক স্বপন কান্তি ঘোষ, তিনি যখন ঢুকছিলেন, তিনি অভিযোগ করছেন যে, তার কাছে যে প্রচারপত্রটা ছিল, সেটা কেড়ে নেওয়া হয়, তারপরে তার সিকিউরিটিকে আটকানো হয় এবং মার্শাল গিয়ে তার ওপরে—যাই হোক, তার কাছ থেকে জোর করে, জোর-জবরদস্তি করে তার সাথে যে আচরণ করেছেন। উনি বলছিলেন, উনি যখন আজকে ঢুকছেন, তখন তিনবার ওর ব্যাগ সার্চ করে, ব্যাগ সার্চ করে। এরকম স্যার বার বার হচ্ছে। আমি বলতে চাইছি, এখানে স্বপন কান্তি ঘোষ যে সমস্ত কথা বলেছেন, সেগুলো আপনি পেয়েছেন কিনা জানি না.....

শ্রী অসিত মিত্র : স্যার, আমি বলতে চাইছি যে, কোনো একজন সদস্যের অধিকার আছে কোনো জায়গায় বসে তিনি নীরব প্রতিবাদ করতে পারেন। আমরা এর আগে যখন বিধানসভার ...(গোলমাল)... না, না, বাইরে না স্যার, যেখানে উনি বসে আছেন, সেখান থেকে করতে পারেন। ...(গোলমাল)... এলাকার কি সমস্যা আছে, না আছে সেটা অন্য কথা স্যার। ...(গোলমাল)...

মিঃ স্পীকার : ঠিক আছে, সূর্য্যবাবু বলেছেন। আমি বলছি দেখুন, হাউসের বাইরে কে কি করছে—অনেক সময় আপনারাও প্ল্যাকার্ড নিয়ে ডিসপ্লে করেন হাউসের বাইরে, আমাদের এই বিধানসভা কক্ষের বাইরে। এটা কগনিজেন্সের ব্যাপার না। I don't take any cognizance of it। ওনার যদি কোনো বক্তব্য থাকতো, আমাকে এসে বলতেন, আমি নিশ্চয়ই মাননীয় মন্ত্রীরা যখন আসবেন তাদের সাথে আলোচনা করতাম। আর হাউসের ভেতরে, আমাদের বিধানসভার প্রেসিংটের ভেতরে এই ধরনের লিফলেট বিলি করার কোনো নিয়ম নেই। লিফলেট বিলি করতে আমরা দিতে পারি না। তাহলে যে কোনো লোক যে কোনো লিফলেট এনে এখানে বিলি করে দিয়ে যাবেন। We can't allow this. ...(গোলমাল)...। এবার স্টার্ড্ কোয়েশ্চেন নাম্বার ৩০। ...(গোলমাল)... বাইরের লোক দিচ্ছিলেন, প্লিজ, ...(গোলমাল)... আমি আপনাকে বলি সূর্য্যবাবু ...(গোলমাল)... প্লিজ, আমি আপনাকে বলছি শুনুন, ওই লিফলেট ...(গোলমাল)... No, no, no He was not doing it। এই

লিফলেটটা দিচ্ছিল একজন থার্ড পার্সন, তিনি বিধানসভার সদস্য ছিলেন না। আমি এনকোয়্যারি করেছি, যিনি লিফলেট ডিস্ট্রিবিউট করছিলেন, উনি আমাদের হাউসের সদস্য ছিলেন না ...(গোলমাল)...। স্টার্ড্ কোয়েশ্চেন নাম্বার ৩০, শ্রী তজমুল হোসেন। ...(গোলমাল)...

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : ...(গোলমাল)... How can marshal go there ? ...(গোলমাল)...

মিঃ স্পীকার : Under my direction he has been there. Yes. It is my duty. It is under my domain. This building is under my domain. The precinct is under my domain. Please, Please ...(গোলমাল)... স্টার্ড্ কোয়েশ্চেন নাম্বার ৩০, শ্রী তজমুল হোসেন ...(গোলমাল)...

Starred Questions
(to which oral answers were given)

আমার বাড়ি/গীতাঞ্জলি প্রকল্প

*৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৩) **শ্রী তজমুল হোসেন :** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৩-১৪ ও ২০১৪-১৫ আর্থিক বছরে মোট কতজন 'আমার বাড়ি/ গীতাঞ্জলি' প্রকল্পে উপকৃত হয়েছে (জেলাওয়ারি তথ্যসহ) ;

(খ) উক্ত প্রকল্পে মোট কত পরিমাণ অর্থ ব্যয় হয়েছে (বৎসরওয়ারি হিসাবসহ) ; এবং

(গ) উক্ত প্রকল্পে কেন্দ্রীয় সরকারের অনুদানের পরিমাণ কত ?

শ্রী তজমুল হোসেন : স্যার, ম্যাটারটা দেখুন স্যার, ম্যাটারটা দেখুন।

শ্রী অরূপ বিশ্বাস :

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্য শ্রী তজমুল হোসেনের প্রশ্নের উত্তরে জানাই—

(ক) ২০০৯-১০ সালে 'আমার বাড়ি' নামে যে প্রকল্পটি শুরু হয়েছিল, ২০১১-১২ সাল থেকে সেটিই "গীতাঞ্জলি" নামে অভিহিত হয়।

২০১৩-১৪ আর্থিক বছরে "গীতাঞ্জলি" প্রকল্পে ৩১৬৮৭ জন উপকৃত হয়েছেন।

২০১৩-১৪ সাল পর্যন্ত "গীতাঞ্জলি" প্রকল্পটি সংখ্যালঘু উন্নয়ন, মৎস্য, বন, সুন্দরবন উন্নয়ন, পশ্চিমাঞ্চল উন্নয়ন ও অনগ্রসর শ্রেণী কল্যাণ এই ছটি দপ্তরের মাধ্যমে রূপায়িত হত। "গীতাঞ্জলি" প্রকল্পে প্রতিটি বাড়ি তৈরীর খরচ ছিল সমতল এলাকায় : ১ লক্ষ ৬৭ হাজার টাকা, সুন্দরবন এলাকায় : ১ লক্ষ ৯৪ হাজার টাকা, দার্জিলিং জেলার পাহাড়ী এলাকায় : ২ লক্ষ ৫১ হাজার টাকা, জলপাইগুড়ি জেলার বনাঞ্চল এলাকায় : ৩ লক্ষ টাকা জেলাওয়ারি তথ্য অনুবন্ধ 'ক'-এ সংযোজন করা হইল। ২০১৪-১৫ আর্থিক বছর থেকে "গীতাঞ্জলি" প্রকল্পটি জেলাশাসকদের মাধ্যমে রূপায়িত হচ্ছে।

প্রতিটি বাড়ি তৈরীর খরচ সমতল এলাকায় : ৭০০০০ টাকা।

সুন্দরবন, পাহাড়ী এবং দুর্গম এলাকায় : ৭৫০০০ টাকা। ২০১৪-১৫ আর্থিক বছরে এখনও পর্যন্ত (১৫/০২/২০১৫) "গীতাঞ্জলী" প্রকল্পে ৪০৮৩৩ জন উপকৃত হয়েছেন। এই বছরে বাজেটের লক্ষ্যমাত্রা ৪২০০০ গৃহ নির্মাণ প্রায় পূরণ হওয়ার পথে।

জেলাওয়ারি তথ্য অনুবন্ধ 'ক'-এ সংযোজন করা হইল।

অনুবন্ধ 'ক'

২০১৩-১৪ এবং ২০১৪-১৫ আর্থিক বছরে গীতাঞ্জলি প্রকল্পে জেলাওয়ারি উপকার প্রাপকদের সংখ্যা

জেলা	২০১৩-১৪ সালে উপভোক্তা সংখ্যা	২০১৪-১৫ সালে উপভোক্তা সংখ্যা (১৫.০২.২০১৫ পর্যন্ত)	মোট
আলিপুরদুয়ার	০	৭৮৫	৭৮৫
বাঁকুড়া	৮৮৪	১৬৫৫	২৫৩৯
বীরভূম	২৫২০	১৬৯৫	৪২১৫
বর্ধমান	১৭২৩	৩৫৫৩	৫২৭৬
কোচবিহার	৯৩২	১৩৫৭	২২৮৯
দক্ষিণ দিনাজপুর	৪৭৭	১০০০	১৪৭৭
দার্জিলিং	১১৭১	৯৭১	২১৪২
হাওড়া	৬৪৭	২৩৪৬	২৯৯৩
হুগলী	৬৮৪	২৬৩১	৩৩১৫
জলপাইগুড়ি	১৩৫৭	১১৫৯	২৫১৬
মালদহ	৮৫০	১৯৩৮	২৭৮৮
মুর্শিদাবাদ	৪৯৯	৩৩৬৭	৩৮৬৬
নদীয়া	৯২৬	২৪৭৭	৩৪০৩
উত্তর ২৪-পরগনা	৫৪৮৪	২৬৮৬	৮১৭০
পশ্চিম মেদিনীপুর	৯৭১	২৯০৫	৩৮৭৬
পূর্ব মেদিনীপুর	১১৩১	২৪৬১	৩৫৯২
পুরুলিয়া	৩৫৭৩	২৫২৩	৬০৯৬
দক্ষিণ ২৪-পরগনা	৭৫৮৬	৩৮৫২	১১৪৩৮
উত্তর দিনাজপুর	২৭২	১৪৭২	১৭৪৪
সর্বমোট	**৩১৬৮৭**	**৪০৮৩৩**	**৭২৫২০**

(খ) বৎসরওয়ারি খরচের হিসাব

(১) "গীতাঞ্জলি"

বছর	খরচ
২০১৪ - ১৫ (১৫.০২.২০১৫ পর্যন্ত)	৫১৪ কোটি ৫০ লক্ষ ৫৭ হাজার ৩৭১ টাকা
২০১৩ - ১৪	৪৯৮ কোটি ৮০ লক্ষ ৮৭ হাজার ৮০০ টাকা
২০১২ - ১৩	৩১৪ কোটি ৬৬ লক্ষ ৪৩ হাজার
২০১১ - ১২	৮৯ কোটি ৮৩ লক্ষ ৮৪ টাকা

(২) 'আমার বাড়ি'

বছর	খরচ
২০১০ - ১১	৭০ কোটি ২২ লক্ষ
২০০৯ - ১০	৪২ কোটি ৫৬ লক্ষ

সর্বমোট ১৫.০২.২০১৫ পর্যন্ত 'আমার বাড়ি' ও "গীতাঞ্জলি" প্রকল্পে ১৫৩০ কোটি ৫৯ লক্ষ ৭২ হাজার ১৭১ টাকা খরচ করা হয়েছে।

(গ) উক্ত প্রকল্পে কেন্দ্রীয় সরকারের কোনো অনুদান নেই। সমস্ত অর্থই রাজ্যের পরিকল্পনা খাত থেকে ব্যয়িত হয়।

মিঃ স্পীকার : আমি শুনেছি, সূর্য্যবাবু আপনি যেটা বলেছেন যে, আমাদের কোনো সদস্যকে ভিতরে entry দিতে গেলে যেন অহেতুক হয়রানি না করা হয়। এই ব্যাপারটা আমি ensure করবো, এই ব্যাপারটা আমি নির্দেশ দেব যেন আমাদের মাননীয় বিধায়করা যখন গেট থেকে ঢুকবেন যাঁরা, এমনি frisking হয়, কিন্তু অহেতুক যেন কাউকে harass করা না হয় এটা আমি নিশ্চয়ই দেখব।

শ্রী তজমুল হোসেন : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন, উনি বিস্তারিত উত্তর দিয়েছেন, কিন্তু আমার সব চাইতে দুঃখের বিষয় স্যার আপনাকেও এর আগে অনেকবার বলেছি, আপনিও হয়তো একটা চিঠি আমাকে করে দিয়েছেন, কিন্তু ২০১২-১৩, ২০১৩-১৪ এই দুটো বছরে যখন আমাদের M.L.A., B.D.O., S.D.O. মারফত সমস্ত আসা সত্ত্বেও যে সমস্ত প্রকল্পগুলো আমাদের গীতাঞ্জলির beneficiary-দের দেওয়া হয়েছিল, কিন্তু সেই কাজগুলো এখনও পর্যন্ত হয়নি। আমি অনেকবার বলেছি, মাননীয় মন্ত্রীকেও বলেছি, আপনাকেও বলেছি, কিন্তু স্যার, সেই beneficiary-রা আমাদের চুল ছিঁড়ে দিচ্ছে, এখনও

পর্যন্ত সেই কাজগুলো হয়নি। আপনার চিঠি আছে, স্যার, মাননীয় মন্ত্রীকে আমি বার বার বলেছি, কিন্তু সেই কাজগুলো কবে নাগাদ হবে মাননীয় মন্ত্রী যদি দয়া করে বলেন।

শ্রী অরূপ বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে জানাই যে, উনি বললেন যে ২০১৩-১৪ এবং ২০১৪-১৫। ২০১৩-১৪ সালে মালদা জেলায় ৮৫০টি, এবং ২০১৪-১৫ সালে মালদা জেলায় ১৯৩৮টি গীতাঞ্জলি প্রকল্পের আমরা টাকা দিয়েছি। আমাদের এই প্রকল্পটি সরাসরি ডি.এম.-এর কাছে আমরা টাকা পাঠাই। ডি.এম., বি.ডি.ও., এস.ডি.ও. মারফত beneficiary list আমাদের কাছে আসে। আপনি আমাকে জানিয়েছিলেন, আমি সেই চিঠি ডি.এম.-কে পাঠিয়েছিলাম, ডি.এম.-এর কাছ থেকে যদি beneficiary list না আসে—এটা হচ্ছে poorest of the poor-দের জন্য, যারা যোগ্য তাদের জন্য। যদি আপনার তালিকাভুক্ত ডি.এম. মনে করেন যে এটার থেকে অন্যদের প্রাপ্য, তাহলে আমার কিছু করার নেই। ডি.এম.-এর কাছ থেকে যদি লিস্ট আসে,—এমন একজনও বিধায়ক বলতে পারবেন না যে আমাদের কাছে কোনো ফাইল আটকে আছে। আমাদের লক্ষ্যমাত্রা ছিল ৪২,০০০, ইতিমধ্যেই প্রায় ৪০,০০০ টাকা দিয়েছি। এবং আপনি শুনলে খুশী হবেন যে এবারেও আমরা রেকর্ড মানে ৪২,০০০-কেও ছাড়িয়ে যাব। এই কাজ আমরা করছি। আপনি ডি.এম.-এর সাথে কথা বলুন এবং বেনিফিসিয়ারি লিস্ট চেঞ্জ করে যারা প্রাপ্য তাদের যদি পাঠান নিশ্চয়ই তারা পাবেন।

[11.10—11.20 a.m.]

শ্রী তজমুল হোসেন : স্যার, এর আগেও তো আপনাকে বললাম, এর আগে আপনাদের নিয়ম ছিল। এখন দিনের দিন নিয়মগুলোকে চেঞ্জ করছেন। এই যে বি.ডি.ও. কি ডি.এম.-এর মারফতে আসবে। এই বি.ডি.ও. এবং ডি.এম.-রা কোথা থেকে লিস্টগুলো পায় ? কি ভিত্তির উপরে ? এখানে কি এম.এল.এ.-দের কোনো গুরুত্ব দেওয়া যাবে না ? এম.এল.এ.-রা কি কোনো সুপারিশ করবে না। এই বি.ডি.ও.-রা কোথা থেকে নাম পাচ্ছে ? যে বেনিফিসিয়ারিগুলো বর্তমানে আছে ? আপনি প্রথমে ভিজিলেন্সে তদন্ত করে দেখুন যে, তারা কি প্রাপ্য ? আমরা জনপ্রতিনিধি হিসাবে বিধানসভায় আছি। গোটা বিধানসভার বিধায়করা বলবে সে শাসকের হোক চায় বিরোধীর হোক। একজন বিধায়ক তাতে যদি স্থান না পায়, বিধায়কের স্থান পাওয়ার ব্যাপারে সামনে কোনো চিন্তা-ভাবনা আছে কিনা যদি একটু দয়া করে জানান।

শ্রী অরূপ বিশ্বাস : আমার মনে হয় মাননীয় সদস্য তজমুল হোসেন উনি যতখানি প্রশ্ন করতে উদগ্রীব হন প্রত্যেকটা সভায় ততটা যদি একটু আমাদের সার্কুলারগুলো, জি.ও.গুলো এবং প্রশাসনের সঙ্গে যোগাযোগ রাখতেন তাহলে আমার মনে হয় এই প্রশ্নটা করতেন না। আমরা সার্কুলার করে জানিয়ে দিয়েছি সমস্ত জনপ্রতিনিধিরা ডি.এম.-কে লিস্ট দেবেন। ডি.এম. সেই লিস্ট পর্যবেক্ষণ করে আমাদের কাছে পাঠাবে। এটা আমরা সমস্ত জায়গায় বলে দিয়েছি। এটা জি.ও.-তে আছে। ...(গোলমাল)... স্যার, আমার মনে হয় চিৎকার করার জন্য যদি বিধায়করা হাউসে থাকেন, তারা মাননীয় সদস্য, মানুষের

দ্বারা নির্বাচিত। তাদের মনে হয় লিস্ট কে নেবেন ? লিস্ট নেবেন ডি.এম.। কোন ডি.এম. আপনার লিস্ট নেয়নি ? কোন ডি.এম.-কে আপনারা লিখিতভাবে জমা দিয়েছেন ডি.এম. রিফিউজ করেছে সেটা তাহলে হাউসে বলুন। ডি.এম. এখানে এসে বলুন যে, আপনি একজন বিধায়ক হিসাবে আপনার লেটার হেডে লিখিতভাবে বেনিফিসিয়ারি লিস্ট ডি.এম-কে দিয়েছেন কিন্তু ডি.এম. নিতে রিফিউজ করেছে। এটা আমাদের জানান। ...(গোলমাল)... সুভাষবাবু সার্কুলারের কপি দেওয়া কাজ মন্ত্রীর নয় যে প্রতিটা সার্কুলার দেব। আমরা জি.ও. বার করেছি তো। আপনি প্রাক্তন মন্ত্রী আপনাকে নিয়মটা বলতে হবে ?

শ্রী দীপক হালদার : মানদীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। আমরা জানি বর্তমানে যারা বিরোধীপক্ষে আছেন শুধুমাত্র প্রচারের আলোয় আসার জন্য চেল্লামেল্লি করা ছাড়া তাদের আর কোনো কাজ নেই। তার কারণ আমি ১৮ বছর গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতির মেম্বার ছিলাম। একটা দিন একটা ঘর করতে পারেনি। আজকে সারা পশ্চিমবঙ্গে প্রত্যেকটা ব্লকে ব্লকে কাজ হচ্ছে। বাংলা ভাষা যদি বুঝতে না পারেন আমার মনে হয় ভালো করে জেনে নেওয়া উচিত। আমার বিশেষভাবে জানার বিষয়বস্তু এবং আগ্রহ যে, এত বড়ো বড়ো কথা যারা বলছেন সেই ২০১০-১১ সালে মাননীয় ব্যক্তিরা গীতাঞ্জলি প্রকল্পে কতগুলি ঘর করেছিলেন। যদি বলা সম্ভব হয় বা আমার প্রকল্পে, আমার গৃহ নির্মাণ প্রকল্পে কত গৃহ নির্মিত হয়েছিল যদি বলেন বা বলা সম্ভব হয় আমাকে একটু জানাবেন।

শ্রী অরূপ বিশ্বাস : মাননীয় সদস্য দীপক হালদারকে অসংখ্য ধন্যবাদ এবং অভিনন্দন। কিছু মানুষ আছেন বুঝে বা না বুঝে চিৎকার করেন। কিন্তু তারা যদি নিজের দিকে আঙুলটা দেখেন তাহলে আমার মনে হয় মুখ থেকে আর কোনো শব্দ বেরোবে না। আপনার প্রশ্নের উত্তরে জানাই যারা আজকে গীতাঞ্জলির জন্য এত চিৎকার করছেন, ২০০৯-১০ সালে গীতাঞ্জলি প্রকল্পে...

...(গোলমাল)...

মিঃ স্পীকার : প্লিজ ওনাকে উত্তরটা দিতে দিন, উনি বলছেন। না, আপনি ইন্টারাপ্ট করবেন না। প্লিজ, প্লিজ ওনাকে উত্তরটা দিতে দিন।

শ্রী অরূপ বিশ্বাস : মাননীয় সদস্যদের জানাই, একটু যদি শান্ত হয়ে বসেন আর আত্মসমালোচনা করেন তাহলে বুঝতে পারবেন যে কেন ওইদিকে বসে আছেন। আমি বারবার বলছি যে কেন ওইদিকে বসে আছেন বুঝতে পারবেন। ২০০৯-১০ সালে বাজেটে বরাদ্দ ছিল ৫০০ কোটি টাকা। ওইদিকে বসার কারণ হচ্ছে খরচ করেছিলেন মাত্র ৫৩.৪৬ কোটি টাকা। যার %-এর হিসাব হচ্ছে ১১%। ২০১০-১১ সালে বরাদ্দ ছিল ৫০০ কোটি টাকা। খরচ করেছিলেন ১১৩.২৫ কোটি টাকা। %-এর হিসাবে ছিল ২৩%। ২০১১-১২ সালে বরাদ্দ ছিল ৪৮০ কোটি টাকা, খরচা করেছিলেন ১১২.৫৮ কোটি টাকা, শতাংশের

হিসাবে ছিল ২৩%। ২০১২-১৩ সালে বরাদ্দ ছিল ৫২৯.১৮ কোটি টাকা, খরচা করেছিলেন ৩৭৭.১৫ কোটি টাকা, শতাংশের হিসাবে ছিল ৭১%। অবাক হয়ে যাবেন, ২০১৩-১৪ সাল বরাদ্দ ছিল ৫১৬ কোটি টাকা, খরচা হয়েছিল ৫৩২.৫৯ কোটি টাকা, শতাংশের হিসাবে ১০৩%, যা স্বপ্নেও ভাবতে পারবেন না। ২০১৪-১৫ সাল বরাদ্দ ছিল ৬০০ কোটি টাকা, এখন পর্যন্ত খরচা হয়েছে ৫১৪.৫১ কোটি টাকা, শতাংশের হিসাবে ৮৬%। এবং এই হাউসকে আমি অবগত করতে চাই যে, গীতাঞ্জলি প্রকল্পে এবার আমাদের বাজেটে বরাদ্দ ছিল ৪২০০০ বাড়ি, আমরা সেই ৪২০০০ বাড়ি এবার আমরা অতিক্রম করব। যার জন্য প্রত্যেকবার আমরা এদিকে বসব আর যারা চিৎকার করে তারা ওইদিকে বসবে।

শ্রী নেপাল মাহাত : অনারেবল স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে একটা অতিরিক্ত প্রশ্ন করতে চাই, এটা খুবই সত্যি কথা যে, গীতাঞ্জলির ঘর আপনার আমলে খুব বেশি হয়েছে ওদের থেকে। এটা সত্যি কথা। এই ঘর সম্বন্ধেও লোকের একটা ধারণা জন্মেছে। যাই হোক, এই বিষয়ে আমার একটা ছোট্ট প্রশ্ন আছে। আপনি জানেন যে, আমরা পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের আন্ডারে আছি। ২০১১ সালের কিছু লিস্ট আমাদের পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদে জমা হয়। পরবর্তীকালে সেগুলো যে কোনো কারণেই হোক, পার্টিকুলার দু-তিনজন MLA-এর অ্যাপ্রুভালেও ওই বাকিগুলো হল না। সেই লিস্ট আবার ওখান থেকে DM-এর কাছে এল, DM আবার পাঠিয়ে দিল আপনার দপ্তরে। তো এই তালিকাটা যেহেতু ২০১১-র—এটা পড়ে আছে এখনও কিছু হচ্ছে না। এই বিষয়ে কি আপনি কিছু সিদ্ধান্ত নেবেন ? যেগুলো PUP থেকে এখানে এসেছে। সেগুলোকে কিভাবে ক্লিয়ার করা যায়। যদি দয়া করে বলেন।

শ্রী অরূপ বিশ্বাস : মাননীয় সদস্য, আপনি দীর্ঘদিনের সদস্য, আপনাকে জানাই যে, আগে আমরা এটা সুন্দরবন এলাকা, দার্জিলিং এবং বিশেষ করে সংখ্যালঘু উন্নয়ন, মৎস্য, বন, সুন্দরবন উন্নয়ন এবং পশ্চিমাঞ্চল উন্নয়নের মাধ্যমে করতাম। পরে আমরা স্কিমটা চেঞ্জ করেছি। আমরা IAY-এর মাধ্যমে করেছি যে ডাইরেক্টলি DM নাম পাঠাচ্ছেন এবং DM-কে টাকা দিচ্ছি। আর কোনো দপ্তরের থ্রু দিয়ে করছি না। ২০১১ সাল থেকে যে লিস্টগুলো পড়ে আছে সেগুলো যদি আমাদের কাছে নিয়ে গিয়ে আবার এই প্রকল্পে আমাদের মধ্যে পাঠান নিশ্চয়ই আমরা আগামী বছর সেগুলো দেখব।

ডঃ তরুণ কান্তি নস্কর : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীকে একটা অতিরিক্ত প্রশ্ন করতে চাইছি, এ-কথাটা ঠিকই যে আপনাদের সময়ে গীতাঞ্জলি প্রকল্পে বেশি বাড়ি তৈরী করা হয়েছে এটা অস্বীকার করার কোনো জায়গা নেই। আমি যে প্রশ্নটা আপনাকে করতে চাইছি সেটা হল যে, অধিকার প্রকল্প বলে একটা প্রকল্প আছে। এবং যে প্রকল্পে বাড়িও আবাসন দপ্তরের মধ্য দিয়ে হয়। আমি আপনাকে কেন প্রশ্নটা করছি, আমি মাননীয় সুব্রত মুখার্জীর কাছে লিস্ট জমা দিয়েছিলাম লোকসভা ইলেকশানের আগে। তিনি সেটা পাঠিয়ে দিয়েছেন জেলা পরিষদ বা DM-এর দপ্তরে। সেই DM-এর দপ্তর থেকে সেটা আপনাদের দপ্তরে যাওয়ার কথা—এখন বাড়িটা তৈরী করবে কে ?

শ্রী অরূপ বিশ্বাস : মাননীয় সদস্যকে জানাই যে, অধিকার এই প্রকল্পটা পঞ্চায়েত দপ্তরের আন্ডারে।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : অনারেবল স্যার, মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রিমহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন আমি খুব দায়িত্ব নিয়ে একথা বলছি। আমরা যে তালিকা জমা দিচ্ছি সেই তালিকা একটাও গ্রহণ হচ্ছে না। শাসক দলের লোকেরা সে নির্বাচিত সদস্য হোক বা না হোক তাদের তালিকা গ্রহণ করতে হচ্ছে। এটার ব্যাপারে BDO এবং সবাই অপারগ বলেছেন। সুতরাং এই ব্যাপারটাকে আমি দেখার জন্য বলছি। দ্বিতীয়ত, আমি যেটা বলছি সেটা হচ্ছে এই, যে টাকা দেওয়া হচ্ছে তার অর্ধেক টাকা শাসকদলের লোকেরা হাতিয়ে নিচ্ছে। যার ফলে অনেক বাড়ি (গণ্ডগোল) অর্ধেক হয়ে আছে। বাড়ি কমপ্লিট হয়নি—এই জায়গায় দাঁড়িয়ে আছে। আমি মাননীয় মন্ত্রীর কাছে দায়িত্ব নিয়ে এই কথা বলছি।

শ্রী অরূপ বিশ্বাস : স্যার, আমার মনে হয় যে, একজন সম্মানীয় বিধায়ক এই পবিত্র হাউসের মধ্যে এমন কথা বলছেন, আমার মনে হয় সেটা ঠিক নয়। ন্যাচারেলি সবসময় চোরের মায়ের একটা বড়ো গলা হয়। যারা দীর্ঘদিন এই দুর্নীতির সঙ্গে যুক্ত রইলেন তারা আজকে বড়ো বড়ো কথা বলছেন। আর মানুষ প্রমাণ করছে যে ১ লক্ষ ৪৬ থেকে ২ লক্ষ ১২ হাজার হচ্ছে, এটা চুরি করার জন্য নয়—চোরেদের একটা জায়গা করে দেওয়া হয়েছে।—মানুষ এই সরকারের পাশে রয়েছে, এই সরকার স্বচ্ছতার সঙ্গে কাজ করে করছে এবং করবে।

(গোলমাল)

আপনি তালিকা দেবেন ব্যবস্থা নেব এবং আপনার বিরুদ্ধেও যদি কোনো অভিযোগ থাকে সেটারও ব্যবস্থা নেব।

(গোলমাল)

[11.20—11.30 a.m.]

শ্রী রামশঙ্কর হালদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে প্রশ্ন করতে চাই এটা ঠিকই যে গীতাঞ্জলি প্রকল্পটা সরকারের বিভিন্ন দপ্তরের মধ্যে দিয়ে দেওয়া হচ্ছে। মৎস্য দপ্তর, বন দপ্তর, আবাসন দপ্তর, পঞ্চায়েত দপ্তর, সুন্দরবন দপ্তর বিভিন্ন দপ্তরের মধ্যে এগুলিকে দেওয়া হচ্ছে। কিন্তু আমার একটা প্রশ্ন, গত বছর আমার সাউথ ২৪-পরগনার ডি.এম.-এর কাছে একটা ডেপুটেশান দিয়েছিলাম। তা, ডি.এম. সাহেব বললেন যে গীতাঞ্জলি প্রকল্পর বেনিফিসিয়ারির যে তালিকা সেটা কে করবে ? এই প্রশ্নের উত্তরে উনি বললেন যে সভাধিপতি করবেন। সভাধিপতি আমার দক্ষিণ ২৪-পরগনার ২৯টি ব্লকে কি করবেন, কোথায় কোন ব্লকে কে বেনিফিসিয়ারি আছে, নির্দিষ্টভাবে ঠিক করবেন কে ? আমি বললাম যে আপনি অর্ডারটা দেন। যদি সভাধিপতি করে থাকে অর্ডারটা দেন। অর্ডারটা উনি দিলেন না। কিন্তু আমার নির্দিষ্ট প্রশ্ন এখানে বেনিফিসিয়ারি যে গণতান্ত্রিক পদ্ধতি আছে, যে পঞ্চায়েতগুলো আছে, ত্রিস্তর পঞ্চায়েত

ব্যবস্থা আছে, এর বি.ডি.ও. অফিস আছে। সেখানে পঞ্চায়েত সমিতি আছে, গ্রাম পঞ্চায়েত স্তরেও যে বেনিফিসিয়ারির তালিকাটা উঠবে, সেখানে গ্রাম পঞ্চায়েতের সদস্যও আছে, কোন জনপ্রতিনিধিরা তুলবে ? না, নির্দিষ্ট কোনো পলিটিক্যাল পার্টি ইজারা তুলবে, কোনটা ?

শ্রী অরূপ বিশ্বাস : মাননীয় সদস্যকে বলব যে হয়তো আপনি ঠিকমতন দপ্তরের সঙ্গে যোগাযোগ রাখেন না বা নিজে খবর রাখেন না, আমি এই হাউসেই আমাদের জি.ও.টা যেটা দিয়েছিলাম, মাননীয় সদস্য, প্রবীণ সদস্য মানস ভূঞ্যা এটা চেয়েছিলেন, আমি হাউসের মধ্যে স্পীকারকেও দিয়েছিলাম, ওনাকেও দিয়েছিলাম, যাতে লেখা আছে অল ইলেকটেড রিপ্রেজেন্টেটিভরাই বেনিফিসিয়ারির লিস্ট ডি.এম.-কে জমা দিতে পারবে। তা, আপনার যদি দরকার হয়, আপনি আজকেই বিকালে যোগাযোগ করবেন, আপনাকে আমি আজকে আর একটা দিয়ে দেব।

মোটেল নির্মাণ

*৩১। (অনুমোদিত প্রশ্ন নং *৭১) **শ্রী কল্লোল খাঁ** : আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে জাতীয়, রাজ্য ও অন্যান্য গুরুত্বপূর্ণ সড়কের ধারে 'মোটেল' নির্মাণের কাজ চলছে ;

(খ) সত্যি হলে, বর্তমানে ওই কাজের অগ্রগতি কীরূপ ; এবং

(গ) ৩১শে জানুয়ারি, ২০১৫ সাপেক্ষে রাজ্যে মোট কতগুলি 'মোটেল' নির্মাণের কাজ শেষ হয়েছে ?

শ্রী অরূপ বিশ্বাস : (ক) হ্যাঁ, এটা সত্যি যে, সফররত মানুষদের বিশেষ করে মহিলাদের সুবিধার জন্য বিভিন্ন জাতীয় সড়ক, রাজ্য সড়ক ও অন্যান্য গুরুত্বপূর্ণ সড়কগুলির ধারে প্রতি ৫০ কি.মি. অন্তর 'মোটেল' তথা 'পথসাথী' (একসাথে সুলভ শৌচাগার, যাত্রী প্রতীক্ষালয়, নৈশ আবাস এবং রেস্টুরেন্ট) নির্মাণের কাজ চলছে।

(খ) আবাসন দপ্তরের আর্থিক সহায়তায় পি.ডব্লু.ডি. নিম্নলিখিত ১২টি স্থানে 'পথসাথী' নির্মাণ করছে।

(১) পুরুলিয়ার রঘুনাথপুর, (২) বর্ধমানের কর্জনা, (৩) নদীয়ার শান্তিপুর, (৪) নদীয়ার কৃষ্ণনগর, (৫) নদীয়ার হরিণঘাটা, (৬) দক্ষিণ চব্বিশ পরগনার ডায়মন্ডহারবার, (৭) দক্ষিণ চব্বিশ পরগনার পৈলান, (৮) মুর্শিদাবাদের বহরমপুর, (৯) পূর্ব মেদিনীপুরের নন্দকুমার, (১০) কোচবিহারের জামালদহ, (১১) দার্জিলিং-এর বাগডোগরা এবং (১২) জলপাইগুড়ির চালসা। উক্ত ১২টি 'পথসাথী'র (অগ্রগতির প্রতিবেদন অনুবন্ধ 'ক'-তে দেওয়া হল।)

অনুবন্ধ 'ক'

আবাসন দপ্তরের আর্থিক সহায়তায় পি.ডব্লু.ডি. দ্বারা নির্মিত ১২টি স্থানে "মোটেল" তথা "পথসাথী"-র অগ্রগতির প্রতিবেদন

ক্রমিক সংখ্যা	জেলা	স্থান	অগ্রগতি
১	পুরুলিয়া	রঘুনাথপুর	নির্মাণ সমাপ্ত
২	বর্ধমান	কর্জনা	নির্মাণ সমাপ্ত
৩	মুর্শিদাবাদ	বহরমপুর	নির্মাণ সমাপ্ত
৪	নদীয়া	কৃষ্ণনগর	নির্মাণ সমাপ্ত
৫	নদীয়া	হরিণঘাটা	নির্মাণ সমাপ্ত
৬	জলপাইগুড়ি	চালসা	নির্মাণ সমাপ্ত
৭	দার্জিলিং	বাগডোগরা	নির্মাণ সমাপ্ত
৮	দক্ষিণ চব্বিশ পরগনা	ডায়মন্ডহারবার	নির্মাণ সমাপ্ত
৯	দক্ষিণ চব্বিশ পরগনা	পৈলান	নির্মাণ সমাপ্ত
১০	পূর্ব মেদিনীপুর	নন্দকুমার	৩৫%
১১	কোচবিহার	জামালদাহ	৯৫%
১২	নদীয়া	শান্তিপুর	৯৯%

আবাসন দপ্তর সরাসরি নিম্নলিখিত ১৯টি "পথসাথী" নির্মাণ করছে।

(১) হুগলীর ত্রিবেণী, (২) হুগলীর তারকেশ্বর, (৩) পশ্চিম মেদিনীপুরের ঝাড়গ্রাম, (৪) পশ্চিম মেদিনীপুরের খড়্গপুর, (৫) পশ্চিম মেদিনীপুরের ডেবরা, (৬) পশ্চিম মেদিনীপুরের নারায়ণগড়, (৭) বীরভূমের বোলপুর, (৮) মুর্শিদাবাদের ফারাক্কা, (৯) মালদহের পুরাতন মালদহ, (১০) দক্ষিণ দিনাজপুরের হিলি, (১১) দক্ষিণ দিনাজপুরের তপন, (১২) দক্ষিণ দিনাজপুরের পাতিরাম, (১৩) উত্তর চব্বিশ পরগনার গাইঘাটা, (১৪) উত্তর চব্বিশ পরগনার পেট্রাপোল, (১৫) উত্তর চব্বিশ পরগনার অশোকনগর, (১৬) পূর্ব মেদিনীপুরের মেচেদা, (১৭) দার্জিলিং-এর মাটিগাড়া, (১৮) দার্জিলিং-এর সুখনা এবং (১৯) দার্জিলিং-এর ফুলবাড়ি। সবগুলিরই নির্মাণকার্য পুরোদমে চলছে। (এই ১৯টি মোটেলের অগ্রগতির প্রতিবেদন অনুবন্ধ 'খ'-এ দেওয়া হল।)

অনুবন্ধ 'খ'

আবাসন দপ্তর কর্তৃক সরাসরি নির্মিত ১৯টি "মোটেল" তথা "পথসাথী"র অগ্রগতির প্রতিবেদন

ক্রমিক সংখ্যা	জেলা	স্থান	অগ্রগতি	মতামত
১	হুগলী	তারকেশ্বর	৭৫%	৩১শে মার্চ, ২০১৫ সমাপ্ত হবে
২	হুগলী	মেথাপুকুর	৭৫%	৩১শে মার্চ, ২০১৫ সমাপ্ত হবে
৩	পশ্চিম মেদিনীপুর	ঝাড়গ্রাম	৭০%	৩১শে মার্চ, ২০১৫ সমাপ্ত হবে
৪	পশ্চিম মেদিনীপুর	খড়্গপুর	৮৩%	৩১শে মার্চ, ২০১৫ সমাপ্ত হবে
৫	পশ্চিম মেদিনীপুর	ডেবরা	৭৫%	৩১শে মার্চ, ২০১৫ সমাপ্ত হবে
৬	পশ্চিম মেদিনীপুর	নারায়ণগড়	৯০%	৩১শে মার্চ, ২০১৫ সমাপ্ত হবে
৭	মালদহ	পুরাতন মালদহ	৬৭%	৩১শে মার্চ, ২০১৫ সমাপ্ত হবে
৮	বীরভূম	বোলপুর	২৫%	৩১শে মে, ২০১৫ সমাপ্ত হবে
৯	মুর্শিদাবাদ	ফরাক্কা	১০%	৩১শে মে, ২০১৫ সমাপ্ত হবে
১০	দক্ষিণ দিনাজপুর	হিলি	৬৭%	৩১শে মে, ২০১৫ সমাপ্ত হবে
১১	দক্ষিণ দিনাজপুর	তপন	৬৭%	৩১শে মে, ২০১৫ সমাপ্ত হবে
১২	দক্ষিণ দিনাজপুর	পাতিরাম	৫০%	৩১শে মে, ২০১৫ সমাপ্ত হবে
১৩	উত্তর চব্বিশ পরগনা	গাইঘাটা	৪০%	৩১শে মে, ২০১৫ সমাপ্ত হবে
১৪	উত্তর চব্বিশ পরগনা	পেট্রাপোল	৩০%	৩১শে মে, ২০১৫ সমাপ্ত হবে
১৫	উত্তর চব্বিশ পরগনা	অশোকনগর	২০%	৩১শে মে, ২০১৫ সমাপ্ত হবে
১৬	পূর্ব মেদিনীপুর	মেচেদা	৫%	৩১শে মে, ২০১৫ সমাপ্ত হবে
১৭	দার্জিলিং	মাটিগাড়া, পাংখাবাড়ি	১০%	৩১শে মে, ২০১৫ সমাপ্ত হবে
১৮	দার্জিলিং	সুখনা	০%	৩১শে মে, ২০১৫ সমাপ্ত হবে
১৯	দার্জিলিং	ফুলবাড়ি	৫%	৩১শে মে, ২০১৫ সমাপ্ত হবে

(গ) পি.ডব্লু.ডি. যে ১২টি "পথসাথী" নির্মাণ করছে তার মধ্যে নয়টির নির্মাণকার্য সম্পন্ন হয়েছে। আরও তিনটি, নদীয়ার শান্তিপুর, কোচবিহারের জামালদহ এবং পূর্ব মেদিনীপুরের নন্দকুমারে নির্মাণ প্রায় শেষ পথে। আবাসন দপ্তর দ্বারা নির্মিত ১৯টি "পথসাথীর" মধ্যে নিম্নলিখিত সাতটির (মেথাপুকুর, তারকেশ্বর, ডেবরা, ঝাড়গ্রাম, নারায়ণগড় খড়্গপুর এবং পুরাতন মালদহ) নির্মাণকার্য ৩১শে মার্চ, ২০১৫ এবং বাকি ১২টির নির্মাণকার্য ৩১শে মে, ২০১৫-এর মধ্যে সম্পন্ন হবে।

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি একটা বিশাল লিস্ট দিয়েছেন, আমার মনে হয়, লিস্টটা দেখে নিয়ে প্রশ্ন করুন, অনেক বড়ো লিস্ট আছে, তিন পৃষ্ঠার লিস্ট, উত্তরটা লে করে দিন।

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, প্রথমেই বলি দীর্ঘ যে ৩৪ বছরের শাসন ব্যবস্থায় এই যে একটা নতুন স্বাদ যাত্রী সাধারণ বিভিন্ন ভ্রমণযোগী মানুষদের জন্যে বর্তমান মা-মাটি-মানুষের সরকার এবং আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় ও ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় শ্রী অরূপ বিশ্বাস মহাশয় তাঁদের উদ্যোগে পশ্চিমবাংলায় আমি যে লিস্ট পেলাম তাতে তাঁর নিজের দপ্তরে ১৯টি, এবং পি.ডব্লিউ.ডি. দপ্তরের থেকে ১২টি, এই মোট ৩১টি পথসাথী বা মোটেল বিভিন্ন জেলায় গুরুত্বপূর্ণ সড়কে যে তৈরীর ব্যবস্থা হয়েছে পথযাত্রীদের জন্যে, সেই কারণে এই উদ্যোগকে আমরা আমাদের হাউসের তরফ থেকে এবং ব্যক্তিগতভাবে তাদের অভিনন্দন ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। আমার অতিরিক্ত প্রশ্ন, এই পথসাথী বা মোটেলগুলি অত্যন্ত নতুন চিন্তাধারার ভেতর দিয়ে পশ্চিমবাংলায় মা-মাটি-মানুষের সরকার গ্রহণ করেছে। এর যে লিস্ট পেলাম তাতে প্রায় ৯৯ শতাংশই সম্পূর্ণ হওয়ার মুখে। এগুলি কবে চালু হবে ? এগুলির রক্ষণাবেক্ষণের দায়িত্ব সরকার নিজে বহন করবে, নাকি বেসরকারী কোনো উদ্যোগকে দেবে, তার কোনো পরিকল্পনা গ্রহণ করেছেন কি না জানাবেন কি ?

শ্রী অরূপ বিশ্বাস : মাননীয় সদস্য কল্লোল খাঁ-কে জানাই, আপনি সঠিকভাবেই বলেছেন যে মানুষের কাজ করতে গেলে একটা ভিশান দরকার। যাদের ভিশান থাকে না তারা সবসময় ওইদিকে বসেন এবং আস্তে আস্তে সংখ্যায় অনেক ছোটোও হয়ে যায়। আমার মনে হয় যে এখানে ভবিষ্যতেও একটা দূরবিন নিয়েও আসতে হবে তাদের দেখার জন্য। সেই কারণেই আপনি এই প্রকল্পের ব্যাপারে যেটা বলেছেন, যেটা আমরা মোটেল বলছিলাম, এটার নামকরণও মাননীয়া মুখ্যমন্ত্রী করেছেন। এটা তারই ব্রেন চাইল্ড এবং তিনি এটার নাম দিয়েছেন 'পথসাথী'। এটার মধ্যে সুলভ শৌচাগার থাকবে, যাত্রী প্রতীক্ষালয় থাকবে, রাত্রিবেলা থাকার জন্য নৈশ আবাস ও রেস্টুরেন্টও থাকবে। এটা আমরা করেছি। আমার মনে হয় আমরা ৩১শে মে-র মধ্যে কাজগুলি শেষ করব এবং এগুলো রক্ষণাবেক্ষণের পুরো দায়িত্ব পি.ডব্লিউ.ডি. দপ্তর নেবে।

শ্রী কল্লোল খাঁ : ঠিক আছে, এই উদ্যোগটির জন্য আমি অত্যন্ত ধন্যবাদ জানাই সরকারের তরফ থেকে পি.ডব্লিউ.ডি দপ্তরের মাধ্যমে এটা করা হবে বলে। আগে কোনো সরকার এটা নিয়ে ভাবেনি। আপনারা ভেবেছেন। মানুষের উপকারের জন্য এটা প্রয়োজন এবং এটার সরকারীভাবে রক্ষণাবেক্ষণের দায়িত্ব নেওয়া হবে, সেই কারণে আপনাকে পুনরায় ধন্যবাদ জানাই।

আমার অতিরিক্ত দ্বিতীয় প্রশ্ন, এই আর্থিক বছরে মোট ৩১টি পথসাথী রাজ্য সরকারের তরফ থেকে করা হয়েছে, নতুন করে আগামী দিনে আরো এই পথসাথী তৈরীর কোনো পরিকল্পনা সরকার গ্রহণ করেছে কিনা ?

শ্রী অরূপ বিশ্বাস : হ্যাঁ অবশ্যই। জাতীয় সড়ক এবং সবকিছু সামলে সর্বত্রই আমরা এটা করব। এখন ৩১টি হয়েছে। আগামী আর্থিক বছরে আমরা এইরকম আরো প্রায় ৩০টি সর্বত্রই করার চেষ্টা করব।

শ্রী আনিসুর রহমান : এটা আমার ঠিক প্রশ্ন নয়, স্যার, আপনার মাধ্যমে একটা কথা বলার আছে আপনাদের মন্ত্রীসহ সবার কাছে। যত সরকারী অর্ডার বেরোচ্ছে আমরা সেগুলো পাচ্ছি না। আগে নিয়ম ছিল, যখন সরকারী অর্ডার বেরোতো তার কপি বিরোধী দলনেতাকে দিতে হত। আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই, আপনার যে সমস্ত অর্ডার বেরোচ্ছে সেইসব কপি আমাদের দেবেন কিনা। এটা আমার প্রশ্ন।

শ্রী অরূপ বিশ্বাস : স্যার আমার মনে হয়, আনিসুর রহমান সাহেব অনেক বর্ষীয়ান সদস্য। এমন বলছেন যেন তিনি আজকে নতুন সদস্য হলেন। আমরা ওদিকে বসতাম। একটা প্রশ্ন করলে, কোয়েশ্চেন জমা দিলে উত্তর আসত না। উত্তর চাইলে দিতেন না। এখন বলছেন যে একজন মন্ত্রীর কাজ হচ্ছে জি.ও. পর্যন্ত দেওয়া। আপনি প্রাক্তন মন্ত্রী। এই কথাটা কি করে বলছেন ? শুধু বিরোধী দলনেতাকে দেওয়া যেতে পারে, প্রত্যেক সদস্যকে দেওয়া যায় নাকি ?

মিঃ স্পীকার : শ্রী বিশ্বাস, আপনি আপনার দপ্তরকে বলবেন এই ব্যাপারটা দেখতে। আপনাকে দিতে হবে না। আপনার দপ্তরকে বলবেন।

শ্রী অরূপ বিশ্বাস : স্যার, যখন জি.ও. হয় তখন জি.ও. প্রশাসনিক সমস্ত দপ্তরে পৌঁছে যায়। একজন প্রাক্তন মন্ত্রীর সেটা জানা উচিত। একটা সময় উত্তর পেতাম না, আজকে একদম সব চাইছেন।

শ্রী রণজিৎ কুমার মণ্ডল : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, এতদিন হোটেল, রেস্টুরেন্ট, বারের কথা জানতাম। গতবার অর্থমন্ত্রীর বাজেটেও মোটেল শব্দটি এসেছে। আমি জানতে চাই মাননীয় মন্ত্রীর কাছে যে মোটেল, হোটেল, রেস্টুরেন্টের এইসবের মধ্যে তফাত কি ? এই মোটেলের ওপরে কি বেশি রাজস্ব আদায় করা যায় ? যদি যায় তাহলে রাজস্ব আদায়ের পরিমাণটা একটু জানাবেন।

শ্রী অরূপ বিশ্বাস : স্যার, আমার মনে হয়, আমি সামান্য একজন রাজনৈতিক কর্মী এবং সমাজ কর্মী। আমি অর্থনীতিবিদ নই, এখানে আমি অধ্যাপনা করতেও আসিনি যে মোটেলের সঙ্গে রেস্টুরেন্ট, রেস্টুরেন্টের সঙ্গে বার এদের মধ্যে তফাত বোঝাব। বার কথাটি কেন ওনার এত প্রিয় সেটা আমি বুঝতে পারছি না। আপনাদের সময় রাস্তাঘাটে অনেক লাইসেন্স দিয়েছেন, সেগুলো আছে। আপনাকে বুঝতে হবে, এখানে মূলত বলা হয়েছে রাস্তার মধ্যে সুলভ শৌচাগার, যাত্রী প্রতীক্ষালয়, নৈশ আবাস এবং রেস্টুরেন্ট। এতে বার থাকবে না। দুঃখিত। আপনার জন্য আমার দুঃখ হচ্ছে।

[11.30—11.40 a.m.]

শ্রী উজ্জ্বল প্রামাণিক : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আপনি কাজ করছেন তার প্রমাণ হচ্ছে, বিরোধী দলের

নেতারা আপনার কাছে জি.ও. চাইছেন। আগে কাজ হত না, তাই জি.ও. লাগত না। আপনার দপ্তর কাজ করছে তার প্রমাণ হচ্ছে বিরোধী দলের জি.ও. চাওয়া। আমার প্রশ্ন, এন.এইচ.-২তে, জামালপুর-মশাগ্রাম-জোগ্রাম, এই অঞ্চলে বেশ কিছু ধর্মীয় স্থান রয়েছে, বিশেষত ১লা মাঘ আদিবাসী কয়েক লক্ষ মানুষের সমাগম হয় ওখানে দামোদরের ধারে। আমাদের ওখানে একটি ধর্মীয় স্থান আছে, যদি আপনি এন.এইচ - টু মশাগ্রামের ধারে একটি মোটেল বা পথসাথী তৈরী করার পরিকল্পনা করেন তাহলে জামালপুর এবং বর্ধমানের মানুষ খুবই উপকৃত হবে।

শ্রী অরূপ বিশ্বাস : মাননীয় সদস্যকে বলব, আপনি লিখিতভাবে এই প্রস্তাব দিলে পরের বাজেটে আমরা তা করে দেব। আর যারা দীর্ঘদিন শুধু মদের লাইসেন্স দিয়ে গেল, রাস্তার ধারে ধারে বারগুলো খুলে গেল তারা সেখানে যাক, আমরা মানুষের জন্য কাজ করব এবং মোটেল করব।

শ্রী বঙ্কিম হাজরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, বকখালি এবং সাগর হচ্ছে আন্তর্জাতিক একটি ট্যুরিস্ট স্পট। কাকদ্বীপ থেকে বকখালি এবং কচুবেড়িয়া থেকে যে যাত্রীরা যায় আপটু সাগর পর্যন্ত তাদের জন্য আমাদের ১১৭ নং ন্যাশনাল হাইওয়ের ধারে পথসাথী তৈরী করার কোনো পরিকল্পনা যদি করেন তাহলে ভালো হয়।

শ্রী অরূপ বিশ্বাস : এই মুহূর্তে আমরা ডায়মন্ডহারবারের কাছে পৈলানে করছি, আপনি যেটা বললেন সেই ব্যাপারে যদি আপনি প্রস্তাব পাঠান তাহলে আমরা দেখব।

তাপবিদ্যুৎ কেন্দ্রে ব্যবহৃত কয়লা

*৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১৭) **শ্রী অসিত মিত্র :** বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারি, ২০১৫ পর্যন্ত গড় হিসাব অনুযায়ী রাজ্য সরকার পরিচালিত তাপবিদ্যুৎ কেন্দ্রগুলি চালানোর জন্য দৈনিক কত পরিমাণ কয়লার প্রয়োজন হয় ;

(খ) কয়লার মান নির্ণয়ের পদ্ধতি কী ; এবং

(গ) প্রয়োজনের কত শতাংশ কয়লা বিদেশ থেকে আমদানি করতে হয় ?

শ্রী মণীশ গুপ্ত :

(ক) ৫২,৩৩৬ মেট্রিক টন।

(খ) ফুয়েল সাপ্লাই এগ্রিমেন্টে নির্দিষ্ট বিধি অনুযায়ী কয়লার গুণগত মান নির্ধারণ করা হয়। যৌথ নমুনা সংগ্রহের ভিত্তিতে এটি করা হয়। সম্প্রতি নিরপেক্ষ তৃতীয় পক্ষের দ্বারা নমুনা সংগ্রহের পদ্ধতি নীতিগতভাবে গ্রহণ করা হয়েছে।

(গ) ২০১৪-১৫ আর্থিক বর্ষে রাজ্য সরকার পরিচালিত তাপবিদ্যুৎ কেন্দ্রগুলি কয়লা আমদানি করেনি।

শ্রী অসিত মিত্র : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আমরা বিভিন্ন সময় সংবাদপত্রে দেখে থাকি বিভিন্ন তাপবিদ্যুৎ কেন্দ্রে নির্দিষ্ট মানের কয়লা সাপ্লাই হচ্ছে না বলে তাপবিদ্যুৎ কেন্দ্রগুলির কাজ ব্যাহত হচ্ছে, উৎপাদন ব্যাহত হচ্ছে। আমি আপনার কাছে জিজ্ঞাসা করতে চাই, সম্প্রতি নিরপেক্ষ তৃতীয় পক্ষের দ্বারা নমুনা সংগ্রহের পদ্ধতি নীতিগতভাবে গ্রহণ করা হয়েছে। আমি আপনার কাছে জানতে চাই, অনেক জায়গাতেই কয়লাতে পাথর মিশিয়ে দেওয়া হচ্ছে। এর ফলে মেশিনের ক্ষতি হচ্ছে। আমি আপনার কাছে জানতে চাইছি, এই পাথর মিশিয়ে দেওয়ার কাজও কি তৃতীয় পক্ষ করছে। এই তৃতীয় পক্ষ কোনো সংস্থা যারা কয়লা এগজামিন করছে ? না এখানে কোনো দুর্নীতি তৈরী হচ্ছে।

শ্রী মণীশ গুপ্ত : এই কয়লার ব্যাপারে দুটি বিষয়বস্তুর কথা মাথায় রাখতে হবে। একটা হচ্ছে কোল ইন্ডিয়া থেকে আমরা ৭০% কয়লা পাই। কয়লাটা আসে দু-তিনটে জায়গা থেকে—মহানদী কোলফিল্ড বলে একটা কোম্পানি আছে যেটা উড়িষ্যায়, বি.সি.সি.এল. থেকে কয়লা আসে, মধ্যপ্রদেশ থেকে কয়লা আসে, ঝাড়খণ্ড থেকে কয়লা আসে। দু-একটা কয়লা খনিতে মেশিন যখন কয়লা তোলে তখন তার সঙ্গে পাথরও উঠে আসে। তারা কিন্তু এই পাথর বাছাই করে না। ওটাকেই ওরা রেলওয়ে ওয়াগানে লোড করে দেয়। সেই অবস্থাতেই আমাদের এখানে কয়লাটা চলে আসে। এই পাথরের অঙ্কটা সেইভাবে কিছু নির্ধারণ করা নেই, যখন ওরা বিল পাঠান তখন আমরা কিছুটা ওর থেকে বাদ দেবার চেষ্টা করি।

শ্রী অসিত মিত্র : তৃতীয় পক্ষটা কে ?

শ্রী মণীশ গুপ্ত : তৃতীয় পক্ষ, আগে তো হত না। এখন তৃতীয় পক্ষ—নীতিগতভাবে আমরা বলেছি আমরা দেখতে পাচ্ছি যে কোনো কোনো সময় কয়লার সঙ্গে কাদা আসছে, গুঁড়ো কয়লা আসছে, পাথর আসছে। এটা যেখানে লোডিং হয় সেখানে নিরপেক্ষ কোনো পার্টি কি এজেন্সি থাকলে—তারা যখন আমাদের সঙ্গে কোনো কথাবার্তা চলে কোল ইন্ডিয়ার তারা বিভিন্ন ধরনের অজুহাত দেন, যাতে এই অজুহাতটা না দিতে পারেন কয়লার স্যাম্পেল নিয়ে, ওখানে টেস্টিং করে যখন আবার আনলোড করা হয় তারা আবার আমাদের প্ল্যান্টে এসে টেস্টিং করে দেখবেন যে দুটো কয়লার মান এক আছে কিনা।

শ্রী অসিত মিত্র : স্যার, আমার লাস্ট সাপ্লিমেন্টারি। আপনি ঠিকই বলেছেন, আপনি চেষ্টাও করছেন। কিন্তু আমি আপনাকে বলছি যে কিছুদিন আগেও একটা জায়গায় বললেন যে এতকিছু সত্ত্বেও আপনাদের উৎপাদন হচ্ছে। এবং আপনি কিছুদিন আগে হাউসে একটা প্রশ্নের উত্তরে বলেছিলেন যে বর্তমানে চাহিদা ও জোগানের মধ্যে কোনো পার্থক্য নেই। এখন আপনারা বলছেন যে উৎপাদন বেড়ে গেছে। এত বাধা-বিপত্তি এই সমস্ত সত্ত্বেও। আপনারা বাইরে বিদ্যুৎ বিক্রি করছেন। এখন প্রশ্ন, এটা কি সত্যি যে রাজ্য বিদ্যুৎ বণ্টন

যারা করছেন, তারা বাইরে বিদ্যুৎ বিক্রি করতে পারছেন ? আমাদের এখানকার সমস্যাসহ, যদিও অনেক কলকারখানা বন্ধ হয়ে গেছে। আপনারা কি বিদ্যুৎ বিক্রি করছেন বাইরে ? আমাদের সত্যিই উৎপাদন বৃদ্ধি হয়েছে ?

শ্রী মণীশ গুপ্ত : এখন আপাতত আপনারা জানেন, আগে আমি হাউসে বলেছি যে ২৫০ মেগাওয়াট বিদ্যুৎ তো আমরা বাংলাদেশকে প্রতিদিন দিই। সেটা তো আমাদের উদ্বৃত্ত। তার ওপরে এই শীতকালে কিংবা বর্ষাকালে যে বিদ্যুৎ উৎপাদন হয় পুরোটা আমাদের লাগে না বলে আমরা কিছুটা বাইরে পাঠিয়ে দিই। পি.টি.সি. যে ট্রেডিং কোম্পানি আছে কয়েকটা—একটা সরকারী আছে, একটা বেসরকারী আছে তাদের মাধ্যমে অন্য অন্য রাজ্যে এই বিদ্যুৎটা যায়। এবারে যখন গ্রীষ্মকালে আমাদের দরকার হয় এই ব্যাঙ্কিংয়ের মাধ্যমে আমরা সেই বিদ্যুৎটা ফেরত পাই। এখন যা অবস্থা আমাদের উদ্বৃত্ত বিদ্যুৎ আছে এবং আগামীদিনে আপনারা দেখবেন যে আরও উদ্বৃত্ত বিদ্যুৎ হবে। কারণ আমাদের সাগর দীঘি, হাজার মেগাওয়াটের দুটো প্ল্যান্ট আসছে। হাজার মেগাওয়াট উদ্বৃত্ত হবে তখন। সেজন্য আমাদের কিছুদিন আরও যে উদ্বৃত্ত বিদ্যুৎ আসছে সেটা বাইরে পাঠাতে হবে, যাতে এই বিদ্যুৎটা নষ্ট না হয়।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : ধন্যবাদ স্যার। উনি বললেন যে ই.সি.এল.-এ বা কোল ইন্ডিয়াতে কয়লা অফিসাররা বা অন্যরা যেভাবে ওখানে—নানা কারণে প্রোডাকশান শর্ট হয়, চুরির কারণে। সেই চুরিটা মেক আপ করার জন্য অন্য কোনো জায়গা পায় না, পশ্চিমবাংলা সরকার—এবং যত পাথর সেখানে চাপিয়ে দেওয়া হয়। উনি যেটা বলছেন, যে নিয়ন্ত্রণ করার উপায় নেই। উনি নিজে চাকরি করেছেন জানেন নিয়ন্ত্রণ করা যায়। কারণ অন্য কোম্পানিগুলো যখন নিজেদের লোক পাঠিয়ে ভালো কয়লা বাছাই করে তারা নেয়। সেটা নেওয়া হয় না। পাথর গুঁড়ো করতে মেশিন ইনজিওর্ড হয়, উৎপাদন কম হয়। যাই হোক স্যার, এই যে এগুলো হচ্ছে, নিয়ন্ত্রণ করা সম্ভব। কিন্তু কেন করছেন না সেটা উনি বলতে পারবেন। স্যার, এই ব্যাপারে উনাকে শুধু একটা বলার বিষয়, যে বিদ্যুতের দাম ক্রমাগত বাড়ছে। এবং ডব্লিউ.বি.এস.ই.ডি.সি.এল.-এর যে কম্যান্ড এরিয়া তাতে দেড় কোটি বিদ্যুৎ গ্রাহক আছে। ২০১১-র মে মাসে স্ল্যাবওয়াইজ ডোমেস্টিক বিদ্যুতের ক্ষেত্রে কত দাম ছিল ? এবং এখন আজকের দিনে এই স্ল্যাবওয়াইজ ২০১১-র পরের থেকে ২০১৫ পর্যন্ত স্ল্যাবওয়াইজ ডোমেস্টিক বিদ্যুতের ক্ষেত্রে দেড় কোটি গ্রাহকের ক্ষেত্রে বিদ্যুতের দাম কি পরিমাণ বেড়েছে, এই উত্তরটা যদি দেন তাহলে খুশি হব।

শ্রী মণীশ গুপ্ত : এভাবে আপনি যে বিদ্যুৎ মাশুলের কথা বলেছেন—এজন্য একটা আলাদা প্রশ্ন করুন। আমরা তাহলে প্রতি বছরে কত টাকা হয়েছে, কতটা বেড়েছে সেটা বলতে পারব। আন্দাজে একটা ফিগার—এইভাবে তো উত্তর দেওয়া যাবে না।

ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : ধন্যবাদ অধ্যক্ষ মহোদয়। মাননীয় বিদ্যুৎমন্ত্রীর কাছে আমার একটা অতিরিক্ত প্রশ্ন, গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রায় শেষ হওয়ার পথে। আমরা দেখছি, আপনি এটা করছেন খুব ভালোভাবে। কিন্তু একটা খুব গুরুতর বিষয়, গ্রামীণ এলাকায়,

আমার নিজের বিধানসভা এলাকা সমেত দেখছি, সেটা হল এই, গত আট-ন' মাস যেসব নতুন বিদ্যুতের কানেকশান হয়েছে এ.পি.এল., বি.পি.এল. তাদের মিটার রিডিং করছে না।

[11.40—11.50 a.m.]

কোনো একটি প্রাইভেট সংস্থাকে মিটারের রিডিং-এর দায়িত্ব দিয়েছেন, তারা স্থানীয় ভিত্তিতে নিয়োগ করেছেন। এক-একটা জায়গা সাত লাখ, আট লাখ টাকা করে বিল চলে যাচ্ছে, ভূতুড়ে বিল—সেটা আপনারাও বাতিল করছেন। কিন্তু এত অস্থিরতা তৈরী হয়েছে—সাত মাস, আট মাস, নয় মাস কোনো মিডার রিডিং হচ্ছে না, একসঙ্গে একগাদা বিল আসবে। একটা চারিদিকে অস্থিরতা এবং বিপর্যয় শুরু হবে। এই ব্যাপারে আপনার দপ্তর কি পদক্ষেপ নিচ্ছেন ?

শ্রী মণীশ গুপ্ত : মিটার রিডিং নিয়ে একটা সমস্যা তো থেকেই যায়। আমাদের কর্মচারীরা মিডার রিডিং করে না, এটা বরাবরই হয়ে আসছে, Agency দ্বারা করা হয়। আমরা যেটা চেষ্টা করছি এবং প্রায় প্রতি জেলায় এটা হয়ে গেলে spot billing-এর ব্যবস্থা আমরা করেছি। spot billing যে তারা বিলটা দিয়ে দিচ্ছেন এবং গ্রাহক সেটা আমাদের অফিসে জমা করছেন। এখন কোনো কোনো জায়গায় আপনি যে সমস্যার কথা বলছেন, আমরা দেখেছি এটা সঠিক দুই-একটা জায়গায় এই সমস্যা আছে। এগুলোর সমাধান spot billing-এর মাধ্যমে এবং যখন এই spot billingটা পুরোপুরি চালু হয়ে যাবে—আপনারা দেখবেন আমাদের যে revenue সেটাও আসবে এবং গ্রাহকরা সরাসরি তারা spot bill-টা নিয়ে সরাসরি জমা দিতে পারবেন।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, এটা ঠিক যে বিদ্যুতায়নের ক্ষেত্রে আপনার দপ্তর পশ্চিমবাংলায় গত চারটি আর্থিক বছর—এ বছরকে ধরে আমি একটা কথায় যদি বলি, Its a miracle. আমাদের ১৫, ১৬ বর্ষে আরো বোধহয় মার্চ-এপ্রিলের মধ্যে আরও এক হাজার মেগাওয়াট বিদ্যুৎ বাড়বে। এই বৃদ্ধিতে আমি শুধু বলতে চাই কয়লা হচ্ছে আমাদের মুখ্য উপাদান। এছাড়া কি আপনার চিন্তাধারা আছে কয়লা ছাড়া আমাদের প্রাকৃতিক গ্যাস কিংবা furnace oil মাধ্যমে কোথাও 1 বিদ্যুৎ করার ? আগামীদিনে কয়লার ভারসাম্যতা আপনি তো জানেন যে কিভাবে আগামীদিন আমরা আমাদের Coal India থেকে বা আমাদের যে resource আছে natural resources তার থেকে কতটা পাব তার সীমাবদ্ধতা ধীরে ধীরে আসছে। তা আপনার এর থেকে নতুন কোনো ভাবনা-চিন্তা আছে যে natural gas বা fuel থেকে যাওয়ার ?

শ্রী মণীশ গুপ্ত : দেখুন ভাবনা-চিন্তা একটা জিনিস আর করাটা আর একটা জিনিস। এই যে তাপবিদ্যুৎ—আমাদের যে বিদ্যুতের চাহিদা তার প্রায় ৮৫ থেকে ৯০ শতাংশ চাহিদা তাপবিদ্যুৎ থেকে মেটাতে হয়। এটা সঠিক যে আজকে বিশ্বে এটা নিয়ে অনেক চিন্তা হচ্ছে, পুনর্নবীকরণ কিংবা অচিরাচরিত সৌরশক্তির উৎস কি করে এগুলোকে আরও এখান থেকে

বিদ্যুতের উৎপাদন বাড়ানো যায় এর চেষ্টা চলছে। এখানে সৌর বিদ্যুৎ একটা দিকে আছে, আর একটা দিকে আমাদের একটা অভিনব একটা প্রকল্প আমরা নিচ্ছি। আপনারা জানেন যে পুরুলিয়া বাঘমুণ্ডিতে pump storage project - একটা জলাশয় থেকে জলটা তুলে ভিতরে আর একটা জলাশয়ে নিয়ে যাওয়া। তারপর সেটাকে ছেড়ে দিয়ে বিদ্যুৎ উৎপাদন করা। এটা নিয়ে কয়েকদিন আগে আমি দিল্লীতে একটা award নিতে গিয়েছিলাম, Economic Times-এর award। সেখানে তারা আমাদের যে নতুন প্রকল্প করছি 'দুর্গা' সেটা যে হাজার মেগাওয়াটের হবে, সেটাকে সৌর বিদ্যুৎ নিয়ে তলার lake থেকে, জলাশয় থেকে আমরা উপরে তুলে নেব। আমরা সেই সৌর বিদ্যুৎ ব্যবহার করে— সৌর বিদ্যুতের storage-এর একটা problem আছে। সৌর বিদ্যুতের storage করা যায় না। একে নিয়ে গবেষণা চলছে। এই বিদ্যুতের যে উৎস এই যে energy যেটা সেটাকে আমরা উপরের লেকে, জলের থেকে সেটাকে আমরা ধরে রাখছি। তারপর ছেড়ে দিচ্ছি। এটা নিয়ে দিল্লীতে তারা বলেছেন, আপনাদের একটা অভিনব প্রকল্প, প্রায় ৪০ শতাংশ আমাদের খরচ যেটা সেটা তারা দেবেন এবং ২০১৮ সালে আমরা এটা সম্পূর্ণ করব। এইভাবে আমরা চেষ্টা করছি, বিভিন্নভাবে অন্যান্য দিক থেকে কিভাবে এই বিদ্যুৎ উৎপাদন বাড়ানো যায়। কিন্তু মূলত আমাদের তাপবিদ্যুতের উপর নির্ভর করেই থাকতে হবে।

শ্রীমতী অপর্ণা সাহা : ধন্যবাদ স্যার, আপনার মাধ্যমে আমার বিভাগীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন ২ যে, ২০১১ সালের পর থেকে ইউনিটপিছু বিদ্যুতের দাম প্রচুর বেড়ে গেছে। Domestic এবং school, college-এর ক্ষেত্রে এই বিদ্যুতের rate কমানোর কোনো পরিকল্পনা ২০১৫ সালে আছে কি না ?

শ্রী মণীশ গুপ্ত : এটা নিয়ে অনেক বিধায়ক আমাকে বলেছেন। অনেকবার অনেকে এটা নিয়ে বলেছেন যে স্কুলে যাতে কমানো যায়। আমরা যে tariff petition দিয়েছি ই.আর.সি., রেগুলেটরি কমিশনকে, সেখানে আমরা স্কুলের ক্ষেত্রে একটা স্পেশ্যাল রেট করার জন্য বলেছি। স্কুলের বিদ্যুতের মাসুল কমিয়ে দেওয়া হবে। এই অর্ডারটা এখনও বেরোয়নি। বেরোলে আপনারা দেখবেন যে সেখানে অন্তত ১২-১৪ পয়সা ইউনিটপিছু কমিয়ে দিয়েছি।

শ্রী মহঃ সোহরাব : কয়েকদিন আগে আমরা পাওয়ার কমিটি তরফ থেকে বক্রেশ্বর গিয়েছিলাম। সেখানে যে সমস্যাটা, যেটা মহামান্য হাইকোর্টও বলে দিয়েছে অর্ডারে, যে দূষণ হচ্ছে, যদি second ash pond করা না যায় ইমিডিয়েটলি এবং তার জন্য একটা জমির প্রবলেম হচ্ছে, সেই প্রবলেমটা যদি আপনি তাড়াতাড়ি সল্‌ভ না করে সেখানে ash pond ইমিডিয়েটলি না করেন, তাহলে হাইকোর্টের অর্ডার অনুসারে বক্রেশ্বর পাওয়ার প্ল্যান্ট বন্ধ হয়ে যাবে। এই ব্যাপারে আপনার কোনো চিন্তাধারা আছে কি ?

শ্রী মণীশ গুপ্ত : এখানে একটু জমির দরকার। প্রায় দু'শো একরের মতো জমি দরকার। জমিটা আমরা মোটামুটি পেয়ে গেছি। কয়েকটি জায়গায় জমির মালিকরা হাইকোর্টে

কেস করেছেন, সেটার নিষ্পত্তি হওয়া অবধি পুরো জমিটা আমরা হাতে নিতে পারছি না। এটা নিলে আমাদের second ash pond-এর কাজটা শুরু হয়ে যাবে।

কন্যাশ্রী প্রকল্প

*৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১৮) **শ্রী সমীর কুমার জানা** : নারী বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে জানুয়ারি, ২০১৫ সাপেক্ষে রাজ্যে কন্যাশ্রী প্রকল্পে (কে ১ ও কে ২) অন্তর্ভুক্ত ছাত্রীর সংখ্যা কত ?

ডাঃ শশী পাঁজা : ৩১শে জানুয়ারি, ২০১৫ সাপেক্ষে রাজ্যে কন্যাশ্রী প্রকল্পে (কে ১ ও কে ২) অন্তর্ভুক্ত ছাত্রীর সংখ্যা : কে ১ প্রকল্প : ১৯,৭৮,০১৬,
কে ২ প্রকল্প : ১,৪৩,৪০২

শ্রী সমীর কুমার জানা :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার প্রথম অতিরিক্ত প্রশ্ন—কিছুদিন আগে সংবাদপত্রের মাধ্যমে জ্ঞাত হলাম যে সর্বোচ্চ আদালতের মাননীয় বিচারকবৃন্দ ভারতবর্ষে কন্যাসন্তান জন্মের হার কমে যাওয়ার জন্য উদ্বেগ প্রকাশ করেছেন, এটা তো বাস্তব ঘটনা। এমতাবস্থায় মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার স্পেশিফিক প্রশ্ন, 'কন্যাশ্রী' প্রকল্পের সৌজন্যে কি এই জন্ম হারের সমতাটাকে আমরা এগিয়ে আনতে পারব ?

ডাঃ শশী পাঁজা : উনি child sex ratio কথা বলছেন। আমরা 'কন্যাশ্রী' প্রকল্পের মাধ্যমে child marriage rate যেটা আছে, সেটাকে যদি প্রতিরোধ করতে পারি, সেই চেষ্টাটাই আমাদের আছে।

শ্রী সমীর কুমার জানা : আমার দ্বিতীয় প্রশ্ন, মাননীয়া মুখ্যমন্ত্রীর ঘোষিত 'কন্যাশ্রী' প্রকল্পের বিষয়ে Unicef সমর্থন এবং স্বাগত জানানোর পরিপ্রেক্ষিতে বিশ্বে 'কন্যাশ্রী' প্রকল্পটি বন্দিত হয়েছে। এটা কি সত্যি যে, এই প্রকল্পটি বিশ্বে সমাদৃত হওয়ার কারণে ব্রিটিশ পার্লামেন্টের সাংসদরা পশ্চিমবঙ্গ বিধানসভায় এই প্রকল্পের তত্ত্ব এবং তথ্যসমৃদ্ধ বিষয়ে অবগত হওয়ার জন্য আমাদের বিধানসভায় এসেছিলেন। সত্যি হলে আমাদের presentation দেখে তাঁরা কি সমৃদ্ধ হয়েছেন বলে আপনি মনে করেন ?

ডাঃ শশী পাঁজা : আপনি ভাল প্রশ্ন করেছেন এবং আমার মনে হয় আনন্দের সঙ্গে সকলকে জানাই যে, যে British Parliament House of Lords এবং House of Commons থেকে সাংসদরা এসেছিলেন এবং নেতৃত্বে ছিলেন House of Lords Speaker, তাঁরা তিনটি বিষয়ে মূলত এখানে জানতে চেয়েছিলেন, যেহেতু এখানে ভাল কাজ হচ্ছে বলে এসেছিলেন পশ্চিমবাংলায়, কিছুটা socio-economic disparity নিয়েছিল, urban development ছিল, তার সঙ্গে gender equality এবং gender

discrimination, এগুলোকে আমরা কীভাবে অ্যাড্রেস করছি সেগুলো জানার জন্য। সেদিনকে নিশ্চিতভাবে একটা presentation-এর মাধ্যমে আমাদের বিভাগের বিভিন্ন প্রয়াস এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে কি কি কাজ করা হচ্ছে, তার মধ্যে অন্যতম হিসাবে আমরা 'কন্যাশ্রী' প্রকল্পটাকেও স্লাইড আকারে দেখিয়েছিলাম এবং তাঁরা অভিভূত হয়েছেন। তার সঙ্গে অন্যান্য বিষয়ও ছিল। যেমন শিশু পাচার, অন্যান্য বিষয় অনেকগুলো নিয়েই আমরা তুলে ধরেছিলাম। তাতে ওরা যথেষ্টভাবে convinced হয়েছে যে খুব ভাল কাজ হয়েছে এবং 'কন্যাশ্রী' প্রকল্প, আমি বলেওছিলাম যে আপনার যে girls–summit হয়েছিল, ইউনাইটেড কিংডমে হয়েছিল ২০১৪ সালে, সেখানে এটা বেস্ট প্র্যাক্টিসেস হিসাবে ধরা হয়েছে, সেটাও তুলে ধরা হয়েছে। সুতরাং তারা ভীষণভাবে আগ্রহ প্রকাশ করেছিলেন এবং আরও এ বিষয়ে জানতে চেয়েছেন। তার জন্য তাদের হাতে State Action Plan for children-এর তথ্যগুলি দিয়েছিলাম। তার সঙ্গে আরও তথ্য তুলে দিয়েছি। তারা এটা নিয়ে আরও তথ্য জানতে ইচ্ছুক।

[11.50 a.m.–12.00 noon]

শ্রী বাসুদেব খাঁ : স্যার, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ার কাছে আমার একটি অতিরিক্ত প্রশ্ন, কন্যাশ্রী প্রকল্পে যে সমস্ত K-1 এবং K-2 স্কুল এবং কলেজের কন্যা আছে এবং বাৎসরিক আয়ের হিসাবে যারা প্রাপ্যের মধ্যে পড়ে তাদের সকলেই কিন্তু এই ফর্ম পাচ্ছে না। কিছু অংশ ফর্ম পাচ্ছে, কিছু অংশ ফর্ম পাচ্ছে না। যাতে একই সঙ্গে সবাই ফর্মগুলি পেতে পারে এবং এর দাবিদার হতে পারে তার জন্য কোনো কি পরিকল্পনা আছে, জানাবেন।

ডাঃ শশী পাঁজা : আমাদের এই কন্যাশ্রী যেটা আছে সেটা ২০১৩ সালের অক্টোবর মাসে আরম্ভ হয়। তারপর এখন সংখ্যাটা দাঁড়াচ্ছে ২১ লক্ষ ৬৯ হাজার। এই বিশাল সংখ্যক মেয়ের এনরোলমেন্ট হয়েছে। আমরা একটা স্টাডিও করেছি যেটা দিয়ে আমাদের আইনটা প্রমাণ হয়। এটা স্টাডির মধ্যে বলে দিয়েছে। স্টাডিটা নেলশান গ্রুপের মাধ্যমে করেছি। অনেকগুলি House hold নিয়ে যে বিষয়ে আমি আগে বিগত বিধানসভায় বলেছিলাম যে, একটা স্টাডি হবে। তার মধ্যে তাদেরকে জিজ্ঞাসা করা হয়েছিল যে, কন্যাশ্রী প্রকল্পটির নাম তোমরা শুনেছো কিনা। Have you ever heard about Kanyashri ? সেখানে প্রায় ৯২ শতাংশ মেয়েরা বলেছিলেন যে, তারা এটা শুনেছে। আবার যখন জিজ্ঞাসা করা হয়েছিল যে, এই কন্যাশ্রী স্কীমের সম্বন্ধে তোমাদের নলেজ আছে ? অর্থাৎ ফর্ম ইত্যাদি কোথায় পাওয়া যায় ? তার মধ্যে ৯৮ শতাংশ মেয়ে বলেছে যে, হ্যাঁ, আমরা জানি, এই Scholarship ইত্যাদি। সুতরাং এই স্কীম সম্বন্ধে মেয়েরা যথেষ্ট সচেতন রয়েছে এবং এটাকে খুব সহজ করা হয়েছে। স্কুলেও সেটা সচেতন করা হয়েছে। স্কুলে ট্রেনিং এখনও চলছে। আমাদের একটা বিরাট চ্যালেঞ্জ ছিল যে, যারা কে-ওয়ানে নথিভুক্ত হয়েছে তারা পরের বছরে আবার যাতে ফর্ম তুলতে না হয়, সে কে-ওয়ান টু কে-ওয়ান ডিরেক্ট অর্থাৎ ক্লাস সেভেনে আছে, সে ক্লাস এইট-এ উত্তীর্ণ হয়েছে তাকে আবার

নতুন করে ফর্ম নিতে হবে না। তার একই নাম্বারে কনভার্সানটা হয়ে যাবে। সিমিলারলি যে কে-ওয়ান থেকে কে-টু-তে কনভার্ট হচ্ছে, যে কলেজে উঠেছে কিংবা ১৮-র উর্ধ্বে হয়েছে তাকেও যাতে নতুন ফর্ম নিতে না হয় ওই পুরনো ফর্মেই হয় সেই ব্যবস্থা করা হয়েছে। সুতরাং, এটা একটা বিরাট চ্যালেঞ্জ।

সেই উদ্দেশ্যে কলেজ লেভেলে, স্কুল লেভেলে ট্রেনিং চলছে। আগামী দিনেও চলবে। এতে খুব একটা কমপ্লেন্ট আসছে না। আমরা এটাও জিজ্ঞাসা করেছি যে, তোমাদের রিজন কি হতে পারে যে, তোমরা অ্যাপ্লাই করনি অর্থাৎ যারা স্কীমে নথিভুক্ত হয়নি। তার মধ্যে কিন্তু এর কারণ ছিল না যে, তারা অ্যাপ্লিকেশন ফর্ম পাচ্ছে না। এই কারণ কিন্তু উঠে আসেনি। অন্যান্য কারণ হয়তো ছিল। এই কারণটা ছিল। ফর্ম সব জায়গাতেই পাওয়া যাচ্ছে।

শ্রী রণজিৎ কুমার মণ্ডল : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয়া মন্ত্রীকে একটি অতিরিক্ত প্রশ্ন করতে চাই। 'হ্যাঁ' বা 'না' দিয়ে বললেই হবে। কন্যাশ্রী প্রকল্প নিয়ে আলোচিত হচ্ছে এ বিষয়ে কোনো সন্দেহ নেই। এটা ভালো প্রক্রিয়া। শুধু আপনার কাছে জিজ্ঞাস্য যে, দু'হাজার এগারো সালের আগে 'বালিকা সমৃদ্ধি যোজনা' এবং 'গার্লস ইনসেনটিভ'—এই দুটি ব্যবস্থা ছিল স্কুল-কলেজ লেভেলে। এ বিষয়ে যদি জানেন তাহলে জানাবেন।

ডাঃ শশী পাঁজা : জানি না।

শ্রী উজ্জ্বল প্রামাণিক : স্যার, আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, আমাদের এই কন্যাশ্রী প্রকল্প এমন একটি প্রকল্প শুধু পশ্চিমবাংলায় নয় সারা ভারতবর্ষে আজকে সমাদৃত। মাননীয়া মন্ত্রীর কাছে আমার স্পেসিফিক প্রশ্ন যে, ২০১২ এবং ২০১৩ সালে বা ২০১৩ এবং ২০১৪ সালে এখনও পর্যন্ত এই প্রকল্পের জন্য কত টাকা খরচ হয়েছে এবং আমাদের এই প্রকল্পকে নকল করার জন্যে কেন্দ্র যে বেটি বাঁচাও প্রকল্প চালু করেছে, উনি যদি দয়া করে জানান, কেন্দ্রের এই প্রকল্পের জন্য এ বছর কত টাকা কেন্দ্র অনুদান হিসাবে স্যাংসান করেছে ?

ডাঃ শশী পাঁজা : স্যার, প্রথম যে প্রশ্ন ছিল তার উত্তরে জানাই স্কীমটা আরম্ভ হয় October ২০১৩-তে। October 2013 অর্থাৎ half financial year over. তাই ২০১৩-১৪ সালে বাজেট প্রভিশন ছিল ৪২৫ কোটি টাকা, round figure-এ বলছি। ২০১৪-১৫-তেও প্রভিশন হয়েছে ৬৩৪ কোটি টাকা। এর মধ্যে ২০১৩-১৪-তে রিলিজ হয়েছে ২৯৭ কোটি টাকা। আর, ২০১৪-১৫-তে রিলিজ হয়েছে till date ৪১১ কোটি টাকা।

তৃতীয়ত, আপনি জিজ্ঞাসা করেছিলেন 'বেটি পড়াও, বেটি বাঁচাও' প্রকল্পের কথা। আসলে দুটো স্কীমের মধ্যে একটা পার্থক্য রয়েছে। কোনো সময়ই দুটো মেলানো যায় না। 'বেটি পড়াও, বেটি বাঁচাও'-তে কোনো scholarship, grant, এইসব বিষয় নেই। ওখানে

বিষয়টা more of awareness building. এবং তারা child sex ratio-কে address করার জন্য, যেখানে low child sex ratio আছে, তাকে address করার জন্য তারা কিছু টাকা দিচ্ছে। All over India-তে তারা ১০০ district-কে বেছে নিয়েছে যেখানে low child sex ratio আছে। সেখানে awareness building করার বিষয় আছে। ...(নয়েজ)... Per district ১ কোটি টাকা।

শ্রীমতী মমতা রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনার মাধ্যমে আমি মাননীয়া মন্ত্রীকে একটি প্রশ্ন করছি। কন্যাশ্রী প্রকল্প। ভালো কথা। কিন্তু ২০১৩-১৪-র মধ্যে আমাদের বিভিন্ন হোম এবং বাগান থেকে কতজন শিশু পাচার হয়েছে সেই তথ্য যদি বলেন ভালো হয়।

ডাঃ শশী পাঁজা : আলাদা প্রশ্ন করবেন, নিশ্চয় উত্তর দেব। এর সঙ্গে মেশানো যাবে না।

উপনগরী গঠন

*৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩) **শ্রী শাহাজাহান চৌধুরী** : নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার উপনগরী গড়ার সিদ্ধান্ত গ্রহণ করেছে ;

(খ) সত্যি হলে, উপনগরী গড়ার লক্ষ্যে কী কী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে/হচ্ছে ; এবং

(গ) উপনগরী গড়ার জন্য কে.এম.ডি.এ.-এর মাধ্যমে জমি সংগ্রহের কোনো পরিকল্পনা গ্রহণ করা হয়েছে/হচ্ছে কি ?

শ্রী ফিরহাদ হাকিম :

স্যার, উনি প্রশ্ন করেছেন, সরকার উপনগরী গড়বার কোনো সিদ্ধান্ত নিয়েছে কিনা। উত্তরে জানাই, না, সরকার নিজে কোনো উপনগরী গড়বার কোনো সিদ্ধান্ত নেয়নি এবং এরকম কোনো পরিকল্পনাও সরকারের নেই যে নিজেরা এখনই কোনো উপনগরী গড়বে। এছাড়াও উনি জিজ্ঞাসা করেছেন, কে.এম.ডি.এ. কোনো উপনগরী গড়ছে কিনা। উত্তরে জানাই, এ রকম কোনো পরিকল্পনা কে.এম.ডি.এ.-রও নেই।

শ্রী শাহাজাহান চৌধুরী : সম্মানীয় অধ্যক্ষ মহাশয় আমার প্রথম সাপ্লিমেন্টারি মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে। কেন্দ্রীয় সরকারের স্মার্ট সিটি প্রকল্পের জন্য রাজ্য সরকার কোনো সুপারিশ পাঠিয়েছে কিনা।

শ্রী ফিরহাদ হাকিম : স্মার্ট সিটির জন্য নির্ধারিত ১০টা পাঠিয়েছি। তার মধ্যে নিউ টাউনের রেকমেন্ডেশন পাঠিয়েছি। কিন্তু স্মার্ট সিটি নিয়ে কেন্দ্রীয় সরকারের এখনও কোনো পলিসি ফ্রেম হয়নি। মিটিং করেছে, আমাদের কাছ থেকে রেকমেন্ডেশন নিয়েছে, কিন্তু এখনও কোনো পলিসি ফ্রেম করেনি। তাই এটা নিয়ে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে কোনো correspondence আমরা পাইনি।

শ্রী শাহাজাহান চৌধুরী : আমার দ্বিতীয় সাপ্লিমেন্টারী। কেন্দ্র এবং রাজ্য সরকারের পাশাপাশি এই স্মার্টসিটি প্রকল্পে পি.পি.পি. মডেলের কোনো সাহায্য নেওয়ার হবে কি ?

শ্রী ফিরহাদ হাকিম : নিশ্চিতভাবে এটাতে পলিসি ফ্রেম কেন্দ্রীয় সরকার করেনি।কিন্তু যে উপনগরীর কথা বলছেন তাতে আমরা 14Y, এটা আগেও ছিল, 14Y-তে আমরা এবার উপনগরী গড়ার জন্য পার্মিশন দিচ্ছি। যদি কেউ permission claim করেন তাকে permission দিচ্ছি। এবং সেই উপনগরীতে যদি কেউ স্মার্টসিটি কতে চায় তাতে সরকার কোনদিন আপত্তি করবে না। তার কারণ হচ্ছে, 'স্মার্টসিটির মধ্যে দিয়েই অনেকগুলো উপনগরীর proposal এসেছে, আই.টি.হাব, আই.টি.সিটি করার জন্য। ন্যাচারালি এইভাবে করলে স্মার্টসিটি অটোমেটিক হবে। আমরা চাইও fibre optic cable ফেলে স্মার্ট সিটির— আমাদের যে ধারণা আছে সেই ধারণা কেউ যদি করে সরকার সেটাতে উৎসাহ দান করবে।

[12.00 noon—12.10 p.m.]

চুঁচুড়া-মগরা ব্লকের অধীনস্থ এলাকার উন্নয়ন

*৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৪) **শ্রী অসিত মজুমদার** : নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ১৯০-চুঁচুড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত কোদালিয়া ১ নং জি.পি.-র চুঁচুড়া-মগরা ব্লকের অধীনস্থ এলাকার উন্নয়নের কাজ কে.এম.ডি.এ.-এর মাধ্যমে করার অনুমোদন দেওয়া হয়েছে ;

(খ) সত্যি হলে, উক্ত প্রকল্পে আর্থিক বরাদ্দের পরিমাণ কত ; এবং

(গ) উক্ত কাজ কত দিনের মধ্যে সম্পন্ন হবে বলে আশা করা যায় ?

শ্রী ফিরহাদ হাকিম :

স্যার, এক্ষুনি কে.এম.ডি.এ-র পক্ষে ওই প্রকল্পটা করা সম্ভব হচ্ছে না। উনি রেকমেন্ড করেছিলেন ঠিকই, কিন্তু যেহেতু এই বাজেটে আমাদের কাছে আর টাকা নেই তাই আমরা এটা করিনি। পরের বাজেটে নিশ্চিতভাবে আমরা ওঁর প্রকল্পটি নিয়ে চিন্তা-ভাবনা করবো এবং নিশ্চিতভাবে এটা করার চেষ্টা করবো।

শ্রী অসিত মজুমদার : আমি মন্ত্রিমহোদয়কে ধন্যবাদ জানাচ্ছি। এ বছর টাকা না থাকা অবস্থাতে তিনি আগামীবার করবেন বলে প্রতিশ্রুতি দিলেন। আমার প্রশ্ন—মন্ত্রিমহাশয় আমার বিধানসভা কেন্দ্র কোদালিয়া দুইয়ে কে.এম.ডি.এ.-র আন্ডারে একটা বড়ো প্রকল্প, ড্রেন এবং রাস্তা সহ কাজ করাচ্ছেন। এই টাকার পরিমাণটা কত এটা কি বলা সম্ভব ?

শ্রী ফিরহাদ হাকিম : This is not related to the original question. সুতরাং, আপনি বলেছেন আমি উত্তর দিয়েছি।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : ধন্যবাদ স্যার। মাননীয় নগর উন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম সাহেবের কাছে আমার একটি অতিরিক্ত প্রশ্ন West Bengal is a land critical state.

Urban area expand করছে। আর্বানাইজেশান বাড়ছে। দেখা যাচ্ছে একটা রিসেন্ট সার্ভেতে বিগত ১০ বছরে অনেক মানুষ শহর এলাকায় আসছেন এবং শহর বিস্তারিত হচ্ছে। তারই উপর ভিত্তি করে মাননীয়া মুখ্যমন্ত্রী এবং আপনারা 14Y রিল্যাকসেশান করেছেন according to the need. আমি আপনার কাছে মাননীয় অধ্যক্ষের মাধ্যমে প্রশ্ন রাখতে চাই Are you considering relaxation of the Urban Land Ceiling Act on the issue of demanding need of the present situation ?

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, আর্বান ল্যান্ড সিলিং অ্যাক্ট এটা প্রোটেকশান অব দি পোর পিপল, প্রোটেকশান অব দি মিডল ক্লাস। স্যার, যদি আমরা এই অ্যাক্টটাকে তুলে দিই যেটা ঠিকভাবে এসেছিল তাহলে প্রোটেকশান অব দি মিডল ক্লাস এটা হ্যাম্পার হবে। প্রোটেকশান অব দি পোর পিপল ইন দি সিটি এটাও হ্যাম্পার হবে। কিন্তু আমরা 14Y ক্লিয়ারেন্সটা দিচ্ছি, কেননা, হ্যাঁ আনপ্ল্যানডভাবে সিটি ডেভলপ করছে। সিটিতে infringed এরিয়াগুলো বেড়ে গিয়ে সিটি ডেভলপ এমনভাবে হচ্ছে যে সেটা প্ল্যান ছাড়া। সুতরাং, আগামীদিনে মহামারীর প্রকোপ দেখা দেবে। রাস্তাঘাট, ড্রেনেজ কিছু করা যাচ্ছে না। এরকমও হয়েছে। সেইজন্য আমরা যে ল্যান্ডগুলোয় গরীব মানুষের উচ্ছেদ হবে না, যে ল্যান্ডগুলোয় গরীব মানুষের concern হবে না, অথচ সেই ল্যান্ড সিটির কাছে পড়ে আছে বা পার্শ্ববর্তী কোনো এলাকায় আছে যেখানে তারা প্ল্যানড টাউনশিপ করতে চান সেইজন্য আমরা 14Yটা অ্যালাও করেছি। আমরা চাই এরকমভাবে প্ল্যানড টাউনশিপ আরো উঠে আসুক। কারণ নিড অব দ্য হাউসিংও দিন কে দিন বাড়ছে। মানুষ শহরমুখী হচ্ছেন। ভালভাবে থাকতে চায়। আমি আগেও বলেছি, আজকেও বলছি এটা আমাদের কাছে একটা স্বপ্ন, কিন্তু এটা একদিন হবে। এরকম টাউনশিপ গড়ে উঠবে। ট্রাক্টর নিয়ে গিয়ে মানুষ চাষ করবে। ফিরে এসে সেই ট্রাক্টর গ্যারেজে রেখে উপরের ফ্ল্যাটে থাকবে। তারপর তার ছেলেরা ওইখানে ভাল স্কুলে পড়বে। তারা নিজেরা একটা ভাল জায়গায় মার্কেটিং করবে, সিনেমা দেখবে। একটা সিটি লাইভ যা হয় সেই লাইফে তারা থাকবে। এরকম দিন নিশ্চিতভাবে বাংলায় আসবে খুব শীঘ্রই।

Question Hour is over.

Starred Questions
(to which answers were laid on the 'Table')

প্রাইভেট বি. এড. কলেজ

*৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৮) **শ্রী আনিসুর রহমান** : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে প্রাইভেট বি.এড. কলেজে প্রয়োজনীয় সংখ্যক ও ন্যূনতম যোগ্যতাসম্পন্ন শিক্ষক নিয়োগ করছে না ; এবং

(খ) সত্যি হলে, এ বিষয়ে সরকার কর্তৃক কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ওই ধরনের কোনো অভিযোগ এই দপ্তরে নেই। এবং

(খ) 'ক' অংশের উত্তর হ্যাঁ নয়, তাই প্রযোজ্য নয়।

সাগর এলাকায় বৈদ্যুতিকরণ

*৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৫) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা :** বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে ডিসেম্বর, ২০১৪ সাপেক্ষে সাগর এলাকায় গ্রামীণ বৈদ্যুতিকরণ-এর মাধ্যমে মোট কতগুলি মৌজাকে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে ?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

সাগর এলাকার ৪২টি মৌজার মধ্যে ৬টি মৌজাকে বিদ্যুৎ সংযোগ দেওয়ার কাজ শেষ হয়েছে।

আশা করা যায়, জুন, ২০১৫-এর মধ্যে সব মৌজাতেই বিদ্যুৎ সংযোগ দেওয়ার কাজ সম্পন্ন হবে।

আই.সি.ডি.এস. কেন্দ্র

*৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৭) **শ্রী বাসুদেব খাঁ :** শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে জানুয়ারি, ২০১৫ সাপেক্ষে রাজ্যে আই.সি.ডি.এস. কেন্দ্র/কর্মী/সহায়িকার সংখ্যা কত ?

শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

৩১শে ডিসেম্বর, ২০১৪ সাপেক্ষে রাজ্যে আই.সি.ডি.এস. কেন্দ্রের কর্মী ও সহায়িকার সংখ্যা :

অঙ্গনওয়াড়ী কর্মী - ১০৭৬০৬ ও অঙ্গনওয়াড়ী সহায়িকা - ১০২৪৩৮।

ময়নাগুড়ি পৌরসভা গঠন

*৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৩) **শ্রী অনন্তদেব অধিকারী :** পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৪ সাপেক্ষে ময়নাগুড়িতে পৌরসভা গঠনের কোনো সিদ্ধান্ত সরকার গ্রহণ করেছে কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, তা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) জলপাইগুড়ি জেলার ময়নাগুড়িতে পৌরসভা গঠনের প্রক্রিয়া পশ্চিমবঙ্গ পৌর আইন, ১৯৯৩ অনুযায়ী শুরু করা হয়েছে এবং সমস্ত প্রশাসনিক অনুমোদন/পদক্ষেপ সম্পন্ন হওয়ার পর প্রক্রিয়াটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায়।

আই.সি.ডি.এস.-এর সুপারভাইজারহীন ব্লক

*৪০। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৪) **শ্রী বিজয় বাগদী :** শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে ডিসেম্বর, ২০১৪ সাপেক্ষে রাজ্যে আই.সি.ডি.এস.-এর সুপারভাইজারহীন ব্লকের সংখ্যা কত ?

শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

৩১শে ডিসেম্বর, ২০১৪ সাপেক্ষে রাজ্যে আই.সি.ডি.এস. প্রোজেক্টে সুপারভাইজার নেই এমন কোনো প্রোজেক্ট নেই।

সবং ব্লকে মহিলা কলেজ স্থাপন

*৪১। (অনুমোদিত প্রশ্ন নং *২০৫) **ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিম মেদিনীপুর জেলার সবং ব্লকে মহিলা কলেজ স্থাপনের কোনো পরিকল্পনা সরকার গ্রহণ করেছে কি ; এবং

(খ) 'ক' অংশের উত্তর 'হ্যাঁ' হলে, তা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সবং ব্লকে সজনীকান্ত মহাবিদ্যালয় আছে যেখানে ছেলেরা ও মেয়েরা একই সঙ্গে লেখাপড়া করে, তাই পৃথক মহিলা কলেজ স্থাপনের কোনো পরিকল্পনা নেই। এবং

(খ) 'ক' অংশের উত্তর হ্যাঁ নয়, তাই প্রযোজ্য নয়।

রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়

*৪২। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৫) **শ্রী নর্মদা চন্দ্র রায়** : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সাম্প্রতিক বিশ্ববিদ্যালয়ের মর্যাদাপ্রাপ্ত রায়গঞ্জ কলেজ অস্থায়ী উপাচার্য দ্বারা পরিচালিত হওয়ায় গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ ও পরিকাঠামোগত উন্নতিসাধনে বাধাপ্রাপ্ত হচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, তা দূরীকরণে সরকার কোনো পদক্ষেপ গ্রহণ করেছে/করছে কি ?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রায়গঞ্জ বিশ্ববিদ্যালয় আইন, ২০১৪ পশ্চিমবঙ্গ আইনসভায় পাশ হয়ে ২১শে জানুয়ারি, ২০১৫ থেকে চালু হয়েছে এবং প্রথম উপাচার্য নিয়োগের প্রক্রিয়া শুরু হয়েছে। নতুন উপাচার্য তার দায়িত্বভার গ্রহণ করার পরে বিশ্ববিদ্যালয়ের কাজকর্ম আনুষ্ঠানিকভাবে শুরু হবে। তাই রায়গঞ্জ কলেজ এই মুহূর্তে অস্থায়ী উপাচার্য দ্বারা পরিচালিত হওয়ার প্রশ্নই ওঠে না।

(খ) উপরোক্ত কারণে দ্বিতীয় প্রশ্নটি অপ্রাসঙ্গিক হয়ে যায়।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today I have received one notice of Adjournment Motion from Dr. Surjya Kanta Mishra, Shri Anisur Rahaman, Shri Subhas Naskar, Shri Paresh Chandra Adhikary, Shri Sahajahan Choudhury and Shri Basudeb Khan on the subject of alleged disorderly situation during ongoing Madhyamik Examination in the State.

The subject of the motion is not such that may call for the adjournment of the business of the House. Members will get ample scope to raise the matter during discussion on governor-s Address which is now going on. Members may also invite attention of the Ministers concerned through Calling Attention, Mention, Question Etc.

I, therefore, withhold my consent to the Motion.

One Member of the party may, however, read the text of the Motion as amended.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আপনি খেয়াল রাখবেন যে, কোশ্চেন আওয়ারের শুরুতে যেটা গোলমাল হচ্ছিল সকালে আমাদের দাবী সেটা আপনি এখন রেসপন্ড করবেন।

যাই হোক, আমি এটা মেনে নিতে পারছি না যে এটা আপনি অ্যাডমিট করছেন। কারণ এখনই আমরা দেখতে পাচ্ছি যে ব্যাপক, গণ-টোকাটুকি হচ্ছে, কাগজে ছবি বেরোচ্ছে। রাজ্যে প্রায় ১৫ লক্ষাধিক পড়ুয়া বর্তমান মাধ্যমিক পরীক্ষা দিচ্ছেন। তাদের ভবিষ্যৎ জীবনের পক্ষে অত্যন্ত গুরুত্বপূর্ণ এই পরীক্ষা। অব্যবস্থার মধ্যে দিয়ে চলছে বলে অভিযোগ। শিক্ষাক্ষেত্রে উন্নত, সুস্থ পরিবেশ বজায় রাখা এবং শিক্ষার্থীদের ভবিষ্যৎ সুরক্ষিত করা প্রয়োজন।

মিঃ স্পীকার : আমি এই ব্যাপারে আপনাকে বলি, আপনার এই অ্যাডজর্নমেন্ট মোশান পাওয়ার পরে আমি যোগাযোগ করেছি আমাদের মাননীয় শিক্ষামন্ত্রীর সঙ্গে। শিক্ষামন্ত্রী আসবেন, আপনাদের সঙ্গে বসে আলোচনা করবেন এই ব্যাপারটা উনি আমাকে বলেছেন। He will discuss the matter with you. আর সকালবেলার ব্যাপারটা যেটা আপনারা উল্লেখ করেছিলেন, আমি মাননীয় সকল সদস্যদের অবগতির জন্য জানাই, একজন মাননীয় বিধানসভার সদস্য আমাদের এই গৃহের বাইরে একটা প্ল্যাকার্ড নিয়ে বসে আছেন এবং বসে তিনি—তার কিছু কিছু বক্তব্য প্ল্যাকার্ডে লেখা রয়েছে। একজন বাইরের মানুষ তার সঙ্গে ছিলেন। তিনি কিছু কিছু লিফলেট ডিস্ট্রিবিউট করছিলেন এবং যিনি ছিলেন তিনি আমাদের এই সভার সদস্য নন। তিনি আমাদের যিনি মাননীয় সদস্য বাইরে প্ল্যাকার্ড নিয়ে বসে রয়েছেন, তার সঙ্গে অ্যাকম্পেনি করে এসেছিলেন। এই সংবাদ জানার পর আমি বলেছি যিনি প্ল্যাকার্ড নিয়ে বসে আছেন—আমরা অনেক সময় দেখেছি বিরোধী দলে যারা রয়েছেন তারাও প্ল্যাকার্ড ডিসিপ্লে করেন বাইরে গিয়ে। মিডিয়ার সামনে তারা, মিডিয়ার লোকজন থাকেন তাদের সামনে প্ল্যাকার্ড ডিসপ্লে করে তাদের বক্তব্য রাখেন। সেই ব্যাপারে আমার কোনো বক্তব্য নেই। কিন্তু কোনো বাইরের লোক এসে এখানে লিফলেট ডিস্ট্রিবিউট করবে আমি সেটা অ্যালাউ করতে পারি না। আমি সেইজন্য মার্শালকে নির্দেশ দিয়েছি কোনো লোক যাতে এখানে লিফলেট ডিস্ট্রিবিউট করতে না পারে অ্যাকর্ডিংলি। আমি এই লিফলেটগুলো ডিস্ট্রিবিউট করতে দিইনি। আর যে ব্যাপারটা বলছেন আমি আমাদের মার্শালকে জানার পরে বলছিলাম, মাননীয় সদস্যকে আমার সাথে দেখা করতে বলুন। ওনার যে বক্তব্য আছে আমি শুনবো। আজকে আমাদের বিধানসভার অধিবেশন রয়েছে। মাননীয় মন্ত্রীরা থাকবেন, আমি তাদের সাথে আলোচনা করব। সেই সুযোগটা তিনি নেননি। তিনি অস্বীকার করেছেন আসবার জন্য। তিনি বলেছেন যে না, আমি এখান থেকে উঠব না, আমি কারোর সাথে দেখাও করব না। আমার যা বলবার আমি এখান থেকে বলব। একজন অধ্যক্ষের পক্ষে ওখানে গিয়ে ওনার বক্তব্য শোনার কোনো কারণ পড়েনি। অনেক বিধায়ক আছেন এই বিধানসভার, বিরোধী দলের অনেকেই আছেন যাদের অনেক অসুবিধা হয়। তারা আমার সঙ্গে এসে দেখা করেন বিভিন্ন সময়ে। আমি আমার মতো, আমার ক্ষমতা অনুযায়ী তাদের যে সমস্ত অভিযোগ সেগুলো redress করার চেষ্টা করি। সুতরাং আমি সেই সুযোগটা তাকে দিয়েছিলাম। সেই সুযোগ তিনি গ্রহণ করেননি। এই নিয়ে আমরা কোনো আলোচনা চাই না। এটা আপনার অভিযোগ তো না। Dr. Mishra, it is not your allegation, না, না, এটা আপনার অভিযোগ না। আপনার কাছ থেকে আমি

শুনবো না। আপনি ওনার মুখপাত্র নন। You are not his spokesman. আপনি তো ওনার মুখপাত্র নন। আপনার কাছ থেকে আমি ওর কথা শুনব না। আমি তাকে ডেকেছিলাম, তিনি আসেননি। ছেড়ে দিন...(Noise)... দেখুন ডাঃ মিশ্র আপনি তার মুখপাত্র হিসাবে এখানে আসেননি। আমি আপনাকে বলি শুনুন ওনাকে আমি যখন ডেকেছি, আজকে যখন আপনি এই প্রসঙ্গ অবতারণা করলেন মাধ্যমিক পরীক্ষার্থীদের সম্বন্ধে আমি আপনাকে বলেছি, আমাদের মাননীয় মন্ত্রী আপনাদের সঙ্গে আলোচনা করবেন। আমি তাকে সুযোগ দেওয়া সত্ত্বেও তিনি সুযোগ গ্রহণ করেননি। শুধু তাই নয়, আমি মনে করি বিধানসভার অধ্যক্ষ হিসাবে কোনো মাননীয় সদস্যদের যদি কোনো অসুবিধা হয়, তাকে যদি আলোচনার জন্য আমি ডাকি, তিনি যদি না আসেন তিনি মর্যাদা রক্ষা করলেন না। এই ব্যাপারে আর কোনো আলোচনা নয়।

CALLING ATTENTION

Mr. Speaker: Today, I have received four (4) notices of Calling Attention on the following subjects, namely :—

	Subject	Name
(i)	Alleged stalemate condition of Haimabati Charitable Dispensary run by Burdwan Zilla Parishad at Panchra, Jamalpur	: Shri Basudeb Khan
(ii)	Urge for repairing of the building of Chandrapur High School in Mangolkot Assembly Constituency area	: Shri Sahajahan Choudhury
(iii)	Urge for appointment of adequate numbers of Doctor and Nurse at Harishchandrapur Rural Hospital	: Shri Tajmul Hossain
(iv)	Urge for construction of Bridge on river Babla at Natungram under Ketugram Block-II in Burdwan	: Shri Sekh Sahonawez

I have selected the notice of Shri Sekh Sahonawez on the subject of urge for construction of a Bridge on river Babla at Natungram under Ketugram Block-II in Burdwan.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

[11.10—12.20 p.m.]

শ্রী শঙ্কর চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই যে কলিং অ্যাটেনশান আছে, মাননীয় মন্ত্রী এই অধিবেশন চলাকালীনই এর জবাব দেবেন।

The West Bengal Heritage Commission (Documentation Assistant) Recruitment Rules, 2014.

Shri Tapas Roy : Hon'ble Speaker Sir, with your kind permission I beg to re-lay the West Bengal Heritage Commission (Documentation Assistant) Recruitment Rules, 2014, published in the Kolkata Gazette Extraordinary dated the 21st February, 2014, under Information & Cultural Affairs Department's Notification No. 292-ICA(N) dated the 20th February, 2014.

LAYING OF REPORTS AND ACCOUNTS

The Annual Report and Accounts together with Audit Report thereon, of the West Bengal State Electricity Distribution Company Limited for the year 2013-2014.

Shri Manish Gupta : Hon'ble Speaker Sir, with your kind permission I beg to lay the Annual Report and Accounts together with Audit Report thereon, of the West Bengal State Electricity Distribution Company Limited for the year 2013-2014.

The Annual Report and Accounts together with Audit Report thereon, of the West Bengal State Electricity Transmission Company Limited for the year 2013-2014.

Shri Manish Gupta : Hon'ble Speaker Sir, with your kind permission I beg to lay the Annual Report and Accounts together with Audit Report thereon, of the West Bengal State Electricity Transmission Company Limited for the year 2013-2014.

MENTION CASES

শ্রী বাসুদেব খাঁ : স্যার, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট দপ্তরের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। সরকার একদিকে যখন উন্নয়নের কথা বলছেন এবং উন্নয়নের বিজ্ঞাপন বিভিন্ন জায়গায় দিচ্ছেন, তখন তার পাশাপাশি উন্নয়ন নিয়েই আজ রাজনীতি শুরু হয়েছে। আমার বিধানসভা এলাকা রায়না, রায়নায় দুই ব্লকে যে বিধায়ক উন্নয়নের টাকা '১৪ এবং '১৫ সালের জন্য ধার্য করা হয়েছিল, ৩১ লক্ষ ৫০ হাজার টাকা, সেগুলি হচ্ছে রাস্তা, বিদ্যুৎ, স্কুল, কবরস্থান, শ্মশানের জন্য আমরা নির্ধারিত করেছিলাম। কিন্তু দেখা যাচ্ছে রায়নায় দুই

পঞ্চায়েত সমিতি পূর্তের আজকে যে কর্মাধ্যক্ষ এবং তিনি তার দপ্তরে বসে সিদ্ধান্ত নেয় যে বিধায়ক উন্নয়নের টাকা নাকি তারা সেই ব্লকে খরচ করবে না। আমার সংশ্লিষ্ট দপ্তরের কাছে জিজ্ঞাস্য যে এটাতে কি কোনো আইনের একটা ধারা আছে ? যে পঞ্চায়েত সমিতি বিধায়ক এলাকা উন্নয়নের টাকা বিধায়করা খরচা করতে পারবে না এবং যাতে আমরা এই টাকা এই সময়কালের মধ্যে খরচা করতে পারি তার জন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি।

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত দু'দিন ধরে মাধ্যমিক পরীক্ষা যেভাবে হচ্ছে এবং এই খবরের কাগজে বেরিয়েছে, বিভিন্ন সংবাদমাধ্যমে দেখাচ্ছে যেভাবে টুকলি সাপ্লাই করা হচ্ছে এবং সবথেকে বড়ো কথা যেটা মাধ্যমিক বোর্ডের প্রশাসক যে কথা বলেছেন, মন্ত্রী বলছেন টোকাটুকি বন্ধ করার জন্য প্রশাসনিক ব্যবস্থা নেওয়া দরকার। সেখানে মাধ্যমিক বোর্ডের প্রশাসক বলছেন টোকাটুকি হচ্ছে না। এটা একটা অদ্ভুত পরিস্থিতি তৈরী হয়েছে। যেভাবে ঘটনাগুলি হচ্ছে আর যেভাবে সংবাদমাধ্যমে দেখাচ্ছে এটা আমাদের কাছে অত্যন্ত লজ্জার। কোনো সভ্য সমাজে এটা ঘটতে পারে না। তারপর দেখুন যেভাবে ছাত্র-ছাত্রীরা পরীক্ষা দিতে যাচ্ছে, এইভাবে পরীক্ষা দিতে যাওয়া সম্ভবপর নয়। এর একটা ব্যবস্থা হওয়া দরকার। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, উনি আসবেন আমি শুনেছি....(এই সময় মাইক অফ হয়ে যায়)।

শ্রী আনিসুর রহমান : স্যার আমি আপনার মাধ্যমে আমাদের উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্যে কয়েক হাজার পার্টটাইম টিচার আছে যারা সরকার অনুমোদিত। তারা কেউ কলেজে, কেউ ইউনিভার্সিটিতে কাজ করে। তাদের উপর শর্ত আছে তিন দিনের বেশি কাজ করতে পারবে না আবার বাইরে কোথায়ও কাজ করতে পারবে না। কিন্তু এত কম বেতন পায় তাদের পক্ষে চলা খুব মুশকিল। কথা হয়েছিল, এর আগে আলোচনা হয়েছিল যে যাদের ভাল যোগ্যতা আছে তাদের আস্তে আস্তে স্কুলের সঙ্গে যুক্ত করে নেওয়া হবে SSC পরীক্ষার সময়। কিন্তু এখন সেই ব্যবস্থা হয়নি। এদের অবস্থা ভীষণ খারাপ, তাই আমি আপনার মাধ্যমে বলছি। ওরা সংগ্রাম করবার জন্য, হাংগার স্ট্রাইক করবার জন্য—আমি আবেদন জানাব ওদের দাবি শোনা হোক এবং সেই ব্যবস্থা করা হোক, ধন্যবাদ।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার বৃত্তিমূলক শিক্ষক এবং প্রশিক্ষকবর্গ কতগুলি দাবি নিয়ে তারা অবস্থান করছিলেন। তাদের দাবিগুলি ছিল বৃত্তিমূলক শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্রগুলিকে শিক্ষক এবং প্রশিক্ষক নিয়োগ পুনরায় আরম্ভ করতে হবে। সংসদে লিখিত প্রতিশ্রুতি অনুযায়ী এইট প্লাস স্তরের পাঠক্রমকে অবিলম্বে ছয় মাসের পরিবর্তে এক বছরে রূপান্তরিত করতে হবে। আগামী শিক্ষাবর্ষ থেকে লিখিত প্রতিশ্রুতি অনুযায়ী ১০+২ স্তরের পাঠক্রম সংস্কার করতে হবে। ১৯৯৮ NCTE-এর রেকমেন্ডেশন মান্য করে সমস্ত আংশিক সময়ের শিক্ষক এবং প্রশিক্ষককে পূর্ণ সময়ে রূপান্তরিত করতে হবে। শিক্ষক, প্রশিক্ষক, নৈশ প্রহরী সমস্ত কর্মচারীদের সি.এল., ই.এল. এবং মেটারনেটিভ লিভের সুযোগ-সুবিধা দিতে হবে। কিন্তু ওরা যখন অবস্থান করছিলেন সেই সময় ১৯ তারিখ-২০ তারিখে ওদের ওখান থেকে পুলিশ দিয়ে জোর করে তাড়া করে বের করে দেওয়া হয়। এমনকি মহিলারাও ছিলেন

তাদেরকেও ওখান থেকে বের করে দেওয়া হয়। এখন এই বিষয়টিকে নিয়ে কাউন্সিলের যিনি সভাপতি তাকে সমস্ত জানানো হয়। আবার যিনি মন্ত্রী তিনি বলছেন মামদাবাজি নাকি, ওদের বেতন বাড়াতে হবে ? এই সমস্তগুলি চলছে স্যার। এদের যে আন্দোলন সেই আন্দোলনকে দেখা এবং এদের উপর যে পুলিশি হামলা হল, নির্যাতন হল, সেটাকে দেখা এবং এদের দাবিগুলিকে সহানুভূতির সঙ্গে.....(এই সময় মাইক অফ হয়ে যায়)।

শ্রী নিরাপদ সর্দার : মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার কয়েকদিন ধরে, পরপর দুই-তিনদিন ধরে যে ঘটনা ঘটছে আমাদের উত্তর ২৪-পরগনা জেলা কলকাতার কাছাকাছি, বেলঘরিয়া দাসনগরে স্যার দেখেছেন কাজল ভট্টাচার্যকে কিভাবে হত্যা করা হয়েছে। তার পরের দিনেই আমি দেখলাম স্যার গতকাল সন্দেশখালিতে তৃণমূলের দুটি গোষ্ঠীদ্বন্দ্বের ফলে সেখানে গুলি বিনিময় হয়েছে এবং সেইগুলিতে একজন সাধারণ স্কুলপড়ুয়া যে টিউশান পড়ে বাড়ি ফিরছিল তার হাতে লেগেছে। সে অসুস্থ, খুলনা হাসপাতালে তার গুলি বার করা হয়েছে। আমি স্যার যেটা বলতে চাইছি আজকে যারা এই কাজ করছে, যারা এলাকা সন্ত্রস্ত করছে, প্রকাশ্যে যারা আগ্নেয়াস্ত্র নিয়ে ঘুরে বেড়াচ্ছে তাদের কাছ থেকে বেআইনি অস্ত্র উদ্ধার করা হোক। এবং যারা এই ঘটনার সঙ্গে যুক্ত তাদের গ্রেপ্তার করা হোক। তাদের শাস্তির দাবি করছি স্যার।

শ্রী নগেন্দ্রনাথ রায় : স্যার আপনার মাধ্যমে আমি পুনর্বাসন মন্ত্রিমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আবার নির্বাচন ক্ষেত্রে উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ের মোড় থেকে চকচকা রাজেনের চৌপথি পর্যন্ত ৩১ নম্বর জাতীয় সড়কের সম্প্রসারণের কাজ শুরু হবে কয়েক দিনের মধ্যে। অনেক ঘর-বাড়ি ভাঙা পড়বে। আর বিশেষ করে ঢিকাপুল, রাজারহাট, মধুপুর মোড় এবং খাগড়াবাড়ি চৌপথির অনেক দোকানপাট ইতিমধ্যে কিছু ভেঙেছে। হয়তো আরো কিছু দোকানপাট ভাঙা হবে। দোকানদার, ব্যবসায়ীরা তারা বেকার হয়ে পড়বে। আমি অনুরোধ করছি এদের পুনর্বাসন দেওয়ার জন্য ব্যবস্থা করা হোক।

শ্রীমতী অপর্ণা সাহা : সম্মানীয় অধ্যক্ষ মহোদয় আপনার মাধ্যমে আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলার সিউড়ি পৌরসভার জল ও বস্তি এলাকার উন্নয়ন প্রকল্পে ১০ কোটি টাকা তছরুপের ব্যাপারে ওই এলাকার মাননীয় বিধায়ক শ্রী স্বপনকান্তি ঘোষ মাননীয়া মুখ্যমন্ত্রী ও মাননীয় পৌরমন্ত্রীকে জানানো সত্ত্বেও কোনো ব্যবস্থা নেননি। সরকার কি তবে অন্যায় ও তছনছকে মদত দিচ্ছেন ? আমরা চাই এর পূর্ণাঙ্গ তদন্ত হোক এবং জনস্বার্থের উদ্দেশ্যে উন্নয়নের টাকায় পুরো কাজ হোক।

[12.20—12.30 p.m.]

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী এখানে রয়েছেন—এই ব্যাপারটা নিয়ে সকালবেলা থেকে আমি দেখছি আমাদের বিধানসভায় অনেকেই অনেক রকম আলোচনারা জন্য দাবি করেছেন। এখানে মাননীয় পৌরমন্ত্রী ফিরহাদ হাকিম রয়েছেন, আমি ওনাকে বলব এই ব্যাপারে এখানে যারা সদস্য রয়েছেন তাদেরকে যদি অবগত করান তাহলে ভালো হয়।

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, বিধানসভা চলছে, তাই ন্যাচারেলি বিধায়কের উচিত ছিল এখানে এসে দাঁড়িয়ে যে কোনো প্রশ্ন করতে এবং আমরা দায়বদ্ধ সেই প্রশ্নের জবাব দিতে। এটা ঠিক যে উনি একটা চিঠি মুখ্যমন্ত্রীকে দিয়েছিলেন এবং সেই চিঠির বেসিসে মুখ্যমন্ত্রী আমাকে নির্দেশ দিয়েছিলেন একটা এনকোয়ারি করার। আমি অলরেডি এনকোয়ারির অর্ডার দিয়েছি যে এটা দেখার জন্য—জলের প্রকল্পের ব্যাপারে এবং এছাড়াও আমরা বলেছি যে, ঠিক আছে, যে জল প্রকল্প বাকি আছে মানুষের যেটা অসুবিধা হচ্ছে, সেটা এম.ই.ডি.-র মাধ্যমে অলরেডি টেন্ডার প্রসেস হয়ে গিয়েছে। কিছুদিনের মধ্যে সিউড়ির জল প্রকল্পের কাজ শুরু হয়ে যাবে। সুতরাং ওনার কথা অনুযায়ী মুখ্যমন্ত্রী আমাকে নির্দেশ দিয়েছেন। সেই নির্দেশ অনুযায়ী আমি অলরেডি আমার ডিপার্টমেন্টকে বলেছি যে, ওনার একটা অভিযোগ এসেছে, এই অভিযোগটার পূর্ণাঙ্গ তদন্ত কর। তারপরেও এটা করা একটা বিধায়কের পক্ষে সমীচীন নয় বলে আমি মনে করি।

শ্রী বাসুদেব মেটে : মাননীয় স্পীকার সাহেব আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা আউশগ্রাম। আউশগ্রামে যে কয়েকটি পীচ রাস্তা আছে, সবকটির অবস্থা বেহাল। আমার এখানে পীচ রাস্তার যেমন বেহাল অবস্থা, সেইরকম এই দপ্তরের মন্ত্রীরও বেহাল অবস্থা। যাই হোক, আমি বলতে চাইছি, এই রাস্তাগুলো খানা-খন্দে ভর্তি হয়ে রয়েছে। এখন পরীক্ষা চলছে, যানবাহন চলাচলে প্রচণ্ড অসুবিধা হচ্ছে। এই রাস্তাগুলো সংস্কারের জন্য এই মোরাম দিয়ে পীচ রাস্তা তালি মারা যায় না। সেই রাস্তাগুলোকে পীচ দিয়েই তালি মারতে হয়। এই রাস্তাগুলিকে চলাচলের উপযুক্ত করার জন্য আমি দাবি জানাচ্ছি।

শ্রী অপূর্ব সরকার : আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর কাছে আমার আবেদন যে, বোরো মরসুম শুরু হয়েছে। এই মুহূর্তে পশ্চিমবঙ্গে সারের জোগান কম থাকার জন্য কৃষকরা ইউরিয়া সহ সমস্ত সার দ্বিগুণ দামে কিনতে বাধ্য হচ্ছেন। এই সারের জোগানের অপ্রতুলতার জন্য এক শ্রেণির কালোবাজারি কৃষকদের কাছ থেকে শুধু ইউরিয়া দেওয়ার নামে অন্যান্য সার তারা নিতে বাধ্য করছে। তাই অতি দ্রুত এই ব্যাপারে যদি হস্তক্ষেপ করা না যায়, তাহলে আগামীদিনে কৃষকরা যে ধান উৎপাদন করে, সেই ধানের ন্যায্য মূল্য পাওয়া থেকে যারা বঞ্চিত হচ্ছে, তাদের কিন্তু আরও অসুবিধার সম্মুখীন হতে হবে। তাই অতি দ্রুত কৃষকরা যাতে ন্যায্য মূল্যে সার পায়—যেখানে এক প্যাকেট ইউরিয়া ২৯০ টাকা দাম, সেখানে সেটা কিনছে ৪৫০-৫০০ টাকায়। এই অবস্থা চলছে গোটা রাজ্যে। এই ব্যাপারে অতি দ্রুত হস্তক্ষেপ করার জন্য আমি দাবি জানাচ্ছি।

Dr. Harka Bahadur Chhetri : Hon'ble Speaker, Sir, through you I would like to draw the attention of the concerned Minister to the fact that it was in the year 1961 that Nepali language was recognized as one of the official languages of the State; and in the year 1992, it was recognized by the Union Government of India as one of the Eighth-Schedule languages, and when this

Government came of power in 2011, it also recognized this language as one of the minority languages. But so far as the practical implementation side of it is concerned, Sir, when the KVK-Krishi Vihar Kendra - was bifurcated into UVKV and VKV, there was one provision of the knowledge of Nepali language or the regional language wherever the appointments are made of the research students, because the funding of the laboratory had to be implemented in the field level. But recently, after the KVK was bifurcated into VKV and UVKV, this provision was removed, as a result of which the local sltudents are not getting chance to sit for the examination because they don't know the Bengali language, which is not necessary while working in the hills, Sir. That is one point which I want to make. And the other point is, there is no optional provision of Nepali whereas there are Persian and other languages also while sitting for West Bengal Civil Service Examination. These two things may kindly be taken into consideration and the provision which was there earlier be implemented in letter and spirit.

শ্রী ধীরেন বাগদী : ধন্যবাদ স্যার, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় প্রতিবন্ধীদের যে বিভিন্ন ধরনের সুযোগ-সুবিধা, প্রতিবন্ধীরা আমাদের সমাজে মানব সভ্যতার একটা অংশ। আমরা লক্ষ করছি যে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার এর সুযোগ-সুবিধা থেকে প্রতিবন্ধীরা বঞ্চিত হচ্ছে। এইজন্য নির্দিষ্টভাবে কালা, বোবা, কানা এবং মানসিক প্রতিবন্ধীদের প্রতি জেলায় স্কুল, প্রত্যেক প্রতিবন্ধীদের জন্য বৃত্তি ১২ হাজার টাকা করতে হবে, স্কলারশিপ পাওয়ার ক্ষেত্রে যে উর্ধ্বসীমা আছে সেটা বাড়িয়ে ১৫ হাজার টাকা করতে হবে। প্রতিবন্ধী ভাতা যাতে প্রত্যেকে পায়, বিশেষ করে ৭০০ টাকা থেকে বাড়িয়ে ১৫০০ টাকা এবং ৬০০ টাকা থেকে বাড়িয়ে ১২০০ টাকা করতে হবে। প্রতিবন্ধী প্রত্যেক আবেদনকারী যাতে সেই সুযোগ পায় তার জন্য প্রকৃত ব্যবস্থা প্রশাসনকে নিতে হবে। এখনও পর্যন্ত যারা পেনশান পান না, তাদের জন্য জি.আর.-এর ব্যবস্থা করতে হবে, তাদের বি.পি.এল. তালিকাভুক্ত করতে হবে, তারা যাতে রেশন পায় বিনা পয়সায় তার ব্যবস্থা করতে হবে। ভ্রমণের জন্য তাদের দুটো সিট, এটা বরাদ্দ করতে হবে। সেই সঙ্গে সঙ্গে তাদের চাকরির ক্ষেত্রে শতকরা তিন শতাংশ যে সংরক্ষণ, এটাকেও সুনিশ্চিত করতে হবে। এই বিষয়গুলির ব্যাপারে রাজ্য সরকার যাতে ব্যবস্থা নেন এবং বাজেটে তার ব্যবস্থা রাখেন তার আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সমরেন্দ্রনাথ ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় রাজ্য সরকারের নির্দেশক্রমে নদীয়া জেলার মাননীয় জেলাশাসক প্রতিটি এম.এল.এ.-কে চিঠি দিয়েছিলেন তার এলাকার ২০টি ক্লাবের নাম বিবেচনা করে সেখানে পাঠাতে। আমি সেই মোতাবেক ১৩টি ক্লাবের নাম অডিট রিপোর্ট

এবং রেজিস্ট্রেশানের জেরক্স কপি সহ পাঠিয়েছিলাম। ক্লাব কর্মকর্তারা প্রথমে বি.ডি.ও. অফিস, তারপরে জেলা অফিস, শেষ পর্যন্ত হদিশ না পেয়ে মাননীয় মন্ত্রীর সচিবালয়ে সেটা জমা করেছিলেন। কিন্তু আমরা দুঃখের সঙ্গে দেখছি দলতান্ত্রিক কায়দায় তেহট্ট সাবডিভিশনে যে তিনজন সি.পি.এম.-এর এম.এল.এ. রয়েছি আমরা তাদের এলাকার একটি ক্লাবকেও সেই অনুদান দেওয়া হয়নি। আমাদের সাবডিভিশনে একটি ক্লাবও পায়নি। মাননীয় স্পীকার স্যার, এটা জানিয়ে দেবেন যাতে ক্লাবগুলো এই অনুদানটা পায়। ক্লাবের কোনো রং নেই।

শ্রী নেপাল মাহাত : অনারেবল স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, তার আগে আপনার কাছে আমার একটা ছোটো আবেদন মাননীয় সদস্যরা যে মেনশান করেন, এর একটা অ্যাকশান হওয়া উচিত। বেশির ভাগ ক্ষেত্রেই এই মেনশান করাটা একটা ফরমালিটি হয়ে দাঁড়িয়ে গেছে। এই বিষয়টা স্যার আমি আমার তরফ থেকে বা সবার তরফ থেকে আবেদন করছি যে যে দপ্তরের বিষয়গুলো নিয়ে অন্তত সদস্যরা নিজের এলাকার কথা বলেন, এর একটা অ্যাকশান যেন হয়। এই ব্যাপারে আপনি যদি কড়া নির্দেশ দেন তাহলে ভালো হয়। আমি আমার প্রসঙ্গে আসছি। মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আমি একটা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেকেন্ডারি টিচার যার, দীর্ঘদিন ধরে দেখছি ২০০৯ সালের পর সেকেন্ডারি টিচার যদি কর্মরত অবস্থায় মারা যায় তাহলে তাদের ছেলে-মেয়েদের চাকুরির ব্যাপারটা একটা জটিলতার মধ্যে পড়ে গিয়েছে। ২০০৯ সালের পর থেকে এর একটা কোনো সুনির্দিষ্ট নিয়ম নেই। ইতিমধ্যে যে একটা নিয়ম বার করা গিয়েছে তাতে দেখা যাচ্ছে যে উপযুক্ত যোগ্যতা থাকলেও একজন সেকেন্ডারি টিচার মারা গেলে তার বাচ্চারা হয় গ্রুপ সি বা গ্রুপ ডি পেতে পারে এবং তাতে একটা এজ ফিক্সট করে দেওয়া হয়েছে, ৪৫ বছর। সেখানে এস.সি., এস.টি. এবং ও.বি.সি.-দের কোনো ছাড় নেই। অথচ প্রাইমারি টিচার বা অন্যান্য যে দপ্তরগুলো আছে তারা যদি কেউ মারা যায় তাদের বাচ্চারা কিন্তু সঠিকভাবে চাকরি পায়। আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি, কর্মরত অবস্থায় যদি কোনো সেকেন্ডারি টিচারের মৃত্যু হয়, সেক্ষেত্রে তাদের পোষ্যদের কম্পেনসনেট গ্রাউন্ডে অ্যাপয়েন্টমেন্টের একটা সুনির্দিষ্ট নীতি গ্রহণ করুন যাতে তারা বঞ্চিত না হয়, এই বিষয়টা যেন একটু তৎপরতার সঙ্গে দেখা হয়।

[12.30—12.43 p.m.]

শ্রী শেখ শাহনাওয়াজ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেতুগ্রাম বিধানসভা এলাকায় কেতুগ্রাম ১ নং ব্লকে আঙ্গুরা গোপালপুর বহু পুরনো একটা হাইস্কুল আছে। এবছর সেখানে মাধ্যমিক পরীক্ষা হচ্ছে। তার পরিকাঠামো নষ্ট হয়ে গেছে। ওখানে কিছু বিল্ডিং নষ্ট হয়ে গেছে। ৩৪/৩৫ বছর ধরে বিগত বামফ্রন্টের আমলে সেই স্কুল বিল্ডিংটার কোনো সংস্কার করেনি। ওই স্কুল বিল্ডিংটা যাতে সত্বর তৈরী করা হয় সেইজন্য মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী মনোরঞ্জন পাত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রী এবং ত্রাণ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৮ই ফেব্রুয়ারি বাঁকুড়া জেলার

তালডাংরা বিধানসভা এলাকার সিমলাপাল থানার সিমলাপাল, দুবরাজপুর এবং মণ্ডলগ্রাম, এই তিনটি গ্রাম পঞ্চায়েত এলাকায় ব্যাপক শিলাবৃষ্টির ফলে আলুসহ রবি চাষের যথেষ্ট ক্ষতি হয়েছে এবং বহু ঘরবাড়ি ভেঙে পড়েছে। ক্ষতিগ্রস্ত কৃষকদের ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা করুক কৃষি দপ্তর এবং ত্রাণ দপ্তরের পক্ষ থেকে যেসব ঘরবাড়ি নষ্ট হয়েছে সেইগুলো মেরামত করার উদ্যোগ যাতে নেওয়া হয় সেই অনুরোধ করছি।

শ্রী কে.পি.সিং দেও : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে নগরোন্নয়ন দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকা পুরুলিয়া পৌরসভার মধ্যে অত্যন্ত প্রাচীন এবং ঐতিহ্যশালী গান্ধী হলটি আছে, সেটা শতাধিক বছরের পুরনো। দীর্ঘদিন সেখানে কোনো রিপেয়ার না করার ফলে সেটা জীর্ণ দশা প্রাপ্ত হয়েছে। অতি সত্বর সেটার রিনোভেশান করা দরকার। খুব বেশি টাকাও লাগবে না, ২৫/৩০ লক্ষ টাকা দিলেই বোধহয় সেটা সম্ভব। অতি শীঘ্র এর রিপেয়ার করার জন্য মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, রাজ্যে আবার এক চাষীর আত্মহত্যা। বাড়ি বাগদা ব্লকের লক্ষ্মীপুর গ্রাম। মৃতের নাম জগারাম। এই নিয়ে আমাদের রাজ্যে ১০২ জন কৃষক এই ৩৪ মাসে আত্মহত্যা করল। আত্মহত্যা করতে বাধ্য হচ্ছে। ৩৪ বছর বামফ্রন্ট সরকারের আমলে একটা চাষীও আত্মহত্যা করেনি। এখন কৃষকরা আত্মহত্যা করতে বাধ্য হচ্ছে। আপনি জানেন এই রাজ্য সরকার, ফসলের দাম কমে যাওয়ার পরও ফসল কিনছে না, যেটুকু কিনেছে সেটা মিল মালিকদের কাছ থেকে। সরাসরি চাষীদের কাছ থেকে কিনছে না। তাই আজকে যেটা করতে হবে, সেটা হচ্ছে শস্যবিমা। শস্যবিমাও তুলে দিয়েছে। শস্যবিমা চালু করা দরকার। ক্ষতি হচ্ছে অথচ ক্ষতিপূরণ পাচ্ছে না। তাই সংশ্লিষ্ট মন্ত্রিমহোদয়ের কাছে অনুরোধ, বিষয়টা একটা তৎপরতার সঙ্গে দেখুন।

শ্রী শীতল কুমার সর্দার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র সাঁকরাইল। সাঁকরাইলে নিউকোলা থেকে কোকোকোলা পর্যন্ত প্রায় দেড় দু কিলোমিটার রাস্তা, এই রাস্তাটার অবস্থা অত্যন্ত করুণ এবং ভয়াবহ। সেখানে তিনটে হাইস্কুল, দুটো প্রাইমারি স্কুল, একটা হেল্‌থ সেন্টার আছে। প্রচুর মানুষ ওই রাস্তা দিয়ে যাতায়াত করে। সেখানে যখন-তখন বড়ো ধরনের দুর্ঘটনা ঘটছে। আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর কাছে অনুরোধ করব যাতে অত্যন্ত তৎপরতার সঙ্গে ওই রাস্তাটি করা হয়।

শ্রীমতী মমতাজ বেগম : অনারেবল স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় হোম মিনিস্টারের কাছে আমার আবেদন রাখছি। আমার বিধানসভা অঞ্চলে রবীন্দ্রনগর থানা ভবনটি ১.৭.২০০৩ সালে আবাসন দপ্তরের ছোট্ট একটি অফিসে স্থাপিত হয়। কিন্তু বর্তমানে উক্ত রবীন্দ্রনগর থানার আন্ডারে চার লক্ষ মানুষ বসবাস করেন। সেখানে ওই ছোট্ট অফিসের মধ্যে বসে যে সমস্ত স্টাফরা কাজ করে তাদের অসুবিধা হয়। জি.ডি. করতে অসুবিধা হয়, বসবার জায়গা নেই। কাজকর্ম ঠিকমতো করতে পারছে না। সেইজন্য আমি

আপনার কাছে আবেদন করছি এবং আমাদের হোম মিনিস্টারের কাছে আবেদন করছি উক্ত থানাকে, পাশে আবাসন দপ্তরের জমি পড়ে আছে, ওই ফাঁকা জমিতে যদি একটা বিল্ডিং করার আয়োজন করতে পারে আপনার মাধ্যমে সেই অনুরোধ রাখছি।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, শিক্ষামন্ত্রী হাউসে নেই তাঁর কোশ্চেন ছিল আশা করেছিলাম তাঁর উপস্থিতিতে বলব। আমার কোনো কোশ্চেনই আসছে না স্যার। কখনো ৯ নম্বর, কখনো ১২ নম্বর, কখনো ১৩ নম্বর। জানি না কি অবস্থা। আমার বিধানসভা কেন্দ্রে দীর্ঘদিন ধরে মানুষের এবং ছাত্র-ছাত্রীদের দাবি একটি মেয়েদের কলেজ হোক। সেই অনুযায়ী আমি আজকেও একটি প্রশ্ন করেছিলাম। উত্তর এমনি এসেছে কিন্তু প্রশ্নোত্তর হল না কারণ অনেক নীচে ছিল আমার প্রশ্ন। ৯, ১২, ১৩-তেই আমার থাকছে। আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীকে বলব, উনি উত্তর দিয়েছেন, যেহেতু এমনি একটি কলেজ আছে আর মেয়েদের কলেজের দরকার নেই। এই দৃষ্টিভঙ্গিটার আমি প্রতিবাদ করছি। মেয়েদের শিক্ষার ক্ষেত্রে, এখানে নারী ও শিশু কল্যাণমন্ত্রী আছেন—ডাঃ শশী পাঁজা, আমি সরকারের কাছে দাবি করছি নারীশিক্ষা যদি প্রসারিত না হয়, মেয়েদের শিক্ষার ক্ষেত্রে আমরা যদি কলেজ, স্কুল বেশি করে তৈরী না করতে পারি তাহলে এগোবে কি করে। আজকে মেয়েদের বিভিন্ন প্রকল্প নিয়ে কথা হচ্ছে, আজকে জেন্ডার ডিসক্রিপেন্সি নিয়ে কথা হচ্ছে। সেই জায়গায় গ্রামীণ এলাকায় আমরা যদি একটি মহিলাদের কলেজ স্থাপনের দাবি জানাচ্ছিলাম কিন্তু এখনও পর্যন্ত তা হল না। আমি আবার আপনার মাধ্যমে উইথ এ প্রেসিং ডিমান্ড আই ওয়ান্ট টু কমিউনিকেট টু মাই অনারেবল এডুকেশন মিনিস্টার, পার্থবাবু। যে উত্তর উনি দিয়েছেন এটা ঠিক উত্তর হয়নি। তাই তাঁকে আবার রি-কনসিডার করতে বলব এবং আমার বিধানসভা এলাকা সবং-এ একটি মহিলাদের কলেজ স্থাপনের প্রস্তাব বিবেচনা করার জন্য আপনার মাধ্যমে অনুরোধ জানাব।

ZERO HOUR

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্যে সেচ প্রকল্প পুনরুজ্জীবনে কেন্দ্রীয় সরকার ২৯৬ কোটি টাকা অনুদান বরাদ্দ করে। ত্রয়োদশ অর্থ কমিশনে সুপারিশমতো ওয়াটার সেক্টর ম্যানেজমেন্টে এই অর্থ বরাদ্দ হয়। প্রতি বছর ৭৪ কোটি টাকার, চার বছরে মোট ২৯৬ কোটি দেওয়ার কথা ছিল কেন্দ্রীয় সরকারের। প্রথম কিস্তির ৭৪ কোটি টাকা খরচ করতে না পারার জন্য বাকি তিন কিস্তির ২২২ কোটি টাকা অনুদান ফেরত গেছে। আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি পুনরায় যাতে কেন্দ্রীয় সরকারের কোনো অনুদানপ্রাপ্ত প্রকল্পের টাকা পশ্চিমবাংলা থেকে ফেরত না যায়, তার জন্য মনোনিবেশ দিতে অনুরোধ করছি।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, আমি স্যার সরকারের দৃষ্টি আকর্ষণ করব না হেরো পার্টি হয়ে গেছি। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। দিলীপ সরকার স্যার, দু'বছর হল খুন হয়ে গেছে, একজনও স্যার গ্রেপ্তার হয়নি। আপনি স্যার, এটা দেখবেন প্রাক্তন বিধায়ক।

সরকার কাউকে গ্রেপ্তার করতে পারল না, সেইজন্য স্যার আমি এটা আপনার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এটা নিয়ে আপনি আশা করি ব্যবস্থা নেবেন। ধন্যবাদ।

শ্রী ধীরেন বাগদী : স্যার, বীরভূম জেলায় পাথর শিল্প। সেখানে পাথর খাদান এবং ক্রাশার চলাকালীন যেভাবে ধুলো বা ডাস্ট উড়ে এলাকা দূষিত হচ্ছে, তাতে ওই এলাকায় বসবাসকারী বাসিন্দা এবং সেই সঙ্গে যারা কর্মরত শ্রমিক তারা প্রতি মুহূর্তে আক্রান্ত হচ্ছে। সেখানে টিবি সহ সোরিয়াসিস ইত্যাদি রোগে আক্রান্ত হচ্ছে। আমি আমাদের পরিবেশ দপ্তরের মাননীয় মন্ত্রীর কাছে আবেদন করব যাতে এই বিষয়টার ব্যাপারে অতি সত্বর ব্যবস্থা নেওয়া হোক এবং ওই এলাকা যাতে পরিবেশ দূষণের হাত থেকে মুক্ত হয় তার ব্যবস্থা করুন।

শ্রী শমীক ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯শে জানুয়ারি আমাদের সরকারের মহামান্য আদালতের কাছে হলফনামা দেয় যে—যে সমস্ত মিউনিসিপ্যালিটিগুলির নির্বাচন পেন্ডিং আছে, এই রকম দশটি মিউনিসিপ্যালিটি এবং তার সঙ্গে ৮১টি মিউনিসিপ্যালিটির নির্বাচন এপ্রিল মাসে অনুষ্ঠিত হবে। স্যার, এর আগে বলা হয়েছিল মধ্যমগ্রাম, দমদম এবং দক্ষিণ দমদম মিউনিসিপ্যালিটির টেনিওর ওভার হয়ে যাওয়ার পরেও ক্লাব করে একটা কর্পোরেশন তৈরী করা হবে। কিন্তু এবার দেখা যাচ্ছে সেই মিউনিসিপ্যালিটিগুলির নির্বাচন হচ্ছে সেই অর্থে সেখানে কোনো কর্পোরেশন তৈরী হয়নি। একইভাবে বিধাননগর মিউনিসিপ্যালিটির নির্বাচন হয়েছে, নির্বাচন ডিউ হয়েছে, নির্বাচন হওয়া উচিত, নির্বাচন হচ্ছে না। তার সঙ্গে রাজারহাট গোপালপুর মিউনিসিপ্যালিটিকে একত্র করে আর একটি বড়ো কর্পোরেশন তৈরী করবার পরিকল্পনা মনে হয় বিভিন্ন সংবাদমাধ্যমে রাজ্য সরকার বলছেন। একবার যখন এই মিউনিসিপ্যালিটিগুলির নির্বাচনকে পিছিয়ে দেওয়া হল, এক বছর ধরে নির্বাচন করা হল না, বলা হল কর্পোরেশন হবে, কিন্তু আলটিমেটলি কর্পোরেশন হল না। আবার একই কথা বলা হচ্ছে বিধাননগর এবং রাজারহাট মিউনিসিপ্যালিটির ক্ষেত্রে যে ভবিষ্যতে কর্পোরেশন হবে, তখন নির্বাচন হবে। আমার মনে হচ্ছে যারা গণতান্ত্রিক পদ্ধতিতে গণতান্ত্রিক ব্যবস্থার উপরে যদি সামান্যতম আস্থা থাকে, তাহলে ডিউ ডেটে নির্বাচনগুলি করানো উচিত। কারণ এটা শুধুমাত্র পলিসির স্ট্র্যাটেজি এস্ট্যাবলিশ করা হচ্ছে।

মিঃ স্পীকার : ঠিক আছে, আপনি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করুন।

শ্রী অসিত মিত্র : স্যার, আপনার মাধ্যমে বিদ্যালয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে নিয়ে তিনদিন মাধ্যমিক পরীক্ষা চলছে। এই মাধ্যমিক পরীক্ষাতে ইতিমধ্যেই পনেরো হাজার ছাত্র-ছাত্রী কম বলে অনেকে উদ্বেগ প্রকাশ করেছেন। এই হাউসে বলেছেন। আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি একেবারে কোথাও যে একটু-আধটু কিছু হত না সেটা বলছি না। কিন্তু গত দু-দিন ধরে বিভিন্ন জায়গায় বিভিন্ন হলে বিভিন্ন মাধ্যমে আমরা জানতে পারছি যে এই পরীক্ষাতে টোকাটুকি অবাধে চলছে। এবং তার ফলে যার ফলে অধিকাংশই ভালো ছাত্র-ছাত্রী যারা নির্বিঘ্নে পরীক্ষা দিতে চায়, তারা সমস্যার মধ্যে পড়ছে। আমি এই ব্যাপারে মাননীয় মন্ত্রীর নজরে আনছি এবং এই ব্যাপারে

তিনি কি ব্যবস্থা নিচ্ছেন সেটা অবিলম্বে এই সভাকে এসে জানালে ভালো হয়। যদি তা না হয় তাহলে অন্তত এই ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নিন। সভাকে অবহিত করুন।

মিঃ স্পীকার : মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাই আজকে প্রশ্নোত্তর পর্বে মাননীয় মন্ত্রী শ্রী অরূপ বিশ্বাসের কাছে সবাই দাবি করেছিলেন আমাদের মাননীয় সদস্য বিশেষ করে পরিষদীয় দল থেকে যে গীতাঞ্জলি হাউসিং স্কিমের নোটিফিকেশন তাদের দেওয়া হোক। আমি প্রত্যেকটা পরিষদীয় দলের যাঁরা নেতৃত্ব দেন তাঁদের কাছে তার কপি দিয়ে দিয়েছি। একটা-দুটো আমার কাছে একস্ট্রা রয়েছে। যদি কোনো পরিষদীয় দল বাদ পড়ে থাকে আমার কাছ থেকে নিয়ে যেতে পারেন।

The House stands adjourned till 1.30 p.m. Thank you.

[1.30—1.40 p.m.]

(After Recess)

LEGISLATION

The West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 2015

Shri Firhad Hakim : Sir, I beg to introduce the West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 2015.

(Secretary, then read the title of the Bill)

Shri Firhad Hakim : Sir, I beg to move that the West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 2015 be taken into consideration.

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, ওয়েস্ট বেঙ্গল টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট অ্যাক্ট, ১৯৭৯, এই বিলকে সংশোধন করে নতুন যে বিল নিয়ে আসা হচ্ছে—দি ওয়েস্ট বেঙ্গল টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট (অ্যামেন্ডমেন্ট) বিল ২০১৫, এই বিলকে স্যার সমর্থন এখনই করছি না। কারণ, গোটাটা বলি, তারপর সমর্থন করব, না বিরোধিতা করব শেষে বলব স্যার। এই বিলটার ব্যাপারে যেটা বলা হচ্ছে যে, এই বিলটার অনেক লম্বা টাইটেল আছে, প্রিঅ্যাম্বেল্ থাকার জন্য তাকে সংশোধন করার চেষ্টা করা হচ্ছে। কিন্তু প্রশ্ন হচ্ছে, লম্বা টাইটেল যেটা ছিল, তাতে তো আমার মনে হয় না কোনো অসুবিধা হবে, যেই কাণে এটাকে শর্ট করার চেষ্টা করছেন। কিন্তু লম্বা থাকলে পরে তাতে যে খুব একটা অসুবিধা হত, এর কোনো কারণ ছিল না। কারণ প্রিলিমিনারিতে এই বিলের চ্যাপ্টার-১-এর সেকশন ২-তে ১ থেকে ২৪ পর্যন্ত প্রত্যেকটি

বিষয় সম্বন্ধে আলাদা আলাদা করে বলা আছে। যদি দেখা যায় যে, অরিজিনাল যে বিল, সেই বিলের ১ থেকে ২৪ পর্যন্ত এগ্রিকালচার, অ্যামিনিটিস, বিল্ডিং অপারেশনস্, কমার্স, ডেভেলপমেন্ট, লোকাল অথরিটি, লোকাল পাওয়ার এই সমস্ত কিছু এবং অপারেশনাল কনস্ট্রাকশন, তার পরে যেগুলো আছে, এইভাবে ২৪ নম্বরর পর্যন্ত প্রত্যেকটি প্রতিষ্ঠানের আলাদা আলাদা করে ক্ষমতা, কাজ এই সমস্তগুলো বলা আছে। এখন এটাকে কেন যে সংশোধন করতে যাচ্ছেন এবং সংশোধন করতে গিয়ে কেন যে ছোটো করতে যাচ্ছেন—সেটা তো আমাদের মাননীয় মন্ত্রিমহোদয়ই বুঝতে পারবেন, তিনি এটা বলতে পারবেন ভালো করে যে এটা ছোটো করার কি কারণ হল। এখন এদের কাজ-কর্ম, এদের অধিকার—এটাকে খর্ব করার বা ছোটো করার কি দরকার পড়ল, সেটা উনিই ভালোভাবে বলতে পারবেন এবং আরেকটা জিনিস যেটা দেখা যাচ্ছে যে, স্টেট টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাডভাইসারি বোর্ড, যেটা এই বিলের মধ্যে রয়েছে—পুরনো যে আইন, অ্যাক্ট তার মধ্যে রয়েছে—তার মাথার ওপরে আরেকটাকে বসানো হচ্ছে—ইকোট্যুরিজ্‌ম্ অ্যাডভাইসারি বোর্ড। নিশ্চিতভাবে মনে হতে পারে, অ্যাপারেন্টলি এই বিলটাকে দেখে—নতুন যে বিল, যেটা ইনট্রোডিউস করার চেষ্টা চলছে—এটাকে দেখে এটা মনে হতে পারে যে, ইকোট্যুরিজ্‌ম্‌কে বজায় রাখার জন্য, ইকো সিস্টেমকে ঠিক রাখার জন্য এই সমস্তগুলো করা হচ্ছে। বায়ো ডাইভার্সিটির যাতে কোনো পরিবর্তন না ঘটে, সেটা দেখার জন্য এই সমস্তগুলো করা হচ্ছে। মনে হচ্ছে যেন খুব ভালো, মনে হচ্ছে যেন এগুলিকে রক্ষা করার জন্য মাননীয় মন্ত্রিমহাশয় তিনি দারুণভাবে সচেষ্ট এবং গোটা রাজ্য জুড়েই যাতে করে একটা নির্দিষ্ট ছাতার তলায় যাতে গোটা ব্যাপারটা থাকে, সেটা একটা চেষ্টা করা হচ্ছে অ্যাপারেন্টলি এটা দেখে মনে হচ্ছে। কিন্তু দেখে মনে হলেও ভিতরে যে কি ভরা আছে উদ্দেশ্য, সেখানে কিন্তু আমাদের খানিকটা সন্দেহ থেকে যাচ্ছে। যেমন ধরুন আমি একটা কথা বলি দিল্লীতে একটা আইন আছে, সংশোধন করার চেষ্টা হচ্ছে, যেটা হচ্ছে ল্যান্ড অ্যামেন্ডমেন্ট বিল। এখন দিল্লীওয়ালারা যে আইন সংশোধন করছেন তার আপনাদের তুলনা করছি না, সেটা করব না। বা আপনারা ওদের সাথে একই রাস্তায় চলছেন সেটাও বলব না। কিন্তু মনে হচ্ছে দিল্লীতে যেমনভাবে জমিগুলোকে জোর করে দখল করার জন্য যে পরিকল্পনা নেওয়া হচ্ছে বিভিন্ন জায়গাতে কয়েকটি ক্ষেত্রে, এই বিলের ক্ষেত্রে কি সে রকম কোনো উদ্দেশ্য ভরা নেই তো ? ইকোট্যুরিজমের নাম করে কোস্টাল এলাকা এবং সুন্দরবনের বিভিন্ন জায়গা এবং আরও অন্যান্য যে সমস্ত জায়গাগুলো রয়েছে সেখানে এই সমস্ত কাণ্ডকারখানা করার কোনো পরিকল্পনা আছে কি না ? সেটা হাকিম সাহেব বলতে পারবেন। কারণ এইভাবে এই বিলটাকে নিয়ে এসে যেটা করার চেষ্টা চলছে সেটার ব্যাপারে আমার কিন্তু খুব সন্দেহ আছে, সেই কারণে এই বিষয়টা বলছি যে, ইকোট্যুরিজম অ্যাডভাইজারি বোর্ড তাতে হচ্ছে বন, সমুদ্র সৈকত এলাকা, জীববৈচিত্র্য, ওষধি বৃক্ষ, জলাভূমি, ফ্লোরা, ফোনা এইসব নিয়ে ব্যবস্থা করার কথা বলা হয়েছে। যদিও সরকার মুখে এই কথা বলছেন, কিন্তু কার্যত একটা জিনিস দেখা যাচ্ছে এই যে, ফ্লোরা, ফোনা, তার পরে জীববৈচিত্র্য ইত্যাদি সমস্ত কথাগুলো বলা হচ্ছে স্যার, আমি আপনাকে একটা উদাহরণ

দিতে চাই সেটা হচ্ছে আমরা যে মাটির উপর চাষ-আবাদ করি, সেই মাটিটা তৈরি হতে ১০ লক্ষ বছর সময় লাগে। এটা একদিনে হয় না। আমাদের বিভিন্ন এলাকাতে দেখা যাচ্ছে মাইনিং অপারেশন করতে গিয়ে এবং নানা কিছু কাণ্ডকারখানা করতে গিয়ে এই উপরের মাটিটা নীচে চলে যাচ্ছে, আর নীচের মাটিটা উপরে চলে আসছে। তাহলে এখানে কিন্তু জীববৈচিত্র্য রক্ষা হচ্ছে না। অথচ সরকারকে এই ব্যাপারে বিভিন্ন সময় বার বার বলা হয়েছিল যে ল্যান্ড ইরোশানকে রক্ষা করার জন্য সরকার কি ভূমিকা নিচ্ছেন। সরকারের কিন্তু আমরা দেখিনি যে ল্যান্ড ইরোশান রক্ষা করার জন্য সরকারের কোনো ইতিবাচক ভূমিকা আছে। তাহলে ল্যান্ড ইরোশান রক্ষা করার ক্ষেত্রে বার বার বলা সত্ত্বেও ইতিবাচক ভূমিকা দেখা গেল না। হঠাৎ কি এমন প্রয়োজন হল যে এই বিলটাকে হঠাৎ করে নিয়ে এসে জীববৈচিত্র্য থেকে শুরু করে সমস্ত কিছু রক্ষা করার প্রয়োজন হয়ে পড়ল ? এটা যদি মাননীয় মন্ত্রিমহাশয় ব্যাখ্যা করেন তাহলে খুব ভালো হয়। এবং আর একটা কথা এর জন্য যে অতিরিক্ত যে খরচা হবে, এই যে এই কাণ্ডকারখানা করতে হবে, তা নিয়ে আবার কমিটি তৈরি হবে, কমিটির মাথায় বসবেন মুখ্যমন্ত্রী, তার সাথে আরও কয়েকজন বসবেন, তার সাথে আরও একটা কমিটি থাকবে তার জন্য অতিরিক্ত যে খরচা হবে তার অনুমোদন নেওয়া হয়েছে কি অর্থ দপ্তরের কাছ থেকে ? স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজন সেখানে এই অনুমোদনের কথা বলা নেই। আমি আশা করব যে মাননীয় মন্ত্রিমহাশয় যখন বলবেন তখন স্টেটমেন্ট অফ অবজেক্টস্ অ্যান্ড রিজনের ক্ষেত্রে—অনুমোদনের কথা যেহেতু বলা নেই, অতএব অনুমোদনটা নেওয়া হবে কি না এবং যে অতিরিক্ত খরচ হবে, সেই খরচের দায়ভার কে বহন করবে ইত্যাদি সমস্ত বিষয়গুলো পরিষ্কার থাকলে ভালো হত। আর একটি যে বিষয় সেটা হচ্ছে যে, যেমন ধরুন ৭৪তম সংবিধান সংশোধন, ৭৪তম সংবিধান সংশোধনের পরে একাদশ এবং দ্বাদশ তপশিল যুক্ত হওয়ার পর যে কোনো গৃহ নির্মাণের ক্ষেত্রে বা যে কোনো কনস্ট্রাকশানের ক্ষেত্রে, সেই নির্মাণ সম্পূর্ণ করার ক্ষেত্রে পৌরসভা এবং পঞ্চায়েত হচ্ছে মোটামুটি এক্তিয়ারভুক্ত। পৌরসভা, পঞ্চায়েত এদের হচ্ছে সম্পূর্ণ দায়িত্ব। যে কোনো নির্মাণকাজকে নিয়ন্ত্রণ করা। যে কোনো ডেভলপমেন্ট কাজকে নিয়ন্ত্রণ করা। এই কাজটা করার ক্ষেত্রে এরা কিন্তু স্বয়ংসম্পূর্ণ, এই সংস্থাকে দিয়েই উন্নয়ন করা প্রয়োজন। স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার প্রশ্ন, মাননীয় মন্ত্রিমহাশয় এই যে বিলটা নিয়ে এসেছেন ইকোট্যুরিজম অ্যাডভাইজারি বোর্ড, এই বোর্ডের হঠাৎ করে কি এমন প্রয়োজন হয়ে পড়ল যে আমাদের রাজ্যে যে সমস্ত পঞ্চায়েত আছে, পৌরসভা আছে, তাহলে এর কি প্রয়োজন হয়ে পড়ল ? সংবিধান সংশোধনের পরে টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্ট তার মাথার উপর চাপিয়ে দেওয়ার জন্য কোনো অথরিটি নেই। যদিও আমাদের রাজ্যে বিভিন্ন ডেভলপমেন্ট অথরিটিগুলো আছে, তারা বিভিন্ন রকম কাজকর্ম করে থাকে।

[1.40—1.50 p.m.]

কিন্তু এই সমস্ত কিছুর উপরে এগুলোকে যে চাপিয়ে দেওয়া হচ্ছে এবং এই চাপিয়ে দেওয়ার জন্য আমার মনে হচ্ছে এর পিছনে অন্য কোনো উদ্দেশ্য আছে কিনা, সেটা একটু খোলসা

করে বলতে হবে। কারণ উদ্দেশ্য যে একদম পুরোপুরি নেই এটা তো বলা যাবে না। ভালো উদ্দেশ্য থাকলে বলতাম না, কিন্তু সৎ উদ্দেশ্য যে পুরোপুরি আছে, এটা বলা যাচ্ছে না। আমার যেটা বলার বিষয় Urban Development। আমরা এখানে যেটা দেখছি Eco-Tourism Board বসানোর একটাই উদ্দেশ্য সেটা হচ্ছে আরও পদ ফাঁকা করা। কারণ যেটা এই সরকারের লক্ষ্য করা গেছে কিছু নতুন করে Parliamentary Secretary করলেন। Parliamentary Secretary করেও বোধহয় ধরে রাখা যাচ্ছে না। সব এদিক-ওদিক দড়ি ছেঁড়ার জন্য চেষ্টা করছেন। অতএব দড়ি যাতে ছিঁড়ে না যায়, এদিক-ওদিক যাতে না পালায়, অতএব দড়ি ছেঁড়া বন্ধ করার জন্য কিছু নতুন করে পদ তৈরি করে সেই পদের মধ্যে দিয়ে এখানে ঢুকিয়ে দেওয়ার চেষ্টা চলছে। স্যার, আর একটি বিষয়, এই বিল তৈরি হওয়ার পরে—স্যার, এক মিনিট টাইম দিতে হবে। এই বিল তৈরি হওয়ার পরে দেখা যাবে, আইনে পেশ হওয়ার পরে দেখা যাবে কেন্দ্রের আইনের সঙ্গে রাজ্যের আইনের conflict বাধার সম্ভাবনা আছে। Bio-diversity Act বলুন, তারপর Coastal Regional Act বলুন এবং কেন্দ্রের যে আইন—প্রাকৃতিক সম্পদ, প্রাকৃতিক পরিবেশ রক্ষা করার জন্য নানা বিষয় যে আইন সেই আইনের সাথে এর conflict বেধে যাওয়ার প্রবল সম্ভাবনা আছে। সেজন্য আমি বলব এই বিলটাকে একটু ধীরেসুস্থে আরও ভেবেচিন্তে আনার দরকার ছিল। এটাকে সমর্থন করা আমার পক্ষে খুব কষ্টকর হচ্ছে।... (এই সময় মাইক অফ হয়ে যায়)।

শ্রী পার্থ সারথী চ্যাটার্জী : মাননীয় স্পীকার স্যার, The West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 2015 যা আজকে এই সদনে আমাদের পুর ও নগর উন্নয়নমন্ত্রী শ্রী ফিরহাদ হাকিম সাহেব পেশ করেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করছি। আমি জানি আজকে গৌরাঙ্গবাবু শুরুর মুহূর্তেই বলছিলেন যে, পরে বলবেন সমর্থন করবেন, কি সমর্থন করবেন না। আমরা সবাই জানি ওনারা আমাদের কোনো কিছুই সমর্থন করেন না। এটা নতুন কিছু ব্যাপার নয়। স্যার, আমি যেটা বলতে চাইছি যে সঠিক এবং সুষ্ঠু পরিকল্পনার লক্ষ্যে ১৯৭৯ সালে The West Bengal Town and Country (Planning and Development) Act চালু হয়েছিল। তারপরে ১৯৯২ সালে ৭৪ নং সংবিধান সংশোধন হয়েছিল। সেখানে বলা হয়েছে যে প্রত্যেক urban local body তার শহরের পরিকল্পনা, রূপরেখা তৈরি করবে। তারপর জেলা এবং জেলার পরে রাজ্যের পরিকল্পনা রূপরেখা তৈরি হবে। ১৯৭৯ সালে এই অ্যাক্ট চালু হওয়ার পরও অনেকবার এই বিল সংশোধন হয়েছে। ২০১৩ সালেও কিছু সংশোধনী আনা হয়েছিল। কিন্তু এবারে যে সংশোধনী পেশ করা হয়েছে সেটা অত্যন্ত জরুরি। তার কারণ আমাদের রাজ্যে দ্রুততার সঙ্গে নগরোন্নয়ন চলছে। শুধুমাত্র দ্রুত শহরের বা নগরের উন্নয়ন করলে চলবে না, মাথায় রাখতে হবে পরিবেশের ব্যালেন্সটা যাতে বজায় থাকে। সেই দিকটা মাথায় রেখে ইতিমধ্যে State Eco-Tourism Advisory Board গঠন হয়েছে এ কথা ঠিক। এবং State Eco-Tourism Advisory Board যে কাজগুলো করছিল বা যে কাজগুলো করার কথা biological

ও বনভূমি। Eco-sensitive zone. উদ্ভিদ সম্পদকে নষ্ট না করে কিভাবে নতুন নতুন জায়গায় Park ও Tourism গঠন করা যায় তার উপদেশ দেবে। স্যার, আপনার মাধ্যমে এই সদনকে জানাই, আমাদের সরকার অর্থাৎ মা-মাটি-মানুষের সরকার ইতিমধ্যে রাজারহাটে একটা Eco-Tourism Park তৈরি করেছে এবং সেটা অত্যন্ত জনপ্রিয়। বহু মানুষ সেখানে আসছেন। শহরের মানুষ ছাড়াও গ্রামাঞ্চলের থেকেও বহু মানুষ ওই ইকো-ট্যুরিজম পার্কে রেগুলার কোর্সে আসছেন। স্যার, আপনার মাধ্যমে আর একটা বিষয়ে এই সদনকে জানাই যে, আমি আমার বিধানসভা কেন্দ্রের একটা বিষয়ে বলব। আমার বিধানসভা কেন্দ্রের রানাঘাট পুরসভা যেটা ১৫০ বছরের পুরসভা। ইতিমধ্যে সার্ধ্য শতবর্ষ আমরা সমাপ্ত করেছি। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী ইতিমধ্যে অর্থ বরাদ্দ করেছেন। ওই শহরে ইকো-ট্যুরিজম পার্ক করার জন্যে। তার DPR-এর কাজ একদম শেষ পর্যায়ে। খুব তাড়াতাড়ি আমরা আমাদের শহরে এই ইকো-ট্যুরিজম পার্ক তৈরি করতে যাচ্ছি। আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীকে আমি ব্যক্তিগতভাবে এবং আমার পুরসভার পক্ষ থেকে পুরপ্রধান হিসাবে আমি আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি। বর্তমানে যে বোর্ড অর্থাৎ যে অ্যাডভাইসরি বোর্ড আছে তাকে আরো সক্রিয় করবার জন্যে এই বিলে amendment আনা হয়েছে। আমাদের মা-মাটি-মানুষের সরকার এই ইকো-ট্যুরিজমকে এত গুরুত্ব দিচ্ছে যে স্বয়ং মুখ্যমন্ত্রী এই বোর্ডের চেয়ারপার্সন বা তাঁর মন্ত্রিসভার কোনো মন্ত্রী চেয়ারপার্সন হিসাবে act করবেন। এছাড়াও আমরা বুঝতে পারছি যে, এই স্টেট ইকো-ট্যুরিজম বোর্ডকে অত্যন্ত গুরুত্ব সহকারে দেখানো হচ্ছে এই কারণে যে, আমাদের পশ্চিমবঙ্গ সরকারের যিনি চিফ সেক্রেটারি তিনি অ্যাক্ট করবেন এক্স অফিসিও ভাইস চেয়ারম্যান হিসাবে এই বোর্ডে। অর্থাৎ চেয়ারপার্সন হিসাবে মুখ্যমন্ত্রী বা তার মন্ত্রিসভার কোনো সদস্য চেয়ারপার্সন হিসাবে অ্যাক্ট করবেন এবং তার পাশাপাশি চিফ সেক্রেটারি may act as an Ex-Officio Vice Chairman of the Board. খুব স্বাভাবিক কারণে এর গুরুত্বটা আমরা উপলব্ধি করতে পাচ্ছি। এছাড়াও State Government আরো কিছু মেম্বার নোমিনেট করবেন কিন্তু সেটা অবশ্যই ১৫ জনের অধিক হবে না। ১৫ জনের মধ্যে সীমাবদ্ধ থাকবে। এই বোর্ডকে সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্যে বা বোর্ডে বিভিন্ন সময় মিটিং ডাকারও প্রয়োজন হয়—বছরে চারবার করে মিটিং ডাকতে হবে। সেই কারণে একজন মেম্বার সেক্রেটারি করা হয়েছে। সেই মেম্বার সেক্রেটারি স্টেট গভর্নমেন্ট নোমিনেট করে দেবে।

এই অ্যামেন্ডমেন্টে আরো বলা হয়েছে যে, চেয়ারপার্সন অ্যাবসেন্ট হলে কি হবে। In absence of Chair-Person, Vice Chairman shall preside over the meeting. আবার যদি দেখা যায় যে বোর্ডে চেয়াপার্সন এবং ভাইস চেয়ারপার্সন যদি অ্যাবসেন্ট হয়, সেক্ষেত্রে বলা আছে ওই মিটিং-এ among the present Members তার মধ্যে থেকে ইলেক্ট হয়ে একজন preside করবে ওই মিটিংয়ে। খুব স্বাভাবিক কারণেই স্যার, আমার মনে হচ্ছে আমাদের সরকারের আনা এই বিল সকল সদস্যকেই সমর্থন করা উচিত। শুধু বিরোধিতার জন্য বিরোধিতা করলে সেটা অন্য প্রসঙ্গ। কিন্তু কি উদ্দেশ্য নিয়ে আমরা এটা করতে যাচ্ছি বা আমাদের মাননীয় মন্ত্রিমহোদয় এই বিল এখানে পেশ করেছেন

সেটাকে একটু বুঝে নেওয়ার দরকার আছে। কারণ সরকারের লক্ষ্য নগরোন্নয়নকে সামনে রেখে একদিকে যেমন নগরের উন্নয়ন এবং তার পাশাপাশি আমাদের এই রাজ্যের ট্যুরিজমকেও ডেভেলপ করার লক্ষ্যে আমরা এগোচ্ছি। সেই জায়গায় দাঁড়িয়ে ইকো-ট্যুরিজম বোর্ডকে অত্যন্ত সক্রিয় করা উচিত। স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমি ধন্যবাদ জানাই এই কারণে যে, এমন একটা amendment এনেছেন যা অত্যন্ত সময়োপযোগী। একদিকে দ্রুততার সাথে আমাদের urbanization হচ্ছে, গ্রামগুলি আসতে আসতে শহরমুখী হচ্ছে, গ্রামের মানুষ শহরমুখী হতে যাচ্ছে। তাই শহর এবং নগরের উন্নয়নের সাথে ট্যুরিজমকেও ডেভেলপ করা দরকার। এটা বাস্তব যে ট্যুরিজমকে ডেভেলপ করার ক্ষেত্রে আমাদের যে ইকো-ট্যুরিজম বা পরিবেশ বান্ধব নিয়ে আজকে সারা পৃথিবীতে বিভিন্ন আলোচনা হচ্ছে, সেমিনার চলছে। সেই পরিবেশ বান্ধবকে বজায় রেখে একদিকে নগরোন্নয়ন এবং তার পাশাপাশি আমাদের ট্যুরিজমকে যদি আমরা ডেভেলপ করতে পারি তাহলে নিশ্চিতভাবে আমাদের সরকারের যে উদ্দেশ্য, যে লক্ষ্য, যে, একদিকে গ্রামাঞ্চলের উন্নয়ন তার পাশাপাশি শহরকে উন্নয়নমুখী করে তোলা। এবং নগর উন্নয়নের লক্ষ্যে আমরা যেভাবে এগোচ্ছি, আমরা মনে হয় যে অত্যন্ত সঠিক সময়ে মাননীয় মন্ত্রী এই বিলটা এনেছেন, আমি আপনার মাধ্যমে আবারও বলছি, এই বিলকে পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি, নমস্কার।

[1.50—2.00 p.m.]

শ্রী নেপাল মাহাত : অনারেবল স্পীকার স্যার, দি ওয়েস্ট বেঙ্গল টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যান্ড ডেভলপমেন্ট অ্যাক্ট ১৯৭৯, এই অ্যাক্টে কিছু সংশোধন করা হচ্ছে এবং কিছু নতুন ধারা সংযোজন করা হচ্ছে এবং সেই বিলের নাম দেওয়া হচ্ছে, দি ওয়েস্ট বেঙ্গল টাউন অ্যান্ড কান্ট্রি (প্ল্যানিং অ্যান্ড ডেভলপমেন্ট) (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৫। এই বিলে মূলত যে কয়েকটি বিষয় তুলে ধরা হয়েছে, তাতে একটা নতুন বোর্ড তৈরি করা এবং আগের পুরনো বিলে যে ডেফিনেশানগুলো ছিল, তাতে বোর্ড এবং যে অ্যাডভাইসরি কমিটি তৈরি হচ্ছে তার ডেফিনেশান ছিল না। এবং মূলত যে টাইটেলটা বিলের ছিল, সেটা অনেক লম্বা ছিল, এই বিষয়গুলোর উপর গুরুত্ব দিয়ে এবং কয়েকটি বিষয়কে ইনক্লুড করা হয়েছে এখানে, সেইগুলো ইনক্লুড করে এই অ্যামেন্ডমেন্টটা নিয়ে আসা হয়েছে। আমি এই সম্পর্কে দু-একটা কথা বলছি। স্যার, এই বিলের যে স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজিনসে যে কথাগুলো আছে, তাতে মূলত যেটা সেটা হচ্ছে 'Substituting the long title of the Preamble with a view to providing eco-friendly planned, sustainable development in eco sensitive zones, preserving the biodiversity and eco systems in West Bengal, এই একটা। আর সেকেন্ড হচ্ছে, inserting new definition of "Board" and "Eco-tourism Board।" আর তিন নম্বর যে বিষয়টা করা হয়েছে, তাতে একটা নতুন ধার সংযোজন করা হয়েছে। সেটা হচ্ছে, inserting a new Chapter IIA with a view to incorporating the objectives of the Eco-tourism।

Board along with the establishment of the structure, role and functions of the West Bengal Eco-tourism Board। মূলত এই বিষয়গুলোর উপর ভিত্তি করে করা হয়েছে। এবং এটাতে ফিনান্সিয়াল অবলিগেশান আছে, সেটাও মাননীয় মন্ত্রী তাঁর বক্তব্যে বলেছেন। আমার স্যার, যে বক্তব্যটা ১৯৭৯ সালের যে মূল অ্যাক্ট, সেই মূল অ্যাক্টে আমরা দেখতে পাচ্ছি যে সেখানে যে ডেফিনেশানগুলি ছিল, এগ্রিকালচারের তাতে হর্টিকালচার ফার্মিং গ্রোয়িং অফ ক্রপস, ফ্রুটস, ভেজিটেবিলস, ফ্লাওয়ার্স, গ্রাস, ফডার্স ইত্যাদি ছিল। পরবর্তীকালে এই নতুন সংযোজনে আরো কিছু নতুন জিনিস ঢোকানো হয়েছে। এটা খুবই ভাল, ভাল বিষয়। কিন্তু স্যার, মূল যে বিষয়টা সেটা হচ্ছে যে সেই সময় স্টেট টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাডভাইসারি বোর্ড একটা ছিল। এবং এই বোর্ডটা আছে। ছিল না, ওইটা আছে। এবং সেই বোর্ডের টোটাল মেম্বার হচ্ছে ৪৫ জন, কমপক্ষে ৪৫ জন। হেডেড বাই অনারেবল চীফ মিনিস্টার। আজকে স্যার, এই যে এতবড়ো একটা কমিটি এবং ১৯৭৯ সালে এই অ্যাক্টটা পাস হয়েছে। আমি মাননীয় মন্ত্রী বা আগের যারা ছিলেন তাদেরও কি অ্যাকটিভিটি, এই অ্যাক্ট পাস করার পর, কোথায় কি কি তারা ইকো-ট্যুরিজম বা এই অ্যাক্টের যে উদ্দেশ্য, সেই উদ্দেশ্য নিয়ে কি কি কাজ করেছেন আমার জানা নেই। আমি দীর্ঘদিন বিধানসভার সদস্য আছি, এবং এখানে এই বিলটাও আমি তো প্রথম দেখলাম। এবং স্যার এই বিষয়গুলো মূলত খুব গুরুত্বপূর্ণ, সামাজিক যে অবস্থা, আমাদের পলিউশানের যে অবস্থা তাতে ইকো-ট্যুরিজম একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। আমাদের পুরো এনভায়রনমেন্টের যে কনজারভেশান সিস্টেমটা, আমাদের এনভায়রনমেন্ট যাতে ডিসব্যালেন্স না হয়ে যায়, তার জন্য এগুলো খুব গুরুত্বপূর্ণ এবং এটা খুবই জরুরি। কিন্তু খুব দুর্ভাগ্যের বিষয় ১৯৭৯ সালের যে মূল আইন, সেই মূল আইনে সমস্ত রকম প্রভিশান থাকা সত্ত্বেও এবং চীফ মিনিস্টারের নেতৃত্বে একটা বিরাট বড়ো কমিটি থাকা সত্ত্বেও, আমার মনে হয় এখন এই কমিটির একটা-দুটো মিটিং হয়েছে কিনা সেটাই সন্দেহ। স্যার আজকে এই বিধানসভাতে সময় নষ্ট করে যে বিলগুলি নিয়ে আসা হয়, যে অ্যাক্টগুলো করা হয়, এর utilityটা আমরা বুঝতে পারছি না। আজকে এর একটু গুরুত্ব থাকা দরকার ছিল। দ্বিতীয় কথাটা হল, আগে যে advisory board ছিল, amendment যা নিয়ে আসা হয়েছে, তাতে দুটি বোর্ডই এখানে থাকছে। প্রথম State Town and Country Planning Advisory Board। এতেও State Government-কে ক্ষমতা দেওয়া হয়েছে। বোর্ডের যে সদস্য সেই সদস্য নির্বাচনের ক্ষেত্রে State Government notification দেবে। তার একটা guide line বেঁধে দেওয়া হয়েছে কে কে মেম্বার হবেন, না হবেন সেই বিষয়ে। তাহলে আজকে এই বোর্ডটা থাকছে। তার সঙ্গে আবার আজকে যে amendment, তাতে আর একটা বোর্ড তৈরি করা হচ্ছে State Eco-tourism Advisory Board। State Eco-tourism Advisory Boardও এই 8(A)(1) ও 8(A)(2) ধারায় যেটা লেখা আছে "The State Government shall, for the purpose of carrying out the functions assigned to it under this act constitute by notification an Advisory Board to be called the West Bengal Eco-tourism Advisory Board (hereinafter referred to as the

Eco-tourism Board). The Eco-tourism Board shall consist of a Chairperson, a Vice-Chairperson and not more than 15 other members." তাহলে এই বোর্ড এবং এই বোর্ড—দুটি বোর্ডের separate function কি কি এবং এর ওপরে ওটা কাজ করবে, নাকি ওর ওপরে এটা কাজ করবে, সেই ব্যাপারে কিছুই বোঝা যাচ্ছে না। যেটা একটু বুঝতে পারা যাচ্ছে, সেটা হচ্ছে এখানে সদস্য সংখ্যা ১৫, আর আগের যে বোর্ড ছিল তাতে সদস্য সংখ্যা ৪৫ কমপক্ষে, তার থেকে বেশিও হতে পারে। এই বিষয়টা মাননীয় মন্ত্রী যদি বলেন, যে নতুন বোর্ড তৈরি করছেন, সেটা খুব ছোটো কমিটি, খুব ভালো কমিটি। এর উদ্দেশ্যই হচ্ছে অ্যাক্টটাকে activate করা এবং অ্যাক্টটাকে ভালো করে utilise করা। এটাই হচ্ছে আপনার মূল উদ্দেশ্য। তাহলে পুরনো যে বোর্ডটা আছে সেই বোর্ডটা রাখার যৌক্তিকতা কতটা আছে, এই বিষয়ে মাননীয়া মন্ত্রী যদি সভাকে জানান। তৃতীয় যে কথাটা বলা হয়েছে এটা খুবই ভালো কথা। 8(C)-তে "The Eco-tourism Board shall, in accordance with the provisions of this Act and the rules made thereunder, advise the State Government for framing rules under section 138 in matters relating to restricted development of fringe areas of forests, coastal zones and other eco-sensitive zones without disturbing or sacrificing the existing rich biodiversity of flora and fauna." এই বিষয়টা আপনি ভালো করে উল্লেখ করেছেন, এই বিষয়ে কোনো সন্দেহ নেই। কিন্তু এই জায়গাতে যে কথাগুলো বলা হচ্ছে যে fringe area of forest, অর্থাৎ আপনাকে জায়গাটা choice করতে হবে। এই জায়গাটা কিভাবে choice করবেন, কি তার system, ফরেস্টের একটা নিয়ম আছে। যদি forest area হয় তাহলে তাদের সাথে কিভাবে আলোচনা করা হবে। Similarly coastal zones যেটা সেখানেও আপনি যে জায়গা নিয়ে কাজটা করবেন এটাও কি প্রক্রিয়াতে হবে বা তাদের যে আইন সেই আইনের সাথে আপনার act কিছু over look করছে কিনা এই বিষয়টা পরিষ্কার থাকলে একটু ভালো হত। চতুর্থ বিষয়, যেটা Eco Sensitive Tourism zones, এটা খুবই ভালো কথা আপনি বলেছেন। এই Eco Sensitive Tourism zones চিহ্নিত করে সেখানে আগে থেকে যে সিস্টেম আছে, সেগুলো নষ্ট না করে আপনি এই বিষয়টাকে ডেভেলপড করবেন, এটা খুবই ভালো কথা। বর্তমান যা পরিস্থিতি, যেখানে সারা বিশ্বে এই Eco-tourism-এর ওপরে বিরাট গুরুত্ব দেওয়া হয়েছে এবং Eco-tourism একটা এমন ব্যবস্থা তাতে যেমন pollution free করার ক্ষেত্রে একটা ভালো role play করতে পারি, at the same time আমরা environment যে system, সেই environment system-কে আরো একটু উন্নত করতে পারি। সব থেকে বড়ো কথা যেটা সেটা হল, খালি জায়গাগুলোকে Eco-tourism-এর মাধ্যমে develop করে আমরা পরিবেশকে একটু শুদ্ধ করতে পারি। সাধারণ মানুষরা এর থেকে অনেক বেশি উপকৃত হবে তাতে কোনো সন্দেহ নেই। আজকে আপনি যে amendment নিয়ে এসেছেন সেই amendment-এ আপনার উদ্দেশ্য খুবই ভালো। তাতে লেখা হয়েছে গোটা systemটাকে activate করার জন্য আপনার এই বিলটি দরকার।

[2.00—2.10 p.m.]

ট্যুরিজম অ্যাডভাইজারি বোর্ড তৈরি করেছেন, সেই বোর্ড কিভাবে হবে, ইয়ারলি চারটে মিটিং করা আপনি বাধ্যতামূলক করেছেন। আগে যে কমিটি ছিল তাতে এই মিটিং বাধ্যতামূলক ছিল না। এই চারটে মিটিং বাধ্যতামূলক করা হয়েছে, এটা খুবই ভালো কথা। ১৯৭৯ সালে এই আইন প্রণয়ন হওয়া সত্ত্বেও এখনো পর্যন্ত ইকো-ট্যুরিজম হোক বা এই আইনের যে উদ্দেশ্য ছিল ডেভলপমেন্ট করা শহর ও রুরাল এরিয়া ডেভলপমেন্ট করা, সেই বিষয়ে কোথাও কিছু পদক্ষেপ খুব ভালোভাবে নেওয়া হয়েছে বলে আমার জানা নেই। আপনার জানা থাকলে আপনি নিশ্চয় সেটা সভাকে অবহিত করবেন। ইকো-ট্যুরিজম অ্যাডভাইসারি বোর্ড যেটা সেটা সবটাই স্টেট গভর্নমেন্টের হাতে করা আছে, এক্স-অফিসিও মেম্বার যদি আরেকটু বাড়িয়ে দেওয়া হত, ট্যুরিজম ডিপার্টমেন্টের মন্ত্রী বা সেক্রেটারি যারা রিলেটেড আছে তাদের ইনক্লুড করে দিলে কোস্টালটা যে ডিপার্টমেন্টের অধীনে পড়ছে সেই বিষয়গুলো যারা রিপ্রেজেন্টেটিভ তাদের কথাটা যদি বিলের উপরেই লেখা থাকত, তাহলে এটা আরও বেশি কার্যকরী হত। কারণ নমিনেশান দেওয়ার সময় এই ভুলগুলো হয়ে গেলে আবার কাজে আপনার বিঘ্ন ঘটতে পারে। আর দ্বিতীয় যে বিষয়টা হচ্ছে খরচের, এই খরচার ব্যাপারে আপনি বলেছেন বিষয়টা ফিনান্স ডিপার্টমেন্টে পাঠাব। এখানে খরচটা আপনার ডাবল হয়ে যাচ্ছে। কারণ দুটো কমিটি, একটা কমিটি ফাংশানলেস, অ্যাক্ট অনুযায়ী আপনি রেখে দিয়েছেন। দ্বিতীয় কমিটিটা আপনি অ্যামেন্ডমেন্ট করে নিয়ে আসছেন। দুটো কমিটির সদস্যকেই আপনি পয়সা দেবেন সেটাও লেখা আছে। এর যৌক্তিকতা কিছু আছে বলে আমি মনে করছি না। এই বিষয়টাকে একটু ক্লিয়ার করা দরকার। সর্বশেষে এই বিলটার যে উদ্দেশ্য সেটা খুবই ভালো, এর মাঝে যদি জোর করে জমি নিয়ে নেওয়ার চক্রান্ত করা হয় তা নিশ্চয় নিন্দনীয় হবে। তবে এর আসল উদ্দেশ্য খুব, তাই এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী জটু লাহিড়ী : মিঃ স্পীকার স্যার, আজকে নগরোন্নয়নমন্ত্রী মাননীয় ফিরহাদ হাকিম মহাশয়, 'The West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 2015' যেটা এনেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। বিরোধী দলের মাননীয় সদস্য গৌরাঙ্গবাবু যে কথা বলছিলেন, উনি নাকি বুঝতেই পারছেন না, এই বিলটা আনার কি প্রয়োজন। এই বিল যেটা আনা হয়েছে এটা ১৯৭৯ সালে এই বিলের প্রথম সূচনা করেছিল, তারপরে সময়টা কিন্তু অনেক পেরিয়ে গিয়েছে। দীর্ঘ সময় বামফ্রন্ট সরকারই ক্ষমতায় ছিলেন, ১৯৭৯ সালের যে বিল সেই বিলের কার্যকারিতা তার ভূমিকা কতটা পালন করা হয়েছে এই ব্যাপারে যথেষ্ট সন্দেহ রয়েছে। আজকে মা-মাটি-মানুষের সরকার ক্ষমতায় প্রতিষ্ঠিত হয়েছে, মাত্র সাড়ে তিন বছর পরে পরেই আমাদের রাজ্যের উন্নয়নের ক্ষেত্রে বিভিন্ন বিষয়ে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী অত্যন্ত দ্রুততার সঙ্গে সেইসব জায়গায় নতুন ভাবনা-চিন্তার মধ্যে দিয়ে বাংলাকে এগিয়ে নিয়ে যাবার জন্য আপ্রাণ চেষ্টা করছেন। সেই উদ্দেশ্যকে সামনে রেখে আজকে এই 'The West

Bengal Town and country (Planning and Development) (Amendment) Bill, 2015' আনা হয়েছে।

স্যার, এটা ঠিক যে প্রায় সব বিষয়েই পূর্বতন আইনে উন্নয়নের ক্ষেত্রে লোকাল বডি প্রাধান্য পাবে। লোকাল বডির ওপরই ন্যস্ত থাকে এই আইনের প্রতিটি ক্ষেত্রে ইমপ্লিমেন্ট করার অধিকার, কিন্তু দীর্ঘসূত্রিতা এবং নানা বিষয়ে আমরা বারবার নিজেদের লোকাল বডির নানান ফাংশানেও সেটা লক্ষ্য করেছি। দেখা গিয়েছে যে আইন পাস হয়েছে, কিন্তু ইমপ্লিমেন্ট করার ক্ষেত্রে সেগুলো কিন্তু করা হয়নি। এ তৎকালীন বামফ্রন্ট সরকারের সেই যথেচ্ছাচার এবং যা ইচ্ছে তাই করার মনোবৃত্তিতে দেখা গিয়েছে যে ভাল প্রস্তাব থাকা সত্ত্বেও সেখানে কিন্তু কাজ হয়নি। লোকাল বডিগুলো তারা নিজেদের ইচ্ছেমতন তারাই যেন নিয়ম করে ফেলেছে এবং সেই নিয়ম ধরে তারা কিন্তু সাধু উদ্দেশ্যকে ব্যর্থ করে দিয়েছে। আজকে বাস্তব অভিজ্ঞতায় আমাদের সেই জায়গায় কাজটা করতে হবে। আজকে যে নতুনভাবে বিশেষ করে অ্যামেন্ডমেন্ট স্টেট ইকো-ট্যুরিজম অ্যাডভাইসারি বোর্ড যেটা তৈরি হচ্ছে এবং তার মধ্যে দিয়ে যাতে অত্যন্ত দ্রুততার সঙ্গে যে কাজগুলো হয় সেজন্য আজকে ইকো-ট্যুরিজম বোর্ড—এই আইনের জন্য বনাঞ্চলে বলুন উপকূলবর্তী এলাকায় বলুন এবং বিশেষ করে পরিবেশ সম্বন্ধে সংবেদনশীল অন্যান্য জায়গায় যেখানে ওষুধের গাছ আছে তার রক্ষণাবেক্ষণ করে তবে উন্নয়নের নীতি নির্ধারিত করতে হবে। সেই উদ্দেশ্যকে সামনে রেখেই আজকে ইকো-ট্যুরিজম বোর্ড করা হয়েছে এবং এখানে দেখতে হবে যাতে স্বচ্ছতার সঙ্গে কাজ হয়, যাতে দ্রুততার সঙ্গে কাজ হয়। আইন করলেই তো হল না, সেটাকে বাস্তবে যদি রূপায়িত করা না হয়, তাহলে সেই আইনের কোনো মূল্য থাকে না। আমরা বিগত এই সাড়ে তিন বছরের অভিজ্ঞতায় দেখেছি যে প্রতিটি ক্ষেত্রে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী যা কিছু পরিবর্তন এনেছেন, যা কিছু অ্যামেন্ডমেন্ট এনেছেন, প্রত্যেকটা তার কার্যকরী ভূমিকা পালন করছে। সেই কার্যকরী ভূমিকা পালনের ক্ষেত্রে—আমাদের মুখ্যমন্ত্রী নিজে বা তার মনোনীত কোনো মন্ত্রী এই বোর্ডের চেয়ারম্যান হবেন। ভাইস চেয়ারম্যান কে হবেন ? মুখ্যসচিব তিনি নিজে ভাইস চেয়ারম্যান হবেন। ১৫ জন মেম্বার। অনেক সদস্য সংখ্যা। সেখানে তো দেখাই যাচ্ছে যে এর আগের বোর্ডে অনেক সদস্য সংখ্যা ছিল কাজ তো হয়নি, মিটিং হয়েছে কিনা তাই বলতে পারছেন না। সেখানে একদম নিয়ম করে যে—বছরে চারটে মিটিং অবশ্যই করতে হবে এবং সেখানে পরিষ্কার বলা হয়েছে যে যদি চেয়ারম্যান না থাকেন ভাইস চেয়ারম্যান সভা পরিচালনা করবেন। ভাইস চেয়ারম্যানের অনুপস্থিতিতে মেম্বারদের মধ্যে ইলেকটেড করে কাউকে সভাপতি করে মিটিং করা হবে। উদ্দেশ্যটা হল যে মিটিং করে নীতি নির্ধারণ করতে হবে এবং সেটা একদম গ্রাসরুটে পাঠাতে হবে যাতে কাজটা ঠিকমতো হয়। কাজ হয়নি বলেই তো মানুষ পরিবর্তন এনেছে। আর আমরা পরিবর্তনকে নিয়ে প্রত্যেকটা ক্ষেত্রেই কাজের পরিবেশ তৈরি করেছি। যার ফলে আজকে দেখা যাচ্ছে যে প্রত্যেকটা কর্পোরেশন-ভিত্তিক—আমি আজকে যদি হাওড়া কর্পোরেশনের তুলনা দিই—যে দীর্ঘ বোর্ড ছিল, মাত্র এক বছর হাওড়া কর্পোরেশনের বোর্ড তৈরি হয়েছে।

[2.10—2.20 p.m.]

সেই এক বছরের কি আমূল পরিবর্তন হয়েছে—যে কোনো বাইরের লোক গেলে তাকে বলতে হচ্ছে যে হাওড়ার শহরে আগে এরকম দেখিনি। আমাদের রাজ্যের ছিল কলকাতার, কিন্তু পাশাপাশি হাওড়াকে তেমন উন্নতি করা হয়নি। আজকের সেই মানুষের আক্ষেপ, সেই আক্ষেপ চলে গিয়েছে এবং এর থেকে প্রমাণ হয়েছে যে, যেখানে প্রয়োজন সেখানে পরিবর্তন আনতে হবে এবং তারই লক্ষ্যে এবং উন্নয়নের লক্ষ্যে। যদি প্রত্যেকটা লোকাল বডিতে তাকে আরও সচল করতে হবে, তাদের দিয়ে কাজ করতে হবে এবং পরামর্শ এই বোর্ড যেটা রাজ্য সরকারকে দেবে—রাজ্য সরকার যদি পুঙ্খানুপুঙ্খভাবে লোকাল বডির উপর আরও বেশি করে কাজের চাপ, আরও বেশি করে নজর রাখবে—আমাদের উদ্দেশ্য সার্থক হবে এবং আমি জানি বিগত দিনে বামফ্রন্ট যা করতে পারিনি আমরা সাড়ে তিন বছরে তাই করেছি এবং এই উপবোর্ড তৈরি হওয়ার পর—প্রত্যেকটার ক্ষেত্রে অধিকার রক্ষিত হবে এবং ব্যাপক উন্নয়ন সে ট্যুরিজমের ক্ষেত্রে হবে। আমাদের বনাঞ্চলে প্রয়োজনমতো উন্নয়ন হবে এবং বনাঞ্চল রক্ষিত হবে। উপরিউক্তভাবে যথাযথ কাজ হবে। এই বিশ্বাস আমাদের আছে এবং এই পরিবর্তন করার মধ্যে দিয়ে আমাদের রাজ্য আরও এগিয়ে যাবে। আমাদের এই বিলকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার মনে হয়েছে পুর বোর্ডের কাজ কমে গিয়েছে অনেক। যার জন্য একটা অপ্রয়োজনীয় Bill তিনি নিয়ে এসেছেন। এই Bill-এর খুব একটা প্রয়োজনীয়তা আছে বলে আমি মনে করি না। কেননা, আপনারা সবাই জানেন যে সংবিধানের পরিবর্তনের পরে এই ৭৩/৭৪তম সংবিধানের পরে পঞ্চায়েতরাজ, পৌরসভার হাতে জমি-বাড়ি সম্পর্কে প্রচুর অধিকার দেওয়া আছে। এছাড়া আমাদের নতুন কতকগুলো আইন আছে town and country planning বডি। environment আছে, coastal zone আছে। অনেক আইন এর সঙ্গে জড়িত আছে। এইখানে কোনো পরিকল্পনা আনতে গেলে এর কোথাও কোনো সমস্যা হবে কিনা সেটা ভাল করে না দেখলে পরে জটিলতা হয়। এখন যা আইনের ব্যবস্থা আছে তাতে সব কাজ করা যায়, কোনো কাজ বন্ধ করার মতো অবস্থায় নাই। যে এক্ষুনি এই কাজটা না করলে বন্ধ হয়ে যাবে বা এই কাজটা করা যাচ্ছে না। এই জায়গায় এটার প্রয়োজনীয়তা খুব কম। দ্বিতীয়ত, যেটা হচ্ছে এই যে নতুন একটা কমিটি তৈরি করা হল। আগে একটা কমিটি আছে বিশাল কমিটি। সেই কমিটির জায়গায় আবার একটা কমিটি। সেই কমিটির চেয়ারম্যান কে হবেন ? চিফ্ মিনিস্টার। আগের কমিটিতে তিনি চেয়ারম্যান। সেই কমিটির মিটিং তো হয় না দেখেছেন আপনারা। বিধানসভায় আসতে পারেন না, তিনি খুব ব্যস্ততম মানুষ। তিনি আবার চেয়ারম্যান হয়ে আছেন। সেই কমিটি ইচ্ছা করলে ছোট্ট একটা sub-committee করতে পারত, ইচ্ছে করলে একটা advisory team করে দিতে পারত। এই রকম ঘটা আপার লাইন করে আবার একটা committee তৈরি করে দেওয়া, সেই কমিটি আবার মুখ্যমন্ত্রী চেয়ারম্যান, তাতে আবার মন্ত্রী হবেন Vice Chancellor, Chief Secretary, Vice

Chancellor—এই সব আবার একটা unnecessary মাথার উপরে বোঝা চাপিয়ে দেওয়া ছাড়া কাজের কাজ কিছুই হবে না, গতিটা কমে যাবে। আর একটা বিষয় হচ্ছে যে এই যে এখানে financial implication আছে এই বিলে, যদি কোনো বিলে financial implication থাকে তাহলে finance-এর অনুমোদন লাগে। ফিরহাদ সাহেব....(নয়েজ)....

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী আপনার দৃষ্টি আকর্ষণ করছেন।

শ্রী আনিসুর রহমান : তিন নম্বর হচ্ছে যে আপনি এতে লিখেছিলেন যে এই বিলে financial implication আছে।

মিঃ স্পীকার : আপনার বিল নিয়ে আলোচনা হচ্ছে, আপনি একটু attention দিন, প্লীজ।

শ্রী আনিসুর রহমান : Financial approval-এ লিখেছেন financial implication আছে। কিন্তু ফিনান্স দপ্তরের কোনো অ্যাপ্রুভাল নেওয়া হয়নি। সাধারণত যে সমস্ত বিলে financial implication থাকে সেখানে ফিনান্সের একটা অনুমোদন লাগে। unfortunately তাও এখানে না। এই তো, এই তো লেখা থাকে, It is duly approved by the Finance. যাই হোক, আমি বলছিলাম যে, eco-tourism-এ আজকে সম্ভাবনা বেড়েছে, কাজটা একটু বিশ্রী হবে, তার জন্য জেনে রাখা দরকার। কিন্তু যদি আপনি বলেন এখনও অবধি আমরা completely শুরু করেছি, কতটা project করেছি ? কত দূর করেছি ? এটা যদি বলেন। আর একটা কথা হল আগের committee কতবার বসেছে ? তারা কি কাজ করেছে ? তার একটা report যদি রাখতে পারেন তাহলে ভাল হয়। আমি আবারও বলব, যে এই Bill না করলেও চলত। এই বিলের প্রয়োজনীয়তা নেই বলে আমি মনে করি। বিশেষ করে আমি দুটো কমিটির বিরোধী। আমি একটা অ্যামেন্ডমেন্টও নিয়ে এসেছি যে দুটো কমিটি রাখার কোনো দরকারই নেই। একটা কমিটি যথেষ্ট। প্রয়োজনে ছোটো একটা কমিটি, অ্যাডভাইজারি টিম বা কমিটি করা যেতে পারে, তাতে কোনো বাধা নেই। এর জন্য এত ঘটা করে আয়োজন করার কোনো দরকার ছিল না। ধন্যবাদ।

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, যে বিধায়করা আজকে আমার এই বিলের উপর আলোচনা করলেন, তাদের ধন্যবাদ জানাই। নিশ্চিতভাবে পশ্চিমবঙ্গের সব বিষয়ে কনসার্ন বিধায়ক যারা আছেন, তাঁদের সাজেশান সব সময় আমাদের সরকার নেওয়ার চেষ্টা করে। সেই সাজেশান নিয়েই আমরা এই সরকার আছি এবং পশ্চিমবঙ্গ এগোচ্ছে। গৌরাঙ্গবাবু ঠিকই বলেছেন। কয়েকটা ব্যাপারে উনি দৃষ্টি আকর্ষণ করেছেন—যেমন, জলাজমি ইত্যাদির ব্যাপারে। কিন্তু বিলের মধ্যে যদি যান তাহলে দেখবেন যে এইগুলো সবই আছে। Every aspect has been taken care of, কারণ আইন মেনেই আমাদের এই কাজগুলো করতে হবে। অর্থের ব্যাপারে আনিসুর রহমান সাহেব বললেন। আমাদের অর্থের অ্যাপ্রুভাল নেওয়া আছে এবং বাজেটের থেকেই এই ইকো-ট্যুরিজমের জন্য সরকার খরচ করবে। এছাড়াও

পি.পি.পি.-র বিভিন্ন স্কিম আছে ইকো-ট্যুরিজমের ক্ষেত্রে, সেটাও ভাবা যেতে পারে। ইকো-ট্যুরিজমের মাধ্যমে প্রচুর কর্মসংস্থান হবে। আপনারা স্যার যাঁরা মেম্বার আছেন, তাঁরা নিশ্চিতভাবে অ্যাপ্রিসিয়েট করবেন যে এই নতুন সরকার আসার পর ইকো-ট্যুরিজম নিয়ে যে কাজ হয়েছে, ভারতবর্ষে কোনও দিন কোনও সরকার ইকো-ট্যুরিজম নিয়ে কাজ করেননি, এই কাজ পশ্চিমবঙ্গ সরকার করেছে। আমরা স্যার একটা কথা বলতে চাই বিরোধী সদস্য আনিসুরদা বলে গেলেন, বলে চলে গেলেন, তিনি থাকলে ভাল হত। একটা সরকার ৩৪ বছর ছিল। ইকো-ট্যুরিজম একটা বড়ো সেনসিটিভ সাবজেক্ট। ইকো-ট্যুরিজম নিয়ে পশ্চিমবঙ্গের যে ট্যুরিজম, সেই ট্যুরিজমের ইকনোমিটাকে বাড়িয়ে দেওয়া যেত, কর্মসংস্থান করা যেত। কিন্তু একটা সরকার ৩৪ বছর থেকে সেই সম্বন্ধে কিছু ভাবলেন না। একটা ৪৫ জন মেম্বারের কমিটি করলেন। সেই ৪৫ জন মেম্বারের কমিটির বোধ হয় ২-৪ বারের বেশি মিটিং হয়নি এই ৩৪ বছরে। এখন আমাদের আস্তে আস্তে ইকো-ট্যুরিজমটাকে উৎসাহিত করতে হবে, এটাকে বাড়াতে হবে। আজকে আমরা যারা পশ্চিমবঙ্গের মানুষ, তাঁরা গর্ব অনুভব করি। আমরা যখন রাজারহাটে যাই, গিয়ে দেখি ৪৮০ একরের মতো অত বড়ো একটা ইকো-ট্যুরিজম পার্ক দু-বছরের মধ্যে হয়েছে। বিদেশ থেকে যারাই আসেন, তারা এসে আগে ওখানে যান। গিয়ে দেখেন যে একটা চমৎকার জিনিস তৈরি হয়েছে। এটা পশ্চিমবঙ্গের গর্ব স্যার। এটা কোনো সরকারের একার নয়, কোনো মানুষের একার নয়, এটা পশ্চিমবঙ্গের গর্ব যে একটা সরকার ইকো-ট্যুরিজমের জন্য একটার পর একটা এই রকম কাজ করে যাচ্ছে। যেমন—'সবুজ দ্বীপ' হুগলীতে আছে। এখানে 'সবুজ দ্বীপ' ডেভেলপমেন্টের কথা কোনো দিন কেউ ভাবিনি। এর কাজ আমাদের সময়েই শুরু হয়েছে। বাঁশবেড়িয়া হালিশহরে, যেটাকে 'ডানলপ আইল্যান্ড' বলা হয়, ওই জায়গাতেও কাজটা হয়েছে। প্রত্যেকটা ক্ষেত্রে ইকো-ট্যুরিজমকে উৎসাহিত করার জন্য বারবার মাননীয়া মুখ্যমন্ত্রী নিজে নর্থবেঙ্গলে যাচ্ছেন, বিভিন্ন জায়গায় যাচ্ছেন। ইকো-ট্যুরিজমকে উৎসাহিত করার জন্য। নিশ্চিতভাবে এখন যে কমিটিটা হয়েছে, সেই কমিটি 'হেড' করবেন মুখ্যমন্ত্রী নিজে। যেসব মেম্বাররা বললেন, তাদের ভাববার কোনো কারণ নেই। এই কমিটিতে প্রত্যেকটা ডিপার্টমেন্ট থেকে তাঁরাই এখানে থাকবেন। যে রকম আমাদের এনভায়রনমেন্ট ডিপার্টমেন্ট থেকে আরম্ভ করে, ফরেস্ট ডিপার্টমেন্ট থেকে আরম্ভ করে, প্রায় সবাই এই Advisory Board-এ তাদের প্রতিনিধি থাকবেন। সুতরাং সকলের সাথে আলোচনা করে কিভাবে একটা স্টেটকে এগোতে হয়, কিভাবে ইকো-ট্যুরিজমটাকে নিয়ে এগোতে হয়, এটার একটা নতুন দিশা এই সরকার আসার পরে দেখিয়েছে। যারা বিরোধী রয়েছেন, তারা নিশ্চিতভাবে মানবেন, যদি কষ্টও হয়, তাও তাদের মানতে হবে যে এই কাজটা হচ্ছে।

[2.20—2.30 p.m.]

আনিসুরদা বললেন যে, এটার দরকার কি ছিল। এটার যে দরকার আছে তার কারণও রয়েছে। আমাদের যদি অ্যাক্টিভিটিজ বাড়াতে হয় তাহলে একটা ব্যবস্থা করতে হবে। আগে যে আপনার বিলটি আনা হয়েছিল তাতে তো কম্পালশান নেই। তিন বছরে, চার বছরে একটা মিটিং হয় না। এখনকার এই বিলে একটা কম্পালশান করা হয়েছে যে, বছরে

চারটি মিটিং তাদের করতেই হবে। চারটি মিটিং করে তাঁদের নিজেদের অ্যাডভাইজারি eco-tourism-এর প্ল্যানিংটা তৈরি করতে হবে। আপনি বলছেন, এর দরকার কি ছিল। এই কারণেই দরকার। আগের সরকার যে ভুলটা করেছে, আগের সরকার যে গাফিলতিটা করেছে, আগের সরকার যেটাকে neglect করেছে, এই সরকার চাইছে না সেটা করতে। তাই এই সরকার একটা নতুন দিশা দেখিয়েছে। আমরা জানি যে, আমাদের প্রত্যেকটি ব্যাপারে, এই যে forest, coastal zone, wetland, এই যে fringe এলাকা, আমরা আগে TMCP Act-এর মধ্যে এগুলোকে নিয়ে আসতে চাইছি তার কারণ কি ? তার কারণ হচ্ছে যে, এই ফ্রিঞ্জ এলাকাগুলিতে বসতি হয়ে যাচ্ছে। অথচ তার কোনও regulationই নেই। কারণ, তার আগে কোনো মিটিংই হয়নি। এই রেগুলেশনগুলিকে frame করার জন্য এই অ্যাডভাইজারি বোর্ডটির দরকার আছে। এই regulation-গুলিকে ফ্রেম করতে হবে। না হলে আমাদের forest নষ্ট হয়ে যাবে, আমাদের ফরেস্টল্যান্ড নষ্ট হয়ে যাচ্ছে, আমাদের ওয়েটল্যান্ড নষ্ট হয়ে যাচ্ছে, আমাদের coastal zone দখল হয়ে যাচ্ছে। আমাদের যে বিভিন্ন coastal জোন আছে সেগুলিতে আপনাদের সময়ে কোস্টাল barrier তৈরি করে দিয়েছেন। অথচ এই কোস্টাল বেরিয়ারের মধ্যে একটার পর একটা illegal hotel হয়ে গেছে। আপনারা সে ব্যাপারে কোনো উদ্যোগ নেননি। আমি জানি না, এর ভেতরে কোনো হিসাব আছে কিনা, কিন্তু কোনো উদ্যোগ নেওয়া হয়নি। মন্দারমণিতে সেই সময়ে আপনাদের ৪৫ জন মেম্বারের কমিটি যদি অ্যাক্টিভই থাকত, তাহলে কিভাবে একটার পর একটা হোটেল হয়ে গেল ? এই কারণে সরকার চাইছে যে, একটা activities-এর মধ্যে দিয়ে কাজটা এগিয়ে নিয়ে যেতে একটা বিল করে রাখলাম, তারপর ফেলে রাখলাম, সেটা ঢুকে গেল ঠাণ্ডা ঘরে—সেইভাবে নয়, একটা অ্যাক্টিভিটিজের মধ্যে সরকার সবসময় থাকবে। এই কারণে, স্যার, এই বিলগুলিকে আনবার চেষ্টা করছি। তারপর আসুন আমাদের city planning-এর ক্ষেত্রে। প্রত্যেকটি সিটি প্ল্যানিং-এর ক্ষেত্রেও—এই যেমন কলকাতা হেরিজ হুইল হচ্ছে, আমরা একটা বিষয় কম্পালসারি করে দিয়েছি। প্রত্যেকটি বড়ো প্রোজেক্ট-এর ক্ষেত্রে ecological impact study করতেই হবে। যাতে কোনোমতেই ecological balance না হারায়। কারণ আমরা যে পৃথিবী ছেড়ে চলে যাব, সেই পৃথিবীতে পরের প্রজন্ম, তারপরের প্রজন্ম থাকবে। সুতরাং আমাদের পাপে তারা যেন না ভোগে। গাফিলতি অনেক হয়েছে। যদিও চৌত্রিশ বছর দেরি হয়ে গেছে। কিন্তু এটা আমাদের অধিকার, অঙ্গীকার, কর্তব্য বলে মনে করি। তাই এই বিলটাকে আমরা এনেছি।

এই ecological balance-টাকে প্রত্যেক জায়গাতে compulsory করে দিয়েছি। সুতরাং এই eco-tourism সম্পর্কিত দুটি ছোট্ট amendment। এই অ্যামেন্ডমেন্টটাতে আমার মনে হয় যে, আনিসুরদা আপনি সায় দেবেন এবং বিলটাকে সাপোর্ট করবেন। তার কারণ আপনি যদি মানবিক হন, আপনি যদি সত্যিই বাংলার উন্নয়ন চান, তাহলে আপনি বিলটির কি করে বিরোধিতা করবেন ? তার কারণ এই বিলটির মাধ্যম যেমন—এটা একটা ছোট্ট amendment, আমাদের TMCP Act Tourism Board-এ একটা নতুন দিশা দেখাচ্ছে। বিলটা একটা নতুন দিশায় নিয়ে যাচ্ছে। আমাদের নিজেদের pro-active করে নিয়ে কাজটা করতে হচ্ছে। সুতরাং, আমার মনে হয় স্যার, এতে বড়ো ভাষণ দেওয়ার

জায়গা নেই। সবাই মিলে এই বিলটাকে সমর্থন করি এবং পশ্চিমবাংলার eco-tourism-কে এগিয়ে নিয়ে যাই। আগের পাপের জন্য পশ্চিমবাংলায় যে ecological imbalance দোষ হয়ে গেছে, সেটাকে ধুয়ে দেওয়ার চেষ্টা করি এবং এই কমিটিটাকে তৈরি করে নিয়ে আমরা এক নতুন দিশায় এগিয়ে যাই। এই বলে আমরা বক্তব্য শেষ করছি।

Mr. Speaker: Now, the question before the House is that the Bill be taken into consideration. As many as are of that opinion say AYE and as many as are of the contrary opinion will please say NO. Ayes late it, Ayes have it.

Clause - 2 to 3

There is no amendment to Clauses 2 to 3. So, I put Clauses 2 to 3 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Clause - 4

There is one amendment to Clause 4 by Shri Anisur Rahaman. Since the amendment will have a negetive effect, the proposed amendment is treated as out of order under Rule 321 Sub-rule (2) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. So, I put Clause 4 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker: The question before the House is Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill.

As many as are of that opinion, will please say "Aye". As many as are of the contrary opinion, will please say "Noe".

Ayes have it, Ayes have it.

Shri Firhad Hakim: Sir, I beg to move that the West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 2015, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is the motion moved by Shri Firhad Hakim.

As many as are of that opinion, will please say "Aye". As many as are of the contrary opinion, will please say "Noe."

Ayes have it, ayes have it.

The Bill is passed, the Bill is passed.

DISCUSSIONS ON GOVERNOR'S ADDRESS

শ্রী রণজিৎ কুমার মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে মহামান্য রাজ্যপাল মহাশয় এই পবিত্র সদনে যে লিখিত বক্তব্য রেখেছেন আমি সেই বিষয়ের ওপর কিছু আলোকপাত করছি। তাঁর সেই বক্তব্যের মধ্যে বেশ কিছু বিষয় আছে যার সঙ্গে বাস্তবের কোনো সাযুজ্য নেই। সেই বিষয়গুলো আমি এই আলোচনায় তথ্য সহকারে তুলে ধরার চেষ্টা করব।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, একটা বিষয় আমি নতুন সদস্য হিসাবে বলছি, বিধানসভায় দীর্ঘ সময় ধরে যে আলোচনা চলছে তাতে সদস্যদের উপস্থিতি এমন পর্যায়ে দাঁড়ায় যে শেষের দিকে যাঁরা বলেন তাঁদের আর বলবার মানসিকতা থাকে না। সেইজন্য মনে হয় সদস্যদের উপস্থিতির একটা বিষয় থাকলে ভালো হয়।

আরেকটা বিষয় হচ্ছে, ডিবেট যখন আমরা করছি তখন এমন কিছু আলোচনা আসছে এবং তার যে ক্রিয়া-প্রতিক্রিয়া ঘটছে, সেগুলো being an elected Member or M.L.A., আমাদের মনে হয় আরো ভাবনা-চিন্তা করে কথা বলা দরকার।

প্রথমে আমি বলব, মাননীয় গভর্নর তাঁর address-এ একটা ভালো কথা বলেছেন যে, 'মাননীয়া মুখ্যমন্ত্রী খুব সচল, ৭৫টি সভা তিনি করেছেন'। খুব ভালো কথা। কিন্তু দুর্ভাগ্য হচ্ছে, to spread the spirit of the democracy যদি হয় তাহলে আমরা যাঁরা বিরোধী সদস্য, আমি আপনাদের কাছে উদ্দেশ্য করে বলব, আমরা বা আমাদের, অন্য দলের যাঁরা আছেন, আমরা কেন মাননীয়া মুখ্যমন্ত্রীর administrative meeting-এ ডাক পাই না ? Why not? We do not get the inviting letters to be present there. আমাদের নির্বাচিত হওয়াটা কি অন্যায় ? এক নম্বর প্রশ্ন।

দু'নম্বর হচ্ছে, আইন-শৃঙ্খলার বিষয়ে এখানে বলা হয়েছে। বলা হয়েছে, "the safest city 'Kolkata' awarded". আমার কাছে তথ্য আছে, তা দিয়ে আমি প্রমাণ করতে চাই যে প্রথমে এখানে যা বলা হয়েছে, indicates the rate of the crime committed against women's in State wise - 2013-14. আমাদের কাছে আছে দেখুন। আমি with documents আপনাদের কাছে বলছি। West Bengal-এ মেয়েদের ওপর সংঘটিত অপরাধের সংখ্যা হচ্ছে ২৯,৮২৬। রাজস্থানে হয়েছে ২,৭৯৩, মহারাষ্ট্রে

হয়েছে ২৪,৮৯৫, মধ্যপ্রদেশে হয়েছে ২২ হাজার ৬১। Now the city-wise, the crime report against the women, city-wise. আপনাদের জানাচ্ছি, কলকাতা। কলকাতায় এই সময়কালে মেয়েদের ওপর যে অপরাধ সংঘটিত হয়েছে তার সংখ্যা হচ্ছে ২,৩৯৯, জয়পুর ২ হাজার ৩৩। হায়দ্রাবাদ ২,১৩২। দিল্লিতে বেশি আছে, ১১,৪৪৯। চেন্নাই-তে ৮ হাজার ৩৮। তথ্যটা দিলাম ২০১৩-১৪-র। এটা আমাদের Assembly Library থেকে নিয়েছি।

[2.30—2.40 p.m.]

আমার দ্বিতীয় বিষয়টা তাহলে মহামান্য রাজ্যপাল যে বক্তব্য রেখেছেন আইনশৃঙ্খলার বিষয়ে সেটা এখানে কিন্তু কার্যকরী হচ্ছে না। সুতরাং আইনশৃঙ্খলার প্রশ্নে আমার কাছে আরো তথ্য আছে, ধরুন একটা উদাহরণ দিচ্ছি দুঃখজনক, বেদনাদায়ক। কয়েক দিনের ব্যবধানে তিনটে পঞ্চায়েতে অনাস্থা আসল আমার বিধানসভা এলাকায়। একটি কংগ্রেসের প্রধানকে হঠাবার জন্য, একটিতে সি.পি.এম.-এর প্রধানকে হঠাবার জন্য, একটি তৃণমূল প্রধানকে হঠাবার জন্য। ঘটনা হল কংগ্রেসের যে প্রধান হঠল, সি.পি.এম. প্রধান হঠে গেল, কিন্তু তৃণমূল প্রধানের অনাস্থার আগের দিন দুজন সদস্যকে আর্মস কেসে গ্রেফতার করে চালান করে দেওয়া হল। What is democracy? What is justice? সুতরাং এ ঘটনা ঘটেছে। উদাহরণ আছে। আমার বিধানসভা এলাকার নারায়ণপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান আব্দুল হক শেখকে পঞ্চায়েত অফিসের ভেতর বেলা বারোটার সময় গুলি করে খুন করা হল। পাঁচটি গুলি তার দেহে লাগল। তিনি সেখানেই মারা গেলেন, স্পট ডেথ। ২৭শে জুন ২০১৪, নারায়ণপুর গ্রাম পঞ্চায়েত। একজন আসামীও গ্রেফতার হয়নি। পুলিশ বলছে এটা নাকি গণধোলাই। This is an example of law and order situation in West Bengal. এখন দ্বিতীয় যে বিষয়টা আমি বলব আপনাদের কাছে—একটা বিষয় আপনারা খুব বলছেন, আমি খুব দুঃখিত ও বেদনাহত—মাননীয়া মন্ত্রী শশী পাঁজা মহাশয়া তিনি খুব অ্যাকটিভ মিনিস্টার। তার বক্তব্য শুনে আমার মনে হয়েছে। কিন্তু একটা প্রশ্ন যেটাকে আপনারা বারবার দেখাচ্ছেন সব জায়গায় এবং আমিও সেটাকে অ্যাডমিট করছি কিন্তু তার ইতিহাসটাকে আপনারা চেপে যাচ্ছেন। কন্যাশ্রী, কন্যাশ্রী, কন্যাশ্রী। এমন একটা ভাব করছেন যেন ২০১১-র আগে বিষয়টা ছিল না। আমি একজন শিক্ষক। আমি দায়িত্ব নিয়ে বলছি বালিকা সমৃদ্ধি যোজনা এবং Girls incentive যেখানে মাসে একশো টাকা করে দেওয়া হত, বছরে ১২ শত টাকা করে দেওয়া হত। সেটাকে মডেল করে আপনারা কন্যাশ্রী করলেন। মাননীয়া মন্ত্রী এই হাউসে বললেন আমি জানি না। এই ধরনের স্কিম ছিল কিনা—দুই হচ্ছে এই সময়ের মধ্যে আমরা যদি বলি আপনারা অনেক বিষয়ে বলছেন, ইদানীংকালে আপনাদের একটা fear psychology কাজ করছে। আপনারা যেগুলি ভাল কাজ করবেন, নিশ্চয়ই অ্যাডমিট করব। মুশকিল হচ্ছে এই আপনাদের শোনার মানসিকতা নেই—আপনাদের বিপদ কোথায় ? এক ভাগ কাজ করে একশো ভাগ করেছে—এই প্রচারটা হয়ে যাচ্ছে, যেটা পারছেন, সেটা বলুন। যেটা পারছেন না, সেটা বলবেন না। কিন্তু আমাদের বিপদ হচ্ছে আমরা যখন বলছি এ কাজ হয়নি তখন আপনারা রে রে করে

আসছেন। আপনাদের উচিত সমালোচনা শোনা এবং যেগুলি সত্যিকারের গঠনমূলক সমালোচনা সেগুলি গ্রহণ করা। যেমন একজন সদস্য বললেন, আমাদের দূরবিন দিয়ে দেখতে হবে। মাননীয় সদস্য আমি পাল্টা প্রশ্ন করছি corruption-র প্রশ্নে এত দুর্নীতি হয়েছে, আপনারা আপনাদের দূরবিন দিয়ে দেখুন। It is the proper time to see you with the binocular. আমি মনে করি এটা আপনাদের দেখা উচিত। আমি মাননীয় স্পীকারকে বলব স্যার, আমি যতদূর জানি সেটা আপনার পাওয়ারের মধ্যে পড়ে।

যেটা আপনার বিষয় সেটা আপনি দেখবেন স্যার। আমি বলতে আসি, এবার শিক্ষা। হ্যাঁ আপনারা বিশ্ববিদ্যালয় করছেন, আপনারা স্কুল করছেন—এটা সাধারণ ব্যাপার। যে সরকার আসবে সেই সরকারই বাড়াবে। যেহেতু পপুলেশন গ্রোয়িং। যখন মানুষ বাড়ছে তখন তো এগুলি করতে হবে। কিন্তু মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছিলেন যে এক লক্ষ লোককে আমি শিক্ষকতার পোস্টে চাকরি দেব। আসুন তথ্য মিলিয়ে নিন। এক লক্ষের কাছাকাছি ভ্যাকেন্সি ছিল। ৪৬ হাজার ছিল সেকেন্ডারিতে, ২৫ হাজার ছিল প্রাইমারিতে, ১৪০০ ছিল অধ্যাপকের পদ, ৬ হাজার ছিল গ্রন্থাগার ইত্যাদি, সাত হাজার নন-টিচিং মিলে প্রায় এক লক্ষ হয়। আপনারা কি অ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন ? ৩৮ হাজার অ্যাপয়েন্টমেন্ট হয়েছে এস.এস.সি.-তে। তার মধ্যে ডিগ্রি, হায়ার ডিগ্র এবং স্থানান্তরিত হওয়ার জন্য প্রায় ৩০ শতাংশ বাদ দিলে মাত্র ২১ হাজার শিক্ষক নিয়োগ করতে পেরেছেন। ভ্যাকেন্সি আছে, কিন্তু পারছেন না। কেন ? কমবাইন্ড লিস্টের নামে আপনারা যে দুর্নীতি করেছেন, অনেক রেকর্ড আপনারা করছেন। এম.এল.এ. স্বপনকান্তির একটা রেকর্ড সৃষ্টি হল—নজিরবিহীন ঘটনা বিধানসভার ইতিহাসে। মদনবাবু নজিরবিহীন ঘটনা ঘটিয়েছেন। আরেকটা নজিরবিহীন ঘটনা ঘটালেন সেটা হচ্ছে এস.এস.সি. এবং টেট কেলেঙ্কারি। এত কেলেঙ্কারি কোথাও হয়নি। যারা উপযুক্ত, সুটেবেল ক্যান্ডিডেট তারা চাকরি পাচ্ছে না। প্রাইমারি কেলেঙ্কারিতে বিশ্ব রেকর্ড সৃষ্টি করেছেন। তাই আমি বলতে চাই, মাননীয় সরকার পক্ষের সদস্যরা আমি স্যার বলব মাধ্যমিক পরীক্ষা চলছে, আনন্দবাজার পত্রিকাটা একটু দেখুন। কি ছবি বার হয়েছে। কাকে বলব, মন্ত্রী তো নেই। আপনারা দেখুন ব্যাপক গোলযোগ হয়েছে, যে দুর্নীতি হয়েছে তার বিরুদ্ধে আপনারা ব্যবস্থা গ্রহণ করবেন। এবং না হলে আজকের কাগজ দেখুন না, আজকের কাগজ দেখুন দিল্লিতে কি হয়েছে। আপনার দলের ওয়ার্কিং প্রেসিডেন্ট তার কি অবস্থা ? তিনি মুখ্যমন্ত্রীকে মানছেন না, কাউকে মানছেন না। তাকে শো-কজ করেছে আপনার দল। এই দলের যে অবস্থা আপনারা আপনাদের দূরবিন দিয়ে আপনাদের চেহারাটা দেখুন।

(এই সময় মাইক অফ হয়ে যায়।)

শ্রী নির্মল ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯শে ফেব্রুয়ারি মান্যবর রাজ্যপাল মহাশয় এই অগস্ট সদনে যে ভাষণ বিবৃতি দিয়েছেন তার পূর্ণ সমর্থনে বিশেষ করে এই হাউস থেকে যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে শ্রী পার্থ চ্যাটার্জী প্রস্তাব এনেছেন, শোভনদেব চট্টোপাধ্যায় তাকে সমর্থন করেছেন। তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা এই অগস্ট

হাউসে বলতে চাই। রঞ্জিতবাবু, একটু পেছন দিকে তাকান না। শুধু সামনের দিকে তাকাচ্ছেন। সামনে তো অনেক কিছু থাকতে পারে, পড়ে না যান একটু লক্ষ করে হাঁটবেন। একটু দেখে নিন। স্যার, এই ভাষণে যাওয়ার আগে রাজ্যের উত্তরণের কথাটা একটু মান্যবর সদস্যদের কাছে রাখতে চাইছি। একটি অগ্নিগর্ভ পরিস্থিতি। ২০০৪-এর পর থেকে ২০১১ সাল পর্যন্ত পশ্চিমবাংলায় দার্জিলিং থেকে সাগর পর্যন্ত বিশেষ করে পুরুলিয়াতে, বীরভূমে, বাঁকুড়াতে এবং মেদিনীপুরের বিরাট অংশ যেটা পশ্চিম মেদিনীপুর স্যার, প্রতিদিন মৃত্যুর মিছিল। একটা হচ্ছে খুন, সন্ত্রাস, হত্যা, রাজনৈতিক হত্যা। আর একটা ছিল যেটা Extremist যারা নকশালপন্থী তারা। স্যার, আমি শুধু এইটুকু বলি না যে রাজ্যের শুধু আমাদের দলের মানুষ মরেছে, সব দলের মানুষ মরেছে। সবথেকে দুঃখের যে আমাদের রাজ্যের যারা military যাদেরকে আমরা para military force বলি তারা পর্যন্ত মৃত্যু বরণ করেছেন। আমি এই অগস্ট সদনকে বলতে চাই, এই অবস্থার সৃষ্টি করেছেন তখন বামফ্রন্ট সরকার। বলতে পারবেন না যে, আমরা তো সাড়ে তিন বছর পার করে চতুর্থ বছরে যাচ্ছি। আপনারা ৩৪ বছর পার করে ৩৫ বছরে যখন যাচ্ছেন ২০১১ সালের মে মাসের আগে এই পরিস্থিতি। গড়ে সাড়ে চারশো লোক কম-বেশি মৃত্যুর মুখে ঢলে পড়ছে। স্যার, দার্জিলিংয়ের কথা যতই বলা যাবে ততই কম হবে। যে দার্জিলিংয়ে এই রাজ্যের মুখ্যমন্ত্রী পর্যন্ত যেতে সাহস করেননি। কিন্তু পরিবর্তিত পরিস্থিতিতে রাজ্যের মান্যবর মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী শুধু দার্জিলিংয়ে নয়, পাহাড়ে নয়, সারা বিশ্বের কাছে একটা নিদর্শন স্থাপন করেছেন। যারা আন্দোলন করে, সেই আন্দোলনকারী মানুষের কাছে গিয়ে রাজ্যের মুখ্যমন্ত্রী তাদের কথা শুনবেন, তাদের জন্য কাজ করবেন। এবং সেই কাজ তিনি লালগড়ে করেছেন, জঙ্গলমহলে করেছেন, দার্জিলিংয়ে করেছেন। সবথেকে বড়ো স্যার, সিঙ্গুর, নন্দীগ্রামের কথা বলে আমি এই হাউসের বিরোধীরা, বিশেষ করে বামফ্রন্টের যারা বিরোধীরা আছেন তাদের গায়ে হয়তো একটু বেশি লাগবে, কিন্তু আপনারা ভেবে দেখুন কি পরিস্থিতি এসে দাঁড়িয়েছিল। আজকে আপনারা জমি আন্দোলনের কথা বলছেন। সেদিনকে যখন মমতা ব্যানার্জী বলছিলেন যে টাটারা এখানে SEZ গড়তে চাইছে। একটি প্রাইভেট কারখানা, সে ন্যানো কারখানা তৈরি করবে, ছোট্ট গাড়ি তৈরি করবে। তার জন্য ৩০০ একর জমি ইজ এনাফ। সারা পৃথিবী সার্ভে করে বলেছে it may not be more than three hundred acres. সেখানে ১৩০০ থেকে ১৫০০ একর জমি নিচ্ছে, SEZ গ্রহণ করার কথা চেষ্টা করছে, মারছে। এমনকি বিরোধী দলনেত্রীকে হত্যা করার চেষ্টা করছে।

[2.40—2.50 p.m.]

তখন আপনারা সরকারে ছিলেন, একটু ভেবে দেখুন। আজকের পার্লামেন্টে ভারতবর্ষের বর্তমান সরকার দশটি অর্ডিন্যান্স এনেছে। তার মধ্যে একটি জঘন্য, যেটা ভারতবর্ষের কৃষক সমাজের ভিত্তিটাকে নাড়িয়ে দেবে। সেই অর্ডিন্যান্স তারা এনেছেন। জমি, যেখানে কারুর কোনো আজ্ঞা লাগবে না, কারুর সমর্থন লাগবে না, কারুর কথা শুনবে না, সেই ১৮৮৪ সাল, ব্রিটিশ আইন আবার তারা প্রবর্তন করছে। তার সঙ্গে আরো নয়টি, যেটা এল.আই.সি. সহ, রেল সহ, ডিফেন্স সহ করেছে, তা নিয়ে আমাদের প্রতিবাদ আছে। আমাদের প্রতিবাদ

আজকে নয়। ইউ.পি.এ. গভর্নমেন্টে আমরা ছিলাম। কিন্তু তারপরে যখন আমরা দেখেছি ইউ.পি.এ. গভর্নমেন্ট জমি নিয়ে আমাদের কথা শোনেনি, তারা যখন এফ.ডি.আই. নিয়ে আমাদের কথা শোনেনি, আমরা ঘটনাপ্রবাহের মধ্য দিয়ে আমাদের কথা সদাসর্বদা আমরা শুনছি এবং সিঙ্গুর, নন্দীগ্রামে ১৪ই মার্চ, ২০০৭ সালের যে ঘটনা, সারা পৃথিবী কৃষক আন্দোলনকে তারা স্মরণ করিয়ে দিয়েছিল। সে কথা যত বলব তত কম। তারপরে কলকাতার লাগোয়া হাওড়া, হুগলী, উত্তর ২৪-পরগনা, দক্ষিণ ২৪-পরগনায় শিক্ষা বলুন, স্বাস্থ্য বলুন, আইন-শৃঙ্খলা বলুন, নারী ধর্ষণ বলুন, চারিদিকে এক বিধ্বস্ততা ছিল। এই বিধ্বস্ততাকে উতরোতে হবে আমাদেরকে। কত দেনা, দু কোটি তিন, দেনার দায়ে আমাদের আঠাশ হাজার কোটি টাকা দিতে হচ্ছে। এটা রয়েছে। শিল্প স্তব্ধ হয়েছে, চা শিল্প বলুন, ইঞ্জিনিয়ারিং বলুন, জুট বলুন স্তব্ধ হয়ে গেছে। এক কোটি বেকার আপনারা ছেড়েছেন। একটু আগে রঞ্জিৎবাবু বললেন এক লক্ষ, আপনি ৩৪ বছর পার করে ৩৫ বছরে পা দিয়ে আপনি দেখলেন যে কলেজে প্রফেসার নেই, হায়ার সেকেন্ডারি স্কুলে শিক্ষক নেই, প্রাইমারিতে টিচার নেই। আর টিচার আছে তো ছাত্র নেই। ছাত্র আছে তো স্কুল নেই। এমন অবস্থায় আপনারা ছেড়ে গিয়েছিলেন, তার সঙ্গে পাল্লা কষে আমরা দেখিয়ে দিতে চাই কোথায় আমরা এসেছি। স্যার, খাদ্যের অবস্থা আমরা দাবি করি। কৃষিক্ষেত্রে আমাদের উৎপাদন সারা ভারতবর্ষে চালের ক্ষেত্রে, সবথেকে আমরা সেটা ফিল করি। শিক্ষার ক্ষেত্রে আমরা দাবি করতাম, কিন্তু শিক্ষার ক্ষেত্রে ভারতবর্ষে এখন আমরা কোথায় আছি সেই কথা আমি স্মরণ করিয়ে দিচ্ছি। স্বাস্থ্য, পানীয় জল, বাসভবনের কথা যত কম বলা যাবে ততই ভাল। এবার আমি এই জায়গাটা থেকে কি করে একটি সরকার, মা-মাটি-মানুষের সরকার এগিয়ে আসছে ? প্রথমে আমি আপনাদের বলছি, অনেকেই বলেছেন সারদা, সারদা, সারদা। আমি শুধু একটি লাইন বলতে চাই পুলিশ ধরলে, সি.আই.ডি. ধরলে, সি.বি.আই. ধরলেই কি দোষী সাব্যস্ত হয়ে যায় ? এ কথাটা আপনারা যখন সরকারে ছিলেন তখন আপনারা কংগ্রেসের বন্ধুরা দিল্লিতে সরকারে ছিলেন। এখানে আমাদের সঙ্গে জোটে ছিলেন। মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নেতৃত্বে এখানে ৩৪ বছর পেরিয়ে ৩৫ বছরে পা দিয়েছেন। আমার কথা হচ্ছে যদি মদন মিত্র নিয়ে এই সদনে আমাদের মাননীয় সদস্য মন্ত্রী বলেছেন। সি.বি.আই. ধরলেই কি ধরে নিতে হবে সেই লোকটি দোষী ? আইন আইনের পথ ধরে চলবে। যতক্ষণ না সেখানে বিচার হচ্ছে, দোষী সাব্যস্ত হচ্ছে ততক্ষণ আমাদের প্রতিবাদ চলছে, আমাদের প্রতিবাদ চলবে। যদি তা না হয় এই যে কঙ্কাল কেলেঙ্কারির সঙ্গে আমাদের আর এক মাননীয় সদস্য যুক্ত আছেন। আপনি ৬ মাস জেল খেটেছিলেন। আপনার কথা আপনি একবারও বললেন না সুশান্তবাবু, যে ৬ মাস আপনি জেল খেটেছিলেন। আপনার পার্টি দে ডিড নট টেক এনি অ্যাকশান এগেনস্ট ইউ। কারণ কি ? আপনি দোষী প্রমাণিত হননি। ঠিক আছে, দোষী প্রমাণিত হলে আপনার দলও নেবে, আমাদের দলও চিন্তা করবে। এখানে কোনো রাখার নেই। আর নারী নির্যাতনের কথা। স্যার, রাজ্যপাল মহাশয় সঙ্গত কারণেই বলেছেন আমাদের এই রাজ্য সরকার, মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি মহিলাদের নিয়ে, নিজে তিনি ব্যক্তিগতভাবে মহিলা এবং মহিলাদের অত্যাচার নিয়ে তিনি কনসার্ন। স্যার,

তার জন্য আপনি দেখবেন যতগুলো ঘটনা ঘটেছে, যেখানে নারীরা সরাসরি নির্যাতিতা হয়েছে, নেত্রী মমতা ব্যানার্জী, বাংলার মুখ্যমন্ত্রী তিনি নিজে গিয়েছেন। তিনি হাওড়ায় গিয়েছেন, কামদুনিতে গিয়েছেন, যেখানে ঘটনা ঘটছে সেখানে তিনি গিয়েছেন। তিনি নির্যাতিতার পাশে দাঁড়িয়েছেন এবং বলেছেন আইনের কঠোর শাস্তি এমনকি তাদের ফাঁসি হোক, এ আমার সরকার চায়। কিন্তু স্যার, আইন আইনের পথ ধরেই চলবে। সেজন্য আমি বলতে চাই এখানে অনেকেই আলোচনা করেছেন। তার প্রিন্ট কপি আমার কাছে আছে। সেকেন্ড অ্যাডিশান ইন্ডিয়া টুডে বেস্ট সিটিজ ইন ইন্ডিয়া, এটা রেকর্ড। ত্রিশটি ক্যাপিটাল অ্যান্ড মেট্রো সিটিজে তারা গিয়েছে। কুড়িটি এমারজিং সিটিতে তারা গিয়েছে। ১২টি ক্রাইটেরিয়ার উপর তারা আলোচনা করেছে, চর্চা করেছে, সিদ্ধান্ত করেছে। পশ্চিমবাংলার রাজধানী কলকাতাকে শুধু সেফ সিটি বলেনি, নারীদের জন্য এবং সব দিক থেকে ক্রাইমের ক্ষেত্রে সেফ সিটি ইজ দি ক্যালকাটা। এটা আমি যখন বলি—আমাদের মাননীয় বিরোধী সদস্যদের স্মরণ করিয়ে দিলাম। আমি ফিরে আসি স্যার—কোথায়, কিভাবে এই রাজ্যকে উত্তরণের পথে এই সরকার নিয়ে চলেছে যে কথা মাননীয় রাজ্যপাল এখানে বারবার বলেছেন। একটি রাজ্যকে যদি আধুনিক পদ্ধতির সঙ্গে সায়েন্স বা বিজ্ঞানের সঙ্গে, তথ্যের সঙ্গে, প্রযুক্তির সঙ্গে তাকে এগিয়ে যেতে হবে। এবং সংগত কারণেই প্রশাসনিক ক্ষেত্রে e-governance চালু করেছে। অর্থনীতির ক্ষেত্রে যে অর্থনীতি বিধ্বস্ত ছিল যেখানে এই বছরও আপনারা—২৮ হাজার কোটি টাকা আপনারা ধার করে গিয়েছেন, যে রাজ্যকে সর্বনাশ করে গিয়েছেন, এক কোটি বেকার সৃষ্টি করে গেছেন সেই রাজ্যকে আমাদের সুখ দিতে হবে। এটা সাংবিধানিক দায়িত্ব যেটা আমাদের সরকার পালন করছেন। মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন যে আমি কারো কাছে ভিক্ষা চাই না। আমি দিল্লির কাছে moratorium চেয়েছিলাম, সেই আলোচনায় আমরা পরে যাচ্ছি। আমি বলতে চাই এই সাড়ে তিন-চার বছরের মধ্যে আমাদের সরকার যেখানে আপনাদের রাজস্ব ২১ হাজার কোটি টাকা পর্যন্ত সর্বশেষ নিয়ে গেছেন সেখানে ৪০ হাজার কোটি টাকা ক্রস করেছে, it is more than double। এই যে আমাদের একটা রাজ্যকে thrash উত্তরণ চলছে রাজ্যের অর্থ না হলে উত্তরণ হবে না। সেই অর্থের ক্ষেত্রে আমাদের নিয়ে গেছে যোজনা খাতে আমাদের খরচ অন্যান্য বছরগুলির থেকে বেশি হয়েছে। আপনারা দেখেছেন যে ২৭.৪৫% এখানে বৃদ্ধি পেয়েছে যোজনা খাতে আমাদের ব্যয়। স্যার আমি আর একটা ছোট্ট গণবণ্টন—আমাদের রাজ্য কৃষিপ্রধান দেশ। আমাদের রাজ্যে খাদ্যে এইবারে উৎপাদন হয়েছে সেই খাদ্য উৎপাদনে দেড়শো লক্ষ টন খাদ্য উৎপাদন হয়েছে। তার মধ্যে আমাদের সরকার কি করছে। এরা তো অনেক বছর সরকারে ছিলেন। উত্তরণটা আমাদের বলছি যে বুভুক্ষুতা, জঙ্গলমহলের লোক মরেছে না খেয়েও মরেছে। শুধু মেরেছে, মরেছে তা নয়, না খেয়েও মরেছে। আপনারা খেতে দিতে পারেননি। আমাদের সরকার তিন কোটি কুড়ি লক্ষের বেশি মানুষকে দুই টাকা কিলো দরে চাল দিয়ে মানুষ যাতে মৃত্যুর মুখে ঢলে না পড়ে তার ব্যবস্থা মা-মাটি-মানুষের সরকার মমতা ব্যানার্জী করেছেন। you could not think it যে মানুষকে প্রথমে বাঁচাতে হবে এবং সেই কাজ আমাদের সরকার করেছেন। সর্বকালের উচ্চ

পরিমাণ আমাদের ফসল ধান এখানে হয়েছে। তাতে দেখুন পেডি চালের ক্ষেত্রে, ধানের ক্ষেত্রে ১৯ লক্ষের বেশি ধান মেট্রিক টন আমাদের রাজ্য গ্রহণ করেছে। এবং তার জন্য তারা দাম দিয়েছে, ন্যায্য দাম দিয়ে কিনেছে আমাদের টার্গেট ৩২ লক্ষ। আমাদের চালের ক্ষেত্রে আপনারা ৩৪ বছর হিসাব করে দেখুন you could not cover ৬ লক্ষের বেশি কখনো কভার করতে পারেনি। কোনোদিন কভার করতে পারেননি। অলরেডি বছর শেষ হয়নি আমাদের ১৩ লক্ষ ৪৪ হাজার প্লাস। আমাদের টার্গেট হচ্ছে ২২ লক্ষ মেট্রিক টন। আমরা সেটা তুলে ফেলেছি। কারণ খাদ্যতো আমাকে জোগাড় করতে হবে। খাদ্য না জোগাড় করলে দেশের মানুষকে খেতে দেব কোথা থেকে ? আর কৃষিপ্রধান দেশে জমিকেও রক্ষা করতে হবে। সেইজন্য সবথেকে বড়ো জিনিস হচ্ছে খাদ্যে একটা স্বয়ংসম্পূর্ণ রাজ্য হিসাবে এই রাজ্যকে তৈরি করা। সবচেয়ে বড়ো আমাদের যে thrash এখানে আমাদের সরকারে দিয়েছে। স্যার গ্রামের ক্ষেত্রে আমাদের সবচেয়ে বড়ো বাধা হয়ে গেছে দিল্লি। আগেও কিছুটা বাধা ছিল এখন সবথেকে বেশি বাধা আমাদের গ্রামীণ ক্ষেত্রে হয়েছে। আমাদের যে কর্মসৃষ্টি ২৩.১৫ কোটি কর্মসৃষ্টি গ্রামে হয়েছে NREGS-এর মাধ্যমে। সেই টাকাটা আসে মেনলি দিল্লি থেকে। দিল্লি ও রাজ্য মিলে এই কাজটা করে। সেই জায়গাটায় দিল্লি আজ হয়রানি করছে। বিমাতৃসুলভ আচরণ করছে এই রাজ্যকে। আমি এই রাজ্যের সব মাননীয় সদস্যদের কাছে বলতে চাইছি, বিশেষ করে বিরোধীদের বলতে চাই এখানে আটকে দিয়ে বাংলাকে মেরে ফেলা—যারা গ্রামীণ land less labour গ্রামীণ ক্ষুদ্র চাষী, গ্রামীণ যে গরিব মানুষ তাকে মেরে ফেলার একটা চক্রান্ত—এটা চলছে দিল্লি থেকে। এটা বরাবরই বাংলাকে অনেক সময়, অনেক ক্ষেত্রে বিমাতৃসুলভ আচরণের মধ্যে পড়তে হয়েছে। আমি এটা আশা করি যে এই হাউসে সবাই মিলে একমত হবেন যে দিল্লি কোনো ক্ষেত্রে কখনই আমাদের রাজ্যকে এইভাবে বিমাতৃসুলভ আচরণ করবে না। আমাদের গ্রামের মানুষকে বাঁচার সুযোগ দেবে। যেখানে আমরা highest number of ২৩.১৫ কোটি আমরা কর্মসৃষ্টি করতে পেরেছি ever in the past, highest in the past। আমি এইবার শিল্পের ক্ষেত্রে একটু আসি। আমার সময়ের সঙ্গে তাল মিলিয়ে বলি।

[2.50—3.00 p.m.]

শিল্পের ক্ষেত্রে দুটি থ্রাশ। একটি হচ্ছে শিল্প বিধ্বস্ত হয়েছে, সেই শিল্পকে পুনর্গঠন করতে হবে। আর একটি হচ্ছে শিল্প স্থাপন করতে হবে উৎপাদন বৃদ্ধির জন্য। আমাদের সরকার—স্যার রাজ্যপাল সঙ্গত কারণেই বলেছেন যে, এই রাজ্যের থ্রাশ হয়েছে যে শিল্পকে আকৃষ্ট করার এবং শিল্পের জন্য পরিবেশ সৃষ্টি করা এবং শিল্প তৈরি করার জন্য সমস্তগুলিকে সরলীকৃত করার এবং সেটা করেছেন। ২ লক্ষ কোটিরও বেশি তারা বিনিয়োগ করেছেন। অলরেডি রাজ্যে চলছে, প্রস্তাব হয়েছে, কাজ চলছে এবং এবারে যেটা আমরা দেখলাম—বিদেশে—সিঙ্গাপুর থেকে আমাদের রাজ্যে যে শিল্প তৈরি করার ক্ষেত্রে, শিল্প প্রতিষ্ঠা করার ক্ষেত্রে যে, আমাদের যে থ্রাশ, সেই থ্রাশে সাড়ে চার লক্ষেরও বেশি মানুষ চাকরি—কর্মসংস্থান সম্বলিত হবে এবং ১৫০ কোটিরও বেশি আমাদের নতুন করে আমাদের রাজ্যে

বিনিয়োগ আসছে। স্যার আমি ছোটো করে এম.এস.এম.ই. নিয়ে বলব। ছোটো এবং মাঝারি শিল্প একটা বিপ্লব সৃষ্টি করেছে আমাদের এই রাজ্য। স্যার আমার শেষ কথা—শিক্ষাকে নিয়ে উনি বলছিলেন—আমি শুধু এইটুকু বলতে চাই যে, শিক্ষার ক্ষেত্রে যে কটি পদক্ষেপ আপনারা নিয়েছেন, তার সবকটি পদক্ষেপই আপনাদের ভুল—তা প্রমাণিত হয়েছে পরবর্তীকালে এবং তার জন্য শিক্ষাকে নতুন থ্রাশ দিয়ে নতুন কলেজ সৃষ্টি করা, ৩১টি কলেজ কমপ্লিট হয়েছে, ৪৫টি সরকারি কলেজ হবে। ১৩টি বিশ্ববিদ্যালয় যেটা আমরা চিন্তা করতে পারি না। তার মধ্যে ৬টি রাজ্যের সরকার নিজে বিশ্ববিদ্যালয় তৈরি করছে, উইমেন বিশ্ববিদ্যালয় সহ। এটা একটা যুগান্তকারী পরিবর্তন। স্বাস্থ্যের ক্ষেত্রে যেটা বলার অপেক্ষা রাখে না যে হাসপাতালগুলোতে ডাক্তার নেই। কিন্তু ডাক্তার পেতে গেলে তো ডাক্তার তৈরি করতে হবে। স্যার, প্রায় ১৩৬০ জনের মতো নতুন আমরা এই চারটি আর্থিক বছরে বাড়াতে পেরেছি। ১১ হাজারের বেশি সিট—যেখানে রোগী যাবে, চিকিৎসা হবে সেটা বাড়াতে পেরেছি এবং শিশু-মৃত্যুর হার ধীরে-ধীরে কমিয়ে আমরা একটা জায়গায় নিয়ে এসেছি। তাই বলছি স্যার, রাজ্যপাল মহাশয় যে কথা বলেছেন, সেটা বাস্তব এবং সেই বাস্তবসম্মত ভাষণকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে ধন্যবাদ জ্ঞাপন প্রস্তাবের প্রেক্ষাপটে কিছু কথা আলোচনা এবং পর্যালোচনার জন্য পেশ করতে চাই। এটা ঠিক যে ভাঙাচোরা একটা অর্থনীতির উপর কংগ্রেস এবং তৃণমূল কংগ্রেস যৌথভাবে পরিবর্তনের সরকার বাংলার মানুষের আশীর্বাদ নিয়ে প্রতিষ্ঠা করেছিল। অনেক আশা, অনেক আকাঙ্ক্ষা, দলতন্ত্র নির্বাসিত হবে, গণতন্ত্র প্রতিষ্ঠা হবে, মানুষের কান্না থামবে, থানাগুলো লাল পার্টি অফিসে পরিণত হয়েছিল, পুলিশ তার অধিকার ফিরে পেয়ে কাজ করতে পারবে, প্রশাসন দীর্ঘনিঃশ্বাস ফেলতে-ফেলতে শুকিয়ে যাচ্ছিল, তারা নিজেদের অস্তিত্ব নিজেরা অনুভব করতে পারবে। জনপ্রতিনিধিরা গণতন্ত্রের স্বাদ নিয়ে দলমতনির্বিশেষে মন্ত্রিসভার কাছে, মন্ত্রীদের কাছে মানুষের হয়ে কথা বলার সুযোগ পাবেন—এটাই তো প্রত্যাশা ছিল মানুষের। আমরা ১ বছর ৪ মাস ২ দিন ছিলাম একসঙ্গে হাতে হাত মিলিয়ে। তারপর সুতো কেটে গেল। ২২শে সেপ্টেম্বর ২০১২-তে আমরা বেরিয়ে এলাম। ওরা দিল্লি থেকে তার দুদিন আগেই বেরিয়ে গিয়েছিলেন ২০শে সেপ্টেম্বর। ২০শে সেপ্টেম্বর এবং ২২শে সেপ্টেম্বর দুটো দিনের পর আজকে ফেব্রুয়ারি মাসের ২৫ তারিখ ২০১৫। ঠিক এই গ্যাপটাতে আমরা দ্বিতীয় বিরোধী দলের কাজ করছি। কিন্তু আপনার মাধ্যমে শাসক দলের দিকে তাকিয়ে থাকি—এই কারণে যে এই যে নতুন সৃষ্টি, নতুন উন্মাদনা, নতুন স্পর্শ, আশা-আকাঙ্ক্ষা যৌথ পরিবার আর যৌথ নেতৃত্বে হয়েছিল। এরা তখন মুচকি হাসতেন, এখন একটু বেশি করে হাসি হাসছেন। কিন্তু এরা ভুলে যান যে, ৩৪ বছরে নিজেদের চরিত্র, উপাখ্যান, ইতিহাস এবং কর্ম কি বিপজ্জনক, কি ভয়ঙ্কর। তারই প্রেক্ষাপটে যদি equate করতে হয় ৩৪ আর সাড়ে তিন বছর, এটা মেলে না, এটা বেসামাল। তাই কংগ্রেসের পক্ষ থেকে পরিষদীয় দলের একজন সদস্য হিসাবে আমি কখনোই বেসামাল বক্তব্য রাখব না। আমি চেষ্টা করব আপনার মাধ্যমে এই হাউসকে

ভারতবর্ষের সংবিধান the constitutional parameter এবং আপনার নেতৃত্বে under the custody of the Hon'ble Speaker আমাদের সবার কি অধিকার, আমরা কি পাচ্ছি, কোথায় দাঁড়িয়ে আছি, কি হচ্ছে এই পর্যালোচনাটুকু করব। হ্যাঁ, আমাদের রাজ্যপাল মহোদয়ের বক্তব্য তাঁর নিজের নয়। যেমনি করে মাননীয় রাষ্ট্রপতিকে বি.জে.পি. সরকারের তৈরি করা বক্তব্য পড়তে হয়েছে। কারণ আমি যখন দেখলাম পণ্ডিত নেহরুর নাম নেই, মহাত্মা গান্ধীর নাম নেই, সেখানে দিনদয়াল উপাধ্যায় এসে গেছে। তখন এখানকার রাজ্যপালের ভাষণ আর এই সরকারের তৈরি করা ভাষণের রিফ্লেকশান প্রায় সমসাময়িক, সেই বিতর্কের মধ্যে যাচ্ছি না। কিন্তু বিতর্কের মধ্যে এই কারণে যেতে চাই যে, আজকে ২৫শে ফেব্রুয়ারি, মাননীয়া মুখ্যমন্ত্রী এই হাউসের নেত্রী। ১৯ তারিখ তিনি গেলেন বাংলাদেশ। She is the Leader of the House. She is absent in the House since 21st—ফিরেছেন সন্ধেবেলায়। আমরা জানতেই পারলাম না একটি অঙ্গরাজ্যের মুখ্যমন্ত্রী, তিনি আমাদের সবচাইতে বড়ো বন্ধুদেশে গেলেন। আমরা আশায় আশায় দিন গুনছি। তিনি তো আমাদের একটু আলোকিত করবেন কি হল, কি কথা, কি আলোচনা, কি পর্যালোচনা, ছিটমহল, তিস্তা, ইলিস, উগ্রপন্থীদের কার্যকলাপ। যখন বাংলাদেশের প্রধানমন্ত্রী বলছেন ভারত বিরোধী কোনো কাজ করতে দেব না। আমার রাজ্যের মুখ্যমন্ত্রী গেছেন, আমাদেরও মুখ্যমন্ত্রী, কি নিয়ে এলেন, কি দিয়ে এলেন, কি হল আমরা জানতে পারলাম না। The House is continuing in this way. এই জিনিস কখনও দেখিনি, কখনও দেখিনি। আমি ১৯৯২ সালে এই হাউসের মেম্বার ছিলাম। জ্যোতিবাবু বাংলাদেশে গিয়েছিলেন, তদানীন্তন মুখ্যমন্ত্রী। ফারাক্কার জল নিয়ে কথা বলতে গিয়েছিলেন। ২৬ মার্চ, ১৯৯২ এখানে জ্যোতিবাবু এসেই যেদিন হাউস খুলল তার পরে বিবৃতি দিলেন তিনি কি কি করেছেন না করেছেন—এটাই expected. This is the minimum political constitutional etiquette binding to the Chief Minister who has not observed. তিনি বলবেন নিশ্চয়ই। তিনি তো রিপ্লাই দিতে আসবেন, বলবেন। কিন্তু এটা তো একটা স্পেসিফিক ম্যাটার, আমরা জানতে পারলাম না। একটা আলোচনা খুব চলছে স্যার cooperative federalism-এর। ফেডারেল স্ট্রাকচার তো ভারতবর্ষের সংবিধানের অন্যতম গুরুত্বপূর্ণ অ্যাডভানটেজ। Cooperative federalism ভালো, খুব ভালো। ভারতবর্ষে বর্তমান যা রাজনীতি, একটা বিভেদকামী শক্তি ভারতবর্ষে কেন্দ্রে সরকার তৈরি করেছে। তাদের দলের নেতৃত্ব কলকাতার শহীদমিনার ময়দানে এসে বলছে ভারতবর্ষে যারা থাকবে সবাই হিন্দু। এটা হয় নাকি কখনো ? এটা চলতে দেওয়া যায় নাকি কখনো। কি বিপজ্জনক ব্যাপার চলছে। সেই নেতাই আবার পরশুদিন বলে দিলেন মাদার টেরেজা ধর্মান্তকরণ করতেন। কি বিপজ্জনক ! বিশ্ববন্দিতা এক মহানারীকে, মহা নায়িকাকে, যাকে আমরা ভালোবাসি, বিশ্ব ভালোবাসে, শুধু বাংলা নয়, শুধু কলকাতা নয়, শুধু ভারত নয় সারা বিশ্ব, তাকে বলছে তিনি নিন্দিত চরিত্র ছিলেন। কি বিপজ্জনক কথাবার্তা। এর বিরুদ্ধে তো একত্রিত হচ্ছে। এই cooperative federalism-এর ছাতার তলায় সমস্ত সেনসিবল, সেকিউলার ফোর্স, ডেমোক্রেটিক

ফোর্স—আমার রাজ্যে যার নেতৃত্বে রাজ্য সরকার চলছে, আমরা কি তার কাছে cooperative federalism-এর বিন্দুমাত্র স্পর্শ পেতে পারি না ?

[3.00—3.10 p.m.]

বলছিলেন মাননীয় সদস্য রঞ্জিৎ মণ্ডল। ৭৫টা ডিস্ট্রিক্টের মিটিং হয়েছে। চিফ সেক্রেটারি, হোম সেক্রেটারি, ডি.জি., সমস্ত অনারেবল মিনিস্টার্স, অল সেক্রেটারিস। রাজ্যপাল এখানে বলেছেন, তিনি অসত্য কথা বলেছেন এটা আমি বলতে পারব না, বলা যায় না আপনি জানেন। তাকে ক্রিটিসাইজ করা যায়। কিন্তু কোন জায়গায় দেখাতে পারবেন কোন মন্ত্রী, যে বিরোধী দল—মার্কসবাদী লেফ্‌ট ফ্রন্ট ছেড়ে দিন, আমরা তো একসময় সঙ্গী ছিলাম—কংগ্রেসের কোন বিধায়ককে ডাকা হয়েছে কোন মিটিঙে ? একটা মিটিঙেও ডাকা হয়নি Is it the reflection of cooperative federalism in the true sense adhere to the constitutional norms ? বলুন। এটা স্বৈরতান্ত্রিক মানসিকতার প্রতিফলন, গণতান্ত্রিক নয়। মাননীয় অধ্যক্ষ মহোদয়, law and order। নিশ্চিত ভাবে মুখ্যমন্ত্রী চেষ্টা করছেন কন্ট্রোল করতে। আমি কয়েকদিন আগে বিহারের গয়াতে গিয়েছিলাম বাবা, মা এর পিণ্ড দিতে। একজন কনস্টেবল বলল, স্যার, আপনি বুদ্ধগয়া দেখতে যাবেন না ? আমি বললাম রাত হয়ে গেছে, এখন কি সেখানে যাওয়াটা ঠিক হবে ? সে বলল, নেহি স্যার, আপ যাইয়ে, দিন বদল গিয়া। কিরকম ? বিহারের গয়া তো ভয়ঙ্কর জায়গা ছিল, এখন রাত ২টো পর্যন্ত ঘোরাঘুরি করতে পারবেন। বললাম, কেন ভাই ? বলল, নিতীশ কুমার পুলিশকে decontrol করে দিয়েছেন। বললাম, decontrol ? তিনি বলে দিয়েছেন, তোমরা নিজের মতো করে অ্যাক্ট কর, ক্রিমিনালদের ধর। শুনে ভালো লাগল। তখন আমরা একটা ছোট্ট গাড়ি করে বুদ্ধগয়া দেখতে গেলাম। ৮ বছর আগে আমি এক বন্ধুর সঙ্গে গয়াতে গিয়েছিলাম, তখন সন্ধের পর গয়াতে বের হতে পারা যেত না। ফিরে এসে ইদানীংকালে কলকাতায় একটা ভালো বই করেছিলেন প্রকাশ ঝাঁ, তার নাম গঙ্গাজল। বিহারের সেই আতঙ্কগ্রস্ত ছবি দেখেছিলাম। তারপর কয়েকদিন আগে গিয়ে দেখলাম গয়ার চিত্রটা পাল্টে গেছে। একটি নির্দেশ, Police has been decontrolld to act. অর্থাৎ kidnapping, ডাকাতি, খুন, বীভৎস অত্যাচার, এক কাস্ট আর এক কাস্টকে মারছে, বিহারের সেই চিত্র কিন্তু অনেকাংশে পাল্টে গেছে। কমন পিপল বলছে, একজন পুলিশ কনস্টেবল বলছে। স্যার, আমরা কি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলতে পারি না, অনারেবল চিফ মিনিস্টার, মানুষের এত স্বপ্ন নিয়ে এসেছেন বাংলায়, পুলিশকে একটু ডি-কন্ট্রোল করুন না ? সি.পি.এম.-রা কন্ট্রোল করে রেখেছিল, থানাগুলোকে party office বানিয়ে ফেলেছিল, পুলিশকে চাকরে পরিণত করেছিল। আমরা কি বাংলার মুখ্যমন্ত্রীকে বলতে পারি না, Please to some extent decontrol the poilice ? আমার সামনে মন্ত্রিমহোদয়রা বসে আছেন, একটু অ্যাক্ট করুন। কে বি.জে.পি., কে সি.পি.এম. কে কংগ্রেস না দেখে যারা criminal তোমাকে ধরা হবে, তোমাকে জেলে পাঠানো হবে, তোমার বিরুদ্ধে অ্যাকশন নেওয়া হবে। একথা কি মুখ্যমন্ত্রী বলতে পারেন না ? বলতে পারছেন না। এই জায়গায় আইন-শৃঙ্খলা থমকে যাচ্ছে। শিক্ষা। হাউস চলছে,

কি বিতর্ক ? টোকাটুকি হচ্ছে। একদল বলছে না, একদল বলছে হ্যাঁ। আর সংবাদ মাধ্যম দেখাচ্ছে সব উল্টে উল্টে, উঠে উঠে, জানালা দিয়ে টপকে টপকে সব টুকলি হচ্ছে। এ বড়ো বিপজ্জনক ব্যাপার। টুকলি হচ্ছে কি টুকলি হচ্ছে না, এই নিয়ে বিতর্ক হচ্ছে। এই জায়গাটা আমাদের মনে হয় restrain করা দরকার। শিক্ষকরা, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের চুক্তি শিক্ষকরা, আজ ১২ বছর ধরে status position জানে না, অথচ তারা নর্মাল টিচারদের মতো কাজ করছে। কলেজ রক্তাক্ত, বিশ্ববিদ্যালয় রক্তাক্ত। আমার বিশিষ্ট বন্ধু মাননীয় শিক্ষামন্ত্রী এবং পরিষদীয় মন্ত্রী খুবই পাকাপোক্ত মানুষ। একেবারে ঝালাপালা হয়ে জর্জরিত হয়ে যাচ্ছে। কি হবে ? ময়ূখ ভবনের সামনে পুলিশ লাঠিচার্জ করছে এস.এস.সি.র ছেলেদের বিরুদ্ধে। কলেজ স্কোয়ারে এখনও চলছে অবস্থান। টেকনিক্যাল কলেজের শিক্ষকরা এখনও রাস্তায় বসে আছে। গোটা শিক্ষাটা হ্যাজ কাম ডাউন টু দি স্ট্রিট। রাস্তার উপরে শিক্ষা চলে এসেছ বিশ্ববিদ্যালয়, স্কুল আর কলেজ থেকে। মানুষ কাঁদছে, ছেলেরা রক্তাক্ত, শিক্ষকরা অপমানিত, লজ্জিত। ইজ ইট দি সিস্টেম ? এর পরিবর্তন আমরা চেয়েছিলাম। বলুন। স্বাস্থ্য। আমি অ্যাপ্রিসিয়েট করছি চিফ মিনিস্টারকে যে তিনি চেষ্টা করছেন কিন্তু তাঁকে বলব যে আপনি খুব ওভার বার্ডেন হয়ে গেছেন। আপনার দলে অনেক ডাক্তার এম.এল.এ. আছেন, এই তো নির্মল আছে, সুদীপ্ত রায় আছে, সুদর্শন আছে এদের একজনকে স্বাস্থ্যমন্ত্রী করে দিন না। উনি পারছেন না, আমি নিজে জানি আমি মেডিকেল কলেজে ছাত্র রাজনীতি করে উঠে আসা মানুষ, আমি জানি স্বাস্থ্য ব্যবস্থা মিনিট টু মিনিট মনিটরিং করতে হয়। এই যে সূর্য্যবাবু নিজে ডাক্তার কিন্তু পার্টির চাকর। পার্টির বাইরে কিছু করতে পারতেন না। কিন্তু আপনারা তো আপনাদের পার্টির চাকর বলেন না, আপনারা বলেন জনগণের প্রতিনিধি। তাহলে স্বাস্থ্য ব্যবস্থাটা ডঃ সুদর্শন ঘোষ দস্তিদার, নির্মল মাজি, সুদীপ্ত রায় এদের দিয়ে দিন না। পারছেন না। পারছেন না, স্বাস্থ্যমন্ত্রী পারছেন না। স্যার, কয়েকদিন আগে আমি জেলায় গিয়েছিলাম। মুখ্যমন্ত্রীর খুব প্রশংসা আমাদের সুপার স্পেশালিটি হাসপাতাল হচ্ছে। আমাকে একজন লোক বলছে, 'হ্যাগো মানসবাবু সুপার স্পেশালিটিটা কি ? আমি বললাম জানেন না, সাধারণ হাসপাতালে যেগুলো পাওয়া যাবে না বিশেষ বিশেষ দপ্তরের বিশেষ বিশেষ চিকিৎসা হবে। খুব বড়ো বড়ো ডাক্তার আসবে, নামকরা ডাক্তার আসবে। গ্রামের একজন শিক্ষক আমাকে বলছেন, 'ও মানসবাবু, নীলরতনে ডাক্তার নেই, আর.জি. করে নেই, মেদিনীপুর মেডিকেল কলেজে নেই, পি.জি.-তে নেই। আর গ্রামে গ্রামে সুপার স্পেশালিটি হাসপাতালে সুপার স্পেশালিটি ডাক্তার পাওয়া যাবে তো ?' আমি গালে হাত দিয়ে তার প্রশ্নের উত্তর দিতে পারিনি। এই প্রাইমারি, সেকেন্ডারি, টারশিয়ারি স্টেজে ট্রিটমেন্টের জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব মেডিকেল পার্সোনেল তৈরি করুন। আরও বেশি সিট বাড়ান। পোস্ট গ্র্যাজুয়েটে, এম.ডি., এম.এস.-এ। অনেক বেশি সিট আদায় করুন। ইন্ডিয়ান মেডিকেল কাউন্সিলের কাছ থেকে আর ইউনিভারসিটিগুলোকে দিয়ে। ডাক্তার তৈরি করুন। পোস্ট গ্র্যাজুয়েট ডাক্তার তৈরি করুন। তবেই সুপার স্পেশালিটি হাসপাতাল চালু হবে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার কাছে সব তথ্য আছে। সুব্রতবাবু অত্যন্ত অভিজ্ঞ, দক্ষ মন্ত্রী। আমি সুব্রতবাবুকে দুটো প্রশ্ন

করব। উনি নেই। মাননীয় মুখ্যমন্ত্রী নিশ্চয়ই উত্তর দেবেন তাঁর রিপ্লাই যদি দেন। আমরা দেখছি এন.আর.ই.জি. এ প্রকল্পে পশ্চিমবঙ্গের সরকার ইউটিলাইজেশন অব ফান্ড ১২২%।

[3.10—3.20 p.m.]

১২২% ইউটিলাইজেশন অফ ফান্ড। আপনি যদি সংসারের মালিক হন, আপনার যদি ইনকাম দুশো টাকা হয়, আপনি কি খরচ ছয়শো টাকা করবেন ? স্যার, আপনি নিশ্চয় করবেন না ? সুব্রতবাবুকে দিল্লি টাকা দিয়েছে তিন হাজার আটশো এক কোটি একানব্বই লক্ষ উনত্রিশ হাজার টাকা, চোদ্দো-পনেরো সালে এম.জি.এন আর ই.জি.এ.-এর জন্য। আর উনি খরচ করে ফেলেছেন চার হাজার ছয়শো একচল্লিশ কোটি ছয় লক্ষ নব্বই হাজার। কে ওঁকে বলেছে একস্ট্রা টাকা খরচ করতে ? ফলে এখন পর্যন্ত গত এক মাসে পশ্চিমবঙ্গের জবকার্ড হোল্ডাররা গরিব মানুষরা গ্রামে গ্রামে এক হাজার আটশো বিরানব্বই কোটি টাকা মজুরি পায়নি। আমার নিজের জেলা পশ্চিম মেদিনীপুর জঙ্গলমহল, তিরিশ দিন কাজ দিয়েছেন, একশো দিন দিতে পারেননি। একশো বাহাত্তর কোটি টাকা বাকি আছে। আট মাস নয় মাস করে গ্রামের গরিব মানুষরা যারা গ্রামের এম.এল.এ. আপনারা বলুন টাকা পাচ্ছেন না। কে আপনাকে একস্ট্রা কাজ করাতে বলেছিল ? দিল্লি যে টাকা দিয়েছে সেই টাকাতে কাজ হবে। আপনি ঋণং কৃত্বা ঘৃতং পীবেৎ, ঋণ করব আর ঘি খাব। হয় নাকি কখনো ? আর এখন তো কংগ্রেস সরকার নেই হম্বিতম্বি করবেন ? এখন তো সমীরবাবুদের সরকার চলুন। চলুন একসঙ্গে গিয়ে ধর্না দিই ওখানে। বাংলার মানুষ কেন তাদের মজুরি পাবে না ? গরিব গ্রামের মানুষরা কেন মজুরি পাবে না ? কেন আট মাস, নয় মাস করে তারা মজুরি পাবে না এম.জি.এন. আর ই.জি.এ.-এর ? চলুন একসঙ্গে সর্বদলীয় প্রস্তাব গ্রহণ করুন। দিল্লিতে ধর্না দিই চলুন। রাজনৈতিক ধর্না নয়, কেন তারা বন্ধ করে রাখবে ? এই হচ্ছে অবস্থা। মাননীয় মুখ্যমন্ত্রী প্রায়ই বলেন। হ্যা, তিনি ঋণে জর্জরিত। ইয়েস এই ডানদিকে যারা বসে আছেন, সর্বনাশ করে দিয়ে গেছেন পশ্চিমবঙ্গটাকে। একেবারে সর্বনাশ করে দিয়ে গেছে। স্যার, দুই লক্ষ তিন হাজার কোটি টাকা এরা দেনা চাপিয়ে গিয়েছিল। স্যার, বর্তমান মহামহিম নাম করতে পারব না। তদানীন্তন অর্থমন্ত্রী মুখ্যমন্ত্রীকে তিনি স্নেহ করতেন, পাশে বসিয়ে বলেছিলেন আপনি ইনকামটা বাড়ান, লোনটা শোধ করুন, একস্ট্রা এইড মানি দিচ্ছি ডেভলপমেন্টের কাজ করুন। তিনি কথা রেখেছিলেন। স্পেশাল বি.আর জি.এফ.-এ আট হাজার সাতশো পঞ্চাশ কোটি টাকার প্যাকেজ মঞ্জুর—দিলেন। পশ্চিমবঙ্গের যত চকচকে রাস্তা, পানীয় জল এ.পি.এল.-এ বিদ্যুৎ, ক্ষুদ্র কুটিরশিল্পের ন্যাচারাল ফাইবার মিশন, Super speciality hospital, All are under sanction of special BRGF. কি বললেন ? না—কংগ্রেস চক্রান্ত করছে, আমি চললাম, আমি খুব রেগে গেছি। কেন রেগে গেছেন ? না, এফ.ডি.আই রিটেলে আসছে। আরে এফ.ডি.আই. রিটেল আপনি চাইলে হবে, না চাইলে হবে না। কলকাতা এবং আসানসোল দশ লক্ষের উপরে কেন চলে যাচ্ছে ? না, আমি খুব রেগে গেছি। আরে কেন রেগে গেছেন ? না, এফ.ডি.আই. আসছে। কি হল ? অরুণ জেটলি কি করলেন ? ১৪তম ফিন্যান্স কমিশন কি করল ? এগারো হাজার সাতশো ষাট কোটি এইড মানি তিন বছরে। প্রথম বছর আটশো চোদ্দ কোটি। তার পরের বছর আট

হাজার চোদ্দ কোটি। তার পরের বছর সাড়ে তিন হাজার কোটি। আর কি বলল ? লোন সুদ কিছু হবে না। কেন ? না ফিসক্যাল ডিসিপ্লিনের মধ্যে আমরা এটা করতে পারব না। তাহলে কি হবে ? ওই ইনকাম বাড়াতে হবে। ওই যেটা বললেন নির্মলবাবু একুশ হাজার থেকে চল্লিশ হাজার কোটি রেভিনিউ ইনকাম হয়েছে। ওটাকে ষাট হাজার কোটিতে নিয়ে যেতে হবে অন্ধ্রপ্রদেশের মতো। অন্ধ্রপ্রদেশ গত বছরে ৬২ হাজার কোটি রেভিনিউ ইনকাম করেছে। আর বাংলা করেছে চল্লিশ হাজার কোটি। We are deficient in 20,000 gap —কেন ? কুড়ি হাজারের গ্যাপ, আমরা আছি। এই জায়গায় দাঁড়িয়ে আমাদের করতে হবে। আর ডেভলপমেন্টের টাকা খরচ করতে হবে। Yes, I appreciate this stand and view of the Chief Minister. উনি চেষ্টা করছেন, নিশ্চয়ই চেষ্টা করছেন। কিন্তু নন্দি-ভৃঙ্গিরা ওঁকে ঘিরে রেখেছে। বাংলা আবার রক্তাক্ত হচ্ছে। মা-মাটি-মানুষের সরকার। খুব ভালো, খুব ভালো। বাংলার মুখ্যমন্ত্রী মায়ের জাত। আমরা তাঁকে সম্মান করি, নমস্কার করি। কিন্তু মা তো কাঁদছে, বোন ধর্ষিতা, মাটি রক্তাক্ত, মানুষ আক্রান্ত। কোন জায়গায় চলেছি আমরা ? কোন জায়গায় চলেছি ? মাননীয় অধ্যক্ষ মহোদয়, শিল্প, ইন্ডাস্ট্রি। আমার বন্ধু পার্থকে দেখে আমার খুব কষ্ট হয় স্যার, আমার খুব কষ্ট হয়। পার্থ রে তোর হলটা কিরে ? শিল্প থেকে শিক্ষায় চলে এল। ভালো। শিল্পে কে বসলেন ? না, আমাদের অর্থমন্ত্রী অমিত মিত্র। খুব ভালো। তাহলে পার্থ চলে গেছে, অমিতবাবু এসেছেন। তাহলে শিল্প নিশ্চয়ই টগবগ করে ছুটবে। ৫টা সম্মেলন হল বাংলায়। বম্বেতে একটা, হলদিয়া, দিল্লিতে হল, সিঙ্গাপুর হল, বিশ্ববঙ্গ শিল্প সম্মেলন হল। আর মাননীয় রাজ্যপাল কি লিখেছিলেন এখানে ? আমি ল্যাঙ্গুয়েজ বলছি স্যার, "It is estimated that the total industrial investment, implemented and proposed" there is no distinct separation, which is implemented and which is proposed. প্রাক্তন মুখ্য সচিব বসে আছেন, অভিজ্ঞ মানুষ। দক্ষ মন্ত্রী, অভিজ্ঞ মানুষ। তিনি কি বুঝেছেন এই শব্দটা ? বোঝেননি, আমিও বুঝিনি। আপনি বুঝেছেন ? বোঝেননি। প্রপোজড্ আর ইমপ্লিমেন্ট একসঙ্গে ক্ল্যাপ্ড্। কত ? ২ লক্ষ কোটি টাকা। What is the difference ? What is the spelt out figure ? কত ইমপ্লিমেনটেড হয়েছে আর কত প্রোপোজ হয়েছে, সেই ফিগার নেই। বিশ্ববঙ্গ শিল্প সম্মেলনের প্রোপোজাল কি ? ২ লক্ষ ৪৩ হাজার কোটি টাকা। আরে আসবে তো ? অশ্ব ডিম্ব নয় তো ? আকাশ থেকে পড়বে ৪ লক্ষ ৫০ হাজার চাকরি। কোথা থেকে আসবে স্যার ? কোথা থেকে আসবে ? আমি তাই মাননীয় মন্ত্রী, যিনিই উত্তর দেবেন—জানি না চিফ মিনিস্টার উত্তর দেবেন কিনা, হয়তো পার্থবাবু দেবেন, নয়তো অন্য কেউ দেবেন—যদি দেন চিফ মিনিস্টার, আমি তাঁকে হাতজোড় করে বলব অনুগ্রহ করে আমাদের আলোকিত করবেন যে, কত প্রস্তাবনা, আর কত সত্যিকারের ইমপ্লিমেন্টেশন হয়েছে। কত চাকরি ? বললেন, আমি হিস্টোরিক এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক তৈরি করেছি। খুব ভালো। পূর্ণেন্দুবাবু দায়িত্বে ছিলেন এমপ্লয়মেন্ট ব্যাঙ্কের। উনি এখন শ্রম থেকে আবার কৃষিতে চলে এসেছেন। শ্রমের মানুষ কৃষিতে চলে এসেছেন, খুব ভালো। উনি যেটা তৈরি করে এলেন তার ফেট্ কি ? না, দেড় হাজার টাকা করে এক লক্ষ ছেলে ভাতা পাচ্ছে। এম.এ. পাশ, বি.এ. পাশ, এম.এস.সি. পাশ,

বি.এস.সি. পাশ—দেড় হাজার টাকার ভাতা। এর চাইতে যৌবনের লজ্জা, যৌবনের অপমান আর কিছু হতে পারে ? কিন্তু তাই হচ্ছে, তাই হচ্ছে। কোন জায়গায় দাঁড়িয়ে আছেন ? কটা চাকরি হয়েছে ? কোথায় চাকরি ? স্যার, ল' অ্যান্ড অর্ডার। আমি কোনো কন্ট্রাডিকশনে যাব না। শুধু এটা বলব, আগে বুদ্ধবাবু বলতেন, জ্যোতিবাবু বলতেন, মানসবাবু আপনার দিল্লিতে কি হচ্ছে ? আপনার বম্বেতে কি হচ্ছে ? তখন এরা থর্ থর্ থর্ করে চাপড়াতো এই বেঞ্চ। আমি তখন বুদ্ধবাবু আর জ্যোতিবাবুকে বলতাম, বুদ্ধবাবু, কলকাতায় সিদ্ধার্থ রায়, বিধান রায়, প্রফুল্ল সেন, আপনি বলুন—কমপারেটিভ স্টাডি। আপনি দিল্লি, বম্বে, ম্যাড্রাস যাবেন না। কলকাতা বলুন, বেঙ্গল বলুন। আপনার ডিটোরিয়েশন হচ্ছে কিনা ল' অ্যান্ড অর্ডারে। আপনি পুলিশকে চাকর করে রেখেছেন কিনা। প্রশাসনকে বন্দি করে রেখেছেন কিনা। আর রাজনীতির রঙ দিয়ে মুড়ে দিয়েছেন কিনা। আজকে মুখ্যমন্ত্রীর কাছে শেষ লগ্নে হাতজোড় করে জানতে চাইব যে আপনি কি বুদ্ধদেববাবু, জ্যোতিবাবুর ভূত থেকে বেরোতে পেরেছেন ? আপনি কি বাংলার প্রশাসনকে, বাংলার পুলিশকে ডি-কন্ট্রোল করেছেন, লিভারেজ দিয়েছেন টু অ্যাক্ট, মানুষকে গণতন্ত্র দিতে, সংবিধানের অধিকার দিতে, নিরাপত্তা দিতে, মা-বোনের চোখের জল মুছিয়ে দিতে, কৃষককে, মানুষকে রক্ষা করতে ? উত্তর না।

[3.20—3.30 p.m.]

শ্রী সুজিত বোস : মাননীয় স্পীকার, ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল শ্রী কেশরীনাথ ত্রিপাঠী যে বক্তব্য রেখেছেন তাঁকে সমর্থন করে দু-একটা কথা এই সভায় পেশ করতে চাই। আজকে নিয়ে থার্ড ডে, এই তৃতীয় দিন অবধি যে আলোচনা চলছে আপনারা দেখছেন এবং বহু সদস্যরা আমাদের আলোচনা করেছেন, পক্ষে-বিপক্ষে বলেছেন। আমি আমার বক্তব্যকে দীর্ঘায়িত করব না, অত ডিটেলে যাব না, কিন্তু বাস্তব কতগুলো চিত্রের কথা, আপনাদের কতগুলো পরিষ্কার কথা এই সভায় আমি বলব। প্রথমত আমাদের মনে রাখা দরকার আমাদের এই সরকার ২০১১ সালে যখন সাধারণ মানুষের আশীর্বাদ নিয়ে প্রতিষ্ঠিত হল, পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী মাননীয় শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়, তিনি যখন শপথ নিলেন, তিনি প্রথম কথাটা যেটা বলেছিলেন যে, পশ্চিমবঙ্গ আমাদের অনেক পিছিয়ে গেছে। দীর্ঘ ৩৪ বছর যাঁরা ক্ষমতায় ছিলেন এই রাজ্যে, এই রাজ্যটাকে তাঁরা পিছিয়ে দিয়েছিলেন। আমাদের এখন কাজ করতে হবে এবং পশ্চিমবঙ্গে শান্তি আমাদের প্রতিষ্ঠিত করতে হবে। এই কথাটা তিনি বলেছিলেন। তিনি বলেছিলেন একথা সকলের মনে রাখা দরকার যে, এত উচ্ছ্বাস, এত আনন্দ থাকা সত্ত্বেও তিনি বলেছিলেন যে বিজয় মিছিল এখন বন্ধ রাখা দরকার, আমাদের যে সমস্ত শহীদরা মারা গিয়েছিলেন এই নির্বাচনের আগে এবং এই ৩৪ বছরে যে সমস্ত শহীদরা মারা গেছেন, তাদের শহীদ বেদীতে মালা দেওয়ার কথা বলেছিলেন। (ভয়েস—আপনি কি এই দলে ছিলেন না ?) হ্যাঁ, আমি ছিলাম, আমি বলছি সুভাষদা, এত অধৈর্য হচ্ছেন কেন ? আপনি যখন বলেছেন আমিতো বলিনি। আমি বলব, আমি ছিলাম, আমি ১৭ বছর কমিউনিস্ট পার্টি করেছি এঁরা সবাই জানেন, এটা স্বীকার করি। কিন্তু আবার দায়িত্ব নিয়েও বলতে পারি

১৯৯৯ সালে নির্দল হিসাবে জিতে এসেছি। শোনেন, আপনার সেই দম নেই। আপনার বাড়িতে আপনার পরিবারের লোক মারা গেল, আপনি সেই দলে নির্লজ্জের মতো থাকতে পারেন। শোনেন, সন্দেশখালি নির্বাচন ২০০১ আমি করেছি। পঞ্চায়েত নির্বাচনে বসিরহাটের দায়িত্বে ছিলাম। সেদিন আপনার বাড়িতে কি হয়েছিল ? তার পরেও আপনি নির্লজ্জের মতো সেই দলে মাথা নিচু করে থাকেন মন্ত্রীর লোভে। আর সুজিত বসু ১৯৯৯ সালে দল ছেড়ে আবার তৃণমূল কংগ্রেসে থাকে, এটাই আপনার সাথে আমার পার্থক্য। সুজিত বসু নিজের পায়ে দাঁড়িয়ে সেদিন নির্দলে জিতেছিল। পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী আমার বিরুদ্ধে দুটো সভা করেও আমাকে হারাতে পারেননি, আমার পাড়াতে গিয়ে আমাকে সমাজ-বিরোধী বলেছিল। কিন্তু প্রতিফল মানুষ দিয়ে দিয়েছিল সেদিনকে ওই লেকটাউনে দাঁড়িয়ে। দাঁড়ান, ইতিহাস আগে, পরে বলবেন। আমাকে বলতে দিন, বলতে দিন আমাকে, আমার কথার মধ্যে কেউ ডিসটার্ব করবেন না, আপনাদের ডিসটার্ব করিনি, বলতে দিন আমাকে। পশ্চিমবঙ্গের মানুষ আজকে—আমাদের মুখ্যমন্ত্রী তাঁকে আপনারা যতই কালিমালিপ্ত করবার চেষ্টা করুন, করতে পারবেন না। সে সৎ, এ বিষয়ে নির্দ্বিধায় আমি কেন সারা পশ্চিমবঙ্গ, ভারতবর্ষের মানুষ তাঁকে বলবে। আপনাকে যে কথাটা আমি বলি আমাদের সেদিন মুখ্যমন্ত্রী বলেছিলেন এই কথাটা। তার পরে আমরা দেখেছিলাম বিশেষ করে আমাদের সামনে জ্বলন্ত দুটো সমস্যা ছিল, একটা সমস্যা ছিল আমাদের সামনে দার্জিলিং, আর একটা জ্বলন্ত সমস্যা ছিল জঙ্গলমহল। আপনারা জানেন আজকে পশ্চিমবঙ্গের এই দুটো সমস্যার সমাধানই শুধু হয়নি, সেখানে শান্তি বিরাজ করছে একথা মনে রাখতে হবে আমাদের। তার কারণ পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী তিনি বার বার চাইছেন এবং আপনারাও আজকে এখানে আলোচনা করতে পারছেন, নিজেদের এলাকায় আপনারা ঠিকভাবে থাকতে পারছেন, এর জন্য এই সরকারের অবদান অনেকটা আছে। আমাদের মুখ্যমন্ত্রী এটা চাইছে। আজকে পশ্চিমবঙ্গের democracy-র পরিবেশ ঠিক আছে বলেই বনগাঁর মতো এত বড়ো উপনির্বাচনের পরেও কেউ বলতে পারেনি যে কোথাও কোনো গণ্ডগোল হয়েছে বা কল্যাণীতে কোথাও গণ্ডগোল হয়েছে। কোনো দল বলতে পারেনি। আপনারা কেউ বলেছিলেন ? কিন্তু আমরা ৩৪ বছরে প্রত্যেক নির্বাচনে দেখেছিলাম '৭২-এ, '৭৭ সালের পরে '৮২-র পর থেকে যতগুলো নির্বাচন হয়েছে প্রত্যেকটা নির্বাচনে আমরা দেখেছিলাম মানুষ প্রশ্ন তুলেছিলেন যে মানুষ ঠিকভাবে ভোট দিতে পারছিল না। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ই প্রথম ভোটার কার্ড দেওয়ার জন্য বলেছিলেন। টি.এন. সেসান তখন ছিলেন। এগুলো জানতে হবে আপনাদের। তিনি বলেছিলেন সবাই যেন কার্ড দিয়ে ভোট দিতে পারে, সঠিক পরিচয়পত্র নিয়ে ভোট দিতে পারে। এই আন্দোলন করতে গিয়েই বহু মানুষ মারা গিয়েছিলেন। ১৩ জন শহিদ হয়েছিলেন। একথা ভুলে গেলে চলবে না। সি.পি.এম.-এর আমলে, বামফ্রন্টের আমলে নন্দীগ্রামে ১৪ জন খুন হয়ে গেল। তাপসী মালিকের মতো মেয়ে খুন হয়ে গেল। ছোটো আঙারিয়ায় ৫ জন মারা গেল। না, না এটা ৯৯-এর অনেক পরের ঘটনার কথা বলছি। ছোটো আঙারিয়ার ঘটনা আপনি জানেন না ? আগে জানুন তারপরে বলুন। ছোটো আঙারিয়ার ৫ জন মারা গিয়েছিল।

তারপর তপন ঘোষ এবং সুকুর আলি যখন ধরা পড়ল মেদিনীপুরে আপনাদের পার্টির সেক্রেটারি দীপক ঘোষ, নামটা আপনাকে বলে দিচ্ছি, গলায় মালা দিয়ে তাদেরকে বলেছিল এরা আমাদের দলের সম্পদ। তা আপনারা এসব কথা বলছেন ? আর এই কথাগুলো আর কেউ নিচ্ছে না। আপনাদের ভোটের % দেখে নিজেরা বুঝতে পারছেন না কোন জায়গায় আছেন। আজকে law and order-র কথা বলছেন। আমি বলব পশ্চিমবঙ্গের law and order এখন অনেক ভালো আছে। পশ্চিমবঙ্গে প্রত্যেকটা থানায় গেলে অভিযুক্তদের FIR নেওয়া হয়। আগে FIR নেওয়া হত না ঠিকমতো। Local committee থেকে নির্দেশ যতক্ষণ না যেত ততখন কেউ FIR নিত না। আর এই সরকারের আমলে FIR শুধু নয় হাওড়া থেকে কামদুনি থেকে বারাসাত থেকে যতগুলো ঘটনা ঘটেছে এই পিরিয়ডে মুখ্যমন্ত্রী নিজে পৌঁছে গেছেন হাওড়ার একদিন ঘটনার পর দ্বিতীয় দিন। মুখ্যমন্ত্রী সেখানে গেছে শুধু তাই নয় হাওড়ায় যে ৫ জনের বিরুদ্ধে FIR হয়েছে ৫ জনই arrest হয়েছে। বারাসাতে যারা অভিযুক্ত ছিল, eve-teasing-এব সঙ্গে যারা যুক্ত ছিল তাদের সাজা হয়েছে lifer. কামদুনিতে যিনি এই ঘটনার সঙ্গে যুক্ত তিনি arrest হয়েছেন। একটা পাড়ায় যে কোনো একটা ঘটনা ঘটতে পারে। আপনিও বলতে পারেন না আপনার পাড়ায় যে কোনো একটা ঘটনা ঘটতে পারে, কি আমার পাড়ায় এখন জানতে পারি না কি দমদমে একটা ঘটনা ঘটবে বা বিধাননগরে কি একটা ঘটবে। কিন্তু সেই ঘটনার পরে সরকারের ভূমিকা কি ? সেটাই হচ্ছে আসল কথা। এই সরকার সেই ভূমিকাটা পালন করেছে। আর আপনারা শুধু বলছেন আইন-শৃঙ্খলার অবনতি। আজকে পাঁচ-পাঁচটা commissionerate হয়েছে। এটা অস্বীকার করবার জায়গা নেই। আগে লোকে জানত কলকাতাই—সেখানে commissioner আছে, সেখানে DC Headquarter আছে, সেখানে SB আছে। আজকে কিন্তু আমরা গর্ব করে বলতে পারি এই সরকার আসার পর পাঁচ-পাঁচটা commissionerate তারা তৈরি করেছে। বিধাননগরে commissionerate হয়েছে, শিলিগুড়িতে—লাভ হয়েছে। লাভটা তো বুঝতে পারবেন না। আপনি তো কোনো লাভটাই দেখতে পারবেন না তার কারণ আপনার বিরোধিতা করবার জন্য তো বিরোধিতা। আপনার কাজটাই তো হচ্ছে বিরোধিতা করবার। ভালো কাজটার তো প্রশংসা করতে হবে। খারাপ কাজটার নিশ্চয়ই সমালোচনা করবেন। সমালোচনা করবার অধিকার আপনার আছে। নিশ্চয়ই বিরোধীদের বলবার সুযোগ আছে। কিন্তু পাঁচ-পাঁচটা commissionerate- এর সুযোগ যেটা হয়েছে তা আপনাকে মানতে হবে। আজকে পাঁচ-পাঁচটা commissionerate হয়েছে। তারা শহরের পুলিশের পদমর্যাদা পাচ্ছে সব জায়গায়। সেখানে আইন-শৃঙ্খলা ভালো হয়েছে। আমি তা বলতে পারি আমার বিধাননগর commissionerate এলাকায় অনেক ভালো কাজ করছে পুলিশ। হাওড়াতেও ভালো কাজ করছে। শিলিগুড়িতেও ভালো কাজ হচ্ছে। বর্ধমানেও ভালো কাজ হচ্ছে, বারাকপুরেও ভালো কাজ হচ্ছে। ভালোটাকে ভালো বলতে হবে তো। ভালোটাকে শুধু সমালোচনা করব, শুধু criticism করব—criticism করে বেশিদিন কিছু করা যায় না। যার জন্যে আপনাদের ভোটের % দিনকে দিন আরও তলানিতে ঠেকছে। আরও তলানিতে যাবে। তার কারণ নতুন নেতৃত্ব তৈরি করতে পারেননি। এটুকু বলতে পারি

মমতা ব্যানার্জীর দলে এক এক করে মমতা ব্যানার্জী young generation-কে একটা leadership দেওয়া হয়েছে। আপনাদের বলুন না কটা leadership তৈরি করতে পেরেছেন ? নতুন leadership নেই বলেই তো আজকে এই অবস্থা হয়েছে আপনাদের। সুতরাং একটা সরকারকে ৫ বছর সুযোগ দিতে হবে কাজ করবার। ডাকাত হচ্ছে কি ভালো হচ্ছে সেটা তো মানুষ বলবে। সেটা তো বনগাঁর নির্বাচনে বুঝিয়ে দিয়েছে।

[3.30—3.40 p.m.]

ডাকাত হচ্ছে কি ভালো হচ্ছে সেটাতো মানুষ বলবে। দ্বিতীয় হচ্ছে, আমাদের এই সরকারের আমলে আমি বলতে পারি যে, ফেয়ার প্রাইস মেডিক্যাল শপ হয়েছে। একটু আগে মানসদা বলছিলেন মেডিক্যালের কথা। আমি বলব মেডিক্যাল অনেক ভালো হয়েছে। এখন হাসপাতালগুলোর অবস্থা, বেডও ভালো হয়েছে, বেডও বেড়েছে বিভিন্ন মেডিক্যাল হাসপাতালগুলোতে বেড বেড়েছে। বিভিন্ন মেডিক্যাল কলেজ অ্যান্ড হাসপাতালগুলোতে আমরা দেখতে পাচ্ছি সেখানে যে ন্যায্য মূল্যের ওষুধের সুযোগ পাচ্ছে। সুভাষদা আমি কিন্তু আপনাকে একবারও ডিস্টার্ব করিনি। আমি বার বার বলছি সুভাষদা আপনি সিনিয়ার লোক, আপনি কেন বার বার...।

আমি বলি, এই সরকারের আমলে উন্নয়ন বলতে গেলে যেগুলো বলা যায়, যেমন, রাস্তাঘাট ভালো হয়েছে, অনেক রাস্তাঘাট রাজারহাটে, নিউ টাউনে এবং সারা কলকাতা শহরে প্রচুর রাস্তা হয়েছে। PWD মিনিস্টার এখানে আছেন। আমি কিছুদিন আগে নির্বাচনের প্রচারে যাচ্ছিলাম, বহু PWD-র রাস্তা দেখলাম। যেগুলো একটা সময় খুব জরাজীর্ণ থাকত। আমি নিজে স্বরূপনগরে যাচ্ছি, দেখছি বাড়ি থেকে বেরোচ্ছি, ১ ঘণ্টা ৪০ মিনিটে স্বরূপনগরে পৌঁছে যাচ্ছি। অথচ ২০০৪-এ লোকসভা করতে গিয়ে এসব আমি দেখেছি, আড়াই-তিন ঘণ্টাতে আমরা স্বরূপনগরে পৌঁছেছিলাম। এটাইতো এই সরকারের উন্নতি। উন্নতিতো আর এইভাবে বলা যায় না। আমি যখন বাড়ি থেকে বেরোচ্ছি দেখছি, ১ ঘণ্টা ৪০ মিনিটে স্বরূপনগরে। আর এই কথাগুলো আমি যা বলছি, আপনার মনে আছে, সল্টলেকে আপনি যখন বসতেন সেচ দপ্তরে কচুরিপানা নিয়ে টেবিলে তুলে দিয়েছিল। আর এখন রাজীব এখানে চলে গেছে, রাজীবের দপ্তর আজকে খাল কেটে দিয়েছে। কেষ্টপুর খাল কাটল। এই যে পূর্ণেন্দুদা আছেন, আমরা আছি। কেষ্টপুর খাল কাটার উপকারিতা মানুষ পাচ্ছে। আপনারা লঞ্চ চালিয়েছিলেন, আপনার মন্ত্রী রাস্তায় আটকে গিয়েছিল মনে আছে তো ? ভুলে গেছেন। গৌতমবাবু আটকে গিয়েছিল তো। কাগজে লেখালেখি হয়েছিল। আজকে কেষ্টপুর খাল কাটা হয়েছে। আরো খাল কাটা হচ্ছে ওই বাঘজোলা কাটা হচ্ছে। রাজ্যের সমস্ত খালগুলোকে আমাদের মুখ্যমন্ত্রী কাটছেন। তার মানে রাজ্যের উন্নতি হচ্ছে। আর একটা যেটা বলছিলেন মানসদা, আমি সেটা বলি, শমীকবাবুরা বসে আছেন। আজকে একটা ভয়ঙ্কর পরিস্থিতি আমাদের রাজ্যে কেন সারা দেশে যেটা হচ্ছে। এটা আমাদের সকলকে মনে রাখতে হবে। অনেকে অনেক কথা বলছেন আমাদের মুখ্যমন্ত্রী সম্পর্কে। আমি শুধু বলি, আমাদের দেশের প্রধানমন্ত্রী সম্পর্কে যিনি নিজেকে চা-বিক্রেতা বলে এত কথা

বলেন। যিনি বলেন আমি চা-বিক্রেতা। কিন্তু চা-বিক্রেতার বিলাসিতা দেখলে আমরা লজ্জা পাই। আমাদের ভারতবর্ষ হচ্ছে ১২০ কোটির দেশ। তার মধ্যে ২৮% হচ্ছে BPL। এই দেশের প্রধানমন্ত্রী যখন ১০ লক্ষ টাকার স্যুট পরে একজন প্রেসিডেন্টের সঙ্গে বক্তব্য রাখেন। আর আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী যখন বাংলাদেশে গিয়ে একটা হাওয়াই চপ্পল আর একটা সাধারণ সূতির কাপড় পরে যায়—এটাই হচ্ছে পার্থক্য। এটা হচ্ছে আসল কথা। মানুষের রূপটা বোঝা যায় কখন ? যখন মানুষ ক্ষমতায় যায়। আজকে বিরাট একটা সমস্যা আমাদের কাছে। তার কারণ, দিল্লির সরকার এসেছে, মানুষ সায় দিয়েছে। কিন্তু যেভাবে তারা ধর্ম পরিবর্তন করবার খেলাতে নেমেছে সেটা কিন্তু দেশের পক্ষে শুধু ক্ষতি না, মানসদা বলছিলেন, উনি পুরোটা বললেন না। এটা আমাদের দেশের পক্ষে ক্ষতি তার কারণ আমাদের সেকুলারিজম যে ব্যাপারটা আছে সেটাকে যেভাবে নষ্ট করার চেষ্টা করছে, এটাকে সবাই মিলে রক্ষা করতে হবে। এটা মনে রাখতে হবে এটা দেশের পক্ষে একটা ভয়ঙ্কর পরিস্থিতি এবং দেশের পক্ষে দারুণ খারাপ ব্যাপার। সুতরাং আজকে এই হাউসে মহামান্য রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ, নমস্কার।

শ্রী মনোজ ওরাওঁ : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে মহামান্য রাজ্যপাল গত ১৯ তারিখ যে ভাষণ দিয়েছিলেন সেই সম্বন্ধে দু-চারটি কথা বলছি। যেহেতু আমি চা বলয়ের ছেলে। এখানে থেকে শুনতে পেয়েছি যে, চা-বাগান নাকি একটি বন্ধ আছে আমাদের ডুয়ার্সে। স্যার, সাতখানা বন্ধ। যে সাতখানা স্যার বন্ধ আছে সেখানকার শ্রমিকরা অপুষ্টিতে না খেতে পেয়ে মারা যাচ্ছে স্যার। একটা বাগান আছে মধু বাগান ৬ মাস ধরে বন্ধ সেখানে। ৬ মাস ধরে বন্ধ, ইতিমধ্যে ১০ জন মারা গেছে। আপনারা বলতে পারেন, সেখানে বার্ধক্যজনিত কারণে মারা যেতে পারে। আমার কাছে লিস্ট আছে স্যার, সেই দশজনের। তার মধ্যে কয়েকজনের নাম বলছি, বয়স বলছি। সাকিল লোহার বয়স-৪৫, গাহালি ওরাওঁ-৩২, গোবিন্দ লোহার-৩০, রঞ্জিত ওরাওঁ-৩৪, শুক্র কুজুর-৪০। আরো আছে, তাদের কারোর বয়স ৬০, কারোর ৬৫। আমাদের রাজ্যপাল ঘোষণা করেছিলেন যে ২ টাকা কেজি দরে চাল দেওয়া হচ্ছে। সেই খবরটা কিন্তু শ্রমিকরাও পেয়েছে। ২ টাকা কেজি দরে চাল দেওয়া হচ্ছে, তার নমুনা পাঠানো হয়েছিল স্যার। গতকাল নমুনা পাঠিয়েছি। আমি চেয়ারম্যান স্যারকে দিচ্ছি। আশাকরি উনি স্পীকার সাহেবকে দেবেন। স্যার, দেখুন এই চাল কি মানুষের খাওয়ার যোগ্য ? স্যার, দেখুন স্যার। গতকালই আমি পেয়েছি। এই দুই টাকা কিলো চাল শ্রমিকরা খাচ্ছে।' স্যার, আপনারা দেখে নিন। আপনারা দেখে নিন একটু। আমি কিছু বলতে চাইছি না। আমার এই ধৃষ্টতা নেই যে আমি আপনাদের বিরুদ্ধে অসহযোগিতার কথা বলব। তবু আমি স্যার, ন্যাশনাল ক্রাইম রেকর্ডস ব্যুরোর কিছু তথ্য আমি দিচ্ছি। ইনসিডেন্ট অফ ভায়োলেন্ট ক্রাইম, তিনটি শহর মাত্র উপরে আছে। বাকি সব শহরগুলো নীচে। চেন্নাই, হায়দ্রাবাদ, আগ্রা, যোধপুর, ভূপাল, ইন্দোর, পাটনা, কানপুর, নাগপুর, বারাণসী, শ্রীনগর, রায়পুর, জয়পুর আর কত বলব। ইনসিডেন্ট অফ ক্রাইম এগেনস্ট উওমেন, আগে ছিল ভায়োলেন্ট ক্রাইম এগেনস্ট উওমেন মাত্র দুটি রাজ্য অরুণাচল আর

উত্তরপ্রদেশ। বাকি সব রাজ্য নীচে। বিহার, ছত্রিশগড়, উড়িষ্যা, আসাম, ত্রিপুরা, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র, কাশ্মীর, তামিলনাড়ু, হরিয়াণা, আরো বলব ? আরো তথ্য দিচ্ছি। আন আইডেন্টিফাইড বডি রিকভারড চারটি মাত্র শহর—নামগুলো বলব, স্যার বলছি না। ক্রাইম এগেনস্ট চিলড্রেন, বাচ্চাদের উপর ক্রাইম, শুনুন আপনারা। চারটে মাত্র রাজ্য। বাকি সব নীচে আছে। পার্সনস অ্যারেস্টেড আন্ডার আই.পি.সি. ক্রাইম মাত্র দুটি রাজ্য। এইসব তথ্য দেখে আমার ছোটোবেলায় ভাইয়ের কথা মনে পড়ছে। একটু দৌড়ে দৌড়ে এসে বলছে, আমি থার্ড হয়েছি। অবাক হয়ে গেলাম। যে খেললই না, থার্ড হল কি করে ! প্রশ্ন জাগছিল। মা বলেই ফেললেন, কজন ছিল। তার উত্তরটা এল। তিনজন ছিল। তা যা অবস্থা দেখা যাচ্ছে, এ দু-চারটে শহর সেটাও থাকবে না। তবু আপনারা গর্ব করে বলবেন, রাজ্যপালকে দিয়ে বলাবেন, যে না আমরা অমুক অমুক শহর, কোন কোন শহর, হয়তো পাকিস্তান থেকে আনবেন, হয়তো আফগানিস্থান থেকে সব নিয়ে আসবেন। বলবেন, ওই ওই শহর থেকে আমরা ভালো আছি। কেন ? কোন শহর আর আপনাদের উপরে থাকবে না। তবু স্যার, আমি কিচ্ছু বলব না। ক্রাইম রেকর্ড ব্যুরো থেকে বলা হচ্ছে, আমি কিছুই বোঝাচ্ছি না স্যার। পার্কস্ট্রিটের ঘটনা কি হয়েছিল ? আমার বলার ধৃষ্টতা নেই। কামদুনিতে কে ধর্ষিতা হয়েছিল, কে মারা গিয়েছিল, আমি বলতে পারব না স্যার। ধূপগুড়িতে—ধূপগুড়ি বিক্রি হয়েছিল, ১০ বছরের মেয়ে তাকে কারা রাত্রে ধর্ষণ করেছিল। কারা মেরে থেঁতলে দিয়েছিল, সেটা আমি বলতে চাই না স্যার। সাত্তরের ঘটনায় মেয়েটার অবস্থা কি, আমি স্যার, বলতে পারব না স্যার। আইনের কথা বলছি। আইন, আইন-শৃঙ্খলার কথা বলছি, সেটাও বলার ক্ষমতা নেই স্যার। আমার এত ক্ষমতা নেই। আপনারা অনেক সিনিয়ার আমার থেকে। কেউ বয়সে, কেউ হয়তো সিনিয়ারিটির হিসাবে, কেউ হয়তো মাথায় তাই আমার বলার ক্ষমতা নেই। কেমন প্রিন্সিপাল, কোন প্রিন্সিপালকে ৫৬ বছরের বছরের শিশুরা, টেনে হিঁচড়ে ঘুরছে, আমি বলতে পারব না। কোন এম.পি., কাকে চড় মারছে, কি হচ্ছে, সেটাও বলতে পারব না স্যার। কোন প্রাক্তন বিধায়ক, কোন একজনকে জগ ছুঁড়ে মারছে, সেটাই বা বলি কি করে বলুন স্যার ? শুধু কি তাই, এখানকার রানিং বিধায়ক, সরকারি দল করে, সে নাকি তিনজনাকে পায়ের তল দিয়ে পিষে মারে, আবার ঘুরে বেড়াচ্ছে। আমি বলব না স্যার। ভয় নেই, আমি বলছি না। কোন নেতা, পুলিশের গাড়িতে বোম মারতে বলে, জ্বালিয়ে দিতে বলছে ? এগুলো কি বলা যায়, বিধানসভায় বলা যায় না। মাকড়ায় কি হচ্ছে, তাও জানি না স্যার। আমার জানার প্রয়োজনও নেই। বীরভূমেই বা কেন এত বোম পড়ছে, কে বা কারা মারপিট করছে, পুলিশই বা কোথায় আছে, সেটা আমার বলার ক্ষমতা নেই। সারদার টাকাই বা কারা নিচ্ছে ? কোন মন্ত্রীই বা মামার বাড়ি গেলেন ? সেখানেই বা কি খাচ্ছেন ? সেটা আমরা জেনে কি করব স্যার ? আমারও জানার প্রয়োজন নেই।

[3.40—3.50 p.m.]

তবু স্যার শিল্পের কথা বলছি, নন্দীগ্রামেই বা কি রিপোর্ট পাওয়া গেছে সেটা আমার জানা সিঙ্গুরে স্যার কি রিপোর্ট পাওয়া গেছে তাও জানি না। জানার প্রয়োজনও নেই। জনগণকেই

বা কি বলব, কে বাঁশ খাচ্ছে, কাকে কাকে বাঁশ দেওয়া হচ্ছে তা আমি জানি না স্যার। এটা জানি না। বলছি আমি, ঘাবড়াচ্ছেন কেন। সরকারি কর্মীরাই বা কেন চুপ করে বসে আছেন গোমড়া হয়ে ? শিক্ষকরাই বা কেন ডি.এ. নিয়ে কেন নাচানাচি করছে ? তারা ছাগলের ৩ নং বাচ্চা হয়ে গেছে। আমি বলব না। একজন বলেছিল ৩ নং বাচ্চার কথা। আমি বলছি না। সিভিক ভলেন্টিয়ার ভাই তাদের কি হল সেটা বলব না। এস.এস.সি. প্রার্থী কেনই বা তারা অনশন করছেন, কেনই বা তারা চাকরি পাচ্ছে না, কেনই বা তারা আত্মহত্যা করছে, কেন অনেকে বেকার হয়ে বসে আছে সেগুলো জানি না। এটা আমি বলছি না।

(এই সময় লাল বাতি জ্বলে ওঠে।)

যাইহোক স্যার, এইসব দেখে আমি বলতে পারিনি, এগুলো আমি বলতাম না। আমার আরো অনেক কিছু বলার ছিল। চা-বাগান নিয়ে আমার বলার ছিল, আমার এলাকা নিয়েও বলার ছিল। আমি যা যা পড়ে এসেছিলাম সবকিছু নিয়ে বলা শুরু করতাম। যাইহোক সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শেখ শাহনাওয়াজ : মাননীয় চেয়ারম্যান স্যার, ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল শ্রী কেশরীনাথ ত্রিপাঠী গত ১৯শে ফেব্রুয়ারি যা বক্তব্য রেখেছেন তাকে সমর্থন করে আমি ২-৪টি কথা বলছি। আজকে অনেক বক্তব্য শুনলাম। বক্তব্য যত শুনছি তত শিখছি। আজকের বক্তব্য শুনতে আমার ভালোই লাগছে। বিশেষ করে আমাদের বিরোধী বামফ্রন্ট বন্ধুরা অনেক কিছু জানেন না বলছিলেন। অথচ অনেক বিষয়ে বিরোধিতা করছেন। কিছুক্ষণ আগে একটা বিল নিয়ে যখন আলোচনা চলছিল, তখন আমাদের একজন মাস্টারমশাই বললেন, আমি এই বিলের মধ্যে কিছু জানি না। পরে আবার বললেন আমি এর বিরোধিতা করছি। কিছুই জানে না বিলের মধ্যে। আমি জানি ওরা বলবে। আমাদের বিরোধী নেতারা কিছুই জানেন না। আর এটা জানে পশ্চিমবাংলার মধ্যে কলকাতা শহরটা যেটাকে ইন্ডিয়া টুডে অ্যাওয়ার্ড দিয়েছেন সেই অ্যাওয়ার্ডের ব্যাপারে বলতে গিয়ে বলা হয়েছে কলকাতায় সবথেকে অত্যাচার, এখানে নারী নির্যাতন ইত্যাদি হয়, সেটা ওরা জানে। কিন্তু এই জিনিসগুলো সব ওরা জানে না এখানে কি হচ্ছে। কয়েকদিন আগেই ওরা বনগাঁ এবং টালিগঞ্জে খুব ভালো করে বলেছিলেন ওইগুলো সব জানে ওরা। ওইগুলো সব জেনেছিল বলে বলেছিল। কিন্তু জানে না, জানে না কথা বলার জন্য এলাকার মানুষগুলোর ব্যাপারে কিছু জানে না এটা সাধারণ মানুষ বুঝে নিয়েছিল। যার জন্য ওদেরকে সেকেন্ড, থার্ড, ফোর্থ, ফিফথ পোল হবে কিনা সেটা আমি জানি না, বলতে পারছি না। যাইহোক, আমিও বলতে পারছি না। ওদের কথা শুনে শুনে আমরা পাগল হয়ে যাচ্ছি অনেক সময়। যাইহোক, মাননীয় চেয়ারম্যান স্যার, আমি রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন, সরকারের যে সমস্ত উন্নয়ন কাজ চলছে, সেই উন্নয়নের যে কোনো একটা দপ্তর নিয়ে যদি আমরা বলতে যাই তাহলে সেটা এই সময়ের মধ্যে শেষ হবে না। আমি তবুও বলব, পশ্চিমবঙ্গের

সরকারের মা-মাটি-মানুষের নেত্রী মমতা ব্যানার্জী। এখনই বা গতকাল পর্যন্ত কংগ্রেসের বন্ধু এবং বামপন্থী বন্ধু বললেন জঙ্গলমহলের কথা। সেখানে জঙ্গলমহল নিয়ে কোনো সময়ে সত্য কথা বলার মেন্টালিটি ওদের নেই। প্রায় চার বছর আগে প্রতিদিন জঙ্গলমহলে যেখানে খুন হত আজ বলতে পারছেন না যে সেখানে একটাও খুন হচ্ছে না। এ কথা বলার মতো সৎ সাহস নেই। আমাদের নেত্রী মমতা ব্যানার্জী ৭৪ বার সারা পশ্চিমবাংলার বিভিন্ন জেলায় যখন তিনি সরকারি মিটিং করেন এবং সরকারি মিটিঙের পর্যালোচনা করেন, যখন জঙ্গলমহলে যান, যখন ৭৪টি ব্লক নিয়ে আলোচনা করেন, যখন ৩০ হাজার পিছিয়ে পড়া শ্রেণি নিয়ে আলোচনা করেন, তাদের নিয়ে সভার আয়োজন করেন, দু হাজার ক্লাব নিয়ে যখন আলোচনা করেন, হাজার হাজার মানুষ যখন জড়ো হয় তখন ওরা বলতে থাকেন এখানে নাচ হচ্ছে, এখানে গান হচ্ছে, এখানে নাটক হচ্ছে। এটা ওনারা বলতে পারেন। ওনারা চোখ খুলে দেখতে পান না, চার বছরের মধ্যে জঙ্গলমহলে কোনো মানুষ খুন হয়নি। আজকে জঙ্গলমহল সহ সারা পশ্চিমবাংলায় সাড়ে তিন কোটি মানুষ দু টাকা কেজি দরে চাল পাচ্ছে, এটা ওরা দেখতে পান না। সেখানে রাস্তাঘাটের যে উন্নয়ন হয়েছে এটা ওরা দেখতে পান না। ওখানকার ৭৪টি ব্লকে ৫৮৫টি প্রকল্প এই বছরে নেওয়া হয়েছে, তা ওনারা দেখতে পান না। ওনারা দেখতে পান না সারা বাংলায় যেখানে ২৫ বছর ধরে ইংরাজি শিক্ষা থাকবে কি থাকবে না, এই ভাবতে ভাবতে তাদের সময় চলে গেল। আগে হায়ার সেকেন্ডারি স্কুল ছিল না, যেখানে এক-একটা বছরে ৩০০ থেকে সাড়ে তিনশো স্কুল হাই থেকে হায়ার সেকেন্ডারি হয়, উচ্চ প্রাথমিক বিদ্যালয় হয়, যেখানে প্রত্যেকটি স্কুলে মিড-ডে-মিলের ব্যবস্থা হয়, সেইসব কাজ ওনারা দেখতে পান না। বিগত চৌত্রিশ বছরে কটা ইউনিভারসিটি ছিল, আর আমাদের আমলে কতগুলো ইউনিভারসিটি সরকারি এবং বে-সরকারি হচ্ছে, তা ওনারা দেখতে পান না। ওনাদের চৌত্রিশ বছরের শাসনকালে কতগুলো কলেজ ছিল, আর এখন কতগুলো কলেজ হয়েছে, তা ওনারা দেখতে পান না। উত্তরবঙ্গের মানুষের দীর্ঘদিনের দাবি, সেইজন্য উত্তরবঙ্গের মানুষদের জন্য উত্তরকন্যা তৈরি করা হয়েছে এবং সেখানে সব দপ্তরের কাজকর্ম হবে। এইসব কাজ ওনারা দেখতে পান না। আগেকার আমলে কংগ্রেসের যারা অত্যাচারিত ছিল, তাদের মধ্যে অনেকে এখনও বিধায়ক আছেন, তারা অনেক সময় সত্যি কথা বলে ফেলেন, হ্যাঁ আমাদের দীর্ঘদিনের দাবি ছিল, আমাদের সেই দাবিটা এই সরকার মেনে নিয়ে উত্তরকন্যায় কাজ আরম্ভ করা হয়েছে। মানসবাবু এখানে বলছিলেন, কেন্দ্রীয় সরকার রাজ্যের বিভিন্ন প্রকল্পে ঠিকমতো টাকা-পয়সা দিচ্ছে না, চলুন আমরা গিয়ে আন্দোলন করব। আন্দোলন তৃণমূল কংগ্রেস করতে জানে, আন্দোলন করেই পশ্চিমবাংলায় তৃণমূল কংগ্রেস ক্ষমতায় এসেছে। এখানে বলা হচ্ছে পঞ্চায়েত দপ্তরে কি করে আগে থেকে বেশি টাকা খরচ করে দিলেন। বামফ্রন্টের বন্ধুরাও জানে, কেন্দ্রীয় সরকারের টাকা আসে একেবারে আর্থিক বছরের শেষ সময়ে। তখন কাজ করার আর সময় থাকে না, টাকা ঢোকার আগেই সরকারকে কাজটা করতে হয়, সেইমতোই কাজ করতে হয়েছিল। ওনারা বলেছিলেন জমি নীতির বিরুদ্ধে আন্দোলন করবেন। ওনাদের নেতা রাহুল গান্ধী তো পালিয়ে গেছেন, তৃণমূল কংগ্রেসের এম.পি.-রা কিন্তু দিল্লিতে

আন্দোলন করছেন। আমরা চাই, সাম্প্রদায়িকতার বিরুদ্ধে এই লড়াইয়ে আপনারাও আসুন, আমরা রাজি আছি। বিগত দিনেও আমরা আপনাদের সঙ্গে আন্দোলন করেছি। কিন্তু মুখ চাওয়া-চাওয়ি করবেন না। এদিকে একবার, আর ওদিকে একবার এইসব দেখে আন্দোলন করবেন না। আপনারা সি.পি.এম.-কে হটানোর জন্য যে ধরনের আন্দোলন করেছিলেন সেই ধরনের আন্দোলন করবেন না। আমার দুটো ভাইকে খুন করেছিল যারা তারা আবার এখানে ল অ্যান্ড অর্ডারের কথা বলছে। আমি ডেথ সার্টিফিকেট পর্যন্ত পাইনি, আমি প্রমাণ দিতে পারি এখনও। এই সি.পি.এম.-দের অত্যাচারে আমার মাথায় সাতটা সেলাইয়ের দাগ এখনও আছে, মাথা ন্যাড়া করলে সেই দাগ এখনও দেখা যাবে। এরা পশ্চিমবাংলায় শান্তি-শৃঙ্খলার কথা বলছে। এদের কথা শুনে আমি দুঃখ পাই। এখন এরা আবার বলছে আমরা আমরা কিছু জানি না, আমরা কিছু দেখিনি। আপনারা ভালো করে দেখুন পশ্চিমবাংলার সব ডিপার্টমেন্টে কি উন্নয়ন হচ্ছে, প্রত্যেকটি ডিপার্টমেন্টেই উন্নয়ন হচ্ছে। আপনারা দেখতে পাচ্ছেন না ২০১৪ সালে নারেগাতে পশ্চিমবাংলার সরকার কত টাকা খরচ করেছে। ভারতবর্ষের আর কোনো রাজ্য এই টাকা খরচ করতে পারেনি। ২০১০ সালের আগে রাজ্যপালের ভাষণে লেখা হয়েছিল পশ্চিমবাংলায় বিভিন্ন জায়গায় অত্যাচার হচ্ছে, তখন লেখা হয়েছিল জঙ্গলমহল এলাকায় মাওবাদী অত্যাচার চলছে।

[3.50—4.00 p.m.]

সেই জিনিস তো তখন লেখা হয়েছিল ? তাহলে রাজ্যপাল যদি আপনাদের সরকারের কথামতো শুনে লেখে—তখন লেখা হয়নি কেন ১১ সালের আগে ? সেই সমস্ত যে সমস্ত বাজেট ভাষণ রয়েছে সেই বাজেট ভাষণে দেখছি আপনাদের সরকারের দুর্নাম রয়েছে। আজকে রাজ্যপালের ভাষণ মিথ্যা প্রতিপন্ন করার জন্য বলছেন যে রাজ্যপাল মিথ্যা কথা বলেছেন। কোনো একটা জিনিস দিয়ে আপনারা বলতে পারেন, যে সমস্ত জিনিস, যে তথ্য এখানে দেওয়া আছে সেই তথ্যের ভিত্তিতে—যে আমাদের সরকারের উন্নয়ন নিয়ে এই জিনিসটা ভুল তথ্য দিয়েছেন রাজ্যপাল। তাহলে আমরা জানব যে সত্যি। আর শুধু বিরোধিতা করার জন্যে যদি বলেন তাহলে বিরোধিতা করে যান। নিশ্চয় আপনাদের ডাকা যেতে পারে, যেখানে যেখানে মমতা ব্যানার্জী আমাদের সি.এম. অন্যান্য জেলায় যেখানে মিটিং করছেন আমরাও সেখানে সব সময় আমন্ত্রিত হই না। কিন্তু দুঃখটা হচ্ছে আপনাদের নিমন্ত্রণ করলে জড়ানো হলে, আপনারা গোটা মিটিংটাকেই হয়তো পণ্ড করে দেবেন কারণ সত্য কথাটা আপনারা বলতে জানেন না। সেই সত্য কথার পরিবেশ—এখন এখানে আলোচনায় যদি আসি, সত্য এবং মিথ্যা এইটা কিভাবে বলা যায় এবং কীভাবে প্রতিস্থাপন করা যায় এই বিধানসভায় সেটা মনে হয় নতুন এম.এল.এ. হয়ে শিখতে হবে এখানে। যাইহোক রাজ্যপাল এখানে যে বক্তব্য রেখেছেন, সে শিক্ষা স্বাস্থ্য থেকে আরম্ভ করে সব ডিপার্টমেন্টের যে বক্তব্য আমরা দেখেছি সবদিক দিয়ে তিনি স্বচ্ছ কথা বলেছেন, সত্য কথা বলেছেন। সেই বক্তব্যকে সমর্থন করে রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সমরেন্দ্রনাথ ঘোষ : মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে বলি—গত ১৯ ফেব্রুয়ারি মহামান্য রাজ্যপাল যে ভাষণ এই পবিত্র সদনে রেখেছেন, সেই ভাষণের ওপরে আমি আমার আলোচনা শুরু করছি এবং মনে হয়েছে বাস্তবের সঙ্গে এই ভাষণের চরম অমিল রয়েছে তাই এই ভাষণকে আমি সমর্থন করতে পারছি না, বিরোধিতা করছি। তার কারণগুলো বলবার জন্যই যা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই, পশ্চিমবঙ্গে উত্তরবঙ্গের সাতটি চা-বাগান বন্ধ হয়ে পড়েছে এবং সেই বন্ধ চা-বাগানের অসংখ্য শ্রমিক, যারা অনাহারে ভুগছে, অপুষ্টিতে ভুগছে। দু-টাকা কিলো দরের চালের গল্প শুনিয়ে তাদের দারিদ্র্যতা মোচন করা যায়নি। তাদের আর্থ-সামাজিক পরিকাঠামোর উন্নতি ঘটানো যায়নি। মাননীয় রাজ্যপালের ভাষণে ২০১১ সাল থেকে ২০১৫ সাল পর্যন্ত এই তথাকথিত মা-মাটি-মানুষের সরকার আসার পর বিদ্যুতের দামের যে বৃদ্ধি ঘটেছে সেই বিদ্যুতের দামের বৃদ্ধি ঘটানোর ফলে সাধারণ গরিব মানুষ নিম্নবিত্ত মানুষ বিজলি আলোর যে ঝলকানি সেটাকে উপভোগ করতে পারছেন না। এ কথাটাও এই ভাষণের মধ্যে নেই, ভাষণের মধ্যে থাকলে ভালো হত। ২০১১ সালে বিদ্যুতের দাম কত ছিল ? এবং ২০১৫ সালে আজকে বিদ্যুতের দামটা কত হয়েছে ? আমরা যে কথা বলছি, শুনুন, ২০১১ সালে বিদ্যুতের দাম কত ছিল তারপর ২০১২, ২০১৩, ২০১৪ এটা ২০১৫ সাল। এই ২০১৫ সালে বিদ্যুতের দামটা কত হয়েছে ? যদি রাজ্যপালের ভাষণের মাধ্যমে আপনাদের চেহারাটা প্রতিফলিত হত তাহলে আপনারা বিদ্যুতের ক্ষেত্রে উন্নতি ঘটিয়েছেন কি ঘটাননি এটা প্রমাণিত হত। ২০১১ সাল থেকে ২০১৫ সাল পর্যন্ত শিক্ষাক্ষেত্রে আপনারা নৈরাজ্য ডেকে এনেছেন। ছাত্র শিক্ষক সংঘর্ষে শিক্ষাঙ্গন রক্তাক্ত হয়েছে। আমরা দেখেছি, তৃণমূল পন্থী কর্মচারীরা শিক্ষাঙ্গনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে ঘেরাও করেছেন, বিক্ষোভ দেখিয়েছেন, অবস্থান করেছেন এবং কোনো কোনো জায়গায় ভয় দেখাচ্ছেন—ভয় দেখিয়েছেন, জগ মেরেছেন, পানের পিক্ ফেলেছেন। আমরা দেখেছি স্বাস্থ্য পরিষেবা বিপর্যস্ত। আপনারা বলছেন ন্যায্য মূল্যের ওষুধের দোকানের মাধ্যমে স্বাস্থ্য পরিষেবাকে ঢালাওভাবে সাজিয়েছেন। আপনারা বলছেন সুপার স্পেশালিটি হসপিটালের কথা কিন্তু বাস্তব চিত্রটা অন্য কথা বলছে। আমরা দেখেছি, বিভিন্ন হসপিটালে গিয়ে এখন যদি কোনো একটা রোগীকে ইঞ্জেকশান করতে হয়, তার সিরিঞ্জটা পর্যন্ত কিনে আনতে হয়। আমরা দেখেছি ন্যায্য মূল্যের ওষুধের দোকানে যে সমস্ত ওষুধ পাওয়া যায়, অনেক ডাক্তারবাবুরা রয়েছেন, তারা বলেন ন্যায্য মূল্যের ওষুধের দোকানের বাইরে গিয়ে কিনুন। তাহলে আপনার রোগীর রোগ সারবে। অন্যথায় রোগ সারবে না। আমরা দেখেছি ডাক্তার নেই হাসপাতালে, হাসপাতালের কর্মীর অভাব এবং যে সমস্ত ওয়ার্ডগুলো নিয়ে হাসপাতালগুলো ধুকতে ধুকতে প্রকল্প আস্তে আস্তে পিছনের দিকে যাচ্ছে। আমরা প্রতি বছর বাজেট ভাষণে বিভিন্ন বিবৃতি রাজ্যপালের ভাষণে যে স্তুতিগানগুলো আমরা শুনছি, তাতে দেখছি হাসপাতালগুলো নাকি ডিংডিঙিয়ে চলছে। আমরা বলতে চাই যে কথাটা রাজ্যপালের ভাষণে স্থান পায়নি, এই সরকারের আমলে আমাদের রাজ্য সরকারি কর্মচারীরা, যে লক্ষ লক্ষ রাজ্য সরকারি কর্মচারীরা বার বার আন্দোলন করছেন—জিনিসপত্রের দাম আকাশছোঁয়া হচ্ছে, কিন্তু তাদের ডি.এ. বাড়ছে না।

৪২ শতাংশ ডি.এ. এখনও পর্যন্ত বাকি আছে। যদিও মাস দুই আগে বিভিন্ন চাপে পড়ে মাত্র সাত শতাংশ ডি.এ. দিয়েছেন। আপনাদের রাজ্য সরকারের কর্মচারী যদি সাত পারসেন্ট ডি.এ. আপনাদেরকে প্রত্যাখ্যাত করে ফেরত দিতে পারত তাহলে হয়তো দিতেন। কিন্তু আপনারা সেই জায়গায় দেখিয়েছেন, সাত পারসেন্ট ডি.এ. নিয়ে সন্তুষ্ট থাকতে হয়েছে। ৪২ শতাংশ ডি.এ. বাকি, কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের তুলনায়। এই ৪২ শতাংশ ডি.এ. আপনারা দিতে পারেননি। আপনাদের লজ্জা হওয়া উচিত যে, মাত্র তিন বছর আট মাস বয়সে ৪২ শতাংশ ডি.এ. করেছেন। আমাদের একজন মাননীয় বিধায়ক বলছিলেন যে, আমরা নাকি যাওয়ার সময় বামপন্থী যে সরকার ছিল তখন ২৮ হাজার কোটি টাকার ঋণ এই রাজ্যের ঘাড়ে চাপিয়ে দিয়ে গিয়েছিলাম। আমরা যদি বলি, তিন বছর আট মাসে আপনারা ষাট হাজার কোটি টাকার ঋণ নিয়েছেন। মিথ্যা কথা বলা হবে না, অসত্য কথা বলা হবে না। অন্ততপক্ষে তথ্য সেই কথাই বলছে। আপনারা মাত্র তিন বছর আট মাসে পাঁচ হাজার কোটি টাকার ঋণ গ্রহণ করেছেন। সেটার মধ্যেও একটা সংখ্যা তত্ত্বের একটা অমিল দেখা দিচ্ছে। আপনারা জানেন তপশিলি উপজাতিদের নিয়ে আপনারা অনেক কথা বলেছেন। কিন্তু তপশিলি উপজাতিদের জন্য যে Stipend দেওয়া হয়, Old age pension দেওয়া হয়—সেটা অনেক জায়গায় বন্ধ হয়ে যাচ্ছে। আপনারা দেখেছেন তপশিলি উপজাতির ছাত্র-ছাত্রীদের জন্য বিভিন্ন জায়গায় hostel তৈরি আছে, আশ্রম তৈরি আছে—সেগুলো বন্ধ হতে চলেছে। আবাসিকদের যে সমস্ত প্রাপ্তি, সেই প্রাপ্তি থেকে তারা বঞ্চিত হচ্ছে। আমরা সেটা লক্ষ্য করেছি। একবারও রাজ্যপাল মহোদয়ের ভাষণে সেই কথাটার উল্লেখ নেই, উল্লেখ থাকলে ভালো হত। উল্লেখ রেখে দুর্বলতা রেখে দিয়ে—এই দুর্বলতাকে কাটিয়ে দিয়ে আস্তে আস্তে শক্তিশালীর জায়গায় যাওয়ার কথা বললে—আমার মনে হয় আপনাদের যে সাংগঠনিকভাবে যে শক্তি সেটা উন্নতি হত। কিন্তু সেই কথাটা নেই। আমরা দেখেছি, বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা যারা পড়াশোনা করে, যারা বিড়ি শ্রমিকদের সন্তান-সন্ততি তারা একটা Stipend পেতেন। এখনও কোনো কোনো জায়গায় পান। কিন্তু এই Stipend পাওয়ার ব্যাপারটা এত অনিয়মিত—ছাত্র-ছাত্রীরা তিন বছর, চার বছর Stipend পায়নি। এমন নজিরও আমাদের কাছে আছে। আমরা বলতে চাই, সেই বিড়ি শ্রমিকদের, কর্মচারীদের তাদের ছেলে-মেয়েরা যাতে ভালোভাবে পড়াশোনা করতে পারে বিদ্যালয়গুলিতে Stipend যাতে নিয়মিত হতে পারে তার ব্যবস্থা করুন। কিন্তু আপনাদের বললে বাজেট ভাষণে বলবেন, আপনাদেরকে বললে বিভিন্ন প্রশ্নোত্তর পর্বে বলবেন—না, Stipend নিয়মিত আছে। না, তারা টাকা পাচ্ছে। আদৌ সেটা কিন্তু হচ্ছে না। কর্মসংস্থানের প্রশ্নে বলতে গিয়ে বক্তব্যের মধ্যে অনেক স্তুতিগান শুনেছেন। আসলে তাত্ত্বিক কারণে যেটা বন্ধ হয়ে গিয়েছে, SSC বন্ধ হয়ে গিয়েছে, প্রাথমিকের শিক্ষক নিয়োগ বন্ধ হয়ে গিয়েছে। সেকথা কিন্তু উল্লেখ নেই। এস.এস.সি. তিন বছর আট মাসে—আপনারা একবার এস.এস.সি. পরীক্ষা নিয়েছেন, নিয়োগটা সম্পূর্ণ করতে পারেননি। নিয়োগ সম্পূর্ণ হচ্ছে না। হাজার হাজার লক্ষ লক্ষ বেকার যুবক তাকিয়ে আছে আপনারা কবে বলবেন এস.এস.সি. পরীক্ষা অমুক তারিখে, সেই আশায় তারা দিন গুনছে। অথচ আপনারা বলছেন শিক্ষাক্ষেত্রে,

কর্মসংস্থানের ক্ষেত্রে আপনারা তরতরিয়ে এগিয়ে যাচ্ছেন। আপনাদের এই ধরনের দ্বিচারিতা কথাবার্তা শুনে বেকার যুবকরা অন্ততপক্ষে স্তব্ধ হয়ে যাচ্ছে। আপনারা পানীয় জলের কথা বলছেন, আপনারা বস্তি উন্নয়নের কথা বলছেন—আর পানীয় জল ও বস্তি উন্নয়নে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা তছরুপ করেছেন বলে আজকেও বিধানসভার বাইরে বড়ো একটা ব্যানার নিয়ে আপনার দলের বিধায়ক অবস্থান করছেন, ধিক্কার করছেন। আমাদের লজ্জা লাগে, সরকারের লজ্জা লাগে, বাঙালি হিসাবে আমাদের লজ্জা লাগে। রাজ্যের পুলিশ আজকে দল দাসে পরিণত হয়েছে। বিশেষ করে সরকারি যে দল এই দলের দাসে পরিণত হয়েছে। মেরুদণ্ড বেঁকিয়ে উঠে কেউ টেবিলের তলায়, কেউ ফাইলে মুখ ঢাকছেন। রাজ্যের খুন-ধর্ষণ মারাত্মক আকার ধারণ করেছে। কামদুনি তৈরি হয়েছে, হাওড়া তৈরি হয়েছে, পার্কস্ট্রিট তৈরি হয়েছে, হেমতাবাদ তৈরি হয়েছে বিভিন্ন জায়গায় একটা ইতিহাসের মতো তৈরি হয়ে যাচ্ছে। আর আপনারা বলছেন, Calcutta is a safe place for women এটা হতে পারে না। পার্কস্ট্রিট কলকাতাতেই, আপনারা বলতে পারেন না, হেমতাবাদ পশ্চিমবঙ্গে—বাংলাদেশের পশ্চিমবঙ্গের যে বিভিন্ন জায়গায় যে শান্তিশৃঙ্খলা যে এক জায়গায় বিরাজ ছিল আজকে খুন-ধর্ষণে century করে এমন একটা Record তৈরি করেছে। যে রেকর্ডের সামনে আপনারা লজ্জায় মুখ ঢাকতে বাধ্য।

[4.00—4.10 p.m.]

কিন্তু লজ্জায় মুখ না ঢেকে আপনারা মাথা উঁচু করে সেই লজ্জার কথা শোনাচ্ছেন, এটা আমাদের লজ্জা হয়। সামাজিক পরিষেবার কথা কয়েকটা না বললেই নয়। অল্প সময়ের মধ্যে বলতে চাই। বার্ধক্য ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা, কৃষক পেনশন, বিভিন্ন জায়গায় দেখবেন আপনারা বলবেন, আপনারা অনেক করেছেন। বিভিন্ন জায়গায় যারা পেনশন পান, তাদের কাছে বাস্তবের মাটিতে গিয়ে দাঁড়িয়ে দেখুন। পেনশন পাচ্ছে না, আট মাস, ন মাস, দশ মাস বন্ধ আছে। আমি যে জেলায় বসবাস করি, বহু পেনশন প্রাপক তারা এসে বলেন আমাদের পেনশন সাত-আট মাস পাইনি। কি ব্যাপার হল। আমরা বলি, খোঁজ নিয়ে দেখব। কিন্তু সরকারি ব্যর্থতা, তারা পেনশনটা প্রতি মাসে পাচ্ছেন না। এর আগে আমি দু-একবার বলেছি যে পেনশনগুলো রেগুলারাইজ করা হোক। রেগুলারাইজ করা হোক এই কারণে, মাত্র চারশো টাকা, ছ'শো টাকা পেনশন পান, গরিব মানুষ, মাসের শেষে সেটা পেলে খুবই উপকার হত। সেটা আমরা, চাকরিজীবীরা মাস পয়লা মাইনে পাওয়ার থেকে তাদের যদি মাস পয়লা ওই পেনশনটা পায়, তারা অনেক বেশি উপকৃত হবেন। এ কথাটা আমরা বলবার চেষ্টা করি, বারংবার বলার চেষ্টা করি। আর সেটাকে আপনারা অস্বীকার করেন। আমি বলতে চাই, প্রতিবন্ধী ভাতা, বার্ধক্য ভাতা, বিধবা ভাতা এবং কৃষক পেনশন নিয়মিত করা হোক। আর একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। আমাদের পশ্চিমবঙ্গে বহু শিক্ষক রয়েছেন। যাদের নাম হচ্ছে পার্শ্ব শিক্ষক, যাদের নাম হচ্ছে চুক্তি ভিত্তিক শিক্ষক। এস.এস.কে-তে আছেন, এম.এস.কে.-তে আছেন, মাদ্রাসাতে আছেন এবং মিড-ডে-মিলের কিছু রাঁধুনী আছেন। আই.সি.ডি.এস.-এর কিছু কর্মী আছেন। আমরা মনে করি আমাদের রাজ্যে এই সমস্ত কর্মীরা অত্যন্ত অবহেলিত, অত্যন্ত বঞ্চিত। ২০১১ সালের

মে মাসে আপনাদের বিজয় রথ চলতে শুরু করেছিল। আজকে ২০১৫ সালের ফেব্রুয়ারি মাস। এই সময়কালীন সময় আপনারা এই অবহেলিত, বঞ্চিত শ্রেণির জন্য কত টাকা মাহিনা বাড়িয়েছেন, কত টাকা তাদের আত্ম-সামাজিক উন্নতি করেছেন, মানুষের সামনে গিয়ে আপনাদের বলতে হবে। মাননীয় রাজ্যপালের ভাষণে আমরা দেখতে পাচ্ছি সমস্ত জায়গায় রাজ্য সরকারের স্তুতি গান করা হয়েছে। কিন্তু একবারও তো পার্শ্ব শিক্ষকদের বেতন বাড়েনি বা বাড়াতে পারেনি। একবারও তো বলা হয়নি ওই চুক্তিভিত্তিক শিক্ষকদের বেতন বাড়ানো হয়নি। পক্ষান্তরে আমরা লক্ষ করেছি বিকাশ ভবনের সামনে চুক্তিভিত্তিক শিক্ষকদের পুলিশ লাঠিপেটা করেছে। পক্ষান্তরে আমরা দেখেছি এই পার্শ্ব শিক্ষকরা যারা ২০১০ সালে একটা জি.ও.-র বলে ৬০ বছরের চাকরির জন্য যে নিশ্চয়তা পেয়েছিল, সেই নিশ্চয়তা ভেঙে দিয়ে তাদের মাইনেগুলোকে যাতে বন্ধ করে দেওয়া যায়, তাদের চাকরির বেতনও যাতে অনিশ্চয়তা করে দেওয়া যায়, তার ব্যবস্থা করছেন। আমরা চাই, পার্শ্ব শিক্ষক, চুক্তি-ভিত্তিক শিক্ষক, বৃত্তিমূলক শিক্ষক, অঙ্গনওয়াড়ী কর্মী সহায়িকা, মিড-ডে-মিলের রাঁধুনি হাড়ভাঙা পরিশ্রম করে, যারা প্রচণ্ড পরিশ্রম করে তাদের জন্য উপযুক্ত সাম্মানিকের ব্যবস্থা করুন। আপনারা বলেন, শিল্পের নাকি অনেক উন্নতি হয়েছে। শিল্পের রথ নাকি গড়গড়িয়ে এগোচ্ছে। মাননীয়া মুখ্যমন্ত্রী বলছেন, তেলেভাজাও একটা শিল্প, প্যাকেট তৈরি করাও একটা শিল্প। এই রকম তেলেভাজা করে নাকি দশতলা পর্যন্ত বাড়ি তৈরি করা যায়, ফ্ল্যাট তৈরি করা যায়। আশ্চর্য ব্যাপার। বিভিন্ন জায়গা থেকে শুনছি সিঙ্গাপুর থেকে শিল্প চলে আসছে, বিশ্ব বঙ্গ সম্মেলনের মাধ্যমে আমরা দেখছি শিল্প গড়গড় করে চলে আসছে। কিন্তু সিঙ্গাপুর থেকে সিঙ্গাপুরের কলা এল কিনা বলতে পারব না। পশ্চিমবঙ্গে এখনও পর্যন্ত একটা নতুন শিল্প আপনারা তৈরি করতে পারেননি। বিনিয়োগের কথা বলছেন। প্রস্তাব এসেছে, প্রস্তাব আসছে। এ কথাটা যখন বাস্তবায়িত হবে, তখন যদি আপনারা বলেন আমরা এত টাকার শিল্প আনতে পেরেছি, তাহলে জানব আপনারা শিল্প এনেছেন। তাইতো বিজ্ঞানী বিকাশ সিংহ আপনাদের দিকে তাকিয়ে, পশ্চিমবঙ্গের দিকে তাকিয়ে আক্ষেপে বলে ওঠেন পশ্চিমবঙ্গের কিচ্ছু হয়নি, কিচ্ছু হবে না। তাইতো নোবেলজয়ী অমর্ত্য সেন বলেন পশ্চিমবঙ্গের যে পরিস্থিতি, এখানে উন্নয়ন ধ্বংস হয়ে যাবে, যদি এই রকম চলতে থাকে। সুতরাং মাননীয় রাজ্যপালের যে ভাষণ, সেই ভাষণকে সমর্থন করতে পারছি না। এই ভাষণকে বিরোধিতা করে আমি আমার যথাসময়ে বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রীমতী মঞ্জু বসু : মাননীয় চেয়ারম্যান স্যার, আপনাকে প্রথমেই ধন্যবাদ জানাই আমাকে এই পবিত্র সদনে কিছু বলার জন্য অনুমতি দিয়েছেন। ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের রাজ্যপাল মাননীয় শ্রী কেশরীনাথ ত্রিপাঠী গত ১৯শে ফেব্রুয়ারি ২০১৫-তে যে ভাষণ প্রদান করেন, তাকে সম্পূর্ণরূপে সমর্থন ও অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য তুলে ধরছি। সমর্থনের সবচেয়ে বড়ো কারণ স্যার তার ভাষণ পূর্ণ মাত্রায় সত্য তত্ত্বের উপর দাঁড়িয়ে তার বক্তব্য ব্যক্ত হয়েছে। স্যার, আমরা দেখছি যে এই পবিত্র সদনকে উত্তাল করার জন্য

সম্পূর্ণভাবে যে অযৌক্তিক সমস্ত কারণ দেখিয়ে ডিস্টার্ব করা হচ্ছে, যে কথা তাদের সাজে না, বোঝে না। কারণ "তোমার কথা শোনার আশায় দিয়েছি জলাঞ্জলি। অনেক কথা যাও যে বলে, কোন কথা না বলি।" তাই অকারণ সমস্ত বলছেন, যেটা সম্পূর্ণভাবে তাদের বলার অধিকার নেই। কারণ তারা দীর্ঘ ৩৪-৩৫টা বছর প্রায় তিনটে যুগ তিনি সময় পেয়েছিলেন, অনেক পরামর্শ দিচ্ছেন আমাদের নতুন সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রীকে। অথচ কে তোমাদের মানা করেছিল তখন এই সমস্ত উন্নয়ন করতে। পারেননি। তাই মানুষ পশ্চিমবঙ্গের মানুষ দু-হাতে ঠেলে ফেলে দিয়েছে। তার প্রমাণ আমাদের কথা নয় তার প্রমাণ যে গণতান্ত্রিক সংবিধানের যে সিস্টেম, সেই প্রতিটি নির্বাচনে তাদের আসন সংখ্যা থেকে শুরু করে ভোটের পারসেন্টেজ তলানিতে ঠেকেছে। এরপরেও লজ্জা করবে না ? তাই বলি, আপনারা যা পারেননি, সেই নতুন দিশা দেখানো হচ্ছে। আপনারা যদি দেশপ্রেমী হন, তাহলে চোখ থেকে ন্যাবাটা মুছে ফেলে আমাদের দিকে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়ে সমর্থন করে এগিয়ে এসে দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করুন। এটা আমার আবেদন। স্যার, গত ২০১১ সালের ২০ মে-র পূর্বে দীর্ঘ চৌত্রিশ-পঁয়ত্রিশ বছর ধরে স্বৈরাচারী যে অপদার্থ বামফ্রন্ট সরকার বাংলার বুকে জগদ্দলের পাহাড়ের মতো বসে বাংলাকে এক বন্ধ্যা, অন্ধকারময় রাজ্যে পরিণত করে রেখেছিল তার থেকে মুক্তি পেতে বাংলার মা-মাটি-মানুষ পরিবর্তনের সূচনা করে সুযোগ্যের নেতৃত্বের হাতে ধরে। আজ আমরা তথা সারা বঙ্গবাসী প্রথম মহিলা মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায়ের জন্য প্রতি মুহূর্তে গর্ব অনুভব করি। সেই কথা মাননীয় রাজ্যপালের ভাষণের প্রতিটি ছত্রে ছত্রে প্রকাশ পেয়েছে। তিনি বলেছেন, পূর্ববর্তী সরকারের আর্থিক দায়ের বিপুল বোঝার সত্ত্বেও বিগত এক বছরে রাজ্যের বিকাশে একনিষ্ঠ সঙ্কল্প-এর ফলে যে উল্লেখযোগ্য সাফল্য এসেছে সেই সাফল্যের কথা উল্লেখ করতে চাই। আমার সরকারকে প্রায় দু'লক্ষ কোটি টাকার ঋণের দায় উত্তরাধিকার সূত্রে বহন করতে হচ্ছে। ২০১১ সাল থেকে ২০১৫ সালের ৩১শে জানুয়ারি অবধি প্রতি বছর ২৮ হাজার কোটি টাকা হারে সর্বমোট এক লক্ষ কোটি টাকার বেশি অর্থাঙ্ক ঋণ পরিশোধের জন্য রাজ্য কোষাগার থেকে কেটে নেওয়া হচ্ছে। অন্যথা রাজ্যের উন্নয়ন খাতে সেই অর্থ ব্যয় করা যেত। কিন্তু সাধ থাকলেও অর্থের অভাবে সেটা করা যায় না। অর্থই হচ্ছে সবচেয়ে বড়ো বস্তু। এর সত্ত্বেও জনসাধারণ, ছাত্র-ছাত্রী, যুব সমাজ, সংখ্যালঘু জনসাধারণ, শিশু-কন্যা এবং এস.সি-এস.টি.-ও.বি.সি সহ রাজ্যের সর্বাঙ্গীণ উন্নয়ন ঘটাতে সমর্থ হয়েছে এবং সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা করতে পেরেছে। এবং শান্তি বজায় রাখতে বিষয়টি সুনিশ্চিত করেছে। এটা কি সত্য নয় ? কেউ কি অস্বীকার করতে পারবেন ? স্যার, তাই বলি, দায়িত্বভার গ্রহণে—from the very beginning বাংলার হৃত গৌরব ফিরিয়ে আনার জন্য তাকে আরও ত্বরান্বিত করার জন্য বদ্ধপরিকর এবং ব্রতী হলেন আমাদের মুখ্যমন্ত্রী। সঙ্কল্প গ্রহণ করলেন দৃঢ়তার সঙ্গে। We shall overcome some day আর এখন মাত্র সাড়ে তিন বছরের মধ্যে বলি, we have come today, overcome today—এটি মাননীয় রাজ্যপালের ভাষণে প্রতি ছত্রে ছত্রে দেখতে পাই। তিনি বলেছেন, সরকার যথেষ্ট গতিশীলতার পরিচয় দিয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী পার্বত্য

এলাকা ও উপজাতি অধ্যুষিত এলাকা রাজ্যের জেলাগুলিতে সফরের ক্ষেত্রে নিরলস থেকেছেন। ২০১১ সালের মে মাস থেকে জেলা ও ব্লক স্তরে কর্মীদের সঙ্গে ৭৫টি প্রশাসনিক বৈঠক অনুষ্ঠিত হয়েছে। পরিষেবা প্রদান ও কর্ম প্রকল্প রূপায়ণে অধিকতর দক্ষতা সুনিশ্চিত করার ক্ষেত্রে সদর্থক প্রভাব ফেলেছে। স্যার, এটা কি সত্য নয় ? বলতে পারেন, অস্বীকার করতে পারেন ? যেখানে পূর্বতন মুখ্যমন্ত্রী একবারের জন্যও এই কাজ করতে পারেননি। তাই রাজ্যে আইন-শৃঙ্খলার উন্নততর ব্যবস্থা সবার কাছে পৌঁছে দিতে কুড়িটি মহিলা পরিচালিত থানা, ১৪টি উপকূলবর্তীর থানা, পাঁচটি সাইবার অপরাধ সংক্রান্ত থানা সহ মোট সাতান্নটি থানা স্থাপন করা হয়েছে।

[4.10—4.20 p.m.]

৫টি পুলিশ কমিশনারেট গঠিত হয়েছে।

যে জঙ্গলমহল এলাকা বাম চরমপন্থায় আচ্ছন্ন ছিল সেখানে এখন শান্তি বিরাজ করছে। সরকারের বহুবিধ অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মসূচি বিভিন্ন উদ্যোগের সঙ্গে যুক্ত করা হচ্ছে। স্যার, আমাদের আরো বড়ো বৈশিষ্ট্য, আমাদের দেশ, ধর্ম-নিরপেক্ষ দেশ, সেকুলার কান্ট্রি। সেই জায়গায় দাঁড়িয়ে সাম্প্রদায়িক সম্প্রীতি, শান্তি ও সৌভ্রাতৃত্বের পরিস্থিতি বজায় রাখা সহ রাজ্যের সংখ্যালঘু সম্প্রদায়ের সর্বাঙ্গীণ উন্নতি ও কল্যাণসাধনে অঙ্গীকারবদ্ধ আমরা। তার জন্য সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা-বিষয়ক ২০১০-১১ সালের বাজেট বরাদ্দ ৪৭২ কোটি টাকা থেকে প্রায় চারগুণ বৃদ্ধি পেয়েছে ২০১৪-১৫ সালে ১,৭৬৭ কোটি কোটি টাকা করা হয়েছে। মানুষকে সমান মর্যাদা দেওয়ার জন্য যেসব অঞ্চলে জনসংখ্যার ১০ শতাংশের বেশি উর্দু, নেপালি, হিন্দি, ওড়িয়া, সাঁওতালি ও গুরুমুখী ভাষাভাষী মানুষজন বসবাস করেন সেইসব অঞ্চলে সংশ্লিষ্ট ভাষাকে সরকারি ভাষার মর্যাদা দেওয়া হয়েছে। স্যার শুধু তাই নয়, আজকে প্রতিটি স্তরের মানুষের সার্বিক কল্যাণ সাধনই যাঁর জীবনের লক্ষ্য এবং একজন সুমেধাযুক্ত, সুদক্ষ প্রশাসকের পক্ষে যা সম্ভব তা সম্ভব হয়েছে অভূতপূর্ব সব নতুন নতুন প্রকল্পগুলো গ্রহণের সাফল্য লাভের মাধ্যমে। বিশেষ করে উল্লেখযোগ্য প্রত্যাশা আবাসন কর্ম প্রকল্প, শিক্ষাশ্রী প্রকল্প, জল ধর জল ভর, জল তীর্থ, যুবশ্রী, সবার ঘরে আলো, জৈবসার প্রকল্প, নির্মল বিদ্যালয় অভিযান, কন্যাশ্রী প্রকল্প। কন্যাশ্রী প্রকল্প দেশের প্রধান উদ্ভাবনী কর্মপ্রকল্পের অন্যতম। এই প্রকল্প দেশ-বিদেশের ভূয়সী প্রশংসা পাচ্ছে। কন্যাশ্রী প্রকল্প এক দার্শনিক চিন্তা থেকে উদ্ভূত। তা হল নারীর মর্যাদা দান। সমাজে স্ত্রী-পুরুষ দুজনকেই সমান প্রয়োজন। একজনকে ব্যাতিরেকে অন্যজনের উন্নয়ন সম্ভব নয়। এ কথা আমাদের শুধু নয় স্বয়ং বিশ্বজননী মা-সারদার বাণীতে পাই। তিনি বলেছেন "একপক্ষ বিশিষ্ট পাখি যেমন আকাশে উড়তে পারে না তেমনি স্ত্রী-জাতির উন্নতি ছাড়া সমাজের উন্নতি হতে পারে না।" সেইজন্য আমাদের মা-মাটি-মানুষের সরকার, যাঁর মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা ব্যানার্জী, তিনি ১৩ থেকে ১৮ বছর বয়সি অবিবাহিত মেয়েদের শিক্ষায় উৎসাহ প্রদান করার জন্য এবং বাল্য-বিবাহ রোধের জন্য এবং তাদেরকে সমাজে প্রকৃত স্থানে আনবার জন্য এই প্রকল্প নিয়েছেন। বাংলার ঘরে

ঘরে শিক্ষার আলো জ্বালাতে ১৩টি নতুন বিশ্ববিদ্যালয়, ৪৫টি কলেজ স্থাপিত হয়েছে। স্বাস্থ্যই সম্পদ। তাকে রক্ষা করতে স্বাস্থ্য পরিষেবার গুণগত মান ও সহজলভ্য বৃদ্ধি করার জন্য শয্যা সংখ্যা বৃদ্ধি করা হয়েছে। ৪০টি মাল্টি স্পেশ্যালিটি হসপিটাল এবং অসুস্থ সদ্যোজাত শিশুদের পরিচর্যার জন্য বর্তমানে ৪৮টি S.N.C. ইউনিট চালু করা হয়েছে। ন্যায্য মূল্যের ওষুধের দোকান খোলা হয়েছে। স্যার, অল্প সময়ে সাফল্যের বহুদিক উল্লেখ করা গেল না যা মহামান্য রাজ্যপালের ভাষণে বিবৃত আছে।

রাজ্যে উন্নয়নের বন্যায় দিনে দিনে তলিয়ে যাচ্ছে বিরোধীরা তবুও নিজেদের অস্তিত্ব জাহির করতে নির্লজ্জভাবে কৌশল নিয়েছে সরকারের কুৎসা রটনা, অপপ্রচার করাকে। এমনকি তাঁরা সৌজন্যবোধ পর্যন্ত হারিয়ে ফেলেছে এবং আনকালচারের মতো একজন মহিলা মুখ্যমন্ত্রীকে যে অশালীন ভাষায় গালিগালাজ করছেন তা বিরল ঘটনা। তাই বলি, আমরা নীতি নিয়েছি কুৎসার বদলে উন্নয়ন। বরং কবির কণ্ঠে কণ্ঠ মিলিয়ে বলি, 'যেও না দাঁড়াও বন্ধু, আরো বল কু-কথা, হংস-পাখায় পাক লাগে কী সরস্বতীর আসন যেথা'। ধন্যবাদ স্যার।

শ্রী বনমালী হাজরা : মাননীয় স্পীকার স্যার, ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার পঞ্চম অধিবেশনে পশ্চিমবঙ্গের রাজ্যপাল শ্রী কেশরীনাথ ত্রিপাঠী যে ভাষণ দিয়েছেন সেই ভাষণকে সমর্থন করে আমি দু-চারটি কথা বলছি। কয়েকদিন যাবৎ আমরা দেখতে পাচ্ছি, এই ভাষণের উপর বক্তব্য আমরা শুনলাম। দেখতে পেলাম বেশ কিছু বক্তা তারা শুধু বিরোধিতা করে গেলেন। যে বিরোধিতার কোনো কারণ নেই। অথচ বিরোধিতার জন্য বিরোধিতা করে গেলেন। আবার অনেকের বক্তব্যে শুনতে পেলাম রাজ্য সরকার বা রাজ্যপাল মহাশয়ের বক্তব্যে যে উন্নয়নের গতি প্রকৃতি, উন্নয়ন কতটা হয়েছে, কিভাবে রাজ্য সরকার এগিয়ে নিয়ে যেতে চাইছে এই বাংলাকে, সেই সমস্ত তথ্য তুলে ধরা হয়েছে। কিন্তু একটা কথা বার বার শুনতে পাচ্ছি, পশ্চিমবঙ্গের আইন-শৃঙ্খলা এমন একটা জায়গায় নাকি পৌঁছে গেছে যে পশ্চিমবঙ্গ রসাতলে যেতে বসেছে। আর সেই দায় দায়িত্বটা কংগ্রেস বেঞ্চ, সম্মুখে বামফ্রন্টের যে সমস্ত বিরোধী বন্ধুরা রয়েছেন তাদের উপর দায়িত্ব পড়েছে তাকে রক্ষা করার। সবথেকে বড়ো কথা যেটা স্যার ওনারা তো ৩৪ বছর ধরে পশ্চিমবঙ্গটাকে শাসন করে এসেছেন। ওনারা তো বারে বারে আইনের শাসনের কথা বলছেন। আমি একটিবার অনুরোধ করছি তারা একবার নিজের দর্পণে তাদের মুখটা দেখুন। দেখতে পাবেন তা রক্তাক্ত অবস্থায় রয়েছে। যদি একটার পর একটা ঘটনা উল্লেখ করি তাহলে আমরা দেখতে পাব—আপনারা ভুলে গেছেন বানতলার কথা ? যার জন্য জ্যোতিবাবু বলেছিলেন এমন ঘটনা ঘটে। আমি কিন্তু বিশদভাবে বলছি না কেননা আমার সময়টা অত্যন্ত কম। আনন্দমার্গীদের কিভাবে জীবন্ত পুড়িয়ে মারা হয়েছিল সেটা কি আপনারা ভুলে গেছেন ? সূচপুরে ১১ জন বর্গাদারকে কিভাবে মেরে ফেলা হয়েছিল সেটা ভুলে গেছেন ? আমার পাশে বসে আছেন শেখ শাহনাওয়াজ সাহেব, যিনি বিধায়ক, যার দুই ভাই এবং বাবাকে মেরে দেওয়া হয়েছিল। সেটাও কি আপনারা ভুলে গেছেন ? তাপসী মালিকের নিম্নাঙ্গকে পুড়িয়ে তাকে ধর্ষণ করে কিভাবে পুড়িয়ে মারা হয়েছিল সেটা কি আপনারা ভুলে গেছেন ? ভুলে গেছেন আপনারা

নন্দীগ্রাম, কেশপুর, ছোটো আঙারিয়ার কথা। আপনারা দর্পণে একবার নিজেদের মুখটাকে দেখুন। দেখে কথা বলুন। ভুলে গেছেন সাঁইবাড়ির কথা ? আপনারা দৃষ্টান্ত স্থাপনের কথা বলছিলেন। খুব বড়ো বড়ো কথা বলছিলেন। আমি শুনছিলাম। আপনারা কি ভুলে গেছেন সাঁইবাড়ির কথা ? আমার মনে পৃথিবীতে এমন কোনো দ্বিতীয় নজির নেই। সেখানে ছেলের রক্তকে ভাতে মাখিয়ে মাকে খাওয়াতে বাধ্য করা হয়েছিল। আছে এই দৃষ্টান্ত ? এই নজির কোথাও আছে ? কোথাও নেই। ভুলে গেছেন আপনারা ? ৩৪ বছর ধরে আপনাদের মন্ত্রিসভায় একজন সদস্য যিনি নাম ভাঁড়িয়ে এতকাল ধরে মন্ত্রিসভার সদস্য ছিলেন। যার আসল নাম খোকন সেন। আমি তার অন্য নামে যাচ্ছি না। ভুলে গেছেন ? এরপরেও আপনারা আইনের শাসনের কথা বলেন। এরপরেও আপনারা পশ্চিমবঙ্গে আইন-শৃঙ্খলা নেই বলে চিৎকার করতে শুরু করেন। অথচ দেখেছেন আপনাদের আমলে যেখানে অত্যাচার, যেখানে অন্যায়, যেখানে খুন, সেখানেই ছুটে গেছেন আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এটা নিশ্চয়ই আপনারা ভুলে যাননি। আজও যেখানে ঘটনা ঘটে সেখানে তিনি কিন্তু ছুটে যান। শুনুন ঘটনাপ্রবাহ বলে একটা কথা আছে। ঘটনা আপনারা তৈরি করে দিয়ে গেছেন। ৩৪ বছর ধরে আপনারা বাংলার মানুষের চরিত্রটাকে নষ্ট করে দিয়ে গেছেন। সেই যে প্রবাহটা আজও বয়ে বেড়াচ্ছে সেটাকে বন্ধ করার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী তিনি সদাসর্বদা চিন্তিত এবং ব্যস্ত অবস্থায় আছেন। কি করে এটাকে বন্ধ করা যায় ? বন্ধ তিনি করে ফেলেছেন। এখন পশ্চিমবঙ্গকে যদি আপনাদের সঙ্গে তুলনা করা হয় আমরা তো বলব এখন স্বর্গরাজ্যে বসবাস করছি। কয়েকদিন ধরে আপনারা অনেক কিছু বলছেন, শুনতে পাচ্ছি। লজ্জা করে না আপনাদের ? সিঙ্গুরের ব্লক অফিসের অন্ধকারে আজকের মুখ্যমন্ত্রীকে, সেদিনের আমাদের নেত্রীকে অপমান করার চেষ্টা করেছিলেন। সেটা কি ভুলে গেছেন আপনারা ? ....(গোলমাল).... খুব ভালো কথা বলেছেন মনোজবাবু। উনি স্মরণ করিয়ে দিয়েছেন হয়তো আমি ভুলে যেতাম। পরিবহন মন্ত্রী কোথাও আছেন সেই কথাটা বলে একটা উদাহরণ সৃষ্টি করেছেন। আমি বলছি আপনাকে কথাটা। আমাকে বলতে দিন। এর থেকে আর কি উদাহরণ তৈরি করবেন ? কি দৃষ্টান্ত আর দেখাবেন ? দৃষ্টান্ত অনেক দেখেছি। একটু চুপ করুন না। বাংলাকে একটু শান্ত হতে দিন। বাংলার অগ্রগতি হোক। বাংলার উন্নয়ন হোক। বাংলার শিক্ষার প্রসার ঘটুক। বাংলার তথাকথিত বেকাররা চাকরি পাক। বাংলার কৃষি একটা বিশাল জায়গায় পৌঁছে গেছে। সেগুলো দেখে আপনাদের সহ্য হচ্ছে না। সত্যকে তো আপনারা বলতে জানেন না। শুধু অসত্য কথা বলাটাই আপনারা শিখে নিয়েছেন। আপনারা জানেন না আজকে ২০১৪ সালে বাংলায় সর্বকালীন রেকর্ড উৎপাদন হয়েছে। সেটা কার প্রচেষ্টায় ? মুখ্যমন্ত্রী এবং তার কৃষি আধিকারিকদের প্রচেষ্টায়। একথা অস্বীকার করতে পারবেন না আপনারা। আর সেই কথাটাই রাজ্যপাল তার বক্তব্যে তুলে ধরেছেন।

[4.20—4.30 p.m.]

আপনারা তো পরিষ্কার করে জানেন, তিন-তিনটে বছর ধরে আজকে কৃষি কর্মণ পুরস্কার পাচ্ছে। দুটি পুরস্কার পেয়েছে UPA—সরকারের হাত ধরে একটা NDA

সরকারের হাত থেকে নিয়ে এসেছেন পশ্চিমবঙ্গ সরকার। এটা কি ভুলে যাচ্ছেন আপনারা ? এটাকে অস্বীকার করবেন নাকি আপনারা। আমরা চেষ্টা করে যাচ্ছি কৃষিতে একটা জায়গায় পৌঁছতে। সেই চেষ্টাটা করার কারণ ৭০ থেকে ৭৫ ভাগ বাংলার মানুষ কৃষির সঙ্গে যুক্ত রয়েছে। কৃষি ক্ষেত্রের সঙ্গে তারা যুক্ত রয়েছে, কৃষি কর্মের সাথে তারা যুক্ত রয়েছে। সেই ব্যাপার নিয়ে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী, তার দপ্তরের কৃষিমন্ত্রী প্রত্যেকে তারা চেষ্টা করে যাচ্ছেন কিভাবে কৃষিকে বিভিন্ন রকম সুযোগ-সুবিধা দিয়ে কৃষিকে পুরোপুরি যান্ত্রিকীকরণ করে কিভাবে কৃষিতে স্বয়ম্ভর হয়ে উঠব। এই প্রচেষ্টাটা কি খুব অন্যায় প্রচেষ্টা। ভালো জিনিসকে সমর্থন করতে শেখেননি। মান আর হুঁশ থাকলে তবেই তো মানুষ। আপনাদের মানও নেই, হুঁশও নেই। আপনারা যে কি জিনিস সেটা আপনারা ঠিক করে নিন। আমরা কৃষিকাজে একটা বিশাল জায়গায় পৌঁছে গিয়েছি। আজকে ভাবতে পারা যায়, আজ ১৭ লক্ষ কৃষককে শস্য ঋণ দিয়েছে, এটা ভাবা যায়। কিছুক্ষণ আগে স্বাস্থ্যের ব্যাপারে কথা বলছিলেন। স্বাস্থ্য পরিষেবার ব্যাপারে কথা বলছিলেন, স্বাস্থ্য পরিকাঠামোর ব্যাপারে কথা বলছিলেন। ডাঃ ভূএঞ্যা তার তথ্যে বলে গেলেন স্বাস্থ্য ব্যবস্থা তখনই ভালো হবে এতগুলো ডাক্তার তার মধ্যে থেকে স্বাস্থ্যমন্ত্রী হলে। কি সুন্দর তথ্য। আমার সম্মুখে বসে রয়েছেন ডাঃ সূর্য্যকান্ত মিশ্র তিনি কিন্তু স্বাস্থ্যমন্ত্রী ছিলেন। সেদিনও পি.জি. নর্দমার চেয়ে অধম জায়গায় পরিণত হয়েছিল। সেখানে যেতে গেলে নাকে রুমাল দিয়ে যেতে হত, লজ্জা লাগত। সেটা আজ ভালো জায়গায় পৌঁছেছে। আজ আপনারা নির্লজ্জর মতো রাজ্যপালের ভাষণে ধন্যবাদজ্ঞাপন প্রশ্নে আপনারা সেই ধরনের বিরোধিতা করে চলেছেন। এই তথ্যগুলো চলবে না। ডাক্তার নাহলে স্বাস্থ্য দপ্তর চালানো যাবে না, এটা ভুল কথা। অত্যন্ত দক্ষতার সঙ্গে প্রমাণ করে দিয়েছেন যে পশ্চিমবঙ্গের স্বাস্থ্য ব্যবস্থা, স্বাস্থ্য পরিকাঠামোটাকে এই সাড়ে তিন বছরের মধ্যে কোন জায়গায় নিয়ে যাওয়া যায়। যিনি করেছেন তার নাম মমতা ব্যানার্জী। তিনি কিন্তু পেশায় ডাক্তার নন। পেশায় ডাক্তার হতে হবে সেটা নয়, তার জন্য হৃদয় চাই, মমতাবোধ চাই। মানুষের জন্য একটা মমত্ববোধ থাকতে হবে। সেই মমত্ববোধটা আপনাদের কখনোই ছিল না। নিছক রাজনীতি করে গেছেন, আর ক্ষমতায় কি করে টিকে থাকতে হয় সেইটুকু আপনারা করে গেছেন। যেদিন পশ্চিমবঙ্গের মানুষ আপনাদের চেহারাটা বুঝতে পারল সেদিন আপনাদের নর্দমায় ছুঁড়ে ফেলে দিল। এটা কিন্তু পরিষ্কার হয়ে গেছে। এই কথা বলে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Ali Imran Ramz: Honourable Speaker Sir

گورنر صاحب کی تقریر کے اوپر جو ابھی بیان رکھنا ہے۔عزت ماب گورنر صاحب شری کشوری ناتھ ترپاٹھی نے یہاں ہاوس میں سرکار کی طرف سے جو لکھا ہوا یہ دستاویز کو پڑھ کے سنایا تو اس میں کوئی انوکھی بات نہیں ہے۔ ہر سرکار میں گورنر ہی سرکار کا ہو کر اپنی بات رکھتے ہیں۔ اور سرکار ہمیشہ گورنر کے ذریعے اپنے گن گان کا ہی بیورا دیتی ہے۔تو گن گان کا بیورا دینے میں آج سرکار نے جو گورنر صاحب کے ذریعے بلوایا ہے۔اس کو میں حمایت نہیں کر سکتا ہوں اسلئے کہ سرکار اپنے کچھ کارناموں کو اس میں درج کرانا بھول گئی۔وہ میں آپ لوگوں کو یاد دلا دیتا ہوں۔کیونکہ ۳۴ سال کی بات آپ کرتے ہیں لیکن ۳۴ نمونہ آپ نہیں دیکھا پاتے ہیں۔لیکن ۳۴ سال میں جو تاریخ ہماری سرکار یا

ہندوستان کی کسی بھی سرکار نے نہیں کیا وہ نمونہ آپ لوگوں نے کر کے دیکھایا ہے۔ ریاستی حکومت کا ایک منتری جیل میں رہ کر بھی منتری رہ سکتا ہے۔ یہ نمونہ آپ نے کیا ہے، یہ گورنر کی تقریر میں ہونا چاہئے تھا۔ یہ آپ کا کریڈیٹ ہے یہ ہونا چاہئے تھا۔CBI کو ہندوستان میں ہم لوگ جانتے تھے کہ کسی بھی ریاست کے وزیر اعلیٰ ہوں یا وزیر اعظم ہوں سی بی آئی کے سامنے اُن کو جھکنا پڑتا ہے۔ اگر سی بی آئی انکوائری ہوں تو وہاں پر بھی سرکار کو اُن کے سامنے جھکنا پڑتا ہے کیونکہ وہ Central Investigation Bureau ہونے کے ناطے اُس کو یہ حق ہے لیکن وہ بھی تاریخ آپ لوگوں نے قائم کر دیا ہے کہ سی بی آئی انکوائری کو راستہ روک کر راستے میں ہماری وزیر اقانون راستہ روکنے پر اتر گئیں، دھرنے پر اتر گئیں۔ علی پور کورٹ میں ہمارے جو بیچارپتی ہیں، جو بیچارو یوستہ ہمارا ہے، جو judicial system ہے وہاں ہمارے judicial system میں ہمارے عزت مآب جج کو دھمکی دی جارہی ہے اور آپ کے سرکاری پینل کے ایڈوکیٹ وہاں کھڑے ہو کر بیان نہیں دینے دے رہے ہیں، یہ نمونہ بھی آپ کے گورنر کی تقریر میں ہونا چاہئے تھا۔ عزت مآب چیف منسٹر صاحبہ خود یہ بات کہتی ہیں کہ **(آمی ۲۰ گھنٹہ ۲۲ گھنٹہ کاج کوری راجیہ مانو سے سارتھے راجیہ ماں ماٹی مانسے ساتھے)** نورمل طریقے سیہاں پر جو ڈاکٹر لوگ موجود ہیں وہ خود یہ suggestion دیتے ہیں آدمی کو چھ گھنٹہ کم سے کم سونا چاہئے نہیں تو دماغی حالت بگڑ جائے گا۔ تو جب ہماری عزت مآب وزیر اعلیٰ خود کہتی ہیں (آمی ۲۰ گھنٹہ ۲۲ گھنٹہ جیگے تھا کی آررات ترے ۲ ٹے سائے ڈیلوتے میٹنگ کوری تالے) اُن کا دماغی حالت کیا ہے اس کا نتیجہ ڈاکٹر لوگ ہی بتا سکتے ہیں۔ ابھی ہمارے عزت مآب سینئر ممبر ڈاکٹر مانس رنجن بھوئیاں کہہ رہے تھے۔ ہمارے leader of opposition کے بارے میں وہ بھی ہیلتھ منسٹر تھے۔ اور وہ خود بھی پیسے سے ڈاکٹر ہیں۔ اُن کے ڈاکٹری کے دوران کہ وہ پارٹی کے نوکر ہیں۔ اُن کی بات کو ہم لوگ تسلیم کرتے ہیں، قبول کرتے ہیں۔ ہم سب بایاں محاذ کے لوگ پارٹی کے نوکر ہیں۔ لیکن آپ کے بارے میں آپ بیکتی کے نوکر ہیں ایک آدمی کا نوکر ہیں۔ سمجھے یہی فرق ہے آپ میں اور ہم میں۔

دوسری بات سو جیت بابو بول رہے تھے کہ وزیر اعظم ۱۵ لاکھ کا سوٹ پہنتے ہیں تو ہندوستان میں یہاں ۲۸ فیصد لوگ بی پی ایل لسٹ میں شامل ہیں تو اس دیس کا وزیر اعظم ۱۵ لاکھ کا سوٹ پہنیں تو یہ سو بھا نہیں دیتا ہے تو اس کا تولانا کیا گیا ہے کہ ہماری عزت مآب وزیر اعلیٰ ایک سوتی ساڑی اور ہوائی چپل سے، تو میں یہ جاننا چاہوں گا ہماری عزت مآب چیف منسٹر صاحبہ سے کہ بانا میں ۴۰ روپیہ کا ہوائی چپل ملتا ہے اور موچی میں ۴ ہزار کا ہوائی چپل ملتا ہے۔ وہ کون سا چپل پہنتی ہیں؟ وہ ہاؤس کو بتائیں۔ یہ پہلے میں جاننا چاہوں گا

دوسری بات انڈسٹری کی بات کی گئی ہے آپ لوگ انڈسٹری بگھانے میں ایک نمبر پر ہیں۔ گورنر کی تقریر میں آپ لوگوں نے نینو کا کارخانہ بگھایا دیا یہاں پر یہ لکھا نہیں، یہ تو آپ کی پارٹی کا سب سے بڑا کارنامہ ہے کہ آپ نے ٹاٹا کو بگھا دیا تو اس میں آپ نے کیوں نہیں لکھا؟ یہ آپ کو لکھنا چاہئے تھا۔ دوسری بات کہ (Noise) دیکھئے

ہم آہ بھی بھرتے ہیں تو ہو جاتے ہیں بدنام
اور وہ قتل بھی کرتے ہیں تو چرچہ نہیں ہوتا

(Noise)

Mr.Speaker: آمی statement سوب دیکھے نیبو

Shri Ali Imran Ramz: آپ لوگ یہاں پر ناری نرجاتن کی بات کرتے ہیں بنگال میں ناری نرجاتن ہو رہا ہے۔ میں بولتا ہوں کہ صرف بنگال میں ہی ناری نرجاتن نہیں ہو رہا ہے بلکہ ہندوستان کے ہر ریاست میں ناری کا نرجاتن ہوتا ہے۔ اتر پردیس میں ہو رہا

ہے، مدھیہ پردیس میں ہورہا ہے، گجرات میں ہورہا ہے، آپ کے بہار میں ہورہا ہے ہر ریاست میں ناری کا نرجاتن ہورہا ہے لیکن بنگال میں صرف ناری کا نرجاتن نہیں ہورہا ہے۔ یہاں پر سرکاری کرمچاری کا بھی نرجاتن ہورہا ہے۔ ہمارے صحافی بھائیوں کا بھی نرجاتن ہورہا ہے، عام آدمی کا بھی نرجاتن ہورہا ہے اور سب سے بڑا ریکارڈ یہ ہے کہ ہر ریاست میں نرجاتن ہورہا ہے لیکن ہمارے ریاست میں صرف ناری نرجاتن کو لیکر چرچہ کیا جاتا ہے۔ میں یہ بولنا چاہوں گا کہ صرف ہمارے ریاست میں ہی یہ ایک ریکارڈ ہے کہ ایک ناری کے دوارا پورا بنگال نرجاتن ہورہا ہے۔ صرف ایک ناری پورے بنگال کا نرجاتن کررہی ہیں۔ یہ دیکھنا ہوگا۔

دوسری بات میں بولنا چاہوں گا ہیلتھ کے بارے میں کہا گیا ہے super speciality hospital کی بات کی گئی ہے۔ اُس میں کہا گیا ہے کہ جگہ جگہ پر اسپتال بنایا جارہا ہے، سب کے لئے میڈیکل سہولت دینے کی بات۔ میں جاننا چاہوں گا ہماری عزت مآب وزیراعلیٰ صاحبہ سے کہ آج مجھے بولتے ہوئے کوئی دیدہ نہیں ہے کہ ہمارے کانگریس کے سابق ایم پی پریہ رنجن داس منشی ہمارے رائے گنج لوک سبھا کے ایم پی ہوا کرتے تھے۔ وہ اتر بنگال کے اتر دیناج پور کے لوگوں کو AIMS کا سپنا دیکھائے تھے۔ اور AIMS بنانے کی بات انہوں نے رکھی تھی اور بعد میں یہ کانگریس کی فطرت ہے کہ جو وعدہ کرتے ہے اسے نبھانے کی کوشش میں کوتاہی رہتی ہے بعد میں AIMS چناوی پرچار میں بدل گیا۔ پنچایت چناؤ سے لیکر لوک سبھا، بدھان سبھا ہر ایک چناؤ میں اُس کی چرچہ رہی لیکن AIMS کا کام نہیں ہوا جبکہ یو پی اے کی سرکار تھی۔ وہ خود منتری تھے۔ بعد میں ان کی اہلیہ دیپا داس منشی وہاں کی ایم پی منتخب ہوئیں۔ وہ سنٹرل کی منسٹر بنیں لیکن اس پر کوئی کاروائی نہیں ہوا۔ آج میں جاننا چاہوں گا جب سنٹرل گورنمنٹ نے اعلان کیا بنگال کو AIMS کا ایک برانچ دیا جائے گا تو عزت مآب وزیراعلیٰ نے اتر بنگال میں بیٹھ کر ڈیلو کی میٹنگ کر کے کہ آمدنی کا راستہ بنائے۔ **(پہاڑ ہانس چے)** کا نارا آپ لگاتے ہیں۔ اتر دیناج پور کے رائے گنج میں اگر AIMS بن جاتا تو آپ لوگوں کو کیا تکلیف ہے کہ اُس کو کلیانی لے جایا جارہا ہے۔ اس کیلئے ہائی کورٹ میں کیس ہوا ہے۔ ہائی کورٹ نے سرکار سے اُس کا justification مانگا ہے۔ چھ ہفتے میں جمعہ دینے کے لئے، چھ ہفتہ گزر چکا ہے سرکار کی طرف سے کوئی justification نہیں دیا گیا ہے کہ اتر دیناج پور میں رائے گنج میں کیوں نہیں ہوگا؟ تو میں جاننا چاہوں گا یہاں پر جتنے بھی نارتھ بنگال کے ایم ایل اے، ہمارے پارلیمنٹری سکریٹری اور ہمارے منتری ہیں۔ اُن سب سے میرا یہ سوال ہے، اتر بنگال کے تمام لوگوں کی طرف سے کہ اگر آپ لوگ دی دی کے ڈر سے اتر بنگال میں AIMS بننے کے خلاف ہیں تو ہاوس میں کھول کر بولیں کہ اتر دیناج پور میں اتر بنگال میں AIMS نہیں چاہتے ہیں۔ اگر چاہتے ہیں تو کھول کر بولیں کہ ہاں اتر بنگال میں AIMS بنے گا۔ اسلئے ہم لوگ اس ہاوس کے ذریعے آپ سے یہ مانگ کرتے ہیں کہ ہماری عزت مآب سی ایم صاحبہ ہماری حالت کی طرف دیکھیں کہ اتر بنگال میں صرف ایک میڈیکل کالج ہے۔ سلی گوڑی میڈیکل کالج پر پورا دو کروڑ کی آبادی موثر کرتی ہے۔ اور یہاں کلیانی کی بات کہی جارہی ہے کلکتہ سے ۵۰ کلومیٹر کی دوری پر ہے یہاں ڈیڑ سو سے زیادہ سرکاری اسپتال ہیں۔ یہاں پر سے کلکتہ کی دوری ۵۰ کلومیٹر یہاں چار پانچ میڈیکل کالج ہے اُس کے بعد بھی اتر بنگال کو اُسی جگہ پر چھوڑ دینے کی سازش اس کے خلاف میں یہاں پر ویرود کرتے ہوئے بولتا ہوں کہ اتر کا AIMS اتر میں بنے یہی ہماری مانگ ہے اس کو سُنا جائے۔

Law and order کی بات کرتے ہیں ابھی ہماری عزت مآب ممبر Law and Order کے بارے میں وہ بول رہی تھیں کہ **(سامپرو داک سانتی سنکھولا روکھا کورے ریکھے چن آپنا دیر سورکار ایکھونی بول چھیلن ایک جون سود سشو)** تو میں آپ کو بتانا چاہتا ہوں کہ اس سرکار کی موجودگی میں law and order and communal Harmony کس طرح ہمارے ریاست میں

برباد ہورہا ہے۔۳۴ سال میں ہملوگوں نے کوئی کام نہیں کیا ہے لیکن ۳۴ سال میں یہ بنگال ہندوستان کے سامنے ایک مثال قائم کیا تھا کہ بنگال میں کوئی بھی مذہبی فساد نہیں ہوتا ہے۔ ہندو مسلمان ایک ساتھ رہتے ہیں۔لیکن آپ کی سرکار نے ۱۰،اکتوبر کو میرے یہاں چکلیہ بدھان سبھا، کانکی گرام پنچایت میں ایک مندر کے نام پر وہاں پر یہ نارا لگایا کہ مندر میں بائیک سے آکر کچھ سامان پھنک کر گیا۔یہ حلہ ہوا ۶ بجے اور ۶ بجکر ۳۰ منٹ پر ۴۰۰ سے زیادہ لوگ راستے پر اتر گئے اور راستے پر آکر اُن لوگوں نے گاڑیاں جلائیں،لوگوں کو مارا گیا یہاں تک کہ اُن سے اُنکا نام پوچھا گیا، جو راستے میں آرہے تھے کہ نام کیا ہے؟ اگر نام سے مسلمان ہے تو اُس کو مارو، اگر نام سے ہندو ہے تو اُس کو چھوڑ دو، یہ حال وہاں پر ہوا۔اور ساتھ ہی ساتھ ایک سرکاری اسکول میں رام کرشنا پور ہائی اسکول میں ٹریننگ کیمپ چلایا جارہا ہے اور یہ آپ کی ریاستی حکومت کی اپنے ہی سرکاری اسکول میں ٹریننگ اسکول چلایا جارہا ہے یہ ٹریننگ اسکول کو یہ کیا گیا ہے۔

دوسری بات میں آپ کو بتانا چاہوں گا عزت مآب اسپیکر سر **(ہوئے تو آما کے سوائی دیتے ہو بے سرائے بھابے ایکے ۔۔۔ ریجری پنچ تھکے آما کے disturb کورتے پارے نا سرتار پورے آمی بولتے چائی آپنی سنون)** اُس کے بعد FIR کیا گیا۔اُس ایف آئی آر میں جو بات کہی گئی ہے۔اُس کے بعد بھی پولس کوئی کاروائی نہیں کر رہی ہے۔Honourable Speaker Sir یہ ایف آئی آر کا کاپی میں آپ کو دونگا اور ایف آئی آر کا ایک جملہ میں آپ کو پڑھ کر سُناتا ہوں کتنا تکلیف دہ ہے، کتنا درد ہے اس کے پیچھے، اگر اس کو سمجھنے کی کوشش کی جائے۔

Mr.Speaker : آپنی کوپی دیئے جابین

Shri Ali Imran Ramz : This time the above named accused person unzipped my pant and checked my private organ .(Noise)

Mr.Speaker: You give me the copy I will look into it. (Noise) Mr. Ramz there is no need to read this.

Shri Ali Imran Ramz: اسپیکر سرائی بھابے جودی کارور کونٹھورود کورا ہوئے تا ہولے شیبا خوبی دکھو جونک ہادے بھتورے ہم آپ سے کہنا چاہیں گے کہ یہ ایف آئی آر کا کاپی عزت مآب اسپیکر کو دینا چاہتے ہیں۔

Mr.Speaker: آمی بولام تو آپنی آما کے کوپی دیئے دیبین۔

Shri Ali Imran Ramz: اور آپ کے ذریعے میں ہمارے ہوم منسٹر عزت مآب سی ایم صاحبہ سے مانگ کرتا ہوں کہ جن لوگوں کا نام FIR by name ہے جنکو identify کیا گیا ہے کہ اُس نے میرے ساتھ کیا کیا ہے؟ اُس آدمی نے ایف آئی آر کیا ہے اُس کے بعد بھی پولس نے کوئی کاروائی نہیں کی۔اُس کو گرفتار کیا جائے یہ مانگ میں ہاوس میں آپ سب کے سامنے کرتا ہوں۔

Mr. Speaker: آپنی سیٹ کورون، ایک منٹ شوائی ہاڑیے دچی اپنا کے۔

Shri Ali Imran Ramz: میں یہ بولنا چاہونگا کہ اس طرح کے communal Harmony کو جہاں disturb کیا گیا ہے وہاں ہمارے ریاست کے منسٹر ہمارے ضلع کے عزت مآب سینئر ممبر عبدالکریم چودھری صاحب تین دن بعد وہاں آکر بولتے ہیں inspired by Honble CM ہر بات کو چھوٹی گھٹنا، آسو تو گھٹنا بولنے کی عادت ہے۔ تو اُنہی کی نقشِ قدم پر چلتے ہوئے عبدالکریم چودھری صاحب نے کانکی میں جاکر ہزاروں لوگوں کے بیچ میں یہ کہا تھا کہ اس طرح کے گھٹنا کو جہاں پر آدمی کا نام پوچھ کر مارا جارہا ہے، کسی کی داڑھی دیکھ کر مارا جارہا ہے، کسی کا پینٹ اتار کر مارا جارہا ہے **(Noise)** اس کے بعد مائیک بند ہوگیا۔

[4.30—4.40 p.m.]

শ্রীমতী বীণা মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের রাজ্যপাল শ্রী কেশরীনাথ ত্রিপাঠী কর্তৃক প্রদত্ত যে ভাষণ, তাকে আমি পূর্ণ সমর্থন জানাই। আপনারা সকলেই জানেন যে বিগত ৩৪ বছরে সি.পি.এম. তারা কি করেছিল। বড়ো বড়ো কথা বলছে বিরোধীরা। আগে নিজের পরিবারের বিষয়টা ওরা একবার ভাবুক। কারণ আপনারা সকলেই জানেন যে, মমতা বন্দ্যোপাধ্যায় ২৬টা দিন অনশন করে ১০ কোটি মানুষের সমর্থন নিয়ে তিনি এই জায়গায় এসেছিলেন। এবারে আপনারা সকলেই লক্ষ করেছেন যে, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তিনি উন্নততর পরিষেবা প্রদানের মধ্য দিয়ে রাজ্যটাকে এগিয়ে নিয়ে যাচ্ছেন। এবারে আমরা কি দেখলাম যে, বনগাঁ লোকসভা এবং কৃষ্ণগঞ্জ বিধানসভা উপনির্বাচনে আমাদের মা-মাটি-মানুষের সরকার বিপুল ভোটে সেখানে জয়ী হয়ে এসেছেন এবং আমাদের সরকারের বিরুদ্ধে এত কুৎসা, এত অপপ্রচার সত্ত্বেও কিন্তু বাংলার মানুষ রায় দিয়ে দিয়েছেন ভোট যন্ত্রের মধ্য দিয়ে। সেখানে সারা পশ্চিমবাংলার মানুষ কি দেখল ? তারা দেখল যে অন্য যে দলগুলো আছে, তারা খড়কুটোর মতো ভেসে গিয়েছে। ৩৪ বছর ধরে কি করেছে ? বিরোধীরা বড়ো বড়ো ভাষণ দিলে সে কথা তো মানুষ শুনবে না। ৩৪ বছর ধরে ওরা খুন, সন্ত্রাস, স্বজন-পোষণ ছাড়া বাংলায় ওরা কিছুই দেয়নি। ৩৪ বছর ধরে যেভাবে রক্ত ঝরিয়েছে, বাংলার মানুষ কিন্তু ভুলে যায়নি সেই ৩৪ বছরের ইতিহাসের কথা। এখন বড়ো-বড়ো ভাষণ দিচ্ছে বিরোধী পক্ষেরা। বিরোধিতার জন্যই শুধু বিরোধিতাই করছেন। পূর্ববর্তী সরকার—তারা সস্তা জনপ্রিয়তা অর্জন করার জন্য কর আদায়কারীর কাছ থেকে প্রদেয় কর আদায় না করে কেবল রিজার্ভ ব্যাঙ্ক থেকেই ঋণ গ্রহণ করে নির্ভর করেছিল এবং এই রাজ্যটাকে সেইভাবেই চালিয়ে যাচ্ছিল। আমরা সেখানে কি দেখেছি ? আমরা দেখেছি যে, সেই রিজার্ভ ব্যাঙ্ক থেকে ঋণ নেওয়ার ফলে ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা দেনার বোঝা দিয়ে আগের সরকার চলে গিয়েছে।

[4.40—4.50 p.m.]

ঋণগ্রস্ত সরকার ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা দেনার বোঝা নিয়ে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, তিনি কর আদায়ের উপর নির্ভর করে ৩ বছরে সেই রাজস্ব আদায়ের পরিমাণ ২০ হাজার কোটি টাকা থেকে ৪০ হাজার কোটি টাকা বাড়িয়েছেন এবং তিনি ভেঙে পড়া অর্থনীতির মধ্যে দাঁড়িয়ে উন্নয়ন করে যাচ্ছেন। ৩৪ বছরে আমরা কি দেখেছি ? মেয়েদের ওরা কখনও সার্বিক অধিকার দেয়নি।

"আমরা চলি সমুখ পানে কে আমাদের বাঁধবে,
রইল যারা পিছুর টানে কাঁদবে তারা কাঁদবে।"

১লা অক্টোবর ২০১৩ সালে মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কন্যাশ্রী প্রকল্প চালু করলেন। জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে প্রতিটা মেয়ে তারা আজকে এর আওতার মধ্যে এসে

গিয়েছে। ১ লক্ষ ২০ হাজার টাকা যে সকল পরিবারের বার্ষিক ইনকাম, সেই সকল পরিবারের মেয়েরা আজকে এই সুযোগ পাচ্ছেন। ১৮ বছর উত্তীর্ণ হয়ে গেলে তার অ্যাকাউন্টে ২৫ হাজার টাকা দিয়ে দিচ্ছেন মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আজকে কন্যাশ্রী প্রকল্প আন্তর্জাতিক স্তরে খ্যাতি ও সম্মান পেয়েছে। এই প্রকল্প মডেল হিসেবে ঘোষিত হয়েছে ইউনিসেফ ও ব্রিটিশ সরকারের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা ডি.এফ.আই.ডি.-তে। বাংলার ঘরে ঘরে প্রতিটা মেয়ে আজকে কন্যাশ্রী হয়ে উঠবে। আমরা মনে করি যে একটি পরিবারের মেয়ে যদি শিক্ষিত হয় তাহলে গোটা পরিবারটাই শিক্ষিত হবে। এর ফলে বাল্য বিবাহ থেকে মুক্তি পাবে প্রতিটা মেয়ে। শিক্ষার দিক থেকে সে আরো উৎসাহ পাবে এবং তাদের দক্ষতা আরো বৃদ্ধি পাবে। মেয়েরা আমাদের ঘরের সম্পদ। তারাই ভবিষ্যতের অনন্যা, বাংলার রূপসী। মমতা বন্দ্যোপাধ্যায় যে কন্যাশ্রী প্রকল্প চালু করেছে, সেটা বিশ্ববাসীকে দিশা দেখাচ্ছে। দেশ দেশান্তর থেকে বহু মানুষ এই প্রকল্পের বিষয়টি জানার জন্য এগিয়ে আসছে। এটা উন্নয়ন নয় ? কোথায় ছিল ৩৪ বছর আগে ? আমরা দেখেছি যে বামফ্রন্ট ৩৪ বছর ধরে শুধু নিজেরা ক্ষমতায় থাকার কথা ওরা ভেবেছে। কখনো কোনোদিনও বাংলার ভবিষ্যতের দিকে একবারও ওরা ফিরে তাকায়নি। আমরা দেখেছি ওরা উন্নয়নের টাকাগুলো সব পকেটে ভরেছে, আর পার্টির ক্যাডার পুষেছে। তপশিলি জাতি, তপশিলি উপজাতি, সংখ্যালঘু থেকে শুরু করে, জঙ্গলমহলের মেয়েরা থেকে শুরু করে আজকে নবম শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণীতে পাঠরত মেয়েরা তারা সাইকেল পাচ্ছে। মমতা বন্দ্যোপাধ্যায়ের দেওয়া সাইকেলে করে পিছিয়ে পড়া মেয়েরা যখন রাস্তা দিয়ে যায় তখন সত্যিকারে দেখতেও ভালো লাগে। প্রতিটা মেয়ে তারা আজকে উপকৃত হচ্ছে। কর্মহীন যুবক-যুবতীদের জন্য যুবশ্রী প্রকল্প চালু করেছেন। এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নাম নথিভুক্ত করলে প্রতিটা ছেলে-মেয়ে দেড় হাজার করে টাকা পেয়ে যাচ্ছেন। ১৮-৪৫ বছর বয়েসি ছেলে-মেয়েরা এই সুযোগের আওতায় এসে যাচ্ছেন। আগের সরকার থাকাকালীন আমরা দেখেছি যে অধিকাংশ গ্রামে কিন্তু বিদ্যুৎ পৌঁছায়নি। সি.পি.এম. যখন গ্রাম বাংলায় মিটিং করতে যেতেন তখন তারা কি বলত ? যে দুনিয়ার মজদুর এক হও। কিন্তু একটা দিন মজুরের কথা ওরা ভেবেছে ? আপনারা সকলে দেখতে পাচ্ছেন আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তিনি প্রতিটা পরিবারকে বিদ্যুতের আলো পৌঁছে দেওয়ার ব্যবস্থা করেছেন এবং লোডশেডিং শব্দটা আমরা প্রায় ভুলেই গেছি। সবার ঘরে আলো নামে একটি নতুন প্রকল্পের মাধ্যমে এ.পি.এল., বি.পি.এল. উভয় পরিবারকে বিদ্যুৎ সংযোগের আওতায় আনার ব্যবস্থা করে দিয়েছেন। এটা আমাদের সরকারের সবচাইতে বড়ো সফলতা। সুজলা, সুফলা, শস্য শ্যামলা আমাদের এই বাংলা। বাংলার অপরূপ সম্পদের কথা কিন্তু আমরা সকলেই লক্ষ করেছি। ৩৪ বছর ধরে সি.পি.এম. কখনও কোনোদিনও বাংলার দিকে ফিরেও তাকায়নি। আমাদের সরকার কৃষি বিপণনের উপর বিশেষভাবে গুরুত্ব দিয়েছেন। ইতিমধ্যেই বিভিন্ন জেলায় কৃষক বাজার নির্মাণ করেছেন। ৮৪টি কৃষক বাজার নির্মাণের কাজ সম্পূর্ণ হয়েছে এবং ৮৮টির কাজও চলছে। পি.পি.পি. মডেলের অধীনে কৃষক বাজার যোজনা চালু করেছেন। যাতে প্রতিটা কৃষকের ঘরে কৃষাণ ক্রেডিট কার্ড ইতিমধ্যে পৌঁছে দিয়েছেন।

আমার ফসল আমার গোলা, আমার ফসল, আমার গাড়ি চালু করেছেন। কৃষকরা একটি অনুদান পাচ্ছেন। বিভিন্ন ধরনের শস্য গোলা, ভ্যান রিকসা, তার সঙ্গে সবজি রাখার জন্য ঝুড়ি পাচ্ছেন। লোক প্রসার প্রকল্প নামক কর্মপ্রকল্পের সূচনা করেছেন। গ্রামবাংলায় যে সকল ছোটো ছোটো লোকশিল্পী, যাত্রাশিল্পী, নজরুল গীতি, মুকাভিনয়, গ্রাম্য শিল্পী অঙ্কন প্রতিযোগিতা, রবীন্দ্র সঙ্গীত এগুলো প্রায় বিলুপ্তির পথে চলে যাচ্ছিল। তাই আমাদের মা-মাটি-মানুষের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে এইসব ছোটো ছোটো শিল্পগুলোকে এগিয়ে নিয়ে আসার জন্য আর্থিক অনুদানের ব্যবস্থা করেছেন, এমনকি ভাতা দেওয়ারও ব্যবস্থা করে দিয়েছেন। এর ফলে তাদের জীবিকা নির্বাহের ব্যবস্থা সুনিশ্চিত হয়েছে। রাজ্যের চলচ্চিত্র, টেলিভিসন শিল্পকে সহায়তা প্রদান করেছেন। শিল্পকলা, সংস্কৃতি, ক্রীড়া, সঙ্গীত, চলচ্চিত্র জগতের বিশিষ্ট ব্যক্তিবর্গের সারা জীবনের অবদানের স্বীকৃতি স্বরূপ রাজ্য সরকার তাদের সম্মান প্রদানের জন্য বিশেষ উদ্যোগ নিয়েছেন। তাই বলি, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় উন্নয়নের যে কর্মযজ্ঞ শুরু করেছেন সেই উন্নয়নের কর্মযজ্ঞে সকলকে আসার জন্য আহ্বান জানাই।

Dr. Harka Bahadur Chhetri : Hon'ble Speaker, Sir, there has been a lot of heated discussions in this House. So, I rise before this august House to speak in support of Governor's speech, may be to the surprise of my friends, but I have my reason which I will justify. Before I start my speech Sir, I must condemn the statement made by one organization leader using derogatory language against the Hon'ble laureate, Mother Teresa. I remember one incident when the American President, Bill Clinton had visited in India, he saw Mother Teresa in some street washing clothes with some patience. He held both the hands of Mother, raised the two hands and said that these are the two most beautiful pair of hands I have ever seen. So use any derogatory language against such a lady would be demeaning whatever affords she has put through her entire life. Sir, the Hon'ble his Excellency, the Governor, in his speech, mentioned and I must congratulate this Government for creating a separate district of Alipurduar. A meeting was held in Rotunda a couple of years back of all party where I was also present and while voicing my opinion, giving my suggestion to the Govrnment, what I have said was let there be a Committee to study the entire district of West Bengal to find out the parameters, not just the population but the infrastructure, the backwardness of the region and also the difficult geographical terrain should be taken into consideration. If you take into this consideration then Kalimpong the Constituency that I represent, it begins from Sikkim

and ends in Bhutan, is such a huge constituency and it has all the capability of becoming a separate district and Hon'ble Chief Minister had then said এই বিষয়টা খতিয়ে দেখতে হবে যে বিষয়টা হরকাবাহাদুর ছেত্রী বলেছেন।

I hope that during next session, some concrete decisions might be taken by the Government. So I bring this before the notice of this august House. Sir, his Excellency also said that Darjeeling is peaceful. There are no more Bandhs now. For having said that he added one more point saying that but the genuine grievances of the people must be heard. And I also repeat and highlight some of the points which I need, should be brought into the notice of the House Sir. We, in GTA, do not want competition, we want cooperation of the Government because we understand that only by cooperation, we can proceed forward but there are certain issues, like small issues like the transfer of the departments, like the issue of Education Department, it is a transfer department and yesterday only my friend from Kurseong was raising the issue of two schools—Dowhil and Voctoria and the Hon'ble Education Minister had said—okay, the stand of the Government is that these two schools will remain with the State. You meet me and have a discussion privately. But I feel and before this House, I would like to bring to the notice of the Hon'ble Education Minister also that this will go against the spirit of the agreement. So I request the Government to kindly take initiative such that these two schools can be transferred to GTA.

[4.50—5.00 p.m.]

Hon'ble Speaker Sir, at the same time, I must give credit for some good thing which this Government has done. I congratulate this Government for announcing and starting two Government Colleges in Darjeeling. In Darjeeling, the first Government College was built in 1959 and that was the time when there were not many colleges in the entire North Bengal and this is one college which used to run courses of post-graduation in Botany and Zoology. People from across Malda and even from Kolkata use to go to Darjeeling for studying post-graduation in Botany and Zoology. So after a lapse of almost half century years, this Government has started two Government Colleges—both are nearing completion.

Now the session will start from June-July this year for which I must congratulate this Government.

Sir, there is a great problem of anomaly in the electricity bills. Some other friends have also raised this issue. There is 293 M.W. electricity generated by the Teesta Hydel Project through NHPC. So as I come from that place where the power is generated, 12% of the power should be made available to the residents. The World Dam Commission report says that and we had a discussion also with the Chief Minister and in the bi-partite talk. If 6% of it goes to the State Government then 6% of it must come to the GTA in which case I think pending agitation period electricity bill which was promised by no other than the Hon'ble Chief Minister herself to be waived ; it has not yet been waived and instead, people are getting astronomical figure in the electricity bills. This needs immediate attention and it needs to be sorted out as soon as possible.

Sir, this Government has taken initiative for giving 'Khel Samman' to sports personnel and other personalities. One gentleman who scaled to pick up the Everest eight times and once without oxygen, is Nawang Gombu was passed away last year, but his name has not been featured in the State Govdrnment's 'Khel Samman Puraskar'. So, I have brought this to the notice of the House hoping that it will get noticed by the Government and some decision would be taken to that effect.

Sir, I have just been given five minutes. So, I request the Hon'ble Speaker to give me some more time because I was going through the list and I have got the minimum time. Sir, since I have come from the furthest end of the state, I should have been given the maximum time.

Mr. Speaker : Please go on.

Sir, this Government is sincerely trying to provide skill to the drop-out students by opening ITIs and polytechnics. Three new ITIs have been announced in Darjeeling, but having said that I must highlight this issue that the conditions of the existing ITIs are very miserable. There is one in Kalimpong, there are no courses on, no teachers. There is one principal who comes from

Siliguri and that too is like Hally's comet. Once in a while he comes. Nobody knows when he comes. So the trades have all been closed down. So, if this is the condition of the existing ITIs, I am worried about that and the Government should give enough attention so that all these new ITIs should be manned with proper staff so that the local inhabitants would benefit from it. Sir, there was a time when four quotas for agriculture students from the Hills was reserved that was almost thirty years back, when the number of students were ten to twenty studying agriculture. Now, across the Hill, it has crossed over five hundred. But the quota has remained the same. As a result of which, our students are getting discouraged to take agriculture as a career, so to this effect also if the Government gives attention and raises this quota then the people would be benefited. Having said that I must add one more point that there is no quota for medical and engineering for the GTA area. It is important because the hill students are not exposed to higher education. If a quota is fixed for the hill students then, I think, the entire region will be benefitted from that and it will be a historical step and in addition to that one more thing that this Government is distributing pattas to the landless. I requested the Hon'ble Chief Minister when she last visited Darjeeling that let the tea garden people whose five generations have stayed there and despite that they don't have pattas. So, if this Government decides to distribute pattas to the tea garden workers then that would be definitely a historical step. Sir, I would just make one more submission. Since I am not carrying my page so I am unable to see what I myself have written. So, I would not take much time of the House for having said that. On the whole I support the speech of the Governor because before this may be my friends in the opposition might not agree but this is one Government, this is one Chief Minister who has taken all the pains to come to the hills. I am not going to judge the speech what is happening in the rest of the State but what has happened in Darjeeling and what we expect and what we dream. This is certainly one Government which we feel, will try and work and make out dream come true for which I appreciate, I approve and I support the speech of his Excellency, the Governor of West Bengal. Thank you, very much, Sir.

শ্রীমতী নমিতা সাহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে এই হাউসে বলতে দেওয়ার জন্য ধন্যবাদ। গত ১৯শে ফেব্রুয়ারি মাননীয় রাজ্যপাল এই পবিত্র সদনে যে বক্তব্য পেশ করেছেন আমি তার সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমার কথা বলব। আমরা জানি বিরোধী আসনে বামপন্থী বন্ধুরা আছেন। আমরা জানি বিরোধিতা করার জন্য তাদের বিরোধিতা করতে হচ্ছে। কিন্তু আমরা বলব মা-মাটি-মানুষের সরকার দু হাজার এগারো সালে যখন বাংলার মসনদে বসলেন সেই সময়ে তার মাথার উপরে ছিল দুই লক্ষ তিন হাজার কোটি টাকার দেনার ঝুড়ি। সেই দেনার ঝুড়ি মাথায় নিয়ে বাংলার মসনদে এসে বাংলার সর্বত্র উন্নয়ন, বাংলার শান্তি, বাংলার মানুষের শৃঙ্খলা রক্ষার ব্যবস্থা একটার পর একটা করে গেছেন। সেটা বাংলার মানুষ ভালোভাবেই জানে। কারণ গত যে উপনির্বাচনগুলি হয়ে গেছে বিশেষ করে কয়েকদিন আগে বনগাঁ এবং কৃষ্ণগঞ্জে যে বাই ইলেকশন হয়েছে তাতে বাংলার মানুষ বিরোধী বন্ধুদের চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিয়েছেন। বাংলার সর্বত্র শান্তিশৃঙ্খলা বিরাজ করছে। আপনারা জানেন যে মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রী বাংলার নয়নের মণি তিনি একজন মহিলা। আর আমিও মহিলা। আপনারা জানেন যে বাংলার মহিলা শেষ হয়ে যাচ্ছিল। বিদেশে পাচার হয়ে যাচ্ছিল। কন্যা ভ্রূণও শেষ করে দিচ্ছে। এই রকম একটা অবস্থা চলছে। আমার বামপন্থী বন্ধুরা নিশ্চয় আমরা জানি তাদের বাড়িতে যখন একটা কন্যা সন্তান জন্মগ্রহণ করে মুখ তাদের কালো হয়ে যায়। এটা আমরা সবাই জানি। তাই বাংলার নেত্রী তাঁর মস্তিষ্কপ্রসূত প্রকল্প কন্যাশ্রী প্রকল্প চালু করেছেন। কেন চালু করেছেন ? মেয়েরা যাতে স্বাবলম্বী হয়। বাল্যবিবাহ রোধ করার জন্য এই কন্যাশ্রী প্রকল্প। মেয়েরা শিক্ষায় এগিয়ে চলছে। মেয়েরা শিক্ষাতে এগিয়ে শুধু নয়, মেয়েরা অধিকাংশ জায়গাতে চাকরি বাকরি করছে।

[5.00—5.10 p.m.]

তাই অষ্টম শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত তাদের একটা প্রকল্পের মধ্যে আনা হয়েছে—৫০০ টাকা বছরে তারা একটা বৃত্তি পাচ্ছে। এবার দ্বাদশ শ্রেণির পর যখন তারা উচ্চ শিক্ষায় কলেজে প্রবেশ করছে, এককালীন ২৫ হাজার টাকা তাদের দেওয়া হচ্ছে, সারা ভারতবর্ষে একটা আলোড়ন সৃষ্টি হয়েছে কন্যাশ্রী প্রকল্পের জন্য। শুধু ভারতবর্ষ বললে ভুল হবে, এই প্রকল্প আন্তর্জাতিক স্তরে পৌঁছে গেছে এবং আন্তর্জাতিক সংস্থা ইউনিসেফ এই প্রকল্পটাকে জাতীয় মর্যাদা দিয়েছে। এই রকম একটা প্রকল্প—তাই আপনাদের বলতে চাই—এটা হচ্ছে মায়ের কথা। মাটির কথা বলব। মাটি হচ্ছে আমাদের শ্রেষ্ঠ সম্পদ। যে কথা রামকৃষ্ণদেব বলে গিয়েছিলেন যে, 'টাকা মাটি, মাটি টাকা'। আর তারই শিষ্য স্বামী বিবেকানন্দ বলে গিয়েছিলেন, 'হে জগদম্বে, হে গৌরীনাথ বাংলা তথা ভারতবর্ষ এবং পৃথিবীর মাটিই হচ্ছে আমার স্বর্গ।' তাই মা-মাটি-মানুষের নেত্রী তিনি মাটি উৎসব করেছেন। মাটি উৎসব ২০১২ থেকে শুরু হয়েছে। এই মাটি উৎসব করার পর কৃষকরা কৃষিকাজে আরো বেশি করে মন দিয়েছে এবং কোন ধরনের কোন মাটি, সেই মাটির সম্পর্কে তারা সম্পর্ক রেখেছেন। কৃষিতে আজ বাংলা স্বয়ংসম্পূর্ণ। কৃষি কার্য করে কৃষকরা এগিয়ে চলছে। আগে আমরা পত্র-পত্রিকায় দেখতাম যে, কৃষকরা আত্মহত্যা করছে। সেই আত্মহত্যা কিন্তু বন্ধ হয়ে গেছে। বিজ্ঞান সব

কিছু পারে। কিন্তু বিজ্ঞান প্রকৃতিকে আজ পর্যন্ত জয় করতে পারেনি। তাই আমরা দেখলাম যে, কখনো বাংলা তথা ভারতবর্ষ এবং পৃথিবীর বুকে খরা হয়, কখনো বন্যা হয়। আর কৃষকরা কৃষাণ ক্রেডিট কার্ডের মাধ্যমে ঋণ গ্রহণ করে। খরা বা বন্যায় যখন তার ফসল নষ্ট হয়ে যায়, তখন ৭ খুন মাফ। তাকে আর কৃষি ঋণ শোধ করতে হয় না। বন্ধুগণ, যুবশ্রী প্রকল্পের কথা আপনারা জানেন, যুবশ্রী প্রকল্পের মধ্যে বেকার যুবকদের কাজের উৎসাহ দেখানো হয়েছে। আপনারা জানেন যে, ৩৪ বছর ধরে সি.পি.এম. পার্টি কি করে গেছে। যুবকদের হাতে আগ্নেয়াস্ত্র তুলে দিয়ে গেছে। আর মা-মাটি-মানুষের সরকার আসার পর সেইসব যুবকরা মুক্তির স্বাদ পেয়েছে। তারা যুবশ্রী প্রকল্পে নাম লিখিয়েছে। এইভাবে যুবকরা এগিয়ে চলছে। আরেকটি কথা বলে আমি আমার কথা শেষ করব। বিরোধী আসনে থাকলে বিরোধিতা করতে হয়। কিন্তু আমরা জানি, আমরা মাটির মানুষ। মা-মাটি-মানুষের নেত্রীর পদাঙ্ক অনুসরণ করে চলি। গ্রামে গ্রামে চারিদিকে উন্নয়ন.....

(নির্ধারিত সময় শেষ হয়ে যাওয়ার কারণে এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন করে দেওয়া হয়।)

শ্রীমতী মমতা রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকের এই মহতী সদনে ১৯শে ফেব্রুয়ারি রাজ্যপাল যে বক্তব্য রেখেছেন, সেই বক্তব্যে সঙ্গতি না থাকায় আমি সমর্থন করতে পারছি না। মাননীয় রাজ্যপালের ভাষণে সরকার হয় দিবালোকে ঘুমিয়ে নতুবা দিবা স্বপ্ন দেখিয়ে—দেখতে দেখতেই তিনি এই ভাষণ লিখেছিলেন। কারণ, এই ভাষণেই তিন পাতায় লিখেছিলেন, শান্তিপূর্ণভাবে ভোট হয়েছিল—২০১৪ সালের লোকসভা নির্বাচন। পশ্চিমবাংলার মানুষ কেন, সারা ভারতবর্ষের মানুষ জানে যে, এই পশ্চিমবাংলায় সাংসদ নির্বাচনের সময় যারা নাকি ভোট লুট করে আজকে জামিন হয়ে ঘুরে বেড়াচ্ছেন লক্ষ লক্ষ টাকা দিয়ে, আর এই বিধানসভারই আরো যারা বিধায়ক, তারাও কিভাবে তাদের এলাকাতে ভোট লুঠ করেছিলেন। নির্বাচন কমিশন, নির্বাচন আধিকারিকদের শাসকদলের কাছে তাদের আক্রান্ত হতে হয়েছে। নিরাপদ ছিল না। কেন্দ্রীয় পুলিশ এসেও তাদেরকে বসিয়ে রাখা হয়েছে। ছদ্মবেশে যারা ভিলেজ পুলিশের নামে রয়েছে, যারা সিভিক পুলিশের নামে রয়েছিলেন, তাদের মাধ্যমে তারা নির্বাচন করেছিলেন। ভোটারদেরকে ভোট দিতে দেওয়া হয়নি। যেখানে সি.পি.এম.-এর পার্টি অফিস ছিল, হাজার হাজার পার্টি অফিস তারা জ্বালিয়ে দিয়েছিল। বিধানসভায় রাজ্যপালের ভাষণে কিভাবে সেটা তারা উল্লেখ করবে ? তাই তারা সেটা উল্লেখ করেনি এই ভাষণের মধ্য দিয়ে। তারা বলেছিলেন যে, এই পশ্চিমবাংলায় নাকি কন্যাশ্রী দিয়ে কন্যাদের উপকার হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভাবতে লজ্জা লাগে আজ, যে পশ্চিমবাংলায় মহিলাদের মান-সম্মান মাথার উঁচুতে ছিল, যারা নাকি ৩৪ বছরের কথা বলছে, সেই ৩৪ বছরে অধিকার দিয়েছিল আমাদের বামফ্রন্ট সরকার মহিলাদেরকে। আর যারা পরিবর্তনের সরকার নিয়ে এল ২০১১ সালে, বলেছিলেন যে, আমরা একটা নতুন সরকার দেখতে চাই। যে সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী—তিনি নিজে মহিলা। তিনি যে মহিলাদের উপকার করবেন, সাধারণ মানুষ যারা পশ্চিমবাংলায় রয়েছেন, ভেবেছিলেন যে, মহিলা মুখ্যমন্ত্রী, মহিলাদের নিরাপত্তা থাকবে। কিন্তু আজ কোথায় সেই নিরাপত্তা ? আজ

সেখানে কোনো নিরাপত্তা নেই। প্রতিনিয়ত মহিলাদের ওপরে আক্রমণ হচ্ছে। কামদুনি থেকে, কাটোয়া থেকে, পার্কস্ট্রিট থেকে, ধূপগুড়ি, ফালাকাটা পর্যন্ত ছড়িয়ে গেছে এই রোগ। আজকে আমার বাড়ির পাশে যে মেয়েটির হত্যা হল, তার দেহটা বিবস্ত্র অবস্থায় পাওয়া গেল। শালিশি সভা ডাকলেন তৃণমূলের কাউন্সিলার আমার ধূপগুড়িতে। তার স্বামীকে তৃণমূলের গুন্ডারা রাতের অন্ধকারে তুলে নিয়ে গিয়ে, ১৩ বছরের শিশুটিকে—হিমানী বর্মণকে তারা হত্যা করলেন। এই নজির আমাদের উত্তরবাংলায়, আমাদের জলপাইগুড়ি জেলাতে ছিল না। এই প্রথম শুরু হল এই রাজ্যের মধ্যে আমার জলপাইগুড়ি জেলার ধূপগুড়ি ব্লকের মধ্যে। লজ্জা লাগে, ধিক্কার জানাই আমি এই মহতি সদনের মধ্য থেকে। গোটা পশ্চিমবাংলার মানুষ জেগে উঠুক, তার বিরুদ্ধে তারা প্রচারে নামুক যে, আমাদের এই পশ্চিমবাংলায় শাসন আনতে হবে। যারা নাকি এই পশ্চিমবাংলাকে শাসন করতে পারবে, পুলিশের হাতে ক্ষমতা দিতে পারবে। আজ পুলিশের হাতে ক্ষমতা নেই। সেই ক্ষমতা শাসকদলের হয়ে তারা কাজ করছেন। পুলিশ নির্বাকভাবে রয়েছেন। পুতুলের মতো দর্শন তারা করছেন, তারা দেখছেন, তাদের সামনে খুন হয়ে যাচ্ছে, ধর্ষণ হয়ে যাচ্ছে। মার সামনে মেয়ে হচ্ছে, লজ্জা লাগে, ভাবতে অবাক লাগে যে, পশ্চিমবাংলায় আজকে এই ঘটনা ঘটে যাচ্ছে চারিদিকে। আর আপনারা বলছেন, অনেক উন্নয়ন হয়েছে। কোথায় উন্নয়ন হল ? কি উন্নয়ন করলেন আপনারা ? যে বিল্ডিংগুলো তৈরি হয়েছিল, সাদা-নীল রং করে আপনারা বলছেন উন্নয়ন করেছেন ! যে রাস্তাগুলো করা হয়েছিল, সেই রাস্তার ওপরে রিপেয়ারিং করে বলছেন উন্নয়ন হয়েছে ! এই হল উন্নয়ন আমাদের পশ্চিমবাংলায় ! আজকে চা-শ্রমিকরা, যেখানে চা-বাগানের উৎসব হয়ে গেল। ২০ লক্ষ টাকার উৎসব সেখানে হয়ে গেল। সেই উৎসবের দু-দিন আগেই আমার চা-শ্রমিকরা মারা গেলেন। চা-শ্রমিকদের মৃত্যুর মিছিলের লাইন চলছে, দিনের পর দিন বৃদ্ধি হচ্ছে। আর বলছে, সেখানেও অনেক উন্নয়ন হয়েছে। ভাবতে অবাক লাগে, ৭টি চা-বাগান বন্ধ হয়েছে। ১টি চা-বাগান সরকার নিয়েছে। তবু সেই চা-বাগানের কোনো দিশা নেই, শ্রমিকরা কোন অবস্থায়, কোন পরিস্থিতিতে রয়েছে। আজকে বলছেন ২ টাকা দামের চালের কথা ? শ্রমিকের ঘরে খাদ্য নেই, জল নেই, আলো নেই, অনাহারে তারা মৃত্যুর মুখে, স্বাস্থ্য ভেঙে পড়েছে। স্বাস্থ্য বিভাগ ভেঙে পড়েছে। তাই আর পরিষেবা দেওয়া হচ্ছে না। তাদেরকে হসপিটালে নেওয়া যাচ্ছে না। কারণ স্বল্প মূল্যের যে ওষুধ আপনারা দিচ্ছেন, সেই ওষুধে তাদের আর কাজ হচ্ছে না। ডাক্তারবাবুরা আর সেই ওষুধ লিখছেন না। বলছেন, স্বল্প মূল্যের ওষুধের দোকানে ওষুধ নিলে পরে আপনাদের রোগী মারা যাবে, আপনারা বাইরে নিয়ে যান। এই হল আমার পশ্চিমবাংলার অবস্থা। কৃষকের কথা বলছেন, কৃষকের উন্নয়নের কথা বলছেন। আর কৃষকরা ধানের দাম না পেয়ে আত্মহত্যা করছে। সে কথা কি একবারও এই মহামান্য রাজ্যপালের ভাষণের মধ্যে রয়েছে ?

[5.10—5.20 p.m.]

তাদের একটা কথাও লেখেননি। আমার এলাকায় অনেক আলু উৎপাদন হয়, সেই আলু দিয়ে অনেক অর্থ রাজকোষে আসে অথচ আলু যারা চাষ করছে সেই আলু চাষীদের

আপনারা মৃত্যুর মুখে ঠেলে দিচ্ছেন আর বলছেন মৃত্তিকা উৎসব হচ্ছে। কিসের উৎসব হচ্ছে ? কোথায় আলুর দাম পাচ্ছে ? আলুর কৃষকরা আত্মহত্যা করছে। এই হল আমার পশ্চিমবাংলা। ভাবতেও অবাক লাগে। ঠান্ডা ঘরে থেকে কোনো কিছু ভাবা যায় না। আজকে যদি আমাদের এই রাজ্যপাল মহাশয় শুধু এখানে না থেকে বাইরের দিকটা দেখতেন আমার মনে হয় তিনি সাধারণ মানুষের কথাগুলো ভাবতেন। তাই আমি আজ আর একটা কথা বলব যে সুগন্ধী পান খেয়ে, যেমন মুখের গন্ধ যায় না তেমনই এই ভাষণের মধ্যে যতই আপনারা বলুন না কেন অনেক উন্নয়ন হয়েছে, ঢাক পিটিয়ে বলুন না কেন কালিরামের ঢোল কিন্তু ফেটে যায়। সারা বাংলার.... (এই সময় মাইক অফ হয়ে যায়)।

শ্রী সত্যজিৎ বিশ্বাস : মাননীয় অধ্যক্ষকে আমি সর্বপ্রথম ধন্যবাদ জানাই আজকে আমাকে বলতে দেওয়ার জন্য। আমি একজন নতুন সদস্য। ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল শ্রী কেশরীনাথ ত্রিপাঠী কর্তৃক ১৯.০২.২০১৫ তারিখে প্রদত্ত ভাষণকে আমি পূর্ণাঙ্গ সমর্থন জানাচ্ছি। আমি কয়েকদিন ধরে এই অধিবেশনে বিরোধী যারা আছেন তাদের অনেক বক্তব্য শুনেছি। আমি তার উপরে দাঁড়িয়ে বলছি মাননীয় রাজ্যপাল এই বইটিতে যে বক্তব্য পেশ করেছেন তাকে আমি পূর্ণাঙ্গ সমর্থন করছি একটাই কারণে, এই বইতে যে বিষয়গুলো উল্লেখ করা আছে প্রত্যেকটাই সত্য। আমরা যারা বাংলার মা-মাটি-মানুষ সরকারের যে উন্নয়ন বিভিন্ন জায়গায় সেই উন্নয়নটাকে বিভিন্ন ভাবে মানুষ দেখতে পাচ্ছেন। আমরা দেখেছি মুখ্যমন্ত্রী বাংলায় ক্ষমতায় আসার আগে বাংলার মানুষের সামনে যে যে কথাগুলো রেখেছিলেন—বাংলার কৃষকের উন্নয়ন করব, স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়ন আনবো, শিক্ষা ব্যবস্থার উন্নয়ন করব, পরিকাঠামোগত দিক— রাস্তাঘাট পানীয় জল, শিল্প ইত্যাদি বিভিন্ন দিকে আমরা দেখতে পেয়েছি একের পর এক সেই উন্নয়ন যজ্ঞে জনলিপ্ত হয়েছে। বিরোধীরা যারা আছেন তারা একের পর এক তার বিরোধিতা করে চলেছেন। আমি মনে করি বিরোধীরা শুধু বিরোধিতা করবার জন্যই এই হাউসে আসেন। তারা উন্নয়নকে সমর্থন করতে জানে না। উন্নয়নকে সমর্থন করার মতো মানসিকতাও তাদের নেই। কৃষকের উন্নয়নের জন্য আমাদের নেত্রী মুখ্যমন্ত্রী যা যা বলেছিলেন একটা-একটা করে তিনি তা করবার মানসিকতা রচনা করেছেন। আমরা তা দেখেছি। কৃষকের স্বল্প সুদে ঋণের ব্যবস্থাপনা চালু করেছেন। আমি একজন কৃষক পরিবারের তফশিলি সম্প্রদায়ের মানুষ। আমি দেখেছি কৃষকদের উন্নয়ন করবার জন্য আমাদের নেত্রী বিভিন্ন সময় স্বল্প সুদে ঋণের ব্যবস্থাপনা করেছেন। এই ২০১২-১৩ অর্থবর্ষে ৬৫ হাজার কৃষককে ৫ হাজার টাকা করে অনুদানের ব্যবস্থাপনা করেছেন। প্রান্তিক চাষীরা যাতে ছোটো ছোটো কৃষির যন্ত্রাংশ ক্রয় করতে পারে এবং সেই কৃষি যন্ত্রাংশ ক্রয় করবার মধ্য দিয়ে তারা যাতে উন্নয়নের দিশা দেখতে পারে। আমরা দেখতে পেয়েছি কৃষকের উন্নয়ন করবার জন্য বিদ্যুতের উন্নয়ন। আপনারা জানেন বামফ্রন্টের ৩৪ বছরে দিনে ৪ ঘণ্টা, ৬ ঘণ্টা করে লোডশেডিং থাকত। বর্তমান সরকারের আমলে প্রায় ৯৯% পরিবারে বিদ্যুৎ পৌঁছে গেছে, প্রায় ৯৯% গ্রামে বিদ্যুৎ পৌঁছে গেছে। এই সরকার আসার পরে আমরা দেখেতে পেয়েছি দিনে ২৪ ঘণ্টায়

২৩ ঘণ্টা, সাড়ে ২৩ ঘণ্টা করে বিদ্যুৎ থাকে। এই বিরোধীরা সেই জিনিসটা চোখে দেখতে পায় না। আর একটা অভাবনীয় জিনিস আমি আপনাদের বলি। আমাদের যিনি বিরোধী দলনেতা আমার কৃষ্ণগঞ্জ বিধানসভায় যে উপনির্বাচন হল সেখানে উনি প্রচারে গিয়েছিলেন। কি দেখতে পেলাম ? উনি, যে সাম্প্রদায়িক দল, সূর্য্যকান্তবাবু সেই সাম্প্রদায়িক দলকে ভোট দেওয়ার জন্য বলে আসলেন। কিসের জন্য ? বাংলার উন্নয়নকে এরা কোনো সময় পছন্দ করে না, এরা কোনোদিন দেখেনি। ৩৪টা বছর ধরে আমরা কি দেখতে পেয়েছি ? ৩৪ বছর ধরে এরা শুধু মানুষের সামনে মিথ্যা প্রতিশ্রুতি, মিথ্যা বক্তব্য দিয়েছে। আমরা এক সময় শুনেছিলাম, এরা বলতো সকলের সমান অধিকার ফিরিয়ে দেব। গরিব বড়োলোক বলে কেউ থাকবে না। বলুনতো বামপন্থী ভাইয়েরা যারা বিধায়ক হয়ে এখানে আছেন ৩৪ বছর সি.পি.এম. ক্ষমতায় ছিল। কিসের জন্য আমরা বাংলার মানুষ এখনও দারিদ্র্যসীমার নীচে ৭০ শতাংশ বসবাস করি। কিসের জন্য মানুষ অনাহারে-অর্ধাহারে ৩৪ বছর ধরে বাংলার প্রান্তে প্রান্তে মারা গেছে। কেউ সেই কথা নিয়ে এখানে বলছেন না। শুধু সরকারের বিরুদ্ধে বলতে হবে, তাই বলে যাচ্ছে একের পর এক। উন্নয়নটাকে এরা মানার কোনো জায়গায় রাখছেন না। অসত্য কথাগুলো একের পর এক বলে চলেছেন। আমাদের সরকার উন্নয়ন যজ্ঞে লিপ্ত হয়েছেন। কৃষকের উন্নয়ন করেছেন, স্বাস্থ্য ব্যবস্থায় উন্নয়ন এনেছেন। মনে রাখবেন বামফ্রন্টের যে সমস্ত বিধায়করা আছেন আপনারা মুখে বলেছিলেন সমান অধিকার ফিরিয়ে দেব। আমাদের জননেত্রী মুখ্যমন্ত্রী বাংলার মানুষের সমান অধিকার ফিরিয়ে দেওয়ার জন্য স্বাস্থ্য ব্যবস্থায় যেমন ন্যায্য মূল্যে ওষুধের দোকান এনেছেন, বেডের ব্যবস্থাপনা করেছেন, সুস্বাস্থ্যের জন্য ডাক্তারবাবু নিয়োগ করেছেন, নার্সের ব্যবস্থাপনা করেছেন। পাশাপাশি গত ৫-৬ মাস আগে আপনারা দেখেছেন যে পেয়িং বেড এবং ফ্রি-বেডের ব্যবস্থাপনা ছিল হাসপাতালে। সেই পেয়িং বেড আর ফ্রি বেডের কি ব্যবস্থাপনা ছিল সেখানে ? গরিব মানুষরা ফ্রি-বেডে বিনা চিকিৎসায় সি.পি.এম.-বামফ্রন্টের আমলে মারা যেতেন। আর পেয়িং বেডে যারা ভর্তি হলেন যাদের টাকা ছিল পয়সা ছিল তারা ভর্তি হতেন—আমাদের নেত্রী সেই পেয়িং বেডকে তুলে দিয়ে সমস্ত মানুষের জন্য—কে বড়োলোক, কে গরিব কারোর উপরে ভেদাভেদ নেই, প্রত্যেক মানুষ সমান চিকিৎসা পাওয়ার জন্য তাদেরকে ফ্রি-বেডের ব্যবস্থাপনা চালু করেছেন। সবাই একই জায়গায় একই রকমের চিকিৎসা পাবেন। এর থেকে বড়ো পরিবর্তন আর কি হতে পারে। এই জিনিসগুলো নাকি চোখে দেখতে পাচ্ছেন না বামফ্রন্টের বন্ধুরা। তাই আপনাদের কাছে অনুরোধ সরকারের যে উন্নয়ন তাতে যদি আপনাদের কোনো চিন্তা-ভাবনা থাকে উন্নয়ন করবার সেই চিন্তা-ভাবনাকে আপনারা সামনে নিয়ে আসুন। আমাদের নেত্রীর কাছে পৌঁছে দিন যে, এটা এই নয়, এটা এইভাবে উন্নয়ন করা প্রয়োজন। তাহলে দেখবেন উন্নয়ন যজ্ঞে বাংলার মানুষের জন্য—কারণ আমাদের নেত্রী ৯ কোটি মানুষের কথা চিন্তা-ভাবনা করে ৯ কোটি মানুষের উন্নয়নের কথা চিন্তা-ভাবনা করে চলেছেন। কে কোন দল করেন, কোন রঙের মানুষ সেটার কোনো চিন্তা-ভাবনা করছে না। তাই আপনাদের কাছে আহ্বান বিরোধী জায়গায় না থেকে সমর্থন করুন। সরকারের উন্নয়নকে সমর্থন জানান। পাশাপাশি আমাদের

কংগ্রেস বন্ধুরা বলছিলেন, কংগ্রেসের অনেক সিনিয়ার বিধায়ক-বন্ধুরা বলছিলেন অনেক কিছু। আমরা অনেক কিছু দেখেছি। ৩৪ বছর যারা সি.পি.এম.-কে থাকার জন্য যারা সবথেকে বেশি সহযোগিতা করেছে তারা এখন বলছে এই বাংলায় নাকি অরাজকতা চলছে। বাংলায় নাকি আইন-শৃঙ্খলা বলে কিছু নেই। কোথায় গিয়েছিলেন বন্ধু, যেদিন মঙ্গলকোটে আপনাদের MLA-কে নির্মমভাবে তাড়া করেছিল আপনারা সেদিন কোথায় গিয়েছিলেন। প্রতিবাদ করতে নামেননি ? বামফ্রন্টের বন্ধুদের বলি, আঁইশমালীতে বরযাত্রী বোঝাই বাস দাঁড় করিয়ে সি.পি.এম.-এর নেতারা নির্মমভাবে যখন মায়েদের উপরে অত্যাচার করেছিল, মেয়ের সামনে মা'কে, মায়ের সামনে মেয়েকে—সেদিন কোথায় গিয়েছিলেন আপনারা। কোনোদিনতো তার প্রতিবাদ করেননি। একের পর এক দেখেছি ফুলিয়াতে, ফেলানি বসাকের মতো ঘটনা। আপনাদের কাছে অনুরোধ জানাচ্ছি, রাজ্যপালের যে ভাষণ সেই ভাষণকে আপনারা সমর্থন করবেন। আমিও একজন নতুন বিধায়ক হিসাবে এই ভাষণকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

মিঃ স্পীকার : আমাদের নতুন সদস্য। এটা তাঁর মেডেন স্পীচ। আমি ধন্যবাদ জানাচ্ছি, সুন্দর বক্তব্য রেখেছেন।

শ্রী আখরুজ্জামান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ১৯শে ফেব্রুয়ারি পশ্চিমবঙ্গের মহামান্য রাজ্যপাল শ্রী কেশরী নাথ ত্রিপাঠী ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে যে ভাষণ পেশ করেছেন। এটা আমরা জানি যে এটা রাজ্য সরকারের তৈরি করে দেওয়া ভাষণ। উনাকে পড়তে হয় তাই উনি পড়ে গেছেন। এই ভাষণকে আমি সমর্থন করতে পারছি না। আমি ভাষণের পরিপ্রেক্ষিতে বলার আগে আমি একজন নতুন সদস্য হিসাবে আমি আমাদের এই মহতী সদনের যিনি রক্ষাকর্তা মমাননীয় স্পীকার স্যারের কাছে কিছু জিজ্ঞাসা রাখতে চাই আমার জানার জন্য। সাড়ে তিন বছর অতিক্রান্ত হয়ে গেছে আমরা দেখেছি।

[5.20—5.30 p.m.]

আমরা দেখেছি, এই মহতী সদনে যে সদস্যরা উপস্থিত থাকতে পারেন না, অসুস্থতার কারণে বা যে কোনো কারণে বাইরে থাকেন, ওনারা এখানে মাননীয় স্পীকার স্যারের কাছে অ্যাপিল করেন এবং ওনার অনুপস্থিতির কারণ আমরা দেখেছি, এই সদনে মাননীয় স্পীকার স্যার, আমাদের কাছে অবগত করেন। কিন্তু আজ এই মহতী সদনে দাঁড়িয়ে আমরা যখন লক্ষ করছি এই বিধানসভার একজন গুরুত্বপূর্ণ সদস্য, শুধু গুরুত্বপূর্ণ সদস্য নয়, পশ্চিমবঙ্গ সরকারের গুরুত্বপূর্ণ মন্ত্রী মাননীয় মদন মিত্র মহাশয়, এই মহতী সদনে উপস্থিত নেই। কিন্তু আমরা এখনও এই সদনের মাধ্যমে মাননীয় স্পীকার স্যারের মাধ্যমে আমরা এখনও জানতে পারলাম না, এই মহতী সদন এখনও অবগত হতে পারল না যে মাননীয় মদন মিত্র মহাশয়, এই মহতী সদনের একজন সদস্য, আজকে কেন উনি এই সদনে অনুপস্থিত আছেন ? আমরা অতীতে দেখেছি, স্পীকার স্যার, আমাদের কোনো সদস্য অনুপস্থিত থাকলে তার, এখানে হাউসকে অবগত করেন। এই ব্যাপারটা আমার বোধগম্য হল না।

কিন্তু আমরা যখন সংবাদপত্রে এবং ইলেকট্রনিক্স মিডিয়ায় যখন আমরা লক্ষ করছি, জানতে পাচ্ছি, আমরা শুনতে পাচ্ছি যে চক্রান্ত করে আমাদের একজন সহকারী বন্ধুকে, আমাদের এই সদনের সদস্যকে, এই সদনের আমাদের একজন সহকারী সদস্যকে, তাকে চক্রান্ত করে ফাঁসানো হয়েছে বলে বিভিন্ন জায়গায় প্রচার করা হচ্ছে। আমরা দেখতে পাচ্ছি, আমাদের মন্ত্রীরা রাস্তায় নেমে এই অন্যায়ের প্রতিবাদ করছে, চক্রান্তের প্রতিবাদ করছে। আমি এই সদনে দাঁড়িয়ে একটা প্রস্তাব রাখতে চাই, যদি কোনো সদস্যকে চক্রান্ত করে ফাঁসানো হয় বা চেষ্টা করা হয়, আমাদের দায়িত্ব কর্তব্য রয়েছে সেই চক্রান্ত থেকে সেই সদস্যকে বের করে আনার। আমি এই মহতী সদনের মাননীয় স্পীকার স্যারের কাছে আমি প্রস্তাব রাখছি যে এই মদন মিত্রকে যদি চক্রান্ত করে ফাঁসানো হয়, একটা সর্বদলীয় বৈঠক ডেকে এখানে আলোচনা করা হোক, কেন তাঁকে চক্রান্ত করে মিথ্যাভাবে তাঁকে সারদার চিটফান্ডের থেকে কেন সি.বি.আই. গ্রেপ্তার করল, এই ব্যাপারে মহতী সদনে যেহেতু আমাদের একজন সদস্যকে আমরা বলছি, আমাদের সদস্যরা বলছেন, মন্ত্রীরা রাস্তায় নামছেন যে তাঁকে চক্রান্ত করে ফাঁসানো হচ্ছে, এর বিহিত হওয়া দরকার বলে আমি মনে করি। তাই আমি এই হাউসে স্পীকার স্যারের কাছে প্রস্তাব রাখছি। তার সাথে সাথে আমার আশঙ্কা, তার সাথে সাথে আমাদের আশঙ্কা, আমাদের এই সদনের নেত্রী বাংলার মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বিভিন্ন সময়ে বিভিন্ন আশঙ্কা প্রকাশ করেছেন।

মিঃ স্পীকার : আপনি আপনার সীমাবদ্ধতা একটু জানবেন। আমাদের সদনেরও একটা সীমাবদ্ধতা আছে। পুলিশ তদন্ত করলে পরে, সেই তদন্ত আমরা করতে পারি না। আমার মনে হয়, এটা আপনাদের সিনিয়ার যারা রয়েছেন সদস্য তারাও নিশ্চয় ওকে বুঝিয়ে বলবেন একটু। উনি হয়তো জানেন না, সেই কথাটাই।

শ্রী আখরুজ্জামান : আমরা দেখেছি এই রাজ্যপালের ভাষণে পশ্চিমবাংলার সরকার তাঁকে দিয়ে অনেক অসত্য কথা বলিয়েছেন। মাইনরিটি ডিপার্টমেন্ট নিয়ে, মুসলিম সম্প্রদায়কে নিয়ে আজকে, আমরা দেখেছি ৩৪ বছরে বামফ্রন্ট-এর শাসনকালে, এই বাম সরকার ৩৪ বছর মুসলিম সম্প্রদায় ভাইদের তারা ভোট ব্যাঙ্ক হিসাবে ব্যবহার করেছে। তাদের উন্নয়নের কিছু করেননি। আমরা যখন সাচার কমিটির রিপোর্ট যখন আজকে ভারতবর্ষের মানুষের সামনে যখন উদ্ঘাটিত হল, আমরা লক্ষ করলাম ৩৪ বছর বাংলার বাম সরকার, এখানটায় মুসলমানদের শুধু ভোটব্যাঙ্ক হিসাবে তারা ব্যবহার করেছে, উন্নয়নের জন্য কিছু করেনি। সাচার কমিটির রিপোর্ট যখন প্রকাশিত হল, তখন তৎকালীন ইউ.পি.এ. সরকার, কেন্দ্রে ড. মনমোহন সিং-এর নেতৃত্বে আমরা দেখেছিলাম এই সাচার কমিটির রিপোর্ট প্রকাশিত হওয়ার পর ১৫ দফা কর্মসূচি মুসলিম সম্প্রদায় ভাইদের, মাইনরিটি ভাইদের উন্নয়নের জন্য কেন্দ্রের তৎকালীন ইউ.পি.এ. সরকার তারা ১৫ দফা কর্মসূচি ঘোষণা করেছিল। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে আমরা লক্ষ করছি, কিছুদিন আগে সংবাদপত্রে দেখলাম যে কেন্দ্রীয় সরকারের ১৫ দফা মাইনরিটি সম্প্রদায়ের উন্নয়নের জন্য যে টাকা এসেছিল তার ৪৯ শতাংশ টাকা এই পশ্চিমবাংলার সরকার খরচ করতে পারেনি।

তাই আজকে এখানে রাজ্যপালের ভাষণে সেটা উল্লেখ থাকার প্রয়োজন ছিল। আজকে আপনি স্যার শুনে আশ্চর্য হবেন, এই মহতী সদনে দাঁড়িয়ে আমরা বলতে চাই মাইনরিটির নামে আপনারা বড়ো বড়ো কথা বলছেন। ৩৪ বছরের বাম সরকার যে কাজটা করেছিল তারা ভোট ব্যাঙ্কের ব্যবস্থা করেছিল। আপনারাও সেই পথে আসছেন। আজকে মহতী সদনে রাজ্যপালের ভাষণে আমরা কোনো জায়গায় দেখলাম না যে সরকারি চাকরিতে মাইনরিটি সম্প্রদায়ের জন্য কত পার্সেন্ট চাকরি আজকে এই সরকার এখনো পর্যন্ত দিতে পেরেছে। আমরা রাজ্যপালের ভাষণে সেটা জানতে পারিনি। কিন্তু আমরা জানতে পেরেছি বামফ্রন্টের মতো এরাও মুসলিম সম্প্রদায়ের জন্য মাত্র ২ পারসেন্টের বেশি তারা চাকরি দিতে পারেনি। স্যার, আমি পশ্চিমবঙ্গ সরকারের অ্যাডমিনিস্ট্রেটিভ পার্টটা দেখছিলাম। অ্যাডমিনিস্ট্রেটিভ পার্টটা দেখছিলাম যে এখানে জানুয়ারি মাসের পশ্চিমবঙ্গে মাইনরিটি কমিশনের চেয়ারম্যান বিভিন্ন জেলায় ঘুরবেন, আমার জানা আছে, মুর্শিদাবাদ জেলায় মাইনরিটি কমিশনের চেয়ারম্যান গিয়েছিলেন। মাইনরিটি কমিশানের চেয়ারম্যান গিয়েছিলেন যখন বাংলার পশ্চিমবঙ্গ সরকার মাইনরিটির জন্য কিছু করছেন না, মাইনরিটি কমিশানের চেয়ারম্যান যখন মুর্শিদাবাদের ডি.এম.-দের নিয়ে মিটিং করছেন, ডি.এম. পাশের ঘরে বসে আছেন, কিন্তু মাইনরিটিদের সমস্যা শোনার জন্য সেদিন আমাদের সৌভাগ্য হয়েছিল। বাংলার মুখ্যমন্ত্রী নাকি বিভিন্ন জায়গায় গিয়ে বিভিন্ন বিধায়কদের বিভিন্ন জায়গায় ডেকে তারা নাকি উন্নয়নের কথা বলছেন। বিরোধী পক্ষ বলছে, আমরা বলছি। কোনো জায়গায় আমরা মুখ্যমন্ত্রীর সেই সমস্ত মিটিঙে আমন্ত্রণ পাইনি। কিন্তু মাইনরিটি কমিশানের মিটিঙে আমাদের যাওয়ার সৌভাগ্য হয়েছিল। মিটিঙে এসে দেখলাম ডি.এম সাহেব মাইনরিটি কমিশানের চেয়ারম্যানকে উপেক্ষা করে পাশের ঘরে বসে আড্ডা মারছেন, একজন এ.ডি.এম. লেভেলের অফিসারকে পাঠিয়ে তখন একের পর এক মুর্শিদাবাদের চিত্র উঠে আসছে। আপনি জানেন স্যার, ভারতবর্ষের মধ্যে সবথেকে পিছিয়ে পড়া জেলা যে জেলাটির নাম মুর্শিদাবাদ জেলা। এখানে সবচাইতে মুসলিম সম্প্রদায়ের বাস বেশি। সেদিন মাইনরিটি কমিশানের সামনে তখন বিভিন্ন জনপ্রতিনিধিরা একের পর এক তথ্য তুলে ধরছেন সে সাড়ে তিন বছরে মুর্শিদাবাদ জেলার মাইনরিটিদের জন্য এই সরকার কি করছেন। শুধু কাগজে-কলমে বড়ো বড়ো কথা বলেছেন। কোনো কাজ তারা করেননি। মাননীয় রাজ্যপালের ভাষণে আমরা একটা অংশ দেখলাম, মাইনরিটিদের উন্নয়নের জন্য এখনকার সরকার গোরস্থান বাঁধানোর জন্য নাকি কয়েকশো কোটি টাকা দিয়েছেন। এটা আমরা দেখলাম। বাজেটে উল্লেখ আছে, মাননীয় রাজ্যপালের বক্তৃতায় সেটা বলা হয়েছে যে মাইনরিটিদের জন্য গোরস্থান, কবরস্থান বাঁধানোর জন্য কয়েক কোটি টাকা দিয়েছেন। কিন্তু আমি দায়িত্ব নিয়ে বলছি স্যার, মুর্শিদাবাদ জেলায় এখনো পর্যন্ত গোরস্থান বাঁধানোর জন্য সরকার উদ্যোগ গ্রহণ করেনি। আমার বিধানসভা কেন্দ্রে বিগত দু-বছর আগে আমরা যখন জানতে পারলাম যে এম.এল.এ.-দের টাকায় কোনো গোরস্থান বাঁধানো হবে না, যেহেতু একটা মাইনরিটি ডিপার্টমেন্ট থেকে টাকা দেওয়া হবে, তখন আমরা বিভিন্ন সমাজকে বললাম যে তোমরা বি.ডি.ও.-র মাধ্যমে মাইনরিটি ডিপার্টমেন্টে অ্যাপ্লিকেশান কর। আমার বিধানসভা কেন্দ্রে রঘুনাথগঞ্জ ২ নং ব্লকে এখনো পর্যন্ত ২৩ খানা কবরস্থান বাঁধানোর জন্য

অ্যাপ্লিকেশান পড়ে আছে। এক বছর পরে বি.ডি.ও. অফিসে যখন খোঁজ নিয়ে জানতে পারলাম, বি.ডি.ও. সাহেব বললেন, তোমাদেরটা পাঠিয়ে দিয়েছি। তখন গিয়ে জানতে পারলাম যে বি.ডি.ও. সাহেব প্রপার ফর্মে পাঠায়নি, তাই তারা রাজ্য সরকারকে পাঠায়নি। আমি তখন তাকে জিজ্ঞেস করলাম কেন বি.ডি.ও. সাহেবকে কেন ইনফর্ম করেনি। উনি বললেন আমরা বি.ডি.ও. সাহেবকে জানিয়েছি। তারপরেও ছয় মাস হয়ে গেল। আমরা আবার সমাজের লোকেদের বললাম গোরস্থান বাঁধাতে গেলে প্রপার ফর্মে যেতে হয়। এখনো পর্যন্ত কোনো গোরস্থান বাঁধানোর কোনো উদ্যোগ গ্রহণ করেনি। অথচ রাজ্যপালের ভাষণে আমরা এখানে লক্ষ করছি যে এখানে গোরস্থান বাঁধানোর জন্য কয়েক কোটি টাকা ব্যয় করেছেন। এটা শুনতে ভালো লাগছে। কিন্তু বাস্তবে কোনো রূপ নেই। আমাদের মুর্শিদাবাদ জেলা, পিছিয়ে পড়া জেলা। সেখানে শিক্ষার অভাব, স্বাস্থ্যের অভাব। আমরা বারবার দাবি করেছিলাম মুর্শিদাবাদ জেলার বিগত সরকার একটা মেডিক্যাল কলেজ স্থাপন করেছিলেন। সেই সরকার চলে যাওয়ার পর এই সরকার আসার পর আপনারা সেটা টেকআপ করেছেন। কিন্তু সেই মেডিক্যাল কলেজে এখনো কোনো স্বাস্থ্যের পরিকাঠামো নেই। আপনাদের দুঃখের সঙ্গে বলতে হচ্ছে আমাদের যে সমস্ত হাসপাতালগুলো আছে সেখানে চিকিৎসার অভাবে রোগীদের বহরমপুর মেডিক্যাল কলেজে ট্রান্সফার করা হয়। এখানে সিটি স্ক্যান থেকে কোনো চিকিৎসা ব্যবস্থা হয় না। তাদের কলকাতা মেডিক্যাল কলেজে রেফার করা হয়। কলকাতা মেডিক্যাল কলেজে যখন সেই রোগী আসে সেখানে ডিপার্টমেন্ট থেকে বলা হয় বেড নেই, তারপরে এই হাসপাতাল থেকে অন্যান্য মেডিক্যাল কলেজ ও হাসপাতালে ঘুরতে থাকে। তারা যখন বেড পায় না তখন সেই গ্রামের গরিব রোগীগুলোকে নার্সিংহোমে ভর্তি হতে হয়। তাদের সংসারের সর্বস্ব টাকা যা ছিল সেগুলোকে ব্যয় করে তাদের চিকিৎসা করাতে হয়। আজকে স্বাস্থ্য ব্যবস্থার কথা যা আপনারা বলছেন সেটা আজকে সেই জায়গায় নেই। এখানে আর একটা বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করব, খাগড়াগড়ে যে কাণ্ডটা ঘটেছে সেই বিষয়ে।

(এই সময় লালবাতি জ্বলে ওঠে।)

সেখানে বোম বিস্ফোরণ হয়েছে এবং রাজ্য সরকার তথ্য লোপাট করেছে। এন.আই.এ.-র টিম এসে যখন রহস্য উদ্‌ঘাটিত করল এর পিছনে একটা বড়ো রহস্য আছে। চক্রের যে মুল পান্ডা তার জন্ম আমার বিধানসভা কেন্দ্রে হয়েছে। জায়গাটি আমার নির্বাচনী কেন্দ্রের মধ্যে পড়ে। যে রেজাউল করিমের কথা আমরা জানতে পারছি, তারও বাড়ি আমার এলাকায়, বর্ডার এলাকায় হওয়ার কারণে আজকে পশ্চিমবঙ্গ সরকারের পুলিশ চোরাচালানকারীদের সঙ্গে যুক্ত থেকে..... (এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)

[5.30—5.40 p.m.]

শ্রী অসীম মাঝি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে মহামান্য রাজ্যপাল শ্রী কেশরীনাথ ত্রিপাঠী মহাশয় যে ভাষণ গত ১৯শে ফেব্রুয়ারি ২০১৫ তারিখে এই হাউসে

দিয়েছেন, তার উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব উত্থাপন করা হয়েছে তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য রাখছি। ২০১১ সালের ২০শে মে একটা নতুন সরকার পশ্চিমবাংলায় প্রতিষ্ঠিত হওয়ার পর যখন বাংলার সমস্ত দপ্তরের উন্নয়নকে ত্বরান্বিত করছেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, ঠিক সেই সময় আমরা দেখতে পেলাম সুপরিকল্পিতভাবে বিরোধী দল, সাথে অন্যান্য সাম্প্রদায়িক দল, বাংলাকে কালিমালিপ্ত করার জন্য অনবরত চেষ্টা চালিয়ে যাচ্ছেন। স্যার, এটা কম বড়ো কথা নয়, যখন বাংলার মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জঙ্গল থেকে পাহাড়, পাহাড় থেকে সাগর, প্রশাসনিক কাজগুলোকে সুন্দরভাবে ও সুষ্ঠুভাবে করার জন্য পঁচাত্তর বার প্রশাসনিক বৈঠক করেছেন। কাদের নিয়ে এই বৈঠক করেছেন ? জনপ্রতিনিধি, মন্ত্রীগণ, সচিব এবং ব্লক স্তরের আধিকারিকদের নিয়ে। কেন করেছেন ? যে অর্ডারগুলো তৈরী হয়েছে, দপ্তরের যে কাজগুলো দীর্ঘদিন ধরে পেন্ডিং হয়ে পড়ে আছে, সেই কাজগুলোকে ত্বরান্বিত করা। উদ্দেশ্য হচ্ছে, বাংলার অগ্রগতি ঘটানো, বাংলার কাজকে আরও গতিশীল করা। এই রকম একটা পরিস্থিতিতে বাংলার মুখ্যমন্ত্রী সারা পশ্চিমবঙ্গে ছুটে বেড়াচ্ছেন। সার্বিক উন্নয়নের জন্য জলপাইগুড়ি জেলাকে ভাগ করে নতুন আলিপুর জেলা তৈরী করা হয়েছে। জলপাইগুড়ি জেলার কোনো প্রশাসনিক কাজের জন্য সদরে আসতে একজন মানুষকে প্রায় চারশো কিলোমিটার রাস্তা অতিক্রান্ত করতে হত। সেটা মাথায় নিয়ে আমাদের সরকার সেই জেলাকে ভাগ করেছে এবং সেখানকার মানুষের কাজকে ত্বরান্বিত করেছেন। অপরাধের কথা শুনছিলাম এবং বিভিন্ন বক্তার বক্তব্যও আমি শুনছিলাম। পশ্চিমবাংলায় নাকি এখন অপরাধে ছেয়ে গেছে। বিগত দিনে বিভিন্ন অপরাধের কথা বিভিন্ন বক্তা বলেছেন, নানুর, সূচপুর, ছোটো আঙারিয়া, নন্দীগ্রাম, সিঙ্গুরের অপরাধের কথা কি আমাদের বিরোধী দলের বন্ধুরা ভুলে গেছেন। গণ-হত্যা, গণ-সংঘর্ষ, গণ-ধর্ষণ এই 'গণ' নামক কথাটি বাংলার অভিধান থেকে এনে একটা নতুন সংযোজন করা হয়েছে। সেই শব্দটা মানুষ আজ আর শুনতে পায় না। হ্যাঁ, কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে ঘটনা ঘটছে এবং সামাজিক অবক্ষয়ের জন্য এই ঘটনাগুলো ঘটছে। এই সামাজিক অবক্ষয়ের কথাটা কি আপনারা অস্বীকার করতে পারেন ? তবে আমরা এটাও চাই না। যেটুকু ঘটনা ঘটছে বাংলার প্রত্যন্ত অঞ্চলে বিক্ষিপ্তভাবে আমরা তার ধিক্কার জানাই। বনধ্ অবরোধ আজকে বন্ধ হয়ে গেছে। দার্জিলিং, জঙ্গলমহলে আমরা বিগত দিনে দেখতাম যে প্রতিনিয়ত—প্রত্যেকদিন বনধ্ অবরোধের রাজনীতি হচ্ছে। সেখানে আজকে দার্জিলিঙে আমরা সুষ্ঠুভাবে যেতে পারি। আমরা জঙ্গলমহলে নির্বিঘ্নে সামাজিক অনুষ্ঠানগুলোয় অংশগ্রহণ করতে পারি এই মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরে। বিগত দিনে আমরা এগুলো দেখতে পাইনি। আইন-শৃঙ্খলা সম্পূর্ণ নিয়ন্ত্রণে আছে। কিন্তু শুধু বিরোধিতা করার জন্য আজকে বদনাম দেওয়া হচ্ছে। সমস্ত দলগুলো এককাট্টা হয়ে গেছে যে যাতে একটা সরকারকে কালিমালিপ্ত করা যায়। আমাদের লক্ষ রাখতে হবে, আমাদের একযোগে সচেতনতা বৃদ্ধি করতে হবে। তাহলেই আমরা মনে হয় ভালো একটা জায়গায় গিয়ে পৌঁছোতে পারব। পুলিশ কর্মীদের প্রত্যাশা নামক নিজস্ব গৃহ—সামাজিক স্বীকৃতি দেওয়া হয়েছে। জঙ্গলমহলে যেসব জনজাতি যারা অবহেলিত ছিল তাদের নিয়ে ক্রীড়া প্রতিযোগিতার ব্যবস্থা করা

হয়েছে, ২ হাজার ক্লাব একসাথে একযোগে ২০১৪ সালে—সেই প্রতিযোগিতা শুরু করা হয়েছে। সেখানকার সার্বিক উন্নয়ন—রাস্তাঘাট, বিদ্যুৎ, পানীয় জল, সড়ক, কালভার্ট এইরকম ৫৮৫টি প্রকল্প হাতে নেওয়া হয়েছে। আজকে জঙ্গলমহল শান্তিপূর্ণভাবে অবস্থান করছে। সেই জায়গায় একটাও আর সেই মৃত্যুর মিছিল আমরা দেখতে পাই না। আমরা কারও কান্না আর শুনতে পাই না। সংখ্যালঘু দপ্তরের প্রভূত উন্নয়ন করা হয়েছে। ৫৭ লক্ষ ছাত্র-ছাত্রী বৃত্তিমূলক কর্মপ্রকল্প থেকে উপকৃত হয়েছে। ২৭৯টি হস্টেল নির্মাণ করা হয়েছে। কবরস্থানগুলোকে প্রাচীর দিয়ে ঘেরার ব্যবস্থা করা হয়েছে। ২০টি জেলায়, ২০টি প্রশাসনিক ভবন তৈরী করা শুরু হয়েছে। ১২৪টি মার্কেটিং হাব তৈরী করা হয়েছে। স্যার, আমরা এস.সি., এস.টি. ছেলে-মেয়েদের জন্য জাতিগত প্রশংসাপত্রের ব্যবস্থা করতে পেরেছি অন-লাইনের মাধ্যমে। এটা নজির সৃষ্টি হয়েছে যে অন-লাইনে আমরা এস.সি., এস.টি. সার্টিফিকেট প্রদান করছি।... (এই সময় মাইক অফ হয়ে যায়।)...

শ্রী রামশঙ্কর হালদার : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, গত ১৯ ফেব্রুয়ারি আমাদের এই মহতী বিধানসভাতে সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পঞ্চদশ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে মহামান্য রাজ্যপাল কর্তৃক প্রদত্ত যে ভাষণ, সেই ভাষণের আমি বিরোধিতা করছি। আমি আপনাদের বলতে চাইছি, মূলত রাজ্যপালের যে ভাষণ রাজ্য সরকারের মতামত, নিজস্ব মতামত, রাজ্যপালের ভাষণকে নিয়ন্ত্রণ করে। আমরা দেখেছি, যে এই ভাষণ সরকার পক্ষ তৃণমূল ভবন থেকে লিখে সরকারি সিল লাগিয়ে মহামান্য রাজ্যপালকে দিয়ে এখানে পাঠ করিয়েছেন। একটা অবাস্তব অসত্য কথাগুলো এখানে পাঠ করানো হয়েছে। আমি আপনাদের বলতে চাই, গতকাল আমাদের সরকার পক্ষের চিফ হুইপ তিনি বলছিলেন, হাউস বিলংস টু অপজিশান, হাউস বিলংস টু অপজিশান গতকাল বলেছেন। বিরোধীরা যতই ছোটো শক্তি হোক না কেন, সংখ্যায় যত কম হোক না কেন। তাদের সম্মান মর্যাদা গণতন্ত্রে সুরক্ষিত। এটা গণতন্ত্রের স্তম্ভ। দেখা যায় এটা কি সত্যি ? আপনারা সেই মর্যাদা দিয়েছেন ? এই আইনসভার মধ্যে ইতিহাস হয়ে থাকবে—সেটা আইনসভার মধ্যে ইতিহাস হয়ে থাকবে। বিরোধীদের কিভাবে—বিরোধী বিধায়কদের আক্রমণ করা হয়েছে।

[5.40—5.50 p.m.]

এ তো বাইরে অনেক কিছুই হচ্ছে কিন্তু আমি যে কথা বলতে চাইছি রাজ্যপাল মহাশয় ভাষণের শুরুতে বলেছেন তার সরকার 'আমার সরকার খুব গতিশীল, ডাইনামিক।' এই সরকার ৭৫বার বিভিন্ন জায়গায় সফর করে তিনি প্রশাসনিক সভা জনপ্রতিনিধিদের নিয়ে করেছেন। আমি বলতে চাইছি জনপ্রতিনিধি কারা ? জনপ্রতিনিধি যারা বিরোধীতে থাকে তারা কি জনপ্রতিনিধির তকমা পায় না ? আমার কুলতলি বিধানসভাতে গত ৮ই জানুয়ারি আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী গিয়েছিলেন—জাল, হাড়ি, মশারি, সাইকেল এসব দিয়েছেন ভালো। আড়াই ঘণ্টা সড়কপথে যাওয়ার পথে হেলিকপ্টার নিয়ে গিয়েছিলেন, তার সময়ের খুম দাম আছে—নিশ্চিত করে ভালো। লক্ষ লক্ষ টাকা খরচ করে ওখানে গিয়েছিলেন। কিন্তু আমরা দেখলাম একেবারে আড়াইশো থেকে তিনশো মিটারের মধ্যে ব্লক

অফিসের কাছেই পঞ্চায়েত সমিতির সভাপতি, একাধিক গ্রাম পঞ্চায়েতের প্রধান—তারা আমাকে ফোন করে বলছেন যে, দাদা আপনি চিঠি পেয়েছেন ? না পাইনি। তা এটা কিসের প্রশাসনিক সভা হচ্ছে ? অবাক হতে হয় আপনাদের গণতন্ত্র দেখে সরকার পক্ষের চিফ হুইপ শোভনদেববাবু বললেন, তিনি বললেন 'হাউস বিলংস টু অপজিশান' কোথায় আপনারা গণতন্ত্রের মর্যাদা দিচ্ছেন। গণতান্ত্রিক ব্যবস্থার মধ্যে দাঁড়িয়ে আমরা দেখলাম যে আমাদের ৩৪ বছরে গড়ে ওঠা গণতান্ত্রিক ব্যবস্থা—সেটা পঞ্চায়েত পৌরসভা থেকে শুরু করে, স্কুল-কলেজ সমস্ত জায়গায়, ব্লক কমিটি থেকে শুরু করে সমস্ত প্রশাসনিক কমিটিতে একটা নির্বাচনের পদ্ধতি ছিল। আপনারা সেই গণতান্ত্রিক ব্যবস্থাকে এই ৩৪ বছরের গড়ে ওঠা গণতান্ত্রিক ব্যবস্থাকে আপনারা নস্যাৎ করেছেন। আপনারা নির্দিষ্ট সময়মতো আপনারা নির্বাচন করছেন না। আমরা দাঁড়িয়ে দেখছি, ৩৪ বছরে প্রসারিত গণতন্ত্র তো—মনে হচ্ছে তো প্রতিবাদ করছে। আমরা প্রতিবাদী যারা—সে অধ্যক্ষ থেকে শুরু করে, একেবারে কৃষক পর্যন্ত যারা একেবারে প্রতিবাদী, যারা প্রতিবাদ করছে আপনাদের বিরুদ্ধে আপনারা সহ্য করতে পারছেন না। কাজের স্বার্থে জেলে ঢোকাচ্ছেন, কৃষককে মাওবাদী তকমা দিচ্ছেন, ছাত্রীকেও আপনারা মাওবাদী তকমা দিচ্ছেন। তাহলে এর নাম কি গণতন্ত্র ? এই গণতন্ত্র ! আমি অত্যন্ত ধন্যবাদ দেব আপনাদেরই বন্ধু ছিলেন—আপনাদের একসঙ্গে গোটা পশ্চিমবাংলায় ভোট করেছেন, ভোটটা করে জিতে এসেছেন। তারপরে বলেছেন যাও চলে যাও। মানসবাবু বলছিলেন, অত্যন্ত সিনিয়ার কমরেড দক্ষ মানুষ। আমরা তাকে সম্মান করি, মর্যাদা করি। দেরিতে হলেও তিনি দিয়েছেন, ধন্যবাদ তাঁকে। তিনি বললেন স্বৈরতন্ত্র চলছে। স্বৈরতন্ত্র চলছে, গণতন্ত্রের নামে স্বৈরতন্ত্র চলছে। শুধুমাত্র সাংবাদিকদের কথা নয়, বিরোধীদেরও কথা নয়, সমাজের সমস্ত অংশের মানুষের উপর আক্রমণ আপনারা নামিয়ে আনছেন। সেদিনকে আপনাদের যারা বসিয়েছিল, আপনাদের বন্ধু যারা কংগ্রেস, এস.ইউ.সি. মাওবাদী এবং বিভিন্ন রাজনৈতিক দল—যারা সরকারের মন্ত্রিত্বের জায়গায় আছেন বা সরকার পরিচালনা করছেন আজকে তো একজনও তো আপনাদের সঙ্গে নেই। একজনও তো আপনাদের সঙ্গে নেই। সমস্ত বন্ধুদের এক জায়গায় করে দিয়েছেন। যা করছেন একজনই আর আপনারা তার সঙ্গেই আছেন। কে কোনদিকে আছে—দড়ি টানাটানি চলছে। কোনদিকে নিজাম প্যালেস আর কোনদিকে আছেন সেটা ঠিক নেই। যাই হোক, আমি বলছি গণতন্ত্রের নাম এখানে স্বৈরতন্ত্র এখানে কায়েম করা হয়েছে। গোটা পশ্চিমবাংলায় গণতন্ত্রকে দুই পায়ে মাড়িয়ে দেওয়ার অপচেষ্টা হচ্ছে। আমরা বলছি, এর পরে আমরা রাজ্যপালের ভাষণকে কখনই সমর্থন করতে পারি না। আমাদের নতুন বিধায়ক তিনি বলেছেন, আমরা বামপন্থীরা সূর্যবাবু নাকি বলে এসেছেন বি.জে.পি.-কে ভোট দেওয়ার জন্যে। আর মুখ্যমন্ত্রীর বিধানসভাতে ভোট কমেছে। উনি কি বলেছেন, বি.জে.পি.-কে ভোট দেওয়ার জন্য। আমি আহত করতে চাই না, নতুন বিধায়ক বলেছেন। কিন্তু জানবার জন্য বলছি, গোটা ভারতবর্ষে বামপন্থীরাই নজির সৃষ্টি করেছে যে সাম্প্রদায়িক শক্তি এবং ধর্মনিরপেক্ষ শক্তি যাতে ভারতবর্ষে থাকে, সাম্প্রদায়িক শক্তিকে আটকাবার জন্যে—৬১ জন এম.পি.-কে নিয়ে—মন্ত্রিত্বের আর দাবিদার ছিল না। মানুষের জন্য কাজের দাবিদার ছিল, মানুষের

জন্যে তারা কাজ করেছে। আর আপনারাই বি.জে.পি.-র সঙ্গে ঘর করেছেন, আর আপনারাই বি.জে.পি.-কে পশ্চিমবাংলায় হাত ধরে এনেছেন, আপনারাই হাত ধরে এনেছেন বিজে.পি.-কে। লজ্জা হওয়া উচিত আপনাদের ....(নয়েজ).... এর পরেও আপনারা বলেন সাম্প্রদায়িক শক্তি। আপনারা আজকে আইন-শৃঙ্খলা সম্বন্ধে বলছেন, রাজ্যপালের ভাষণে একেবারে তৃতীয় পৃষ্ঠা থেকে একদম শেষ পৃষ্ঠা পর্যন্ত শান্তি বিরাজ করছে। কি সুন্দর কথা একটা আপনারা বলে দিলেন। শান্তি বিরাজ করছে। শান্তি কি বিরাজ করছে ? শান্তির নমুনা রাজ্যপালের ভাষণে যেটা আপনারা লিখেছেন, সরকার পক্ষের মনোভাব যেটা, শান্তিটা কিসের ? শান্তিটা কি রকমের ? আমরা দেখছি যে, ঠিক স্বর্গরাজ্যে বাস করলে যে রকম হয়, বাংলার মানুষ যেন স্বর্গরাজ্যে বাস করছেন। কথিত রাম রাজত্ব, স্বর্গের নন্দন কানন এরকম ব্যবস্থা গোটা পশ্চিমবাংলায় তৃণমূল কংগ্রেসের সরকার যেন প্রতিষ্ঠিত করেছে। অবাক হয়ে যাই, হসপিটালে কোরপান নামে একজন মানসিক প্রতিবন্ধীকে পিটিয়ে খুন করা হয়। তার কেস হয় না। অনেক ধ্বস্তাধ্বস্তির পর তার এফ.আই.আর. নেওয়া হয়েছে। প্রথমে তার কেস নেওয়া হয়নি। পরবর্তীকালে পার্কস্ট্রিট, কামদুনি, কাটোয়া, গাইঘাটা, মধ্যমগ্রাম, বারাসাত থেকে শুরু করে আমার কুলতুলি বিধানসভায় কাজল বৈরাগী বলে একজন ৪০ বছরের বিধবা মহিলাকে উলঙ্গ করে রাস্তার ধারে গাছের সঙ্গে তার শাড়ি দিয়ে তাকে বেঁধে নির্মমভাবে বাঁশ দিয়ে পেটানো হল। তার সমস্ত শরীরে ক্ষত-বিক্ষত করা হল। যেন মনে হচ্ছে নারীদের সর্বাঙ্গে সাধ করে বিছুটি ঘষে দেওয়া হয়েছে। ....(এই সময় লাল বাতি জ্বলে ওঠে).... এই লজ্জায় গোটা বাংলা মানুষের মাথা হেঁট হয়ে যায়। আপনাদের লজ্জা না হতে পারে। কিন্তু আমার বাংলা মায়ের মান, সম্মান, ইজ্জত ধুলোর সঙ্গে মিশে যাচ্ছে। আপনাদের ভাবতে বলব। যে ধরনের আপনারা বলছেন পশ্চিমবাংলায় একটা শান্তি বিরাজ করছে। আলি ইমরান পুলিশকে বলছে আমি বিধায়ক, আমার গায়ে হাত দিও না। আমিও কয়েকদিন আগে একটি ঘটনার কথা স্পীকার সাহেবকে জানিয়েছি। একটা ঘটনা জানুয়ারিতে ঘটেছিল। জানি না, বিচার পাব কিনা। এই রকম ঘটনা ঘটছে। পুলিশ গণতন্ত্রের কথা বলছেন, পুলিশ আক্রমণ করছে, গোটা রাজ্যে আইন-শৃঙ্খলা ভেঙে পড়েছে। আমি শেষ যে কথাটা বলতে চাইছি, আজকে গোটা সুন্দরবন আয়লায় বিধ্বস্ত। আপনারা যথেষ্ট কথা বলেছেন। রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন যথেষ্ট অগ্রগতি ঘটেছে সুন্দরবন নদী বাঁধ নির্মাণে, আয়লায় বিধ্বস্ত নদী বাঁধ নির্মাণে। ৫ হাজার ৩২ কোটি টাকা সুন্দরবনের নদী বাঁধ নির্মাণের জন্য কেন্দ্রীয় সরকার বরাদ্দ করে। ৭৭৮ কি.মি. ক্ষণভঙ্গ নদী বাঁধ, সেই নদী বাঁধ মেরামত করবার জন্য আপনারা গত ২০১১ সাল থেকে ৩ বছরের জন্য কথা ছিল। আর তিন বছরে আপনারা করতে পারলেন না। এই বছরেই মাননীয় সেচমন্ত্রী বলছেন ২০ কি.মি. করা হয়েছে। এটাই কি যথেষ্টর নমুনা ? এটাই কি আপনাদের উন্নয়নের সাফল্যের নমুনা। কেন্দ্রের দেওয়া টাকা, নতুন করে এই সরকার বলছেন যে আরও আমাদের সময় দেন। ২০ কি.মি. যদি চার বছরে হয়, তাহলে ৭৭৮ কি.মি. নদীবাঁধ কতদিনে হবে ? কত বঞ্চনা সুন্দরবনে। এটা কি সম্ভব ? এই কথা রাজ্যপালের মুখ দিয়ে বলিয়ে নিলেন। ....(এই সময় মাইক অফ্ হয়ে যায়।)

শ্রী স্নেহাশীষ চক্রবর্তী : মাননীয় স্পীকার স্যার, এই সদনে উপস্থিত রাজ্য সরকারের মন্ত্রীগণ আমার প্রিয় বিধায়করা গত ১৯শে ফেব্রুয়ারি এই বাংলার মহামান্য রাজ্যপাল পবিত্র সদনে যে গুরুত্বপূর্ণ ভাষণ রেখেছেন, তার সমর্থনে আমি কয়েকটা কথা বলতে চাই। স্যার, আমরা স্বাধীনতা আন্দোলনে নেতাজী সুভাষচন্দ্রের অবদানের কথা সবাই জানি। আমরা জানি যে আজাদ হিন্দ্ বাহিনীকে নিয়ে সুভাষচন্দ্র বসুর সেই বিখ্যাত 'দিল্লী চলো' ডাক। সেদিন সাংবাদিকরা সুভাষচন্দ্রকে জিজ্ঞাসা করল যে আপনি তো দিল্লী চলো ডাক দিয়েছেন। আপনার সৈন্যদের ধ্বনি কি, স্লোগান কি ? কালবিলম্ব করলেন না সুভাষচন্দ্র। বললেন, আমার সৈন্যদের ধ্বনি হচ্ছে ইত্তেফাক, খিদমত, কুরবান। সাংবাদিকরা অবাক হয়ে আবার জিজ্ঞাসা করলেন সুভাষচন্দ্রকে যে আপনি হিন্দু পরিবারের সন্তান। আপনি উপনিষদ গুলে খেয়েছেন। গীতার প্রতিটি শ্লোক আপনার মুখস্থ। হিন্দুধর্ম সাহিত্যে এত ভালো ভালো কথা আছে, আপনি সেখান থেকে কোনো উদ্ধৃতি আপনার সৈন্যবাহিনীর মুখে বসাতে পারলেন না ? সেদিন সুভাষচন্দ্র তাঁর ডানদিকে দাঁড়িয়ে থাকা হাবিবুল রহমানকে দেখিয়ে বলেছিলেন এই যে আমার পাশে হাবিবুল রহমান দাঁড়িয়ে আছে, ওরা ভারতবর্ষের সংখ্যালঘিষ্ঠ। আমরা ভারতবর্ষের সংখ্যাগরিষ্ঠ মানুষ।

[5.50—6.00 p.m.]

যদি অনবরত আমি আমি করে আমিত্ব বাড়ায় তাহলে ওরা নিজেদের বিচ্ছিন্ন মনে করবে। ওরা নিরাপত্তাহীনতায় ভুগবে। এর থেকে ভারতে সাম্প্রদায়িক বিভেদের সৃষ্টি হবে। তাই আমরা যারা সংখ্যাগরিষ্ঠ তাদের কাজ হচ্ছে যাদের সংখ্যায় কম তাদের আন্তরিকভাবে কাছে টেনে নেওয়া। স্যার, এই বাংলা সেই সুভাষচন্দ্রের বাংলা। এই বাংলা কাজী নজরুল ইসলামের বাংলা। যেখানে তিনি গেয়েছিলেন—'আমরা একই বৃন্তে দুটি কুসুম হিন্দু মুসলমান'। এই বাংলা শ্রীচৈতন্যদেব, স্বামী বিবেকানন্দ অস্পৃশ্যতার বিরুদ্ধে লড়াই করেছিলেন। এই বাংলা রবীন্দ্রনাথের বাংলা। এই বাংলা বিদ্যাসাগরের বাংলা। এই বাংলার কৃষ্টি, এই বাংলা সংস্কৃতি, এই বাংলার পরম্পরা—সব হচ্ছে বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে একটা ঐক্যের বাতাবরণের মধ্যে থাকা। একসাথে মিলে থাকা। এটাই আমাদের ঐতিহ্য। সেই কৃষ্টি এবং ঐতিহ্যকে স্রোতস্বিনী নদীর মতো যিনি প্রবহমান দিয়েছেন, প্রভাবিত করে নিয়ে চলেছেন তিনি হলেন আমাদের পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং তার সরকার। তাই মাননীয় রাজ্যপাল সংগত ভাবেই বলেছেন, আমার সরকার সাম্প্রদায়িক সম্প্রীতি, শান্তি, সৌভ্রাতৃত্বের পরিবেশ বজায় রেখেছে। স্যার, আমাদের সরকার সংখ্যালঘু সম্প্রদায়ের উন্নতি এবং কল্যাণের জন্য মনোযোগ দিয়েছে। বিভিন্ন ধরনের প্রকল্প নিয়েছে। গত দশ-এগারো যে আর্থিক বছরে মাদ্রাসা শিক্ষাসহ সংখ্যালঘু ডেভলপমেন্টে যেখানে বরাদ্দ ছিল মাত্র ৪৭২ কোটি টাকা সেটা ২০১৪-১৫ আর্থিক বছরে চার গুণ বেড়ে হল ১৭৩৭ কোটি টাকা। শুধুমাত্র ৫৭ লক্ষ সংখ্যালঘু ছেলে-মেয়েদের স্কলারশিপের ব্যবস্থা করেছে তাই নয় তাদের উচ্চশিক্ষার দ্বারকে আরও খুলে দেওয়ার জন্য আমাদের আলিয়া বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাস তৈরী হচ্ছে নিউ টাউনে। স্যার, সংখ্যালঘু যুবক-যুবতীরা যাতে হাতের কাছে সমস্ত তথ্য পায় তার জন্য বিভিন্ন জেলায় কুড়িটি সংখ্যালঘু ভবন প্রস্তুত করেছি। শুধু তাই

নয়, আমরা তাদের জীবিকার জন্য ১২৪টি বিপণন কেন্দ্র তৈরী করার প্রচেষ্টা করছি। সাচার কমিটি রিপোর্ট যা বলেছিল, পশ্চিমবাংলায় সংখ্যালঘুদের পিছিয়ে পড়ার কথা, সরকার যত্ন সহকারে সেই কমিটির রিপোর্টকে গুরুত্ব দিচ্ছে। সেইভাবে ডেভলপ করছে। স্যার, ১৯৭৭ সালের বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলায় ক্ষমতায় আসার পর তৎকালীন মুখ্যমন্ত্রী রাইটার্স বিল্ডিং-এর সামনে প্রায় লক্ষাধিক জনসমক্ষে বলেছিলেন, আমরা রাইটার্স-এ বসে সরকার চালাব না, আমরা গ্রামে-গঞ্জে গিয়ে সাধারণ মানুষের পাশে দাঁড়িয়ে সরকার চালাব। কিন্তু দিন যত গেছে কালের গতিতে বামফ্রন্ট ওই লাল বাড়ি, লাল ফিতের ফাঁসে আটকে গিয়েছিল। আর গ্রাম শাসন করেছিল তৎকালীন শাসক দলের ক্যাডাররা। সুনীল গঙ্গোপাধ্যায় বোধহয় আপনাদের দেখেই লিখেছিলেন—কেউ কথা রাখেনি, ৩৩ বছর পার হয়ে গেল। কিন্তু কথা তো রাখে মা-মাটি-মানুষের সরকার। তাই আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী সমগ্র মন্ত্রীসভাকে নিয়ে সচিব পর্যায়ের অফিসারদের নিয়ে নিয়মিতভাবে বিভিন্ন জেলায় গিয়ে সরকারি মিটিং করছেন। প্রশাসনিক মিটিং করছেন। এতে দুটো কাজ হচ্ছে। একদিকে যেমন, প্রশাসন সচল হচ্ছে, এস.ডি.ও., বি.ডি.ও., ডি.এম.-দের তাদের সচলতা বৃদ্ধি পাচ্ছে, পাশাপাশি হাজার হাজার মানুষের জনসভায় তিনি ঘোষণা করছেন এই যে, আমার সরকার, এই হচ্ছে বিভিন্ন প্রকল্প, এই হচ্ছে বিভিন্ন সুযোগ-সুবিধা—এগুলি আপনারা গ্রহণ করবেন। আমাদের সরকার সেই দ্বারটা আপনাদের সামনে উন্মুক্ত করে দিয়েছে। তাই রাজ্যপাল তার ভাষণে সঠিকভাবেই বলেছেন, ২০১১ সালের মে মাসের পর এরকম ৭৫টি প্রশাসনিক মিটিং জেলা এবং ব্লকস্তরে অনুষ্ঠিত করেছে আমাদের সরকার। স্যার, ইন্ডিয়া টু ডে বেস্ট সিটি অ্যাওয়ার্ড ২০১৪ দ্বিতীয় সংস্করণে অপরাধের দিক থেকে এবং নিরাপত্তার দিক থেকে আমাদের কলকাতা প্রথম শ্রেণীর শহরে পরিণত হয়েছে। এটা আমাদের গর্ব। কারণ এটা আমরা জানি, স্বঘোষণা বারাঙ্গনা পথে যদি পড়ে বিচরণ নিরুদ্বেগে একাকিনী তবে মানে প্রকৃষ্ট শাসন। আমরা জানি স্যার, আমাদের সরকার জানে। তাই আজকে মুম্বাই, ব্যাঙ্গালুরু, আমেদাবাদ—বিভিন্ন শহরের তুলনায় কলকাতা মহিলাদের ক্ষেত্রে নারীদের ক্ষেত্রে অনেক বেশি নিরাপদ। আজকে ক্রাইম রেকর্ড ব্যুরো সেটাই বলছে। বিষবৃক্ষ তো আপনারা রোপণ করে গিয়েছিলেন। তার ডানা ছাঁটতে, তার ডাল কাটতে, সেটাকে উপড়ে ফেলতে একটু তো সময় লাগবে। তবে আমরা আস্তে আস্তে সেই জায়গায় পৌঁছে যাওয়ার চেষ্টা করছি।

স্যার, এই বাংলায় সরকার বিরোধী আন্দোলনে পুলিশি নির্যাতনের বিরুদ্ধে বিরোধীদের একটা স্লোগান ছিল। যাঁরা আমার থেকে সিনিয়র তাঁরা খুব ভালো করেই জানেন। 'পুলিশ তুমি যতই মার, মাইনে তোমার ১১২'। আজকে কিন্তু পুলিশকে এই উপহাসের চোখে মোটেই দেখা হয় না। কারণ আমাদের সরকার একদিকে যেমন পুলিশের দক্ষতা বৃদ্ধির ওপর নজর দিয়েছে তেমনি পাশাপাশি পুলিশ-প্রশাসনকে আরো বেশি আর্থিক ও সামাজিক দিক থেকে নিরাপত্তার একটা দায়িত্ব এই সরকার তুলে দিয়েছে। আমাদের সরকার পুলিশের প্রত্যাশাকে দ্বিগুণ, বহুগুণ বাড়িয়ে দিয়েছে 'প্রত্যাশা' নামক একটি মালিকানাধীন প্রকল্প, আবাস প্রকল্প নিয়ে এসেছে যাতে বিভিন্ন জায়গায় তাদের জমি দেওয়া যায়। সঙ্গে সঙ্গে কনস্টেবল যারা আছেন তারা যাতে শেষ বয়সে নিজের নিজের জেলায়

ট্রান্সফার নিতে পারেন তার বন্দোবস্তও আমাদের সরকার করেছে। বিভিন্ন জায়গায় পুলিশ-প্রশাসনের রিক্রুটমেন্ট থেকে শুরু করে তাদের কাজ যাতে আরো সুন্দর করা যায় তার ওপর নজর দেওয়া হয়েছে। মানুষের সাথে পুলিশের যাতে একটা আন্তরিক যোগাযোগ তৈরী হয় বিভিন্ন সামাজিক অনুষ্ঠানের মধ্যে দিয়ে পুলিশকে নিয়ে আসা সেটা হচ্ছে। একটা বাতাবরণ তৈরী হয়েছে যে পুলিশ মানেই মানুষ ভয় পাবে না, সে নিরাপত্তা দেবে, এটা হচ্ছে তার প্রধান কাজ। আজকে এই ভাবেই আমাদের সরকার কাজ করে চলেছে বলেই মহামান্য রাজ্যপাল যে ভাষণ রেখেছেন আমি তাকে সমর্থন না করে পারছি না।

স্যার, আমাদের ভারতবর্ষকে আমরা মায়ের সাথে তুলনা করি। 'যেদিন সুনীল জলধি হইতে উঠিল জননী ভারতবর্ষ, উঠিল বিশ্বে সে কি কলরব, সে কি মা ভক্তি, সে কি মা হর্ষ'। আবার, এই ভারতবর্ষেই কবিকে আক্ষেপ করে লিখতে হয়েছে 'নারীকে আপন ভাগ্য জয় করিবার কেন নাহি দিবে অধিকার'। আমাদের সরকার, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বাংলার নারীকে সেই অধিকার, সেই মর্যাদা ফিরিয়ে দিতে চায়। আমরা তাই 'কন্যাশ্রী' প্রকল্প এনেছি। এখনও অনেক পরিবার আছে যারা কন্যা সন্তান নিতে চায় না। অনেক পরিবার আছে যেখানে কন্যা সন্তান অনাদরে লালিত-পালিত হয়। তাকে এডুকেশন দেওয়া হয় না, তারপর জোর করে নাবালিকা অবস্থায় বিয়ে দিয়ে দেওয়া হয়। এতে পরবর্তীকালে মেয়েটির শারীরিক এবং মানসিক ক্ষেত্রে নানা সমস্যা তৈরী হয়। আমরা আনলাম কন্যাশ্রী প্রকল্প। এতে একদিকে যেমন নাবালিকা অবস্থায় বিয়ে দেওয়া রোধ হবে, সে এডুকেশনের পথে যাবে সঙ্গে সঙ্গে পরিবারের কাছে মেয়েটির একটা মর্যাদা তৈরী হবে যে সরকার তার পাশে আছে। এই প্রকল্প এনে বাংলার নারীকে নিজের পায়ে দাঁড় করানোর এবং একটা শক্তি দেওয়ার চেষ্টা করেছে আমাদের সরকার।

স্যার, পৃথিবীতে যত উন্নত দেশ আছে, এই তো গতকাল আমাদের সরকারের উচ্চশিক্ষা দপ্তর টেকনিক্যাল ইউনিভার্সিটি সংক্রান্ত একটা বিল এনেছে। পৃথিবীতে যত উন্নত দেশ আছে তারা বেশিরভাগই টেকনিক্যাল এডুকেশনকে, টেকনোলজি অর্থাৎ কারিগরী শিক্ষাকে অবলম্বন করেছে। জাপানের কথা ভাবুন, জার্মানের কথা ভাবুন, মার্কিন যুক্তরাষ্ট্রের কথা ভাবুন। তারা কারিগরী শিক্ষাকে অবলম্বন করেছে। আবার নেপালকে দেখুন। তারা কারিগরী শিক্ষাকে দূরে রেখেছে বলেই উন্নয়নের দিক থেকে অনেকটা পিছিয়ে আছে। অমাদের সরকার সেই কারিগরী শিক্ষাকে ব্রাত্য করে রাখতে চায় না। আমাদের সরকার প্রতিটি ব্লকে কারিগরী শিক্ষাকে সাধারণ এডুকেশনের মতো জনপ্রিয়তা লাভ করানোর জন্য এবং ছাত্র-ছাত্রীদের কাছে এই শিক্ষার দ্বারকে যাতে আরো খুলে দেওয়া যায় তার জন্য বিভিন্ন ব্লকে আই.টি.আই. কলেজ স্থাপন, মহকুমাতে পলিটেকনিক কলেজ স্থাপনের একটা প্রস্তুতি আমাদের সরকার নিয়েছে। অনেক বেশি করে কারিগরী শিক্ষাকে ছাত্র-ছাত্রীদের মধ্যে যাতে ইনপুট করা যায় সেটা কিন্তু আমাদের সরকার করছে।

স্যার, সামগ্রিকভাবে আমাদের সরকার কাজ করে চলেছে। রাজ্যকে আর্থিক দুরবস্থার মধ্যে ফেলে রেখে গিয়েছিল বামফ্রন্ট সরকার। আমরা যখন ক্ষমতায় আসি তখন রাজ্যের

দেনা ছিল ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা। প্রায় ২১ হাজার ৫০০ কোটি টাকা মতো সুদ-আসল শোধ করতে চলে যেত। সেই সময় রাজ্যের কর এবং রাজস্ব বাবদ আয় ছিল ঠিক সেই পরিমাণ টাকা। এই অবস্থার মধ্যে দায়িত্ব নেবার পর আমরা যেটা করতে পেরেছি, অর্থ দপ্তর যেটা করতে পেরেছে সেটা হচ্ছে সাধারণ মানুষের ওপর আর্থিক বোঝা না চাপিয়ে কিছু টেকনিক্যাল পরিবর্তন করে আমাদের রাজস্ব সংগ্রহটাকে অনেক বৃদ্ধি করতে পেরেছি। আমরা দ্বিতীয় বছর ২৫ হাজার কোটি টাকা। তার পরের বছর ২৯ হাজার কোটি টাকা এবং আজকে সেটা প্রায় ৪০ হাজার কোটি টাকা মতো রাজস্ব সংগ্রহ করতে পেরেছি। এটাই হচ্ছে একটা সরকারের দক্ষতা যে মানুষের ওপর কর চাপানো হল না কিন্তু কর সংগ্রহটাকে অনেকটা সুন্দরভাবে সংগ্রহ করতে পারছি। আর, তাই এত ডেভেলপমেন্ট হচ্ছে।

[6.00—6.10 p.m.]

তাই সারা রাজ্য জুড়ে আমরা এত ডেভেলপমেন্ট করতে পারছি। কিন্তু আমাদের যে অধিকার, রাজ্য থেকে এত সুদ-আসল চলে যাচ্ছে এর জন্য আমাদের লড়াই চালাতেই হবে। কারণ এই ধার তো আমরা করে যাইনি। আমার আসার পরে ধারের পরিমাণটা বাড়ছে এটা স্বাভাবিক। আপনি যদি ঋণের জালে জড়িয়ে যান সেই সুদ-আসল দিতে গেলে আপনাকে আবার কিছু না কিছু নিতেই হবে। কারণ পাপের বোঝাটা আপনারা তৈরি করে দিয়ে গিয়েছিলেন। রত্নাকর দস্যুর পাপের বোঝাটা তার মাও নেয়নি, স্ত্রীও নেয়নি। বাট, বামফ্রন্টের পাপের বোঝা আমাদের সরকারকে বহন করতে হচ্ছে। সবদিক থেকেই বহন করতে হচ্ছে। আজকে ঋণের বোঝা থেকে শুরু করুন আর চিট ফান্ড থেকে শুরু করুন সমস্ত আপনাদের পাপের বোঝা আমাদের সরকারকে বহন করে নিয়ে তার মধ্য থেকে মানুষকে সঙ্গে করে উন্নয়নের পথে এগিয়ে চলছি। তাই রাজ্যপাল এইসব কথা বলেছেন বলেই তার ভাষণকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী অশোক রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই মহতী সভায় পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল শ্রী কেশরী নাথ ত্রিপাঠী গত ১৯শে ফেব্রুয়ারি যে ভাষণ এখানে পাঠ করেছেন সেই ভাষণে বাস্তবের সঙ্গে কোনো মিল না থাকায় আমি এটাকে সমর্থন করতে পারছি না। এই ভাষণে একটা জায়গায় বলা হয়েছে রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতি শান্তিপূর্ণ, নিয়ন্ত্রণের মধ্যে রয়েছে। শান্তি-শৃঙ্খলা আজ সারা পশ্চিমবাংলায় এমন একটা অবস্থায় গিয়ে দাঁড়িয়েছে, সে তো ভাষায় প্রকাশ করা যায় না। বিভিন্ন সদস্য অনেক কথা বলেছেন। আমি আমার বক্তব্যকে একটু সীমিত রেখে আমার বীরভূম জেলার আইন-শৃঙ্খলা কোন জায়গায় গিয়ে পৌঁছেছে এবং গোটা পাড়ুই থানায় আজ শ্মশানের শান্তি বিরাজ করছে—তারই দু-চারটি উদাহরণ এই মহতী সভায় তুলে ধরতে চাই। গত ২৭শে অক্টোবর মাকড়া গ্রামে শাসক দল এবং বিজেপির মধ্যে একটা বিরোধ ঘটে। তার ফলে তিনজন মারা যান। আমরা বাম পরিষদীয় দল সেখানে যাই। সেখানে পুলিশ প্রশাসন আমাদের ঢুকতে দিল না ১৪৪ ধারা জারি আছে বলে। আমাদের সেখান থেকে হঠিয়ে দেওয়া হয়। এমনকি সেখানে

আমাদের নেতৃত্বে বাম পরিষদীয় দলে আনিসুরদা ছিলেন, এক এম.পি. ছিলেন। তা সত্ত্বেও তাদেরকে ঢুকতে না দিয়ে আমাদের অ্যারেস্ট করা হয়। অ্যারেস্ট করে থানায় নিয়ে যাবার পরে এস.পি. যে আচরণ করেছেন সেটা হচ্ছে অত্যন্ত নিন্দনীয়। দুই হচ্ছে—অমিত চক্রবর্তী। এ.এস.আই—দুবরাজপুরে খুন হয়েছে। তৃণমূলের গুন্ডা বাহিনীর দ্বারা তিনি খুন হয়েছেন। আসল দুষ্কৃতীরা ঘুরে বেড়াচ্ছে। আর অপরদিকে নিরীহ কতগুলো মানুষের উপরে কেস দিয়ে তাদের জেলে পোরার চেষ্টা হচ্ছে। তিন—খয়রাশোলের অশোক ঘোষ। অশোক মুখার্জী গোষ্ঠীদ্বন্দ্বে খুন হয়েছে। আজ কিভাবে সারা বীরভূম জেলা চলছে এটা হচ্ছে তার দৃষ্টান্ত। আর অন্যদিকে আমরা কি লক্ষ করছি—কুটিরশিল্প। কুটিরশিল্পে এই রাজ্য আজ বোধহয় সারা ভারতবর্ষে এক নম্বর জায়গায় চলে গেছে। সেই কুটিরশিল্পটা কি ? ঘরে ঘরে আজ বোমা তৈরি হচ্ছে। একই জায়গা থেকে দুটো কাজ হচ্ছে। একদিকে কুটিরশিল্পের উন্নয়ন অন্যদিকে মানুষের স্বাস্থ্যের পরীক্ষা। বোমার পরীক্ষা হচ্ছে কি ? সাত্তোর গ্রামে যে সাত্তোর উপ স্বাস্থ্যকেন্দ্র আছে সেখানে আটশো বোমা পাওয়া গিয়েছে। যেখানে ডাক্তারদের চিকিৎসা করার জন্য দেওয়া হয়েছিল এই বোমা কত শক্তিশালী সেটা দেখার জন্য, কত বামপন্থী মানুষদের হত্যা করা যেতে পারে তার জন্য স্বাস্থ্যকেন্দ্রে জমা রাখা হয়েছিল আটশো বোমা। তারপর কি দেখছি ? স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসক নেই, চিকিৎসা হয় না। রোগীদের ফিরে আসতে হয়। এই হচ্ছে আমাদের স্বাস্থ্য ব্যবস্থা। পাড়ুই থানা এলাকায় দলীয় কর্তৃত্বকে বজায় রাখার জন্য শাসক দলের নেতা-নেত্রীরা যে ভাষায় কথা বলছেন তাতে সারা পশ্চিমবাংলা চিন্তিত। সারা পশ্চিমবাংলা ভাবছে, সাধারণ মানুষ ভাবছে একি, কোন জঙ্গলের রাজত্বে আমরা বাস করছি। এই জঙ্গলের রাজত্বের অবসান কতদিনের মধ্যে হবে ? যারা পরিবর্তন করার জন্য উঠে পড়ে লেগেছিলেন আজকে সেই সাধারণ মানুষ বলছেন, আমরা পরিত্রাণ চাই এই দুর্বৃত্তদের হাত থেকে। বোলপুর থানার ভেতরে ঢুকে যিনি পুলিশ অফিসারকে চড় মারলেন, তিনি নাকি পুলিশের খাতায় আজ ফেরার বা অধরা। অথচ মন্ত্রী যেখানে সভা করছেন সেই সভা মঞ্চে তিনি উপস্থিত আছেন। বিভিন্ন খবরের কাগজ, ইলেক্ট্রনিক মিডিয়া আজ সেটা সারা পশ্চিমবাংলাকে দেখিয়েছে। এটাই কি আইন-শৃঙ্খলা রক্ষার একটা নমুনা। নারী নির্যাতনের ক্ষেত্রে পশ্চিমবঙ্গে এটা একটা নিত্য নৈমিত্তিক ঘটনা হয়ে দাঁড়িয়েছে। গত ১৭ই জানুয়ারি, ২০১৫ সাত্তোর গ্রামের সংখ্যালঘু ঘরের গৃহবধূ যার বাপের বাড়ি কলমডাঙা বর্ধমান জেলায়। তার ভাইপোকে পুলিশ ধরতে গিয়ে না পেয়ে ওই মহিলার উপর যে নৃশংস অত্যাচার করেছেন তৃণমূলের গুন্ডাবাহিনী এবং পুলিশ তা মধ্যযুগীয় বর্বরতাকেও ছাপিয়ে গেছে। এটা কি সুস্থ সমাজ গড়ার বা সুস্থ আইন-শৃঙ্খলার নিদর্শন। উত্তর দেবেন কি শাসক দল। বীরভূম জেলার কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক, আজ ৮ লক্ষ আমানতকারী ক্ষতিগ্রস্ত। সেদিকে এই সরকারের কোনো ভ্রুক্ষেপ নেই। রাজ্যপালের ভাষণে কোনো উল্লেখ নেই। ধর্মান্তকরণ করা হয়েছে রামপুরহাটে। সে সম্পর্কে ওদের কিন্তু কোনো বক্তব্য নেই। যার জন্য আমরা কোনো অবস্থাতে এই রাজ্যপালের ভাষণকে সমর্থন করতে পারি না। আমার দুঃখ হয়, বেদনা হয় যখন ভাবি যে বীরভূম জেলায় কবি জয়দেবের জন্মস্থান। যে বীরভূম জেলায় তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের মতো সাহিত্যিকের জন্ম, যে

বীরভূম জেলায় নিত্যানন্দ মহাপ্রভুর মাতুলালয়। যে বীরভূম জেলা লালপাহাড়ির দেশ, রাঙামাটির দেশ হিসাবে চিহ্নিত করে, বাউলরা গান করে। যে বীরভূম জেলায় বিশ্বকবি রবীন্দ্রনাথ বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় স্থাপন করেছিলেন এবং সারা বিশ্বকে এক ছাতার দেখতে চেয়েছিলেন সেইজন্য শান্তিনিকেতন গড়ে তুলেছিলেন। সেই জেলায় আজকে দুর্বৃত্তদের শাসন দেখলে আমার মাথা হেঁট হয়ে যায়।

(এই সময় মাইক অফ হয়ে যায়।)

শ্রী দীপক হালদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯শে ফেব্রুয়ারি ২০১৫ ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের রাজ্যপাল মাননীয় শ্রী কেশরীনাথ ত্রিপাঠী মহোদয় যে ভাষণ প্রদান করেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে গুটিকয়েক কথা আমি নিবেদন করতে চাই। মাননীয় রাজ্যপাল ভাষণ দেওয়ার পরে আমরা দেখলাম প্রথমদিনে সর্বপ্রথম যিনি এই বক্তব্যের উপর ভাষণ দিতে উঠেছিলেন অত্যন্ত প্রবীণ, দীর্ঘদিনের বিধায়ক তথা প্রাক্তন মন্ত্রী। আমরা দেখছি মাননীয় নস্কর সাহেব সেদিনকে বলতে উঠে, আমরা যাদের কাছে মনে করি শিখব, যারা পবিত্র সদনে বক্তব্য রাখেন অত্যন্ত গুরুত্বপূর্ণ বক্তব্য বলে আমরা মনে করি। যাদের পথকে পাথেয় করে আমরা এই বিধানসভায় এগিয়ে চলার চেষ্টা করব বলে ভাবি।

[6.10—6.21 p.m.]

সেদিনকে তিনি বক্তব্য রাখতে উঠে, আজকে রাজ্যের যিনি সাংবিধানিক প্রধান, তাঁর সম্পর্কে তিনি যে ধরনের কথাবার্তা বললেন, তিনি বললেন যে অসত্য ভাষণ প্রদান করেছেন বা আরও অনেক ব্যক্তিত্ব, অনেক এম.এল.এ. সাহেব, অনেক বিরোধী রাজনৈতিক দলের নেতৃত্ববর্গ যে ধরনের কথাবার্তা বলেছেন রাজ্যপাল সম্পর্কে যে প্রতিটি ছত্রে ছত্রে নাকি তিনি ভুল তথ্য পরিবেশন করেছেন। কেউবা বলেছেন যে এই বক্তব্য আমাদের তৃণমূল ভবনে বসে তৈরি করে দেওয়া, রাজ্যপাল মহাশয় সেটা পাঠ করেছেন। ৩৪ বছর ধরে একটা সরকার ছিল। আমি জানি না সেই সময় কিভাবে রাজ্যপাল মহাশয় বক্তব্য রাখতেন। আমার মনে হয় সেই বিষয়টা আপনাদের মনে রাখা উচিত। আজকে আমরা বলি, আজকে আমরা মহাপুরুষদের অমোঘবাণী জানি। 'মানুষ মানুষের জন্য'। ঠিক তেমনি করেই স্বামী বিবেকানন্দের একটা বাণী জানি 'জীবে প্রেম করে যেই জন, সেই জন সেবিছে ঈশ্বর।' এই বাণীকে সামনে রেখেই বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আজকে মানুষের কাছে আমরা দেখেছি অত্যাচারিত, নিপীড়িত, শোষিত, বঞ্চিত মানুষদের জন্য জেলায় জেলায় তিনি ছুটে গিয়ে যে ৭৫টি প্রশাসনিক বৈঠক করেছেন, সেখানেও কিন্তু মানুষের কাছে প্রকৃত তথ্য জেনে নিয়ে সেই সমস্যাগুলির সমাধানের চেষ্টা করেছেন যা ৩৪ বছরে আপনাদের সরকার কোনোদিন করেনি বা কোনো সরকার করতে পারেনি। এটা আমরা বলতে চাই। তাই আজকে এই কথা বলতে গিয়ে রাজ্যের আইন-শৃঙ্খলার কথা অনেকেই বলছিলেন। আমরা বলব পশ্চিমবঙ্গে যে ঘটনা ঘটেছে বাংলার মুখ্যমন্ত্রী প্রশাসনিক দায়িত্বের প্রধান হিসাবে তিনি প্রত্যেকটি ক্ষেত্রে পদক্ষেপ করেছেন। পশ্চিমবঙ্গে এমন কোনো

ঘটনা নেই, যে ঘটনার জন্য তিনি পদক্ষেপ করেননি। এই পদক্ষেপ করতে গিয়ে আমরা দেখেছি আমাদের এম.এল.এ.-দেরকে অ্যারেস্ট হতে হয়েছে। আমরা দেখেছি আমাদের কাউন্সিলারকে অ্যারেস্ট হতে হয়েছে। আমরা দেখেছি আমাদের বোরো চেয়ারম্যানকে অ্যারেস্ট হতে হয়েছে। আমরা দেখেছি আমাদের সাংসদকে অ্যারেস্ট হতে। কিন্তু আমরা বলতে চাই ৩৪ বছরে পশ্চিমবঙ্গে একটা সামান্য বুথের ক্যাডারের জন্য পদক্ষেপ নিতে আপনাদের সরকারকে আমরা কোনোদিন দেখিনি। মনে আছে আপনাদের বিজন সেতুতে আনন্দমার্গীদের মৃত্যুর ঘটনা ? মনে আছে আপনাদের মরিচঝাঁপির পৈশাচিক মৃত্যুর ঘটনা ? মনে আছে আপনাদের নার্স বর্নালী দত্তের উপর পৈশাচিক অত্যাচারের কথা ? বোবা মেয়ের উপর অত্যাচার, যেদিন অন্তঃসত্ত্বা হয়েছিল, বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় রাইটার্স বিল্ডিংয়ে প্রতিবাদ করতে গিয়েছিলেন, সেদিন কিন্তু কোনো পদক্ষেপ করেননি। সেদিন মমতা ব্যানার্জীর উপর যে পৈশাচিক অত্যাচার করেছিলেন, সেটা বাংলার মানুষ কোনোদিন ভুলবে না। আমরা বলতে চাই সিঙ্গুরের ছোটো মেয়ে তাপসী মালিক, ষোল বছরের একটি ছোটো মেয়ে, তার চোখে রঙিন স্বপ্ন ছিল, বাংলার মুখ্যমন্ত্রীর নেতৃত্বে সে একটা আন্দোলন করছিল। সেদিন আমরা দেখেছিলাম আপনাদের দুই নেতা সুহৃদ দত্ত, দেবু মালিককে আমাদের ছোটো বোনের উপর পৈশাচিক অত্যাচার করতে দেখেছিলাম। তাকে ধর্ষণ করে পুড়িয়ে মেরেছিল। লজ্জা করে না ? কোনো পদক্ষেপ নিয়েছিলেন ? নিতে পারেননি। সেদিন আপনাদের দলের—পশ্চিমবঙ্গের যিনি সেক্রেটারি, সম্পাদক, তিনি বলেছিলেন তারা নাকি আপনাদের পার্টির সম্পদ। আর আপনারা বড়ো বড়ো লেকচার দিচ্ছেন, কথা বলছেন বিধানসভায় দাঁড়িয়ে। আমরা বলতে চাই নানুরে ১১ জন সংখ্যালঘু ভাইকে যেদিন মারা হয়েছিল, সেদিন কোনো পদক্ষেপ আপনারা করেননি। সিঙ্গুরে খুন, আমরা দেখেছি খুন করে একের পর এক মানুষকে মাটিতে পুঁতে দিতে। কোনো পদক্ষেপ আপনারা করেননি। বানতলা, ধানতলার ঘটনা, আমরা ছোটো আঙারিয়া, সূচপুর, নানুর থেকে শুরু করে আমরা বলতে চাই গোপীনাথপুর, সিহড় থেকে শুরু করে কেশপুর, দাঁতন, কোতুলপুর, শাসন, ক্যানিং, বাসন্তী, মহিলাদের উপর অত্যাচার। গড়বেতার নায়ক তপন, সুকুরকে কিন্তু আপনারাই পার্টির সম্পদ বলেছেন, গোলাপ দিয়ে বরণ করেছেন। বাদ্য বাজিয়ে বাজিয়ে পশ্চিমবঙ্গের মানুষের কাছে বার্তা দিয়েছেন। যারা এমনি কাজ করবে তারা পশ্চিবঙ্গের প্রকৃত নায়ক হবে। তারা পশ্চিমবঙ্গের ক্যাডার হবে, তারা আজকে পশ্চিমবঙ্গের নেতা হবে। লজ্জা করে না ? লজ্জা করে না আপনাদের। আবার বড়ো বড়ো কথা বলছেন। আমরা বলতে চাই আজকে ভয়াল, ভয়ঙ্কর, শিহরণ জাগানো এক নেতা, আতঙ্কের নায়ক, কঙ্কালের নায়ক আজও পর্যন্ত কিন্তু বিধানসভায় এসে, বসে বড়ো বড়ো কথা বলেন। লজ্জা থাকা উচিত। লজ্জা করা উচিত। আজকে বাংলার মানুষের জন্য কোনোদিন কোনো পদক্ষেপ আপনারা করেননি। আর আপনারা বড়ো বড়ো কথা বলছেন। কংগ্রেসের এক বন্ধু বলছিলেন, কংগ্রেসের এক শ্রদ্ধেয় ব্যক্তি বলছিলেন, যিনি বিধায়ক, একটা সময় আমরা দেখেছি তিনি প্রাক্তন মন্ত্রী ছিলেন। মঙ্গলকোটে সেদিন তাঁর কোঁচা খুলে গিয়ে, কাপড় খুলে দিয়ে ছুট আমি মৃত্যুর আগের দিন পর্যন্ত ভুলব না। সেদিন কিন্তু মুখ তুলে কথা বলেননি,

সেদিন কিন্তু লড়াই করেননি। আমরা বলতে চাই এমনি করে একের পর এক পশ্চিমবঙ্গে অত্যাচার করেছেন। আর মাননীয় রাজ্যপাল যে কথা বলেছেন, আমাদের কথা নয়, তৃণমূলের কথা নয়, বাংলার মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর কথা নয়, আজকে ন্যাশানাল ক্রাইম রেকর্ড ব্যুরো বলছে যে কলকাতা শহর মহিলাদের পক্ষে নিরাপদ। এই বলাটা অন্যায়, এটা অসত্য ? অসত্য যদি হবে আপনারা পদক্ষেপ নিচ্ছেন না কেন ? একজন রাজ্যপাল বিধানসভায় দাঁড়িয়ে কথা বলছেন কেন তার বিরুদ্ধে পদক্ষেপ নেবেন না, নিন না। আপনাদের কত বড়ো ক্ষমতা আছে। আমরা বলতে চাই বন্ধু এইভাবে মানুষকে দ্বিচারিতা করা উচিত নয়। আজকে বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় পশ্চিমবঙ্গের একের পর এক উন্নয়নের জন্য কাজ করছেন। আমরা দেখেছি তিনি বুঝেছেন যে কৃষিক্ষেত্রকে সমৃদ্ধ করতে হবে। বাংলা সমৃদ্ধ হবে, ভারতবর্ষ সমৃদ্ধ হবে। আমরা বিবেকানন্দের একটা কথা জানি, বিবেকানন্দ চেয়েছিলেন কৃষি-বিপ্লব। যাতে বৈজ্ঞানিক উপায়ে বেশি ফসল হয়। তিনি গালাগাল করে বলতেন—'তোরা কি করছিস ? এত বিদ্যে শিখে পরের দোরে ভিক্ষার মতন চাকুরি দাও, চাকুরি দাও করে চেঁচাচ্ছিস। জুতো খেয়ে দাসত্ব করে করে তোরা আর মানুষ আছিস ? এমন সুজলা সুফলা দেশ যেখানে সকল দেশের চেয়ে কোটি গুণে ধনধান্য প্রসব করছেন সেখানে দেহ ধারণ করে তোদের পেটে অন্ন নেই, পিঠে কাপড় নেই। অন্নপূর্ণার দেশে তোদের এমন দুর্দশা ? তোরা অন্ন-বস্ত্রের সংস্থান করতে পারিস না আবার জাতের বড়াই করিস'। আজকে সেই বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বিবেকানন্দের সেই বাণীকে সামনে রেখে বাংলাকে সমৃদ্ধ করার জন্য আমরা দেখেছি তিনি বিভিন্ন পদক্ষেপ করেছেন। আজকে কৃষিক্ষেত্রকে সমৃদ্ধ করার জন্য আমরা কি দেখতে পাই—আজকে কৃষিক্ষেত্রকে সমৃদ্ধ করার জন্য আমরা দেখতে পাই তিনি একের পর এক পদক্ষেপ করছেন। আমরা আপনাদের সময় দেখেছি মহাজনদের কাছ থেকে লোন নিয়েছেন ১০-১৫-২০% সুদে। কৃষকরা উৎপাদিত ফসল না ফলানোর জন্য তারা শোধ দিতে পারেনি। গলায় দড়ি দিয়েছে, বিষ খেয়ে আত্মহত্যা করেছে। আর মমতা বন্দ্যোপাধ্যায় কি করলেন—৬৫ লক্ষ কৃষকের হাতে আজকে কিষান ক্রেডিট কার্ড তুলে দিয়ে সাড়ে সাত পার্সেন্ট সুদে লোন দিচ্ছেন। প্রথম বছর শোধ করলে সাড়ে চার পার্সেন্ট সুদ শুধু তাই নয় উন্নতমানের বীজ দিচ্ছেন, সার দিচ্ছেন, পাউডার দিচ্ছেন, জল সেচের মেশিন দিচ্ছেন, ধান ঝাড়ার মেশিন দিচ্ছেন, ঝারি দিচ্ছেন, এককালীন পাঁচ হাজার টাকা অনুদান দিচ্ছেন, বিদ্যুৎ সংযোগের জন্য সাড়ে আট হাজার টাকা অনুদান দিচ্ছেন। আমরা বলতে চাই বন্ধু, এই ফসলটা পাবে কি না নিশ্চয়তা না থাকার জন্য সরকারি অর্থ ব্যয়ে শস্য বিমা করার ব্যবস্থা করে দিয়েছেন। শুধু তাই নয় উৎপাদিত ফসল বিক্রি করার জন্য আজকে কিষাণ মান্ডি তৈরি করে দিয়েছেন। ৮৪টা তৈরি হয়ে গেছে আর ৮৮টা তৈরি হচ্ছে। বন্ধু আমার এলাকায় গিয়ে দেখে আসবেন, ডায়মন্ডহারবারে কি সুন্দর করে কিষাণ মান্ডি তৈরি হয়েছে। লজ্জা থাকা উচিত। আজকে সেই জায়গাতে কৃষকরা উৎপাদিত ফসল বিক্রি করার সুযোগ পাবে। আমি ডায়মন্ডহারবারবাসীর পক্ষ থেকে মমতা ব্যানার্জীকে কৃতজ্ঞতা জানাই, অরূপ রায়কে ধন্যবাদ জানাই আজকে সেই জায়গায় নতুন করে সেজে উঠেছে। আর আপনারা কি

করছেন ? মিথ্যা কথা বলে মানুষকে ভুল বোঝানোর চেষ্টা করছেন। আমরা বলতে চাই শুধু কৃষিক্ষেত্র নয়, স্বাস্থ্যক্ষেত্রকেও সমৃদ্ধ করার জন্য আজকে বাংলার মুখ্যমন্ত্রী বিভিন্ন ধরনের পদক্ষেপ গ্রহণ করেছেন। আজকে সেখানে পদক্ষেপ গ্রহণ করতে গিয়ে দেখেছি আজকে সাতটা স্বাস্থ্য জেলা তৈরি করেছেন। আমরা বলতে চাই ৩৪টা সুপার স্পেশালিটি হসপিটাল তৈরি হচ্ছে। আমার ডায়মন্ডহারবারে সুপার স্পেশালিটি হাসপাতাল তৈরি হচ্ছে। যদি আপনার কোনো লোক থাকে, আপনাদের কমরেড বন্ধুদের গিয়ে জেনে নিতে বলবেন ৬১ কোটি টাকা ব্যয় করে কাজ শুরু হয়েছে। আমি মনে করছি আগামী বিধানসভার আগে শুরু হবে। আমি বলব আজকে সেই হাসপাতালে সবচেয়ে বেশি করে যারা সুযোগ নিচ্ছেন—আজকে জেলা হাসপাতাল হয়েছে ডায়মন্ডহারবারে তারা কিন্তু ২০১১ সালের আগে পর্যন্ত বেশিরভাগ সি.পি.এম.-এর মানুষ। পশ্চিমবঙ্গে ছয়টা SNCU ছিল। শিশুদের চিকিৎসার কোনো ব্যবস্থা ছিল না। আজকে বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় পশ্চিমবঙ্গে ক্ষমতায় আসার পরে ৪৮টা SNCU তৈরি করেছেন। রাজ্যপাল যে বক্তব্য রেখেছেন মিথ্যা তথ্য বলেছেন ? আজকে আমাদের চন্দ্রিমাদি বসে আছেন। আজকে বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং চন্দ্রিমাদিকে আমি ধন্যবাদ জানাই, কৃতজ্ঞতা জানাই সারা বাংলা জুড়ে আজকে কাজ করছেন। আজকে সেখানে আমরা কি দেখতে পাচ্ছি—সেখানে দেখতে পাচ্ছি বিভিন্নভাবে যে উন্নয়নের গতি হচ্ছে, ন্যায্য মূল্যের ওষুধের দোকান তৈরি হচ্ছে। পশ্চিমবঙ্গে প্রায় ৯৫টার মতন ন্যায্য মূল্যের ওষুধের দোকান তৈরি হয়েছে। ৩৩% থেকে শুরু করে ৬৭% ছাড় দিয়ে মানুষ ওষুধ কিনতে পারছেন। এগুলি কি মিথ্যা কথা ? এই কথাগুলি যখন রাজ্যপাল বলেন এই রাজ্যপালের ভাষণ তখন মিথ্যা হয় ? আমরা বলতে চাইছি আজকে এমনি করে আপনারা যতই চেষ্টা করুন না কেন বাধা দেওয়ার—আমরা বলতে চাই এমনি করে এই বাংলাকে সমৃদ্ধ করার চেষ্টা করেছেন। আজকে আমরা দেখতে পাচ্ছি ৩৫০টির বেশি ওষুধ বিনামূল্যে দেওয়া হচ্ছে। ২০১০-১১ সালে ৮০ কোটি টাকা যেখানে বরাদ্দ ছিল আজকে যন্ত্রপাতি বা বিভিন্ন বরাদ্দে সেই জায়গায় দাঁড়িয়ে আজকে ৪০৩ কোটি টাকা বরাদ্দ করেছেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আজকে ভাবুন, চিন্তা করুন ১ কোটি ২৩ লক্ষ প্রেসক্রিপসানের উপর ভিত্তি করে ৩৪৪ কোটি টাকা মানুষ সাশ্রয় করেছে এই ন্যায্য মূল্যের ওষুধের দোকান থেকে। আমি বলব এই দোকান থেকে সবচেয়ে বেশি যদি কেউ সাহায্য পেয়ে থাকে সেটা সি.পি.এম.-এর মানুষজন বেশি করে সাহায্য পেয়েছেন। আপনারা সবাই পাচ্ছেন। আজকে সেই জায়গায় আমি বলব যে, রাজ্যপালের এই ভাষণকে আমি পূর্ণ সমর্থন করে এবং রাজ্যপালের ভাষণকে আপনারা সবাই পূর্ণ সমর্থন করুন—এই আশা-আকাঙ্খা রেখে আমার কথা শেষ করছি।

Adjournment

The House was then adjourned at 6.21 p.m.. till 11 a.. on Thursday, the 26th February, 2015 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 26th February, 2015 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 34 Ministers, 08 Ministers of State and 20 Parliamentary Secretaries and 185 Members.

[11.00—11.10 a.m.]

Starred Questions

(to which oral answers were given)

হরিশ্চন্দ্রপুর এলাকার উন্নয়নে বরাদ্দ

*৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *১) **শ্রী তজমুল হোসেন** : উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৪-২০১৫ আর্থিক বছরে মালদহ জেলার উন্নয়নে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ; এবং

(খ) উক্ত অর্থের কত পরিমাণ হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রে কী কী প্রকল্পে ধার্য হয়েছে ?

শ্রী গৌতম দেব : উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগ সারা উত্তরবঙ্গ জুড়ে ডেডিকেটেডলি বাজেট অ্যালোকেশন অনুযায়ী কাজ করছে। অন্যান্য দপ্তরের মতো আমাদের দপ্তরেরও জেলাওয়ারি কোনো বাজেট বরাদ্দ-ওইভাবে নির্দেশিকা নেই।

শ্রী তজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যাই হোক নির্দেশিকা নেই, কিন্তু আপনি মালদহ জেলায় যে সমস্ত পরিকল্পনাগুলো নিয়েছেন, সেগুলো কীসের উপর ভিত্তি করে নিয়েছেন এবং কী গুরুত্ব দিয়ে সেই পরিকল্পনাগুলো নিয়েছেন যদি দয়া করে জানান ?

শ্রী গৌতম দেব : আমরা প্রত্যেক বছরই আমাদের ফাইনানসিয়াল ইয়ার শুরু হওয়ার আগে থেকেই জেলাশাসক, বিভিন্ন জনপ্রতিনিধি,পঞ্চায়েতের প্রতিনিধিদের সঙ্গে মিটিং করে নীড বেজড ডেভলাপমেন্টের কাজ করি। আমরা ২০১৩-১৪ সালে মালদহ জেলায় পরিকল্পনা নিয়েছি ১৪০.৪৯, ২০১৪-১৫-তে নিয়েছি ৯.১১। কেননা ২০১৩-১৪ সালের অনেকগুলো কাজ শেষ হবে না, সেগুলো ২০১৪-১৫-তে স্পিলওভার হবে।

এইভাবে আমরা কাজ করছি। এছাড়াও আমরা অনেকগুলো কাজ যেমন কালিয়াচকে একটা কলেজ, মালদহ বাসস্ট্যান্ড, জলনিকাশি ব্যবস্থা, ৬টি রাস্তা বি.আর.জি.এফ.এ এই ধরনের বহু প্রকল্প মালদহতে আমরা নিয়েছি, আরো বহু প্রকল্পে আমাদের পাইপলাইনে আছে।

শ্রী তজমুল হোসেন : আমার অতিরিক্ত প্রশ্ন স্যার, বিগত কিছুদিন আগে আপনার নির্দেশিকা অনুযায়ী কিছু টিম আমাদের এলাকায় এসেছিল, কিছু রাস্তা দেখেছেন। বিশেষ করে আমার বিধানসভার দুটি রাস্তা ছিল একটা হরিশ্চন্দ্রপুর হাইস্কুল থেকে ফতেপুর পর্যন্ত এবং আর একটি ছিল রামরাই থেকে কুনুয়া পর্যন্ত। সেই রাস্তা দুটি কী পর্যায়ে আছে এবং কবে নাগাদ হবে যদি আপনি দয়া করে বলেন ?

শ্রী গৌতম দেব : আপনার এই রাস্তা দুটির পরিকল্পনা চূড়ান্ত হয়েছে এবং ডি.পি.আর রেডি হয়েছে। ২০১৫-১৬ আর্থিক বছরে আপনার এই দুটি রাস্তা টেক আপ করছি।

শ্রী পরেশ চন্দ্র অধিকারী : ধন্যবাদ স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার একটি অতিরিক্ত প্রশ্ন, উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগ থেকে যেসব রাস্তা আপনি ইতিমধ্যেই তৈরি করেছেন, এর আগেও আমরা আপনার সঙ্গে মিটিং-এ আলোচনা করেছিলাম যে তদারকির অভাবের কথা। আমি সুনির্দিষ্টভাবে কুচবিহারের কয়েকটি রাস্তার কথা বলব, যে রাস্তাগুলো তিন মাসও টেকিনি। আমি একটি রাস্তার কথা বলছি শ্রীরামপুর ধাম থেকে অজয় রায়ের বাড়ি—তিন মাস সেই রাস্তাটা টিকল না। এলাকার মানুষের ক্ষোভ, রাস্তা তৈরীর জন্য যতটা তারা তদারকি করেছিলেন, এই রাস্তাটা নষ্ট হয়ে যাওয়ার পরে নতুন অবস্থার মধ্যে রিপেয়ারের জন্য মানুষ বারে বারে সেই এলাকায় রাস্তা অবরোধ করছে, ডি.এম-এর কাছে ছুটে যাচ্ছে, আপনাকেও নিশ্চয়ই অভিযোগ জানিয়েছে। এই ব্যাপারে যাতে কাজগুলির তদারকি হয় এই জন্য আমি আপনার কাছে অনুরোধ করছি।

শ্রী গৌতম দেব : এই রাস্তাটার কথা আমি জানি। আমরা Jalpaiguri Engineering College. এবং অন্যান্য বিশেষজ্ঞ দিয়ে third party enquiry করছি। আমরা correction measure এ যাব। কেন রাস্তাটা নিম্নমানের হয়েছে সেই ব্যাপারে আমরা departmental enquiry করছি।

ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : উত্তরবঙ্গের অত্যন্ত গুরুত্বপূর্ণ সংস্থা 'হিমূল', সেটা শুকিয়ে যাচ্ছে। এই নিয়ে মাননীয় মুখ্যমন্ত্রী উদ্বেগ প্রকাশ করেছেন। আপনিও দেখছেন। এই 'হিমূল' নিয়ে কীভাবে কী হবে মাননীয় মন্ত্রী যদি একটু বলেন।

শ্রী গৌতম দেব : মাননীয় সদস্য জানেন 'হিমূল'-এর সমস্যাটা কী। আমাদের নতুন সরকার আসার পর, তখন আমাদের budget allocation-টাও ভালোমতো শুরু হয়নি। তখন ARD Minister, Justice নূরে আলম চৌধুরী সাহেব, তাঁর কাছে গিয়েছিলাম। আর আগের অর্থমন্ত্রী অসীম দাশগুপ্ত ১কোটি টাকা Sanction স্যাংশন করেছিলেন এমন একটা দিনে যে, তার পরের দিনই নির্বাচনের model code of conduct চালু হয়, সেইজন্য সেই টাকাটা ফলপ্রসূ হয়নি। ৫কোটি টাকা উনি plan head-এ দিয়েছিলেন। কিন্তু দুর্ভাগ্যবশত তার বেশির ভাগ টাকাটাই পাওনাদারদের দুধের টাকা বা অন্যান্য খরচ

মেটানোর জন্যই ব্যয় হয়ে যায়। পরবর্তীকালে North Bengal Development থেকে Electricity bill যাতে কম হয় সেই কারণে একটা latest technology আনার জন্য আমরা North Bengal Development থেকে টাকা দিয়েছি। National Dairy Board, তারা একটা Study report দিচ্ছে। আমি অনেকবার এই সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী শ্রী স্বপন দেবনাথের সঙ্গে কথা বলেছি। মাননীয়া মুখ্যমন্ত্রী যখন উত্তরবঙ্গ সফরে যান তখনও অনেকবার কথা বলছি ওনার সঙ্গে। হিমূল-এর সঙ্গে একটা আবেগের প্রশ্ন জড়িয়ে আছে। ১৯৭৪ সালে এই হিমূল তৈরি হয়েছে, আমরা যে কোনো মূল্যেই হিমূলকে বাঁচাতে চাই এবং তার পুনরুজ্জীবনের জন্য যা যা package নেওয়া দরকার সেই package আমরা নিশ্চিতভাবেই নেব।

শ্রী বাচ্চু হাঁসদা : উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের মাধ্যমে দক্ষিণ দিনাজপুরে কী কী প্রকল্প চলছে এবং কত কিলোমিটার রাস্তা হয়েছে মাননীয় মন্ত্রী যদি বলেন।

শ্রী গৌতম দেব : মাননীয় সদস্য লিখিতভাবে দিলে আমি লিখিতভাবে উত্তর দিতে পারি। Total কত Kilometer রাস্তা, সেটা এই মুহূর্তে বলা মুশকিল। তবে বলতে পারি ১৩-১৪ আর্থিক বছরে ৬০ কোটি ৪৬ লক্ষ ৬৪ হাজার টাকা প্রোজেক্ট আমরা নিয়েছি এবং ১৪-১৫ আর্থিক বছরে ৩৫ কোটি ৬৭ লক্ষ ৬৬ হাজার টাকার কাজ নিয়েছি আমরা। সেখানে Agricultural College প্রায় ৩০ কোটি টাকা ব্যয়ে হচ্ছে তপনে, সেটা বাচ্চু হাঁসদার নির্বাচন ক্ষেত্রে। তার কাজ শুরু হবে। এছাড়াও Kumarganj-এ একটা College করছি আমরা। ৯টা রাস্তা আমরা BRGF প্রকল্পে করছি। ২ টো bridge--এর কাজ আমরা করেছি। একটা নাট্য উৎকর্ষ কেন্দ্র করেছি বালুরঘাটে যা সেটা state-এ প্রথম এবং ভারতবর্ষেও খুব কম জায়গাতেই আছে। বালুরঘাটে একটা crematorium হচ্ছে। আমরা তিন-চারটে bus stand করছি হরিরামপুরে, গঙ্গারামপুরে market complex করছি। এছাড়া দক্ষিণ দিনাজপুরের সমস্ত জায়গা জুড়ে road connectivity, bridge, বাজার, শেড ইত্যাদি হচ্ছে। আমরা ৭২ লক্ষ টাকা দিয়েছি বালুরঘাটে bus stand বানানোর জন্য। Electric crematorium-এর কাজ হচ্ছে বালুরঘাটে। তার tender হয়ে গেছে, work order বেরিয়েছে, এই কাজটাও খুব তাড়াতাড়ি শুরু হবে।

শ্রী মনোজ কুমার ওরাওঁ : আমার কামাখ্যাগুড়ি এলাকায় কামাখ্যাগুড়ি বাজার থেকে শিববাড়ি হয়ে তেঁতুলতলা পর্যন্ত ৪ কিলোমিটার রাস্তা জেলা পরিষদের, সেখানে কাজ হচ্ছে না। আমরা শুনেছি জেলা পরিষদের টাকা নেই, ফলে কাজটা বন্ধ হয়ে আছে। উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর থেকে সেখানে কোনো টাকা বরাদ্দ হবে কিনা কাজটা করার জন্য, মাননীয় মন্ত্রী দয়া করে জানাবেন কি ?

[11.10—11.20 a.m.]

শ্রী গৌতম দেব : জেলাপরিষদের সাথে মিটিং হয়েছে। জেলা শাসকের সাথে মিটিং হয়েছে। ডেডিকেটেডলি ১৫-১৬ আর্থিক বর্ষে সাতটা জেলার সাথে আমরা অ্যাডমিনিস্ট্রেটিভ মিটিং করেছি, স্ট্যাটাস রিপোর্ট নিয়েও আমরা ডিসকাস করেছি। কুমারগ্রামে আমরা দুটো রাস্তা ধরেছি। একটা প্রায় এক কোটি টাকা এবং আর একটা আমরা অ্যাডমিনিস্ট্রেটিভ

অ্যাপ্রুভাল দিয়েছি। সেটাও প্রায় এক কোটি টাকার রাস্তা। জেলাপরিষদের রাস্তা বেসিক্যালি জেলাপরিষদকেই করতে হবে এবং জেলাপরিষদ যদি কোনো কারণে ডার্থ অব ফান্ডের জন্য করতে না পারে তাহলে জেলাপরিষদ আমাদের বললে আমরা আমাদের বাজেটারি অ্যালোকেশনের মধ্যে যদি সম্ভব হয়, কুমারগ্রাম খুব প্রত্যন্ত এলাকা আমরা নিশ্চিতভাবে সচেষ্ট থাকব।

শ্রী শীতল সর্দার : মাননীয় স্পীকার স্যার, আপানার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীর কাছে একটি অতিরিক্ত প্রশ্ন করছি। মালদা জেলার যে আম, সেই আমি-ই বিখ্যাত আম। এই আম আমার মনে হয় যদি মালদা জেলায় আরও বেশি করে আমের চাষ করা হয়, আমাদের মাননীয় কৃষি বিপণনমন্ত্রী শ্রী অরূপ রায় বিভিন্ন জায়গায় কৃষি বিপণন কেন্দ্র করছেন এবং আমের ফলন বেশি করে করলে তা থেকে রেভিনিউ আসবে। এই ব্যাপারে আপনি কিছু বলবেন ?

মিঃ স্পীকার : এটা ওনার দপ্তরে পড়ে না। যদি আপনি উত্তর দিতে চান, তাহলে উত্তর দিন। এটার আলাদা দপ্তর আছে।

শ্রী গৌতম দেব : এটার জন্য ডেডিকেটেড দপ্তর আছে। ফুড প্রসেসিং ওরা এটা করবে। আমি সংশ্লিষ্ট মন্ত্রীর সাথে নিশ্চয়ই আলোচনা করব। মালদায় আমটা একটা মেজর ব্যাপার যার সাথে অর্থনীতি জড়িত আছে। নিশ্চিতভাবে আমরা কথা বলব।

শ্রীমতী মমতা রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। আমার ধূপগুড়ি ব্লক। ধূপগুড়ি যে পৌরসভা আছে সেই পৌরসভায় ২০১৪-১৫তে কত কোটি টাকা আপনি বরাদ্দ করেছেন এবং সেই টাকা দিয়ে কী কী কাজ চলছে ?

শ্রী গৌতম দেব : আমি অ্যামাউন্টটা এই মুহূর্তে আপনাকে বলতে পারব কিনা জানি না, তবে আমি আমার মেমরি থেকে বলছি। ধূপগুড়িতে কুমলাই নদীর উপরে একটা ব্রীজের কাজ চলছে ৭০,৭২ কোটি টাকা হবে। ধূপগুড়িতে পথবাতির কাজ চলছে এবং ধূপগুড়িতে আমরা যে কাজটা করছি সেটা একটা ইতিহাস তৈরি হয়েছে। প্রায় আড়াই কোটি টাকা নর্থ বেঙ্গল ডেভলপমেন্ট ডিপার্টমেন্ট দিয়েছে ধূপগুড়ি পুরসভার ড্রেনেজ এবং রাস্তার কাজ করার জন্য এবং ধূপগুড়িতে আমরা একটা মহিলা কলেজ করছি। প্রায় সাত কোটি টাকা খরচ হবে। ধূপগুড়িতে সুকান্ত মহাবিদ্যালয় যে কলেজটি আছে তারা আমাদের ১৫বিঘা জমি দিয়েছে। ইন এক্সচেঞ্জ তাদেরও আমরা কলেজ বিল্ডিং-এর জন্য প্রায় ৫০ লক্ষ টাকা দেব। সেখানে আমরা কলেজ বিল্ডিং তৈরি করব এবং এছাড়াও ওখানে একটা বাস টার্মিনাল করার জন্য একটা প্রস্তাব আমাদের অ্যাকটিভ কনসিডারেশনে আছে।

ভাঙন প্রতিরোধ ও বাঁধ সংরক্ষণে পরিকল্পনা

*৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬৮) **শ্রী কল্লোল খাঁ** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কী সত্যি যে, রাজ্যে নদী ও সমুদ্র ভাঙনরোধ এবং বাঁধ সংরক্ষণে বিশেষ পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে , (১) ৩১শে জানুয়ারি, ২০১৫ সাপেক্ষে রাজ্যের বিভিন্ন জেলায় মোট কত কি.মি. ভাঙনরোধী বাঁধ নির্মাণ, মজবুতীকরণ ও পুনর্নির্মাণের কাজ সম্পূর্ণ হয়েছে ; ও (২) কত কি.মি. দৈর্ঘ্যের কাজ এখনও চলছে ?

শ্রী রাজীব ব্যানার্জী :

(ক) রাজ্যে নদী ও সমুদ্র ভাঙ্গনরোধে এবং বাঁধ সংরক্ষণে মূলত দুই ধরনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। প্রথমত বন্যা পরবর্তীকালীন পরিস্থিতিতে তাৎক্ষণিক মোকাবিলায় কিছু ভাঙ্গনরোধী কাজ করা হয়। এছাড়া, প্রয়োজনীয় সার্ভে, বৈজ্ঞানিক বিশ্লেষণ-এর কিছু ক্ষেত্রে গাণিতিক মডেলিং-এর মাধ্যমে দীর্ঘস্থায়ী পরিকল্পনা নেওয়া হয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য কান্দী মাস্টার প্ল্যান, আয়লা প্রকল্প, কেলেঘাই-কপালেশ্বরী প্রকল্প, যেগুলির কাজ চলছে বা শীঘ্রই শুরু হবে। এছাড়া ঘাটাল মাস্টার প্ল্যানের কাজ, কেন্দ্রীয় সরকারের অনুমোদন এবং এফ.এম.পি-তে অন্তর্ভুক্তি সাপেক্ষে, ২০১৫-১৬থেকে শুরু হবে বলে আশা করা যায়। এছাড়াও নিম্ন দামোদর এলাকার নদী বাঁধ সংরক্ষণ এবং বন্যা নিয়ন্ত্রণে আর একটি পরিকল্পনা চলছে।

(খ) (১) ২০১৪-১৫ আর্থিক বর্ষে রাজ্যের বিভিন্ন জেলায় তাৎক্ষণিক এবং দীর্ঘস্থায়ী ব্যবস্থা মিলিয়ে মোট ৫৭৫.৩৮ কিমি নদীবাঁধ পুনর্নির্মিত হয়েছে।

(২) এছাড়াও, আরো ৭২ কিমি নদীবাঁধ সংরক্ষণের কাজ চলছে, যেগুলি মার্চ ২০১৫-র মধ্যে সম্পূর্ণ হবে বলে আশা করা যায়। তার সাথে আরো ১৯কিমি নদীবাঁধ পুনর্নির্মাণের কাজও উক্ত সময়ে সম্পূর্ণ করার পরিকল্পনা আছে।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন যে এটা অত্যন্ত গর্বের এবং প্রশংসনীয় যে গত আর্থিক '১২-১৩ এবং '১৩-১৪ সালে আমরা বাংলার মানুষ যারা গঙ্গার পার্শ্ববর্তী এলাকায় বসবাসকারী, সমুদ্রের পার্শ্ববর্তী এলাকাতে বসবাস করি, সেই এলাকাগুলিকে আমরা এই কয়েক বছর বন্যা দেখতে পাইনি। তার কারণ এটা নিশ্চয় আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে এবং সেচমন্ত্রী রাজীব বন্দ্যোপাধ্যায়কে ধন্যবাদ অভিনন্দন জানাই যে তাঁরা অত্যন্ত আন্তরিকতার সঙ্গে বাস্তব দৃষ্টিভঙ্গিতে নদী ভাঙ্গন, গঙ্গা ভাঙ্গন এবং সমুদ্র ভাঙ্গনকে নিয়ন্ত্রণ ও রক্ষা করেছেন। আমার প্রশ্ন যে, বর্তমান মা-মাটি-মানুষের সরকার যেভাবে ভাঙ্গন রোধ করার পরিকল্পনা করেছেন তাদের দক্ষতা দিয়ে, তাতে আমি বিগত সরকারের আমলে দশ বছর বিধায়ক ছিলাম এবং সেই সময়ে রাজ্য সরকার এবং বামফ্রন্ট সরকারের পরিকল্পনার দিক থেকে কি কোন অপ্রতুলতা ছিল ? আজ বর্তমান সরকার তাদের উদ্যোগ এবং উদ্দীপনার সঙ্গে তাদের ভূমিকা পালন করছে এটার ব্যাপারে যদি মাননীয় মন্ত্রী জানান যে বিগত দিনে পরিকল্পনাতে কি কোনো ঘাটতি ছিল ? বর্তমানে আপনি সেই ঘাটতিকে ওভারকাম করে আপনি মজবুত পরিকল্পনা করেছেন। এটার ব্যাপারে আমাকে অবগত করতে পারবেন কি ?

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নের উত্তরে একটা কথাই শুধু বলতে চাই যে বিগত সরকারের আমলে আমার মনে হয় ওনাদের একটাই পরিকল্পনা ছিল কী করে প্রত্যেক বছর বন্যা করা যায় বা ম্যানমেড বন্যা তৈরি করা যায়। ওনাদের মধ্যে কোনো পরিকল্পনা ছিল না যে বন্যা কীভাবে প্রতিরোধ করা যায় বা বন্যাকে কীভাবে কন্ট্রোল করা যায়, যাতে মানুষকে সেই দুর্বিষহ বিপাকে না পড়তে হয়। তাই আপনাকে আমি একটা পরিসংখ্যান দিচ্ছি। সেই পরিসংখ্যানটা দেখলেই বুঝতে পারবেন যে বিগত সরকারের আমলে ভাঙ্গনরোধী কাজ তিন অঙ্কে কোনদিনই ছাড়ায়নি। একটা বছর হায়েস্ট হয়েছিল। সেটা দু-হাজার আট এবং নয় সালে। সেবারেও তারা সর্বাধিক ১৪০ কিলোমিটার নদীবাঁধ সংরক্ষণের কাজ করেছেন। আমাদের মা-মাটি-মানুষের সরকার আসার পরে আমার মনে হয় যদি কাউকে কৃতিত্ব দিতে হয়, কারণ একটা সময়ে সেচ দপ্তরকে পঙ্গু করে রাখা হয়েছিল বিগত সরকারের আমলে। মানুষ ভাবতেন শুধু বন্যা করানোর জন্য বোধহয় সেচ দপ্তর। আর এখন মানুষ কিন্তু উপলব্ধি করতে পেরেছে মাননীয়া মুখ্যমন্ত্রীর উদ্যোগে যে সেচ দপ্তর একদিকে যেমন কৃষিকাজে সহায়তা করছে, মানুষের জীবন-জীবিকা রক্ষা করছে, ঠিক তেমনি বন্যা প্রতিরোধ করে মানুষকে বাঁচানোর চেষ্টা করছে। আমি কয়েকটি উদাহরণ আপনাদেরকে দেব। যেমন, দু-হাজার বারো-তেরো, তেরো-চোদ্দ, চোদ্দ-পনেরো সালে যদি ভাঙ্গনরোধী কাজ সেচ দপ্তর করেছে, যদি তার অ্যাভারেজ করি, প্রায় সাড়ে চারশো কিলোমিটার অ্যাভেরেজ আমরা ভাঙ্গনরোধী কাজ কুচবিহার থেকে সুন্দরবন পর্যন্ত করেছি। এবং আমি আপনার প্রশ্নের উত্তরে উল্লেখ করেছি যে এই বছরে অর্থাৎ এই আর্থিক বর্ষে অর্থাৎ মার্চ দু-হাজার পনেরোর মধ্যে প্রায় ৫৮৬ কিলোমিটার স্বাধীনতার পরে সবথেকে হায়েস্ট ভাঙ্গনরোধী কাজ এই সেচ দপ্তর মা-মাটি-মানুষের মুখ্যমন্ত্রীর উদ্যোগে এই কাজ করা হয়েছে। শুধু ভাঙ্গনরোধী কাজ নয়, আজকের এই সফলতার পিছনে একদিকে যেমন ভাঙ্গনরোধী কাজ হয়েছে , তার সাথে সাথে দীর্ঘদিন মজে যাওয়া বিভিন্ন খাল নদীগুলির সংস্কার করা হয়েছে। যেমন কুচবিহার থেকে সুন্দরবন পর্যন্ত যদি আমরা বলি, আমাদের জানুয়ারী দু-হাজার পনেরো পর্যন্ত প্রায় সাড়ে তিনশো কিলোমিটার অ্যাভারেজে আমরা বিভিন্ন খাল এবং নদীগুলি সংস্কার করেছি। তার সাথে রেগুলেটিং স্ট্রাকচারগুলিকে যেগুলি ডিফাঙ্কট হয়ে পড়েছিল, জীবনে কেউ কোনদিনও কেয়ার করেনি, অর্থাৎ একেবারে বেওয়ারিশের মতো অবস্থা ছিল, সেগুলিকে ধীরে ধীরে এত আর্থিক অনটনের মধ্যে থেকেও আমরা ধীরে ধীরে চেষ্টা করছি এগুলিকে অর্থাৎ এই ডিফাঙ্কটগুলি ফাংশানাল করা যায়, তার চেষ্টা হয়েছে এবং তার সাথে সাথে একটা সময় ছিল আপনারা দেখবেন বৃষ্টি হোক, না হোক ডি. ভি. সি. জল ছাড়লেই বন্যা হয়ে যেত। আজকে একদিক দিয়ে যেমন কেলেঘাই কপালেশ্বরীর কাজ আমাদের এই মা-মাটি-মানুষের সরকার আসার সময়ে আমরা শুরু করেছিলাম.....ঠিক সেইভাবে আমরা যখন একের পর এক—একটু আগেই আমি বললাম, কাঁদি মাস্টার প্ল্যান তার মধ্যে রয়েছে এবং আগামী দিনে আমরা এই কাজ শুরু করতে চলেছি। ঘাটাল মাস্টার প্ল্যান শুরু করবো। আমরা ডি.ভি.সি. সিস্টেমে—যেটা জীবনে কোনো দিনও হত না, একটা সমন্বয়ের অভাব ছিল, ডি.ভি.সি. কখন জল ছাড়বে, সেটা কেউ দেখত না। মনে হয়েছিল একটা অনাথ দপ্তরের

মতো অবস্থা ছিল। আমরা আমাদের একজন ডেডিকেটেড্ ইঞ্জিনিয়ারকে সেখানে ডেপুট করে দিয়েছি, যার কাজ হচ্ছে রেগুলার ঘন্টায় ঘন্টায় মনিটরিং করা.....

[11.20—11.30 p.m.]

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী ডি.ভি.সি নিয়ে পরে প্রশ্ন আছে। ডি.ভি.সি.টা নিয়ে আলাদা প্রশ্ন করেছেন।

শ্রী রাজীব ব্যানার্জী : সুতরাং এইভাবে আমরা চেষ্টা করেছি বন্যাটাকে নিয়ন্ত্রণ করতে। আগে পরিকল্পনার অভাব ছিল, পরিকল্পনা করে আমরা এগুলোকে করার চেষ্টা করছি।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আমার শেষ অতিরিক্ত প্রশ্ন, নদীয়া, মুর্শিদাবাদ জেলায় বন্যা নিয়ন্ত্রণের জন্য কোনো মাস্টার প্ল্যানের পরিকল্পনা গ্রহণ করেছেন কি ?

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নে উত্তরে বলি, এই মুহূর্তে নদীয়া এবং মুর্শিদাবাদের কোনো মাস্টার প্ল্যান হয়তো আমাদের মাথায় নেই, কিন্তু আমরা জানি নদীয়া এবং মুর্শিদাবাদ খুব ভাঙনপ্রবন এলাকা। মুর্শিদাবাদের ভাঙনটা মূলত আপনারা জানেন গঙ্গা নদীর ভাঙন। কিছুদিন আগে মাননীয় কেন্দ্রীয় মন্ত্রী সেখানে এসেছিলেন, আমরা বলেছি যে, গঙ্গা ভাঙন কী ভয়াবহ রূপ নিয়েছে এবং তার সাথে সাথে নদীয়ার কথাটাও আমরা উল্লেখ করেছি। বর্তমানে আমরা নদীয়া জেলার ভাগীরথী নদীর ভাঙন রোধে অনেকগুলো জায়গায় কাজ করছি প্রায় ১৮ কোটি টাকা মূল্যে এবং মুর্শিদাবাদেও আমরা প্রায় ৩৬ কোটি টাকার কাজ করেছি। অনেকগুলো হয়তো সেন্ট্রাল গভর্নমেন্টের জুরিসডিকশন থাকলেও আমরা এই কাজগুলো সম্পন্ন করেছি বা করতে চলেছি। আপাততঃ মাষ্টারপ্ল্যান নেই, নিশ্চিতভাবে আমাদের ভাবনা-চিন্তায় আছে এবং অন্যান্য ভাঙন রোধের কাজ আমরা করছি।

শ্রী শমীক ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, বসিরহাট পাইকারি বাজারে ইছামতি নদীর ভাঙনের কারণে দীর্ঘদিন ধরে সমস্ত জল বাজারের মধ্যে ঢুকে আসছে, কাজ-কর্ম একপ্রকার বন্ধ হয়ে যায় প্রায়শই। সেক্ষেত্রে পূর্বতন সরকারের কাছেও স্থানীয় মানুষজন এবং ব্যবসায়ীরা দীর্ঘদিন প্রতিবেদন দিয়েছেন, আপনার দপ্তরকেও আমি একটি চিঠি লিখেছি এবং মানুষ বার বার আসছেন। আপনি যদি জানাতে পারেন এটা কি হল ?

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি, আপনি নিজেও আমার সাথে কিছুদিন আগে যোগাযোগ করেছিলেন এবং আমি আপনার চিঠি পেয়েছি। এটা অস্বীকার করার জায়গা নয় যে, সত্যি সেখানে ভাঙন একটা খুব প্রকট রূপ নিয়েছে। আপনি বলার পরে আমি আমার দপ্তরের আধিকারিকদের বলেছি, ইমিডিয়েট সার্ভে করে তার জন্য যথাযথ যা ব্যবস্থা নেওয়ার তা আগামী দিনে আমরা নেব।

শ্রী খগেন মুর্মু : ধন্যবাদ স্যার। আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে অতিরিক্ত প্রশ্ন, হবিবপুর এবং বামনগোলা ব্লক এলাকাতে আইহোর ছাতিয়ানগাছি এবং বামনগোলা—এটা

আইহোর ছাতিয়ানগাছির ওখানে দীর্ঘদিন ধরে একটা স্কুল নদী গর্ভে চলে যাওয়ার মতো অবস্থায় আছে। একচুয়ালি ছাতিয়ানগাছির ওখানে যে স্কুলটা আছে, সেটা আইহোর কাছাকাছি এবং হবিবপুর ব্লকের মধ্যে। বামনগোলা ব্লকে আমাদের যে পুনর্ভবা নদী, যেটা প্রতি বছরই বারসিপাড়ার কাছে ভাঙে এবং এই ভাঙনের ফলে শুধু হবিবপুর এলাকার মানুষ বা বামনগোলার মানুষই প্লাবিত হন না, ওখানে অনেক জমি জরে গর্ভে চলে যায়, সমস্ত জমির ধান নষ্ট হয়ে যায়, সমস্ত জমির ধান নষ্ট হয়ে যায়, অনেক ঘর-বাড়ি নষ্ট হয়ে যায়। বারসিপাড়া এবং কুপাদহ—এই দুটো জায়গাতে আপনার দপ্তর থেকে নদী ভাঙন রোধ করবার জন্য কোনো পরিকল্পনা আছে কিনা দয়া করে যদি বলেন।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি, এটা অস্বীকার করার জায়গা নয়, মালদা, মুর্শিদাবাদ-একটু আগেই আমি বলছিলাম বন্যাপ্রবন এবং অত্যন্ত ভাঙন এলাকা। বিভিন্ন জায়গায় বিগত দিনেও আমরা আমাদের দপ্তর থেকে ভাঙন রোধে অনেকগুলো কাজ করেছি যখন যেভাবে অনুরোধ এসেছে, সেগুলোকে রাখার চেষ্টা করেছি। আপনি হবিবপুরে যে জায়গাটার কথা বলেছেন, সেই ব্যাপারে নিশ্চিতভাবে আমরা অবগত আছি। আমরা কিছু স্কিম—আপনারা জানেন, এগুলো ফ্লাড্ ম্যানেজমেন্ট প্রোগ্রামের অন্তর্ভুক্ত হয়। কেন্দ্রীয় সরকারের কাছে কিছু প্রোপোজাল আমরা পাঠিয়েছি। নিশ্চিতভাবে এই যে ভাঙনের জায়গাটার কথা আপনি উল্লেখ করলেন, সেই ব্যাপারে যদি অফিসিয়ালি আমাকে জানান, আমার পক্ষে আরো সুবিধা হয় এবং নিশ্চিতভাবে আগামীদিনে যাতে কাজ হয় তার জন্য আমি চেষ্টা করব।

শ্রী উজ্জ্বল প্রামাণিক : স্যার, আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে আমার অনুরোধ যে প্রথমে ওনাকে আমি ধন্যবাদ জানাই যে ৫৮৬ কিঃমিঃ বাঁধ আমাদের এই মা-মাটি-মানুষের সরকারের এই অল্প সময়ের মধ্যে হওয়ার জন্য। ধন্যবাদ জানাই জামালপুরে এই সাড়ে তিন, চার বছরের মধ্যে ১০ কোটি টাকা ব্যয়ে জামালপুর অঞ্চলের নদীবাঁধ সংস্কারের জন্য। মাননীয় মন্ত্রীর কাছে আমার অনুরোধ্, দীর্ঘ দিন অপরিকল্পিতভাবে দামোদরের বালি তোলার জন্য গ্রীষ্মকালে এবং শীতকালে দামোদরে জলের যে স্রোত বয় সেটা দু-তিনটি ক্যানেলের মাধ্যমে অল্প অল্প জল বয়ে যায়। মাননীয় মন্ত্রীর কাছে আমার অনুরোধ যে জামালপুর, রায়না, খণ্ডঘোষ, এবং হুগলীর বিস্তীর্ণ অঞ্চলে যেখানে আলু এবং অন্যান্য সবজি চাষ হয়, একটা বড় ব্যাপার হয়, একটা বড় মাত্রায় উৎপন্ন হয়। সেখানে যে সব RLIগুলো আছে, যদি এই জলটাকে তিনটে বা চারটে সরু সরু নালার মাধ্যমে প্রবাহিত না করে যদি একটা নালার মধ্যে দিয়ে দামোদরের জলটাকে গ্রীষ্ম এবং শীতকালে প্রবাহিত করা হয় তাহলে এই সব অঞ্চলে যে RLIগুলো আছে, সেগুলোর মাধ্যমে গ্রামবাসীরা চাষের জল পায়। যদি উনি এই ব্যাপারে আমার অনুরোধ রক্ষা করেন, দৃষ্টিপাত করেন, তার জন্য অনুরোধ রাখছি।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি, অ্যাক্চুয়ালি মেজর ইরিগেশনটা আমরা দেখি, যেগুলো মূল নদী থেকে প্রবাহিত হয়।

আর RLI বা এই জাতীয় যে ব্যাপারটা আপনি আমাকে বলছেন এটা দেখার জন্য ইরিগেশান বা জলসম্পদ উন্নয়ন বলে আর একটা দপ্তর আছে তার মাননীয় মন্ত্রী সৌমেন মহাপাত্র মহাশয়, আপনি যদি ওনাকে সরাসরি এটা লেখেন নিশ্চয়ই উনি এটা বিবেচনা করবেন এবং আমিও বলে দেব ওনাকে।

শ্রীমতী প্রতিমা রজক : মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই যে, আমরা মুর্শিদাবাদ জেলার কান্দি সাবডিভিশনের মানুষ, আপনি জানেন যে আমাদের কান্দি সাবডিভিশন বন্যাপ্রবণ এলাকা। কিছুক্ষণ আগে আপনি বললেন যে আমাদের কান্দি মাস্টারপ্ল্যানের কাজ শুরু হবে। কবে নাগাদ হবে এবং আমাদের ওই কান্দি মাস্টারপ্ল্যানের মধ্যে আমার বিধানসভা কেন্দ্রের যে ময়ূরাক্ষী নদী কান্দি মাস্টারপ্ল্যানের আওতায় এসেছে, কিন্তু একটা ধার মানে রাইট বাঁধটা এসেছে, লেফ্‌ট বাঁধটা আসেনি, তাই সেই লেফ্‌ট বাঁধটায় বোল্ডার পিচিং-এর কোনো পরিকল্পনা আপনার আছে কি না ?

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নের উত্তরে বলি যে আমি একটু আগেই আপনাদের বলেছি যে কান্দি মাষ্টারপ্ল্যান রূপায়িত হবে এবং আপনি খবর নিয়ে দেখবেন অলরেডি কান্দি মাষ্টারপ্ল্যানের টেন্ডার প্রক্রিয়া শুরু হয়ে গেছে। এবং আমরা নিশ্চিত আগামী মাসের মধ্যে অর্থাৎ আগামী মার্চ মাস নাগাদ আমরা কান্দি মাষ্টারপ্ল্যানটা শুরু করতে পারব। এখানে একটা কথা আপনাকে উল্লেখ করি আপনি যেটা বলেছেন যে বাম্পারের বোধহয় লেফ্‌ট ব্যাঙ্কে আপনার এটা হচ্ছে না, যতদূর আমার নলেজে রয়েছে, এই মুহূর্তে হয়তো আমার পক্ষে পুরোটা বলা সম্ভব না, যতদূর আমার নলেজে রয়েছে বোধহয় সবটাই কভার করা আছে, কিন্তু তার পরেও আমি আপনাকে অনুরোধ করছি যদি আমার কাছে আপনি পরে একবার আঁসেন বা অফিসিয়ালি জানান আমি নিশ্চিতভাবে ওটা বিবেচনার মধ্যে রাখব।

ডি.ভি.সি. ড্যাম সংস্কার

*৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৯) **শ্রী অসিত মিত্র** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কী সত্যি যে, ডি.ভি.সি ড্যাম সংস্কারে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের নিকট প্রস্তাব পাঠিয়েছে ; এবং

(খ) সত্যি হলে, প্রস্তাবটি বর্তমানে কোন্ পর্যায়ে আছে ?

শ্রী রাজীব ব্যানার্জী :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি,

(ক) ঝাড়খণ্ড রাজ্যে অবস্থিত ডি.ভি.সি-র জলাধারগুলির জলধারণ ক্ষমতা পুনরুদ্ধারের উদ্দেশ্যে বিজ্ঞানসম্মত পদ্ধতি অবলম্বনের মাধ্যমে, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের

জন্য রাজ্য সরকার, ২০১২ সালের জুন মাসে তদানীন্তন কেন্দ্রীয় জলমন্ত্রককে অনুরোধ জানিয়েছে।

(খ) বর্তমানে বিষয়টি কেন্দ্রীয় জল আয়োগের সংশ্লিষ্ট বিভাগের বিচারাধীন।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গতবারে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে যে প্রশ্ন করেছিলাম তার যা উত্তর পেয়েছি, এবারেও তাই পেয়েছি। আমি নিজে আপনার সাথে আলোচনাও করেছি এই ব্যাপারে, কিছুক্ষণ আগে ডি.ভি.সি-র ব্যাপারে আপনি যে কথাটা বলছিলেন, আমি সেই কথার সূত্র ধরে আপনাকে শুধু একটা কথা জিজ্ঞাসা করবো, আপনি বলেছেন ঠিক আছে হ্যাঁ, ম্যানেজমেন্টটাকে আপ টু ডেট করেছেন, আপনি ইঞ্জিনিয়ার দিয়েছেন যাতে করে বন্যার জলটা কত আসছে, না আসছে সেটা ঠিক হয়। থ্যাংস টু ইউ। কিন্তু আপনাকে আমি বলছি এটা নিয়ে ডি.ভি.সির ড্যামের যে প্রবলেমটা, জলাধারের যে ক্ষমতা কমে যাচ্ছে, এটাতো কিছু হবে না। আপনি বার বার কেন্দ্রীয় মন্ত্রী উমা ভারতীয় কাছে গেছেন অন্যান্য সমস্ত পরিকল্পনা নিয়ে। আপনি কি সেখানে গিয়ে এই ব্যাপারটার যদি সমস্যার সমাধান না হয়, তাহলে আপনি কি ভাবছেন এই ব্যাপারে অল পার্টি ডেলিগেশান বা কোনো ধরনের ব্যবস্থা গ্রহণ করতে ? কারণ DVC has become a curse to the people of Burdwan, Birbhum, Howrah and Hooghly. এটাতো হয়ে যাচ্ছে। আমি আপনার কাছে অনুরোধ করছি আর একটি কথা আপনাকে বলবো এই প্রসঙ্গে। সেটা হচ্ছে, আপনি একটু শুনে রাখুন আগেও বলেছি DVC-র যে committeeটা আছে, DVC-র যে committee আমার কাছে আছে সেই committeeটা বলছে, one part-two representatives, one each from the State Government of Jharkhand and West Bengal. তো আমাদের যিনি representative আছেন DVC-র এই administrative committee-তে সেই সদস্য কি power থেকে গেছেন, না আপনার irrigation দপ্তর থেকে গেছেন ? এটা যদি একটু বলেন।

[11.30—11.40 p.m.]

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নের উত্তরে বলি, আপনি উল্লেখ করলেন যে একই উত্তর আমি দিয়েছি কারণ আপনি জানেন যে এই জিনিসটা একটা ছোটখাটো ব্যাপার নয়। DVC-র এই total জলাধার থেকে যদি desiltation করতে হয় এই প্রক্রিয়াটা এত বৃহৎ এবং এটা অস্বীকার করার জায়গা নয় আপনি যে প্রশ্নটা করেছেন এটা fact. আমরা একটা survey করে দেখেছি প্রত্যেক বছর .৬% করে তার ধারণক্ষমতা কমছে। আজ অবধি আমরা একটা assess করে দেখেছি last 2002তে যা অবস্থা দাঁড়িয়েছিল প্রায় ২৯% এবং আমাদের ২০১৩-র অর্থবর্ষ যদি আমরা ধরি তাহলে প্রায় ৩৪% জলধারণ ক্ষমতা হ্রাস পেয়েছে। অস্বীকার করার কথা নয়। এটাও ঠিক যে এই বিরাট পরিমানে desiltationটা আমাদের পক্ষে করা সম্ভব নয়। কারণ DVC totalটাই Central Govt-এর। এই জন্য আমরা

Central Water Commissionকে অনুরোধ জানিয়েছিলাম। Central Water Commission already তাদের survey করেছে এবং আমরাও তাতে সহায়তা করেছি। এই বিষয়টা নিয়ে যিনি কেন্দ্রীয় জলসম্পদ মন্ত্রী আছেন তার কাছেও আমরা এটাকে উত্থাপন করেছি এবং শুধু DVC নয়, DVC-র সাথে সাথে আমরা মনে করেছি ময়ূরাক্ষী জলাধার। তারও desiltation process টার জন্য আমাদের কাজ চলছে। এমনকি আমাদের নিজস্ব যে Durgapur barrage রয়েছে তারও desiltation process আমরা চালু করেছি। তারও survey CWPRS-কে দিয়ে করাচ্ছি। এটা এতটাই সময়সাপেক্ষ ও বিরাট ব্যাপার এবং সবথেকে বড় একটা জিনিস জানবেন, এই যে বিপুল পরিমাণ silt উঠবে এই silt-টাকে রাখবো কোথায় ? এটা একটা বিরাট প্রশ্ন চিহ্ন। সুতরাং এটার জন্যও একটা চিন্তাভাবনা চলছে। আমরা তার জন্য একটা alternative method-এর চেষ্টা করছি। Scientifically কি করা যায় তার জন্য চিন্তাভাবনা চলছে, সুতরাং এই পুরো ব্যাপারটার মধ্যে আমি আপনাকে এটুকু আশ্বস্ত করতে চাই যে আমরা অত্যন্ত serious. প্রত্যেকটা meeting-এ আমি একবার করে হলেও নিশ্চিত হব কেন্দ্রীয় জলসম্পদ মন্ত্রী, এমনকি আমাদের যারা officer রয়েছেন CWC-তে তারা রেগুলার দরবার করছেন। একটা সময় ছিল 9.8 lac acre feet. এখন সেটা কমে দাঁড়িয়েছে 7.69 এরকম কিছু একটা। এটা আমাদের কাছেও ভীষণ alarming. সুতরাং আমরাও চাইছি না এই জিনিসটাকে neglect করতে। আমরা অত্যন্ত গুরুত্বের সঙ্গে দেখছি। আপনি DVC-র যেটা বলেছিলেন এটা ঠিকই আগে power থেকে representative ছিল, আমরা এখন সেচ দপ্তর থেকেও আমাদের chief engineer-কে representative appoint করেছি। এজন্য আগের থেকে অনেকটা যোগসূত্রতা এবং আমাদের networking system অনেকটা develop করেছে, ভালো হয়েছে।

শ্রী অসিত মিত্র : স্যার, আমার লাস্ট সাপ্লিমেন্টারি। ধন্যবাদ মাননীয় মন্ত্রী মহোদয়, আপনি বললেন যে power-এর সঙ্গে আপনার representative ছিল। আপনারা আপনাদের দপ্তর থেকেও একজনকে পাঠাতে পারছেন। আমি জানি না তিনি সদস্য হয়েছেন কিনা, কিন্তু পাঠাতে পারছেন অ্যাট লিস্ট। এছাড়াও আমি আপনাদের বলব আপনাদের হাত এই act-এ কিছু কিছু ক্ষমতা আছে distributory system অথবা কোথাও কিছু বাদ দেন with the approval of DVC committee. আমি আপনাকে বলছি যে আপনি বোধহয় নিম্ন দামোদর সংস্কার যেটা হচ্ছে জলাধার হবে না, কিন্তু DVC-র জল যেখান দিয়ে প্রবাহিত হয়, এই নিম্ন দামোদর সংস্কারের কাজটাকে নিয়ে বা তার কর্মসূচী তৈরি করে আপনি দিল্লী গিয়েছিলেন এবং সেটা নিয়ে আপনি আমাদের সঙ্গে আলোচনাও করেছিলেন। এই ব্যাপারে কতখানি অগ্রগতি হয়েছে আপনি যদি জানান।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নের উত্তরে বলি, এটা ঠিকই, বিশেষ করে আপনারা দেখবেন যে বর্ধমান, হাওড়া, হুগলী অত্যন্ত বন্যাপ্রবণ এলাকা। ফি বছর বন্যায় ভাসে এবং কোথাও বিগত সরকারের আমলে DVC-র জল ছাড়ার কারণেও হয়েছে। একটা জিনিস আমাদের কাছে

অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল-নিম্ন দামোদর প্রকল্প। মাননীয়া মুখ্যমন্ত্রী ২০১১-এ কার্যভার গ্রহণ করার পরে আগস্ট মাসে, তৎকালীন সেচমন্ত্রী আজকে এখানে উপস্থিত আছেন এবং মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি হাওড়ায় গিয়ে ঘোষণা করেছিলেন যে, অত্যন্ত দ্রুততার সঙ্গে আমরা নিম্ন দামোদর প্রকল্পের কাজটা শুরু করতে চাই। আমার এখনও মনে আছে আমি দায়িত্ব গ্রহণ করার পরে মাননীয়া মুখ্যমন্ত্রী আমাকে প্রথম যে কয়েকটা জিনিস বলেছিলেন, অনেকগুলো issue ছিল তার মধ্যে এবং অত্যন্ত important issue ছিল আমাদের এই নিম্ন দামোদর প্রকল্পের কাজ, আমাদের এখানকার হাওড়ার জনপ্রতিনিধিরা উপস্থিত আছেন এবং আপনিও আছেন, আমরা ২০১৩-র মার্চ মাসে সকলে মিলে সেই DPR-তৈরির কাজ শুরু করেছিলাম এবং DPR-এর কাজ সমাপ্ত হয়েছে আপনারা জানেন, আমরা presentation দিয়েছিলাম রাইটার্স বিল্ডিং-এ আপনিও সেখানে উপস্থিত ছিলেন। অন্যান্য জনপ্রতিনিধিরা ছিলেন। সেখানে গিয়ে আমরা আমাদের presentation-টা দিয়েছি এবং আপনাদের কিছু suggestion-ছিল। সেই suggestion-গুলো incorporate-করে মাননীয়া কেন্দ্রীয় মন্ত্রীর কাছে আমরা পাঠিয়েছি। প্রায় ২০০০ কোটি টাকার কিছু বেশি এই প্রকল্প। আমাদের কেন্দ্রীয় মন্ত্রী অনুরোধ করেছিলেন দুটো ফেজে করার জন্য। আমরা already-সেটাকে ভাগ করে দুটো phase-এ করার কথা চিন্তাভাবনা করছি। এবং আমি অত্যন্ত আশাবাদী যে, আগামী অর্থবর্ষে যেভাবে আমরা বলছি যে ঘাটাল মাস্টার প্ল্যান যেভাবেই আমরা implement-করবো আগামী অর্থবর্ষে, ঠিক সেইভাবে হয়তো একটু আগেপরে হতে পারে কিন্তু First phase-টা হাওড়ার দিক থেকে যাতে হুগলী এবং হাওড়ার মানুষ বাঁচেন সেইভাবে আমরা নিম্ন দামোদর প্রকল্পটা যাতে শুরু করা যায়, তার জন্য যা যা ব্যবস্থা নেওয়া দরকার আমরা নেব। এই প্রসঙ্গে আর একটু আমি উল্লেখ করতে চাই মাননীয় অধ্যক্ষ মহোদয়, একটু জানা প্রয়োজন এই হাউসের।

মিঃ স্পীকার : ছোটো করে। ছোটো করে, আরে অনেক প্রশ্ন করার জন্য অনেকে হাত তুলেছেন। আপনি তো আলোচনা করেছেন, আপনারা তো আলোচনা করেন এই ব্যাপারটা নিয়ে। ছোটো করে বলুন।

শ্রী রাজীব ব্যানার্জী : আচ্ছা ঠিক আছে। আমি আর একটা আপনাদেরকে জানাতে চাই, যেটা পশ্চিমবঙ্গে প্রথম আজকে এই বন্যা প্রতিরোধ করার জন্য আমরা চেষ্টা করছি যে, পশ্চিমবঙ্গে প্রথম নদী-সংযুক্তিকরণ। সেটা দামোদর এবং অজয়। দামোদরে যেমন প্রচণ্ড জল থাকে বন্যা হয়, অজয় শুকিয়ে যায় সেচের কাজ হয় না। আমরা চেষ্টা করছি দামোদর এবং অজয় river linking-করতে। সেটাও এবছরে target-এর মধ্যে রেখেছি। যে পশ্চিমবঙ্গে প্রথম এই দামোদর এবং অজয় river linking-হলে একদিকে যেমন বন্যা প্রতিরোধ হবে তেমনি আর একদিকে সেচের জল দিতে পারব। এই প্রোজেক্টটা আমাদের মাথায় রয়েছে।

শ্রী তপন চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, আপনি আমার পূর্বস্থলী উত্তর বিধানসভার মধ্যে একদিকে খড়ি নদী এবং একদিকে ভাগীরথী নদী, গঙ্গার বিভীষিকা ভাঙন। আমি জানি, আগের বার

২০১৪ সালে উনি ভাঙন রোধে কিছু টাকা দিয়েছেন, তাতে কিছু ভাঙন রোধ হয়েছে। আমি চাই যজ্ঞেশ্বরপুর নপাড়া, ঝাউডাঙ্গা এবং তামাঘাটা। গঙ্গার বিভীষিকা ভাঙনে যেকোনো মুহূর্তে স্কুলবাড়ী সব চলে যেতে পারে। একটি high school এবং একটি primary school আছে। ঝাউডাঙা গ্রামটা বর্ধিষ্ণু গ্রাম। যাতে অতিসত্বর ভাঙন রোধ করা যায় তারজন্য মাননীয় মন্ত্রীর কাছে আমি অনুরোধ করছি।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি যে, কিছু কাজ আপনি অনুরোধ করেছিলেন আমরা করেছি। এটা অস্বীকার করার জায়গা নয় যে, ভাঙন এতো ব্যাপক এবং চাহিদাও প্রচুর। হয়তো আমাদের সাধ্য অতটা নেই। কিন্তু তার মধ্যে থেকেও আমরা চেষ্টা করছি, আপনি যে দুটো এলাকার কথা নতুন করে উল্লেখ করেছেন আমরা নিশ্চিতভাবে আগামীদিনে আগামী অর্থবর্ষে যাতে করা যায় তার জন্য আমরা চেষ্টা করব।

শ্রী ধীরেন বাগদী : ধন্যবাদ স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য যে, এমনিতেই দীর্ঘদিন থেকে বৃষ্টি হচ্ছে না। ভূগর্ভস্থ জলস্তর নেমে যাচ্ছে। আমরা অন্যান্য সময় দেখেছি যে, ম্যাসেঞ্জর থেকে জল ছেড়ে ওই জলস্তর যাতে ওঠানো যায় সেজন্য ময়ূরাক্ষী এবং তার ক্যানেলে মাঝে মাঝে জল দেওয়া হত। এবছর জল দেওয়া হয়নি। এই ব্যাপারে কি মন্ত্রী মহাশয় কিছু ভাবছেন যে জলস্তর যাতে ধরে রাখা যায় বা একটু তোলা যায় তার জন্য----জল ছাড়ার ব্যাপারে যদি বলেন।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি, জানি যে জলাধার তৈরি করা হয় জলধারণ করার জন্য। আপনি ময়ূরাক্ষীর যে প্রসঙ্গটা উত্থাপন করেছেন, আপনি নিশ্চয় অবগত আছেন যে, ঝাড়খণ্ড এলাকায় প্রায় ১৯ শতাংশ কম বৃষ্টিপাত হয়েছে। বিশেষ করে আপনি যে catchment-এর কথা বললেন, ময়ূরাক্ষী catchment আপনার ম্যাসেঞ্জরে ওই এলাকায় বৃষ্টিপাত একদমই কম এবং জল এমন একটা অবস্থায় রয়েছে আপনি নিজে গেলেও জানতে পারবেন যে, গেট খুললেও জল বেরোচ্ছে না, এই রকম একটা অবস্থার মধ্যে রয়েছে। Naturally, এই মূহূর্তে জলাধারে যেহেতু জল নেই, আমরা এই বছরে বা ময়ূরাক্ষীর system থেকে জল দিতে পারছি না। আমরা অন্যান্য ক্ষুদ্র সেচের মাধ্যমে সেই জায়গাটা পূরণ করার চেষ্টা করছি। আগামীতে বৃষ্টি হলে জলধারণ করা যাবে এবং সেই জল থেকে আমরা চাষাবাদের জন্য definitely জল দেব।

ডাঃ নির্মল মাজি : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়কে প্রথমে অভিনন্দন জানাই, ধন্যবাদ জানাই, কৃতজ্ঞতা জানাই-বাংলার সাড়ে ৯ কোটি মানুষের পক্ষ থেকে।

[11.40—11.50 a.m.]

গজকচ্ছপ যারা দেখতে পায় না উন্নয়নের কার্যক্রম, কিন্তু বাংলার মানুষ প্রতিটি জেলায়, প্রতিটি নদীতে সেচ ও জলপথ বিভাগের সমুদ্র ভাঙন রোধ, বাঁধ সংরক্ষণে গুরুত্বপূর্ণ

নব-জাগরণের ভূমিকা নিয়েছে তা তারা দেখতে পাচ্ছে, তারিয়ে তারিয়ে উপভোগ করছে। আমাদের উদয়নারায়ণপুর এবং আমতার বিস্তীর্ণ অঞ্চল প্রতিবারে বন্যার জলে বানভাসি লোকেরা খোলা আকাশের নীচে আশ্রয় নেয় এবং ম্যান মেড বন্যা বিগত বাম জমানাতে বারবার হয়েছে তাও আমরা দেখেছি। কিন্তু গত তিন দশক ধরে তারা কোনো রকম মজবুতিকরণ পুনর্নির্মাণের কাজ বাঁধ ভাঙন নির্মাণে কিছু করেননি। আমি মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন রাখছি, আমাদের আমতা এবং উদয়নারায়ণপুরের বিস্তীর্ণ অঞ্চল প্রতিবার বন্যা হয় এবং আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী গতবার তিনি পরিদর্শন করেছিলেন এবং আমরা সব বিধায়করা ছিলাম ওখানে, এলাকার বি ডি ওরা, এস ডি ওরা সবাই ছিলেন, তা ওখানে কোনো পাইলট প্রোজেক্টের ব্যাপারে, ওখানে যে বিস্তীর্ণ অঞ্চলে কৃষি ফসল হয়, সেই ফসল আরো বেশি পরিমাণে হওয়ার জন্য কোনো পাইলট প্রোজেক্ট কৃষি দপ্তর এবং আমাদের সেচ দপ্তরের সঙ্গে করার কোনো পরিকল্পনা আছে কিনা এবং উলুবেড়িয়ার ছোট ছোট খালগুলির উপরে দেড়শো, দুশো বছরের পুরনো যে ব্রীজগুলো রয়েছে, সেইগুলো ভেঙে যে কোনোদিন একটা দুর্ঘটনা ঘটতে পারে, সেইগুলো রিপেয়ারের ব্যাপারে কী কী উদ্যোগ নিয়েছেন, এই প্রশ্ন রাখছি, নমস্কার।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি, কিছু প্রশ্নের উত্তর অলরেডি আমি দিয়ে দিয়েছি। আপনার যেটা লোয়ার দামোদর প্রজেক্ট ইত্যাদিগুলো আমার দেওয়া হয়ে গেছে। আপনি অবগত আছেন নিশ্চয়, আপনি জানেন কয়েকদিন আগেও আমরা কয়েকটা প্রোগ্রাম অ্যাটেন্ড করেছি একসাথে, এখানে মাননীয় বিধায়ক সমীর পাঁজা, উদয়নারায়ণপুরে বিধায়ক উপস্থিত আছেন, আমরা অনেকগুলো জায়গায় পাকাপোক্তভাবে ভাঙন রোধের কাজ করেছি, তার মধ্যে ডিহিভুরসুট অন্যতম। উনি নিজে দেখেছেন। আমরা কিছু জায়গায় যেমন সাইফন ইত্যাদিগুলো আমরা রেগুলেটিং স্ট্রাকচার এগুলো আমি বলেছি, নতুন করে তৈরি করছি, কোথাও স্ট্রেনদেনিং করেছি। এবং একটা আমি আপনাদের ইনফর্মেশান দিই যে হাওড়া জেলায় শুধুমাত্র উদয়নারায়ণপুর এবং আমতায় ভাঙন রোধের কাজ কমপ্লিট করেছি প্রায় ২০কিমি এর মতন এবং আরো ৫ কিমি এর মতন আমাদের টার্গেট রয়েছে যেটা আগামী দিনে করবো। এবং লোয়ার দামোদর প্রকল্প হয়ে গেলে আমার মনে হয়, আগামী দিনে হাওড়ায় মানুষ বন্যা ভুলতে বসবেন।

ঘাটাল মাস্টার প্ল্যান

*৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *২০৯) **ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কী সত্যি যে, সরকার 'ঘাটাল মাস্টার প্ল্যান' কার্যকার করতে উদ্যোগী হয়েছে ; এবং

(খ) সত্যি হলে (১) প্রকল্পটি কবে অনুমোদন পাবে বলে আশা করা যায় ; ও (২) উক্ত প্রকল্পে কত অর্থ ব্যয়িত হবে?

শ্রী রাজীব ব্যানার্জী :

(ক) ঘাটাল ও তার পার্শ্ববর্তী অংশ সহ পশ্চিম ও পূর্ব মেদিনীপুর জেলার ৮টি ব্লক ও ২টি মিউনিসিপ্যালিটির বন্যাপ্রবণ অংশে বন্যা ও নিকাশী সমস্যার সমাধানে একটি সার্বিক বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প কেন্দ্রীয় সরকারের পরীক্ষাধীন ২০০৯ সাল থেকে। সম্প্রতি বিস্তারিত সার্ভে এবং গাণিতিক সমীক্ষার দ্বারা পরিমার্জিত এবং সংশোধিত উক্ত প্রকল্পটির প্রথম পর্যায়ের কাজের বিস্তারিত প্রকল্প রিপোর্ট (ডি পি আর) কেন্দ্রীয় সংস্থা, গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ আয়োগের কাছে গত ১৬ই ফ্রেব্রুয়ারী, ২০১৫-য় জমা হয়েছে।

(খ) (১) কেন্দ্রীয় জল মন্ত্রকের ছাড়পত্র এবং কেন্দ্রীয় অনুদান কর্মসূচী, এফ এম পি.-তে অন্তর্ভুক্তি সাপেক্ষে কাজ ২০১৫-১৬ থেকে শুরু হবে।

(২) প্রথম পর্যায়ের কাজের মোট অনুমিত ব্যয় আনুমানিক ১১৯২.৪৩ কোটি টাকা।

ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : মাননীয় সেচমন্ত্রী খুবই দক্ষতার সাথে কাজ করছেন, ছোটাছুটি করছেন খুবই ভাল ছেলে। মৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়ের ভাইপো, নিজে খুবই ভাল কাজ করছেন, ভাল। আমি ওকে খুব ভালবাসি, স্নেহ করি। আমার প্রশ্ন স্যার, প্রাথমিক পর্যায়ে ঘাটাল মাস্টার প্ল্যানটা তৈরি হয়েছিল তার টাকার অঙ্কটাও বেশি ছিল, পরিধিটাও বেশি ছিল। আকৃতিটাও বেশি ছিল। কেন্দ্রীয় সরকার বারেবারে বাধা দেওয়ার ফলে, এই নতুন সরকার, বি জে পির নেতৃত্বে নতুন সরকার বারবার রাজ্যের সরকারকে আমার কাছে যা.খবর, আমি জানি না সত্য কিনা, এটাকে স্লিপ্ট করতে বলছে, টাকা বেশি বলে। সমস্যা নাকি জড়িয়ে যাবে মাননীয় মন্ত্রী উমা ভারতীর মন্তব্য এই রকম। আপনি দক্ষতার সঙ্গে কাজ করছেন, পশ্চিম মেদিনীপুর, পূর্ব মেদিনীপুর এর কান্না হচ্ছে দুটো। একটা কেলেঘাই-কপালেশ্বরী, একটা ঘাটাল মাস্টার প্ল্যান। এই ঘাটাল মাস্টার প্ল্যান আপনি ফেজিক ম্যানারে ফার্স্ট ফেজে ১১৯২কোটি ৪৩ লক্ষ টাকার একটা প্ল্যান করেছেন, ৮টি ব্লক, ২টি মিউনিসিপ্যালিটির জন্য। What is the real perspective of the change view of the State Government under the pressure of Central Government ?

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি, এটা ঠিক যে বিগত সরকার তড়িঘড়ি করে ২০০৯ সালে একটা ঘাটাল মাস্টার প্ল্যান করেছিলেন। যার কোনো ম্যাথেমেটিক্যাল মডেল ছিল না। মডেল স্টাডি ছিল না। ওনারা ১৯৬০ কোটি টাকা ব্যয়ের একটা প্রকল্প পাঠিয়েছিলেন, সেটা কেন্দ্রীয় সরকার পত্রপাঠ রিজেক্ট করে পাঠিয়ে দিয়েছিলেন। মা-মাটি-মানুষের সরকার দায়িত্বে আসার পরে, মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণা এবং উদ্যোগে আমরা নতুন করে ঘাটাল মাস্টার প্ল্যান তৈরি করেছিলাম এবং এখন এত দ্রব্যমূল্য বৃদ্ধির বাজারেও আমরা ম্যাথেমেটিক্যাল মডেল আই.আই.টি. খড়গপুরকে দিয়ে করিয়ে, রিভার রিসার্চ ইনস্টিটিউটকে দিয়ে চাঙা করিয়ে মডেল স্টাডি করানোর পরেও ১৯৬০ থেকে কমে এটা ১৫৭০ কোটিতে এসেছিল। কেন্দ্রীয় সরকারের বক্তব্যের সাথে

আমরাও কিছুটা একমত এই কারণে আমি বলি, ওনাদের বক্তব্য হচ্ছে যে মেনলি আমাদের ঘাটালের যে জায়গাটা বন্যাপ্রবণ, এখানে বোধহয় ঘাটালের বিধায়কও উপস্থিত আছেন, আগে আমরা চেষ্টা করছি যে জায়গাটা প্রত্যেক বছর এমনি ডুবে যায়, সেই জায়গাটাকে উদ্ধার করার জন্য আগে তাকে প্রায়োরিটি দিতে ফার্স্ট ফেজ করা হয়েছে। যার জন্য ১১৯২ কোটি টাকা আমরা ধরেছি। তার মধ্যে অলমোস্ট, সিংহভাগটা কভার করে দেওয়া হয়েছে। এটার মানে এই নয় যে ফার্স্ট ফেজ করবো, সেকেন্ড ফেজ করবো না। উনি যেটা বলেছেন এবং যেটা আমরাও সম্মত হয়েছি, ফার্স্ট ফেজের কাজটা শুরু করতে করতে বাকি কাজটারও অনুমোদন ওনারা দিয়ে দেবেন এবং তার সাথে স্যামালটেনিয়াসলি আমরা সেকেন্ড ফেজটা করবো। অর্থাৎ দুটো কাজই একসাথে হবে যাতে কোথাও আর কোনো অসুবিধা না হয় এবং ঘাটালের মানুষ যাতে বন্যা ভুলতে পারে, পশ্চিম মেদিনীপুরের মানুষ যাতে বন্যা ভুলতে পারে। মাননীয়া মুখ্যমন্ত্রীর এটাই উদ্যোগ।

শ্রী সমীর কুমার জানা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনারা মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয় মা-মাটি-মানুষের পক্ষ থেকে যে সেচ ও জলপথ বিভাগে যেভাবে অভূতপূর্ব কাজ করছেন তার জন্য আমি ধন্যবাদ জানাই। আমার স্পেসিফিক পয়েন্ট, পাথরপ্রতিমার ১৫টি অঞ্চল বেশির ভাগ জায়গায় সমুদ্রবেষ্টিত এলাকা বা নদীবেষ্টিত এলাকা। এই জায়গাতে ৩৬টি পয়েন্টের মধ্যে ৩১টি পয়েন্টে আয়লার কাজ চলছে ভালোভাবে। কিন্তু এখন যে সমস্যা আমরা উপলব্ধি করছি, রামগঙ্গা গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত ভারাতলা যেটা আয়লার অন্তর্ভুক্ত জায়গা। এখানে জায়গা অধিগ্রহণের কাজটা বিলম্বিত হচ্ছে। এখনি যদি এর কোনো ব্যবস্থা গ্রহণ করা না যায় তাহলে সমস্যা হবে। এটা নিয়ে পরীক্ষা-নিরীক্ষা চলছে বৈজ্ঞানিক পদ্ধতিতে ইরোশান বন্ধ করার জন্য। এই ব্যাপারে ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ জানাব এবং সেই সঙ্গে ব্রজবল্লভপুরের গোবিন্দপুর আয়লার অন্তর্ভুক্ত জায়গা হলেও ইরোশানটা এত ব্যাপকভাবে হচ্ছে যার ফলে জমি অধিগ্রহণের কাজটা বিলম্বিত হচ্ছে। আজ যে জায়গাটা হচ্ছে, কাল সেই জায়গাটা পরিবর্তন হচ্ছে। এই জায়গায় এখনই কাজ করার দরকার আছে। এই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহোদয় কিভাবে চিন্তাভাবনা করছেন এবং দক্ষিণ রায়পুর যেটা আয়লার অন্তর্ভুক্ত না হলেও ভৌগোলিক অবস্থানে সেই জায়গাটায় স্পার করা দরকার। সেই ব্যাপারেও ব্যবস্থা নিতে মাননীয় মন্ত্রীকে অনুরোধ জানাব।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি, আপনি তো কয়েকটি জায়গার কথা উল্লেখ করেছেন। অলরেডি প্রত্যেক জায়গাতেই আয়লার বাঁধ তৈরি হচ্ছে। স্পারের ব্যাপারে যেটা বলেছেন, এটা আপনি নিশ্চিতভাবে আজ উল্লেখ করেছেন। আমি আমাদের দপ্তরের অধিকারিকদের বলব। তারা সার্ভে করে দেখে যা যা উপযুক্ত ব্যবস্থা নেওয়ার নেবেন।

শ্রীমতী অপর্ণা সাহা : ধন্যবাদ স্যার, অনেকক্ষণ পরে হলেও বলার সুযোগ পেলাম। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় বিভাগীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, ডি.ভি.সি-র ওয়ান ভি.সি ক্যানেলে এই পাঁচ বছর ধরে ২০১১ থেকে ২০১৫ সাল

পর্যন্ত বোরো চাষে কোনো জল পাচ্ছে না। আমি আগে প্রশ্ন করে জানতে পেরেছিলাম, ওখানে ক্যানেলে কোথাও কোথাও কাজ হচ্ছে। এই কাজ সম্পূর্ণ হয়েছে কিনা এবং ২০১৬ সালে ওয়ান ভি.সি ক্যানেলে জল দেওয়া হবে কিনা।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়িকার প্রশ্নের উত্তরে বলি, মূলত এমনি ডি.ভি.সি-র ব্যাপারে সার্বিক চিত্রটা আমার কাছে আছে। আপনি যে স্পেসিফিক ইনফর্মেশানটা চেয়েছেন, আপনি একটু পরে যদি আমার সঙ্গে যোগাযোগ করেন তাহলে আমি নিশ্চিতভাবে জেনে আপনাকে জানিয়ে দেব।

***প্রশ্ন নং ৪৬** : (নট কলড)

[11.50 a.m.—12.00 noon.]

ঘাটাল মাস্টার প্ল্যান

*৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪) **শ্রী শাহাজাহান চৌধুরী** : অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারী, ২০১৫ সাপেক্ষে রাজ্যে কত সংখ্যক সম্প্রদায়কে অন্যান্য অনগ্রসর শ্রেণী (ও.বি.সি.) হিসাবে চিহ্নিত করা হয়েছে ; এবং

(খ) কত সংখ্যক মুসলিম সম্প্রদায়কে উক্ত তালিকাভুক্ত করা যায়নি ?

ডঃ উপেন্দ্র নাথ বিশ্বাস :

(ক) ৩১শে জানুয়ারী, ২০১৫ সাপেক্ষে রাজ্যে ১৫৯টি সম্প্রদায়কে ও.বি.সি. হিসাবে চিহ্নিত করা হয়েছে।

(খ) আর দ্বিতীয় প্রশ্নের উত্তরে বলি, ২০টি সম্প্রদায় আছে, তার মধ্যে ১৮টি সম্প্রদায় হচ্ছে মুসলিম। এই সম্প্রদায়গুলো হচ্ছে Dhaki, Katha, Atta, Par, Sarala, Beg, Mir, Khansama, Khajankriya, Hawaikar, Mokam, Bagani, Munshi, Mudi, Faraki, Chasa, Sahana, Bhandari. যে ২০টি শ্রেণিকে আমরা অন্তভুক্ত করতে চাই তার মধ্যে ১৮টি হচ্ছে মুসলিম সম্প্রদায়।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, ১৫৯টি সম্প্রদায়কে ও.বি.সি হিসাবে চিহ্নিত করা হয়েছে। তার মধ্যে 'এ' ক্যাটাগরি তালিকাভুক্তর সংখ্যা কত এবং 'বি' ক্যাটাগরির তালিকাভুক্তর সংখ্যা কত। এর সঙ্গে কেন্দ্রীয় তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে কিনা, যদি না হয়ে থাকে তাহলে এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী কোনো চিঠি দিয়েছে কিনা।

ডঃ উপেন্দ্র নাথ বিশ্বাস : আমি আগেই বলেছি ১৫৯টি সম্প্রদায় হচ্ছে টোটাল কমিউনিটি। তার মধ্যে 'এ' হচ্ছে ৭৫, আর 'বি' হচ্ছে ৮৪। তার মধ্যে নতুন ইনক্লুশান

২০১১ সালের পরে হচ্ছে ফিফটি ওয়ান অ্যান্ড নাইনটিন। এর মধ্যে আপনি গভর্নমেন্ট অফ ইনক্লুশানের কথা বলেছেন। সেটা আপনাকে আরও ব্যাখ্যা করে আমি বলি। গভর্নমেন্ট অফ ইন্ডিয়া এই হান্ড্রেড অফ ফিফটি নাইন, দেখুন the number of communities already in the Government list upto 18th February, 2014 is 99. 99 is already included in the Govt. of India list. Number of OBC community for which hearing was made by the Government of India in March 2014, by end of March, on inclusion made is 34. Number of communities for which hearing is pending is 26.

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার দ্বিতীয় অতিরিক্ত প্রশ্ন, ও.বি.সিদের চাকরির সংরক্ষণের জন্য সেভেনটিন পারসেন্ট আমাদের রাজ্যে সংরক্ষণ আছে, যেটা বিগত বামফ্রন্ট সরকারের আমল থেকেই আছে। কেন্দ্রীয় সরকারের ও.বি.সি সংরক্ষণের হার হচ্ছে টোয়েন্টি সেভেন পারসেন্ট। আমাদের রাজ্যে কেন্দ্রীয় সরকারের হার সতেরো পারসেন্টটাকে সাতাশ পারসেন্ট করা কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ?

ডঃ উপেন্দ্র নাথ বিশ্বাস : দেখুন, এখন যে ব্যবস্থা আছে, সেই ব্যবস্থা নিয়েই আমরা চলছি। এর আগেও আমি একটা লম্বা লিস্ট দিয়েছিলাম। আমি আবার যদি চৌত্রিশ বছরের কথা নিয়ে আসি তাহলে আপনারা আমাকে ক্ষমা করবেন, আমি সাধারণতঃ আনতে চাই না। আমরা বহু চেষ্টা করে বিভিন্ন বিভাগ থেকে খবরা-খবর নিয়ে দেখেছি, সেভেনটিন পারসেন্ট ছেড়ে দিন। যেখানে টোয়েন্টি থ্রি পারসেন্ট অফ সিডিউল কাস্ট এবং ফাইভ পারসেন্ট ফর সিডিউল ট্রাইবস, এটাই অনেক ডিপার্টমেন্ট করেনি বহুদিন আগে থেকে। আমাদের এই সরকার ক্ষমতায় আসার পরে এটাকে অ্যাডভান্স করতে পেরেছি, আপনারা যারা কাগজের অ্যাডভার্টাইজমেন্ট দেখেছেন, তারা দেখবেন ব্যাকওয়ার্ড ক্লাশের জন্য বিভিন্ন ডিপার্টমেন্টে সে পঞ্চায়েত হোক, এডুকেশন হোক, ট্যুরিজিম হোক, তার জন্য আমরা অ্যাডভার্টাইজমেন্ট করেছি, আমাদের যে কোটা আছে, সেই কোটা আমরা ফিল আপ করতে পারিনি।

শ্রী দুলাল মুর্মু : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন আমাদের পশ্চিমবাংলায় একটা লোধা সম্প্রদায় আছে। মাননীয় মন্ত্রীর উদ্যোগে হস্টেলের পরিকাঠামো অনেকটা চেঞ্জ হয়েছে, সুন্দর একটা হস্টেলের পরিকাঠামো তৈরি হয়েছে মাননীয় মন্ত্রীর উদ্যোগে। আমি এজন্য মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাব। তবে আমার নির্দিষ্ট প্রশ্নটা এই, যে আমাদের পশ্চিমবাংলায় ৮০ হাজারের উর্ধ্বে লোধা সম্প্রদায়ের মানুষ বসবাস করে। স্যার আমার অতিরিক্ত প্রশ্ন, যে লোধা মেয়েদের জন্য সেরকম আলাদা আশ্রম হস্টেল খোলার কোনো পরিকল্পনা মাননীয় মন্ত্রীর আছে কিনা যদি জানান।

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : অনারেবল স্পীকার স্যার, আজকের প্রশ্ন হচ্ছে ও.বি.সি.দের নিয়ে। তাহলেও মিঃ মুর্মু আপনি এই প্রশ্ন করেছেন যখন তখন আপনাকে জানাই, দেখুন আমাদের এমনিতেই এস.সি., এস.টি, ও.বি.সি ভাগ করা। আবার যদি বলেন যে, ওর মধ্যে আবার কোন কমিউনিটিকে বেশি করে দেওয়া, এটা তো আবার আর্টিকেল ফোরটিন অফ্ দ্য কনস্টিটিউশনকে হিট করবে। তবুও আপনাকে বলি, যে লোধাদের জন্য আমাদের যে বিভিন্ন

প্রোগ্রাম চলে। সেটা কিন্তু স্পেশালি চলে যেহেতু তারা অনেক ব্যাকওয়ার্ড। সিডিউল ট্রাইবদের মধ্যে আবার লোধা ব্যাকওয়ার্ড। তেমনি আপনি জানেন প্রিমিটিভ ট্রাইবাল গ্রুপ তারা তাদের থেকে ব্যাকওয়ার্ড। অতএব প্রত্যেক যে শ্রেণী বা ট্রাইব আছে তারা, ওই সেই সিডিউল ট্রাইবদের মধ্যে যারা আবার তলার দিকে আছে তাদের জন্য স্পেশাল প্রোগ্রাম করা হয়।

দক্ষিণ ২৪-পরগনা জেলায় পর্যটন

*৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৪) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে ডিসেম্বর, ২০১৪ সাপেক্ষে সরকার দক্ষিণ ২৪ পরগনা জেলায় পর্যটন কেন্দ্র স্থাপনে কী কী পদক্ষেপ গ্রহণ করেছে (স্থানের নাম সহ) ?

শ্রী ব্রাত্য বসু :

(ক) গঙ্গাসাগর ভিত্তিক পর্যটন উন্নয়ন :

১। গঙ্গাসাগরের কচুবেড়িয়া ও লট-৮-এ পরিকাঠামো উন্নয়ন (মোট প্রকল্প ব্যয় ১ কোটি ৩২ লক্ষ টাকা, অগ্রগতি—কাজ প্রায় সমাপ্ত।

২। গঙ্গাসাগরে ত্রিফলা আলোর ব্যবস্থাপনা (মোট প্রকল্প ব্যয় ৯ লক্ষ টাকা, অগ্রগতি—কাজ সমাপ্ত।

৩। গঙ্গাসাগর পর্যটক আবাসের সংস্কার (মোট প্রকল্প ব্যয় ৯৮ লক্ষ টাকা), অগ্রগতি—কাজ সমাপ্ত।

৪। গঙ্গাসাগরের বিভিন্ন এলাকায় শৌচাগার নির্মাণ এবং আনুষঙ্গিক পরিকাঠামো নির্মাণ (মোট প্রকল্প ব্যয় ২১ লক্ষ টাকা), অগ্রগতি—কাজ সমাপ্ত।

৫। ভ্রাম্যমাণ শৌচালয় গাড়ি (মোট প্রকল্প ব্যয় ২৩ লক্ষ টাকা), অগ্রগতি—কাজ সমাপ্ত।

৬। ২০টি কটেজ এবং ১০০টি শয্যাবিশিষ্ট পর্যটক আবাসন নির্মাণ (মোট প্রকল্প ব্যয় ১২ কোটি টাকা), অগ্রগতি—২০টি কটেজের কাজ সমাপ্ত, ১০০টি শয্যার পর্যটন আবাসের কাজ চলছে।

৭। গাড়ি যাবার রাস্তা এবং গাড়ি রাখার ব্যবস্থা নির্মাণ (মোট প্রকল্প ব্যয় ২ কোটি ৩৮ লক্ষ টাকা), অগ্রগতি—কাজ সমাপ্ত।

৮। ২৯টি দোকানঘর-এর নির্মাণ (মোট প্রকল্প ব্যয় ৭৮ লক্ষ টাকা), অগ্রগতি—কাজ সমাপ্ত।

৯। গঙ্গাসাগরের সাধুপট্টি এলাকায় কংক্রিট রাস্তার সম্প্রসারণ (মোট প্রকল্প ব্যয় ১ কোটি ৬৭ লক্ষ টাকা), অগ্রগতি—কাজ সমাপ্ত।

১০। কপিলমুনির আশ্রমের আলোকিতকরণ (মোট প্রকল্প ব্যয় ৫২ লক্ষ টাকা), অগ্রগতি—কাজ সমাপ্ত।

১১। গাড়ি যাবার রাস্তার আলোকিতকরণ (মোট প্রকল্প ব্যয় ২৬ লক্ষ টাকা), অগ্রগতি—কাজ সমাপ্ত।

১২। গঙ্গাসাগরের ফুড কোর্ট নির্মাণ (মোট প্রকল্প ব্যয় ৩ কোটি ১৬ লক্ষ টাকা, অগ্রগতি—কাজ চলছে।

(খ) ঝড়খালি ইকোট্যুরিজিম হাব :-

পি.পি.পি. মডেলে বর্তমানে দক্ষিণ ২৪-পরগনা জেলার ঝড়খালিতে একটি আন্তর্জাতিক মানের প্রকৃতি বান্ধব পর্যটন প্রকল্প নির্মাণের কাজ দ্রুতগতিতে চলছে। টেকনো ইন্ডিয়া গ্রুপ ইতিমধ্যেই এক্ষেত্রে বেসরকারী অংশীদার হিসেব স্বীকৃত হয়েছে। পর্যটন বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার এই অঞ্চলের প্রকল্পগুলি গ্রহণ করেছে।

১। ঝড়খালির রাজা মোড় থেকে SDB জেটিঘাট পর্যন্ত রাস্তার উন্নয়ন এবং বিভিন্ন সংযোগকারী রাস্তার নির্মাণ। (মোট প্রকল্প ব্যয় ১০ কোটি টাকা), অগ্রগতি—কাজ সমাপ্ত।

২। ঝড়খালি প্রকল্পে বিদ্যুতায়নের ব্যবস্থাকরণ। (মোট প্রকল্প ব্যয় ৩৪ লক্ষ টাকা), অগ্রগতি—কাজ চলছে।

(গ) পর্যটন পরিকাঠামো উন্নয়ন :

১। বাসন্তী থেকে হেরোভাঙা সড়ক পথের উন্নয়ন। (মোট প্রকল্প ব্যয় ১ কোটি ৮১ লক্ষ টাকা), অগ্রগতি—কাজ সমাপ্ত।

২। রামগঙ্গায় পর্যটক আবাস নির্মাণ। (মোট প্রকল্প ব্যয় ১ কোটি ৯৪ লক্ষ টাকা, অগ্রগতি কাজ—চলছে।

৩। ডায়মন্ড হারবার পর্যটক আবাস সংস্কার ও পুনর্নবীকরণ এবং নতুন পরিকাঠামো উন্নয়ন। (মোট প্রকল্প ব্যয় ৫ কোটি ৭৪ লক্ষ টাকা), অগ্রগতি—কাজ চলছে।

৪। গদখালি অঞ্চলে একাধিক পর্যটন বান্ধব প্রকল্প গ্রহণ। (মোট প্রকল্প ব্যয় ২ কোটি ৭১ লক্ষ টাকা), অগ্রগতি—কাজ চলছে।

৫। সজনেখলিতে প্রকৃতি বান্ধব পর্যটন প্রকল্প রূপায়ণ। (মোট প্রকল্প ব্যয় ৩ কোটি ৬৬ লক্ষ টাকা), অগ্রগতি—কাজ সমাপ্ত।

শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় পর্যটনের ক্ষেত্রে একটা অভূতপূর্ব পরিবর্তন আনার চেষ্টা করছেন, বিশেষ করে সুন্দরবনকে ঘিরে। স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন যে বকখালিতে ইকো ট্যুরিজিম পার্ক করার কোনো পরিকল্পনা আছে কিনা ? যদি থাকে তা কবে নাগাদ বাস্তবায়িত হবে, দয়া করে যদি বলেন।

শ্রী ব্রাত্য বসু : স্যার, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ককে ধন্যবাদ জানাই। মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে পর্যটনের ক্ষেত্রে সত্যিই একটা আমূল সংস্কার ঘটেছে। দ্বিতীয়ত বলি,

যে বকখালির ক্ষেত্রে যে প্রশ্নটা আপনি করেছেন, আপনি যদি গতবার আমাদের বাজেট বক্তৃতা দেখেন-দেখবেন বকখালির এই ইকো ট্যুরিজিম প্রকল্পটি ধরা আছে।-এবং তার জন্যে নির্দিষ্ট ব্যয়বরাদ্দ আমরা করে রেখেছি। ইতিমধ্যেই আমরা দক্ষিণ চব্বিশ-পরগনার জেলা শাসকের কাছে তার একটা ডি.পি.আর ডিটেল প্রোজেক্ট রিপোর্ট আমরা চেয়ে পাঠিয়েছি। টাকাও আমাদের ধরা আছে। এটা জমা পড়ার সাথে সাথেই আমাদের কাজ শুরু হয়ে যাবে। এবং আগে আমার প্রশ্নের বিস্তারিত উত্তরে তাতেও যদি দেখেন-দেখবেন তাতেও দক্ষিণ চব্বিশ পরগনার ক্ষেত্র—যে উল্লেখটা আপনি করেছেন, তাতে ইতিমধ্যেই আমি এই উত্তর দিয়ে রেখেছি। ধন্যবাদ।

শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা : স্যার, আমার আর একটা অতিরিক্ত প্রশ্ন, মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় সাগরকে একটা রিলিজিয়ান ট্যুরিজিম স্পট হিসাবে ঘোষণা করেছেন এবং সেক্ষেত্রে ঘোর সাগর, ঢেউ সাগর তিনি ঘোষণা করেছেন এবং সেই ব্যাপারে আমাদের পর্যটন দফতর কোনো পরিকল্পনা ইতিমধ্যে গ্রহণ করেছে কিনা, করে থাকলে কবে নাগাদ এটা বাস্তবায়িত হবে, সেটা আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই।

[12.00 noon–12-10 p.m.]

শ্রী ব্রাত্য বসু : মাননীয় সদস্য বলেছেন, ওটা দুটো নয়, তিনটে আলাদা বিচের নামকরণ হয়েছে। ঢেউ সাগর, ঘোর সাগর এবং রূপ সাগর। এই তিনটের ক্ষেত্রেই-আবার বলি, আমাদের শুধু সংশ্লিষ্টভাবে কাজ চাওয়া নয়, কাজ শুরু হয়ে গিয়েছে। আবারও আমি আপনাকে বলি যে বিস্তারিত প্রশ্নের উত্তরটা দিয়েছি তার মধ্যে দেখবেন গঙ্গাসাগর নিয়েই একটা আলাদা প্রশ্নের উত্তরের অনুচ্ছেদ আছে। সেটা যদি আপনি খতিয়ে দেখেন-বুঝতে পারবেন গঙ্গাসাগরের ক্ষেত্রে কতটা আছে এবং আমরা এর মধ্যেই সেটা করে ফেলেছি। এবং দ্রুত মুখ্যমন্ত্রী ঘোষণার পরে বাকি যে কাজগুলো আছে তার নিষ্পত্তি হবে।

শ্রী মনোজ চক্রবর্তী : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পর্যটন মন্ত্রীর কাছে জানতে চাই যে, উনি কাজ করছেন চেষ্টা করছেন—ওনার দপ্তরের সঙ্গে বহরমপুর পৌরসভার একটি মৌ হয়। নতুন গ্রামের কাছে ৩৬ বিঘা জমি, তিন একর—সেইখানে এর আগেও কিছু কাজকর্ম হয়েছিল। কিন্তু লালবাগ যেতে বাংলা, বিহার, ওড়িশা এবং এই মুর্শিদাবাদ হচ্ছে একটা বিখ্যাত টুরিস্ট স্পট। মুর্শিদাবাদ এবং বহরমপুরের মাঝখানে এই টুরিস্ট স্পট বা টুরিস্ট লজটা করা হয়েছে। আপনার দপ্তরের মাধ্যমে যদি আগামীদিনে খুব তাড়াতাড়ি করে এই জায়গাটায় কিছু অর্থ বরাদ্দ করে, এই জায়গাটাকে বসবাসের যোগ্য করে টুরিস্টদের ক্ষেত্রে তাহলে বহরমপুর পৌরসভা এবং আপনার, দুটো দপ্তরই উপকৃত হবে। এই ব্যাপারে আপনার নির্দিষ্ট কোন পরিকল্পনা আছে কি ?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় বিধায়ককে বলি যে,.....(নয়েজ).....

Mr. Speaker : Please talk a little less. I will request the Hon'ble Members to please go to their seats and not talk too much inside the House, Now Shri Bratya Basu, please.

শ্রী ব্রাত্য বসু : সেবার আপনি বহরমপুরে আপনি বলেছিলেন টুরিস্ট লজের ক্ষেত্রে, স্থানীয় শিল্পকে গুরুত্ব দেওয়ার কথা। সেটা আমরা অলরেডি দিয়েছি এবং সমস্ত টুরিস্ট লজেও আমরা দিচ্ছি। এবং এটা যদি একটা নির্দিষ্টভাবে আপনাকে জানাই লালবাগে টুরিজম দপ্তর থেকে, জেলা প্রশাসনের সঙ্গে মিলিতভাবে—আমরা ওখানে টুরিস্টদের ক্ষেত্রে লালবাগে আমূল সংস্কার করেছি। তাই light and sound হতে যাচ্ছে। তাই মুর্শিদাবাদের যে বিখ্যাত ইতিহাস, সেই ইতিহাসেরও আমরা সংরক্ষণ চাইছি। একই সঙ্গে আমাদের নীতি হচ্ছে পর্যটকদের নিয়ে আসুক এবং আমাদের বাংলার যে সুপ্রাচীন ঐতিহাসিক ঐতিহ্য আছে তাকেও সংরক্ষণ করা এবং তাকেও তুলে ধরা। আপনি যে নির্দিষ্টভাবে যে প্রকল্পটার কথাটা বলছেন, এই ব্যাপারে আমার বক্তব্য হচ্ছে গতকালই একটা বিল পাশ হয়েছে ইকো টুরিজম সংক্রান্ত। আপনারটার ক্ষেত্রে এই প্রকল্পটার ক্ষেত্রে যদি নির্দিষ্ট রিপোর্ট তার শর্তাবলীর সঙ্গে মেশে—আপনার যে প্রকল্প সেটা খতিয়ে দেখতে আমাদের কোনো আপত্তি নেই, আপনি নির্দিষ্ট প্রকল্প দিতে পারেন, ধন্যবাদ।

(Questions Hour is over)

Starred Questions
(to which answers were laid on the Table)

দেবানন্দপুর গ্রামকেন্দ্রিক পর্যটন

*৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৩) **শ্রী অসিত মজুমদার** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কী সত্যি যে, সরকার শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মস্থান দেবানন্দপুর গ্রামকে পর্যটন কেন্দ্র হিসেবে গড়ে তোলার পরিকল্পনা করেছে ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এই মুহূর্তে সেরূপ কোনো পরিকল্পনা নেই।

(খ) প্রযোজ্য নয়।

আদালতহীন মহকুমা

*৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *১২৭) **শ্রী আনিসুর রহমান** : বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কী সত্যি যে, রাজ্যে আদালতহীন মহকুমা আছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত মহকুমাগুলিতে কবে নাগাদ মহকুমা আদালত স্থাপন করা সম্ভব হবে বলে আশা করা যায়?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, রাজ্যে আদালতহীন মহকুমা আছে। এরূপ মহকুমার সংখ্যা চারটি। এগুলি হল—ডোমকল, খড়গপুর, এগরা ও ক্যানিং।

(খ) সরকার উক্ত মহকুমাগুলিতে মহকুমা আদালত স্থাপন করার ব্যাপারে সদর্থক ভূমিকা গ্রহণ করেছে। মহামান্য উচ্চ আদালতের উপযুক্ত অনুমোদনক্রমে উক্ত আদালতগুলি স্থাপন করা সম্ভব হবে বলে আশা করা যায়।

পরিবেশ বান্ধব পর্যটন কেন্দ্র

*৫০। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৫) **শ্রী অনন্ত দেব অধিকারী** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গরুমারা ফরেস্ট সংলগ্ন রামশাইতে পরিবেশ বান্ধব পর্যটন কেন্দ্র গড়ার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকলে, তার রূপরেখা কী ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

(খ) বনদপ্তরের সাথে যৌথ উদ্যোগে রামশাইতে টুরিস্ট ইনফরমেশন সেন্টার, বাটারফ্লাই পার্ক, রামশাই-মেদুলাবাজার রাস্তার সৌন্দর্যায়ন, আদিবাসী লোক সংস্কৃতির প্রদর্শণ মঞ্চ এবং ওয়াচ টাওয়ার নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এই প্রকল্পের মোট আনুমিত ব্যয় ১ কোটি ২ লক্ষ টাকা। প্রকল্প রূপায়ণের কাজ বন দপ্তরের মাধ্যমে শীঘ্রই শুরু করা হবে।

লাইসেন্সপ্রাপ্ত করাত কল

*৫১। (অনুমোদিত প্রশ্ন নং *১৬১) **শ্রী বাসুদেব খাঁ** : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে জানুয়ারী, ২০১৫ সাপেক্ষে রাজ্যে লাইসেন্সপ্রাপ্ত করাত কলের সংখ্যা কত ?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) অনুমোদিত করাত কলের সংখ্যা ৬০২৬টি।

কাঠচুরির ঘটনা

*৫২। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৮) **শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ** : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কী সত্যি যে, রাজ্যে কাঠচুরির ঘটনা বেড়েছে ; এবং

(খ) সত্যি হলে, ১লা এপ্রিল, ২০১৩ থেকে ৩১শে জানুয়ারী, ২০১৫ পর্যন্ত সময়কালে উক্ত চুরির ঘটনায় কতজনকে গ্রেপ্তার করা হয়েছে ?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) এ পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুযায়ী ১লা এপ্রিল ২০১৩ থেকে ৩১শে মার্চ ২০১৪ সময়কালে পশ্চিমবঙ্গে কাঠচুরি সংক্রান্ত ঘটনায় মোট ৪৭৬ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

ভুটানঘাটে পর্যটন

*৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *২২০) **শ্রী মনোজ কুমার ওরাওঁ** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কুমারগ্রাম ব্লকের ভুটানঘাটে পর্যটন কেন্দ্র স্থাপন করার কোনো পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) থাকলে, উক্ত পরিকল্পনাটি কী রূপ ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এই মুহূর্তে নেই।

(খ) প্রযোজ্য নয়।

S.C., S.T. and O.B.C Certificate

*55. (Admitted Question No.*255) **Shri Rabiul Alam Chowdhury** Will the Minister-in-Charge of Backward Classes Welfare Dept. be pleased to state that :-

(a) Number of people got SC/ST/OBC Certificates in the State as on 31st December, 2014 ; and

(b) The details thereof (district wise) ?

Will the Minister-in-charge of Backward Classes Welfare Department :-

(a) Total 5,80,808 nos. of SC people ; 1,04,116 nos. of ST people and 5,03,345 nos. of OBC people got caste certificates from 1st January, 2014 till 31st December, 2014.

(b) Information is given in Annexure.

ANNEXURE TO THE ASSEMBLY QUESTION *255 FOR 26/02/2015 RAISED BY SRI RABIUL ALAM CHOWDHURY, MLA

YEARLY REPORT ON ISSUANCE OF CASTE CERTIFICATES						
SL No.	District	Certificates issued				
		SC	ST	OBC		
				Cat-A	Cat-B	Total
1	ALIPURDUAR	2811	1188	628	918	1546
2	BANKURA	23702	8926	5856	19454	25310
3	BIRBHUM	24479	3535	24875	7588	32463
4	BURDWAN	40634	8070	23039	17724	40763
5	COOCHBEHAR	29725	188	6781	5627	12408
6	DAKSHIN DINAJPUR	13900	3850	5021	2564	7585
7	DARJEELING	1972	11677	85	5399	5484
8	HOOGHLY	34764	5401	8054	14871	22925
9	HOWRAH	9028	110	7343	3893	11236
10	JALPAIGURI	54556	14825	5608	3544	9152
11	KOLKATA	9803	502	7600	3494	11094
12	MALDA	14827	1670	11056	3302	14358
13	MURSHIDABAD	21960	1100	72672	17106	89778
14	NADIA	54096	2214	12432	16687	29119
15	NORTH 24-PARAGANAS	61456	4723	31588	24922	56510
16	PASCHIM MEDINIPUR	26637	18110	11269	20596	31865
17	PURBA MEDINIPUR	26187	700	5573	7922	13495
18	PURULIA	9266	11589	2730	27464	30194
19	SILIGURI	9025	2375	585	1011	1596
20	SOUTH 24-PARGANAS	93622	1813	28513	16229	44742
21	UTTAR DINAJPUR	18358	1550	8144	3578	11722
	TOTAL	**580,808**	**104,116**	**279,452**	**223,893**	**503,345**
	GRAND TOTAL	**1,188,269**				

ময়ূরাক্ষী জলাধার-এ পলি উত্তোলন

*৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৫) **শ্রী ধীরেন বাগদী** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

ময়ূরাক্ষী জলাধারের পলি উত্তোলনের ক্ষেত্রে সরকারের কোনো পরিকল্পনা আছে কিনা ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ময়ূরাক্ষী জলাধারের পলি উত্তোলনের জন্য প্রয়োজনীয় কারিগরী সাহায্যের জন্য ২০১২ সালে কেন্দ্রীয় জল মন্ত্রকের কাছে অনুরোধ জানানো হয়েছে। এছাড়া জলধারের ধারণক্ষমতা হ্রাসের পরিমাণ ও পলি উত্তোলনের পরিমাপ করার জন্য এই বিভাগেরই নদী বিজ্ঞান কেন্দ্র-কে দায়িত্ব দেওয়া হয়েছে।

মৎস্যজীবীদের মৃত্যুজনিত ক্ষতিপূরণ

*৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৭) **শ্রী রামশঙ্কর হালদার** : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কী সত্যি যে, সমুদ্র ও নদীতে মাছ ধরতে গিয়ে দুর্ঘটনায় আক্রান্ত মৎস্যজীবীদের সরকার থেকে ক্ষতিপূরণ দেওয়া হয় ; এবং

(খ) সত্যি হলে, গত ডিসেম্বরে দক্ষিণ ২৪ পরগনার সীতারামপুর মৌজায় ট্রলার ডুবিতে মৃত মৎস্যজীবীদের কোনো ক্ষতিপূরণ দেওয়া হয়েছে কিনা ?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, এটা সত্যি। বর্তমানে এ জাতীয় দুর্ঘটনায় আক্রান্ত মৎস্যজীবীদের মনোনীত/নিকট উত্তরাধিকারীদের "সক্রিয় মৎস্যজীবীদের জন্য দুর্ঘটনাজনিত বিমা প্রকল্পে" ক্ষতিপূরণ দেওয়া হয়।

(খ) না। কারণ দাবি সম্বন্ধীয় নথিপত্রাদি এখনো জমা পড়েনি।

আন্তর্জাতিক মানের পর্যটন কেন্দ্র

*৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৩) **শ্রী বিশ্বনাথ কারক** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলী জেলার কামারপুকুর, রাধানগর, মান্দারন ও বাঁকুড়া জেলার জয়রামবাটিকে আন্তর্জাতিক মানের পর্যটন কেন্দ্র হিসেবে গড়ে তোলার কোনো পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কিনা ; এবং

(খ) থাকলে, তা কীরূপ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এই মুহূর্তে সেরূপ কোনো পরিকল্পনা নেই।

(খ) প্রযোজ্য নয়।

তফশিলি জাতিভুক্ত গরীবী সহায়তা প্রাপকের সংখ্যা

*৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৫) **শ্রী নর্মদা চন্দ্র রায়** : অনগ্রসর সম্প্রদায়কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কী সত্যি যে, রাজ্যে গরীবী সহায়তা প্রাপক তফশিলি জাতি সম্প্রদায়ভুক্ত পরিবারের সংখ্যা কমছে ; এবং

(খ) সত্যি হলে, এর কারণ কী?

অনগ্রসর সম্প্রদায়কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) 'গরীবী সহায়তা' নামে কোনো প্রকল্প অনগ্রসর শ্রেণি কল্যাণ বিভাগ রূপায়ণ করে না। তবে, দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী এবং নির্দিষ্ট বার্ষিক আয়সীমার মধ্যে থাকা তপশিলি জাতির মানুষদের আয় বৃদ্ধির জন্য এই বিভাগ বেশ কিছু প্রকল্প রূপায়ণ করে। যেমন-SCP Loan, মহিলা সমৃদ্ধি যোজনা, NSFDC Term Loan ইত্যাদি। এক্ষেত্রে ছোট ও মাঝারি উদ্যোগীদের ব্যাঙ্ক বা এই বিভাগের অন্তর্গত তপশিলি জাতি ও আদিবাসী উন্নয়ন ও বিত্ত নিগম থেকে ঋণ এবং সরকারী অনুদান দেওয়া হয়।

(খ) কোনো প্রশ্নই ওঠে না।

কয়লাখনি কেন্দ্রিক পর্যটন

*৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫০) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের কয়লাখনি এলাকায় পর্যটন শিল্পের উন্নয়নে সরকারের গৃহীত ব্যবস্থাগুলি কীরূপ ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

রাজ্যের কয়লাখনি এলাকায় পর্যটন শিল্পের উন্নয়নে সাম্প্রতিক কালে পর্যটন বিভাগ দ্বারা কোনো প্রকল্প গ্রহণ করা হয়নি।

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received five (5) notices of Calling Attention on the following subjects, namely :-

Subject	Name
i) Alleged effect of health service for want of doctors and medical staff at singot Rural Hospital in Mangolkot Assembly Constituency.	: Shri Sahajahan Choudhury
ii) Urge for setting up of a tourist centre at Damunya village in Burdwan, the birth place of Kabikankan Mukunda Ram Chakraborty.	: Shri Basudev Khan

iii)	Alleged deplorable condition of some Roads in South 24-Parganas dist.	: Shri Ram Sankar Halder
iv)	Reported incident of suicidal death of some teen-aged girls at Jambani Block of Jhargram Sub-division in Paschim Medinipur.	: Dr. Manas Ranjan Bhunia, and jointly by Shri Dibakar Hansda, Shri Susanta Besra, and Shri Biram Mandi
v)	Urge for repairing of embankment of Ajay River with boulders in some areas Under Ketugram Assembly Constituency.	: Shri Sekh Sahonawez

I have selected the notice of Shri Basudeb Khan on the subject of Urge for setting up of a tourist centre at Damunya Village in Burdwan, the birth place of Kabikankan Mukunda Ram Chakrabroty.

The Minister-in-Charge may please make a statement today, if possible, or give a date.

আপনি যদি প্রস্তুত থাকেন তাহলে উত্তর দিতে পারেন।

শ্রী ব্রাত্য বসু : এটা নেক্সট দিন বলে দেব স্যার। সোমবার দিয়ে দেব।

মিঃ স্পীকার : মাননীয় সদস্যদের, আমি দেখেছি প্রতিদিন আমি একটা না একটা কলিং অ্যাটেনশান অ্যালাও করি। মাননীয় মন্ত্রীদের কাছে আমার আবেদন যে, যাদের নামে এই কলিং অ্যাটেনশানগুলো যাচ্ছে তাঁরা দয়া করে আমাদের অধিবেশন চলাকালীন উত্তর দিয়ে দেবেন যাতে এইগুলো আমাদের মাননীয় সদস্য যাঁরা রয়েছেন তাঁদের একটা করে প্রশ্ন করার অধিকার আছে, তাঁরা যেন সেই সুযোগটা পান।

STATEMENT UNDER RULE 346

Mr. Speaker : Now I would call upon the Minister-in-Charge of the Food and Supplies Department to make a statement on the subject of procurement of Paddy across the State during KMS 2014-2015.

জ্যোতিপ্রিয় মল্লিক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমান খারিফ মরশুমে রাজ্য সরকার কর্তৃক ২২ লক্ষ মেট্রিক টন চাল সংগ্রহের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। (লেভি চাল ১০ লক্ষ মেট্রিক টন + সি.এম.আর ১২ লক্ষ মেট্রিক টন)।

এই পরিমাণ চাল সংগ্রহের জন্য ৩৩ লক্ষ মেট্রিক টন ধান সংগ্রহ করতে হবে।

ফেব্রুয়ারী, ২০১৫ পর্যন্ত ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা ছিল ১৭.৭৯ লক্ষ মেট্রিক টন।

(লেভির ক্ষেত্রে ৮.২৫ লক্ষ মেট্রিক টন এবং সি.এম.আর-এর ক্ষেত্রে ৯.৫৪ লক্ষ মেট্রিক টন)।

আবার ২১-০২-২০১৫ পর্যন্ত মোট ধান সংগৃহীত হয়েছে ১৯.১৮ লক্ষ মেট্রিক টন।

(লেভির ক্ষেত্রে ৯.৯৩ লক্ষ মেট্রিক টন এবং সি.এম.আর-এর ক্ষেত্রে ৯.২৫ লক্ষ মেট্রিক টন)।

ধান সংগ্রহের ক্ষেত্রে এখনো পর্যন্ত মোট ৮৬৩৪টি ক্যাম্প খোলা হয়েছে।

(রাইস মিল কর্তৃক ৪৬৩টি এবং সি.এম.আর এজেন্সি কর্তৃক ৮১৭১টি ক্যাম্প খোলা হয়েছে।)

(ইসি.এস.সি.লিঃ-৫৬২৫টি/বেনফেড-১৫০টি/কনফেড-৩৭৯টি/এন.সি.সি.এফ-৩২টি/ন্যাকফ-৫৬৩টি/পি.বি.এম কোং লিঃ-৭১টি)

এছাড়াও বর্তমান খারিফ মরশুমে রাজ্য সরকার ৪৬টি কিষান মাণ্ডি এবং RIDF গোডাউনকে স্থায়ীভাবে ধান সংগ্রহ কেন্দ্র হিসেবে ঘোষণা করেছেন যেখানে কৃষকরা সরাসরি ধান বিক্রি করলে ন্যূনতম সহায়ক মূল্য ছাড়াও কুইন্টাল প্রতি অতিরিক্ত ১৫ টাকা পাবেন।

এছাড়াও রাজ্য সরকার ১৯টি জেলায় ২০৫টি রাইস মিল চিহ্নিত করেছেন যেখানে আগামী ৩১শে মার্চ পর্যন্ত কৃষকদের থেকে ন্যূনতম সহায়ক মূল্যে WBECSE Ltd. ধান সংগ্রহ করবেন।

ধানে ন্যূনতম সহায়ক মূল্য কেন্দ্রীয় সরকার খারিফ মরশুমের শুরুতে Commission on Agricultural Cost & Prices-এর সুপারিশক্রমে ঘোষণা করেন। এটা রাজ্য সরকার করেন না।

এছাড়াও, ন্যূনতম সহায়ক মূল্যের উপর অতিরিক্ত বোনাস ঘোষণা করার কুফলগুলি উল্লেখ করে, কেন্দ্রীয় সরকার, রাজ্যগুলিকে বোনাস ঘোষণা না করার পরামর্শ দিয়েছেন।

সর্বোপরি রাজ্যে কোথাও অভাবী বিক্রির ঘটনা ঘটলে সংশ্লিষ্ট ব্লক উন্নয়ন আধিকারিক, মহকুমা শাসক, অতিরিক্ত জেলা শাসক, মহকুমা নিয়ামক ও জেলা নিয়ামকের সঙ্গে যোগাযোগ করা যেতে পারে অথবা নিম্নোক্ত টোল ফ্রী নম্বর গুলিতে যোগাযোগ করা যেতে পারে।

১৯৬৪

১৮০০-৩৪৫-৫০৫৫

এছাড়াও ধান ক্রয় সম্বন্ধীয় কোনো তথ্য যদি কৃষকরা জানাতে চায় তাহলে খাদ্য দপ্তরের এই দুটি টোল ফ্রী নম্বর-এ জানালেই উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে।

LAYING OF RULES

The West Bengal Prohibition of Employment as manual Scavengers and their Rehabilitation Rules, 2015

Shri Upendra Nath Biswas : Hon'ble Speaker Sir, I beg to lay the West Bengal Prohibition of Employment as Manual Scavengers

and their Rehabilitation Rules, 2015 published in the Kolkata Gazettee Extraordinary dated the 19th February, 2015 under Backward Classes Welfare Department's Notification No.676-BCW/6M(MC)-03/13(Part-III) dated the 19th February, 2015.

[12.10—12.20 p.m.]

LAYING OF REPORTS

The Annual Report of the Damodar Valley Corporation For the year 2012-2013

Shri Rajib Baerjee : Sir, I beg to lay the Annual Report of the Damodar Valley Corporation for the year 2012-13.

The Audit Report on the Accounts of the West Bengal Scheduled Castes and Scheduled Tribes Development & Finance Corporation For the year 2010-11.

Shri Upendra Nath Biswas : Hon'ble Sir, I beg to lay the Audit Report on the Accounts of the West Bengal Scheduled Castes and Scheduled Tribes Development & Finance Corporation for the year 2010-2011.

MENTION CASES

শ্রী বাসুদেব খাঁ : স্যার, আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। দীর্ঘ ৩০ বছর যাবৎ ভাতা পেয়ে যাচ্ছিল ছ'হাজার পাঁচশো জন ব্যক্তি, তিন হাজার দুশো পঞ্চাশ টাকা করে মাসিক পাচ্ছিল। কিন্তু গত ২০১৩ থেকে এই ভাতা তারা আর পাচ্ছে না। ১৯৭০-৭১-৭২ সালে যারা খাস জমি আন্দোলন, বর্গা আন্দোলন করতে গিয়ে রাজনৈতিক সংঘর্ষে নিহত হয়েছিল এবং জেল খেটেছিল এবং বিনা বিচারে তাদের 'মিশা আইন' জরুরী অবস্থায় ১৯৭২ সালে 'অভ্যন্তরীণ নিরাপত্তা রক্ষা' আইন হিসাবে রাজ্য সরকার স্বরাষ্ট্র দপ্তর অডিট ফিনান্স দপ্তরের মাধ্যমে এই ভাতা দিত। কিন্তু বর্তমানে ট্রেজারি অফিস থেকে জ্ঞাত হয় যে এই ভাতা পশ্চিমবঙ্গ সরকার আর দেবে না। অত্যন্ত দুস্থ, অসহায়, অর্ধাহারে, অনাহারে জীবনের শেষ প্রান্তে এসে অতি কষ্টে এরা দিন যাপন করছেন। যাতে এই ভাতা পুনরায় চালু করা যায়, তার জন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী বিরাম মাণ্ডি : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। রাজ্যে ১৬ হাজার ১৪৫টি শিক্ষাকেন্দ্র চলছে। সহায়িকার সংখ্যা প্রায় ৫৪ হাজার। ১ হাজার ৯১৭টি মাধ্যমিক শিক্ষাকেন্দ্র আছে।

সঞ্চালকের সংখ্যা প্রায় ১০ হাজার। আর তাদের মাত্র মাসিক ভাতা ৫ হাজার ৪০০ টাকা। অনেকে আবার রিটায়ার করে গেছেন। যাদের অবসর সময়ের পরে ১ লক্ষ টাকা করে দেওয়ার কথা অর্ডারে আছে। প্রতি তিন বছর অন্তর ৫% ইনক্রিমেন্ট দেওয়ার কথা। সেটাও বন্ধ হয়ে গেছে। এস.এস.কে সহায়িকাদের উচ্চমাধ্যমিক পাশ ছাড়া রাখা যাবে না। এই সরকারের জামানায় মাধ্যমিক পাশ সহায়িকাদের বি.ডি.ও সাহেবদের মধ্যস্থতায় অনলাইনে ভর্তি হল। এখনো ক্লাস শুরু হয়নি। কি হবে লক্ষ লক্ষ ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎ, সহায়িকাদের ভবিষ্যৎ ? সঞ্চালকদের বিশেষ ডি.এল.এ-র ট্রেনিং দেওয়ার কথা। সেটাও হয়নি। মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছিলেন বিল আনার দরকার নেই। একই ছাতার তলায় সবগুলোকে আনা হবে। প্রাথমিক শিক্ষক, মাধ্যমিক শিক্ষক নিয়োগ হয়নি। এস.এস.কে, এম.এস.কে-র চুক্তি হয়নি। রাষ্ট্রীয় মাধ্যমিক শিক্ষা অভিযানের কি হবে, এই ব্যাপারে শিক্ষামন্ত্রীর হস্তক্ষেপ দাবী করে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানাই।

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে আমি মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ সমস্যা যে দীর্ঘদিন ধরে গোটা দেশ সমেত এই রাজ্যে বেআইনীভাবে কিডনি কেনাবেচার কাজ চলছে। অথচ টাকার বিনিময়ে শরীরের কোনো অংশ এই রকমভাবে অঙ্গ প্রত্যঙ্গ দেওয়া নেওয়া করা যায় না। এটা বেআইনী। একটা অসাধু ব্যবসায়ী চক্র এর পেছনে কাজ করছে। পুলিশ জানা সত্ত্বেও প্রয়োজনীয় ব্যবস্থা নেয় না। সরকারী চিকিৎসা ব্যবস্থার সাথে যুক্ত যে আধিকারিকরা, তাদের সাহায্য ছাড়া এই কাজ করা সম্ভব নয়। কারণ তাদের অনুমতি ছাড়া ডাক্তাররা কখনো অপারেশান করতে পারেন না। এই অসাধু ব্যবসায়ী চক্র কিডনিদাতা এবং গ্রহীতা দুজনকেই ঠকিয়ে এই ব্যবসা চালাচ্ছে। এমনকি বাসে বাসে পোস্টার দিয়েও এই ব্যবসা চালাচ্ছে। এই অনিয়ন্ত্রিত বেসরকারি হাসপাতাল, নার্সিংহোম খোলার জন্য এই ব্যবসা দায়ী। ডোনার, রিসিভার তাদেরকে আত্মীয় হিসাবে দেখানো হয়। কিন্তু তা ভ্যারিফাই করানোর কোনো সিস্টেম নেই। ফলে অবিলম্বে এই দুষ্ট চক্র ভাঙা দরকার এবং অপরাধীদের দৃষ্টান্তমূলক শাস্তি হওয়া দরকার। এই বিষয়ে আমি মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী মনোরঞ্জন পাত্র : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি যে, সর্বশিক্ষা মিশনের অধীনে আমাদের রাজ্যে প্রায় ৫৪ হাজার পার্শ্ব শিক্ষক-শিক্ষিকা তারা কাজ করছেন। বামফ্রন্ট সরকার তারা যাতে ৬০ বছর পর্যন্ত কাজ করতে পারেন এবং তিন বছর অন্তর অন্তর যাতে বেতন বৃদ্ধি হয় তার একটা ব্যবস্থা করে গেছেন। তার জন্য ২০১০ সালে তাদের শেষ বেতন বৃদ্ধি হয়েছে। জিনিসপত্রের দরদাম ক্রমাগত বাড়ছে। সেই জন্য তাদেরও সাম্মানিক অনারিয়াম সেটা দেওয়া দরকার। সমস্যা যেটা হচ্ছে ম্যাডাম, মাননীয় শিক্ষামন্ত্রী উপস্থিত আছেন, যদি একটু তার দৃষ্টিতে আনা যায় যে, সাম্প্রতিক যে রাইট টু এডুকেশন অ্যাক্ট সেটা অনুযায়ী এন সি টি তারা বলেছে, এদের যদি বি এড ট্রেনিং না থাকে তাহলে তারা শিক্ষকতার কাজ করতে পারবেন না। তাহলে এই ৫৪ হাজার যারা আছেন তারা যাতে ট্রেনিংপ্রাপ্ত হতে পারেন তার জন্য আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী উদ্যোগ নেবেন। এই দাবি আমি ওনার কাছে রেখে আমার আলোচনা শেষ করছি।

শ্রী রামশঙ্কর হালদার : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া আপনার মাধ্যমে আমি পূর্ত দপ্তর এবং সুন্দরবন উন্নয়ন দপ্তরের মন্ত্রীর প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বিগত সাত-আট বছর পূর্বে আমার বিধানসভা এলাকায় হেড়োডাঙ্গা থেকে কিশোরীমোহনপুর পর্যন্ত প্রায় পঞ্চাশ কিলোমিটার রাস্তা, সেই রাস্তা এখনো পর্যন্ত চার কিলোমিটার বাকি আছে। বার বার এ বিষয়টি তুলেছি এবং চিঠিও দিয়েছি। কিশোরীমহনপুরের এই চার কিলোমিটার রাস্তাটা অবিলম্বে করা এবং এই জায়গাটি হচ্ছে দক্ষিণবঙ্গের তিনটি নদীর সংযোগস্থলে-মণিনদী, ঠাকুরণনদী, ওরিয়েন নালা। এই তিনটি নদীর সংযোগস্থলে একটা পর্যটন কেন্দ্র গড়ে তোলা যায়। সেই সাথে শিখিরহাট থেকে মণিনদী পর্যন্ত, দক্ষিণ চব্বিশ পরগনা জেলা পরিষদ থেকে আরও একটা রাস্তা করা হচ্ছিল তারও দেড় কিলোমিটার বাকি। এই দুটি রাস্তার বাকি কাজ অবিলম্বে যাতে শেষ করা হয় তার জন্য দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : ম্যাডাম, আমি যে বিষয়টি বলতে চাইছি যে, আমার বিধানসভা পাণ্ডবেশ্বরের জেমুয়া গ্রাম পঞ্চায়েত, এই গ্রাম পঞ্চায়েত থেকে পঞ্চায়েত সমিতির যে দূরত্ব সেখানে যেতে সময় লাগে এক থেকে দেড় ঘন্টা। পক্ষান্তরে সেখান থেকে কাছে হচ্ছে দুর্গাপুর কর্পোরেশন, থানা, বিভিন্ন হাসপাতাল, এসডিও অফিস—সবটাই কাছে। জেমুয়া গ্রাম পঞ্চায়েতের মানুষের পৌর কর্পোরেশনের সঙ্গে যুক্ত হওয়ার জন্য দীর্ঘদিনের দাবি। কারণ, এই পৌরসভা এলাকায় সমস্ত বড় বড় হাসপাতালগুলি গড়ে উঠেছে। কিন্তু তাদের ঘর-বাড়ি, কোয়ার্টার সমস্ত কিছু পঞ্চায়েত এলাকার মধ্যে। কার্যত জেমুয়া গ্রাম পঞ্চায়েতের মানুষের যে চাহিদা সেটা পঞ্চায়েতের মধ্যে নেই। এই কারণ তাদের পৌরসভার চাহিদা। মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে জেমুয়া গ্রাম পঞ্চায়েতকে দুর্গাপুর পৌর কর্পোরেশনের সঙ্গে যুক্ত করা যায়।

শ্রী সেখ শাহনাওয়াজ : মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম, আমার বিধানসভার কেতুগ্রাম দুনম্বর ব্লকের মৌগ্রাম গ্রাম পঞ্চায়েতের গঙ্গার ওপারে সুজাপুর বলে একটা গ্রাম আছে। এই গ্রামে প্রায় সাত-আট হাজার মানুষের বাস। সুজাপুর থেকে নিয়ারেস্ট হচ্ছে কালীগঞ্জ বিধানসভা, সেটা নদীয়া জেলায় অবস্থিত। সুজাপুর থেকে নদীয়া জেলার ছ'কিলোমিটার রাস্তা এবং এই রাস্তা আমাদের জেলা এবং নদীয়া জেলা দিয়ে গিয়েছে। এই এলাকার মানুষের নিকটবর্তী এলাকা কালীগঞ্জ হওয়ার জন্য তারা সেখানে যাতায়াত করে। আমি পূর্বে বিধানসভায় এবিষয়ে বলেছিলাম। আজকে আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে state level থেকে এই রাস্তা যদি করা হয় তাহলে এলাকার ছাত্রছাত্রীরা-সহ সকলে উপকৃত হবে। বন্যাবিধ্বস্ত এলাকায় ৬ কিলোমিটার মতো রাস্তা, সুজাপুর, জলপুটিরি, কালীগঞ্জ পর্যন্ত রাস্তাটি অবিলম্বে জরুরী ভিত্তিতে সংস্কারের জন্য সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[12.20—12.30 p.m.]

শ্রী দিবাকর হাঁসদা : ম্যাডাম, গভীর উদ্বেগের সাথে একটি মর্মান্তিক ঘটনার প্রতি আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ইংরাজী

২৩-০২-২০১৫ তারিখে পশ্চিম মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহাকুমার জামবনি ব্লকের ধড়সা গ্রাম-পঞ্চায়েতের অধীন অত্যন্ত পিছিয়ে পড়া এলাকা ওড়ো গ্রামের তপশিল সম্প্রদায়-ভুক্ত একেবারে গরীব পরিবারের ৬ জন কিশোরী একসাথে রহস্যজনকভাবে আত্মহত্যার পথ বেছে নেয়। কোন কারণে ? সঠিক তদন্তের দাবি জানাচ্ছি। ৫জন মারা যায় ও একজন ঝাড়গ্রাম হাসপাতালে চিকিৎসাধীন। পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষে এটি একটি নজিরবিহীন, উদ্বেগজনক মর্মান্তিক ঘটনা। দুজন নবম শ্রেণিতে পাঠরত এবং চারজন অষ্টম শ্রেণিতে পড়াশোনা করে ছেড়ে দেন। বর্তমান সরকার পিছিয়ে পড়া তপশিলি জাতি ও উপজাতিভুক্ত গরীব মানুষের স্বার্থে অনেক উন্নয়নের কথা উল্লেখ করে এবং অনেক স্কীম চালু করেছে। তা সত্ত্বেও এই মর্মান্তিক আত্মহত্যা কেন ? এ ব্যাপারে আমি সরকারীভাবে বিবৃতির দাবি জানাচ্ছি এবং আত্মহত্যাকারী কিশোরীদের পরিবারকে আর্থিক সাহায্যের দাবি জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী বনমালী হাজরা : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়া আমার ভাতার বিধানসভার বরবেলুন দু-নম্বর অঞ্চলের অন্তর্গত নাসিগ্রামে একটা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে। এই স্বাস্থ্যকেন্দ্রের যখন জীবন শুরু হয় তখন ১০ শয্যাবিশিষ্ট ছিল। পরে বাম আমলে দেখেছি ওই স্বাস্থ্যকেন্দ্র নিরাভরণ হয়ে যায় অর্থাৎ শয্যা-শূন্য হয়ে যায়। আসবাবপত্র বলে কোন কিছু নেই। ডাক্তার বলে কিছু নেই। এমন কী ফার্মাসিস্টও নেই। শুধুমাত্র একজন স্টাফ আছে, একজন নার্স আছে। অথচ এই হসপিটাল থেকে তিনটে অঞ্চলের প্রায় ৪৫ হাজার মানুষ সুযোগ-সুবিধা পেত। আপনার মাধ্যমে মাননীয়া স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে পুরোপুরি আবার সালাঙ্কারা হয়ে স্বাস্থ্যকেন্দ্রটি মানুষের কাজে লাগতে পারে অর্থাৎ অসুস্থ, দুস্থ, পীড়িত মানুষের সেবা করতে পারে তার জন্য ব্যবস্থা গ্রহণ করা হোক। ধন্যবাদ।

ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : মাননীয় উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে সমগ্র মন্ত্রিসভা এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

আমি একটি বিধানসভার দীর্ঘদিন ধরে প্রতিনিধিত্ব করছি। বামফ্রন্ট আমলে দেখেছি চরম বঞ্চনা, কোনো কাজ করত না। এই যে এখন বিরোধী দলের নেতা, আমার জেলারই মানুষ পাশের ব্লক নারায়ণগড়ের। যখনই কোনো প্রস্তাব আসত মুখ্যমন্ত্রীর টেবিলে গিয়ে বিরোধিতা করতেন এবং অত্যন্ত দুঃখের বিষয়, on record বলছি, কেলেঘাই-কপালেশ্বরী স্কীমেও ডাঃ সূর্যকান্ত মিশ্র কিন্তু সই করেননি। এই রকম একটি সরকার ছিল। অর্থাৎ সবং মানেই বঞ্চনা। কেটে দাও, কোট দাও, কেটে দাও।

তারপর পরিবর্তনের সরকার এল। একসঙ্গে হাত ধরে সরকার হল। Except বিদ্যুৎমন্ত্রী মাননীয় মণীশ গুপ্ত, প্রতিটি দপ্তর বঞ্চনার চরম ইতিহাস। অরূপ রায় মাননীয় মন্ত্রী কৃষাণ মাণ্ডি করলেন। সব কৃষাণ মাণ্ডিতে কোল্ড স্টোরেজ থাকবে। কিন্তু সবঙে নেই। শিক্ষামন্ত্রী ছিলেন, উঠে গেলেন। আমি বললাম সবঙে একটা মহিলা কলেজ করুন। তিনি আমাকে উত্তর দিয়েছেন 'সবং সজনীকান্ত মহা-বিদ্যালয়ে ছেলে-মেয়ে সব পড়ে, মহিলা কলেজের দরকার নেই।' তার পর আমরা "অধিকার" চাইলাম। সুব্রতবাবু নিজে সার্কুলার

দিয়েছেন। আগে এম.এল.এ-রা করতেন, ২০১৩ সালের ডিসেম্বরে একটা সার্কুলার হল জেলা-পরিষদ করবে in consultation with the MLA. সবং অধিকারের তালিকায় নেই। এই রকম করে হাসপাতাল—ম্যাডামকে কালকে অনুরোধ করেছি। মুখ্যমন্ত্রী ঘুরে ঘুরে সব জায়গায় সুপার স্পেশালিটি, স্পেশালিটি, স্টেট জেনারেল করছেন। আমরা দিনের পর দিন অনুরোধ করেছি—৭০ কিলোমিটার দূরে মেদিনীপুর, ২০০ কিলোমিটার দূরে কলকাতা, আমার মাত্র ৩০ বেডের হাসপাতাল, আর একটা ৩০ বেড স্যাংসান হয়েছে-৬০ বেড। কিন্তু ১৫০ বেডের হাসপাতাল কিংবা সুপার স্পেশালিটি হাসপাতালের কোনো সুযোগ নেই। পলিটিকনিক—উজ্জ্বল এসেছিল হাত ধরে অনুরোধ করলাম, উজ্জ্বলভাই একটা পলিটেকনিক করে দাও। সব জায়গায় হচ্ছে। উজ্জ্বল বলল, সবংয়ে এখন হচ্ছে না। আপনাকে একটা স্কিল ডেভেলপমেন্ট দেব। ঠিক তেমনি মডেল স্কুল, নবোদয় বিদ্যালয়, কত কি হচ্ছে। সবং একেবারে বঞ্চিত। আমি আপনাকে আমার লোকাল কাস্টোডিয়ান এবং গার্জেন হিসাবে ধরছি। কারণ আপনি আমাদের নেত্রী আর স্পীকার আমাদের নেতা। আপনার মাধ্যমে, স্পীকারের মাধ্যমে সমস্ত মন্ত্রী যারা বসে আছেন আলো করে তাদের কাছে সনির্বন্ধ অনুরোধ এবং মুখ্যমন্ত্রীর কাছে—আমাকে না হয় বঞ্চনা করুন কিন্তু সবংয়ের মানুষকে বঞ্চনা করবেন না। কাজগুলো করুন, ডেভেলপমেন্টগুলো করুন।

শ্রী পূর্ণেন্দু বসু : ম্যাডাম, আপনার মাধ্যমে আমি মাননীয় মানসরঞ্জন ভুঞ্যাকে একটা প্রশ্ন করতে চাই বা জানতে চাই, উনি যে অভিযোগ এনেছেন, সেই অভিযোগটা মারাত্মক। আমি জানতে চাই কৃষি দপ্তরের সাথে আপনি কোনো যোগাযোগ করেছেন কিনা আজ পর্যন্ত এবং আপনার অভিযোগ কী ?

ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, কৃষি দপ্তরের কোন ইস্যু আমি মেনশানে করিনি। এগ্রিকালচার মার্কেটিংয়ের ইস্যু মেনশান করেছি। উনি কেন আগ বাড়িয়ে pre-empting অ্যাটাক করলেন ? পূর্ণেন্দুবাবু, I cannot understand. বিদ্যুৎ দপ্তর কমপ্লিট কাজ করেছে। কৃষি দপ্তরের কোনো specific allegation আমি করিনি। আমার মনে হয় পূর্ণেন্দুবাবু একটু কানে কম শুনছেন।

শ্রী কে.পি. সিং দেও : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং ধন্যবাদ দিতে চাই। দ্রুত গতিতে মডেল স্কুলগুলো তৈরি হচ্ছে। কিন্তু বিশেষ করে আমি দৃষ্টি আকর্ষণ করছি জঙ্গলমহল বা পিছিয়ে পড়া জেলাগুলিতে যে মডেল স্কুল তৈরি হচ্ছে বা অন্য জেলাতেও যেগুলো হচ্ছে, সেগুলি ইংলিশ মিডিয়াম। কোনো ব্লকে বা সাব-ডিভিশনে সাধারণত ইংলিশ মিডিয়াম স্কুল থাকে না। সেই জায়গায় প্রতিটি ব্লকে এই মডেল স্কুলের সঙ্গে যদি ফিডার স্কুল দেওয়া হয় ওয়ান টু ফোর পর্যন্ত, তাহলে ক্লাস ফাইভে গিয়ে বাচ্চাগুলো অসুবিধায় পড়বে না। তাই আমার বিশেষ অনুরোধ যেন ফিডার স্কুল প্রত্যেকটা ব্লকে থাকে এই স্কুলগুলিকে পূর্ণ করার জন্য। এই অনুরোধ রেখে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী বাসুদেব মেটে : ম্যাডাম, আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের তপশিলি জাতি, তপশিলি উপজাতি, ও.বি.সি ছাত্রছাত্রীদের প্রশংসাপত্র এবং স্কুল অ্যাটাচ হোস্টেলগুলিতে থাকার ক্ষেত্রে কিছু অসুবিধার সম্মুখীন হয়েছি। আমাদের এই প্রশংসাপত্র পাওয়ার ক্ষেত্রে ১৯৫০ সালের দলিল খোঁজা হচ্ছে। যদি না থাকে বাধ্যতামূলকভাবে নোটারি বা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের প্রমাণপত্র চাইছে। এতে প্রায় এক থেকে দেড় হাজার টাকা খরচ হচ্ছে। যার ফলে অনেক ছাত্রছাত্রী সরকারী সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। এই বছরে যারা নাইন টেনে পড়ছে, যারা হোস্টেলে থাকে তাদেরকে অগ্রিম সাত থেকে আট হাজার টাকা হোস্টেলে দিতে হবে, তাছাড়া সে হোস্টেলে থেকে পড়াশোনা করতে পারবে না। তাই অনেক ছাত্রকে বাড়ি চলে আসতে হচ্ছে। এই বছর দেখুন মাধ্যমিক পরীক্ষা তিনদিন ধরে চলছে। আমাদের রাজ্যে মাধ্যমিক পরীক্ষায় ছাত্রছাত্রীর সংখ্যা অনেক কমে গেছে। আমি যেটা উদ্বেগ প্রকাশ করছি আমাদের তপশিলি জাতি, তপশিলি উপজাতি, ওবিসি-র ক্ষেত্রে যদি এই রকম একটা সমস্যা থেকে যায় তাহলে আগামীদিনে পঠন-পাঠনে পিছিয়ে পড়বে। এই পিছিয়ে পড়া সম্প্রদায় এবং মাধ্যমিকে যে পরীক্ষার্থী সেই সংখ্যাটাও কমে যাবে। তাই এই সরলীকরণের নাম করে যেগুলো করা হচ্ছে সেগুলির ক্ষেত্রে যাতে সুযোগ পায়, এই বিষয়টি উত্থাপিত করলাম বিভাগীয় মন্ত্রীর কাছে, ধন্যবাদ।

[12.30—12.40 p.m.]

শ্রী শ্যামল সাঁতরা : মাননীয়া উপাধ্যক্ষ মহাশয়া, আপনার মাধ্যমে কারিগরী শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মা-মাটি-মানুষ সরকারের প্রিয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় একাধিক আই.টি.আই কলেজ নির্মিত হয়েছে এবং তার পঠন-পাঠন শুরু হয়েছে। আমার কোতলপুর বিধানসভার কোতলপুর এবং জয়পুর ব্লকে ঘোষিত দুটি আই.টি.আই. কলেজ স্থাপনের জমি অধিগ্রহণ সম্পূর্ণ হয়েছে। ছাতনা এবং ছাপড়াকোন প্রিন্সিপ্যালের নিকট এই জমির হস্তান্তর হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের নিকট আমার অনুরোধ যাহাতে ওই দুটি ব্লকে আই.টি.আই কলেজ নির্মাণের কার্য দ্রুত শুরু হয় সেই জন্য আমি আবেদন রাখছি, ধন্যবাদ।

শ্রী সমরেন্দ্রনাথ ঘোষ : মাননীয়া উপাধ্যক্ষ মহাশয়া, একটি জ্বলন্ত সমস্যা বর্তমানে চুক্তিভিত্তিক শিক্ষকদের গত ১৯ তারিখ আমরা দেখেছি তারা অবস্থান বিক্ষোভ করছেন। এই চুক্তিভিত্তিক শিক্ষক তাদের সংখ্যা মাত্র ১ হাজার। ২১৯ এস.সি এইচ.-৬৪/৫/০১ অনুযায়ী মেধা এবং শিক্ষাগত যোগ্যতায় ২০০২-০৩ সালে তারা নিযুক্ত হন। এবং ২০১০ সালের একটা জি.ও-র বলে ৬০ বছর চাকরির তারা মেয়াদটা পান। ৬০ বছর চাকরি করার পর. অবসর শেষে, তিন বছর অন্তর ইনক্রিমেন্ট এবং ১ লক্ষ টাকার গ্র্যাচুইটির কথা বলা আছে। কিন্তু অদ্যাবধি ২০১০ সাল থেকে ২০১৫ সাল পর্যন্ত তাদের কোনো রকম উন্নয়ন হয়নি, মাইনে বাড়েনি। তাদেরকে পূর্ণ সময়ের শিক্ষকদের মতো কাজ করতে হয়।

তাদের যে দাবি তাদের দাবির সাথে একমত হয়ে সম কাজে সম বেতন দেওয়া হোক। বিদ্যালয় পরিদর্শকের অ্যাপ্রুভাল দেওয়া হোক। সার্ভিস বুক এবং সার্ভিস রুল তৈরি করা হোক। পি.এফ. এবং পেনশানের ব্যবস্থা করা হোক। মেডিকেল লিভ যেটা সঞ্চয় করা হয় সেটার ব্যবস্থা করা হোক। ও.ডি.এল সিস্টেমে তারা যাতে প্রশিক্ষণ নিয়ে তাদের চাকরির স্থায়িত্ব রাখতে পারে সেই ব্যবস্থা করা হোক। স্থায়ীকরণ এবং পূর্ণ সময়ের শিক্ষকের মর্যাদা দিয়ে অনতিবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা হোক। আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে সহানুভূতির সাথে ব্যাপারটি দেখবার জন্য অনুরোধ জানাচ্ছি, ধন্যবাদ।

শ্রী আনিসুর রহমান : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, বারে বারে একই কথা বলতে আমাদেরও খারাপ লাগে। আমার মনে হয় মন্ত্রী মহাশয়রাও বিরক্ত হন, কিন্তু আমরা যত বলি তত কাজ দেরি হয়, কাজ হয় না। আমাদের রাজ্যে বিশেষ এক সময়ে SSK, MSK চালু করা হয়েছিল। ১৪ হাজার SSK-তে এবং প্রায় ২ হাজার MSK-তে প্রায় ৫০ হাজার শিক্ষক কাজ করে। সেই শিক্ষকদের এই সরকার আসার পর আলোচনা হয়েছিল, আমরা উদ্যোগ নিয়ে একটা বিল পাশ করেছিলাম, সেটা তো বাতিল হয়ে গেল। বারে বারে বলার পর ঘোষণা হল, সবাইকে শিক্ষা দপ্তরের সঙ্গে যুক্ত করা হবে যারা পঞ্চায়েতে আছে। কিন্তু সে হলই না, এখন আবার চরম বিপদ হয়েছে যে অধিকারগুলো ছিল সেগুলো কেড়ে নেওয়া হচ্ছে। প্রথম ওদের অধিকার ছিল, বেতন যা বাড়ানো হয়েছিল তার সঙ্গে প্রতি ৩ বছর পর পর ৫% ইনক্রিমেন্ট পাবে। সেটার কোনো ব্যবস্থা হল না, বাতিল করে দেওয়া হল। তারা রিটায়ার্ড জীবনে ১ লক্ষ টাকা করে পাবে, সেটাও তারা পাচ্ছে না। সব কাজ থেকে তারা বঞ্চিত হয়ে আছে। অথচ আমাদের রাজ্যে প্রায় ১৫-২০ হাজার মতো কেন্দ্র যাদের লেখাপড়ার মান খুব ভাল। প্রতিচীর রিপোর্টে আমরা দেখলাম, তাদের পড়ানোর মান খুব ভালো। এই শিক্ষকরা শিক্ষকের দায়িত্ব পালন করছে। এখানে অনেকগুলি স্কুল আছে, সেটা কোনো কাজে লাগছে না। আমি আপনার মাধ্যমে এখানে শিক্ষামন্ত্রী নেই, পঞ্চায়েতমন্ত্রীও নেই—এই দুই মন্ত্রী যদি একসঙ্গে এই ব্যবস্থাটা নেন তাহলে শিক্ষার ক্ষেত্রে একটা বিরাট লাভ হবে, ধন্যবাদ।

শ্রীমতী মমতাজ বেগম : অনারেবেল ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী মহাশয়কে জানাচ্ছি যে আমার বিধানসভা এলাকায় মনিখালি খাল আছে। সেই মনিখালি খালকে সংস্কার করে দেওয়ার জন্য আমি মাননীয় সেচমন্ত্রীকে ধন্যবাদ জানাই। গত বছর সেটা ২০১৪ সালে করে দিয়েছেন। এছাড়া অনেক বছর ধরে ওখানে ডিসিলট্রিং না হওয়ার ফলে খালপাড়গুলো ভেঙে পড়ে যাচ্ছে। বর্ষাকালে আমরা দুর্ভোগে পড়ব। তাই কালভার্টগুলো বাঁধার জন্য তিনি যদি ফান্ড অ্যালাট করেন তাহলে আমরা বিশেষ করে এলাকার মানুষ উপকৃত হব।

শ্রী রামেশ্বর দলুই : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, একটি গুরুতর বিষয় আমি উত্থাপন করছি। হাউস চলাকালীনই গতকাল আমি এবং আর একজন বিধায়ক নাজমুল হক মহাশয়, আমাদেরকে যেতে হয়েছিল মেদিনীপুর সদর ব্লকের জাগুল বলে একটি গ্রামে।

তৃণমূল কংগ্রেসের আশ্রিত দুষ্কৃতী বাহিনী হামলা চালিয়েছে সেখানে লোধা, শবর, তফশিলি, তফশিলি জাতি, উপজাতি অধ্যুষিত তফশিলি গ্রামে। তাদের অপরাধ কী ? ব্রিগেডে আসার জন্য মিছিল করছিলেন তারা। এক তারিখে ব্রিগেড সমাবেশ আছে সি.পি.আই.এমের। আর একশো দিনের কাজের মজুরি বাকি আছে। ছয় মাস থেকে আট মাস সেই মজুরির দাবি তারা করেছিলেন। আমরা বাড়ি বাড়ি গিয়ে দেখলাম বারোটি পরিবারের বাড়ি ভাঙচুর করা হয়েছে। মহিলাদের গায়ে হাত পড়েছে। বোম চার্জ করা হয়েছে। গ্রামের মানুষ বিশেষ করে মহিলারা,তারা ঘেরাও করে ওই সমাজবিরোধীদের ধরে পুলিশের হাতে দেয় বোমসহ। কোতালির পুলিশ বাহিনীর উপস্থিতিতে এই ধরনের ঘটনা তৃণমূল বাহিনী ঘটিয়েছে। তা সত্ত্বেও একজনকে গ্রেফতার করা হয়নি। আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি, দাবি করছি মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে এবং এখানে মাননীয় ফিরহাদ হাকিম মহাশয় আছেন। তৃণমূল কংগ্রেসের হাইপাওয়ারফুল যে কমিটি, তার অন্যতম তিনি, তাঁরও দৃষ্টি আকর্ষণ করছি। যে তলাতে, জেলাস্তরে, আমাদের জেলায় বিভিন্ন জায়গায় যদি বিরোধীদল কাজ করতে না পারেন, এই কেশপুর গড়বেতার মতো জায়গা আছে, তাহলে সাম্প্রদায়িক শক্তিকে আটকাবেন কী করে ? সেইজন্য ওনাকেও পার্সোনালি বলব বিষয়টি দেখার জন্য, যাতে সমস্ত বিরোধী রাজনৈতিক দল এলাকায় গণতান্ত্রিক কার্যক্রম করতে পারেন, অফিস চালাতে পারেন, মানুষ মিটিং করতে পারেন, মিছিল করতে পারেন। ক্ষতিগ্রস্ত মানুষদের আর্থিক সাহায্যের দাবি করছি। যারা আক্রান্ত হয়েছেন তাদের চিকিৎসার ব্যবস্থা করতে হবে। যাদের ঘর-বাড়ি ভেঙেছে তাদের ঘর-বাড়ি মেরামত করানোর ব্যবস্থা করতে হবে, দোষীদের শাস্তি দিতে হবে, একশো দিনের কাজের যে বকেয়া মজুরি আছে, ওই এলাকা সহ আমাদের জেলার এবং রাজ্যের যা বাকি আছে, সেই বাকি অবিলম্বে দেওয়ার উদ্যোগ গ্রহণ করতে হবে। ধন্যবাদ।

শ্রী যোগরঞ্জন হালদার : ম্যাডাম, আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। আমি বিকাশ ভবনে গিয়ে একটি অ্যানুয়াল রিপোর্ট ২০১০-১১, ডিপার্টমেন্ট অফ হায়ার এডুকেশান গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল, আমি কালেকশান করি এবং ওখানে অ্যাপেনডিক্স ওয়ান বি, সেখানে লেখা আছে টোটাল কলেজ পশ্চিমবাংলায় কতগুলো চলছিল ২০১০-১১-তে এবং কতগুলো সাবজেক্ট সেখানে আছে। সিরিয়াল নম্বর ১৭ দক্ষিণ ২৪ পরগনা, দেখা গেল কুলপি কলেজ সেখানে নাম লেখা আছে যে, ২০০৮ সালে সেটা অনুমোদিত হয়েছে। কিন্তু আজও পর্যন্ত তার কোনো অনুমোদন আমরা পাইনি। সেখানে চলছেও না। কুলপি আমার বিধানসভা, ওখানে কলেজের খুবই প্রয়োজন। ওখানে গরীব এবং সংখ্যালঘু মানুষের বসবাস বেশি, তফশিলি মানুষের। আমি সমস্ত কাগজপত্র জমাও দিয়েছি। সেই কারণে বারবার মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে যোগাযোগও করেছি। আজকে আমি হাউসে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি, তিনি হয়তো ঘরে আছেন। '১৫-১৬ সালে, এই শিক্ষাবর্ষে যাতে আমরা চালু করতে পারি সেইজন্য, অনুমোদন দেওয়ার জন্য অনুরোধ করছি। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী অর্পণা সাহা : সম্মানীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে মাননীয়া স্বাস্থ্যমন্ত্রীর এবং মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কাশীপুর ইংলিশ স্কুলে দু'জন শিক্ষিকা, যারা দুরারোগ্য ব্যাধিতে ভুগছিলেন, তারা ডাক্তারের ফিট সার্টিফিকেট জমা দিয়ে কাজে যোগদান করতে গেলে তাদের কাজ থেকে বহিষ্কার করা হয়। একে তা তারা দুরারোগ্য ব্যাধিতে ভুগছিলেন। এই রকম দুজন শিক্ষিকার সম্পর্কে চিন্তাভাবনা করার জন্য আমি অনুরোধ করব। এই দুরারোগ্য ব্যাধিতে যারা ভুগছেন, তাদের সঙ্গে ভাল ব্যবহার করে তাদেরকে সুস্থ করে তোলার কথা, তাদের সঙ্গে এইরকম আচরণ করার জন্য আমরা যেমন দুঃখিত—এই কারণেই আমি এই পশ্চিমবঙ্গে মেলা খেলায় খরচ কমিয়ে কিছু অ্যাওয়ারনেস করার কথা জানিয়ে আমি দুই মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, ধন্যবাদ।

[12.40—12.47 p.m.]

ZERO HOUR

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম আপনার মাধ্যমে আমি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কেন্দ্রীয় সরকারের হারে মহার্ঘ ভাতা এখানে ৪২% বাকি আছে। যদিও ইতিমধ্যে পাঞ্জাব, বিহার, হরিয়ানা, ঝাড়খণ্ড এবং মণিপুর, ত্রিপুরা গভর্নমেন্ট তারা কেন্দ্রীয় হারে মহার্ঘ ভাতা দিয়েছে। যদিও ২০১৩ সালের ১লা জানুয়ারি ঘোষণা করেছিলেন যে ১০% দেওয়া হবে। কিন্তু দেওয়া হয়েছে মাত্র ৭%। গত বছর অধিবেশনে আর আগের অধিবেশনে আমাদের সম্মানীয় সদস্য বাসুদেব খাঁ প্রশ্ন করেছিলেন কিন্তু অর্থমন্ত্রী বলেছিলেন—নো, কোনো ডি.এ বাকি নেই। কিন্তু মাননীয়া মুখ্যমন্ত্রী স্বীকার করেছিলেন এবং তিনি পরে ঘোষণা করেছেন। বলা হচ্ছে রাজ্য সরকারের টাকা নেই। কিন্তু সরকারের মোট আয় ১ লক্ষ ১১ হাজার কোটি টাকা, ঋণে সুদ বাবদ ২৮ হাজার কোটি টাকা, সরকারি কর্মচারীদের বেতন ও পেনশান বাবদ দিতে হয় ৪২ হাজার কোটি টাকা। তাহলে মোট খরচের পরিমাণ ৭১ হাজার কোটি টাকার। তারপরেও হাতে উদ্বৃত্ত থাকছে ৪০ হাজার কোটি টাকা। সারদাতে ব্যয় করছেন ৮০ কোটি টাকা, ইমাম ভাতা-ক্লাব-মেলা-খেলাতে খরচ করছেন ৬২২ কোটি টাকা। আর বছরে দুইবার ডি.এ দেওয়ার ক্ষেত্রে ৫০০ কোটি টাকা যাদের জন্য করছেন তাদেরকেই ডি.এ দেবেন না, এটা কোন ধরনের ব্যাপার ? সরকারী কর্মচারীরা চতুর্থ শ্রেণি থেকে শুরু করে আধিকারিক পর্যন্ত তিন হাজার টাকা থেকে সতের হাজার টাকা বঞ্চিত হচ্ছে যেটা অন্য রাজ্যে সব পাচ্ছে। এইবারে ৪২% মহার্ঘ ভাতা দেওয়ার জন্য আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি, ধন্যবাদ।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : ম্যাডাম, আমার পাণ্ডবেশ্বর গ্রামসভা এলাকাতে তৃণমূলের আমলে দেখছি যে চারিদিকে জুয়াড়ির খুব উৎপাত বেড়ে গেছে। এবং থানার প্রকাশ্য মদতে আন্তঃরাজ্য জুয়াড়ি থেকে শুরু করে পাশের জেলার জুয়াড়ি সবাই এসে ওখানে জুয়া খেলছে। আইন-শৃঙ্খলার প্রচণ্ড অবনতি। এই ব্যাপারে থানাতে বলতে গেলে থানা তো কোনো কথা শোনেই না। সবার সঙ্গে প্রচণ্ড দুর্ব্যবহার করে এই আইন-শৃঙ্খলার যে অবনতি হচ্ছে পাণ্ডবেশ্বর থানা এলাকায় এবং বিরোধীদের উপর যে হামলা হচ্ছে ইচ্ছাকৃতভাবে, সেই বিষয়টা দেখার জন্য আমি অনুরোধ জানাচ্ছি, ধন্যবাদ।

ডঃ তরুণ কান্তি নস্কর : ডেপুটি স্পীকার ম্যাডাম, আজকে রেল বাজেট। জানি না এতক্ষণে কী হয়েছে। যেটা শোনা যাচ্ছে গত সরকারের সময় যে সমস্ত নতুন নতুন প্রকল্প তার মধ্যে সুপার স্পেশালিটি হাসপাতাল, তারপর ট্রেনের বগি তৈরির কারখানা, নতুন নতুন লাইন সম্প্রসারণ এই যে কাজগুলি ঘোষণা হয়েছিল, সেইগুলি নাকি বন্ধ হতে চলেছে। জানি না এখন পর্যন্ত কী হয়েছে। এবং শুনছি আমার জেলায় জয়নগর, রায়দীঘি, নামখানা, বকখালি, ক্যানিং, ঝাড়খালি প্রভৃতি যে সমস্ত লাইন এক্সটেনশনের প্রকল্প ঘোষণা করা হয়েছিল, সেগুলির জন্য কোনো ফান্ড অ্যালটমেন্ট হচ্ছে না। তাহলে এগুলি ঘোষণা স্তরে থেকে যাচ্ছে। কোথাও কোথাও শিলান্যাসমাত্র হয়েছে। কোথাও কোথাও রাজ্য সরকারের তরফ থেকে প্রয়োজনীয় উদ্যোগের অভাব আছে। এবং শোনা যাচ্ছে বেশির ভাগ প্রকল্প রেল দপ্তর বন্ধ করে দিতে চলেছে। এটা যদি হয় আমি আপনার মধ্য দিয়ে সরকারকে অনুরোধ করব যে সমস্ত দলের সঙ্গে কথা বলে একটা সর্বদলীয় প্রস্তাব করে আসুন আমরা কেন্দ্রীয় সরকারের কাছে যাই। যাতে এই সমস্ত ঘোষিত প্রকল্পগুলি চালু থাকে এবং এই রাজ্য যাতে কোনভাবে বঞ্চিত না হয়, ধন্যবাদ।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি এবং সহমত পোষণ করার আবেদন জানাচ্ছি। মাদার টেরেজা আমাদের প্রণম্য, বিশ্বের প্রণম্য। কলকাতা তার জন্য গর্বিত, বাংলা, ভারত তার জন্য গর্বিত। সেই ধরনের এক মহীয়সী নারী যিনি আজ আমাদের মধ্যে নেই। তাঁকে ভারতবর্ষের মাটিতে একটি রাজনৈতিক দলের শাখাপ্রধান বিশ্ব হিন্দু পরিষদে তিনি ধর্মান্তকরণের নেপথ্যে নায়িকা হিসাবে চিহ্নিতকরণ করেছে। এটা অত্যন্ত দুর্ভাগ্যের, দুঃখের, বেদনার এবং তীব্র প্রতিবাদ জানাচ্ছি। আমি আপনার মাধ্যমে এই হাউসের সমস্ত রাজনৈতিক দলের যারা নির্বাচিত নেতৃত্ব, প্রতিনিধি এবং মন্ত্রিসভার সদস্য আছেন, তাদের কাছে বিনম্রচিত্তে আবেদন করব আসুন The time has come to protest against that malicious disinformation campaign. Time has come যেখানে ভারতবর্ষের মাটিতে এই ধরনের বিভেদমূলক শক্তির প্রতিনিধিদের এই ধরনের আচরণ এবং বক্তব্যের বিরুদ্ধে পরিষ্কার প্রতিবাদ করা। সেই জায়গায় আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে বলব যে, বাংলার গর্ব, ভারতের গর্ব, বিশ্বের গর্ব, বিশ্ববন্দিতা মাদার টেরেজার সম্বন্ধে যে ধরনের মন্তব্য করা হয়েছে, অন্তত কলকাতার বিধানসভা থেকে একটা প্রতিবাদ হোক এবং সেই প্রতিবাদ ভারতবর্ষে পৌঁছাক ও সারা পৃথিবীতে পৌঁছাক, এটাই আপনার মাধ্যমে আমার নিবেদন।

শ্রী রামেশ্বর দলুই : ধন্যবাদ ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি আমাদের জেলার একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং এখানে মন্ত্রিসভারও দৃষ্টি আকর্ষণ করছি। নদীতে জল নেই। কংসাবতী, শিলাবতী, বুড়িগঙ্গা, পারাঙ এইসব জায়গায় জল নেই। বোরো চাষের উপরে লক্ষ লক্ষ কৃষক নির্ভরশীল। কৃষকের ফসল নষ্ট হওয়ার আশঙ্কা প্রকাশ করছি। গবাদিপশু জল খাওয়ার মতো নদীগুলোতে জল নেই,

শুকিয়ে যাচ্ছে। সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে কংসাবতী জলাধার থেকে বা প্রয়োজনে অন্য কোথাও থেকে নদীগুলোতে যদি জল ছাড়ার ব্যবস্থা না করা হয় তাহলে লক্ষ লক্ষ কৃষক বিক্ষুব্ধ হবেন, ফসল নষ্ট হবে, অর্থনীতিতে তার প্রভাব পড়বে। এই বিষয় আমি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

ম্যাডাম ডেপুটি স্পীকার : এখন রিসেস, আমরা আবার ১.৪৫ সময় মিলিত হব।

[1.45—2.00 p.m.]

After adjournment

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

শ্রী মহঃ সোহরাব : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ১৯শে ফেব্রুয়ারী পশ্চিমবঙ্গের মহামান্য রাজ্যপাল সংবিধানের ১৭৬নং অনুচ্ছেদ অনুসারে যে ভাষণ দিয়েছেন, সেই ভাষণ সম্পর্কে আমার দু-চারটে কথা আপনার মাধ্যমে এই সদনে তুলে ধরতে চাই।

স্যার, যারা সরকারপক্ষে আছেন তাদের একটা জিনিস মনে রাখার জন্য অনুরোধ করছি। আমরা যে বক্তব্যগুলো রাখি, সেইগুলো অনেক সময় বাস্তবের সঙ্গে মিল হয় না। মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে বলার চেষ্টা করেছেন যে, বর্তমানে পশ্চিমবাংলায় কী অবস্থা চলছে। সেখানে বাস্তবের কী অবস্থা সেটা আপনার সামনে তুলে ধরার চেষ্টা করছি। গত দুদিন আগে আমাদের University of Technology, তার নাম পরিবর্তন করে আমরা Maulana Abul Kalam Azad University নাম করেছি। আমরা সকলে একসঙ্গে মিলে এই নাম পরিবর্তন সম্পর্কে সম্মতি দিয়েছি। সর্বসম্মতভাবে হয়েছে। আমরা আনন্দিত। কিন্তু সেই university বর্তমানে কী অবস্থায় চলছে ? আমরা ইউনিভার্সিটি করব, কলেজ করব, স্কুল করব, কিন্তু infrastructure যদি না থাকে তাহলে the purpose will be frustrated. আমরা কী দেখছি সেখানে ? Vice-chancellor এক মাস ধরে নেই। তিনি যে নেই, অনুপস্থিত, সেটা Governor কেও জানান নি। নিয়ম হচ্ছে, যদি Vice-chancellor না থাকেন তাহলে আচার্যকে জানাতে হবে এক কাউকে দায়িত্ব দিতে হবে। তিনি তাঁকেও জানাননি, কাউকে চার্জও দেননি। Controller of Examination কে তিনি dismiss করেছেন বেশ কিছুদিন আগে। Finance Officer suspended. Pro VC নেই তিন বছর ধরে। Directors এর পদ ফাঁকা। approved ৫০টা professor এর পদ আছে, সেখানে আছেন মাত্র ১৮ জন। এই university এর under-এ ২০৭টা, সেদিন পার্থ বাবু বলেছেন ২০৭টা Engineering, Technology Institution, Management and Pharmaceutical Institution আছে এবং প্রায় ২ লক্ষ ছাত্র এখানে registered হয়। তাদের Infrastructure যদি না থাকে, VC থেকে আরম্ভ করে professor পর্যন্ত যদি না থাকে, তাহলে লেখাপড়াই বা কী হবে, কাজকর্মই বা কী হবে ? This is the picture of Maulana Azad University of Technology.

এরকম সমস্ত ক্ষেত্রেই। আমি education নিয়ে প্রথমে বলতে চাইছি। যদি দেখি গোটা পশ্চিমবাংলায় যতগুলো college আছে, তার কতগুলোতে Principal আছে, কত জন whole timer আছে ? যারা part timer, তাদের বেতন দেয়, Government Sanctioned করে post. subject sanction হয় কিন্তু lecturer-এর post sanction হয় না। whole timer তো দূরের কথা, part timer হয় না, guest teacher দিয়ে কাজ চালাতে হয়। সেই গেস্ট টীচারের পয়সাও সরকার দেন না। এই অবস্থাতে তাহলে কী করে কী শিক্ষা ব্যবস্থা চলবে। Similar is in the case of Secondary and Primary education আজকে মাননীয় রাজ্যপালের ভাষণে দেখছি যে নতুন অনেকগুলো স্কুল তৈরি হয়েছে। কিন্তু সেই স্কুলে পোস্ট স্যাংশন হয়েছে টীচারের ? কিন্তু No teachers have been appointed. তাহলে এই স্কুলগুলো চলবে কী করে ? প্রাইমারি এবং সেকেন্ডারি এই দুটো মিলে প্রায় এক লক্ষ শিক্ষকের অ্যাপ্রুভড পোস্ট, আরও তো ছাত্র সংখ্যা বাড়ছে তার জন্য আরও অ্যাডিশনাল টীচার দরকার। কিন্তু অলরেডি এক লাখের উপরে পোস্ট ভ্যাকান্ট। এস এস সি হবে না। প্রাইমারি টীচার তাদের পরীক্ষা হবে না। এস এস সির ছেলেরা অনশন করছে। আর আজকে আমরা বলছি যে, আমরা অনেক এডুকেশনাল ইনস্টিটিউশন বাড়াচ্ছি। অবস্থাটা এখানেই দাঁড়িয়েছে। স্যার, এখানে আর একটা জিনিস আমি সেকেন্ডারি স্কুলের ক্ষেত্রে এইট পর্যন্ত যেটা সেন্ট্রাল গভর্নমেন্টের আছে নিয়ম, সেটা মানতে বাধ্য কিন্তু নাইন টেন ইলেভেন, টুয়েলভ এখানে যে ভ্যাকান্সীগুলো আছে সেইগুলো দেয়ার ইজ power to appoint teachers. তাহলে সেগুলো কেন হচ্ছে না ? সেগুলো তো হতে পারে। সেগুলোও বন্ধ আছে সুতরাং এনটায়ার এডুকেশনাল যে সেট আপ স্টার্টিং ফ্রম প্রাইমারি টু ইউনিভারসিটি একটা কেমন গোলমাল অবস্থার মধ্যে চলছে। দিস ইজ actual state of affairs এটা যদি আমরা বলি তাহলে এটা কি ঠিক হবে না ? এটা আপনারা দেখতে পাবেন যে কী অবস্থাটা চলছে। স্যার, প্রাইমারিতে বা এইট পর্যন্ত ফ্রি বই দেওয়া হয়। তাতে চারটে রং। ঠিক আছে ছোট ছেলেরা রং দেখে বই পড়বে। কিন্তু নাইন টেন ইলেভেন টুয়েলভ তাদের বই যারা ছাপাবে সেখানেও চারটে রং করতে হবে। ফলে হচ্ছে কী ? তিনগুণ করে দাম বেড়েছে। আমরা বলছি গরীব ছেলেমেয়েরা যাতে লেখাপড়া শিখতে পারে। তার জন্য সুযোগ করে দেব। কিন্তু অবস্থা হচ্ছে এই যে দাম অনেক বেড়ে গিয়েছে। স্যার, অন্য রাজ্যে যারা প্যারাটীচার আছে। প্যারাটীচার হ্যাভ বিন অ্যাপয়েন্টেড হিয়ার অলসো অন্য রাজ্যে দেখা যায় যে তিন বছরের পর তাদেরকে অ্যাবজর্ব করার একটা প্রভিশন আছে। এখানেও তো আমাদের প্যারা টীচারস নিয়ে অনেক আন্দোলন হচ্ছে। তাদের অনেক ডিমান্ড আছে। Those will satisfy the qualifications তাদের অ্যাবজর্ব করে নিলে পরে এই প্রবলেমটা অনেকটা সমাধান হবে। স্যার, বলছিলাম যে গালর্স হোস্টেল হয়েছে। হয়েছে। খোঁজ আমি দেখতে বলছি মাননীয় মন্ত্রীকে যে গার্লস হোস্টেলে কি গালর্স থাকছে ? মাইনরিটি হোস্টেল যেমন মাইনরিটি মেয়েদের জন্য আমার এলাকাতে কয়েকটা হোস্টেল হয়েছে মেয়েদের জন্য। কোন মেয়ে নেই। তারা থাকবে তখনই যখন সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইবদের জন্য যে হোস্টেল

সেখানে সরকার তাদের জন্য কিছু পয়সা দেয়। এই হোস্টেলগুলোতে সে রকম কোন প্রভিশন নেই যে মেয়ে যারা থাকবে তাদের কিছু গ্র্যান্ট ফ্রম দি গভর্নমেন্ট পাওয়া যাবে। কেবলমাত্র সেন্ট্রাল গভর্নমেন্টের কস্তুররা হোস্টেল সেখানে মেয়েদের জন্য কিছু গ্র্যান্ট দেওয়া হয়। সেখানে মেয়েরা থাকে। কিন্তু স্টেট গভর্নমেন্ট বিভিন্ন যে হোস্টেল করছে। কাছাকাছির মেয়েরা সাইকেল করে কলেজে চলে যাচ্ছে। সুতরাং, এটা চিন্তা করার জন্য আমি অনুরোধ করব। সিলেবাস, কারিকুলামের কথায় পরে আসছি। সিলেবাস কারিকুলামের মধ্যে কোন সামঞ্জস্য নেই। একটা উদাহরণ দিচ্ছি। হাই স্কুল এবং মাদ্রাসা। তাদের স্ট্যাটাস এক। মাদ্রাসার ক্ষেত্রে যারা আপ টু টেন তারা ওয়েস্ট বেঙ্গল বোর্ড অব মাদ্রাসা এডুকেশন আর এখানে হচ্ছে ওয়েস্ট বেঙ্গল বোর্ড অব সেকেন্ডারী এডুকেশন। আলাদা বোর্ড। কিন্তু যখনই তারা আপগ্রেডেড টু হায়ার সেকেন্ডারি হবে। They will come under the control of West Bengal Council of Higher Education হচ্ছে এই স্যার আমি অনুরোধ করছি দেখার জন্যে, যে আমরা মাইনরিটি মাইনরিটি অনেক করছি। বামফ্রন্ট এর আমলে ক্লাস ফাইভ পর্যন্ত ইংরাজী তুলে দেওয়া হল। আজকে তারা স্বীকার করছে। তবে চিরকালই তারা অনেক পরে স্বীকার করে যে ভুল হয়েছিল, যেটা বুদ্ধদেববাবু বলেছিলেন। ঐতিহাসিক ভুল হয়েছিল। এখানে আমরা দেখছি মাইনরিটি, মাইনরিটি মাইনরিটিতে নাকি অনেক উন্নতি করছি আমরা। আমি সেই পয়েন্টে আসছি। কিন্তু একটা কথা বলি ক্লাস টেন পর্যন্ত যে মাদ্রাসার সিলেবাস, আর ক্লাস টেন পর্যন্ত যে হাইস্কুলের সিলেবাস ইংরাজী বাংলা ঠিক আছে। কিন্তু সায়েন্স সাবজেক্টগুলি কমপ্লিটলি ডিফারেন্ট। অনেক আলাদা। তারফলে মাদ্রাসা থেকে যে সমস্ত ছেলেরা পাশ করে হায়ার সেকেন্ডারীতে যাবে, তারা তখন ওই ইঞ্জিনিয়ারিং মেডিক্যালের কমপিটিশনে পারছে না। কারণ তারা সায়েন্স সাবজেক্টে দুর্বল। আপনি বলতে পারেন যে হ্যাঁ, বিগত কয়েক বছরে অনেক মুসলিম ছেলে ইঞ্জিনিয়ারিং, মেডিক্যালে চান্স পেয়েছে। কিন্তু আমি খোঁজ নিতে বলছি যে এই সমস্ত ছেলে বা মেয়েরা কোন স্কুল থেকে এসেছে। তারা কি কোন গভর্নমেন্ট সেট আপ স্কুল থেকে এসেছে, নাকি Most of them have come up from mission set-up school আল-আমিন মিশন, মৌলানা আজাদ অ্যাকাডেমি, রহমত-ই-আলম, শিশু বিকাশ অ্যাকাডেমি-এই যে রেসিডেনসিয়াল স্কুলগুলি হয়েছে মেনলি মুসলিম ছেলে বা মেয়েদের জন্য, সেখান থেকে যে ছেলেমেয়েরা আসছে তারাই গিয়ে ইঞ্জিনিয়ারিং বা ডাক্তারীতে চান্স পাচ্ছে। নট ফ্রম দ্য গভর্নমেন্ট স্কুল যেগুলি সাধারণ স্কুল। সুতরাং এই সিলেবাসটার যাতে প্যারিটি থাকে মাদ্রাসা এবং মাধ্যমিক স্টেজে তারজন্য আমি সরকার বা শিক্ষা দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, সরকার মাইনরিটি মুসলিম ভাইদের জন্য অনেক কিছু করেছেন। আমি অস্বীকার করব না। খয়রাতি অনেক কিছু করা হয়েছে। মেয়েদেরকে অনেক সাইকেল দেওয়া হয়েছে। নানা রকম স্কলারশিপ দেওয়া হয়েছে। ইমামদের নানা রকম ভাতা দেওয়ার ব্যবস্থা করা হচ্ছে। কিন্তু এই খয়রাতি সাহায্য দিয়ে কোনদিন কোন সম্প্রদায়ের কোন মানুষের উন্নয়ন হতে পারে না, যতক্ষণ না তার অর্থনৈতিক পুনর্বাসনের ব্যবস্থা করা হয়। এখন এদের জন্য কিছু অর্থ খরচ করা হয়েছে। আমি স্ট্যাটিসটিকসের দিকে যাই। আমরা ১৯৭২

সালে দেখছি যখন সিদ্ধার্থ শঙ্কর রায়ের আন্ডারে মন্ত্রিসভা আসে তখন যে সরকারী কর্মচারীদের মধ্যে মুসলিমদের পার্সেন্টেজ ছিল, সেই পাঁচবছর তাকে বেশি ঢোলঢাক পিটতে হয়নি। But they raised from 2% to 3% বামফ্রন্টের রাজত্বে শুনেছি মুসলিম ভাইদের জন্য অনেক করেছি, অনেক করেছি। তারা ভোট ব্যাঙ্ক করেছিলেন। কিন্তু সেই আট পারসেন্ট তারা retain করতে পারেননি। again the percentage came down to-এই সাড়ে তিন বছরের মধ্যেও এ হয়নি। হ্যাঁ, অনেক কিছু সুযোগ-সুবিধা দেওয়া হচ্ছে, চেষ্টা করা হচ্ছে। আমি অস্বীকার করব না। হোস্টেল হচ্ছে মেয়ে নাই। আলিয়া মাদ্রাসা হয়েছে। ইউনিভার্সিটি হয়েছে। হজ টাওয়ার হয়েছে। উর্দু অ্যাকাডেমির উন্নয়ন হয়েছে। কিন্তু ইকনমিক উন্নয়ন কতটা হয়েছে। আর একটা জিনিস আমি বলছি। সম্মান দিতে হবে। উদাহরণ দিচ্ছি আমি একটা। গোটা পশ্চিমবাংলাতে একটা করে ডিস্ট্রিক্ট প্রাইমারী কাউন্সিল আছে। প্রতিটি ডিস্ট্রিক্ট প্রাইমারী কাউন্সিলে পশ্চিমবাংলার মধ্যে একটা জেলাও নেই যেখানে একজন মুসলমান কাউন্সিলের চেয়ারম্যান হতে পারেন। বলতে পারবেন গোটা পশ্চিমবাংলায় কোন প্রাইমারী কাউন্সিলে মুসলিম চেয়ারম্যান আছে ? তাহলে সম্মান কোথায় ? মানুষকে সম্মান দিতে হবে। কেবলমাত্র খয়রাতি দিয়ে সাময়িকভাবে মন জয় করা যায়। কিন্তু পারমানেন্টলি করতে গেলে সম্মান দিতে হয়। তাদেরকে অর্থনৈতিক ডেকোরামের ইভ্যালুয়েশন দিতে হয় স্কলারশিপের ক্ষেত্রে এখনো সিমপ্লিফিশেন হয়নি। এখনো গ্যারান্টার লাগে। এই জিনিসটা চিন্তা করার জন্য আমি সরকারপক্ষকে অনুরোধ করছি। এরপরে আসি আইনশৃঙ্খলাতে। এক্ষেত্রে একটা কথা বলা যেতে পারে আমরা সব সময়ই বলি

[2.00—2.10 p.m.]

যে, বামফ্রন্ট তাদের ৩৪ বছরের রাজত্বে পশ্চিমবাংলাতে জঙ্গলের রাজত্ব কায়েম করেছে, খুন হয়েছে, বহু মানুষ, হাজারে হাজারে মানুষ খুন হয়েছে এবং তার মধ্যে মুসলিম বেশি হয়েছে। কিন্তু এখন কি আমরা কেবল এক কথাই বলব ? জ্যোতিবাবু বানতলার ক্ষেত্রে যা বলেছিলেন, এই রকম তো হতেই পারে। আমাদেরও কি সেই কথা বলে আশ্বস্ত করতে হবে ? ইংরেজিতে স্যার একটা প্রবাদ আছে-"The success depends on the adoption of right decision at the right time." আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর এই রাইট টাইমে রাইট ডিসিশন নেওয়ার ক্ষেত্রে ভুল হয়ে যাচ্ছে। উদাহরণ, পার্কস্ট্রীটে প্রথম যখন গন্ডগোলটা হল, নারী ধর্ষণটা হল, তখন ওই জ্যোতিবাবুর মত বলে দিলেন, এটা ছোটখাট ঘটনা। উনি কি বলতে পারতেন না যে, আমি দেখছি, আর রাজ্য পুলিশ উইল টেক অ্যাপ্রোপ্রিয়েট অ্যাকশন ? উনি বললেন না। রাইট টাইম অ্যাডপশন—'পহেলা রাতে বধিবে বিড়াল।' এটা যদি না হয়, তাহলে এটা আস্তে আস্তে বেড়ে যায়। রায়গঞ্জ কলেজে যখন প্রথম গণ্ডগোলটা হল, তখনই যদি ব্যবস্থাটা গ্রহণ করতেন, তাহলে আজকে শিক্ষাঙ্গনে যত গণ্ডগোল হচ্ছে, এই গণ্ডগোলটা হত না। This is a contagious disease, from one institution to other. আজকে আমরা দেখছি যাদবপুর, আজকে আমরা দেখছি

অন্য জায়গায়, আজকে দেখছি বিশ্বভারতীতে। আজকে বিভিন্ন কলেজ, ইউনিভার্সিটিতে বিদ্যাঙ্গনগুলো আজকে কিসে পরিণত হচ্ছে ? প্রথম থেকে যদি আমরা এই ব্যাপারে সাবধান হতাম-আমরা এখন যদি বলি, ওরা করেছে বলে আমরা-সেই উদাহরণ দিয়ে চলব, মানুষ সেটাকে গ্রহণ করবে না। মানুষ যে পরিবর্তন চেয়েছে, মানুষ তো এই জন্যই পরিবর্তন চেয়েছে। এইজন্য তো আপনারা এসেছেন। আমরাও জোটে ছিলাম। ওনাদের অপকর্মের জন্যই তো আজকে আসা। কিন্তু আমরা যদি সেটাকেই if that is also to be repeated মানুষ ক্ষমা করবে না। আমাদেরকে আত্মসমীক্ষা, আত্মাবিশ্লেষণ করার জন্য আমি অনুরোধ করছি। এটা যদি না করা যায়-ফিউচার কাউকে কোনোদিন ক্ষমা করে না, টাইম কাউকে কোনোদিন ক্ষমা করে না। এই ব্যাপারে চিন্তা করার জন্য আমি অনুরোধ করছি। স্যার, আজকে রুলিং পার্টির একজন যেটা বলছিলেন যে, ধর্ষণ ইজ্ এ সোস্যাল ডিজিজ্। এই মাতৃজাতির প্রতি যেটা হচ্ছে, এটা সোস্যাল ডিজিজ্। আজকে সমাজের পরিবর্তন কী করা যায় ? এরজন্য তিনটে কাজ করতে হবে। নাম্বার ওয়ান, শিক্ষা ব্যবস্থার মধ্যে যদি আমি হিউম্যান ভ্যালুজ সিলেবাস কারিকুলামের মধ্যে না আনি, আজকে কলেজের শিক্ষক, আজকে রাষ্ট্র সংঘের মানুষ ধরা পড়ছে, তার চাকরি যাচ্ছে। নোবেল লরেট আজকে ধরা পড়ছে, হেড মাষ্টার, শিক্ষক তারা আজকে এই কাণ্ড করছে। বিকজ্, শিক্ষা ব্যবস্থার মধ্যে গলদ আছে। সচেতনতার মধ্যে গণ্ডগোল আছে। আমরা যদি শিক্ষার মধ্যে এটা বলতে পারি যে, এই ধরনের করতে গেলে অন্যায় হবে, তাহলে হয়। আর মানুষকে সচেতন করতে হবে। আগেরকার দিনে আমরা কী পড়তাম ? "সকালে উঠিয়া আমি মনে মনে বলি, সারা দিন আমি যেন ভালো হয়ে চলি। আদেশ করেন যাহা মোর গুরুজনে, আমি যেন সেই কাজ করি ভালো মনে।" এর যে একটা ইম্প্যাক্ট আছে মেন্টাল, আজকে তো সিলেবাসে সেগুলো নেই, আনতে হবে। মানুষের কাছে পৌঁছাতে হবে। যেমন পালস্ পোলিও-যেটা আমরা যাচ্ছি। এখানেও করতে হবে। আর নাম্বার থ্রি, মোস্ট ইম্পর্টেন্ট, অ্যাডমিনিস্ট্রেশনকে যখন যে ঘটনা ঘটবে সঙ্গে সঙ্গে অ্যাডমিনিস্ট্রেটিভ মেজরস্ নিয়ে প্রথমেই যেটা বললাম, 'পহেলা রাতে বধিবে বিড়াল।' সেটা যদি হয়, তাহলে মানুষের মধ্যে এই জিনিসটা কমবে। আদারওয়াইজ, সমস্ত কাজ স্যার বিধানসভা বা লোকসভায় আইন পাশ করে হয় না। মানুষের মধ্যে জাগরণ আনতে হয় এবং তার মোষ্ট ইম্পর্টেন্ট মিডিয়াম হচ্ছে.....(স্যার, আমার অনেক সময় আছে, ২০ মিনিট) স্যার, লাষ্ট হচ্ছে ইন্ড্রাস্ট্রি। ইন্ডাস্ট্রি নিয়েও অনেক কথা বলা হয়েছে। সেখানে আমি ডিপার্টমেন্ট অফ ইন্ডাস্ট্রিয়াল পলিশি অ্যান্ড প্রোমোশন, গভর্নমেন্ট অফ ইন্ডিয়া-তার একটা রিপোর্ট প্লেস করছি আপনার কাছে।

তারা বলছেন যে গোটা দেশে যত শিল্প হয়েছে তার মধ্যে এই রাজ্যের ভাগে পড়েছে প্রায় ১%। ২০১৩ সালে যতটা এখানে এসেছে টাকা, ২০১৪ সালের তার চেয়ে অনেক কম হয়েছে বিনিয়োগ। এই যদি অবস্থা হয়, কেবলমাত্র শিল্পমেলা করে, শিল্পপতিদের ডেকে এ জিনিস করলে হবে না, তার জন্য ব্যবস্থা করতে হবে। Last but not the least স্যার, আজকে আমি আবেদন করতে চাইছি আমাদের সকলকে সচেতন হতে হবে। আজকে সেন্ট্রাল গভর্নমেন্টে যারা আছে, স্যার, আমাদের দেশের গোটা দেশের ইডিওলজি,

আদর্শ হচ্ছে সেকুলারিজম্ ডেমোক্রেসী and socialism. আজকে যারা ভাঙতে আসছে একটা রাজনৈতিক দল, সে ব্যাপারে যদি আমরা সাবধান না হই, আজকে বনগাঁ জিতেছি বা কৃষ্ণগঞ্জ জিতেছি বলেই আমাদের নিজেদের মধ্যেই যদি খুব সন্তুষ্টি আসে, ভাবতে হবে যে শক্তিটা আসছে হাও টু combat দেম, হাও টু ট্যাকল্ দেম। আজকে একটু আগে আমাদের মাননীয় সদস্য যে কথা বলেছিলেন যে মাদার টেরিজার ব্যাপারে, আজকে নাথুরাম গড্‌সে, মহাত্মা গান্ধীজীকে যারা হত্যা করলো জাতির জনককে, তার নামে যদি মন্দির হয়, আজকে এই এডুকেশন সিস্টেমটা যেটা বলছিলাম saffronization of education system. Education is in the concurrent list, পার্থবাবু এসেছেন, তাঁকে অনুরোধ করবো তাদের যে সিলেবাস, কারিকুলাম করতে যাচ্ছে যে saffronization, যাঁরা বলেন যে গীতা জাতীয় গ্রন্থ হবে, এডুকেশন কংকারেন্স লিস্টে আছে, সে সম্বন্ধে আপনাদেরকে সচেতন থাকতে হবে। আমার বাংলার যে কৃষ্টি, আমার বাংলার যে সভ্যতা, আমার শিক্ষা ব্যবস্থার মধ্যে আমার সমস্ত দিক থেকে আমরা রক্ষা করার জন্য শেষ শক্তিকে ব্যবহার করবো এবং আমাদের মধ্যে আত্মবিশ্বাসে ক্ষতি যাতে না করা যায় তার চেষ্টা করবোই, এ কয়টি কথা বলে আপনাকে ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী তমোনাশ ঘোষ : স্যার, আপনাকে ধন্যবাদ জানিয়ে, পশ্চিমবঙ্গের রাজ্যপাল শ্রী কেশরীনাথ ত্রিপাঠি মহাশয় গত ১৯ তারিখে যে ভাষণ দিয়েছিলেন ভারতীয় সংবিধানের ১৭৬নং অনুচ্ছেদ অনুযায়ী, খুবই গুরুত্বপূর্ণ যে এটা পঞ্চদশ বিধানসভা চলছে এবং পঞ্চদশ অধিবেশনও চলছে। খুব ভালোভাবে মিলে গেছে বিষয়টা, যার ফলে সব আলোচনাগুলো খুব গুরুত্বপূর্ণ এবং আরও বেশি গুরুত্বপূর্ণ খুব ভালো লেগেছে যেটা উনি যখন বক্তব্য রাখছিলেন ১৯ তারিখ একটা অসাধারণ পরিবেশ বিধানসভার মধ্যে তৈরি করেছিলেন আমাদের এই সকল সদস্যরা, তাঁর কথাগুলো গুরুত্ব দিয়ে শুনেছেন। তিনি এই ২৮পাতার-বাংলায় ২৮ পাতা, সম্ভবত ৩৮ পাতার ইংরাজী বইটা হবে, আমি বাংলা বইয়ের অনুযায়ী বলছি, এই যে ২৮ পাতার যে বিবৃতি উনি দিয়ে গেছেন তাতে লাস্ট লাইন যেটা দিয়ে শেষ করেছেন এটাই গণতন্ত্রের সবচেয়ে মূল্যবান কথা। যে "আমি এই বিষয়টা আজকের এই মহতী সভায় উত্থাপন করে গেলাম, মাননীয় সদস্যরা এটাকে নিয়ে বিশদ আলোচনা করবেন।" গত তিন দিন এবং আজকে চতুর্থ দিন আলোচনার শেষ দিন, আলোচনায় পক্ষে, বিপক্ষে অনেকেই অংশগ্রহণ করলেন, সংসদীয় রীতি অনুযায়ী আমরা সরকার পক্ষের স্বাভাবিক ভাবেই রাজ্যপালের ভাষণকে সমর্থন করবো, আর ওঁনারা যেহেতু আমাদের বিরোধী তাই সংসদীয় নীতি অনুযায়ী ওঁনারা বিরোধিতা করবেন। কিন্তু এই ঘেরাটোপের বাইরে কখনো কখনো বেরিয়ে আসা আমার মনে হয় কারোর কারোর উচিত। আমি এই বাজেটের ২৮ পাতাই খুব মনোযোগ দিয়ে পড়েছি। বিশ্বাস করুন স্যার, যদি বুঝতাম যে, এখানে রাজ্যপাল কোন জায়গায় সঠিক তথ্য পরিবেশন করেন নি, আমি কথা দিচ্ছি বিরোধীদের আমি এই শাসকদলের এখানে বসে আমি তার সমালোচনা করতাম। কিন্তু আমি অত্যন্ত সুচিন্তিতভাবে যখন পড়ে দেখলাম যে, প্রতিটি ছত্রে ছত্রে তিনি তথ্য ব্যাখ্যা দিয়ে যে কথাগুলো এখানে বলে গেছেন সেই কথাগুলোর কোনো জায়গায় অস্বীকার করার কোনো

উপায় নেই। সমস্যাটা হচ্ছে আমাদের বিরোধী পক্ষের যে তাঁরা এতটাই হতাশায় ভুগছেন যে হতাশা থেকে উঠে আসতে তাঁদের একটু সময় লাগছে। কতদিনে তাঁরা বুঝবেন আর কতদিনে তাঁরা উঠে আসবেন। কারণ একটা সরকারের বয়স ৩৪ বছর, আর একটা সরকারের বয়স ৪ বছর।

[2.10—2.20 p.m.]

আমাদের অনেক বর্ষীয়ান নেতাই এই হাউসে ৪/৫ বার ৩৪ বছরের সঙ্গে ৪ বছরের তুলনা করছেন এবং নিজেদের সুবক্তা মনে করেন। সত্যকে আড়াল করাবার জন্য যখন নানা রকম ছলচাতুরির আশ্রয় গ্রহণ করেন তখন কিন্তু খুব দুঃখ হয় যে, তারা ওই সত্য কথাটাকে কেন মানেন না যে ৩৪ বছর একটা কম সময় নয়। ভারতবর্ষ স্বাধীন হওয়ার পর যদি ৬৭টা বছর কেটে গিয়ে থাকে তার অর্ধেকটারও বেশি সময় বামফ্রন্ট সরকার আমাদের এই পশ্চিম বাংলা শাসন করেছেন। আর তার আগের সময়টা কংগ্রেসের বন্ধুরা ছিলেন, আমরাও তখন কেউ কেউ ছিলাম এবং আমরা তখন ছাত্র পরিষদ করতাম। আমি কংগ্রেসে ছিলাম। বলেছি তো। আমি বলছি ভালো করে শুনুন। সেখানে থেকে আমরা তৃণমূল কংগ্রেস, মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে যখন পশ্চিম বাংলায় মা-মাটি-মানুষের সরকার এল তারপর থেকেই আপনাদের এত বেশি তৎপরতা, ছটফটানি আরম্ভ হয়ে গেল যে এক্ষুনিই কেন সোনার বাংলা সোনা দিয়ে মুড়িয়ে দেওয়া যাচ্ছে না। আপনাদের তো বুঝতে হবে, যেকোন মানুষকে একটা সময় দিতে হবে যে তিনি কতটা কি কাজ করতে পারছেন না পারছেন। সবকিছুতেই ভালো এবং কিছু মন্দ থাকে। কিন্তু যখন ভালোর জিনিসটা বেশি হয় তখন মন্দ-ত্রুটি ঢাকা পড়ে যায়। তখন ভালোটার কথাটা একটু বলতে হয়। কিন্তু স্যার, আমি এখনো পর্যন্ত সে রকম কিছু ভালো কথা শুনলাম না। তাই আইনশৃঙ্খলা প্রশ্নে আমি এখানে দেখলাম রাজ্যপালের ভাষণে অনেক কিছু উল্লেখ নেই বলে আমাদের বিরোধীপক্ষরা দুঃখ করেছেন। কিন্তু স্যার, আমি কি আপনাকে একটু স্মরণ করিয়ে দেবো ? আমি লাইব্রেরীতে গিয়ে রাজ্যপালের ওই সময়কার ভাষণগুলো দেখছিলাম। সেখানেও তো স্যার, উল্লেখ ছিল না। যখন সাঁইবাড়ির ওই হত্যা কাণ্ডে রক্ত মায়ের ভাতের সঙ্গে মিশিয়ে দিয়ে মাকে খাওয়ানো হয়েছিল। স্যার, সেই সাঁইবাড়ির কথা তো তখন ছিল না। স্যার, সেই মন্দির বাজারের টেকপাঁজা যেখানে মাননীয়া মুখ্যমন্ত্রীর সঙ্গে তখন গিয়েছিলাম। তখন আমরা বিরোধী ছিলাম। দেখেছিলাম আমাদের দলের একটা কর্মীর মুণ্ডু নিয়ে একটা আধুনিক পদ্ধতিতে ফুটবল খেলা হচ্ছে। আমি নিজেও ফুটবল খেলতাম। ফুটবল, ফুটবল দিয়ে খেলা হয়। মানুষের মাথা দিয়ে খেলা হয় সেই বৈজ্ঞানিক পদ্ধতিও কিন্তু মার্কবাদী কমিউনিস্ট পার্টির কাছ থেকে বাংলার মানুষ দেখেছে। আমরা এও দেখেছি ১৭জন সন্ন্যাসীকে কসবার বিজন সেতুতে দিনে, broad day light-এ জলজ্যান্ত পুড়িয়ে মারা হল। কই সেই সময় তো রাজ্যপালের ভাষণে সেই বক্তব্য যখন ছিল না তা নিয়ে তো আপনাদের মধ্য থেকে কাউকে প্রতিবাদ করতে দেখিনি। আজকে আপনাদের আইনশৃঙ্খলা গেল-গেল-গেল-গেল ত্রাহিরব উঠে গেছে। কোথায় আইনশৃঙ্খলা গেল ? আমরা বলতে চাই প্রথম একটা জিনিস বুঝলে বোঝা যাবে আইনশৃঙ্খলার পরিস্থিতিটা

কোথায় ? আসুন একটু ফরেনসিক ল্যাবরেটারির কথাটা বলি। দীর্ঘ বামফ্রন্টের আমলে ফরেনসিক ল্যাবরেটারি যেখানে অপরাধ মূলক কাজকর্মের বিচার সাধারণত বিজ্ঞানভিত্তিকভাবে হয় সেই ফরেনসিক ল্যাবরেটারিতে ১৬ হাজার কেস পেন্ডিং ছিল। ১৬ হাজার কেস। আজকে সেটা নেবে দাঁড়িয়েছে মাত্র ৭ হাজার কেস। তার মধ্যে ২,৮০০ নতুন। এখান থেকেই বোঝা যায় আইনশৃঙ্খলা ক্রমশ আস্তে আস্তে সরকারের নিয়ন্ত্রণে আসছে। এ বিষয় তো আমি আপনাদের সবসময় বলবো আমাদের সহযোগিতা করা উচিত। একটা নতুন সরকারের এই ভূমিকা-একটা ভেঙে পড়া অর্থনীতি, একটা ভেঙে পড়া রাজ্য, বছরের পর বছর নির্বাচন হয়েছে, সরকার পরিবর্তনের জন্য মানুষ আপ্রাণ চেষ্টা করেছে, মানুষ তার রায় দিয়েছে সরকার পরিবর্তনের জন্যে কিন্তু সেই রায়কে ভোট বাক্সে প্রতিফলিত হতে দেওয়া হয়নি নানা রকম কারচুপির মধ্য দিয়ে। ফলে যা হওয়ার তাই হয়েছে। ৩৪টা বছর ওনারা ক্ষমতায় ছিলেন। ক্ষমতা দেখে আমাদের ভয় হয়। আমাদের ভয় হয় এই কারণে যে মানুষের কমিটমেন্ট নিয়ে আমরা যখন এখানে এসেছি তা যদি আমরা পালন করতে না পারি আমাদেরও একদিন চলে যেতে হবে। কিন্তু আপনাদের ভয় ছিল না। আপনারা জানতেন যে আমরা কাজ করবো না এবং ঠিক ভোটের সময় মানুষের ভোটাধিকার আমরা কেড়ে নেবো। অতএব আমাকে প্রতিযোগিতার মধ্যে যাওয়ার কোন দরকার নেই। আমরা সেইভাবেই আমাদের নির্বাচন করে, উন্নয়ন না করে, পশ্চিমবাংলাকে পিছিয়ে দিয়ে বছরের পর বছর ক্ষমতায় থাকবো। ৩৪ বছর ক্ষমতায় থেকেছেন ওনারাই বলতেন। আরো ৫০ বছর থাকবেন কি ২০ বছর থাকবেন সে তো মানুষ ঠিক করবেন। আপনারা কোথেকে ঠিক করার মানুষ হলেন। তার মানেই বোঝা যায় যে আপনারা মানুষকে তোয়াক্কা করতেন না। কিন্তু আমরা তোয়াক্কা করি। আমরা মানুষকে পুজো করি। তাই সরকারের নামটাও মা-মাটি-মানুষ। আমাদের মধ্যে কোনো ভুল থাকতে পারে, ভুল হতে পারে, কিন্তু সেই ভুলগুলোকে নিয়ে আইন-শৃঙ্খলাকে বড় করে দেখার—মানসবাবু কালকেই বলছিলেন, অনেক বিষয়ের কথা বলছিলেন। আমি মানসবাবুকে একটু মনে করিয়ে দিই। আপনি মাননীয়া মুখ্যমন্ত্রীর স্বাস্থ্যদপ্তর, আইন-শৃঙ্খলা নিয়ে সমালোচনা করেছিলেন কালকে। আপপার কি মনে নেই সেই বর্ধমানে ধান খেতের উপর দিয়ে যখন দৌড়চ্ছিলেন ? একদম সে আপনার খুলে খালে গিয়েছিলে প্রায়। তো সেদিনকে কারা করেছিল, আমরা করেছিলাম ? আপনার ডানদিকের বন্ধুরা করেছিল। সেদিনকে আপনার আইনশৃঙ্খলার কথা মনে হয়নি ? আজকে তো আপনি পশ্চিমবাংলার সমস্ত জায়গায় ঘুরে বেড়াচ্ছেন। হ্যাঁ, আপনাদের দলের মধ্যে কোনো সমস্যা থাকলে সেটা অন্য বিষয়। কিন্তু আমরা তো আপনাকে protect করে রেখেছি। আপনি ভালো বক্তা, আপনার মতো মানুষকে বিধানসভায় দরকার। কিন্তু অসত্য ভাষণ দিয়ে যদি বিধানসভাকে বিভ্রান্ত করেন, আমার মনে হয় মানসবাবু একটু এগুলো ভাবা দরকার।

National Crime Record Bureau কি বলছে যে, কলকাতা অন্যান্য রাজ্যের থেকে অপেক্ষাকৃত কম, নীচের দিকে আছে। আগে কে কে আছে ? দিল্লি আছে, মুম্বাই আছে, ব্যাঙ্গালোর আছে, এমনকি আমাদের প্রধানমন্ত্রীর রাজ্য আমেদাবাদ সে রাজ্যও

আছে। এটাকে নিয়ে প্রবোধবাবু বললেন, সেখানেতো কলকাতার কথা বলা আছে জেলার কথা বলা নেই। আচ্ছা প্রবোধবাবু কলকাতার কথা বলা আছে, জেলার কথা বলা নেই- এই কারণেই জেলার কথা বলা নেই, জেলাগুলোতো অত্যন্ত ভালো জায়গায় আছে, দুএকটা বিক্ষিপ্ত ঘটনা ছাড়া। আজকে মাননীয়া মুখ্যমন্ত্রী মহিলাদের নারী নির্যাতনের হাত থেকে বাঁচাবার জন্য ২০ টা মহিলা থানা করেছিলেন। আরো ১০টা বাড়িয়েছেন পরশুদিন দেখলাম। তিরিশটা থানা করলেন। বিধাননগর, দুর্গাপুর, কোচবিহার, বালুরঘাট, রায়গঞ্জ, বহরমপুর, খড়গপুর, হলদিয়া, উলবেড়িয়া, আরামবাগ। আগে কুড়ি পরে দশ, এই তিরিশটা জায়গাতে আজকে মহিলা থানা হয়েছে, মহিলাদের আত্মরক্ষা করার জন্য। মহিলাদের আত্মরক্ষা নিশ্চই মাননীয়া মুখ্যমন্ত্রীর দায়। কিন্তু আপনার আমার সকলের দায় না ? মা-বোনেদের ইজ্জত রক্ষা করার দায়িত্ব আপনার আমার সকলের নয় ? আমরা অনেক সময় গর্ব করি বাংলাকে নিয়ে। বাংলা এমনিতেই একটু খুব সহনশীল জায়গা। শ্রী চৈতন্যদেবের জায়গা, রামকৃষ্ণদেবের জায়গা। এখানে মানুষ মানুষকে ভালোবাসতে জানে। মা-বোনকে স্নেহ করে, ভাই বোনকে স্নেহ করে। এই culture-টাতো শেষ করে দিয়ে গেছেন ওনারা। গ্রামের রন্ধ্রে রন্ধ্রে রাজনীতি ঢুকিয়ে মায়ে মায়ে ঝগড়া, বোনে বোনে ঝগড়া, ভাইয়ে ভাইয়ে ঝগড়া প্রত্যেক family-তে interfere করে politics ঢুকিয়ে গোটা পশ্চিমবাংলার রাজনৈতিক প্রেক্ষাপটটাকে এরা নষ্ট করে দিয়ে গেছে। তার দায় সামলাতে হচ্ছে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীকে। তার জন্য তো সময় লাগবে। এটার জন্য তো সময় দিতে হবে। আজকে একবারও প্রশংসা করবেন না ওনার ? দার্জিলিং, মাননীয় প্রাক্তন মুখ্যমন্ত্রী এই সভায় ছিলেন, এখান থেকে বেরিয়ে নন্দনে চলে যেতেন। দার্জিলিং-এ যেতে পারতেন না। ভয় ছিল। এত বড়ো আপনাদের ৫৬ খানা গণসংগঠনের দল। এত বড়ো গণসংগঠনের দল দার্জিলিং-এ যেতে ভয় পেতেন। এখান থেকে শিলিগুড়ি যেতেন, গিয়ে থেমে যেতেন। ওখান থেকে আবার ফিরে আসতেন। আজকে মাননীয়া মুখ্যমন্ত্রী ২১ বার গিয়েছেন। আজকে দার্জিলিং সাধারণ মানুষের জন্য উন্মুক্ত হয়ে গেছে। আজকে রাত্রে, এই মুহূর্তে যদি মনে করেন কাল সকালে যাব দার্জিলিং চলে যাবেন। (গোলমাল) তার জন্য আপনাকে, হ্যাঁ ভাই, সুইজারল্যান্ড। লক্ষ্মী সোনা আমার এতো অধৈর্য হয়ো না। একটু ধৈর্য ধরে বসো। সব পাবে আসতে আসতে, সব পেয়ে যাবে, লক্ষ্মী সোনা আমার।

আজকে সেইজন্যই বলছি যে, আজকে আমরা জঙ্গলমহলের কথায় যদি আসি। কী পরিস্থিতি ছিল। প্রতিদিন খবরের কাগজে অমুক মাস্টার মশাই মারা গেছেন, অমুক স্কুল শিক্ষক মারা গেছেন, অমুক ছাত্র মারা গেছেন, অমুক সাধারণ মানুষ মারা গেছেন। সেই জঙ্গলমহলে আজকে মেয়েরা স্কুলে যাচ্ছে, রাস্তাঘাট চকচক করছে। আমি South Bengal-এর Chairman. আমি Chairman হওয়ার আগে আমার উল্টো দিকে ভদ্রলোক বসেছিলেন। ওনার সময়ে জঙ্গলমহলে বাস বন্ধ হয়ে গেল। মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে গতবছর পৌঁছে গেলাম বেলপাহাড়ীতে। সেখান থেকে বাস সার্ভিস চালু করলাম, পুনরায় বাস চালু করার জন্য।

[2.20—2.30 p.m.]

আজকে সেই বাস ওখানে আমরা চালু করতে পেরেছি, তো এটা কি শান্তিশৃঙ্খলা, বাংলার এগিয়ে যাওয়ার নিদর্শন নয় ? আমি বারবার বলছি আপনাদের, যে ধৈর্য হারাবেন না, একটু ধৈর্য ধরুন। অনেকগুলো বিষয় বলার ছিল, আকাশপাতাল বিস্তারিত বিবরণ এর মধ্যে দেওয়া যায় না, এর মধ্যে শিক্ষা, স্বাস্থ্য যতগুলো বিষয় একটা রাজ্যের পিলার, যে পিলারের উপর রাজ্যের উন্নয়ন দাঁড়িয়ে থাকে, সব কটি পিলারের উন্নয়নের কথা ধারাবাহিকভাবে বইটির মধ্যে দেওয়া ছিল, সব বলতে না পারার জন্য স্যার, অল্প সময়, তাই হাউসকে ধন্যবাদ জানিয়ে এবং রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করলাম। নমস্কার।

শ্রী দীপক চ্যাটার্জী : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গের রাজ্যপাল শ্রী কেশরীনাথ ত্রিপাঠী মহাশয়, গত ১৯শে ফেব্রুয়ারী, ২০১৫ যে পুস্তিকাটি আমাদের হাতে দিয়েছেন, এবং সেই বইয়ে যা লেখা আছে, আমি তার বিরোধিতা করছি। আমি বীরভূমের মানুষ। বীরভূমে একটা প্রবাদ বাক্য আছে-খাই কচু, মারি ঘুম, আমার বাড়ী বীরভূম। সেই বীরভূমের ঘুম ভাঙানোর চেষ্টা করেছেন আপনারা। সেই বীরভূমকে কলঙ্কিত করেছেন সারা পৃথিবীর ইতিহাসে। বীরভূম ২০১১ সালের লোকসভা নির্বাচনের আগে আপনারা বলেছেন, ৩৪বছর বামফ্রন্টের জমানায় কচু সেদ্ধ আর আলু সেদ্ধ খেয়ে দিন কাটিয়েছিস, তোদের মুখে শালকা পড়েছে, ঘেঁটা পড়ে গিয়েছে, আমাদেরকে নিয়ে আয়, ফুলকপির তরকারি খাওয়াবো, পটলের তরকারি খাওয়াবো, এঁচড়ের তরকারি খাওয়াবো। চার বৎসর অতিক্রান্ত হতে চলল, বীরভূমের মানুষ বলছে বাপরে ঝাল। আমাদের একটু কচু সেদ্ধ, আলু সেদ্ধর দরকার, যাতে করে আমরা একটু ঝাল মেটাতে পারি। একটা হাঁড়িতে একটা ভাত টিপলে বোঝা যায়, হাঁড়ির ভাত সুসিদ্ধ হয়েছে কিনা। আর সেই ভাতটা যদি বীরভূম হয়, যদি আমরা বীরভূমকে পর্যালোচনা করি, চার বছরে, কি পেয়েছি বীরভূমে! আমরা জানি, সরকার পক্ষ বলবে, প্রচুর করেছি। বিরোধী পক্ষ বলবে, কিচ্ছু করেননি। বিরোধী পক্ষ ৩৪ বৎসরে রাম কাহিনী শোনাবেন, আর এই বইটাতে আগেই রামায়ণ রচনা হয়ে গিয়েছে। জানি না, কবে সেই রামায়ণের সত্যিকারের সফলতা আসবে ! আমি বীরভূমকে নিয়েই কথা বলব, সময় অতি অল্প। সামগ্রিক পরিস্থিতি নিয়ে অনেক বন্ধু আলোচনা করেছেন। প্রথমেই আসি বীরভূমের রাস্তাঘাট, উন্নয়নের ফুলঝুরি ছোটাচ্ছেন। মুরারই এক নম্বর ব্লক থেকে নলহাটি রাস্তায় চলা যায় না, সার্ভে করে দেখে আসবেন। বীরভূমের বিধায়করা এখানে বসে আছেন। নলহাটির জগধরী ব্রীজ যে কোনো মুহূর্তে ধ্বংসাত্মক জায়গায় পৌঁছে আছে, ইতিমধ্যে ৫টা দুর্ঘটনা ঘটেছে, প্রশাসনকে জানানো হয়েছে কোনো পদক্ষেপ হয়নি। সার্ভে করে দেখে আসবেন। বীরভূম জেলায় যতগুলো পৌরসভা আছে, পৌরসভার ভেতরের রাস্তাগুলি দেখে আসবেন, আমি আপনাদেরকে চ্যালেঞ্জ করে বলছি, ইদানীং রামপুরহাটে পৌরসভা হবে বলে শহরের ভেতরের রাস্তাগুলিকে মেরামত করা হচ্ছে। এ গেল রাস্তাঘাট। চলে আসুন। বীরভূমের ফসলের দাম। বীরভূমে আদিবাসী মানুষ, সংখ্যালঘু গরীব মুসলমানরা বাস করেন, কিছু বর্ণ হিন্দু, আদিবাসী। ফসলের দাম নেই, হাজার ষাট টাকা

কুইন্টাল ধান আপনারা ঘোষণা করেছেন ১৩৬০ টাকা কুইন্টাল ধান, যারা ক্ষুদ্র চাষী, প্রান্তিক চাষী, যারা বছরে ৫০ কুইন্টাল, ৬০ কুইন্টাল ধান প্রোডাকশন করে এই জলের দামে তাদেরকে ধান বিক্রি করতে হচ্ছে। আগামী দিনে তাদের ধান-পয়সা কোথায় থাকবে, বৎসর কী করে চালাবে, আপনারা বীরভূমে গিয়ে সার্ভে করে দেখে আসুন। আলু ফসল হয়েছে চামটি বাগানে, ময়ূরেশ্বরে প্রচুর, আলুর দাম কোথায় ? ৩টাকা, ৪টাকা কিলো। ২মাস পরে আপনারাই বিক্রি করবেন, ১৮ টাকা কিলো। বীরভূমের যারা বিধায়করা আছেন, সবাই জানেন, আমরা কোন জায়গায় বাস করছি বীরভূমে। বীরভূমে আসুন। সন্ত্রাস, নারী নির্যাতন। গোটা পৃথিবীতে নাম করে ফেলেছে। বীরভূমে পাড়ুই কাণ্ড, সৌমগুলপুরে, লাভপুরে সালিশি সভায় গণধর্ষণ এক আদিবাসী মহিলাকে। আমরা ওরা ব্যাপার নয়। আমরা ওরা ব্যাপার নয়, বীরভূমে ৩৪ বছরে এই ধরনের অশান্তি হয়নি। বীরভূমকে অশান্ত করেছেন, বীরভূমকে কলঙ্কিত করেছেন, লাভপুরের আদিবাসী মহিলাধর্ষণ। বীরভূমের সাত্তরে এক সংখ্যালঘু মহিলা, তাঁকে পুলিশ প্রশাসন জঙ্গলে নিয়ে গিয়ে অকথ্য অত্যাচার করলো, আপনারা কী করেছেন ? ওখানে তৃণমূলের নেতারা বোমা মেরে দিচ্ছে, পুলিশের হাত পা কেটে দিচ্ছে, সন্ত্রাস, গোষ্ঠী দ্বন্দ্বে খুন করছে। বীরভূমের ইতিহাস মহামান্য সুপ্রিম কোর্ট পর্যন্ত চলে যাচ্ছে। এইভাবে বীরভূমকে কলঙ্কিত করে বীরভূমকে এক নম্বরে নিয়ে চলে গেছে। এবারে আসছি বীরভূমের দুর্নীতিতে। এর প্রমাণ পেয়েছেন। গতকালই আপনাদের বিধায়ক বীরভূমে কি করে দুর্নীতি হচ্ছে তার প্রত্যক্ষ প্রমাণ দিয়েছেন। আমি তার সঙ্গে আরো যোগ করছি পৌরসভাগুলোতে যতগুলো জল প্রকল্প হয়েছে সবগুলোতে দুর্নীতি হয়েছে। নলহাটি পৌরসভায় ২৭লক্ষ টাকার পাইপ চুরি হয়ে গিয়েছিল গত পৌরসভা নির্বাচনের আগে। কেলেঙ্কারি। পৌরপতি তিনি দু-দুটো ওয়ার্ডে দাঁড়িয়েছিলেন তৃণমূল কংগ্রেসের। দু দুটো জায়গায় হেরে গিয়েছেন। তাদের হারিয়েছে বামফ্রন্ট, দুটি সিটে। একটা ফরোয়ার্ড ব্লক, একটা সমাজবাদী দল। এই তো বীরভূম। বীরভূমে আরো বিষয় আছে। বীরভূমে কৃষক মান্ডি করেছেন। আমাদের বলার জায়গা তো এটাই। কটা কৃষক মান্ডি খুলেছেন ? কজন কৃষক সেই মান্ডিতে যাচ্ছে ? এখানে কোটি কোটি টাকা খরচ হয়েছে। সাঁইথিয়া, মহম্মদ বাজার, নলহাটি, রামপুরহাট, পাইকোর, ইলামবাজার, বোলপুর। কত সুন্দর সুন্দর বিল্ডিং। দেখে প্রাণ জুড়িয়ে যাচ্ছে। একটা মানুষও ভিতরে নেই। চার বছর অতিক্রান্ত হতে চলল। এই সমস্ত কৃষক মান্ডিগুলিতে কী হবে ? সাধারণ মানুষ জানতে চাইছে। এখানে কী হবে ? আমাদের কী উপকার হবে ? বীরভূমের গরীব চাষী, প্রান্তিক চাষীর কি হবে সেটা সাধারণ মানুষ জানতে চাইছে। খয়রাশোল, রাজগ্রাম, মুরারাই, নলহাটি পশ্চিমাঞ্চল, রামপুরহাট পশ্চিমাঞ্চলে ব্যাপক আদিবাসী। মনে পড়ে ২০০৯ সালের লোকসভা নির্বাচনের আগে মহম্মদবাজারের পাঁচামিতে আদিবাসীরা যখন ক্যাসাড়ে আন্দোলন করল তখন আপনারা ছুটে গেলেন। লোকসভা নির্বাচনের আগে আদিবাসী ভাইদের পাশে দাঁড়ালেন। বড় বড় অনেক কিছু কথাবার্তা বলে এলেন। আজকে তাদের অবস্থা কি ? রামপুরহাটে প্রলোভন দেখিয়ে উগ্র হিন্দুত্ববাদী দল ওই আদিবাসীদের ধর্মান্তকরণ করছে। আপনারা রাজ্য সরকার তার কি প্রতিবাদ করেছিলেন ? কেন

বীরভূমকে নিয়ে ছিনিমিনি খেলা হবে ? এগুলো আমাদের বীরভূমে ঘটছে। এগুলো আমরা দেখতে পাচ্ছি। পঞ্চায়েতের একশো দিনের কাজের টাকা, বীরভূমের যারা বিধায়করা আছে তাঁরা জানেন, তাঁরাও বলছেন কবে পাব টাকা ? সাত মাস, আট মাস, নয় মাস হয়ে গেল কবে পাব টাকা ? কোটি কোটি টাকা পড়ে আছে, একশো দিনের কাজের দুর্নীতি তো হয়েছে। কিন্তু গরীব মানুষের প্রাপ্য টাকা ফেরৎ দেওয়ার জন্য আপনাদের দল বীরভূমে কি আন্দোলন করেছে ? রাজ্য সরকার কী পদক্ষেপ নিয়েছে ? আমরা তো চাই, আমরা খেটেছি তারজন্য আমাদের মূল্য দিতে হবে। বীরভূমের কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক নিয়ে কত বড় বড় কথা শুনলাম। বামফ্রন্টের ওপরে চাপিয়ে দেওয়া, বামফ্রন্টের ওপরে চাপিয়ে দিয়ে আসল সমস্যাকে আপনারা দূরীভূত করার চেষ্টা করছেন না কেন ? শুধু সমস্যা চাপিয়ে দিলেই কি বীরভূমবাসী ভালো থাকবে ? বীরভূমের এস.কে.ইউ.এস.বন্ধ হয়ে পড়ে আছে। কো-অপারেটিভগুলো পরিষেবা দিতে পারছে না। সেই জায়গায় দাঁড়িয়ে আপনারা ঘোষণা করে চলে এলেন যে মহামান্য তৃণমূল নেতা রুদ্রনাথ ব্যানার্জীর উদ্যোগে নাকি সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক খোলা হচ্ছে ? ২-৩ মাসের মধ্যে খোলা হয়ে যাবে আনন্দবাজার পত্রিকায় বেরিয়ে গেল। এখনো পর্যন্ত সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক খোলার কোনো নাম নেই। কোনোরকমভাবে চালু করা যাচ্ছে না। গরীব মানুষরা, সাধারণ মানুষরা যারা আমানতকারী তারা আমাদের কাছে প্রশ্ন করছে, প্রতিটি বিধায়কের কাছে প্রশ্ন করছে। বীরভূম জেলার প্রতিটি বিধায়ক জানেন যে তাদেরকে কিভাবে প্রশ্ন করা হচ্ছে। আপনারা কী করতে পারছেন ? কী করেছেন ? এটা তো আমার বীরভূমের কথা। শ্রমিক বন্ধু, শ্রমিকের মেলা হচ্ছে। শ্রমিকের পাশে দাঁড়িয়েছেন। পাথর খাদানের হাজার হাজার শ্রমিক আছে বীরভূম জেলায়। পাঁচামি, শালবাগড়া, সুন্দরপাহাড়ী, নলহাটি এই সমস্ত শ্রমিকদের পাশে আপনারা দাঁড়িয়েছেন ? তারা কত টাকা মজুরি পায় জানেন ? তাদের স্বাস্থ্যের অবস্থা কি জানেন ? ৬০-৭০ শতাংশ পরিবার অসুস্থ অবস্থায় আছে। তাদের জন্য কী পরিকল্পনা নিয়েছেন। উত্তর দেবেন। আপনারা বলবেন আপনারা ৩৪ বছরে কী করেছিলেন ? আপনারা তখন কেন করেননি ? এই কথা বলে আপনারা না হয় একটু স্বস্তি পাবেন, একটু হাসাহাসি করবেন। কিন্তু আসল সমস্যাটা বেড়ে যাবে। আগামীদিন এই সমস্যা আরো ঘনীভূত হবে। যখন ইউনিয়নের শ্রমিকরা আন্দোলন করে তখন আমাদের পরিষদীয় মন্ত্রী বললেন, ইউনিয়ন নাকি টাকা তোলার জন্য আন্দোলন করেছে। এদের আন্দোলন বন্ধ কর। আন্দোলন বন্ধ হল। কিন্তু সেই শ্রমিক ভাইরা কি মজুরি পাচ্ছে ? মালিকরা সেই শ্রমিকদের কি ঠিকমত সম্মান ভাতা দিচ্ছে ? এই জায়গায় দাঁড়িয়ে প্রতিনিয়ত আমাদের সংগ্রাম করতে হচ্ছে। সেটা আমরা জানি।

[2.30—2.40 p.m.]

আমাদের বীরভূম জেলার বিধায়করা জানেন সেখানকার স্বাস্থ্যের অবস্থাটা কি। সিউড়ি, বোলপুর এবং রামপুরহাট হাসপাতালের ব্যাপারে বলতে গিয়ে কোন এক সদস্য এখানে বলছিলেন, চৌত্রিশ বছরের শাসনকালে নাকি হাসপাতাল থেকে দুর্গন্ধ বেরতো। আগে দুর্গন্ধ বেরতো ঠিক আছে, কিন্তু এখন সবাইকে রেফার করে দেওয়া হচ্ছে বর্ধমান

বা কলকাতায়। মানুষের পকেটে পয়সা নেই, পেটে ব্যাথা নিয়ে সে ঢুকেছে হাসপাতালে। ডাক্তার সন্ধ্যেবেলা এসে বেরিয়ে যাবে, একটা প্রেসক্রিপশন করে পেসেন্টেকে বর্ধমান হাসপাতালে রেফার করে দেওয়া হলো। ছুটলাম আমরা ডাক্তারের কাছে, কেন আপনি রেফার করলেন। তখন ডাক্তারবাবু বললেন ঠিক আছে, দেখা হচ্ছে। তখন সেই পেশেন্টকে ওখানেই রাখা হল এবং তিনদিন পরে তার পেট ব্যথা কমে গেল। এই তো হচ্ছে স্বাস্থ্যের পরিষেবা। কোথায় বিনা পয়সায় ওষুধ তা বীরভূমবাসী জানে না। পশ্চিমবাংলায় সব জেলার অবস্থাটা এই রকম। যতই আমরা উন্নয়নের ফুলঝুরি শেখায় না কেন। তাই পশ্চিমবাংলায় সামগ্রিক উন্নয়নের পরিস্থিতি বলতে গিয়ে কতগুলো কথা আমাকে বলতে হয়। শিল্প আজকে কোথায় ? আপনারা সিঙ্গুরে শিল্প হতে দেননি, নন্দীগ্রামে কেমিক্যাল হাব হতে দেননি। আজকে বড় বড় শিল্প হয় নষ্ট হয়ে গিয়েছে, না হয় মুখ থুবড়ে পড়ে আছে। শিল্পের নামে সম্মেলন হচ্ছে, কোটি কোটি টাকা খরচ হচ্ছে তাদের স্বার্থে ? কোনরকম শিল্পের ব্যবস্থা নেই আমাদের পশ্চিমবাংলায়, এরজন্য আপনারা চিন্তা-ভাবনা করবেন। পুলিশের প্রশাসনিক অত্যাচার-পুলিশ এফ.আই.আর নেয় না, দলীয় মিটিং-এ ডায়াসে বসে আছে পুলিশ প্রশাসন। আর আপনারা এখানে নিরপেক্ষতার কথা বলছেন, বলছেন মা-মাটি-মানুষের সরকার, গরীব মানুষের সরকার। অনেক কথা বলার ছিল, কিন্তু সময়ের অভাবে বলতে পারছি না। বীরভূমের লোকসঙ্গীত হচ্ছে বাউল। যারা ফোক সঙ্গীত করে তাদের আপনারা অনুদান দিচ্ছেন। সব কিছু পয়সা দিয়ে কিনে নেবেন। পয়সার খয়রাতি দিয়ে আপনারা সব কিনে নেবার চেষ্টা করছেন, একটা জাতির মেরুদণ্ড পয়সা দিয়ে কেনা যায় না; যদি তার কাছে সত্যি করে কোন অনুভূতি না থাকে। আজকে বীরভূমের বাউল শেষ হতে চলেছে। এরজন্য আপনারা কী চিন্তাভাবনা করেছেন বলবেন। রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপন প্রস্তাব এসেছে আমি তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল শ্রী কেশরীনাথ ত্রিপাঠী গত ১৯শে ফেব্রুয়ারি ২০১৫ তারিখে যে ভাষণ এই হাউসে দিয়েছেন, সেই প্রদত্ত ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপন প্রস্তাব উত্থাপিত হয়েছে তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য রাখছি। মাননীয় রাজ্যপাল তার প্রদত্ত ভাষণের ছত্রে ছত্রে মা-মাটি-মানুষের সরকারের সামগ্রিক উন্নয়নের একটি চিত্র তুলে ধরেছেন। স্যার, ২০১১ সালে পশ্চিমবাংলায় মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর দু'লক্ষ তিন হাজার কোটি টাকার ঋণ মাথায় নিয়ে যখন সাগর থেকে পাহাড় সর্বত্র একটা উন্নয়নের দিশা মানুষের দোরগোড়ায় পৌঁছে দেবার চেষ্টা করছে, তখন বিরোধী বামপন্থী বিধায়ক বন্ধুরা আমাদের সরকারকে কালিমালিপ্ত করবার চেষ্টা করবেন। আমি দক্ষিণ ২৪-পরগনা জেলার একজন বিধায়ক হিসাবে বামপন্থী বন্ধুদের কাছে বিনম্রভাবে আবেদন করব, পশ্চিমবাংলায় চৌত্রিশ বছর আমাদেরই জেলা থেকে আপনাদের দলের দু-দুজন মুখ্যমন্ত্রীর দায়িত্বে ছিলেন। প্রয়াত জ্যোতি বসু সাড়ে চব্বিশ বছর এবং পরবর্তীকালে বুদ্ধদেববাবু সাড়ে এগারো বছর মুখ্যমন্ত্রীর দায়িত্বে ছিলেন। তা সত্ত্বেও

সেই জেলা কেন পিছিয়ে পড়া জেলা হিসাবে চিহ্নিত হয়েছিল তা আপনারা বলবেন কি ? আর আমাদের মা-মাটি-মানুষের সরকার তিন বছর নয় মাস ক্ষমতায় আসার পরে গোটা দক্ষিণ ২৪-পরগনা জেলা জুড়ে উন্নয়নের যে দিশা গ্রামেগঞ্জে পৌঁছে দিয়েছে, আমি বামপন্থী বন্ধুদের অনুরোধ করব আপনাদের আমি সঙ্গে নিয়ে যাব আপনারা তা প্রত্যক্ষ করুন, পরোক্ষ করুন। বিরোধিতার জন্য বিরোধিতা নয়, উপলব্ধি করে যদি সত্যিকারের দেখেন পিছিয়ে পড়া দক্ষিণ ২৪-পরগনা জেলা আজকে কোন জায়গায় গিয়েছে। এই জায়গায় দাঁড়িয়ে আমি বলতে চাই, আমাদের দক্ষিণ ২৪-পরগনা জেলায় শুধু পর্যটন শিল্পের উন্নতি ঘটেনি বা বিকাশ ঘটেনি, আজকে এশিয়ার বৃহত্তম মহিলা বিশ্ববিদ্যালয় এই জেলায় প্রতিষ্ঠিত হয়েছে। যে কথা স্বামী বিবেকানন্দ বলেছিলেন, নারী শিক্ষার উন্নতি নাহলে কখনো দেশের উন্নতি হতে পারে না। আর তারই পথ ধরে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী এবং আমাদের শিক্ষামন্ত্রী অত্যন্ত দায়িত্ব নিয়ে আজকে এই দক্ষিণ চব্বিশ পরগনা জেলায় এশিয়ার একটি বৃহত্তম মহিলা বিশ্ববিদ্যালয় স্থাপন করেছেন। স্যার, ২০১২-২০১৩ আর্থিক বছরে আমাদের সুন্দরবন উন্নয়ন পর্ষদের তরফ থেকে প্রায় ১৮০ কিলোমিটার কংক্রিটের রাস্তা-পিচের রাস্তা ডবল সোলিংয়ের রাস্তা হয়েছে। ২০১৪-২০১৫-র ৩১ডিসেম্বর পর্যন্ত সেখানে প্রায় ১৬২ কিলোমিটার রাস্তা নির্মিত হয়েছে এবং সেই জায়গায় দাঁড়িয়ে যখন ২০১০-২০১১তে সুন্দরবনের বাজেট ছিল ১৫০ কোটি টাকা, সেখানে তার দুগুণ বেড়েছে, ৩০০ কোটি টাকা আমাদের বাজেট হয়েছে। আজকে সামগ্রিকভাবে যে সুন্দরবন, সেই সুন্দরবনের বিস্তীর্ণ সাগরদ্বীপ—সেই সাগরদ্বীপে—সেদিনকার, আমাদের ওই বামপন্থী বন্ধুরা আজকে আছেন, সুভাষবাবুরা বসে আছেন। যে সাংখ্য দর্শন-কপিলের সাগরদ্বীপ, সেই সাগরদ্বীপ পর্যটকদের জন্য ৫ টাকা করে পিলগ্রিম ট্যাক্স নেওয়া হত। আর আমাদের মা-মাটি-মানুষের সরকার আসার পর সেই ৫ টাকা পিলগ্রিম ট্যাক্স তুলে দিয়ে আজকে ভারতবর্ষের মানুষের কাছে তিনি এই বার্তাটা পৌঁছে দিয়েছেন যে তারা আমাদের এই পশ্চিমবাংলার অতিথি। আজকে সাগরকে ঘিরে একটা রিলিজিয়ান ট্যুরিজিম স্পট গঠন করবার পরিকল্পনা করা হয়েছে। স্বাধীনতার ৬৭বছর পরে পশ্চিমবাংলার মানচিত্রে যদি কোন দ্বীপ থেকে থাকে যেখানে কোন আলো ছিল না, আর আমাদের মা-মাটি-মানুষের সরকার আসার পর—আজকে বলুন না সুভাষবাবু দায়িত্ব নিয়ে ওই জেলার দীর্ঘদিন মন্ত্রী-বিধায়ক ছিলেন। বলুন যে, আজকে সাগরে ২৪ ঘন্টা মানুষ বিদ্যুৎ পাচ্ছে। শ্রদ্ধেয় বিদ্যুৎ মন্ত্রী রয়েছেন, তাঁর আন্তরিক প্রচেষ্টা অনুপ্রেরণায় আজকে সুন্দরবনের গোসাবা, বাসন্তী থেকে শুরু করে পাথরপ্রতিমা, নামখানা এমনকি বিচ্ছিন্ন মৌসুমী দ্বীপেও আজকে বিদ্যুতের একটা পরিকল্পনা চলছে। আমাদের আই.টি.আই কলেজ হচ্ছে। আমাদের সারা পশ্চিমবাংলার বিভিন্ন ব্লকে ব্লকে আই.টি.আই কলেজ থেকে শুরু করে কিষাণ মাণ্ডি থেকে শুরু করে একের পর এক আমাদের বিভিন্ন প্রকল্পের কাজ শুরু হয়েছে। একদিকে আমাদের মডেল স্কুল তৈরি হচ্ছে। শিক্ষার ক্ষেত্রে একটা আমূল পরিবর্তন আনবার চেষ্টা হয়েছে। আমাদের পশ্চিমবাংলার যে শিক্ষা ক্ষেত্রে আপনারা দেখেছেন যে আপনাদের আমলে মাত্র ৩৭টি বিশ্ববিদ্যালয় ছিল। আর সেই জায়গাতে দাঁড়িয়ে আমাদের এই চার বছরের সরকার অতিরিক্ত আর ৪৫টা কলেজ

স্থাপন করেছে এবং ১৩টি নতুন বিশ্ববিদ্যালয় স্থাপন করেছে। ৬টি সরকারী সাহায্য প্রাপ্ত, ৭টি বেসরকারী উদ্যোগে স্থাপিত হয়েছে। গত তিন বছরে যদি আমরা উচ্চ শিক্ষা প্রসারের ক্ষেত্রে দেখি তাহলে দেখবো রাজ্য সরকারের দৃঢ় পদক্ষেপের ফলে মোট ছাত্র ভর্তির হার ২০১১-১২ তে যেখানে ছিল ১২.৮, তা বৃদ্ধি পেয়ে বর্তমানে ১৭.৬ তে এসে পৌঁছেছে। এক্ষেত্রে-আপনারা বলবেন যে শিক্ষার ক্ষেত্রে নৈরাজ্য, আপনারা সর্বত্রই বলবেন নৈরাজ্য ? পশ্চিমবাংলায় আজকে প্রধানমন্ত্রী গ্রাম-সড়ক যোজনার প্রেক্ষাপটে দাঁড়িয়ে, ২০১৪ সালের ৩১শে আগস্ট পর্যন্ত বর্তমান সরকার প্রধানমন্ত্রী গ্রাম সড়ক-যোজনার অধীনে ১২৩১টি রাস্তা তৈরি করেছে। যার মোট দৈর্ঘ্য ৫৪৮৪ কিলোমিটার, সাড়ে তিন বছরের একটা সরকার প্রধানমন্ত্রী গ্রাম-সড়ক যোজনায় ৩০৫০টি রাস্তা তৈরি করেছে। যার দৈর্ঘ্য ১৬১৭৫ কিলোমিটার ৩১ আগস্ট পর্যন্ত। আজকে এখানে ১৩৫৬টি জন বসতিপূর্ণ এলাকাতে সংযুক্ত করা সম্ভব হয়েছে, যা আমাদের সারা দেশের মধ্যে সেরা স্বীকৃতি। স্যার, একদিকে কন্যাশ্রী প্রকল্প, একদিকে আমাদের শিক্ষাশ্রী, যুবশ্রী প্রকল্প থেকে শুরু-আজকে নিজ ভুমি নিজ গৃহ প্রকল্প। আমাদের জল ধরো, জল ভরো প্রকল্প, আমার ঠিকানা গীতাঞ্জলি থেকে শুরু করে-অধিকার প্রকল্পের মধ্যে দিয়ে যখন বাংলার মানুষ একটা নতুন দিশা দেখতে পাচ্ছে তখন পশ্চিমবাংলার বামপন্থী বন্ধুরা (এই সময় লাল বাতি জ্বলে ওঠে) আজকে আইনের শাসন নেই, এই কথা সামনে রেখে আমাদের দলের বিরুদ্ধে কাজকর্ম রুখবার চেষ্টা করছেন। কিন্তু পশ্চিমবাংলায় মাটি বিগত ৩৪ বছরের যে রক্তাক্ত ইতিহাসের ঘটনা সেটা কিন্তু বাংলার মানুষ এখনো ভুলে যায়নি। একটা মরিচঝাপির ঘটনা, বানতলা, বিরাটি...(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

[2.40—2.50 p.m.]

শ্রী আব্দুর রহিম বক্সী : মাননীয় স্পীকার স্যার, গত ১৯শে ফেব্রুয়ারী ২০১৫ মহামান্য রাজ্যপাল যে বক্তব্য রেখেছেন পুস্তিকা আকারে সেটাকে সমর্থন করতে পারছি না। সম্মানীয় বিধায়করা বিরোধীপক্ষে বইটাকে মোটা বই, বেশি পাতার বই বলে ঐতিহাসিক অ্যাখ্যা দিয়েছেন। কিন্তু বইটা পড়ার সময় দেখতে পেয়েছি একটা কথা বার বার বিভিন্ন জায়গায় বলা হচ্ছে। এই বইএর ১৫ পাতায় বলা হয়েছে যে, ১০ লক্ষ অসংগঠিত শ্রমিকদের সামাজিক মুক্তি কার্ড দেওয়া হয়েছে। আবার একই কথা ঘুরিয়ে বলা হয়েছে ২০ পাতায়। যে নির্মাণ শ্রমিকদের, পরিবহণ শ্রমিকদের ১০ লক্ষ মুক্তি কার্ড দেওয়া হয়েছে। বইটাকে বড় করা হয়েছে চার বার, পাঁচ বার একই কথা লিখে। দশ-দশ কুড়ি লক্ষ না দশ লক্ষ। বইটা ঐতিহাসিক, একটা কথাবার বার বলা হচ্ছে, বইটার মধ্যে দিয়ে। স্যার, এই বইএর ৬ নম্বর পাতায় বলা হয়েছে রাজ্যের সংখ্যালঘু সম্প্রদায়গুলির সর্বাঙ্গীণ উন্নতি ও কল্যাণসাধন অঙ্গীকারবদ্ধ রাজ্য সরকার, রাজ্যপাল মহাশয় বলেছেন আমার সরকার। আমার সরকার, রাজ্য সরকার। সর্বাঙ্গীণ উন্নতি এবং কল্যাণ সাধন বলে কী বোঝায় স্যার ? বোঝা গেল না। আমরা মনে করি যে সংখ্যালঘু উন্নয়ন মানে কয়েক জনকে ইমাম ভাতা, কয়েকটি শ্রেণিকক্ষ নির্মাণ কয়েকটি কবর স্তরে পাঁচিল নির্মাণ-এটা যে সর্বাঙ্গীণ

উন্নয়ন সংখ্যালঘুদের। আজকে সংখ্যালঘুদের জন্য যদি সর্বাঙ্গীণ উন্নয়ন যদি ঘটত, তাহলে সংখ্যালঘু অধ্যুষিত যেগুলো জেলা আছে, গ্রাম আছে সেগুলো ব্লক আছে-সেখানে রাস্তাঘাট, সেখানে বিশুদ্ধ পানীয় জল, সেখানে আরও বেশি স্কুল, সেখানে আরও উন্নত মানের স্বাস্থ্য পরিষেবা-এগুলো আমরা আজকে লক্ষ করে দেখছি চমকপ্রদ কিছু কাজ করে দিয়ে একটা পুরো সম্প্রদায়টাকে ব্যবহার করা হচ্ছে, ভোট ব্যাঙ্ক তৈরি করার জন্য। এমনভাবে ঢাক পেটানো হচ্ছে, ঢোল পেটানো হচ্ছে-মনে হচ্ছে বিগত দিনে বিগত সরকার সংখ্যালঘুদের জন্য কিছুই করে যেতে পারেনি। আজকে স্কলারশিপ দেওয়া হচ্ছে কাদের ? সাড়ে তিন বছরের সরকার। মাধ্যমিক পাশদের স্কলারশিপ দিচ্ছেন। আজকে যে যে সেন্টার করছে তাদের স্কলারশিপ দিচ্ছেন। এগুলো কারা ? কোন সরকারের আমলে এরা শিক্ষা গ্রহণ করেছিল, ক্লাস-(V) এ এসেছিল। কোন সরকারের আমলে তারা উচ্চ মাধ্যমিক পড়েছিল। কোন সরকারের আমলে এরা গ্রাজুয়েট করেছিল। সেই সমস্ত শিক্ষা ব্যবস্থাটা-একেবারে নিচুস্তর থেকে শিক্ষা ব্যবস্থাটা-সেটা বিগত দিনে বামফ্রন্ট সরকারের আমলে বিভিন্ন ধরনের এস.এস.কে., এম.এস.কে., প্রাইমারি মাদ্রাসা, প্রাইমারি স্কুলের মধ্যে দিয়ে ব্যাপক শিক্ষা ব্যবস্থা গ্রহণ করেছিল বলে আজকে তাদেরকে স্কলারশিপ দিয়ে এই সরকার প্রমাণ করতে চাইছেন যে, আমরা সংখ্যালঘু সম্প্রদায়ের দিকে বেশি জোর দিচ্ছি এবং আরও বেশি উন্নয়ন করছি। কিন্তু আসলে তা নয় স্যার, আজকে আমরা দেখছি তা হলফ করে বলা হয়েছিল যে বিভিন্ন ব্লকে ব্লকে সংখ্যালঘু ছেলেমেয়েদের জন্য যারা শিক্ষিত আছে তাদের জন্য কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র খোলা হবে। আমি মালদা জেলায় বাস করি, মালদা জেলায় আমার তো মনে পড়ে না যে কোনো ব্লকে এখনো পর্যন্ত এই ধরনের কোন প্রশিক্ষণ কেন্দ্র খোলা হয়েছে। সাড়ে তিন বছর-চার বছরের এই সরকার শেষ। ঢাল-ঢোলটা সংখ্যালঘু উন্নয়ন তো সর্বাঙ্গীণ উন্নয়নের কথা বলা হচ্ছে, কল্যাণ সাধনের কথা বলা হচ্ছে। কিন্তু শুধুমাত্র আমি যেটা বললাম, ইমামভাতা, কবর স্তরে পাঁচিল-এর মধ্যেই কিন্তু এই সরকার সীমাবদ্ধ থেকে গেছেন। কিন্তু একটা কাজ করা হয়েছে, সেই কাজ হচ্ছে, যেভাবে হোক ক্ষমতায় আসার জন্য মাওবাদীদের অস্ত্র হিসাবে ব্যবহার করা হয়েছিল, ঠিক সেইভাবে মুসলিমদের ভোট ব্যাঙ্ক অটুট রাখার, সংখ্যালঘুদের ভোট ব্যাঙ্ক অটুট রাখার জন্য তাদের হাতে অস্ত্র তুলে দেওয়া হয়েছে। সিনেমার মতো নাম, যেমন আরাবুল ভাইয়া, যেমন মুন্না ভাই এই রকম মুসলিম ভায়েদের হাতে অস্ত্র তুলে দিয়ে এই সরকার টিকে থাকার চেষ্টা করছে, ভোট ব্যাঙ্ককে অটুট রাখার চেষ্টা করেছে। আমরা লক্ষ করেছি যে বিরোধী বিধায়কদের সব চেয়ে বেশি অসম্মানিত করা হয়েছে এই সাড়ে তিন বছরে। তাদের যে ক্ষমতাগুলো ছিল, গীতাঞ্জলি প্রকল্পে বেনিফিসিয়ারী তৈরি করতে বলা হলো, তাদের সেখান থেকে নাম ছাঁটাই করে দেওয়া হলো। আই.সি.ডি.এস. প্রজেক্টে তাঁরা চেয়ারম্যান ছিলেন, তাঁদের বাতিল করে দেওয়া হল। ব্লকে ব্লকে মাইনরিটি মনেটরিং কমিটিতে ছিলেন সেখান থেকে তাঁদের বাতিল করে দেওয়া হলো। সামগ্রিকভাবে এই সম্প্রদায়টাকে এবং এই বিধায়কদেরকে এই সরকারে তাদের সব চেয়ে বেশি হেনস্তা করছে। শেষ কথা, এই সরকার দুর্নীতির সঙ্গে আপস করছেন। আমরা দেখেছি জলপাইগুড়ি শিলিগুড়ি ডেভলপমেন্ট অথরিটির যে ২০০ কোটি

টাকার দুর্নীতি হয়েছিল তার যে মূল হোতা, কিরণ কুমার, তাকে আবার নতুন করে বেশি করে পদোন্নতি দিয়ে আবার রাখা হয়েছে। স্বাভাবিকভাবে আমরা বুঝতে পারি এই সরকার দুর্নীতির সঙ্গে আপস করছেন এবং দুর্নীতিগ্রস্ত লোকেদের সাথে করে নিয়ে চলছেন। শেষ যে কথাটা বলি স্যার আজকে তাঁরা সমস্ত কিছু খেয়ে ক্ষমতায় টিকে আছেন। একটা ছোট কথা স্যার, লাজ সরম কো ধোকে বইটে বীচ বাজার, আর ঘুংঘট দেখে সোচ রহে, কই নেহি দেখা, দেখ রেহে হাজারো হাজার।

শ্রী অজয় দে : মাননীয় চেয়ারম্যান স্যার, গত ১৯শে ফেব্রুয়ারী আমাদের এই পবিত্র বিধানসভায় ভারতবর্ষের সংবিধানের ১৭৬ অনুচ্ছেদ অনুযায়ী পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল মহোদয় যে ভাষণ রেখেছিলেন আমি সেই ভাষণ সমর্থন করে কয়েকটি কথা এই সভায় নিবেদন করতে চাই। স্যার, বিধানসভার সূচনার দিনে মাননীয় রাজ্যপাল মহোদয়, সরকারের যে অভিমুখ, সরকারের যে নীতি, সরকারের কাজের যে খতিয়ান, ভবিষ্যতে সরকারের কী পদক্ষেপ হবে সেই সম্পর্কে একটা দলিল এখানে উপস্থাপন করেন। স্বাভাবিকভাবে আমরা যাঁরা সদস্যরা আছি, সেটা অনুধাবন করি এবং আমাদের সেই বক্তব্যের পরিপ্রেক্ষিতে আমরা আমাদের সদস্য হিসাবে মত ব্যক্ত করি। কিন্তু এই কথা ঠিক, আমরা তো বাস্তবকে অস্বীকার করতে পারি না। সাদাকে সাদাই বলতে হয় কালোকে কালোই বলতে হয়। অত্যন্ত পরিতাপের বিষয়, জেগে ঘুমচ্ছেন আমাদের বিরোধীরা, আজকে এই রাজ্যের যে আমূল পরিবর্তন হয়েছে, যেটা অস্বীকার করার উপায় নেই, সেটা কিন্তু তাঁরা দেখবার চেষ্টা করছেন না। তাঁরা শুধু বিরোধিতা করার জন্য বিরোধিতা করছেন। খুব স্বাভাবিক ভাবেই এই কথাগুলো খুব অসত্যভাবে এখানে বার বার বলছেন বলে আমাদের যে গণতান্ত্রিক যে মূল জায়গা, মানুষ যারা, জনসাধারণ যারা তাঁরা খুব সঠিক সময়ে সঠিক রায় দিয়েছেন। যার পরিণতি আজকে আস্তে আস্তে তাঁদের মধ্যে প্রতিফলিত হচ্ছে। আমি প্রথমে বলি, আমাদের সরকার মানুষের কাছে দায়বদ্ধ, মানুষের ব্যাপক অংশের সমর্থন নিয়ে আমরা কাজ করছি।

[2.50—3.00 p.m.]

আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী একটা কথা বারবারই বলেন, মানুষের প্রতি দায়বদ্ধতাটা আমরা আমাদের কাজের মধ্য দিয়েই মর্যাদা দেব। প্রথমে বলি আগে এটা ভাবাই যেত না। এই সরকার প্রশাসনটাকে একদম মানুষের নাগালের মধ্যে নিয়ে গিয়েছে। প্রতিনিয়ত, প্রতিসময় প্রশাসন সম্পর্কে বিগত দিনের মানুষের যে ধারণা ছিল, সেই জায়গাটাতে কাজের মধ্যে দিয়ে মানুষের আস্থা, বিশ্বাস তৈরি করার ক্ষেত্রে একটা চরম পদক্ষেপ নিয়েছেন। আমরা বিগত দিনে দেখেছি কলকাতায় বসে, রাইটার্স বিল্ডিংয়ে বসে যে প্রশাসনটা পরিচালিত হত, খুব স্বাভাবিকভাবে মানুষের ধরা ছোঁয়ার বাইরে থাকত। আজকে সরকার, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর চিন্তা-ভাবনার মধ্যে দিয়ে আমরা দেখছি, যে বিস্তীর্ণ ১৯টা জেলা রয়েছে, নিয়ম করে প্রতি বছর সেই জেলায় মন্ত্রী সভার সদস্য এবং সমস্ত দপ্তরের আধিকারিকদের নিয়ে প্রশাসনটা মানুষের কাছাকাছি পৌঁছচ্ছে। আমরা এটা দেখছি, শুধু

আমাদের বিভিন্ন অভিজ্ঞতার মধ্যে দিয়ে নয়, আমরা বারবার দেখেছি সরাসরি বিভিন্ন দপ্তরের আধিকারিকদের নিয়ে কাজের মূল্যায়ন হচ্ছে, ইন্টারকশন হচ্ছে। আমরা দেখছি একটা জিনিস, একজন বি.ডি.ও তার অসুবিধার কথাটা সরাসরি বলছেন মুখ্যমন্ত্রীকে। যেটা বিগত দিনে আমরা ভাবতেও পারিনি। আমার অভিজ্ঞতা দীর্ঘদিনের। আমি বিধায়ক হিসাবে অনেকদিন ধরে আছি। আমার অভিজ্ঞতা এটুকুই বলে যে, একটা মানুষের আস্থা এবং বিশ্বাসের মূল চাবিকাঠিটা কিন্তু তৈরি হয় একটা সরকারের কাজের মধ্যে দিয়ে, কাজের পদক্ষেপের মধ্যে দিয়ে, কাজের পরিচালনার মধ্যে দিয়ে। সেই জায়গাটা তৈরি হওয়াতে একটা জিনিস খুব পরিষ্কার হয়েছে যে আমরা কাজ সম্পর্কে একজন সরকারী আধিকারিককে যেমন আমরা তিরস্কৃত করতে পারছি, তেমনি ভাল কাজের জন্য পুরস্কৃতও করতে পারছি। এই যে জায়গাটা তৈরি হওয়ার ক্ষেত্রে মানুষের আস্থা এবং বিশ্বাস বেড়েছে এবং মানুষের আস্থা, বিশ্বাস যত বাড়ছে, আজকে বিভিন্ন নির্বাচনের মধ্যে দিয়েই সেটা প্রতিফলিত হচ্ছে। এখানে আইন-শৃঙ্খলার কথা হচ্ছিল। আপনারা বলুন তো ২০১৩ সাল থেকে যে পঞ্চায়েতের নির্বাচন হয়েছে, ২০১৪ লোকসভার নির্বাচন হয়েছে, বিভিন্ন উপনির্বাচন হয়েছে, একটা মৃত্যুর ঘটনা ঘটেছে ? ব্রড বেস ইলেকশান হিসাবে আজকে এই সরকারের আমলে প্রমাণ হয়েছে যে, বিভিন্ন জায়গায় নির্বাচনগুলি শান্তিপূর্ণভাবে হচ্ছে। শান্তিপূর্ণভাবে হচ্ছে বলেই মানুষের গণতান্ত্রিক রাজ সঠিক জায়গায় সঠিক সময়ে পৌঁছে দিতে পারছে। এত বড় বড় উৎসবগুলো হচ্ছে, উৎসবের দিনগুলো আপনি বলুন—দুর্গাপূজা হয়েছে, ঈদ হয়েছে, মহরম হয়েছে, খ্রীষ্টমাস হয়েছে, কোন জায়গায় কোন অঘটন ঘটেনি। বিনা রক্তপাতে দার্জিলিঙের সমস্যার সমাধান হয়েছে। দার্জিলিং নিয়ে একদিন কী বলেছিলেন বিরোধীরা ? যখন চিদম্বরম সাহেব এসেছিলেন, আমাদের মুখ্যমন্ত্রী যখন ওখানে সভা করছিলেন, বিরোধিরা তখন রে রে করে উঠেছিলেন, সোচ্চার হয়েছিলেন, রব তুলেছিলেন যে বাংলা ভাগ হয়ে গেল, গোর্খাল্যান্ড প্রতিষ্ঠিত হল, বাংলায় অশান্তি হবে। নতুন করে আবার অশান্তির বীজ বপন করলেন কে ? না, আমাদের মমতা ব্যানার্জীর সরকার। মাস গেছে, দিন গেছে, বছর গেছে, আজকে সেই জায়গায় বিনা রক্তপাতে দার্জিলিঙের মত জায়গার সমস্যার সমাধান হয়েছে। আজকে এটা মানুষ অস্বীকার করবেন ? এই ঘেরাটোপের মধ্যে দাঁড়িয়ে আজকে কী বলছেন তারা ? সত্যের আপলাপ করছেন। জঙ্গলমহলে এমন একটা দিন যায়নি, একজন শিক্ষকও খুন হয়নি, একজন ছাত্র খুন হয়নি, একজন কৃষক খুন হয়নি, একজন শ্রমিক খুন হয়নি, প্রতিদিন মানুষ আশঙ্কায় ভুগেছে। সেই জায়গায় দাঁড়িয়ে আজকে মানুষ যেখানে পিঁপড়ের ডিম আর গাছের পাতা সেদ্ধ করে সেই জায়গায় বেঁচেছিল, সেই জায়গায় মানুষের আজকে স্বাস্থ্যের সুযোগ এসেছে, শিক্ষায় সুযোগ এসেছে। মানুষ আজকে দু'টাকা কে.জি.দরে চাল পাচ্ছে। সর্বোপরি মানুষ আজকে শান্তিতে ঘুমোচ্ছে। এই জায়গাটা তৈরি হয়েছে একমাত্র আমাদের সরকার মমতা ব্যানার্জীর চিন্তা-ভাবনার মধ্যে দিয়ে। সকলকে নিয়ে সম্মিলিতভাবে এই রাজ্যটা পরিচালিত হচ্ছে বলে। এখানে সংখ্যালঘুদের কথা বলছিলেন। আমি আবার বলে যাই, সরকারী হিসেব কী বলে ? আমরা বাজেটে চার গুণ বৃদ্ধি করে দিয়েছি। আজকে যেখানে জবরদখল হচ্ছিল বিভিন্ন

বেরিয়াল গ্রাউন্ডগুলো, পবিত্রতা রক্ষা হচ্ছিল না, কবরস্থান ঘিরে দিয়ে কি খুব অন্যায় করেছে এই সরকার ? সংখ্যালঘু ভবনগুলোতে যে বই তৈরি হয়েছে, সেখানে কি ইনফরমেশান পাচ্ছে ? বিভিন্ন রকম যে কর্মসূচী, বিভিন্ন রকম যে প্রকল্প, সেগুলো মানুষ পাচ্ছে। সেই জায়গাটায় আজকে ওরা প্রমাদ গুণছেন, ওরা শুধু বিরোধিতার জন্যই বিরোধিতা করবেন, যত বিরোধিতা করবেন তত মানুষ ওদের আস্তাকুঁড়ে নিক্ষেপ করবেন। আমি বক্তব্য দীর্ঘায়িত করব না। শুধু আমি এখানে আমাদের মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাব। গত ২১শে ফেব্রুয়ারী বাংলাদেশে যে সফর হয়েছে, নিশ্চিতভাবে আমাদের বাঙালি জাতির মধ্যে আশার সঞ্চার করেছে। এপার বাংলা আর ওপার বাংলার বাংলা ভাষাকে কেন্দ্র করে যে ভাষা সেতু বন্ধন হয়েছে সেটা আরও শক্তিশালী হয়েছে। শুধু ভাষা আন্দোলনের শহিদদের প্রতি শ্রদ্ধা নয় স্যার, ওপার বাংলার ছিটমহল এলাকার মানুষরা বসবাস করছে সেই বাংলা ভাষী মানুষের বুকে আশার সঞ্চার ঘটেছে। পাশাপাশি বাঙালি যে প্রধান ইলিশ মাছ সেই সুস্বাদু ইলিশ মাছে তাদের মনে সেই আশার সঞ্চার ঘটেছে। আমি মনে করি, আমাদের যে রাজ্যপালের ভাষণ আমার স্বল্প সময়, আমি আপনাদের কাছে একটিই আবেদন করব যে, বাস্তবের মুখোমুখি দাঁড়িয়ে কথা বলুন। মানুষ আপনাদেরকে ক্ষমা করবে না। তাই রাজ্যপালের ভাষণকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় চেয়ারম্যান স্যার, রাজ্যপালের ভাষণের ওপরে ধন্যবাদ জ্ঞাপন প্রস্তাবের ওপরে আলোচনা করতে গিয়ে আমার প্রথম বক্তব্য যে, আমরা মার্কসবাদীরা, কমিউনিস্টরা মনেই করি না যে, সংসদীয় গণতন্ত্র দিয়ে মানুষের কোনো মৌলিক সমস্যার সমাধান হয়। তৎসত্ত্বেও আমরা সমাজের আমূল পরিবর্তনের জন্য প্রয়োজনীয় বিপ্লব সংগ্রামকে শক্তিশালী করার তাগিদ থেকেই সংসদ বা বিধানসভায় আসি এবং যতটা পারি মানুষের দাবি পার্লামেন্টে, বিধানসভায় তুলে ধরি। অন্যায়ের প্রতিবাদ করি। Just cause-এর জন্য ফাইট করি। তাই বিধানসভায় regular আসারও চেষ্টা করি। এই দৃষ্টিভঙ্গি থেকেই যতটুকু সময় দেওয়া হয়েছে তা ব্যবহার করার চেষ্টা করব। মাননীয় রাজ্যপালের ভাষণ রাজ্য সরকারই বানিয়ে দেয়। এই ঘটনা প্রথম ঘটছে না। সরকার যদি খোলাখুলি তার যা কৃতিত্ব আছে তার সঙ্গে তার দুর্বলতা, ফেলিওরগুলিও যদি বলতে পারত তাহলে এত সমালোচনায় আমাদের পড়তে হত না। কিন্তু তা তো করছে না। বরং রাজ্যপালকে দিয়ে এমন কিছু করা হয়েছে যা শেষ বিচারে আমাদের অত্যন্ত দৃষ্টিকটু মনে হয়েছে। যেমন, ধরুন সব থেকে বড় করে যেটা বলা হয়েছে যে, India Today Best City Awards 2014-র একটা report. যাকে রেফার করে বলা হয়েছে যে, অপরাধের হার ও নিরাপত্তার বিচারে কলকাতাকে সেরা শহর বলা হয়েছে। কিন্তু একই রিপোর্টে, ওই একই সংস্থা বলছে, health care-এর ক্ষেত্রে পুণে প্রথম, পরিষ্কার পরিচ্ছন্নতার ক্ষেত্রে চণ্ডীগড় প্রথম এবং পরিবেশ রক্ষার ক্ষেত্রে থানে শহর প্রথম। এডুকেশনের ক্ষেত্রে চেন্নাই প্রথম। এগুলি শুনতে আমাদের লজ্জা করে না ? over all সমস্ত শহরগুলির performance-এর ক্ষেত্রে চেন্নাই হচ্ছে প্রথম। সেটা ওই report-এ কিন্তু বলা হয়েছে। এগুলি আমার কাছে মনে হয় লজ্জার বিষয়। ফলে এই reference-গুলি রাজ্যপালের

ভাষণে স্থান পাওয়ার কথা নয়। স্থান পায়নি। আমি এগুলি ছেড়েই দিলাম। আপনারা NCRB quote করেছেন। কোট করে বলেছেন, Kolkata দেশের মধ্যে safest city so far as women security is concerned. খুব ভালো কথা। রাস্তায় ইলেকট্রনিক্স ডিসপ্লে বোর্ডেও সরকারি উদ্যোগে পয়সা খরচ করে এই মর্মে বিজ্ঞাপন আমি দেখছিলাম কয়েকদিন আগে। অন্য সিটিগুলির তুলনা করে এই আলোচনাগুলি করা হয়েছে। আমার বক্তব্য হচ্ছে, এটাকি খুব আশা-আনন্দের কথা বলে আপনারা মনে করেন ? একটা-দুটো সংখ্যার তারতম্য দেখিয়ে এই বিচার করবেন আপনারা ? ধরুন একটা শহরে একশোটা রেপ হয়েছে আর একটা শহরে একশো দশটা রেপের রিপোর্ট হয়েছে। তাতে কি বলা যাবে যে, প্রথম যে শহরটা যেখানে একশোটা রেপ হয়েছে সেটা নারীদের কাছে খুবই নিরাপদ ? এটা কি আপনারা বলবেন সেই ভাবে ? একজন নারীর মান-সম্মান চরম লাঞ্ছনার জ্বালা, কেবল ভিকটিম দের সংখ্যা দিয়ে বিচার করবেন ? এই লাঞ্ছিতেরা বিচার পেলেন কি পেলেন না, ক্রিমিনাল উপযুক্ত শাস্তি পেল কি পেল না, সরকারের কোনো বিবৃতি বা স্টেপ থেকে প্রশ্রয় পেল কিনা-এগুলি বিচার্য-বিষয় হবে না আপনাদের কাছে ? আর তা যদি না হয় তাহলে ওই রাজ্যপালের ভাষণ বা ওই বিজ্ঞাপন সেটা রাজ্যের নারী সমাজের কাছে কি বার্তা নিয়ে যাবে যে লাঞ্ছিতেরা ওটা দেখবে, যারা লাঞ্ছিতা হয়েছেন, যারা দেখবেন ওই বিজ্ঞাপন তারা মনে করবে যে, এই শহরটা নিরাপদ তাদের কাছে ? আপনারা মনে একটু ভেবে দেখবেন। পুলিশের ভূমিকা বলা হয়েছে। পুলিশের ভূমিকা কী এখানে ? সরকারী বা শাসক দলের অঙ্গুলিহেলনি ছাড়া পুলিশ বহুদিন ধরে কাজ করে না। মাঝে মাঝে ক্রিমিনালদের অ্যারেস্ট করে দেখানো হয় যে, এই তো সরকার ক্রিমিনাল অ্যারেস্ট করেছেন। কে বলেছে, সরকার অ্যারেস্ট করে না ? কখন সেই অ্যারেস্ট-টা হয় সেটা মন্ত্রী বা নেতার অঙ্গুলীহেলন ছাড়া কোনো দিন অ্যারেস্ট হয়েছে ?

[3.00—3.10 p.m.]

Arrest হয়নি। পুলিশ independently কাজ করেছে এই দাবি আপনারা করতে পারবেন ? পুলিশ independently কাজ করে না। নেতা-মন্ত্রীর অঙ্গুলিহেলনেই সে কাজ করে। এই হস্তক্ষেপ কী বন্ধ হবে ? পুলিশের ভূমিকার একটা সাম্প্রতিক উদাহরণ আমি আপনাদের সামনে তুলে ধরছি। গত 5th ফেব্রুয়ারী আমাদের দলের নেতৃত্বের একটা ঘোষিত আইন অমান্য আন্দোলন ছিল। ঘোষিত এবং পুলিশের পার্মিশন নিয়ে, পুলিশ যেখানে মিছিল নিয়ে যেতে বলেছিল সেখানে নিয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে বলা হল 'এই জমায়েত বে-আইনী।' লাঠি-চার্জ করা শুরু হল। এতে শতাধিক ব্যক্তি আহত হলেন। একজনের একটা চোখ সম্পূর্ণ ভাবে নষ্ট হয়ে গেছে। আর একটা চোখ ইনজিওরড। আরো একজনের চোখ ইনজিওরড। এই দুজনের এখানে কিছু করা যায়নি, হায়দ্রাবাদে পাঠিয়েছি চিকিৎসা করার জন্য। যদি চোখ দুটো রক্ষা করা যায়। আমাদের বিরুদ্ধে অভিযোগ কী ছিল ; including Me ? আমাদের বিরুদ্ধে অভিযোগ ছিল আমরা মারাত্মক অস্ত্রশস্ত্র নিয়ে পুলিশকে আক্রমণ করেছি। আমাদের ২২ জনের বিরুদ্ধে জামিন অযোগ্য মামলা দেওয়া

হয়েছে। আমরা মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে গিয়েছিলাম। গিয়ে সেখানে অভিযোগ করেছি। আমরা চিঠি দিয়েও মাননীয়া মুখ্যমন্ত্রীকে জানিয়েছি এই সমস্ত ঘটনা। পুলিশের এই ভূমিকা-টা কী ? ভূমিকা হচ্ছে, সেই ঔপনিবেশিক যুগের যে হেরিটেজ, সেই হেরিটেজ নিয়ে পুলিশ চলছে। যাঁরাই বিরোধী দলে থাকে তাঁদেরই এই আচরণ সহ্য করতে হয়। পুলিশকে এই ভূমিকা পালন করতে দেওয়া হবে কেন ? কেন পুলিশ অ্যাক্টকে ডেমোক্রাটাইজ করা হবে না ? এই প্রশ্ন আগেও আমাদের দলের তরফ থেকে তোলা হয়েছে এবং আমিও আবার আপনাদের সামনে তুলে ধরার চেষ্টা করছি।

আপনারা বার বার বলেছেন 'শিক্ষা দলতন্ত্র মুক্ত হবে।' সাতকাহন করে এটা বলে দেওয়া হয়েছে। আইন করেও বলে দেওয়া হয়েছে 'দলতন্ত্র-মুক্ত হবে'। বিধায়ক, সাংসদ, মন্ত্রী, নির্বাচনে হেরে যাওয়া প্রার্থী তাঁদের বিভিন্ন পজিশনে বসিয়ে দলতন্ত্র-মুক্ত হবে এটা কী আপনারা মনে করেন ? এইভাবে শিক্ষা দলতন্ত্র মুক্ত হতে পারে না। শিক্ষায় দলতন্ত্রের যে ফাঁস, যে পরম্পরা সেই পরম্পরা থেকে কিন্তু শিক্ষা বলুন, উচ্চশিক্ষা বলুন এখনো পর্যন্ত মুক্ত হতে পারল না। এটা কিন্তু আপনাদের ভাবতে হবে। শিক্ষার বিভিন্ন সরকারী কমিশন থেকে কী অবস্থা হয়েছে আজকে ? সরকারী কমিশন থেকে শুরু করে বিশ্ব-বিদ্যালয়ের উপাচার্য পর্যন্ত যদি শাসক স্বার্থের অনুকূলে কাজ না করে তাহলে তাকে আক্রমণ কর, তার বিরুদ্ধে মিছিল কর, তাকে পেটাও। এই জিনিস চলছে। আর, এটা যারা করছে তাদের আবার নামকরণ করে দেওয়া হয়েছে। তারা হচ্ছে শিক্ষা বন্ধু। অদ্ভুত ! কোন রাজ্যে আমরা বাস করছি ! সম্প্রতি এই রকম শিক্ষা-বন্ধুর নমুনা আমরা দেখলাম কল্যাণী বিশ্ব-বিদ্যালয়ে। এক শিক্ষা-বান্ধবী কী রকম বন্ধু বাৎসল্য সেখানকার এক অফিসারের প্রতি দেখিয়েছেন সেটা আপনারা টি.ভি.চ্যানেলে দেখেছেন। এই হচ্ছে শিক্ষার অবস্থা ! আবার, কোন কোন উপাচার্য আসছেন, অবশ্যই তাঁরা স্নেহধন্য, স্নেহধন্য ছাড়া আসা খুব মুশকিল। কী তাঁদের ছাত্র-প্রীতি ? সেই ছাত্র-প্রীতির নমুনা আমরা যাদবপুরে দেখেছি। সেই উপাচার্য লিখলেন যে তাঁর প্রাণ সংশয় হতে পারে। 'তাঁর প্রাণ সংশয় হতে পারে ছাত্রদের হাতে'-লিখে দিলেন বলে সরকার পুলিশ পাঠিয়ে দিল ? একবারও বিচার-বিবেচনা করে দেখল না উপাচার্য যেটা লিখছেন, সত্যি তাঁর প্রাণ সংশয় হচ্ছে কিনা, তার প্রাণ সংশয় দেখা দিয়েছে কিনা। এটা বিচার না করে সরকার পুলিশ পাঠিয়ে দিল ? এটা কখনো হতে পারে ? অথচ, এই ঘটনা ঘটল এবং যাদবপুর বিশ্ব-বিদ্যালয় বহুদিন ধরে অচল হয়ে রইল আপনারা জানেন।

এবারে রাজ্যের শিল্পের কথায় আসি। শিল্পের চেহারা-টা কিন্তু ক্রমাগত কঙ্কালসার হয়ে পড়ছে। বছরের পর বছর ধরে এটা পরিস্ফুট হচ্ছে। এটা কিন্তু অস্বীকার করার আজকে কোন জায়গা নেই। আমরা দেখছি বহু বছর ধরে বিনিয়োগের প্রস্তাব এবং লক্ষ লক্ষ কর্মসংস্থানের কথা বলা হয়েছে এবং বার বার বলা হচ্ছে। মহামান্য রাজ্যপাল এই কথাগুলো শুনিয়েছেন। কিন্তু বাস্তবে কী অবস্থা দাঁড়িয়েছে ? ম্যানুফ্যাকচারিং ইন্ড্রাস্ট্রি শেষ হয়ে গেছে। যে ম্যানুফ্যাকচারিং ইন্ড্রাস্টি লেবার ইনটেনসিভ ইন্ড্রাস্ট্রি হিসাবে গড়ে উঠতে

পারত, সেখানে কিছু কর্মসংস্থান হতে পারত, সেই ম্যানুফ্যাকচারিং ইন্ড্রাস্ট্রি প্রায় শেষ। সারা দেশের মত এই ম্যানুফ্যাকচারিং ইন্ড্রাস্ট্রির বাজার না থাকায় মালিকের লাভ কম হচ্ছে এবং মালিকের সেই লাভ যাতে পূরণ হয় তার জন্য শিক্ষা, স্বাস্থ্য, প্রভৃতি জায়গাগুলোকে বে-সরকারী মালিকদের হাতে ছেড়ে দেওয়া হচ্ছে , তাদের লাভের ব্যবস্থা করে দেওয়া হচ্ছে। আমাদের রাজ্যেও একইভাবে প্রাইভেট ইউনিভার্সিটি খুলে দেওয়া হচ্ছে। এর আগে প্রাইভেট ইঞ্জিনিয়ারিং কলেজ খোলা হয়েছিল। এগুলো কাদের জন্য খোলা হয়েছিল ? ওই ম্যানুফ্যাকচারিং ইন্ড্রাস্ট্রিতে ইনভেস্ট করে যাদের লাভ হচ্ছে না বাজারের অভাবের জন্য তাদের লাভকে পরিপূরণ করার জন্য এই ব্যবস্থা করে দেওয়া হচ্ছে। ফলে এটা ভাবা দরকার আছে। আমাদের রাজ্যে বহুদিন ধরে মানবাধিকার কমিশনের কোন অস্তিত্ব নেই। আক্রান্ত মানুষ যাবে কোথায় ? একটা মানবাধিকার কমিশন যেটা তৈরি করে রাখা হয়েছে ঠুটো জগন্নাথ হিসাবে। মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে গিয়ে বলেছিলাম। তিনি বলেছিলেন বিচারপতি পাচ্ছেন না। এটা কোন অজুহাত হতে পারে ? একজন বিচারপতি পাওয়া যাচ্ছে না বলে মানবাধিকার কমিশন গঠিত হবে না। মানুষ সেখানে যেতে পারবে না ? একজন পুলিশ অফিসার যার বিরুদ্ধে অভিযোগ আছে তিনি মানবাধিকার কমিশনের চেয়ারম্যান হিসাবে থাকবেন ? পেট্রল, ডিজেলের দাম আন্তর্জাতিক বাজারে যতটা কমেছে তাতে পেট্রল ডিজেলের দাম অর্ধেক কমানোর দরকার ছিল। কেন্দ্রীয় সরকার সেটা করেনি। কেন করেনি ? তাই কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে প্রতিবাদ হওয়া দরকার, আন্দোলন হওয়া দরকার। কিন্তু এখানে যতটুকু কমেছে তারজন্য যে বাসের ভাড়া কমানোর দরকার ছিল সেই বাসের ভাড়া কমছে না। শ্রমিক আন্দোলনের কথা যদি বলি যতদিন যাচ্ছে শ্রমিক আন্দোলন করা যাবে না। স্ট্রাইক করা যাবে না, বন্ধ করা যাবে না। এই সমস্ত কথাগুলো দিনের পর দিন বলে দেওয়া হচ্ছে। ফলে যে আন্দোলন করে ক্ষমতায় এসেছিলেন সেই আন্দোলনের রাস্তাটা আপনারা আস্তে আস্তে বন্ধ করে দিচ্ছেন। এই কথাগুলো কিন্তু রাজ্যপালের রিপোর্টের মধ্যে নেই। ফলে সামগ্রিকভাবে এই রাজ্যপালের রিপোর্টকে আমি সমর্থন করতে পারছি না। ধন্যবাদ।

শ্রী শমীক ভট্টাচার্য : মাননীয় চেয়ারম্যান, ১৯শে ফেব্রুয়ারী এই মহতী সদনে মহামান্য রাজ্যপালের ভাষণ আমার এবং আমাদের বিবেচনায় অর্ধসত্যের কাছাকাছি, কল্পনাবিলাসী এবং বাস্তবের থেকে বহুদূরে। আমাদের এখানে একটা সরকার তৈরি হয়েছিল ২০১১ সালে। প্রেক্ষাপট ছিল ভিন্ন। বাঙলার মানুষ জানতেন—কলকাতা লন্ডন হবে না, দীঘা গোয়া হবে না, দার্জিলিং কোন দিনই সুইজারল্যান্ড হবে না। প্রতিটি মহকুমায় একটা করে সুপার স্পেশালিটি হাসপাতাল হবে না। এক কোটি বেকারের কর্মসংস্থানের সুযোগ রাতারাতি তৈরি করে দেওয়া যাবে না। শিক্ষাঙ্গনকে সম্পূর্ণ দলতন্ত্র থেকে মুক্ত করা যাবে না, মধ্য মেধার চাষকে স্তব্ধ করা যাবে না। কিন্তু তাও মানুষ ভোট দিয়েছিলেন। মানুষ ভোট দিয়েছিলেন একটা ঔদ্ধত্যের বিরুদ্ধে। মানুষ ভোট দিয়েছিলেন একটা বাধ্যতার সংস্কৃতির বিরুদ্ধে। মানুষ ভোট দিয়েছিলেন যারা সাম্যবাদের স্বর্গরাজ্যে উত্তরণের নাম করে দীর্ঘ সংগ্রামের মধ্য দিয়ে নিজেদেরই ছোট ছোট দেবতায় রূপান্তরিত করে ফেলেছিলেন, তাদের

শরীরী ভাষার বিরুদ্ধে। কিন্তু পরিবর্তিত পরিস্থিতিতে আমরা কী পেয়েছি ? এই মুহূর্তে যারা এখানে সকলে উপস্থিত আছেন-হয়তো আমিই একমাত্র এখানকার সদস্য নীতি, আদর্শগতভাবে সকলেই আমার বিরুদ্ধে। আপনাদের ভাষায় আমি একজন উগ্র জাতীয়তাবাদী, উগ্র সাম্প্রদায়িক, উগ্র হিন্দুত্ববাদী রাজনৈতিক দলের প্রতিনিধিত্ব করছি। ....(গোলমাল)....কিন্তু আপনাদের অবগতির জন্য জানাই, গত লোকসভা নির্বাচনের পরে আমাদের ৬ জন সংখ্যালঘু মানুষ মারা গেছেন। বীরভূম থেকে শুরু করে সুদূর উত্তরবঙ্গ পর্যন্ত। আক্রমণ কোন জায়গায় বন্ধ করা হয়নি। সীমান্তের কথা....কাকে বলছেন ? দয়ায় আসিনি, আকাশ থেকে আসিনি, আপনাদের সঙ্গে লড়ে, হারিয়ে এখানে এসেছি। যেখানে আপনারা যাচ্ছেন, আপনাদের অর্ধেক সদস্য যে ১১ নং অশোকা রোডে অ্যাপ্লিকেশন দিচ্ছেন গোপনে, রাত্রি আড়াইটার সময় যারা যারা যাচ্ছেন দলবদলের খসড়া তৈরি করতে, সেখানে ছিলাম। .....(গোলমাল)...সময় নষ্ট করবেন না। আইনশৃঙ্খলা পরিস্থিতি আমরা দেখছি। একদিকে দেখছি খিদিরপুর, দুবরাজপুরে দুই জন পুলিশ কর্মী নিহত হলেন। যারা মূল অভিযুক্ত ছিলেন তারা আজকে পৌর নির্বাচন সংগঠিত করবার জন্য অতিমাত্রায় সক্রিয়। বোলপুরে থানা ভাঙচুরের ঘটনা, একদিকে দেখা যাচ্ছে পুলিশ মাথায় ফাইল নিয়ে টেবিলের তলায় ঢুকে পড়ছেন। আর অন্যদিকে সেই পুলিশই একজন সংখ্যালঘু মহিলাকে তুলে নিয়ে গিয়ে তার সর্বাঙ্গে বিছুটিপাতা ঘষে দিচ্ছেন। আইনশৃঙ্খলার পরিস্থিতিটা রয়েই গেছে। ক্যালকাটা সেফ সিটি। রাজ্যের মুখ্যমন্ত্রী শুধু কলকাতার মুখ্যমন্ত্রী নন, তিনি সমগ্র পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী। এই সরকারটা বাংলার সরকার। ন্যাশনাল ক্রাইম ব্যুরোর রেকর্ড যদি আমরা বিশ্লেষণ করতে যাই তাহলে শেষ প্রকাশিত রিপোর্টে ১৬৮৫ টি রেপ, ৫৪৯০ টা মলেস্টেশন। আমাদের আই.পি.সি তে ৮ লক্ষ ৭০ হাজার মামলা বিভিন্ন কোর্টে পেন্ডিং।

[3.10—3.20 p.m.]

২৭ হাজার অ্যাকুইটেড হয়ে গেছে। 4% বেশি আমরা conviction করতে পারিনি। এটা হচ্ছে আমাদের বর্তমান justice deliverance সিস্টেম। বিগত সরকারের আমলে আমরা দেখেছিলাম প্রশাসন এবং দলের মধ্যে বিভাজন রেখা সূক্ষ্ম হয়ে গিয়েছে। কিন্তু এই সরকারের আমলে দল, নেতা, নেত্রী, প্রশাসন, পুলিশ মিলেমিশে একাকার হয়ে গেছে। আমরা আজ যারা এখানে দাঁড়িয়ে শিল্পের প্রস্তাবনার কথা বলছি। যারা দিনের পর দিন আইন-শৃঙ্খলার কথা মানুষের সামনে বলে চলেছি, তাদের মনে রাখতে হবে যে, ২ লক্ষ কোটি টাকার এই ভাষণ দীর্ঘক্ষণ আমরা চর্চা করছি। অতীতে আমরা শুনেছিলাম বামফ্রন্ট সরকারের আমলে dollar আসছে, pound আসছে, ইয়েন, স্টার্লিন আসছে, ডয়েস, মার্ক আসছে, বাংলার শিল্পায়ন হবে। কর্মসংস্থানের জোয়ার বইবে। কতগুলো MOU স্বাক্ষরিত হয়েছিল। মাননীয় পার্থ চট্টোপাধ্যায় যখন শিল্পমন্ত্রী ছিলেন তার সময় ঘোষণা ছিল প্রায় ১ লক্ষ ৯০ হাজার কোটি টাকা বিনিয়োগ আসছে। বর্তমানে যিনি শিল্প মন্ত্রী তিনি বলছেন, বিনিয়োগের পরিমাণ ২ লক্ষ কোটি টাকার মত। ২ লক্ষ ৪৩ হাজার কোটি টাকার MOU স্বাক্ষরিত হয়েছে। যে গুজরাটের উপর অগ্নিবর্ষণ করে চলেছেন in comparison, গুজরাটে MOU স্বাক্ষরিত হয়েছে ২৬ লক্ষ কোটি টাকা। কিন্তু মৌ

স্বাক্ষরিত হওয়া মানেই তো কোন শিল্পায়ন সম্ভব নয়। এই যে ফিগার দিনের পর দিন মানুষের সামনে দেওয়া হচ্ছে, রাজ্যের শিল্পের অবস্থা কী ? আজকে ৫০%-র বেশি রাইস মিল বন্ধ হয়ে গেছে। ৭০%-র বেশি স্পঞ্জ আয়রন কারখানা দুর্গাপুর ও হাওড়ায় বন্ধ হয়ে গেছে। শেফিল্ড অফ ইন্ডিয়া, হাওড়া ডিস্টিক্ট আজ ধুঁকছে। Benaras Road-র দিকে তাকিয়ে দেখুন যেখানে একদিন আকাশ দেখা যেত না, সেখানের অবস্থা কি। আজকে প্রত্যেকটা জুটমিলে সংঘর্ষের ঘটনা বেড়ে চলেছে। সেখানে শ্রমিক-মালিকদের সম্পর্ক তলানিতে গিয়ে পৌঁছেছে। অধিকাংশ চা বাগান বন্ধ হয়ে গেছে। ...(নয়েজ)...স্যার, আমাদের হ্যান্ডলুম শিল্পের অবস্থাটা কী ? আমরা জনতা শাড়ি import করছি অন্ধ্রপ্রদেশ থেকে। আমাদের এখানে যারা মায়েরা, বোনেরা বসে আছেন সম্মানীয়া সদস্যারা অধিকাংশ টাঙ্গাইলের শাড়ি পরছেন। এই শাড়ি আজকে বাংলার তাঁতে তৈরি হচ্ছে না। সম্পূর্ণ বাংলাদেশ থেকে smuggle হয়ে ৮০%-শাড়ি গোটা কলকাতা, গোটা পশ্চিমবঙ্গের বাজার দখল করে ফেলেছে। আজকে তাঁতিরা সম্পূর্ণ হতাশার মধ্যে দিয়ে যাচ্ছে। ....(নয়েজ) ....জনতা শাড়ি কোথা থেকে আসছে আপনারা দেখুন, খোঁজ নিন। এই পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে আমরা যে শিল্পায়নের কথা মানুষের সামনে বলেছিলাম আজকে বাস্তবে কোন স্থিতিতে পৌঁছেছে। যে জিডিপির গ্রোথ এই ভাষণের মধ্যে দিয়ে দেখানো হল, এটা agro-product এর contribution। এখানে industry-র contribution কোথায় ? যদি ব্রেক আপ দেখান, যদি জি ডি পি-র এই রেট লোকের সামনে আনতে চান তাহলে তাকে মনে করতে হবে। আপনারা কৃষি পণ্য নিয়ে কথা বলছেন, কৃষি বিপণন নিয়ে এখানে অনেক বিল এনেছি কিন্তু আজকে hard reality এটাই আজকে কৃষকরা ৭০০-৮০০টাকা করে ধান বিক্রি করতে বাধ্য হচ্ছে। এই distress সেলিংয়ের জন্য দায়ী কারা ? কারা এর দায়িত্ব নেবে ? শুধুমাত্র বিরোধিতার জন্য বিরোধিতা নয়। আজকে আমাদের বক্তব্য যেখানে এসে দাঁড়িয়েছে সংখ্যালঘু উন্নয়ন, বিভাজনের রাজনীতি, য়াজ্জিম ভাতা, ইমাম ভাতা দিয়ে কোন সম্প্রদায়ের উত্তরণের সম্ভব ? শুধু title বিতরণের মধ্যে দিয়ে এই উত্তরণ সম্ভব ? শুধু নরেন্দ্র মোদীর আক্রমণ করে, গুজরাট দাঙ্গার গল্প শুনিয়ে আর কতদিন পশ্চিমবঙ্গের রাজনীতি, কত দিন এই সরকার চলবে। আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় দীর্ঘদিনের রাজনৈতিক কর্মী। তিনি corporate রসে সিক্ত, শিক্ষায় সম্পৃক্ত। কিন্তু হাসিখুশি পার্থ চট্টোপাধ্যায় তার নেত্র বিস্ফোরিত, তিনি বিরক্ত, ক্ষুব্ধ। কারণ সংঘাত চলেছে তার মেধার সঙ্গে তার হৃদয়ের। আজকে তিনি চেষ্টা করছেন। এর আগে একজন অর্জুন ছিলেন। তিনি দাপিয়ে বেড়াচ্ছিলেন বিভিন্ন কলেজে, বিভিন্ন ইউনিভার্সিটির ক্যাম্পাস। কিন্তু সেই অর্জুনের মাথার উপরে একজন দ্রোণাচার্য ছিল। আজকে অর্জুন সরে গেছে, দ্রোণাচার্য আছেন কি নেই আমরা বিরোধী দল বুঝে উঠতে পারছি না। কিন্তু শিক্ষাঙ্গনে সংঘর্ষ বন্ধ করা যায়নি, গণ-টোকাটুকি বন্ধ করা যায় নি। এই দায়িত্ব এই সরকার কি সম্পূর্ণ অস্বীকার করে চলে যেতে পারেন ? আমরা কোথায় নিয়ে যাব। আমরা স্বাস্থ্যের কথা বলছি। আজকে যে fair price shop বিভিন্ন হাসপাতালগুলিতে আছে, এখানে যারা সম্মানীয় চিকিৎসকরা আছেন, আমাদের ডাঃ মানস

রঞ্জন ভূঞ্যা, সুদর্শনবাবু কিছুক্ষণ আগে পর্যন্ত ছিলেন। অজাকে তার আমলে প্রাইভেট প্র্যাকটিশ যে ডাক্তাররা হাসপাতাল থেকে বেরিয়ে করছেন তারা একপ্রকার মানুষকে discourage করছেন যে fair price shop-র যে ওষুধ সেই ওষুধের গুনমান নিয়ে। তারা বাইরে থেকে ওষুধ কিনতে বলছেন। আজকে বিভিন্ন সীমান্তবর্তী জেলা—সীমান্তবর্তী জেলার demographic configuration চেঞ্জ হয়ে গেছে। আজকে সুন্দরবনের স্বাস্থ্য ব্যবস্থা কোথায় ? আমি শুধু একটি কথা বলছি। দক্ষিণ ২৪ পরগণা, উত্তর ২৪ পরগনার সীমান্তে, মহকুমায় যে সমস্ত স্বাস্থ্যকেন্দ্র, হসপিটালগুলো আছে, সেখানে পাঁচ, ছয় ঘণ্টা নৌকা করে প্রসূতি মায়েদের সেখানে পৌঁছতে হয়। কোন পরিষেবা আজকে তারা পাচ্ছে ? আজকে আমরা কাগজে, কলমে এখানে কিছু statistics দিয়ে মানুষের সামনে বলছি যে আমরা বৈপ্লবিক উন্নতি সাধন করে ফেলেছি। কিন্তু বাস্তব, একদম রূঢ় বাস্তবের মাটিতে দাঁড়িয়ে আজকে সেই কথা বলা সম্ভব হচ্ছে না। আমাদের কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি নিয়ে সরকার একের পর বক্তব্য রেখে চলেছেন। কিন্তু একই সঙ্গে এই সরকারকে মনে রাখতে হবে যে একটা বিপুল সংখ্যক জনসংখ্যা, যারা কিছুদিন আগে Pongee scheme involved হয়ে গিয়েছিলেন। গত এক বছরে বিরাশি জন মানুষ, এজেন্ট এবং যারা বিনিয়োগ করেছিলেন, তারা আত্মহত্যা করেছেন। শুধু একটা মা সারদার জন্য এতগুলো মৃত্যু মিছিল বের হল। এরপরে পাশাপাশি আরও যারা বাজারে আছে, রামকৃষ্ণ অভেদানন্দ, বিবেকানন্দ-এদের যখন লালবাতি জ্বলবে পশ্চিমবঙ্গ কোথায় যাবে ? তাই আমাদের domestic market থেকে অর্থনীতিবিদদের হিসাবে সত্তর হাজার কোটি থেকে এক লক্ষ দশ হাজার কোটি টাকা আজকে সম্পূর্ণ siphoned off হয়ে গেছে। কারা এই দুর্নীতির দায়িত্ব নেবেন ? এক সরকার আগের সরকারের ঘাড়ে চাপিয়ে দিয়ে ৩৪ বছরের একটা মৃত সময়কে বার বার কাটাছেঁড়া করে, মর্গ থেকে টেনে বের করে আজকে নিজেদের দায়িত্ব সম্পূর্ণ এড়িয়ে রাখা যায় না। এবং সর্বোপরি আমাদের অবস্থা এখানে পৌঁছেছে যে সমস্ত quasi-judiciary authority গুলো defunct হয়ে গেছে। রাজ্যে মহিলা কমিশন, সংখ্যালঘু কমিশন, এস.সি, এস.টি কমিশন কোথায় ? রাজ্যে সংখ্যালঘু মহিলারা আজ বীরভূম জেলায়। রাতের অন্ধকারে সদ্যোজাত শিশুকে নিয়ে খোলা আকাশের নীচে রাত কাটাচ্ছে। পানীয় জলের টিউবওয়েলগুলো উপড়ে ফেলে দেওয়া হয়েছে। সংখ্যালঘু কমিশনকে আজকে সেখানে চোখে পড়া যাচ্ছে না এবং সাম্প্রতিক একটি সূত্রের খবর বলে শেষ করব। শোনা যাচ্ছে পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান অত্যন্ত সজ্জন একজন আই.এস.অফিসার বলে পরিচিত। তিনি শেখ নুরুল হক, তিনি নাকি পদত্যাগের ইচ্ছা প্রকাশ করেছেন। মাফ করবেন, এই ক্ষেত্রে যদি আমি কোন ভুল তথ্য, অসত্য তথ্য পরিবেশন করি, তাহলে আমায় মার্জনা করবেন। কিন্তু এটা শোনা যাচ্ছে, সূত্রের খবর, এটা যদি হয় তাহলে এটা অত্যন্ত দুর্ভাগ্যজনক। আমি আবার রাজ্যপাল মহোদয়ের প্রতি সম্মান প্রদর্শন করে বলছি, তিনি যে ভাষণ এই সদনে রেখেছেন তা অর্ধ সত্যের কাছাকাছি, ধন্যবাদ।

শ্রী কালীপদ মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গের রাজ্যপাল মাননীয় শ্রী কেশরীনাথ ত্রিপাঠী কর্তৃক প্রদত্ত ভাষণ, গত ১৯শে ফেব্রুয়ারী ২০১৫ তারিখে রেখেছেন,

তাকে পূর্ণ সমর্থন করে বক্তব্য রাখছি। সুভাষবাবু বসেছিলেন, চলে গেলেন বক্তব্য রাখার সময়। তিনি প্রথম বক্তা ছিলেন। তাঁর বক্তব্য দুটি দিক ছিল। একটা ছিল MGNREGA পুকুর চুরি হয়ে যাচ্ছে। আর একটা বক্তব্য ছিল যে মাননীয়া মুখ্যমন্ত্রী যে ব্লকে ব্লকে, জেলায় জেলায় সভা সমিতি করছেন, ৭৫টি সভা করেছেন, সেগুলো কোন কাজে আসছে না। আমার মনে হয় সুভাষবাবুর ধ্যান ধারণা পূর্বের থেকে একটু পাল্টানো উচিত। ব্লক স্তরে যে সভা, সমিতিগুলো হয়, মাননীয়া মুখ্যমন্ত্রী যেগুলি করে থাকেন, ডি.এম থেকে আরম্ভ করে, বি.ডি.ও. থেকে আরম্ভ করে, অন্যান্য আধিকারিকদের সঙ্গে আলাপ আলোচনা করে যেগুলো করে থাকেন সেগুলো কাজের অগ্রগতি আনার জন্য। আপনাদের জ্ঞাতার্থে আমরা জানাই যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে রিজারভেশানের পরে যে সব জায়গায় অনেক সভাপতি আছেন, অনেক জায়গায় প্রধান আছেন, যাদের কাজ সম্বন্ধে, প্রকল্প সম্বন্ধে কোন ধ্যান ধারণা নেই। আপনারা এটা জানবেন MGNREGA তে কাজ হচ্ছে। একটা পঞ্চায়েতে এক কোটি আশি লক্ষ টাকার কাজ হচ্ছে। তার পাশের পঞ্চায়েতে ৩৫লক্ষ টাকার কাজ হচ্ছে। Why the public will suffer ? আপনারা বলতে পারবেন ? এই প্রশ্নটা আপনি কোনদিন করেছেন ? আমি সুভাষবাবু থাকলে জিজ্ঞাসা করতাম তাঁর এলাকায় যে পঞ্চায়েতগুলো আছে, তাদের মধ্যে কাজের বৈষম্য আছে। কেন সেই বৈষম্য, সেটা খুঁজে বার করা এবং তৎপরতা সৃষ্টি করাই ছিল আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর উদ্দেশ্য। যে উদ্দেশ্য সাধনে আমি বলব সফল, MGNREGA তে ২৩.১৫ কোটি শ্রম দিবস সৃষ্টি হয়েছে। উল্লেখযোগ্য মাত্রা বৃদ্ধি পেয়েছে এবং কর্মে তৎপরতা হয়েছে। আপনাদের আমলে কোন ইউ.সি ছিল না। এখন কিন্তু নিত্য নৈমিত্তিকভাবে ইউটিলাইজেশান সার্টিফিকেটগুলো পৌঁছে যাচ্ছে। আজকে বি.ডি.ওদের উপর চাপ সৃষ্টি করার ফলে, আধিকারিকদের উপর চাপ সৃষ্টি করার ফলে কাজের অগ্রগতি অনেক বেড়েছে। সুভাষবাবু বলছিলেন পুকুর চুরি হচ্ছে। সাগরের দেশের লোক, পুকুর চুরির কথা বলছেন। আমরা জানি কিভাবে সাগর চুরি হয়েছিল আপনার ওই সেচ ডিপার্টমেন্টে।

[3.20—3.30 p.m.]

সেচ ডিপার্টমেন্টে কিভাবে সাগর চুরি হয়েছিল। আপনারা কোটি কোটি টাকার কাজ করতেন বর্ষাকালে। আমার শ্যামপুর কেন্দ্রে সাড়ে তিন বিঘে নদী। বারবার চিঠি দেওয়া সত্ত্বেও এমব্যাঙ্কমেন্ট গুলির একটা কাজও আপনারা করেননি। মানুষ নিজের উদ্যোগে ইঞ্জিনিয়ারদের কাজ মারফত বাঁধ মেরামত করতে বাধ্য হয়েছিল। কিন্তু আজ আমাদের সেচমন্ত্রী বয়সে নবীন হলেও কর্মতৎপরতায় অত্যন্ত প্রবীন, তিনি সমৃদ্ধির পথে অনেকটা এগিয়ে নিয়ে গেছেন। আজকে সেচের কাজ মানুষ দেখতে পাচ্ছে। বর্ষাকালে কাজ হয়নি, বন্ধ হয়ে গেছে। অতএব আপনার আমলে যে সাগর চুরি তার মুখে কোনদিন পুকুর চুরির কথা মানায় না। আজকে ব্যাঙ্ক অ্যাকাউন্টে টাকা চলে যায় MGNREGA-তে। প্রত্যেকের শ্রম দিবস শুরু হয় সেগুলি প্রত্যেকের ব্যাঙ্ক অ্যাকাউন্টে যায়। একটা জায়গার কথাও আপনারা বলতে পারেন ? সেটা ভাগ্যের দোষ আপনাদের। ভাগ্যের দোষ কি জানেন— একটা জায়গায় বলতে পারেন মাটি কাটতে হলে মহিলাদের ৭০ মাটি আর পুরুষদের ক্ষেত্রে

৯০ মাটি কাটতে হবে। সুপারভাইজার দেখছে ৫০টি মহিলা কাটতে পারে নি কিন্তু একটা রোজ দাবি করছে। কিছু বলতে গেলে কি বলবে জানেন তোর বাবার টাকা, মমতা ব্যানার্জী টাকা দিচ্ছেন আর তুই খবরদারি করতেছিস। অর্থাৎ আমাদের কাজে হাত দিসনি। নামটা কিন্তু মমতা ব্যানার্জীর এসে যাচ্ছে। করার কিছু নেই। আপনাদের ভাগ্য খারাপ। আপনার তো মূল্যায়ন করতে হবে কেন মমতা ব্যানার্জীর নাম আসছে সেটা তো বলতে হবে। মানুষ বলছে। অতএব আপনি হাউসে ফিরে এসেছেন ভাল হয়েছে। মানুষ বলছে মমতা ব্যানার্জীর নাম। MGNREGA-কাজের যে তৎপরতা এসেছে, শ্রম দিবস সৃষ্টি হয়েছে। মানুষ যে কাজ করছে-সুশান্তবাবু বলছিলেন অ্যাডমিনিস্ট্রেশনের ব্যাপারে। আমার মনে হয় সুশান্তবাবু বলছিলেন আমার মনে একটু কিন্তু লাগছিল। যে অশোকদা বলছিলেন-এ কি কথা শুনি মন্থরার মুখে। একজন জেলখাটা আসামী, একজন জেলখাটা প্রাক্তন মন্ত্রী আর একজন মন্ত্রী জেলে আছেন তাকে খোঁটা দিচ্ছেন। একজন জেলখাটা মন্ত্রী-অন্য কেউ বললে আমার কিছু আপত্তি ছিল না। কিন্তু একজন জেলখাটা প্রাক্তন মন্ত্রী-অন্য একজন মন্ত্রী আছেন আইন তার পথ ধরে এগোবে। ওনারও পিছনে আইন ব্যবস্থা আছে তারও পিছনে আইন ব্যবস্থা আছে। আইন তার সমুচিত জবাব দেবে। কিন্তু আমি আশ্চর্য হয়ে যাই আপনারা এইরকম কন্ট্রাডিকটারি কথা বলেন কী করে। আপনারা বলছিলেন—বাংলাদেশ গিয়েছিলেন আমাদের মুখ্যমন্ত্রী। সেই মুখ্যমন্ত্রীর সঙ্গে একজন ব্যবসায়ী গিয়েছিলেন। তিনি ফ্রড কেসে গেছেন (হইচই) একটু শুনুন (হইচই) শুনুন (হইচই) শুনুন। আমি আশ্চর্য হয়ে যাই (হইচই) সি.পি.এম দলিলে ফরওয়ার্ড ব্লক মাওবাদীদের সঙ্গে আঁতাঁত। ঘর সংসার চালালেন কিভাবে এতদিন ? (হইচই) মাওবাদীদের সঙ্গে সি.পি.এম দলিলে আঁতাঁত। আমি উদয়নবাবু থাকলে জিজ্ঞাসা করতাম—বলুন এতদিন ঘর-সংসারটা চলছে কি করে ? ধর্মের কল বাতাসে নড়ে। আগে বলতেন তৃণমূলের সঙ্গে মাওবাদীদের আঁতাঁত। আর আজকে আপনাদের পরিবর্তিত পরিস্থিতিতে বলছেন ফরওয়ার্ড ব্লকের সঙ্গে মাওবাদীদের আঁতাঁত। অদ্ভুত ব্যাপার। (হইচই) অদ্ভুত ব্যাপার। বলুন ঘর সংসার করছেন কিভাবে ? আছে তো গাঁটছড়াটা ? আছে ? করুন, জমিয়ে করুন। জমিয়ে রাজনীতি করুন। আর গালমন্দ শুনে যান, আর কিছুর দরকার নেই। আর সুভাষবাবুর সাগরচুরি। অনেকবার, অনেকবার চিঠি দিয়ে সুভাষবাবুকে জানিয়েছি। শ্যামপুর থানা নামটা বোধহয় চেনেননি। সাড়ে তিন বিঘে নদী। একটা কাজ বলতে পারবেন, আপনার মনে আছে ? একটা কাজও হয়নি। দেখে আসবেন এমব্যাংকমেন্ট গুলো। আমাদের মাননীয় মন্ত্রী কী রকম জায়গায় পৌঁছে দিয়েছে। অতএব আপনার মুখে পুকুর চুরির কথা মানায় না। সাগরচুরি করে অর্ধেক চলে যেত জলে আর অর্ধেক চলে যেত পকেটে। অতএব এই জায়গায় আপনারা আছেন। অসিতদা শ্যামপুর আমার খুব পবিত্র জায়গা, শান্তিপ্রিয় জায়গা। সেই শ্যামপুরে বিজেপি-র জেলা সম্মেলন হয়, ফরওয়ার্ড ব্লকের জেলা সম্মেলন হয়। এইবারেও ১৫ তারিখে সিপিএম-এর জেলা সম্মেলন হয়ে গেল। সেই জায়গাটা বেছে নেয় শান্তিপ্রিয় জায়গা বলে। অসিতদার মতন-আমি ভাবি কংগ্রেসের মাথা খারাপ হয়ে গেল নাকি ? আমি বুঝতে পারছি না। আমার শ্যামপুরে দুটি ঘটনা ঘটেছে।

একটা ক্লাস নাইনে পড়া ছেলে এবং একটা ক্লাস এইটে পড়া মেয়ের মধ্যে সম্পর্ক ছিল-সেটা রেপ কেস হয়েছে। আর একটা ঘটনা মা মেয়ে শিব-দুর্গা পূজার দিন যাত্রা দেখে ১-২ টোর সময় বাড়ি ফিরেছে, ঘটনাটা ঘটেছে। অনন্তপুরে যে ঘটনাটা ঘটেছে মা-মেয়ে বাড়ি ফিরছিল-খবরের কাগজে যখন খবর বেরোয় তখন দেখি নির্দিষ্ট করা হয় তৃণমূল কর্মী দ্বারা ধর্ষিতা, ওমুক কর্মী দ্বারা ধর্ষিতা। তাহলে এই দুটো কেস কার দ্বারা ঘটল সেটা প্রকাশ নেই কেন ? আপনাদের মধ্যেও নেই, খবরের কাগজেও নেই। ডালমে কুছ কালা হে। আমি বলি এটা একটা সামাজিক ব্যাধি। মা-মেয়ে রেপ হয়নি। অতএব একটা ইসু নিয়ে ওয়াকআউট, আপনাদের রূপ বোঝা ভার। কালকেই দেখছিলাম আমাদের এক কর্মী অসন্তুষ্ট হয়ে ওখানে বসেছিলেন। একেবারে তিন দলের কর্মকর্তারা, একই অঙ্গে কতরূপ, একেবারে তিনজন দাঁড়িয়ে বি.জে.পি, সি.পি.এম, কংগ্রেস একসঙ্গে করমর্দন করছে। খুব ভালো লাগল। ষোলোতেও যদি থাকেন, পৌরসভায় যদি থাকেন, যুগ যুগ ধরে যদি থাকেন তবুও মমতা ব্যানার্জীর উন্নয়নকে আপনারা স্তব্ধ করতে পারবেন না। একটা কথা মনে রাখবেন 'জীবনে জীবন যোগ না হলে সারা, ব্যর্থ হয় গানের পসরা। জীবনমুখী সংগ্রামের হাতিয়ার হিসেবে পশ্চিমবাংলার মানুষ মমতা ব্যানার্জীর নেতৃত্ব চায়। যার ফলে আপনারা ১৬তেও পারবেন না, পৌরসভাতেও পারবেন না। সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য এখানে শেষ করছি।

শ্রী অপূর্ব সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতের সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে মহামান্য রাজ্যপাল যে বক্তব্য এই পবিত্র সদনে রেখেছেন গত ১৯ ফ্রেব্রুয়ারী, আমি তার উপরে দু-চারটি কথা বলতে চাই। যে ভাষণ তিনি দিয়েছেন সেখানে এক জায়গায় লিখছেন এই সরকার যথেষ্ট গতিশীলতার পরিচয় দিয়েছে। Dynamic government তিনি বলতে চেয়েছেন। কিন্তু আমরা পশ্চিমবঙ্গের মানুষ, আমরা কি গুড গভর্নেন্স পেয়েছি ? আমি যদি বলি যে গুড গভর্নেন্সের সংজ্ঞা কী ? তাহলে আমাদের ফিরে যেতে হবে আজ থেকে ২৩০০ বছর আগে কৌটিল্যের অর্থ শাস্ত্রে যে গুড গভর্নেন্সের সংজ্ঞা দেওয়া আছে, সেই সংজ্ঞা যদি আমরা দেখি, যে সংজ্ঞাকে পৃথিবীর সমস্ত রাষ্ট্র নায়কেরা এখনো মেনে চলেন। আমরা আশা করব সেই সংজ্ঞা মেনেই আমাদের মুখ্যমন্ত্রী, আমাদের রাজ্যের সরকার চলবে। সেখানে কৌটিল্য বলছেন যে, গুড গভর্নেন্সের ক্ষেত্রে প্রথম জরুরী বিষয় যে রাজা থাকবেন, তিনি তার মন্ত্রীদের সঙ্গে নিয়ে, মন্ত্রিসভায় আলোচনার মধ্যে দিয়ে, সহমতের ভিত্তিতে তিনি রাজ্য পরিচালনা করবেন, অথবা দেশ পরিচালনা করবেন। তার সাথে সাথে তিনি কি করবেন ? তার সাথে সাথে তিনি রাজ্যের উন্নয়নের জন্যে পানীয় জলের ব্যবস্থা করার জন্য নলকূপ স্থাপন করবেন, সেচের জন্যে তিনি একদিকে খাল খনন করবেন, জলাধার নির্মাণ করবেন। আবার আইন শৃঙ্খলার প্রশ্নে রাজ্যের প্রতিটি মানুষের অধিকার যাতে সুনিশ্চিত থাকে, সেই অধিকারকে নিশ্চিত করবে। খুব স্বাভাবিকভাবে সেই মানুষের স্বাধীনতা রক্ষা করবে। প্রজাদের জীবন রক্ষা করার দায়িত্ব একটা সরকারের। সেই সরকার সবচেয়ে ভালো সরকার হতে পারে যে best government is that which rules least, যে সর্বাপেক্ষা কম শাসন করে।

[3.30—3.40 p.m.]

আমরা কী দেখছি এই রাজ্যে শাসনের ক্ষেত্রে ? তিনি ৭৫টা administrative meeting করছেন। তিনি লিখছেন এখানে, জন প্রতিনিধিদের সাথে করে নিয়ে, আধিকারিকদের সাথে করে নিয়ে মিটিঙগুলো পরিচালনা করছেন, রাজ্যের উন্নয়নের জন্য কাজ করছেন। কিন্তু বলতে পারবেন কি, এই সরকারের একজনও প্রতিনিধি-যে কোন জেলায় গিয়ে, কোথাও গিয়ে একজন বিরোধী দলের নির্বাচিত সদস্যদের ডাকা হয় ? সে বিধায়ক হতে পারে, সে জেলার সভাধিপতি হতে পারে, সে পৌরসভার চেয়ারম্যান হতে পারে, অথবা যে কোনো স্তরের নির্বাচিত প্রতিনিধি বিরোধী রাজনৈতিক দলের। এটা কি রাজ্যবাসীর কাছে কাম্য নয় ? আমরা যারা বিরোধী দলে আছি, আমরাও তো লক্ষ লক্ষ মানুষের প্রতিনিধিত্ব করি। আমরা নিশ্চয় সরকারের সমালোচনা করব, গঠনমূলক সমালোচনা করব। এটা কি আমরা আশা করতে পারি না। ৭৫টা administrative meeting করার পাশাপাশি বিপুল পরিমাণ অর্থও ব্যয় হয়ে যাচ্ছে। তিনি যেখানে যাচ্ছেন, সেখানে প্রত্যেক ব্লককে বলে দেওয়া হচ্ছে তোমার যত কর্মী আছে। ICDS,ASHA কর্মী, সরকারি আধিকারিক, তুমি সেখান থেকে লোক নিয়ে এসে মুখ্যমন্ত্রীর জনসভায় হাজির হও। administrative meeting এর নামে এই জনসভা হচ্ছে। এটা কি revenue expenditure আমাদের বেড়ে যাচ্ছে না দিন দিন ? নিশ্চয় তিনি meeting করুন, আমরা চাই meeting করুন। তিনি আমাদের ডাকুন, আমরা আমাদের বক্তব্য বলব। তিনি বলেছেন মিটিঙ করতে পার্বত্য এলাকায়, যে দার্জিলিঙে আমাদের, সেই দার্জিলিঙ জেলার উন্নয়নের জন্য। সেই দার্জিলিঙে নাকি হাসি ফুটেছে। আমরা কয়েকদিন আগে দার্জিলিঙে গিয়েছিলাম Standing Committee. আমরা বিভিন্ন পৌরসভার প্রতিনিধিদের নিয়ে বসেছিলাম। এখানে GTA-এর প্রতিনিধিরা নেই, সেখানকার বিধায়করা নেই। আমরা দেখেছি দার্জিলিঙে পানীয় জলের কি দুরবস্থা। ডানদিকে আমাদের যে বন্ধুরা বসে আছেন, দীর্ঘ ১২/১৩ বছর ধরে সেখানকার পানীয় জলের প্রকল্পগুলো হাতে নেওয়া হয়েছিল, কখনো PHE, কখনো পৌর দপ্তর নিয়েছিল, সেই প্রকল্পগুলো এখনো শেষ হয়নি, ১২/১৩/১৪ বছর। দার্জিলিঙের মূল সমস্যা Solid Waste Management. সেই এলাকার যে Eco-balance রক্ষা করার জন্য যে Eco-tourism এর বিল এসেছে, সেখানে Solid Waste Management এর দরকার। কিন্তু সেখানকার জন্য কোনো Comprehensive plan বিগত দিনে ৩৪ বছরের বন্ধুরা তৈরি করতে পারেননি, আপনারাও পারেননি। আশা করব আগামী দিনে তৈরি করুন। সামনে পৌরসভার নির্বাচন আসছে। শুনলে অবাক হবেন, এখানে অনেক বিধায়ক আছেন, যারা পৌরসভার প্রতিনিধিত্ব করেন chairman আছেন, councilor আছেন, অনেকেই আছেন এখানে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় বিগত তিন মাস যাবৎ পৌরসভার কর্মচারীরা যারা আছেন তাদের যে বেতন দেওয়া হয়, যারা Permanent Staff, তাদের fixed Grant অর্থ মন্ত্রক থেকে আটকে দেওয়া হয়েছে। আমি মন্ত্রী মহাশয়ের সঙ্গে কথা বলেছিলাম যে, fixed Grant নামক permanent কর্মচারীদের যে বেতন দেওয়া হয়, মাননীয় অর্থমন্ত্রী সেটা আটকে রেখেছেন, তিন মাস পৌরসভার স্থায়ী কর্মচারীরা বেতন থেকে বঞ্চিত হচ্ছেন। এই বিষয়ে দৃষ্টি

দেওয়ার জন্য অনুরোধ করব। সাথে সাথে পৌরসভার কর্মচারী, যারা কাজ করার সময় মারা গেছেন, die in harness case-আগের বছর বাজেট বক্তব্যের সময় বলেছিলাম, মাননীয় অর্থমন্ত্রী অমিত মিত্র কথা দিয়েছিলেন। সমস্ত দপ্তরের die in harness case এ চাকরি হলেও পৌরসভার ক্ষেত্রে কিন্তু বিগত ১ বছর ধরে order না করার জন্য সেটা বন্ধ আছে। কয়েকশো ছেলে-মেয়ে, তাদের পরিবারের আর্থিক অবস্থা খারাপ হওয়া সত্ত্বেও, তাদের সমস্ত রকম ব্যবস্থা থাকা সত্ত্বেও চাকরি পাচ্ছে না, অর্থমন্ত্রীর আনুকূল্যের অভাবের জন্য তারা চাকরি পাচ্ছে না। এই বিষয়টা দেখার জন্য অনুরোধ করব। সামনে পৌরসভার নির্বাচন। পশ্চিমবঙ্গের সমস্ত পৌরসভার casual worker যারা আছেন, পৌরসভাগুলি তাদের নিজেদের income এর অর্থে তাদের বেতন দিতে বাধ্য হয়। অনেক Chairman এখানে আছেন, তারা আমার সঙ্গে নিশ্চয় সহমত পোষণ করবেন, তাদের নিজস্ব income থেকে তাদের বেতন দেওয়ার ব্যবস্থা হয়। অথচ এই সরকার কোথাও contractual basis এ, কোথাও extension দিয়ে ২০ থেকে ৩০ হাজার চাকরির ব্যবস্থা করেছে, যারা retired করে গেছে সেইসব মানুষকে চাকরিতে বহাল করেছেন, অথচ পৌরসভার casual কর্মীদের প্রতি তাদের নজর নেই। আমরা অনুরোধ করব পৌরসভার ক্যাজুয়াল কর্মী কেউ দেড় হাজার, কেউ দু-হাজার, কেউ তিন হাজার টাকা মাইনেতে চাকরি করে। এরকম আরও আছে। পার্শ্ব শিক্ষকরা, কন্ট্রাকচ্যুয়াল যারা শিক্ষক, যারা শিক্ষকতা করেন, তারা রাস্তায় বসে আছেন, তাদের উপর lathi charge করে উঠিয়ে দেওয়া হচ্ছে। তাদের ৮ হাজার টাকা মাত্র বেতন। একজন শিক্ষকের বেতন ৩৫ হাজার থেকে শুরু করে উপর দিকে যাচ্ছে। তাদের করা রাজ্যপালের ভাষণে নেই। এখানকার অর্থনৈতিক অবস্থা ভাল হয়েছে। ধন্যবাদ দিই সরকারকে যে ২১ হাজার কোটি টাকা রেভিনিউ ইনকাম থেকে ৪০ হাজার কোটি টাকা রেভিনিউ ইনকাম বেড়েছে আমরা ধন্যবাদ দিচ্ছি সেই কারণের জন্যে কিন্তু তার সাথে সাথে যে দু-লক্ষ তিন হাজার কোটি টাকা যে দেনার দায়ে যে ধ্বংসস্তূপের ওপর অর্থনীতি, অর্থনীতি ধ্বংসস্তূপের উপরে দাঁড় করিয়ে দিয়ে গিয়েছিলেন বিগত বামপন্থী বন্ধুরা সেই দায় থেকে মুক্ত হওয়ার কোন রাস্তা আমাদের জানা নেই। মাননীয় মুখ্যমন্ত্রী যাবেন বলেছেন প্রধানমন্ত্রীর কাছে আমরা সমর্থন করছি এই কারণের জন্যে একজন সাংবিধানিক দায়িত্বশীল সরকারের মুখ্যমন্ত্রী হিসাবে ভারতবর্ষের প্রধানমন্ত্রীর কাছে যাওয়ার অধিকার আমাদের আছে। আমাদের বঞ্চনার কথা, আমাদের দুঃখের কথা নিশ্চয়ই বলবেন মুখ্যমন্ত্রী আমরা চাই মুখ্যমন্ত্রী সেই দাবি রাখুন। কিন্তু পাশাপাশি মুখ্যমন্ত্রীর কাছে আমাদের এটাও আবেদন থাকবে যে আমরা বিগত তিন বছর দেখি দু-লক্ষ তিন হাজার কোটি টাকা দেনা আমাদের মাথার উপরে চেপেছে। তার পাশাপাশি বিগত তিন বছরে ১১-১২, ১২-১৩, ১৩-১৪, পরশুদিন আমাদের অ্যানুয়াল অ্যাডমিনিস্ট্রেটিভ রিপোর্ট দেওয়া হয়েছে ফিনান্স দপ্তরের। সেখানে আমরা কি দেখছি ১১-১২ সালে বাজার থেকে লোন করেছে এই সরকার ২২ হাজার ১৯০ কোটি টাকা। ১২-১৩ সালে আমরা বাজার থেকে লোন করেছি ২০হাজার ৫০০ কোটি টাকা। ১৩-১৪ সালে আমরা বাজার থেকে লোন করেছি ২১ হাজার কোটি টাকা। অর্থাৎ এই তিন বছরে এই সরকার ৬৩ হাজার ৬৯০ কোটি টাকা বাজার থেকে লোন করেছে। তার সাথে ২ লক্ষ ৩ হাজার কোটি আছে। ওভার ড্রাফট, ওয়েজ অ্যান্ড মিনস

যেটা ওভার ড্রাফট তিন বছরে ১-৪-২০১১ থেকে ৩১-৩-২০১৪ পর্যন্ত শুধু ওভার ড্রাফট কত হয়েছে। নর্মাল ওভার ড্রাফট ২৭শো ২৫ কোটি, স্পেশাল ওভার ড্রাফট ১৭ হাজার ৯৪৭ কোটি টাকা। এই ওভার ড্রাফট এই সরকার নিয়েছে। আমরা অনুরোধ করব রেভিনিউ এক্সপেনডিচার বেড়েছে অনেক আরো ক্যাপিটাল এক্সপেণ্ডিচার কমিয়ে ক্যাপিটাল এক্সপেনডিচার বাড়ুক এই সরকারের কাছে আমরা এটা চাইব। খরচ কমানোর ব্যবস্থা করা হোক। আজকে মাননীয় খাদ্যমন্ত্রী একটা বিবৃতি দিয়েছেন এখানে ধান কেনার বিষয়ে। সেই বিবৃতিতে আমরা দেখছি যে এখানে ২২ লক্ষ মেট্রিক টন চাল কেনা হবে, যেটা ৩৩ লক্ষ মেট্রিক টন ধান কেনা হবে। আমি শুধু অনুরোধ করব মাননীয় মন্ত্রীর কাছে যে ধান কেনার ক্ষেত্রে দুটো সিস্টেমে ধান কেনা হয়। একটা হচ্ছে লেভি আর একটা হচ্ছে সি এম আর। লেভি অর্থাৎ মিল মালিকরা নিজে কিনে সেখান থেকে লেভি দেবে সরকারকে। আর সি এম আর হচ্ছে কাস্টম মিলিং রাইস অর্থাৎ সরকারের বিভিন্ন সমবায় সংস্থা সে বেনফেড হতে পারে, নাফেড হতে পারে, সি সি এফ হতে পারে, এন সি সি এফ হতে পারে তারা ধান কিনবে কিন্তু দুর্ভাগ্যের বিষয় বিধায়করা আছেন একটু খোঁজ নিয়ে দেখবেন যে বেনফেড, নাফেড ই সি এস সি এদের কোন নিজস্ব ইনফ্রাস্ট্রাকচার নেই। সেই সমবায়গুলো যাদেরকে ধান কিনতে দেওয়া হচ্ছে গ্রামীণ সমবায়গুলো তাদের নিজস্ব কোন পরিকাঠামো নেই। সেই সমবায়ের কাগজ, সেই সমবায়ের ব্যাগ তারা নিয়ে গিয়ে মিল মালিককে দিয়ে আসছে। খুব স্বাভাবিকভাবেই সেই মিল মালিক ১৩৬০ টাকা করে যে দর, মিনিমাম সার্পোট প্রাইস ভাল দাম হলে ১৪০০ টাকা, কেনার জায়গায় মিল মালিকরা যে ধান কিনছে কম দামে। ডিসট্রেস সেল করতে কৃষকরা বাধ্য হচ্ছে। সেই ডিসট্রেস সেলে ধান কিনে সেই সমবায়ের নামে বিল কেটে তারা সরকারের কাছ থেকে নিচ্ছে। গরীব, প্রান্তিক কৃষকরা বঞ্চিত হচ্ছে। তাই ধান কেনার বিষয়ে অনুরোধ করব যে আরও নজরদারির প্রয়োজন। আইন শৃঙ্খলার প্রশ্নে এখানে একজন বলেছেন যে কলকাতাকে বেস্ট সিটি অ্যাওয়ার্ড দেওয়া হয়েছে সেফটির জন্য। আমি শুধু একটা বিষয় কোট করেই শেষ করব যে ন্যাশনাল ক্রাইম রেকর্ড ব্যুরোতে, কলকাতাকে যে বেস্ট সিটি অ্যাওয়ার্ড দিয়েছে, আমরা সবাই জানি ইলেকট্রনিক মিডিয়ার দৌলতে আইন শৃঙ্খলার কোন পরিস্থিতি, নতুন করে বলার কিছু নেই। শুধু ২০১৩ সালের যে ক্রাইম ওয়েস্টবেঙ্গলে। ওয়েস্টবেঙ্গলে যে ক্রাইম হয়েছে তা রেকর্ড হল ২৯ হাজার ৮২৬ হচ্ছে বেঙ্গলে ক্রাইম। অন্ধ্রপ্রদেশে ৩২ হাজর ৮০৯, আসাম ১৭ হাজার ৪৪৯, বিহার ১৩ হাজার ৬০৯। বিহার কমাতে পেরেছে আমরা কমাতে পারি নি। এইরকম রাজ্যগুলো যদি দেখি ক্রাইমের ক্ষেত্রে এগেনস্ট উইমেন, মহিলাদের বিরুদ্ধে যে ক্রাইম তাতে আমরা ভারতবর্ষে তৃতীয় স্থান দখল করে আছি। তাই অনুরোধ করব সুশাসন দেওয়ার চেষ্টা করুন। পশ্চিমবঙ্গের মানুষকে বাঁচার অধিকার দিয়ে সুশাসন দেওয়ার চেষ্টা করার অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[3.40—3.50 p.m.]

শ্রীমতী নয়না বন্দ্যোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপালের ভাষণের পটভূমিতে ধন্যবাদ প্রস্তাবের সমর্থনে কিছু বক্তব্য রাখব। মহামান্য রাজ্যপালের

বক্তব্যকে কটাক্ষ করে বিরোধীরা বলছেন যে সরকার নাকি লিখে দিয়েছেন এবং মহামান্য রাজ্যপাল নাকি পাঠ করেছেন। এই কথার কোন গুরুত্ব নেই। তার কারণ ৩৪ বছরের ক্ষমতায় বাম জমানায় মহামান্য রাজ্যপাল যখন বক্তব্য রাখতেন তখন কি নিয়ম অন্য রকম ছিল ? এখনকার বক্তব্য যদি রাজ্য সরকার লিখে থাকেন, তাহলে আমি তো শুনেছি তখনকার বক্তব্য সরাসরি আলিমুদ্দীন স্ট্রীট থেকে রাজভবনে চলে যেত। এগুলি ভুললে চলবে না। স্যার, মা-মাটি-মানুষের সরকার কতগুলি প্রকল্প ঘোষণা করেছেন। এবং বাস্তবায়নের দিকে এগোচ্ছেন সার্থকভাবে। আমি সেই প্রকল্পগুলির নাম বলব। এক নম্বার কন্যাশ্রী প্রকল্প। দু নম্বর জলতীর্থ প্রকল্প, তিন নাম্বার মুক্তিধারা কর্মপ্রকল্প, চার নম্বার স্বামী বিবেকানন্দ স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্প, পাঁচ নাম্বার বিশেষ গো সম্পদ বিকাশ অভিযান, ছয়-কৃষক বাজার, সাত-উপজাতিদের জন্য পেনশন কর্ম প্রকল্প আট বিশ্ব বাংলা বিপণন নিগম, নয়-যুবশ্রী কর্ম প্রকল্প, দশ-পশ্চিমবঙ্গ হস্তচালিত তাঁত ক্ষেত্র উন্নয়ন কর্মপ্রকল্প, এগারো জীবন কৃতি পুরস্কার, বারো-খেল সম্মান পুরস্কার, তেরো-পর্যটন প্রোউৎসয়ন নীতি ২০১৫, চোদ্দ-লোকপ্রসার প্রকল্প, পনেরো-সামাজিক মুক্তি কার্ড, ষোলো-নির্মল বিদ্যালয় অভিযান, সতেরো আমার ঠিকানা কর্মপ্রকল্প, আঠারো-গীতাঞ্জলী কর্মপ্রকল্প, উনিশ-জল ধরো জল ভরো প্রকল্প, কুড়ি-মাটি তীর্থ কৃষি কথা, একুশ জলতীর্থ কর্মসূচী, বাইশ-মুক্তিধারা কর্মপ্রকল্প এবং স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্প। এগুলি কয়েকটি বললাম। এবার বুঝতে পারছেন বঁনগা কৃষ্ণনগরের উপনির্বাচনের আগে এই রকম ফল হয় কেন ? তার কারণ এইসব প্রকল্প থেকে বাংলার মানুষ সরাসরিভাবে তারা উপকৃত হচ্ছেন। তাই জনসমর্থন তারা মা-মাটি-মানুষের সরকারকেই জানাচ্ছেন। আর ঠিক এই কারণে কৃষ্ণগঞ্জে কুড়ি হাজারের পার্থক্যটা গিয়ে দাঁড়ায় সাঁইত্রিশ হাজার, আর বঁনগাতে এক লক্ষ চুয়াল্লিশ হাজারের পার্থক্যটা গিয়ে দাঁড়ায় দু' লক্ষ এগারো হাজারে। স্যার, স্বাধীনতার পর থেকেই দেশের পূর্বাঞ্চলকে কেন্দ্রীয় সরকার অর্থনৈতিক দিক থেকে বঞ্চনা করেই এসেছে। এখনো তার কোনো পরিবর্তন হয়নি। স্যার, দু-হাজার এগারো সাল থেকে দু-হাজার পনেরো আমাদের মা-মাটি-মানুষের সরকারকে আঠাশ হাজার কোটি টাকা ঋণের বোঝা প্রত্যেক বছর টানতে হচ্ছে। আচ্ছা এমন হয় না যে আমরা প্রত্যেক দল মিলে প্রতিবাদ করতে পারি না সবাই একসাথে ! তার কারণ অ্যাট দ্য এন্ড অফ দ্য ডে আমরা প্রত্যেকেই এই বঙ্গবাসী বাংলার মানুষ। পশ্চিমবাংলাতে বিশেষ অর্থনৈতিক প্যাকেজ দেওয়া তো দূরের কথা, কেন্দ্রীয় সরকার বহু ক্ষেত্রে রাজ্যের প্রাপ্য টাকাটা পর্যন্ত দিচ্ছে না। স্যার, তা সত্ত্বেও আজ রাজ্য সরকারের পরিকল্পনা খাতে প্ল্যান আউট লে অর্থ বরাদ্দ বৃদ্ধি পেয়েছে....State Plan Expenditure has increased from Rs.18,994.11 crore in 2012-13 to Rs.24,207.10 crore in 2013-14, at an increase of 27.45% Capital expenditure has also shown a remarkable increase of 52.33%. এগুলি নিয়ে ভাববেন না ? জঙ্গলমহল থেকে পাহাড় রাজ্যের সর্বত্রই একটা উন্নয়নের বাতাবরণ। শিল্পায়নের জন্য নিরলস প্রচেষ্টা, বেকারত্ব দুরীকরণ, কৃষক, শ্রমিক, সংখ্যালঘু সম্প্রদায়, তফশিলী জাতি-উপজাতি, অসংগঠিত শ্রমিক কৃষকদের স্বার্থে সুসংহত পরিকল্পনায় এই

রাজ্য সরকার এমনভাবে এগিয়ে চলেছেন যে এটুকু বলতে দ্বিধা নেই আজ যে আপনারা যারা অর্থাৎ মাননীয় বিরোধীপক্ষরা আজকে ওইদিকে বসে আছেন, বাকী জীবনটুকুও ওইদিকেই বসে থাকবেন। তার কারণ মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে যত বেশি আপনারা অন্যায়ভাবে আক্রমণ করবেন, তত বেশি আপনারা জনগণের থেকে বিচ্যুত হবেন। গ্রামবাংলার মানুষ ৩৪ বছর বামজামানার কম অত্যাচার নিপীড়ন সহ্য করেননি। কী ভাবছেন তাঁরা ? সব ভুলে যাবে এই কটা বছরে ? তা হয়না, জেনে রাখুন, পৌরসভার ইলেকশন আসছে এবং ৮ কোটিরও বেশি বাংলার মানুষের মনের মণিকোঠায় ফুটে রয়েছে জোড়াফুল। সেখানে শেষ কথা বলবেন বাংলার মা-মাটি-মানুষের জন নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। স্যার, এবার আমি রাজ্য সরকারের কাজের কিছু খতিয়ান দেবো। জাতীয় খাদ্য সুরক্ষা আইনের রূপায়ণ দ্রুত বাস্তবায়ন হতে চলেছে। এই রাজ্যের ৩ কোটি ২০ লক্ষের বেশি মানুষ ২ টাকা ভর্তুকি যুক্ত মূল্যের চাল পাচ্ছে। নিজ গৃহ-নিজ ভূমির অধীনে ২ লক্ষ ৩০ হাজারেরও বেশি গৃহহীন মানুষের পাট্টা বিতরণ হচ্ছে। স্যার, প্রধানমন্ত্রী গ্রাম-সড়ক যোজনার মাধ্যমে গ্রামীণ সড়ক নির্মানে দেশের মধ্যে প্রথম হয়েছে এবং অ্যাওয়ার্ডও পেয়েছে। সামাজিক নিরাপত্তা প্রদানের ক্ষেত্রে এই বছর ১৮৭.৫০ কোটি ব্যয়ে ৫০ লক্ষ শ্রমিককে নথিভুক্ত করিয়ে নির্মাণ কর্মী, ট্যাক্সি, অটোচালক সহ অসংগঠিত শ্রমিকদের জন্য ভবিষ্যনিধি তহবিল কর্মপ্রকল্প রূপায়িত হয়েছে। ১০ লক্ষ অসংগঠিত শ্রমিকদের মধ্যে সামাজিক মুক্তি কার্ড নামে একটি স্মার্ট কার্ড বণ্টন করা হয়েছে। রাজ্য সরকার কলকাতা, দুর্গাপুর, বাগডোগরা, কোচবিহার যাত্রাপথে চারটি উড়ানের একটি বিমান পরিষেবা নিয়মিতভাবে পরিচালনার প্রচেষ্টা চালাচ্ছে। ফুটবল ও তিরন্দাজিদের জন্য একাডেমি হচ্ছে। স্যার, এখানে অনেক মেম্বাররা শিল্প নিয়েও কথা বলছিলেন। পশ্চিমবঙ্গে তীব্র গতিতে শিল্প স্থাপনার উদ্যোগ শুরু হয়ে গেছে। এই সরকার পুরোপুরি শিল্পায়নের পক্ষে। কিন্তু কৃষকদের কাছ থেকে তাদের জমি বলপূর্বকভাবে নিয়ে কখনোই নয়। রাজ্য সরকারের কাছে জমি আছে-ল্যান্ড ব্যাঙ্ক আছে। সেখান থেকে জমি নিয়ে শিল্পায়ন করতে হবে। এটাই মা-মাটি-মানুষের সরকারের নীতি। স্যার, ১৩টি বিশ্ববিদ্যালয় স্থাপন হয়েছে-৬টি সরকারি সাহায্য প্রাপ্ত এবং ৭টি বেসরকারি উদ্যোগে স্থাপিত বিশ্ববিদ্যালয়। স্যার, স্বাস্থ্য পরিষেবার সাফল্য উল্লেখ করার মতো। ন্যায্য মূল্যের ওষুধের দোকানের মাধ্যমে লক্ষ লক্ষ মানুষ উপকৃত হচ্ছে। দপ্তরওয়াড়ি উন্নয়ন হওয়ায় রাজ্যে এসেছে সঠিক পথে, সঠিক প্ল্যানিং এর মাধ্যমে। স্যার, এই সরকার আমাদের অহঙ্কারের সরকার, আমাদের গর্বের সরকার। এই সরকারের মুখ্যমন্ত্রীর ভূমিকা ২৪ ঘণ্টার মধ্যে ১৬-১৮ ঘণ্টা কাজের প্রতিফলন। বাংলার মানুষ এই সরকারকে নিয়ে খুশি, সুখী এবং আনন্দিত। মা-মাটি-মানুষের সরকার দাপটের সঙ্গে কাজ করে যাবে এই রাজ্যের মানুষের স্বার্থে, ধন্যবাদ স্যার।

শ্রী রফিকুর রহমান : মাননীয় স্পীকার স্যার, গত ১৯শে ফেব্রুয়ারী রাজ্যের মাননীয় রাজ্যপাল যে ভাষণ এই সদনে পেশ করেছে, যে ভাষণের মধ্য দিয়ে পশ্চিমবাংলার উন্নয়নের বার্তা, পশ্চিমবাংলার উন্নয়নের ছবি, বাংলা তথা ভারতবর্ষের মানুষকে দিয়ে ভারতবর্ষের অন্যান্য রাজ্যের মুখ্যমন্ত্রীদের অনুপ্রেরণা যুগিয়েছেন। তাই আমি এই ভাষণকে

সমর্থন করে এই সদনে আমার বক্তব্য পেশ করতে চাই। ওঁরা বলছেন, রাজ্যপালের ভাষণ নাকি সম্পূর্ণ মিথ্যে, জল মেশানো এর কোনো বাস্তবতা নেই। আমার মনে হয়, যারা ৩৪ বছর বাংলায় শাসন করেছিলেন, যারা উন্নয়নটা ভুলে গেছেন, উন্নয়নটা করেননি, উন্নয়নের সঙ্গে পরিচিত নন তাই তারা উন্নয়নটা চোখে দেখতে পাচ্ছেন না।

[3.50—4.00 p.m.]

আমার মনে হয় তাঁদের চোখে চশমা পরার দরকার বাংলার উন্নয়নটা দেখার জন্য। ওঁরা বলছেন রাজ্যে আইনশৃঙ্খলা ভালো নয়, ওঁনারা খোঁজ রাখেন কি না জানি না ন্যাশনাল ক্রাইম ব্যুরোর রেকর্ড বলছে কলকাতা ভারতবর্ষের অন্যান্য মেট্রপলিটান শহরের মধ্যে মহিলাদের নিরাপত্তা অনেক অনেক ভালো। কে বলছে ইন্ডিয়া টু ডে সমীক্ষা করে বলছে কলকাতায় মহিলাদের নিরাপত্তা অনেক ভালো। ইন্ডিয়া টুডে বলছে দার্জিলিং এবং জঙ্গলমহলে শান্তি ফিরে আসার পর পশ্চিমবাংলায় উন্নয়নের পরিবেশ সৃষ্টি হয়েছে। তার পরেও বিরোধীরাা বলছেন বাংলায় অশান্তি আছে, বাংলায় বিশৃঙ্খলা আছে, বাংলায় আইনের শাসন নেই, বাংলায় উন্নয়ন নেই। আমি বলবো বিরোধীরা কোন খোঁজই রাখেন না। এই ভাষণের উপর বিরোধীরা সংশোধনী নিয়ে এসেছেন প্রায় ১৩০,১৩৫টি। আমি পড়ছিলাম, তার কটার বাস্তবতা আছে ? আমি বিরোধী সদস্যদের আবেদন করে বলবো আপনারা যে সংশোধনীগুলি এনেছেন আপনারা পড়ে নিজেরা ব্যাখ্যা করবেন এর বাস্তবতা কতটা আছে। ৪৬ নম্বর পয়েন্টে আপনারা লিখেছেন রাজ্যে শিশু মৃত্যুর হার বাড়ছে তার কোন উল্লেখ নাই। এটা সর্বৈব মিথ্যা। এখানে সূর্যবাবু বসে আছেন, রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী ছিলেন, বর্তমানে বিরোধী দলের নেতা, বিবৃতি দিয়ে বলুন তাঁর আমলে রাজ্যে শিশুদের সুরক্ষার জন্য কি ব্যবস্থা ৩৪ বছরে আগের সরকার করেছিলেন। যদি পরিসংখ্যান আপনার জানা না থাকে আপনাকে বলি যখন বাংলার মুখ্যমন্ত্রী মাননীয়া মুখ্যমন্ত্রী উন্নয়নের দিশারী বাংলার ক্ষমতা নিলেন SNCU কটা ছিল সারা বাংলায়। সংখ্যাটি ৬টা। SNCU কি কাজে লাগে ? মুমূর্ষু শিশু, সদ্যোজাত শিশু জন্মের পর দুর্বল হয়ে যায় তাদের বাঁচাবার জন্য এই প্রোটেকশান দরকার হয়। মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার মাত্র সাড়ে ৩ বছরে ৪৮টা SNCU বাংলার সরকারী হাসপাতালে বসিয়েছেন। তার পরেও বলছেন উন্নয়ন হয়নি। SNSU কী ? ডাক্তারবাবুরা আছেন, আরও ভালো জানবেন আমাদের বিরোধী দলের নেতা, যে সমস্ত শিশু জন্ম নেয় তাদের স্থিতি বজায় রাখার জন্য SNSU সাপোর্টটা দরকার হয়। বাংলায় জিরো ছিল, একটাও ছিল না। যখন মমতা বন্দ্যোপাধ্যায় বাংলার মুখ্যমন্ত্রী ক্ষমতায় এলেন তখন একটাও ছিল না। বন্ধু কমরেড সূর্যবাবু আপনি একবার জিজ্ঞাসা করুন না যে এখন কটা। উত্তর আসবে ২৮০টি। তার পরেও যদি বলেন বাংলার উন্নয়নটা সংগঠিত হয়নি। আমরা বিশ্বাস করতে পারি না। কারণ উন্নয়ন দেখার চোখ আপনাদের নেই, তাই আপনারা দেখতে পাচ্ছেন না। আপনারা কি জানেন বাংলার মুখ্যমন্ত্রীর নেতৃত্বে পশ্চিমবাংলার রাজস্ব আদায় ১০০% বৃদ্ধি পেয়েছে। গত তিন বছরে ২১ হাজার কোটি টাকাটা ৪০ হাজার কোটি টাকায় পৌঁছেছে, তার জন্যই বাংলার যোজনা বৃদ্ধি পেয়েছে। তার জন্যই বাংলায় নতুন করে আরও উন্নয়নের জোয়ার বইছে। এই কথাই বলতে চাইছিলাম এই বিরোধী সদস্যদের

যারা কটাক্ষ করছিলেন মাননীয় রাজ্যপালের এই ভাষণের উপর অমি জিজ্ঞাসা করতে চাই আপনারা কি জানেন শিশুসাথী কি ? আপনারা কি জানেন শিশুসাথী নামে একটা পরিকল্পনা মুখ্যমন্ত্রীর মস্তিষ্ক প্রসূত, সেই পরিকল্পনায় কি বলা হয়েছে ? সেই পরিকল্পনায় বলা হয়েছে যাদের বাৎসরিক রোজগার ১ লক্ষ ২০ হাজার টাকার মধ্যে সেই পরিবারের কোন শিশু যার বয়স জিরো থেকে ১৭ বছর পর্যন্ত তার হার্ট সহ আরও তিন, চারটি দুরারোগ্য ব্যাধির চিকিৎসা বিনাপয়সায় বাংলার সরকার করবে। আমি আমার বিধায়ক থাকাকালীন আমি আমার এলাকার আট, দশটি সন্তানকে সুস্থ করে তার মায়ের কোলে ফিরিয়ে দিতে বলেছি। আমি জিজ্ঞাসা করবো সূর্যবাবুকে আপনি খোঁজ নিয়ে দেখুন যদি আপনার এলাকায় কোন শিশু ভুগে থাকে আপনি মুখ্যমন্ত্রীকে লিখুন, বিরোধী দলের সদস্য হলেও মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির সদস্য হলেও সেই সুযোগ পাবে আপনার এলাকার শিশুরা। মমতা বন্দ্যোপাধ্যায় বাংলার জন্য করছে। তাই বলছিলাম উন্নয়নটা দেখার জায়গা আপনাদের নেই। আপনারা উন্নয়ন দেখতে পারছেন না। কেন উন্নয়ন দেখতে পারছেন না বলেই তো কি হয়েছে ২০১১ সালের পর থেকে ? যত নির্বাচন বাংলায় হয়েছে প্রতিটি নির্বাচনে বাংলার মানুষ রায় দিয়েছে আমরা উন্নয়নের পক্ষে। প্রতিটি নির্বাচনে বাংলার মানুষ বলছে না-না-না আমরা মমতা বন্দ্যোপাধ্যায়কে সমর্থন করবো, আমরা উন্নয়নটাকে সমর্থন করবো। তাই বলতে চাইছিলাম আগামী নির্বাচনে লড়াই করার আগে আপনাদের উন্নয়নের জন্য একটা প্রশিক্ষণ নিতে হবে। কারণ, ৩৪ বছর আপনারা উন্নয়নটা করেননি। আপনারা ফেল করেছেন। একটা প্রশিক্ষণ নিতে হবে। সেই প্রশিক্ষণটা বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের কাছ থেকে নিতে হবে। সেই কোর্সের ডিউরেশান কম পক্ষে ১৫ বছর। ১৫ বছর প্রশিক্ষণ নেওয়ার পর বাংলার মানুষের কাছে গিয়ে বলবেন, হে বাংলার মানুষ তোমরা শোনো আমরা মমতা বন্দ্যোপাধ্যায়ের কাছে উন্নয়নের প্রশিক্ষণ নিয়ে এসেছি। আমরা বাংলার উন্নয়ন করবো। তারপর যদি বাংলার মানুষ আপনদের সমর্থন করে তাই করবে। একটা কথা না বলে পারছি না। সুশান্তবাবু এসেছিলেন। সুশান্তবাবু এখানে নেই কিন্তু আগের দিন বলছিলেন কি, যে মদনবাবু নাকি জেলে আছে তাই মন্ত্রী আছে কেন ? আমি সুশান্তবাবুকে বলবো এটা আইনের প্রশ্ন না নৈতিকতার প্রশ্ন। আইনের প্রশ্ন হলে নিশ্চয়ই মদনবাবু জেলে থাকতেন না। আপনি সুশান্তবাবু কোন কারণে জেলে গিয়েছিলেন। খুনের কারণে জেলে যাওয়ার পর যতদিন জেলে ছিলেন আপনার জামিনের দিন ততগুলো গোলাপ ফুল দিয়ে আপনাকে অভ্যর্থনা জানিয়েছিল। নৈতিকতা আপনার আছে কিনা বলুন, আপনার দলের লোকেরা বলুন। এই প্রশ্ন রেখে গেলাম আপনাদের কাছে। তাই বলি মমতা বন্দ্যোপাধ্যায় বাংলার উন্নয়নের কাণ্ডারি। আগামী ২০১৬-এ আপনারা দেখতে পাবেন ওই বি.জে.পিও না, বি.জে.পিকে দোসর করে বাংলার মমতা বন্দ্যোপাধ্যায়কে হাটানোর চেষ্টা করছেন সেটা ব্যর্থ হবে। আমার ভয় হয় মমতা বন্দ্যোপাধ্যায় পশ্চিম বাংলায় ২৯৪টা আসনে তাঁর প্রার্থীদের জিতিয়ে দিয়ে বাংলাকে বিরোধী শূন্য করে দেবেন কিনা। সেই ভয়টাই কিন্তু আমার মাঝে মাঝে হয়। তাই সবাইকে ধন্যবাদ জানিয়ে মমতা বন্দ্যোপাধ্যায়কে উন্নয়নের স্বীকৃতি দিয়ে এবং এই ভাষণকে সমর্থন করার জন্য অনুরোধ করছি। সবাই ভালো থাকবেন।

(At this stage Hon'ble Speaker placed in the House the 60th B.A. Committee Report)

REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker : Hon'ble Members, I beg to present the 60th Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber today and recommended the programme from 2nd March, 2015 to 4th March, 2015 as follows.

02.03.2015, Monday	:	General Discussion on Budget	5 hours
03.03.2015, Tuesday	: (i)	General Discussion on Budget	5 hours
	(ii)	Motion for Vote on Account	
	(iii)	Motion for Demands for Grants of all Departments	
	(iv)	Discussion and Voting on Demands for Supplementary Grants for the year 2014-15	1 hour
04.03.2015, Wednesday	: (i)	The West Bengal Finance Bill, 2015 **(Introduction, Consideration and Passing)**	1½ hour
	(ii)	The West Bengal Appropriation (Vote on Account) Bill, 2015 **(Introduction, Consideration and Passing)**	½ hour
	(iii)	The West Bengal Appropriation Bill, 2015 **(Introduction, Consideration and Passing)**	1 hour
	(iv)	Other Legislations, if any	

The House will sit at 10.00 a.m. on Tuesday, the 3rd March, 2015.

There will be no Question for Oral Answer, New Calling Attention and Mention Case on Wednesday, the 4th March, 2015.

Mr. Speaker : I now request the Hon'ble Minister-in-Charge of Parliamentary Affairs to move the motion for acceptance of the House.

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয় কার্যপদেষ্টা কমিটির ৬০তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

Mr. Speaker : I think the Motion is adopted. The Motion is adopted.

[4.00—4.10 p.m.]

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা হচ্ছে আমাদের সংবিধানের রীতি যখনই কোনো বাজেট অধিবেশন হয়, আমাদের মাননীয় রাজ্যপাল আসেন বক্তৃতা দেন এবং তাকে ধন্যবাদ জানাতে হয়। আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। যদিও তাঁর বক্তব্যের সঙ্গে আমার অনেক পার্থক্য আছে, সমর্থন করতে পারি না। একটু আগে একজন মাননীয় সদস্য তমোনাশবাবু বলছিলেন, খুব ভালো কথা। এবার রাজ্যপাল যখন বক্তৃতা করেন তখন সবাই চুপ করে শুনছিলেন। এটাইতো কাম্য। এটাইতো হওয়া উচিত। কিন্তু গত ৩৪ বছর আর এদিকে ৪ বছর এই ৩৮ বছরের মধ্যে আমি প্রায় ২০-২৪ বছর আছি। ২০ বছর মন্ত্রী ছিলাম। তাতে ২০ বার। ৫ বার ভোট হয়েছে তার জন্য ৫ বার। ২৫ বার আমাদের সামনে এখানে মাননীয় রাজ্যপাল এসেছেন। ২৫ বার বক্তৃতা দিয়েছেন। একবার, একবারও তাঁর বক্তৃতায় আমি শুনিনি তিনি শেষ করে গিয়েছেন। হয় শুরু করতেই দেওয়া হয়নি, না হয় খানিকটা পড়ে চলে গিয়েছেন, না হয় একেবারেই পড়েননি-হইচই করে গিয়েছেন। কারা ? আপনারা তখন এইদিকে ছিলেন। আপনারা তখন এইদিকে ছিলেন। এটার নাম হচ্ছে আপনাদের গণতন্ত্র। এটা হচ্ছে আপনাদের নিয়ম মানার পদ্ধতি। দ্বিতীয় কথা হল, এই যে রাজ্যপালের বক্তৃতা হয়, সেটা সবারই জানা। আমাদের একজন মাননীয়া সদস্যা বলছিলেন যে, এটা সবাই জানে। এটা দোষের কিছু না। সরকার লিখে দেন রাজ্যপাল তা পড়েন। আমাদের সময়ও পড়েছেন আপনাদের সময়েও পড়ছেন। এটার জন্যতো আমরা কিছু বলছি না। কিন্তু প্রশ্ন হল রাজ্যপালকে দিয়ে কতখানি মিথ্যে কথা বলানো যাবে। কতখানি অসত্য তথ্য দেওয়া যাবে। এটাই হচ্ছে বড় প্রশ্ন। কী বলা আছে দেখুন প্রথমেই, my govrnment has been very dynamic, তারপর বলতে বলতে বলেছেন ৭৫ মিটিং করেছেন। খুব ব্যস্ত আমাদের মুখ্যমন্ত্রী, নিঃসন্দেহে আমি সেটা বলছি না। কিন্তু প্রশ্ন হচ্ছে যে, সক্রিয়তা এবং dynamism-মাপকাঠি কী হবে। মাপকাঠি কি শুধু পাথর টাঙানো হবে ? ৩৪ বছরে বামফ্রন্ট সরকার যত পাথর টাঙিয়েছে মানে পাথর স্থাপন করেছে, ভিত্তিস্থাপন মাত্র ৩৪ মাসে তা পার করে দিয়েছেন। এইটা যদি বিচার হয়, এইটা যদি মাপকাঠি হয় তাহলে নিঃসন্দেহে তিনি প্রথম স্থান অধিকার করেছেন। তৃতীয় হল, আরো একটা কাজে তিনি ভীষণ সফল, এক নম্বর বলা যায়। তা হচ্ছে রঙ করা। চারিদিকে যান কলকাতা শহরে সব বাড়ীতে নতুন রঙ। বেশিরভাগ সরকারি বাড়ীতে নতুন রঙ। আমি আজকে দেখছিলাম যেখানে Fly over তৈরি হয়েছে আগে সেখানেতো তিনবার রঙ হয়ে গেছে। আবার দেখছি যেখানে Fly over তৈরি হচ্ছে, কেবলমাত্র উপরে কাজ হচ্ছে, পিলারগুলো হয়েছে, সেখানেও আগেভাগে রঙ করা হয়ে গেছে। এই রঙের ব্যাপারে যদি

বলেন তাহলে নিঃসন্দেহে বলব যে, তিনি প্রথম স্থান অধিকার করেছেন। আপনাকে ধন্যবাদ। চতুর্থ আপনারা বলেছেন যে, এটা দেখে অবাক হয়ে গেলাম যে রাজ্যপালকে দিয়ে কিভাবে অসত্য কথা বলানো যায়, আমার এটা জানা ছিল না। দেখবেন, এই যে পঞ্চায়েত নিয়ে বলা হয়, সুব্রতবাবু নাই উনি বাইরে, অসত্য রিপোর্ট দিয়ে থাকেন। কি বলা আছে যে, ২৩.১৫ কোটি man days তৈরি হয়েছে, ১৩-১৪ সালে, শ্রম দিবস। এটা হচ্ছে নাকি সর্বকালীন record. এই রিপোর্টটাইতো ভুল। যা হয়েছে আমাদের কাছে সব রেকর্ড আছে। হয়েছে আপনার ২২.৯২ কোটি। উনি লিখে দিলেন কত ? ২৩.১৫ কোটি। রাজ্যপালকে দিয়ে এরকম একটা সর্বভারতীয়, ভারত সরকারের রিপোর্ট তাকে অসত্য বানিয়ে দিলেন। ভাবতেই অবাক লাগে। কদিন কাজ পেয়েছে আমাদের শ্রমিকেরা, ক্ষেত মজুরেরা ? ৩৭ দিন। সারা ভারতে কত ? ৪৫ দিন। সারা ভারতের গড়ের থেকে এত নীচে তিনি বলে গেলেন এটা নাকি all time record. তারপরে যেটা মজার কথা একটা পুরস্কারের নাম করা হয়েছে। আমি ভেবেই পাচ্ছি না এরকম একটা পুরস্কার কোত্থেকে এলো। ভারত সরকারে খোঁজ নিলাম না, সেখানে তো নাই। ভারত সরকারে Scotch নামে কোনো পুরস্কার কোথাও নেই। বহু কষ্টে আমি খোঁজ নিয়ে জানলাম যে Scotch নামে একটা foundation আছে। ওদের কাছে কিছু কাগজ পাঠালে আর টাকা দিলে ওরা লিখে দেয় যে ফার্স্ট বয়। আমাদের যেমন মাননীয়া মুখ্যমন্ত্রী মাঝে মাঝে মিটিং করে বলে দেন যে, সুব্রতবাবুর দপ্তর ফাস্ট হয়েছে। সেকেন্ড হয়েছে বলে দেন, এটা ভালো। এরকম চালাকি একটা খবর, এরকম একটা বইয়ে ছাপিয়ে রাজ্যপালকে লিখিয়ে দিয়ে পড়াবেন, এটা আমাদের ধারণার মধ্যে ছিল না। আজকে সেই জিনিস করা হয়েছে। পঞ্চায়েতের কাজের ব্যাপারে আমি দেখলাম টাকাপয়সা খরচ হয়েছে অনেক। ৫০০০ কোটি টাকার উপরে। কিন্তু হাতে ছিল কত টাকা ? যে টাকা গতবার খরচ হয়েছিল আর যা বেঁচেছিল এবং সরকার যা দিয়েছিলেন সাড়ে তিন হাজার কোটি টাকা। কারণ, আগের বছর তার বেশি খরচ হয়নি। এবার এত বেশি খরচ হয়ে গেল কেন ? শ্রমদিবস বাড়ল না মানে মাথাপিছু কাজ বাড়ল না অথচ খরচ বেড়ে গেল অনেক। কেন ? যদি জানতে চান এখানে আমি বলতে চাই না। একটু দয়া করে ওখানে গিয়ে দেখে আসুন কি হয়েছে। অফিসারদিকে দায়িত্ব দিয়েছিলেন অফিসাররা কি করেছে, পঞ্চায়েতরা কি করেছে দয়া করে দেখে আসবেন কি হয়েছে। যদি কাজের সঙ্গে তার কোন মিল থাকে তাহলে নিজেরা বুঝতে পারবেন পঞ্চায়েত কী ছিল, আজকে পঞ্চায়েত কী জায়গায় গিয়ে দাঁড়িয়েছে। এই সমস্ত খবর দেওয়া মানে এই তথ্য দেওয়া একজন রাজ্যপালের মাধ্যমে করা উচিত কিনা, সেটা আমার কাছে বড় প্রশ্ন। তিন নম্বর একটা বিষয় হচ্ছে আপনাদের, এই যে বিশেষ করে আমাদের মাইনরিটি ডেভলপমেন্ট এর ব্যাপারে অনেক ভাল ভাল কথা এখানে বলা আছে। অনেকগুলো ভাল কথা বলা হয়েছে, তার মধ্যে প্রথম যেটা বলা আছে, সেটা গুরুত্বপূর্ণ খুবই আমাদের রিজার্ভেশানের ব্যাপারে। আপনার নিশ্চয় মনে আছে যে রিজার্ভেশানের ব্যাপারে অনেক বিতর্ক হয়েছে, আমরা যখন সরকারে ছিলাম, তখন বহু চেষ্টা হয়েছিল যে কিভাবে যারা মুসলিমরা পিছিয়ে আছে, সংখ্যালঘুরা-এদের জন্য কি করা যায়, এর জন্য বহু চেষ্টা হয়েছিল, কিন্তু সংবিধানের

নিয়মের কারণে সেটা করা যায়নি। পরবর্তীকালে সাচার কমিটি হল, তারপরে একটা কমিশন হল, তাদের সুপারিশ মত একটা বুদ্ধি বের করে দিয়ে মাইনরিটিদের রিজার্ভেশানের ব্যবস্থা করা হল। আমাদের এখানে ১০ভাগ, ১৭ভাগ, মোট ১৭ ভাগ রিজার্ভেশান হবে ফর ও বি সি। তার মধ্যে ১০ভাগ হবে মাইনরিটি যারা আছে মুসলিম তাদের জন্যে। আর বাকি ৭ভাগ হবে অন্যান্যদের জন্যে। এবং সেটাকে নিশ্চিত করার জন্যে যে প্রক্রিয়া ধরা হল, সেই প্রক্রিয়া হচ্ছে যে একটা ক্যাটাগরি তৈরি করা হল। এ ক্যাটাগোরী এবং বি ক্যাটাগরি। এ ক্যাটাগরির মধ্যে যারা হবে তারা মুসলিম, বি ক্যাটাগরির যারা হবে তারা অমুসলিম। যাতে অন্ততঃ টেন পারসেন্ট নিশ্চিত হয়ে থাকে। বাইরে আপনারা বলে বেড়াচ্ছেন যে আমরা এটা করেছি, কে করেছে সবাই জানে, সেটা বড় কথা না। কিন্তু আপনারা যে অকাজটা করলেন, আমি বারেবারে বলছি, যে সবাই বুঝতে পারেনি এখনো, যদি সবাই বুঝতে পারতো তাহলে ধিক্কার দিতো। যেভাবে করে দিয়েছেন এই দুটো ক্যাটাগরিকে এক করে মিলিয়ে দিয়ে, এ ক্যাটাগরিতে মুসলমান, বি ক্যাটাগরিতেও মুসলমান, এইসব করে দিয়ে আজকে যা করেছেন তার মানে হচ্ছে যে ও বি.সি পাবে ১৭ পারসেন্ট। কিন্তু মুসলিম টেন পারসেন্ট পাবে না। আপনি লিখে নেন, যে যদি আমার কথা ভুল হয়, আমার তথ্য যদি ভুল হয় তাহলে আমি শাস্তি নিতে রাজী আছি। তিন নম্বর কথা হচ্ছে যে, এই যে আমাদের যারা মাইনরিটি কর্পোরেশানের কাজকর্ম করেন, আপনারা জানেন যে এইটা নতুন কোন ব্যাপার নয়। আমাদের সময় আগে চালু হয়েছিল গভর্নমেন্ট অফ ইন্ডিয়া প্রোগ্রাম, এবং সেই কাজে আমরা ছিলাম, আমরা যখন চলে যাই, তখন ছিলাম প্রথম। সারা ভারতবর্ষে এই মাইনরিটি ডেভলপমেন্ট কর্পোরেশানে প্রথম স্থানে আমরা ছিলাম। আজকে আমরা নামতে নামতে চার বছর এক এক করে নামতে নামতে চার নম্বরে চলে এসেছি। খোঁজ নিয়ে দেখবেন রির্পোটটা সঠিক কিনা। এইরকম আমাদের এখানে মাদ্রাসা শিক্ষার ব্যাপারে যে কথা বলা হয়ে থাকে, আমরা বার বার বলি, এর জন্মটা আমরা তো দিইনি, শুরু তো করেছে আপনাদের আমলে। আপনাদের মনে আছে, আমি বারবার একটা কথা বলি এর জন্যে, আজকে যারা বারে বারে বলেন, কংগ্রেস এইসব কথা বলে, আপনাদের জন্ম তো এক জায়গাতেই। আজ থেকে ৩৪ বছর আগে ৩৮ বছরে তো আমরা এলাম, তার আগে তো একটা সরকার ছিল। তাদের ইন্টারেস্ট ছিল না। সে সরকারে ছিল যারা তার থেকে তো আপনারা এসেছেন। আপনারা তখন কংগ্রেসি করতেন। আপনারাই তখন বলেছিলেন, এই যে আজকে বলছেন যে, মমতা ব্যানার্জী ছাড়া আর কিছু হবে না, তিনি যা করছেন সব করছেন। সেদিন আমরা শুনেছিলাম, ইন্দিরা ইজ ইন্ডিয়া। সেদিন তো আমরা শুনেছিলাম, আপনাদের স্লোগান। তারপরে আপনারা এই ৭০ থেকে, ৭২ থেকে ৭৭ সাল পশ্চিমবাংলায় সরকার চালালেন, সুব্রতবাবুরা মন্ত্রী হলেন। তারপরে সেই যে হারলেন, এই ৩৪ বছরে আর উদ্ধার হল না। এখন সেই নতুন, কি বলে, নতুন বোতলে পুরনো মদের মত, নামটাম পাল্টিয়ে নতুন নামে সরকার হল। আপনারা স্মরণ করতে পারলেন না। এবার, আজকে বলছেন এই কথা, পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার ৬ পার্টি দিয়ে শুরু হয়েছিল, শেষ করে ৮ পার্টি দিয়ে। এতগুলো সরকার, এতগুলো দলকে নিয়ে আর কেন্দ্রে

ছিল এমন একটা সরকার, যেখানে আমাদের ওই গণিখান চৌধুরী সাহেবরা বলতেন এই সরকারকে বঙ্গোপসাগরে ডুবিয়ে দেবো। আপনাদেরকে শুনতে হয়নি। এই রকম একটা প্রতিকূল অবস্থার মধ্যে দাঁড়িয়ে এতগুলো দলকে নিয়ে একটা সরকার চালানো, একটা ঐতিহাসিক ঘটনা। তুলনা করতে হবে আগের সঙ্গে। আজকে যেমন আমাদের সঙ্গে তুলনা করছেন, আরে আমাদের থেকে ভাল করবেন বলেই তো আপনারা এসেছেন। আমাদের থেকে খারাপ করলে তো আপনারা আসবেন কেন ? আমাদের থেকে ভাল করবেন বলেই তো এসেছেন। আমরা তো কংগ্রেসের থেকে ভাল কাজ করেছিলাম বলেই তো ৩৪ বছর ছিলাম। আপনারা আমাদের থেকে ভাল কাজ করবেন, এটাই কাম্য। কিন্তু আপনারা যদি আমাদের সঙ্গে তুলনা করেন তাহলে হবে না। আজকে ঠিক তেমনিভাবে এই যে আপনাদের আলেয়া ইউনির্ভাসিটি যেটা হয়েছে, আমরাই জুটিয়েছিলাম টাকা। আমরাই টাকা দিয়েছিলাম, জমি যোগাড় করে দিয়েছিলাম, ভাঙড়ের জমি যোগাড় করে দেওয়া হয়েছিল, কোটি কোটি টাকা দেওয়া হয়েছিল। এই পরিবর্তন তো আমরাই করেছি। উর্দু ভাষায় উর্দু অ্যাকাডেমি, তার বাড়ী ঘর তৈরি সবই তো আমাদের সময়ে তৈরি করা। আপনারা রঙ করে দিয়ে শুধুমাত্র দেখাতে চাইছেন, আমরা করেছি। ভাবখানা এই নীল আর সাদা রঙ থাকলেই সেটা আমরা করেছি।

[4.10—4.20 p.m.]

আমরা একটা কথা বলতে চাই, সরকারের কাজের ভালো মন্দ বিচার মানুষ করবে। কিন্তু কতগুলি নিয়ম, পদ্ধতি, নীতি, রীতি আছে। সেগুলো ভেঙ্গে দিলে দেশের সর্বনাশ হবে, রাজ্যের সর্বনাশ হবে। আমাদের এখানে চালু করা হল মোয়াজ্জেম ভাতা, ইমাম ভাতা। আমি তো একজন মুসলিম। কিন্তু আমি কী বলতে চাই ? এটা মুসলিমদের খুশি করার নামে আজকে আমাদের দেশে বিভাজনের নীতি তৈরি করার ব্যবস্থা করা হবে। আমরা জানি, আপনারা একদিন বি.জে.পি-র সঙ্গে সরকার করেছিলেন। এখনো সেই ভাব ভালবাসা আছে। সেই টানে এখনো এই জিনিস করতে চাইছেন। এর ফল অতি মারাত্মক। সবাই জানে আমাদের দেশের যে সংবিধান আছে তাতে আমাদের যে ধর্মনিরপেক্ষ রাষ্ট্র, তাতে কোনো ধর্মীয়তার বিভেদ করা যায় না। এটা সবারই জানা। এই টাকা দিয়ে মোয়াজ্জেম ভাতা দেওয়া, ইমাম ভাতা দেওয়া বেআইনি কাজ। শুধু বেআইনি না, এর পরিণতি হচ্ছে, কালকে হিন্দুরা যদি দাবি করে আমাদের পুরোহিতকে টাকা দিতে হবে, আমাদের পুজো করার লোককে টাকা দিতে হবে, তাহলে সেটা অস্বীকার করবেন কি করে ? এই পরিণতি তো হতে পারে। এর মাধ্যমে যে কাজটা হয়েছে সে কাজটা হচ্ছে আরো একপ্রস্থ তাতিয়ে দেওয়া যাতে হিন্দু মুসলমানের দ্বন্দ্বটা বেড়ে যায়। এটা করার চেষ্টা করা হয়েছে। আমি বলতে চাই, আমরা পশ্চিমবাংলায় ৩৪ বছর ছিলাম। কোন অবস্থানে আমরা এসেছিলাম। এর আগে একদিন বলেছিলাম যে আগে কলকাতায় শুনতে হত যে একটু ফ্যান দাও মা। আজকে আর সেই কথা কেউ বলে না। সেদিন ট্রাম বাসে বলা থাকত, লিভ অ্যান্ড লেট লিভ। নিজে বাঁচুন এবং অপরকে বাঁচতে দিন। কেন লেখা থাকত ? সেদিন কি নির্মম, কি নিষ্ঠুর অবস্থা ছিল সেটা মানুষ ভালোভাবে জানেন।

(এই সময় লাল বাতি জ্বলে ওঠে।)

সেই অবস্থা থেকে পরিত্রাণ পেয়ে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার ৩৪ বছর চলেছে। হ্যাঁ, ভুল ত্রুটি হতে পারে। আজকে অনেকে বলেন যে আপনাদের অহমিকা বেড়ে গিয়েছিল। আমাদের অহমিকা বাড়তে তো ৩৪ বছর লেগেছিল। আপনাদের অহমিকা বাড়তে তো ৩৪ মাসও লাগেনি। এই ৩৪ মাসের মধ্যে আপনাদের অহমিকা দেখতে পাচ্ছি। আপনারা ভাবছেন যে আপনারা চিরকাল থাকবেন। সংসদীয় গণতন্ত্রে চিরকাল কেউ থাকে না, এ কথা মনে রাখবেন। চিরকাল আপনারা থাকবেন না। কেউ চিরকাল থাকেনি। কেউ চিরকাল থাকবে না। থাকবে না বলেই আপনারা আজকে নিঃসঙ্গ হয়ে যাচ্ছেন। ছিলেন প্রায় ১৪-১৫ পার্টি, এখন কমতে কমতে কমতে সরকার করলেন দুই পার্টি। সিদ্ধান্ত হয়ে গেছে। এখন ঘরে যেগুলো ছিল তারাও সাজুগুজু করছে। এই হচ্ছে আপনাদের হাল। আপনাদের একজন মন্ত্রীও চলে গেলেন। সেটা কি আমাদের জন্য ? আজকে নিজের কথা ভাবুন। আমরা বলতে চাই, সত্যটা সত্য। আমাদের ভুল থাকলে সেটা আমরা স্বীকার করব। কিন্তু আপনারা যে পথ ধরেছেন সেটা সঠিক পথ নয়। আমি আবার রাজ্যপালের ভাষণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী বিপ্লব রায়চৌধুরী : মাননীয় স্পীকার মহোদয়, গত ১৯শে ফেব্রুয়ারী, ২০১৫ ভারতীয় সংবিধানের ১৭৬নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের রাজ্যপাল শ্রী কেশরীনাথ ত্রিপাঠী যে বক্তব্য রেখেছেন আমি তা পূর্ণ সমর্থন করছি। স্পীকার মহোদয়, আমাদের এই সভামঞ্চে সুভাষবাবু আছেন। উনি ভালো বলেন। আমরা শুনে মাঝে মাঝে আমোদিত হই। কিন্তু সুভাষবাবুকে আশ্বস্ত করতে পারি যে আজ থেকে দশ বছর আগে এই বিধানসভায় ওনার এলাকার আত্মীয় বাড়িতে ওনার বাম পাশে যারা বসে আছেন তারা আগুন লাগিয়ে দিয়েছিলেন। পরের দিন কাঁদতে কাঁদতে সেই আত্মীয় বাড়িতে ছুটে গিয়েছিলেন। তাদের চোখের জল মুছিয়ে ধ্বংসস্তূপ থেকে কাউকে কাউকে উদ্ধার করেছেন। কিছু কিছু জিনিসপত্র উদ্ধার করেছেন। কত দুঃখ, কত বেদনা তাদের। যাদের সঙ্গী, যাদের সঙ্গে 'ইনকিলাম জিন্দাবাদ' করেন, তদের সম্পর্কে বলেছেন। সেদিনের কথা বলেছেন। এই হাউসে আমি একজন পুরোনো সদস্য। আমি সুভাষবাবুকে আশ্বস্ত করতে চাই আমাদের সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরে ওনার বাড়িতে অথবা আত্মীয় বাড়িতে আর কেউ আগুন লাগাবে না। উনি নিশ্চিন্ত থাকুন। আনিসুর রহমান সাহেব তিনিও ভালো বলেন। একটু আগে বলছিলেন যে আপনারা তো কাজ করার জন্যই এসেছেন। ঠিকই বলেছেন। আমরা কাজ করার জন্য এসেছি। কেমন করে কাজ করার জন্য এসেছি সেটা আমি ছোটো করে বলি। আমাদের মুখ্যমন্ত্রী ২০১১ সালের মে মাসে শপথ নেওয়ার পরে প্রথম বলেছিলেন যে আমি ঝাড়গ্রামে যাব। ঝাড়গ্রামের মানুষগুলো না খেতে পেয়ে মারা যাচ্ছিল, এই উদাহরণ সৃষ্টি করেছিলেন ওরা। আমলাশোল গ্রামে পরপর পাঁচজন মানুষ মারা গিয়েছিল খবর পাওয়া গিয়েছিল। সংবাদপত্রের পাতায় যখন বড় করে খবর বেরোলো তখন ওরা হই হই করে ডি.এমকে ফোন করে বললেন খবরের কাগজে ছবি বেরোচ্ছে, খবর বেরোচ্ছে। ওখানে কে দায়িত্বে আছে ? ওই এলাকার

মন্ত্রীকে ধমক দিয়ে বললেন শিগগীরি যাও, এই ধরনের খবর যেন না বেরোয়। পরে যখন খবরে প্রমাণিত হল, তখন মমতা বন্দ্যোপাধ্যায় আমাদের বললেন, আমি একবার ওই গ্রামে যাব। উনি গিয়েছিলেন সেই গ্রামে। দেখেছিলেন সেখানকার অবস্থা। তখন তিনি বলেছিলেন আমরা যদি কখনো ক্ষমতায় আসি, তাহলে প্রথমে আমরা ওই গ্রাম থেকেই শুরু করব। মমতা বন্দ্যোপাধ্যায় ঝাড়গ্রাম গিয়েছিলেন। সেখান থেকে নেমে এলাকার মেয়েদের জিজ্ঞাসা করলেন, তোমাদের স্কুল তোমাদের বাড়ি থেকে কত দূরে। মেয়েরা বলল, দিদি তিন মাইল দূরে, কেউ বলল দু-মাইল দূরে ইত্যাদি। কি করে তোমরা স্কুলে আস ? বলল আমাদের হেঁটে হেঁটে স্কুলে আসতে হয়, বাস নেই কিছু নেই, আমাদের খুব কষ্ট হয়। তিনি বললেন তোমাদের এখানে গাড়িটাড়ি কিছু নেই। তারা বলল না কিছু নেই। মমতা বন্দ্যোপাধ্যায় ডি.এম-কে জিজ্ঞাসা করলেন, এই মেয়েদের যদি আমরা একটা করে সাইকেল উপহার দিই তাহলে ওরা ভালো করে স্কুলে যাতায়াত করতে পারবে, ভালো করে পড়াশোনা করতে পারবে। চালু হয়ে গেল মেয়েদের জন্য সাইকেল প্রকল্প। কী অসাধারণ ! হাঁটতে হাঁটতে কখনো যাবেন ওখানে। যদি কারো কোন মিটিং থাকে তাহলে এলাকার মানুষকে গিয়ে জিজ্ঞাসা করবেন। এইট, নাইন, ইলেভেন, টুয়েলভের মেয়েরা কী আনন্দের সঙ্গে দল বেধে মিছিল করে স্কুলে যাচ্ছে। তারা বাড়িতে ফিরে গিয়ে মাকে বলেছে, মা মুখ্যমন্ত্রী কাকে বলে আমরা জানতাম না। এই ভদ্রমহিলা মুখ্যমন্ত্রী, ইনি আমাদের বলছেন, আমি তোমাদের মায়ের মতো, এসো তোমরা সাইকেল করে স্কুলে যাবে, স্কুল থেকে বাড়ি ফিরবে, এইভাবে কাজ করবে। তারপরে তিনি কন্যাশ্রী প্রকল্প তৈরি করেছেন। আমি আনিসুর রহমান সহ সবাইকে বলি, ভাবুন একটু ব্যাপারটাকে নিয়ে। আপনারাও তো এতদিন ক্ষমতায় ছিলেন, কখনো মনে হয়েছিল মেয়েদের জন্য আমাদের কিছু কিছু কাজ বাকি আছে, আমরা ভাবতে পারব, আমরা করতে পারব। আপনারা তা ভাবেননি। সারা ভারতবর্ষ ভেবেছে, এমনকি ভারতবর্ষের বাইরের লোকেরা পর্যন্ত বলছেন, মমতা বন্দ্যোপাধ্যায় মহিলা বলে মেয়েদের কথা বুঝতে পেরেছেন, মেয়েদের মনের কান্না বুঝতে পেরেছেন বলেই মমতা বন্দ্যোপাধ্যায় এই প্রোগ্রামটা আমাদের সামনে উপহার দিয়েছেন। কি বিরাট পরিবর্তন। সমাজে একটা অদ্ভুত পরিবর্তন আসছে, সেই পরিবর্তনের কথা মাননীয় রাজ্যপাল তার ভাষণের মধ্যে বলেছেন। মাননীয় রাজ্যপাল বলেছেন, আমার সরকার পঁচাত্তরটিরও বেশি প্রশাসনিক বৈঠক করেছেন। স্যার, আমি এই হাউসের পুরোন সদস্য, আমি অনেকদিন ধরেই এই হাউস দেখছি। আমি এমন মুখ্যমন্ত্রীকে দেখেছি, যিনি ১১টার সময়ে রাইটার্স বিল্ডিংয়ে আসতেন, তারপরে একটা দেড়টা পর্যন্ত অফিস করতেন, তারপরে খাবার জন্য বাড়ি চলে যেতেন। তারপরে খাবার পরে তিনি আবার অফিসে আসতেন, ঘন্টা দেড়েক থাকতেন, তারপরে কেউ কেউ নন্দনে যেতেন, কেউ কেউ নিজের বাড়ি চলে যেতেন। আরেকটা নতুন মুখ্যমন্ত্রীকে আমরা দেখছি, তিনি সাড়ে দশটার সময় অফিসে আসেন, কিন্তু তিনি কখন যাবেন তার জন্য পুলিশ অফিসাররা উদ্বিগ্ন থাকেন। যদি নদীয়াতে কোথাও গোলমাল হয়, পুরুলিয়াতে কোথাও গোলমাল হয়, ডি.আই.জি-কে ডেকে জিজ্ঞাসা করেন, সেখানে গোলমাল হচ্ছে কেন। প্রয়োজনে আমি সেখানে চলে যাব, ডি.আই.জি-রা উদ্বিগ্ন থাকেন। এই উদ্বিগ্নটাই এই প্রশাসনকে গতিশীল করে দিয়েছে। পঁচাত্তরটি প্রশাসনিক মিটিং করেছেন,

সাড়ে তিন বছরে। এই মিটিঙের ফলশ্রুতি কি ? আমরা ডি.এমের সঙ্গে তার অফিসে দেখা করতে গিয়েছিলাম। ডি.এম বলছেন মুখ্যমন্ত্রী আমাদের জেলায় মিটিং করতে আসবেন একটু তাড়াতাড়ি করুন, আমাদের অনেক কাজ বাকি আছে। মুখ্যমন্ত্রী এসে কৈফিয়ত চাইবেন আমাদের কাছ থেকে, ওই রাস্তাটা আগেরবার বলে গিয়েছিলাম, সেই কাজটা কি সম্পূর্ণ হয়েছে। ওই গ্রামের খাল কাটতে বলেছিলাম, ওই গ্রামে বিদ্যুৎ বলেছিলাম, ওই স্কুলটা হয়নি বলেছিলাম, আমরা সেই কাজগুলো যদি সম্পূর্ণ না করে দিই তাহলে মাননীয় মুখ্যমন্ত্রী কৈফিয়ত চাইবেন। আমরা একজন কৈফিয়ত চাওয়ার মানুষ চাইছিলাম, যিনি বলবেন, মশাই আপনি চিফ সেক্রেটারি দু'লক্ষ টাকা মাইনে পান, আপনার নেতৃত্বে যে প্রশাসন তারা কাজ করবে না বসে থাকবে দিনের পর দিন, আর আমি অর্ডার করে দেব, অর্ডার পড়ে থাকবে দিনের পর দিন তাহলে মানুষ কৈফিয়ত চাইবে আমাদের কাছে পাঁচবছর পর। আমি তোমাদের কাছে প্রতি দু'মাস অন্তর কৈফিয়ত চাইব। টাকা দিয়েছি কাজ হয়নি কেন এই কৈফিয়ত চাওয়ার জন্যই মুখ্যমন্ত্রী বারে বারে জেলায় ছুটে যাচ্ছেন, আর ডি.এম-রা উদ্বিগ্ন হয়ে তাড়াতাড়ি যাতে কাজ শেষ হয় তারজন্য চেষ্টা করছেন। কত হাজার কিলোমিটার রাস্তা তৈরি হয়েছে গ্রামে এইকথা বলতে গেলে গর্ব হয় আমাদের। কত নতুন কাজ হয়েছে তা বলতে গেলে আমাদের গর্ব হয়। আমি আমার সংক্ষিপ্ত সময়ের মধ্যে মাত্র দুটি কথা বলতে চাই। একটা হচ্ছে বিদ্যুৎ সম্পর্কে, এই সরকার বিদ্যুতের ক্ষেত্রে একটা নতুন উদ্যোগ নিয়েছেন। এই উদ্যোগ হচ্ছে, আসন্ন চাহিদার সঙ্গে ভারসাম্য বজায় রেখে কেন্দ্রীয় এবং রাজ্য ক্ষেত্রে ৫২২০ মেগাওয়াট তাপবিদ্যুৎ কেন্দ্রের কাজ চলছে। তার সঙ্গে আরও যেটা গুরুত্বপূর্ণ একটা বিদ্যুৎ ব্যাঙ্কিং এর সূচনা করা হয়েছে। আরও যেটা গুরুত্বপূর্ণ, আমরা এতদিন পর্য্যন্ত তাপবিদ্যুৎ প্রকল্পর কথা জানতাম। কিন্তু জলবিদ্যুতের উপরে বেশি গুরুত্ব দিয়ে সেটাকে যে করবার দরকার তা এই সরকার করছেন। বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে ২০১৪-১৫ সালে দার্জিলিং জেলায় ২৯৩ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন চারটি নতুন জলবিদ্যুৎ প্রকল্প নির্মাণের কাজ অনুমোদিত হয়েছে এবং তার কাজ চলছে। এই যে উদ্যোগগুলো হচ্ছে এই উদ্যোগগুলো বাংলায় নতুন দিশা আনছে নতুন পথ দেখাচ্ছে, যাতে আমরা নতুনভাবে এগিয়ে যেতে পারি। আরও অসংখ্য কাজ আছে যে কাজগুলো অল্প সময়ের মধ্যে বলা যাবে না। আপনারা সবাই অনুভব করেছেন, এইভাবে এগিয়ে চলা একটা সরকারকে সমর্থন করা ছাড়া অন্য কোন পথ আপনাদের নেই। তাই আপনাদের মুখ বুজে এই ধরনের ব্যাঙ্গাত্মক বাক্য শুনতে হবে এবং মাথা নীচু করে বলতে হবে হ্যাঁ এই সরকার কাজের কাজ কিছু করছে। আমি রাজ্যপালের এই ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[4.20—4.30 p.m.]

শ্রী আশিস মার্জিত : স্যার আজকের এই মহতী সদনে আমাকে বক্তব্য রাখার সুযোগ দেওয়ার জন্য ধন্যবাদ। গত ১৯ ফেব্রুয়ারী ২০১৫, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পঞ্চদশ বিধানসভার পঞ্চদশ অধিবেশনে পশ্চিমবঙ্গের মহামান্য রাজ্যপাল শ্রী কেশরীনাথ ত্রিপাঠী মহাশয় যে ভাষণ দিয়েছেন তাকে আমি সমর্থন করতে পারছি না, কারণ, আমি একটা প্রবাদ প্রবচনের মাধ্যমেই শুরু করছি।

ভাইয়ের বন্ধু ভাই,
রাখালের বন্ধু বুড়া গাই,
চোরে চোরে মাসতুতো ভাই,
চল আমরা চুরি করতে যাই।

গ্রাম বাংলার নিপীড়িত-নির্যাতিত-নিষ্পেষিত মানুষ যারা রোদে পুড়ে জলে ভিজে মাথার ঘাম পায়ে ফেলে গায়ের রক্ত জল করে একটু একটু করে তাদের সেই জমানো টাকা সারদা চিটফান্ডে রেখেছিল, সেই টাকা মা-মাটি-মানুষের সরকারের হেভিওয়েট মন্ত্রী বিধায়ক সাংসদ তারা লুঠ করেছে এবং এই কারণে অনেকে মামার বাড়িতে বসে আদরে খানা খাচ্ছেন। তাই, তাই এই সরকারের মাধ্যমে মহামান্য রাজ্যপাল যে বক্তব্য রেখেছেন সেটার কোন উল্লেখ এর মধ্যে নেই। বিরোধী এক বন্ধু বলছিলেন, যে মানসবাবুদের ধুতি খোলা। হ্যাঁ, আমি স্বীকার করছি, মঙ্গলকোটে মানসবাবু সহ বেশ কয়েকজন বিধায়কের ধুতি খোলা হয়েছিল, সাঁইবাড়ি ঘটেছিল, ধানতলা ঘটেছিল, বানতলা ঘটেছিল, সিঙ্গুর ঘটেছিল, নন্দীগ্রাম ঘটেছিল। তাই আপনাদের সঙ্গে জোট বেঁধে ২০১১ সালে আমরা বিরোধীদের সরিয়ে দিয়ে মা-মাটি-মানুষের সরকারকে নিয়ে এসেছিলাম বহু আশা নিয়ে, বহু প্রত্যাশা নিয়ে। আসার পরে কি দেখলাম, যে মা-মাটি-মানুষ মা ধর্ষিতা, মাটি রক্তাক্ত, মানুষ নির্যাতিত এই তো মা-মাটি-মানুষের সরকার। আমাদের ভাল লাগছে, সম্মানীয় সদস্য কালিপদ বাবু উনি স্বীকার করলেন হাওড়ার শ্যামপুরে মেয়েটি ধর্ষিতা হয়েছিল—তিনি স্বীকার করেছেন উনি ধর্ষিতা হয়েছেন। বেশিরভাগ ক্ষেত্রে মহামান্য সরকারের অনেকেই স্বীকার করেন না, তাকে বিলাসিতা বলে চালিয়ে দেয়। তার সঙ্গে কোরাপটেড বলে চালিয়ে দেওয়া হয়। কিন্তু যাইহোক, আমি খুশি, আপ্লুত আনন্দিত যে উনি স্বীকার করেছেন আমাদের মহামান্য শ্রদ্ধেয় বিধায়ক মহাশয়। হাওড়ার শ্যামপুরে যে ঘটনাটি ঘটলো, একজন অষ্টম শ্রেণির ছাত্রী, যাত্রা পালা দেখে সে বাড়ি ফিরছিল। কয়েকজন দুষ্কৃতী তাকে তুলে নিয়ে গিয়ে ধর্ষণ করলো। তাকে আমরা দেখতে গিয়েছিলাম। আমাদের সম্মানীয় চিফ হুইপ অসিত মিত্র এবং আমি আমরা সেখানে দেখতে গিয়ে উলুবেড়িয়া হসপিটালে তার সঙ্গে দেখা করলাম। সে কথা বলার মতো পরিস্থিতিতে নেই। মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। লজ্জার কথা। তার রেশ কাটতে না কাটতে একই জায়গায়, হাওড়ার শ্যামপুর-কাকতালীয়ভাবে সেই এক অষ্টম শ্রেণির ছাত্রী মায়ের সঙ্গে যাত্রা দেখে বাড়ি ফিরছিল। এমন সময় দুজন সাইকেল আরোহী তাদের পেছন নেয়। একজন ওই মেয়েটাকে ধরে রেপ করতে উদ্যত হয়, তারা চিৎকার চেঁচামেচি করতে থাকে এবং পাশের থেকে লোকজন চলে আসে। তার মা মেয়েকে বাঁচাতে গেলে-ধারালো অস্ত্র দিয়ে ওই মাকে গলায় আঘাত করা হয়। সেও উলুবেড়িয়া হসপিটালে ভর্তি আছে। একই হাসপাতালে দুটো ঘটনায় injured person ভর্তি আছেন, গলায় ৩০টি স্টিচ নেওয়া হয়েছে। সেটা আমরা দেখলাম। আমরা কি দেখলাম বীরভূমে লাভপুরে আদিবাসী মহিলাকে সালিশি সভায় গণধর্ষণ করা হল। অপরাধ ? সে অন্য সম্প্রদায়ের একজন ছেলেকে ভালবাসে। কোন রাজত্বে বাস করছি, কোন সরকারের অধীনে আমরা আছি। একজন মহিলাকে নিয়ে গিয়ে বিবস্ত্র করে তার সারা গায়ে বিচুটি ঘষে দেওয়া হল। এটা লজ্জার

ঘটনা নয়। এছাড়া উল্লেখ না করে পারছি না, কামদুনি, Park Street, খড়জুনা-আর কত নাম করব। আমাদের দিদিমণি নাকি উন্নয়নের বন্যা বইয়ে দিচ্ছেন। মুসলিমদের ভালবাসায় তিনি গদগদ হয়ে যাচ্ছেন। আপনারা সবাই জানেন মুর্শিদাবাদে প্রায় 72% মুসলিম সম্প্রদায়ের মানুষ বাস করেন। উনি কত বার গেছেন ? কি উন্নয়ন করেছেন ? এবং ওখানে গিয়ে কোন প্রতিনিধিকে তিনি ডাকেননি। আমি উল্লেখ করতে পারি মুর্শিদাবাদের একটা প্রত্যন্ত এলাকার বিধায়ক আমি সেটা খড়গ্রাম বিধানসভা কেন্দ্র। এখানকার বেশির ভাগ মানুষ মুসলিম community, তফশিলি জাতি সম্প্রদায় ভুক্ত। সেই খড়গ্রামের একটা প্রত্যন্ত এলাকা 'ঝিল্লি' প্রবাদ প্রবচন আছে, "দিল্লীর চেয়ে, ঝিল্লি দূর"। (এই সময় লালবাতি জ্বলে ওঠে) সেখানে একটা দ্বারোকা নদীর উপরে bridge নির্মাণের জন্য ৪৮ কোটি টাকা তৎকালীন UPA সরকার দিয়েছে। সেই কেন্দ্রীয় সরকারের টাকা আজও পরে আছে, সেই bridge-এ সয়েল টেস্ট, তারপর সয়েল টেস্টের পর DPR—সমস্ত কিছু complete হয়ে আছে। আমি মাননীয় মন্ত্রীর সঙ্গে দেখা করেছি, বারবার দেখা করেছি, tender-এর অপেক্ষায় আছে, tender টা হয়ে গেলে-এই ব্রীজের কাজ শুরু হবে। প্রত্যন্ত এলাকায় নিপীড়িত, নির্যাতিত মানুষ....(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মিঃ স্পীকার স্যার, আমি মনে করি যে রাজ্যপাল এখানে এসেছেন, ভাষণ দিয়েছেন সেই জন্য অবশ্যই তাকে ধন্যবাদ জানানো যেতে পারে। কিন্তু যাদের লেখা ভাষণ তিনি পড়েছেন তাদেরকে ধন্যবাদ দেওয়া যায় না। যাই হোক, আমাদের এই হাউসে প্রথা মোটামুটি আছে, এই নিয়ে ভোট হয় না। ওটা কেউ বলছেন cut motion ; cut motion না, amendment যেগুলো আছে। সে নিয়ে কখনও ভোট হয়েছে আমি দেখিনি, আমরাও করিনি। সেগুলো বড় ব্যাপার নয়। মুখ্যমন্ত্রী আসেননি কাজেই আপনাকে একটা ruling দিতে বলব,...(নয়েজ).... যাই হোক, এখন আমি আপনাকে একটা রুলিং চাইছি, একটা ব্যাপারে, মাননীয়া মুখ্যমন্ত্রী তারও হয়তো কিছু করণীয় থাকবে। স্যার, আপনার এখানে West Bengal Legislative Assembly পশ্চিমবঙ্গ বিধানসভা Bulletin Part II, December 16, 2014 আমাদের যেটা দেওয়া হয়েছে No.1108. তাতে আমাদের বিধানসভার সচিব জানিয়েছেন, Arrest of Member ' Shri Madan Mitra was arrestes/taken into custody' at 4.00 p.m. on 12.12.2014 for his prima-facie involvement....(noise)

(Noise and interruption)

[4.30—4.40 p.m.]

Mr. Speaker : It is an information that has been communicated to the West Bengal Legislative Assembly. According to the Constitution, according to according to our Rules this has to be done. এই রকম যদি কোন সদস্য গ্রেপ্তার হন, ইনফরমেশান বিধানসভায় আসে, রিলিজ্‌ড হয়ে গেলেও বিধানসভায় আসে।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : So, for his prima facie involvement in case number such and such, Kolkata, registered against Sardha Realty India Limited and others and at present lodged in the police custody at the office of CBI CGO Complex, Salt Lake, Kolkata ১২.১২.২০১৪ এটা। ডিসেম্বার ১২ থেকে আজকে হচ্ছে ফেব্রুয়ারী মাসের ২৬ তারিখ, এটা ২০১৪ সাল নয় এটা ২০১৫ সাল। এই সময়ে আমরা দেখলাম যে এবারে যে বুলেটিন দেওয়া হয়েছে, কে কবে প্রশ্নের উত্তর দেবেন মন্ত্রীরা, তাতে আমরা দেখতে পাচ্ছি যে তাঁর নাম আছে, আমি আশা করি মন্ত্রী আছেন নিশ্চয়ই, না হলে কি করে নাম থাকবে। কিন্তু আমি কাগজে দেখেছিলাম, মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যে উনি এখন ওনার দপ্তর দেখবেন। আমি আশা করি তাই দেখছেন। আমি জানি যে এই বিষয়ে সচেতন যে যতক্ষণ না কেউ কনভিকটেড হচ্ছেন, সাজা পাচ্ছেন, ততক্ষণ পর্যন্ত তিনি মন্ত্রী থাকতেই পারেন, মুখ্যমন্ত্রীও থাকলে থাকতে পারেন। কাজে সেটা বড় বিচার্য বিষয় নয়।

(গোলমাল)

হোয়াই ইউ আর সাউটিং ? এই রকম হলে কাউকে বলতে দেব না।

মিঃ স্পীকার : বসুন বসুন, আপনি বলুন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমি খালি বলছি আপনার কাছে Does it require a notification ? যে এই দায়িত্ব মুখ্যমন্ত্রীর, এই দপ্তর দেখবেন এই মর্মে রুলস অফ বিজনেস যা আছে সেই রুলস অফ বিজনেসে একটা নোটিফিকেশান দরকার কি দরকার নয় এইটুকুই আপনার কাছে জিজ্ঞাসা করছি। দ্বিতীয় কথা হচ্ছে এই যে মাননীয়া মুখ্যমন্ত্রীকে আমি বলতে চাই আপনার মাধ্যমে স্যার, যে আমরা বিরোধী পক্ষ আমরা আপনাদের সরকারের বিরোধিতা করবো এতে কোন সন্দেহ নেই। গণতান্ত্রিকভাবে মানুষ রায় দিলে আপনার এই সরকারকে সরিয়ে বিকল্প সরকার করবার চেষ্টা করবো, মানুষের রায়ের উপর নির্ভর করে। কিন্তু আমি চাই—

(গোলমাল)

এই রকম করলে স্যার মুখ্যমন্ত্রীর কথা শুনতে পাবেন না।

মিঃ স্পীকার : ডাঃ মিশ্রকে বলতে দিন। আপনি বলুন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমি চাই যে আগামী বছর, আসছে বছর

(গোলমাল)

মিঃ স্পীকার : আপনি বলুন। প্লিজ গো অন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : এই রকম করলে কি বলা যায় নাকি ? হাউসে বলা যায় না।

(গোলমাল)

আমি বলছি যে আমরা চাই আগামী বছরও এটা পড়া হোক। কিন্তু আমি উদ্বিগ্ন যে সেটা হবে কিনা। মুখ্যমন্ত্রীর কাছে আমি একটা আশ্বাস চাইছি যে এটা হবে। কারণ প্রত্যেক

দিন ঘটনা ঘটছে, আমি তার মধ্যে যাচ্ছি না, কে ভাঙাচ্ছে কে ভাঙছে এই সব ব্যাপারের মধ্যে যাচ্ছি না। কিন্তু আমি বলতে চাই এটা যে, যে ঘটনাগুলো ঘটছে তার মধ্যে কিছু সাবজ্যুডিস ম্যাটার, সেই নিয়ে আমি কিছু বলতে পারি না, কিন্তু আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলতে চাই যে সুপ্রিম কোর্ট খুব ক্লিয়ার ডিরেকশান দিয়েছেন, যেগুলো সাবজুডিস, সি.বি.আই. তদন্ত করছে, কিন্তু বাকি গুলো ? জাস্টিস শ্যামল সেন কমিশন যেগুলোর তদন্ত করছেন তিনি করতে পারবেন, রাজ্য সরকার যা করছেন, করতে পারবেন। রাজ্য সরকার বলেছেন সুপ্রিম কোর্টকে তারা সহযোগিতা করবেন। কিন্তু ওখানে সুপ্রিম কোর্টের জাজমেন্টে বলা আছে এই কয়েকটা চিট ফান্ডের বিষয়ে। তার বাইরে মোট প্রায় দু'শো প্লাস চিট ফান্ড প্রায় এস্টিমেটের সিক্সটি থাউজেন্ড ক্রোড়স, ৬০ হাজার কোটি টাকা, যা আমানতকারীদের লুট হয়েছে, যার মধ্যে একটা ষড়যন্ত্র আছে বলে সুপ্রীম কোর্টের ভাষায়। সেটা তো করতে পারবে রাজ্য সরকার। আর রাজ্য সরকার সেটা না করে 'শ্যামল সেন কমিশন' তুলে দিয়েছেন। আমরা তার রিপোর্টটা দাবী করছি। সেটা পাবলিক ডোমেনে এখনো দেওয়া হয়নি। তার সঙ্গে আমরা যেটা দাবি করছি যে, এই টাকা ফেরতের জন্য একটা বিল এই বিধানসভায় পাশ হয়েছিল। সেই বিলটা সম্বন্ধে আমাকে দিল্লীতে গিয়ে প্রধানমন্ত্রীকে বলতে হয় যে আপনি এই বিলটা ফেলে রেখেছেন কেন ? আপনারা কেন দেখছেন না ? আগেও বলেছি এখানকার যে প্রধানমন্ত্রী তাকেও বলছি। আমি বলছি রাজ্য সরকার কেন উদ্যোগ নিচ্ছেন না ? যে বিলটা এই বিধানসভায় পাশ হয়েছে টাকা উদ্ধারের জন্য। যাই হোক, ঘটনা এমন ঘটে, এই যে আজকে সকালবেলা উঠে প্রথমে যা শুনলাম, এখন বুঝলাম ঠিক তাই। আমাদের এখানে একজন অনারেবেল মেম্বার বলেছেন যে আমাদের পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান পদত্যাগ করেছেন। আমি আশা করি যে মাননীয়া মুখ্যমন্ত্রীও চেনেন, আমিও চিনি। আমার ধারণায় তাঁর সততা সম্পর্কে কখনো কিছু প্রশ্ন উঠেছে কিনা জানি না। কিন্তু কী পরিস্থিতিতে করতে হচ্ছে ? এই রকম একটা পরিস্থিতির মধ্যে আমরা চলছি। কখন কি ঘটছে। পার্লামেন্টারি সেক্রেটারী নাকি আজকে নেই, সত্যি কি জানি না। এটা তো হাউসে জানবার অধিকার আছে ? হাউস চলছে এখন।

...(নয়েজ)....

এটা জানবার অধিকার নেই আমাদের ? আমি বলছি, বদলাচ্ছে, প্রত্যেকদিনই কিছু না কিছু ঘটে চলেছে। আমি চাইছি যে এই পরিস্থিতির একটা অবসান হোক, একটা স্থিতিশীলতা আসুক এবং তার জন্য সরকারের অনেকগুলো দায়িত্ব রয়েছে। আসছে না কেন ? আমি অর্থনীতির প্রসঙ্গে আজকে যাচ্ছি না। তার কারণ অর্থনৈতিকভাবে যদি রাজ্যটা অস্থিতিশীল হয়ে পড়ে, তাহলে রাজনীতিতে অস্থিরতা দেখা দেবে। বাজেট যেহেতু আছে, তখন আমাদের আলোচনার সুযোগ আছে। আমি তার মধ্যে যাচ্ছি না। আমি কেবলমাত্র একটা কথা বলি, মোটা দাগের হিসাব, ওই বারবার শুনি, আপনাদের সময় ২ লক্ষ এত কোটি টাকা ঋণ হয়েছিল ৩৪ বছরে, ৩৪ বছরই আমি ধরে নিচ্ছি। ধরে নিচ্ছি যখন বামফ্রন্ট সরকার এসেছিল, তখন এক পয়সাও ঋণ ছিল না। আচ্ছা, ৩৪ বছরে যদি ২ লক্ষ কোটি টাকা ঋণ হয়ে থাকে, বছরে গড়ে প্রায় ৫ হাজার ৯০০ কোটি টাকার মত

হবে, ৩ হাজার ধরে নিই, সেটা যদিও ঠিক নয়, যাই হোক, আর এখন আপনার এই সওয়া তিন-চার বছরে ঋণ হয়েছে ৮০ হাজার কোটি টাকা। এটা গড়ে বছরে আসে ২১ হাজার কোটি টাকা। ২১ হাজার ৩৩৩ কোটি টাকা। কাজেই রেকর্ড কোনটা আপনি বুঝবেন। ৫ হাজার ৮৮২ আর ২১ হাজার ৩৩৩। এটা কোনটা ঠিক, বেঠিক।

মিঃ স্পীকার : প্লিজ, মাননীয়া মুখ্যমন্ত্রী আছেন, নিশ্চয়ই উনি এগুলো নোট করছেন, জবাব দেবেন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : ঠিকই, সেটাই করা ভাল। এখানে রাজ্যপালের ভাষণের আমি কয়েকটা কথা বলতে পারব। অনেক কথাই আমার সহকর্মীরা বলেছেন। আমার সরকার মানুষ পাচার সীমান্ত এলাকায়, অন্যান্য অপরাধ দমন করা এবং অবাঞ্ছিত বিদেশী অনুপ্রবেশ রোধের উদ্দেশ্যে সীমান্ত রক্ষার কাজে নিযুক্ত কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণাধীন বি.এস.এফ, এস.এস.বি-এগুলোর উপরে নজরদারি কঠোর করার অনুরোধ জানিয়েছেন। ভাল, কিন্তু খালি যে মানুষ পাচার নেই। এমনই অবস্থা, আমি যখন বনগাঁ নির্বাচনে গিয়েছিলেন,জিতেছেন আপনারা সেটা নিয়ে আমি কোন চ্যালেঞ্জ করছি না। কিন্তু এটা মানুষ পাচার নয়, ওখানে নির্বাচন হচ্ছে গরু পাচারী। এক পক্ষ বলছে আমাদের ভোট দাও, গরু গরু পাচরা অব্যাহত থাকবে। তোমাদের কোন চিন্তা নেই। আর এক পক্ষ বলছে যে, আমাদের ভোট দাও গরু পাচার বন্ধ করে দেব। কোন রাজনীতি নেই। আমরা এর কোন পক্ষে নয়। আমি সরকারকে জিজ্ঞাসা করছি, আপনারা কোন পক্ষের ?

.....(নয়েজ).....

তার কারণ, আমি আবার বলছি স্যার, এই রকম হলে মুখ্যমন্ত্রী কথা বলতে পারবেন না।

মিঃ স্পীকার : আপনারা একটু বলতে দিন, ওনাকে বলতে দিন।

[4.40—4.50 p.m.]

আমি বলছি যে, আমরা কোনো পক্ষে না। আমাকে যদি বলেন যে, এই বিশ্বকে বলা হয় বিশ্বায়িত, এই বিশ্বায়নের যুগে একমাত্র ফাটকাপুঁজি সে সারা দুনিয়া ঘুরে বেড়াতে পারে। কোনো বর্ডার সিকিউরিটি ফোর্স আটকাতে পারবে না। কম্পিউটারে, টাচ স্ক্রীনে আঙুলের ছোঁয়ায় চব্বিশ ঘন্টায় দেড় থেকে দুই ট্রিলিয়ান ডলার পৃথিবীর ও প্রান্ত থেকে ও প্রান্তে ঘুরে বেড়ায়। কিন্তু মানুষ যদি এ পাশ থেকে ও পাশ যায়—শ্রমের বিশ্বায়ন হয়নি, পণ্যের বিশ্বায়ন হয়নি, যদি ওপাশে গরুর বাজার থাকে তাহলে ওপাশে গরু যাবে। আইনসঙ্গতভাবে যাবে। যদি এ পাশে ইলিশের চাহিদা থাকে, দাম বেশি পায়, ইলিশ এ পাশে আসবে, আইন সঙ্গতভাবে হবে। আমি জানি না, মাননীয়া মুখ্যমন্ত্রী ঢাকা থেকে এসছেন। এই সব নিয়ে কিছু আলোচনা হয়েছে কিনা। কিন্তু আমি সরকারকে জিজ্ঞাসা করছি, আপনার সরকার কোন পক্ষের ? তার কারণ একটা বিষয় এই বিষয় যেটা এখানে খুব দাবি করা হয়েছে যে, আমাদের সাম্প্রদায়িক সম্প্রীতি চমৎকার আছে। কিন্তু সত্যি সত্যি

কি আমরা আত্মপ্রবঞ্চনা করছি না তো ? আমরা মাটিতে কান দিয়ে শুনতে পাই না যে, একটা টেনশান, একটা চাপা উত্তেজনা মাঝে মাঝে, মাঝে মাঝে মাথা তোলবার চেষ্টা করছে। আমরা সে সম্পর্কে আত্মসন্তুষ্টির মনোভাব নিয়ে চলতে পারি ? কারণ এই যে মানুষ কি করে আসবে না আসবে। তাহলে খাগড়াগড়ে লোকগুলো এলো কি করে ? ওই লোকগুলো এলো কি করে এখানে। সীমান্তরক্ষী বাহিনীর বড় দায়িত্ব ওখানে আটকাবার। কিন্তু এখানে আসছে, চলে যাচ্ছে, আসছে, চলে যাচ্ছে। আশ্রয় পাচ্ছে এবং ওই সব শক্তি যে সব শক্তি দেশবিরোধী শক্তি আমাদের খালি দেশ নয়, পাশের দেশ তাদেরও সরকারের বিরুদ্ধে ইত্যাদি সেখানকার নেতা-নেত্রী যারা আছেন তাদের বিরুদ্ধে হত্যার ষড়যন্ত্রে লিপ্ত। তারা এখানে কি করে পাচ্ছে। আমরা কি বলতে পারি যে, সব ঠিক ঠাক চলছে। আমি বলছি, আপনি যদি দেখেন, বনগাঁ থেকে আরম্ভ করে বসিরহাট নির্বাচনী ইত্যাদি। এই সব কাগজে অ্যানালাইসিস বেরোচ্ছে। আর আপনারা, আমরা কে না জানে না। আপনি যদি দেখেন, এই যে বিভাজন একটা তৈরি হচ্ছে আমাদের দেখা দরকার যে, এখানে কী দায়িত্ব ও কী ভূমিকা সরকারের নেওয়ার আছে। সরকার কি ধর্মনিরপেক্ষ অবস্থান নিয়ে চলছে ? আমি মনে করি না যে, রাজ্যের সরকার কি কেন্দ্রের সরকার তারা কেউ এই অবস্থানে আছেন। আর এই যে পক্ষাপক্ষি, এ কোন পক্ষে, ও কোন পক্ষে ইত্যাদি ইত্যাদি। এই বিভাজন এইটাকে আমরা কি করে অতিক্রম করতে পারি, এটা খুব গুরুত্বপূর্ণ বিষয় হয়ে দাঁড়িয়েছে। মানুষ যদি আক্রান্ত হন, গণতন্ত্র যদি আক্রান্ত হন, বামপন্থীরা তো আক্রান্ত—কে আমার কাছে আশ্রয়ের জন্য আসবে ? সে খুঁজবে কোথায় কোথায় আশ্রয় নিতে পারি। ঠেলে দেওয়া হয় তাকে। গণতন্ত্র আক্রান্ত হলে এই সব শক্তির কাছে গিয়ে তারা আশ্রয় খোঁজে। সরকার যদি একটা ধর্মনিরপেক্ষ অবস্থান না নেয়, তারা যদি একটা পক্ষাপক্ষি অবস্থান অবলম্বন করে তাহলে রাজ্য সরকার একটা পক্ষে, কেন্দ্রের সরকার একটা পক্ষে, মানুষ—তারা কোন পক্ষে যাবে ? এই যে বিভাজন তৈরির পরিস্থিতি, পরিবেশ তৈরি হয়। আমার কাছে সেটাই হচ্ছে আইন-শৃঙ্খলার ইত্যাদি ইত্যাদির চাইতে অনেক বেশি গুরুত্বপূর্ণ। আমি কেবলমাত্র এই কথাই বলতে পারি যে, আমরা বামপন্থীরা বিরোধী গণতান্ত্রিক শক্তি। আমরা যারা যারা আছি আমরা পারি, সরকার যদি চান ঐক্যবদ্ধভাবে সবাই মিলে এই পরিস্থিতিতে, কোনো রকম আত্মসন্তুষ্টি না রেখে একে চ্যালেঞ্জ হিসাবে মোকাবিলা করা—'হিন্দু না মুসলিম জিজ্ঞাসে কোন জন, কান্ডারি বল ডুবিছে মানুষ সন্তান মোর মার'। .....(নয়েজ)....আমি বলছি যে, আমরা সেই অবস্থান—এটা হচ্ছে খুব বড় গুরুত্বপূর্ণ ব্যাপার। অনেক আইন-শৃঙ্খলা নিয়ে আপনি বলেছেন এখানে, সেগুলিতে যাচ্ছি না। মহিলাদের ওপরে আক্রমণের ক্ষেত্রে বলেছেন যে, দ্রুত পেশাদার মনোভাব নিয়ে তদন্ত চালাবার ব্যাপারে পথ-নির্দেশ নেওয়া হয়েছে এবং সম্ভাব্য ক্ষেত্রগুলিতে ফাস্ট ট্র্যাক আদালতে বিচারের ব্যবস্থা করা হয়েছে। আমি খালি মুখ্যমন্ত্রীর কাছে বিনীতভাবে জানতে চাই যে, কটা ফাস্ট ট্র্যাক আদালত চলছে। তার পরের লাইন লেখা হচ্ছে, বেশ কিছু নথিভুক্ত ঘটনায় চার্জশিট জমা দেওয়ার কয়েক মাসের মধ্যেই অপরাধীদের দণ্ড দানের ব্যবস্থা করা হয়েছে। চার্জশিট জমা দেওয়ার মধ্যেই মানে, অপরাধীদের খুব দ্রুত দণ্ডদান হয়েছে, এ রকম বেশ কয়েকটি ক্ষেত্রে লেখা আছে। আমি

তো একটাও খুঁজে পাচ্ছি না। যদি থাকে, বলবেন। লেখা আছে এখানে অনেক কথা। পুলিশের জন্য কী করা হচ্ছে। পুলিশকর্মীদের জন্য "প্রত্যাশা" নামে একটা মালিকানাধীন আবাসন কর্ম প্রকল্প হবে। একজনও কী বলতে পারেন, এক জন, কি পাঁচ জন, কি দশ জন যে তাঁদের প্রত্যাশা পূরণ হয়েছে ? তাঁদের জায়গা তাঁরা পেয়েছে ?

লেখা আছে এখানে 'সাম্প্রদায়িক সম্প্রীতি, শান্তি সৌভ্রাতৃত্বের পরিস্থিতি বজায় রাখা-সহ, ইত্যাদি সংখ্যালঘুদের উন্নয়ন সম্পর্কে অনেকগুলো কথা বলা হয়েছে। কিছু কথা এখানে আমাদের আনিসুর রহমান সাহেব বলেছেন। আমি তার মধ্যে যাচ্ছি না, পুনরাবৃত্তি করতে চাই না। কিন্তু এগুলো বলা আছে। আমি মাননীয়া মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে পারি আপনার মাধ্যমে স্যার যে আচ্ছা, এই উর্দু একাডেমী কী এখন হল ? ৭৮ সালে উর্দু একাডেমী হয়েছে। যে চারতলা বাড়ী আছে তা আমাদের সময় তৈরি হয়েছে। মনে হচ্ছে যেন এখনই বাড়ীটা তৈরি হল, এখন চালু হল। উর্দু ভাষাকে সরকারি নির্দেশিকা দিয়ে আমাদের সময়ে দ্বিতীয় ভাষার মর্যাদা, ইত্যাদি দেওয়া হয়েছে।....(হইচই).... সরকার আইন করেছে। এই সরকার আইন করেছে। এইটাই পার্থক্য। কিন্তু আমি জিজ্ঞাসা করছি তার থেকে গুরুত্বপূর্ণ হল, দ্বিতীয় ভাষা হিসাবে মর্যাদা দিতে হলে যেটা লাগে তা আইন করে, আইনত যা দাবি করে সেগুলো কী হচ্ছে এখানে ? এখানে কী হয়েছে ? হাউজে যখন বিল বিলি হয় তার একটা বাংলা কপি এখন পাই না। আগে পেতাম। বলছেন 'সব হয়ে গেছে উর্দু-র। কথায় কথায় এইসব কথা বলেন।

এই যে বৃত্তিশিক্ষা, কারিগরী প্রশিক্ষণ। যেন নতুন হল। যেন মাল্টিসিটি ডেভেলপমেন্ট প্রোগ্রাম আগে ছিল না এই হল। আমি আপনাদের দায়িত্ব নিয়ে বলছি মাল্টিসিটি ডেভেলপমেন্ট প্রোগ্রামে সব রাজ্যের মধ্যে আমাদের রাজ্য প্রথম স্থানে গিয়েছিল। আজকে কোন্ স্থানে আছি ? জবাবও আমি দিচ্ছি। চার নম্বর স্থানে। এই যে মাইনরিটি এরিয়ায় ডেভেলপমেন্ট, এটা কেন্দ্রীয় সরকারের প্রকল্প রাজ্যকে কিছু অংশ দিতে হয়। ...(হইচই)...কিন্তু আমি রূপায়ণের কথা বলছি। এই কবরস্থানে প্রাচীর নির্মাণ। নতুন হল ? এই যে আলিয়া বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস। ...(হই চই) না, বেশি হচ্ছে এখন। আগেও হত। বেশি হচ্ছে হয়তো এখন। ঠিক আছে। বেশি হচ্ছে ভালো। আমি বলছি, এই রকম কতগুলো...(হইচই)...হ্যাঁ, আমি আলিয়া বিশ্ববিদ্যালয়ের কথা বলছি।

এই যে রাজারহাট নিউটাউনশিপের যে ক্যাম্পাসের কথা বলা হচ্ছে, রাজারহাট নিউটাউনশিপটাই বামফ্রন্ট সরকারের আমলের। আর, জায়গাও দেওয়া হয়েছিল ১৫ একর বামফ্রন্ট সরকারের আমলে। দেওয়া হয়েছিল মেডিক্যাল ক্যাম্পাস করবার জন্য। কিন্তু সেখানে আপনি মেডিক্যাল ক্যাম্পাস করলেন না। মেডিক্যাল ক্যাম্পাস না করে, কী লাভ হবে যদি আমাদের মাইনরিটিরা ডাক্তার না হয়, ইঞ্জিনিয়ার না হয়, তাদের ভালো লেখা-পড়ার সুযোগ না হয়।

ওরকম একটা ১৪৮ কাঠা জমিতে আলিয়ার মেয়েদের ক্যাম্পাস আমাদের সময়ে শুরু হয়েছিল এবং সেখানে আমরা নার্সিং, ম্যানেজমেন্ট, বি-ফার্ম, এম ফার্ম, করার কথা ভেবেছিলাম। এখন ওখানে জেনারেল কোর্স হচ্ছে। এই যে ৭তলা বাড়ী মহম্মদ মহসিন

স্কোয়ারে, এই ৭তলা বাড়ী আমাদের সময়ে তৈরি। এই যে নবাব আবদুল লতিফ বি.এড কলেজ আমাদের সময়ে তৈরি। কিন্তু মনে হবে যেন এগুলো হঠাৎ করে হচ্ছে। দিলখুসা স্ট্রীটে মুসলিম মহিলাদের জন্য হোস্টেল। 90% কাজ আমাদের সময়ের। আলিয়া বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসের জন্য ভাঙড়ে ৬৫ একর দিয়েছিলাম। ২০ কোটি টাকা দিয়েছি। কী হয়েছে ? টাকার কী হল ? জমির কী হল ? আমি জানি না। ৮টা ইংরাজী মাদ্রাসার কথা আমরা বলেছিলাম। একটা মাত্র হয়েছে মনে হয় কৃষ্ণনগরে। বাকিগুলোর কী হল ? ইংরাজী মাদ্রাসা কেন বলেছিলাম তা আর ব্যাখ্যা করতে চাই না আমি। ৪০৫টা SSK, MSK-সহ প্রায় তিন হাজার পদ আমাদের সময় অনুমোদন হয়েছিল। নিউসেট মাদ্রাসার জন্য প্রায় ৮০০ পদ আমরা রেখে গিয়েছিলাম। ওগুলো অনুমোদন হল না। একবার আনিসুর গিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করতে চেয়েছিল এই ব্যাপার নিয়ে, দেখা করতে পারেনি, পায়নি। যাকগে, আমি বলছি যে মূল কথাটা হচ্ছে সংখ্যালঘু অংশ, সাম্প্রদায়িক এই যে শক্তিগুলো তাদের ব্যবহার করবার চেষ্টা করে, জাতপাতের শক্তিগুলো যারা পশ্চাৎপদ অংশ তাদের ব্যবহার করবার চেষ্টা করে, তাদের উন্নয়নের কর্মসূচী অবশ্যই গুরুত্বপূর্ণ কর্মসূচী। কিন্তু এই নয় যে নতুন হচ্ছে। সেটা নিয়ে এমন একটা পরিস্থিতি যেন তৈরি না হয় যাতে বিভাজনের রাজনীতির সুবিধা হয়। সেই বিষয়ে একটু সচেষ্ট থাকা দরকার। আপনি সিডুইল কাষ্ট, সিডুইল ট্রাইব, আদিবাসীদের সম্বন্ধে বলেছেন। ভালো কথা। অনেক কথা বলেছেন।

[4.50—5.00 p.m.]

কিন্তু আমার মুশকিল হচ্ছে "E", "E" বলেন না—আমাদের মুশকিল হচ্ছে এ,বি,সি,ডি, নিয়ে। এ,বি,সি,ডি, জানলে তো তারপর "E" হবে। আর সব জায়গায় "E","E","E"। "E" গর্ভনেন্স। ওতে অ্যাপ্লাই করতে হবে, ওতে করতে হবে। করুক, যারা পারবে তারা করবে। কিন্তু ক্যাম্প করে যে সার্টিফিকেট দেওয়ার কথা এটার কি হল ? অলচিকির কি হল ? মানে অলচিকি হরফ-এই নিয়ে আবার বিভ্রান্তি না হয়—সাঁওতালি ভাষায়, অলচিকি হরফে শিক্ষার ব্যবস্থা কি হল ? এবারে কতদূর এগোল ? আমি আশা করি মুখ্যমন্ত্রী এরপরে এইসব বিষয়ে যখন তার বলার সুযোগ হয় তখন নিশ্চয়ই উনি আগের মত জহরবাবুকে খুঁজবেন না ? এন.আর.ই.জি.এস. নিয়ে বলা হয়েছে এখানে। দু-হাজার কোটি টাকা প্রায় মজুরি বাকি। আমরা এখানে প্রস্তাব পাশ করলাম গত অধিবেশনে। ওখানে যাওয়ার কথা হয়েছিল, যাওয়া হয়নি। আমি জানি না। কি করছেন ? সুব্রতবাবু চান না বোধহয় ওখানে মন্ত্রীর সঙ্গে মুখোমুখি হতে এব্যাপারে। কি একটা আড়ষ্টতা আছে, আমি বলতে পারছি না। কিন্তু আপনি বিচার করে দেখবেন। এটা চলবে কি চলবে না-এটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার।

ধান কেনা নিয়ে অনেক কথা লিখেছেন। আজকে খাদ্যমন্ত্রী একটা বিবৃতি দিয়েছেন, আমি বিশদ পড়েছি। কেনা হয়েছে ভাল, ঠিক আছে। কিছু অসুবিধা নেই। কিন্তু কথাটা হচ্ছে যখন অভাবী বিক্রি হয় তখন চাষি দাম পেল কি পেল না—এটা হচ্ছে বড় কথা। তা না হলে এসব প্রোকিওরমেন্ট ইত্যাদির কোন মূল্য থাকে না। একটা হচ্ছে সংগ্রহ,

প্রোকিওরমেন্ট। আর একটা হচ্ছে দাম পাওয়া। দাম পায় না। দুশো টাকা কম হল ন্যূনতম সংগ্রহ মূল্যে। আমি জানি যেটা বলেছেন সেটা ঠিক। কেন্দ্রের থেকে বলে দেওয়া হচ্ছে যে তুমি বোনাস দিতে পারবে না। বোনাস দিলে এফ.সি.আই. কাজ তুলে নেবে। কারণ, ওরা ওখানে চুক্তিবদ্ধ। ফুড সিকিউরিটি নিয়ে আমাদের অবস্থান, আইন ইত্যাদি রয়েছে তাতে ওরা খুশী নয়। আমাদের দেশের বাইরের শক্তিরা চাপ দিচ্ছে। কিন্তু আমাদের পাশের রাজ্য যদি আমাদের চাইতে বেশি দিতে পারে আমি কেন ১৫ টাকা দিচ্ছি। আমি কেন বেশি দিতে পারি না ? আমি কৃষক আত্মহত্যা ইত্যাদি নিয়ে বিতর্কে যাচ্ছি না। কিন্তু ঘটনা যেটা কৃষিক্ষেত্র-সহ সমস্ত ক্ষেত্র জুড়ে সংকট। শিল্পের কি হচ্ছে ? এই যে সব বড় বড় কথা বলা হচ্ছে-ঠিক আছে। কিন্তু এই যে একজন বলছিলেন, আমার মনে হচ্ছে শোহরাব সাহেব বলছিলেন বোধহয়। উনি যতটা বলেছেন আমি সেটা না বলে তার পরেরটা বলছি। ডিপার্টমেন্ট অফ ইন্ডাস্ট্রিয়াল পলিসি অ্যান্ড প্রোমোশান-আই.ডি.পি.পি. ওয়েব সাইটে পাওয়া যায় যে কোন—মাননীয় অর্থমন্ত্রী উনি শিল্পমন্ত্রীও বটে। উনি ভাল জানবেন। জানুয়ারীতে যখন আমাদের বিরাট সম্মেলন ইত্যাদি হল তখন আমি দেখছি যে এখানে—এই জানুয়ারী মাসে আমাদের এখানে শিল্প যেটা বিনিয়োগের প্রস্তাব, বিনিয়োগ হয়ে যায়নি-প্রস্তাব মাত্র দুটো। আর তাতে বিনিয়োগের সম্ভাব্য পরিমাণ হচ্ছে ১৭ কোটি টাকা, লক্ষ পক্ষ কিছু না। এটা যদি জানুয়ারী মাসের সারা দেশের সব রাজ্যের সব বিনিয়োগ যোগ করেন তাহলে এই সংখ্যার হিসেবে 1.16% পারসেন্ট। সারা দেশে। আর বিনিয়োগের হিসাব যদি আপনি ধরেন তাহলে এটা হবে 0.04% পারসেন্ট। সারা দেশে। জানুয়ারী মাস ছেড়ে দিন। গত বছরটা ২০১৪ তে যান—টোটাল প্রস্তাব সারা দেশের সঙ্গে আমাদের রাজ্যের যদি আপনি হিসাব করেন আমাদের রাজ্যে ৬০টা প্রস্তাব। বিনেয়োগ অঙ্ক কত হবে ? এটা প্রায় ২৭৭৪ কোটি টাকার মত। এরকম কিছু হবে। এবং এটার যদি আপনি পারসেন্টেজ হিসাব করেন সারা দেশে যেটা বিনিয়োগ তার .68 পারসেন্ট। এটা সারা ভারতের যখন সবাই রেফারেন্স দেয় সেটাই। আচ্ছা, ওটা নতুন ব্যাপার, নতুন শিল্প ইত্যাদি ব্যাপার। আমরা চাই যে শিল্প হোক। কাজেই আপনার তো আর বিরোধিতা করছি না। আপনাদের মত। কিন্তু যেগুলো পুরোনো ছিল, বন্ধ হচ্ছে। ডানলপ-প্রতিশ্রুতি কি অবস্থায় আছে ? জেসপ—কী অবস্থায় আছে ? হিন্দুস্তান কেবল্‌স এটা আমাদের কেন্দ্রীয় সরকারের পাবলিক সেক্টর আন্ডারটেকিং বন্ধ হয়ে গেল। জুটে ক্রাইসিস চলছে। স্টেট ট্রান্সপোর্ট ক্রাইসিস। টি-গার্ডেন সাতটি বন্ধ হয়ে গেল। খুবই সমস্যা ওখানে। আমরা জানি যে বন্ধ হয়, খোলে। খোলে, বন্ধ হয়। একটাই দাঁড় করিয়েছিলাম ঢেকলাপাড়া। তারপরে আবার বন্ধ হতে আরম্ভ হয়েছে। কিন্তু এখন চায়ের দাম, বাজার ভাল, রিসেশান নেই। এখন যদি ৭টি বন্ধ হয়, আপনি ভাবতে পারেন যে কয়েক মাস পরে যদি চায়ের দামটা পড়ে যায় তাহলে আবার বন্ধ হতে আরম্ভ করবে। এতে কেন্দ্রীয় সরকারের দায়িত্ব তাদের সঙ্গে—আমি জানি না এখানে ইন্ডাস্ট্রি মিনিস্টার আছেন তিনি বোধহয় দেখেন। তার দায়িত্ব যে আমরা যেভাবে ব্যাঙ্ক লোন রি-স্ট্রাকচারিং ইত্যাদি করে অনেক লেগে থাকে খানিকটা চালু করবার চেষ্টা করেছিলাম। আমি জানি না উনি সেই সব চেষ্টা করছেন কি না। রাজ্যের কিছু দায়িত্ব আছে সেগুলো রাজ্য সরকার আর কেন্দ্রীয় সরকারের কাছে—এই যে জুট ইন্ডাস্ট্রিতে আবার ক্লোজার হচ্ছে। আবার সেই

সিন্থেটিক ব্যাগ রিপ্লেসমেন্ট এই যে সমস্যা—এই সব অনবরত কেন্দ্রের সাথে লেগে থাকতে হয়, লড়তে হয়, বলতে হয়। যাই হোক, এই কাজগুলো না হলে কর্মসংস্থান কোথা থেকে হবে। যারা কাজ করছে তাদের কাজের নিশ্চয়তা আছে ? ICDS ৬৫ বছর হল, তারপরে সে বসে যাবে, তারপরে কোথায় যাবে কেউ জানে না। এই যে এস.এস.কে., এম.এস.কে., প্যারা-টিচার, অস্থায়ী কলেজ, বিশ্ববিদ্যালয় থেকে আরম্ভ করে ইত্যাদি, ইত্যাদি বিরাট তালিকা। লক্ষ, লক্ষ, কয়েক লক্ষ হবে। এই যে সিটি পুলিশ, সিভিক পুলিশ এদের কি অবস্থা আছে ? টাকা নেই। আমি তো মহার্ঘ ভাতা ইত্যাদিতে যাচ্ছি না কারণ ওটা অনেক দিনের দাবি। ওটাতে অনেক টাকা লাগবে আমি বুঝি কিন্তু এই যে ছোটখাটো বিষয়ে টাকা নেই। আজকে আমি জানি না সত্যি কিনা স্যার, আপনার টাওয়েল, মুখ্যমন্ত্রীর ঘরের টাওয়েল বিধানসভায় এটা নাকি কাচবার পয়সা নেই কাগজে বেরিয়েছে, ঠিক কিনা আমি জানি না।

মিঃ স্পীকার : সম্পূর্ণ একটা অসত্য, ভিত্তিহীন রিপোর্ট বেরিয়েছে। আমি এনকোয়ারি করে দেখেছি আমার অফিসে, সম্পূর্ণ ভিত্তিহীন একটা রিপোর্ট আমি জানি না কারা এটা বার করেছে।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমি শুনে খুশি হলাম। আমি তো আমার টাওয়েল কাচা হয়েছে কিনা দেখতে যাই না। কিন্তু যখন খরচ হচ্ছে পরিকল্পনা বহির্ভূত খাতে। যে খরচ হচ্ছে সেই খরচগুলো অনেক হিসাব দিয়েছেন আমি সেই সব হিসাবে যাচ্ছি না। এখানে যে সব খরচ হচ্ছে একটার পর একটা ক্লাবে, মেলাতে ইত্যাদি ফেস্টিভ্যালে। আমার যেখানে ১ কোটি টাকার কম খরচা হত সেখানে ৫০ কোটি খরচা হচ্ছে। একটা ফেস্টিভ্যাল মাটি নিয়ে হল ১৪ কোটি টাকা খরচা হয়ে গেল। ক্লাবগুলো ১০৫ কোটি টাকা। বললে আমার শেষ হবে না। এই যে খরচগুলো, আমরা এটাকে খানিকটা বাঁচিয়ে এই যে আশু যে ব্যাপারগুলো, কর্মসংস্থান কী করে হয় সেটার দিকে আমরা নজর দিতে পারি। আমি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করছি তিনি এসব বিষয় বিবেচনা করবেন কি করবেন না। আমাদের পরিকাঠামো—ঠিক এটা আমি অস্বীকার করতে পারি না, করা উচিত নয় কারণ আমি নিজেও দেখেছি রাস্তাঘাট ভাল হচ্ছে কয়েকটা জায়গায়। রাস্তাঘাট ভাল হচ্ছে, বিল্ডিং হচ্ছে অনেক। এই যে কৃষক বাজার হচ্ছে, মাল্টি-স্পেশালিটি হসপিটাল বিল্ডিং হচ্ছে। এই যে সোহরাব সাহেব বলছিলেন যে, মেয়েদের হোস্টেল বাড়ি তৈরি হচ্ছে। কিন্তু ওখানে আপনি বুঝবেন যে ওই মার্কেটে মার্কেট চালু হয়নি। সুপার স্পেশালিটি হসপিটাল চালু হচ্ছে না। ওই হোস্টেলে মেয়েরা থাকছে না। কিন্তু হচ্ছে কেন ? রাস্তা হচ্ছে ভাল হচ্ছে, রাস্তার উপর দিয়ে যেতে সুবিধা হবে, কোন অসুবিধা নেই। কিন্তু হচ্ছে তার মানে হচ্ছে একটু কনস্ট্রাকশান দরকার, কিছু টেন্ডার হওয়া দরকার এবং কিছু লোক এখানে কাজ পাওয়া দরকার। এছাড়া আর তো আমি এগুলোর পিছনে কিছু দেখতে পাচ্ছি না। আমি রাস্তা বাদ দিয়ে বলছি এবং সেখানেও যা হচ্ছে কনট্রাকটরদের কাজ করা মুস্কিল, ব্যবসায়ীদের ব্যবসা করা মুস্কিল। ব্যবসা-বাণিজ্য কি করে হবে ? কারণ তোলার যা দৌরাত্ম্য বেড়েছে যেটা

বলার অপেক্ষা রাখে না। সামগ্রিকভাবে শিক্ষা, স্বাস্থ্য অনেক বলা হয়েছে। আমি তার মধ্যে যাচ্ছি না কারণ পুনরাবৃত্তি আমি কোনো কথার করতে চাই না কিন্তু আমি বলতে চাইছি এই রকম নৈরাজ্য কখনো ছিল ? একটা বিশ্ববিদ্যালয়ে ৩বার ভাইস চ্যান্সেলার চেঞ্জ করতে হচ্ছে একটা টার্ম হওয়ার আগে। আমার কাছে আছে ভাইস চ্যান্সেলার চলে গেছেন ২০১২ সালে।

[5.00—5.10 p.m.]

আর ১৪ সালে চিরকুট দিচ্ছেন পি.এইচ.ডি রিক্রুটমেন্ট। পি.এইচ.ডি, আপনি ভাবুন, সেখানে রিক্রুটমেন্ট হবে। সেই পি.এইচ.ডি রিক্রুটমেন্ট মানে একটা গুরুত্বপূর্ণ ব্যাপার। সেখানে চিরকুট দিচ্ছেন। আমার হাতে চিরকুটের জেরক্স কপি আছে। ৫০% এর বেশি answer করলে মানে ৫০টি প্রশ্নের answer করতে হবে। ৬০টি কোশ্চেন থাকে, ৫০টির answer করতে হবে। তার যদি বেশি answer করে, ফিফটির বেশি answer করলে তাহলে সেটা বেস্ট ফিফটি নেওয়া হবে। তা নেওয়া যায় না। টিচারদের এটা গোপনে জানিয়ে দিলেই হবে। ওর সই আছে, আমি এটা আচার্য্যকে দিয়েছি। এই যে বললাম পি.এস.সি, এস.এস.সি আর টেট থেকে আরম্ভ করে এটা পি.এইচ.ডি স্টুডেন্ট রিক্রুটমেন্ট, ইউনিভার্সিটিতে। আমি আচার্য্যকে দিয়েছি কেননা এটা ইউনিভার্সিটির ব্যাপার। আমি আশা করি যে তিনি বলেছিলেন আপনার কাছে পাঠাবেন, পার্থবাবুকে বলছি, আপনার কাছে পাঠাবেন, বলেছিলেন, সেইজন্য। কাগজে বের হচ্ছে দেখছি, তারপরে আমি খবর নিয়েও বুঝছি যে দিনের পর দিন বেরিয়ে যাচ্ছে। পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য বিভাগের প্রধান, নাম আমি কারুর করছি না। যাই হোক, সে ছাত্রর গবেষণা নকল করে বই প্রকাশ করছে। অন্যের গবেষণা নিজের নামে বিভিন্ন পত্রিকায় ছাপাচ্ছে, ইত্যাদি অভিযোগ। এটা সবাই জানেন। পি.এইচ.ডি ডিগ্রির বৈধতা নিয়ে প্রশ্ন উঠছে। আপনি জানেন বলে আমি শুনেছি। আমি জানিনা এসব কি ব্যবস্থা হচ্ছে। স্বাস্থ্য নিয়ে আমি বেশি কথাতে যাচ্ছি না। কারণ অনেক কথা বলার এখানে প্রয়োজন নেই। কিন্তু আমি এইটুকু বলতে পারি মাননীয়া মুখ্যমন্ত্রী কি বলবেন যে এখন এই মুহূর্তে সারা দেশ জুড়ে টো নিয়ে হই চই হচ্ছে, swine flu নিয়ে হই চই হচ্ছে। মশা না শুয়োর কে দায়ী এসবের মধ্যে না গিয়ে কী করে এখানে এটার ব্যবস্থা নেওয়া হবে নিয়ন্ত্রণের জন্য, রাজ্য স্তরে, সারা দেশে যেটা হচ্ছে, তার সঙ্গে সঙ্গতি রেখে এখানে প্রোটোকল কি নেওয়া হবে।

(এই সময়ে লালবাতি জ্বলে ওঠে।)

মিঃ স্পীকার : আপনাকে ৩৫ মিনিট সময় দেওয়া হয়েছে। আপনি পুরো ৩৫ মিনিট সময়টাই বলেছেন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আপনি লাল বাতি জ্বালিয়েছেন। ঠিক আছে। আমি কেবলমাত্র এটাই বলতে পারি যে যাই পরিস্থিতি হোক না কেন, যে কোন পরিস্থিতি পশ্চিমবাংলায় হোক না কেন, আমরা জানি খুব একটা বিপজ্জনক পরিস্থিতির দিকে রাজ্য এগোচ্ছে সামগ্রিকভাবে অর্থনীতির সমস্ত ক্ষেত্র জুড়ে একটা সংকট এবং এই যে একটা অস্থিরতা এবং এই যে

বিভাজনের রাজনীতি, এই বিপদ কখনো পশ্চিমবাংলায় স্বাধীনতার পরে এই দীর্ঘ সময়কালে আমরা দেখিনি। এক সেই পার্টিশানের আগে বা সেই সময়কাল ছাড়া। এই পরিস্থিতি— আমরা আত্মবিশ্বাস নিয়ে বিশ্বাস করি শেষ রক্তবিন্দু দিয়ে আমরা এর বিরুদ্ধে লড়াই করব।

মিঃ স্পীকার : এখন মাননীয়া মুখ্যমন্ত্রী বলবেন। তার আগে আমি আপনাদের অবগতির জন্য জানাই যেহেতু মাননীয় সূর্য্যকান্ত মিশ্র আজকে উল্লেখ করেছেন সংবাদপত্রে একটা রিপোর্টের কথা, সাংবাদিক বন্ধু যারা রয়েছেন, আমি তাদের জন্য বলি, একটা সংবাদপত্রে বেরিয়েছে

.....(নয়েজ).....

সবার জন্যই আমি বলছি। আমি আমাদের সদস্যদের জন্য বলছি। আপনি সংবাদপত্র উল্লেখ করেছেন, তাই বলছি যে আমাদের বিধানসভাতে ৭৫বছর পূর্তি উপলক্ষে রাজ্য সরকার আমাদের ৫০লক্ষ টাকা দিয়েছিলেন। তাতে সারা ভারতবর্ষের বিভিন্ন রাজ্য থেকে স্পীকাররা এসেছিলেন। আমাদের কনক্লুডিং সেশান, যেটা আমাদের valedictory session, তাতেও এসেছিলেন এবং আমাদের একটা souvenir ছাপা হবে। এটাও তার মধ্যে ইনক্লুডেড। আমি শুধু আপনাদের অবগতির জন্য জানাই যে আমি কয়েকদিন আগে উত্তরপ্রদেশ বিধানসভায় গিয়েছিলাম। সেখানে সমস্ত রাজ্যের, ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের স্পীকারদের নিয়ে অধিবেশন হয়েছিল। ৬ কোটি টাকার বাজেট তারা খরচ করেছেন। আমি শুনে স্তম্ভিত হয়ে গেছি। একজন ভদ্রমহিলা গান গেয়েছেন। আমাকে ওখানকার স্পীকার বললেন যে জানেন উনি যে গান গাইছেন, কত টাকা দেওয়া হয়েছে ? ২৫ লক্ষ টাকা। সেই তুলনায় পশ্চিমবঙ্গ বিধানসভাতে আমরা যে অনুষ্ঠান সীমিত অর্থের মধ্যে করেছি, সেটা সবাই প্রশংসা করেছেন। অন্যান্য বিধানসভার স্পীকাররা, তাঁরা আমাদের চিঠি লিখে ধন্যবাদ জানিয়েছেন। আর একটা কথা বলি আমাদের কোন স্ট্যান্ডিং কমিটিতে খাওয়া দাওয়া হয় না। যে সংবাদ বেরিয়েছে, আপনারা অনেকে স্ট্যান্ডিং কমিটির সদস্য রয়েছেন, তাতে নাকি আমাদের বিশাল অঙ্কের খাওয়া দাওয়া করা হয়। এটা সম্পূর্ণ অসত্য এবং এটা হয় না। এখন মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় বলবেন।

ডঃ পার্থ চ্যাটার্জী : এটা তো প্রিভিলেজ হতে পারে, এটা তো প্রিভিলেজ হবে।

মিঃ স্পীকার : ঠিক আছে। আমি আইনত যা ব্যবস্থা নেওয়ার আমি নিশ্চয়ই করব। যেহেতু সমস্ত সদস্যরা রয়েছেন সবাইকে অবগতির জন্য বললাম। অনেকে হয়তো সংবাদটি পড়েছেন। আমিও দেখে খুব বিভ্রান্ত হয়ে গিয়েছিলাম।

শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় : মাননীয় স্পীকার স্যার আপনাকে অনেক অনেক ধন্যবাদ আমাকে বলবার সুযোগ দেওয়ার জন্য। আমি প্রথমে মাননীয় রাজ্যপালকে ধন্যবাদ জানাচ্ছি হাউসের পক্ষ থেকে, সকলের পক্ষ থেকে। তিনি যে ভাষণ দিয়েছিলেন তার প্রতি সম্মান জানিয়ে হাউসের সকল সদস্য-সদস্যাবৃন্দ যারা ভাষণে অংশ গ্রহণ করেছেন, অনেকে অংশগ্রহণ করতে পারেননি তার ফিজিক্যালি প্রেজেন্ট আছেন। সুতরাং কেউ পক্ষে বলবে, কেউ বিপক্ষে বলবে এটা গণতন্ত্রের শিষ্টাচার। আমি সকলকে ধন্যবাদ জানাচ্ছি এবং বিশেষ

করে রাজ্যপালকে ধন্যবাদ জানাচ্ছি তার এই অমূল্য ভাষণের জন্য। আমার সবারই বক্তব্য শোনার অবকাশ হয়েছে তার কারণ কে কী বলেছেন তার ডিটেলসটা আমার কাছে আছে। আমি সকলকেই যারা পার্টিসিপেট করেছেন তাদের সকলকে ধন্যবাদ জানাচ্ছি। আমি প্রথমে বলি স্যার আমি বাংলাদেশে গিয়েছিলাম বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার আমন্ত্রণে এবং বিশেষ করে ২১শে ফেব্রুয়ারী দিনটা আমাদের মাতৃভাষা দিবস। এবং '২১শে ফেব্রুয়ারী কখনও কি ভুলতে পারি' এই দিনটাকে স্মরণ করে যখন আমি আমন্ত্রিত হয়েছিলাম আমার গর্বে বুক ভরে গিয়েছিল। এই দিনটা আমরা সকলে সম্মানের সঙ্গে শ্রদ্ধা জানাই, সেলাম জানাই। এবং বিশেষ করে ভাষা আন্দোলনে বরকত, রফিক, সালাম, জব্বর তাদের যে আন্দোলন সারা পৃথিবীতে পথ দেখিয়েছিল তাতে ইউনাউটেড নেশান বাধ্য হয়েছিল ২১শে ফেব্রুয়ারিকে ভাষা দিবস হিসাবে ঘোষণা করতে। এবং সেই দিনটায় সেখানে থাকতে পেরে এবং তাদের অনুষ্ঠানে যে সম্মান আমরা পেয়েছি, বাংলাদেশ গভর্নমেন্টের পক্ষ থেকে, civic society-এর পক্ষ থেকে, প্রধানমন্ত্রী, মাননীয়া রাষ্ট্রপতির পক্ষ থেকে, আমাদের Indian High Commission-এর পক্ষ থেকে—আমি তাদের সকলকে আমাদের হৃদয়ের অভিজ্ঞতা কৃতজ্ঞতা, আস সালমো আলইকুম জানাচ্ছি। এরমধ্যে স্যার কিছু ঘটনা ঘটে গেছে। বনগাঁ এবং কৃষ্ণগঞ্জ-এর ইলেকশান। আমি বনগাঁ এবং কৃষ্ণগঞ্জ-এর মানুষদের অভিনন্দন জানাচ্ছি, কৃতজ্ঞতা জানাচ্ছি, ধন্যবাদ জানাচ্ছি, সেলাম জানাাচ্ছি। আমি সকলের যে বক্তব্য শুনেছিলাম তার থেকে কিছু পয়েন্ট অবশ্যই আমি নিয়েছিলাম। কিন্তু মোটামুটি বিরোধী দলের নেতা sum up করেছেন ওনার বক্তৃতাটা দিয়ে। sum up-এর বক্তৃতাটাও আমি শুনেছিলাম ডিটেলসে। প্রথম যদি আমি শুরু করি ধর্মনিরপেক্ষতা দিয়ে। তিনি বলছিলেন ধর্মনিরপেক্ষতা নিয়ে আমরা নাকি stand নেওয়া উচিত ছিল। বনগাঁ নির্বাচনটা নাকি গরু প্রাচার কেন্দ্র করে হয়েছে। আমি মনে করি মানুষকে এত ছোট করে দেখা উচিত নয়। মানুষ কিন্তু গণতন্ত্রের সবচেয়ে বড় ভিত্তি স্তম্ভ। এবং democracy-তে manpower is the only power এবং এটাই কিন্তু স্বাভাবিক। গরু পাচার নিশ্চয়ই ছিল, নিশ্চয়ই আছে। BSF-Border Security Force আছে, SSB আছে, CISF আছে। Border-টা দেখার দায়িত্ব Central Government-এর। তাদের গাফিলতিও আছে এবং আমরা time to time বলছি গাফিলতি দূর করা উচিত, এটা আমরা করি। এটা দিয়ে বনগাঁর মানুষকে ছোট করা যাবে না। কৃষ্ণগঞ্জ-এর মানুষকে বা জনগণকে এত ছোট করা ঠিক নয়। বনগাঁ, কৃষ্ণগঞ্জ-এর মানুষ তারা আরো double double vote-এ জিতিয়েছেন এত কুৎসা, এত অপপ্রচার সত্ত্বেও। আগেরবার আমরা জিতেছিলাম ১ লক্ষ ৪৬ হাজারে আর এইবারে আমরা জিতেছি ২ লক্ষ ১২ হাজারে। কৃষ্ণগঞ্জ-এ আগের বার আমরা জিতেছিলাম ২০ হাজারে আর এইবারে প্রায় ৩৭ হাজারে। সুতরাং আমরা সকল বিধানসভার পক্ষ থেকে বনগাঁ এবং কৃষ্ণগঞ্জের মানুষকে অনেক অনেক অভিনন্দন জানাচ্ছি। ধর্মনিরপেক্ষতা নিয়ে আমি পরিষ্কার বলতে চাই, ধর্মনিরপেক্ষতা নিয়ে কারো কোনো জ্ঞান শুনতে আমরা রাজি নই। আমি খুশি হব যদি সি.পি.আই.এম. দল ধর্মনিরপেক্ষতার প্রশ্নে আমাদের সঙ্গে কাজ করে। I will be happy. আমি আগেও আপনাদের বলেছি-আপনারাই বলেছিলেন মমতা বন্দ্যোপাধ্যায় অচ্ছুৎ। আমি কিন্তু কাউকে

অচ্ছুৎ বলে মনে করি না। যদি আপনারা seminar করেন, symposium করেন—করতে পারেন আমার কোন আপত্তি নেই। But একটা কথা নিশ্চয়ই বলি-ধর্মনিরপেক্ষতা নিয়ে লড়াই করতে গিয়ে তৃণমূল কংগ্রেস জীবন দিতে রাজি আছে। কিন্তু ভাগাভাগি—হিন্দু, মুসলমান, শিখ, খ্রীস্টান করতে দেবে না। এটা আমাদের first এবং last শপথ। মনে রাখবেন আমাদের তৃণমূল কংগ্রেসের প্রতীক সেটা হচ্ছে জোড়া ফুল। আমরা যখন তৈরি করেছিলাম আমার মোটোই ছিল 'রবীন্দ্র-নজরুল' একই বৃন্তে দুটি কুসুম হিন্দু মুসলমান। একজন তার নয়নমণি আর একজন তার প্রাণ।

[5.10—5.20 p.m.]

সুতরাং এটা আমাদের মোটো। ধর্মনিরপেক্ষতা যদি কেউ ভঙ্গ করতে চায় আমরা তাদের ছেড়ে কথা বলব না। বীরভূমের একটা ধর্মান্তরকরণের কেস হয়েছে। কেস হয়েছিল। এবং সেখানে যারা করেছিলেন তাদের বিরুদ্ধে এফ.আই.আর.ও করা হয়েছে। তারা যদি আবার করে এ ধরনের কাজ, প্রয়োজন হলে আমাদের সরকার তাদের গ্রেফতার করবে কিন্তু এসব ছাড়বে না। পরিষ্কার কথা গণ্ডগোল যদি কেউ করে, দাঙ্গা যদি কেউ করে, সে হিন্দুই হোক, সে মুসলমানই হোক, সে যে কোনো পলিটিক্যাল পার্টি হোক নাথিং উইল বি স্পিয়ারেবেল। এবং যতটাই কঠোর হওয়া দরকার আমরা কঠোর হব। এ সম্বন্ধে আমি আমার অপোজিসান লিডারকে অ্যাসিয়োর করতে পারি, আমাদের সরকার সম্পূর্ণভাবে সমস্ত কমিউনিটির সমস্ত কাস্ট, সমস্ত creed সকলের সাথে আছে। তার কারণ আমরা বিশ্বাস্য করি 'নানা ভাষা নানা মত নানা পরিধান, বিবিধের মাঝে দেখ মিলন মহান'। বৈচিত্র্যের মধ্যে ঐক্য, 'সারে জাঁহাসে আচ্ছা, হিন্দুস্থাহামারা।' এটা আমাদের আছে। আর এটা নিয়ে কেউ যদি আমাদের চ্যালেঞ্জ করে, তাহলে আমি পাঞ্জাবিদের ভাষায় বলব, 'সারফারোসি কি তামান্না, অব হামারে দিল মে হ্যায়, দেখনা হ্যায় জোর কিতনা, বাজু এ কাতিল মে হ্যায়। এটাকে ছেড়ে আমরা কথা বলি না, বলবও না। বিরোধী দলনেতা বলেছেন চিটফান্ড নিয়ে। আমি তো খুশি হতাম সুপ্রিম কোর্টের অর্ডারটা আছে ২০০৯ সালের পরে। যখন প্রথম থেকে শুরু হয়েছে তখন থেকে নয় কেন ? এর বীজ বপন করেছে কারা ? উদ্গাতা কারা ? শুরু হয়েছে কার কারণে ? বামফ্রন্ট সরকারের আমলে শুরু হয়েছে। তাও আমি বলি কেন্দ্রীয় সরকারের ওই যে ২০০৯-এর পরে আপনারা ঢুকিয়েছেন। আপনাদের নেতা তো গিয়েছিল নরেন্দ্র মোদীর সঙ্গে দেখা করে আমাকেও যাতে জেলে পাঠানো হয় তার জন্য। লজ্জা করে না ? ভুলে গেছেন ? ভুলে গেছেন ? এটা রাজনীতি করবেন না। Don-t do this politics. আপনি আমাকে কোশ্চেন জিজ্ঞেস করেছেন, আমার উত্তর দেওয়ার পালা। আপনারা যখন কোশ্চেন করেছেন আমি কিন্তু চুপচাপ শুনেছি। আপনারা যখন কোশ্চেন করেছেন, উত্তর দেওয়ার পালা আমার। আশা করি শান্তভাবে শুনবেন। Thank you so much. আপনারা আমায় বলুন ২০০৯ সালের পরে এনকোয়ারি হবে কেন ? ২০০০-এর অনেক আগে থেকে চিটফান্ড শুরু।

(এই সময় বিরোধী দলনেতা কিছু বলতে ওঠেন)

মিঃ স্পীকার : প্লিজ, উনি বলছেন আপনি বসুন ডাঃ মিশ্র। নো, প্লিজ টেক ইয়োর সিট। আপনি বলেছেন,ওনাকে বলতে দিন। নো, নো, প্লিজ টেক ইয়োর সিট। বলুন।

শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় : স্যার, আমি জাজমেন্ট নিয়ে ক্রিটিসিজম করছি না। যারা পি.আই.এল. করতে গিয়েছিলেন—কারা গিয়েছিলেন নাম গুলো সবাই জানেন। কারা কারা তারা, তাদের নাম করে আর হিরো করতে চাইনা। তারা পি.আই.এল.টা যখন করলেন তখন ২০০৯ সাল থেকে করতে বললেন কেন ? অগর পর্দা কা পিছে কেয়া হে ? আর চোরের মায়ের বড় গলা। তো যেদিন থেকে বিগিনিং সেটা কেন নেই ? আমি তো মনে করি আর একটা পি.আই.এল. হওয়া উচিত, প্রথম দিন থেকে করা উচিত। 'সঞ্চায়িতা, ফেভারিট পি.আই.এল. হওয়া উচিত। ইট ইজ মাই ডেমোক্রেটিক রাইট।

(এই সময় বিরোধী দলনেতা কিছু বলতে ওঠেন)

মিঃ স্পীকার : প্লিজ, বসুন, আপনি ডিস্টার্ব করবেন না। আপনার কাছে এটা প্রত্যাশা করা যায় না। বসুন আপনি প্লিজ। উনি ওনার জবাব দিচ্ছেন, জবাবী ভাষণ। প্লিজ আপনি বসুন, ওনাকে বলতে দিন। বলুন, আপনি বলুন।

শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় : স্যার, আমি বিরোধী দলের নেতার কাছে হাত জোড় করে এটাই আবেদন করব, আপনি যখন বলেছেন আমি একটি কথাও বলিনি, বরঞ্চ আমাদের যারা কথা বলছিল তাদের চুপ করিয়েছি। আপনি প্লিজ দয়া করে কথায় কথায় উঠে না দাঁড়িয়ে আমার বক্তব্যটা শুনবেন। when I am on my legs please allow me to speak. শুধু মিথ্যে কথা বলবেন, শুনবেন না তা তো হয়না। আপনি চচ্চড়িটা রান্না শুরু করেছেন, আমাকে মশলাটা দিতে দিন, আমি চচ্চড়িটা ঝোল বানাব। বন্ধু আপনাদের আমি আবার বলি জাজের জাজমেন্ট নিয়ে আমাদের পুরো রেসপেক্ট আছে। যারা পি.আই.এল করেছেন, তারা জেনে শুনেই করেছেন, আগেরটা যাতে না বেরোয়। (গন্ডগোল) আমি দুজন পলিটিক্যাল লিডারের কথা বলছি।

(এই সময় বিরোধি দলনেতা কিছু বলতে ওঠেন)

মিঃ স্পীকার : আপনি বসুন। আপনি সুপ্রিম কোর্ট রেফার করেছিলেন। বসুন, আপনি বসুন। না না, উনি কারোর উদ্দেশ্যে বলেননি।

শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় : I didn't say on record, I didn't utter a single word against the verdict and against the Supreme Court comments. I am only talking about two political persons, please realize. I am talking about two political persons—জগাই, মাধাই। নামটা বলতে বললে বলে দেব। আমরা চাই (তুমুল হট্টগোল....) বলব ? বলব ? দুজন হোতা। (তুমুল হট্টগোল...) সুব্রতদা নাম দুটো বলে দিন তো।

শ্রী সুব্রত মুখার্জী : মান্নান আর বিকাশ। (তুমুল হট্টগোল....)

মিঃ স্পীকার : (তুমুল হট্টগোল....) সূর্যবাবু, আপনাদের সদস্যরাই নাম শুনতে চেয়েছিলেন। আপনারাই এটা ইনভাইট করে নিলেন সূর্যবাবু, আমি কি করব। (তুমুল

হট্টগোল...) উনি তো নাম বলতে চাননি, আপনার দলের সদস্যরাই ইনভাইট করে নিলেন, তারা বললেন নাম বলুন, নাম বলুন। (তুমুল হট্টগোল...)

শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় : প্লিজ, বসুন সূর্যবাবু, দয়া করে বসুন না। হাত জোড় করে বলছি, বসুন। আপনি তো বলেছেন। আপনার আবার বলার থাকলে আপনি বলবেন। প্লিজ আমাকে বলতে দিন। আমি আপনাদের আবারও বলি, আমরা চাই chit fund নিয়ে টোটাল আলোচনা হোক, Assembly-র অধিকার আছে। (তুমুল হট্টগোল....) এত গায়ে লাগছে কেন ? এত গায়ে লাগছে কেন ? ধুর মশাই, অত কিসের গায়ে লাগে ? মাননীয় Speaker, Sir, আমরা চাই chit fund নিয়ে আলোচনা হোক। (তুমুল হট্টগোল....) আপনারা বসুন।। আমাদের কেউ কথা বলবেন না, যা বলার আমি বলব। ওদের গায়ে লাগছে বলে চিৎকার করছে, allow them. Please don't shout. Let them shout. আমি আপনাকে হাত জোড় করে একটা রিকোয়েস্ট করতে পারি স্যার ? যদি আইনত permit হয়, chit fund নিয়ে একটা ভালো করে আলোচনা অ্যালাউ করুন না স্যার। একেবারে ১৯৮০ সাল থেকে যত চিটফান্ড হয়েছে-একেবারে Golden Trust থেকে শুরু করে Sanchayita, Favourite, Icore, Golden Trust, Overland, MPS, Tower Group, IMP, so many. যেদিন আলোচনা করবেন total টা, আমি একটাই request করব স্যার, যদি আপনি permission দেন total টাই public যেন জানতে পারে। তার কারণ হচ্ছে, আমরা দেখতে পাচ্ছি (তুমুল হট্টগোল...) স্যার, আমি কী বক্তৃতা দেব এরকম করে যদি চিৎকার করে ? চিৎকার করার তো একটা লিমিট আছে।

মিঃ স্পীকার : সূর্যবাবু, প্লিজ, আপনি আপনার দলের যারা রয়েছেন, সদস্যদের বসতে বলুন। মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেনই উনি ছাড়া এদিকের কেউ বলবেন না, সূর্যবাবু, আপনিও আপনার দলীয় সদস্যদের সামলান। (তুমুল হট্টগোল...) না না, মাননীয় মন্ত্রীরা কেউ বলবেন না, আপনি আপনার দলের সদস্যদের সামলান। প্লিজ।

শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় : এত জ্ঞান দেবেন না। বেশি জ্ঞান দিচ্ছেন। আপনারা তেলে লঙ্কা ছাড়বেন আর লঙ্কার ঝাল লাগবে না, এটা তো হতে পারে না। লঙ্কা পোড়ালে লঙ্কার ঝাল লাগবেই, আর সেটা সহ্য করতে হবে। বন্ধু, আমি chit fund নিয়ে আবার বলি। আমরা একটা commission করেছিলাম, Shyamal Sen Commission. উনি report জমা দিয়েছেন নভেম্বরে, বেশি দিন হয়নি। সম্ভবত ডিসেম্বরে। ৬মাস সময় থাকে জমা দেওয়ার পরে পার্লামেন্টে লে করার, Assembly তে lay করার। কিন্তু যে reportটা উনি দিয়েছেন, সেটা ওনার একার সই করা, commission এর অন্য member রা করেননি, এটা মাথায় রাখবেন। উনি একটা information পাঠিয়েছেন report এর নাম করে, সেটা উনি একা সই করেছেন, আর commission expiry করার পরে করেছেন। আইনত এটা সিদ্ধ কিনা সেটায় আমাকে legal opinion নিতে হচ্ছে।

[5.20—5.30 p.m.]

যদি আমি দেখি লিগালি সিদ্ধ আমি ডেফিনিটলি করব। আমার কোন হাইড অ্যান্ড সিক নেই। কিন্তু একটা কথা বলি।

..... (গোলমাল).....

এরপরে আপনাদের আমি বলি এটা ভাববেন না। না, জেনে আমি এখানে আপনাদের সামনে দাঁড়িয়ে আছি। কমিশন আগে একটা ইনটেরিম রিপোর্ট দিয়েছিল ২০১৩তে। আর কমিশন ওভার হয়ে যাওয়ার পরে একটা রিপোর্ট দিয়েছে যেটা উনি একা সই করেছেন। তিনজন মেম্বারের মধ্যে এবং কমিশন এক্সপায়ারি হয়ে যাওয়ার পরে এটা আমরা লিগাল দেখছি। দুই, শ্যামল সেন কমিশন চলাকালীন আমরা পাঁচ লক্ষ ইনডিভিজুয়াল পরিবারকে যারা খুব গরীব তাদের আমরা কিন্তু স্যার ১০ হাজার টাকা করে ফেরত দিয়েছি। পাঁচ লক্ষ ইনডিভিজুয়াল পরিবারকে ফেরত দিয়েছি। আর যারা বেশি বেশি নানারকম নামে রেখেছেন সেটা তাদের ব্যাপার। সেটা আমাদের করা দায়িত্ব নয়। আমরা গভর্নমেন্টের টাকা থেকে দিয়েছি। ইট ওয়াজ নট আওয়ার ডিউটি। এটা ডিউটি হচ্ছে, সব টাকা ফেরত দেওয়ার দাবি আমরা করছি। সে টাকাটা কে দেবে ? 'সেবি' রিজার্ভ ব্যাঙ্ক দেবে। সি বি আই দেবে। কারণ এখন এনকোয়ারীটা তাদের হাতে। তাদের সম্পত্তি ক্রোক করে সেইটা বিক্রি করে সেই টাকা দিয়ে জনগণের টাকা ফেরত দেওয়া উচিত বলে আমরা মনে করি। তাই হাউসে অন রেকর্ড আমি দাবি করছি যাদের এখনো টাকা পড়ে আছে সব চীট কোম্পানী তাদের টাকা ফেরত পাওয়া উচিত। আমরা যেটা পাঁচ লক্ষ ইনডিভিজুয়ালকে দিয়েছি আমাদের টাকা পয়সা না থাকা সত্ত্বেও আমরা আমাদের নিজেদের টাকা থেকে দিয়েছি। আমি আবার আপনাদের বলি স্যার, আপনারা জানেন চীট ফান্ড নিয়ে এখনো পর্যন্ত আমাদের হাতে কোন বিল নেই। পশ্চিমবঙ্গে আগের সরকার একটা বিল করেছিলেন সেই বিলটা দীর্ঘদিন পড়ে ছিল, কেন্দ্রীয় সরকার সই করেনি। ভুল বলেছিল। তারপরে সেটা আর অ্যামেণ্ডমেন্ট করা হয়নি। আমাদের সরকার আসার পরে আমরা একবার বিল পাশ করলাম সবার সহযোগিতায় করে আমরা কেন্দ্রকে পাঠালাম। কেন্দ্র আবার আমাদের লিখল তোমরা আবার অ্যামেন্ডমেন্ট করে পাঠাও, কিছু ভুল-ত্রুটি আছে। আমরা আবার অ্যাসেম্বলিতে পাশ করলাম দ্বিতীয়বার। আমরা আবার তারপরে পাঠালাম। তারপরে এই তিন-চারদিন আগে ওরা আমাদের একটা অ্যাডভাইসরি পাঠিয়েছে তাতে বলেছে, আমরা ইন ওয়ান কনডিশন সাবজেকট টু কনডিশন বলে বলেছে যে যদি তোমরা এটা মান তবেই আমরা যে কনডিশনটা দিচ্ছি তবেই আমরা তোমাদের বিলটা করার জন্য উইথ অ্যামেণ্ডমেন্ট পারমিশন দেব। আমি সঙ্গে সঙ্গে চিঠির উত্তর দিয়ে জানিয়েছি তুমি আমাকে যদি অ্যামেণ্ডমেন্ট করার অনুমতিম দাও আমি এই সেশনেই সেই অ্যামেন্ডমেন্ট করে তোমাকে দেব but please allow us to take action against all the culprits. যতক্ষণ পর্যন্ত আইনত আমি নেই কি করে হবে ? চিট ফাণ্ড আমাদের কেউ সমর্থন করেনি। করবেন না। পরিষ্কার বলি চিটফান্ড থেকে টাকা নিয়ে আমাকে পার্টি করতে হয় না। গভর্নমেন্টও চালাতে হয় না। পরিষ্কার বলি।

.....(তুমুল হট্টগোল).....

সেতো ফাঁসিয়েছেন আপনার রবীন দেবকেও ডেকেছিল। তার মানে আপনি কি মনে করেন রবীন দেবও দায়ী ? আমি বলি না। আপনারা এগুলো করেন। আমি বলি না। একটা

পলিটিক্যাল পার্টির লোক, একটা প্রোগ্রামে কাকে ডাকল একটা স্পনশরশিপ করতে একটা খেলায় তার জন্য তাকে জেলে পুরে দেওয়ার পক্ষপাতী আমি নয়।

.....(তুমুল গণ্ডগোল).....

সে তো অনেক আছে। সবাই আছে। এ সব নিয়ে কেঁচো খুঁড়তে গেলে সাপ বেরিয়ে যাবে। বেশি বলাবেন না আমাকে দিয়ে। আমি আপনাদের বলি বন্ধু চিট ফান্ড কোম্পানী স্টেট গভর্নমেন্টের আন্ডারে নয়। কেন্দ্রীয় সরকারের আন্ডারে। দুই, চিট ফান্ড দেখভালের দায়িত্ব রেজিস্ট্রেশন করা হয় কার আন্ডারে ? সেন্ট্রাল গভর্নমেন্টের আন্ডারে। তিন, চিট ফান্ডের দেখাশোনা কেকরেন ? রিজার্ভ ব্যাঙ্ক অ্যান্ড 'সেবি'। তারা এতদিন কি করছিল ? ঘুমোচ্ছিল না, কলা চুষছিল ? না, ল্যাবেঞ্চুস খাচ্ছিল ? তারাই অ্যালাউ করেছেন এইসব করতে। তারা কোন অ্যাকশন নেয়নি। আর এখন রাজনৈতিক স্বার্থে যা যা করা হচ্ছে আমি মনে করি রাজনীতির স্বার্থে না করে যারা সত্যিকারের দোষী তাদের বিরুদ্ধে অ্যাকশন নেওয়া হোক। সে যেই হোক না কেন ? এই ব্যাপারে প্রোটেকশন দেওয়ার প্রশ্ন আসে না।

.....(তুমুল গণ্ডগোল).....

ওই তো বেরিয়ে যাবে। নামগুলো বলে দিই ? তাহলে রেকর্ড হয়ে যাবে।

.....(তুমুল গণ্ডগোল).....

কে নিয়ে এসেছিল সারদা গ্রুপকে ? কে নিয়ে এসেছিল-সুজন চক্রবর্তী ?

.....(তুমুল গণ্ডগোল).....

They can bring privilege notice. They can bring privilege notice against me, If I am not correct. I challenge this.

.....(তুমুল হট্টগোল).....

মিঃ স্পীকার : আপনারা নামগুলি ইনভাইট করে নিলেন। উনি তো নাম বলেন নি। আপনারা বললেন নাম বলুন, নাম বলুন। নাম বলাতে এখন অসুবিধা হচ্ছে।

শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় : বলুন, অনেক সংবাদ মাধ্যম আছে, স্যার, আমি কি ভুল বললাম ? প্রিভিলেজ নোটিশ নিয়ে আসবেন। স্যার, অনেক সংবাদ মাধ্যম আছে তারা প্রতিদিন স্পনসর করেছে চিটফাণ্ডের কোম্পানীগুলিকে দিয়ে। শ শ কোটি টাকার বিজ্ঞাপন নিয়েছে। আই কোর গ্রুপের টাকায় না কি যেন একটা অনুকূল মাইতি মানে ওই চিটফাণ্ডের তাকে দিয়ে স্পনসর করে প্রতিনিধি পাঠিয়েছে কাগজের অ্যামেরিকা, লন্ডনে। আনন্দবাজার গ্রুপ স্যার ছবি তুলেছে। সেরা বাঙালি পুরস্কার দিয়েছে। সব দোষ আমাদের নন্দ ঘোষ ? যত দোষ নন্দ ঘোষ ? বলি আমাদের নামে বদনাম করার একটা লিমিট থাকা উচিত। দাঁড়ান, গণশক্তিতে কত টাকা বিজ্ঞাপন নিয়েছেন ? আমার জাগো বাংলায় এক টাকার বিজ্ঞাপন নিইনি। গর্ব করে বলতে পারি। আমি তাও বলি আপনারা বলছেন বলে তাই আমি তাও বলি আপনারা বলছেন বলে তাই। সংবাদ মাধ্যম সেই স্পনসরশিপ নিয়ে অন্যায় করেছেন এটা আমি বলব না। কারণ সে তার প্রোগ্রাম স্পনসর করতেই পারে। সবাই করে। আপনার পয়সায় আঁকিনি। আপনার পয়সায় কিনিনি। Either you have

to prove, আর নাহলে আপনাকে জেলে পাঠাব। আমি অ্যাকশন নেব। (গোলমাল) আপনাদের আমি আবার বলি। আমি কেন বলছি স্যার, যে কথাগুলি বলছেন আপনারা, একটা সংবাদমাধ্যম অ্যাড নিতে পারে। আমাকে ওদের হয়েও কথা বলতে দিন। আমি ওই রকম দু-নম্বরী লোক নই যে কাউকে পছন্দ করি না বলে যা ইচ্ছা করব। আমার কথা হচ্ছে সংবাদমাধ্যম অ্যাড নিয়েছে। অস্বীকার করার উপায় নেই। প্রতিদিন গ্লোরিফাই করেছে। এইখানে টাকা রাখুন, ওইখানে টাকা রাখুন। কিন্তু তারা কোনদিনও লেখেনি যে সংবাদমাধ্যম এর জন্য দায়ী নয়। একটা গ্রামের গরীব লোক কি বুঝবে ? আনন্দবাজারে বেরিয়েছে, ওমুক কাগজে বেরিয়েছে, ওমুক চ্যানেলে দেখিয়েছে। সব কাগজ চ্যানেলে বেরিয়েছে ! সুতরাং একটা ক্লাব কী করবে ! আমাদের অনেক ক্লাব আছে। পয়সা নেই চালাতে পারে না। কারোর না কারোর কাছে স্পনসরশিপ কিনয়ে ফুটবল খেলে। এটা বাস্তব। সাহারা—তাহলে কী বলবেন ? সাহারার যত আমাদের ইমপোর্ট—স্যার, আমাকে সময় দিতে হবে, কারণ যেহেতু এই কোয়েশ্চেনটা নিয়ে অনেক টাইম চলে গেল—সাহারা ক্রিকেট, সাহারা ফুটবল কি বলছেন স্যার, মানে সমস্ত কিছু এত হয়েছে যে যারা খেলেছে আমি তাদের কেন দোষ ধরব ? তারা একটা খেলেছে। কিন্তু এই ধরনের জিনিস ভারতবর্ষে ভুরি ভুরি হয়েছে। কাজেই শুধু একটা ছোট কথা বলে একজনকে ছোট করে লাভ নেই। সত্যিকারের যারা দোষী তাদের বিরুদ্ধে ব্যবস্থা হোক। প্রবলেমটা কি হয়ে গেছে।

.....(তুমুল হট্টগোল).....

আমি ছবি আঁকি, আঁকব। আপনার টাকায় আঁকি না। আপনারা টাকায় আঁকি না। দাঁড়িয়ে বলুন। কার কমপ্লেন দাঁড়িয়ে বলুন।

.....(তুমুল হট্টগোল).....

আবার আমি আঁকব। আমি আপনাদের মত চোর নই। এই যে মশাই আমি আপনার মত চোর নই।

(তুমুল হট্টগোল)

বেশ করব। কেন চোর বললেন আমায় ? কেন বললেন চোর ? চোর তো ? ইউ আর চোর। একদম চোর, (গোলমাল) আপনি আমায় চোর বলছেন ? আই উইল নট টলারেট দিস। (গোলমাল) শুনুন, আপনাদের মুখে পাওয়ার আছে বলে আপনি কিন্তু যা ইচ্ছা তাই বলতে পারেন না। না জেনে বেশি বাড়াবাড়ি করবেন না।

.....(তুমুল হট্টগোল).....

মিঃ স্পীকার : আমি আপনাদের অনুরোধ করি মাননীয়া মুখ্যমন্ত্রী জবাবী ভাষণ দিচ্ছেন। আপনারা কেউ disturb করবেন না।

শ্রীমতি মমতা বন্দ্যোপাধ্যায় : বলে দিচ্ছেন ? নরেন্দ্র মোদীর বন্ধু হয়েছেন বুঝি ? কারণ আপনার নরেন্দ্র মোদীর দেখলেন তো ? থলে থেকে বেড়াল বেরিয়ে পড়ছে ! আমি আপনাকে আবার বলি আমার ছবি আঁকা নিয়ে কোয়েশ্চেন করবেন না সরি। আমার ছবি

থেকে যদি এক পয়সা যদি দেখাতে পারেন আমার অ্যাকাউন্টে জমা হয়েছে আমি কালই রিজাইন করে দেব। আমার পার্টিকে দিতে হয়। এবং আমার পার্টির যেটা জাগো বাংলা ওপেন এগজিবিশন করে। এগজিবিশন মানে আমি ক্যাশে নিতে পারতাম, নিই না। অল ব্যাঙ্ক অ্যাকাউন্টস আর ব্যাঙ্ক ড্রাফটে, আর সেটা করে আমি অ্যাডভার্টাইজমেন্টের খরচ করেছি আমার পার্টির জন্য। আপনাদের মত অত টাকা আমার নেই বলে। অন্যায়টা কোথায় ? আপনি বই লিখুন না ! রয়ালটি দিয়ে পার্টি চালান। আমি তো করি। আমি বই লিখি। আমি গানে সুর দিই। আমি আঁকি। আপনার অসুবিধা কী আছে।

[5.30—5.40 p.m.]

আমি আঁকি, আপনার অসুবিধা কী আছে ? আপনি বলুন একটা কিছু করবেন, আমি করে দিচ্ছি আপনাকে। বিনা পয়সায় দিয়ে দেবো। আপনি জানেন আমি কত ছবি বিনা পয়সায় দিয়ে দিয়েছি ? মনে রাখবেন, আমার একটা শিল্পীসত্তা আছে। আপনারা রাজনৈতিকভাবে আমাকে অ্যাটাক করতে পারেন কিন্তু আমার শিল্পীসত্তাকে অ্যাটাক করবেন না। এটা আমি বলে দিলাম। আমি আপনাদের আবার বলি, একটা জিনিসকে ছোটখাটো করার জন্য পার্সেনালি অ্যাটাকে যাবেন না। ক্যারেকটার অ্যাসাসিনেশন ইজ ভেরি ব্যাড। ইট ক্যান বি অ্যাপ্লায়েড ফর অল। আমি আপনাদের আবার বলি, সেইজন্য আমি মনে করি, যদি একটা ক্লাব স্পনসর করে, যদি একটা সিনেমা স্পনসর করে হয়, যদি একটা সংবাদ মাধ্যম গোষ্ঠী স্পনসর করে, কতজনকে আপনি ধরবেন ? পাড়ার পুজো কমিটিগুলো পুজো করে। স্যার আমাদের পক্ষে খুব এমব্যারাসিং, শুধু আমার কথা বলছি না, সূর্যবাবুর কথাও বলছি। আমরা তো পুজো প্যান্ডেল ডাকলে যাই, আমরা ক্লাব ডাকলে যাই, আমরা ব্লাড ডোনেশন ক্যাম্পে ডাকলে যাই। সব পার্টির লোকেরাই যাই। ক্লাব কাকে বসাবে স্টেজে, সেটা আমাদের এক্তিয়ারে থাকে না। কাকে কখন ডেকে নিয়ে যায় প্যান্ডেলে-যখন বসি,পছন্দ হয় না অনেকটা, কিন্তু কী করব, আমার কিছু করার নেই। প্লেনে যাচ্ছি, পেছনের সিটের সামনে দাঁড়িয়ে এখন তো আবার সেলফি বেরিয়েছে-ছবি তুলে নিচ্ছে। হাঁটছি রাস্তায়, সেলফি-ছবি তুলে নিচ্ছে। চিনি না জানি না, কিচ্ছু না। এই যুগ হয়ে গেছে আজকাল। অনেক সময় কি করছে, সুপার ইম্পোজ করছে, করে ওয়াটস্অ্যাপে দিয়ে দিচ্ছে। সকলের জন্য প্রবলেম, আমার একার নয়। আমার প্রবলেমটা বেশি হয়, কারণ পাবলিকলি আমি বেশি যাই বলে তাই। আমি তো এয়ারপোর্টে গিয়ে ভি.আই.পি লাউঞ্জে বসি না, আমি রাস্তায় ঘুরে বেড়াই এবং রাস্তায় ঘুরে বেড়াই বলে চায়ের দোকানে চা খেতে গেলেও ১৫ জন দাঁড়িয়ে পড়ছে, ছবি তুলে নিয়ে চলে যাচ্ছে। তা আপনাদের ক্ষেত্রেও সেটা প্রযোজ্য। এই বিপদ সকলের আসতে পারে। আমরা মনে করি এগুলোকে স্টপ করে দেওয়া উচিৎ। পার্মিশন নেয় না। এখন পার্মিশনের প্রয়োজন পর্যন্ত নেই। তাহলে কি হবে আগামী দিন ? এম.পি., এম.এল.এ বা পাবলিক রিপ্রেজেনটেটিভরা কোনো প্রোগ্রামে যেতে পারবে না। প্রোগ্রামে যেতে গেলে ভয় পাবে। এটা সকলের ক্ষেত্রেই প্রযোজ্য মনে রাখবেন। কাজেই এই অবস্থায় আমি মনে করি, এরজন্য আমি সংবাদ মাধ্যমকে দোষ দিচ্ছি না, আমি ক্লাবগুলোকে দোষ দিচ্ছি না, আমি সাংবাদিকদের স্পনসর করেছে বলে দোষ দিচ্ছি না। আমি বাস্তব

জিনিসটা বললাম। তার কারণ, অ্যাডভার্টাইজমেন্ট ছাড়া, স্পনসরশিপ ছাড়া কোনো সংবাদ মাধ্যম, কোনো ক্লাব, কোনো এন.জি.ও কোনো অর্গানাইজেশন কেউ চলতে পারে না। সুতরাং মদন দুটো ক্লাবকে নিয়ে স্পনসর করেছে, এটা যদি অপরাধ হয়, তাহলে তো প্রায় কোটি কোটি লোক আসবে। কাজেই এটা নিয়ে আমি বললাম, আমার যেটা বলার।

আপনারা আমাকে বলেছেন পি.এস.সি. নিয়ে। সূর্যবাবু একটা কোয়েশ্চেন করেছেন। আমি মনে করি, বিরোধী দলের নেতা যখন কোনো কোয়েশ্চেন করেন, তখন তার উত্তরগুলো দেওয়া উচিৎ, এটা কার্টসি ডেমোক্র্যাসিতে। পি.এস.সি-র ব্যাপার নিয়ে উনি রিজাইন করেছেন, এটা ওনার স্বাধীনতা। কারণ, এটা নিয়ে তো আমরা ইন্টারফেয়ার করতে পারি না, ইট ইজ অটোনোমাস অর্গানাইজেশন। বাট নতুন পি.এস.সি তে যারা আসবেন, সেটা সিস্টেম অনুযায়ীই হবে। আপনি আমাকে ধর্মনিরপেক্ষতা, চিটফান্ড, শ্যামল সেন, পি.এস.সি বলেছেন।

এরপর আপনি আমাকে বলেছেন 'প্রত্যাশা'। প্রত্যাশার ব্যাপার বলি, আমরা পুলিশের জন্য হাউজিং করছি, তাতে আমরা বিনা পয়সায় জমি ইতিমধ্যেই দিয়ে দিয়েছি। ল্যান্ড ইজ্ বিন আইডেনটিফায়েড এবং কনস্ট্রাকশন শুরু হয়ে গেছে। সুতরাং প্রত্যাশা অনুযায়ী প্রাপ্তি তাদের হবে। এটা আপনাদের ইনফর্মেশনের জন্য বললাম।

আপনারা উর্দু ভাষা বলেছেন, উর্দু অ্যাকাডেমি। অ্যাকাডেমি থাকতে পারে। কিন্তু আলিয়া ইউনিভার্সিটির যে বড় ক্যাম্পাসটা হল, তার জন্য ৩০০ কোটি টাকা আমরা আমাদের গভর্নমেন্ট থেকে দিয়েছি এবং দিয়ে বিল্ডিংটা তৈরি করেছি। আর উর্দু ল্যাঙ্গুয়েজ, যেখানে ১০% উর্দু ভাষা আছে, সেখানে উর্দু ল্যাঙ্গয়েজকে আমরা স্বীকৃতি দিয়েছি এবং সেকেন্ড ল্যাঙ্গুয়েজ উর্দু ল্যাঙ্গুয়েজকে আমরা স্বীকৃতি দিয়েছি। উর্দু অ্যাকাডেমিও তৈরি দিয়েছি সেসব জায়গায়। যেমন—হিন্দি ভাষা, অলচিকি ভাষা, যেটা সাঁওতালি ভাষা, নেপালি ভাষা, গুরুমুখী ভাষা—এগুলোকেও আমরা করে দিয়েছি।

এবার আপনারা যেটা বলেছেন, সেটা হচ্ছে মাইনরিটিস ডিপার্টমেন্ট নিয়ে। মাইনরিটিস ডিপার্টমেন্ট নিয়ে আপনি ইঞ্জিনিয়ার, মেডিকেল কলেজের স্টুডেন্টদের কথা বলেছেন যে, তারা চান্স পাচ্ছে না। আপনার হাউস শুনলে খুশি হবে, আমরা যে ১৭% ও.বি.সি রিজার্ভেশন করেছিলাম, তাতে প্রায় ৯৪.৯৫% সংখ্যালঘুরাও ঢুকেছিল এবং তার ফলে আমরা আরেকটি স্কিম করেছিলাম, ফর দেয়ার হায়ার এডুকেশন। আমরা এক হাজার কোটি টাকার একটা স্কিম করেছিলাম। যাতে জেনারেল কাস্টকে টাচ্ না করেও আমার সংখ্যালঘু, আদিবাসী, ও.বি.সি., সিডিউল কাষ্ট—তারা ভালো সুযোগ পায় এবং শুনলে আপনারা খুশি হবেন, আমরা ৬ বছর টার্গেট করেছিলাম। ৬ বছরের মধ্যে হায়ার এডুকেশনে আমাদের প্রায় ১৭% ও.বি.সি রিজার্ভেশন আমরা করে দেবো। কিন্তু আপনারা শুনলে খুশি হবেন যে, এক বছরেই আমরা ১০.৬% করে দিয়েছি স্যার এবং আশা করি খুব শীঘ্রই, আর এক-দেড় বছরের মধ্যে ছেলে-মেয়েরা পেয়ে যাবে। আর এর ফলে ৬০ হাজার মুসলিম ছেলে-মেয়েরা-কেউ মেডিকেল, কেউ ইঞ্জিনিয়ারিং, কেউ ডাব্লু.বি.সি.এস—মানে সব হায়ার এডুকেশনে দে হ্যাভ গট দ্যা অপর্চুনিটি। দিস ইজ দ্যা ফার্ষ্ট টাইম এবং

এটা খুব বড় একটা কাজ হয়েছে। আপনারা জানেন যে আগে আমার যে টাকা ছিল মাইনোরিটিজ ডিপার্টমেন্টে এখন টাকার বাজেট আমরা চার ডাবল বাড়িয়ে দিয়েছি। এবং scholarship থেকে শুরু করে everything আমরা করেছি। যেহেতু সময় কম বলে সব বলা যাবে না, তাই আমি এটুকু বলছি। আপনারা সুদের কথা বলেছেন, এটা ঠিক সুদ যতক্ষণ সম্পূর্ণ শোধ না হয় ততক্ষণ একটা থাকে, হচ্ছে না, হচ্ছে না, হচ্ছে না করে একটা ঘাটতি থাকে। আমিতো আপনাদের কাছেও আবেদন জানাবো আমি একটা প্রধানমন্ত্রীর কাছে appointment চেয়েছি। আমার এম.পি.রা যাচ্ছে সেখানে, আমি তাঁদের নিয়ে যাবো, কারণ আমাদের 14th Finance Commission বলেছিলেন যে তারা এটার ব্যাপারে কিছু একটা করবেন, গভর্নমেন্ট আমাদের বলেছিলেন। আগের গভর্নমেন্টও বলেছিলেন, এই গভর্নমেন্টও বলেছিলেন, কিন্তু আমরা ultimately দেখলাম সেই পোর্সানটা নেই এবং সেক্ষেত্রেও যেটা ৩২ থেকে ৪২—যেটা বলছে, ৩৬ থেকে ৪২—সেটার মধ্যেও একটা কন্ডিশন আছে। যে টাকাগুলো গভর্নমেন্ট আগে কিছু স্কীমে সেন্ট্রাল থেকে দিতো, আমাদের সেই ৭টা স্কিম ওর মধ্যে ঢুকে যাবে। তার মানে হচ্ছে আমি হয়তো কিছুই পাবো না, কারণ ওটার মধ্যে অ্যাডজাস্ট করবে। মাছের তেলে মাছ ভাজবে। আমি একটা চিঠিও দিয়েছি এটা নিয়ে। দুই হচ্ছে, ফাইন্যান্স কমিশনে যেহেতু রেকমেন্ডেশান নেই, আমরা ঠিক করেছি প্রধানমন্ত্রীর কাছে আমরা যাবো একটা দরবার করতে যে, আজকে সাড়ে তিন বছর ধরে তোমরা আমার সব টাকা কেটে নিয়ে চলে যাচ্ছো, একটা রাজ্য চলবে কী করে ? এই অসুবিধা কিন্তু কারোর নেই, কোন রাজ্যের নেই, একমাত্র আমাদের। আমি যেটা delegation-এ যাবো, আমাদের সাথে এম.পি.-দের নিয়ে আমি খুশি হবো যদি আমাদের লীডার এবং অন্য পলিটিক্যাল পার্টিরও যদি আমার সাথে যান। I will be very happy। এটা আপনাদের কাছে আমার একটা রিকোয়েস্ট থাকলো। আমি আপনাদের আবার বলি—সূর্যবাবু আপনি যে কথাগুলো বলেছিলেন, তার মধ্যে আপনার আরও কিছু পয়েন্ট আছে, আপনি একটা fast track court-র কথা বলেছিলেন। fast track court ৮৮টা আমরা আমাদের নিজেদের টাকা দিয়ে চালাই। আমরা যখন গভর্নমেন্টে প্রথম এলাম, ছিল প্রায় ১৮০টার মতো সম্ভবত। সে ক্ষেত্রে সেন্ট্রাল গভর্নমেন্ট সব বন্ধ করে দিলো টাকা, বললো ফার্স্ট ট্রাক কোর্ট আর চালাতে হবে না। তখন আমরা এত কষ্টের মধ্যেও ৮৮টা কোর্ট চালাই। ৮৮টার মধ্যে আমাদের মেয়েদের কোর্ট হচ্ছে ৪৮টা fast track court। Fast track court-এ কিন্তু ইতিমধ্যেই—আমরা তো আমাদেরটা করে দিয়েছি, এটা তো এখন High Court Chief Justice-রা ঠিক করবেন। আমরা আমাদেরটা করে দিয়েছি, আমরা সব কিছু করে দিয়েছি। এবার High Court-এর Chief Justice will decide, কোর্ট ডিসাইড করবে। আপনারা আমাকে law and order নিয়ে কিছু কথা বলেছেন। Minority department নিয়ে আমি যেটা বলতে চাইছিলাম যে minority department-এ ২০১০-১১তে বাজেট ছিল ৪৭২ কোটি টাকা, আর আমাদের ২০১৪-১৫তে বাজেটটা এসে দাঁড়িয়েছে ১৭৩৭ কোটি টাকা, একেবারে চার ডাবল। এটা জাস্ট আপনারা জানতে চেয়েছিলেন বলে আমি আপনাদের বললাম। Total food grain নিয়ে আপনি কিছু বলেছেন যে, ঠিকই সেন্ট্রাল গভর্নমেন্ট আমাদের টাকা দিচ্ছে না, নানা রকম

অসুবিধা আছে। তা সত্ত্বেও আমাদের প্রায় ২০১০-১১ সালে আমার food grain production ছিল ১৪৮১, এখন বেড়ে হয়েছে ১৭১৫। আপনারা আরও কিছু ব্যাপার নিয়ে প্রশ্ন করেছেন, আপনারা law and order নিয়ে প্রশ্ন করেছেন, আর swine flu নিয়ে প্রশ্ন করেছেন। আমি দুটোই আপনাদের নিশ্চয়ই বলবো, একটা হচ্ছে law and order যদি আপনারা দেখেন NCRB যে রিপোর্ট আছে, ২০১৪টার এখনো আসে নি, ২০১২-১৩টা আছে। ২০১২-১৩তে আমাদের crime against women ৩০,৯৪২টি, ২০১৩তে এটা কমে ২৯,৮২৬ হয়ে গিয়েছিল। অর্থাৎ প্রায় ১১০০ ক্রাইম কমে গিয়েছিল। এটা আরও কমা উচিত বলে আমি মনে করি, একটাও হওয়া উচিত নয় বলে আমি মনে করি। আর এটা হচ্ছে ওয়েষ্ট বেঙ্গলে। আর যদি আপনি city দেখেন, তাহলে Kolkata Cityতে আমাদের crime against women ২৩৯৯, NCRB report অনুযায়ী। দিল্লি হচ্ছে ১১,৪৪৯। কলকাতায় যেখানে ২৩৯৯, আমি মনে করি একটাও হওয়া উচিত নয়। দিল্লি সেখানে ১১,৪৪৯, মুম্বাই ২৯৪৬, ব্যাঙ্গালোর হচ্ছে ২৬০৮। এটা আমি বললাম এই কারণে যেহেতু আপনার গুলো জানতে চেয়েছিলেন বলে তাই। এছাড়াও আমরা নানা রকম সিস্টেমমতো করেইছি। CCTV থেকে শুরু করে আরও অনেক কিছু যাতে টাইম টু টাইম এটাকে মেন্টেন করা হয়। আর একটা বলি আপনাদের আমি, রেপের কেস আপনারা যাঁরা বলছিলেন যে আমাদেরটা খুব খারাপ, খুব খারাপ করছিলেন। আমি একটা হলেও সেটাকে বলবো খারাপ। লাভপুর থেকে শুরু করে কালিম্পং থেকে শুরু করে নদীয়া শুরু করে কতগুলো কেসে দুমাস তিনমাসেও action হয়ে গেছে। ২০১৩টা দিচ্ছি আমি NCRB report। মধ্যপ্রদেশে রেপ হয়েছিল ৪৩৩৫, All India ranking one। রাজস্থানে হয়েছিল ৩২৮৫, All India ranking two।

[5.40—5.55 p.m.]

মহারাষ্ট্রে হয়েছিল ৩,০৮৬, ranking ৩, উত্তর প্রদেশে ৩,০৫০, ranking ৪, অসমে ১,৯৩৭, ranking ৫, ওড়িশা, ১,৮৩২ ranking ৬। আর আমাদের এখানে টোটাল হয়েছে ১,৬৮৫। বড় state গুলোর মধ্যে আমাদের ranking হচ্ছে ৭। এটা আমি আপনাদের details দিলাম এই কারণে যেহেতু আপনারা আমার কাছে জানতে চেয়েছিলেন। এটা আমার satisfaction হওয়ার কোনো matter নয়। আমি মনে করি যে আমাদের সবকিছু ভালোভাবে seriously করা উচিত। এবং action হলেই সঙ্গে সঙ্গে কোনরকম ঘটনা ঘটলেই সঙ্গে সঙ্গে action নেওয়া হচ্ছে এটা আমি বিশ্বাস করি। কিছু বিশ্ববিদ্যালয়, কিছু জায়গায় কিছু ঘটনা ঘটেছে এবং আমরা সঙ্গে সঙ্গে instruction দিয়েছি all should be arrested এবং culprit should not be spared. কল্যাণীতে যেটা হয়েছে আমি নিজে পার্থ চ্যাটার্জী education minister-কে পাঠিয়েছিলাম। We are not going to tolerate. যাদবপুরে একটা problem হয়েছিল আপনারা জানেন আমি নিজে ছুটে গিয়েছিলাম। Problemটা solve হয়ে গেছে, ছেলেমেয়েরা ভালো করে পড়াশুনা করছে, আমি খুশি। সুতরাং বিভিন্ন জায়গায় যে incidentই ঘটে থাকুক না কেন পুলিশকে বলা আছে strongly action নেওয়ার জন্য।

কারণ শিক্ষাক্ষেত্র আমাদের সবচেয়ে সম্মানের ক্ষেত্র। সেই সম্মানের ক্ষেত্রকে ভালো রাখতে হবে। Teachers, Student এবং অ-শিক্ষক কর্মচারী সকলের সঙ্গে সুন্দর relation maintain করতে হবে। স্যার, swine flu নিয়ে আপনারা আমাকে জিজ্ঞাসা করেছিলেন। swine flu—হ্যাঁ, আমরা গতকালও মিটিং করেছি এবং এর আগেও আমি অনেকগুলো মিটিং করেছি swine flu নিয়ে। Swine flu নিয়ে আমরা অনেকগুলোই মিটিং করেছি। মোটামুটি এটাকে এখন নানারকমভাবে বলা হচ্ছে। কেউ বলছে শূয়োর থেকে আসে, কেউ বলছে নিঃশ্বাস থেকে আসছে। কিন্তু শুধু Swine flu নয়। Swine flu আছে, influenza আছে, অজানা জ্বর আছে আবার অনেক সময় এই সময় শুরু হয়ে যায় ডেঙ্গু, ম্যালেরিয়া। আমরা সবগুলোই take care করছি seriously, Swine flu-র ব্যাপারে panic হওয়ার কোন কারণ নেই। সমস্ত medicines available আছে এবং curable medicinesও আছে এবং আমরা কতকগুলো isolated placeও তৈরি করেছি যেখানে isolated place-এ রোগীকে treatment করা হবে। এখনো পর্যন্ত সারা ভারতবর্ষে ৮৪১টা death হয়েছে swine fluতে। Entire countryতে। তার মধ্যে রাজস্থানে ২২৫, গুজরাটে হয়েছে ২৩১ সবচেয়ে বেশি। ১১৭ মধ্যপ্রদেশ, ৯৯ হচ্ছে মহারাষ্ট্র এবং আমাদের এখানে unfortunatealy পাঁচ জন মারা গেছেন। তার মধ্যে যিনি প্রথমে মুম্বাই থেকে এসেছেন একটা patient আর এখানে এখনো ৩/৪ জন ভর্তি আছেন। ঝাড়খণ্ডের একজন patientও ভর্তি আছেন। আসামের patientও ভর্তি আছেন। এগুলো দেখুন কেউ অসুস্থ হলে তাকে চিকিৎসা দেওয়া আমাদের মানবিক অধিকার, দায়িত্ব, কর্তব্য। আমি শুনেছি কোন একটা private nursing home কাউকে treatment না করে বলেছে স্বাস্থ্য ভবনে যাও। This is wrong. Government Show cause করছে তাদের। আমি privatae nursing home, hospital গুলোকেও appeal করবো যখন ওষুধে cure হয়ে যায় তখন আপনারাও মানবিকতার হাত বাড়িয়ে দিন এবং কিছুটা ওষুধ রাখুন। যদি ওষুধ একান্তই আপনার না থাকে দরকার হলে আপনারা সরকারি হাসপাতালের সাথে co-ordination রাখুন। আমরা আপনাদের সাহায্য করতে পারি। কিন্তু মানুষ বিপদে পড়লে যেন আমরা সবাই সবাইকে সাহায্যের হাত বাড়াই। এটা আমার মনে হয় এইটুকু আমাদের করা উচিত। এবার আমি আপনাদের বলি আরও দুই/তিনটি issue সূর্য্যবাবু তুলেছেন যেটা আমার জবাব দেওয়া উচিত বলে আমি মনে করি। তার আগে আমি পাট্টাটা বলে নিই যেটা গরীব মানুষদের সঙ্গে সম্পর্কিত। আমাদের সরকারের আমলে আমরা ৩,৪১,৭৬০টা পাট্টা দিয়েছি। আমরা এর মধ্যে নিজ ভূমি নিজ গৃহ পাট্টা দিয়েছি ১,৯৪,৭৯৬। এগ্রি পাট্টা দিয়েছি ৩৯,৩৭৫ ; forest পাট্টা দিয়েছি ৯৬,৬৬৭, community forest পাট্টা দিয়েছি ৯,০০,০৪৯। Total ৩,৪১,৭৬০। It's a all time biggest-biggest-biggest record এবং আমার আর বাকি আছে ৪৬,০০০ এটাও আমরা কমপ্লিট করে দেবো।

মিঃ স্পীকার : With the consent of the House আমরা ১০ মিনিট সময় বাড়িয়ে দিচ্ছি।

শ্রী মমতা বন্দ্যোপাধ্যায় : স্যার, এবার আপনাদের আমি বলি এদের গীতাঞ্জলী হাউসিংয়ের স্কোপ-টোপও আমরা দিচ্ছি। স্যার, আর একটা কথা আমি বলি যেটা হচ্ছে চা

বাগান নিয়ে। আমি আমার এম.এল.এ-দের সঙ্গে এক মত এবং সকলের সাথে এক মত এটা নিয়ে আমাদের difference of opinion হওয়ার জায়গা নেই। চা এবং জুট ইন্ড্রাস্ট্রি। এই দুটো industry-তে আমাদের কখনো কখনো problem বাঁধে। তবে বেশির ভাগই private. Govt. একটা instruction দেয়, Govt. বলে এই করো ওই করো তাই করো কিন্তু অনেক সময় তারা শুনতেও চায় না। মানেও না। প্রায় ১২ লক্ষ মানুষ থাকে চা বাগানকে কেন্দ্র করে। Now we have decided to extend them some more help. যেটা বলেছি, আমরা তাদের children-দের পড়াশুনা করার জন্যে, তাদের শিশুদের Scholarship দেব Skill Development—যাতে তারা অন্য চাকরি পায়। In case, subsidised Housing loan দেব। Matching Grant for Social Welfare Scheme-দেব, tea garden worker-দের। Soft loan দেব tea garden rejuvenation-এর জন্য। এবং আমি সেইজন্য আরো কিছু করবার জন্য আমি হাউসে জানাচ্ছি, I propose that a fund entitled The West Bengal Tea Plantation Workers' Welfare Fund to be set up with a corpus of Rs.100 crore. Tea garden-এর শ্রমিকদের ১০০ কোটি টাকার একটা Welfare Fund আমরা তৈরি করছি। ঠিক এইরকমভাবে স্যার, আমি মনে করি এবং তাছাড়াও আমরা এই চা-বাগানগুলোতে ১৫০০ টাকা করে শ্রমিকদের দিচ্ছি যাদের চা-বাগান বন্ধ এবং দু-টাকা কিলো চালও দিচ্ছি প্রতিটা পরিবারকে। রেড ব্যাঙ্ক, সুরেন্দ্র নগর, ধারানীপুর, ঢেকলাপাড়া, বান্ধাপানি এই সমস্ত জায়গাগুলোতে আমরা ১৫০০ টাকা করে দিচ্ছি per month শ্রমিকদের মানে যারা tea garden-এর worker এবং আমরা দু'টাকা কিলো চালও আমরা দিচ্ছি। এছাড়া স্যার, আর একটা ভালো কাজ আমরা সকলের শুভেচ্ছা নিয়ে শুরু করতে চাই, সেটা হচ্ছে আমাদের খুব খারাপ লাগে, যখন আমাদের আদিবাসী মহিলারা কেন্দুপাতা তোলে। তাদের দাম আমরা নিশ্চই কিছুটা বাড়িয়েছি। জঙ্গলমহলে তাদের আমরা দু'টাকা কিলো চালও দিই। কিন্তু তাছাড়া আরো আদিবাসী আছে বিভিন্ন জায়গায় কেন্দুপাতা তোলে। কিছুটা দাম তো আমরা বাড়িয়েছি—নিশ্চই অনেকটাই। তাতেও হয় না। তাদের জন্য কোনো সামাজিক সুরক্ষা স্কীমে ছিল না এতদিন। আমরা এটা সাসফাউ-এর মাধ্যমে আমরা ঠিক করেছি, বীরভূম, পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর যেগুলোতে কেন্দুপাতা তোলার লোকের সংখ্যা বেশি—প্রায় ২৫,০০০ worker আছে, mostly poor tribal. এদের আমরা স্কীমের মধ্যে নিয়ে এসে ঠিক করেছি যে, তারা মাত্র একবারই যখন নাম registration করবে, registration-টাতো করতে হবে স্যার, আমরা একটা special drive দেব Tribal Department থেকে নাম registration করার জন্য। তারা ৩০ টাকা জমা দেবে একবারই। Life-এ একবারই জমা দেবে। একবারই তারা ৩০ টাকা জমা দেবে। এবং ৩০ টাকা জমা দিলে সারা জীবন আর দিতে হবে না। এই টাকাটা জমা দিয়ে তার নামটা শুধু register করবে। তাহলে তার পরিবারে যদি কেউ মারা যায়, সে যদি মারা যায়, কেন্দুপাতা যে তুলছে, তার পরিবার সাথে সাথে ১,৫০,০০০ টাকা গভর্নমেন্ট থেকে পাবে। এটা হল accidental death। আমরা Normal death-এর ক্ষেত্রে ৫০,০০০ টাকা পাবে। Medical treatment ১০,০০০ টাকা পাবে এবং ৬০ বছর বয়স

তার হয়ে যাবে, তখন তাকে with interest ২,৫০,০০০ টাকা দেওয়া হবে। অর্থাৎ ২,৫০,০০০ টাকা যদি সে ৬০ বছর বয়সে পেয়ে যায় তার ভবিষ্যৎটা সুনিশ্চিত হয়ে যাবে। আর টাকা তাকে মাত্র একবারই দিতে হবে। মাত্র ৩০ টাকা জীবনে একবারই। ১৮ বছর বয়সের পর থেকে এটা করতে পারবে স্যার। এটা আমি মনে করি এটা সামাজিক সুরক্ষা স্কীমের মধ্যে আমরা নিয়ে আসছি। শুধু আমরা বলব নামটাকে enroll করবার জন্যে। নামটাকে enroll করলেই আমরা শুরু করে দেব। যেমন, আমরা পরিবহণ দপ্তরে যারা Van চালায়, যারা Taxi চালায়, যারা গাড়ী চালায়, যারা Cleaner এইরকম ধরনের যারা আছেন বাসের driver, গাড়ীর driver, Auto-র driver, Taxi-র driver এদের জন্য আমরা already এই স্কীম করে দিয়েছি। এবং সেটাতো আমি already জানিয়েও দিয়েছি স্যার। এগুলো আমাদের খুবই সামাজিক কাজ। এবং এর জন্য আমি কৃতিত্ব নিতেও চাই না। এটা আমাদের খুবই সামাজিক কাজ বলতে পারেন স্যার। আমি একটা হাউসকে জানাই Swine flu যেমন আপনারা concern, আমার হাউসের সকলেই concern ছিল about mortality rate, infant mortality rate। সূর্য্যবাবু নিজেও হাউসে Health Minister হিসাবে কাজ করেছেন। কাজেই আমরা কিন্তু পুরোটা এখনো পাইনি, আমি দেড় বছর আগেকার figure দিচ্ছি। হয়তো আরো কমবে। আগে আমরা যখন এসেছিলাম তখন ৩২% ছিল infant mortality rate, এটা কিন্তু already এক per cent কমে গেছে। আরো বেশি কমেছে কিন্তু সেটার figureটা এখনো আসেনি। এটা এসে যাবে। আমাদের যেটা infant mortality rate এটা যেটা ছিল, দেখুন ২০১০-১১-তে এটা যেটা ছিল ১০০০ পিছু মারা যেত প্রায় 145 in 2007 to 2009। ২০১৩-তে এটা reduce হয়ে ১১৩-তে এসেছে। অর্থাৎ ১৪৫ যেটা মারা যেত সেটা এখন ১১৩-তে এসেছে। এবং আমি congratulate করছি আমার অনেকগুলো জেলাকে যেটা Institutional Delivey System-টাকেও অনেকটা বাড়ানো হয়েছে। ফলে তারাও অনেকটা সাহায্য করছে। Institutional Delivery আগে ছিল ৭৩.৮%, ১১-১২-তে। আমাদের সময়ে এটা বাড়িয়েছি আমরা ৮১.৮%। আমরা চাই এটা হানড্রেড পারসেন্ট করে দিতে। যার জন্য কন্যাশ্রী টাইপের প্রোগ্রামগুলো আমরা অলরেডি শুরু করেছি, যাতে এই কাজগুলো খুব ভাল হয়। স্যার, আমাদের ডিপার্টমেন্ট গুড গভর্নেন্স-এর জন্য অ্যাডমিনিস্ট্রেটিভ ক্যালেন্ডার করেছে। এক বছরে কেউ বলতে পারে না, সবটা করতে পারবো ; কিন্তু আমরা নাইন্টি পারসেন্ট আমাদের যে টার্গেট ছিল আমরা অ্যাচিভ করেছি। রাইট টু সার্ভিস কমিশন অ্যাক্ট আমরা করেছি, যেটা হচ্ছে পাবলিককে সার্ভিস দেওয়ার জন্য, সেটাও আমরা করেছি। এছাড়াও স্যার, আমরা বিশ্ববাংলা সামিট করেছি, এবং বিশ্ববাংলা সামিটে ২ লক্ষ ৪৫ হাজার কোটি টাকা ইনভেস্টমেন্ট প্রপোজাল এসেছে। আমি একটা হিসাব দিচ্ছি, যারা বলছেন দুই হাজার কোটি, তিন হাজার কোটি টাকা, ঠিক নয়, একমাত্র পাঁচামিতে মনে রাখবেন, পাঁচামিতে প্রায় ১৫ হাজার কোটি টাকার ইনভেস্টমেন্ট হবে। সেল—একটা এক্সপ্যানশান প্রোগ্রাম করছে ; তাতেই হচ্ছে প্রায় ৪০ হাজার কোটি টাকার প্রোগ্রাম। মনে রাখবেন, এইভাবে অ্যারোটোপলিস যে প্রোগ্রাম করছে সেটাও প্রায় ১৫ হাজার কোটি টাকার

মতন প্রোগ্রাম। এইভাবে অলরেডি আমাদের পুরো রঘুনাথপুর থেকে শুরু করে, বড়জোরা থেকে শুরু করে, খড়গপুর থেকে শুরু করে, বিদ্যাসাগর পার্ক থেকে শুরু করে, আমার রাজারহাট থেকে শুরু করে, আমার সালকিয়া থেকে শুরু করে, আমার নৈহাটি থেকে শুরু করে, বিভিন্ন জায়গা মিলে আমাদের হিউজ ইনভেস্টমেন্ট এসেছে। এবং এই ইনভেস্টমেন্টটা নিয়ে আমরা মনিটরিং কমিটি করেছি। এবং আপনারা শুনলে খুশী হবেন, মনিটরিং কমিটি আমরা করি না, মনিটরিং কমিটিতে চেয়ার করে ইনডাস্ট্রিয়ালিস্টরা। তারা আমাদের টাইম টু টাইম সাজেশান দেন। এবং অল দি প্রিন্সিপাল সেক্রেটারীজ আর দি সেক্রেটারী অফ দিস কমিটি এবং অমিত মিত্র, আমার চীফ সেক্রেটারী তারা সহ সকলে মিলে এটা করছে। আমি আর একটু বলতে চাই স্যার, আমার দার্জিলিং আমার জঙ্গলমহল তারা ভালো আছে। এতে আমরা সবচেয়ে খুশি। কালচারাল ফেস্টিভাল তো করতেই হয়। মাটিটাই তো সব। মাটি তীর্থ না করলে, মাটির থেকে ফসল ফলবে কোথা থেকে ? আমাদের করতে হয়। ঘরে দুঃখ আছে, অভাব আছে, তাই বলে কি দুর্গাপূজা করবেন না ? না, দুর্গাপূজায় বাচ্চাকে একটা ছোট জামা কিনে দেবেন না ? আমরা যতটা পারি, আমরা অনেকটাই চেষ্টা করি। শুনুন, কে কিসে সন্তুষ্ট হল, সূর্য্যবাবু আপনিও বোঝেন, আমিও বুঝি। আপনার গণশক্তি যা লিখবে, আনন্দবাজার তো সেটা লিখবে না। কখন কখন অবশ্য আনন্দবাজার আর গণশক্তির হেডিংও এখন এক হয়ে যায়। সেটা হতেই পারে। না না হয়। আমি নিজে দেখেছি। আমি পড়ি কাগজগুলো। আমি কাগজগুলো পড়বো না, আমি নিশ্চয়ই পড়ি। তো, আমি কাউকে অবজ্ঞা করি না, আমি মনে করি এখনো অনেক বামপন্থী বন্ধুরা আছেন, যাদের আমি ভালবাসি এবং যাদের আমি সম্মান করি। কংগ্রেসি অনেক বন্ধু আছেন যাদের আমি সম্মান করি। কোন অসুবিধা নেই। কতদিন ধরে রাজনীতি করি, কত লোককে চিনি, করতেই পারি। সুতরাং এটা ম্যাটার নয়। আমি এখনো করি। উৎসব উৎসবের আঙিনায় থাকে আর কাজ মানুষের অঙ্গনের প্রাঙ্গণে থাকে। আমি এখনো মনে করি, ছাত্র হোক—আমার স্টুডেন্ট কমিউনিটি ; স্কিল ডেভলপমেন্টে উই আর নাম্বার ওয়ান। "কৃষিকর্মন-এ অ্যাওয়ার্ডেড" তিন বছর আমরা নাম্বার ওয়ান। ইনভেস্টমেন্ট—ব্যাঙ্কিং ইনভেস্টমেন্ট,স্মল স্কেল ইনডাষ্ট্রি, মিডিয়াম ; আমরা নাম্বার ওয়ান। কন্যাশ্রী সারা পৃথিবীর গর্ব, ফেয়ার প্রাইস মেডিসিন শপ, একসেলেন্ট ; ফেয়ার প্রাইস ডায়াগনস্টিক সেন্টার, একসেলেন্ট। সবাই মডেল করছে। ভাল লাগে না ? যখন রাজ্যটার ভাল হয়, সেটা তো আমরা সবাই ভালবাসি। এবং ভালবাসি এবং কাজ করতে করতে এটুকুই বলব, মাগো আমার দুঃখিনী মা, বাংলা মা, হয়তো পয়সা নেই, অর্থ নেই, কেটে নিয়ে চলে যাচ্ছে। তা সত্ত্বেও বলি, 'মায়ের দেওয়া মোটা কাপড় মাথায় তুলে নে রে ভাই, দীন দুঃখিনী মা যে তোদের তার বেশি আর সাধ্য নাই'—মা গো তোমার দুঃখ আছে, দারিদ্র আছে তাই বলে ভালবাসা কেন থাকবে না ? তাই বলি, 'আমার মাথা নত করে দাও হে তোমার চরণধুলার তলে, সকল অহংকার হে আমার ডুবাও চোখের জলে।' আমি আবার বলি, 'প্রাণ ভরিয়ে, তৃষা হরিয়ে, আরো আরো আরো দাও প্রাণ'। আমি আবার বলি, সংহতিকে সামনে নিয়ে নজরুলের ভাষায়, বেদ-বেদান্ত, কোরাণ, পুরাণ, বাইবেল, ত্রিপিটক, গ্রন্থসাহিব, জেন্দাবেস্তা,

পড়ে যাও যত সব। আমি আবার মনে করি, মুদ্দাই লাখ বুরা চাহে তো কেয়া হোতা হ্যায়, ওহি হোতা হ্যায় যো মঞ্জুরে খুদা হোতা হ্যায়। সব ভাল যার শেষ ভাল। বাংলা এগিয়ে চলছে, জয় বাংলা।

Mr. Speaker : There are 533 amendments on the motions of thanks moved by Dr. Partha Chatterjee. All the amendments are in order and taken as moved.

1-10.

Shri Apurba Sarkar : I beg to move উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

1.

রাজ্যে সরকারী ও আধাসরকারী কর্মচারীদের ন্যায্য পাওনা থেকে বঞ্চনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

2.

রাজ্যের কলেজ ও বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক ও অধ্যক্ষ নিগ্রহের ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

3.

রাজ্যে নতুন বি.পি.এল.তালিকা প্রকাশ করতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

4.

মুর্শিদাবাদ জেলায় বিশ্ববিদ্যালয় স্থাপনে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

5.

কান্দী মাস্টার প্ল্যান-এর বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

6.

রাজ্যে পুলিশি নির্যাতন রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

7.

রাজ্যের বেকারদের কর্মসংস্থানের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

8.

রাজ্যে বিদ্যালয়গুলিতে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

9.

রাজ্যের পৌরসভাগুলিতে কর্মরত অস্থায়ী কর্মচারীদের স্থায়ীকরণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

10.

রাজ্যের বিভিন্ন থানায় পুলিশ নিগ্রহ ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ।

11-12.

Smt. Shaoni Singha Roy : I beg to move উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

11.

মুর্শিদাবাদ জেলার আর্সেনিক কবলিত ৭০ শতাংশ ব্লকে দূষণ প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

12.

মুর্শিদাবাদ জেলার ভাঙন কবলিত এলাকার ভাঙন প্রতিরোধের জন্য উপযুক্ত পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

13-16.

Shri Joseph Munda : I beg to move উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

13.

জলপাইগুড়ি জেলার তপশিলি জাতি, তপশিলি উপজাতি ও আদিবাসীভুক্ত সম্প্রদায়ের সামাজিক উন্নয়নের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

14.

দীর্ঘ দিন ধরে বঞ্চিত উত্তরবঙ্গের চা শ্রমিকদের উন্নয়নের জন্য উপযুক্ত পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

15.

ডুয়ার্সে আই.টি.আই. স্থাপনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

16.

রাজ্যে চা বাগানের অসহায় শ্রমিকদের সুষ্ঠু স্বাস্থ্য পরিষেবা প্রদানে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

17-21.

Smt. Protima Rajak : I beg to move উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

17.

মুর্শিদাবাদ জেলার বড়ঞা বিধানসভা কেন্দ্র এলাকায় বসবাসকারী আলুচাষীদের দুর্দশা দূরীকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

18.

মুর্শিদাবাদ জেলার বড়ঞা বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বড়ঞা এবং পাঁচমুখী "জল সরবরাহ" প্রকল্প দুটি নতুনভাবে নির্মাণ করার জন্য প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

19.

মুর্শিদাবাদ জেলার বড়ঞা বিধানসভা কেন্দ্রের অন্তর্গত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিকে উন্নত করতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

20.

মুর্শিদাবাদ জেলার বড়ঞা বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বড়ঞা গ্রামীণ হাসপাতালকে উন্নত করতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

21.

মুর্শিদাবাদ জেলার বড়ঞা বিধানসভা কেন্দ্রের অন্তর্গত প্রতিটি এলাকায় বিদ্যুৎ সঙ্কট নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

22-27.

Dr. Manas Ranjan Bhunia : I beg to move উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

22.

রাজ্যে বেকারদের কর্মসংস্থানের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

23.

রাজ্যে সামগ্রিক স্বাস্থ্য পরিষেবা সম্পূর্ণ ভেঙে পড়েছে—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

24.

রাজ্যের স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলিতে শিক্ষক-শিক্ষিকা, অধ্যাপক-অধ্যাপিকা ও ছাত্র-ছাত্রীদের উপর আক্রমণের ঘটনা রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

25.

রাজ্যের পুলিশ কর্মচারীদের আক্রান্ত হওয়ার ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

26.

রাজ্যে ক্রমবর্ধমান নারী নির্যাতন রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

27.

রাজ্যে বৃহৎ শিল্পে বিনিয়োগের ক্ষেত্রে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

28-36.

Shri Sahajahan Choudhury : I beg to move উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

28.

রাজ্যের বিভিন্ন জেলায় 'কৃষক-বাজার'গুলিতে বিক্রিত ফসলের পরিমাণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

29.

মহাত্মা গান্ধী জাতীয় কর্মসংস্থান সুনিশ্চিতকরণ প্রকল্পের অন্তর্গত গ্রামীণ শ্রমিকদের বকেয়া মজুরির পরিমাণ ও তা পরিশোধ করার জন্য সরকার কর্তৃক গৃহীত পদক্ষেপের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

30.

সম্প্রতি বর্ধমানে অনুষ্ঠিত 'মাটিতীর্থ-কৃষি-কথা' উৎসবে সরকারি ব্যয়ের পরিমাণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

31.

রাজ্যে ২০১৪-১৫ বছরে অনুষ্ঠিত 'মাটি উৎসব' বাবদ সরকারি ব্যয়ের পরিমাণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

32.

২০১৩-২০১৪ বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী ধান সংগ্রহ না করার ফলে কৃষকরা নির্ধারিত সহায়ক মূল্য থেকে কম মূল্যে ধান বিক্রয় করতে বাধ্য হয়েছে—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

33.

২০১৩-১৪ বছরে রাজস্ব সংগ্রহের লক্ষ্যমাত্রা পূরণ না হওয়ার কারণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

34.

রাজ্যে অনুমোদনহীন মাদ্রাসাগুলিকে অনুমোদন প্রদানে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

35.

রাজ্যে নারী নির্যাতন রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

36.

সামাজিক সহায়তা প্রকল্পের অন্তর্গত বার্ধক্যভাতা, বিধবাভাতাসহ বিভিন্ন ভাতা সময়মত প্রদানে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

37-55.

Shri Chowdhury Md. Hedayatullah : I beg to move উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

37.

রাজ্যে বিভিন্ন শিল্প-কারখানা বন্ধ হয়ে যাওয়ার ঘটনার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

38.

রাজ্যে বন্ধ হিন্দুস্থান মোটর কারখানা খোলার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

39.

রাজ্যে ইউরিয়া সারের অপ্রতুলতার জন্য চাষীরা ক্ষতিগ্রস্ত হচ্ছে—এর কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

40.

রাজ্যে জলাভূমি ভরাটের কার্যকলাপ ক্রমশ বৃদ্ধি পাচ্ছে—এর কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

41.

রাজ্যে বিদ্যালয়, মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ে আইন-শৃঙ্খলা বজায় রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

42.

রাজ্যে বিদ্যালয় ও মহাবিদ্যালয়গুলিতে শিক্ষকদের শূন্যপদ পূরণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

43.

রাজ্যে মাদ্রাসাগুলিতে শিক্ষকদের শূন্যপদ পূরণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

44.

রাজ্যে বেকার যুবক-যুবতীদের কর্মসংস্থানের জন্য সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

45.

রাজ্যে সন্ত্রাসবাদী কার্যকলাপ ক্রমশ বৃদ্ধি পাচ্ছে—এর কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

46.

রাজ্যে বন্ধ কারখানা খোলার জন্য সুনির্দিষ্ট কোন পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

47.

রাজ্যের সমবায়গুলিতে দুর্নীতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

48.

ফসলের ন্যায্য দাম না পাওয়ার জন্য রাজ্যের কৃষকদের আত্মহত্যার ঘটনা ক্রমশ বাড়ছে—এর কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

49.

রাজ্যের চাষীরা ধানের ন্যায্য দাম পাচ্ছেন না—এর কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

50.

রাজ্যের হাসপাতালগুলিতে শিশুমৃত্যুর হার ক্রমাগত বেড়েই চলেছে—এর কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

51.

রাজ্যের স্বাস্থ্য পরিষেবার বেহাল অবস্থার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

52.

বিদ্যুতের দাম বৃদ্ধির জন্য কৃষকসহ সাধারণ নাগরিক সমস্যার সম্মখীন হচ্ছে—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

53.

রাজ্যে বিরোধী রাজনৈতিক দলের কর্মী ও সমর্থকদের উপর অত্যাচারের ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

54.

কল্যাণী বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিগ্রহের ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

55.

রাজ্যে চা শ্রমিকদের শোচনীয় অবস্থার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

56-131.

Shri Gouranga Chatterjee : I beg to move উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

56.

রাজ্য সরকারি কর্মচারীদের ৪৯ শতাংশ বকেয়া মহার্ঘ ভাতা প্রদানে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

57.

ক্রেতা সুরক্ষা সম্বন্ধে মানুষকে সচেতন করার ক্ষেত্রে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

58.

রাজ্যে ভূতল পরিবহন সংস্থার মাধ্যমে নতুন সরকারি বাস পরিষেবা প্রদানের ক্ষেত্রে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

59.

রাজ্যে ক্রমবর্ধমান হত্যার ঘটনার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

60.

দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী মানুষদের জীবনযাপনের মান উন্নয়নের জন্য সঠিক পরিকল্পনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

61.

রাজ্যে সরকারি বাসগুলি থেকে সৃষ্ট পরিবেশ দূষণ বন্ধ করতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

62.

রাজ্যে বিভিন্ন এলাকায় পুলিশ কর্মচারীদের উপর দুষ্কৃতীদের হামলা বন্ধ করার ক্ষেত্রে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

63.

রাজ্যে মহিলাদের ওপর আক্রমণের ঘটনার তদন্ত করার ক্ষেত্রে মহিলা থানাগুলিতে পুলিশি হয়রানি নিরসনে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

64.

তপশিলি জাতি ও তপশিলি উপজাতিভুক্ত মানুষদের শংসাপত্র পাওয়ার ক্ষেত্রে যে হয়রানির শিকার হতে হয় তা নিরসনে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

65.

দুর্গত মানুষকে রক্ষা করার ক্ষেত্রে অসামরিক প্রতিরক্ষা বিভাগ ব্যর্থ—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

66.

কলকাতা কর্পোরেশন এলাকায় বিভিন্ন বহুতল বিল্ডিং-এ আগুন লাগার ঘটনায় অগ্নিনির্বাপণের ক্ষেত্রে দমকল বিভাগ ব্যর্থ—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

67.

রাণীগঞ্জ বিধানসভা কেন্দ্র এলাকায় কয়লা চুরি বন্ধ করার ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

68.

অণ্ডালে অ্যারোট্রোপলিশ এলাকায় হাই টেনশন ইলেকট্রিকের টাওয়ার বসানোর জন্য চাষীদের কাছ থেকে জোর করে জমি অধিগ্রহণ করার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

69.

রাজ্যে মোট কতগুলি কারখানাতে 'সাসপেনশন অফ ওয়ার্ক' চলছে—তার কোন পরিসংখ্যানের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

70.

এস.এস.কে.এম. হাসপাতালের ছাত্রাবাসে অবৈধভাবে মাদক ব্যবসা এবং মাদক সেবনের ফলে ছাত্র মৃত্যুর ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

71.

বিভিন্ন জায়গায় প্রস্তাবিত শিল্প কারখানা গড়ে তোলার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

72.

রাজ্যের প্রতিটি ব্লকে মৎস্য উৎপাদনের জন্য মাছের চারা প্রজননের ক্ষেত্রে মৎস্য দপ্তর ব্যর্থ—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

73.

রাজ্যে পুষ্টিগতভাবে প্রত্যেকদিন যে পরিমাণ মৎস্যের প্রয়োজন তা উৎপাদনে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

74.

প্রাথমিক এবং মাধ্যমিক বিদ্যালয়গুলিতে বিনামূল্যে দেয় পাঠ্যপুস্তক সঠিক সময়ে ছাত্র-ছাত্রীদের কাছে পৌঁছে দেওয়ার ক্ষেত্রে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

75.

আসানসোল-দুর্গাপুর এলাকার রুক্ষ মাটিতে ডাল জাতীয় শস্যের উৎপাদন বৃদ্ধির জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

76.

রাজ্যের ইটভাটাগুলিতে রয়্যালটি না দিয়ে যেভাবে বেআইনি কাজ চলছে সেই কাজকে বন্ধ করার ক্ষেত্রে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

77.

রাজ্যে ব্যাঘ্রগণনার ক্ষেত্রে সঠিক বিজ্ঞানসম্মত পদ্ধতি অবলম্বনের বিষয়ে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

78.

ট্রাম পরিষেবাকে উন্নত করার ক্ষেত্রে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

79.

রাজ্যে বিভিন্ন স্থানে দুষ্কৃতিদের কাছ থেকে বিস্ফোরক পদার্থ খুঁজে বার করার ক্ষেত্রে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

80.

বাঁকুড়ায় পানচাষীদের সমস্যা সমাধানে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

81.

মালদার কালিয়াগঞ্জ কলেজে ছাত্র সংসদ নির্বাচনে গুলি চালানোর ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

82.

২০১৪ সালের মে মাসে ব্যারাকপুরে বেআইনি ২১ কেজি গাঁজা উদ্ধারের ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

83.

রাজ্যে বিদ্যুতের চাহিদার পরিমাণ অনুযায়ী বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপন করার জন্য কোন পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

84.

নয়াচারে শিল্প স্থাপনের অগ্রগতির বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

85.

রাজ্যে পাথর খাদানগুলিতে অনাহারে শ্রমিক মৃত্যুর ঘটনার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

86.

রাজ্যের মেডিকেল কলেজগুলিতে বিশেষ করে উত্তরবঙ্গ মেডিকেল কলেজে শিশুমৃত্যু রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

87.

রাজ্যের মোটর শিল্প নির্মাণের কারখানা হিন্দ মোটরের শ্রমিকরা কষ্টের মধ্যে জীবনযাপন করছেন—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

88.

রাজ্যের চা বাগানগুলিতে অনাহারে চা শ্রমিকদের মৃত্যু রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

89.

শালবনিতে ইস্পাত কারখানা নির্মাণের কাজে অগ্রগতি না হওয়ার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

90.

সালানপুর এলাকায় বেআইনি কয়লা খাদান বন্ধ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

91.

প্রেসিডেন্সি জেলে জনৈক বিচারাধীন বন্দির হত্যার ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

92.

রাজ্যে ঠাকুরপুকুর থানার লকআপে জনৈক বন্দির অস্বাভাবিক মৃত্যুর ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

93.

২০১৪ সালে হাওড়ার দাশনগরে বেআইনি অস্ত্র কারখানা আবিষ্কারের বিষয়টির কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

94.

রাজ্যে বিভিন্ন এলাকায় মহিলাদের শ্লীলতাহানির ঘটনায় মীমাংসা করার জন্য স্থানীয়ভাবে যে বিচারসভা বসানো হচ্ছে তা বন্ধ করতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

95.

রাজ্যে দুর্গাপুর-আসানসোল কমিশনারেট এলাকায় প্রাক্তন বিধায়কের হত্যাকারীদের গ্রেপ্তারের ক্ষেত্রে প্রশাসনের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

96.

আসানসোল-দুর্গাপুর কমিশনারেট এলাকায় চুরি-ডাকাতি রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

97.

রাজ্যে চা বাগানগুলিতে চা শ্রমিকদের সাপ্তাহিক রেশনের নামে যে চাল, গম সরবরাহ করা হয় তা নিম্নমানের—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

98.

পাণ্ডবেশ্বর বিধানসভা কেন্দ্র এলাকায় এসার অয়েল কোম্পানির বিভিন্ন বর্জ্য পদার্থ যেভাবে জমির উৎপাদনশীলতা নষ্ট করছে তা বন্ধ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

99.

পাণ্ডবেশ্বর বিধানসভা কেন্দ্র এলাকায় অসংগঠিত শ্রমিকদের জন্য 'ই.এস.আই'-এর সুযোগ-সুবিধা চালু করতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

100.

পাণ্ডবেশ্বর বিধানসভা কেন্দ্র এলাকায় গড়ে ওঠা বিভিন্ন নতুন কারখানার বর্জ্য পদার্থে সৃষ্ট দূষণ রোধ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

101.

পাণ্ডবেশ্বর বিধানসভা কেন্দ্র এলাকায় বিরোধী রাজনৈতিক দলগুলির উপর শাসক দলের সমর্থনকারীদের হামলা বন্ধ করতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

102.

পাণ্ডবেশ্বর বিধানসভা কেন্দ্র এলাকায় শাসক দলের কর্মীরা বিরোধী রাজনৈতিক দলের অফিস দখল করছে—এর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

103.

রাজ্যে প্রতিবন্ধীদের প্রকৃত উন্নয়নে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

104.

জনৈক প্রতিবন্ধী ব্যক্তির হত্যাকারীদের গ্রেপ্তারের দাবিতে কলকাতায় রাণী রাসমণি রোডে প্রতিবন্ধী সম্মিলনীর অবস্থান বিক্ষোভে পুলিশি নির্যাতনের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

105.

সুন্দরবন এলাকায় ক্রমহ্রাসমান ম্যানগ্রোভ এলাকা রক্ষা করার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

106.

পাণ্ডবেশ্বর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বহুলা গ্রাম পঞ্চায়েত এলাকাতে বি.এড.কলেজ স্থাপনে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

107.

পাণ্ডবেশ্বর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত গৌরবাজার গ্রাম পঞ্চায়েত এলাকায় কলেজ স্থাপনে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

108.

পাণ্ডবেশ্বর বিধানসভা কেন্দ্র এলাকায় অ্যারোট্রোপলিশে ক্ষতিগ্রস্ত চাষীদের উপযুক্ত ক্ষতিপূরণ প্রদানে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

109.

অণ্ডাল অ্যারোট্রোপলিশ এলাকায় মাটির তলা থেকে পাম্পের মাধ্যমে জল তোলার ফলে প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হচ্ছে—এর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

110.

দামোদর নদ থেকে বেআইনিভাবে বালি উত্তোলন বন্ধ করার ক্ষেত্রে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

111.

অজয় নদ থেকে বেআইনিভাবে বালি উত্তোলন বন্ধ করার ক্ষেত্রে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

112.

পাণ্ডবেশ্বর বিধানসভা কেন্দ্র এলাকায় শিল্প স্থাপনে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

113.

পাণ্ডবেশ্বর বিধানসভা কেন্দ্র এলাকার অজয় নদের ভাঙন রোধে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

114.

পাণ্ডবেশ্বর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত হেতেডোবা অঞ্চল থেকে ব্যাপক হারে জঙ্গল কেটে পাথর খাদান তৈরি করে প্রাকৃতিক ভারসাম্য নষ্ট করছে—এর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

115.

পাণ্ডবেশ্বর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত হরিপুর গ্রাম পঞ্চায়েত এলাকায় কয়লা খাদান করার জন্য বেআইনিভাবে গাছ কেটে ফেলা হচ্ছে—এর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

116.

রাণীগঞ্জ বিধানসভা কেন্দ্র এলাকায় বেআইনি চোলাই মদের ব্যবসা বন্ধ করতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

117.

রাণীগঞ্জ বিধানসভা কেন্দ্র এলাকায় বন্ধ বার্নস কোম্পানির মালপত্র চুরি বন্ধ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

118.

পান্ডবেশ্বর বিধানসভা কেন্দ্র এলাকার বিভিন্ন কোলিয়ারি থেকে বেআইনি ডিজেল পাচার বন্ধ করা ক্ষেত্রে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

119.

বীরভূম জেলার লোবা গ্রামে পুলিশের গুলি চালানোর ঘটনায় ক্ষতিগ্রস্তদের আর্থিক সহায়তা প্রদানে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

120.

রাজ্যে নতুন শিল্প স্থাপনে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

121.

রাজ্য সরকারের আর্থিক নীতির ফলে রাজ্যে গরিবের সংখ্যা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

122.

উত্তরবঙ্গে ট্রেনের ধাক্কায় হাতির মৃত্যুর ঘটনা ক্রমবর্ধমান—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

123.

বাঁকুড়া ও মেদিনীপুর জেলাতে বন্য হাতির আক্রমণে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ক্ষতিপূরণের পরিমাণ বৃদ্ধি করতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

124.

রাজ্যে বিশ্ববিদ্যালয়গুলিতে হিংসাত্মক কার্যকলাপ চলছে—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

125.

টেট পরীক্ষায় কৃতকার্যদের সকলকে শিক্ষকতার কাজে নিযুক্ত করতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

126.

এস.এস.সি. পরীক্ষায় সকল কৃতকার্যদের শিক্ষকতার কাজে নিযুক্ত করতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

127.

রাজ্যে বিভিন্ন মহাবিদ্যালয়ে আংশিক সময়ের নিযুক্ত অধ্যাপকদের প্রাপ্য সুযোগসুবিধা প্রদানে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

128.

রাজ্যে বিভিন্ন বিদ্যালয়ে দলের শিক্ষক ও শিক্ষাকর্মীদের শারীরিক নিগ্রহের ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

129.

গত ২০১৪-১৫ শিক্ষাবর্ষে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় টোকাটুকি ঘটনার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

130.

পাণ্ডবেশ্বর বিধানসভা কেন্দ্র এলাকায় শিক্ষার প্রসার ঘটাতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

131.

রাজ্যে অজয় ও দামোদর নদের তীরবর্তী এলাকাগুলিতে বেআইনি আফিং চাষ বন্ধে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

132-133.

Shri Asif Mehboob : I beg to move উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

132.

মালদা জেলায় চাঁচল পুরসভা গঠন প্রক্রিয়ার অগ্রগতির বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

133.

নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য হরিশ্চন্দ্রপুর ১ এবং চাঁচল ১ নং ব্লকে নতুন সাবস্টেশন নির্মাণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

134.

Smt. Feroza Begam : I beg to move উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

134.

মুর্শিদাবাদ ও নদীয়া জেলার পাটচাষীদের দুরবস্থার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

135-158.

Shri Touab Ali : I beg to move উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

135.

রাজ্যে বিরোধী রাজনৈতিক দলের কর্মী ও সমর্থকদের উপর অত্যাচার ও তাদেরকে মিথ্যা মামলায় জড়ানো ইত্যাদি বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

136.

রাজ্যে প্রাথমিক, মাধ্যমিক ও কলেজগুলিতে শূন্যপদ পূরণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

137.

বিরোধী রাজনৈতিক দল পরিচালিত জঙ্গিপুর, আজিমগঞ্জ-জিয়াগঞ্জ সহ অন্যান্য পৌরসভাগুলিতে রাজ্য সরকার তাদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত করছে—এর কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

138.

রাজ্যে নতুন শিল্পস্থাপন না হওয়া ও চালু শিল্প কারখানা রুগ্ন হয়ে পড়ার কারণে শ্রমিক কর্মচারীরা কর্মহীন হয়ে পড়ছে এবং এর ফলে তাদের আত্মহত্যার ঘটনা ঘটছে—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

139.

রাজ্যে চা-শিল্পের বেহাল অবস্থার কারণে চা শ্রমিকদের অনাহার জনিত মৃত্যুর ঘটনা ঘটছে—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

140.

বীরভূমের কেন্দ্রীয় সমবায় সহ বহুসংখ্যক সমবায় সংস্থা বন্ধ হয়ে যাচ্ছে—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

141.

রাজ্যে কৃষকদের উৎপাদিত ধানের সহায়ক মূল্য প্রদানে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

142.

রাজ্যে বিদ্যায়তনগুলিতে শিক্ষক নিগ্রহের ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

143.

রাজ্যে নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের মূল্য বৃদ্ধি প্রতিরোধে সরকারে ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

144.

রাজ্যে সরকারি-বেসরকারি শিল্পক্ষেত্রে শ্রমিক কর্মচারীদের ট্রেড ইউনিয়ন করার গণতান্ত্রিক অধিকার আক্রান্ত হওয়ার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

145.

রাজ্যে শিক্ষক নিয়োগের জন্য TET পরীক্ষা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

146.

রাজ্যে দশ হাজার মাদ্রাসার অনুমোদনের সরকারি ঘোষণা বাস্তবায়িত করতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

147.

রাজ্যের বেকার সমস্যা সমাধানে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

148.

৩৪ নং জাতীয় সড়ক দ্রুত নির্মাণের জন্য যথাযথ উদ্যোগ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

149.

রাজ্যে পাট ও আলুচাষীরা ন্যায্য দাম না পাওয়ার কারণে আত্মহত্যা করছে—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

150.

রাজ্যে নারী নিগ্রহ রোধের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

151.

রাজ্যে বিদ্যুৎ পরিষেবার মাশুল বৃদ্ধিজনিত কারণে কৃষিক্ষেত্রে কৃষক এবং গরীব মানুষ সমস্যার সম্মুখীন হচ্ছে—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

152.

রাজ্যে আদিবাসীদের সামাজিক সুরক্ষা প্রদানে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

501.

রাজ্য সরকারী কর্মচারীদের বকেয়া মহার্ঘভাতা প্রদানে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

502-522.

Shri Rameswar Doloi : I beg to move উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

502.

রাজ্যে সংখ্যালঘু সম্প্রদায়ের উন্নয়ন ও কর্মসংস্থানে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

503.

পরিবহণ দপ্তরের অবসরপ্রাপ্ত কর্মীদের নিয়মিত পেনশন প্রদানে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

504.

প্রধানমন্ত্রী গ্রাম-সড়ক যোজনায় নির্মিত রাস্তার মেরামত ও রক্ষণাবেক্ষণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

505.

এম.এন.আর.ই.জি.এ.প্রকল্পে শ্রমিকদের বকেয়া মজুরী সময়মত প্রদানে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

506.

রাজ্যে সুস্থ সংস্কৃতি প্রসারে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

507.

জাতীয় খাদ্য সুরক্ষা আইন রূপায়ণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

508.

রাজ্যের দরিদ্র মানুষদের অর্থনৈতিক অবস্থার উন্নয়নে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

509.

শাসক দলের নেতা-কর্মীদের হাতে বিরোধী দলের কর্মী-সমর্থকদের আক্রান্ত হওয়ার ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

510.

এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক-এর মাধ্যমে বেকারদের চাকরি প্রদানে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

511.

রাজ্যে ন্যায্যমূল্যের ওষুধ দোকানে দুর্নীতি রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

512.

নির্দিষ্ট সময়সীমার মধ্যে মহাকরণ সংস্কারের কাজ সম্পন্ন করতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

513.

রাজ্যের আর্থিক বিশৃঙ্খলার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

514.

রাজ্যে মাধ্যমিক পরীক্ষার্থীর সংখ্যা কমে যাওয়ার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

515.

কলকাতা পৌর এলাকা এবং রাজ্যের পুরসভা এলাকাগুলিতে নাগরিকদের ন্যূনতম পরিষেবা প্রদানে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

516.

জেলা, মহকুমা/ব্লক এবং প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে শূন্যপদে ডাক্তার নিয়োগ করতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

517.

কর্মরত অবস্থায় মৃত সরকারি কর্মীর পোষ্যদের চাকুরি প্রদানে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

518.

সরকারি ও সরকার অনুমোদিত বিভিন্ন প্রতিষ্ঠানে ১০ বছর বা তার অধিক সময় ধরে অস্থায়ী কর্মীদের স্থায়ীকরণের সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

519.

রাজ্যে কৃষক বাজার সময়মত চালু করতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

520.

জমিনদারী বাঁধ রক্ষণাবেক্ষণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

521.

উত্তরবঙ্গের চা-বাগানে অনাহারে চা-শ্রমিকদের মৃত্যু রোধে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

522.

প্রশাসনিক ক্যালেন্ডার অনুসারে নির্দিষ্ট সময়ে কাজ সম্পন্ন করতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

523-524.

Shri Manoj Kumar Oraon : I beg to more উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

523.

ডুয়ার্সে চা-শ্রমিকদের দুরবস্থার বিষয়ে কোন উল্লেখ মাননীময় রাজ্যপালের ভাষণে নেই; এবং

524.

রাজ্যে নারীপাচার রোধে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

525-533.

Shri Dhiren Bagdi : I beg to move উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

525.

বীরভূম জেলার কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক বন্ধ থাকার জন্য প্রায় ১৫ লক্ষ আমানতকারী এবং কর্মচারী আর্থিক সংকটের সম্মুখীন হয়ে পড়েছেন—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

526.

বীরভূম জেলার বোলপুরে শাসকদলের জনৈক নেতা এক পুলিশ আধিকারিককে শারীরিক নিগ্রহ করার অভিযোগের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

527.

বীরভূম জেলার দুবরাজপুর থানার জনৈক পুলিশ আধিকারিকের নিহত হওয়ার ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

528.

রাজ্যের কৃষকদের নিকট থেকে সহায়ক মূল্যে ধান ক্রয় করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

529.

বীরভূম জেলার পাড়ুই থানা এলাকায় আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতির বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

530.

রাজ্যে খেতমজুরদের ন্যূনতম মজুরীর বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

531.

রাজ্যে অসংগঠিত ক্ষেত্রে শ্রমিকদের মাসিক মজুরী ১০,৫০০ টাকা নির্ধারণ করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

532.

বীরভূম জেলায় বিভিন্ন প্রকার সরকারি ভাতা, বার্ধক্য ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা, কৃষক ভাতা, মৎস্যজীবী ভাতা নিয়মিত প্রদানে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই; এবং

533.

বীরভূম জেলায় বিভিন্ন কলেজে ছাত্র-সংসদ নির্বাচনে শাসকদলের পক্ষ থেকে বিরোধী ছাত্র সংগঠনের সমর্থকদের বাধা দেওয়ার ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

Now I put all the amendments to vote. As many as are of the opinion please say, Ayes, and as many as are of the contrary opinion please say, Noes. Noes have it. Noes have it.

The amendments are lost.

Now I put to vote the motion moved by Dr. Partha Chatterjee. As many as are of the opinion please say, Ayes, and as many as are of the contrary opinion please say, Noes. Ayes have it. Ayes have it.

The motion is adopted.

Adjournment

The House was then adjourned at 5.55 p.m. till 3.00 p.m. on Friday, the 27th February, 2015 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 27th February, 2015 at 3.00 p.m.

P R E S E N T

Mr. Speaker **(Shri Biman Banerjee)** in the Chair, 33 Ministers, 08 Ministers of State, 21 Parliamentary Secretaries and 187 Members.

[3.00—4.00 p.m.]

Presentation of the Annual Financial Statement of the Government of West Bengal for the year 2015-2016

Mr. Speaker : Now I call upon Dr. Amit Mitra, Minister-in-Charge, Finance Department, Government of West Bengal, to present the Annual Financial Statement of the Government of West Bengal for the year 2015-2016.

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি এই মহান সদনে ২০১৫-১৬ অর্থবর্ষের বাজেট পেশ করছি।

১। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের শক্তিশালী নেতৃত্বের উপর বাংলার মা-মাটি-মানুষ বারবার আস্থা রেখেছেন। এই আট মাস আগেই লোকসভার নির্বাচনে জনগণের বিপুল আস্থা আরও একবার অর্জিত হয়েছে। এক শ্রেণীর সংবাদ মাধ্যমে লাগাতার অপপ্রচার ও কুৎসাকে নস্যাৎ করে লোকসভার ৩৪টি আসনে সাধারণ মানুষ আমাদের জয়যুক্ত করেছেন। এই মাসেই আরো একবার বাংলার মানুষ দুটি উপনির্বাচনে আমাদের আশীর্বাদ করেছেন। গণতান্ত্রিক পরিকাঠামোয় এর থেকে বড়ো আস্থার প্রমাণ আর কী হতে পারে ! প্রণাম করি বাংলার মা-মাটি-মানুষকে।

পূর্ণাঙ্গ বাজেট পেশ করতে এসে আমি সমস্ত রাজনৈতিক দলের মাননীয় বিধায়ক বন্ধুদের জানাই নমস্কার, নমস্তে, আসসালাম আলাইকুম।

২। **(ক) বৃহৎ আর্থিক ক্ষেত্রে কিছু অসাধারণ কৃতিত্ব :**

বাংলার অর্থনীতি এক নতুন উচ্চতার দিকে এগিয়ে চলেছে। ২০১৪-১৫ থেকে কেন্দ্রীয় সরকার মূল্যায়নের একটি নতুন পদ্ধতি চালু করেছেন। এই পদ্ধতি সম্পর্কে অর্থনীতিবিদদের মধ্যে বিরাট মতভেদ রয়েছে। তার মূল কারণ হল নতুন পদ্ধতিতে কেন্দ্রীয় সরকারের বৃদ্ধির

হার হঠাৎ অপ্রত্যাশিতভাবে বেড়ে গেছে। এসব সত্ত্বেও ২০১৪-১৫ আর্থিক বছরে নতুন মূল্যায়ন অনুযায়ী বাংলার Gross Value Added (GVA) ১০.৪৮% বেড়েছে, যেখানে নতুন অঙ্কে ভারতের বৃদ্ধি হয়েছে ৭.৫%। বাংলা এগিয়ে আছে ও এগিয়ে থাকবে।

আপনারা অবগত আছেন যে মূলধনী ব্যয়ের মাধ্যমে যে সম্পদ সৃষ্টি হয়, তার উপর দীর্ঘস্থায়ী আর্থিক উন্নয়ন নির্ভর করে। রাস্তা, সেতু, পানীয় জল, স্কুল, কলেজ, হাসপাতাল, আবাসন ইত্যাদি বেশিরভাগটাই নির্ভর করে সরকারের মূলধনী ব্যয়ের উপর। আমরা যখন সরকারে আসি, আমরা আশ্চর্য হয়েছিলাম যে ২০১০-১১ আর্থিক বছরে মূলধনী ব্যয়ের বৃদ্ধি ছিল নেগেটিভ (-) ২৬.০৮%! ২০১১-১২ সালে এই নেগেটিভটিকে পজেটিভে পরিবর্তিত করে, মূলধনী ব্যয়ের বৃদ্ধি হয় (+) ২৪.১৭%, ২০১২-১৩-তে পজিটিভ (+) ৬৪.৫৩%, ২০১৩-১৪-তে ৫২.৩৩%। প্রকৃত জনগণের সরকারের অসাধারণ কৃতিত্ব এটাই। নেগেটিভ থেকে পজিটিভ এবং হায়ার পজিটিভ।

পরিকল্পনা খাতে ব্যয়বৃদ্ধিতেও একই রকম রেকর্ড স্থাপিত হয়েছে। আমরা যখন সরকারে আসি, পরিকল্পনা খাতে ব্যয় ছিল অতি সামান্য, (২০১০-১১ সালে মাত্র ১৪,১৬৫.১৬ কোটি)। যা তিন বছরের মধ্যে দ্বিগুণ হয়েছে (২৮,১৫৯.৩৭ কোটি টাকা)।

(খ) "ঋণের ফাঁদের" ভয়াবহ পরিস্থিতি :

ভয়ঙ্কর "ঋণের ফাঁদ" ও বিপুল ঋণের বোঝা থাকা সত্ত্বেও এই সমস্ত কৃতিত্ব অর্জিত হয়েছে। আপনারা এটা জেনে আশ্চর্য হবেন যে ২০১৩-১৪ সালে সুদ প্রদান ও ঋণ শোধের জন্য আমাদের ট্রেজারী থেকে কেটে নেওয়া হয়েছিল ২৮,০০০ কোটি টাকা। ২০১১ থেকে ২০১৫-এর জানুয়ারি পর্যন্ত বাংলার ট্রেজারী থেকে কেটে নেওয়া হয়েছে ১ লক্ষ কোটি টাকারও বেশি (১,০২,০৯৭.১৬ কোটি টাকা)।

বিগত সরকারের দেনার বোঝা আমরা বহন করছি যা একটি ঋণের Vicious Cycle-এ ফেলে দিয়েছে। বার বার বলা সত্ত্বেও এই বোঝা লাঘবের জন্য কেন্দ্রীয় সরকার কোনো সুব্যবস্থাই নেননি। আমরা কোনো দয়া চাইনি—এ আমাদের অধিকার। কবিগুরুর ভাষায় বলি :

"আমারে তুমি করিবে ত্রাণ এ নহে মোর প্রার্থনা—
তরিতে পারি শকতি যেন রয়।"

আমি আরো উল্লেখ করতে চাই যে সমাজের দরিদ্রতম মানুষদের জন্য ১০০ দিনের কাজের প্রকল্পও ছেঁটে দেওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। এরকম নেতিবাচক আচরণে বাংলার গরীব মানুষদের সাংঘাতিক ক্ষতি হতে চলেছে।

হ্যাঁ, 14th Finance Commission যদিও devolution ৪২%-এ নিয়ে গেছে—সাধু ! কিন্তু ঋণের ফাঁদ থেকে বেরোনোর রাজ্যের যে দাবি, তা সম্পূর্ণভাবে অগ্রাহ্য করেছে। 14th Finance Commission অগ্রাহ্য করেছে।

৩। এই সরকারের কয়েকটি অভূতপূর্ব সাফল্য :

মে, ২০১১ থেকে আজ অবধি বিভিন্ন ক্ষেত্রে বাংলা অভূতপূর্ব সুফল অর্জন করেছে। তারই কয়েকটি উদাহরণ আপনাদের কাছে তুলে ধরছি। দপ্তর অনুযায়ী সাফল্যের বিস্তারিত বিবরণ আপনারা চতুর্থ বিভাগে পাবেন।

৩.১ খাদ্য ও কৃষিবিপণন

খাদ্যশস্যের মজুত ক্ষমতা ২০১১-১২ সালে ছিল ৪০,০০০ মেট্রিক টন, যা মাত্র তিন বছরে বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ৩.৮০ লক্ষ মেট্রিক টনে যা ৯ গুণেরও বেশি। এ বছরও আমরা ৩.২ কোটি মানুষকে ২ টাকা কিলোগ্রাম দরে চাল ও ৫ টাকা কিলোগ্রাম দরে ৭৫০ গ্রাম গম সরবরাহ করছি।

৯৫টি কৃষক বাজারের মধ্যে প্রথম দফায় ৮৪টি কৃষক বাজার ইতিমধ্যেই চালু হয়ে গেছে। এর ফলে প্রচুর নতুন কাজের সুযোগ সৃষ্টি হয়েছে। স্যার, আমি খুশি যে মাননীয় ডাঃ মিশ্র কালকে বলেছেন যে হ্যাঁ, এগুলি সব তৈরি হয়ে গেছে।

এ বিষয়ে বিস্তারিত বিবরণ চতুর্থ বিভাগে পাবেন।

৩.২ রেশন কার্ডের ডিজিটাইজেশন

বিপুল ই-গভর্নেন্স-এর মাধ্যমে গণবিতরণ পদ্ধতি সম্পূর্ণ ঢেলে সাজানো হয়েছে। ৯১ লক্ষ ভুয়ো রেশন কার্ড বাতিল করা হয়েছে। রেশন কার্ডের ডিজিটাইজেশনের সংখ্যা ৭.৮০ কোটি ছুঁয়েছে—এই সাফল্যও নজিরবিহীন।

৩.৩ ১০০ দিনের কাজ

১০০ দিনের কাজের খরচের ক্ষেত্রে আজ পশ্চিমবঙ্গ ১ নং স্থানে। গড় জনপ্রতি বৃদ্ধির ক্ষেত্রেও বাংলা একটি রেকর্ড করেছে। দুঃখের সঙ্গে বলছি ভারত সরকারের কাছ থেকে সঠিক সময়ে যথাযথ অর্থ না আসায় এই কর্মসূচিকে সাংঘাতিকভাবে ক্ষতিগ্রস্ত করেছে।

৩.৪ নির্মল বাংলা অভিযান

গত তিন বছরে ২৪ লক্ষেরও বেশি বাড়িতে শৌচালয়ের সুবিধা প্রদান করা হয়েছে প্রাথমিক বিদ্যালয় ছাড়াও। এই একই সময় ২৫ লক্ষেরও বেশি শৌচালয়ের সুবিধা ব্যক্তিগত বাড়িতে, বিদ্যালয়ে ও অঙ্গনওয়াড়িতে প্রদান করা হয়েছে। (বাড়ি—২৪,৩৫,১০৫ ; বিদ্যালয়—৮৩,৫৮৩ ; অঙ্গনওয়াড়ি—৩০,০০০)।

৩.৫ দরিদ্র মানুষের জন্য বাসস্থান

দুর্বল শ্রেণির জন্য (EWS) বাসস্থান আমরা প্রায় ৩ গুণ বাড়াতে পেরেছি। 'গীতাঞ্জলি' ও 'আমার ঠিকানা' আবাসন প্রকল্পে প্রাপকদের সংখ্যা বৃদ্ধি পেয়ে ৯৩,৮৫২-তে পৌঁছেছে। খরচের ক্ষেত্রেও ৭.৫ গুণ বৃদ্ধি (৭৫০%) হয়েছে।

৩.৬ নিজ গৃহ, নিজ ভূমি

দরিদ্র গৃহহীন মানুষদের স্থায়ী আবাসনের জন্য মাননীয়া মুখ্যমন্ত্রীর স্বপ্নের 'নিজ গৃহ নিজ ভূমি' প্রকল্প-এর কাজে অসাধারণ সাফল্য এসেছে। খুবই স্বল্প সময়ের মধ্যে গৃহহীন মানুষদের ২ লক্ষ ৩০ হাজারেরও বেশি গৃহের পাট্টা দান করা হয়েছে। সব রকমের ক্যাটাগরি ধরলে এটা অ্যাড করে দিলাম। পাট্টা প্রদানের সংখ্যা দাঁড়াচ্ছে ২ লক্ষ ৭৭ হাজার ১৪। এক্ষেত্রেও প্রচুর স্বনিযুক্তির সুযোগ হয়েছে।

৩.৭ জল ধরো জল ভরো

আমাদের সরকার জল সংরক্ষণ ও কৃষিকাজে ব্যবহারের জন্য কূপ খনন ও জল সরবরাহে এক অভাবনীয় পদক্ষেপ নিয়েছে। যেখানে ২০১১ সালে আমাদের লক্ষ্যমাত্রা ছিল ৫ বছরের মধ্যে ৫০ হাজার, সেখানে ৩ বছরের মধ্যে সেই লক্ষ্যমাত্রা ছাড়িয়ে হয়েছে ১ লক্ষ ১৮ হাজার। এই প্রকল্পের অধীনেও বিপুল সংখ্যক কর্মসংস্থান হয়েছে।

৩.৮ পানীয় জল

২০১০-১১ সালে পানীয় জলের জন্য সরকারের খরচ ছিল মাত্র ৪৭০ কোটি। পানীয় জল বাবদ ব্যয় ২৫২% বৃদ্ধি পেয়েছে ২০১৩-১৪ সালে ১,৬৫৮ কোটি টাকা ব্যয় হয়েছে।

আমরা ৬১৫টি গ্রামীণ জল সরবরাহ প্রকল্প (PWSS) চালু করেছি যা ২০০৭-২০১১-এর তুলনায় দ্বিগুণ। এটা নিঃসন্দেহে একটি অসাধারণ সাফল্য।

৩.৯ স্বাস্থ্য

২০১১ সালের আগে রাজ্যে মাত্র ৬টি 'সিক্ নিউ-বর্ন কেয়ার ইউনিট' (SNCU) এবং ৯৫টি 'সিক্ নিউ-বর্ন স্টেবিলাইজেশন ইউনিট' (SNSU) চালু ছিল। বিগত তিন বছরে আমরা ৬টির জায়গায় ৪৩টি SNCU এবং ৯৫টির জায়গায় ২৮৫টি SNSU স্থাপিত করেছি। শিশুদের জন্য এ এক অসাধারণ সাফল্য। মেডিকেলের (ডেন্টাল সহ) আসন সংখ্যা গত তিন বছরে দ্বিগুণ বেড়ে হয়েছে ২,৯০০।

পি.পি.পি. মডেলে ন্যায্যমূল্যের ওষুধের দোকান অন্য কোনো রাজ্যে আজও নেই। পশ্চিমবঙ্গে আমরা ৯৫টি দোকান চালু করেছি। শুনে খুশী হবেন যে ১ কোটি ৩০ লক্ষ রোগী ওষুধের দামে ৩৬৪ কোটি টাকা ছাড় পেয়েছেন—যা একটি অনন্য নজির। ভারতবর্ষে এর কোনো নজির নেই।

শয্যাসংখ্যাও গত তিন বছরে বেড়ে হয়েছে ৭৪,৫০৭। ৮টি নতুন স্বাস্থ্যজেলা তৈরি করা হয়েছে।

এইসব নতুন উদ্যোগের ফলে বিপুল সংখ্যক কর্মসংস্থান হয়েছে।

এই অনন্য সাফল্য ছাড়াও স্বাস্থ্যের ক্ষেত্রে আরও অনেক সাফল্যের বিস্তারিত বিবরণ চতুর্থ বিভাগে দেওয়া আছে।

৩.১০ বিদ্যালয় শিক্ষা

জুন, ২০১১ থেকে ৪১৮টি নতুন প্রাথমিক বিদ্যালয় ও ১,৪৩৮টি নতুন উচ্চ প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদন দেওয়া হয়েছে। ১,৬১৮টি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করা হয়েছে এবং ৩১৯টি জুনিয়ার উচ্চ বিদ্যালয়কে মাধ্যমিক স্তরে উন্নীত করা হয়েছে। শুধু তাই নয় ৩,০০৮টি নতুন উচ্চ প্রাথমিক বিদ্যালয় এবং ৮৫,৭৫৮টি অতিরিক্ত ক্লাসরুম নির্মাণ করা হয়েছে। একটি অতুলনীয় সাফল্য।

৮৩,৫৮৩টি শৌচালয় তৈরি করা হয়েছে (৫০,৪০০ নির্মল বাংলা অভিযান ও ৩৩,১৮৩ স্কুলশিক্ষা) যার ফলে এখন ৯৮ শতাংশ বিদ্যালয়ে শৌচালয় তৈরি হয়েছে।

পরিকল্পনা খাতে খরচ গত তিন বছরে তুলনামূলকভাবে দ্বিগুণ হয়েছে।

শিক্ষার ক্ষেত্রে এত অল্প সময়ে এই অভূতপূর্ব অগ্রগতি আগে কেউ কল্পনাই করতে পারেনি।

এই উন্নয়নের ফলে প্রচুর কর্মসংস্থানের সুযোগ তৈরি হয়েছে।

৩.১১ কলেজ

স্বাধীনতার পর থেকে ২০১১ সাল পর্যন্ত, পশ্চিমবঙ্গে ৩২টি কলেজ ও ৪টি ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপিত হয়েছিল। বর্তমান সরকার মাত্র তিন বছরের মধ্যে ৪০টি নতুন সরকারী ও সরকারের সাহায্যপ্রাপ্ত কলেজ স্থাপন করার ব্যবস্থা নিয়েছে যার মধ্যে ১৮টি কলেজ চালু হয়েছে এবং বাকিগুলি ২০১৫-এর মধ্যে চালু হয়ে যাবে। এই পদক্ষেপও নজিরবিহীন।

৩.১২ বিশ্ববিদ্যালয়

উচ্চ শিক্ষা দপ্তরের অধীনে স্বাধীনতার পর থেকে ২০১২ পর্যন্ত রাজ্যে শুধুমাত্র ১৩টি বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছিল। তিন বছরে সেই সংখ্যা দ্বিগুণ হয়ে আরও ১৩টি বিশ্ববিদ্যালয় স্থাপিত হচ্ছে, যার মধ্যে ৬টি রাজ্য সরকারের সাহায্যপ্রাপ্ত ও ৭টি বেসরকারী। এইসব বলিষ্ঠ পদক্ষেপের জন্য রাজ্যে Gross Enrolment Ratio ১৭.৬-তে উঠে এসেছে।

এখানে প্রচুর কর্মসংস্থানের সুযোগ বেড়েছে।

৩.১৩ বৃত্তিমূলক দক্ষতা

আপনারা অবগত আছেন যে মাননীয়া মুখ্যমন্ত্রী বদ্ধপরিকর যে এ রাজ্যের প্রতিটি ব্লকে একটি করে ITI এবং প্রতিটি মহকুমায় একটি করে পলিটেকনিক তৈরি করা হবে।

এটা লক্ষ্যণীয় যে যখন স্বাধীনতার পরে ২০১১ সাল পর্যন্ত মাত্র ৮০টি ITI তৈরি হয়েছে, আমরা মাত্র তিন বছরে ৪৩টি নতুন ITI চালু করেছি এবং আরও ৯২টি ITI এবছরই তৈরি হবে। এটি একটি রেকর্ড। I Challenge it is a record.

একই সময় যখন মাত্র ৬২টা পলিটেকনিক তৈরি হয়েছে, মাত্র তিন বছরে আমরা ৩৪টি পলিটেকনিক চালু করতে সক্ষম হয়েছি। আরও ৩২টি পলিটেকনিক নির্মাণের পথে। এটি একটি দৃষ্টান্ত।

এই প্রথম পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় সরকারের ভারতীয় দক্ষতার প্রতিযোগিতায় ২০১৩ সালের সর্বোচ্চ পুরস্কারে ভূষিত হয়েছে। ২০১৪-তেও বাংলা এই স্থান ধরে রেখেছে।

এখানেও বিপুল কর্মসংস্থান হয়েছে।

৩.১৪ সংখ্যালঘু সম্প্রদায়ের ক্ষমতায়ন

২০১১ থেকে বিভিন্ন সংখ্যালঘু স্কুলের ৭৫ লক্ষ ছাত্র-ছাত্রীকে ১,৩৯২ কোটি টাকার বৃত্তি প্রদান করা হয়েছে—যা তুলনামূলক সময়ের (২০০৭-০৮ থেকে ২০১০-১১) ৮ গুণেরও বেশি।

১৬টি জেলার সংখ্যালঘু এলাকায় ১৫১টি ব্লকে ১,১২৬ কোটি টাকার সামাজিক পরিকাঠামো উন্নয়নের কাজ হাতে নেওয়া হয়েছে। যেখানে ২০০৭-০৮ থেকে ২০১০-১১ পর্যন্ত ৬১টি কবরস্থানের পাঁচিল ঘেরার কাজ হয়েছিল, সেখানে ২০১১ থেকে আজ অবধি ১,৮৭০টি কবরস্থানে পাঁচিল দেওয়া হয়েছে—যা প্রায় ৩০ গুণেরও বেশি। ২৩৬ কোটি টাকা ব্যয়ে, যা সব মিলিয়ে প্রায় ৩০০ কোটি টাকায় পৌঁছে যাবে। আলিয়া বিশ্ববিদ্যালয়ের নিউ টাউন ক্যাম্পাস উদ্বোধন করেছেন মাননীয়া মুখ্যমন্ত্রী—যা সত্যিই দেখার মতো। এছাড়াও সংখ্যালঘুদের ঋণ প্রদান, ছাত্রাবাস নির্মাণ, সাইকেল দেওয়া, বাজার তৈরি (মার্কেটিং হাব), গৃহ নির্মাণ প্রভৃতি বিষয়ে বিস্তারিত বিবরণ চতুর্থ বিভাগে দেওয়া আছে।

৩.১৫ শিশুকন্যাদের ক্ষমতায়ন

আপনারা জানেন যে কন্যাশ্রী প্রকল্প যা মাননীয়া মুখ্যমন্ত্রীর মানসকন্যা, বিশ্বজুড়ে বিপুল সাড়া ফেলেছে। জুলাই, ২০১৪-তে লন্ডনে অনুষ্ঠিত কন্যা সম্মেলনে শ্রেষ্ঠ প্রকল্পগুলির অন্যতম হিসাবে বিশেষ প্রশংসা পেয়েছে এবং এই প্রকল্পটি মন্থন ও এশিয়া প্যাসিফিক অ্যাওয়ার্ড-এ প্রথম পুরস্কার পেয়েছে। সম্প্রতি নাগরিক-কেন্দ্রিক শ্রেণিতে রাষ্ট্রীয় ই-গভর্নেন্স প্রতিযোগিতায় রাজ্যগুলির মধ্যে প্রথম স্থান অধিকার করেছে কেন্দ্রীয় সরকারের কম্পিটিশানে। ইতিমধ্যে ২২ লক্ষ ছাত্রীর নাম রেজিস্টার্ড হয়েছে এবং ২০ লক্ষ ছাত্রীকে অনুদান দেওয়া হয়েছে।

আমরা শিশুকন্যাদের নিয়ে অনেক রকম স্লোগান শুনি দিল্লীর থেকে, কিন্তু বাস্তবে বাংলা যা করেছে আজ, শুধু ভারতই নয়, বিশ্বও করবে কাল।

৩.১৬ আদিবাসীদের ক্ষমতায়ন

জাতি বিষয়ক শংসাপত্র প্রদানের জন্য অন-লাইন ব্যবস্থা চালু করা হয়েছে এবং বর্তমানে এই ব্যবস্থা ৫৫টি মহকুমায় চালু হয়েছে। এই সরকার আসার পরে ২.৭৪ লক্ষ তফশিলি জাতির শংসাপত্র প্রদান করা হয়েছে, যা আগের তুলনায় দ্বিগুণ—কোথায়ও দ্বিগুণ, কোথায়ও চার গুণ, কোথায়ও দশ গুণ।

বিগত তিন বছরে ২.১৯ লক্ষ ছাত্র-ছাত্রীকে বৃত্তি প্রদান করা হয়েছে যা আগের তুলনায় দ্বিগুণের বেশি।

আমরা সরকারে আসার পর সাইকেল বিতরণের ক্ষেত্রেও একটি রেকর্ড তৈরি হয়েছে। ২০১১ থেকে ২০১৪ সালের মধ্যে, ২০০৮ থেকে ২০১১ সালের তুলনায়, ১০ গুণ বেশি সাইকেল দেওয়া হয়েছে আদিবাসী ছাত্র-ছাত্রীদের।

'মায়েল লিয়াং লেপচা বোর্ড' ও 'তামাং উন্নয়ন ও সাংস্কৃতিক পর্ষৎ' গঠিত হয়েছে। এছাড়া আরও সাফল্যের বিস্তারিত বিবরণ চতুর্থ বিভাগে দেওয়া আছে।

৩.১৭ তফশিলি জাতি ও ও.বি.সি.-দের ক্ষমতায়ন

২০১১ থেকে ২০১৪-র মধ্যে তফশিলি ও অন্যান্য ও.বি.সি. জাতির শংসাপত্র দেওয়ার সংখ্যা তুলনামূলক সময়ের (২০০৮-১১) তিন গুণ বৃদ্ধি পেয়ে হয়েছে ৩০ লক্ষেরও বেশি। এটাও একটি রেকর্ড।

যেখানে ২০০৮ থেকে ২০১১ সালের মধ্যে ৯.৬৭ লক্ষ ছাত্র-ছাত্রীকে বৃত্তি দেওয়া হয়েছিল সেখানে ২০১১-১২ থেকে ২০১৩-১৪ পর্যন্ত দ্বিগুণ ছাত্র-ছাত্রীকে বৃত্তি প্রদান করা হয়েছে ২১ লক্ষ।

৩.১৮ স্বনিযুক্তি গোষ্ঠীর ক্ষমতায়ন

২০১১-১২ থেকে ২০১৩-১৪ পর্যন্ত স্বনিযুক্তি গোষ্ঠীর তহবিলে মোট আর্থিক সাহায্যের পরিমাণ দ্বিগুণ হয়েছে (২,১৫৩.৬৭ কোটি টাকা)। এক্ষেত্রেও রাজ্য সরকারের এ এক অসাধারণ সাফল্য।

৩.১৯ অসংগঠিত ক্ষেত্রে কর্মীদের ক্ষমতায়ন

আপনারা শুনে খুশি হবেন যে ৪৫ লক্ষেরও বেশি অসংগঠিত কর্মীকে মে, ২০১১ থেকে ডিসেম্বর, ২০১৪-এর মধ্যে বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রকল্পের আওতায় আনা হয়েছে।

এই একই সময়ের মধ্যে সামাজিক সুরক্ষা প্রকল্পের সুবিধা হিসাবে ৩৫৯ কোটি টাকা ১২ লক্ষ কর্মীকে প্রদান করা হয়েছে যা ২০০১ থেকে ২০১১ পর্যন্ত বরাদ্দের তুলনায় প্রায় ৪০ গুণ বেশি। এটা সত্যিই নজিরবিহীন।

এ ক্ষেত্রেও স্বনিযুক্তির প্রচুর সুযোগ বেড়েছে।

৩.২০ গ্রামীণ রাস্তা

আমি আনন্দের সঙ্গে জানাই যে গত সাড়ে তিন বছরে গ্রামীণ রাস্তার উন্নয়নে বিপুল সাফল্য এসেছে। আমরা সরকারে আসার আগে, ২০১০-১১ সালে, মোট গ্রামীণ রাস্তা নির্মিত হয়েছিল ৩৮৫ কিলোমিটার। ২০১৩-১৪ সালে নির্মিত হয়েছে ২,৬৩১ কিলোমিটার, যা ৪ গুণ।

এখানেও প্রচুর কর্মসংস্থানের সুযোগ তৈরি হয়েছে।

৩.২১ জাতীয় সড়ক

১,২৭০ কিলোমিটার রাস্তায় দুই লেন তৈরি করা এবং ২,৬৭২ কিলোমিটার রাস্তাকে ৫.৫ মিটার চওড়া করার কাজ সম্পূর্ণ হয়েছে, যা একটি রেকর্ড। রাস্তা ও সেতুর কাজে ব্যয় গত তিন বছরে ৩ গুণ বৃদ্ধি পেয়েছে। আমি শুনেছিলাম গতকাল লিডার অফ দা অপজিশান ডাঃ মিশ্র বলেছেন যে হ্যাঁ এগুলি সব চোখে পড়ছে। ধন্যবাদ।

এই সরকারের গঠিত স্টেট হাইওয়ে ডেভেলপমেন্ট কর্পোরেশন ১,০০০ কিলোমিটার হাইওয়ে তৈরি করার পরিকল্পনা নিজেদের হাতে নিয়েছে এবং ৩,০০০ কিলোমিটার পি.পি.পি.-র মাধ্যমে করার প্রচেষ্টা চলছে। এটা গুরুত্বপূর্ণ একটি আন্ত-রাষ্ট্রীয় বিষয়।

৬০০.৮৪ কোটি টাকা ব্যয়ে নেপাল সীমান্ত থেকে বাংলাদেশ সীমান্ত সংযুক্ত করার জন্য. এশিয়ান হাইওয়ে ২-এর কাজ এবং ৯৭১.৪০ কোটি টাকা ব্যয়ে বাংলাদেশ সীমান্ত থেকে ভুটান সীমান্ত পর্যন্ত সংযুক্ত করার জন্য এশিয়ান হাইওয়ে ৪৮-এর কাজ শুরু হয়েছে।

২০১১-১২ থেকে ২০১৪-১৫-র মধ্যে ৮৮টি ব্রিজ ও রেল ওভারব্রিজ সমাপ্তির পথে।

৩.২২ নগর উন্নয়ন

নগর পরিকাঠামোর বিভিন্ন দিক যথা—আবাসন, পরিবহন, জল সরবরাহ, জঞ্জাল অপসারণ এবং নদীর পাড় সুন্দর করার উপর বিশেষ জোর দেওয়া হচ্ছে। রাজ্যের সব নগর পৌরসংস্থাগুলি স্থানীয় নাগরিকদের ই-গভর্নেন্স-এর মাধ্যমে জন্ম-মৃত্যুর শংসাপত্র প্রদান, ট্রেড লাইসেন্স ইত্যাদি পরিষেবার কাজ শুরু করেছে।

'কলকাতা এনভায়রনমেন্ট ইম্প্রুভমেন্ট ইনভেস্টমেন্ট' কর্মসূচির অধীনে ৩,৪২০ কোটি টাকা কলকাতা পৌরসভাকে দেওয়া হয়েছে। নতুন আরও ২২টি নগর (Township) গড়ে তোলার জন্য ৭৬,০০০ কোটি টাকা বিনিয়োগ করার প্রস্তাব এসেছে। এক্ষেত্রেও বিশাল কর্মসংস্থানের সুযোগ রয়েছে।

অন্যান্য উল্লেখযোগ্য সাফল্যের কথা চতুর্থ বিভাগে বিশদে দেওয়া আছে।

এখানেও প্রচুর কর্মসংস্থানের সুযোগ হয়েছে।

৩.২৩ উত্তরবঙ্গ, সুন্দরবন ও পশ্চিমাঞ্চল উন্নয়ন

উত্তরবঙ্গ উন্নয়ন

সরকার নতুন উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগ গঠন করেছে এবং 'উত্তরকন্যা' নামে নতুন সচিবালয় তৈরি করেছে। আলিপুরদুয়ারকে নতুন জেলার রূপ দিয়েছে। পর্যাপ্ত অর্থের জোগান বাড়িয়ে উত্তরবঙ্গে বিপুল পরিবর্তন এসেছে। এর ফলস্বরূপ, উত্তরবঙ্গ বিজনেস সামিট-এ ২,২০০ কোটি টাকার প্রস্তাবিত বিনিয়োগ এসেছে এবং MSME Synergy-তে ১,৭০০ কোটি টাকার বিনিয়োগের প্রস্তাব এসেছে। শুধু উত্তরবঙ্গে—যার টোটাল হচ্ছে ৩৯০০ কোটি টাকা। শুধু এই এলাকার জন্য সরকার এগিয়ে এসেছে। এই কনফারেন্সের উদ্বোধন মাননীয়া মুখ্যমন্ত্রী নিজে করেছেন। তাঁর সামনে তাঁরা এই প্রস্তাব দিয়েছেন।

সুন্দরবন উন্নয়ন

সুন্দরবনের মৃদঙ্গভাঙা নদীর উপর ১ কিলোমিটার সেতু নির্মাণ হয়েছে—যা সত্যিই দেখার মতো। ১৬৮.৪৭ কিলোমিটার ইট বাঁধানোর রাস্তা—যা সুন্দরবনের মানুষের ডিমান্ড ছিল। বিটুমিনাস, কংক্রিটের রাস্তা তৈরির কাজ, পানীয় জলের গভীর নলকূপ ও জেটি তৈরির কাজ শেষ হয়েছে। সুন্দরবনের বিভিন্ন দ্বীপে বিদ্যুৎ পৌঁছে দেবার কাজ ও নদীর পাড় নির্মাণের কাজ ব্যাপক আকারে শুরু হয়েছে।

পশ্চিমাঞ্চল উন্নয়ন

এই রাজ্যের পশ্চিমাঞ্চলের ৫টি জেলার ৭৪টি পিছিয়ে পড়া ব্লক—যার মধ্যে LWE প্রভাবিত ২৩টি ব্লকও আছে, সেগুলির উন্নয়নে সরকার বিশেষ জোর দিয়েছে। ওই বিশেষ অঞ্চলের ২০৭টি স্কিমের মধ্যে ১৫২টির কাজ ইতিমধ্যেই শেষ হয়েছে এবং বাকিগুলিও ২০১৫-র মার্চের মধ্যেই শেষ হয়ে যাবে বলে আশা করা যায়।

৩.২৪ বিদ্যুৎ

বৈদ্যুতিকরণের জন্য গ্রামাঞ্চলে ১ কোটি নতুন সংযোগ দেওয়ার একটি গুরুত্বপূর্ণ প্রকল্প 'সবার ঘরে আলো'র কাজ পুরোদমে এগিয়ে চলেছে। ১১টি পিছিয়ে পড়া জেলায় বৈদ্যুতিকরণের কাজ ২০১৫-এর মধ্যেই শেষ হবে এবং সাগর ও সুন্দরবন-সহ রাজ্যের অবশিষ্ট ৭টি জেলায় শেষ হবে ২০১৬ সালের মধ্যে। আমরা আশা করব তার আগেই শেষ হয়ে যাবে।

কৃষির উদ্দেশ্যে আনুমানিক ৫০০ কোটি টাকা ব্যয়ে 'সেচ বন্ধু' নামে একটি বিরাট উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এ ক্ষেত্রেও প্রচুর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।

৩.২৫ পর্যটন

পর্যটন খাতে বরাদ্দ ২০১০-১১ সালের ১১.৫৮ কোটি টাকা থেকে বাড়িয়ে ২০১৪-১৫ সালে বরাদ্দের পরিমাণ ২২৩ কোটি টাকা করা হয়েছে—অর্থাৎ ২০ গুণ বৃদ্ধি

পেয়েছে। মাননীয়া মুখ্যমন্ত্রীর স্বপ্নের 'কলকাতা আই', সুন্দরবনের ঝড়খালি, উত্তরবঙ্গের গাজলডোবা, হুগলির সবুজদ্বীপ ও জঙ্গলমহলের ঝাড়গ্রাম রাজবাড়িকে সুন্দর করে গড়ে তোলা হচ্ছে।

আজ আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বেশ কয়েকটি নতুন হোটেল এই শহরে তৈরি হচ্ছে—যা নিশ্চয়ই আপনাদের চোখে পড়েছে। এছাড়া রাজারহাটে একটি বিশ্ব মানের Convention Centre নির্মাণের কাজ চলছে। Eco-Park আজ বিশ্বের নজর কেড়েছে। কলকাতা এবং বাগডোগরায় প্রচুর সংখ্যায় উড়ান বেড়েছে—তিনটি নতুন আন্তর্জাতিক বিমান সংস্থা কলকাতা থেকে উড়ান চালু করেছে।

এখানেও অনেক কর্মসংস্থান হয়েছে।

৩.২৬ পরিবহন

জনপরিবহন ব্যবস্থার উন্নয়নে কলকাতা, আসানসোল-দুর্গাপুর এবং শিলিগুড়ি-জলপাইগুড়ির মতো বিখ্যাত শহরগুলির জন্য নতুন ৮৭৪টি বাস দেওয়া হয়েছে। পুরনো এবং নতুন বাসরুটগুলিতে ৫৬৫টি পারমিট দেওয়া হয়েছে। এছাড়াও ১০,৭০০টি নো-রিফিউজাল ট্যাক্সির অনুমোদন দেওয়া হয়েছে।

আকাশ পথের ক্ষেত্রে বিভিন্ন শিল্পনগরী ও পর্যটন শহরকে হেলিকপ্টার সার্ভিসের দ্বারা যুক্ত করা হয়েছে। বাণিজ্যিক বিমান সংস্থাগুলির যাত্রা সংখ্যা বাড়াতে আমরা বাগডোগরা, কোচবিহার ও অন্ডাল-দুর্গাপুরের ক্ষেত্রে এভিয়েশন টারবাইন ফুয়েল (ATF)-এর উপর সেলস ট্যাক্স-এ ছাড় দিয়েছি। এছাড়াও কলকাতা আন্তর্জাতিক বিমান বন্দরের জন্যও সেলস্ ট্যাক্স কমানো হয়েছে। ৩০%-এর জায়গায় ১৫% করা হয়েছে। যার জন্য ভয়ঙ্করভাবে উড়ান বাড়ছে।

এখানেও প্রচুর স্বনিযুক্তির সুযোগ তৈরি হয়েছে।

৩.২৭ ক্রীড়া ও যুব কল্যাণ

নতুন নতুন স্টেডিয়াম, হোস্টেল, সুইমিং পুল ও স্পোর্টস অ্যাকাডেমি নির্মাণ করে পরিকাঠামো ঢেলে সাজানো হচ্ছে। রাজ্যের বিভিন্ন স্টেডিয়ামে ২১,০০০টি নতুন বসার জায়গা তৈরি করা হয়েছে এবং আরও ১২,৫০০টি নতুন বসার জায়গা বাড়ানো হচ্ছে। সল্টলেক স্টেডিয়ামে ২৫,০০০টি উচ্চমানের আসন বসানো হয়েছে।

রাজ্যে ১৮টি পুরনো ইউথ হোস্টেলের সংস্কারের কাজ শেষ হয়েছে। আরও ১৮টি মনোরম ইউথ হোস্টেল রাজ্যের বিভিন্ন ধর্মীয় ও পর্যটন কেন্দ্রে বানানোর কাজ হাতে নেওয়া হয়েছে।

বিভিন্ন ক্লাবে জিম্ ও খেলার সরঞ্জামের সংখ্যা বিপুলভাবে বেড়েছে—১৪,০০০ ক্লাবকে অনুদানের মাধ্যমে।

ক্রীড়া দপ্তর ও যুবকল্যাণ দপ্তরে বিগত তিন বছরে বরাদ্দ ৭ গুণ বৃদ্ধি পেয়েছে।

৩.২৮ তথ্য প্রযুক্তি (আই টি)

৮টি সফট্ওয়্যার আই.টি. পার্ক সম্পূর্ণ হওয়ার মুখে এবং আরও ৭টি আই.টি. পার্ক নির্মাণের কাজ শীঘ্রই শুরু হবে। দুটি ইলেকট্রনিক্স ম্যানুফ্যাকচারিং ক্লাস্টার ইতিমধ্যেই অনুমোদন পেয়েছে এবং একটি Hardware Park ২০১৫-১৬-এর মধ্যে চালু হবে। এক্ষেত্রেও কয়েক লক্ষ কর্মসংস্থানের সৃষ্টি হবে। একটি নতুন Indian Institute of Information Technology, যা সর্বভারতীয় স্তরে মান্যতা পায়, প্রথমবার বাংলায় শুরু হয়েছে। আরও অন্যান্য কর্মসূচির বিস্তারিত বিবরণ চতুর্থ বিভাগে দেওয়া আছে।

৩.২৯ বাংলার নব শিল্পায়ন এগিয়ে চলেছে : ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ

মে, ২০১১ থেকে ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত বড়ো শিল্পে মোট বিনিয়োগ, যা 'ইমপ্লিমেন্টেড' হয়েছে অথবা 'আন্ডার ইমপ্লিমেনটেশন' তার পরিমাণ ৮৪,২১১.৮৫ কোটি টাকা। যা Implemented হয়ে গেছে বা Under implementation —এক সময় স্যার হাউসে বলেছিলাম x0 to x6-এর বিস্তারিত বিবরণ দিয়েছিলাম। ৮৪ হাজার ২১১ কোটি টাকা implemented or under implemented। ফলে বিপুল কর্মসংস্থানের সৃষ্টি হচ্ছে। এছাড়াও ৫৫,৮৫৫.১৫ কোটি টাকার বিনিয়োগের প্রস্তাব এসেছে। সম্প্রতি বিশ্ববাংলা বাণিজ্য সম্মেলনে আরও ২,৪৩,০০০ কোটি টাকা মূল্যের বিনিয়োগের প্রস্তাব এসেছে, যাতে লগ্নির মোট প্রস্তাবের পরিমাণ দাঁড়ায় ৩ লক্ষ কোটি টাকা (২,৯৮,৬২৭ কোটি)। এই লগ্নির ফলেও বিশাল কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

ক্ষুদ্র ও মাঝারি শিল্পের ক্ষেত্রে ব্যাঙ্ক ঋণের প্রবাহ রেকর্ড মাত্রা ছুঁয়ে ৪০,৭১৩ কোটি টাকায় পৌঁছেছে তুলনামূলক সময়ে এই বৃদ্ধি প্রায় ৩ গুণ। ২০১২-১৩ ও ২০১৩-১৪-তে এই বৃদ্ধির হার ভারতবর্ষে প্রথম স্থান অর্জন করেছে।

আমরা যখন সরকারে আসি তখন MSME ক্লাস্টারগুলির সংখ্যা ছিল মাত্র ৫৪টি। এখন ৩ গুণ বেড়ে ক্লাস্টারগুলির সংখ্যা হয়েছে ১৬১টি। এই উন্নয়নের ফলে MSME-তেও বিপুল কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।

তাঁত শিল্পীদের সম্মান দিতে একটি অনন্য উইভারস আইডেনটিটি কার্ড চালু করে ৫,৩১,০৭৫ জন তাঁতিকে দেওয়া হয়েছে।

MSME সাফল্যের আরও বিস্তারিত বিবরণ চতুর্থ বিভাগে দেওয়া আছে। আপনারা জানেন ঋণের বোঝা সত্ত্বেও এই সাফল্যের কথা ভেবে একটি শায়েরী মনে পড়ে যাচ্ছে—

অনজাম কি ফিকর না কর
আগাজ কর কে দেখ্
ভিগে হুয়ে পরোঁ সে হি
পরয়াজ কর কে দেখ্।।

আমরা সরকারে আসার পর থেকে আমাদের প্রধান কৃতিত্বের আমি কিছু উদাহরণ দিয়েছি।

মাননীয় অধ্যক্ষের অনুমতি নিয়ে আমি প্রথমে Part 4-এ বিভাগ অনুযায়ী বরাদ্দের প্রস্তাব পেশ করতে চাই এবং তারপর সরাসরি Part 5-এ (Page No. 51) কর সংক্রান্ত প্রস্তাবে যেতে চাই।

৩.৩০ ২০১৫-১৬ সালের জন্য বাজেট বরাদ্দ

২০১৫-১৬ সালের জন্য বিভিন্ন দপ্তরের বরাদ্দ আমি আলাদা আলাদা ভাবে প্রস্তাব করছি :

১। **কৃষি (Agriculture)**
গতবারের ১,১৫৭.৭২ কোটির জায়গায় এবার ১৫০০ কোটি টাকা।

২। **খাদ্য ও সরবরাহ (Food & Supplies)**
গতবারের ১৭৫.২০ কোটির জায়গায় এবার ২০২.০০ কোটি টাকা।

৩। **খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যানপালন (Food Processing Industries & Horticulture)**
গতবারের ১২০.০০ কোটির জায়গায় এবার ১৩৮.০০ কোটি টাকা।

৪। **প্রাণীসম্পদ বিকাশ দপ্তর (Animal Resources Development)**
গতবারের ৩৫৬.৮৫ কোটির জায়গায় এবার ৪৫০.০০ কোটি টাকা।

৫। **মৎস্য দপ্তর (Fisheries)**
গতবারের ১৯৬.০০ কোটির জায়গায় এবার ২১৮.১০ কোটি টাকা।

৬। **পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন (Panchayat and Rural Development)**
গতবারের ৭,৪৬০.২২ কোটির জায়গায় এবার ৮,৫৮০.০০ কোটি টাকা।

৭। **সেচ ও জলপথ পরিবহন (Irrigation & Waterways)**
গতবারের ১,৮৭২.৪৯ কোটির জায়গায় এবার ২,০৪১.০০ কোটি টাকা।

৮। **বন (Forest)**
গতবারের ২৪৫.৬২ কোটির জায়গায় এবার ২৭১.৪১ কোটি টাকা।

৯। **জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন (Water Resources & Development)**
গতবারের ৪৬৬.৫২ কোটির জায়গায় এবার ৫২৮.০০ কোটি টাকা।

১০। **স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (Health & Family Welfare)**
গতবারের ২,২১১.০৬ কোটির জায়গায় এবার ২,৫৮৮.৯০ কোটি টাকা।

১১। **বিদ্যালয় শিক্ষা (School Education)**
গতবারের ৬,৮৮৪.৫০ কোটির জায়গায় এবার ৮,০৫৫.০০ কোটি টাকা।

১২। **উচ্চশিক্ষা (Higher Education)**

গতবারের ৩৪২.৯৫ কোটির জায়গায় এবার ৩৯১.০০ কোটি টাকা।

১৩। **কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ (Technical Education & Training)**

গতবারের ৫৪৯.০০ কোটির জায়গায় এবার ৬৪৭.০০ কোটি টাকা।

১৪। **নারী কল্যাণ এবং সমাজ কল্যাণ ও শিশু কল্যাণ (Women Development and Social Welfare & Child Development)**

নারী এবং সমাজ কল্যাণে গতবারের ৭৭০.৭৬ কোটির জায়গায় এবার ৮৬৩.৯৮ কোটি টাকা। শিশু কল্যাণে ২,৪২০.০০ কোটির জায়গায় এবার ২,৮০৯.৮৩ কোটি টাকা।

১৫। **শ্রম (Labour)**

গতবারের ২২০.০০ কোটির জায়গায় এবার ২৫০.০০ কোটি টাকা।

১৬। **ক্রীড়া ও যুবকল্যাণ (Sports & Youth Affairs)**

গতবারের ১৪২.০০ কোটির জায়গায় ক্রীড়া দপ্তরে এবারে ১৮০.৮০ কোটি টাকা এবং যুবকল্যাণ দপ্তরে গতবারের ১৩০.০০ কোটির জায়গায় ১৬০.০০ কোটি টাকা।

১৭। **তথ্য ও সংস্কৃতি (Information & Cultural Affairs)**

গতবারের ১৬৫.০০ কোটির জায়গায় এবার ২০০.০০ কোটি টাকা।

১৮। **স্বরাষ্ট্র (Home)**

গতবারের ২৪৭.৬৭ কোটির জায়গায় এবার ২৭৩.০০ কোটি টাকা।

১৯। **বিপর্যয় মোকাবিলা দপ্তর (Disaster Management)**

গতবারের ২৭.৫০ কোটির জায়গায় এবার ১১০.০০ কোটি টাকা।

২০। **অগ্নিসুরক্ষা ও জরুরি পরিষেবা বিভাগ (Fire & Emergency Services)**

গতবারের ৮৩.৭০ কোটির জায়গায় এবার ৯২.১০ কোটি টাকা।

২১। **জনস্বাস্থ্য কারিগরি (Public Health Engineering)**

গতবারের ১,৩৩৬.৩২ কোটির জায়গায় এবার ১,৪৭০.০০ কোটি টাকা।

২২। **পরিবহন (Transport)**

গতবারের ৪০০.০০ কোটির জায়গায় এবার ৪৫০.০০ কোটি টাকা।

২৩। **পূর্ত ও সড়ক পরিকাঠামো [Public Works & Public Works (Roads)]**

গতবারের ৭১৪.৪০ কোটির জায়গায় সড়ক পরিকাঠামো দপ্তরে ১,৪৮৪.৬০ কোটি টাকা এবং পূর্ত বিভাগে গতবারের ৬০২.০০ কোটির জায়গায় এবার ১,১৭৪.৫১ কোটি টাকা।

২৪। **ভূমি ও ভূমি সংস্কার (Land & Land Reforms)**

গতবারের ১০৫.০০ কোটির জায়গায় এবার ১১৫.৬০ কোটি টাকা।

২৫। **বিদ্যুৎ (Power)**

গতবারের ১,১৭৪.০০ কোটির জায়গায় এবার ১,২৯৫.০০ কোটি টাকা।

২৬। **নগরোন্নয়ন ও পৌর বিষয়ক (Urban Development & Municipal Affairs)**

নগরোন্নয়নে গতবারের ১,৫৮৫.০০ কোটির জায়গায় এবার ১,৮৯৫.০০ কোটি টাকা। মিউনিসিপ্যাল অ্যাফেয়ারস্ ২,২৫১.৫৯ কোটির জায়গায় এবার ২,৪৬৬.০০ কোটি টাকা।

২৭। **আবাসন (Housing)**

গতবারের ৭০০.০০ কোটির জায়গায় এবার ৭৮৮.০০ কোটি টাকা।

২৮। **সংখ্যালঘু বিষয়ক (Minority Affairs)**

গতবারের ১,৭৩৭.০০ কোটির জায়গায় এবার ২,০৩৩.০০ কোটি টাকা।

২৯। **অনগ্রসর শ্রেণী কল্যাণ (Backward Classes Welfare)**

গতবারের ৩৭৭.৬৬ কোটির জায়গায় এবার ৪৩৮.৫০ কোটি টাকা।

৩০। **স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি (Self Help Group & Self Employment)**

গতবারের ৩০৫.৩০ কোটির জায়গায় এবার ৪০০.০০ কোটি টাকা।

৩১। **উত্তরবঙ্গ উন্নয়ন (North Bengal Development)**

গতবারের ৩৭৫.০০ কোটির জায়গায় এবার ৪৫০.০০ কোটি টাকা।

৩২। **সুন্দরবন উন্নয়ন (Sundarban Development)**

গতবারের ৩০০.০০ কোটির জায়গায় এবার ৩৭০.০০ কোটি টাকা।

৩৩। **ক্ষুদ্র, ছোটো এবং মাঝারি উদ্যোগ ও বস্ত্র (Micro, Small and Medium Enterprises & Textiles)**

গতবারের ৫৩৬.২৮ কোটির জায়গায় এবার ৬১৮.০০ কোটি টাকা।

৩৪। **শিল্প ও বাণিজ্য (Commerce & Industries)**

গতবারের ৫৯৪.০০ কোটির জায়গায় এবার ৬৫৩.৫০ কোটি টাকা।

৩৫। **পর্যটন (Tourism)**

গতবারের ২২৩.০০ কোটির জায়গায় এবার ২৫৭.০০ কোটি টাকা।

৩৬। **তথ্যপ্রযুক্তি ও ইলেকট্রনিক্স (Information Technology & Electronics)**

গতবারের ১২৬.৭০ কোটির জায়গায় এবার ১৬৪.৫০ কোটি টাকা।

এবারে মাননীয় অধ্যক্ষ মহোদয়ের অনুমতি নিয়ে বিস্তারিত বিবরণ মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের পূর্ণাঙ্গ 'বাজেট বিবৃতি' ৩০ পাতার পরে সংযোজিত করা হল। যা আমি টেবল করেছি Section 4-এ, সেটা আপনাদের পড়ার জন্য রেখে, সোজা ৫১ নম্বর পাতায়— কর সংক্রান্ত আলোচনায় চলে যাচ্ছি।

৪। কৃষি অর্থনীতির উন্নতি সাধন

৪.১ কৃষি

স্যার, আমাদের জন্য ২০১৪ সালে খাদ্যশস্য উৎপাদন সর্বকালীন উচ্চসীমা অর্জন করেছে।

২০১৪-১৫ আর্থিক বছরে ১৭৬টি (ফেজ ১ ও ২) কৃষক বাজারের মধ্যে ৮৪টি কৃষকবাজার চালু হয়ে গেছে, ২০১৫-১৬ সালে বাকি কাজ সম্পূর্ণ করা হবে। মহকুমাভিত্তিক মার্কেট কমিটিকে জেলাভিত্তিক মার্কেট কমিটির সঙ্গে যুক্ত করা হয়েছে।

এখনও পর্যন্ত ৬৫ লক্ষ 'কিষাণ ক্রেডিট কার্ড' কৃষকদের মধ্যে বিতরণ করা হয়েছে। তাছাড়া ২৫০০ কোটি টাকার কৃষিঋণ চাষীদের প্রদান করা হয়েছে যেখানে আমাদের লক্ষ্যমাত্রা ছিল ২৩৯৯ কোটি টাকা। বিগত তিন বছর ধরে ধারাবাহিকভাবে আমাদের রাজ্য ভারত সরকারের কৃষিকর্মণ পুরস্কার লাভ করে চলেছে।

সম্প্রতি বর্ধমানে ও উত্তরবঙ্গে 'মাটি তীর্থ কৃষি কথা'র মাধ্যমে মাটির সক্রিয়তা অনুযায়ী শস্য বপনের তথ্য বিনিময়ের কেন্দ্র গড়ে তোলা হয়েছে।

সুন্দরবনের বিভিন্ন ব্লকে জেটি বাজার তৈরি করা হচ্ছে।

পিঁয়াজ উৎপাদক ব্লকগুলিতে 'আমার ফসল আমার গোলা' প্রকল্পের অধীনে ক্লাস্টার করে 'ওনিয়ন স্টোরেজ স্ট্রাকচার' তৈরির উদ্যোগ নেওয়া হবে। 'আমার ফসল আমার গাড়ি' প্রকল্পে ছোটো ও মাঝারি কৃষকদের ফসল বহন করার জন্য সাহায্য ২০১৫-১৬ সালে ধারাবাহিক ভাবে চলবে।

২০১৪-১৫ সালের বরাদ্দের ১,১৫৭.৭২ কোটি টাকার তুলনায় আমি এই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ১,৫০০.০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৪.২ খাদ্য ও সরবরাহ

স্যার, নতুন সরকার আসার সময় গুদামে শস্য মজুত রাখার ক্ষমতা ছিল মাত্র ৪০,০০০ মেট্রিক টন। আমরা ৫.৭৫৫ লাখ মেট্রিক টন শস্য মজুত রাখার মতো গুদাম তৈরির লক্ষ্যমাত্রা গ্রহণ করেছিলাম। এ বছর ৩৭০ কোটি টাকা ব্যয়ে ৩.৮০ লাখ মেট্রিক টন ক্ষমতাসম্পন্ন গুদাম তৈরির কাজ সম্পূর্ণ হয়েছে এবং বাকি কাজ ২০১৫-১৬ অর্থবর্ষেই শেষ হবে। রেশন কার্ডের ডিজিটাইজেশনের কাজ ৭.৮০ কোটি ছুঁয়েছে যা লক্ষ্যমাত্রার ৮২ শতাংশ। এই কাজ ২০১৫-১৬ অর্থবর্ষে শেষ হয়ে যাবে।

BPL তালিকাভুক্ত, জঙ্গলমহল, সিঙ্গুর, বন্ধ চা-বাগান, আয়লা আক্রান্ত সুন্দরবন এবং বীরভূম জেলার পিছিয়ে পড়া ৭টি ব্লকের মোট ৩.২ কোটি গরীব মানুষেরা ২ টাকা কেজি দরে ভর্তুকিযুক্ত চাল ও ৫ টাকা প্রতি ৭৫০ গ্রাম আটার প্যাকেট পেয়ে উপকৃত হয়ে চলেছেন।

রাজ্য সরকার বন্ধ থাকা চা-বাগানে খাদ্যশস্য পৌঁছনোর কাজ শুরু করেছে এবং ইতিমধ্যে ৬টি ফেয়ার প্রাইস শপ ৫টি চা-বাগানে চালু হয়েছে। ২৭টি বন্ধ চা-বাগানের এক লাখ কর্মী ও তাদের পরিবারের সদস্যরা ভর্তুকিমূল্যে খাদ্যশস্য পাচ্ছেন।

কৃষকদের থেকে সরাসরি খাদ্যশস্য কেনার বিকেন্দ্রিক শিবির রাজ্যে সর্বত্র ছড়িয়ে দেওয়া হয়েছে, ন্যূনতম ভর্তুকিমূল্যে খাদ্যশস্য সংগ্রহ ব্যবস্থায় ৪,৫৭,৮১৭ মেঃ টঃ খাদ্যশস্য সংগৃহীত হয়েছে।

১৭টি জেলার ৪৪১২ জন প্রচণ্ড অপুষ্টিতে ভোগা শিশুদের জন্য প্রতিমাসে মাথাপিছু ৯.৫ কেজি অতিরিক্ত খাদ্যশস্য দিয়ে তাদের পুষ্টির মাত্রাকে বাড়ানোর প্রকল্প আমরা হাতে নিয়েছি।

৫টি জেলায় খাদ্যভবন নির্মাণ এবং ২৭টি সাব-ডিভিশনাল ফুড অফিস এবং ৩৪১টি ব্লকে খাদ্য ও সরবরাহ দপ্তরের জন্য প্রয়োজনীয় ব্লক-লেভেল ইন্সপেক্টরের অফিস নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছে।

২০১৫-১৬ অর্থবর্ষে ন্যাশনাল ফুড সিকিউরিটি অ্যাক্ট, ২০১৩-র অধীনে ৬ কোটির বেশি মানুষকে খাদ্যশস্য বণ্টন করা হবে।

২০১৪-১৫ সালের বরাদ্দের ১৭৫.২০ কোটি টাকার তুলনায় আমি এই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ২০২.০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৪.৩ খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগ

২০১৪-১৫ সালে খাদ্য প্রক্রিয়াকরণ ইউনিট স্থাপন করা ও আধুনিকীকরণের জন্য ভর্তুকি হিসাবে ২১ জন শিল্পোদ্যোগীকে ১০.৩২ কোটি টাকার অর্থসাহায্য দেওয়া হয়েছিল। এখনও পর্যন্ত ৬৭টি নতুন সংস্থাকে 'মিশন অন ফুড প্রসেসিং' প্রকল্পে আর্থিক সাহায্য দেওয়া হয়েছে।

পুরনো চালকলগুলির আধুনিকীকরণের জন্য একটি সহায়ক প্যাকেজের ব্যবস্থা নেওয়া হয়েছে।

২০১৫-১৬ সালে উচ্চ মূল্যের সব্জি ও ফুলের উৎপাদন বাড়ানোর জন্য ২০০ ইউনিট পলিশেড নেট হাউস তৈরি করা হবে।

২০১৫-১৬ সালে রাজ্যের বিভিন্ন জেলায় জৈব সারের প্রয়োগ জনপ্রিয় করার জন্য ২৫০০টি স্থায়ী পলিথিনে তৈরি 'ভার্মিকম্পোস্টিং' ইউনিট স্থাপন করা হবে।

২০১৪-১৫ সালের বরাদ্দের ১২০.০০ কোটি টাকার তুলনায় আমি এই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ১৩৮.০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৪.৪ প্রাণী সম্পদ বিকাশ দপ্তর

সমস্ত ৩৪১টি ব্লকে গো-সম্পদ বিকাশ অভিযান ছড়িয়ে দেওয়া হয়েছে ও বিজ্ঞানভিত্তিক ব্যবস্থাপনার মাধ্যমে ৬ লক্ষ বকনা-বাছুর নিয়ে আসার মাত্রা নির্ধারিত হয়েছে। এর ফলে চতুর্থ বর্ষ ও তারপর থেকে প্রতি বছরে অতিরিক্ত ৯.৬ মেট্রিক টন দুধ উৎপাদিত হবে।

২০১৪-১৫ সালে, দারিদ্র্যসীমার নীচে থাকা মানুষদের বাড়তি আয় বৃদ্ধির জন্য ৪০ লক্ষ মুরগি ও হাঁস বিতরণ করা হয়েছে।

কলকাতায় মাদার ডেয়ারির রেফ্রিজারেশন প্ল্যান্টের আধুনিকীকরণ ও কলকাতার মাদার ডেয়ারির সাহায্যে বর্ধমানের স্টেট ডেয়ারির পুনরুজ্জীবনের কাজে হাত দেওয়া হয়েছে।

১৬টি জেলার ১০০টি নির্বাচিত ব্লকে, ভেড়া/ছাগলের সুষ্ঠুভাবে পালনের কাজ নেওয়া হয়েছে যাতে ৫০,০০০ মানুষ উপকৃত হয়েছেন। এর ফলে বছরে ১৮০০ মেট্রিক টন মাংস উৎপাদনের বৃদ্ধি হবে।

২০১৫-১৬ সালে জলপাইগুড়িতে পশু চিকিৎসা শিক্ষার একটি নতুন কলেজ স্থাপিত হবে।

২০১৪-১৫ সালের বরাদ্দের ৩৫৬.৮৫ কোটি টাকার তুলনায় আমি এই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ৪৫০.০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৪.৫ মৎস্য বিভাগ

বিল, বাঁওড়, বাঁধ এই সমস্ত জলাশয়গুলিতে মাছের উৎপাদন বৃদ্ধি করতে জলাশয়গুলির উপযুক্ত সংস্কার করা হচ্ছে।

'জল ধরো জল ভরো' প্রকল্পে খনন করা পুকুরে মাছ চাষের জন্য ১২,০০০ জন মৎস্যজীবীকে মাছের পোনা ও তার সুষম খাদ্য বিতরণ করা হয়েছে। মাছ চাষের উন্নতি

করার জন্য ১৭,০০০ মৎস্যচাষীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। আশা করা যায় যে রাজ্যে ২০১৫-১৬ সালের মৎস্য উৎপাদন ১৮ লক্ষ মেট্রিক টনে পৌঁছে লক্ষ্যমাত্রা ছুঁতে সাহায্য করবে। ৭.৫ কোটি টাকা ব্যয়ে শংকরপুর মৎস্য বন্দরের সংস্কার করা হয়েছে।

উপকূলবর্তী ধীবরদের ১.৩৬ লক্ষ পরিচয়পত্র এবং ১৫০০ ডিসট্রেস অ্যালার্ট ট্রান্সমিটার (DAT) বিতরণ করা হয়েছে। বিগত বছরে মৎস্যজীবীদের ১৩,০০০ গৃহ তৈরি এবং ১১,০০০ মৎস্যচাষ সরঞ্জাম বিতরণ করা হয়েছে।

মৎস্য চাষে বিনিয়োগকে উৎসাহিত করার জন্য একটি নতুন মৎস্যচাষ নীতি উন্মোচিত হয়েছে। প্রস্তাবিত ব্যয়ের ৩৭৭ কোটি টাকা ইতিমধ্যেই দেওয়া হয়েছে এবং ১২ জন উদ্যোগপতির সঙ্গে মৌ-স্বাক্ষরিত হয়েছে।

২০১৪-১৫ সালের বরাদ্দের ১৯৬.০০ কোটি টাকার তুলনায় আমি এই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ২১৮.০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৪.৬ পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন

যেখানে ২০১০-১১ সাল পর্যন্ত MGNREGA যোজনায় গড় শ্রমিক-দিবস ছিল বছরে মাত্র ১০ কোটি, ২০১৩-১৪ সালে আমরা ২৩.১৬ কোটি শ্রমিক দিবসের লক্ষ্যমাত্রা অর্জন করেছি ২০১৩-১৪ সালের মোট খরচ ছিল ৫৭৫৩.৩৯ কোটি টাকা, যা একটি রেকর্ড।

চলতি বছরেও (MGNREGA)-এর উন্নয়ন প্রথম ৯-মাসেই আশানুরূপভাবে বর্ধিত হয়েছে। যদিও পরে কেন্দ্রীয় সরকারের আর্থিক অসহযোগিতায় এই প্রকল্পের কাজের গতি শ্লথ হয়ে গেছে।

ইন্দিরা আবাস যোজনা (IAY) খাতে, বেশ কিছু বছর পরে সব জেলাগুলিতে ৯৩১.৯৬ কোটি টাকার লক্ষ্যমাত্রার পরিবর্তে ২৮০৫.৭২ কোটি টাকা প্রথম কিস্তি হিসাবে দেওয়া হয়েছে। ৩.৮৩ লক্ষেরও বেশি গৃহনির্মাণ মঞ্জুর হয়েছে এবং আরও এক লাখ গৃহনির্মাণ মঞ্জুর হবে।

২০১৪-১৫ সালে PMGSY-র খাতে এখনও পর্যন্ত ১,১৫১.১৪ কোটি টাকা খরচ হয়েছে এবং ১,৯৩০ কিমি রাস্তা তৈরি হয়েছে। বাকি ৩,৮৩৮ কিমি রাস্তা তৈরির কাজ পূর্ণ উদ্যমে এগিয়ে চলেছে।

২০১৩-১৪ সালে সর্বাধিক ১,৩৫৬টি বসতি অঞ্চলকে সড়কপথে সংযুক্ত করা হয়েছে। এই সাফল্য পেয়ে আমাদের রাজ্য দেশের মধ্যে শ্রেষ্ঠ হয়েছে।

২০১৫-১৬ সালের মধ্যে নদীয়া, উত্তর ২৪-পরগনা, পূর্ব মেদিনীপুর জেলায়, ২০১৬-১৭ সালের মধ্যে হুগলী ও বর্ধমান জেলায় এবং বাকি জেলাগুলিতে ২০১৯ সালের ২রা অক্টোবরের মধ্যে নির্মল বাংলা মিশন প্রকল্পের আওতায়, খোলা জায়গায় মলমূত্র ত্যাগ না করে শৌচাগার ব্যবহারে গ্রামগুলিকে পরিচ্ছন্ন রাখার উদ্যোগ নেওয়া হয়েছে।

২০১৪-১৫ সালের বরাদ্দের ৭,৪৬০.২২ কোটি টাকার তুলনায় আমি এই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ৮,৫৮০.০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৪.৭ সেচ ও জলপথ পরিবহণ

পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলার ঘাটাল অঞ্চলের বন্যা পরিস্থিতির উন্নতি করতে রাজ্য সরকার 'ঘাটাল মাস্টার প্ল্যান' রূপায়ণ করবে।

পূর্ব ও পশ্চিম মেদিনীপুরের কেলেঘাই-কপালেশ্বরী-বাঘাই নদীতে কাজ পুরোমাত্রায় চলছে।

অতর্কিত বন্যা পরিস্থিতি মোকাবিলা করার জন্য যাতে দ্রুত বন্যা-সংক্রান্ত খবরাখবর ছড়িয়ে দেওয়া যায় তার জন্য একটি 'রিয়েল টাইম ফ্লাড ফোরকাস্টিং সিস্টেম' চালু করা হচ্ছে।

২০১৪-১৫ সালের বরাদ্দের ১,৮৭২.৪৯ কোটি টাকার তুলনায় আমি এই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ২,০৪১.০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৪.৮ বন বিভাগ

২০১৪-১৫ সালে ৪০৬ কোটি টাকা ব্যয়ে জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সির সহায়তায় ওয়েস্ট বেঙ্গল ফরেস্ট অ্যান্ড বায়োডাইভার্সিটি কনজার্ভেশন প্রোজেক্ট গ্রহণ করা হয়েছিল।

এই প্রকল্পের অধীনে উত্তরবঙ্গে শিলিগুড়িতে 'নর্থ বেঙ্গল ওয়াইল্ড অ্যানিম্যাল পার্ক' এই নামে এবং সুন্দরবনের ঝড়খালিতে 'সুন্দরবন ওয়াইল্ড অ্যানিম্যাল পার্ক' নামে কাজ শুরু হয়েছে।

রাজারহাটের নিউ টাউনে "স্মৃতিবন" নামে একটি নতুন স্মৃতি উদ্যান নির্মিত হয়েছে। ঝাড়গ্রামের ইকো-ট্যুরিজম্ ডেভেলপমেন্ট প্রোজেক্টের কাজ সম্পূর্ণ হয়েছে।

ওয়েস্ট বেঙ্গল ফরেস্ট ডেভেলপমেন্ট কর্পোরেশনের অন্তর্গত ইকো-ট্যুরিজম্ কেন্দ্রগুলিতে অন-লাইন বুকিং-এর কাজ শুরু হয়েছে। আলিপুর চিড়িয়াখানায় নতুন স্বয়ংক্রিয় প্রবেশপথ এবং 'টাইগার এনক্লোজার অ্যান্ড এভিয়ারি' চালু হয়েছে।

২০১৪-১৫ সালের বরাদ্দের ২৪৫.৬২ কোটি টাকার তুলনায় আমি এই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ২৭১.৪১ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৪.৯ জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগ

২০১৪-১৫ সালে প্রায় ৫৭,০০০ হেক্টর ও অতিরিক্ত 'কালচারেবল্ কমান্ড এরিয়া' (CCA) প্রায় ৫,০০০ হেক্টর জমিতে সেচের সম্ভাবনা তৈরি হবে আশা করা যাচ্ছে। ২০১৫-১৬ সালে আরও ৬২,০০০ হেক্টর জমিতে সেচের সম্ভাবনা তৈরি হবে এবং ৫,৫০০ হেক্টর অতিরিক্ত 'কালচারেবল কমান্ড এরিয়া'র (CCA) উন্নতিসাধন হবে।

পশ্চিমবঙ্গে বিশ্ব ব্যাঙ্কের প্রকল্প, 'ওয়েস্ট বেঙ্গল অ্যাকসিলারেটেড ডেভেলপমেন্ট অফ মাইনর ইরিগেশন প্রোজেক্ট' (WBADMIP) পুরোদমে চলছে। ১,৩৮০ কোটি টাকা ব্যয়ে এই প্রকল্প প্রায় ১.৩৯ লক্ষ হেক্টর অতিরিক্ত সেচ এলাকা তৈরি করবে।

বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া ও পশ্চিম মেদিনীপুরের শুষ্ক জেলাগুলিতে ২০১৪-১৫ সালে সেচ এলাকা বাড়ানোর জন্য 'জলতীর্থ' নামে একটি বিশেষ কর্মসূচি নেওয়া হয়েছিল। বর্তমান আর্থিক বছরে ১৪,০০০ হেক্টর অতিরিক্ত সেচ সম্ভাবনা এবং ১,০০০ হেক্টর 'কালচারেবল কমান্ড এরিয়া' (CCA) তৈরি হবে আশা করা যাচ্ছে। ২০১৫-১৬ সালে আরও ১৫,০০০ হেক্টর ক্ষুদ্র সেচ সম্ভাবনা তৈরি হবে ও ১,৫০০ হেক্টর 'কালচারেবল কমান্ড এরিয়া'র (CCA) উন্নতিসাধন হবে।

'জল ধরো জল ভরো' প্রকল্পে ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত ৮১৭টি পুকুর খনন ও ৭,৩১৯টি জল সংরক্ষণ ও জল দ্বারা চাষের সংস্থান তৈরি হয়েছে। এখনও পর্যন্ত 'জল ধরো জল ভরো' নামে বৃষ্টির জলকে চাষের কাজে লাগানোর প্রকল্পে, ১,১৮,১৬৪টি জলাশয় তৈরি হয়েছে। জলাশয় খনন, পুনঃ খনন ও জলাশয় তৈরির ৩০০০টি প্রকল্পের কাজ ২০১৫-১৬ সালে শুরু হবে।

২০১৪-১৫ সালের বরাদ্দের ৪৬৬.৫২ কোটি টাকার তুলনায় আমি এই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ৫২৮.০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

সামাজিক পরিকাঠামো

৪.১০ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ

আমাদের উদ্যোগের ফলে প্রসূতি মৃত্যুর হার ১৪৫ (২০০৭-০৯) থেকে কমে ১১৭ (২০১২) হয়েছে এবং শিশু-মৃত্যুর হারও ৩২ (২০১২) থেকে কমে দাঁড়িয়েছে ৩১ (২০১৩)।

মে, ২০১১ পর্যন্ত 'সিক নিউবর্ন কেয়ার ইউনিট' (SNCU) চালু ছিল মাত্র ৬টি, সেখান থেকে অক্টোবর ২০১৪ পর্যন্ত চালু হয়েছে ৪৩টি এবং আরও ১৬টি স্থাপিত হতে চলেছে। ২৮৫টি 'সিক নিউবর্ন স্টেবিলাইজেশন ইউনিট' (SNSU) চালু হয়ে গেছে এবং এরকম আরও ২৩টি চালু হতে চলেছে। সমস্ত ৫৬১ চালু ইউনিটে এখন 'নিউ বর্ন কেয়ার কর্নারস্' (NBCC) আছে এবং ১০০টি NBCC ধাপে ধাপে স্থাপিত করা হবে। ২৫টি নবজাতকের পরিচর্যা কেন্দ্র ২০১৪-১৫ সালে চালু হয়ে যাবে এবং নয়টি মেডিকেল কলেজে 'নিওনেটাল ইনটেনসিভ কেয়ার ইউনিট' (NICU) ও দশটি মেডিকেল কলেজে 'পেডিয়াট্রিক ইনটেনসিভ কেয়ার ইউনিট' (PICU) কাজ করে যাচ্ছে। মেডিকেল কলেজ হাসপাতালে পেডিয়াট্রিক নেফ্রোলজি ইউনিট তৈরি করা হচ্ছে এবং চারটি মেডিকেল কলেজে পেডিয়াট্রিক কার্ডিওলজি স্থাপন করা হচ্ছে।

২০১৪-১৫ সালে প্রসূতিদের জটিলতা নিয়ন্ত্রণ করার জন্য ১৪০টি 'কমপ্রিহেনসিভ এমার্জেন্সি অবস্ট্রেটিক কেয়ার' (CEmOC) এবং ৫৩১টি 'বেসিক এমার্জেন্সি অবস্ট্রেটিক কেয়ার' (BEmOC) সুবিধা চালু হয়ে যাবে।

প্রস্তাবিত ১২টি 'মাদার অ্যান্ড চাইল্ড হাব' (MCH)-এর মধ্যে ৭টির সিভিল কাজ ২০১৪-১৫-এর মধ্যে শেষ হয়ে যাবে এবং বাকি ৫টি ২০১৫-১৬-তে সমাপ্ত হবে।

৪০টি সুপার স্পেশালিটি হাসপাতাল ২০১৫-১৬-এর মধ্যেই শেষ হয়ে যাবে বলে আশা করা যাচ্ছে।

রাজ্যের প্রস্তাবিত ৪১টি 'ক্রিটিকাল কেয়ার ইউনিট' (CCU)-এর মধ্যে, ২০টিতে কাজ শুরু হয়ে গেছে ও অবশিষ্ট ২১টি আগামী ২০১৫-১৬-এর মধ্যে কাজ শুরু করবে। ৫টি 'ট্রমা কেয়ার ইউনিট' (TCU)-এর নির্মাণকার্য সমাপ্ত হয়েছে এবং ৮টি TCU ও ৯টি 'বার্ন ইউনিট' (যার মধ্যে ৩টি মেডিকেল কলেজে ও ৬টি জেলা হাসপাতালে) নির্মাণকার্য শুরু হবে।

৯৫টি ন্যায্য মূল্যের ওষুধের দোকান চালু আছে ও আরও ২১টি খুব শীঘ্র চালু হয়ে যাবে। ২০১৪-১৫ সালে ৫৪৪ কোটি টাকা বিক্রয়মূল্যের ওষুধে রোগীরা ৩৬৪ কোটি টাকা ছাড় পেয়েছেন।

PPP-তে সরকারি হাসপাতালে ন্যায্য মূল্যের রোগনির্মাণ কেন্দ্র ও ডায়ালিসিস পরিষেবা ইতিমধ্যেই ২২টি হাসপাতালে চালু হয়ে গেছে ও অন্যান্য ২৬টি হাসপাতালে ২০১৫-এর আগস্টের মধ্যেই চালু হয়ে যাবে।

ওষুধ ও সরঞ্জামের জন্য বরাদ্দ ২০১০-১১ সালের ৮০ কোটি টাকা থেকে বাড়িয়ে বর্তমানে ৪০৩ কোটি টাকা করা হয়েছে। মাধ্যমিক স্তরের হাসপাতালগুলিতে সব ধরনের পরীক্ষা, ওষুধ ও বেড চার্জ মকুব করা হয়েছে।

বিশেষজ্ঞ চিকিৎসকের অভাব মেটাতে ৬টি জেলা হাসপাতালে অতিরিক্ত ৬০টি আসনবিশিষ্ট DNB (Diploma of National Board) কোর্স খোলা হয়েছে। আরও ৪টি জেলা হাসপাতালে DNB কোর্স খোলার পরিকল্পনা করা হয়েছে। ২০১১ সালের বেডের সংখ্যা ৫০,৩৮০ থেকে এখন পর্যন্ত বেড়ে ৭৪,৫০৭ হয়েছে। ১৮০টি শয্যাবিহীন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে ১০ শয্যাবিশিষ্ট প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে উন্নীত করা হয়েছে। ১৪৪টি ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে গ্রামীণ হাসপাতালে উন্নীত করা হয়েছে। ৮টি নতুন স্বাস্থ্যজেলা ও ৮টি নতুন জেলা হাসপাতাল তৈরি করা হয়েছে।

২০১৪-১৫ সালের বরাদ্দের ২,২১১.০৬ কোটি টাকার তুলনায় আমি এই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ২,৫৮৮.৯০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৪.১১ বিদ্যালয় শিক্ষা বিভাগ

২০১৪-১৫ সালে ১৫৫টি নতুন প্রাথমিক বিদ্যালয় ও ৩৫০টি নতুন উচ্চ প্রাথমিক বিদ্যালয় নির্মিত হয়েছে। ৫৮৪টি নতুন প্রাথমিক বিদ্যালয় ও ১,৩১৯টি নতুন উচ্চ প্রাথমিক বিদ্যালয় নির্মাণের কাজ চলছে। ২০৬টি উচ্চ বিদ্যালয়কে উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করা হয়েছে এবং ১০৪ জুনিয়ার উচ্চ বিদ্যালয়কে উচ্চ বিদ্যালয়ে উন্নীত করা হয়েছে।

১১,৪৩০টি বিদ্যালয়ে দুটি করে অতিরিক্ত শ্রেণীকক্ষ নির্মাণ করা হয়েছে। অন্য ১৪,১৭৫টি বিদ্যালয়ে অতিরিক্ত শ্রেণীকক্ষ নির্মাণের কাজ চলছে। পরবর্তী শিক্ষাবর্ষে ৪৪টি মডেল স্কুলে ক্লাশ শুরু হয়ে যাবে।

৩৩,৬২৮টি প্রাথমিক বিদ্যালয়ে বৈদ্যুতিক সংযোগ দেওয়া হচ্ছে।

প্রাথমিক বিদ্যালয়ের ৯৯.৩৬% ছাত্র-ছাত্রী (৭৭,৭৬,১৩৩) ও উচ্চ প্রাথমিক বিদ্যালয়ের ৯৮.১৮% ছাত্র-ছাত্রীকে (৪৬,৯০,৪৬৩) 'মিড ডে মিলের' আওতায় আনা হয়েছে।

প্রাথমিক ও উচ্চ বিদ্যালয়ে 'নির্মল বিদ্যালয় অভিযান' প্রকল্প চালু করা হয়েছে এবং এখনও পর্যন্ত ৯৮% এরও বেশি বিদ্যালয়ে শৌচালয় নির্মাণ করা হয়েছে।

জঙ্গলমহলে প্রাথমিক বিদ্যালয়ে সাঁওতালি মাধ্যমে পাঠদানের জন্য ১,১৫১ জন প্যারা-টিচার নিয়োগ করা হয়েছে।

১১টি পশ্চাৎপদ জেলায় ১০৫টি ছাত্রী হোস্টেল, ৪০১টি হোস্টেল-সহ সংযুক্ত স্কুল গৃহ ও ১১টি PTTI (প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্র) নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছে। ৭১টি ৫০ শয্যাবিশিষ্ট ছাত্রী হোস্টেল ও ৪টি নতুন স্কুল গৃহ শেষ হয়েছে।

২১৮টি নতুন প্রাথমিক ও ৩৭৩টি উচ্চ প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদন দেওয়া হয়েছে ও নির্মাণ কাজ শুরু হয়েছে।

বাঁকুড়া, পুরুলিয়া ও পশ্চিম মেদিনীপুর জেলাগুলিতে ২৫,৩০৯টি বাইসাইকেল ছাত্রীদের মধ্যে বিতরণ করা হয়েছে।

২০১৪-১৫ সালের বরাদ্দের ৬,৮৮৪.৫০ কোটি টাকার তুলনায় আমি এই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ৮,০৫৫.০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৪.১২ উচ্চ শিক্ষা বিভাগ

নতুন কোচবিহারে পঞ্চানন বর্মা ইউনিভার্সিটি, আসানসোলে কাজী নজরুল ইউনিভার্সিটি এবং ডায়মন্ডহারবার উইমেন্স ইউনিভার্সিটি ও বাঁকুড়া ইউনিভার্সিটি যথাক্রমে ২০১৩-১৪ এবং ২০১৪-১৫ সালে চালু হয়েছে। রাজ্যের সাহায্যপ্রাপ্ত আরও ২টি নতুন বিশ্ববিদ্যালয়, 'ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি ফর টিচার ট্রেনিং এডুকেশন, প্ল্যানিং অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন' এবং রায়গঞ্জ ইউনিভার্সিটি আগামী শিক্ষাবর্ষ থেকে চালু হয়ে যাবে। এই দুটি চালু হলে রাজ্যের সাহায্যপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়ের সংখ্যা হবে ৬।

বেসরকারি বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য রাজ্য সরকার উৎসাহ দিচ্ছে। উচ্চ চব্বিশ পরগনায় 'টেক্‌নো ইন্ডিয়া ইউনিভার্সিটি' ও বীরভূমে 'সিকম স্কিলস ইউনিভার্সিটি' ইতিমধ্যেই ক্লাস শুরু করে দিয়েছে এবং আরও ৫টি নতুন বেসরকারি বিশ্ববিদ্যালয়কে রাজ্য সরকার অনুমোদন দিয়েছে, সেগুলি হল, নেওটিয়া ইউনিভার্সিটি, জে.আই.এস. ইউনিভার্সিটি,

দ্য ইউনিভার্সিটি অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, উত্তর ২৪-পরগনায় অ্যাডামাস ইউনিভার্সিটি এবং অ্যামিটি ইউনিভার্সিটি। তারা আগামী ২০১৫-১৬ শিক্ষাবর্ষ থেকে ক্লাস শুরু করবে।

এই রাজ্যে ৪৫টি নতুন কলেজ তৈরি হতে চলেছে। শালবনী, লালগড়, নয়াগ্রাম ও জঙ্গলমহলের ঝাড়গ্রামে নতুন সরকারি ডিগ্রি কলেজ, জলপাইগুড়ির বানারহাটে রাজ্যের প্রথম হিন্দি মাধ্যম কলেজ এবং নিউ টাউন, সিঙ্গুর ও গাইঘাটায় নতুন সরকারি কলেজ ইতিমধ্যেই চালু হয়ে গেছে। বঞ্চিত ও অবহেলিত এলাকায় আরও ১৫টি সরকারি ডিগ্রি কলেজ ২০১৫ সালের আগস্ট থেকে কাজ শুরু করবে। কোচবিহার ও পুরুলিয়ায় নতুন দুটি সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ নির্মাণের কাজ চলছে।

এই সমস্ত উদ্যোগের জন্য রাজ্য সরকার GROSS ENROLMENT RATIO (GER)-২০১১-১২ সালে যেখানে ১২.৮০ ছিল, সেখানে চলতি বছরে ১৭.৬০-এ নিয়ে যেতে পেরেছে।

এই সমস্ত নতুন স্থাপিত কলেজ ও ইউনিভার্সিটির কাজ সুচারুভাবে সম্পন্ন করার জন্য শিক্ষক ও অশিক্ষক শ্রেণিতে বিশাল সংখ্যক পদ সৃষ্টি করা হয়েছে।

অন্যতম স্মরণীয় কৃতিত্ব হল, ২০১৩ সালে ওয়েস্ট বেঙ্গল স্টেট হায়ার এডুকেশনাল ইনস্টিটিউশন (রিজার্ভেশন অ্যান্ড অ্যাডমিশন) অনুসারে উচ্চতর শিক্ষায় অন্যান্য অনগ্রসর শ্রেণি (ওবিসি) ছাত্র-ছাত্রীদের জন্য সংরক্ষণ চালু করা। ২০১৪-১৫ শিক্ষাবর্ষে ওবিসি-র 'এ' ও 'বি' শ্রেণিতে ৫৯,৬১২ জন ছাত্র-ছাত্রী ভর্তি হয়েছে, মোট হিসাবে যা ভর্তি হওয়া ছাত্র সংখ্যায় ১০.৬০%।

২০১৪-১৫ সালের বরাদ্দের ৩৪২.৯৫ কোটি টাকার তুলনায় আমি এই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ৩৯১.০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৪.১৩ বৃত্তিমূলক দক্ষতা

যুবকদের মধ্যে বৃত্তিমূলক দক্ষতা বৃদ্ধি করে চাকরির সুযোগ সৃষ্টি করার জন্য সরকার সিদ্ধান্ত নিয়েছে প্রতি ব্লকে একটি আই.টি.আই. এবং প্রতিটি সাব-ডিভিশনে একটি পলিটেকনিক স্থাপন করার।

এই সরকার তিন বছরের মধ্যে ৪৩টি নতুন আই.টি.আই. চালু করেছে এবং ৯২টি নতুন আই.টি.আই. এ বছর চালু হবে।

বেসরকারী ক্ষেত্রকে বৃত্তিমূলক প্রশিক্ষণে যুক্ত করার ক্ষেত্রে পি.পি.পি. মডেলে ১,০০০ ITI National Skill Development Corporation-এর সাথে যৌথভাবে স্থাপন করার পরিকল্পনা করা হয়েছে।

৩৪টি পলিটেকনিক ইতিমধ্যে স্থাপন করা হয়েছে এবং ৩২টি নির্মাণাধীন।

রাজ্য সরকার FICCI, BCCI ইত্যাদি অ্যাপেক্স চেম্বার এবং Raymonds, Samsung ইত্যাদি বিখ্যাত শিল্প প্রতিষ্ঠানের সাথে দক্ষতা বৃদ্ধির জন্য কাজ করছে।

এই প্রথম পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় সরকারের ভারতীয় দক্ষতার প্রতিযোগিতায় ২০১৩ এবং ২০১৪ সালে দু-বছর পর পর সর্বোচ্চ পুরস্কার পেয়েছে।

২০১৪-১৫ সালের বরাদ্দ ৫৪৯ কোটি টাকার জায়গায় আগামী আর্থিক বছরে বরাদ্দ আমি ৬৪৭ কোটি টাকা করার প্রস্তাব করছি।

৪.১৪ নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ

"প্রিভেনশান অফ লো চাইল্ড সেক্স রেশিও" এই বিষয়কে ভিত্তি করে একটি পাইলট প্রোজেক্ট পূর্ণ শক্তি নিয়ে চালু হয়েছে।

বয়ঃসন্ধির মেয়েদেরকে ক্ষমতা প্রদানের জন্যে 'সবলা' প্রকল্পে ১২.৫ লক্ষ মেয়েকে অন্তর্ভুক্ত করা হয়েছে।

সম্পূরক পুষ্টি প্রক্রিয়ায় এখন সকালবেলার জলখাবার ও রান্না করা খাবার দেওয়া হচ্ছে। ভয়ঙ্কর অপুষ্টিতে রুগ্ণ শিশুদের জন্য গম থেকে তৈরি পুষ্টি-সমৃদ্ধ পৌষ্টিক লাড্ডু বা পৌষ্টিক আহার চালু করা হয়েছে।

মে, ২০১১ থেকে রাজ্য জুড়ে ১৪,৫০০ অঙ্গনওয়াড়ি কেন্দ্র স্থাপিত হয়েছে। বর্তমানে অঙ্গনওয়াড়ি কেন্দ্রের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩৫,৯২৬।

আমাদের সরকারই প্রথম বিশদ স্টেট প্ল্যান অফ অ্যাকশন ফর চিল্ড্রেন ২০১৪-১৮ (SPAC)-এর রূপরেখা তৈরি করেছে।

২০১৪-এর ১৪ আগস্ট তারিখে রাজ্য জুড়ে কন্যাশ্রী দিবস উদ্‌যাপিত হয়েছে। এই প্রকল্পটি পুরোপুরি ইনফর্মেশন টেকনোলজি (আই.টি.) কেন্দ্রিক এবং ওয়েব পোর্টাল wbkanyashree.gov.in তৈরি করা হয়েছে। আজ পর্যন্ত, ২২ লাখ জন এই প্রকল্পে নাম নথিভুক্ত করেছে এবং ২০ লক্ষ জন সুবিধাপ্রাপ্তদের আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। ২০১৪ সালের জুলাই মাসে লন্ডনে অনুষ্ঠিত গার্লস্ সামিট-এ কন্যাশ্রী অন্যতম শ্রেষ্ঠ প্রকল্প হিসাবে প্রশংসিত হয়েছে এবং মন্থন সাউথ এশিয়া ও এশিয়া প্যাসিফিক অ্যাওয়ার্ডে ই-গভর্নেন্সে প্রথম পুরস্কার পেয়েছে। সম্প্রতি নাগরিক-কেন্দ্রিক প্রশাসনে অসাধারণ কৃতিত্বের শ্রেণিতে কন্যাশ্রীকে জাতীয় ই-গভর্নেন্স পুরস্কার প্রদান করা হয়েছে।

২০১৪-১৫ সালের বরাদ্দের ৭৭০.৭৬ এবং ২,৪২০ কোটি টাকার তুলনায় আমি এই দুটি বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ৮৬৩.৯৮ কোটি এবং ২,৮০৯.৮৩ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৪.১৫ শ্রম দপ্তর

আমাদের রাজ্যে ১.৫ কোটি অসংগঠিত শ্রমিক আছেন যারা বিভিন্ন সোসাল সিকিউরিটি স্কীমে সহায়তা পান। অসংগঠিত শ্রমিক ভবিষ্যনিধি (SASPFUW) প্রকল্পে

নথিভুক্ত সুবিধাভোগী শ্রমিকের সংখ্যা এ বছর ৫০ লাখ ছাড়িয়ে গেছে। এই প্রকল্পে ইতিমধ্যেই ১৮৭.৫০ কোটি টাকা ব্যয় হয়ে গেছে। ২০১৫-১৬-তে সমস্ত অসংগঠিত শ্রমিককে 'সামাজিক মুক্তি কার্ড' প্রদান করার চেষ্টা করা হবে।

পয়লা এপ্রিল, ২০১৪ থেকে অন-লাইনে কারখানা নথিভুক্তির কাজ শুরু হয়ে গেছে। (GRIPS) 'গ্রিপস্ পোর্টাল'-এ সরাসরি 'কারখানা লাইসেন্স ফি' জমা দেওয়ার কাজ চালু হয়ে গেছে।

শ্রম দপ্তরের অধীনে শিলিগুড়ি ও আসানসোলে যথাক্রমে ৭.৩২ কোটি ও ৮.৩০ কোটি টাকা ব্যয়ে আঞ্চলিক অফিস তৈরির কাজ শুরু হয়েছে।

দশ লক্ষ পরিবহন কর্মীদের সুবিধা দেওয়ার উদ্দেশ্যে 'ওয়েস্ট বেঙ্গল ট্রান্সপোর্ট ওয়ার্কার্স স্কিম—২০১০' চালু হয়েছিল।

১,০০,০০০ চাকুরীপ্রার্থীকে 'যুবশ্রী' প্রকল্পে মাসে ১,৫০০ টাকা আর্থিক সাহায্য দেওয়া হচ্ছে।

নথিভুক্ত চাকুরিপ্রার্থীদের 'উদীয়মান স্বনির্ভর কর্মসংস্থান' (USKP) প্রকল্পের অধীনে ঋণ ও ভর্তুকি দেওয়ার ব্যবস্থা করা হয়েছে এবং ২০১৫-১৬ সালেই এরূপ ২,০০০টি প্রকল্পের কাজ অনুমোদন করা হবে।

২০১৪ সালের অক্টোবর মাস পর্যন্ত ১৭ লক্ষেরও বেশি চাকুরিপ্রার্থী ও ৩০৫ জন নিয়োগকারী তাদের যাবতীয় তথ্য নথিভুক্ত করেছেন।

শ্রম দপ্তর একটি 'ওয়েব পোর্টাল' চালু করতে যাচ্ছে যার মাধ্যমে শ্রম আইনের অন্তর্গত বিভিন্ন রিপোর্ট ও রিটার্ন অন-লাইনে জমা করা যাবে। 'শপ্স অ্যান্ড এস্টাবলিশমেন্ট অ্যাক্ট'-এর অধীনে রেজিস্ট্রেশন ও রিনিউয়ালের কাজও ই-ওয়েব পোর্টালের মাধ্যমে করা যাবে।

২০১৪-১৫ সালের বরাদ্দের ২২০.০০ কোটি টাকার তুলনায় আমি এই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ২৫০.০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৪.১৬ ক্রীড়া ও যুব কল্যাণ বিভাগ

শালবনীতে নতুন স্টেডিয়াম ও ঝাড়গ্রামে নয়াগ্রাম স্পোর্টস অ্যাকাডেমি নির্মাণের কাজ বর্তমান আর্থিক বর্ষেই শেষ হবে। পুরুলিয়ায় একটি নতুন ইন্ডোর স্টেডিয়াম ও বাঁকুড়ায় স্পোর্টস কমপ্লেক্স ২০১৫ সালের জুন মাসের মধ্যেই শেষ হয়ে যাবে। ইতিমধ্যে রাজ্যে একটি আবাসিক ফুটবল অ্যাকাডেমি চালু হয়েছে। ২০১৫-১৬ সালে ঝাড়গ্রামে একটি নতুন তিরন্দাজি শিক্ষাকেন্দ্র খোলা হবে।

বিভিন্ন স্টেডিয়াম ২১,০০০ নতুন আসন সংযোজিত হয়েছে এবং আরও ১২,৫০০ আসন সংযোজিত হচ্ছে। যুবভারতী ক্রীড়াঙ্গনে দর্শকদের স্বাচ্ছন্দ্য বৃদ্ধির উদ্দেশ্যে প্রায়

২৫,০০০ আসন বসানো হয়েছে। বিবেকানন্দ যুবভারতী ক্রীড়াঙ্গন ও নেতাজি ইন্ডোর স্টেডিয়ামের সংস্কার ও উন্নতিকরণের কাজ ২০১৫-১৬ সালে শেষ হবে।

৭,০০০ ক্লাবকে খেলাধুলার সরঞ্জাম কেনা ও কোচিং ক্যাম্প চালানোর জন্য অর্থ সাহায্য করা হয়েছে।

সবচেয়ে পিছিয়ে পড়া জেলাগুলি পশ্চিম মেদিনীপুর, বীরভূম ও পুরুলিয়াতে প্রায় ৯০টি কমিউনিটি হল তথা রিক্রিয়েশন সেন্টারের পাশাপাশি বিভিন্ন ক্লাব ও স্কুলে ১,৫০০ মাল্টি-জিম অনুমোদিত হয়েছে।

পরবর্তী আর্থিক বর্ষে হুগলী জেলায় ও উত্তর দিনাজপুরের ইসলামপুরে নতুন স্টেডিয়াম এবং দক্ষিণ ২৪-পরগনার ক্যানিং ও বারুইপুরে সুইমিং পুল নির্মাণ করা হবে।

সমস্ত বিদ্যমান ইউথ হোস্টেলগুলির সংস্কার সাধন করা হয়েছে এবং আরও ১৮টি স্থানে নতুন ইউথ হোস্টেল নির্মাণ করা হচ্ছে।

'রাধানাথ শিকদার-তেনজিং নোরগে' পুরস্কারের পাশাপাশি ব্যতিক্রমী মহিলা পর্বত অভিযাত্রীদের জন্য এই বছর থেকে চালু করা হচ্ছে একটি নতুন পুরস্কার, যার নাম 'ছন্দা গায়েন সাহসিকতা পুরস্কার'।

২০১৪-১৫ সালের বরাদ্দের ১৪২ কোটি এবং ১৩০ কোটি টাকার তুলনায় আমি এই দুই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ১৮০.৮০ কোটি এবং ১৬০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৪.১৭ তথ্য ও সংস্কৃতি বিভাগ

২০১৪-১৫ আর্থিক বছরেই তথ্য ও সংস্কৃতি ক্ষেত্রের ১১টি বৃহৎ সারাই, পুনর্নির্মাণ ও নতুন নির্মাণের কাজ হয় শেষ হয়েছে নতুবা শেষ হতে চলেছে।

'লোক প্রসার প্রকল্প' নামে একটি নতুন প্রকল্প হাতে নেওয়া হয়েছে যার মাধ্যমে ৩০,০০০ ফোক আর্টিস্টকে আর্থিক সহায়তা প্রদান করা হবে।

৫,০০০ জন চলচ্চিত্র ও টেলিভিশনের অভিনেতা ও কলাকুশলী 'মেডিক্যাল বেনিফিট স্কীমের দ্বারা উপকৃত হয়েছেন।

শিল্প ও সংস্কৃতি ক্ষেত্রের বিশিষ্ট জনেরা বিভিন্ন অ্যাকাডেমিতে বঙ্গবিভূষণ, বঙ্গভূষণ, রবীন্দ্রস্মৃতি পুরস্কার, নজরুল স্মৃতি পুরস্কার, দীনবন্ধু পুরস্কার, জ্ঞানপ্রকাশ পুরস্কার ইত্যাদিতে ভূষিত হয়েছেন।

এছাড়াও ডান্স ড্রামা ফেস্টিভ্যাল, মাটি উৎসব, নাট্যমেলা, বাংলা সংগীত মেলা চিলড্রেনস ফিল্ম ফেস্টিভ্যাল, টেলি অ্যাওয়ার্ড, পশ্চিমবঙ্গ চারুকলা উৎসব ইত্যাদি মর্যাদার সঙ্গে পালিত হয়েছে। ২০১৪-এর নভেম্বর মাসে ২০তম কলকাতা ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভ্যাল অনুষ্ঠিত হয়েছে।

আমাদের সরকার জনপ্রিয় বাংলা চলচ্চিত্রগুলির ডিজিটাইজেশন ও পুরনো রূপে ফিরিয়ে আনার কাজ হাতে নিয়েছে।

আগামী অর্থবর্ষে বিভিন্ন জেলায় ছড়িয়ে থাকা রবীন্দ্রভবনগুলির সংস্কার ও পুনর্নির্মাণের কাজে হাত দেওয়া হবে। দক্ষিণ ২৪-পরগনার বারুইপুর এবং জলপাইগুড়ির ডাবগ্রামে 'ইন্টিগ্রেটেড ফিল্ম সিটি' তৈরির কাজ ২০১৫-১৬ আর্থিক বছরেই শুরু হবে।

২০১৪-১৫ সালের বরাদ্দের ১৬৫.০০ কোটি টাকার তুলনায় আমি এই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ২০০.০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৪.১৮ স্বরাষ্ট্র দপ্তর

৫৭টি নতুন থানা, তার মধ্যে ২০টি মহিলা থানা, ১৪টি উপকূলবর্তী থানা এবং পাঁচটি সাইবার ক্রাইম পুলিশ স্টেশন তৈরি হয়েছে। ১০টি সুরক্ষিত পুলিশ স্টেশন বাড়ি নির্মাণের কাজ শেষ হয়েছে। আরও ৪টি এইরূপ নির্মাণ এই বছরেই শেষ হবে বলে আশা করা যায়।

"ইনটেলিজেন্স সারভাইলেন্স সিস্টেম"-এর অধীনে কলকাতার ২১৮টি গুরুত্বপূর্ণ রাস্তার মোড়ে ৬২৪টি CCTV ক্যামেরা বসানো হয়েছে। ৭১.৯৯ কোটি টাকা ব্যয়ে একটি "কলকাতা পুলিশ ট্রেনিং অ্যাকাডেমি" নির্মাণের কাজ পুরোদস্তুর শুরু হয়েছে।

কলকাতা পুলিশে আর্মস অ্যাক্টের অধীনে ওয়েব বেসড অথেনটিকেশন্ চালু করেছে। এছাড়াও ইন্টারসেপশন্ সিস্টেমে, মোবাইল VMS বোর্ড ইত্যাদি চালু করেছে।

রাজ্য পুলিশের কর্মীবর্গের জন্য 'প্রত্যাশা' নামে একটি আবাসন প্রকল্প গড়ে তোলা হয়েছে। এই কর্মসূচি রূপায়ণে সরকার বিনামূল্যে জমি দেবে। ৪৮,০০০ থেকে ৫৮,০০০ পুলিশকর্মীকে মেডিকেল ইনসিওরেন্স স্কিম-এর আওতায় আনা হয়েছে।

স্টেট ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরির আধুনিকীকরণ করা হচ্ছে।

দীর্ঘদিন জমে থাকা কেসগুলির দ্রুত নিষ্পত্তি করে ফেব্রুয়ারি, ২০১৫ মধ্যে সেই সংখ্যা ৭,০০০-এ নামিয়ে আনা হয়েছে। উল্লেখ্য এর মধ্যে ২,৮০০ সম্পূর্ণ নতুন কেসও আছে।

সালুয়ায় বছরে ১,২০০ জনের প্রশিক্ষণের ক্ষমতাসম্পন্ন পুলিশ ট্রেনিং স্কুল নির্মাণ এবং চারা (Charrah)-তে ৪০০ জনের প্রশিক্ষণের ক্ষমতাসম্পন্ন সহযোগী পুলিশ প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের কাজ ২০১৫-১৬ সালেই শেষ হবে।

২০১৪-১৫ সালের বরাদ্দের ২৪৭.৬৭ কোটি টাকার তুলনায় আমি এই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ২৭৩.০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৪.১৯ বিপর্যয় মোকাবিলা দপ্তর

রাজ্য সরকার ২০১৫-১৬ আর্থিক বছরে ৬৪৯.৯০ কোটি ব্যয় করে 'ন্যাশনাল সাইক্লোন রিস্ক মিটিগেশন্ প্রোজেক্ট (ফেজ-২)' চালু করতে চলেছে।

দক্ষিণ ২৪-পরগনা, উত্তর ২৪-পরগনা ও পূর্ব-মেদিনীপুরের মতো সমুদ্র উপকূলবর্তী জেলা তিনটিতে এই প্রকল্পের অধীনে ১৫০টি 'সাইক্লোন-শেল্টার' নির্মাণ করা হবে।

দীঘা ও শঙ্করপুরের সকল HT এবং LT ইলেকট্রিক্যাল কেবল নেটওয়ার্ককে মাটির নীচ দিয়ে নিয়ে যাওয়া হবে।

২০১৫-১৬ আর্থিক বছরে 'ইন্টিগ্রেটেড কোস্টাল জোন ম্যানেজমেন্ট প্রোজেক্ট'-এর আওতায় থাকা দক্ষিণ ২৪-পরগনার সমুদ্র উপকূলবর্তী ব্লকগুলিতে ৯৫ কোটি টাকা ব্যয়ে ২৫টি বহুমুখী সাইক্লোন শেল্টার নির্মাণ করা হবে।

২০১৪-১৫ সালের বরাদ্দের ২৭.৫০ কোটি টাকার তুলনায় আমি এই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ১১০.০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৪.২০ অগ্নিসুরক্ষা ও জরুরি পরিষেবা বিভাগ

২০১৪-১৫ সালে রাজ্যের বিভিন্ন জেলায় ২০টি নতুন দমকল কেন্দ্র খোলার এবং ১৫টি দমকল কেন্দ্রের সংস্কারের পরিকল্পনা নেওয়া হয়েছে। বহুতল ভবনগুলির অগ্নিসুরক্ষার জন্য দুটি Bronto Sky Lift ব্যবহৃত হচ্ছে।

জমে থাকা Fire Safety Certificate এবং Fire License দ্রুত পাওয়ার ব্যবস্থা করতে একটি দ্রুতগতির সিস্টেমের দ্বারা কাজ এগিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। এছাড়াও ওইসব আবেদনগুলি অন্-লাইন ব্যবস্থায় আনার কাজও হচ্ছে।

GPRS-Technology-কে কাজে লাগিয়ে Fleet Management System দ্বারা কন্ট্রোল রুমের আধুনিকীকরণ করা হয়েছে।

২০১৪-১৫ সালের বরাদ্দের ৮৩.৭০ কোটি টাকার তুলনায় আমি এই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ৯২.১০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

পরিকাঠামো

৪.২১ পানীয় জল/PHE দপ্তর

২০১৪-১৫ সালে ৬৩২.৯০ কোটি টাকার জল সরবরাহ প্রকল্পের জন্য অনুমোদন করা হয়েছে, যার মধ্যে আছে ১০৪টি জল সরবরাহ পরিকল্পনা। জঙ্গলমহল এলাকায় ১৪১.৭০ কোটি টাকা ব্যয়ে ৫০টি জল সরবরাহ প্রকল্প চালু হয়েছে।

বাঁকুড়া জেলায় ১০১১.১২ কোটি টাকা ব্যয়ে প্রথম দফার জল সরবরাহ ব্যবস্থার কাজ আরম্ভ হয়েছে। JICA-র সাহায্যে পুরুলিয়াতে জল সরবরাহ প্রকল্প হাতে নেওয়া হয়েছে আনুমানিক ১১৭৩.১০ কোটি টাকা ব্যয়ে।

দক্ষিণ ২৪-পরগনায় কুলপী এবং তৎসংলগ্ন মৌজাগুলির ভূপৃষ্ঠের জল সরবরাহ প্রকল্প নির্মাণের কাজ চলছে ১৩৩২.৪১ কোটি টাকা ব্যয়ে এবং ১৫০.৬৮ কোটি টাকা ব্যয়ে, হাওড়া জেলার বালি-জগাছাতেও ভূপৃষ্ঠের জল সরবরাহ প্রকল্প হাতে নেওয়া হয়েছে।

পাঁশকুড়া-২ নং ব্লকে ভূপৃষ্ঠের জল সরবরাহ প্রকল্প অনুমোদিত হয়েছে ২৪১.৭২ কোটি টাকা ব্যয়ে, যা ১১২টি মৌজাকে উপকৃত করবে পূর্ব মেদিনীপুরে। নদীয়ার হরিণঘাটা ব্লকে ১১৮.৯০ কোটি টাকার একটি ভূপৃষ্ঠের জল সরবরাহ প্রকল্প, চাকদহ ব্লকে ১০১.৯৮ কোটি টাকা ব্যয়ে একটি প্রকল্প এবং ২৯০.৭২ কোটি টাকা ব্যয়ে মুর্শিদাবাদ জেলায়ও ভূপৃষ্ঠের জলকে ব্যবহার করে জল সরবরাহ প্রকল্প চালু করা হয়েছে।

বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর এবং পুরুলিয়া জেলাগুলিতে ৭০৪টি সৌরশক্তি চালিত জল সরবরাহ প্রকল্প ৫১.৬৭ কোটি টাকা ব্যয়ে নির্মিত হচ্ছে।

২০১৪-১৫ সালের বরাদ্দের ১,৩৩৬.৩২ কোটি টাকার তুলনায় আমি এই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ১,৪৭০.০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৪.২২ পরিবহন

সরকার কলকাতা মেট্রোপলিটন এলাকার সঙ্গে আসানসোল-দুর্গাপুর ও শিলিগুড়ি-জলপাইগুড়ি শহরের জন্য ৮৭৪টি নতুন বাস কিনেছে। রাজ্যের ট্যাক্সিগুলির যাত্রী প্রত্যাখ্যান সমস্যা মেটাতে ১০,৭০০টি No-refusal Taxi নামাবার অনুমোদন দিয়েছে। নতুন ও পুরনো বাসরুটে আরও ৫৬৫টি বাস চালানোর পারমিট দেওয়া হয়েছে। বিভিন্ন পরিবহন সংস্থা অব্যবহার্য জমিগুলিকে মানুষের কাজে লাগাতে ও ব্যাপকভাবে ব্যবহার করার কাজ সন্তোষজনক ভাবে এগিয়ে চলেছে।

রাজ্যের দূরবর্তী শহর ও পর্যটন কেন্দ্রগুলির যোগাযোগ বাড়াতে হেলিকপ্টার সার্ভিস চালু করা হয়েছে। আমরা এইভাবে ফিক্সড উইং এয়ারক্র্যাফ্‌ট-এর মাধ্যমে কলকাতা দুর্গাপুর-বাগডোগরা-কোচবিহার-কে যুক্ত করার কাজ হাতে নিয়েছি। আমরা বাগডোগরা এয়ারপোর্টের ATF-সেলস্ ট্যাক্স কমিয়ে দেওয়ায় উত্তরবঙ্গে পর্যটকের সংখ্যা ব্যাপক বৃদ্ধি পেয়েছে। অন্ডাল-দুর্গাপুরে নতুন বিমান বন্দর গড়ে তোলার কাজ শীঘ্রই শুরু হবে।

২০১৪-১৫ সালের বরাদ্দের ৪০০.০০ কোটি টাকার তুলনায় আমি এই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ৪৫০.০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৪.২৩ পূর্ত/সড়ক পরিকাঠামো

বিশেষভাবে BRGF-এর সমস্ত ১৭১টি প্রকল্পের অধীনে ২০৮৬.৯৫ কিমি রাস্তাকে চওড়া ও শক্তপোক্ত করার কাজ এবং ১৮টি ব্রিজ নির্মাণের কাজ সেপ্টেম্বর, ২০১৫-এর মধ্যেই শেষ হবে। ভাসরাঘাটে সুবর্ণরেখা নদীর উপর ব্রিজ নির্মাণের কাজ ২০১৫ সালের ডিসেম্বর মাসের মধ্যেই শেষ হবে।

কাজী নজরুল ইসলাম এভিনিউ-এ ভি.আই.পি. রোড ফ্লাইওভার নির্মাণের কাজ ৩১৩.৩৫ কোটি টাকা ব্যয়ে ২০১৫-র ফেব্রুয়ারি মাসের মধ্যেই শেষ হবে।

বাগনান, মিয়াপুর এবং ঝাড়গ্রামে রেল ওভার ব্রিজ নির্মাণের কাজ ২০১৫-এর ফেব্রুয়ারির মধ্যে শেষ হবে। আরও ১৮টি রেল-ওভার ব্রিজ নির্মাণের কাজও হাতে নেওয়া

হয়েছে। ৯টি 'পথের সাথী' এবং ৯৬টি 'টয়লেট-ব্লক' নির্মাণের কাজও শেষ হয়েছে। আরও ৯৯টি 'টয়লেট-ব্লক' নির্মাণের কাজও চলছে।

স্টেট হাইওয়ে ডেভেলপমেন্ট কর্পোরেশন ৬৩৮.৭২ কোটি টাকা প্রকল্প ব্যয়ে ডানকুনি থেকে কল্যাণী পর্যন্ত ভায়া মগরা চার লেনের রাস্তা নির্মাণের কাজ শুরু করেছে। ৫৭১.৩১ কোটি টাকা ব্যয়ে আদিসপ্তগ্রাম থেকে গুপ্তিপাড়া, বরজোড়া থেকে মেজিয়া, ঘটকপুকুর থেকে সরবেরিয়া এবং চণ্ডীতলা থেকে চাঁপাডাঙ্গা ২-লেনের রাস্তা নির্মাণের কাজ শুরু করেছে।

৬০০.৮৭ কোটি টাকা ব্যয়ে নেপাল বর্ডার (কাঁকরভিটা) থেকে বাংলাদেশ বর্ডার (বাংলাবন্ধ) সংযোগকারী এশিয়ান হাইওয়ে-২-এর কাজ এবং ৯৭১.৪০ কোটি ব্যয়ে বাংলাদেশ বর্ডার (বুরিমারি) থেকে ভুটান বর্ডার (পাশাখা) সংযোগকারী এশিয়ান হাইওয়ে-৪৮ নির্মাণের কাজ শুরু হয়েছে।

২২৫.৯৩ কোটি টাকা প্রস্তাবিত ব্যয়ে হাতানিয়া-দোয়ানিয়া নদীর উপর 'হাইলেভেল মেজর ব্রিজ' নির্মাণের কাজও শুরু হয়েছে।

২০১৫-১৬ অর্থবর্ষেই ১০৪৭ কোটি টাকা ব্যয়ে ওয়েস্ট বেঙ্গল কমপেনসেটরি এন্ট্রি ট্যাক্স ফান্ডের অধীনে ৫৫৩ কিমি স্টেট হাইওয়ে চওড়া করা ও শক্তপোক্ত করার কাজ শুরু হয়ে যাবে।

২০১৫-এর মার্চ মাসের মধ্যেই ৬৪.৯৮ কোটি প্রস্তাবিত ব্যয়ে টাকী রোড (SH-2) থেকে হাসনাবাদ হিঙ্গলগঞ্জ রোড সংযোগকারী ব্রিজ হাসনাবাদের কাটাখালী নদীর উপর নির্মাণ করার কাজ শুরু হবে।

P.W.D. (Roads) বিভাগের ২০১৪-১৫ সালের বরাদ্দের ১,১৭৪.৫১ কোটি টাকার এবং P.W.D. বিভাগের বরাদ্দের ৬০২ কোটি তুলনায় আমি পরবর্তী আর্থিক বছরে P.W.D. (Roads) বিভাগের জন্য ১,৪৮৪.৬০ কোটি টাকার এবং P.W.D. বিভাগের জন্য ৭১৪.৪০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৪.২৪ ভূমি ও ভূমি সংস্কার

২০১৪-১৫ আর্থিক বছরে ৩০টি নতুন বি.এল. অ্যান্ড এল.আর.ও/এস.ডি. অ্যান্ড এল.আর.ও. অফিস চালু হয়েছে। চলতি আর্থিক বছরে ৯০টি রেকর্ড রুমের আধুনিকীকরণ সম্পূর্ণ হবে।

'নিজ গৃহ নিজ ভূমি' (NGNB) প্রকল্পে এখনও পর্যন্ত ২.৩০ লাখ পাট্টা বিলি করা হয়েছে।

৩৪৫টি ব্লক অফিসে 'ওভার দ্য কাউন্টার সার্ভিস' (OTC)-এর মাধ্যমে রেকর্ড অব রাইটস (ROR)-র শংসাপত্র পাওয়ার ও জমির তথ্য জানার ব্যবস্থা করেছে।

ল্যান্ড রেকর্ডসের সঙ্গে সম্পত্তির রেজিস্ট্রেশনের সংযুক্তির কাজ রূপায়ণের পথে এবং ২০১৫-এর ৩০শে জুনের মধ্যেই এই সুবিধা হয়ে যাবে।

২০১৪-১৫ সালের বরাদ্দের ১০৫.০০ কোটি টাকার তুলনায় আমি এই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ১১৫.৬০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৪.২৫ বিদ্যুৎ ও NES বিভাগ

সার্বিক বৈদ্যুতিকীকরণের লক্ষ্যে তৈরি হওয়া 'সবার ঘরে আলো' প্রকল্পটি পুরোমাত্রায় চালু আছে।

১১টি BRGF জেলার কাজ ২০১৫ সালের সেপ্টেম্বর মাসের মধ্যেই শেষ হবে এবং বাকি ৭টি জেলার কাজ শেষ হবে ২০১৬-এর শেষ নাগাদ।

২০১১-১৪ সালে ৫২.৫৯ লাখ উপভোক্তাকে বৈদ্যুতিক কানেকশন দেওয়া হয়েছে যা পূর্ববর্তী সময়ের তুলনায় ২০০ শতাংশ বেশি (২০০৮-১১ সালে ১৭.৬৫ লাখ)।

৫০০ কোটি টাকা ব্যয়ে 'সেচ বন্ধু'-নামে একটি বৃহৎ প্রকল্প হাতে নেওয়া হয়েছে যার দ্বারা কৃষিকার্যের জন্য প্রয়োজনীয় বিদ্যুৎকে আলাদা করে রাখার ব্যবস্থা ও পাম্প সেটগুলিতে বিদ্যুতের সংযোগ দেওয়ার ব্যবস্থা রাখা হয়েছে।

২০১৪ সালের অক্টোবর মাসে দুর্গাপুর প্রোজেক্ট লিমিটেডে ২৫০ MW থার্মাল পাওয়ার ইউনিটটি কাজ শুরু করেছে। সাগরদিঘী থার্মাল পাওয়ার প্ল্যান্টে প্রতিটি ৫০০ MW ক্ষমতাসম্পন্ন তৃতীয় ও চতুর্থ ইউনিট দুটি ২০১৫-১৬ আর্থিক বছরেই চালু হবে। ব্যান্ডেল থার্মাল পাওয়ার স্টেশনের ২১০ MW ক্ষমতাসম্পন্ন (ইউনিট নং ৫) ইউনিটটির পুনর্গঠনের কাজও শেষ হয়েছে। ২০১৪-১৫ সালে দার্জিলিং ২৯৩ MW ক্ষমতাসম্পন্ন, চারটি নতুন জলবিদ্যুৎ কেন্দ্র নির্মাণের কাজ অনুমোদন করা হয়েছে।

বিদ্যুৎ-বণ্টন বিভাগের অন্তর্গত মাথাভাঙা GIS এবং আলিপুরদুয়ারের উজানুতে ১৩২/৩৩ KV সাব-স্টেশন এবং পশ্চিম মেদিনীপুরের ধরমপুর GIS এবং বিদ্যাসাগর পার্ক GIS-এ ২২০/১৩২ KV সাব-স্টেশন ২০১৫-১৬ আর্থিক বছরেই পুরোদমে কাজ শুরু করবে।

সৌর বিদ্যুৎ উৎপাদন উদ্যোগের শুরু হিসেবে ৬৯.৭৪ কোটি টাকা ব্যয়ে উত্তর দিনাজপুর জেলায় ১০ MW ক্যানাল ব্যাঙ্ক সোলার PV পাওয়ার প্রোজেক্ট ও তিস্তা ক্যানেল ফল্ স্টেজ II H.E. চালু করার পরিকল্পনা করা হয়েছে।

২০১৪-১৫ সালের বরাদ্দের ১,১৭৪.০০ কোটি টাকার তুলনায় আমি এই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ১,২৯৫.০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৪.২৬ নগর উন্নয়ন ও পৌর বিষয়ক

২০১৪-১৫ সালে, প্রধান প্রকল্পগুলি, যেমন নজরুল তীর্থ (৪৫.৭০ কোটি টাকা), ইকো ট্যুরিজম পার্ক ফেজ-৩—এ ইকো আইল্যান্ড (৬.৬৭ কোটি টাকা), পথচারীদের জন্য

আন্ডারপাস (৪.৭৬ কোটি টাকা), তৃতীয় বাগজোলা সেতু (৬.০৩ কোটি টাকা), বারুইপুর পুরসভায় ভূপৃষ্ঠের জল সরবরাহ (১৪.৪৭ কোটি টাকা), গেঁওখালিতে ২৫ MGD ক্ষমতাসম্পন্ন জল সংশোধন কেন্দ্র, এবং রায়চকে সতীশ সামন্ত হলদিয়া বাণিজ্য কেন্দ্র সম্পূর্ণ হয়েছে।

নিউ টাউন কলকাতা ডেভেলপমেন্ট অথরিটি অধীনে ১০টি কমিউনিটি বাজার এবং সোলার সিটি প্রোজেক্ট নির্মাণ কাজ শুরু হয়েছে।

বোলপুরে স্মার্ট টাউনশিপ গড়ার জন্য শ্রীনিকেতন-শান্তিনিকেতন ডেভেলপমেন্ট অথরিটিকে ১২৯ একর জমি দেওয়া হয়েছে।

কলকাতা পোর্ট ট্রাস্টের সহযোগিতায় ৩০০.৭৯ কোটি টাকা ব্যয়ে মিলেনিয়াম পার্কে আইকনিক জায়ান্ট হুইল স্থাপনের কাজ হাতে নেওয়া হয়েছে। এই প্রকল্পটি সম্পূর্ণ করবে ব্রিটেন-ভিত্তিক একটি কোম্পানি 'সান কনসালট্যান্ট অ্যান্ড ইনভেস্টমেন্ট'।

রাজ্য সরকার একটি নতুন নগরায়ণের পলিসি গ্রহণ করে উদ্যোগপতিদের আহ্বান করেছে নতুন নগর নির্মাণের ও সেখানে অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে থাকা মানুষের পর্যাপ্ত বাসস্থান নির্মাণ ও উন্নয়ন কেন্দ্র গড়ে তুলতে। ৭৬,০০০ কোটি টাকা বিনিয়োগ করে ২২টি নতুন নগরায়ণের প্রস্তাব ঘোষণা করা হয়েছে। তার মধ্যে থেকে ১৫টি সুনির্দিষ্ট প্রস্তাব, সরাসরি ৩২,৭৩৪ কোটি টাকা বিনিয়োগের মাধ্যমে গৃহীত হয়েছে।

পরবর্তী আর্থিক বছরে হুগলি জেলার ৬টি পুরসভায় মিউনিসিপ্যাল সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট প্রকল্প গ্রহণ করা হবে। ব্যারাকপুর মিউনিসিপ্যাল টাউন, উত্তরপাড়া-কোতরং ও খড়দহ শহরে মিউনিসিপ্যাল ওয়েস্ট ওয়াটার প্রকল্প শুরু হবে।

২০১৪-১৫ সালে বুনিয়াদপুরে একটি নতুন মিউনিসিপ্যালিটি গঠিত হয়েছে। গত বছরে হরিণঘাটা মিউনিসিপ্যালিটি গঠিত হয়েছে। পশ্চিম মেদিনীপুরের বেলদা, বীরভূমের মল্লারপুর, হাওড়ার বালি (পশ্চিম) এবং পূর্ব মেদিনীপুরের কোলাঘাট-মেচেদা-তে ৪টি আরো নতুন মিউনিসিপ্যালিটি গঠনের পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে।

১১৭টি আরবান লোকাল বডি জন্ম ও মৃত্যুর শংসাপত্র, ট্রেড লাইসেন্স ইত্যাদি জন পরিষেবার জন্য ই-গভর্নেন্স সিস্টেম চালু করেছে।

১০টি শহরে প্রথম দফায় ৫০ শয্যাবিশিষ্ট শহুরে গৃহহীনদের জন্য আশ্রয় নির্মাণ করা হবে।

কলকাতা পুরসভায় জল সরবরাহ এবং নিষ্কাশন ব্যবস্থার জন্য এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক সাহায্যপ্রাপ্ত কলকাতা এনভায়রনমেন্ট ইমপ্রুভমেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রামে (KEIIP) ফেজ-II-তে ৩,৪২০ কোটি টাকার প্রকল্প হাতে নেওয়া হয়েছে।

২০১৪-১৫ সালের বরাদ্দের ১,৫৮৫.০০ কোটি টাকার তুলনায় আমি এই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ১,৮৯৫.০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৪.২৭ আবাসন

'গীতাঞ্জলি' ও 'আমার ঠিকানা' স্কীমে মোট ৬১,০৫২টি বাড়ি নির্মাণ করা হয়েছে। ২০১৫-১৬ আর্থিক বছরে আরো ৬০,০০০টি বাড়ি নির্মিত হবে।

মহিলা কর্মীদের সুবিধার জন্য কলকাতায় ৫টি হোস্টেল নির্মাণের কাজ শুরু হয়েছে। কলকাতা ও দক্ষিণ ২৪-পরগনায় রোগীর আত্মীয়দের রাত্রি যাপনের জন্য ৩টি 'রাত্রিনিবাস' নির্মাণের কাজও শুরু হয়েছে।

যাত্রী সাধারণের সুবিধার জন্য জাতীয় সড়ক, রাজ্য সড়ক ও অন্যান্য গুরুত্বপূর্ণ রাস্তার ধারে ১২টি 'পথ সাথী' নির্মাণের কাজ শেষ হয়েছে। ১৫টি 'পথ সাথী' নির্মাণের কাজ ২০১৫-১৬ আর্থিক বছরেই শেষ হবে।

২০১৪-১৫ সালের বরাদ্দের ৭০০.০০ কোটি টাকার তুলনায় আমি এই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ৭৮৮.০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

অনগ্রসর শ্রেণিকে ক্ষমতা প্রদান

৪.২৮ সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২০১৪-১৫ সালে, ২৩ লক্ষ সংখ্যালঘু ছাত্র-ছাত্রীকে প্রি-ম্যাট্রিক ও পোস্ট-ম্যাট্রিক স্কলারশিপ দেওয়া হবে। মে, ২০১১ থেকে ধরলে এই সংখ্যাটি ৮০ লক্ষে পৌঁছাবে। এখন পর্যন্ত, ২.১৪ লক্ষ সংখ্যালঘু ছাত্রীকে বাই-সাইকেল দেওয়ার জন্য ৬১.৭ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। ২৭৯টি হোস্টেল বানানোর কাজে হাত দেওয়া হয়েছে, এর ফলে ২০,০০০ ছাত্র-ছাত্রী উপকৃত হবে।

সংখ্যালঘু অধ্যুষিত ১৬টি জেলার ১৫১টি ব্লকে, ১,১২৬ কোটি টাকার বিভিন্ন প্রকল্প হাতে নেওয়া হয়েছে। কলকাতা-সহ রাজ্যের সমস্ত জেলায় ২০টি সংখ্যালঘু ভবন নির্মাণ করা হচ্ছে। ১৫টি ভবন ইতোমধ্যেই চালু হয়ে গেছে। কৃষক ও কারিগরদের স্বনিযুক্তি ও বিপণনের সুবিধার জন্য ১২৩টি মার্কেটিং হাব তৈরির কাজ চলছে। ৯৭.৬৭ কোটি টাকা ব্যয়ে নিউ টাউনে তৃতীয় 'হজ হাউস'-এর নির্মাণকার্য চলছে।

যেসব অঞ্চলে ১০% এরও বেশি মানুষ উর্দু, নেপালি, হিন্দি, ওড়িয়া, সাঁওতালি ও গুরুমুখি ভাষায় কথা বলে সেখানে ওই সকল ভাষাকে সরকারী ভাষারূপে ব্যবহার করার সুবিধা দেওয়া হয়েছে।

২৯৮ কোটি টাকা ব্যয়ে নিউ টাউনে আলিয়া ইউনিভার্সিটির ক্যাম্পাস এবং K.I.T. বিল্ডিং নির্মিত হয়েছে। উর্দু একাডেমির পুনর্গঠন করা হয়েছে এবং আসানসোল ও ইসলামপুরে উর্দু কালচারাল সেন্টার তৈরির কাজ হাতে নেওয়া হয়েছে।

যেখানে মে, ২০১১ পর্যন্ত ৭.৪৩ কোটি টাকায় মাত্র ৬১টি কবরস্থানের—পাঁচিলের নির্মাণ কাজ হাতে নেওয়া হয়েছিল, গত তিন বছরে আমরা ৯৪.৬৪ কোটি টাকা ব্যয়ে ১,৮৭০টি পাঁচিলের নির্মাণ কাজ হাতে নিয়েছি।

২০১৪-১৫ সালের বরাদ্দের ১,৭৩৭.০০ কোটি টাকার তুলনায় আমি এই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ২,০৩৩.০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৪.২৯ অনগ্রসর শ্রেণি কল্যাণ

স্যার, ১৪ লক্ষেরও বেশি পঞ্চম শ্রেণি থেকে অষ্টম শ্রেণির তপশিলি জাতি ও উপজাতিভুক্ত ছাত্র-ছাত্রী 'শিক্ষাশ্রী' নামে একটি নতুন বৃত্তিপ্রদানের পরিকল্পনা থেকে উপকৃত হবে।

জাতি-বিষয়ক শংসাপত্র প্রদানের জন্য অন-লাইন ব্যবস্থা চালু করা হয়েছে ৫৫টি মহকুমায়। বর্তমান আর্থিক বর্ষে প্রায় ১২ লক্ষ তপশিলি জাতি/উপজাতির শংসাপত্র প্রদান করা হয়েছে।

রাজ্য সরকার পেনশন প্রকল্পের অগ্রগতির জন্য প্রায় ১.৩২ লক্ষ তপশিলি উপজাতিভুক্ত মানুষকে বার্ধক্যভাতা দেওয়ার আওতায় এনেছে।

উত্তর চব্বিশ পরগনার বনগাঁতে কবিগান আকাদেমির নতুন বাড়িটি ২০১৫-১৬ সালেই তৈরি হয়ে যাবে, আশা করা যাচ্ছে।

কম্পিউটার, 'নিউ এজ সিকিউরিটি গার্ড', 'প্লাস্টিক ইঞ্জিনিয়ারিং ও টেক্‌নোলজি' এবং 'হসপিটালিটি' ও 'রিটেল' ইত্যাদি বিভিন্ন শিল্পে ৫০০০ প্রার্থীর দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ দেওয়া হয়েছিল। আরও ১০,৭০০ জন সুবিধাপ্রাপকের জন্য এই প্রশিক্ষণের ব্যবস্থা করা হচ্ছে।

৩,৩৫৪টি তপশিলি জাতি ও ১,১৫৯টি তপশিলি উপজাতি প্রার্থীর শূন্যপদ পূরণের জন্য 'বিশেষ নিয়োগ উদ্যোগ' নেওয়া হয়েছে।

'মায়েল লিয়াং লেপচা বোর্ড' এবং 'তামাং উন্নয়ন ও সাংস্কৃতিক পর্ষৎ' গঠিত হয়েছে। এই বোর্ডগুলি যাতে যথাযোগ্যভাবে কাজ করতে পারে, তার জন্য অর্থ বরাদ্দ করা হয়েছে। রাজ্য সরকার শেরপাদের সাংস্কৃতিক উন্নয়নের জন্য একটি পৃথক কালচারাল বোর্ড স্থাপন করা স্থির করেছে।

এই বছরে, তপশিলি উপজাতির নবম শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত ছাত্রীদেরকে ৭৪,০০০ বাইসাইকেল বিতরণ করা হয়েছে।

২০১৪-১৫ সালের বরাদ্দের ৩৭৭.৬৬ কোটি টাকার তুলনায় আমি এই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ৪৩৮.৫০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৪.৩০ স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি

২৪,৬৫৭ জন স্বনির্ভর গোষ্ঠী-সদস্য ও শিল্পোদ্যোগী বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ নিয়েছিলেন।

'মুক্তিধারা' প্রকল্প পশ্চিম মেদিনীপুর জেলায় প্রসারিত হয়েছে। এই প্রকল্প থেকে ২৩৬টি স্বনির্ভর গোষ্ঠীর ২৩৬০টি পরিবার উপকৃত হয়েছে।

'স্বামী বিবেকানন্দ স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্পে'র (SVSKP) অধীনে ২২,৪৪৯ জন শিল্পোদ্যোগীকে ৫৯৮.৪২ কোটি টাকার ব্যাঙ্ক ঋণ দেওয়া হয়েছে যার ফলে ৫০,০০০-এরও বেশি কর্মসংস্থান হয়েছে।

'পশ্চিমবঙ্গ স্বনির্ভর সহায়ক প্রকল্পে'র (WBSSP) অধীনে ১,৪৫,৯২১টি স্বনির্ভর গোষ্ঠীকে ২৫.২৫ কোটি টাকা ভর্তুকি হিসাবে বিতরণ করা হয়েছে।

কলকাতা ও ১৮টি জেলায় রাজ্য স্তরের সবলা মেলা—২০১৪ অনুষ্ঠিত হয়েছে। মাধবডিহি ও খণ্ডঘোষে ২টি 'কর্মতীর্থে' স্বনির্ভর গোষ্ঠী সদস্য ও শিল্পোদ্যোগীদের মধ্যে স্টল বিতরণ করা হয়েছে।

২০১৪-১৫ সালের বরাদ্দের ৩০৫.৩০ কোটি টাকার তুলনায় আমি এই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ৪০০.০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

উত্তরবঙ্গ ও সুন্দরবন উন্নয়ন

৪.৩১ উত্তরবঙ্গ উন্নয়ন

হাতিঘিষা, নকশালবাড়িতে হিন্দি কলেজ, ঘোষপুকুর, ফাঁসিদেওয়াতে সাধারণ ডিগ্রি কলেজ এবং শিলিগুড়ির খড়িবাড়িতে আই.টি.আই. নির্মাণের কাজ শুরু হয়ে গেছে। নকশালবাড়ি ও খড়িবাড়িতে পানীয় জল প্রকল্পের কাজ এবং শিলিগুড়ি পৌর এলাকায় কঠিন বর্জ্য নিষ্কাষণ প্রকল্পের কাজ শুরু হয়ে গেছে।

১৯ কোটি টাকা ব্যয় জলপাইগুড়ি স্পোর্টস কমপ্লেক্সের উন্নতির কাজ শেষ হয়েছে। ইস্টার্ন বাইপাস ধরে জলপাইগুড়িকে শিলিগুড়ির সঙ্গে সংযোগ করতে বিকল্প একটি রাস্তার কাজ হাতে নেওয়া হয়েছে। ১৫.৫৬ কোটি টাকা ব্যয়ে জলপাইগুড়ির সালুগাড়ায় তৃণভোজী প্রাণীদের সাফারি প্রকল্পে হাত দেওয়া হয়েছে। ৮.৪০ কোটি টাকা ব্যয়ে জটেশ্বরে লীলাবতী কলেজ, ৩.১৯ কোটি টাকা ব্যয়ে হাসিমারা হিন্দি গার্লস স্কুলের হোস্টেল নির্মাণ, ৬৬৬.৯২ লক্ষ টাকা ব্যয়ে বংশীধরপুর, কালীপুর, কাদম্বিনী টি গার্ডেন, রায়চেঙ্গা ও ফালাকাটায় জল সরবরাহ প্রকল্প, ৮৪০.৪১ লক্ষ টাকা ব্যয়ে আন্দু বস্তি মোড় থেকে দক্ষিণ মেন্দাবাড়ি পর্যন্ত ৮.২ কিলোমিটার রাস্তা চওড়া করার কাজ হাতে নেওয়া হয়েছে। কোচবিহারে অত্যাধুনিক অডিটোরিয়াম নির্মাণের কাজে হাত দেওয়া হয়েছে।

মেখলিগঞ্জ কমিউনিটি হলের নব রূপায়ণ, হলদিবাড়িতে কলেজ ও একরামিয়াইসালে সওয়াব মাজার শরীফ (হুজুর সাহেব), শালবাড়ি ১ নং গ্রাম পঞ্চায়েতে মরা রায়ডাক নদীর উপরে ব্রিজ এবং দেওয়ানহাট ও বক্সিরহাট কলেজের নির্মাণের কাজ ২০১৪-১৫ সালেই হাতে নেওয়া হয়েছিল।

রায়গঞ্জে রবীন্দ্রভবন, ইসলামপুরে হাসখালি ব্রিজ, বালুরঘাটে নাট্য একাডেমি, গঙ্গারামপুরে মার্কেট কমপ্লেক্স এবং বালুরঘাটে বৈদ্যুতিক শ্মশান চুল্লীর কাজ হাতে নেওয়া হয়েছে।

৯৮.৯৭ কোটি টাকা ব্যয়ে মালদার মানিকচকে ভূতনি ব্রিজের নির্মাণ, মালদা মেডিকেল কলেজের উন্নতিকরণ, ইংলিশবাজার পুরসভার নিকাশী নালা ব্যবস্থা এবং মালদা সেন্ট্রাল বাস টার্মিনাসে বৈদ্যুতিক ব্যবস্থার কাজে হাত দেওয়া হয়েছে।

২০১৫-১৬ সালে আলিপুরদুয়ার বাস টার্মিনাস নির্মাণ, আলিপুরদুয়ার জেলার দক্ষিণ খয়েরবাড়ি অরণ্যের উন্নয়ন, রাজবাড়ি কমপ্লেক্সে LED আলো লাগানোর ব্যবস্থা, কোচবিহার জেলার মাথাভাঙায় পলিটেকনিক ইনস্টিটিউশনের নির্মাণ কাজ, দোমোহিনী ঝিলের সৌন্দর্যায়ন, জলপাইগুড়িতে স্পোর্টস ভিলেজ (দ্বিতীয় ফেজ), জলপাইগুড়ির চালসায় ট্যুরিস্ট রিসর্ট, পাণ্ডিম খইরানি ও সুকনা ফরেস্ট ভিলেজের উন্নয়ন, শিলিগুড়িতে পাহাড়িয়া ভবনের নির্মাণ, উত্তর দিনাজপুরের গোয়ালপোখরে নতুন জেনারেল ডিগ্রি কলেজের নির্মাণ, ইসলামপুরে বৈদ্যুতিক শ্মশানচুল্লি ও অডিটোরিয়াম নির্মাণ, দক্ষিণ দিনাজপুর জেলার গঙ্গারামপুরে নতুন ল কলেজ ও মার্কেট কমপ্লেক্স ও বুনিয়াদপুরে বাস স্ট্যান্ড, মালদা জেলার চাঁচলে নতুন স্টেডিয়াম ও মালদা কালেক্টরেট বিল্ডিংয়ের সামনে ভূগর্ভস্থ পার্কিং ব্যবস্থা নির্মাণের কাজ হাতে নেওয়া হবে।

২০১৪-১৫ সালের বরাদ্দের ৩৭৫.০০ কোটি টাকার তুলনায় আমি এই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ৪৫০.০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৪.৩২ সুন্দরবন উন্নয়ন

১৬৮.৪৭ কিমি ইট বেছানো রাস্তা ১৮.৮৫ কিমি পীচরাস্তা ও ২৯.০৫ কংক্রিটের রাস্তা এবং ২০টি RCC জেটি নির্মাণের কাজ শেষ হয়েছে।

মৃদঙ্গভঙ্গ নদীর উপর দিয়ে RCC ব্রিজ নির্মাণের কাজ সম্পূর্ণ হয়েছে যা মথুরাপুর-২ ও পাথরপ্রতিমা ব্লককে সংযুক্ত করেছে।

এ বছর আরো ৭টি ব্রিজ তৈরির কাজ হাতে নেওয়া হয়েছে। নবম শ্রেণির ছাত্রীদের মধ্যে ১৯,০০০ বাই-সাইকেল বিলি করা হয়েছে।

২০১৫-১৬ সালের মধ্যেই ৪৮০ কিমি রাস্তা, ৩০টি RCC জেটি এবং ৫টি ব্রিজ নির্মাণের কাজও শুরু হবে।

২০১৫-১৬ সালে ৭১,০০০ ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের মধ্যে কৃষিপণ্যের বীজ, জৈবসার ও কৃষির উপযোগী যন্ত্রসামগ্রী বণ্টনের কাজ শুরু হবে।

২০১৪-১৫ সালের বরাদ্দের ৩০০.০০ কোটি টাকার তুলনায় আমি এই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ৩৭০.০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

শিল্প : ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ

৪.৩৩ অতিক্ষুদ্র, ক্ষুদ্র, মাঝারি উদ্যোগ ও বস্ত্রশিল্প

২০০৮-০৯ থেকে ২০১০-১১ পর্যন্ত যেখানে MSME ক্ষেত্রে ব্যাঙ্কঋণ ছিল ১৪,৫৫৭ কোটি টাকা, সেখানে ২০১১-১২ থেকে ২০১৩-১৪-র মধ্যে ব্যাঙ্কঋণ ৪০,৭১৩ কোটি টাকা হয়েছে। অন্যদিকে ২০১১ সালে যেখানে রাজ্যে ৫৪টি MSME ক্লাস্টার ছিল সেই জায়গায় এখন তা ২১৫-তে দাঁড়িয়েছে। Artisan Identity Card ইতিমধ্যেই বেড়ে ৩৩,৮৫২ থেকে ৫,৪২,৯০৯ হয়েছে আর Weavers ID Card শূন্য থেকে ৫,৩১,০৭৫ হয়েছে।

MSME এবং টেক্সটাইল সেক্টরের জন্য ২১৫টি ক্লাস্টার ডেভেলপমেন্টের প্রকল্প হাতে নেওয়া হয়েছে।

MSME উদ্যোগীদের হাতেনাতে শিক্ষা দেওয়ার জন্য শিলিগুড়ি, হাওড়া ও মালদা জেলায় তিনটি অঞ্চলভিত্তিক 'সিনার্জি কনক্লেভ' সফলভাবে পালিত হয়েছে।

কলকাতা এয়ারপোর্ট, দক্ষিণাপণ, রাজারহাটে এবং কলকাতা আন্তর্জাতিক বিমান বন্দরে বিশ্ববাংলা শো-রুম চালু করা গেছে। বাগডোগরা এয়ারপোর্ট, এসপ্ল্যানেড এবং নিউ দিল্লীতে আরও তিনটি শো-রুম শীঘ্রই চালু হবে।

বিশ্ববাংলা মার্কেটিং কর্পোরেশন (BBMC) একটি আমব্রেলা প্রতিষ্ঠান হিসাবে স্থাপিত হয়েছে।

২০১৪ সালের আগস্ট মাস থেকে ফুলিয়ায় 'ইন্ডিয়ান ইনস্টিটিউট অব হ্যান্ডলুম টেকনোলজি'র কাজ শুরু হয়েছে। ৯৭,০০০ তন্তুবায়ী ও তাদের সহযোগী শ্রমিকদের দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ শুরু হয়েছে।

একটি 'স্কিম অফ অ্যাপ্রুভড ইন্ডাস্ট্রিয়াল পার্ক (SAIP) চালু হয়েছে। এই উদ্দেশ্যে ২০০ কোটি টাকার একটি 'ভেঞ্চার ক্যাপিটাল ফান্ড' তৈরি করা হয়েছে।

জলপাইগুড়ি, বাঁকুড়া ও বর্ধমানে জমির ক্ষেত্রে দ্রুত ছাড়পত্র দেওয়ার জন্য (UCC) 'ইউনিক ক্লিয়ারেন্স সেন্টার' স্থাপিত হয়েছে।

সকল MSME উদ্যোগীদের আইনি কাজকর্ম ও সরকারি সুযোগ-সুবিধা সহজে পাওয়ার জন্য ৫টি জেলায় এক-জানালা ব্যবস্থা চালু করার জন্য MSME ফেসিলিটেশন সেন্টার (MFC) চালু করা হয়েছে।

আমি প্রস্তাব রাখছি যাতে ২০১৫-১৬ অর্থবর্ষে রাজ্যের প্রতিটি জেলায় MFC চালু করা যায়।

NFM-এর অধীনে প্রতিটি ২.৮০ কোটি টাকা প্রকল্প মূল্যের মোট ২৫টি "কর্মতীর্থ" প্রকল্প রাজ্যের ১১টি পিছিয়ে পড়া জেলায় চালু করা হচ্ছে। শান্তিনিকেতনে ৫০ একর

জমির উপর 'বিশ্ব ক্ষুদ্র বাজার' নির্মাণের কাজ শীঘ্রই শুরু হবে। জলপাইগুড়ির বানারহাটে তৈরি হওয়া 'ইকো-ট্যুরিজম্ পার্ক' শীঘ্রই চালু হবে। মালদায় একটি 'সিল্ক পার্ক' এবং সল্টলেক/রাজারহাটে একটি 'অ্যাপারেল অ্যান্ড টেক্সটাইল হাব' ২০১৫-১৬ সালের মধ্যেই শুরু হবে।

২০১৪-১৫ সালের বরাদ্দের ৫৩৬.২৮ কোটি টাকার তুলনায় আমি এই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ৬১৮.০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৪.৩৪ বৃহৎ শিল্প

আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, ওয়েস্ট বেঙ্গল স্টেট সাপোর্ট ফর ইন্ডাস্ট্রিস স্কিম—২০১৩, গঠনের মাধ্যমে রাজ্য বিভিন্ন নির্মাণ সংস্থাগুলিকে একটি আকর্ষণীয় বাণিজ্যিক সুবিধা দেওয়ার ব্যবস্থা করছে।

মাননীয় মুখ্যমন্ত্রী সিঙ্গাপুর পরিদর্শন কালে নগরায়ন, উন্নয়ন, খাদ্য প্রক্রিয়াকরণ, টেক্সটাইলস, আই.টি. এবং অসামরিক বিমান পরিষেবার মতো ১৩টি বাণিজ্যিক চুক্তি (B2B) স্বাক্ষর করেছেন।

২০১৫-র ৭ই ও ৮ই জানুয়ারিতে অনুষ্ঠিত "দি বেঙ্গল গ্লোবাল বিজনেস সামিট-২০১৫"—এক অভাবনীয় সাফল্য অর্জন করেছে। ওই সামিটে আমাদের রাজ্য ২,৪৩,১০০ কোটি টাকা বিনিয়োগের প্রস্তাব পেয়েছে। ২০টির মতো দেশ এতে যোগদান করে, আমাদের রাজ্যে প্রশ্নাতীত বিনিয়োগের আগ্রহ প্রকাশ করেছে।

আমরা গোয়ালতোড়, হরিণঘাটা ও হলদিয়ায় তিনটি নতুন ইন্ডাস্ট্রিয়াল পার্ক গড়ে তোলার কাজ হাতে নিয়েছে। OCL, Xpro India Ltd., IFB Agro Industries, Utkarsh Tube & Pipes, Bengal Beverages-এর বৃহৎ শিল্প সংস্থাগুলি ২০১৪-১৫ সালে তাদের বাণিজ্যিক উৎপাদন শুরু করে দিয়েছে।

রাজ্য সরকার চর্ম শিল্পের উন্নতির স্বার্থে বানতলাকে ইন্ডাস্ট্রিয়াল টাউনশিপ অথরিটি হিসাবে চিহ্নিত করেছে।

রাজ্য সরকার WBTDCL-এর অধীন পাঁচটি চা-বাগানকে পুনরায় উজ্জীবিত করতে, তাদের বেসরকারি সংস্থার অংশীদারিত্বে নিয়ে আসার কাজ সফলভাবে শেষ করেছে।

২০১৪-১৫ সালের বরাদ্দের ৫৯৪.০০ কোটি টাকার তুলনায় আমি এই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ৬৫৩.৫০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

পরিষেবা

৪.৩৫ পর্যটন বিভাগ

পর্যটন বিভাগে বাজেট বরাদ্দের পরিমাণ ২০১০-১১ সালের ১১.৫৭ কোটি থেকে বেড়ে ২০১৪-১৫ সালে ২২৩ কোটি টাকা হয়েছে।

এ বছর নতুন 'ট্যুরিজম ইনসেনটিভ পলিসি ২০১৫' নামে একটি নতুন পর্যটন নীতি গ্রহণ করা হয়েছে। ইকো-ট্যুরিজম, হোম-ট্যুরিজম ও চা ট্যুরিজমও এই পলিসির আওতায় আসবে।

গাজলডোবা মেগা ট্যুরিজম্ প্রোজেক্ট, ঝাড়খালি ইকো-ট্যুরিজম্ প্রোজেক্ট, সবুজদ্বীপ ইকো-ট্যুরিজম্ প্রোজেক্ট এবং ঝাড়গ্রাম রাজবাড়ির হেরিটেজ প্রোজেক্টের মতো উল্লেখযোগ্য প্রকল্পগুলির কাজ ইতিমধ্যে শুরু হয়েছে।

পর্যটনের উন্নতির জন্য অনেক নতুন প্রকল্প যেমন পুরুলিয়া জেলার বাসস্থানের সমস্যার উন্নতি, দার্জিলিং ও জলপাইগুড়ি জেলার গৃহবাসের সুযোগ সৃষ্টি, দার্জিলিং জেলার রয়-ভিলার উন্নতি, মুকুটমণিপুরকে ঘিরে সার্বিক পরিকাঠামোর উন্নতি ইত্যাদি উল্লেখ করা যেতে পারে।

২০১৪-১৫ সালের বরাদ্দের ২২৩.০০ কোটি টাকার তুলনায় আমি এই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ২৫৭.০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৪.৩৬ তথ্যপ্রযুক্তি এবং ইলেকট্রনিক্স

৮টি আই.টি. পার্ক—শিলিগুড়ি ২য় পর্যায়, দুর্গাপুর ২য় পর্যায়, আসানসোল, বরজোরা, রাজারহাট, খড়গপুর, বোলপুর এবং পুরুলিয়াতে ২০১৫-১৬ সালে সম্পূর্ণরূপে চালু হয়ে যাবে। কেবলমাত্র এই আই.টি. পার্কগুলি একাই ২০,০০০ নতুন কর্মসংস্থানের সৃষ্টি করবে। মালদা, হাওড়া, হলদিয়া, কল্যাণী, কৃষ্ণনগর, তারাতলা এবং বাণতলাতে অনুরূপ আরও ৭টি আই.টি. পার্কের নির্মাণকার্য শীঘ্রই শুরু হবে।

ইলেকট্রনিক ম্যানুফ্যাকচারিং ক্লাসটার (EMC) নৈহাটি এবং ফলতাতে ইতিমধ্যেই অনুমোদন পেয়ে গেছে। সোনারপুর হার্ডওয়্যার পার্ক ২০১৫-১৬-তে চালু হবে।

Nasscom-এর সাথে যৌথ উদ্যোগে ১০,০০০ প্রাথমিক পণ্যাগার বা গুদামঘর তৈরি এবং Microsoft Centre of Excellence তথ্য ও প্রযুক্তি সংক্রান্ত উন্নয়নকে আরও এগিয়ে নিয়ে যাবে। আই.টি. এবং Electronics Sector ২০১৫-১৬ সালের শেষে প্রায় দু লক্ষ পেশাদার কর্মীদের কর্মসংস্থান করবে।

e-district, the Mission mode G-2-C project যা এতদিন দুটি জেলায় পরীক্ষামূলকভাবে পরিষেবা চালু করবার জন্য দেখা হচ্ছিল, তা ২০১৫-১৬-তে সব জেলাতেই চালু করা হবে। জেলা, ব্লক এবং সাবডিভিশনগুলিতে WBSWAN বর্ধিত করার কাজ ২০১৫-১৬-র মধ্যেই শেষ হবে।

উত্তর এবং দক্ষিণ ২৪-পরগনা জেলার E-Office, দার্জিলিং জেলাশাসকের অফিসে Document Management System (DMS) এবং প্রধান প্রকল্পগুলি যেমন Integrated Finance Management System (IFMS), কন্যাশ্রী, RFID-র সাহায্যে ট্যাক্সির ওপর নজরদারি করা ইত্যাদি এ সবই এখন চালু করা হয়েছে।

কল্যাণীতে The Indian Institute of Information Technology তাদের পাঠক্রম এ বছর ৫০টি ছাত্রছাত্রী নিয়ে শুরু করেছে।

২০১৪-১৫ সালের বরাদ্দের ১২৬.৭০ কোটি টাকার তুলনায় আমি এই বিভাগের জন্য পরবর্তী আর্থিক বছরে ১৬৪.৫০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

মাননীয় সদস্যগণ,

আমাদের রাজ্য গর্ব করতে পারে যে, এই রাজ্যেই আছে সবচেয়ে আধুনিক বাণিজ্য কর প্রশাসন। সমস্ত রাজ্যের মধ্যে 'CSI-নিহিলেন্ট-ই-গভর্নেন্স অ্যাওয়ার্ড ২০১৩-১৪' এবং জাতীয় স্তরে 'এক্সিলেন্স ইন গভর্নেন্স ২০১৪-য় প্রথম স্থান অধিকার করেছে সব রাজ্যের মধ্যে।

৫.১ VAT-এর সীমা বৃদ্ধি

স্যার, VAT প্রদানের জন্য বার্ষিক টার্নওভারের সীমা—এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ অ্যানাউন্সমেন্ট স্যার, এখন ৫ লক্ষ টাকা, তার ঊর্ধ্বে হলে e-VAT দিতে হবে registered dealer-দের। আমি প্রস্তাব করছি ৫ লক্ষ টাকার সীমাকে ১০ লক্ষ টাকা পর্যন্ত বাড়ানো হোক। এই ব্যবস্থা গ্রহণের ফলে ২০,০০০-এর বেশি ছোটো ব্যবসায়ী VAT থেকে ছাড় পাবেন, এক jump-এ। তার কারণ এই সরকার ছোটো ব্যবসায়ীদের সুবিধা দিতে চায়।

৫.২ রেজিস্ট্রেশনের জন্য অ্যামনেস্টি স্কিম

স্যার, আমরা উদ্যোগ নেওয়া সত্ত্বেও কিছু বড়ো ডিলার এখনও VAT-এর সীমানার বাইরে রয়েছেন। এর মূল কারণ হল শাস্তিমূলক ব্যবস্থা ও পুরনো ট্যাক্সের বোঝা। আমি ডিলারদের জন্য একটি আকর্ষণীয় অ্যামনেস্টি স্কিম (Amnesty Scheme) চালু করার প্রস্তাব করছি, যাতে তাঁরা কোনোরকম সুদ ও পেনাল্টি ছাড়াই বিগত বছরগুলির জন্য সেল্‌ফ ডিক্লেয়ার্ড টার্নওভারের উপর কম ট্যাক্স প্রদান করে রেজিস্ট্রেশান করতে পারেন। এটা অ্যামনেস্টি স্কিম আসুন, এগিয়ে আসুন। এই প্রকল্পটি ০১.০৪.২০১৫ থেকে ৩১.০৭.২০১৫ পর্যন্ত চালু থাকবে।

৫.৩ সেট্‌লমেন্ট অফ ডিসপিউট স্কিম

স্যার, ডিলারদের পুরনো করের দায়গুলি থেকে তাদেরকে ছাড় দেওয়ার উদ্দেশ্যে, ও পড়ে থাকা কেসগুলি কমিয়ে আনার জন্যে, আমি প্রস্তাব করছি একটি আকর্ষণীয় সেট্‌লমেন্ট অফ ডিসপিউট স্কিম। এই প্রকল্পে ২০১০ পর্যন্ত শেষ হয়ে যাওয়া সমস্ত কেসগুলি, যেগুলি ৩১শে জানুয়ারি ২০১৫ পর্যন্ত আপীল অথবা রিভিসনে পড়ে আছে, একটি নির্দিষ্ট অংশ জমা দিলেই বাকি সমস্ত সুদ ও পেনাল্টি মকুব করে দেওয়া হবে। যাতে তারা এই ট্যাক্স সিস্টেমের মধ্যে চলে আসে। এই ধরনের রিলিফের জন্য দরখাস্ত করার শেষ দিন হবে ৩১শে জুলাই, ২০১৫।

৫.৪ VAT অডিট থেকে ক্ষুদ্র, অতিক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগীদেরকে (MSME) অব্যাহতি

স্যার, ডিলারদেরকে বাধ্যতামূলকভাবে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট দ্বারা অডিট রিপোর্ট পেশ করতে হয়। স্যার, রাজ্যে MSME-ও ছোটো ডিলারদের বিকাশে সহায়তা করার জন্য আমি এই উর্ধ্বসীমা ৫ কোটি টাকা থেকে বাড়িয়ে ১০ কোটি টাকা করার প্রস্তাব করছি। আমি আরও প্রস্তাব করছি যে যাদের বার্ষিক টার্নওভার ১০ কোটি টাকা থেকে কম তাদেরকে সেল্‌ফ অডিট স্টেটমেন্ট দিতে হবে না। তার কারণ, এই সেল্‌ফ অডিট স্টেটমেন্ট নিয়ে অনেক বিপদে মানুষ পড়ে।

৫.৫ কর নির্ধারণে সরলীকরণ

বিপুল পরিবর্তনের জন্য অ্যাসেসমেন্টের (Assessment) সংখ্যা যেটা ২০১১-১২ ছিল ১,৭৩,৫৮৮, সেটা ২০১৩-১৪ সালে নেমে এসেছে ৪০,৪৯৩ - ৩০০% কমেছে।

আমি এখন প্রস্তাব করছি যে, কোনো অ্যাসেসমেন্ট অর্ডারে ২০,০০০ টাকার বেশি দাবি হলে করদাতাকে সেই অর্ডারের বিষয়ে বক্তব্য জানানোর সুযোগ না দিয়ে চূড়ান্ত অ্যাসেসমেন্ট অর্ডার দেওয়া যাবে না। এতে মামলার সংখ্যা কমবে আর করদাতাও ছাড় পাবেন।

স্যার, বর্তমান চালু পদ্ধতিতে একটি আপিল পিটিশন নিষ্পত্তির পরে সেটা অ্যাসেসিং অফিসারের কাছে আবার প্রসেসিংয়ের জন্য ফেরত যায়। আমি প্রস্তাব করছি যে সরাসরি অ্যাপেলেট অথরিটি অর্ডারের সঙ্গেই দাবির নোটিশ দিতে পারবেন। আবার ফিরে যেতে হবে না।

৫.৬ দ্রুত ট্যাকস ফেরত

আমরা সরকারে আসার আগে VAT রিফান্ডের জন্যে সময় লাগত ৮ থেকে ১০ মাস, যা কমিয়ে ১ মাস করতে পেরেছি। এর ফলে প্রি-অ্যাসেসমেন্ট রিফান্ডের ক্ষেত্রে ৮ গুণেরও বেশি বৃদ্ধি ঘটেছে। টাকার মূল্যে বৃদ্ধি হয়েছে ১৪ গুণ। রিফান্ডের ক্ষেত্রে এটি একটি নজিরবিহীন সাফল্য। বাকি রাজ্যরা এই নিয়ে আমাদের কাছে আসছে, আলোচনা করছে, কি করে হয়েছে তা জানার চেষ্টা করছে।

এখন আমি আরও প্রস্তাব করছি, অ্যাসেসমেন্টের আদেশ বেরনোর একমাসের মধ্যে রিফান্ড অনুমোদন করা হবে এবং ২০১৫ সালের সেপ্টেম্বর মাসের মধ্যে সমস্ত পেন্ডিং কেসগুলির সমাধান করতে হবে।

৫.৭ প্রি-অ্যাসেসমেন্ট ফেরতের সুযোগ বৃদ্ধি করা

ডিলারদের রপ্তানির টার্নওভার ও ইন্টারস্টেট টার্নওভার একত্রে মোট টার্নওভারের ৫০% অতিক্রম করলে তারা প্রি-অ্যাসেসমেন্ট ফেরত পান না। আমি প্রস্তাব করছি, প্রি-অ্যাসেসমেন্ট ফেরতের সুবিধা এইসব ডিলারদেরকেও এখন থেকে দেওয়া হবে।

৫.৮ সহজ বৃত্তিকর রেজিস্ট্রেশন

স্যার, VAT রেজিস্ট্রেশনের জন্য অন-লাইন দরখাস্ত জমা দিতে গেলে বৃত্তিকরের রেজিস্ট্রেশন এখন দরকার হয়। দুটি বৃত্তিকর না হলে ওটি জমা দেওয়া যায় না। আমি প্রস্তাব করছি, এই দুটি পদ্ধতিকে একটি সংযুক্ত অন-লাইন পদ্ধতির মাধ্যমে একসঙ্গে জুড়ে দেওয়া, যার ফলে একজন ডিলার একই সঙ্গে বৃত্তিকর রেজিস্ট্রেশন ও VAT রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবেন। এটি একটি বিরাট reform। আমার মনে হয়, যারা ব্যবসাদার তারা বুঝবেন।

আর একটি গুরুত্বপূর্ণ প্রস্তাব করছি, ডিলারদের নতুন VAT রেজিস্ট্রেশনের ক্ষেত্রে ডিজিটাল স্বাক্ষর ব্যবহার করে অন-লাইনে জমা দেওয়া আবেদনপত্র ২৪ ঘণ্টার মধ্যেই অনুমোদন করা হবে। Commitment of the Government.

৫.৯ মামলার সংখ্যা কমিয়ে আনা

স্যার, ওয়েস্ট বেঙ্গল অ্যাপেলেট অ্যান্ড রিভিসনাল বোর্ড-এর অধীনে পুরনো জমে থাকা কেসগুলি কমিয়ে আনার জন্য, আমি প্রস্তাব করছি, এই বোর্ড-এর কাছে থাকা ১ কোটি টাকা পর্যন্ত দাবির কেসগুলিকে ফাস্ট ট্র্যাক অ্যাডমিনিস্ট্রেটিভ অথরিটির কাছে পাঠানো হবে। এর ভয়ঙ্কর impact হবে স্যার।

৫.১০ বৃত্তিকরের কাঠামোর সঙ্গে বাণিজ্যিক করের সংযোগ সাধন

স্যার, গতবছরে ট্যাক্সের বিভিন্ন ধাপ আরও সরল করার জন্য ১০০টি ধাপ থেকে কমিয়ে মাত্র ৪টি ধাপে নামিয়ে আনা হয়েছিল।

এবার আমি প্রস্তাব করছি, প্রফেশন ট্যাক্স বিভাগ বাণিজ্যকর বিভাগের সঙ্গে সংযুক্ত করার। এই সংযুক্তির ফলে এখন দুটির বদলে মাত্র একটি ট্যাক্স অথরিটির সঙ্গে যোগাযোগ করতে হবে। এতে যে ভয়ঙ্কর impact হবে তা এই রাজ্যের মানুষ বুঝতে পারবে।

৫.১১ ইনপুট ট্যাক্স ক্রেডিট অন্ ডিউটি ক্রেডিট স্ক্রিপস

স্যার ডিউটি ক্রেডিট স্ক্রিপস-এর উপর ইনপুট ট্যাক্স ক্রেডিটের অনুমতি শুধুমাত্র ব্যবসায়ীদেরকেই দেওয়া হয়। রাজ্য থেকে রপ্তানিকে সাহায্য করার জন্য এই সুবিধা উৎপাদনকারীদেরকেও দেওয়ার জন্য আমি প্রস্তাব করছি। যেসব উৎপাদনকারীরা বাইরে তাদের আমরা নিয়ে আসছি।

৫.১২ স্ট্যাম্প শুল্কে ছাড়

স্যার, এখন যে সমস্ত সম্পত্তির মূল্য ৩০ লক্ষ টাকার বেশি সেগুলি রেজিস্ট্রির সময় অতিরিক্ত ১% স্ট্যাম্প ডিউটি প্রদান করতে হয়। আমি এই ৩০ লক্ষ টাকার উর্ধ্বসীমা বাড়িয়ে ৪০ লক্ষ টাকা করার প্রস্তাব করছি। এর ফলে ৪০ লক্ষ টাকা পর্যন্ত মূল্যের

সম্পত্তির মালিকদেরকে ৭%-এর পরিবর্তে এখন ৬% স্ট্যাম্প শুল্ক দিতে হবে। তাহলে তো তারা এগিয়ে এসে রেজিস্ট্রি করবে। আজকে তারা রেজিস্ট্রেশান করছে না।

৫.১৩ শিল্পের উন্নয়নে সহায়তা প্রকল্পের সময়সীমা বৃদ্ধি

স্যার, ক্ষুদ্র ও অতিক্ষুদ্র শিল্পের জন্য আর্থিক সহায়তা 'ইন্ডাস্ট্রিয়াল প্রোমোশান অ্যাসিস্ট্যান্স স্কিম'-৩১.০৩.২০১৫-তে শেষ হয়ে যাবে। তাই আমি এই প্রকল্পটিকে আরও এক বছরের জন্য ৩১.০৩.২০১৫ পর্যন্ত বাড়ানোর প্রস্তাব করছি।

৫.১৪ চা-বাগানে সেস্ ছাড়

চা শিল্পের জন্য প্রাইমারি এডুকেশন সেস্ ও রুরাল এমপ্লয়মেন্ট সেস্ অব্যাহতি প্রদান ৩১.০৩.২০১৫ তারিখে শেষ হচ্ছে। আমি এই ছাড়টিকে ৩১.০৩.২০১৬ পর্যন্ত বৃদ্ধি করার প্রস্তাব করছি।

৫.১৫ চা-বাগানের জন্য করের সুবিধা

উত্তরবঙ্গের মানুষের জীবিকা অনেকটাই চা-শিল্পের উপর নির্ভরশীল। আমি প্রস্তাব করছি যে, ৩১.০৩.২০১৫ অবধি কৃষি আয়কর এবং দুটি সেসের উপর চা-বাগানগুলির দেয় বকেয়া সুদ মকুব করার। এই সুবিধা নেওয়ার জন্য চা-বাগানগুলিকে ০১.০৪.২০১৫ থেকে পাঁচ বছরের মধ্যে কৃষি আয়কর ও দুটি সেসের সমস্ত মূল বকেয়া পরিশোধ করতে হবে। Here is an opportunity—এগিয়ে আসুন সরকারের সঙ্গে। সরকারও এগিয়ে যাবে। শ্রমিকদেরও বিরাট সুবিধা হবে।

৫.১৬ সঙ্গীতের আসরের জন্য বিনোদন করের সুবিধা

স্যার, সঙ্গীতের আসর, ম্যাজিক প্রদর্শনী ও নৃত্য ও অন্যান্য কিছু সিনেমা-ব্যতীত বিনোদনের কর ছাড় ছিল ৬০ টাকা পর্যন্ত টিকিটে। আমি এই সীমা ৬০ টাকা থেকে বাড়িয়ে ১০০ টাকা পর্যন্ত প্রমোদকর ছাড় দেওয়ার প্রস্তাব করছি, যাতে গ্রামগঞ্জের মানুষ অত্যন্ত খুশি হয়।

নতুন উদ্যোগ

৬.১ ছাত্র-ছাত্রীদের সাইকেল বিতরণ

গ্রামাঞ্চলের ছাত্র-ছাত্রীরা বহুদূর থেকে স্কুলে আসতে সমস্যায় পড়ে। দরিদ্র পরিবারগুলি যাতায়াতের খরচ বহন করতে পারে না। এর ফলে অধিকাংশ ক্ষেত্রেই অষ্টম শ্রেণীর পর থেকে স্কুল ছুট-এর সংখ্যা বাড়াতে থাকে।

এই সমস্যা নজরে রেখে আমরা নবম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ছাত্র-ছাত্রীদের সাইকেল দেওয়ার ব্যবস্থা করেছি। ইতিমধ্যেই দু-বছরে আমরা প্রায় ৫ লক্ষ সাইকেল দিয়েছি।

এখন আমি প্রস্তাব করছি, আগামী দু-বছরের মধ্যে রাজ্যের নবম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত পাঠরত মোট ৪০ লাখ ছাত্র-ছাত্রীকে সাইকেল বিতরণ করা হবে। যাতে তারা স্কুল থেকে ড্রপ আউট না করে।

৬.২ ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের সহায়তা প্রদান

রাজ্যে মোট ৬৫ লক্ষ হেক্টর চাষযোগ্য জমি আছে। তার মধ্যে মাত্র ৩৯ লক্ষ হেক্টর জমি সেচসেবিত। ক্ষুদ্র সেচ ব্যবস্থায় চাষীদের উৎসাহিত করতে আমরা একটি নতুন স্কিম আনতে চলেছি।

এই স্কিমের আওতায়, সারা রাজ্যে ১০,০০,০০০ পাম্প বসানোর জন্য প্রতি ক্ষেত্রে ১০,০০০ টাকা করে আর্থিক সহায়তা করা হবে। যাতে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীরা বেনিফিটেড হয়।

এই উদ্যোগের ফলে রাজ্যের অতিরিক্ত ২০ লক্ষ হেক্টর জমি সেচের সুবিধা পাবে।

৬.৩ কন্যাশ্রী বৃত্তির বর্ধিতকরণ

স্যার, আমি বক্তব্যের শুরুতেই বলেছি যে কন্যাশ্রী প্রকল্পে আমরা অভাবনীয় ও উল্লেখযোগ্য সাফল্য আনতে পেরেছি। এই সাফল্যে উৎসাহিত হয়ে সরকারের তরফ থেকে, মমতা বন্দ্যোপাধ্যায়ের তরফ থেকে আমি কন্যাশ্রী বৃত্তির পরিমাণ বার্ষিক ৫০০ টাকা থেকে বাড়িয়ে ৭৫০ টাকা করার প্রস্তাব দিচ্ছি। এই বৃদ্ধির ফলে কন্যাশ্রী প্রকল্পের বার্ষিক অনুদান বেড়ে দাঁড়াবে ৮৫০ কোটি টাকা।

৬.৪ স্বনির্ভরগোষ্ঠীর প্রগতি আরো শক্তিশালী করা

স্যার, রাজ্যের ৯০% স্বনির্ভরগোষ্ঠীই মহিলা সদস্যদের দ্বারা পরিচালিত। সরকার এই খাতে ঋণ বৃদ্ধি করে, ভর্তুকির পরিমাণ বাড়িয়ে এবং 'কর্মতীর্থ'-এর মতো খোলা বাজারে বিপণনের সুযোগ করে দিয়েছে। এছাড়াও 'মিড-ডে-মিল' তৈরি করা, স্কুল ইউনিফর্ম তৈরি করা ইত্যাদি প্রকল্পে তাদের আরও বেশি করে নিযুক্ত করে স্বনির্ভরগোষ্ঠী (SHGs) কর্মধারাকে সুরক্ষিত করেছে। এই গোষ্ঠীর স্বার্থে পুরুলিয়া ও পশ্চিম মেদিনীপুরে শুরু হওয়া 'মুক্তি ধারা' প্রকল্পটি সাফল্য লাভ করেছে।

আমি রাজ্যের পিছিয়ে পড়া অনুন্নত অন্যান্য জেলা—বাঁকুড়া, বীরভূম, দক্ষিণ দিনাজপুর, কোচবিহার এবং দক্ষিণ ২৪-পরগনাকেও 'মুক্তি ধারা' প্রকল্পের আওতায় আনতে আরও ১০০ কোটি টাকার বিশেষ তহবিল তৈরির প্রস্তাব রাখছি। প্রস্তাবিত এই ১০০ কোটি টাকার সহায়তা আরও ৯০০ কোটি টাকা ঋণ পাওয়ার সুযোগ করে দেবে। ফলে সম্মিলিত অর্থ দাঁড়াবে ১,০০০ কোটি টাকা।

৬.৫ অসংগঠিত শ্রমিকদের জন্য সামাজিক নিরাপত্তা কার্ড, 'সামাজিক মুক্তি কার্ড', প্রদান

এ রাজ্যে অসংগঠিত শ্রমিকদের সংখ্যা এখন প্রায় ১.৫ কোটির মতো। এদের মধ্যে ৭২ লক্ষ অসংগঠিত শ্রমিক সরকারের বিভিন্ন সামাজিক সুরক্ষা স্কিমের আওতায় আছেন।

তার মধ্যে প্রায় ৩০ লক্ষ অসংগঠিত শ্রমিককে 'সামাজিক মুক্তি কার্ড' (স্মার্ট কার্ড) দেওয়া হয়েছে। আমরা উপরোক্ত ১.৫ কোটি অসংগঠিত শ্রমিককেই সরকারের বিভিন্ন সামাজিক সুরক্ষা স্কিমের আওতায় এনে 'সামাজিক মুক্তি কার্ড' (স্মার্ট কার্ড) ইস্যু করব। এতে অসংগঠিত শ্রমিকদের মধ্যে বিরাট সারা পড়বে।

৬.৬ পরিবহন কর্মীদের সামাজিক সুরক্ষা প্যাকেজ

রাজ্যে প্রায় ১০ লক্ষ শ্রমিক আছেন যাঁরা পরিবহনের সঙ্গে যুক্ত এবং পশ্চিমবঙ্গ পরিবহন কর্মী সামাজিক সুরক্ষা স্কিমের আওতাভুক্ত।

মাননীয়া মুখ্যমন্ত্রী, এই শ্রমিকদের সামাজিক সুরক্ষা দিতে—পরিবহন কর্মীদের জন্য মাসিক ১৫০০ টাকা পেনশান ; মাসিক ৭৫০ টাকা ফ্যামিলি পেনশান ; ১,৫০,০০০ টাকা পর্যন্ত স্বাস্থ্য সুরক্ষা ; ২৫,০০০ টাকার বিবাহ ও মাতৃত্বকালীন সুবিধা (দু'বার) এবং মৃত্যুজনিত ক্ষতিপূরণ সর্বোচ্চ ২,০০,০০০ টাকা দেওয়ার কথা সম্প্রতি ঘোষণা করেছেন। আমি মাননীয়া মুখ্যমন্ত্রীকে এর জন্য সাধুবাদ জানাতে চাই। এতগুলো জিনিস একসঙ্গে উনি অ্যানাউন্স করেছেন। বাজেটে আমি এটা রিপিট করে দিলাম।

৬.৭ অচিরাচরিত শক্তিকে ব্যবহার করার উদ্যোগ গ্রহণ

স্যার, রাজ্যে সৌর এবং বায়ু শক্তির প্রভূত সম্ভাবনা রয়েছে।

এই শক্তির সাহায্যে বিদ্যুৎ উৎপাদনের জন্য গ্রীন এনার্জি ইকুইপমেন্ট নির্মাণ সংস্থাগুলিকে ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল প্রোমোশন স্কিম, ২০১০-এর আওতায় সহায়তা দেওয়ার প্রস্তাব করছি। তারা গ্রীন এনার্জি উৎপাদন করত, কিন্তু কোনো সুবিধা পেত না। যেসব সংস্থাগুলি এই ধরনের শক্তির সাহায্যে বিদ্যুৎ উৎপাদন করবে, তাদের ১০ বছর ধরে ১০০% ভ্যাট মকুব করারও প্রস্তাব করছি। This is the Green Government—Clean and Green তার উদাহরণ।

উপসংহার

মাননীয় অধ্যক্ষ মহাশয় ও এই মহতী সদনের সকল মাননীয় সদস্যবৃন্দকে আমি ২০১৫-১৬ অর্থবর্ষের বিশেষ পরিকল্পনার বিষয়ে অবগত করছি। আমি রাজ্য পরিকল্পনা খাতে ৪৯,৫০৭ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করছি যা বিগত বছরের থেকে উল্লেখযোগ্য ভাবে ১৬% বৃদ্ধি পেয়েছে।

কর্মসংস্থানকে আমরা উন্নয়নের প্রাণস্বরূপ মনে করি। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, এই অর্থবর্ষে আমরা আমাদের লক্ষ্যমাত্রাকে ছাপিয়ে ১৬,০৬,০০০টি কর্মসংস্থানের সুযোগ করতে পেরেছি। আগামী অর্থবর্ষে (২০১৫-১৬) আরও ১৭.৫ লক্ষ নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরি করতে আমরা বদ্ধপরিকর।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সুযোগ্য নেতৃত্বে এই বাংলাকে উন্নয়নের শিখরে নিয়ে যাওয়ার অঙ্গীকার নিয়ে আমি শেষ করতে চাই কাজী নজরুল ইসলামের একটি অসাধারণ রচনা দিয়ে :

গাহি সাম্যের গান—
যেখানে আসিয়া এক হ'য়ে গেছে সব বাধা-ব্যবধান।
যেখানে মিশেছে হিন্দু-বৌদ্ধ-মুসলিম-ক্রীশ্চান।
গাহি সাম্যের গান॥

পশ্চিমবঙ্গের বার্ষিক আর্থিক বিবরণী, ২০১৫-২০১৬

(কোটি টাকার হিসাবে)

	প্রকৃত ২০১৩-২০১৪	বাজেট ২০১৪-২০১৫	সংশোধিত ২০১৪-২০১৫	বাজেট ২০১৫-২০১৬
আদায়				
১। প্রারম্ভিক তহবিল	৪০৫.৩২	(-)৭.০০	(-)২২.৭৫	(-)৩.০০
২। রাজস্ব আদায়	৭২৮৮১.৭৯	১০৫৯৭৮.২০	৯৬৪৬৬.১১	১১৩১০০.২২
৩। ঋণখাতে আদায়				
(১) সরকারী ঋণ	৪৭২৭৩.৭৫	৫৮৫৬৯.৮৯	৫৯৬৩৬.৫১	৫৯৮২৫.৯৮
(২) ঋণ	১১৫৭.৮৩	৩০৮.৫১	৩৭৮.৫৭	৩৯৭.৪৯
৪। আপন্ন তহবিল ও গণ হিসাব থেকে আদায়	২৯৯৭০৫.৮৭	২৩০৭৬৬.৮৮	৩০৬৬৬৮.৭১	৩০৬৭৪০.৩২
মোট	**৪২১৪২৪.৫৬**	**৩৯৫৬১৬.৪৮**	**৪৬৩১২৭.১৫**	**৪৮০০৬১.০১**
ব্যয়				
৫। রাজস্বখাতে ব্যয়	৯১৭৯৭.২৭	১০৫৯৭৮.২০	১০৬৮২৭.৯৮	১১৩১০০.২২
৬। মূলধনখাতে ব্যয়	৬৯২৬.৯৪	১৫১২০.৬৭	১৩৩৭৫.০১	১৫৬২৭.৬১
৭। ঋণখাতে ব্যয়				
(১) সরকারী ঋণ	২৯১৪৩.৪৭	৩৫৪৩৭.২৬	৩৮৯২০.৮৭	৩৮৮৯৪.২১
(২) ঋণ	৬৬৩.৩১	৪৭৭.৩৯	৫২৩.৬০	৭৫১.৯৭
৮। আপন্ন তহবিল ও গণ হিসাব থেকে ব্যয়	২৯২৯১৬.৩২	২৩৮৬১১.৯৬	৩০৩৪৮২.৬৯	৩১১৬৯৪.০০
৯। সমাপ্তি তহবিল	(-)২২.৭৫	(-)৯.০০	(-)৩.০০	(-)৭.০০
মোট	**৪২১৪২৪.৫৬**	**৩৯৫৬১৬.৪৮**	**৪৬৩১২৭.১৫**	**৪৮০০৬১.০১**

(কোটি টাকার হিসাবে)

		প্রকৃত ২০১৩-২০১৪	বাজেট ২০১৪-২০১৫	সংশোধিত ২০১৪-২০১৫	বাজেট ২০১৫-২০১৬
নীট ফল					
	উদ্বৃত্ত (+) ঘাটতি (-)				
(ক)	রাজস্বখাতে	(-)১৮৯১৫.৪৮	০.০০	(-)১০৩৬১.৮৭	০.০০
(খ)	রাজস্বখাতের বাইরে	১৮৪৮৭.৪১	(-)২.০০	১০৩৮১.৬২	(-)৪.০০
(গ)	প্রারম্ভিক তহবিল বাদে নীট	(-)৪২৮.০৭	(-)২.০০	১৯.৭৫	(-)৪.০০
(ঘ)	প্রারম্ভিক তহবিল সহ নীট	(-)২২.৭৫	(-)৯.০০	(-)৩.০০	(-)৭.০০
(ঙ)	নতুন প্রকল্প বাবদ ব্যয়/অতিরিক্ত বরাদ্দ/ অতিরিক্ত মহার্ঘভাতা				
	(১) রাজস্বখাতে	..	..	..	..
	(২) রাজস্বখাতের বাইরে	..	..	..	..
(চ)	নতুন প্রকল্প বাবদ ব্যয়/ অতিরিক্ত বরাদ্দ				
	(১) রাজস্বখাতে	..	..	..	..
	(২) রাজস্বখাতের বাইরে	..	..	..	..
(ছ)	রাজস্ব কর খাতে অতিরিক্ত সম্পদ সংগ্রহ	..	..	..	..
(জ)	রাজস্বখাতে নীট ঘাটতি	(-)১৮৯১৫.৪৮	০.০০	(-)১০৩৬১.৮৭	০.০০
(ঝ)	নীট উদ্বৃত্ত/ঘাটতি	(-)২২.৭৫	(-)৯.০০	(-)৩.০০	(-)৭.০০

LAYING OF FISCAL POLICY STATEMENT

Medium-Term Fiscal Policy Statement and Fiscal Policy Strategy of the Statement Government of West Bengal

Dr. Amit Mitra: Sir, I beg to lay Medium Term Fiscal Policy Statement and Fiscal Policy Strategy Statement of the Government of West Bengal.

TIME FOR TABLING THE NOTICES OF CUT MOTIONS

Mr. Speaker : Under rule 212 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly 3.00 p.m. on Wednesday, the 4th March, 2015 has been appointed as the latest time for receipt of notices of motions for reduction of Demands for Grants by this Secretariat.

While giving notices of motions for reduction of Demands, Members should mention specific grievances as briefly as possible and avoid lengthy statements.

Printed forms of notices of Cut Motions will be available from this Secretariat on week days during office hours.

Presentation of the Supplementary Estimates of the Government of West Bengal for the year 2014-15

Dr. Amit Mitra : Hon'ble Speaker Sir, I beg to present the Supplementary Estimates of the Government of West Bengal for the year 2014-2015.

TIME FOR TABLING THE NOTICES OF CUT MOTIONS

Mr. Speaker : Under rule 212 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly 3.00 p.m. on Saturday, the 28th February, 2015 has been appointed as the latest time and date for receipt of notices of Motions for reduction of Supplementary Grants of the Government of West Bengal for the year 2014-2015 by this Secretariat.

While giving notices of Motions for reduction of Demands, Members should mention specific grievances as briefly as possible and avoid lengthy statements.

Printed forms of notices of Cut Motions will be available from this Secretariat on week days during office hours.

Adjournment

The House was then adjourned at 4.09 p.m. till Saturday, the 28th February, 2015.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Saturday, the 28th February, 2015 at 10.00 a.m.

PRESENT

Mr. Speaker (**Shri Biman Banerjee**) in the Chair, 24 Ministers, 07 Ministers-of-State, 15 Parliamentary Secretaries and 122 Members.

[10.00—10.10 a.m.]

GENERAL DISCUSSION ON BUDGET

শ্রী সুভাষ নস্কর : স্যার, মাননীয় অর্থমন্ত্রী এখনো হাউসে আসেননি, তা সত্ত্বেও আমি বাজেটের উপর আমার বক্তব্য রাখছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল ভারপ্রাপ্ত অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র ২০১৫-১৬ আর্থিক বছরের জন্য যে বাজেট বিবৃতি এখানে দিয়েছেন, এক কথায় বলা যেতে পারে এটা অসত্য, অর্ধসত্য, দিশাহীন, হতাশা, করছি করব, নেই কোনো প্রত্যাশা। দেখুন না বই পড়ে। সাংঘাতিক অবস্থা। চার দিন ধরে রাজ্যপালের ভাষণের উপর আমরা এখানে আলোচনা করলাম, সরকার পক্ষের সদস্যরা বক্তব্য রাখতে গিয়ে যে ঢাক বাজালেন, দেখুন এটা পুরোপুরি রাজ্যপালের ভাষণেরই পুনরাবৃত্তি। এর চেয়ে বেশী আর কী হতে পারে ? মাননীয় অর্থমন্ত্রী একজন বিজ্ঞ অর্থনীতিবিদ্, বিদেশের অনেকদিনের অভিজ্ঞতা, গতবার তিনি বলেছিলেন তিনি আমাদের রাজ্যকে ভারতের মধ্যে প্রথম স্থানে নিয়ে যাবেন, এবারে বলছেন বিশ্বের প্রথম স্থানে নিয়ে যাবেন। মনে আছে এই সভায় তাঁর প্রথম দিনে তিনি ভালো করে বাংলা উচ্চারণ করতে পারছিলেন না। আজকে ধন্যবাদ জানাই, কী সুন্দর তাঁর বাংলায় অভিব্যক্তি, কী সুন্দর শব্দচয়ন, এই বাজেট বিবৃতির সময় কথা বলতে বলতে যেসব শব্দ বলেছেন তার প্রশংসা না করে পারছি না—অসাধারণ কৃতিত্ব, অভাবনীয় সাফল্য, নজিরবিহীন রেকর্ড, সর্বোচ্চ পুরস্কারে ভূষিত বিপুল কর্মসংস্থান, বিশ্ব জুড়ে সাড়া ! এত দিন ধরে বাংলা শিখে তিনি অসত্য ভাষণে এই শব্দগুলো জুড়ে দিয়েছেন। শুরুতেই তিনি বলেছেন ঋণের ফাঁদে জর্জরিত। চার বছর ধরে বারবার একই কাঁদুনি গেয়ে যাচ্ছেন। একবার বলছেন এই রাজ্য এগোচ্ছে ভারতের দরবার ছেড়ে বিশ্বের দরবারে প্রথম স্থানের জন্য, অন্য দিকে বলছেন ঋণের ফাঁদে পা ডুবে যাচ্ছে। এর কোনটা সত্য স্যার ? কোনো দেশ, কোনো রাজ্য যদি ঋণের ফাঁদে। জর্জরিত হয় তাহলে সেই দেশ, সেই রাজ্য কি এগোতে পারে ? এটা দিশাহীন। চারটে বছর ধরে এই যে কাঁদুনি গাইছেন, ঋণ গ্রহণ করে

না এমন কোনো সরকার আছে কোথাও ? আমাদের সারা ভারতবর্ষে, সারা বিশ্বের বিভিন্ন জায়গায় ? আমাদের দেশের কোনো রাজ্য আছে যে রাজ্য ঋণ নেয়নি। আচ্ছা, ঋণ ঋণ করে চিৎকার করছেন, ঋণ নেবেন না কেন ? অ্যাসেট তো নিয়েছেন। এই রাজ্যের বিগত সরকারের অ্যাসেট তো গ্রহণ করেছেন সেই অ্যাসেটের উপরে রং-তুলি মাখিয়ে বলছেন আমরা নতুন কিছু করলাম। বলছেন যে দু-লক্ষ পঁচাত্তর হাজার টাকা আর চার বছরে আশি হাজার কোটি টাকা ঋণ এটা কীভাবে বিশ্বের দরবারে পৌঁছবে স্যার। অন্তত আমার বোধগম্যের বাইরে। মাননীয় অর্থমন্ত্রী মহোদয়, আপনি এত সহজ বাংলা করে যখন বলছেন আমাদের বোঝার জন্য আর একটু সহজ করতে পারলেন না। রাজ্যপালের ভাষণের বক্তৃতায় আপনারা সবাই বললেন আমরা উদ্ধৃত করলাম একটা বিশেষ জায়গা। কী। আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী সারা রাজ্য ঘুরে পঁচাত্তরটা সভা করছেন। আর আমি কম বেশি হিসাব করে দেখলাম এই পঁচাত্তরটি সভায় প্রায় কাছাকাছি পঞ্চাশ হাজার প্রতিশ্রুতি দিয়েছেন। আপনি পাশাপাশি একটা চিত্র রাখুন তো। মুখ্যমন্ত্রীর দেওয়া প্রতিশ্রুতির বহর আর আপনারা এই বাজেটের বিবৃতি কোনটা সত্য তার ধারে কাছে ঘেঁসে। বলেছেন অনেক কথা আমি রাজ্য রাজ্য বলতে বলতে সুন্দরবনের একপ্রান্তে যাই। আমাদের তো ডাকেন না। নদীর এপারে কান খাড়া করে বসেছিলাম। ওপারে গোসাবার মাঠে ২০১২ সালের জানুয়ারী মাসে বক্তৃতা দিচ্ছেন মুখ্যমন্ত্রী। বলছেন এই নদী, গোসাবার মানুষের এই কষ্ট আমি দেখতে চাই না। আমি এখানে দাঁড়িয়ে ৭০ কোটি টাকা বরাদ্দ করলাম। গোসাবা আর বকখালি ব্রীজের। ২০১২ সালের জানুয়ারী। আজকে গোসাবার বিধায়ক আছেন। সুন্দরবনের অনেক বিধায়ক আছেন। একটা সুন্দরবনের ব্রীজ করে নাচানাচি। নেচে নেচে বলছেন কত লম্বা কী সুন্দর ! আহারে ! আর আমরা ব্রীজগুলোর ডিপি আর করে রেখেছিলাম, ডিটেলস প্রোজেক্ট রিপোর্ট, তার ধারে ভারে ছুঁলেন না কেন ? কেন ? গোসাবার উল্টো দিকে পাঠানখালি গোসাবা যাওয়ার আর একটা রাস্তা, চুলোখালি থেকে গোসাবা যাওয়ার আর একটা ব্রীজ রামপুর থেকে জেলেখালি সন্দেশখালি যাওয়ার আর একটা ব্রীজ এই সব যে ডি পি আর করা হয়েছিল সেগুলোর ধারে ভারে গেলেন না। এত অসত্য কথা বললেন যে কত ব্রীজ করছেন। কেন বলুন তো ? কোনো সত্যাদি সত্য বলছেন যে ডিজিটাল রেশন কার্ড করেছেন সাত কোটি আশি লক্ষ। বলুন না, সব বিধায়করা আছেন। হাত তুলে বুকে হাত দিয়ে বলুন কার এলাকায় কটা ডিজিটাল রেশন কার্ড হয়েছে ? আপনি হয়েছে বলেছেন, কেন হবে বলেননি ? বলছেন একশো দিনের কাজের শ্রম দিবসে শ্রেষ্ঠ পুরস্কার। আচ্ছা, মাটির সঙ্গে সম্পর্ক আছে যারা মাটি কাটে, অর্থমন্ত্রী তাদের কাছে গিয়ে দেখেছেন ? পঞ্চায়েত মন্ত্রী তাদের কাছে গিয়ে দেখেছেন ? একজন মজুর একদিনের একটা শ্রমদিবসের মাটির মজুরী হচ্ছে ১৩৯ টাকা। একটু বেশি। ৬২ স্কোয়ার ফিট মাটি কেটে তার মজুরী নিয়ে বাড়িতে চলে ? কমপক্ষে একদিনে তিনটে শ্রমদিবসের মজুরী না হলে তিনশো টাকার উপরে, চারশো টাকার কাছাকাছি না হলে একটা মানুষের প্রতিদিনের রোজ হয় না। আর আপনি একদিনের কাজকে তিনগুণ করে শ্রম দিবস দেখিয়ে বলছেন সর্বোচ্চ, সর্বশ্রেষ্ঠ পুরস্কার। এত অসত্য কথা ! বলছেন এই শিক্ষা প্রতিষ্ঠান

বেড়েছে। শিক্ষা প্রতিষ্ঠান বেড়েছে শিক্ষক বিহীন। কলেজ, স্কুল, বিশ্ববিদ্যালয় এইগুলো বাড়িয়েছেন। শিক্ষক কোথায় ? যেগুলো চলছে খুঁড়িয়ে খুঁড়িয়ে চলছে। আবার নতুন বাড়িয়ে যাচ্ছেন।

[10.10—10.20 a.m.]

কেন বলছেন এই কথা। হাজার টাকা না দিলে তফশিলি জাতি-উপজাতি, ও.বি.সি.-রা শংসাপত্র পায় না। পিছন থেকে হাজার টাকার নোট দিতে হয়। জানেন ? ধরা পড়েছে। হাতে নাতে ধরিয়ে দেওয়া হয়েছে। অ্যারেস্ট হয়েছে। তারপরেও ব্যবস্থা নেননি। যত জাল সার্টিফিকেট চলে গেছে এস ডি ও সাহেবের সই জাল করে। ক্যানিং-এর মহকুমা শাসকও স্বীকার করেছেন। কিন্তু বাতিল করেননি। সেই ভুয়ো সার্টিফিকেট দেখিয়ে তারা অন্য সুযোগ-সুবিধা পাচ্ছেন। বলছেন রাস্তা অনেক বাড়িয়েছেন। রাজ্য জুড়ে রাস্তায় একেবারে ভরিয়ে দিয়েছেন। পুরানো গ্রামীণ রাস্তাগুলির চেহারা যে ছিল সেখানে খানাখন্দে ডোবাতে ভর্তি। বাস চলে না। রিকশা, ভ্যান, অটো বন্ধ হয়ে গেছে। বড় চাকার বাসগুলি যে চলছিল তাও মাঝে মাঝে তারা বন্ধ করে দিচ্ছে। গ্রামের রাস্তাগুলির এই দুরবস্থা। শহর ঘেঁষা দুরপাল্লার রাস্তাগুলি চকচকে করে দিলে সারা রাজ্যের রাস্তাঘাট তার কোনো নির্মাণ হয় না। এত অসত্য কথা কেন বলেন ? আমি কটা বিষয়ে রাজ্যপালের ভাষণে বলেছি। এবারেও বলছি। দয়া করে একবার কেউ উত্তর দেবেন ? কেন দেন না জানি না। এই সুন্দরবন বলে চিৎকার করেছেন। পাঁচ হাজার বত্রিশ কোটি টাকার আয়লার চার বছরের মেয়াদে এই লাস্ট ইয়ার যাচ্ছে। নদীর বাঁধ রক্ষা করার কথা ছিল। পাঁচ কিলোমিটারেরও বেশী কেন রক্ষা করা হল না। পাঁচশো পঁচিশ কোটি টাকা এই পাঁচ হাজার বত্রিশ কোটি টাকার মধ্যে এই দু-হাজার দশ সালে পাঁচশো পঁচিশ কোটি প্রথম ধাপে কেন্দ্রীয় বরাদ্দের চারশো কোটি টাকা এখনও খরচ করে শেষ করতে পারলেন না। কাদের ভরসায় আপনারা এত বড় কথা বলছেন। এই রাজ্যকে সাজিয়ে দেবেন। সামনে নির্বাচন, তাই গাল ভরা গল্প ফেঁদেছেন। কেন বলতে পারছে না কৃষিকর বাবদ পনেরো কোটি টাকার জায়গায় নয় কোটি টাকা আদায় হল। আপনার রাজস্ব সংগ্রহে পাঁচ হাজার তিনশো একান্ন দশমিক সাত ছয় কোটি টাকা কম রাজস্ব আদায় হয়েছে। তারপর কৃষিতে পনেরো কোটি টাকার জায়গায় নয় কোটি। ভূমি রাজস্ব খাতে দু-হাজার আটশো উনত্রিশ কোটির জায়গায় দু-হাজার তিনশো ছেষট্টি কোটি। স্ট্যাম্প ডিউটি পাঁচ হাজার তিনশো নিরানব্বই কোটির জায়গায় সংগ্রহ হয়েছে চার হাজার দুশো সাতান্ন কোটি। আবগারী শুল্কে যেখানে সব থেকে গর্ব করেন আপনারা, সেখানে তিন হাজার আটশো দশ কোটির জায়গায় সংগ্রহ হয়েছে তিন হাজার ছয়শো একান্ন কোটি। বিক্রয়কর বাবদ সাতাশ হাজার চারশো বাহাত্তর কোটির জায়গায় চব্বিশ হাজার নয়শো বিরানব্বই। পণ্য প্রবেশ করে এক হাজার ছয়শো একান্ন কোটির জায়গায় আটশো উনসত্তর কোটি। কোথায় নিয়ে যাচ্ছেন ! অসত্যের বাক্যবুলিতে বাজেট বরাদ্দ। এক কথা রিপিট করে আটান্ন পাতায় তিনবার করে বলেছেন। কতবার ঢাক বাজাবেন। একটা সাফল্য আমরা স্বীকার করি। যা আমাদের রাজ্যের মেয়েদের এই কন্যাশ্রী প্রকল্প একটা গর্বের কাজ। কিন্তু ঢাক বাজাবেন কতবার ! একই কথার পুনরাবৃত্তি ঘটিয়েছেন। স্যার, লজ্জা হয় না,

আমাদের রাজ্যের এতবড় একটা গর্ব ছিল ওই তিস্তা জাতীয় প্রকল্প। চিৎকার করেছিলেন উনি মুখ্যমন্ত্রী, যখন কেন্দ্রের মন্ত্রী ছিলেন তখন আমরা সর্বদলীয় দরবার করতে গিয়েছিলাম। সর্বদলীয় কমিটি গিয়েছিলাম। আজকে শুকিয়ে দিলেন ? তিস্তা জাতীয় প্রকল্পে একবারও অর্থমন্ত্রী টাকা বরাদ্দ করছেন না। আর রাজ্যপালের ভাষণে তো নেই। সেদিনও বললাম। স্যার, সেই কারণে বলি সম্পূর্ণ অসত্য, দিশাহীন বাজী ধরার মতো বাজেট করছেন। এই বাজেট লোকের কাছে একটা খারাপ স্বপ্ন যাবে, যারা স্বপ্ন দেখছিলেন। সম্পূর্ণ অসত্য বাজেট করেছেন। তাই কিছুতেই এই বাজেটকে সমর্থন করা যায় না।

শ্রী বিপ্লব রায়চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গতকাল এই মহতী সদনে অর্থ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ডঃ অমিত মিত্র যে বাজেট বিবৃতি পেশ করেছেন, তাকে আমি পূর্ণ সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা মাত্র ৮ মাস আগে "আচ্ছে দিন আনেওয়ালে হ্যায়" এক আদমিকে দেখেছি। সেই ভদ্রলোক ১০ লক্ষ টাকার কোট পরে ভারতবর্ষে "আচ্ছে দিন" আনবার জন্য স্বপ্ন দেখিয়েছেন আমাদের। তারপর স্বপ্ন বারে বারে ঠোক্কর খেতে খেতে মুখ থুবড়ে পড়ছে। কোট বিক্রি হয়ে গেল। এখন আবার কেমন করে নতুন স্বপ্ন দেখাবেন আমরা জানি না। আমি গতকাল ডঃ অমিত মিত্রের বাজেট শুনছিলাম। এই হাউসে পুরোনো সদস্য হওয়ার সুবাদে এই ধরনের বাজেট বক্তৃতা আমরা আগেও শুনেছি। আমি সুভাষবাবুর কথা শুনছিলাম, আর মনে মনে ভাবছিলাম, গত কালকেই সম্ভবত ডাঃ সূর্য্যকান্ত মিশ্র বক্তব্য রাখতে গিয়ে বলছিলেন যে, হ্যাঁ, গ্রামে গ্রামে নানা জায়গাতে রাস্তা-ঘাট তৈরি হচ্ছে। দেখে আনন্দ হয়। এই রকম নানা উন্নয়নমূলক কাজের কথা তাদের মনে হয় যখন তারা বাইরে রাস্তায় ঘোরেন। আর যখন বিধানসভার মধ্যে আসেন, তখন তাদের মনে হয়, কিছু মিথ্যা কথা বলব, কিছু বিরোধীপক্ষের কথা বলব— এই ধরনের কথা কিছু তৈরি করে না নিয়ে এলে সংবাদপত্রে কালকে শিরোনাম হওয়া যাবে না। সেই জন্য ওরা এই ধরনের কথাবার্তা বলেন এবং আমার প্রবীণ মানুষদের দেখলে কষ্ট হয়, দুঃখ হয় এই ধরনের কথা তারা কেন বলেন। এক ঝলকে যদি বাজেটটা সম্বন্ধে আলোচনা করতে হয়, তাহলে বলতে হবে, এই বাজেটটা সংহারের বাজেট নয়, এই বাজেট সংস্কারের বাজেট, অগ্রগতির বাজেট, দিশা দেখানোর বাজেট। একটু আগে সুভাষবাবুও বললেন যে, হ্যাঁ, একটা মৌলিক পরিবর্তন আপনারা করেছেন। 'কন্যাশ্রী' প্রকল্প বা মেয়েদের ক্ষেত্রে একটা যে বিপুল পরিবর্তন এনেছেন, তা আমাদের স্বীকার করতেই হবে। আসলে উনি কোনো কোনো ক্ষেত্রে পালিয়ে যেতে পারেন না বলে এটাকে স্বীকার করেন, অন্যগুলোর ক্ষেত্রে উনি দেখতে পান না ভালো করে। আমরা বুঝতে পারি না কৃষিতে যখন ২৯% বাজেট বৃদ্ধি হয়, তখন সুভাষবাবু কেন চুপ করে থাকেন। খাদ্য সরবরাহের ক্ষেত্রে ১৫%, পঞ্চায়েত-গ্রামোন্নয়নের ক্ষেত্রে ১৫%, জল সম্পদ, স্বাস্থ্য পরিবার কল্যাণ, বিদ্যালয় শিক্ষা-এগুলোতে কোনোটায় ১৫%, কোনোটায় ৭০% যখন বাজেট বৃদ্ধি হয়, তখন কেন উনি চুপ করে থাকেন ? কেন উনি দেখতে পান না পূর্ত, সড়ক পরিবহনে ১০০% বাজেট বাড়ানো হয়েছে। এই ব্যাপারে কেন সুভাষবাবুর মতো প্রবীণ মানুষরা দেখতে পান না ? সেটা আমি বুঝতে পারলাম না। আসলে অনেক কিছুতে চুপ করে থাকতে হয়, অনেক কথা বলা যায় না বাজেটে দলগত কারণে, তা আমরা সুভাষবাবুকে দেখলে বুঝতে পারি।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা যখন এই বাজেটটা পড়ি, তখন আমরা দেখি, উন্নয়ন শুধু উন্নয়নের কথা নয়, উন্নয়ন যে কীভাবে মানুষের মনের মধ্যে সাড়া জাগাচ্ছে, তা অভূতপূর্ব, তা আমরা বুঝতে পারি। আমি যখন দেখি স্বাস্থ্য ক্ষেত্রে, শুধু স্বাস্থ্য ক্ষেত্রের কথাই বলি—স্বাস্থ্য ক্ষেত্রে এর আগে ওরা যখন ক্ষমতায় ছিলেন, তখন ৫০ হাজার ৩৮০ বেড ছিল। মাত্র তিন বছরে কী করে সেটা ২৪ হাজার বেড়ে গিয়ে ৭৪ হাজারে পৌঁছায় তা আমরা বুঝতে পারি না। আমরা বুঝতে পারি শুধু মাত্র স্বাস্থ্যমন্ত্রীকে দেখলে, তাঁর তৎপরতা দেখলে। আমরা বুঝতে পারি কী অসাধারণ পরিবর্তন ঘটছে স্বাস্থ্য ক্ষেত্রে। আমাদের কাছে প্রত্যেক দিন বিধায়ক হিসেবে কত মানুষ আসেন, তারা এসে বলেন, আমার বাবা অসুস্থ, আমার ভাই অসুস্থ—একটু পি.জি. হাসপাতালে ভর্তি করে দিন। সবার ধারণা পি.জি. হাসপাতাল বা কলকাতার হাসপাতালগুলোয় গেলে ওখানে বোধহয় চিকিৎসা হয়। জেলা হাসপাতালগুলোতে যে চিকিৎসা হয়, তার পরিবর্তন ঘটাবার জন্য স্বাস্থ্যমন্ত্রী কী অসাধারণ উদ্যোগ নিয়েছেন, তা সুভাষবাবু দেখতে পাচ্ছেন না। আমরা দেখতে পাচ্ছি। এর আগে ওদের সময় যখন পি.জি. হাসপাতালে যেতাম, তখন দেখতাম হাসপাতালের বেডে রোগী শুয়ে আছেন, নীচে রোগী শুয়ে আছেন, বারান্দায় রোগী শুয়ে আছেন, রাস্তায় রোগী শুয়ে আছেন। আজকে পি.জি. হাসপাতালে গেলে আমার বন্ধুরা বলছেন যে, না, এখন আর ওইরকম ভিড় নেই। আমি জিজ্ঞাসা করি কেন ভিড় নেই? বলছে, জেলা হাসপাতালগুলোতে এখন ডায়ালিসিস পর্যন্ত হচ্ছে এবং তার ফলে যে বিপুল উন্নতি হচ্ছে, তার ফলে রোগীরা সেই সব জায়গায় চলে যাচ্ছেন। আর ওই সমস্ত হাসপাতালে শহরাঞ্চলে তেমনভাবে ভিড় করছেন না এবং এই ভিড় না করার একটা মৌলিক কারণ হচ্ছে উন্নতি এবং এই উন্নতিগুলো লক্ষ করতে হবে সুভাষবাবুদের। ন্যায্য মূল্যের ওষুধের দোকানের কথাটা সুভাষবাবুর কাছ থেকে শুনবো আশা করেছিলাম। হ্যাঁ, নিশ্চয়ই কিছু কিছু ভুল আছে, কিছু কিছু ত্রুটি আছে।

[10.20—10.30 a.m.]

কিন্তু ন্যায্য মূল্যের ওষুধের দোকানের ব্যাপারটা আপনার নজর এড়িয়ে গেল। এই রকম একটা অসাধারণ উদ্যোগ, যার ফলে পশ্চিমবঙ্গে ৫৪৪ কোটি টাকার বিক্রয় মূল্যের ওষুধে ৩৬৪ কোটি টাকা ছাড় পেয়েছে রোগীরা। এই দৃশ্য আপনার নজর এড়িয়ে গেল? প্রবীণ মানুষ হিসাবে এটা আমরা আশা করিনি। প্রত্যেকটা জায়গাতে, শিশুদের চিকিৎসার জন্য কী অসাধারণ উদ্যোগ গ্রহণ করা হয়েছে নানা জায়গাতে। নতুন নতুন নিওনেটাল ইনটেনসিভ কেয়ার ইউনিট থেকে আরম্ভ করে সিক নিউ বর্ন স্টেরিলাইজেশান ইউনিট থেকে আরম্ভ করে কত নতুন কাজ করা হচ্ছে ভাবলে অবাক হতে হয়। যে উদ্যোগ ওদের বেলায় আমরা দেখিনি। ওষুধ এবং সাজসরঞ্জামের ক্ষেত্রে ওদের আমলে বরাদ্দ ছিল ৮০ কোটি টাকা, সেটাকে বাড়িয়ে কীভাবে ৪০৩ কোটি টাকা, ৫ গুণ বাড়িয়ে দেওয়া হয়েছে। আপনি ভাবতে পারেন ৫ গুণ বেড়ে গেছে শুধু স্বাস্থ্যক্ষেত্রে এবং ওষুধ ও অন্যান্য জিনিসের ক্ষেত্রে। হ্যাঁ, এখনো কিছু অভাব আছে, এটাকে ৪০০ কোটি টাকা থেকে ৬০০ কোটি টাকা করলে আমরা খুশী হতাম। কিন্তু সমস্ত ক্ষেত্রে সামঞ্জস্য বিধান করে কাজ করতে হবে এটা

আমাদের মনে রাখতে হবে। পি.ডব্লু.ডি. মিনিস্টার এখানে আছেন, তিনি কালকে বাজেট দেখে হেসে কথা বলছেন, বলছেন পি.ডব্লু.ডি.-তে আমার বাজেট বেড়ে গেছে ১০০%। উনি এতদিন পর্যন্ত চিৎকার করতেন, উনি বলতেন সমস্ত বিধায়করা, মন্ত্রীরা আমাকে এসে বলছেন আমাকে এই রাস্তা করে দিতে হবে, আমার এলাকায় ওই রাস্তা করে দিতে হবে, ওই ব্রীজ করে দিতে হবে। টাকা পাব কোথায় ? এই প্রথম উনি হেসে বললেন আমার বাজেট ১০০% বেড়ে গেছে, নিশ্চয়ই আমি বুক ফুলিয়ে কাজ করব। এই কাজ মানুষের কাজ, জনগণের কাজ, এটা শুধু তৃণমূল কংগ্রেসের কাজ নয়। সুভাষবাবুর এলাকাতেও যাতে রাস্তা তৈরী হয় তার জন্য সুভাষবাবুও যেমন চেষ্টা করে তাঁর কাছে যাবেন, তখন সুভাষবাবুকে তিনি আশ্বস্ত করবেন আপনি আশ্বস্ত থাকুন আপনার কাজও হবে। এইভাবে যখন চতুর্দিকের উন্নয়নের কাজ চলছে তখন এগুলো যাঁরা দেখতে পান না, তাঁরা সংবাদপত্রের পাতায় পরের দিন নিজের নামটাকে কেমন করে ঢোকাতে পারেন তার জন্য চেষ্টা করে যান। কিন্তু এই চেষ্টা সফল হবে না আপনাদের। আমি আপনাদের অত্যন্ত বিনীতভাবে বলতে পারি, আপনারা অনেকেই অসম্ভব সমালোচনা করেছেন নানা ক্ষেত্রে, নানা জায়গাতে। সমালোচনা করবেনই আপনারা, এটা আপনাদের কাজ, বিরোধীপক্ষে থাকলে এটা করতে হয়। কিন্তু ৫৭টা নতুন থানা, তার মধ্যে ২০টা মহিলা থানা তৈরী হয়েছে, আর ৫টা সাইবার ক্রাইম পুলিশ স্টেশন তৈরী হয়েছে, এগুলো আপনাদের নজরে আসছে না কেন তা বুঝতে পারি না। নিশ্চয়ই পুলিশে এখনো কিছু ত্রুটি আছে, এখনো কিছু অসুবিধা আছে, কিন্তু এই অসুবিধাগুলোর মধ্যে একটা বড় অসুবিধা আপনারা ৩৪ বছর ক্ষমতায় থেকে ওদের অভ্যাস খারাপ করে দিয়েছিলেন। ওদের অভ্যেস ভালো করার জন্য মাত্র সাড়ে তিন বছর সময়টা যথেষ্ট নয়, এই সময়টাকে একটু বাড়িয়ে দিলে হয়তো পরের ৫ বছরে দেখা যাবে ওদের অভ্যেসগুলো অনেকটা আমরা পাল্টাতে পেরেছি। হ্যাঁ, তখন আপনারা বুঝতে পারবেন যে কেমন করে এগুলো পাল্টানো যায়। তার জন্য আমরা চেষ্টা করছি। এবং এই চেষ্টাগুলো যে এগোচ্ছে তা আপনারা নিজেরাই বুঝতে পারছেন। আপনারা দেখছেন নানা জায়গায় যে উন্নয়নগুলো হচ্ছে সে উন্নয়নগুলো শুধু উন্নয়ন নয়, মুখের নয়, আস্তে আস্তে ক্রমাগত এগোচ্ছে, আমরা ক্রমাগত এগোচ্ছি। সংখ্যালঘু সম্প্রদায়ের উন্নয়নের ক্ষেত্রে যে বিপুল পরিবর্তন হচ্ছে সেই বিপুল পরিবর্তন নিশ্চয়ই আপনাদের নজরে পড়েছে। আপনারা হয়তো তার জন্য উদ্বিগ্ন যে ওই সমস্ত মানুষেরা হয়তো আর আগের মতো আপনাদের সমর্থন করবে না। সমর্থনগুলো পিছিয়ে এই দিকে চলে এসেছে। সেই কাজের জন্য আপনারা উদ্বিগ্ন হতে পারেন। কিন্তু একথা ভেবে আপনারা খুশী হবেন যে ২৯৮ কোটি টাকা ব্যয়ে নিউটাউনে আলিয়া ইউনিভার্সিটি ক্যাম্পাস তৈরী হয়েছে, সেই ক্যাম্পাসটা অসাধারণ। গতকাল আমরা সূর্য্যবাবুর বক্তব্য শুনছিলাম, তিনি বলছিলেন যে আমরাও কিছু কিছু কাজ শুরু করেছিলাম। তার জন্য আপনাদের ধন্যবাদ দেব। কিন্তু সেই সঙ্গে আমরাও যে বড় কাজ করেছি তার জন্য আমাদেরও যে ধন্যবাদ প্রাপ্য সেটা যদি না দেন—আপনারা কিন্তু পালিয়ে বেড়াবার জন্য মুখ লুকিয়ে বেড়াচ্ছেন, এটা কিন্তু করবেন না। আপনারা দেখুন অন্যান্য ক্ষেত্রেও যে উন্নয়নগুলো হচ্ছে

সে উন্নয়নগুলো। একটা বড় কাজ হাতে নেওয়া হয়েছে, স্বনির্ভর গোষ্ঠী এবং স্বনিযুক্তি গোষ্ঠী এবং তাতে যে উদ্যোগ নেওয়া হচ্ছে সে উদ্যোগটা যে অসাধারণ তা আপনারা নিজেরাও বুঝতে পারেন। এবং এইভাবে সেই কাজগুলো করে করে আমরা যেভাবে এগোচ্ছি তার ফলে। উত্তরবঙ্গের ক্ষেত্রে সুভাষবাবু নিশ্চয়ই জানেন, উনি এই বিধানসভার একজন পুরনো সদস্য, উনি মন্ত্রীও ছিলেন, উত্তরবঙ্গ আগে কী রকম অবহেলিত ছিল। এখন নতুন করে উত্তরবঙ্গে একটা নতুন রাইটার্স বিল্ডিং তৈরী হয়েছে। সেই এলাকার মানুষকে এখানে আসতে হবে না। এই এলাকার মানুষকে সেখান থেকে তার সমস্যার সমাধানের কথা মিটিয়ে ফেলতে পারবে। তার উদ্যোগ হয়েছে এটা আপনরা ৩৪ বছর ক্ষমতায় ছিলেন, কেন আপনাদের মাথায় এটা ঢুকলো না সেটা বুঝতে পারলাম না। আপনারা উদ্বিগ্ন হন। আপনারা উদ্বিগ্ন হন যখন এই বাজেটে বলা হচ্ছে আমরা মেয়েদের ক্ষেত্রে আরও বেশি করে সাইকেল দেব এবং পরে আরও বেশি করে এগিয়ে যাব। এতে আপনারা উদ্বিগ্ন হন। কেন উদ্বিগ্ন হন ? যারা অবহেলিত ছিল তাদের আমরা আরও বেশি করে স্বয়ংসম্ভর করবার জন্য, সম্পূর্ণ করবার জন্য যে চেষ্টা করছি সেই চেষ্টার জন্য আপনারা উদ্বিগ্ন হচ্ছেন ফলে ওই মানুষেরা আর আপনাদের সমর্থন করবে না। আমি গত পরশু দিন এই মহতী সদনে বলছিলাম বিদ্যুতের ক্ষেত্রে এখন আর কেউ নতুন করে কথা বলেন না। কেউ কথা বলেন না। আপনাদের সময় আমি এই হাউসের মেম্বার ছিলাম তখন শঙ্কর সেন মহাশয় সরকারের পক্ষ থেকে একটা বিবৃতি দিয়ে বলেছিলেন যে, যেখানে যেখানে থার্মাল পাওয়ার হচ্ছে সেখানে থার্মাল পাওয়ারের চারপাশে ১০ কিলোমিটার পর্যন্ত বিদ্যুৎ বিনা পয়সায় করে দেবেন। তারপরে শঙ্কর সেন কতদিন বিদায় নিয়ে চলে গেছেন। পরবর্তী বিদ্যুৎমন্ত্রীও বিদায় নিয়ে চলে গেছেন। তারপরের বিদ্যুৎ মন্ত্রীও চলে গেছেন। তারপর আপনারা ঝাড়ে বংশে সবাই বিদায় নিয়ে চলে গেছেন কিন্তু এখন নতুন বিদ্যুৎ মন্ত্রী এসেছেন। তিনি নতুন উদ্যোগ নিয়েছেন। সেই উদ্যোগে আগামী দিনে কী কী চাহিদা সেটা ভেবে তার জন্য যে নতুন করে বিদ্যুৎ উৎপাদন ক্ষেত্র তৈরী করা দরকার তা করেছেন। যেটা আরও বেশি গুরুত্বপূর্ণ আমরা জল বিদ্যুতের ক্ষেত্রে বেশি গুরুত্ব দিচ্ছিলাম না কিন্তু এই বিদ্যুৎ মন্ত্রীকে আমি ধন্যবাদ দেব। দার্জিলিংয়ে যে চারটি জল বিদ্যুৎ কেন্দ্র তৈরী করেছেন তার উৎপাদন ক্ষমতা আমাদের যখন কাজে লাগবে তখন তা আমাদের অসাধারণ উপকার করবে তাতে কোনো সহেন্দ নেই। এইভাবে আমরা যখন এগিয়ে যাচ্ছি তখন আপনি উদ্বিগ্ন হচ্ছেন। আপনি আরও উদ্বিগ্ন হবেন। আমরা ভ্যাট প্রদানের ক্ষেত্রে আগে বার্ষিক টার্ন ওভারের সীমা ছিল ৫ লক্ষ টাকা। আমরা সেটাকে বাড়িয়ে ১০ লক্ষ টাকা করেছি। এর ফলে যে ২০ হাজার ছোটো ব্যবসায়ী ভ্যাট থেকে ছাড় পাবেন তারা এই সরকারকে দু-হাত তুলে আর্শীবাদ করে বলছেন, আমাদের আপনি আরও কথা বলবার জায়গা করে দিয়েছেন, সুযোগ করে দিয়েছেন ফলে আমরা আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। যত আমরা এইভাবে এগোবো তত আপনারা দেখবেন যে অ্যাসেস্টমেন্ট, ভ্যাট থেকে আরম্ভ করে নানান প্রি-অ্যাসেস্টমেন্ট এগুলোর সুযোগ বৃদ্ধি করা হয়েছে। বৃত্তি কর রেজিস্ট্রেশানের ক্ষেত্রে অনেক সহজ করে দেওয়া হয়েছে। ভ্যাটের ট্যাক্স রিফান্ডের ক্ষেত্রে সময় লাগত ৮ থেকে ১০ মাস বর্তমানে সেটাকে কমিয়ে ১ মাস

করা হয়েছে। তার ফলে যে বিপুল সুবিধা হয়েছে তা সমস্ত ব্যবসায়ীরা অনুভব করছেন এবং কালকে তারা বলেছেন সে কথাটা। চতুর্দিকে নানাভাবে যে উন্নয়নের সুযোগ দেওয়া হচ্ছে সেই সুযোগটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। স্ট্যাম্প ফি-কে ছাড় দেওয়া হয়েছে। যেটা আগে ৩০ লক্ষ টাকা ছিল সেটাকে বাড়িয়ে ৪০ লক্ষ টাকা করা হয়েছে। মানুষের ক্রয় ক্ষমতা আগের চেয়ে বেড়েছে ফলে তারা আগের চেয়ে বেশি টাকা ইনভেস্ট করে তাদের সম্পত্তি কিনছেন। তার ফলে তাদের যে ১% স্ট্যাম্প ডিউটি ছাড় দেওয়া হচ্ছে এর ফলে তারা অনেক উপকৃত হবেন এটা আমার সবাই দেখতে পারছি। সাইকেল দেওয়ার ক্ষেত্রে যে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত, সবাই জানেন সাইকেল হচ্ছে একটা দূষণহীন যান। যে যান ব্যবহার করলে ছেলেমেয়েরা আরও বেশি করে নিজেদের স্বাস্থ্য ভালো রাখতে পারবে, পড়াশুনার ক্ষেত্রে আরও বেশি করে সুযোগ-সুবিধা পাবেন এবং গ্রামাঞ্চলে একটা অদ্ভুত বিপ্লব হবে। কত মানুষ অভিযোগ করে আমাদের কাছে এসে, বলে আমার ছেলেটা—টাকা কোথায় জোগাড় করব সেটা ভেবে আপনাকে উদ্বিগ্ন হতে হবে না। উদ্বিগ্ন যিনি হবেন তিনি তার ব্যবস্থা করবেন। আপনি উদ্বিগ্ন হবেন না, নিজের স্বাস্থ্য নষ্ট করবেন না। আপনি ভালো থাকুন। আমি আপনাকে দুটো কথা ছোট্ট করে বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আমাদের খাদ্যমন্ত্রী সম্বন্ধে বলতে চাই। সুভাষবাবু পুরনো মানুষ, উনি এখানে খাদ্যমন্ত্রীকে দেখেছেন। আমি এই খাদ্যমন্ত্রীকে দেখেছি এর আগে। নরেন দে-কে দেখেছি, পরেশবাবুকে দেখেছি। কিন্তু আমি একজন খাদ্যমন্ত্রীকে দেখেছি যিনি আমাদের খাদ্যমন্ত্রী। এর আগে উনি কখনো মন্ত্রী ছিলেন না। উনি মাত্র সাড়ে তিন বছর মন্ত্রী আছেন। খড়গপুরের একজন কেরোসিন ব্যবসায়ী তাকে সাসপেন্ড করে ২১ কোটি টাকা ফাইন করেছেন। ঝাড়গ্রামের একজন খাদ্য ব.বসায়ীকে সাসপেন্ড করে ২৫ কোটি টাকা ফাইন করেছেন। সুভাষবাবু কি একটাও দৃষ্টান্ত দিতে পারবেন যে তাদের আমলে এরকম একজনও কাউকে সাসপেন্ড করে ২১ কোটি, ২৫ কোটি টাকা ফাইন করা হয়েছে ? তারা দুয়ারে দুয়ারে ঘুরছে কিন্তু কোনো জায়গায় কোনো সুরাহা করতে পারছে না। খাদ্যমন্ত্রীর দপ্তর থেকে বলে দেওয়া হয়েছে ওদের আমলে গান্ধীজীর ছাপ মারা যে কাগজপত্রগুলো খাদ্য দপ্তরে বিনিময় হত এখন আর সেই বিনিময় ওখানে চালু নেই। খাদ্যমন্ত্রী বলে দিয়েছেন ওই বিনিময় বামফ্রন্টে ছিল ওই বিনিময় এখানে আর চালু হবে না। ফলে ওই ২১ কোটি আর ২৫ কোটি ফাইন দিলে তবেই তুমি মুক্তি পাবে। অন্যথা তোমার মুক্তির কোনো সম্ভবনা নেই। এই যে পদ্ধতিগুলো এই পদ্ধতিগুলো সুভাষবাবু দেখতে পান না তাই তিনি এই সমস্ত কথা বলছেন।

[10.30—10.40 a.m.]

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনাকে বলি যেভাবে আসতে আসতে আজকে উন্নয়নের রথ এগিয়ে চলেছে সেই উন্নয়নের রথ আরো বেশি করে ছড়িয়ে পড়বে চতুর্দিকে এবং তার ফলে মানুষেরা আরো বেশি করে আমাদের সমর্থন করবে আরো বেশি করে এগিয়ে যাব আমরা আমাদের কাজ নিয়ে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, গীতাঞ্জলি স্কীমে আমরা মাত্র ৩ বছরের মধ্যে ৬১ হাজার বাড়ি তৈরি করেছি। এবং এ বছরে আরো ৬০ হাজার নতুন

বাড়ি তৈরি করব। মহিলাদের নিজের সুবিধার জন্য কলকাতায় ৫টা নতুন হস্টেল নির্মাণের কাজ শুরু হয়েছে। আর কলকাতা ও দক্ষিণ ২৪ পরগনায় রোগীর আত্মীয়দের রাত্রি যাপনের জন্য তিনটি রাত্রি নিবাসের কাজ শুরু হয়ে গেছে। এই ভাবে আমরা আজকে এগোচ্ছি। এই অগ্রগতি ওরা থামাতে পারবেন না। এটা আমরা দায়িত্বের সঙ্গে বলতে পারি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, ভূমি-সংস্কার-এর ক্ষেত্রে যে কাজ হয়েছে তা শুধু প্রশংসনীয় নয় বললে রীতিমতো গর্ব করে বলতে হবে যে এখনো পর্যন্ত আমরা, ওদের অনেকগুলো ওই সময় হয়েছিল এটাও স্বীকার করতে হবে। যদিও তার মধ্যে দলবাজী বেশি ছিল। কিন্তু এখন আমরা ২ লক্ষ ৩০ হাজার পাট্টা বিলি করেছি গরিব মানুষদের মধ্যে এবং সমস্ত জায়গাতে রেকর্ড রুমগুলোকে আধুনিকীকরণের জন্য কম্পিউটারাইজড হয়ে গেছে। তার ফলে এখন ওখান থেকে আর আমাদের নতুন করে কোনো আর রেজিস্ট্রেশানের কাগজপত্র পেতে কোনো অসুবিধা হচ্ছে না। এইভাবে যে আমরা যে এগিয়ে চলেছি, এই এগিয়ে চলার ব্যাপারটাই অত্যন্ত গুরুত্বপূর্ণ। পানীয় জলের ক্ষেত্রে আমি বলতে চাই আমাদের দপ্তর যে অসাধারণ কাজ করছে এর আগে আর্সেনিকযুক্ত পানীয় জল এলাকাগুলোকে কীভাবে আমরা বন্ধ করতে পারি তার জন্য নতুন যে উদ্যোগ তা শুরু হয়েছে। সেই উদ্যোগে অসংখ্য জায়গাতে ভূপৃষ্ঠের জল সরবরাহ প্রকল্প অনুমোদিত হয়েছে। এবং আমি গর্বের সঙ্গে বলতে পারি আমার এলাকাতেও ২৪১ কোটি ৭২ লক্ষ টাকা ব্যয়ে একটা ১১২টি মৌজাকে সম্পূর্ণভাবে উপকৃত করবে। এমন একটা প্রকল্প নেওয়া হয়েছে। নদীয়া, হরিণঘাটা এবং চাকদহ ব্লক এবং আরো অন্য জায়গায় মুর্শিদাবাদ জেলাতেও এইভাবে উদ্যোগ নেওয়া হয়েছে। এর ফলে আমরা যে ক্রমাগত এগিয়ে চলেছি সেই অগ্রগতি ওরা থামাতে পারবেন না। এই শিক্ষার ক্ষেত্রে যে অগ্রগতি হচ্ছে সেই অগ্রগতিও ওরা থামাতে পারবেন না। আমরা নতুন কলেজ, আমি সুভাষবাবুকে বিনীতভাবে বলি যে, ঝাড়গ্রামে আপনারাও তো অনেকদিন রাজত্ব করেছেন। ঝাড়গ্রামে মুখ্যমন্ত্রীর কাছে যখন এলাকার মানুষেরা বলছে আমাদের এখানে কলেজ নেই বলে এই ২০ কিলোমিটার এবং ৪০ কিলোমিটার দূরে আমরা পড়তে যেতে পারি না ওখানটায় নানা ধরনের সমস্যা আছে বলে। তখন মুখ্যমন্ত্রী সেই ঝাড়গ্রাম এলাকাতে তিনটে নতুন কলেজের অনুমোদন দিয়েছেন। সেই কলেজগুলোর কাজ শুরু হয়ে গেছে। সেই এলাকার মানুষ হেসে কথা বলছে। মেয়েদের থাকবার জন্য হস্টেল তৈরি করার যে উদ্যোগ করেছেন তার ফলে এলাকার মানুষ বলছেন যে আমরা এই প্রথম এমন একজনকে দেখতে পেলাম যাকে সংবেদনশীল মুখ্যমন্ত্রী বলা যেতে পারে। আমাদের অর্থমন্ত্রীর বাজেট শুনে বোঝা যাচ্ছে যে এই মানুষটি দিল্লিতে বহুদিন কাটিয়েছেন এখানে ছিলেন না। কিন্তু মাটির সঙ্গে তাঁর সম্পর্ক শূন্য হয়নি। মাটির সঙ্গে যোগাযোগ রেখে যেভাবে কাজ করেছেন তা থেকে বোঝা যায় মাটির মানুষ কীভাবে কথা বলে, মাটির মানুষের চাহিদা কী তা তিনি বুঝতে পেরেছেন। তাই এই বাজেটকে পূর্ণ সমর্থন করে আপনাদের সমস্ত সংশোধনী ইত্যাদি যা দেবেন সেগুলোকে অগ্রাহ্য করে এ বাজেটে পাশ করার জন্য আমি আবেদন জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী গতকাল এই বিধানসভায় যে বাজেট বিবৃতি দিয়েছেন সেই বাজেট বিবৃতিকে অস্বীকার করে এবং তার কোনো কোনো দিকে অস্তিত্ব সম্পর্কে আমরা সন্দেহাতীতভাবে কোনো কথা বলতে পারব না। এই কথা বলেই আমি আমার বক্তব্য শুরু করছি। স্যার, বামফ্রন্ট আমলে এখানে যারা ছিলেন মাননীয় বিপ্লববাবু বলছিলেন, উনিও ছিলেন আমিও ছিলাম। অসীমবাবু অর্থমন্ত্রী ছিলেন। এখন অমিতবাবু হয়েছেন। দু'জনেরই পামের আদ্যক্ষর 'অ'। এবং আমি আপনাকে বলছি যে, আপনাদের অসীমবাবু আর অমিতবাবুর কথা দু'জনের একটা জায়গায় ভীষণভাবে মিল আছে। সেই মিলটা হল, এরা দুইজনেই প্রাজ্ঞ ও পণ্ডিত মানুষ। অর্থনীতির সম্পর্কে যাদের কাছ থেকে আমাদের শিখতে হবে এবং তাদের পড়া তাদের বিবরণী অনেকবার ধরে ভেবে বলতে হবে, আমাদের ভাবতে হয়, এটা ঠিক বলছি না ভুল বলছি। কিন্তু দুইজনেই একই সঙ্গে যখন শুরু করতেন, অসীমবাবু শুরু করতেন তখনকার দিনে কেন্দ্রের যারা অধিকর্তা ছিলেন তাদের বিরুদ্ধে দোষারোপ করে। বলতেন, আমরা ঋণ গ্রহণ করতে বাধ্য হয়েছি। অথবা আমাদের কাজগুলো হচ্ছে না, তারা ব্যঙ্গ করে বলতেন, এই রাজ্যকে বামফ্রন্টের রাজত্ব বলে তখনকার দিনে কংগ্রেস সরকার তারা কাজ করতে দিচ্ছে না কিংবা অন্য যে সরকারই থাকুক। আর এখনো অমিতবাবু যে জায়গাটায় বসেছেন একই জায়গায়, ওখানেই অসীমবাবু বসতেন, একই কথা বলছেন যে আমরা যে কাজটা করতে পারতাম সেই কাজটা করতে পারছি না, তার কারণ দুই লক্ষ তিন হাজার, দুই লক্ষ তিন হাজার কোটি টাকার ঋণ এটা আমাদের কাছে বোঝা হয়ে দাঁড়িয়েছে। আমি শুধু মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনাকে জিজ্ঞাসা করব যে এই যে ঋণ আমরা যখন এক সঙ্গে নির্বাচন করেছি, এই ঋণটাকে সামনে রেখে নির্বাচন করেছি। আমার মনে হয়, আমরা যখন সরকারে এলাম, পরবর্তী পর্যায়ে এফ ডি আই ইস্যুতে আপনারা ভিন্ন হয়ে গেছেন, আমরা ভিন্ন হয়ে গিয়েছি। কিন্তু আমার মনে হয় যে আমরা বোধহয় খুব গভীরে গিয়ে সারা বাংলার কথা ভেবে একটা পঞ্চায়েত ইলেকশান, ৯৯টি মিউনিসিপ্যালিটির ইলেকশান, পার্লামেন্টের ইলেকশান আবার নেক্সট্ অ্যাসেমব্লী ইলেকশান এইগুলোকে অগ্রাধিকার দিয়ে তবে ক্ষমতায় আসতে হবে। কিন্তু সবটাই অগ্রাধিকার দিতে গিয়ে সারা বাংলার চরম সর্বনাশ করেছি। আমি আপনাদের বলব, একটাই কথা, ধার করাকে তখনকার দিনে এইখানে দাঁড়িয়ে হয়ত এই সিটটাই আমার ছিল না, আমি অন্য জায়গায় দাঁড়িয়ে আমি বলতাম এবং একজনের নাম বললেই আপনি বলবেন, নামটা এক্সপাঞ্জ করো। তিনি এখন বর্তমান সাংসদ, তিনিও বলতেন, তিনি তখন বিধানসভার সদস্য ছিলেন, শ্রদ্ধেয় [***], অধ্যাপক [***] ; জানিতো, আপনি ওইটা বলবেন এক্সপাঞ্জ করতে। কিন্তু না বললে বুঝতে পারতেন না।

মিঃ স্পীকার : নামটা বাদ যাবে।

শ্রী অসিত মিত্র : আমরা বলতাম তখন, সুব্রতবাবুও ছিলেন, আমরা বলতাম অসীমবাবুকে দেখিয়ে যে আপনি বোধহয় চার্বাক মুনির সঠিক শিষ্য। আজকে বলছি,

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল।'

অমিতবাবু আপনিও চার্বাক মুনির সঠিক শিষ্য। চার্বাক মুনি বলেছিলেন, "যাবৎ জীবেৎ সুখং জীবেৎ, ঋণং কৃত্বা ঘৃতং পীবেৎ।" তো, তিনিও ধার করে ঘি খেয়ে গেছেন আর আপনিও ধার করে ঘি খাচ্ছেন। এর চরম পরিণাম, আবার যদি আপনি ফিরে আসেন, পরবর্তী দিনে আপনাদের বুঝতে হবে। আপনি অস্বীকার করতে পারবেন না যে আপনি কোন দরজায় গিয়ে দাঁড়িয়েছেন। আপনি বলবেন, আমি এত প্রোডাকটিভে এই সমস্ত নানান রকম জায়গা দেখিয়ে যে আমি কীভাবে উৎপাদন বাড়াচ্ছি বা কী কর করছি। আমি আপনাকে বলছি যে, কোন জায়গাটায় আমরা গিয়েছি। স্যার, রাজস্ব ঘাটতি ২০১১-১২ সালে ছিল ১৪,৬৭৫ কোটি ৩৫ লক্ষ। ২০১২-১৩ সালে ১৩,৮১৫ কোটি ১৩ লক্ষ। ২০১৩-১৪ সালে ১৬,৪৭০ কোটি ৭৭ লক্ষ। ২০১৪-১৫তে ১০,৩৬১ কোটি, একটু কমে গিয়ে ৮৭। আর্থিক ঘাটতি, আর্থিক ঘাটতি হচ্ছে, ২০১১-১২ সালে ১৭,৭০৪। ২০১২-১৩ সালে ১৯,১৪৬। আরো কিছু আছে, আমি সেটা বলছি না। ২০১৩-১৪ সালে ২২,৯৬২ কোটি পয়েন্ট ১০। আর ২০১৪-১৫ সালে ২৩,৮৮১ কোটি ৯১ লক্ষ। ২০১৫-১৬তে ধরা হয়েছে ১৫ লক্ষ ৯৮২ কোটি ১২ লক্ষ। ঋণ আমি যেটায় আসতে চাইছি, আপনাদের '১১-'১২-তে ঋণ হচ্ছে, ২ লক্ষ ৭৭ হাজার ২ কোটি।

[10.40—10.50 a.m.]

'১২-'১৩-তে ২ লক্ষ ২৯ হাজার ৭৭৮ হাজার, '১৪-১৫তে ২ লক্ষ ৭৪ হাজার ৮০০ কোটি, '১৫-১৬-তে ২ লক্ষ ৯৯ হাজার ২৭৪ কোটি। স্যার আমি আপনাকে বলতে চাই, ওরা যাই বলুন না কেন, আপনি নিজেও বুঝতে পারছেন কোন জায়গায় যাচ্ছেন। আমি আপনাদের বলছি যে জায়গাটায় আপনারা গেছেন সেখান থেকে আপনারা একই জায়গায় যাচ্ছেন। তফাতটা এই, ওরা ৩৪ বছরে ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা ঋণ করেছিলেন। আর আপনারা ৩-৪ বছরের মধ্যেই প্রায় ৭০ হাজার কোটি টাকা ঋণের দরজায় কড়া নাড়ছেন। এটাই হচ্ছে আপনাদের অবস্থা। আমি আপনাদের কাছে একটা কথা বলি, ডঃ মিত্র আপনারা প্রাজ্ঞ চিন্তা-ভাবনা বা অর্থনৈতিক দৃষ্টিভঙ্গি সম্পর্কে আমার মনে হয় মাঝে মাঝে একটা সন্দেহ হয়। আপনি এক্সপ্লয়েট করছেন মা-মাটি-মানুষের গভর্নমেন্টকে ? Whether you are exploiting Maa-Mati-Manus or Maa-Mati-Manus is exploiting your wisdom? আপনি মা-মাটি-মানুষের গভর্নমেন্টকে যদি এক্সপ্লয়েট না করে থাকেন তাহলে আপনারা প্রাজ্ঞ চিন্তা, আপনার অর্থনৈতিক চিন্তাকে এক্সপ্লয়েট করে, কেমন করে মানুষের কাছে নতুন কিছু চিন্তা-ভাবনা পাঠিয়ে দিতে হবে তার একটা আবরণ তৈরি করে এই ধরনের বাজেট তৈরি করা হচ্ছে। আমি আজকে আপনাদের কাছে এই কথা বলব যে এই বাজেটকে সমর্থন করা, যে চিন্তাধারা নিয়ে এই বাজেটটি আপনি করেছেন, নির্বাচনী চিন্তাধারা সে বিষয়ে কোনো সন্দেহ নেই, কিন্তু এত প্রকাশ্যে এসেছে আপনাদের দৃষ্টিভঙ্গি যেখানে উন্নয়নের কোথাও কোনো লক্ষ্য থাকবে না। আমি আপনাদের কাছে একটা কথা বলছি, আপনি ৪৬ হাজার কোটি টাকা রেভিনিউ বলেছেন এবারে হবে। ওন রেভিনিউ। আমি আপনাদের বলতে চাই, আপনি যে রেভিনিউর কথা বলেছেন, এই রেভিনিউগুলো কোন কোন সেক্টর থেকে আসবে, কীভাবে আসবে সেটা খুব ক্লিয়ার করে

আপনার বিবৃতিতে বলা নেই। আমি আপনাদের একথাও বলছি, এই রেভিনিউ আদায় হয়ে যাওয়ার পরেও আপনি আরো তো কিছু টাকা পাবেন। আপনাদের কাছে কেন্দ্রীয় সরকার উল্লেখ করার মতো কোনো জায়গায় নেই। grants in aid-র ব্যাপারে budget at a glance পড়তে হবে, আপনার বিবৃতিতে নেই। আপনি বিবৃতিতে বলেননি State share, আপনি বিবৃতিতে বলেননি অন্য জায়গা থেকে কী অর্থ আসবে। আপনি আপনার বিবৃতিতে বলেছেন, বইতে আছে, আমি আপনাকে বলছি budget at a glance-এর কথা বলছেন বা অন্য বইয়ের কথা বলছেন। কিন্তু আমি আপনাকে বলছি, কেন্দ্রীয় অর্থ সাহায্য যেটা, that should be clear তা যদি না হয়, শুধুমাত্র রাজ্য সরকারের অর্থেই রাজ্য সরকার এই বাজেট করছে এটা মনে হবে। আমি আপনাকে বলছি যে একটা সময় ছিল যখন ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার কথা আপনারা বলেছিলেন। তখনও কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করেছিলেন একটা moratorium করা হোক বা মকুব করে দেওয়া হোক, ইত্যাদি ইত্যাদি। তখন কেন্দ্রে যিনি অর্থমন্ত্রী ছিলেন, আজকে যিনি মাননীয় রাষ্ট্রপতি মাননীয় প্রণববাবু, তিনি দুটো সাজেশান দিয়েছিলেন। তার মধ্যে একটা সাজেশান হল, রেভিনিউ বাড়াতে হবে। আমি আপনাকে ধন্যবাদ দিই। আপনার সরকারকে ধন্যবাদ দিই যে আপনারা রেভিনিউটাকে ২১ হাজার কোটি থেষক ৪০ হাজার কোটিতে নিয়ে গেছেন। কিন্তু মনে রাখবেন, আপনার গতবারের যা টার্গেট ছিল সেই টার্গেটে আপনারা আসতে পারেননি। আপনি যে ওন রেভিনিউ বানাচ্ছেন সেটা উনি বলেছিলেন, তার সঙ্গে আরো একটা কথা বলেছিলেন। এই কথা যখন বলেছিলেন প্রণববাবু তারপরেও আর একটা কথা বলেছিলেন। সেই কথাটা হল, যেমন করেই হোক আপনাদের প্রজেক্ট তৈরী করতে হবে, যে প্রোজেক্টে আমি টাকা দিতে পারব। আপনাদের মনে আছে নিশ্চয়, তখন কেন্দ্রে ইউ পি ও গভর্নমেন্ট ছিল, তারা বি আর জি এফ থেকে আপনাদেরকে টাকা দিয়েছিল। সেই টাকার কথা এবারের বাজেটেও আপনার উল্লেখ আছে। আজকে অনেকে হয়তো ভাবছেন সবটাই তো রাজ্য সরকারের টাকায় হচ্ছে। আপনারা বলেছেন সুপার স্পেশালিটি হাসপাতালের কথা, ঝাঁ চকচকে রাস্তার কথা, পানীয় জলের কথা ইত্যাদি ইত্যাদির কথা বলেছেন। ব্যাকওয়ার্ড এলাকাতে যে কাজগুলো হয়, এই ব্যাকওয়ার্ড এলাকার মধ্যে পশ্চিম মেদিনীপুর আছে, বাঁকুড়া আছে, পুরুলিয়া আছে এবং বীরভূম আছে। একটা কথা আপনার জেনে রাখা দরকার এই খাতে ৮,৭৫০ কোটি টাকা তিনি মঞ্জুর করেছিলেন। সম্ভবত ২০০৯ কোটি টাকা পেয়েছিলেন তখন আপনারা। আমি এবারেও দেখলাম আপনি স্বীকার করেছেন বি.আর.জি.এফ থেকে ১৭১টি পরিকল্পনাসহ ২০৮৬ কিলোমিটার পাকাপাকি রাস্তা তৈরি করা হবে এবং ১৮টি ব্রীজ নির্মাণ করা হবে, ইট ইজ ইন ইওর বাজেট স্পীচ। আমি আপনাকে বলছি, এইগুলো করা যায়, কেন্দ্রীয় সরকারের টাকায়। কিন্তু আপনারা ভুলেও তা উল্লেখ করবেন না। আজকে লেফ্‌ট ফ্রন্ট গভর্নমেন্টের কথা আমি আপনাদের কাছে বলছিলাম, একটা কথা আপনার কাছে বলি, আপনার বাজেট বিবৃতির মধ্যে পশ্চিমাঞ্চল উন্নয়ন দপ্তর পুরোপুরি অ্যাবসেন্ট কেন। আপনি উত্তরবঙ্গ উন্নয়নের কথা বলেছেন, কিন্তু পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ, যেটার মধ্যে জঙ্গলমহল পড়ে তার কথা আপনি উল্লেখ করেননি।

জঙ্গল হাসছে—জঙ্গল হাসবে কি কাঁদবে সেটা পরের কথা। এখনো সেখানে কিন্তু যৌথবাহিনী রাখতে হয়েছে। এই ব্যাপারটা নিয়ে আপনারাও নিশ্চিন্ত হতে পারছেন না, আমরাও নিশ্চিন্ত হতে পারছি না। আপনারা ভাবছেন যদি ওখান থেকে কেন্দ্রীয়বাহিনী তুলে নিই, তাহলে হয়তো আবার উগ্রপন্থীরা সেখানে শেল্টার নেবে, আবার সর্বনাশ করবে। ঠিক আছে এই ব্যাপারে আমাদের কিছু বলার নেই। এইসব এলাকার উন্নয়নের জন্য বি.আর.জি.এফ থেকে কাজ করা হয়, সেই জায়গায় আপনারা বলেছেন এতগুলো রাস্তা তৈরি করছি, কিন্তু পশ্চিমাঞ্চল উন্নয়নের কথা কেন বললেন না সেটা আমি জানি না। আমি বাজেট বক্তৃতা পড়েছি, আপনি পশ্চিমাঞ্চলের একটা সার্টেন পোর্সানের কথা বলেছেন। পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের একটা দপ্তর আছে, তার একজন মন্ত্রী আছেন, সেই দপ্তরের টাকা বাড়ানো হল, না কমানো হল এটা কিন্তু আপনি বলেননি। যখন আপনি জবাবি ভাষণ দেবেন তখন নিশ্চয় এই ব্যাপারটা বলবেন। স্যার, আমি আপনার কাছে আরেকটি কথা বলব, ইউ পি এ গভর্নমেন্ট যখন ন্যাশনাল ফুড সিকিউরিটি করলেন ২০১৩ সালে, তখন আপনারা বললেন আমাদের এখানে ৩.২ ক্রোড়স লোককে আমরা দু'টাকা কেজি দরে চাল ও অন্য জিনিস দিয়েছি তাই আমরা নেব না। প্রকাশ্যে মুখ্যমন্ত্রী বলেছেন, আপনি বলেছেন এবং সরকারের পক্ষ থেকে বলা হয়েছে, ন্যাশনাল ফুড সিকিউরিটি আমরা গ্রহণ করছি। মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি, আমি আনন্দিত, ২০১৩ সালে যেটা না বললেন, ২০১৫ সালে এসে সেটাই আবার হ্যাঁ বললেন।

[10.50—11.00 a.m.]

আমি এবারের বাজেট বক্তৃতায় দেখলাম, আপনারা বলেছেন ন্যাশনাল ফুড সিকিউরিটিকে গ্রহণ করে আরও কয়েক কোটি মানুষকে আপনারা সেখানে খাবার দেওয়ার বন্দোবস্ত করেছেন। এটা তো স্বীকার করে নেওয়া উচিত ছিল যে আপনারা ৩.২ কোটি মানুষকে দিচ্ছেন। বলছেন ২ টাকা কে.জি. দরে চাল কি ৩ টাকা কে.জি. দরে ফাটা প্যাকেট ইত্যাদি ইত্যাদি। আমি আপনাকে বলছি, ৭ কোটি লোককে দেবেন বলেছেন। সেভেন ক্রোরস, আমি আপনার বিবৃতি পড়েছি, আমি দেখেছি, তাতে বলেছেন—আমরা ৭ কোটি লোককে দেব। আজকে যদি আপনাকে প্রশ্ন করা হয়, যে আপনার সরকার অথবা আপনাদের মন্ত্রীসভা আপনারা কেন এটাকে দু-বছর আগে গ্রহণ করলেন না ? আজকে এতদিন পরে গ্রহণ করলেন। আমি আপনাকে বলছি, দুটো বছর যে সুযোগটা পাওয়ার কথা ছিল আমাদের সে সুযোগটা তো পেলাম না, বাংলার মানুষ পেল না। তার জবাব দেবে কে ? মাননীয় অর্থমন্ত্রী মহোদয়, আপনাকে আমি আবার বলছি এটা কিন্তু আমাদের রাজ্যের পক্ষে কোনো ভালো চিহ্ন বহন করে না। আমরা হয়তো মনে মনে ভাবছি, যে আমরা কেন্দ্রীয় সরকারের ওপর ডিপেন্ডেবল হব না। আমরা নিজেরা করব। আপনাদের তো কোনো রাস্তা নেই। আপনারা যেখানে ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা বলছেন মুকুব কর। সেখান থেকে এটা নেওয়া কোনো অন্যায় ছিল না। স্যার, আমি আপনাকে বলি, তার সঙ্গে আর একটা কথা বলি, শুধুমাত্র দক্ষিণ দিনাজপুর জেলা শুরু করছেন কেন বলছেন ? মাননীয় অর্থমন্ত্রী মহোদয়, আমি আপনাকে জিজ্ঞাসা করব, আপনি বলেছেন এটা আমরা গ্রহণ করে কাজ করব এবং দক্ষিণ

দিনাজপুর জেলা থেকে কাজটা শুরু করছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার প্রশ্ন হল এখানে, হোয়াই নট অল ডিস্ট্রিক্ট—কেন সমস্ত জেলাগুলো নয় ? কেন শুধুমাত্র দক্ষিণ দিনাজপুর দিয়ে শুরু করছি ? এটা আপনাকে ভেবে দেখার জন্য অনুরোধ করছি। কেন একসঙ্গে সমস্ত জেলা থেকে এই কাজ শুরু করা যাবে না ? স্যার, আমি আপনার কাছে একটা কথা বলি, কেন্দ্রীয় সরকারের স্কীম এই স্কীমগুলো রূপায়িত হচ্ছে প্রায় তারা অর্থ যোগান দিচ্ছে, বাজেট বিবৃতিতে তা থাকবে না, এটা কিছুতেই হতে পারে না। স্যার, আমি আর একটা কথা বলি, আপনি বলেছিলেন, পি.এম.জি.এস.ওয়াই. প্রকল্প—কিরকমভাবে স্যার, হাউসকে আমাদের মিসলিড করা হচ্ছে। এটা দয়া করে মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনি চিন্তা করবেন। পি.এম.জি.এস.ওয়াই. প্রকল্পে ১৯৩০ কিলোমিটার রাস্তা তৈরী হয়েছে। মাননীয় সুব্রতবাবু আছেন। বাকী ৩৮৩৮ কিলোমিটার রাস্তা পূর্ণ উদ্যমে এগিয়ে চলেছে। আমি বলছি যে পি.এম.জি.এস.ওয়াই—এর ১৯৩০ কিলোমিটার রাস্তা তৈরী হয়েছে, বাকী ৩৮৩৮ কিলোমিটার রাস্তা পূর্ণ উদ্যমে এগিয়ে চলেছে। আপনারা ২০১৪-২০১৫ সালে কত টাকা খরচ করেছেন ? ১ কোটি ১৫১ হাজার এই রকম। আমি আপনাকে জিজ্ঞাসা করি, সেটা আপনাদের এই টাকাটাতে তো এই রাস্তা হচ্ছে না। মোর দ্যান এইট্টি পার্সেন্ট টাকা তো কেন্দ্র দিচ্ছে। একবারও তো বাজেট বিবৃতিতে সে কথা লেখা নেই যে কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় হচ্ছে—কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় এ কথা লেখা নেই। লেখা আছে আমরা এই টাকা দিয়ে এত রাস্তা করছি। রাস্তা সুব্রতবাবু করছেন। এটা কি শুধুমাত্র আপনাদের টাকায় ? আমি বলছি পি.এম.জি.এস.ওয়াই. এই টাকাটা তো প্রধানমন্ত্রী সড়ক যোজনার—প্রধানমন্ত্রী সড়ক যোজনার টাকা। কেন্দ্র টাকা দেবে না, শুধু রাজ্য টাকা দিয়ে করছে এটা বিশ্বাস যোগ্য ব্যাপার ? আমি আর একটা কথা বলছি, ইন্দিরা আবাস যোজনার টাকা কেন্দ্রীয় সরকারের। রাজ্য সরকারের পক্ষ থেকে প্রচার করা হচ্ছে, স্যার, আমাকে একটু সময় দেবেন। নির্মল বাংলা মিশনের কাজ একই রকম। স্যার, বিদ্যুতের কাজ—মণীশবাবু বসে আছেন। বিদ্যুতের কাজ—রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ যোজনার কাজ হল, উল্লেখ নেই। স্বাস্থ্যের ব্যাপারে আমি অন্য কথা বলতে পারছি না, বিপ্লববাবু বলছিলেন, হাসপাতালের শয্যার সংখ্যা বেড়েছে। তাহলে আমি বলি এই হাসপাতালে শয্যার সংখ্যা বাড়ানোর পিছনে কেন্দ্রীয় সরকারের অবদান ন্যাশনাল রুবাল হেলথ মিশন, এই ন্যাশনাল রুবাল হেলথ মিশনের জন্যে। আর একটা কথা বলছি এই ন্যাশানাল রুবাল হেলথ্ মিশনের টাকায় এবং আরো একটা কথা জেনে রেখে দিন যে, এস.এস.কে.এম. হাসপাতালে কীভাবে বেড বাড়ানো হয়েছে, দেখে আসুন (এই সময় লাল বাতি জ্বলে ওঠে) সিঁড়ির কাছ থেকে আরম্ভ করে, রাস্তা-ঘাট, বারান্দা কোথাও বাকি নেই এবং একই সঙ্গে আমি আপনাদের কাছে এটা বলব, যে এস.এস.কে.এম. হসপিটালে একটা পার্ট তৈরি করা হয়েছিল যেখানে সদ্যোজাত বাচ্চাদের বাঁচানোর জন্য।...(নয়েজ)....এবং সেখানে এই ৫৪ লক্ষ টাকা দেওয়া হয়েছিল এই সদ্যোজাত শিশুদের যাতে তাদের বাঁচানো যায় তার জন্য ৫৪ লক্ষ টাকা দিয়ে একটা স্কীম তৈরি করে দেওয়া হয়েছিল। এখন সেই স্কীমটা বন্ধ হয়ে যাচ্ছে।.....(নয়েজ)....আমি কারও দালালি করিনি, আমি শুধু এইটা বলতে চাইছি, যেটা আপনারা বলছেন.....(নয়েজ).....শুনে রেখে দিন....(নয়েজ)....আজকে কেন্দ্রে

বি.জে.পি. সরকার থাকতে পারে, আমি যখনকার কথা বলছি তখন ইউ.পি.এ. গভর্নমেন্টে, ইউ.পি.এ. গভর্নমেন্ট এই টাকা দিয়েছে। যে সরকারই থাকুক না কেন, রাজ্য সরকারের সম্পূর্ণ চিত্রটা তুলে ধরাটা অন্যায়।....(গোলমাল)....স্যার, আই.সি.ডি.এস. থেকে শুরু করে সব জায়গায় এই টাকায় চলছে। একটা কথা আমি আপনাদের কাছে বলছি,....(নয়েজ)..... আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করব। এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক,....(নয়েজ)....শুনে নিন, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক, এই এমপ্লয়মেন্টের ব্যাঙ্কের মাধ্যমে ২০১৩-১৪ সালে ২৩০ জনের কর্মসংস্থান হয়েছে। ১৩ লক্ষ ২৭ হাজার ১৫৮ জন তরুণ-তরুণী চাকরী পাওয়ার জন্যে অ্যাপ্লিকেশান করেছিল। আর যেটা রিজেক্টেড হয়েছে সেটা বাদ দিয়ে ৯ লক্ষ ৪৬ হাজার ৪২০ জন....(নয়েজ)....আর তাতে মাত্র ২৩০ জন ছেলে চাকরী পেয়েছে, আর কিছু ছেলেকে যুবশ্রী প্রকল্পে দেড় হাজার টাকা দিয়েছেন। আমি বলব স্যার, এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক ইট ইজ নট্...(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

শ্রী সুভাশীষ বটব্যাল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই পবিত্র কক্ষে মা-মাটি-মানুষের সরকারের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয় যে ২০১৫-১৬ সালের যে ঐতিহাসিক সাত কোটি টাকার ঘাটতি বাজেট পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য পেশ করছি। নতুন বিধায়ক হওয়ার পর থেকে যতগুলো পূর্ণ বাজেট হয়েছে, সেই বাজেটের উপর আমার বক্তব্য আমি রেখেছি এবং সমস্ত বাজেটের প্রথম অবস্থায় আমরা দেখেছিলাম যে, যে বামফ্রন্ট সরকার ৩৪ বছর পর একটা দুর্দশাগ্রস্ত ও হতাশাগ্রস্ত অর্থনৈতিক ব্যবস্থাকে পশ্চিমবাংলায় রেখে গিয়েছিল। সেই সময় ট্যাক্স আদায় হত মাত্র ২১ হাজার কোটি টাকা এবং কিন্তু যে দেনা রেখে গিয়েছিল ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা। ২২ হাজার কোটি টাকা সুদে-মূলে শোধ করতে হয়েছে পশ্চিমবঙ্গ সরকারকে। মাইনাস ১ হাজার কোটি টাকা নিয়ে এই সরকারকে প্রথমে চালাতে হয়েছে। সুতরাং সেই সময় যিনি প্রথম বাজেট পেশ করলেন তিনি আমাদের অর্থমন্ত্রী, বিখ্যাত অর্থনীতিবিদ। তিনি অর্থনীতির বিভিন্ন জায়গাগুলো, যেগুলোতে বিভিন্ন রকমের ছিদ্র ছিল, যেগুলো বিভিন্ন অর্থনৈতিক দুরাবস্থাকে ঠেলে দিয়ে গিয়েছিল, সেই সমস্ত জায়গাগুলোকে বুঝিয়ে নিয়ে এবং কর কাঠামোকে একটা সুন্দর এবং সহজকৃতভাবে তৈরি করে তিনি ই-গভর্ননেন্স চালু করে—যে সমস্ত করের জায়গাগুলো, রেভিনিউ কালেকশানের জায়গাগুলো তার অভিমুখগুলোকে প্রশস্ত করে তাতে আরও বেশি পরিমাণ ট্যাক্স আদায় হয়, তার ব্যবস্থা করলেন। তিন বছরের মধ্যে আজকে যখন আমরা বাজেট বক্তৃতা করছি, সেই সময় আমরা দেখলাম ২১ হাজার কোটি টাকা থেকে আজকে ৪২ হাজার কোটি টাকার কাছাকাছি আমাদের রেভিনিউ কালেকশান হয়েছে। বিভিন্ন বক্তা বললেন যে, এতে তারা কোনো দিশা দেখতে পাচ্ছেন না, খরচা করবেন কী করে তার পথগুলো দেখতে পারছে না—তাদের কাছে পরিষ্কার ভাষায় জানতে চাই যে, ট্যাক্সটা কালেকশান হয়েছিল, এই তিন বছরের মধ্যে যদি ডবল হয়ে যায়, তাহলে অনেকটা সংকটকে রক্ষা করা যায়।

[11.00—11.10 a.m.]

আজকে এখানে একজন বললেন আমাদের এখানে কোথায় উন্নতি ? কোথায় আমাদের এখানে উন্নতি বাড়িয়েছেন। খবরের কাগজে পড়লাম, বিগত অর্থমন্ত্রী তিনি নাকি বলেছেন আমাদের সরষে উৎপাদন কোথায় বাড়ছে ? আজকে চালের দাম বেড়ে যাচ্ছে। সব জিনিসের দাম বাড়ছে, সারের দাম বাড়ছে, লাঙল করার দাম বাড়ছে, কৃষি যন্ত্রপাতির দাম বাড়ছে, পেসটিসাইটস-এর দাম বাড়ছে। খাদ্যশস্যের দাম বাড়বে না ? তাহলে চাষীরা যাবে কোথায় ? চাষীদের কথা যদি না চিন্তা করা হয়, এখানে কলকাতায় বসে বসে বড় বড় তথ্য দেওয়া যায় সেই তথ্য সমাজ কল্যাণের তথ্য হতে পারে না। সেই তথ্য জনগণ গ্রহণ করতে পারে না। যেখানে ৭০% মানুষ বসবাস করে গ্রামগঞ্জে, গ্রামগঞ্জের মানুষ সেটা প্রত্যাখ্যান করবে। শুনে রাখুন যদি উন্নতি না হয় তাহলে কৃষিকর্মে এই মা-মাটি-মানুষের সরকার পরপর তিনবার পুরস্কার পায় কিভাবে ? এর আগে আমরা যেটা পেয়েছি, শুনে রাখুন ২০১১ সনে কৃষি উৎপাদনে মাত্র দুটি-তিনটি ক্ষেত্রে আমরা চেষ্টা করেছিলাম, ধানের ক্ষেত্রে উৎপাদনে আমরা ২৭ টু ৩২% আমাদের একসেস ছিল। ভেজিটেবিলস উৎপাদনের আমাদের একসেস ছিল। সেই ভেজিটেবিলস প্রিজারভেশান না করতে পারার জন্য ৩৫% ভেজিটেবিলস নষ্ট হয়ে যেত। আর আলুর ক্ষেত্রে আমরা একসেস প্রোডোকশান করি। অয়েল সিডসেও আমাদের ডেফিসিয়েন্সী। আমরা অয়েল সিডসে মাত্র—আপনাদের আমলে আমাদের যে অভ্যন্তরীণ চাহিদার তার ২৫ শতাংশ উৎপাদন করতাম। ৭৫ শতাংশ অন্য রাজ্য থেকে আনতে হত, ২০১১ সালের হিসাব আমি বলছি। ডাল শস্য আমাদের আভ্যন্তরীণ চাহিদার মাত্র ১৫% উৎপাদন করতাম। ৮৫% আমাদের বাইরের রাজ্য থেকে আনতে হত। আর পিঁয়াজ, আমাদের অভ্যন্তরীণ চাহিদার মাত্র ২০% উৎপাদন করতাম, সেখানে আমাদের ৮০% বাইরের রাজ্য থেকে আনতে হয়। ভুট্টা ক্ষেত্রে শুনে রাখুন যেটার উপর এবারে আমরা কৃষিকর্মণ পুরস্কার পেয়েছি। আমাদের প্রতি মাসে ভুট্টার আভ্যন্তরীণ চাহিদা শুধু মাত্র পোলট্রি শিল্পের জন্য লাগে, মানুষের খাবারের জন্য নয়, মাছের খাবারের জন্য নয়, শুধুমাত্র পোলট্রি শিল্পের জন্য লাগে প্রতি মাসে দেড় লক্ষ মেট্রিক টন। আমরা ২০১০-১১ সালে উৎপাদন করতাম কত ? টোটাল আভ্যন্তরীণ চাহিদার মাত্র ৩%। বাকি ৯৭% আমাদের বাইরের রাজ্য থেকে আমদানি করতে হত। আজকে কৃষি ক্ষেত্রে আমরা বিনিয়োগ তৈরি করেছি। আমরা পরিকল্পনা তৈরী করেছি, আমাদের অর্থমন্ত্রী টাকা-পয়সা দিয়েছেন, আমাদের ডেফিসিয়েন্সি আছে সেই ডেফিসিয়েন্সি মেটানোর জন্য। আজকে আমরা ৩% থেকে ১৯% করাতে পেরেছি ভুট্টার ক্ষেত্রে। ২০% বাড়াতে পেরেছি পিঁয়াজ উৎপাদন, এবারে উৎপাদন বাম্পার হয়েছে। এইরকম আমরা ব্যবস্থা গ্রহণ করেছি। আমাদের নাসিক থেকে পিঁয়াজের বীজ আনতে হয়েছে। আমাদের এখানে বর্ষাকালীন পিঁয়াজের উৎপাদন হত না। আমরা স্টার্ট করেছি। সুতরাং সেই ক্ষেত্রে যে বিনিয়োগ সেই বিনিয়োগগুলো সুচিন্তিতভাবে করা হয়েছে। অন্যান্য ডাল শস্যের ক্ষেত্রে যেখানে আমরা ১৯% করতাম সেটা আজকে আমরা ৬৫%-এ পৌঁছে গেছি। অভ্যন্তরীণ চাহিদাগুলো উৎপাদন করতে করতে ডেফিসিয়েন্সীগুলো মিটিয়ে দেবার চেষ্টা করছি। আমাদের লক্ষ্য কী ? আমরা চেষ্টা করে যাব প্রতিটি ক্ষেত্রে। সেই জায়গায় আমরা এগিয়ে চলেছি। আমাদের উন্নতি হয়নি ?

প্রতিটি ক্ষেত্রে এই জিনিস করছি স্কুল কলেজ ইউনিভার্সিটি স্থাপিত হয়েছে। সেখানে বিনিয়োগ করতে হয়েছে। কৃষি বাজার তৈরী করতে হয়েছে। সেখানে বিনিয়োগ তৈরী করতে হয়েছে। শুনে রাখুন বিনিয়োগ করলে তার রিটার্নটা এত তাড়াতাড়ি আসে না। বিনিয়োগ করলে এগ্রিকালচারের ক্ষেত্রে তিন মাস পরে রিটার্ন পাওয়া চায়, ২ মাস পরে রিটার্ন পাওয়া যায়, ৪ মাস পরে রিটার্ন পাওয়া যায়। কিন্তু ইনডাস্ট্রির ক্ষেত্রে ডেভলপমেন্ট করতে গেলে, সার্ভিস সেক্টরে ডেভলপমেন্ট করতে গেলে, ইনভেস্টমেন্ট করতে গেলে তার রিটার্ন পেতে একটু টাইম লাগে। আজকে যেখানে বিনিয়োগ করা হয়েছে সেখানে বড় বড় বিল্ডিং করতে হচ্ছে। ইউনিভার্সিটির বড় বড় বিল্ডিং তৈরী করতে হচ্ছে, কলেজ নতুন তৈরী করতে হলে বড় বড় বিল্ডিং তৈরী করতে হয়। মার্কেট তৈরী করতে গেলে তার বড় বড় বিল্ডিং তৈরী করতে হয়। ইট উইল টেক টাইম, এটা একটা সময় সাপেক্ষ ব্যাপার। আজকে আপনি যদি এক খণ্ড জমি কেনেন, জমি কিনে আপনার স্ত্রীকে মিউটেশন করার সময় যদি বলেন এই একটা জমি কিনলাম আপনার বউ যদি বলে, এই তো জমি কিনলে, কবে গৃহপ্রবেশ হবে ? আরে ওনার গৃহপ্রবেশ হবে কী করে ? জমি কিনলেন, মিউটেশান হবে, তারপর কাঠামো তৈরী হবে, তারপর ঘর তৈরী হবে, সমস্ত ফিনিস করার পর তারপর আপনার বউ যদি বলে যে গৃহপ্রবেশ করব, তখনই গৃহপ্রবেশের কথাটা ওঠে। আর আপনারা জমি কেনার পরেই গৃহপ্রবেশের কথা বলে যাচ্ছেন। আপনাদের এই জিনিসটা প্রত্যেকের জানার দরকার আছে। আর একটা কথা বলছি, ঋণের ফাঁদের কথা। এখানে একজন বর্ষীয়ান বললেন যে ঋণের ফাঁদের কথা। শুনে রাখুন বিনিয়োগটা কী ব্যাপার। যখন আমরা ঋণ নিলাম, যদি আমরা ঠিকমতোভাবে বিনিয়োগ করতে না পারি তাহলে আমরা ঋণের ফাঁদে পড়ে যাব। আজকে তিনি যে কর কাঠামোর ব্যাপারগুলো বলেছেন, তাতে ভ্যাটের ব্যাপারে অনেকগুলো বিষয় রেখেছেন। যাতে করে ভ্যাটটা আরও সহজকরণ করা যায় এবং যারা ভ্যাটের বাইরে আছেন তাদেরকে এনে ট্যাক্স কালেকশানের পরিমাণটা আরও অনেকদূরে নিয়ে যাওয়া সম্ভব হতে পারে। শুধু তাই নয়, প্রফেশন্যাল ট্যাক্স অনেকটা কম আদায় হত। সেখানে তিনি এমন কতকগুলো ব্যবস্থা করেছেন, কতকগুলো লিকেজ ছিল, সেই লিকেজগুলোকে তিনি বন্ধ করে দিয়েছেন। তার ফলে অনেক মানুষকে অনেক কোম্বানীকে সেই প্রফেসন্যাল ট্যাক্সের মধ্যে এনে প্রফেসন্যাল ট্যাক্সের পরিমাণটা বাড়ানো গেছে। আমার পূর্ববর্তী কয়েকজন বক্তা বললেন, আগের সরকার "ঋণং কৃত্যা ঘৃতং পীবেৎ", ঋণ করে ঘি খেয়েছেন। কিন্তু একটা কথা পরিষ্কার বলতে চাই, অর্থনীতিতে নিশ্চয়ই টাকার দরকার হয় এবং যখন বিনিয়োগের দরকার হয় এবং বাজারে যখন টাকার বেশী প্রয়োজন হয়, ইনভেস্টমেন্টের প্রয়োজন হয়, সেই সময় টাকার দরকার হয়, ঋণ নিতে হয় এবং বিনিয়োগগুলো সুচিন্তিতভাবে করতে হয়। ঋণং কৃত্যা যদি ঘৃতং পীবেৎ হয়, তাহলে সেখানে অসুবিধা আছে। ঋণ করে যদি প্রোডাকটিভ সেক্টরে ঠিকমতো ব্যয় করা যায়, তাহলে সেখান থেকে রিটার্ন আসতে পারে। সেখানকার ট্যাক্স কালেকশানের সমস্ত অভিমুখগুলো খুলে যেতে পারে। সেখান থেকে ট্যাক্স আদায় করে, সেই টাকাকে পরিপূর্ণভাবে বিনিয়োগ করে রিটার্ন, গ্রোথ, ডেভলপমেন্ট অ্যান্ড স্ট্যান্ডার্ড বাড়তে পারে। It is the theory of economics. কিন্তু বিগত সরকার সেইভাবে বিনিয়োগ করেননি।

ঋণ নিয়েছেন এবং বিগত কেন্দ্রীয় সরকারের ব্যাপারে একজন বিধায়ক বলছিলেন, কেন্দ্রীয় সরকার প্রচুর, প্রচুর দিয়েছেন। কিন্তু এখানে রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিতভাবে লেফট ফ্রন্ট সরকারকে সন্তুষ্ট করার জন্য যে টাকা দিয়েছেন কেন্দ্রীয় ফাইনান্স ডিপার্টমেন্ট, কেন দেওয়া হচ্ছে, সেই টাকা কোথায় বিনিয়োগ করা হচ্ছে, তার কোনো স্টেটমেন্ট নেননি। নিয়ম-কানুনের ব্যাপারে তো কোনোরকম ব্যবস্থা করা হয়নি। কেন্দ্রীয় সরকার টাকা দিয়ে গেছে, রাজ্য সরকার টাকা নিয়ে নন-প্রোডাক্টিভ সেক্টরে ব্যয় করেছেন। যার জন্য ডেভলপমেন্ট, গ্রোথ, রিটার্ন এবং রেভিনিউ কালেকশান সেইমতো বাড়েনি। আমরা জানি, অর্থনীতির এটা তো ভাষা, যদি প্রোডাক্টিভ সেক্টরে ঠিকমতো ব্যয় করা যায়, আবার আমরা জানি একটা পরিমাণ অর্থ সোস্যাল সেক্টরেও ব্যবহার করতে হয়। কারণ, পৃথিবীতে অর্থনৈতিক যে সমস্ত কার্যকলাপগুলো চলছে, সেগুলো মানুষের ডেভেলপমেন্টের জন্য for the welfare of mankind and society। সুতরাং সেই সমস্ত টাকা-পয়সা এবং সমস্ত কিছুই মানুষের কল্যাণে ব্যবহৃত করতে হবে। এটাই হচ্ছে নিয়ম। সুতরাং একটা জনকল্যাণকামী রাষ্ট্রে সোস্যাল সেক্টরকে নিয়োগ করার দরকার আছে। সোস্যাল সেক্টরের ডেভলপমেন্ট, সোস্যাল সেক্টরের স্ট্যান্ডার্ড এবং মান যদি না বাড়ে তাহলে সেই সমাজ...বাড়তে পারে না, সেইসব সমাজ উন্নত হতে পারে না। সেখানে আমাদের অর্থমন্ত্রী প্রোডাক্টিভ সেক্টরে ব্যয় করবার জন্য বাজেটের বিভিন্ন ক্ষেত্রে টাকা দেওয়ার অনুরোধ করেছেন। তেমনি অন্যদিকে সোস্যাল সেক্টরেও ইনভেস্টমেন্ট বাড়িয়েছেন। সেখানে 'কন্যাশ্রী' প্রকল্প, এডুকেশানের ব্যাপারে, হসপিটাল এবং স্বাস্থ্যের ব্যাপারে ইনভেস্টমেন্ট বাড়ানো হয়েছে। স্কুল স্টুডেন্টদের যেখানে ৫ লক্ষ সাইকেল দেওয়া হয়েছিল, আজকে সেখানে ৪০ লক্ষ সাইকেল দেওয়া হবে বলে টার্গেট নেওয়া হয়েছে, যেটা দু-বছরের মধ্যে ফুলফিলমেন্ট করা হবে। It is a social development ? যেখানে আমাদের গ্রাম-গঞ্জের ছেলেমেয়েদের অনেক দূরের স্কুলে গিয়ে পড়াশোনা করতে যেতে হয়, জঙ্গল মহলের ছেলেমেয়েদের অনেক দূরের স্কুলে গিয়ে পড়াশোনা করতে যেতে হয়, আমি তো ছোটোনাগপুর মালভূমির এম.এল.এ. সেখানে আমরা দেখেছি বহু দূরে গিয়ে পড়াশোনা করতে যেতে হয়। আদিবাসী অধ্যুষিত আমার এলাকা। সেখানে ৩০% আদিবাসী বসবাস করে। সেখানকার ছেলেমেয়েরা পড়াশোনা করতে যেতে পারে না। অনেকদূরে তাদেরকে যেতে হয়। খাওয়া-দাওয়ারও তাদের অসুবিধা আছে। সেই জায়গায় তারা যদি একটা সাইকেল পায়, তাতে যদি যাতায়াতের সুবিধা হয়, তাদের ভেতরে পড়াশোনার করবার যদি আগ্রহ তৈরী করা যায়, তাহলে এটা কি একটা সোস্যাল ডেভলপমেন্ট নয় ? এটা কি সরকারের একটা গুরুত্বপূর্ণ কাজ নয় ? 'কন্যাশ্রী' প্রকল্পকে সারা পৃথিবী স্বীকৃতি দিচ্ছেন। আপনারা হিংসা করতে পারেন, এটা আপনাদের মনগড়া মনে হতে পারে, কিন্তু এটা একটা সোস্যাল সেক্টরের বড় ডেভলপমেন্ট। যেটা গোটা পৃথিবী গ্রহণ করেছে। সুতরাং This should be taken up by all the powers of the world. এই জায়গা থেকে যদি চোখ ফিরিয়ে রাখেন, সেখানে আপনারা পিছিয়ে যাবেন। তার জন্য সবাই পিছোবে না, তার জন্য দেশ পিছোবে না, তার জন্য পৃথিবীর মানুষ পিছিয়ে যাবে না। এমন কিছু পদ্ধতি আছে, যে পদ্ধতিগুলো আমাদের অর্থমন্ত্রী প্রয়োগ করেছেন, সেই প্রয়োগের মাধ্যমে সারা ভারতবর্ষকে দিশা দেখিয়েছেন।

[11.10—11.20 a.m.]

আমরা যদি ব্যাঙ্ক থেকে ধার নিই, তারপর সেই টাকা ঠিকমতো বিনিয়োগ করে যদি সেখানে ঠিকমতো রিটার্ন পাই, আমার লভ্যাংশ থেকে যদি আমি সেই ঋণটা মেটাতে পারি, তাহলে আমার ঋণটা শোধ হবে। নতুবা সেই ঋণটা চাপবে তার সঙ্গে সঙ্গে আবার কমপাউন্ড ইন্টারেস্ট। তারপরে আমরা ঋণে চাপে কিস্তি দেওয়া ফেল করলাম। এইভাবে vicious circle-এর মধ্যে পান গিয়ে সমসার সম্মুখীন হব। এবং সেই ঋণের ফাঁদ থেকে বেরতে পারব না। আজকে ৪০ হাজার কোটি টাকা, তার চেয়ে বেশী আমরা ট্যাক্স আদায় করছি। কিন্তু আমাদের ঋণ হিসাবে ২৮ হাজার কোটি টাকা কেটে নিচ্ছে। প্রথমে কাটলো ২১ হাজার, তারপর ২২ হাজার, তারপর ২৬ হাজার, তারপর ২৮ হাজার কোটি টাকা। আমিও এদিকে বাড়াচ্ছি আমার ঋণও বেড়ে যাচ্ছে। এও বেড়ে যাচ্ছে, এটাও বেড়ে যাচ্ছে। বের হব কি করে ? একটা কথা শুনে রাখুন, ভারতবর্ষ একটি যুক্তরাষ্ট্রীয় দেশ। কেন্দ্র বলে কোনো জায়গা নেই। ট্যাক্স রাজ্য থেকে কালেকশান হয়ে সেন্ট্রালে আসে। সেইটা ফিন্যান্স কমিশনের মাধ্যমে ডিস্ট্রিবিউশান হয়—কে কত পার্সেন্ট পাবে। রাজ্যগুলি যদি অর্থনৈতিক দিক দিয়ে স্ট্রং হয় তাহলে কেন্দ্র স্ট্রং হবে। রাজ্যগুলি দুর্বল হলে কেন্দ্র স্ট্রং হতে পারে না। সেই সঙ্গে দেশও স্ট্রং হতে পারে না। সুতরাং, কোনো রাজ্য যদি দুর্বল হয় তাহলে তাদেরকে তখন moratorium দেওয়ার দরকার। তাদেরকে বিভিন্ন রকম অর্থনৈতিক সাপোর্ট দেওয়া দরকার। যাতে করে সেই রাজ্যটা স্ট্রং হতে পারে। নিজের পায়ে দাঁড়াতে পারে। যাতে ঋণের ফাঁদে না পড়তে পারে এবং গোটা দেশ যাতে অর্থনৈতিক দিক থেকে চাঙ্গা হতে পারে। সেই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত নেওয়া উচিত। কেন্দ্র সরকার নতুন ক্ষমতায় আসার পর একশো দিনের কাজ বন্ধ। একশো দিনের কাজ করা চলবে না। আমি তাদেরকে সবিনয়ে বলতে চাই, জাতীয় আয়ের যদি একটা মোটা অংশ ৭০ শতাংশ মানুষ গ্রামীণ এলাকায় বসবাস করে সেখানে যদি বিনিয়োগ না হয়, ৭০ শতাংশ মানুষের যদি income generate না হয়, তাহলে ভোগ্যপণ্য দ্রব্যের চাহিদা বাড়বে না। আর যদি ভোগ্যপণ্য দ্রব্যের চাহিদা না বাড়ে, তাহলে কলকারখানা তৈরী করে কিছু হবে না। শিল্প শিল্প শিল্প বলে চেঁচিয়ে কিছু লাভ নেই। শুনে রাখুন, সারা পৃথিবীতে recession চলছে। আমেরিকাসহ পূর্ব ইউরোপে সমস্ত দেশগুলিতে এই recession-এর এফেক্ট তার ফলে কলকারখানা বন্ধ হয়ে যাচ্ছে, সেখানে উৎপাদন বন্ধ হয়ে গিয়ে dumping হয়ে যাচ্ছে। সেখানে ক্রয় ক্ষমতা কমে গেছে। সেখানে employment generate হচ্ছে না। unemployment বেশি করে দেখা দিচ্ছে, সেই অবস্থায় বাজারের মধ্যে একটা যে international treade সেই ট্রেড চুপ করে বসে যাচ্ছে। সেই জায়গায় আজকে যদি বলে, নতুন করে কলকারখানা কর, কলকারখানা কর—কারখানা যারা করে সেই পুঁজিপতি তারা কী চিন্তা করবে ? তারা চিন্তা করবে প্রফিটের। আমরা বিনিয়োগ করব, উৎপাদিত দ্রব্যের বাজার পাব না তাহলে কোনো শিল্পপতির পায়ে ধরলেও আসবে না, কোনো বিনিয়োগ করবে না। এই সত্যি কথাটা সবাইকে স্বীকার করা উচিত। জেনে রাখার দরকার আছে। সারা পৃথিবীতে recession চলছে। কোনো অভ্যন্তরীণ চাহিদা তৈরি হচ্ছে না। ভারতবর্ষ ১২৯ কোটি মানুষের দেশ। সেখানে অভ্যন্তরীণ চাহিদা যদি তৈরী না হয়, সেখানে

যদি সরকারের বিনিয়োগ গ্রাম-গঞ্জে বাড়ানো না হয়, সেখানে যদি purchasing power বাড়ানো না হয় তাহলে অভ্যন্তরীণ ক্ষেত্রে ভোগ্য দ্রব্যের চাহিদা কি করে বাড়বে ? তাহলে ভারতবর্ষে শিল্প, শিল্পজাত দ্রব্যের চাহিদা বাড়বে কোথায় ? এগুলি চিন্তা করার দরকার আছে। নতুন কেন্দ্রীয় সরকার এসেছে। তারা একশো দিনের কাজ বন্ধ করছে। একশো দিনের কাজের একটা মোটা অঙ্কের টাকা গ্রাম-গঞ্জে বিনিয়োগ হয়। সেই বিনিয়োগের ফলে সেখানে purchasing power তৈরী হয়। আজকে যে recession চলছে, এই অবস্থায় ভারতবর্ষে অভ্যন্তরীণ চাহিদা তৈরী হয়েছিল। কেন তৈরী হয়েছিল ? কারণ সেখানে অনেক টাকা গ্রাম-গঞ্জে বিনিয়োগ হচ্ছিল। তার ফলে সেখানে অভ্যন্তরীণ চাহিদা তৈরী হচ্ছিল। গ্রামের মানুষের সেখানে purchasing power বেড়ে গিয়েছিল। তারা কিস্তির মাধ্যমে বিভিন্নরকম electronic goods কিনেছিল। সারা ভারতবর্ষে একটা অভ্যন্তরীণ চাহিদা তৈরী হয়েছিল। তার জন্য recession-টা অনেকটা ঠেকানো গিয়েছিল। যেটা ইউরোপের দেশ, আমেরিকা পারিনি সেখানে আমাদের ভারতবর্ষে সেই অবস্থাটা অনেকটা ঠেকানো গিয়েছিল। সুতরাং, আজকে যে নতুন সরকার এসেছে—শিল্পপতিদের হয়ে কথা বলুন আমাদের কোনো আপত্তি নেই, আমরাও চাই শিল্প, আমরাও চাই employment, আমরাও চাই এগ্রিকালচার, এগ্রিকালচারে যে প্রেসারটা আছে সেটা কমে গিয়ে ইন্ডাস্ট্রিতে যাক। এটা আমরাও চাই। কিন্তু একটা সত্য বাস্তব জিনিস মানতে হবে। এই বাস্তব সত্যটাকে অগ্রাহ্য করে আমরা যদি চিৎকার-চেঁচামেচি করি তাহলে সেটা অজ্ঞতার পরিচয় হয়। কোনো অর্থনীতিতে এই জিনিস মেনে নেবে না। এই জিনিসগুলিকে সমর্থন জানাবে না। তারাও নিশ্চয় জানবে, আজকে সারা পৃথিবীতে যে কন্ডিশন আমরা তার বাইরে নয়। গ্লোবালাইজেশানের যুগ। সারা পৃথিবীতে গ্লোবালাইজেশান চলছে। সুতরাং, কোনো একটা বিশাল এরিয়ায় কোনো একটা ঘটনা ঘটে, একটা সুনামি তৈরী হয় তার effect-আমরা পৃথিবীর বাইরে নয়, আমাদের এখানেও কম-বেশি পড়তে বাধ্য। এটাই হচ্ছে সিস্টেম। এই সিস্টেমটাই চলে আসছে। এই কথাগুলো বলা হয়েছে। আরেকটা কথা শুনে রাখুন। আপনারা বলছেন ৭০-৮০ কোটি টাকার মতো যে লোন আমরা নিয়েছি, প্রথমেই আমি বলছি, আমরা vicious circle-র মধ্যে পড়েছি। ঋণের যে ফাঁস আপনারা তৈরী করে গিয়েছিলেন সেই ফাঁসে আমাদের পা পড়ে গেছে যখন আমরা পশ্চিমবাংলায় ক্ষমতায় এসেছি। আমাদের মাননীয় অর্থমন্ত্রী এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর সুচিন্তিত পথে চলে এই সামান্য সম্পদকে সঠিকভাবে ইউটিলাইজ করে বিভিন্ন দপ্তরকে বাজেটে অঙ্কের পরিমাণ বাড়িয়ে দিয়েছেন। আপনারা উন্নতি দেখতে পাচ্ছেন না ? আপনাদের আমি পরিষ্কার করে বলতে চাই, উন্নয়ন যদি দেখতে চান তাহলে আমার মতো ঝাড়খন্ডের কাছোকাছি এবং ছোটোনাগপুর মালভূমির ছাতনা বিধানসভায় চলুন। দেখবেন প্রাইম-মিনিস্টার সড়ক যোজনায় ৫৮টি রাস্তা হচ্ছে। It is the record in India. Not only in Bengal but it is the record in India. ৫৮টা রাস্তার মধ্যে ২৯টা complete হয়ে গেছে এবং আরো ২৯টার কাজ চলছে। আমার এলাকায় ১১শ ১২ কোটি টাকা খরচ করে মাননীয় সুব্রত মুখোপাধ্যায় পানীয় জলের ব্যবস্থা করেছেন। সেখানে উঁচু-নিচু জায়গা, মাটির

তলা থেকে জল পাওয়া যায় না, সার্ফেসওয়াটারও পাওয়া যায় না, গ্রীষ্মকালে পানীয় জলের প্রচণ্ড অসুবিধা হয় সেই বাঁকুড়ার মানুষ, আমরা চিন্তা করতে পারি না যে আমরাও নলবাহিত পানীয় জল পাব। সেখানে আজকে বাস্তবে রূপ দিচ্ছে মা-মাটি-মানুষের সরকার।

মাননীয় সদস্য সুভাষবাবু এসে গেছেন, খুব ভালো কথা। সুভাষবাবুর দল R.S.P-র প্রতিনিধি ওখানে দীর্ঘদিন ছিলেন। সেই জায়গার আমি M.L.A. আপনি দীর্ঘদিন ধরে সেচমন্ত্রী ছিলেন। ওই দল থেকে বৃহৎ সেচ এবং পূর্তমন্ত্রী ছিলেন। আমি আপনাকে দেখে আসতে বলব, আপনি যখন সেচমন্ত্রী ছিলেন, আপনার R.S.P.-র M.L.A. ছিল আমাদের ছাতনায়। একটাও চেকড্যাম তৈরী করে দেননি। একটাও সেচের ব্যবস্থা করেননি। একটাও রাস্তার ব্যবস্থা করেননি। আজকে বাঁকুড়ায় সেরা রাস্তা হয়েছে ছাতনার ওপর দিয়ে সাড়ে ৮৮ কোটি টাকা খরচ করে। বিশাল করে রাস্তা তৈরী হয়েছে। ৩৬ ফুট চওড়া। বাঁকুড়া জেলার মধ্যে সেরা রাস্তা তৈরী হয়েছে ছাতনায় । দেখে আসবেন। অনেক কথা তো বললেন কিন্তু আপনাদের প্রতিনিধি তো ওখানে ছিলেন। চেকড্যাম। প্ল্যান করতে পারেননি। চেকড্যাম হয়েছে ২৬টা। তারমধ্যে ৭টা compleate. দুদিকে River Lift Irrigation তৈরী করা হয়েছে ১৪ টা। দেখে আসবেন। সেখানে পার্ক তৈরী করা হয়েছে। এলাকায় এলাকায় ডেভলপমেন্টের জন্য স্কুল তৈরী করা হয়েছে ৫২ বিঘা জায়গার ওপরে। Agriculture college তৈরী হচ্ছে। এ বছর থেকে ক্লাস শুরু হবে। সেই এলাকার ডেভলপমেন্ট দেখে আসবেন। যদি দেখতে না পান আমি আপনাদের নিয়ে যাব। আরেকটা প্রত্যন্ত জায়গা অযোধ্যা পাহাড়। বিভিন্ন Standing Committee গিয়ে দেখে এসেছে। পাহাড় এলাকা। জল নেই। সেখানে ড্যাম তৈরী করা হয়েছে। সেখানে river lift irrigation-র মাধ্যমে গোটা এলাকা সবুজ করা হয়েছে। সেই এলাকা থেকে যারা চলে গিয়েছিল আজকে তাদের সমাজে টেনে এনে ডেভলপমেন্ট করা হয়েছে। দু'টাকা কে.জি. চাল দেওয়া হচ্ছে এবং তাদের এলাকার agriculture system-র পরিবর্তন ঘটানো হয়েছে। হাই-ইল্ডিং ভ্যারাইটি চাষ করানো হচ্ছে। আমরা পশুপালন দপ্তরের মাধ্যমেও বিভিন্নরকমভাবে তাদের অবস্থার উন্নয়ন ঘটিয়েছি। যদি কেউ যেতে চান আমি অভ্যর্থনা করে নিয়ে যাব। উন্নয়ন কাকে বলে, মমতা ব্যানার্জির উন্নয়ন কাকে বলে, মা-মাটি-মানুষের কার্যকলাপ কাকে বলে সেটা আপনারা দেখতে পাবেন। ধন্যবাদ।

শ্রী রামশঙ্কর হালদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে গতকাল আমাদের রাজ্য বিধানসভার এই মহতীসদনে আমাদের রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র ২০১৫-১৬ অর্থবর্ষে যে বাজেট বরাদ্দ পেশ করেছেন সেই বাজেট বিতর্কে অংশ গ্রহণ করে আমি বলতে চাই যে, এই বাজেট একটা দিশাহীন বাজেট, এই বাজেটে বেশীর ভাগই আজগুবি ও প্রতিশ্রুতির ফুলঝুরি ছড়ানো হয়েছে। বাংলার কৃষক, মেহনতী শ্রমজীবী মানুষের সামনে এই বাজেট কোনো দিশা দেখাতে পারেনি। স্যার, ওঁদের দেওয়া তথ্য অনুযায়ী আমি বলতে চাইছি, ২০১৩-১৪ সালে রাজস্ব সংগৃহীত হয়েছিল

৩৫,৮৩০.৫৬ কোটি টাকা। ২০১৪-১৫ সালে আপনারা রাজস্ব খাতে ১০ হাজার কোটি টাকার ঘাটতি দেখালেন। করে দেখালেন ৪৫,৪১৩.৯৭ কোটি টাকা।

[11.20—11.30 a.m.]

এটা আবার রিভাইজে কমিয়ে আনলেন, ভরসা রাখতে পারলেন না। কমিয়ে এনে আপনারা করলেন, ৪০ হাজার ৬২.২১ কোটি টাকা। আবার ২০১৫-১৬ সালে—এই বাজেটে আপনারা ধরলেন ৪৬ হাজার ৪৯৬.৮২ কোটি টাকা। এটা কি বাস্তব ? এই যে বাজেটটা ধরেছেন এর থেকে পিছিয়ে আবার ৪০-এ চলে আসবেন না তো। আজকের দিনে যে বাজেট এই বাজেটে কখনো মানুষের কোনো করের সংস্থান না রেখে এই বাজেটকে সম্পূর্ণটা একটা আজগুবি গল্পে সাজানো হয়েছে। আমি মনে করি, আপনারা দীর্ঘ সময় ধরে বলে এসেছেন এক লক্ষ ৯০ হাজার কোটি টাকা বামপন্থীরা দেনার বোঝা রেখে গিয়েছেন। তার জন্য আপনাদের অসুবিধা হচ্ছে। আমি বলি ১৯৭৭ সালের আগে আপনারা সবাই এক জায়গায় ছিলেন কংগ্রেসে। ২৮ বছর ধরে পশ্চিমবাংলা চালিয়েছেন। পৌনে এক লক্ষ কোটি টাকা দেনা রেখে গিয়েছিলেন। পরবর্তীকালে আপনারা এক লক্ষ ৯০ হাজার কোটি টাকা দেনা দেখাচ্ছেন ? কিন্তু আপনারা যেখান থেকে এলেন, সেই ঋণের একটা খতিয়ান আপনাদের সামনে তুলে ধরছি। আপনারা ২০১১-১২-তে ১ লক্ষ ৯০ হাজার কোটি টাকা থেকে করলেন ২ লক্ষ ৭ হাজার ৭০২.০৩ কোটি টাকা। ২০১২-১৩-তে করলেন ২ লক্ষ ২৯ হাজার ৭৭৮.৭৬ কোটি টাকা। আবার ওটা বেড়ে ২০১৩-১৪ এল ২ লক্ষ ৫০ হাজার ৮৩৭.৭১ কোটি টাকায়। আবার ২০১৪-১৫-তে আপনারা সেই ঋণের বোঝা প্রায় ৮০ হাজার কোটি টাকা ছাড়িয়ে গিয়ে প্রায় ২ লক্ষ ৭৪ হাজার ৮০০০.১২ কোটি টাকা করলেন। আবার ২০১৫-১৬ সালে এই ঋণের পরিমাণ দাঁড়াবে আপনাদেরও রেসিও অনুযায়ী ২ লক্ষ ৯৯ হাজার ২৭৪.১২ কোটি টাকাতে। তাহলে কী দেখা যাচ্ছে ? তাহলে দেখতে পাওয়া যাচ্ছে যে আপনারা গত চার বছরে ৮০ হাজার কোটি টাকা ছাড়িয়েছেন। আগামী আর্থিক বর্ষে ঋণের পরিমাণ যদি ধরা যায় এক লক্ষ কোটি টাকা ছাড়িয়ে যাবে। তাহলে এই যে এক লক্ষ কোটি টাকা ছাড়িয়ে যাচ্ছে-চার্বাক দর্শনের কথা দাদা বলছিলেন—চার্বাক দর্শনে বলা আছে 'যাবৎ জীবেৎ সুখং জীবেৎ, ঋণং কৃত্যা ঘৃতং পিবেৎ'। মনে হচ্ছে eat, drink and be merry. যতদিন আছি—আপনারা এই পাঁচ বছরে এক লক্ষ কোটি টাকা, আরো ৫ বছর থাকলে আরো ১ কোটি টাকা—তার মাকে কী ? তার মানে হচ্ছে এই, রেলকে যেমন আই.সি.ইউ.-তে দিয়ে এসেছিলেন তেমনিই গোটা পশ্চিমবাংলাকে বাংলার কৃষক, মেহনতী মানুষকে, শ্রমজীবী মানুষকে আপনারা কোমায় ঢুকিয়ে দিয়ে যাবেন। আমি বলতে চাইছি আপনারা এখানে বাজেটে অনেক কথাই বলেছেন। অনেক গল্পই করেছেন। এই যে এক লক্ষ ৩০ হাজার সিভিক পুলিশ, গতকাল সংবাদে দেখছিলাম চার হাজার ছশো না কত পুলিশের চাকরি আপনারা দেবেন। কোনো এক মন্ত্রী প্রেস বিবৃতি দিয়েছেন। এক লক্ষ ৩০ হাজার সিভিক পুলিশের কী হবে ? এখন তো সিভিক ভলেন্টিয়ার হয়েছে। কই বাজেটে তার সংস্থান কোথায় ? বাংলার বেকার যুবকদের জন্য আপনারা কি দিশা দেখাতে পারলেন ? ৫৫ হাজার প্যারা টিচার, ৬ হাজার বিশ্ববিদ্যালয় এবং

কলেজগুলিতে পার্ট টাইম শিক্ষক, যারা কাজ করছেন—তাদের চাকরির নিশ্চয়তা কোথায় ? তাদের স্থায়ীকরণ করা হচ্ছে না কেন ? তাদের স্থায়ীকরণ করা হল না। এছাড়া গোটা বাংলায় যে হাজার হাজার মিড-ডে মিল কর্মীরা আছেন, আই.সি.ডি.এস.-এর কর্মীরা যারা আছেন, সহায়িকা যারা আছেন, প্রাণী বন্ধু আছেন, শিক্ষা বন্ধু যারা কাজ করছেন—এই বাজেট তাদের জন্য কই একটু সংস্থান রাখলেন না ? তাদের জন্য বললেন না ? শুধু গল্পই করে গেলেন, গল্পই শুনিয়ে গেলেন গোটা পশ্চিমবাংলার মানুষকে। আমরা দেখছি এস.এস.সি.-র পরীক্ষা বন্ধ, গত তিন বছর ধরে প্রাইমারি টিচার নিয়োগ বন্ধ। সমস্ত জায়গায় নিয়োগ যখন বন্ধ, কর্মসংস্থানের গল্প, ১৬ লক্ষের গল্প আপনারা করছেন। অবশ্যই ১৬ লক্ষ চাকরি হতে পারে সেটা হচ্ছে তেলেভাজা দোকানের গল্প যদি ধরে নেন এর সঙ্গে তাহলে ১৬ লক্ষ হতে পারে। তার আগে কখনো ১৬ লক্ষ চাকরি পশ্চিমবাংলায়—এটা আজগুবি গল্প, এটা কল্পনার রাজত্বে বাস করা। আর আগামী বছরে ১৭ লক্ষের গল্প বলছেন, সেটা কাল্পনিমক কথাবার্তা বলছেন। বাস্তবের সঙ্গে কোনো মিল নেই। গোটা বাংলার মানুষের ভাবনার সঙ্গে এর মিল এখানে নেই। আমি বলছি, আপনাদের এম.এস.ডি.পি. যে দপ্তর আছে, যে প্রকল্পের মধ্যে দিয়ে আপনারা কাজ করছেন। আপনাদের যে ঘোষিত, মুখ্যমন্ত্রী ঘোষিত চার বছর তো হয়ে গেল আর একটা বছর, চার বছরে আপনারা ১০ হাজার মাদ্রাসা করবেন বলেছিলেন। কত মাদ্রাসা হয়েছে ? অর্থমন্ত্রী কই মাদ্রাসার কথা তো উল্লেখ করলেন না। কিছু কবরখানা করেছেন, কবরবাড়িগুলো ঘিরেছেন বললেন। আমাদের যে সংখ্যালঘু সম্প্রদায় তাদের জন্য ১০ হাজার মাদ্রাসা দেখান। তাদের যে স্বপ্ন দেখালেন এই সরকার, আপনারা সরকারে এসে ১০ হাজার মাদ্রাসার কত হয়েছে ? ১ হাজারও হয়নি, সেই পরিসংখ্যান এখানে দিতে পারলেন না। আপনারা ১০ হাজার মাদ্রাসার গল্প শুধু করেই গেলেন। সংখ্যালঘুদের দরদ আপনারা শুধু দেখিয়ে গেলেন। আমি আপনাদের বলতে চাইছি, আজকে ১৬ লক্ষ আমানতকারী আমাদের রাজ্যে ক্ষতিগ্রস্ত হয়েছে। ১৮ লক্ষ পরিবারের ৫ জন করে যদি ধরা যায় প্রায় ১ কোটি মানুষ অমাাদের রাজ্যে ক্ষতিগ্রস্ত। সেই ক্ষতিগ্রস্ত মানুষের জন্য শ্যামল সেন কমিশন তো করেছিলেন। সিগারেট খেলে তার থেকে রাজস্ব আসবে, অর্থাৎ তাদের টাকাগুলো ফেরত দেওয়ার ব্যবস্থা করলেন। কই শ্যামল সেন কমিশন সম্পর্কে আপনারা কোনো বিষয় এখানে উল্লেখ করলেন না। আর আমার বাংলার ১ কোটি মানুষ যেখানে ক্ষতিগ্রস্ত তারা আজকে আত্মহত্যা করছে। তারা আজ সর্বস্বান্ত হয়ে গেছে। দীন-দরিদ্র পথের ভিখারি হয়ে গেছে। তাদের ভিক্ষা করা ছাড়া আর কোনো উপায় নেই। সেই বিষয়ে মাননীয় অর্থমন্ত্রী, তিনি পণ্ডিত মানুষ এই বিষয়ে কোনো দিশা দেখাতে পারলেন না। বাংলার এক কোটি মানুষকে কোনো দিশা দেখাতে পারলেন না। অথচ এই টাকা সরকারী তহবিল থেকে খরচ করছেন। সুকৌশলে, খুব সঙ্গোপনে ওটাকে আড়াল করবার চেষ্টা করছেন। ওই দিন মাননীয়া মুখ্যমন্ত্রী জগাই-মাধাইয়ের কথা বলছিলেন। মহাপ্রভু গৌরাঙ্গ তো জগাই-মাধাইকে প্রেম বিতরণ করেছেন, আক্রমণ করলেও। তা কি এই চিটফান্ডের আমানতকারীদের তাদের কি সঙ্গোপনে আপনারা এই সরকারের টাকা দিয়ে, রাজস্বের টাকা দিয়ে, বাংলার গরীব মানুষের টাকা দিয়ে সুপ্রিম কোর্টে আটকাচ্ছেন এই চিটফান্ডের সঙ্গে প্রেম বিতরণ করবার জন্য জগাই-মাধাইয়ের প্রশ্নটা

তুলছেন। আমি ১৭ লক্ষ আমানতকারীদের আমি বলছি, এই বাজেট বাংলার জনস্বার্থ বিরোধী বাজেট। এই বাজেট কৃষক বিরোধী বাজেট। এই বাজেট আমাদের বাংলার শ্রমজীবী, মেহনতি মানুষের স্বার্থবিরোধী বাজেট। এই বাজেটকে আমি সমর্থন করতে পারছি না। এই কথা বলে আপনাদের সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[11.30—11.40 a.m.]

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, আমাদের এই ঘাসমূল সরকারের বিধানসভা নির্বাচনের আগে শেষ পূর্ণাঙ্গ বাজেট। কার্যত এটা একটা কম্পাসবিহীন জাহাজ বলে আমার মনে হয়েছে। এই জাহাজটা শেষ পর্যন্ত এই জাহাজীর হাতে যা চলছে, তাতে ডুববেই। এটা একটা ভূতুড়ে বাজেট। এই বাজেটকে আমি সমর্থন করতে পারছি না। আমার যেটা বলার কথা স্যার, এই বাজেটের মূল ট্রেন্ড যা দেখলাম তা হচ্ছে রেভিনিউ এক্সপেন্ডিচারের দিকে। অর্থমন্ত্রী থাকলে ভালো হত এখানে। ক্যাপিটাল এক্সপেন্ডিচারের দিকে এই সরকার আদৌ কোনো চেষ্টা করেনি। আমার সবিনয় নিবেদন আপনি স্যার ক্ষমা করবেন। আমি স্যার, আপনার কাছে যে কথা বলতে চাইছি, এই বাজেট দেখে শুধু বলতে ইচ্ছা করে— মহাপুরুষের উক্তি চারিদিকে করে কোলাহল। কিন্তু বাস্তবে ঘটনা কী ? বাস্তবে ঘটনা হল এটাই, ২০১৩-১৪ সালে ক্যাপিটাল এক্সপেন্ডিচার এই সরকার বাজেটের মধ্যে যেটা ধরেছিলেন সেটা হচ্ছে ১ লক্ষ ৬৭ হাজার কোটি টাকা। আর ২০১৪-১৫ সালে হচ্ছে ২২ হাজার ৮১৯.৪৮ কোটি টাকা। ২০১৫-১৬ সালে ২৫ হাজার ২৭৩.৭৯ কোটি টাকা। যদি এটাকে হিসাব করে দেখি যে রিয়েল ক্যাপিটাল এক্সপেনডিচার কত হল, জেনারেল জি এন পি deflated দিয়ে ভাগ করলে রিয়েল ক্যাপিটাল এক্সপেডিচার বোঝা যায়। যারা অর্থনীতির ছাত্র তারা এটা জানেন। জি এন পি deflated দিয়ে ভাগ করতে গিয়ে দেখছি যে ২০১৩-১৪-র তুলনায় ২০১৪-১৫ সালে ক্যাপিটাল এক্সপেন্ডিচারের বৃদ্ধি হয়েছে মাত্র ১৯.৭৪%। আবার জি এন পি deflated দিয়ে এটাকে ভাগ করতে গেলে দেখা যাচ্ছে ১৩.৫৩%। ১৪-১৫ সালের তুলনায় ১৫-১৬ সালে, এবারে যে বাজেটটা আপনি দিয়েছেন ২৫ হাজার ২৭৩.৭৯ কোটি টাকা, এটা হচ্ছে আরও কমে যাচ্ছে। অন্যদিকে ২০১০-১১ সালে বামফ্রন্টের সময়ে প্রকৃত ক্যাপিটাল এক্সপেন্ডিচার কত ছিল ? সেটাও কিন্তু আমি হিসাব করে দেখেছি। এখানে কোনো ফাঁকিবাজির ব্যাপার নেই। সেটা হচ্ছে ১৫.৮১%। আমি মাননীয় অর্থমন্ত্রী মহোদয়কে প্রশ্ন করি যে রিয়েল ক্যাপিটাল এক্সপেনডিচার ২০১০-১১ সালে যেখানে ছিল ১৫.৮১ শতাংশ, সেটা বেশি ? না, ২০১৩-১৪ সালে যেটা হল ১৩.৫৩ শতাংশ, সেটা বেশি ? না, ২০১৪-১৫ সালে যেটা আবার হল যে ১২ শতাংশে নেমে এসেছে। সেটা বেশি, কোনটা বেশি ? সাধারণ অঙ্কের নিয়মের ছাত্র যারা তারাই এটা বুঝতে পারবে। স্যার, ইনি ক্যাপিটাল এক্সপেনডিচারের খরচ কম করে ইনি রেভিনিউ খাতে বেশি খরচ দেখিয়েছেন এবং যার ফলে যেটা হচ্ছে যে রেভিনিউ খাতে খরচ হলে তার national value কিন্তু খুব কমে যায়। অন্যদিকে

বামফ্রন্টের সময়েতে যে কারখানাগুলো হয়েছিল, আমি, স্যার, একটা একটা করে নাম করে যাচ্ছি। বামফ্রন্টের সময়ে সাগরদিঘী হয়েছিল। বামফ্রন্টের সময়ে অণ্ডাল বিমাননগরী হয়েছে। বামফ্রন্টের সময়ে Matrix হয়েছে। বামফ্রন্টের সময়ে আসানসোল সিএনজি হয়েছে। পুরুলিয়ায় থার্মাল পাওয়ার হয়েছে। ১৮ লক্ষ কৃষকের হাতে ৩৬ লক্ষ একর জমি বিলি করে দেওয়া হয়েছে এবং অজস্র কারখানা হয়েছে। যার gestation period খতম হওয়ার পরে এমন যে লাভটা হচ্ছে, সেটা আপনারা ভোগ করছেন। আপনাদের আমলে একটাও কারখানা কিন্তু আপনারা গড়তে পারেননি। এই gestation period খতম হওয়ার পরে এখন যে প্রফিট, সেটাকে আপনারা দেখছেন, সুদের ব্যাপারে আপনারা বলছেন। স্যার, আমি একটা কথা বলি যে ২০১১-১২ সালের বাজেট মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যখন পেশ করেছিলেন, সেই সময় যে সুদ দিতে হয়েছিল ধার বাবদ, সেটা হচ্ছে ১৫ হাজার ৮৯৫.৯৯ কোটি টাকা। আর এই বছরে যে বাজেট উনি পেশ করছেন সেই বাজেটে সুদ বাবদ দেখা যাচ্ছে ১৫-১৬ সালে দিতে হবে ২৪ হাজার ৭২.৮৬ কোটি টাকা। কেন বেড়ে গেল সুদটা ? সুদ বেড়ে গেল এই কারণে যে ধার বেশি করেছেন। আমি ধারের প্রশ্নে আসছি। ধারের প্রশ্নে দেখবেন যে এই বছরে বাজেট বই যেটা, ২০১২-১৩ সালে যে বাজেট বই দেওয়া হয়েছিল নয় নম্বর বই, ২০১২-১৩ সালে যে বাজেট তাতে ধার হিসাবে দেখানো ছিল সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে ১ লক্ষ ৯২ হাজার ৪৯৯.৭৭ কোটি টাকা। দু'লক্ষ তিন হাজার নয়। এই বইটার মধ্যে আছে, স্যার। ২০১০-১১ সালে যে বাজেট পুস্তিকা, তার মধ্যে পরিষ্কার লেখা রয়েছে ১ লক্ষ ৯২ হাজার ৪৯৯.৭৭ কোটি টাকা। এই বছরে কত হল ? এই বছর বাজেট বই যেটা প্লেস করা হয়েছে তাতে কেন্দ্রীয় লোন দেখানো হয়েছে ২ লক্ষ ৯৯ হাজার ২৭৪.১২ কোটি টাকা। কেন বাড়ল ? তার মানে কত বাড়ল ? বাড়ল হচ্ছে ১ লক্ষ ৬৭ হাজার ৭৪.৩৫ কোটি টাকা। মানে সড়ে চার বছরে এই সরকার যে ধারটা বাড়িয়ে দিয়েছে সেটা হচ্ছে প্রায় এক লক্ষ কোটি টাকার বেশি ধার করেছে কেন্দ্রীয় সরকারের কাছে। কেন করলেন ? স্যার, ধার করার ব্যাপারটা অন্যায় নয়। আমার বন্ধু শুভাশিষ আগে বললেন। উনি কার্যত যা বলেছেন তা সরকারের বিরুদ্ধে গেছে। ধার করে। ধারের ফলে হচ্ছে ক্যাপিটাল এক্সপেনডিচার বাড়াতে হয়। যেটা আমাদের বামফ্রন্ট সরকার করেছিলেন। সম্পদ সংগ্রহের ক্ষেত্রে যদি ধার হয় তাহলে সেটা খারাপ নয়। এই যে কংগ্রেসের যারা বসে রয়েছেন, এদের কাছ থেকে যখন ১৯৭৭ সালে যখন জ্যোতিবাবুর নেতৃত্বে সরকার হয়, তখন যে ধার ওরা রেখে গিয়েছিলেন, যদি আজকে gold value দিয়ে তাকে বিচার করা যায়, তাহলে সেটা দেখা যাবে নব্বই হাজার কোটি টাকার বেশি। কই আমরা তো বলিনি যে আপনারা এত ধার রেখে গিয়েছিলেন কেন ? কাজেই ধার থাকতেই পারে। অর্থনীতির নিয়মে ধার হবে, উন্নয়ন হবে, ধার শোধ হবে। শুধু সেখানেই নয় স্যার, আমি আর একটা জিনিস বলি যে ২০১১-১২ সালে যে বাজেট পুস্তিকা, তাতে দেখা যাচ্ছে যে মার্কেট লোন, কত ? তাতে মার্কেট লোন কত দেখানো হয়েছিল ? মার্কেট লোন কার ? মার্কেট লোন হচ্ছে যে বামফ্রন্ট সরকারের সময়েতে ৯ হাজার ৫০০ কোটি

টাকা ছিল। ২০১২-১৩ সালের নয় নম্বর বাজেট পুস্তিকায় তার চার নম্বর পাতাতে মার্কেট লোন কত—সেটা হচ্ছে ৯ হাজার ৫০০ কোটি টাকা মার্কেট লোন ছিল। আর এই বছর যে বাজেট পেশ করেছেন তাতে মার্কেট লোন কত—২৩ হাজার ১৫০.৯৮ কোটি টাকা, চার নম্বর পাতাতে রয়েছে। অর্থাৎ ২০১১-১২ সালে যে মার্কেট লোন ছিল ৯ হাজার ৫০০ কোটি টাকা সেটা বেড়ে হয়ে গেল ককত—২৩ হাজার ১৫০.৯১ কোটি টাকা। মানে ১৩ হাজার কোটি টাকা মার্কেট লোন বেড়ে গেল ? মার্কেট লোন বাড়ার মানেটা কী ? মার্কেট লোন বাড়ার মানে হচ্ছে এটাই যে small savings থেকে আর উনি কোনো লোন পাচ্ছে না। এই সরকারের আমলে small savings কার্যত উঠে গেছে। তার জায়গায় কী হল—সারদার গোড়াতে জল ঢালা হল। সারদার গোড়াতে জল ঢালার ফলে বিভিন্ন জায়গায় মানে অন্য জায়গায় লোন পেতে শুরু করলেন। আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে জানতে চাইব যে small savings থেকে উনি কত ধার করেছেন ? ওনাকে পরিষ্কার বলতে হবে। উনি এটা বলতে পারেন। এবং এর ফলে এই যে বিভিন্ন জায়গাতে নানাভাবে বেড়ে যাচ্ছে অন্যান্য private small savings companyগুলি বেড়ে যাচ্ছে—কোথাও নদীয়া জেলাতে বাড়ছে, কোথাও হাওড়াতে বাড়ছে, ২৪ পরগনাতে বাড়ছে। এগুলির তদন্ত হওয়ার দরকার আছে। এত এত বাড়ছে ? বামফ্রন্ট সরকার গভর্নমেন্ট কাছে থেকে জনগণের টাকা যেটা স্মল সেভিংসে থাকত সেটাকে কাজে লাগাত। আপনারা কী করলেন—আপনারা মার্কেট লোন নিতে শুরু করলেন, মার্কেট থেকে লোন নিতে শুরু করলেন। এর ফলে কী হল—অনেক মানুষ আত্মহত্যা করতে বাধ্য হল। মন্ত্রীরা জেলে গেল। কেন এসব হবে, কিসের জন্য হবে ? আপনারা তার জবাব দেবেন না ? মাননীয় অর্থমন্ত্রী তিনি অর্থনীতির কথা বলছেন, গোটা ব্যাপারটাকে এইভাবে jugglery করার কী মানে আছে আমি কিছু বুঝতে পারছি না। যারা অর্থনীতির সাধারণ ছাত্র তাদের কাছে এই বিষয়টা বোঝার দরকার আছে। এইবার আসি স্যার GSDP নিয়ে। GSDP নিয়ে উনি খুব অহঙ্কারের সঙ্গে অনেক কথা বলেছেন। আমি স্যার বলতে চাইছি GSDP কখনই একটা বছরের গ্রোথ দেখে বোঝা যায় না, এটা হচ্ছে ধারাবাহিক trend growth দেখে বুঝতে হবে। Exponential গ্রোথ থেকে অর্থনীতির প্রকৃত গ্রোথটা বুঝতে পারা যায়। Exponential trend growth—ওই মাপটা হল আসল পরিমাপ। এবং সেই হিসাবে দেখতে হয় তাহলে ১৯৯৩-৯৪ সাল থেকে ২০১১ সাল পর্যন্ত বামফ্রন্ট সরকারের GSDP ছিল, trend grouth ছিল কত—১০.৭% exponential trend growth। উনি জানেন, যারা ঘোড়া মাথা তারা জানতে পারবে না কিন্তু exponential trend growth ছিল বামফ্রন্ট সরকারের ১৯৯৩-৯৪ সাল থেকে ২০১১-১২ সাল পর্যন্ত ১০.৭%। এটা ছিল trend growth আর যদি বলি তৃণমূল সরকারের আমলে—এই ঘাসফুল সরকারের আমলে যে trend growth সেটা ২০১১-১২ সাল থেকে ২০১৪-১৫ সাল পর্যন্ত trend growth হচ্ছে ৯.৭%। যেদিকে যাবেন কোনো দিকেই নিস্তার নেই। আপনি সব জায়গায় হারবেন। কিন্তু দেশটাকে আপনি পচনের দিকে নিয়ে যেতে চাইছেন। এই জন্য আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে জিজ্ঞাসা করতে

চাইছি আপনি যে GSDP গ্রোথ যে ১০.৪৮ শতাংশ দেখলেন, এটা আপনি কি হিসাবে দেখলেন ? আমি যেটা জানতে চাইছি এটা কি year to year gorwth হিসাবে দেখলেন। year to year growth ধরে trend growth বোঝা যায় না। একটা trend growth আলাদা। কোনো একটা বছরের গ্রোথ দেখে trend growth ধরা যায় না। এটাই হল অর্থনীতির সাধারণ নিয়ম। এই নিয়মটা সবাই জানেন। যারা অর্থনীতিবিদ, যারা অর্থনীতির A,B,C,D জানেন তারাও এটা জানেন আর মাননীয় অর্থমন্ত্রী জানেন না, তা নয়। তিনি গোটা সভাকে ভুল পথে চালিত করার চেষ্টা করেছেন। আমাদেরকেও ভুল পথে চালানোর চেষ্টা করেছেন। আমি অর্থনীতির নিয়ম অনুযায়ী এই কথাটা বলছি। এই বার আসি GSDP-এর share-এর শতাংশ। GSDP-এর share কত ছিল—বামফ্রন্টের আমলে। ২০০৫-০৬ সালে agriculture ১৮%। ২০০৬-০৭ সালে agriculture কত ছিল—১৭%। ২০০৭-০৮ সালে agriculture কত ছিল ১৭%। ২০০৮-০৯ সালে agriculture কত ছিল ১৬ শতাংশ। ২০০৯-১০ সালে agriculture কত ছিল ১৬%। ২০১০-১১ সালে ১৪%। ২০১১-১২ সালে ১৪%। ২০১২-১৩ সালে হল ১৩%। ১৩% বেশি না ১৮% বেশি ? Agriculture আপনাদের গ্রোথ বাড়েনি ? industry-এর ক্ষেত্রে কি হল ? ২০০৫-০৬ থেকে ২০১০-১১ সাল পর্যন্ত ২১ থেকে ২০ শতাংশ পর্যন্ত গিয়ে industry-এর ক্ষেত্রে share growth ছিল, GSDP share growth ছিল আপনাদের আমলে কি হল ? ১৮-১৯%, বাড়ল ? ১৮-১৯ বেশি নাকি ২০-২১ বেশি, কোনটা বেশি ? আপনারা বলবেন না। আপনি বলছেন যে কর্মসংস্থান হয়েছে। আপনাদের আমলে যা কিছু হয়েছে—কিছু অস্থায়ী কাজ তৈরি হয়েছে, যেমন service sector-এ সামান্য একটু বেড়েছে। সেটা অস্থায়ী কাজ হয়েছে।

[11.40—11.50 a.m.]

আপনি বলছেন যে, আপনার আমলে কর্মসংস্থান হয়েছে ১৬ লক্ষ ৬ হাজার। এই কর্মসংস্থান কোথায় হয়েছে, এই কর্মসংস্থান কোনো স্থায়ী কেন্দ্রে হয়েছে, না অস্থায়ীভাবে হয়েছে, এটা আপনাকে জানাতে হবে। আমরা দাবি করছি এটা আপনাকে জানাতে হবে যে, ১৬ লক্ষ ৬ হাজার কাজ—সেটা সংগঠিত ক্ষেত্রে, না অসংগঠিত ক্ষেত্রে হয়েছে—কিভাবে হয়েছে এটা আপনাকে জানাতে হবে। আপনাকে বলতে হবে যে সাড়ে সাত লক্ষ কর্মসংস্থানের কথা আপনি বলেছেন সেটা কীভাবে হবে, কোথায় হবে, কেমন করে হবে এটা আপনাকে জানাতে হবে যখন আপনি বক্তৃতা রাখবেন। আপনি বলেছেন—যেহেতু ৮৪ হাজার কোটি টাকা বিনিয়োগের ফলে রাজ্যে শিল্প নির্মীয়মাণ—কী শিল্প নির্মীয়মাণ ? ইনফ্রাস্ট্রাকচার—কী শিল্প নির্মীয়মাণ ? বড় শিল্প, ছোটো শিল্প, না চপ শিল্প—বলতে হবে যে কোন শিল্প নির্মীয়মাণ। একথা বললে তো আমরা শুনব না। এখানে কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি—আমি হিসাব করে বলছি স্যার, এই আপনাদের বাজেট বইয়েতে রয়েছে, কমার্স অ্যান্ড ইন্ডাস্টি ২০১২-'১৩ সালে ৫০০ কোটি টাকা ধরা হয়েছিল। অ্যাকচুয়াল খরচ হয়েছে কত ? ৩৮৭.৫০ কোটি টাকা। কেন হল না ? ২০১৩-'১৪ সালে ৫০০ কোটি ধরা হয়েছিল। খরচ

হয়েছে কত ? ৩৯৯.৬১ কোটি টাকা। এই নভেম্বরের বইয়েতে আছে, আপনাদের বইয়েতে আছে। এইরকমভাবে হিসাব দিলে তো চলে না। তাহলে কোনটা বেশি ? কেন খরচ করতে পারল না কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রীতে ? এগ্রিকালচারের ক্ষেত্রে ২০১৩-'১৪ সালে, ধরা হয়েছিল ৭২৫ কোটি টাকা। খরচ হয়েছে কত ? ৪২৫.৫৩ কোটি টাকা। কেন ৩০০ কোটি টাকা খরচ হল না—কে বলবে ? মাননীয় পাওয়ার মিনিস্টার রয়েছেন। পাওয়ার মিনিস্টারের কাছে আমার বক্তব্য ২০১২-'১৩ সালে ১ হাজার ১০.৫০ কোটি টাকা ধরা হয়েছিল। কেন খরচা হল ৮৮৩.৫ কোটি টাকা ? কেন খরচা হল না ? আমি জিজ্ঞাসা করতে চাই যে, সেচ দপ্তরের ক্ষেত্রে ২০১২-'১৩ সালে, ১৫৮৬.১৭ কোটি টাকা ধরা হয়েছিল। কেন খরচ হল ৫৮৭.৩৪ কোটি টাকা। ১ হাজার কোটি টাকা কেন খরচ হয়নি ? ২০১৩-'১৪ সালে ৯৩৩.৩৪ কোটি টাকা ধরা হয়েছিল। কেন খরচা হল ৬৮৩.৫ কোটি টাকা ? কেন হল, কে জবাব দেবে ? আপনারা বলতে পারবেন না, আপনাদের বইয়েতে সব লেখা রয়েছে। এই সমস্ত কিছু বললে পরে হয় না। আপনাদের আমলে ৩ বছরে—যে কারখানার কথা বলেছেন, আমি একটা বলি যে ২০১০-'১১ তুলনায় ২০১১-'১২-তে রাজ্যে কারখানার আগমন ৯৭ শতাংশ কমেছে। আর ২০১১-এর তুলনায় ২০১২-'১৩ সালে রাজ্যে কারখানার আগমন কমেছে ৮৫ শতাংশ। আমি আর একটা কথা বলি, আপনাদের বইয়েতে রয়েছে স্যার—এই রেভিনিউ ডেফিসিট—২০১৩-'১৪ সালে রেভিনিউ ডেফিসিট হয়েছে ১৮ হাজার ৯১৫.৪৯ কোটি টাকা। ২০১৪-'১৫ সালে রেভিনিউ ডেফিসিট দেখানো হয়েছে ১০ হাজার ৩৬১.৮৭ কোটি টাকা। ২০১৪-'১৫ সালের বাজেটে 'জিরো' ডেফিসিট ধরা হয়েছিল। তখন হাততালি কুড়ানোর জন্য আপনি জিরো ডেফিসিট দেখিয়েছিলেন। কিন্তু আপনি বলুন যেহেতু ২০১৪-'১৫ সালের বাজেটে 'জিরো' ডেফিসিট ধরা সত্ত্বেও সেখানে ডেফিসিট কেন ১০ হাজার ৩৬১.৮৭ কোটি টাকা হল ? আর ২০১৩-'১৪ এর যে বাজেট, তাতেও দেখা গিয়েছে যে ডেফিসিট দেড় গুণের বেশি হয়ে গেছে। কেন হল ? এবারের আপনি বাজেট প্লেস করেছেন জিরো ডেফিসিট দেখিয়ে। আমার মনে হয় এটা জিরো ডেফিসিট থাকবে না। কারণ দিল্লির বাজেটের আগেই আপনি বাজেট প্লেশ করেছেন। কাজেই এটা সম্পূর্ণভাবে ভুল তথ্যের উপরে হয়েছে, আমি বলি স্যার, ছোটোবেলায় দেখতাম যে ঝুমঝুমিওয়ালা বাজারে ঘুরে বেড়াতেন। বলতেন যে, 'নিলামওয়ালা, নিলামওয়ালা, যা নিবি তাই সাড়ে ছয় আনা' এবং গোটা রাজ্যটাকে নিলামে তোলার ব্যবস্থা করছেন আমাদের এই অর্থমন্ত্রী। অর্থনীতির ছাত্র হিসাবে উনি জানেন যে উনি ভুল তথ্য দিচ্ছেন। আমি এই ভুল তথ্যের বিরুদ্ধে প্রতিবাদ জানাচ্ছি। আমি বলছি নতুন-নতুন ট্যাক্সগুলো খুঁজে বার করার দরকার। উনি খুঁজে বার করেননি, উনি গোটা রাজ্যটাকে ভিখারীর জায়গায় নিয়ে যেতে চাইছেন। আমি এর বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানিয়ে মনে করছি এই বাজেট সমর্থনের অযোগ্য বাজেট, এই বাজেট হচ্ছে বাজে বাজেট, এই বাজেটকে বিরোধিতা করছি। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রমেন্দ্রনাথ বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গতকাল আমাদের রাজ্যের অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয় যে বাজেট পেশ করেছেন এই পবিত্র সদনে, আমি তাকে

পরিপূর্ণভাবে সমর্থন জানিয়ে দু-চারটি কথা বলছি। আসলে আমাদের সরকার, মা-মাটি-মানুষের সরকার। এই সরকার মানুষের স্বার্থে, জনগণের স্বার্থে, পশ্চিমবঙ্গের স্বার্থে তার যতটুকু ক্ষমতা আছে সেই ক্ষমতা দিয়ে সকলের উপকার করা যায়, পশ্চিমবঙ্গকে উন্নয়নের দিকে এগিয়ে নিয়ে যাওয়া যায় তার প্রচেষ্টা এই বাজেটে প্রতি ছত্রে ছত্রে উজ্জ্বল দৃষ্টান্ত রয়েছে। আমরা দেখেছি কেন্দ্রীয় যে সরকার সেই সরকার আমাদের দিকে খুব ভালো দৃষ্টিতে দেখেন না। আমরা ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার ঋণের বোঝা ঘাড়ে নিয়ে এগিয়ে চলেছি। আমাদের অনেক দায় আছে, দৈন্য আছে। জীবনের যে কটি দিক, বিশেষ করে একটি সরকারের যে কটা ডিপার্টমেন্ট থাকে, প্রত্যেক ডিপার্টমেন্টে মন্ত্রী আছেন। তাদের উদ্দেশ্য থাকে আমাদের মুখ্যমন্ত্রীর পরামর্শ অনুযায়ী কার্য রূপায়িত করা, উন্নয়ন ত্বরান্বিত করা এবং উন্নয়নের মাধ্যমে সরকারের যে গতি, সেই গতিকে সুনির্দিষ্ট করা। আমরা দেখেছি আমাদের যে কটি ডিপার্টমেন্ট আছে, সেই কটি ডিপার্টমেন্টেই বিগত বছরের জেরে এই বছর ব্যয় বৃদ্ধি করা হয়েছে এবং সেই প্রস্তাবও রাখা হয়েছে। বিগত বছরগুলোতে, যখন আমরা ২০১১ সালে ক্ষমতায় আসি, সেই সময় থেকে আরম্ভ করে বর্তমান সময় পর্যন্ত আমাদের বিদগ্ধ অর্থনীতিবিদ অমিত মিত্র যেভাবে পশ্চিমবঙ্গকে পরিচালিত করছেন আমাদের মুখ্যমন্ত্রীর নির্দেশে, তার ভিতরে যদি ভুল থাকত তাহলে বর্তমান অবস্থায় আমরা আসতে পারতাম না। আজকে দিকে দিকে মমতা বন্দ্যোপাধ্যায়ের যে প্রতিভা, অমিত মিত্র মহাশয়ের যে প্রতিভা, নব নব উন্মেষ, তাকেই বলে প্রতিভা। আছে বস্তু লয়ে বিচার, অমার যা আছে তাই নিয়ে আমি কী করে, কীভাবে গিন্নিপনাটা করলাম তার উপরে নির্ভর করে পশ্চিমবঙ্গের ভবিষ্যৎ। আজকে কৃষক, শ্রমিক মেহনতি মানুষ, শিল্প, কল-কারখানা, কৃষি, স্বাস্থ্য সমস্ত দিকেরই উন্নতি হচ্ছে। এই অবস্থায় দাঁড়িয়েও যারা বিরোধী পক্ষের ভূমিকা পালন করছেন এবং করে তাদের বক্তব্য রাখছেন, সেই বক্তব্য যদি এত মধুর হত, এত কার্যকরী হত তাহলে আমরা ২০১১ সাল থেকে বর্তমান সময় পর্যন্ত সাফল্যের সঙ্গে এগিয়ে আসতে পারতাম না। আজকে সাফল্যের বড় প্রমাণ আমরা পশ্চিমবঙ্গের ৪২টি লোকসভা সিটের মধ্যে ৩৪টিতে জয়লাভ করেছি। কেবলমাত্র জয়লাভই বড় কথা নয়, আসলে কৃষক যারা তারা কী চায়। কৃষি ব্যবস্থার যাতে সুন্দর প্রবাহ থাকে সেটি তারা চায়। শিক্ষাপ্রবাহ চায়, কৃষিপ্রবাহ চায়, স্বাস্থ্যপ্রবাহ চায়। আজকে দিকে দিকে আপনারা যদি ঠিকমতোভাবে লক্ষ্য করেন তাহলে দেখতে পাবেন যে, সমস্ত দিকেরই উন্নতি হচ্ছে। সেচ ব্যবস্থার উন্নতি না হলে কী কী অসুবিধা আসতে পারে, সে ব্যাপারে আমাদের সেচমন্ত্রী দেখছেন। বিদ্যুৎমন্ত্রী, তিনি আজকে চাইছেন সবার ঘরে আলো। তার যে তপস্যা, তার কাজ তিনি করে চলেছেন।

[11.50 a.m.—12.00 noon]

কৃষি মন্ত্রী তাঁর কাজ করে চলেছেন, কৃষি বিপণন মন্ত্রী তাঁর কাজ করে চলেছেন, তফশিলি জাতি উপজাতি মন্ত্রী তাঁর কাজ করে চলেছেন, কোথাও বাধাপ্রাপ্ত হচ্ছেন না, বরং মানুষ বাহবা দিচ্ছে। শিক্ষায় আপনাদের ৩৪ বছরে যা হয়েছে তার বেশি অগ্রগতি এই সময়ে হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী স্বাস্থ্য দপ্তর নিজের হাতে রেখেছেন। স্বাস্থ্য ক্ষেত্রে এখন যা উন্নতি

দেখছি তিন বছর আগে তা কল্পনাও করা যেত না। মমতা বন্দ্যোপাধ্যায় স্বাস্থ্যমন্ত্রী হিসাবে তাঁর কাজ করে চলেছেন। কোনো কর বৃদ্ধি না করে, কোনো নতুন কর না বসিয়ে আমাদের অর্থমন্ত্রী যেভাবে এই বাজেট পেশ করেছেন তাতে তাঁকে বাহবা না দিয়ে আপনারা বলছেন এই বাজেট নিঃসার, এই বাজেটের আমরা তীব্র বিরোধিতা করব। আপনাদের ৩৪ বছরে বারবার লক্ষ করেছি আপনাদের অর্থমন্ত্রী প্রতিবার ঘাটতিশূন্য বাজেট পেশ করতেন, কোনো ঘাটতি নেই, একেবারে মিলে যায়, অথচ দেশের উন্নতি, জনগণের চাহিদা পূর্ণ হয় না। সেই অবস্থায় যে বাজেট হত, সেই বাজেট যদি আজকে পেশ হত তাহলে আপনারা খুবই প্রশংসা করতেন, কেননা আপনাদের প্রশংসা করতে হবে এবং এই প্রশংসা করে করে ৩৪ বছরে পশ্চিমবঙ্গকে জঙ্গলের রাজত্বে পরিণত করেছিলেন। সেখানে আমাদের চ্যালেঞ্জ, আমরা উন্নয়ন চাই। সরকারের যত ডিপার্টমেন্ট আছে, সেইগুলোর দিকে তাকিয়ে দেখুন তো কোন ডিপার্টমেন্টে উন্নয়ন হয়নি ? রাস্তাঘাট থেকে শুরু করে সর্বত্র আমরা উন্নয়ন করেছি, ফাঁকা বুলিতে কিছু করিনি। সেখানেও আপনারা বলছেন এই বাজেটকে সমর্থন করতে পারি না। কৃষি ক্ষেত্রে কৃষি কর্মণ পুরস্কার পেয়েছে। আজকে কন্যাশ্রী প্রকল্প সরকার বাস্তবায়িত করে চলেছে। এই কন্যাশ্রী প্রকল্পের উদ্ভাবন উর্বর মস্তিষ্ক ছাড়া হয় না। এই প্রকল্প আজকে ভারতবর্ষেই নয়, বিশ্বেও সমাদৃত হচ্ছে। কোন সমাজকে, কোন দেশকে এগিয়ে নিয়ে যেতে গেলে যেমন পুরুষের উন্নতি দরকার তেমনি দরকার নারী, কন্যাদেরও উন্নতি। সামগ্রিকভাবে কোনো জাতি শিক্ষিত না হলে সেটা হয় না। ২০১৩ সালে যখন প্রথম কন্যাশ্রী প্রকল্পের কথা উচ্চারিত হ'ল, সেই সময় আপনারা নাক সিঁটকে বলেছিলেন—এ আবার কী ? অল্প দিনের মধ্যেই এই প্রকল্প সাফল্যের মুখ দেখেছে, সেখানে টাকাও বৃদ্ধি করা হয়েছে। যদিও আরও বেশী অর্থ সাহায্য করতে পারলে ভালো হত। এই প্রকল্পে ১৩ থেকে ১৮ বছর বয়সী বালিকাদের প্রতি বছর ৫০০ টাকা করে দেওয়া হত, সেটা এবারে বাড়িয়ে ৭৫০ টাকা করা হয়েছে। এবং এই কন্যাশ্রী প্রকল্প একদিকে বাল্যবিবাহ দূরীভূত করবে, বাল্য বিবাহকে অনুৎসাহিত করবে, অন্যদিকে তাদের পড়াশোনার দ্বার খুলে যাবে। এই অবস্থার মধ্যে দিয়ে নারীজাতি ভরসা পাবে, আস্থা পাবে, বিশ্বাস অর্জন করতে পারবে, আত্মপ্রতিষ্ঠা পাবে, এই যে একটা কল্পনা কোনোদিন তো আপনাদের শুনলাম না। এই জায়গায় আপনারা বক্তব্য রেখেছেন, অনেকেই খুব ভাল ভাল বক্তব্য রেখেছেন কিন্তু আমাদের কোনো কাজকে তো আপনারা কখনো কোনো প্রশংসা করেননি। তাহলে কি কেবলমাত্র বিরোধিতার জন্য বিরোধিতাই হবে আপনাদের শেষ কথা ? তাহলে সেই প্রকল্প সারা ভারতবর্ষে শুধু নয়, সারা পৃথিবীতে সেটা আদৃত হচ্ছে। অতএব, আপনারা একটু প্রশংসাও করুন। আপনাদের মধ্যে ভালো বৃত্তি আছে, মন্দ বৃত্তি আছে। আমাদের মধ্যেও ভালো বৃত্তি আছে, মন্দ বৃত্তি আছে। সত্যকে সত্য বলতে আপনারা পরাঙ্মুখ হন। যদি তাই হত তাহলে গণতন্ত্রের প্রধান উদ্দেশ্য কনস্ট্রাকটিভভাবে সমালোচনা করা, কিন্তু আপনারা সব সময়ে ডেস্ট্রাকটিভ অ্যাটিটিউড নিয়ে বক্তব্য রাখেন। আমি আশা করব শিখবেন এবং আপনারা আন্তরিকতা সহকারে আমাদের আন্তরিক মুখ্যমন্ত্রী, আমাদের আন্তরিক অর্থমন্ত্রী তাঁর যে বাজেট, সেই বাজেটকে আপনারা অন্য দৃষ্টিকোণ থেযক রাজনৈতিক দৃষ্টিভঙ্গি থেকে নয়, বিচার করতে

শিখবেন এবং তাই বলবেন তাতেই গণতন্ত্রের যথার্থ উন্নয়ন হবে। আমি আমার বক্তব্য শেষে আবার বলছি এই বাজেট যুগান্তকারী বাজেট, ঐতিহাসিক বাজেট, এই বাজেট পশ্চিমবঙ্গকে এগিয়ে নিয়ে যাওয়ার বাজেট, এই বাজেট অন্যায়ের প্রতিবাদের বাজেট। এই বাজেট মানুষকে ভালবাসার বাজেট এবং দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার বাজেট। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী বিজয় বাগদী : মাননীয় চেয়াম্যান স্যার, রাজ্যের অর্থ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ডঃ অমিত মিত্র মহোদয়া ২০১৫-১৬ সালের জন্য যে ব্যয়বরাদ্দের দাবি এখানে উপস্থাপন করেছেন, আমি দেখছিলাম স্যার যে উনি এই বইটিতে সুন্দরভাবে মানুষকে বোকা বানানোর চেষ্টা করেছেন এবং এই বাজেট যেটা আমাদের শাসকপক্ষের সদস্য এখনই বলছিলেন যে মা-মাটি-মানুষের সরকারের এই বাজেট একটি ঐতিহাসিক বাজেট। আমি একথা বলতে চাই, আমরা গ্রামবাংলা থেকে নির্বাচিত প্রতিনিধি। এখানে অনেক সদস্য গ্রামবাংলা থেকে এসেছেন। জানি না তারা সেই সত্য কথাগুলো এই পবিত্র বিধানসভায় তারা রাখতে পারবেন কিনা। আজকে স্যার অনেকেই ৩৪ বছরের প্রসঙ্গ তুলে অপব্যখ্যা করতে চাইছেন। আমি শুধু একটা কথা বলি যে যদি বুনিয়াদটা শক্ত না করি, ওপরটা যদি শক্ত করি তাহলে সেই বাড়ি বা সেই কনস্ট্রাকশন পড়ে যাবে, থাকবে না। স্যার, আমি একটা কৃষক পরিবার থেকে উঠে এসেছি এবং আমরা যদি তুলনামূলকভাবে দেখি যে আজকে আমি অতীত ছেড়ে দিলাম, চাষের পরিপ্রেক্ষিতটা কিভাবে তৈরী হয়েছিল। এখন কিভাবে তৈরী হচ্ছে ? এখন একজন চাষী যদি চাষ করতে যায় তার খরচ-খরচা কীভাবে বেড়েছে।

[12.00 noon—12.10 p.m.]

আমি কুড়ি বছর আগে যদি পিছিয়ে যাই দেখবেন, কারণ আমি পরিবর্তন বলছি না, আপনারা যেমন পরিবর্তনের পরিবর্তিত অবস্থাতে এসেছেন, এগ্রিকালচারের ক্ষেত্রেও ঠিক সেইভাবে পরিবর্তন ঘটছে। আজকে এগ্রিকালচার হচ্ছে যান্ত্রিক ব্যবস্থাপনাতে। আজকে দেখছি চাষ করার পরে যে ফসল উৎপাদন হচ্ছে, সেই চাষী সঠিক দাম পাচ্ছে না। আপনারা ৩৪ বছর বলছিলেন তো। আজকে রাজ্যপালের ভাষণেও দেখলাম, এবং এখানে আমাদের মাননীয় অর্থমন্ত্রীও বলেছেন যে আমরা খাদ্যশস্য অর্থাৎ ধান কীভাবে ক্রয় করেছি। যদিও চাষ করে যে ফসল উৎপাদিত হচ্ছে, সেই ফসলের দাম চাষীরা ঠিকমতো পাচ্ছে না। ৩৪ বছরের কথা আপনারা বলছিলেন তো। কিন্তু আমরা যারা আছি তারা সবাই বলুন তো, কৃষক কি সেই সেন্টারগুলিতে গিয়ে ধান বিক্রয় করেছে সহায়ক মূল্যে ? ওই ১৩৬০ টাকা সরকারী রেটে ? আমি যখন রাস্তা দিয়ে পার হচ্ছিলাম, তখন দেখছিলাম দু-তিনখানা লরি ঢুকল। জিজ্ঞাসা করলাম আমাদের পাড়ার ছেলেকে। সে ধান বিক্রি করবে। সে বলল—স্টেশনের ঘাঁটি, সে কিনছে, তাকে দেব। আর আমাদের এখানে খাদ্যমন্ত্রী বিবৃতি দিলেন যে গ্রামবাংলাতে এতগুলি সেন্টার খুলে চাষীদের কাছ থেকে ধান নিচ্ছি। কোথায় নেওয়া হচ্ছে ? তাহলে চাষীদের এই রকম অবস্থা হত না। আজকে যে টাকা খরচ হচ্ছে চাষ করতে, সেই টাকাটা যদি না ওঠে, তাহলে আগামী বছর আমি আর সেই ফসল

উৎপাদন করতে পারব না। এটা তো স্বাভাবিক। ধানের দাম যে পাচ্ছে না, বীজ, সার এইসব জিনিস তাকে চড়া দামে কিনতে হচ্ছে। এরপরে আলুতে আসছি। আমরা দেখছি আলুর বীজ কিনছে। সরকার প্রতিশ্রুতি দিয়েছিল যে এখানে আলুর বীজ তৈরি করে চাষীদের মধ্যে সাপ্লাই করা হবে কম দামে। সেটা কি আমার সরকার করতে পেরেছে ? কোনো চাষী সরকারী সহায়তায় আলুর বীজ পেয়েছে ? জানি না, আপনারা যদি কোনো চাষীকে দিয়ে থাকেন। আমার তো মনে হয় না কোনো চাষী পেয়েছেন। তাহলে আজকে একজন কৃষক আলু চাষ করতে গিয়ে যদি আলুবীজ ৩০-৪০ টাকাতে কেনে, তাহলে বস্তায় তাকে কত টাকা খরচ করতে হচ্ছে ? পরে সেই আলুবীজ ক'কাঠা জমিতে সে চাষ করবে ? তারপরে যখন ফসল উঠবে, আমি সমস্ত খরচ-খরচা ধরে লাঙল আটশো টাকা, হাজার টাকা, ঘণ্টা ট্রাক্টর, মজুরী এইসব দিয়ে যখন আলুটা উঠছে, সেটা ওঠার পরে এখানে তো হুগলী, বর্ধমানের মেম্বাররা আছেন, নিশ্চয় আপনারা বলার সময় বলবেন, তবে জানি না আপনারা হয়ত বলতে পারবেন না, কারণ আপনারা শাসকপক্ষে আছেন—যে তারা কত টাকা পাচ্ছেন। কিন্তু মনে মনে আপনারা আমাকে সমর্থন করবেন যে হ্যাঁ আমি যেটা বলছি সেটা ঠিকই বলছি। আজকে কৃষক আত্মহত্যার পথ বেছে নিচ্ছে। তাহলে দেখুন এই যে আলু উঠছে তখন সে কি দামে সেই আলু বিক্রি করছে ? আড়াইশো টাকা ব্যাগ। আমি যতদূর দেখলাম। তিন টাকা, চার টাকা কিলো আলু। এই তো অবস্থা। আজকে সেই জায়গাতে সরকার চাষীদের কথা বলছেন। তারা চাষীর জন্য ঢালাও প্রতিশ্রুতি দিচ্ছেন। এই প্রতিশ্রুতিটা কীসের ? দলটা বড় করার জন্য ? ভোটে জেতার জন্য ? না সত্যিকারের কৃষকের পাশে থাকার স্বার্থে। আজকে এই যে অবস্থা তাতে আপনারা বলেছিলেন, কৃষকের স্বার্থে প্রত্যেকটা ব্লকে হিমঘর, কৃষি বাজার করে দেবেন। কোথায় ? এখানে চুরাশিটা হয়েছে। আবারও বলছেন কৃষি বিপণন দপ্তর বলছেন, বাহান্নটার কাজ শেষ হয়েছে। সেই বাহান্নটা কোন জায়গাতে করেছেন ? একটা বাজারও চালু হয়নি। কৃষক তার পণ্যসামগ্রী বিক্রি করা তো দূরের কথা, তা নিয়েও যেতে পারছে না এমন এমন জায়গা। সেখানে কোটি কোটি টাকা কনট্রাক্টরদের পাইয়ে দেওয়া হল। বাড়ীগুলি ভূতুরে বাড়ী হয়ে থাকবে। সেখানেও কৃষকদের কোনো কাজেই লাগবে না। অথচ আপনারা বলছেন যে বাজার তৈরী করেছি। কৃষকের স্বার্থ সুরক্ষিত থাকবে। কৃষকরা তার ন্যায্য দামে তার মাল বিক্রি করতে পারবে। এ অবাস্তব কথাগুলি আপনারা এর মধ্যে লিপিবদ্ধ করেছেন। তার আপনারা—এই যে কৃষক, কৃষি পেনশনের কথা আপনারা বলেছেন। এটা তো ২০০৮ সালে তৎকালীন প্রয়াত কৃষিমন্ত্রী চালু করে গিয়েছিলেন। আজকে আমরা সেটা আপনাদের কাছে জানতে চাইব যে, উদ্যোগটা আপনারা গ্রহণ করেছেন, কৃষকের সারা জীবন কাজ করার পরে শেষের দিকে যদি তার একটু সুরাহা হয়, যদি একটু শাক-ভাত খেতে পায়—সেই ব্যবস্থা—আমরা এটাও দেখব যে, সংখ্যাটা কতটা বাড়িয়েছেন। এই দ্রব্যমূল্যের বাজারে তার অঙ্কটা আপনারা কীভাবে বাড়িয়েছেন, সেটাও আমরা দেখতে চাই। এমনি মুখে বললে তো হবে না। আজকে আপনারা থানারা কথা বলেছেন, সেই প্রসঙ্গ নিয়ে আমি বলতে চাই, আজকে ওই সব সিভিক, ভলেন্টিয়ার্স—এদেরকে তো আপনারা চাকরি দিয়ে নিয়োগ করলেন। এতেও অনেক কিছু কারচুপি আপনারা করেছেন—এখন আমরা বুঝতে পারছি, শুনতে

পাচ্ছি। আজকে সেই সমস্ত নিয়ে আপনাদের গণ্ডগোল এলাকায়, এলাকায়, গ্রামে গ্রামে। আজকে আপনারা থানা করব বলছেন। এদের চাকরি দেবেন না, আপনারা নতুন পোস্ট করে লোক নেবেন। তাহলে এই ছেলেগুলোকে নিয়ে আপনারা বৈতরণী পার হওয়ার জন্য তাদেরকে একটা মিথ্যে প্রতিশ্রুতি দিয়ে নিয়ে এলেন, আজকে তাদের অবস্থা কী হবে ? আর থানা করে কী লাভ হবে ? আমার এলাকায় দেখেছি, রাজগর, আমার পুরোনো এলাকা, খয়রাশোল—১০টা পঞ্চায়েত, দুটো থানা আছে, আবার একটা থানা করে দেওয়া হল। কী দরকার ছিল ? সেখানে আইন-শৃঙ্খলা সুরক্ষিত থাকছে ? নারী নিগৃহীতা হচ্ছে না ? আজকে আপনারা বলছেন, আমরা নাকি ওদের দলদাসে পরিণত করেছিলাম। আজকে আপনাদের পুলিশ রাস্তায় দাঁড়িয়ে তোলা আদায় করছে। এন.এইচ.৬০, যে কোনো সময় আপনারা যদি যান দেখবেন, লাল লাইটটা খুলে গেলেই বুঝতে পারবেন, তারা রাস্তায় দাঁড়িয়ে মোটর সাইকেলের কাছ থেকে পয়সা আদায় করা, আর ওই দু-নম্বরি কয়লা ব্যবসায়ী, তাদের কাছ থেকে তোলা আদায় করা ছাড়া আর কোনো কিছু কাজ তাদের নেই। আইন-শৃঙ্খলাকে কোন জায়গায় নিয়ে গেছেন আপনারা। আর থানায় বসে তারা মাসোহারা ঠিক করে গল্প করছে এবং আইন-শৃঙ্খলা চুলোয় যাক, এই তো অবস্থা। যাই হোক, এই বাজেটকে আমি সমর্থন করতে পারছি না, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

শ্রী এ.টি.এম. আবদুল্লা : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে এই মহতী সদনে গতকাল পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রী মাননীয় ডঃ অমিত মিত্রের যে বাজেট বিবৃতি, তাকে পূর্ণ সমর্থন করে এবং সেই সমর্থনে কিছু বিষয় এখানে তুলে ধরতে চাই। বক্তব্যের শুরুতে আমি আমার আগের বক্তার থানা বা আইন-শৃঙ্খলার প্রশ্নে যে কিছু কিছু কথা আমরা শুনেছি, তার একটা ছোট্ট উদাহরণ দিতে চাই। দেখুন ভারতবর্ষ স্বাধীন হয়েছে ১৯৪৭ সালে। তৃণমূল সরকার ক্ষমতায় এসেছে ২০১১ সালে। মাঝখানে অনেক বছর গড়িয়ে গেছে। এই দীর্ঘ সময়ে আমলা, প্রশাসনিক কর্তাব্যক্তিদের যে প্রাকটিস, সেই প্রাকটিসটা ধারাবাহিকভাবে ৬০-৬৫ বছর ধরে চলে আসছে। মাননীয়া মুখ্যমন্ত্রী যখন বাংলার মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিয়েছিলেন, তিনি কি কুমোরটুলি থেকে প্রশাসনিক কর্তাব্যক্তিদের তৈরি করে নিয়ে এসেছিলেন ? না যেটা আছে সেটাই চলছে ? আমি জিজ্ঞাসা করতে চাই এখানকার বিরোধীর পক্ষের বন্ধুদের। যাই হোক, বাজেট নিয়ে বক্তব্য, আমি শুরুতে বলতে চাই যে, একটা ভালো সরকারের কী কী দায়িত্ব থাকে মানুষের জন্য করার ? একটা ভালো সরকার হতে গেলে আমার মনে হয়, সর্বপ্রথম সেই সরকারকে গুরুত্ব দিতে হয় মানুষের খাদ্যের নিরাপত্তা দেওয়ার ক্ষেত্রে। মানুষ যেন অনাহারে না থাকে। দ্বিতীয় নিরাপত্তা কী ? দ্বিতীয় নিরাপত্তা হচ্ছে, মানুষ সভ্য জগতের জীব। মানুষ গাছে বাস করে না, জঙ্গলে বাস করে না, মানুষ ঘরে বাস করে।

[12.10-12.20 p.m.]

তাহলে কোন মানুষগুলোর ঘর নেই ? যারা দরিদ্র, যারা গরীব, যারা পিছিয়ে পড়া, সেই মানুষগুলোর ঘর নেই। তাহলে এই মানুষগুলো যারা পিছিয়ে পড়া মানুষ তাদের মাথার

উপর ছাদ পৌঁছে দেওয়া একটা ভালো সরকারের দায়িত্বের মধ্যে পড়ে। এর পরে ভালো সরকারের আর কী দায়িত্বের মধ্যে পড়ে ? একটা ভালো সরকার হতে গেলে আর যে দায়িত্বটা পড়ে সেটা হচ্ছে যে, রোগ-বালাই, এই যে কথায় বলে না যে রোগ বড় বালাই, অসুখ, বিসুখ, ব্যারাম এই ধরনের বিষয়গুলো মানুষের কাছে বলে আসে না। আর যখন আসে তখন গরীবের একটা বড় সমস্যা হয়। তাহলে একটা ভালো সরকারকে যে জিনিসটা দায়িত্ব নিয়ে করতে হয় সেটা হচ্ছে যে সুস্থ স্বাস্থ্য পরিষেবা মানুষের কাছে পৌঁছে দেওয়া। এর বাইরে একটা সরকারের আর কী কাজ ? এর বাইরে একটা ভালো সরকার হতে গেলে আর যে কাজ, সেটা হচ্ছে শিক্ষার প্রসার করা। শিক্ষার প্রসার করা। কারণ শিক্ষা জাতির মেরুদণ্ড। শিক্ষার প্রসার করতে গেলে কী করতে হবে ? শিক্ষার প্রসার করতে গেলে যারা দরিদ্র পরিবারের মানুষ তাদের বাড়ীর ছেলেমেয়েদেরকে স্কুলে টেনে নিয়ে আসতে হবে। এটাই তো কাজ, কারণ দরিদ্র বাড়ির দু-ধরনের টেন্ডেন্সী থাকে, একটা হচ্ছে অর্থের অভাব, দ্বিতীয় হচ্ছে এমন কিছু টেন্ডেন্সী আমরা গ্রামে দেখেছি যে বাড়ীর বাচ্চারা বড় হয়ে গেলে ১০,১১,১২ বছর হয়ে গেলে তারা ভাবে যে আমার ছেলেকে আর ইস্কুলে পাঠিয়ে কী হবে, তাকে একটা চায়ের দোকানে কাজ করতে পাঠাই, সে দিনে হয়তো ২০টা টাকা আয় করে এনে দেবে। তাহলে দরিদ্র থেকে দরিদ্রতম বাড়ীর ছেলেমেয়েদের স্কুলে টেনে আনা, তাদের পঠন-পাঠনের সুযোগ দেওয়া, তাদের মধ্যে শিক্ষার আলো পৌঁছে দেওয়া একটা ভালো সরকারের অন্যতম দায়িত্ব। এর বাইরে একটা ভালো সরকারের আর কী দায়িত্ব ? এর পরে একটা ভালো সরকারের আর যে দায়িত্ব সেযা হচ্ছে আধুনিক সভ্যতার যে বিষয়গুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ যেমন সড়ক, পানীয় জল এবং বিদ্যুৎ সেটা মানুষের কাছে ভালোভাবে পৌঁছে দেওয়া। এর বাইরে আরও কিছু দায়িত্ব আছে, সেই দায়িত্বটা হচ্ছে কী ? আমি বামপন্থী বন্ধুদের বলব কর্মের যদি শ্রেণীবিন্যাস করি তাহলে পশ্চিমবাংলায় চারটে শ্রেণীর মানুষদের আমরা দেখবো। চারটে শ্রেণীর মানুষ কি ? একদল মানুষ চাষ করেন, অর্থাৎ যারা কৃষক, একদল মানুষ শ্রম দিয়ে উপার্জন করেন, অর্থাৎ যারা শ্রমিক, আর একদল মানুষ যারা ব্যবসা করেন, তারা হচ্ছেন ব্যবসায়ী এবং এই ব্যবসায়ীর মধ্যে দুটি ভাগ আছে, একটা বৃহৎ ব্যবসায়ী, ক্ষুদ্র বা প্রান্তিক ব্যবসায়ী। ব্যবসায়ীদের মধ্যে এই ভাগটা আছে। আর একদল মানুষ যারা চাকরী করেন। যারা চাকরী করে মাস মাহিনা পান, তারা সরকারী চাকরী করেন, বিভিন্ন প্রতিষ্ঠানে বড় বড় পদে চাকরী করেন। তাহলে এই যে বিষয়গুলো, যে বিষয়গুলো বললাম একটা ভালো সরকার হতে গেলে এই বিষয়ে প্রতিটি ক্ষেত্রে সরকারকে লক্ষ্য রাখতে হবে। আজকে মাননীয় অর্থমন্ত্রী অমিত মিত্র তিনি যে বাজেট এখানে উপস্থাপিত করেছেন, সেই বাজেটের প্রতিটি ছত্রে ছত্রে আমরা দেখছি তিনি বাংলার উন্নয়নের জন্য, মানুষকে নিরাপত্তা দেওয়ার জন্য, মানুষের উন্নয়নের জন্য, গ্রামের দরিদ্র থেকে দরিদ্রতম মানুষের উন্নয়নের জন্য তিনি কিন্তু পরিকল্পনা রচনা করেছেন এবং তার ব্যয়বরাদ্দ ধরেছেন। আমি ছোট ছোট কয়েকটি উদাহরণ দিয়ে আমার বিরোধী পক্ষের বন্ধুদের বলতে চাই আপনারা খুব ভালো করেই জানেন যে, আপনাদের পাপে আমরা ভুগছি। ৩৪ বছর আপনারা কিছু করেননি, কিছুই তো করেননি, তার পরে আপনারা ২ লক্ষ কোটি টাকার উপরে দেনা আমাদের কাঁধে চাপিয়ে দিয়ে গেছেন। আজকে সেই

দেনার ভারে আমরা জর্জরিত। আমাদের ট্রেজারি থেকে বছরে যদি সুদ কেটে নেওয়া এবং আসল কেটে নেওয়া দেখি, তাহলে দেখব সেটা ২৮ হাজার কোটি টাকার কাছাকাছি গিয়ে দাঁড়ায়। তাহলে আজকে বাংলায় উন্নয়নের প্রশ্নে এই টাকাটা কিন্তু কাজে লাগতে পারতো। এই আপনাদের পাপের দায়িত্বটা আমাদের বহন করে চলতে হচ্ছে। তার পরবর্তীকালেও— আমি যেটা বলছিলাম খাদ্যের কথা, খাদ্যে সুনিশ্চিতকরণের মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গ সরকার একটা বড় কাজ করেছেন। জঙ্গলমহলের আগুনটা, জঙ্গলমহলের মানুষ খুনের জায়গাটা, মানুষ খুনের রক্ত, সেই রক্তাক্ত জঙ্গলমহলকে আজকে পশ্চিমবাংলার এই সরকার তারা শান্ত করতে পেরেছে। এর কৃতিত্ব দেওয়া উচিত এই সরকারকে। কিন্তু এতে কী ম্যাজিক কাজ করেছে ? রাস্তা-ঘাটের উন্নয়নের সাথে সাথে একটা ছোট ম্যাজিক কাজ করেছে। সেই ম্যাজিকটা হচ্ছে আর কিছু নয় জঙ্গলমহলের দরিদ্র থেকে দরিদ্রতম মানুষের বাড়ীতে আজকে হাতটা ওঠে। মা তার বাচ্চাকে কোলে বসিয়ে দুটো গরম ভাত দু-বেলা দু-মুঠো খাওয়াতে পারে। আজকে বাংলায় এই সরকার—আজকে বাংলায় সাড়ে ৯ কোটি, কি ১০ কোটি বাংলার জনগণ, প্রায় সাড়ে ৩ কোটির কাছাকাছি জনগণকে আজকে ২ টাকা মূল্যের চাল আমাদের এই সরকার পৌঁছে দিচ্ছে। এর ফলে রাজ্যের দরিদ্র থেকে দরিদ্রতম পরিবারগুলোকে খাদ্যে নিশ্চয়তা প্রদান আমাদের সরকার করছে। সরকারের আজ যে ধারাবাহিক কর্মসূচি তা এই বাজেটের মধ্য দিয়ে যেগুলো উঠে এসেছে সেটা আমি আপনাদের বলতে চাই। গৃহ-গরীবের কাছে ঘর পৌঁছে দিতে হবে। গীতাঞ্জলি এবং আমার ঠিকানা। এই দুটি প্রকল্পের মধ্যে দিয়ে এবং ইন্দিরা আবাসন প্রকল্পের মধ্য দিয়ে আজকে গ্রামের মানুষের কাছে আমরা কিন্তু ঘর পৌঁছে দিতে পারছি। যদি বিগত দিনের হিসেব দেখা যায় তাহলে আমরা দেখব এই বৃদ্ধির হার। মানুষের কাছে আমরা যে গীতাঞ্জলি এবং আমার ঠিকানা পৌঁছে দিতে পেরেছি তার পরিমাণ এই পর্যন্ত ৯৩,৮৫২ এবং খরচের ক্ষেত্রে প্রায় সাড়ে সাত গুণ বৃদ্ধি আমাদের সরকার কিন্তু করতে পেরেছে। এর বাইরে নিজ ভূমি, নিজ গৃহ প্রকল্প আছে। সেখানে দরিদ্র থেকে দরিদ্রতর মানুষের যাদের ভূমি নেই, যাদের ঘর করার জায়গা নেই, তাদেরকে পাট্টা বিলিসহ বিভিন্ন প্রকল্পের মধ্যে দিয়ে গৃহ নির্মাণ আজকে এই সরকারের একটা অন্যতম কর্মসূচী। সেই কর্মসূচীকে রূপায়ণ করার জন্য মাননীয় অর্থমন্ত্রী অমিত মিত্র মহাশয় এই বাজেটে তার পুরোপুরি সংস্কার রেখেছেন। আমার তো মনে হয় বিরোধীপক্ষের এর জন্য কৃতিত্ব দেওয়া উচিত এই সরকারের মাননীয় অর্থমন্ত্রীকে এবং মাননীয়া মুখ্যমন্ত্রীকে।

এর বাইরে আর যে বিষয়গুলো আছে, আমি বলছিলাম স্বাস্থ্যের কথা। যদি স্বাস্থ্যের কথা বলা যায়, শিশু স্বাস্থ্যের কথা যদি বলা যায়, শিশুদের চিকিৎসার কথা যদি বলা যায় তাহলে আমরা দেখব ২০১১ সালের আগে পর্যন্ত ৩৪ বছরে বামফ্রন্ট সরকারের দৌলতে বাংলায় SNCU কটা ছিল ? মাত্র ৬টি। মাত্র ৬টি। আমি বসিরহাটের ছেলে। বসিরহাটের অনেক অসুস্থ বাচ্চাকে আমরা পথে আনতে আনতে মরে যেতে দেখেছি। কারণ তখন ফুলবাগান ছাড়া এই চিকিৎসাটা অ্যাভেলেবেল ছিল না এলাকার মানুষের কাছে। আজকে বসিরহাট স্বাস্থ্য জেলা হয়েছে। আজকে বসিরহাট স্বাস্থ্য জেলায় বাচ্চাদের SNSU থেকে অন্যান্য পরিষেবা তৈরি করার জন্য প্রক্রিয়া চলছে। আপনারা ধন্যবাদ জানাবেন না ? শুধু

বসিরহাট বলে নয়। তামাম পশ্চিমবাংলায় সমস্ত ক্ষেত্রে, স্বাস্থ্যের পরিষেবার ক্ষেত্রে একটা যুগান্তকারী পদক্ষেপ এই সরকার গ্রহণ করেছে। এই সরকার আজকে প্রায় ৯৫ টি ন্যায্য মূল্যের ওষুধের দোকান তৈরি করেছে। আরও প্রায় ২০টির কাছাকাছি নতুন ন্যায্য মূল্যের দোকান আগামী দিনে তৈরী করতে চলেছে। যদি দেখেন যে কারা উপকৃত হয়েছে ? উপকৃত হয়েছে তারা যে মানুষটা ভ্যান চালিয়ে খায়, যে মানুষটা মাঠে জান দেয়, যে মানুষটা চায়ের দোকানে এঁটো গ্লাস ধুয়ে বাড়িতে দু'পয়সা নিয়ে যায় তার বাড়ির মানুষ যখন অসুস্থ হয় তখন তাদের যন্ত্রণা, বন্ধু, অনেকেই বুঝবেন না। ৩৪ বছরে ঠান্ডা ঘরে বসে, ঠান্ডা ঘরের আমেজ নিয়ে সেখান থেকে বাংলার মানুষকে দেখেছেন বাংলার গ্রামে দরিদ্র থেকে দরিদ্র মানুষের ওষুধ কেনার কী কষ্ট সেটা আপনারা কি জানেন ? জানেন না। আমরা জানি। আমরা, যাদের মাটির গ্রাসরুটে দাঁড়িয়ে ইঞ্চিতে ইঞ্চিতে লড়াই করতে হয়েছে আমাদের মানুষের জন্য। আমরা জানি যে, মানুষ কত কষ্টের মধ্যে দাঁড়িয়ে পড়ে যখন তার প্রিয়জন অসুস্থ হয়। এবং সেই অসুস্থ প্রিয়জনদের সুস্থ করার জন্য যে ওষুধটা লাগে সেই ওষুধটা যখন সে কিনতে পারে না তার বেদনাটাকে উপলব্ধি করার, অনুভব করার জন্য আপনাকে অনুরোধ করব। আজকে মাননীয়া মুখ্যমন্ত্রী সেই প্রকল্পটা নিয়ে এসেছেন। ন্যায্য মূল্যের ওষুধের দোকান। সেই প্রকল্পকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার জন্য, আরও ত্বরান্বিত করার জন্য আজকে বাজেটে ছত্রে ছত্রে আমরা তার প্রকাশ দেখছি। আপনারা ধন্যবাদ জানাবেন না ? আজকে পি.পি.পি. মডেলে ডায়াগনেস্টিক সেন্টার। আপনারা ধন্যবাদ জানাবেন না ? জানাবেন না আপনারা ধন্যবাদ ? শিক্ষার ক্ষেত্রে বলুন—শিক্ষার ক্ষেত্রে কাদেরকে শিক্ষার মধ্যে টেনে আনতে হবে ? আগে বলছিলাম, টেনে আনতে হবে কাদের ? যারা মনে করে আমি গরীব মানুষ, আমার ছেলেটার ১২ বছর বয়স হয়েছে তাকে আর স্কুলে না পাঠিয়ে যদি একটা দর্জির দোকানে পাঠাই, তাহলে সে সেলাইয়ের কাজটা করে দিনে ২০ টাকা, ৩০ টাকা, ৫০ টাকা ইনকাম করে আনবে। একটা চায়ের দোকানে পাঠাই সেখান থেকে সে লোকের এঁটো চায়ের গ্লাস ধুয়ে ২০ টাকা ইনকাম করে নিয়ে আসবে। এটা গরীব, দরিদ্র মানুষের টেন্ডেন্সি। আজকে সেই জায়গার উপর দাঁড়িয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী বাংলার দরিদ্র থেকে দরিদ্রতম মানুষের ঘরে শিক্ষার আলোকে পৌঁছে দিতে চান। কারণ তিনি চান শিক্ষা পৌঁছক। কারণ শিক্ষা হচ্ছে জাতির মেরুদণ্ড। শিক্ষা না পৌঁছালে বাংলার উন্নতি হবে না। শিক্ষার আলো সকলের ঘরে না জ্বললে বাংলার অগ্রগতি ঘটবে না। আজকে সেই জায়গার উপর দাঁড়িয়ে বাংলার তফশিলি জাতি, উপজাতি, সংখ্যালঘু বিভিন্ন ক্ষেত্রে সরকারি বৃত্তি, স্কলারশিপে স্টাইপেন্ড অনুদান ইত্যাদি মাননীয়া মুখ্যমন্ত্রী বাংলার মানুষের কাছে, বাংলার ছেলেমেয়েদের কাছে পৌঁছে দিচ্ছেন।

[12.20—12.30 p.m.]

শুধু সেখানে নয়, আজকে চাকরির ক্ষেত্রে কোনো সমস্যা এটা শুধু আমাদের, পশ্চিমবাংলা নয়। আজকে মাননীয়া মুখ্যমন্ত্রী চান যে, বিভিন্ন কারিগরী শিক্ষার মাধ্যম দিয়ে গ্রামের ছেলেরা, দরিদ্র বাড়ির ছেলেরা তারা কাজ শিখুক, তারা স্বনির্ভর হোক। তার জন্য বিভিন্ন ব্লকে ব্লকে আই টি আই, আজকে পলিটেকনিক কলেজ, সেগুলো তৈরী হচ্ছে, এবং সেটাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আজকে যে বাজেট আমাদের মাননীয় অর্থমন্ত্রী পেশ করেছেন

এই বাজেটের ছত্রে ছত্রে আমরা উপলব্ধি করছি। আপনারা সমর্থন করবেন না ? জিজ্ঞাসা করি বিরোধী বন্ধুদের কাছে। বলব আরো অনেক বিষয় বলার দরকার ছিল লাল আলো জ্বলে গিয়েছে তবু আমি বলব যে, শিক্ষার পরে কৃষক এবং শ্রমিকদের কথায় যদি আসেন, কৃষকদের উন্নয়নের জন্য কিসান ক্রেডিট কার্ড, কৃষকদের উৎপাদিত শস্য ক্ষতি হয়ে গেলে বিমা থেকে ক্ষতিপূরণ, কৃষকের শস্য অতিরিক্ত হলে, সেই শস্যকে রক্ষা করতে হলে, ব্লকে ব্লকে কোল্ড স্টোর তৈরি আজকে এই সরকারের একটা গুরুত্বপূর্ণ দায়িত্ব—এই সরকার সেটা করে চলেছে। আজকে কৃষকদের সঙ্গে সঙ্গে শ্রমিকদের নিরাপত্তা দেওয়ার জন্য সামাজিক মুক্তি কার্ড, পরিবহণ শ্রমিকদের জন্য বিভিন্ন প্রকল্প এই সরকার নিয়ে এসেছে। সমাজে পিছিয়ে পড়া মানুষকে রক্ষা করার জন্য এবং এই বাজেটে তা প্রতিফলিত হয়েছে। তার জন্য বলব যে, এই বাজেটকে সমর্থন করুন। আমি বক্তব্য শেষ করার পূর্বে একটা ছোট্ট কথা বলতে চাই, আমাদের বিরোধী বন্ধুদের উদ্দেশ্যে যে,

যতই ফলাও মিথ্যাচার ও অপপ্রচারের ফানুস,
ও ফানুস উড়ে যাবে। হাসবে দেখে মানুষ।
এই বাংলা আমার মা সে, মাটি সোনা ফলায়,
মানুষ আমাদের গণদেবতা, প্রণাম তাকে জানাই।
বাংলা আবার গড়তে হবে, এই সরকারের পণ,
সকল দেশের সেরা হবে সুখে থাকবে জনগণ।।

ধন্যবাদ, স্যার। ধন্যবাদ সকল সদস্যকে।

শ্রীমতী অপর্ণা সাহা : সম্মানীয় চেয়ারম্যান মহোদয়, ডঃ অমিত মিত্র, মাননীয় অর্থ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ২৭শে ফেব্রুয়ারী, ২০১৫, ২০১৫ এবং ২০১৬ সালের যে বাজেট বিবৃতি পেশ করেছেন তা অপরিপূরক বলে মনে হয়েছে। মাননীয় সরকার পক্ষের সদস্যগণ এবং মন্ত্রীগণ বার বার চলার পথে পিছন দিয়েই হাঁটছেন। সামনের দিকে তাকাবার চেষ্টা করছেন না। মনে রাখবেন, সামনের দিকে তাকিয়ে না হাঁটলে হোঁচোট খাবেনই। মাননীয় মন্ত্রী যে অসাধারণ কৃতিত্বের কথা দাবি করেছেন তার সবটাই যে অসত্য এবং অসম্পূর্ণ তা আমি পরে সংক্ষেপে ব্যখ্যা করব। মাননীয় সরকার এবং বিরোধী পক্ষের সদস্যগণ আলোচনায় অংশ নিচ্ছেন। এখন আমি কয়েকটি খাতের কথা উল্লেখ করি। প্রথমেই যে পরিকল্পনা খাতের ব্যয়ের কথা উল্লেখ করেছেন ২০১০ এবং ২০১১ সালের ১৪ হাজার ১৬৫ কোটি ১৬ লক্ষ টাকা এবং ২০১৪-১৫ সালে ২৮ হাজার ১৫৯ কোটি ৩৭ লক্ষ টাকা তা সম্ভব হয়েছে কেন্দ্রের দেওয়া বর্ধিত টাকার জন্য। এবারও দেখেছেন কেন্দ্র বাজেটে ৪২% পাবেন রাজ্যগুলি। ঋণের খাতে ভয়াবহতার কথা বলেছেন। বিগত সরকারের ৩৪ বছরে ঋণ ছিল এক লক্ষ ৯২ হাজার কোটি টাকা, আর এই সরকারের সাড়ে তিন বছরে ঋণের পরিমাণ দাঁড়ালো ২ লক্ষ ৭৫ হাজার কোটি টাকা। পাঁচ বছরেই বা এই ঋণের পরিমাণটা কত দাঁড়াবে মাননীয় সদস্যগণ অনুভব করুন। মাননীয়া মুখ্যমন্ত্রী এই ঋণ মুকুবের জন্য কেন্দ্রে যাচ্ছেন। আর মাননীয় অর্থমন্ত্রী কবিগুরুর বুলি আওড়াচ্ছেন। এই সরকারের কয়েকটি অভূতপূর্ব সাফল্যের কথা মাননীয় মন্ত্রী উল্লেখ করেছেন। যেমন, ২০১১-১২ সালে খাদ্যশস্যের মজুত দেখিয়েছেন ৪০ হাজার মেট্রিক টন। আর তিন বছরে ৩.৮০ লক্ষ মেট্রিক টন। কৃষক যেখানে ফসলের দাম পাচ্ছেন না। সারের দাম লাফিয়ে

লাফিয়ে বাড়ছে, আমার আশঙ্কা মজুত থেকে পচে নষ্ট হবে না তো। অথবা কৃষক কৃষিকাজে অনীহা প্রকাশ করবেন না তো। অন্যদিকে ৯৫টি কৃষক বাজারের মধ্যে ৮৪টি বার বাজার চালু হয়ে গেছে বলে মন্ত্রী দাবি করেছেন। আমি বলব, মাননীয় মন্ত্রী যদি লিস্টটা সকল সদস্যগণের হাতে দেন। আর পরিবহণ ? পরিবহণের মন্ত্রী তো জেলে বসেই মন্ত্রিত্ব চালাচ্ছেন। আর পরিবহণ ব্যবস্থাটাকে এজেন্সির হাতে ছেড়ে দিয়েছেন। ১০০ দিনের কাজ, এটা না বলাই ভালো। এটা আলোচনা করলে হয়তো কেঁচো খুড়তে সাপ বেরিয়ে যাবে। নির্মল বাংলা অভিযান—এখানে যা করা যায় না, তাই করেছেন। এম জি এন আর ই জি এ-র টাকার অর্ধেক টাকা পকেটে ভরেছেন আর বাকি অর্ধেক টাকায় যে শৌচাগার করেছেন তা একটা ঝোড়ো হাওয়াতেই উল্টে গেছে। তাছাড়া মাননীয় মন্ত্রী জানেন পূর্বের সরকারের আমলেই কত গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ নির্মল পুরস্কার পেয়েছেন, রাষ্ট্রপতির হাত থেকে। আর স্বাস্থ্য পরিষেবা পরবর্তী সরকারকে এসে ঢেলে সাজাতে হবে যা বেহাল অবস্থা আপনারা তৈরী করেছেন। তিন দিনেই ৯ জন প্রসূতি মারা গেলেন আর জি কর হাসপাতালে, এর উপর স্বাস্থ্যের বড়াই করেন। আর শিক্ষায় যে নৈরাজ্য চলছে, এটা যত কম বলা যায় ততই ভালো। সর্বশিক্ষা মিশনের টাকা বর্তমান সরকারের টাকা বলে দাবি করা হচ্ছে—বলি আর কত অসত্য কথা বলবেন? এস এ কে, এম এস কে, শিক্ষাবন্ধু, আস সি ডি এস কর্মীদের কথা তো বাজেটে অমিটই থেকে গেল। আর কলেজ—সে তো নৈরাজ্যের সর্বোচ্চ শিখরে পৌঁছে গেছে। বিধি না মেনেই যাদবপুরের চাকরী দেওয়া হয়ে গেল। সংখ্যালঘু সম্প্রদায়—এখানে ইমাম ভাতার হিসাব গেল কোথায় ? সত্যিকারের কি ইমাম ভাতা দেওয়া হয়েছে ? না, মাননীয়া মুখ্যমন্ত্রী অন্যান্য বিষয়ের মতো এটাও টোপ দিয়েছেন ! কন্যাশ্রী প্রকল্পে ১টা সাফল্য এনেছেন একথা ঠিক। কিন্তু জাতিগত শংসাপত্র পাওয়ার ক্ষেত্রে অনলাইন ব্যবস্থা চালু করেছেন, আমি বলব যে এখানে ফর্মটা দেওয়ার ক্ষেত্রে স্কুলে স্কুলে দেওয়ার ব্যবস্থা করুন। না হলে ৬০ থেকে ১০০ টাকা পর্যন্ত দিয়ে ফর্ম নিতে হচ্ছে অনলাইন থেকে। এবং গরীব ছেলে-মেয়েদের ক্ষেত্রে এটা বের করাও অসুবিধা হচ্ছে। অসংগঠিত মহিলাদের দলের মিটিং-মিছিলের কাজে ব্যবহার হচ্ছে, অন্য কিছু হয়নি। জাতীয় সড়ক, ব্রীজ, রেল, ওভারব্রীজ এগুলি কেন্দ্রীয় সরকারের টাকায় হলেও গ্রামীণ রাস্তাঘাটের অবস্থা একদম বেহাল। আর নগর উন্নয়ন বলতে গেলে তো বলতেই হয় কলকাতা লন্ডন হয়নি, ত্রিফলা কেলেঙ্কারি হয়েছে। মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেটে সরকারী, আধা-সরকারীদের পাওনা টাকার উল্লেখ করেননি। কৃষকদের সহায়ক মূল্যে ধান কেনার বরাদ্দ রাখেননি। সারের ভর্তুকির কথাও উল্লেখ নেই। কেবলমাত্র ১০ লক্ষ পাম্প বসানোর কথা বলা হয়েছে। ১০ লক্ষ পাম্প বসালে আগামী দিনে খাবার জল পাবেন কিনা ভেবে দেখবেন। আর্সেনিক অধ্যুষিত এলাকায় দূষণ প্রতিরোধের কথাও বলেননি বাজেটে। মেলা, খেলা আর উৎসবে বিরোধী সদস্যদের বাদ দিয়ে দলের প্রয়োজনে কত টাকা খরচ করছেন তার হিসাবও মাননীয় অর্থমন্ত্রীর বাজেটে নেই। আমরা জানি একটা স্বচ্ছ রূপ হচ্ছে, আয়-ব্যয়ের হিসাবের নাম বাজেট। কিন্তু স্বচ্ছতা তো থাকছেন না, আবার অন্যদিকে শুনেছি সরকার ব্লকে ব্লকে একজন করে ঢাকি নিয়োগ করেছেন, তার হিসাবও এখানে নেই। তবে

কি সরকার নিজের ঢাক নিজেই পেটাবেন ? মাননীয়া মুখ্যমন্ত্রীর ৭৫ বার সফরের হিসাব বাজেটে দেখতে পেলাম না। উৎসব বাদ দিয়ে এখন আবার নাম দেওয়া হয়েছে তীর্থ। যেমন আমার এলাকাতেই মাটি তীর্থ অনুষ্ঠিত হল কয়েক কোটি টাকা খরচ করে। বিরোধী সদস্য হওয়ায় জানতেই পারলাম না, আর এই নামটা আমার খুব পছন্দ হয়েছে, পছন্দ হয়েছে এই জন্যই বলছি যে তীর্থ করে অনেকটা বয়স হয়ে গেল। সম্ভবত এই সরকারের বয়স পেরিয়ে আসছে। তাই নামটা পরিবর্তন করে তীর্থ রাখা হয়েছে। আগের ২ বছর মাননীয় অর্থমন্ত্রী দেশলাই বাক্স, ঘুড়ির কাঠি, ক্লিব, টিপ ইত্যাদির দাম কমিয়ে সাধারণ মানুষকে বাজেটের একটা চমক দিয়েছিলেন। এবারে সেই সাধারণ মানুষকে একটা চমকও দিতে পারলেন না। মা-মাটি-মানুষের সরকার নামটা এবার মনে হচ্ছে—থাকবে তো ? মাননীয়া মুখ্যমন্ত্রী, মিলনমেলা করছেন। আমি বলব, এখন মাননীয় সরকার পক্ষের বিধায়ক এবং সাংসদদের যা পরিস্থিতি একটা বোধহয় বিবাদ মেলা করার প্রয়োজনীয়তা আছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, পুরো বাজেট-এর বইটা বাংলায় ৬১ আর ইংরেজিতে ৮৯ পাতায় যা আছে তা বিবেচনা করবার মতন কিছু নেই। যা আছে, পরিপূর্ণ ভুল তথ্যে ভরা। তাই এই বাজেটকে আমি সংক্ষেপে সমর্থন করতে তো পারছিই না, এই বাজেটটা এমন একটা পরিস্থিতি নিয়েছে যাতে করে একটা গল্পের কথা মনে পড়ছে। ছেঁড়া, পাতা নিয়ে আয় তো, ফুটো গেলাস নিয়ে আয়, আর পচা ভাত নিয়ে আয়, শেষে বলছেন ঢালাও। মাননীয় সদস্যগণ বাজেট যদি সামনের দিকে তাকিয়ে মাননীয় অর্থমন্ত্রী করতেন, আবার মনে হচ্ছে, রাজ্যবাসীর কাছে যে নাম নিয়ে আপনারা রাজ্যের শাসন ক্ষমতায় এসেছিলেন, সেই নামটা কিছুটা হলেও সার্থক রূপ পেত। কিন্তু আজকে যা পরিস্থিতি সেই বাজেট আপনাদেরকে আগামী '১৬ সালে কোথায় নিয়ে দাঁড় করাবে আমি বুঝতে পারছি না। যতোই ভোটের দিকে তাকিয়ে আপনারা এই বাজেট করেন সাধারণ মানুষের কাছে এই বাজেট গ্রহণযোগ্য নয়। তাই আমিও এই বাজেটকে সমর্থন করতে পারছি না। ধন্যবাদ।

[12.30-12.40 p.m.]

শ্রী বিশ্বজিৎ কুণ্ডু : মাননীয় চেয়ারম্যান স্যার, আপনারা অনুমতি নিয়ে মাননীয় অর্থমন্ত্রী ২০১৫-১৬ সাল এই আর্থিক বছরের যে বাজেট বিবৃতি বিধানসভায় পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে ২-৪টি কথা আমি আপনাদের বলব। মাননীয় অর্থমন্ত্রী তিনি চলতি বছরে ৪৯,৫০৭ কোটি টাকার যে ব্যয়বরাদ্দ রেখেছেন এবং ১৬ শতাংশ তিনি যে ব্যয়বরাদ্দ বৃদ্ধি করেছেন ,জন্য আমরা সকলে অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি। তিনি ২০১০-১১ আর্থিক বছরে মূলধনী ব্যয়ের বৃদ্ধি ছিল নেগেটিভ (-) ২৬.০৮%। সেখান থেকে ২০১১-১২ সালে এই নেগেটিভকে পজেটিভে পরিবর্তিত করে, মূলধনী ব্যয় বৃদ্ধি করেছেন পজেটিভ (+) ২৪.১৭%, ২০১২-১৩-তে পজিটিভ (+) ৬৪.৫৩%, ২০১৩-১৪-তে ৫২.৩৩%। এইভাবে তিনি তাঁর ব্যয় বৃদ্ধি করেছেন। আমরা যখন সরকারে আসি তখন পরিকল্পনা খাতে ব্যয় ছিল ২০১০-১১ সালে প্রায় ১৪ কোটি টাকা। সেখানে তিন বছরে দ্বিগুণ বৃদ্ধি করে প্রায় ২৮ হাজার কোটি টাকা হয়েছে, এজন্য আমরা ধন্যবাদ জানাচ্ছি মাননীয় অর্থমন্ত্রীকে। মাননীয় অর্থমন্ত্রীকে একটা কথা বলতে চাইছি, যে ২ লক্ষ

৩ হাজার কোটি টাকার ঋণ, যার ২৮ হাজার কোটি টাকা প্রতি বছর কেন্দ্রীয় সরকার কেটে নিয়ে যায়, এত বড় ঋণের বোঝা মাথায় নিয়ে তিনি যেভাবে একের পর এক উন্নয়ন করেছেন এবং মা-মাটি-মানুষের মুখ্যমন্ত্রী তিনি যেভাবে পশ্চিমবঙ্গকে পরিচালনা করেছেন উন্নয়নের দ্বারা সেটা আমাদের সকলের মনে রাখতে হবে। আমি বিশদ আকারে সারা পশ্চিমবঙ্গের ব্যাপারটা না বলে আমি যে এলাকার বিধায়ক, কালনা বিধানসভা, সেখানকার কথাই বলি। সেখানে আমরা দেখেছি ১৭টি মাধ্যমিক স্কুল ছিল, সেটা উচ্চমাধ্যমিক স্কুলে রূপান্তরিত করেছে। এছাড়া সেখানে একটি কলেজ তৈরি করেছে। সেই কলেজের পঠন-পাঠন শুরু হয়েছে। সেখানে আই. টি. আই. কলেজের জায়গা নির্ধারণ হয়েছে। আই. টি. আই. কলেজ সেখানে তৈরি হচ্ছে। এছাড়া কৃষক বাজার তৈরি হয়ে গেছে পূর্ণাঙ্গভাবে। কিছুদিনের মধ্যে হয়তো উদ্বাধন হবে। সেখানে কৃষকদের অতিরিক্ত শস্য স্টোর করে রাখার জন্য মাল্টি কোল্ড স্টোরেজ তৈরি হয়ে গেছে। আমাদের কালনাতে খাদ্য দপ্তরের খাদ্য সংরক্ষণ করার জন্য যে গোডাউন তৈরি হয়েছে সেখানে প্রায় ২ হাজার বস্তা সংরক্ষণ করতে পারবে। এছাড়া আমাদের কালনাতে পর্যটন শিল্পকে উন্নত করার জন্য সেখানে লাইট অ্যান্ড শ্যাডোর মাধ্যমে সৌন্দর্যায়ন করেছে। সেখানে গঙ্গার ধার সৌন্দর্যায়নের জন্য অর্থ প্রদান করেছেন আমাদের পৌরমন্ত্রীর দপ্তর থেকে। এছাড়া রাস্তাঘাট—গ্রামে যারা জীবনে কোনোদিনও ভাবতে পারেনি যে মাটির রাস্তা থেকে তারা কোনোদিনও পাকা রাস্তা বা ঢালাই রাস্তায় হাঁটতে পারবে, এরকম একটা স্বপ্ন ছিল গ্রামবাসীর, সেই গ্রামে এখন রাস্তা ঢালাই হয়ে গেছে। হয়তো সবটা হয়নি। কিন্তু ৫০%-এর ওপর গ্রামে রাস্তা ঢালাই হয়ে গেছে। এছাড়া আমাদের কালনা পৌরসভা এলাকায় এমন কোনো রাস্তা নেই যেখানে ঢালাই বা পিচ রাস্তা নেই। পানীয় জলের জন্য পি.এইচ.ই.-র মাধ্যমে একশো শতাংশ গ্রাম কভার হয়নি। ঠিকই, কিন্তু ৫০ শতাংশ গ্রাম এর মাধ্যমে ইতিমধ্যেই কভার হয়ে গেছে। কালনা শহরে গঙ্গার জলকে পিল্টার করে মানুষের বাড়ি বাড়ি পৌঁছে দেওয়ার প্রকল্পের কাজ কেন্দ্রীয় ও রাজ্য সরকারের সহায়তায় শুরু হয়েছে। বেকারদের কর্মসংস্থানের দিকে তাকিয়ে মাইনরিটি রুরাল হাট তৈরী করা হচ্ছে। এর কাজ প্রায় সেভেন্টি পারসেন্ট শেষ হয়ে গিয়েছে। সেই কাজ শেষ হলে অনেক বেকার ছেলেদের কর্মসংস্থান হবে। এইভাবে মা-মাটি-মানুষের নেত্রী, আমাদের মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী অর্থ প্রদান করে কালনা শহরের উন্নতিসাধন করেছে। এইরকমভাবে সারা পশ্চিমবাংলায় তিনি একইরকমভাবে উন্নতি করেছেন। যে সমস্ত বিরোধী বন্ধুরা বলছেন কাজ হয়নি, তাদেরকে আমি বলব, কোথাও যেতে হবে না, আপনারা শুধু কালনায় চলুন। আমি আপনাদের আঙুল দিয়ে দেখিয়ে দেব, আগে কি ছিল, আর এখন কি কি কাজ হয়েছে। কিছুদিন আগে আমরা স্ট্যান্ডিং কমিটির পক্ষ থেকে বাঁকুড়া ও পুরুলিয়ায় গিয়েছিলাম। আমরা সেখানে দেখেছি রাস্তাঘাট, সবজি বাজার থেকে শুরু করে সব জায়গায় কাজ চলছে বা কোনো জায়গায় কাজ শেষ হয়েছে। সেখানে রাস্তাঘাটের উন্নতি হয়েছে। আমরা সেখানে দেখেছি সেখানকার স্বাস্থ্য ব্যবস্থারও উন্নতি হয়েছে। আগে যেখানে হাসপাতালে ঠিকমতো ডাক্তার থাকত না, সেখানে আজকে পুরুলিয়া হাসপাতালে ও বাঁকুড়া হাসপাতালে প্রচুর রোগী আসছে এবং তারা সেখান থেকে রোগমুক্ত হয়ে বাড়ি ফিরছে। আমরা হাসপাতালের

মানুষজনের কাছে যখন জিজ্ঞাসা করেছিলাম, তখন তারা বলেছিল এইরকম পরিষেবা আগে ছিল না, এটা আমাদের এখানে নতুন হয়েছে। এত অভাবের মধ্যে দিয়েও আমাদের মাননীয় অর্থমন্ত্রী এই বাজেট পেশ করেছেন। তাই তাকে আমি পূর্ণাঙ্গ সমর্থন জানাচ্ছি। এই বাজেটে বেকারের কর্মসংস্থানের ব্যবস্থা রাখা হয়েছে এবং শিল্পের উন্নতির জন্য একটা ব্যবস্থা রেখেছেন। গত পূর্ত দপ্তরের জন্য যে অর্থ বরাদ্দ ছিল, সেই অর্থ বরাদ্দ ডাবল করে দেওয়ার ফলে রাস্তাঘাটের উন্নতি হবে। রাস্তাঘাটের উন্নতি হলে আমাদের এখানে নতুন নতুন শিল্প আসবে। এছাড়া যে সমস্ত অসংগঠিত শ্রমিকরা রয়েছেন, তাদের দিকে তাকিয়ে বিভিন্ন রকম উৎসাহ ভাতার ব্যবস্থা করা হয়েছে। কন্যাশ্রী প্রকল্পে টাকার পরিমাণ ৫০০ টাকা করে বছরে ছিল, সেটাকে বাড়িয়ে ৭৫০ টাকা করা হয়েছে। এছাড়া পাঁচ লক্ষ টাকার উপরে ইনকাম হলে ব্যবসায়ীদের ভ্যাট দিতে হত, সেটাকে বাড়িয়ে দশ লক্ষ টাকা করা হয়েছে। ছোটোখাটো ব্যবসাদাররা এর ফলে উপকৃত হবে এবং জিনিসপত্রের দাম কমবে। চা-বাগানের শ্রমিকদের দিকে তাকিয়ে সেখানে সেস ছাড় দেওয়া হয়েছে। এর ফলে ব্যবসায়ীরা উৎসাহিত হবে এবং যে চা-বাগানগুলি বন্ধ আছে সেগুলো আবার পুনরায় খোলার চেষ্টা করবেন। স্ট্যাম্প শুল্ক এক শতাংশ ছাড় দিয়েছেন, এর ফলে যারা বাড়িঘর কিনবে তারা উৎসাহী হবে। সাইকেল বিতরণের মাধ্যমে ছাত্রীদেরকে পড়াশোনায় উৎসাহ দেওয়া হয়েছে, যাতে ড্রপ আউটের সংখ্যা কমানো যায়। কারণ আমরা জানি মা যদি লেখাপড়া ভালো জানে তাহলে তার সন্তানরা পড়াশোনায় ভালো হয়। সেদিকে তাকিয়ে মাননীয় মুখ্যমন্ত্রী কন্যাশ্রী প্রকল্প করেছেন। মেয়েরা যাতে উচ্চশিক্ষায় শিক্ষিত হন, তার জন্য তাদের সাইকেল বিতরণের মাধ্যমে উৎসাহিত করেছেন। এর জন্য এই বাজেটকে পূর্ণাঙ্গ সমর্থন জানিয়ে উপস্থিত সকলকে আমার প্রণাম জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[12.40–12.50 p.m.]

শ্রী আমজাদ হোসেন : পশ্চিমবঙ্গ সরকারের অর্থ দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী ডঃ অমিত মিত্র যে বাজেট বিবৃতি রেখেছেন, এই বাজেট বিবৃতির বিষয়ে বলার আগে একটা কথা বলি, স্যার, গতকাল রাত্রে সোস্যাল সাইটে দেখছিলাম, একটা নতুন স্লোগান, বেশীর ভাগই মনে হল ছাত্র-ছাত্রীরাই করেছে এটা, একটা স্লোগান তারা পোস্ট করেছে সোস্যাল সাইটে যে—ঘাস আমাদের ভিত্তি আরা বাঁশ আমাদের ভবিষ্যৎ। বামফ্রন্ট আমলেও আমাদের একটা স্লোগান ছিল এই রকম যে, কৃষি আমাদের ভিত্তি, শিল্প আমাদের ভবিষ্যৎ। আবার একটা নতুন স্লোগান উঠলো যে, ঘাস আমাদের ভিত্তি আর বাঁশ আমাদের ভবিষ্যৎ। ঘাস ভালো জিনিস, ঠিক আছে। এই ঘাস দিয়ে আপনারা হেঁটে এসেছেন, এইরকম জায়গায় পৌঁছেছেন। ঘাস ভালো জিনিস আমরাও মেনে নিচ্ছি। ঘাস দিয়ে আপনারা এসেছেন। দুশ্চিন্তা স্যার বাঁশ নিয়ে, যখন যাবেন দয়া করে আপনাদের এই বাঁশ আমাদেরকে মানে গোটা রাজ্যে আমাদের এই বাঁশ দিয়ে যেন আপনারা চলে না যান। এই বাজেট বিবৃতি পড়ে এটাই মনে হয়েছে। স্যার, এই

বাজেট সম্পূর্ণ বিভ্রান্তিকর। এই বাজেটে রাজস্ব আদায়ের ঘাটতির মধ্যে দিয়ে প্রতিফলিত হয়েছে যে রাজ্যে শিল্পে বিনিয়োগ হচ্ছে না। শিল্পে বিনিয়োগ এবং কর্মসংস্থানের যে দাবী এই বাজেটে করা হয়েছে তা অন্তঃসারশূন্য। যদি পারেন অর্থমন্ত্রী তাহলে কত টাকা কী বিনিয়োগ হয়েছে এবং কত কর্মসংস্থান হয়েছে তার বিস্তারিত তালিকা দিন তাহলে শুধু আমাদের না, আপনাদেরও বুঝতে সুবিধা হবে, জানতে সুবিধা হবে। স্যার, প্রথমে এই প্রশ্ন আমি তুলতে চাই, যে কেন্দ্রীয় বাজেট পেশের একদিন আগেই কেন আমাদের রাজ্য বাজেট করা হল ? কেন্দ্রীয় বাজেট থেকেই তো জানা যেত যে রাজ্যকে কোন খাতে কত টাকা বরাদ্দ করা হবে। রাজ্যগুলোর আয়-ব্যয়ে সরাসরি প্রভাব থাকে কেন্দ্রীয় বাজেটের। সেটা না জেনেই, কেন তড়িঘড়ি রাজ্য বাজেট পেশ করলেন মাননীয় অর্থমন্ত্রী, বুঝতে পারলাম না, আবার কি নতুন করে আর একটা বাজেট পেশ করতে চাইছেন নাকি ? দুটো করবেন ? স্যার, এই বাজেটে দেখা গেল, রাজ্য সরকারের কর ও রাজস্ব আদায়ে প্রায় ৫ হাজার কোটি টাকা ঘাটতি রয়েছে। বামফ্রন্ট সরকারের শেষ বছরে ২০১০-২০১১ সালে কর আদায় বৃদ্ধির হার ছিল ২৫ শতাংশ। আপনাদের সরকার আসার পর প্রথম বছরে ২০১১-২০১২ সালে তা কমে দাঁড়ালো ১৮ শতাংশে। ২০১২-২০১৩ সালে একটা কর চালু করলেন বিতর্কিত প্রবেশ কর। চালু হওয়ার পরে এই হার বেড়ে গিয়ে দাঁড়ালো ৩১.৬ শতাংশে। আমরা তখনই বলেছিলাম স্যার, সাংবিধানিকভাবে এই কর বৈধ নয়। এটা রাষ্ট্রপতির অনুমোদনসাপেক্ষ। তা সত্ত্বেও এই কর চাপানো হয়েছিল। আর কী হল স্যার ? যা হয়েছে সিঙ্গুর বিলে, যা হয়েছে চিট ফান্ড আটকানোর বিলে, স্যার, তাই হল এইটার ক্ষেত্রেও। হাইকোর্টের রায়ে এখন এই কর আদায় বন্ধ রাখা হয়েছে। ২০১৩-২০১৪ সালে কর আদায় বৃদ্ধির হারের লক্ষ্যমাত্রা ছিল ১৯ শতাংশ, কিন্তু কমে দাঁড়ালো ৯.১ শতাংশে। ২০১৪-২০১৫ সালে লক্ষ্যমাত্রা বৃদ্ধির হার ১৬ শতাংশ থাকলেও বৃদ্ধির হার দাঁড়িয়েছে ১২ শতাংশে। ৪৫ হাজার কোটি টাকা কর আদায়ের লক্ষ্যমাত্রা থাকলেও আদায় হয়েছে ৪০ হাজার কোটি টাকা। স্যার, বাস্তবে তা আরও কম হবে। প্রধানত রাজস্ব আদায় কমেছে ভ্যাট বা মূল্যযুক্ত করের ক্ষেত্রে। একটু আগে বলছিলেন বিশ্বজিৎবাবু। কাউকে কাউকে ব্যক্তিগত কারণে খুশি করার জন্যে এসব আবার কমিয়ে দেওয়া, তুলে দেওয়া, শিথিল করে দেওয়াও করলেন। তো যাক সে যা করলেন, করলেন। স্যার, ভ্যাট, স্যার, আদায় হয় প্রধানত শিল্প উৎপাদন যদি কম হয় তাহলে। শিল্পে বিনিয়োগ যে আসছে না বা বাস্তবায়িত হচ্ছে না এটা থেকেই তার প্রমাণ পাওয়া যায়। স্যার, অর্থমন্ত্রী দাবী করেছেন, ২০১১ থেকে ২০১৪ সালে ৪ বছরে মোট ৮০ হাজার কোটি টাকা বিনিয়োগ এসেছে। এবং প্রকল্পগুলি হয় হয়ে গেছে, অথবা নির্মীয়মাণ। কিন্তু বিধানসভায় আমরা বার বার দাবি করলাম কোন জেলায় কত শিল্প হয়েছে তার তালিকা আজও অবধি, এখনও অবধি দেওয়া হচ্ছে না। যদি শিল্পে বিনিয়োগ হত, তবে তার প্রতিফলন অবশ্যই মূল্যযুক্ত কর আদায়ের ক্ষেত্রে ঘটত। তা হচ্ছে না স্যার। তাই দাবি ও বাস্তবের মধ্যে বিভ্রান্তি থেকেই যাচ্ছে। বলছেন, খাদ্যশস্যের বৃদ্ধির হার বেড়েছে, দাবি করছেন। স্যার, এই দাবি ভিত্তিহীন এবং সেই কারণে কৃষির উৎপাদন বেড়েছে কিনা তা কৃষি দপ্তরের দেওয়া তথ্যের সঙ্গে ভূমি ও ভূমিরাজস্ব দপ্তরের প্রতিনিধি এবং ব্যুরো

অফ Applied Economics and Statistics-এর প্রতিনিধিদের নিয়ে গঠিত বিশেষজ্ঞ কমিটি করে এই কাজ। তারা সরেজমিনে গিয়ে মিলিয়ে দেখেন। কিন্তু গত তিন বছর ধরে মন্ত্রী বলতে পারবেন স্যার, যে এই প্রক্রিয়া একবারও হয়েছে, এক দিনের জন্য হয়েছে। তিন বছর ধরে এই প্রক্রিয়া বন্ধ করে দেওয়া হয়েছে। তাহলে এই তথ্য কিসের ভিত্তিতে দিচ্ছেন উনি। রাজ্য সরকারের শিল্প ও কৃষির উৎপাদন বৃদ্ধির হার নিয়ে যে তথ্য দেওয়া হয়েছে তার গ্রহণযোগ্যতা নিয়ে প্রশ্ন উঠছে। আপনি এখানে বলছেন, যে ৯৫টি কৃষক বাজারের মধ্যে প্রথম দফায় ৮৪টি কৃষক বাজার ইতিমধ্যে চালু হয়ে গেছে। দয়া করে বলবেন ? দয়া করে বলেন সিঙ্গুর ছাড়া কোথায় কোথায় ? সিঙ্গুর ছাড়া কোথায় কোথায় এই ৮৪টা আছে বলবেন, এই পবিত্র সদনকে। এই পবিত্র সদনে অসত্য ভাষণ দিয়ে বিভ্রান্ত করা হচ্ছে। সিঙ্গুরে যেটা চালু হয়েছে, এটা গৌরবের। বেচাবাবু কী মনে করেন আমি জানি না, কিন্তু আমার কাছে গর্বের। বেচাবাবু আমার জেলার লোক মন্ত্রী। সিঙ্গুরে হয়েছে, সেট আপটা, কাজ কী ? সিঙ্গুরে ক-জন নিয়োগ করেছে সরকার ? ক-জন চালাচ্ছে ওটা ? যা করছে সব কৃষকরা নিজের উদ্যোগে করছে। এক সম্পূর্ণ বিভ্রান্তিকর তথ্য। এগুলো কোথায় হচ্ছে সেট আপটা। এটা বলতে চাই, বামফ্রন্টের আমলে এরকম একটা হয়েছিল পাঁশকুড়াতে ফুলের মার্কেটিং। এখন গিয়ে দেখবেন সেখানে গরু-ছাগল চড়ে বেড়াচ্ছে। মানে, সেটা কোথায় করতে হবে, এই বাজার কোথায় হবে, তার বাস্তববোধটা কাজে না লাগিয়ে সরকার নিজের পছন্দমতো যদি ভাবে মাঠের মাঝখানে জনবসতিশূন্য এলাকায় গিয়ে করবে, তাহলে এখানে ভবিষ্যতে গরু আর ছাগলই চড়বে।— বেচাবাবু সাবধান হন। শিল্প নিয়ে এত কিছু বললেন, শিল্পে বলতে চাই আপনাকে, শিল্প বিনিয়োগের ক্ষেত্রে কাল একরকম আর আজ এরকম কথা বলছেন এই সরকারে। এই একই হাউসে স্যার। এই একই হাউসে দু-দিন দুই রকম কথা শুনলাম। অধিবেশনের শুরুতে রাজ্যপালের বক্তৃতা হয়েছিল। সেই বক্তৃতাকে আমরা কি দেখতে পেলাম, আর শুক্রবার গতকালকে বাজেট পেশ হল। যে রাজ্যপালের বক্তৃতা হিসাব করে দেখা গেল, রাজ্যের সব কটি ক্ষেত্রজুড়ে দুই লক্ষ কোটি টাকারও অধিক টাকার মোট শিল্প বিনিয়োগ রূপায়িত ও প্রস্তাবিত হয়েছে। আর শুক্রবার গতকালের বাজেটে বলা হল, The Bengal Global Business Summit 2015-এতে অভাবনীয় সাফল্য অর্জন করা গেছে। ওই সামিটে আমাদের রাজ্য ২ লক্ষ ৪৩ হাজার ১০০ কোটি টাকার বিনিয়োগের প্রস্তাব পেয়েছে। বাজেটে শিল্প রূপায়ণের কথা বাদ পড়ে গেছে। কিন্তু স্যার, ওই যে বিরাট, বিরাট-বিরাট ওই সামিটের পর—রাজ্যের শিল্প বিনিয়োগের তুলনায় মাত্র ০.৪ শতাংশ। মাত্র ১ শতাংশও যেতে পারল না। ২০১৪ সালে সারা দেশের শিল্প বিনিয়োগের প্রস্তাব এসেছে মাত্র দুটো। মাত্র দুটো স্যার। টাকার অঙ্কের পরিমাণ ১৭ কোটি টাকা। এই সময় সারা দেশের শিল্প বিনিয়োগের প্রস্তাব এসেছে তার মধ্যে আমাদের রাজ্যের এসেছে .৬৮ শতাংশ। কি বলবেন স্যার, এর পরে। তাহলে কোনটা ঠিক স্যার ? স্যার, সংবিধানের compulsion থাকার কারণে সম্মানীয়, মাননীয় রাজ্যপালকে দিয়ে যা বলালেন, আর কালকে অর্থমন্ত্রী যা বললেন দুটোর মধ্যে ফারাক হয়ে গেল এক সপ্তাহের মধ্যে।

[12.50–1.00 p.m.]

তাহলে কোনটা ঠিক ধরব স্যার ? স্যার, কেন্দ্রীয় ঋণের বোঝা নিয়ে—এই ঋণ নিয়ে বলে যাচ্ছিলেন আপনারা, সবাই বলছিলেন—এই ঋণের বোঝা নিয়ে বিভ্রান্তি ছড়াতে চাইছিলেন এনারা। স্বাধীনতার পর থেকে ২০১১ সালে বামফ্রন্ট সরকারের শেষ বছর পর্যন্ত স্যার, পুঞ্জীভূত ঋণের পরিমাণ ছিল ১ লক্ষ ৯২ হাজার কোটি টাকা। ১ লক্ষ ৯২ হাজার কোটি টাকা স্যার আপনারাও বলেন, আপনাদের অর্থমন্ত্রী বলেছেন। এই ঋণের অনেকগুলো কারণ ছিল স্যার। তার মধ্যে অন্যতম হচ্ছে স্বল্পসঞ্চয় খাতে ঋণ ৭৯ হাজার কোটি টাকা। কোনো রাজ্যে স্বল্পসঞ্চয় বাবদ যা আদায় হয় তার ৮০ শতাংশ টাকা চড়া সুদে রাজ্য সরকারগুলোর উপরে ঋণ হিসাবে চাপিয়ে দেওয়া হয়। স্যার, এখান থেকে এই ঋণ হল। বামফ্রন্ট সরকারের আমলে শেষ বছরে বাজার থেকে ঋণ নেওয়া হল ৯ হাজার ৫০০ কোটি টাকা। যদিও ঋণ নেবার অনুমতি ছিল ১২ হাজার ৩০০ কোটি টাকা। অথচ বর্তমান সরকারের প্রথম বছরে ১০ মাসেই ঋণ নিয়েছে ১৭ হাজার ৫০০ কোটি টাকা।

(এই সময় লালবাতি জ্বলে ওঠে)

স্যার, এই ক্ষেত্রে স্বল্পসঞ্চয় বামফ্রন্টের আমলে এত হয়েছিল বলে ঋণ বাড়লো। এই আমলে স্বল্পসঞ্চয়ও কমে গেল স্যার। কারণ লোকে বিভিন্ন পঞ্জীস্কীমে টাকা রাখলো, সারদা-সহ প্রায় ২০০ স্কীম, সেখানে টাকা রাখলো। ধন্যবাদ আপনাদের, মাননীয়া মুখ্যমন্ত্রী এই পবিত্র সদনে ঘোষণা করেছিলেন মানুষকে এই সমস্ত চিটফান্ড থেকে বাঁচাবার জন্য একটা ব্যাঙ্ক তৈরী করা হবে। সেই ব্যাঙ্কের ঘোষণা কোথায় গেল ? অর্থমন্ত্রী কি ব্যাঙ্কের জন্ম দিয়ে ভুলে গেলেন, তার লালন-পালনের কোনো প্রয়োজন মনে করছেন না ? স্যার, সংখ্যালঘু নিয়ে এক মিনিট বলব। সংখ্যালঘু নিয়ে আপনারা এত কিছু বলছেন। এই সংখ্যালঘু....

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

শ্রীমতী প্রতিমা রজক : মাননীয় চেয়ারম্যান স্যার, পশ্চিমবঙ্গ সরকারের ভারপ্রাপ্ত অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র গত ২৭শে ফেব্রুয়ারী ২০১৫ যে বাজেট পেশ করেছেন আমি সেই বিষয়ে কয়েকটা কথা বলছি। আমি প্রথমে কৃষি বিষয়ে কথা বলছি। কারণ আমি যে এলাকার বাসিন্দা, বিধায়ক, আমাদের কান্দি সাবডিভিশান কৃষি প্রধান এলাকা। এখানে যেভাবে ধান উৎপাদন হয় পাশাপাশি আলু উৎপাদন হয়। আমি দেখতে পাচ্ছি ২০১৪-১৫ আর্থিক বছরে ১৭৬টির মধ্যে ৮৪টি বাজার চালু হয়েছে। আমরা জানি না কোথায় কোথায় এই কৃষক বাজার চালু হয়েছে। আমাদের কান্দি সাবডিভিশানে প্রপার কান্দিতে একটা চালু হয়েছে। আমরা আগেও দেখেছি কৃষকরা ধান বিক্রি করেছে যখন কৃষক বাজার ছিল না। কিন্তু এখন এই কৃষক বাজার তৈরী হয়ে কি লাভ হয়েছে জানেন ? কৃষকদের বাড়তি ১৫ টাকা দিয়ে সেই কৃষক বাজারে ধান বিক্রি করতে হচ্ছে। তারা কিন্তু এমনি এমনি করতে পারছে না, তাদের কাছ থেকে ১৫ টাকা নেওয়া হচ্ছে। তবেই কিন্তু তারা কৃষক বাজারে ধান বিক্রি করতে পারছে। আমরা কৃষক বাজারে আলু বিক্রির ব্যাপারে

কোনো কিছু দেখতে পেলাম না। আমরা এই আলুচাষীদের কথা এই বাজেটে দেখতে পেলাম না। কারণ আমরা যে এলাকার বাসিন্দা, এখানে দু-বার ধান চাষ হয় দু-বার আলু চাষ হয়। ফলে এই যে আলু ফসল হচ্ছে এইগুলো আমরা কোথায় রাখব ? এইগুলো আমরা কিভাবে বিক্রি করব ? এই সব কথা কিন্তু আমরা এই বাজেটের মধ্যে দেখতে পেলাম না। কারণ আমরা যে এলাকার বাসিন্দা, এখানে দু-বার ধান চাষ হয় দু-বার আলু চাষ হয়। ফলে এই যে আলু ফসল হচ্ছে এইগুলো আমরা কোথায় রাখব ? এইগুলো আমরা কিভাবে বিক্রি করব ? এইসব কথা কিন্তু আমরা এই বাজেটের মধ্যে দেখতে পেলাম না। আমরা আর একটা জিনিস এই বাজেটে দেখতে পেলাম না, ২০১৪-১৫ সালে কৃষি বিপণন খাতে ২২৫ কোটি টাকা রাখা হয়েছিল। কিন্তু আমরা এই আর্থিক বাজেটে এই কৃষি বিপণন খাতে কোনো টাকা, কোনো অর্থ বরাদ্দ কিন্তু আমরা দেখতে পাচ্ছি না। ডিজিটালাইজেশান অফ রেশন কার্ড, ২০১৪-১৫ সালে ৩ কোটি হয়েছে, ১৫-১৬ সালে হয়েছে ৭.৮০ কোটি। এই কার্ড কোথায় কিভাবে তৈরী হচ্ছে আজও আমরা কিন্তু জানতে পারিনি। আমরা দেখলাম ২ বছর হয়েছে। আমরা এই কার্ড কিন্তু এখনো হাতে পেলাম না। এই কার্ড কোথায় কিভাবে তৈরী হচ্ছে সেটা যদি মাননীয় অর্থমন্ত্রী বলেন তাহলে আমার মনে হয় ভালো হবে। "নির্মল বাংলা অভিযান" এই নাম কিন্তু আমরা এই প্রথম শুনছি। আমরা আগে শুনেছিলাম "নির্মল ভারত অভিযান"। "নির্মল বাংলা অভিযান"—এর মধ্যে নাকি শৌচালয় তৈরী হচ্ছে। শৌচালয় আমরা আগেও তৈরী করতে দেখেছি। আমাদের এলাকায় পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলাপরিষদ কিছু কিছু এন.জি.ও.-র মাধ্যমে বাড়িতে, স্কুলে শৌচালয় করতে দেখেছিলাম। "নির্মল বাংলা অভিযান" বলে কোনো প্রকল্প আমরা আগে শুনিনি। এখনো কিন্তু অনেক শৌচালয় তৈরী করতে বাকি আছে। অনেক স্কুল, অনেক অঙ্গনওয়াড়ি কেন্দ্র, শিশুশিক্ষা, কেন্দ্র যেখানে প্রয়োজন আরো বেশী করে আমার মনে হয় তৈরী করা উচিত। আমি যেহেতু একজন মহিলা বিধায়ক, তাই আমি নারী ও শিশুদের নিয়ে একটু বলছি। মাননীয় অর্থমন্ত্রী ২০১২-১৩ সালে বাজেট ভাষণে বলেছিলেন, নারী ও শিশুরা শরীরিক, আর্থিক ও সামাজিক দিক থেকে দুর্বল। সেই জন্য তারা বিশেষ দৃষ্টির দাবী রাখে। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীও একজন মহিলা। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী কিন্তু দুর্বল নয়, সবল। তাই আমরা ভেবেছিলাম এই সবল মুখ্যমন্ত্রীর কাছ থেকে হয়ত অমাদের রাজ্যের দুর্বল নারীরা অনেক কিছু পাবে। আমাদের দেশ অনেক দিন স্বাধীন হয়েছে। কিন্তু আমাদের রাজ্যের মহিলারা এখনো স্বাধীন হতে পারেনি। আমাদের রাজ্যের নারীদের অবস্থান কোথায় দেখুন। আমাদের রাজ্যে নারীদের নিয়ে অনেক প্রকল্প চালু আছে। এই সরকার কিন্তু কোনো প্রকল্প চালু করেনি। যে প্রকল্পগুলো আছে, সেগুলো অনেক আগে থেকেই চালু আছে। যেমন—আই.সি.ডি.এস. প্রকল্প—কেন্দ্র এবং রাজ্য মিলিয়ে এই প্রকল্পটা চালায়। যেটা ১৯৭৫ সালে শুরু হয়েছিল। 'আশা' প্রকল্প, 'শিশুশিক্ষা কেন্দ্র', এ.এন.এম.। এই সরকার আসার পর আই.সি.ডি.এস. প্রকল্পের ভাতা বাড়ানোর কথা বারবার বলেছিলাম। কিন্তু এই সরকার, আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী তাদের জন্য একটা টাকাও বরাদ্দ করল না। তারা আজকে কত ভাতা পাচ্ছেন জানেন ? ৪৩শ'৫০ টাকা। এর মধ্যে কেন্দ্র দেয় ৩ হাজার টাকা, আমাদের রাজ্য দেয় ১৩শ' ৫০ টাকা। আজকে অর্থনৈতিক দিকে থেকে যেভাবে প্রত্যেকটা

জিনিসের দাম দিন দিন বেড়ে চলেছে, ৪৩শ' ৫০ টাকায় সেখানে একটা সংসার চলে ? তাহলে কেন আমাদের মুখ্যমন্ত্রী একজন মহিলা হয়ে অঙ্গনওয়াড়ি প্রকল্প, আই.সি.ডি.এস. প্রকল্পে যারা কাজ করে তাদের ভাতা বাড়াল না ? কেন সেইসব মেয়েদের কথা তিনি ভাবলেন না ? 'আশা' প্রকল্পে ৮০০ টাকা পেত, মাননীয়া মুখ্যমন্ত্রী এসে ৫০০ টাকা বাড়িয়েছেন। তার জন্য আপনাদেরকে ধন্যবাদ জানাই। কিন্তু 'আশা' প্রকল্পে মেয়েদের কি ১৩শ' টাকায় সংসার চলবে ? এস.এস.কে.-র ভাতা হচ্ছে ৬ হাজার টাকা, এ.এন.এম.-গ্রাম বাংলায় যারা নার্সের কাজ করে, তাদের ভাতা ৭ হাজার টাকা। আমাদের আই.সি.ডি.এস. প্রকল্পে মা এবং শিশুদের যে পুষ্টিকর খাবার দেওয়া হয়, তার পরিমাণ কত জানেন ? মাননীয়া মন্ত্রী এখানে ছিলেন। আমি বারবার বলেছিলাম যে এদের খাবারের পরিমাণ বাড়ানো হোক। এই মার্চ থেকে শুরু হওয়া খাবারের পরিমাণ হল—মায়েদেরকে চাল ৭৫ গ্রাম করে দেওয়া হবে, বাচ্চাদেরকে ৪৫ গ্রাম করে দেওয়া হবে। মায়েদের ডাল ৩০ গ্রাম করে দেওয়া হবে, শিশুদের দেওয়া হবে ১৫ গ্রাম। সবজি দেওয়া হচ্ছে। সব্জির জন্য মায়েদের দেওয়া হচ্ছে ২০ পয়সা, একজন মা-কে ২০ পয়সা দিয়ে আপনি কি সবজি কিনে খাওয়াবেন ? বাচ্চাকে দেওয়া হচ্ছে ২৭ পয়সা। ডিমের দাম ৪ টাকা করে দেওয়া হচ্ছে, ছাতু ১১ গ্রাম করে দেওয়া হচ্ছে। আমরা দেখেছি আই.সি.ডি.এস. প্রকল্পে শিশুদের, মায়েদের পুষ্টিকর খাবার দেওয়ার কথা বারবার বলছেন। কিন্তু তাদের খাবারের পরিমাণ যদি এইরকম হয়, তাহলে এই সরকার শিশু এবং মায়েদেরকে কী করে পুষ্টি দেবে ? আমি তো ভেবে পাচ্ছি না। তাই আমি এই সরকারের মাধ্যমে বলব—আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী আছেন, আই.সি.ডি.এস. দপ্তরের মন্ত্রী আছেন—তাদের খাবারের পরিমাণ বাড়ানো হোক। এই সরকার আসার পর বলেছিল, আই.সি.ডি.এস. প্রকল্পে যারা চাকরি করে তাদেরকে বছরে দুটি করে শাড়ী দেওয়া হবে। আজকে আমি এখানে শাড়ী নিয়ে এসেছি। মাননীয় চেয়ারম্যান সহেব দেখুন।....(এই সময় মাননীয়া সদস্যা একটি শাড়ী তুলে দেখান)...মাননীয়া মন্ত্রীকেও দেখাব। এই শাড়ী কি আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী বা আমাদের এখানে আই.সি.ডি.এস. প্রকল্পের নারী, শিশু দপ্তরের মন্ত্রী আছেন, তিনি পরতে পারবেন ? দেখুন, ভালো করে এই শাড়ী। একজন মহিলার কী এই শাড়ী পরা উচিত ? একটা সরকার একটা আই.সি.ডি.এস. প্রকল্পে এই শাড়ী দিচ্ছে। আমরা আগেও দেখেছি 'আশা' প্রকল্পে যারা চাকরি করে তাদেরকে শাড়ী দেওয়া হয়েছিল। যারা নার্সের চাকরি করে তাদেরকে শাড়ী দেওয়া হয়েছিল। আর আজকে দেখুন আই.সি.ডি.এস. প্রকল্পে যে শাড়ী দেওয়া হয়েছে সেটা কোনো গ্রাম বাংলার মেয়েরা পরতে পারবে না। আমি বলব, এই দপ্তরের যিনি মন্ত্রী আছেন, তিনি এই শাড়ী পরে এসে আমাদেরকে দেখাবেন। যদি তিনি এই শাড়ী পরতে পারেন তাহলে আমরাও এই শাড়ী গ্রাম বাংলায় পরতে পারব। এই সরকার শিশুদের জন্য অনেক কথা বলেছিলেন। আমরা দেখেছি শিশুদের হাসপাতালে এস.এন.সি.ইউ. করা হয়েছিল। আমার ব্লকে একটি গ্রামীণ হাসপাতাল আছে। সেখানেও এস.এন.সি.ইউ. হয়েছে। কিন্তু সেটা আজ অবধি চালু করতে পারল না, বন্ধ হয়ে পড়ে আছে।

[1.00-1.10 p.m.]

আমাদের রাজ্যের স্বাস্থ্য-এর অবস্থা দেখুন। এই সরকার বলেছিল, সবার জন্য স্বাস্থ্য। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী আছেন, মাননীয় মুখ্যমন্ত্রী দুজনকে আমি বলেছিলাম, চিঠি পর্যন্ত করেছিলাম যে, আমার মুর্শিদাবাদ জেলার মানুষ, পিছিয়ে পড়া জেলা এই জেলার স্বাস্থ্যের অবস্থা খুব খারাপ। আমরা কান্দি সাব-ডিভিশানে বাস করি। একটা জেলা হাসপাতাল আছে এবং আমার ব্লকে পাঁচটি উপ-স্বাস্থ্য কেন্দ্র আছে। এই পাঁচটি উপ-স্বাস্থ্য কেন্দ্রের অবস্থা খুব খারাপ। আমার ব্লকে একটি গ্রামীণ হাসপাতাল আছে। যার অবস্থা ত্রিশ বছর ধরে খারাপ হয়ে আছে। তার যে বিল্ডিং আছে সেটা ভেঙে পড়েছে। এখানে স্বাস্থ্যমন্ত্রী আছেন, এই ব্যাপারে ওনাকে বলেছিলাম যে, দেখুন আমাদের হাসপাতালের অবস্থা। সেখানে ডাক্তার নেই, নার্স নেই। এই হাসপাতালকে আর্থিক অনুদান দেওয়া হোক। আমার বিধানসভা এলাকায় পাচতোরি বলে একটা গ্রাম আছে, সেখানে ১৯৭২ সালের সরকারের আমলে আমাদের স্বাস্থ্যমন্ত্রী ছিলেন অজিত পাঁজা মহাশয়। তিনি তখনকার আমলে পাচতোরিতে একটা মাতৃসদন প্রকল্প চালু করেছিলেন। সেই প্রকল্প মাঝখানে প্রায় কুড়ি থেকে পঁচিশ বছর বন্ধ হয়ে পড়েছিল। আমি সেখানে নিজের এলাকার মানুষদের নিয়ে অনশন করেছিলাম। আমি সেখানে দশ বেড স্যাংশান করেছিলাম। কিন্তু আজকে ২০১৫। আমি মাননীয়া মন্ত্রীকে বলেছিলাম, মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলেছিলাম যে, সেখানে দশ বেড চালু করা হোক। আজ অবধি তার কোনো উত্তর পাইনি। আপনাদের একজন মন্ত্রী বলছিলেন, প্রতিটি জায়গায় স্বাস্থ্য ভালো আছে। কিন্তু আপনি আমাদের বিধানসভার এলাকায় যাবেন, আপনার দপ্তর থেকে এই স্বাস্থ্য প্রকল্পে কোনো অর্থ বরাদ্দ করা হয়নি। সেখানে স্বাস্থ্যের জন্য কোনো প্রকল্প তৈরী করা হয়নি। একটা হাসপাতালও ভালো করা হয়নি। প্রত্যেকটি হাসপাতালের অবস্থা খারাপ হয়ে আছে। আমাদের এখানে বিদ্যুৎ দপ্তরের মন্ত্রী বসে আছেন। বিদ্যুৎ দপ্তর থেকে বলেছিল যে, সবার ঘরে বিদ্যুৎ পৌঁছে দেব। আমি বার বার বিদ্যুৎমন্ত্রীর সঙ্গে দেখা করেছিলাম, বলেছিলাম, আমাদের কান্দি সাব-ডিভিশান এলাকায় সেখানে চাষ করতে গেলে বিদ্যুতের প্রয়োজন হয়। সেখানে বোরো সিজিনে চাষিদেরকে বিদ্যুৎ দেওয়া হয়। কিন্তু এই বোরো সিজিনের সময় বার বার লোডশেডিং হয়। অথচ এখন শুনছি যে, লোডশেডিং নাকি বন্ধ হয়ে গেছে। আপনি আমার এলাকায় যাবেন, দেখবেন। এখন মাধ্যমিক-উচ্চমাধ্যমিক পরীক্ষা চলছে, ছটা থেকে আটটা দু-ঘণ্টা, দেড় ঘণ্টা প্রত্যেকটা দিন সন্ধ্যার সময় লোডশেডিং হচ্ছে। আমি মাননীয় মন্ত্রীকে বার বার বলেছিলাম যে, আমাদের লোডশেডিং বন্ধ করুন। কিন্তু এই সরকার তাতে কোনো কর্ণপাত করেনি। সংখ্যালঘু বিষয়ে আমরা ২০১৪-১৫ সালে দেখেছিলাম, পনেরটি জেলার মধ্যে ১৫১টি ব্লক দেখানো হচ্ছে। অথচ ২০১৫-১৬-তে ষোলোটি জেলাতে বলা হচ্ছে ১৫১টি ব্লক। আমি এই দুটির মিল খুঁজে পেলাম না। ২০১৪-১৫-তে হল ১৫টি জেলা আর ২০১৫-১৬-তে হল ১৬টি জেলা। অথচ ব্লকের সংখ্যা একই রয়েছে। কী করে হয় ? মাননীয়া মুখ্যমন্ত্রী ২০১২ সালে আমাদের ব্লকে সংখ্যালঘুদের জন্য লোনের কথা বলেছিলেন। সেখানে তিনি বলেছিলেন, প্রত্যেক ব্লকের বিদ্যুতের সংখ্যালঘু পুরুষ ও মহিলা সবাইকে লোন দেব। আমার ব্লক থেকে ২০১২ সালে

লোনের জন্য ৭৬ জনের কাগজ-পত্র পাঠানো হয়েছিল। তারপরে আবার সেকেন্ড লটে ৭৬ জনের কাগজ-পত্র পাঠানো হয়েছিল। মাননীয়া মুখ্যমন্ত্রী ২০১২ সালে গিয়েছিলেন আমাদের জেলায়। তিনি কাগজ-পত্র জমা নিয়েছিলেন। আজকে ২০১৫ সাল। আজ পর্যন্ত সংখ্যালঘু মহিলারা সেই লোন পায়নি। সংখ্যালঘু বিষয়ক যারা আছেন এবং মন্ত্রীর যিনি আছেন তাঁর কাছে আমার জিজ্ঞাস্য, তারা কেন পেল না ?.....(নয়েজ)....মাননীয়া মুখ্যমন্ত্রী নিজে বলেছিলেন, এখানে চেয়ারম্যান সাহেব আছেন, আপনি বলবেন। যে কথা মাননীয় মুখ্যমন্ত্রী নিজে কথা দিয়ে এসছেন, কেন তিনি সেই কথা রাখলেন না ? আজকে আমরা দেখতে পাচ্ছি, অনেক রাজ্যে অনুদান দেওয়া হচ্ছে। আমাদের মুর্শিদাবাদ জেলা পিছিয়ে পড়া জেলা। আমাদের মুর্শিদাবাদ জেলাতে একটিও ক্লাব নেই—আমি দুদিন আগে দেখছিলাম যে, একটি ক্লাবকে দেওয়া হয়েছে, আমাদের মুর্শিদাবাদ জেলা কংগ্রেসের জেলা বলে, না, এই জেলার ক্লাবে তৃণমূল সদস্য নেই ? শুধু কংগ্রেসের সদস্য আছে বলে ? আজকে যিনি মন্ত্রী আছেন পরিবহন দপ্তরের, তিনি আজকে জেলে বসে আছেন। আজকে তার দপ্তরের কোনো কাজ দেখতে পাচ্ছি না। আজকে পরিবহণ দপ্তরের চারটি বাস আমাদের কান্দি সাব-ডিভিশানে চলে। যেগুলির অবস্থা খুবই খারাপ।....(নয়েজ)....আমাদের এলাকায় যে চারটি বাস চলছে সেগুলি সব থেকে বেশি ভালো চলে এবং সব থেকে বেশি কালেকশান হয়। আমি মাননীয় মন্ত্রীকে বার বার বলছিলাম। মন্ত্রী মহাশয় সেখানে ভালো বাস দেওয়ার প্রয়োজনীয়তা মনে করছে না। তাই আমি পরিশেষে বলি, আমাদের এই সরকার সাধারণ মানুষের কথা ভাবুক। শুধু ঋণ করে ঘি খেলে চলবে না। সেই ঘি খেতে হলে যে টাকা রোজগার করা দরকার সেটা আপনারা ভেবে দেখুন। তাই আপনারা আগে ঋণ শোধ করুন।....(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)....

শ্রী সমরেশ দাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গতকাল পশ্চিমবঙ্গ সরকারের ভারপ্রাপ্ত অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহোদয়, যে বাজেট বিবৃতি দিয়েছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি। সমর্থন করছি এই কারণের জন্য—এই বাজেটটি জনমুখী বাজেট, গ্রামের সাধারণ মানুষের বাজেট, শ্রমজীবী মানুষ, কৃষকদের জন্য বাজেট, সেল্ফ-হেল্প গ্রুপের মহিলাদের জন্য বাজেট, ছাত্র-ছাত্রীদের আশা-আকাঙ্ক্ষার প্রতীক বাজেট, যুবজনের চিন্তা-চেতনার প্রতীক বাজেট, ছোটো ব্যবসায়ীদের সুবিধা প্রদানের বাজেট, লোয়ার ইনকাম গ্রুপ এবং মিডল ইনকাম গ্রুপের যারা কর্মচারী তারা যাতে সুষ্ঠু জীবনযাপন করতে পারেন তার প্রতিফলন ঘটেছে এই বাজেটে। রাজ্যকে সামনের সারিতে নিয়ে আসার জন্য এই বাজেট। বন্ধুগণ, এই বাজেট উপস্থাপন করা সম্ভব হয়েছে এই কারণের জন্য আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী, আমাদের নেত্রী, যিনি পশ্চিমবঙ্গের জনজীবন সম্পর্কে তার অসাধারণ ধারণা আছে। গরীব খেটে খাওয়া মানুষের প্রতি তাঁর দরদ আছে। পশ্চিমবঙ্গকে শীর্ষস্থানে নিয়ে যাওয়ার সদিচ্ছা আছে। দীর্ঘ লড়াই আন্দোলন এবং সংগ্রামে তার অর্জিত জ্ঞান, তার উপদেশ নিয়ে মুখ্যমন্ত্রীকে ফ্রেন্ড, ফিলোজফার এবং গাইড মনে করে আমাদের অর্থমন্ত্রী তার প্রকৃত জ্ঞান এবং প্রজ্ঞাকে কাজে লাগিয়ে একটি অসাধারণ বাজেট আমাদের সামনে উপস্থাপিত করেছেন। এখানে আগেকার দিনের

অর্থমন্ত্রীদের কথা বলা হয়েছে। তাদের সঙ্গে বর্তমান অর্থমন্ত্রীর ফারাকটা এই জায়গাতেই—আগেকার দিনের অর্থমন্ত্রীদের অর্থনীতি সম্পর্কে অভিজ্ঞতা থাকলেও বাস্তব সম্পর্কে অভিজ্ঞতা ছিল না। যে কারণে জ্ঞানের বড়াই করতে গিয়ে নিজেরা ডুবেছেন, রাজ্যকে ডুবিয়েছেন। আর আমাদের বর্তমান অর্থমন্ত্রী তিনি জ্ঞানের বড়াই করেননি। কবিগুরু রবীন্দ্রনাথকে ফলো করেছেন। কবিগুরু রবীন্দ্রনাথ বলেছিলেন নোবেল পুরস্কার পাওয়ার পরে "জ্ঞানের দীনতা আছে জানি আপনার মনে, পূরণ করিয়া লই যত পারি ভিক্ষালব্ধ ধনে" তা স্বাভাবিকভাবে মুখ্যমন্ত্রীর পরামর্শ নিয়ে তিনি যে বাজেট উপস্থাপিত করেছেন তা অসাধারণ হয়েছে। অসাধারণ হয়েছে এই কারণের জন্য, গ্রামের সাধারণ কৃষক থেকে আরম্ভ করে, খেটে খাওয়া মানুষরা এখান থেকে অনেক সুযোগ-সুবিধা পাবেন। বিরোধীরা সমালোচনা করছেন এই কারণের জন্য—দীর্ঘ বামফ্রন্টের সময়কালে যে ধারায় বাজেট উপস্থাপিত হত এটা তার বিপরীতমুখী। সবাই জেনে গিয়েছিল জিরো বাজেট। বাস্তবে জিরো বাজেট একটা কাল্পনিক কথা। আর প্রত্যেক বছরেই ঘাটতি দিয়েছেন, সৎ সাহস ছিল না যে বিধানসভায় দাঁড়িয়ে বলা ঘাটতি থাকছে। এই জিরো ব্যালেন্সের বাজেটের যিনি প্রবক্তা প্রাক্তন অর্থমন্ত্রী গতকাল আলিমুদ্দিনে বসে আজকে কি কি ধরনের সমালোচনা করতে হবে, যে কথাগুলি বলে দিয়েছিলেন আজকে বামফ্রন্টের বন্ধুরা বই পড়ার তো সময় পাননি যে কারণের জন্য সেই একই কথার পুনরাবৃত্তি করছেন। আমরা আশ্চর্য হলাম আমাদের বিরোধী দলনেতাও গতকাল টিভির সামনে বলেছেন এই যে বাজেট উপস্থাপিত হয়েছে সেখানে পশ্চিমাঞ্চল সম্পর্কে কোনো কথা অর্থমন্ত্রী বলেননি। দুখের বিষয় বাজেট বইটা যদি তিনি পড়তেন সেখানেও দেখতে পেতেন ১১নং পৃষ্ঠায় পশ্চিমাঞ্চল সম্পর্কে যেমন বলা আছে আবার ঠিক তার পাশাপাশি বাজেট বক্তৃতা মানে কেবলমাত্র ওই বইটা নয়।

[1.10–1.20 p.m.]

তার সঙ্গে আরো একগাদা বই দেওয়া হয়। Budget at a glance. সেটা দেখলেও অবধারিতভাবে উপলব্ধি করতে পারতেন। স্টেটমেন্ট টেনে পশ্চিমাঞ্চল সম্বন্ধে বক্তব্য আছে।

মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি বলতে চাই, সমালোচনা হয় তুলনামূলক। কেন্দ্রে একটা সরকার আছে যার বাজেট আজকে হচ্ছে। কী হচ্ছে সেখানে জানি না। কিন্তু অমাদের রাজ্য সরকারের যে বাজেট উপস্থাপিত হয়েছে তাতে লিখে বলে দেওয়া হয়েছে ভ্যালু অ্যাডেড গ্রসে কেন্দ্র যেখানে ৭.৫ শতাংশ সেখানে আমাদের পশ্চিমবঙ্গে ১০.৪৮ শতাংশ। আগের সরকার হাজার হাজার কোটি টাকা ব্যয় করেছে, বাজেটে ছিল না। বিধানসভার কোনো অনুমোদন ছিল না। বর্তমান সরকারের অর্থমন্ত্রী সেগুলো পাশ করিয়েছেন তা আপনাদের জানা আছে। স্বাভাবিকভাবেই এই সমালোচনা—সমালোচনার জন্যই করেছেন। মানুষকে বিভ্রান্ত করবার চেষ্টা করছেন। যত বেশী বিভ্রান্ত করবার চেষ্টা করবেন এই হলের মধ্যে, এখানকার খবরগুলো সংবাদমাধ্যমে জনগণের কাছে যাবে, জনগণ কিন্তু বিভ্রান্ত হয় না। যত বেশী বেশী করে সমালোচনা করছেন পশ্চিমবঙ্গের মানুষ উপলব্ধি করছেন এবং তার প্রতিফলন বিভিন্ন সময়ে যে নির্বাচনগুলি হচ্ছে তাতে আপনারা উপলব্ধি করতে পারছেন।

গত '১০-১১ আর্থিক বর্ষে যেখানে মূলধনী ব্যয়ে নেগেটিভ, ২৬.০৮ শতাংশ ছিল '১১-১২-তে বর্তমান সরকারের সময়কালের মধ্যে পজিটিভ, ২৪.১৭ শতাংশ, '১২-১৩-তে ৬৪.৫৩ শতাংশ। '১৩-১৪ সালে ৫২.৩৩ শতাংশ বেড়েছে। এঁরা বলছেন, এত খরচ আমরা করছি, রাজ্য সরকার করছে তার ব্যাপারে। আর রাজ্য সরকার খরচ করছে তার কারণ আয় করতে পারছে বলেই। এই বাজেটের মধ্যেই আছে ২০১৩-১৪ সালে ঘাটতির পরিমাণ ছিল ১৮,৯১৫.৪৯ কোটি টাকা। '১৪-১৫-তে কমিয়ে ১০,৩৬১.৮৭ কোটি টাকা হয়েছে। মানুষের অভাব, চাহিদাপূরণ হচ্ছে। ঘাটতির পরিমাণ কমছে। এর দ্বারা প্রমাণিত হয় এই যে ৮,৫৫৩.৬২ কোটি টাকা কম ঘাটতি হয়েছে তার মানে আয় বেড়েছে। এটা অস্বীকার করার কোনো উপায় নেই।

মাননীয়া মুখ্যমন্ত্রীর সাহস আছে, মাননীয় অর্থমন্ত্রীর সাহস আছে তাই বিধানসভায় দাঁড়িয়ে ঘাটতি বাজেট তিনি পেশ করেছেন। প্রায় ৫ হাজার কোটি টাকার ঘাটতি বাজেট পেশ করেছেন। উন্নয়ন করতে গেলে নির্দিষ্ট লক্ষ্যমাত্রায় পৌঁছতে হয়। এটা অনস্বীকার্য যে, যে প্রকল্প নেওয়া হয়েছে তাতে ৫ হাজার কোটি টাকাও ঘাটতি হবে না। এটা আমি নিঃসন্দেহে বলতে পারি। পরিকল্পনা খাতে '১০-১১ সালে যেখানে ব্যয় ছিল ১৪,১৬৫.১২ কোটি টাকা সেখানে গত তিন বছরে তার পরিমাণ দ্বিগুণ করেছে এই সরকার। এটাই হচ্ছে গিয়ে সাফল্য।

বন্ধুগণ, আমরা বলতে চাই, যেকটা পৃষ্ঠার বাজেট বক্তৃতা আছে তাতে সব দপ্তর, ৬৮টা দপ্তরের বাজেট উপস্থাপিত হয়েছে, সব যদি খুলে লিখতে হত তাহলে হয়তো একটা মহাভারত তৈরী হত। শোনার, বোঝার সময় থাকত না আপনাদের। যে কারণে কতগুলো কাগজ দেওয়া হয়েছে যেগুলো আমাদের প্রত্যেকেরই অনুধাবন করবার প্রয়োজনীয়তা রয়েছে।

এই সরকারের অনেক সাফল্য আছে—অস্বীকার করবার উপায় নেই। খাদ্যের সংরক্ষণের জন্য গুদামঘর নির্মাণের কথা বলেছেন। ৪০ হাজার মেট্রিক টন ছিল। সেটাকে বাড়িয়ে ৩ লক্ষ ৮০ হাজার মেট্রিক টন ক্যাপাসিটি বাড়ানো হয়েছে। ধান কেনার ক্ষেত্রে আগেরকার দিনে জালিয়াতি হত। সেটা বন্ধ করার জন্য এবার চেকের মাধ্যমে ধান কেনার ব্যবস্থা হয়েছে। কেউ কেউ বলছেন ধানের দাম বাড়ানো হয়নি। মাননীয়া মুখ্যমন্ত্রী বিধানসভায় দাঁড়িয়ে বলেছেন ধানের দাম রাজ্য সরকার ঠিক করে না। ধানের দাম ঠিক করে কেন্দ্রীয় সরকার। তা সত্ত্বেও রাজ্য সরকার প্রতি কুইন্টালে কিছুটা পরিমাণে ভর্তুকি দেওয়ার ব্যবস্থা করেছে। হ্যাঁ, আমরা দাবী করতে পারি অন্যান্য রাজ্যের সঙ্গে তুলনামূলকভাবে পশ্চিমবঙ্গে আরো কিছু বাড়ানো যেতে পারে, এই দাবি আমরা করতে পারি। কিন্তু বেশি ধান সংগ্রহ করে রাখার তো জায়গা ছিল না। আগে সেই ব্যবস্থাটা করা হয়েছে। ৮৪টি কৃষক বাজার চালু হয়েছে দেখুন। আরে দেখুন না, একটু মাঠেঘাটে ঘুরলে, নিজের চোখে এটা উপলব্ধি করতে পারবেন। ঘোরার জন্য তো আমাদের পয়সা খরচ করার দরকার নেই। রাজ্য সরকার আমাদের রেলওয়ে কুপন দিয়েছে, বিনা পয়সায় ঘুরে তো

দেখতে পারি। সেটা দেখবার চেষ্টা করুন। তাহলে উন্নয়নটা প্রত্যক্ষ করতে পারবেন। আবার সঙ্গে সঙ্গে সরকারের সমালোচনা করছি এই কারণের জন্য বিরোধীরা যত ঘুরুন দেখতে পাবেন না। এই কারণে আপনাদের চোখ নেই, চশমা ব্যবহার করেন। কিন্তু রাজ্য সরকার চশমার ভাতাটা কমিয়ে দিয়েছে। যে কারণের জন্য আপনারা দেখতে পাচ্ছেন না। ৯১ লক্ষ ভুয়ো রেশন কার্ড বাতিল হয়েছে। সংখ্যার পরিমাণটা যাই হোক না কেন, এর পেছনে যত চাল, গম পার্টি অফিসে যেত সেটা একবার উপলব্ধি করা দরকার। সেই ছিদ্রপথ অন্তত বন্ধ করা হয়েছে। এই কথা বললে আপনাদের গায়ে লাগবে, বিরোধীদের গায়ে লাগবে। কেন না পার্টির তহবিল সমৃদ্ধ হচ্ছিল। সেই রাস্তাটা বন্ধ হয়ে গেছে। রেশন কার্ড ডিজিটালাইজেশান প্রচুর পরিমাণে—৭ কোটি ৮০ লক্ষ রেশন কার্ড ডিজিটালাইজ হয়েছে। একজন বলছিলেন, বলছিলেন আমাদের হাতে আসেনি। আরে হাতে তো আসবে না, ৯০% কাজ হয়েছে, ১০০% যতদিন পর্যন্ত না হবে, ততদিন পর্যন্ত সেগুলোকে বিলি করা সম্ভব নয়। একটু আগে কংগ্রেসের একজন বলছিলেন, শৌচাগার নির্মাণ হয়নি। একটু খোঁজ নিয়ে দেখুন, বইটা পড়ুন। ব্যক্তিগত ক্ষেত্রে ২৪ লক্ষ ৩৫ হাজার শৌচাগার নির্মাণ হয়েছে। স্কুলগুলিতে হয়নি বলছিলেন, লেখা আছে স্কুলগুলিতে ৮৪ হাজার শৌচাগার নির্মাণ হয়েছে। অঙ্গনওয়াড়ি সেন্টারগুলি ঘুরে দেখুন—দেখতে পাবেন ৩০ হাজার শৌচাগার নির্মাণ হয়েছে। আমাদের বিচার করতে হবে, সরকারের অভিমুখটা কী ? বাজেটে অনেক টাকা থাকে। কিন্তু তার অভিমুখটা কী ? কার উপকারের স্বার্থে, কোন শ্রেণীর মানুষের উপকারের স্বার্থে বাজেটটা তৈরি হচ্ছে সেটা আপনারা উপলব্ধি করেছেন। আর উপলব্ধি করছেন বলেই আতঙ্কিত হচ্ছেন। সারা রাজ্যে উন্নয়নের কাজ যে গতিতে চলছে, সেই গতিতে যদি চলতে থাকে আপনাদের অবস্থা কোন জায়গায় যাবে। কদিন আগে দিল্লিতে নির্বাচন হল, শত বছরের ঐতিহ্যবাহী কংগ্রেস একটা আসনও পেল না। এই তো হচ্ছে মানুষের প্রতি সেবা করার মানসিকতা। অসিতবাবু আপনি প্রবীণ ব্যক্তিত্ব, আপনাকে আরো উপলব্ধি করতে হবে। আপনি সমালোচনা করছিলেন, আবার প্রশংসাও করেছেন 'অ' নামের প্রতি। আমাদের প্রাক্তন যে অর্থমন্ত্রী ছিলেন, তাঁর নামও 'অ' অসীম। বর্তমান যিনি তার নামও 'অ' দিয়ে শুরু হয়েছে। তার আগেও যিনি ছিলেন তিনিও 'অ' দিয়ে শুরু হয়েছে। আর আপনি যে আজকে বললেন, আপনার নামটাও 'অ' দিয়ে শুরু হয়েছে। মহাভারত যদি দেখেন, দুর্যোধন বলেছিলেন অর্জুনকে দেখে 'অ' অক্ষর শুরু এই নামটা আমার উচ্চারণ করতে গা রি রি করে। তা আপনারও সেই অবস্থা হয়েছে। গা রি রি করছে, ফলে ধ্বংস হবেন। এখনো সময় আছে, সামনে নির্বাচন আছে চলে আসুন। এমন হতে পারে আপনি আবার একই আসনে বসে অর্থ দপ্তরের বাজেট আপনি হয়ত উপস্থাপিত করবেন। এই সুযোগ নিশ্চয় হারাবেন না। বন্ধুগণ, আমি আপনাদের বলতে চাই যে গরীব, ইকনোমিক্যালি উইকার সেকশানের জন্য প্রায় ৯৪ হাজার ঘর এই সরকারের সময়কালে হয়েছে। নিজ গৃহ, নিজ ভূমিতে পাট্টা বিলি হয়েছে ২ লক্ষ ৩০ হাজার। গ্রামের সাধারণ মানুষ পানীয় জলের অভাবে ভোগে। একটা গ্রামের মানুষ, আর একটা কলকাতা শহরের মানুষ, তার ভোট এক। পানীয় জল পাইপলাইনে শহরের মানুষ খেতে পারবে, গ্রামের মানুষ খেতে পারবে না।

[1.20–1.30 p.m.]

এই দৃষ্টিভঙ্গির পরিবর্তন এই সরকার করেছে। কল্পনা করতে পারবেন ৬১৫টি পাইপলাইন ওয়াটার সাপ্লাই স্কীম সারা রাজ্যে চলছে। কল্পনা করা যাবে না। আমি গ্রাম থেকে এসেছি। আমার বিধানসভা ক্ষেত্রে একযোগে ৬টি জায়গাতে কাজ চলছে—দেখতে হয়। হাজার হাজার স্কুল হয়েছে। একটা স্কুল খুঁজে পাওয়া যাবে না, যে মাধ্যমিক স্কুল উচ্চমাধ্যমিক স্কুলে রূপান্তরিত হয়নি। একটা জুনিয়ার হাইস্কুলে রূপান্তরিত হয়নি, এ দেখা যাবে না। হাসপাতালগুলোতে কাজ হয় না। কাজ হয় না—আমরা বলি। সত্যি তো কাজ তো হচ্ছিল না। কাজ শুরু করতে গেলে তার জন্য সময় লাগে। অধিকাংশ জায়গাতে হাসপাতালগুলোর অসাধারণ রিফর্মস হয়েছে। SNCU হয়েছে, SNSU হয়েছে, ন্যায্য মূল্যের ওষুধের দোকান হয়েছে। আমার এলাকাতেও একটা সাবডিভিশনাল হাসপাতাল আছে। রোগী মরলে মরা রাখার ঘর ছিল না। নামে সাব-ডিভিশনাল হাসপাতাল, তার কোনো ব্লাড ব্যাঙ্ক ছিল না। এই সরকার আসার পরে স্পেশাল সুপার স্পেশালিস্ট হসপিটালে রূপান্তরিত হয়ে ১৫ কোটি টাকার কাজ চলছে। এত চোখে দেখতে হবে। না দেখলে বুঝবেনটা কিভাবে ? স্বাভাবিকভাবেই আমি আপনাদের কাছে নিবেদন করব প্রত্যেকটি জায়গাতে উন্নয়ন হচ্ছে, অসাধারণভাবে উন্নয়নের কাজটা চলছে। তাই আমরা বলতে চাই যে আগামী দিনে আতঙ্ক আপনাদের সমানে গ্রাস করছে। কৃষকদের মধ্যে ৬৫ লক্ষ কিষান ক্রেডিট কার্ড দেওয়া হয়েছে। দু-হাজার পাঁচশো কোটি টাকার মতো কৃষিঋণ দেওয়া হয়েছে। আপনাদের সময়কালে, বামফ্রন্টের সময়কালে সমবায় ব্যবস্থাটাকে ধ্বংস করে দিয়েছিলেন, বর্তমান সরকার এবং তার যোগ্য মন্ত্রী, সেগুলোকে সংস্কার করার চেষ্টা করছেন। গণতন্ত্র ফিরিয়ে আনবার চেষ্টা করছেন, যে কারণের জন্য আপনারা আতঙ্কিত হচ্ছেন। যতই সমালোচনা করুন গীতায় একটা শ্লোক আছে "নহং দিদ্যন্তি অস্ত্রানি, নহং দহতি পাবক"। অস্ত্র এই মা মাটি সরকারের মানুষকে কাটতে পারবে না এবং আগুন একে পোড়াতে পারবে না। গীতার সেই অমৃত বাণীই—রক্ষাকবচ। তাই স্বাভাবিকভাবেই এই সরকার আছে, এই সরকার আগামী দিনে থাকবে, আমি ধন্যবাদ জানাব, কৃতজ্ঞতা জানাব আমাদের মাননীয় অর্থমন্ত্রীকে, গরীব মানুষের দারিদ্রের কথা তিনি বুঝেছেন। তাই কাজী নজরুল ইসলাম যে কথা বলেছেন, তিনিও ঠিক পথ ধরেছেন।

(এই সময় লালবাতি জ্বলে ওঠে)

কাজী নজরুল ইসলাম অত্যন্ত গরীব ঘরের মানুষ ছিলেন। তাঁর কবিতায় তিনি স্বীকার করেছেন "হে দারিদ্র, তুমি মোরে করেছ মহান, তুমি মোরে দানিয়াছ খ্রীস্টের সম্মান।" স্বাভাবিকভাবেই সারা পশ্চিমবঙ্গের মানুষ মা-মাটি-মানুষের সরকারকে, অর্থমন্ত্রীকে, মাননীয় মুখ্যমন্ত্রীকে বার বার আশীর্বাদ করেছেন। আপনাদের এই সমালোচনা কোনো কাজে লাগবে না।

(এই সময়ে মাইক অফ হয়ে যায়)

শ্রী শাহাজাহান চৌধুরী : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, গতকাল আমাদের মাননীয়া অর্থমন্ত্রী ৬১ পাতার যে বাজেট এখানে পেশ করেছেন, বাজেট বিবৃতি দিয়েছেন, সেটা হচ্ছে

তথ্যের জাগলারিতে ভর্তি। কারণ Bureau of Applied & Statistics বিলে যে হিসাব করত, যাতে পরিসংক্যান ঠিক হত, এই পদ্ধতি বর্তমানে বন্ধ করে দেওয়া হয়েছে। কেন্দ্রীয় সরকারের বাজেটের পরে রাজ্য বাজেট হয়, এটাই নিয়ম। ব্যতিক্রমী রাজ্য হিসাবে আমাদের রাজ্য রেকর্ড সৃষ্টি করল। কারণ এমন কিছু কেন্দ্রীয় প্রকল্প থাকে, যে প্রকল্পগুলি আমাদের রাজ্য বাজেটে সেগুলোকে ম্যাচিং করতে হয়। সেটা ম্যাচিং না করার ফলে বীজগণিতের ফর্মুলা প্রয়োগ করা হয়েছে। বীজগণিতে যেমন মনে করিলাম, ধরিলাম X=1, X=2, সেই ফর্মুলা হচ্ছে আমাদের মাননীয় অর্থমন্ত্রী বিদগ্ধ পণ্ডিত মানুষ। তিনি প্রয়োগ করেছেন আমাদের বাজেট বইয়েতে। বাজেটে আমরা জানি পাঁচটি প্রধান শাখা থাকে আয়, ব্যয় সংক্রান্ত ক্ষেত্রে। এক নম্বর—সরকারী আয়, দু-নম্বর—সরকারী ব্যয়, তৃতীয়—সরকারী ঋণ, চার হচ্ছে উন্নয়নমূলক কাজের জন্য অর্থ সংগ্রহ, আয়-ব্যয়ের পরিচালনা। আমরা এগুলো এর মধ্যে আছে দেখতে পাব, আমি পরে এর মধ্যে আলোচনায় আসছি। ২০১৪-১৫ সালে পরিকল্পনা উন্নয়ন খাতে সরকার ৪২ হাজার কোটি টাকা ধরেছেন। অর্থাৎ ২৭%। পরিকল্পনা-বহির্ভূত খাতে ব্যয় হচ্ছে ১ লক্ষ ১৪ হাজার ৩১৯ কোটি টাকা, ৭৩%। কবাডি খেলায় একটা খোলা কোর্টে খেলা হয় আর বাধা কোর্টে খেলা হয়। গ্রাম বাংলায় কবাডি খেলা হয়। এটা হচ্ছে খোলা কোর্টে, অর্থনীতির খোলা কোর্ট। বেহিসাবি খরচ দেখছেন—মেলা, উৎসব এইসবে খরচ হয়েছে। পাশাপাশি মুখ্যমন্ত্রী ৭৭ বার জেলা সফর করেছেন। সেই জেলা সফরে আমরা দেখতে পাচ্ছি হেলিকপ্টার ভাড়া ৪০ ঘণ্টায় হচ্ছে ৫০ লক্ষ টাকা। স্বাভাবিকভাবে এই হেডে ১৬৫ কোটি টাকা থেকে ২০০ কোটি টাকা খরচ হয়েছে। আদার্স খরচ ধরলে ৬২২ কোটি টাকা খরচ করা হয়েছে। দুই নম্বর হচ্ছে সমতার নীতি। Adam Smith বলছেন—সমতার নীতি হচ্ছে কর সংগ্রহের নীতি। চারটে নীতি আছে—একটা হচ্ছে সমতার নীতি, দুই নম্বর হচ্ছে নিশ্চয়তার নীতি, তিন নম্বর হচ্ছে সুবিধার নীতি আর চার নম্বর হচ্ছে ব্যয় সংক্ষেপের নীতি। বুঝতেই বারছেন যে ব্যয় সংক্ষেপ কেমন হয়েছে। কর সংগ্রহের ক্ষেত্রে আমরা দেখছি ২০১৪-১৫ সালে কর সংগ্রহের লক্ষ্যমাত্রা ছিল ৪৫ হাজার ৪১৩.৯৬ কোটি টাকা অর্থাৎ ৩১%। সংগৃহীত হয়েছে ৪০ হাজার ৬২ অর্থাৎ ৫ হাজার ৩৫১ কোটি টাকা কম সংগ্রহ করা হয়েছে। ফলে আমরা দেখতে পাচ্ছি যে ২০১৩-১৪ সালে কর আদায় যেখানে বলছে বেশি আদায় হবে, বেশি রাজস্ব সংগ্রহ হয়—বিক্রয় কর, stamp duty, পণ্য করের স্তর, পেট্রোল, ডিজেল সেখান থেকে cess থেকে আয় হয়। এগুলির ক্ষেত্রে বাড়ার কোনো সম্ভবনা নেই। প্রবেশ কর হাইকোর্টে 144 জারি হয়ে গেছে। এর আগে আমাদের সুভাষদা বলেছেন কৃষি কর ১৫ কোটি সংগ্রহ করার কথা ছিল—৯ কোটি। stamp duty ২ হাজার ৮২৯ কোটি সংগ্রহ হয়েছে ২ হাজার ৩৬৬ কোটি। স্বাভাবিকভাবে দেখা যাচ্ছে—যদিও কেন্দ্রীয় করের থেকে দাবি ছিল ৫০%। আমাদের প্রাক্তন ফিনান্স মিনিস্টার তিনি দাবি জানিয়েছিলেন যে রাজ্যগুলোকে ৫০% করের টাকা কেন্দ্রীয় করের টাকা দিতে হবে, কিন্তু সেই দাবি মানা হয়নি। এই বারে কেন্দ্রীয় সরকার ১০% বাড়িয়েছে ৩২ থেকে ৪২%। কাজেই স্বাভাবিকভাবে এই ব্যাপারে যাতে ৫০% করে তার জন্য আমি দাবি জানাচ্ছি।

স্বাভাবিকভাবেই একটা নলযুক্ত চৌবাচ্চায় দশ লিটার জল ঢুকল আর বারো লিটার বেরিয়ে গেল। তাহলে আর অবশিষ্টাংশ থাকবে না। স্বাভাবিকভাবেই এই বাজেটকে আমি বলছি All that glitters are not gold। যা কিছু চকচক করে তা সোনা নয়, roll gold-এ ভর্তি। স্বাভাবিকভাবেই জল বেরিয়ে যাচ্ছে। ঋণের ক্ষেত্রে উনি বলেছেন যে ঋণের ফাঁদে ভয়াবহ পরিস্থিতি। বিগত সরকারে দেনার বোঝা আমরা বহন করছি। অর্থাৎ ভিসিয়াস সাইকেলের মতোন। আমি বলছি আমাদের একজন দেশবরেণ্য নেতা ছিলেন, আমি নাম করছি না। তাঁকে একটা interview-তে জিজ্ঞাসা করা হয়েছিল you are a monkey. তিনি উত্তরে দিয়েছিলেন—No, I am a mirror। আমি মাননীয় ফিনান্স মিনিস্টারকে বলব, আপনি যেটা বলছেন সেইটা আমরা হচ্ছি mirror। আপনি দেখবেন যে ঋণ হচ্ছে ১ লক্ষ ৯২ হাজার কোটি টাকা, সেটার মধ্যে ৭৯ হাজার কোটি টাকা ছিল স্বল্প সঞ্চয় থেকে এক নম্বর স্থানে ৭৯ হাজার কোটি টাকা আমরা সংগ্রহ করেছিলাম। কেন্দ্রীয় সরকার বলেছিল ৮০% হারে এটা ঋণ নিতে হবে। ৮০% চড়া সুদে সেটা ঋণ হিসাবে রাজ্যকে দিতে হবে। স্বাভাবিকভাবেই সেই জায়গায় এখন আপনারা বাজার থেকে যেটা আমরা ৯ হাজার ৫০০ কোটি টাকা ঋণ নিয়েছিলাম আর আপনারা এখন এই ঋণটাকে ১ লক্ষ ৯২ হাজার কোটি টাকাটাতে নিয়ে দাড় করিয়েছেন ২ লক্ষ ৭৫ হাজার ১৫৭.২৪ কোটি টাকায়। ৪৫ মাসে আপনারা বাজার থেকে ঋণ নিয়েছেন ৮৩ হাজার ১৫৭ কোটি টাকা।

[1.30-1.40 p.m.]

ঋণের ক্ষেত্রে আমরা ছিলাম ত্রয়োদশ স্থানে। আর বাজার থেকে ঋণের ক্ষেত্রে আপনাদের স্থান হচ্ছে প্রথম। স্বাভাবিকভাবে ৩৪ বছর আমাদের হারে আপনারা ২০ হাজার কোটি টাকা যদি দেখা যায় এক-এক বছরে ঋণ নিচ্ছেন তাহলে সেটা দাঁড়াত ৭ লক্ষ ১৪ হাজার কোটি টাকায় গিয়ে দাঁড়াত। স্বাভাবিকভাবেই বুঝতে পারছেন কি ভয়াবহ পরিস্থিতির দিকে আপনারা নিয়ে যাচ্ছেন। খাদ্য ও কৃষি বিপণন—যেটা বলছেন খাদ্যশস্যের মজুত ক্ষমতা বৃদ্ধি ৯ গুণেরও বেশি হয়েছে, কিন্তু তথ্য অন্য কথা বলছে। রাজ্যপালের ভাষণে সেখানে দেখা যাচ্ছে ৮৮টা, ৯৫টা, ৯৪টা কৃষক বাজার। কিন্তু দেখা যাচ্ছে যে, কৃষক বাজার সেখানে মাত্র একটা চালু হয়েছে, বাকি কোনো কৃষক বাজারে ধান কেনা হয়নি। চালের উৎপাদন—চালের দাম ২০ টাকা ছিল যখন বামফ্রন্ট সরকার চলে গেছে। এখন ৪০ টাকা। স্বাভাবিকভাবেই এখন ৪০ টাকা। এরপরে বলছেন উৎপাদন বেড়েছে। আমাদের মাননীয় খাদ্যমন্ত্রী ধান সংগ্রহের ক্ষেত্রে একটা স্টেটমেন্ট বিলি করেছেন সবাইকে। আমি ওনাকে বলব যে, আপনি এখানে বলেছিলেন ২০১২-১৩ সালে ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা ছিল ২২ লক্ষ মেট্রিক টন। সংগ্রহ হয়েছে ১৭ লক্ষ মেট্রিক টন—৫ লক্ষ মেট্রিক টন কম সংগ্রহ হয়েছে। আপনি এই মহতী সদনে বলেছিলেন এবং শুধু তাই নয়, আপনি বিবৃতিতে বললেন ২০১৫ সালে ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা ১৭.৭৯ কোটি মেট্রিক টন। ২১.২.১৫-তে আপনি দিয়েছেন সংগৃহীত ১৯.১৮ লক্ষ মেট্রিক টন। বাস্তবে এর কোনো মিল নেই। আমি আপনাকে

তথ্যের জাগলারি কেন বলেছি—রাজ্যপালের ভাষণের বইটা খুলুন। রাজ্যপাল সেখানে লিপ দিয়েছেন। সেটা আপনারাই তৈরী করে দিয়েছেন। সেখানে ৪ লক্ষ ৫৭ হাজার ৮১৭ মেট্রিক টন উল্লেখ আছে। আমি জ্যোতিপ্রিয়বাবুকে বলব, রাজ্যপালের ভাষণটা তো আপনারাই তৈরী করে দিয়েছেন। নেপথ্য শিল্পী আপনারাই, তাহলে সেখানে বললেন ৪ লক্ষ ৫৭ হাজার ৮১৭ মেট্রিক টন, আর আপনি এখানে বলছেন ৮ হাজার ৭২০টি ক্যাম্প করেছি। তাহলে শহরের সিটগুলো বাদ দিন, গ্রামাঞ্চলের সিটে—সেখানে ৩০টা করে ক্যাম্প করতে হয়েছে। আমি অনেক জেলার মাননীয় বন্ধু বিধায়ক অনেককে জিজ্ঞাসা করেছি, সেখানে ধান সংগ্রহের ক্যাম্প হয়নি, আমার বিধানসভায় ধান সংগ্রহের ক্যাম্প হয়নি। ফলে বাস্তবে দেখা যাচ্ছে যে প্রায় ৪৫ মাসে ১০০ জন কৃষক আত্মহত্যা করেছে। এই কিছুদিন আগে একজন আলুচাষী আত্মহত্যা করেছে। স্বাভাবিকভাবেই সংগঠিত শিল্পে বিনিয়োগের চিত্র হচ্ছে অধোগামী। যেখানে ডিসেম্বর মাসে বললেন দুটি মাত্র বিনিয়োগের প্রস্তাব—১৭ কোটি টাকা, আর সারা দেশে ১.১৬, পশ্চিমবঙ্গে ০.০৪।

(এই সময় মাইক অফ হয়ে যায়)

শ্রী পার্থসারথী চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গতকাল মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র ২০১৫-১৬ সালের যে বাজেট পেশ করেছেন, তার প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে আমি কয়েকটা কথা বলছি। এই বাজেটকে আমি পূর্ণ সমর্থন করছি এই কারণে যে, এই বাজেট মা-মাটি-মানুষের বাজেট। মা-মাটি-মানুষের দীর্ঘ দিনের প্রত্যাশা পূরণ হতে যাচ্ছে এই বাজেটের মধ্য দিয়ে। ৩৪ বছর ধরে রাজ্যের মা-মাটি-মানুষকে বিভিন্ন জ্বালা-যন্ত্রণার মধ্য দিয়ে তাদেরকে কাটাতে হয়েছে। আজকের এই বাজেট নিশ্চিতভাবে মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র এই বাজেটের মধ্য দিয়ে আমাদের এই রাজ্যের মা-মাটি-মানুষকে দিশা দেখিয়েছেন। আমি বিশ্বাস করি এবং প্রত্যাশা রাখি যে এই বাজেটের মধ্য দিয়ে মা-মাটি-মানুষের প্রত্যাশা সম্পূর্ণরূপে পূরণ হবে। বিরোধী সদস্যরা সমালোচনা করতেই জানে। আজকে প্রথমদিনেই আমাদের সুভাষবাবু বলছিলেন—সুভাষবাবু শুধু নন, বিরোধীরা শুধু সমালোচনাই করে যাবে। কিন্তু আমাদের কাজটা তো আমাদের চালিয়ে যেতে হবে স্যার। স্যার আমি প্রথমেই বলি যে, বর্তমানে কেন্দ্রীয় সরকার মূল্যায়নের একটা পদ্ধতি তৈরী করেছেন। যদিও এই পদ্ধতি নিয়ে অনেক বিতর্ক আছে। আমাদের দেশে অর্থনীতিবিদদের বিভিন্নরকম মতভেদও আছে। তৎসত্ত্বেও সারা ভারতের গ্রস ভ্যালু অ্যাডেড যেখানে বৃদ্ধি হয়েছে ৭.৫ পার্সেন্ট, আর বাংলার গ্রস ভ্যালু অ্যাডেড সেখানে বৃদ্ধি পেয়েছে ১০.৮৪ শতাংশ। বলছি এই কারণে যে, আমাদের সরকারের বিরুদ্ধে মিথ্যাচার করতে পারেন, আমাদের নেত্রী মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে কুৎসা করতে পারেন কিন্তু বাংলাকে পিছিয়ে রাখতে পারবেন না, যতই কুৎসা ওরা করুক না কেন। আমাদের বাংলা মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে এগিয়ে আছে, এগিয়ে থাকবে। স্যার ২০১১ সালের নির্বাচনে আমাদের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এই রাজ্যের মানুষের কাছে যা যা প্রতিশ্রুতি দিয়েছেন, আজকে চার বছরের মাথায় সবটাই পূরণ হতে যাচ্ছে। আমরা

দেখেছিলাম জঙ্গলমহলের অবস্থা, কি করুণ অবস্থা ছিল ২০১১ সালের আগে জঙ্গলমহল। ওখানকার মানুষ পিঁপড়ের ডিম খেয়ে জীবনধারণ করত। জঙ্গলমহলে গাছের ছাল সেদ্ধ খেয়ে জীবনধারণ করত। জানি ওদের গাত্রদাহ হচ্ছে, তবু বলতে হবে। আজকে আমরা সরকারে আসবার পর ওই জঙ্গলমহলের মানুষের কাছে দু-টাকা কেজি দরে চাল এবং পাঁচ টাকা কেজি দরে গম পৌঁছে দিতে পেরেছি। এই বছরে অর্থাৎ ২০১৪-১৫ সালে ৩.২ কোটি, অর্থাৎ ৩ কোটি ২ লক্ষ মানুষের কাছে জঙ্গলমহল এবং চা-বাগানে যেসমস্ত শ্রমিক আছে, তাদের কাছে দু-টাকা কেজি দরে চাল এবং ৫ টাকা কেজি দরে গম সরবরাহ করেছি। তার পাশাপাশি জঙ্গলমহলে উন্নয়ন হয়েছে, এটা বলার কোনো অবকাশ থাকে না। ওখানে রাস্তাঘাট যেমন হচ্ছে, ওখানে স্কুল-কলেজ তৈরী হচ্ছে। জঙ্গলমহলের মানুষকে শিক্ষার আলো থেকে দীর্ঘদিন ধরে বামপন্থী বন্ধুরা বঞ্চিত রেখেছিল। সেখানে স্কুল ছিল না, কলেজ ছিল না। আমাদের সরকারও মা-মাটি-মানুষের সরকার ক্ষমতায় আসবার পর ওখানে একদিকে যেমন রাস্তাঘাট হচ্ছে, তার পাশাপাশি স্কুল, কলেজ, কারিগরি শিক্ষার জন্য ব্যবস্থা অর্থাৎ আই.টি.আই., পলিটেকনিক কলেজ জঙ্গলমহলে তৈরী হচ্ছে। অর্থাৎ ওই এলাকার মানুষকে সমাজের অগ্রভাগে নিয়ে আসবার লক্ষ্যে আমাদের সরকার যে প্রতিশ্রুতি দিয়েছিল, সেই প্রতিশ্রুতি পালনের লক্ষ্যে আমরা এগিয়ে যাচ্ছি। স্যার, রাজ্যপালের ভাষণের ওপর আলোচনার সময় বিরোধী দলের কেউ কেউ বলেছেন কৃষক বাজার নিয়ে। আজকেও অনেকে বলেছেন। ওরা দেখতে পাচ্ছে না। ইতিমধ্যে ৯৫টি কৃষক বাজারের মধ্যে ৮৪টি কৃষক বাজার চালু হয়ে গিয়েছে। আমি যতক্ষণ শুনলাম তার মধ্যে দিয়ে বিরোধী দলের কেউ কেউ বলেছেন যে কৃষক বাজার না কি তৈরী হয়নি। আবার ওদের কথার মধ্যে দিয়ে বেরিয়ে এল, যেমন আমজাদভাই বললেন যে সিঙ্গুরে হয়েছে। এর আগে শাহাজাহানভাই বলছিলেন কোথায় হয়েছে ? ওদের মুখ দিয়ে অন্তত ১০-১২টা বেরিয়ে এসেছে। আসল কথা ওরা দেখতে পায় না। কারণ আমার মনে হয় স্যার ওদের চোখের রোগ আঝে। চোখের ছানি কাটিয়ে নিয়ে আনতে পারলে ওরা সব দেখতে পাবে। ওদের একটাই হাতিয়ার হচ্ছে সমালোচনা করা। ওদের একটাই হাতিয়ার কুৎসা রটানো। ওদের একটাই হাতিয়ার অপপ্রচার করা। এইটা তারা প্রথম দিন থেকে শুরু করেছিল, এখনো চালিয়ে যাচ্ছে। আমি মনে করি যে আরো ২০ বছর এইরকমভাবে চালাতে হবে এই কুৎসা অপপ্রচার করে। কারণ ২০ বছর ধরে ওইখানেই বসতে হবে, তারপরে চিন্তা-ভাবনা করবেন। স্যার, ১০০ দিনের কাজে আমরা সারা ভারতবর্ষে প্রথম স্থানে আছি।

[1.40-1.50 p.m.]

এখানে আবার কেন্দ্রীয় সরকারের গাত্রদাহ হচ্ছে। কেন না মমতা ব্যানার্জীর নেতৃত্বে বাংলা এগিয়ে যাচ্ছে, এটা মেনে নেওয়া যাবে না, সেই জন্য সংবিধান সংশোধন করে MGNREG প্রকল্প, অর্থাৎ ১০০ দিনের প্রকল্প বাতিল করতে চাইছে কেন্দ্রীয় সরকার। আমি এই সদনে সমস্ত সদস্যদের বলব, অন্তত আগামী দিনে আমাদের এই রাজ্যের গরীব মানুষের স্বার্থে আমাদের আন্দোলন, সংগ্রাম এগিয়ে নিয়ে যেতে হবে। স্যার, 'নির্মল বাংলা

অভিযান', এটা নিয়ে কেউ বলেছিলেন এটা নাকি আমাদের রাজ্যে সুরক্ষিত হয়নি। আমি একটা তথ্য দিই। 'নির্মল বাংলা অভিযান' এর মধ্যে দিয়ে আমরা ইতিমধ্যে ২৫ লক্ষেরও বেশী শৌচালয় নির্মাণ করেছি। ৩৪ লক্ষাধিক করেছি বাড়িতে, অর্থাৎ ডোয়েলিং হাউসের ক্ষেত্রে। ৮৩ হাজার ৫৮৩টি স্কুল এবং ৩০ হাজার অঙ্গনওয়াড়িতে করেছি। এই প্রসঙ্গে বলি, কেন্দ্রীয় সরকার স্বচ্ছ ভারত অভিযান বা সবার জন্য শৌচালয় নির্মাণ করতে হবে, এই ঘোষণা করেছিলেন ১৪ সালের ২রা অক্টোবর গান্ধী জয়ন্তীকে সামনে রেখে। আমরা ১৯১৩ সালের ২রা অক্টোবর নদীয়া জেলায় 'নির্মল বাংলা অভিযান' জেলা পরিষদ থেকে ঘোষণা করেছিলাম যে, আমরা নদীয়া জেলায় সবার জন্য শৌচালয় করে দেব। ইতিমধ্যে আমরা সেই কাজটা একদম শেষ পর্যায়ে নিয়ে এসেছি। আগামী ৩১শে মার্চের মধ্যে নদীয়া জেলার সমস্ত মানুষের জন্য শৌচালয় তৈরী হয়ে যাবে। এটা নিঃসন্দেহে এক অসাধারণ কৃতিত্ব। এটা সম্ভব হয়েছে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর প্রেরণায়। স্যার, আমাদের মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন যে সবার মাথার উপরে ছাদের ব্যবস্থা করে দেওয়া হবে। সেই জন্য—গীতাঞ্জলি, আমার ঠিকানা, নিজ গৃহ নিজ ভূমি ইত্যাদি বিভিন্ন প্রকল্প নেওয়া হয়েছে। ইতিমধ্যে ৯৩৮৫২টি বাড়ি গীতাঞ্জলি এবং আমার ঠিকানা প্রকল্পে করে দেওয়া সম্ভব হয়েছে। নিজ গৃহ নিজ ভূমি প্রকল্পে ২ লক্ষ ৩০ হাজার মানুষকে পাট্টা দেওয়ার ব্যবস্থা হয়েছে। নিশ্চিতভাবে এটা আমাদের সরকারের একটা বড় সাফল্য। '১৪ সালে কৃষিক্ষেত্রে আমাদের অসাধারণ সাফল্য এসেছে, শস্য উৎপাদনে সর্বকালীন উচ্চসীমাতে আমরা পৌঁছে গেছি। এইভাবে আমরা আবার আমাদের পুরানো জায়গাতে ফিরে আসতে পেরেছি। ৩৪ বছর ধরে বামপন্থী বন্ধুদের এক ভাঙা রেকর্ডই শুনছি—'৭২ থেকে '৭৭, '৭২ থেকে '৭৭। কিন্তু জানবেন ওই '৭২ থেকে '৭৭-এ আমাদের রাজ্যে সবুজ বিপ্লব হয়েছিল। আর ওদের ৩৪ বছরে আমরা একদম তলানিতে পৌঁছে গিয়েছিলাম সারা ভারতের নিরিখে। আবার এই তিন বছরে আমাদের রাজ্যে কোনো কৃষক আত্মহত্যা করেনি। আর ওদের ৩৪ বছরে আমরা দেখেছি প্রতি বছর শয়ে শয়ে কৃষক আত্মহত্যা করত। এখন আর করে না। মমতা বন্দ্যোপাধ্যায়ের উপলব্ধির মধ্যে দিয়ে আমরা সেই জায়গায় পৌঁছতে পেরেছি। কৃষক কেন আত্মহত্যা করে ? কৃষকরা অভাবের সময় মহাজনদের কাছ থেকে চড়া সুদে ঋণ নিয়ে থাকে এবং ফসল উৎপাদনের পর সময়মতো ঠিকভাবে সেই ঋণ ফেরত দিতে পারে না। খুব স্বাভাবিক কারণে দিশেহারা হয়ে পড়ে এবং দিশেহারা হয়ে পড়বার জন্যেই কৃষক আত্মহত্যার পথ বেছে নিত। এদের সেই উপলব্ধি ছিল না। আমরা কিন্তু প্রথমেই সেই জায়গায় পৌঁছবার চেষ্টা করেছি। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন বাংলার কৃষকদের মহাজনদের কাছ থেকে ঋণ নিতে হবে না। আমাদের সরকারই ব্যবস্থা করে দেবে। সরকার কিষান ক্রেডিট কার্ডের ব্যবস্থা করে দিয়েছে। এই কিষান ক্রেডিট কার্ডের মধ্যে দিয়ে সহজ সুদে ব্যাঙ্ক থেকে যেমন ঋণ নিতে পারছে। ৬৫ লক্ষ কিষান ক্রেডিট কার্ড এর মধ্যে দেওয়া হয়েছে। তোমরা ভাবতেও পারনি। তোমাদের ভাবনার মধ্যে ছিল না, উপলব্ধির মধ্যেও ছিল না। যার জন্য একজন কৃষকও

এখন আর আত্মহত্যা করছে না। কিষান ক্রেডিট কার্ডের মাধ্যমে সহজ সুদে ঋণ নিয়ে ফসল উৎপাদন করছে এবং সেই ফসল উৎপাদনের জন্যই আমরা কৃষি কর্মণ যে পুরস্কার একবার নয়, ধারাবাহিকভাবে তিন-তিনবার আমরা পেয়েছি। অর্থাৎ কৃষিতে আমরা আমাদের সেই পুরানো জায়গাতে আবার ফিরে এসেছি। স্যার, শিক্ষার ক্ষেত্রে নিশ্চিতভাবে আমাদের অগ্রগতি হয়েছে। এখানেও আমাদের একটা লক্ষ্যমাত্রা আছে। একটা সময়ে শিক্ষাতে সারা ভারতবর্ষের নিরিখে আমরা দু-নম্বর স্থানে ছিলাম, কেরালা ছিল এক নম্বরে স্থানে। কিন্তু এদের আমলে শিক্ষাকে নিয়ে শুধু গবেষণা, শুধু রিসার্চ। ইংরেজী থাকবে, কি থাকবে না, থাকবে কি থাকবে না এই করতে করতে স্যার, কুড়িটা বছর এরা পার করে দিয়েছিল। অবশেষে শিক্ষাব্যবস্থার একটা আমূল পরিবর্তন আমরা করতে পেরেছি। ইতিমধ্যে স্যার, ২০১৪-১৫ সালে ১৫৫টি নতুন প্রাইমারি স্কুল আমরা তৈরী করেছি। ৩৫০টি নতুন জুনিয়র হাইস্কুল তৈরী হয়েছে। ৫৮৪টি নতুন প্রাইমারি স্কুল ও ১৩১৯টি নতুন জুনিয়র হাইস্কুলের কাজ চলছে। অর্থাৎ আমরা করেছি ১৫৫টি প্রাইমারি স্কুল এবং আরও ৫৮৪টার কাজে হাত দিচ্ছি। কাজ চলছে। ৩৫০টি নতুন জুনিয়র হাইস্কুল ইতিমধ্যেই হয়েছে এবং ১৩১৯টি নতুন জুনিয়র হাইস্কুলের কাজ চলছে। ২০৬টি হাইস্কুলকে হায়ার সেকেন্ডারীতে উন্নীত করা হয়েছে। ১০৪টি জুনিয়র হাইস্কুলকে হাইস্কুলে উন্নীত করা হয়েছে। ১১ হাজার ৪৩০টি স্কুলকে দুটি করে ক্লাসরুমের ব্যবস্থা ইতিমধ্যেই করা হয়েছে এবং ১৪ হাজার ১৭৫টি স্কুলের অ্যাডিশনাল ক্লাসরুমের কাজ চলছে। মিড-ডে মিল—শুনলে খুশী হবেন আপনারা, সারা ভারতবর্ষের ক্ষেত্রে মিড-ডে মিলে এখনো আমরা প্রথম স্থানে। প্রাইমারি স্কুলে ৯৯.৩৬% এবং জুনিয়র হাইস্কুলে ৮৯.১৮% এখনো আমরা চালু আছে আমাদের এই রাজ্যে। এটা স্যার সারা ভারতবর্ষের ক্ষেত্রে একটা রেকর্ড। স্যার, আমাদের এই রাজ্যে ছাত্রীদের বিশেষ উৎসাহ দেওয়ার জন্য আমাদের অভিজ্ঞতা আছে। সেই অভিজ্ঞতা থেকে আমরা দেখেছি যে সারা ভারতবর্ষের ক্ষেত্রেও তাই যে অষ্টম শ্রেণীর পরে ছাত্রীদের স্কুলে ড্রপ আউট হত। বিভিন্ন কারণ আছে। অর্থনৈতিক কারণ, সামাজিক ব্যবস্থার মধ্যে দিয়েও চলতে হয়। বিভিন্ন কারণ আছে। সেই ক্ষেত্রে দাঁড়িয়ে যাতে ছাত্রীদের আরও বেশি করে শিক্ষার আলোতে আনা যায় সেইদিকে দৃষ্টি রেখে আমাদের মা-মাটি-মানুষের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উপলব্ধির মধ্যে দিয়ে অষ্টম শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্তছাত্রীদের আমরা কন্যাশ্রী প্রকল্পের মধ্যে আনতে পেরেছি। এটা শুধু আমাদের মুখ্যমন্ত্রীর যেমন একটা স্বপ্নের প্রকল্প, তার পাশাপাশি এই প্রকল্প স্বীকৃতি পেয়েছে সারা বিশ্বজুড়ে। ইতিমধ্যে স্যার, ২২ লক্ষ ছাত্রীকে আমরা নথিভুক্ত করতে পেরেছি এই প্রকল্পে এবং ২০ লক্ষ ছাত্রীকে অনুদান দেওয়ার ব্যবস্থা হয়েছে। আমি বলতে চাইছি শুধুমাত্র পাঁচশো টাকা স্কলারশিপ যদিও এটা বাড়ানো হয়েছে, পাঁচশো টাকা স্কলারশিপের জন্য এই কন্যাশ্রী প্রকল্প নয়। বা এককালীন পঁচিশ হাজার টাকা আঠারো বছর হয়ে গেলে শুধু কন্যাশ্রী প্রকল্প নয়। এই প্রকল্পের মধ্য দিয়ে একদিকে বাল্যবিবাহ যাতে বন্ধ হয়, সেটার দিকে দৃষ্টি রাখা হয়েছে। তার পাশাপাশি বলি চিকিৎসাবিজ্ঞান যা নির্দেশ দেয় তাহল অল্প বয়সে বিবাহ হলে অপুষ্ট সন্তানের জন্ম হয়।

এর ফলে শিশুমৃত্যুর হার বাড়ে। শিশুমৃত্যুর হারও যাতে আমাদের রাজ্যে কমানো যায়, সেইজন্য এই কন্যাশ্রী প্রকল্পের ব্যবস্থা। আমি সুভাষবাবুকে বলব তিনি সমস্ত কিছুর নিন্দা করেন, কিন্তু কন্যাশ্রীকে খুব ধন্যবাদ জানিয়েছেন। আপনার বামপন্থী বন্ধুদের পরিবারের যারা আছেন, তারা সবাই হয়ত এই কন্যাশ্রী প্রকল্পের অনুদান নিচ্ছেন। আমি শুধু আপনাকে বলি সাইকেলটা নেবেন তো ? যে সাইকেল দেবার ব্যবস্থা হচ্ছে সেই সাইকেলটা নেবেন তো ? সেটার কথা বললেন না। টাকা আসবে। পঞ্চাশ হাজার কোটি টাকা রাজস্ব আদায়ের ব্যবস্থা হচ্ছে। স্যার, ওই পাঁচশো টাকা থেকে সাড়ে সাতশো টাকা যেটা আমাদের মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেটে পেশ করেছেন আমি তাকে আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি। এই ক্রীড়া এবং যুব কল্যাণ দপ্তর নিয়ে একটা কথা বলছি। রাজ্যপালের ভাষণের সময়ে মাননীয় বিরোধী দলনেতা খুব সমালোচনা করেই বলছিলেন যে একশো পাঁচ কোটি টাকা খরচ হয়েছে ক্লাবের অনুদানের জন্য। আমি ওনার কাছে জানতে চাইব আমি যতদূর জানি ১৯৭৭ সাল পর্যন্ত আমাদের এই রাজ্যের প্রত্যেকটি রেজিস্ট্রিকৃত ক্লাবগুলি অনুদান পেত। হয়ত কম অনুদান পেত। কিন্তু প্রত্যেকটি রেজিস্ট্রিকৃত ক্লাবগুলি অনুদান পেত। আমি জানতে চাইছি অর্থ বরাদ্দ এখন যেটা ক্রীড়া দপ্তর এবং যুবকল্যাণ দপ্তর থেকে দেওয়া হয়, ওনাদের সময় অর্থবরাদ্দ ক্রীড়া এবং যুবকল্যাণ দপ্তরে ছিল। সেই অর্থটা কোথায় খরচ হত। সেটা কিন্তু আমাদের অজানা। সেই টাকাগুলি ক্লাব পেত না। আজকে আমাদের ক্লাবকে অর্থ দিচ্ছে, এদের গাত্রদাহ হচ্ছে। সাত হাজার ক্লাবকে আর্থিক অনুদান দিয়েছে। উদ্দেশ্য এটাই যে আমাদের এই রাজ্য থেকে ভালো ভালো খেলোয়াড় উঠে আসুক। অতীতে যে ঐতিহ্য বিশেষ করে ফুটবলের ক্ষেত্রে, কারণ ফুটবল আমাদের আবেগ, ফুটবল আমাদের গর্ব, ভালো ফুটবলার উঠে আসুক, ক্রিকেটার উঠে আসুক। সৌরভের মতো ক্রিকেটার উঠে আসুক। সেই উদ্দেশ্য নিয়েই এটাও আমাদের অভিজ্ঞতা আমরা দেখেছি যে গ্রামবাংলা থেকে ভালো ভালো খেলোয়াড়রা কলকাতার মাঠকে আলোকিত করে রাখত। সে ফুটবলই বলুন, আর ক্রিকেটারই বলুন। আজকে সেই জায়গাতে বিশেষ করে ফুটবলের মুখাপেক্ষী হয়ে থাকতে হয় ওই সাউথ বা বিদেশী ফুটবলারদের উপরে। এখন আমাদের সরকার চাইছে মমতা বন্দ্যোপাধ্যায় চাইছেন যে গ্রামবাংলা থেকে ভালো ভালো ফুটবলার আমাদের এই রাজ্য থেকে উঠে আসুক। সেই উদ্দেশ্য নিয়েই গ্রামবাংলার ক্লাবগুলিকে অনুদান দেওয়ার ব্যবস্থা। সেই ক্লাবের পরিকাঠামো ডেভলপ করা এবং তার পাশাপাশি খেলাধুলাকে আরও এগিয়ে নিয়ে যাওয়া। এবারে বিদ্যুৎ এর ব্যাপারে আসি। আমরা স্যার শুনেছি দু-হাজার এগারো সালের আগে আমাদের এই রাজ্যকে বলত লোডশেডিং-এর সরকার। এবং আমরা অনেক সময়ে স্লোগান দিয়েছি লোডশেডিং-এর সরকার, আর নেই দরকার। এই বলে চিৎকার করতাম। ২০১১ সালে সেই সরকাকে উৎখাত করেছে আমাদের সরকার এবং তারপরে আমাদের এই রাজ্যে আর লোডশেডিং হয় না। তার পাশাপাশি পরিকাঠামোগত পরিবর্তন অনেক এনেছেন আমাদের বিদ্যুৎমন্ত্রী। পাশাপাশি বলি ওনারা হয়ত বলবেন আমাদের এই রাজ্যে শিল্প হচ্ছে না বলে বিদ্যুৎ এক্সেস। কিন্তু আপনার মাধ্যমে জানাই নতুন কানেকশন

আমরা দিয়েছি ২০০৮ থেকে ২০১১-তে ১৭.৬৫ লাখ নতুন কানেকশন ওরা দিয়েছিল। আর ২০১১-১৪ সালে আমরা ৫২.৫৯ লক্ষকে নতুন কানেকশন দেওয়ার ব্যবস্থা আমরা করেছি। কাজেই নিশ্চিতভাবে বিদ্যুতের ক্ষেত্রেও আমাদের অগ্রগতি হয়েছে। কর্মসংস্থানের কথা আমরা বাজেট বিবৃতিতে দেখেছি যে, ১৬ লক্ষ ৬ হাজার কর্মসংস্থানের ব্যবস্থা ইতিমধ্যেই হয়েছে এবং এবারে আমরা কর্মসংস্থানের লক্ষ্যমাত্রা সাড়ে সতেরো লক্ষ হাজার রেখেছি। স্যার, আমার সময় শেষ হয়ে গেছে, আরো অনেক কিছু বলার ছিল। আমি শুধু বলব, আমি এই বাজেটকে সম্পূর্ণরূপে সমর্থন করি এবং বিরোধীদের বলব যে, আপনারাও একে সমর্থন করুন, তা না হলে কিন্তু চিরকালই ওখানে বসে থাকতে হবে, ধন্যবাদ।

Adjournment

The House was then adjourned at 1.56 p.m.. till 11.00 a.m. on Monday, the 2nd March, 2015 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 2nd March, 2015 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 28 Ministers, 04 Ministers-of-State, 17 Parliamentary Secretaries and 190 Members.

[11.00—11.10 a.m.]

Starred Questions
(to which oral answers were given)

অগ্নিনির্বাপণ কেন্দ্র স্থাপন

*৬১। (অনুমোদিত প্রশ্ন নং *২৮) **শ্রী অসিত মিত্র** : অগ্নিনির্বাপণ ও জরুরী পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১১ সালের ১লা জুন থেকে ২০১৪ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত মোট কতগুলি অগ্নিনির্বাপণ কেন্দ্র স্থাপন করা হয়েছে ?

শ্রী জাভেদ আহমেদ খান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্য শ্রী অসিত মিত্রকে জানাচ্ছি ২০১১ সালের ১লা জুন থেকে ২০১৪ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত মোট ২৮টি অগ্নিনির্বাপণ কেন্দ্রের অনুমোদন দেওয়া হয়েছে। এর মধ্যে ৭টি নির্মাণ কাজ সম্পূর্ণ হয়েছে এবং ২১টি নির্মাণের জন্য পূর্ত দপ্তরকে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা হয়েছে এবং পূর্ত দপ্তর এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা নিচ্ছে।

ডোমকলে অগ্নিনির্বাপণ কেন্দ্র

*৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪৩) **শ্রী আনিসুর রহমান** : অগ্নিনির্বাপণ ও জরুরী পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি ?

মুর্শিদাবাদ জেলার ডোমকলে যে অগ্নিনির্বাপণ কেন্দ্র স্থাপনের কথা ইতিপূর্বে বিভাগীয় মন্ত্রিমহোদয় জানিয়েছেন, তার কাজ কবে নাগাদ শুরু হবে ?

শ্রী জাভেদ আহমেদ খান : মুর্শিদাবাদ জেলার ডোমকলে একটি অগ্নিনির্বাপক কেন্দ্র স্থাপনের জন্য বিভাগ সিদ্ধান্ত নিয়েছে। সেই উদ্দেশ্যে পূর্ত ও পূর্ত (সড়ক) বিভাগের

নিয়ন্ত্রণাধীন ০.৪৪ একর পরিমাপ বিশিষ্ট একটি জমিও চিহ্নিত করা হয়েছে। ওই মোতাবেক উক্ত বিভাগকে জমি হস্তান্তর করতে অনুরোধ করা হয়েছে।

শ্রী অসিত মিত্র : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন আপনি বলেছেন যে ২৮টার মধ্যে ৭টা হয়েছে, কাজ শুরু হয়নি, তার মানে একটাও এখনো পর্যন্ত কাজ শুরু করেনি। আমি আপনার কাছে জিজ্ঞাসা করতে চাই যে, এই ২৮টা বললেন এটা কোথায় কোথায় অনুমোদন দেওয়া হয়েছিল, আর এগুলোর কাজ কি এই অর্থবর্ষের মধ্যে কমপ্লিট করা যাবে বলে আপনি আশা করেন ?

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার, আপনার মাধ্যমে অসিতবাবুকে জানাই আমাদের ৭খানা যেটা বলেছি কাজ সম্পূর্ণ হয়ে গেছে এবং তার মধ্যে উদ্বোধন হয়ে গেছে সেই ফায়ার স্টেশনের নামগুলি হচ্ছে ফালাকাটা ফায়ার স্টেশন, ময়নাগুড়ি, হরিশ্চন্দ্রপুর, গোবরডাঙ্গা, আলমপুর, হলদিবাড়ী, বারবিশা। এবং ১৪টা যেটা কাজ চলছে—কাজ হচ্ছে না এই রকম কোন ব্যাপার নেই—কাজ হচ্ছে সেই তথ্যটা দিচ্ছি ঝালদা, খাতরা, রামনগর, এগরা, বেথুয়াডহরি, চাকদা, শীতলকুচি, বরানগর, ডানকুনি, ক্যানিং, লালবাগ, বাঁশদ্রোণী, মেমারী, কাকদ্বীপ, প্রগতি ময়দান, সোনারপুর। এখনো কাজ স্টার্ট হয়নি স্যার, পান্ডুয়া, মধ্যমগ্রাম, বুনিয়াদপুর, তেহট্ট, মিরিক এই সব অনুমোদন দেওয়া হয়ে গেছে এবং খাতরা, ঝালদা এর মধ্যে ৭০% কাজ হয়ে গেছে। প্রগতি ময়দানের কাজ চলছে, বাঁশদ্রোণীর কাজ চলছে। এবং এইসব কাজ চলছে।

শ্রী অসিত মিত্র : স্যার, আমার শেষ অতিরিক্ত প্রশ্ন মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি আপনার কাছে জিজ্ঞাসা করতে চাই যখনই কোথাও কোন দুর্ঘটনা ঘটে, সেই দুর্ঘটনার সময় প্রায়ই শোনা যায় যে দমকল দেরীতে চলছে। অথবা দমকল পৌঁছে যাওয়ার পরেও বজবজ বিভিন্ন জায়গায় দেখেছি তারা কাজ শুরু করতে পারছে না। আমার একদম সঠিক প্রশ্ন আমাদের এই দমকলের ব্যবস্থাকে আধুনিকীকরণ করা এবং প্রয়োজনমত তাকে উপযোগী করে তোলা এই ব্যবস্থাটা করার জন্য আপনি কতদূর এগিয়েছেন। আমি আপনাকে বলছি অনেকগুলো সেন্টার আছে যেখানে একটা গাড়ি, দুটো গাড়ি বাড়িয়ে দিলে হয়তো ভালো হতে পারে যেমন উলুবেড়িয়া দেড়খানা গাড়ীতে চলছে। মানে এটার সাথে Allied করে আপনি যদি বলেন যে আধুনিকীকরণ করার জন্য আপনি কী কী ব্যবস্থা নিয়েছেন ?

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার, আপনার মাধ্যমে অসিতবাবুকে জানাই যে, উনি যেটা বলছেন সেটা স্পেসিফিক কেস দেবেন যে এখানে এখানে দমকল দেরীতে পৌঁছেছে, তাহলে নিশ্চয়ই আমরা সেটা দেখবো। কিন্তু ৩৪ বছরে এই কথাটা শোনা যেত এবং বিগত সাড়ে তিন, চার বছর থেকে অন্তত আমরা গর্বিত এবং বাংলার মানুষ গর্বিত দমকল অনেকটা ইমপ্রুভ করেছে এবং সময়ের মধ্যে চলছে। নির্দিষ্ট সময়ের মধ্যে যাতে পৌঁছয় এবং কোনোরকম যাতে ওজর বাহানা না করতে পারে আমরা সেই জন্য GPS system introduce করেছি গাড়ির মধ্যে এবং আমাদের modernized control room করেছি

যেখানে কোনো কেন্দ্র থেকে গাড়ি বেরোতে গেলে আমাদের Head Quarter-এ সেই গাড়ির location-টা আমরা জানতে পারবো এবং একটা call আসতে গেলে সেই call-টা automatic আমাদের electronic-এর মাধ্যমে সেই call-টা docket হয়ে যাবে timings-এর সঙ্গে এবং সেখানে আমাদের নিয়ম হচ্ছে within 30 second-এর মধ্যে পুরোটা তারা move করতে আরম্ভ করবে এবং এক মিনিটের মধ্যে গাড়িটা যাতে বেরোতে পারে সেই ব্যবস্থা আছে। যদি এরকম কোনো আপনার কাছে specific কোনো complain থাকে নিশ্চই আপনি দেবেন আমরা খুঁটিয়ে দেখবো। আপনারা ইতিমধ্যে আরো জানেন যে, ১৫০ কোটি টাকার কাছাকাছি খরচা করতে যাচ্ছি, বিগত বছর এবং এই বছরের মধ্যে দমকলকে upgradation-এর জন্যে। তার মধ্যে আমাদের নতুন গাড়ি— গাড়ির সমস্যা আছে। আপনি যেটা বলেছেন, ঠিকই বলেছেন। ৩৪ বছরে যা অবস্থা হয়েছে যে গাড়িগুলোর longivity বা life শেষ হয়ে গেছে, তাই গাড়িটা এরমধ্যে রাখা হয়েছিল। এখন আমরা প্রায় ৯০ খানা গাড়ি এবছর কিনছি। সেই গাড়িগুলো এসে গেলেই যেখানে যেখানে গাড়ির life span শেষ হয়ে গেছে, সেই গাড়িগুলো আমরা change করবো এবং প্রত্যেকটা Fire Station-কে যেখানে যেখানে এইরকম অসুবিধা আছে সেখানে সেখানে আমরা ব্যবস্থা নেব। ধন্যবাদ।

শ্রী সমরেশ দাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে প্রশ্ন যে, নির্মীয়মাণ এগরা Fire Station কবে চালু হবে যদি জানান বাধিত হব।

শ্রী জাভেদ আহমেদ খান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে জানাই যে, Egra Fire Station পূর্ব মেদিনীপুরে হচ্ছে। এর কাজ প্রায় শেষের দিকে এবং খুব শীঘ্রই আমরা গাড়ি এবং manpower-এর ব্যবস্থা করছি। খুব শীঘ্রই আমরা চালু করবো।

ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, সমস্যা আছে, মাননীয় মন্ত্রী চেষ্টা করছেন। অস্বীকার করার কোনো পথ নেই। কিন্তু যেটা হল, এখনও অবধি মহকুমা কেন্দ্রিক Fire Station-গুলো চালু পুরোপুরি করা সম্ভব হয়নি। ৬৬টি মহকুমা। তো এরকম এক একটা ব্লক আছে গঞ্জ এলাকায়, যেগুলো মহকুমার পর্যায়ে চলে গেছে কিন্তু সেগুলো equipped নয় Fire Station-এর। আমি আপনার কাছে ব্যক্তিগতভাবে বহুবার বলেছিলাম, অনুরোধও করেছিলাম। আপনি বলেছিলেন আপনি বিবেচনা করবেন। আমার বিধানসভা কেন্দ্রে, সবং-এ, একটা Fire Brigade Station-এর জন্য আমরা জায়গাও ঠিক করে রেখেছিলাম। কিন্তু সেই ব্যাপারে বিভাগ কোনো উদ্যোগ নেয়নি। সম্প্রতি একটা অগ্নিকাণ্ড তেমাথানিতে হল, মানে মুহূর্তের মধ্যে একেবারে পুড়ে ছাই হয়ে গেল। খড়গপুর থেকে আসতে near about 65 to 68 Kilometer-ধূলিসাৎ হয়ে গেল। বালতি করে পুকুর থেকে জল নিয়ে যেটুকু সম্ভব হয়েছে। আমার বিধানসভা কেন্দ্র সবং-এ আমি যে প্রস্তাব আপনাকে দিয়েছি বার বার এই ব্যাপারে আপনার কোনো বিবেচনাধীন আছে ?

শ্রী জাভেদ আহমেদ খান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমাদের কংগ্রেসের senior নেতা এবং আমার শ্রদ্ধেয় মানসবাবুকে বলি আমি, উনি যেটা বলেছিলেন সবং-এর ব্যাপারে আমরা already feasibility report study করার জন্য দিয়েছি। Feasibility report এসে গেলেই নিশ্চই আমরা কোনো party-এর ভাগাভাগিতে এসব করি না। যারা করত তারা আজকে ওদিকে আছে, বাঁদিকে আছে। তারা এই কাজটা করত। আমরা এসব করি না।

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি মাননীয় মন্ত্রীদের উপর হতাশ হয়ে যাচ্ছি, বিশ্বাস হারিয়ে ফেলছি, এই যে চারবছর আগে এটা পৌরসভা হয়ে পড়ে আছে, কাজ শুরু হচ্ছে না। প্রতিবার শুনছি হবে। হাসপাতাল হয়ে পড়ে আছে, হচ্ছে না। আর আপনাকে চারবার প্রশ্ন করেছি, আপনি চার বছরই বলছেন যে, এই ক'দিন মধ্যে শুরু হবে। একটা মহকুমায় জায়গা-টায়গা দেখা সব পড়ে আছে। আপনি বললেন, ফ্যাক্টস দিন আনিসুরবাবু আমার কাছে সব লিখিত আসবে, তাহলে অল্প কিছুদিনেই হয়ে যাবে। আজ পর্যন্ত হল না। আমি এর কারণ বুঝতে পারলাম না। আমরা বিরোধী বলে নাকি ? ওখানকার ক্লাব টাকা পাবে না, ওখানে কিছু পাবে না ? কেন, হচ্ছে না কেন ? বলুন।

[11.10—11.20 a.m.]

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার, আপনার মাধ্যমে জানাই, ওনার যেটা নির্দিষ্ট প্রশ্ন আছে, দমকলের কখন এই ফায়ার ব্রিগেড স্টেশনের কাজটা কখন শুরু হবে ? এটা আজকের প্রস্তাব না স্যার। প্রায় ২০০৮-০৯ থেকে চলছে, ওনাদের সময় থেকে চলছে।এবং উনি ভাল করেই জানেন, কী জটিলতা আছে, জায়গা নিয়ে জটিলতা আছে এবং শুধু জটিলতাই নেই, উক্ত দপ্তরের ওইখানে কোয়ার্টার আছে, রাস্তার উপরে ওই দেওয়ালটা ভাঙতে হবে, আমরা ওইটা লিখেছি পূর্ত দপ্তরকে জায়গাটা ছেড়ে দেওয়ার জন্য। এখনো, ওনাদের সময় থেকে চলছে, ওনারা পারেননি, ওই এখন আমাদের উপর দিচ্ছেন, নিশ্চিতভাবে আপনাকে বলছি, আমরা লেগে আছি এবং খুব শীঘ্রই আপনার দমকলের ফায়ার স্টেশন হবে। আপনি নিশ্চিন্ত থাকুন, আমরা পলিটিক্যাল কোনো রকম Vendetta করবো না, আপনারা যে রকম করতেন, আমরা করবো না। আপনার ওখানে হবে। আপনাদের সম্মান দেওয়া হবে।

মিঃ স্পীকার : এই আনিসুর সাহেবের সাপ্লিমেন্টারীটা আমাদের স্টার কোয়েশ্চেন 69তে নিয়ে নেবেন। আপনি 69-এ এই কোয়েশ্চেনটা করেছিলেন। আপনার এটা ছিল লিস্টে আজকে।

শ্রী তাপস রায় : স্যার, আপনার মাধ্যমে মাননীয় অগ্নিনির্বাপণ মন্ত্রীর কাছে আমার একটি অতিরিক্ত প্রশ্ন। প্রথমেই আমি তাঁকে ধন্যবাদ জানাব, ৩৪ বছরে যে উদ্যোগ ছিল না, ৪ বছরে সেই উদ্যোগ মাননীয় মন্ত্রী তিনি দেখিয়েছেন। আমার কেন্দ্রটি কলকাতার লাগোয়া। পরপর কয়েকটি বড় অগ্নিকাণ্ড লাগার ফলে আমি একটু বিব্রত হয়েছিলাম, কিন্তু

সেই কয়দিনই সারারাত আমার পাশে মাননীয় মন্ত্রী ছিলেন। এবং তারপরে তিনি অনুভব করেছিলেন যে এখানে একটা অগ্নিনির্বাপণ কেন্দ্র হওয়ার দরকার। তিনি সেই উদ্যোগও নিয়েছেন। আমি শুধু তাঁর কাছে প্রশ্ন করবো, আজকের দিনে বরানগর অগ্নিনির্বাপণ কেন্দ্রের অবস্থাটা কোন জায়গায় কোনস্তরে ?

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার, আমি আপনার মাধ্যমে আমাদের তাপসবাবুকে জানাই বরানগরে যে ফায়ারস্টেশন আমরা জায়গাও পেয়ে গেছি, কাজ আরম্ভ হয়ে গেছে এবং আপনাকে বলতে পারি খুব শীঘ্রই আমরা গাড়ি এবং ক্রু সেই ব্যবস্থা করছি। এবং কমপ্লিশন হয়ে যাওয়ার পরে আমরা খুব শীঘ্রই আশা করছি ২০১৫র মধ্যেই আমরা সেটা উদ্বোধন করতে পারবো।

শ্রী ধীরেন্দ্রনাথ মাহাতো : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি অতিরিক্ত প্রশ্ন বিভাগীয় মন্ত্রীর কাছে করতে চাই, পুরুলিয়া জেলায়, আমার বিধানসভা এলাকায় জইপুরে কোন অগ্নিনির্বাপণ কেন্দ্র করার পরিকল্পনা আছে কি? জানাবেন কি ?

শ্রী জাভেদ আহমেদ খান : আপনার প্রস্তাব যদি এসে থাকে নিশ্চয় সেটা আমি ডিপার্টমেন্টে পাঠিয়েছি। সে আমার কাছে এখন তথ্য নেই। আমি আপনাকে জেনে পরে বলব।

শ্রী অখিল গিরি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মন্ত্রী মহোদয়, আপনি দীঘার কাছে যে ফায়ারস্টেশনটি তৈরি হচ্ছে, আপনি নিজে দেখতে গিয়েছিলেন, আমরা আপনার সাথে ছিলাম, জোর কদমে কাজ চলছে। আর অল্প কিছু কাজ বাকি আছে, দয়া করে যদি জানান এই কাজটি কখন সম্পূর্ণ হবে ? কখন এবং কবে ওই ফায়ারস্টেশানটি চালু হবে, যদি আপনি সভায় জানান।

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার, আপনার মাধ্যমে জানাই মাননীয় সদস্যকে, আমরা প্রায় ২৮খানা নতুন ফায়ারস্টেশন এক বছরে করছি। যেটা একটা নিজেই ইতিহাস। এত বেশি ফায়ারস্টেশন কোনদিন হয়নি, ৩৪ বছরের জমানায় হয়নি। এক বছরে ২৮খানা ফায়ারস্টেশন এবং সেটার সব কাজ চলছে আর দু-চারটের অনুমোদন দেওয়া হয়ে গেছে, পয়সা বরাদ্দ করা হয়ে গেছে এবং কাজটা আরম্ভ হবে। ওনার এলাকায় কাজ হচ্ছে এবং আমরা আশা করছি ২০১৫র মধ্যে ২৮খানা ফায়ারস্টেশন আমরা চালু করতে পারবো। ধন্যবাদ।

শ্রীমতী জাহানারা খান : মাননীয় স্পীকার সাহেব, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে একটি প্রশ্ন করতে চাই। একটু আগে উনি বললেন যে আমরা ভাগাভাগি করবো না। আমি ২০১১ সালে এখানে আসার পরে, আমি একটা আমাদের ওখানে চেম্বার অফ কমার্সে আমার বিধানসভা কেন্দ্রে একটা জায়গার জন্য বলেছিলাম যে ওখানে কোন ফায়ারস্টেশন নেই। কারণ আমরা যেখানে থাকি সেটা শিল্পাঞ্চল এলাকা, সেখানে বেশিরভাগ ধস, গ্যাসের সমস্যা এবং সেখানে বেশিরভাগ সময় আগুন লাগে। প্রায় সময় রানীগঞ্জ

থেকে কিংবা দুর্গাপুর থেকে, পাণ্ডবেশ্বরে আসার ফলে অনেক সময় ঘরবাড়ি পুড়ে ছাই হয়ে যায়। আপনার কাছে আমি আগেও বলেছিলাম, অনেকদিন আগে চিঠিও দিয়েছিলাম যে chamber of commerce এর তরফ থেকে ওরা বলেছিল যে আমাদের জায়গা দেবে। যদি আপনি ওখানে একটা fire কেন্দ্র করেন তাহলে খুব ভালো হয়। এই বিষয়ে আপনি যদি আমাদের একটু কিছু বলেন। ধন্যবাদ।

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার আপনার মাধ্যমে মাননীয় সদস্যাকে জানাচ্ছি, আপনারা জানেন আমাদের ৩৪২টি ব্লক আছে। আমাদের সরকারের ইচ্ছা আছে, প্রতিটি ব্লকে যাতে একটা fire station হয়। আজকের দিনে এর প্রয়োজন আছে, এটা খুব বেশি দরকারও আছে। যেহেতু অর্থ এবং জায়গার অভাব সেই কারণে একটু দেরি হচ্ছে। দীর্ঘ ৩৪ বছরে ১১২-১১৩টি হয়েছিল। তারপরে আজকে সাড়ে তিন বছরের মধ্যে কেউ যদি বলেন ৩৪২টি পূরণ করে দেওয়া যাবে, আমি সেই প্রস্তাবের মধ্যে যাব না। আমি বলব, নিশ্চয় আমরা চেষ্টা করছি। যে জায়গায় fire incident বেশি হচ্ছে আমরা সেখানে বিকল্প একটা ব্যবস্থা করছি। এই বছর থেকে সেটা চালু করব। স্যার, আপনাকে এবং হাউসের প্রত্যেকটি মেম্বারদের জানাই, যে ব্লকগুলোতে fire incident খুব বেশি হচ্ছে, আমরা সেখানে trained volunteer civil defence থেকে তৈরি করছি। তারসঙ্গে প্রত্যেক জেলা শাসক এবং প্রত্যেকটি থানাকে আমরা portable pump with hose pipe and jet দিচ্ছি, কোথাও আগুন লাগলে যেখানে কোনো fire fighting arrangement নেই, কোনো fire station নেই সেখানে অন্তত preliminary বা primary কাজটা তারা যাতে প্রথমে করতে পারে। আপনারা জানেন, কেন্দ্রীয় সরকারের একটা restriction আছে, একটা system আছে যে কত কিলোমিটারের মধ্যে, কত density, কত population এর মধ্যে fire station হবে। সেই অনুযায়ী প্রস্তাব সব মেম্বাররা দেন। কিন্তু আমরা দেখি, fire station এমন অনেক জায়গায় আছে যেখানে বছরের পর বছর কোনো অগ্নিকাণ্ড হয় না, বা আগুন লাগে না। মেম্বাররা যে প্রস্তাব দেন আমরা সেই প্রস্তাবের feasibility report এর জন্য পাঠাই। তারপরে সেটা ফিরে এলে আমরা বিবেচনা করে দেখি।

শ্রী আখরুজ্জামান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহোদয়ের কাছে আমার সুনির্দিষ্ট প্রশ্ন, মুর্শিদাবাদ জেলার জঙ্গিপুর মহকুমা, এটা একটা প্রাচীনতম শহর এবং প্রায় ১৫০ বছরের প্রাচীন পৌরসভা। সেটা বর্তমানে আরো গুরুত্ব আরোপ করেছে এই কারণে যে ভারতবর্ষের বর্তমান মহামহিম রাষ্ট্রপতি মাননীয় প্রণব মুখার্জী মহাশয় ওখানে উনি বাড়ি করেছেন। রাষ্ট্রপতি থাকা অবস্থায় প্রতি বছরই প্রায় ২-৩দিন করে উনি ওখানে বসবাস করেন। ভবিষ্যতেও বসবাস করবেন বলে উনি অঙ্গীকার করেছেন। আমরা আপনার কাছে বারবার দাবি করেছিলাম এলাকার মানুষের পক্ষ থেকে যে ওখানে একটা fire brigade station হওয়া দরকার। জঙ্গিপুর পৌরসভা এটা একটা সাব ডিভিশনাল শহর, মহকুমা শহর এবং প্রাচীনতম পৌরসভা। সেখানে আপনার

সুনির্দিষ্ট কোনো পরিকল্পনা আছে কিনা এবং থাকলে কতদিনের মধ্যে তা বাস্তবে রূপায়িত করবেন তা যদি আমাকে জানান। ধন্যবাদ স্যার।

শ্রী জাভেদ আহমেদ খান : স্যার, আমি আগেই বললাম যে প্রত্যেকটা ব্লকে চাহিদা আছে, demand আছে। প্রত্যেকটা মেম্বারই চান তার এলাকায় একটার বেশি হোক fire brigade। কিন্তু আমাদের যে আর্থিক সংকট আছে, তার সঙ্গে আরো অনেক কিছু ব্যাপার রয়েছে যেগুলো আমাদের দেখতে হয়। নিশ্চয়ই ওনার প্রস্তাব যদি এসে থাকে, আমরা feasibility reportএ যদি পাঠিয়ে থাকি, সেটা এলে আমরা দেখব।

ক্রেতা সমবায় সমিতি

*৬২। (অনুমোদিত প্রশ্ন নং *৭৪) **শ্রী কল্লোল খাঁ** : সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কতগুলি ক্রেতা সমবায় সমিতি আছে ;

(খ) তন্মধ্যে, কতগুলি লাভজনক ও কতগুলি অলাভজনক ; এবং

(গ) অলাভজনকগুলির লাভ না হওয়ার কারণ কী ?

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রশ্নকর্তা মাননীয় বিধায়ক শ্রী কল্লোল খানকে উত্তরে জানাই,

(ক) রাজ্যে ১৪০৫টি ক্রেতা সমবায় সমিতি আছে।

(খ) তন্মধ্যে, ৪৪২টি লাভজনক ও ৭৫৪টি অলাভজনক।

(গ) অলাভজনকগুলির লাভ না হওয়ার কারণ হল—মূলধনের অভাব, কর্মচারী ও পরিচালকমণ্ডলীর পেশাদারিত্বের অভাব, বাজার, অসম প্রতিযোগিতা ইত্যাদি।

[11.20—11.30 a.m.]

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, বিগত চৌত্রিশ বছরের শাসন ব্যবস্থায় আমি দশ বছর সদস্য ছিলাম। সেই দশ বছরে ভেতর অনুভব করেছিলাম সমবায় সংস্থাটি উঠে যাওয়ার মত অবস্থা হয়েছিল। এমন পরিস্থিতি হয়েছিল যে সমবায় বলে একটা সংস্থা পশ্চিমবঙ্গে যে আছে সেটাই কেউ জানত না, এটা উঠে যাওয়ার মত অবস্থা হয়েছিল। যাই হোক, আমাদের মা-মাটি-মানুষের সরকারের সাড়ে তিন বছরে অত্যন্ত গুরুত্ব সহকারে আমরা এই দপ্তরটাকে দেখছি। মাননীয় মন্ত্রীমহাশয় আমার প্রশ্নের উত্তরে বলেছেন, ৭৫৪টি অলাভজনক সংস্থা আছে। এইগুলিকে লাভজনক করবার কোন পরিকল্পনা আপনার দপ্তর করেছেন কি ?

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাই, আমরা সেন্ট্রাল কো-অপারেটিভগুলোকে প্রাইমারির সঙ্গে সংযুক্তিকরণের চেষ্টা

করছি। এছাড়া আমরা মেম্বারশিপের সংখ্যা বাড়াচ্ছি, যাতে শেয়ার মানিটা বাড়ে। এছাড়াও আমরা কনজিউমারস্ কার্ডের প্রচলন করছি। কনজিউমার্স কার্ড দিয়ে যাতে গ্রাহক সংখ্যা বাড়াতে পারি। বাড়ি বাড়ি ভোগ্যপণ্য দেওয়ার ব্যবস্থা করছি, যেটাকে হোম ডেলিভারি বলে সেই স্কীম আমরা নিয়ে আসছি। আমরা স্কুলে স্কুলে কনজিউমার্স স্টোরস খুলে স্টুডেন্টসদের মধ্যে কনজিউমার সোসাইটি তৈরি করতে চাইছি। আমরা মূলধনও দিচ্ছি, এ বছর ২ কোটি ৮২ লক্ষ টাকা মূলধন আমরা দিয়েছি। যাতে কনজিউমার্স মুভমেন্টকে আবার উজ্জীবিত করা যায়।

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়কে আমার শেষ অতিরিক্ত প্রশ্ন বহুজাতিক সংস্থাগুলি যেভাবে বেড়ে চলেছে, তাতে পশ্চিমবঙ্গও বাদ যায় না, বহুজাতিক সংস্থার সঙ্গে পাল্লা দিয়ে সমবায় সমিতিগুলো চালাবার ব্যাপারে সরকার কোন নতুন পরিকল্পনা করেছে কিনা জানতে চাইছি।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় সদস্য সঠিক প্রশ্নই করেছেন স্যার, এফ.ডি.আই বা মলগুলোর সঙ্গে যদি প্রতিযোগিতা করতে হয়, তাহলে কতগুলো জিনিস আমাদের কনজিউমার্স মুভমেন্টের মধ্যে নিয়ে আসতে হবে। আমাদের দুর্ভাগ্য স্যার, এ পর্যন্ত কনজিউম যে গুডস তার উপরে আমাদের কোন নিয়ন্ত্রণ নেই। আমরা গ্রামের চাষীকে টাকা দিচ্ছি আলু চাষ করার জন্য। আলু উৎপাদন হচ্ছে, আমাদের যে হিমঘর সমিতি আছে তাতে তারা আলু রাখছে। কিন্তু দুর্ভাগ্যের ব্যাপার আমরা যারা কনজিউমার্স বিক্রি করছি বা ক্রেতার কাছে পৌঁছে দিচ্ছি, সেই আলুর উপরে আমাদের কোনো নিয়ন্ত্রণ নেই। এক কথায় কনজিউম গুডসের উপরে আমাদের কোনো নিয়ন্ত্রণ নেই, এটা হচ্ছে নাম্বার ওয়ান। নাম্বার টু স্যার, দুর্ভাগ্যের ব্যাপার আমাদের এখানে কোনো কো-অপারেটিভ করিডর তৈরি হয়নি। নর্থ বেঙ্গলে যা হচ্ছে তা সাউথ বেঙ্গলে কী করে আসবে সেটা ঠিক হয়নি। পাইকারি বিজনেসম্যানরা আনছে, কো-অপারেটিভ ওয়ে দিয়ে তা আসছে না। তৃতীয় ব্যাপার যেটা, আপনি যখন কোনো মলে যাবেন, তখন জিনিস কেনার পরে আপনাকে জিজ্ঞাসা করবে আপনি কি কার্ড হোল্ডার। আপনি কার্ড হোল্ডার হলে টু পারসেন্ট ছাড় পাবেন। যাকে বলে কনজিউমার্স ক্রিয়েট করা। দুর্ভাগ্যের ব্যাপার স্যার, আমরা কনজিউমার্স ক্রিয়েটও করতে পারিনি। কনজিউমার্স মুভমেন্টকে যদি আমাদের শক্তিশালী করতে হয়, তাহলে এই তিন-চারটে জিনিসের উপরে আমাদের সর্বাধিক গুরুত্ব দিতে হবে এবং আমাদের সরকার এই ব্যাপারে অত্যন্ত গুরুত্ব দিচ্ছেন। যাতে আবার কনজিউমার্স মুভমেন্টকে শক্তিশালী করে বাজারের যে দাম অর্থাৎ ইচ্ছামতো দাম যাতে কেউ বাড়াতে না পারে, একটা শক্তিশালী পাওয়ার যাতে আমরা হতে পারি তার চেষ্টা আমরা করছি।

শ্রী গোকুল রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, ক্রেতা সমবায়গুলোকে স্ট্রেইনদেইন করার জন্য সরকারি দপ্তরগুলো থেকে জিনিস কেনার কোনো পরিকল্পনা আছে কিনা জানাবেন। সেকেন্ড থিং প্যাকসগুলোকে রিভাইভ করার যে পরিকল্পনা নেওয়া হয়েছে, এই রকম ক্রেতা সমবায়ের উপরে কোন পরিকল্পনা আছে কিনা বলবেন ?

শ্রী জ্যোতির্ময় কর : আপনি যেটা বললেন সেটা সামগ্রিকভাবে নেই তা নয়। কেউই যে সরকারকে দিচ্ছে না তা নয়। সব দিচ্ছে না কিন্তু অনেকে দিচ্ছে। যেমন আপনার নর্থ বেঙ্গলে কো-অপারেটিভ মুভমেন্ট আমরা জেনারেলি বলি উইক—কিছু মনে করবেন না কিন্তু আবার কনজিউমার্স মুভমেন্টে স্ট্রং আপনার জেলাতেও। সুতরাং তারা যে দিচ্ছে না তা নয় কিন্তু আমরা চেষ্টা করছি। আমি যে ডেলিভারিটা দেবো আমার মাল থাকলে তো, মাল যদি না থাকে আমি ডেলিভারিটা দেবো কী করে ? সুতরাং স্যার আমরা চেষ্টা করছি, স্ট্রং হয়ে তবে বাজারে ঝাঁপাতে, এটা আমরা চেষ্টা করছি।

ডঃ তরুণকান্তি নস্কর : আমার মাননীয় মন্ত্রীকে Cooperative Bank নিয়ে একটা প্রশ্ন যে, ৮৪ বছরের পুরোনো বরানগর Cooperative Bank ২৩.১.১৫ থেকে RBI licence cancel হওয়ার ফলে বন্ধ হয়ে আছে। আর্থিক অনিয়ম অনাদায়ী ঋণের ফলে আর্থিক দুরবস্থা এটার কারণ বলা হয়েছে এবং তারও পেছনে ২৯.৭.১৩ থেকে RBI-এর order অনুযায়ী Transaction রেস্ট্রিকটেড হয়ে গিয়েছিল। এখানে হাজার হাজার মানুষের নানা ধরনের অ্যাকাউন্ট আছে, লকার আছে। তারা কিন্তু খুব বিপদে পড়ে গেছে। তারা Registrar of Cooperative Society-র কাছে গিয়েছিল। তিনি বলেছেন এটা Liquidate করে দেবেন এবং ১ লক্ষ টাকা পর্যন্ত যাদের আমানত আছে তারাই কেবলমাত্র টাকা ফেরত পাবে, বাকীদের সম্পর্কে কিছু বলননি। এই বিষয়টায় যদি আপনি বলেন এত মানুষ খুব দুশ্চিন্তার মধ্যে আছে—এই বিষয়ে আপনি যদি একটু আলোকপাত করেন।

শ্রী জ্যোতির্ময় কর : স্যার, এই প্রশ্নটা ছিল কনজিউমার নিয়ে, যাইহোক, ডঃ নস্কর জিজ্ঞেস করেছেন, urban cooperative bank বন্ধ হয়ে গেছে বরানগরে সেই ব্যাপারে। বন্ধ হয়ে যায়নি। এটা Delicence হয়েছে, রিজার্ভ ব্যাঙ্ক ওই licence টা cancel করেছে। State government has got nothing to do, রিজার্ভ ব্যাঙ্ক ক্যানসেল করেছে। তবে ডঃ নস্কর আপনি জানেন রোগী মারা যাওয়ার সঙ্গে সঙ্গে ডাক্তার ডেথ সার্টিফিকেট দেন না। কেন না তার De-licence হয়ে গেছে, সঙ্গে সঙ্গে, সুতরাং আমাকে ডেথ সার্টিফিকেট দিয়ে দিতে হবে, আমরা Liquidation-এ দিইনি, আমরা একটা Considerable time অবধি ওয়েট করছি, ওয়েট করছি এইজন্য যাতে রিভাইভালের সম্ভাবনা কিছু আছে কিনা আমরা রিজার্ভ ব্যাঙ্কের সঙ্গে—এটা খতিয়ে দেখছি। তবে এটা আমি আপনাকে আশ্বস্ত করছি—যে ওখানে প্রচুর সোনার লকার আছে। যারা লকারে রেখেছেন, যাদের আমানত আছে এবং যেগুলো ইনসিওর করা আছে তারা কেউ বঞ্চিত হবেন না এ ব্যাপারে আপনাকে আমি আশ্বস্ত করছি। বাকিটা ডিটেল দিতে গেলে আপনি একটা স্পেশিফিক কোয়েশ্চেন আনুন, আমি ডিটেল বিবৃতি দিয়ে দেব।

মিঃ স্পীকার : একই সঙ্গে তজমুল হোসেনের একটা প্রশ্ন আছে, *প্রশ্ন নম্বর ৬৭, যেহেতু অতদূর যাবে না—তজমুল হোসেনের *প্রশ্ন নম্বর ৬৭। ওটার পরিপ্রেক্ষিতে আপনি সাপ্লিমেন্টারী করুন।

*প্রশ্ন নম্বর ৬৭ লেড হয়েছে, আপনি সাপ্লিমেন্টারী করুন।

হিমঘরের সংখ্যা

*৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩২১) **শ্রী তজমুল হোসেন :** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারী, ২০১৫ সাপেক্ষে সরকারী উদ্যোগে নির্মিত হিমঘর ও বহুমুখী হিমঘরের সংখ্যা কত ;

(খ) এই সংখ্যা প্রয়োজনের তুলনায় কম না বেশি ; এবং

(গ) কম হলে, এই সংখ্যা বাড়ানোর জন্য সরকার কী উদ্যোগ গ্রহণ করেছে ?

শ্রী জ্যোতির্ময় কর :

(ক) বর্তমানে রাজ্যে ৪৭টি সমবায় সমিতির ৭৬টি হিমঘর চালু অবস্থায় আছে। এছাড়া ১৯টি সমিতির ১৯টি নতুন বহুমুখী হিমঘর তৈরি হয়েছে।

(খ) রাজ্যের হিমঘরজাত কৃষিজ ফসলের উৎপাদনের পরিমাণ ও তা সংরক্ষণ করার জন্য কতগুলি হিমঘরের প্রয়োজন এবং এই হিমঘরের সংখ্যা যথাযথ কিনা—এই সমগ্র বিষয়টি রাজ্য কৃষিজ বিপণন দপ্তর সংশ্লিষ্ট।

(গ) সমবায় সমিতিগুলির কাছে থেকে নতুন প্রস্তাব প্রাপ্তি সাপেক্ষে।

(১) কারিগরি সাহায্য।

(২) আর্থিক অনুদান।

(৩) ব্যাঙ্ক ঋণ প্রভৃতি দিয়ে সংখ্যা বাড়ানোর চেষ্টা হচ্ছে।

শ্রী তজমুল হোসেন : স্যার, আমার ওই প্রশ্নটা ছিল হিমঘর নিয়ে। হিমঘর বহুমুখীর সংখ্যা কত ? হিমঘর বহুমুখীর সংখ্যা উনি আমাকে দিয়েছেন।

আমার নির্দিষ্ট প্রশ্ন উনার কাছে, যে আমার বিধানসভার অন্তর্গত তুলসীহাটা উপবাজার চত্বরে, ২০১০ সালে একটা হিমঘর স্থাপনের কাজ শুরু হয়েছিল কিন্তু এখনো পর্যন্ত সেটা অর্ধ সমাপ্ত অবস্থায় পড়ে আছে। আপনি সেটার খবর জানেন কিনা, আপনি হয়তো এখন নতুন এসেছেন, এই তুলসীহাটা উপবাজার চত্বরে যে হিমঘরটার এখনো পর্যন্ত কাজ হচ্ছে ওখানকার কৃষকরা তাদের ফসলগুলো ওখানে সংরক্ষণ করে রাখতে পারছে না। তারজন্য ওটা ইমিডিয়েট করার কোনো পরিকল্পনা আপনার আছে কিনা, এটা আপনার জানা আছে কিনা, তুলসীহাটা উপবাজার চত্বরে যে হিমঘরটা এখনো পর্যন্ত অর্ধ সমাপ্ত অবস্থায় পড়ে আছে যেটা ২০১০ সালে অনুমোদন পেয়েছিল এবং কাজ শুরু হয়েছিল, এখনো চলছে। কিন্তু এখনো পর্যন্ত কোন চাষী কোনো ফসল সেখানে রাখতে পারছে না। এব্যাপারে আপনি কোনো খবর রেখেছেন কিনা দয়া করে যদি জানান।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় স্পীকার স্যার, ওই হিমঘর সম্পর্কে স্পেশিফিক তথ্য আমার কাছে নেই। তবে একটা জিনিস আপনাকে আমি আশ্বস্ত করছি, যে হিমঘরগুলো বন্ধ

হয়ে গিয়েছিল—ওটার কাজ চলছে, যেগুলো বন্ধ হয়ে গিয়েছিল, তার স্বাস্থ্যকে আরও সজীব করার জন্য—যদি বন্ধ থাকে আপনি স্পেশিফিক আনুন, আপনি প্রোপোজালটা দিন আমি নিশ্চয় এটাকে দেখে দেবো। আমার চেষ্টা করছি যাতে হিমঘরগুলোকে আবার রিভাইব করা যায়।

[11.30—11.40 a.m.]

শ্রী তোয়াব আলি : মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার questionটা হল, যে রাজ্যের বিভিন্ন ধরনের সমবায় সমিতি আছে, লাভজনক এবং অলাভজনক। আমার যেটা মূল কোশ্চেন হচ্ছে এই যে কৃষি সমবায় সমিতি যেগুলো আছে সেগুলোর ম্যানেজার যারা তাদের জন্য সরকারের পক্ষ থেকে একটা wage-ভাতা দেওয়া, minimum একটা ভাতা আছে। কিন্তু অন্যান্য সমবায় সমিতি-ক্রেতা সমবায় বলেন, urban Cooperative বলেন, বিভিন্ন আর্বান যেগুলো আছে—সেগুলোর ক্ষেত্রে এই ধরনের সরকারের কোন ভাতা দেওয়ার পরিকল্পনা নেই। আমার প্রশ্ন হচ্ছে, এই যে কিছু সমিতি চলছে লাভজনক, আবার কিছু সমিতি চলছে লাভজনক নয়—ধুকছে। কিন্তু যারা কাজ করছেন এর মধ্যেও তাদের জন্যে সরকার কী ভাবছেন ; ওদের জন্য সরকারি কোন উদ্যোগ কিংবা ভাবনা-চিন্তা আপনার আছে কিনা ?

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় স্পীকার স্যার, আপনি ঠিক কাছাকাছি গেছেন, প্রশ্নটা ঠিক প্রশ্নকর্তার কাছে স্পষ্ট নয়। আমি একটু স্পষ্ট করে দিই প্রশ্নটা হচ্ছে আমরা আজ অবধি adhoc দিই কাকে ? PACS কর্মচারীকে। আপনি প্রশ্ন করছেন weaver কর্মচারী পাবে না কনে ; আপনার প্রশ্ন হচ্ছে তালগুড় সমিতি পাবে না কেন, আপনার প্রশ্ন হচ্ছে হিমঘর সমিতি পাবে না কেন ; অর্থাৎ একই cooperative-এর অন্য Employee-রা পাবে না কেন। specific শুধু primary সমিতি পাবে না কেন। এইটা হচ্ছে আপনার প্রশ্ন। Ad-hoc আমরা দিই। কিন্তু প্রশ্ন হচ্ছে আমরা বলছি ওটা বিভিন্ন মন্ত্রকে বিভক্ত হয়ে গেছে, আগে এক ছিল। যেমন weavers committee এখন দেখুন textile, আমি দেখি না। তার বাজেট accommodate করতে হবে তার কর্মচারীদের জন্য। অর্থাৎ সংশ্লিষ্ট বিভাগের যদি Budget-এ accommodate করে কর্মচারীদের দেওয়ার জন্য তাহলে তারা সেই মতো দিতে পারবে। আমাদের সমবায় বাজেট, PACS এর জন্য আমরা যে directorate-এর under-এ যেগুলো সেই আমাদের directorate-এর under-এ কর্মচারীদের আমরা ad-hoc দিই। কিন্তু অন্য Director যদি similar চিন্তা করেন, নীতিগতভাবে নেওয়া উচিত। আমি আপনার সঙ্গে একমত, আমি agreed। কিন্তু সেটা specific ওই জায়গাটায় সিদ্ধান্ত নিতে হবে, যে, আমি কর্মচারীদের ad-hoc দেব।

শ্রী অপূর্ব সরকার : ধন্যবাদ স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, ক্রেতা সমবায়গুলো আছে, সেগুলো অলাভজনক ৪৪টা আপনি বললেন। তার মধ্যে আমার মনে হয় অন্য একটি কারণ হচ্ছে যে ক্রেতা সমবায়গুলো সরকারী দপ্তরে block level, মহকুমা level, জেলা level-এ তারা মাল সরবরাহ করত

সরকারী দপ্তরগুলোকে। কিন্তু রাজ্য সরকারের একটা আদেশ বলে যে টেন পারসেন্ট rate-এ benefit পেত—এই সমস্ত সমবায়গুলো, রাজ্য সরকারের একটা আদেশের বলে আর সেই বেনিফিটটা পাচ্ছে না। Generally-যে মাল সরবরাহ করত তার থেকে ১০ শতাংশ লাভ বেশি হত, normal market-এর সাথে competitive যে market-তার থেকে ১০-পারসেন্ট লাভ বেশি হত। সেটা সমবায়ের কাছে গচ্ছিত থাকত, সমবায়গুলো বৃদ্ধি হত আস্তে আস্তে, অর্থনৈতিকভাবে শ্রীবৃদ্ধি হত। এই বিষয়ে কোন চিন্তা-ভাবনা আছে কি যে বিগত দিনে যে orderটা ছিল, যে সরকারী দপ্তরে মাল সরবরাহ করে তাহলে rate-এর advantage টেন পারসেন্ট—সেটা আগামীদিনে পাবে কিনা বা এই রকম ব্যবস্থা আপনি আগামীদিনে করতে পারবেন কিনা ? যদি দয়া করে বলেন।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এক্ষেত্রে অপূর্ববাবুও প্রশ্নটার কাছাকাছি গেছেন। কিন্তু প্রশ্নটা একটু স্পষ্টতর হওয়া দরকার। প্রশ্নটা হচ্ছে আপনার যে টেন পারসেন্ট subsidy কোনটায় দিত—যেমন জনতা শাড়ি। সেখানে সমবায় সমিতি তুললে cent percent subsidy দেবে।.....(নয়েজ)....আমি ডাল কিনতে যাব—আমি ব্যক্তিগত মালিকানা দোকানে ডাল কিনতে যাব—আমাদের টেন পারসেন্টে কে দেবে ? দেবে না আমাকে, আমি তেল কিনতে যাব কে দেবে ?-কেউ দেবে না। কেবল জনতা শাড়ি কিনতে গেলে government-এর যেগুলো সেখানে টেন পারসেন্ট দিত। কিন্তু government-এর policy-গতভাবে সেই scheme নেই। সুতরাং পাওয়ার প্রশ্নই নেই।

.....(নয়েজ).....

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী প্রশ্নের উত্তর দিয়েছেন। দরকার হলে অপূর্ববাবু আপনি পরে ওনার সঙ্গে আলোচনা করে নেবেন।

শ্রী ইনসার আলি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি ওই ৬৭ নম্বর প্রশ্নর উপর বলতে চাই। বাজেটে দেখলাম এবার পিঁয়াজ সংরক্ষণের জন্য হিমঘর করার পরিকল্পনা আছে। মুর্শিদাবাদ জেলায় হরিহরপাড়া বিধানসভা কেন্দ্রে, নওদা বিধানসভা কেন্দ্রে, বেলডাঙ্গা বিধানসভা কেন্দ্রে, রেজিনগর বিধানসভা কেন্দ্রে ব্যাপক পরিমাণ পিঁয়াজ উৎপাদন হয়। আমি কাছাকাছি যাচ্ছি না সরাসরি প্রশ্ন করছি, এই পিঁয়াজ সংরক্ষণের, লংকা সংরক্ষণের জন্য হিমঘর করার কোনো পরিকল্পনা আছে কি ?

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় স্পীকার স্যার, এটা সরাসরি গেল না, কাছাকাছি গেল না, একেবারে হিট হয়ে গেল। পিঁয়াজ হিমঘরে সংরক্ষণ হয় না। পিঁয়াজ সংরক্ষণের জন্য ট্রাডিশনাল লাইন থাকে।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : আমি জানি মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় অত্যন্ত অভিজ্ঞ কো-অপারেটিভ মুভমেন্টে। আমি ব্যক্তিগতভাবে চিনি, আমার জেলার লোক, প্রায় ৩৫।৪০ বছর কো-অপারেটিভ মুভমেন্টে আছেন। আপনি ঠিকই বলেছেন, বাজার অর্থনীতি, বহুজাতিক সংস্থা, মল, তার সঙ্গে ক্রেতা সমবায় সমিতি কমপিট করতে

পারছে না। এবসলিউটলি রাইট। কিন্তু আমাদের রাজ্যে আপনার দপ্তর কিংবা সম্মিলিত দপ্তরের প্রচেষ্টায় বহু জায়গায় উৎকৃষ্ট মানের সমবায় চালু ছিল এবং এখনো আছে। কিন্তু ধুঁকছে। ময়লা জমেছে, ধুলো জমেছে, মাল পাওয়া যায় না। কিন্তু প্রথম যখন সমবায়িকা চালু হয় মানুষ লাইন দিয়ে সমবায়িকায় কিনতো, কেননা সরকারী ছাপ থাকায় জিনিসটা ভাল হবে, পিয়োর হবে এই বিশ্বাসটা মানুষের ছিল। আমি নির্দিষ্টভাবে আপনার কাছে জানতে চাইছি আজকে কমপিটিটিভ মুভমেন্টের কথা বলা হয়, কমপিটিটিভ ফেডারেলিজিমের কথা বলা হয়, আপনার দপ্তর এবং সমন্বয় দপ্তরের মাধ্যমে সমবায়িকাগুলো কমপিটিটিভ করতে গুণগত, চারিত্রিক এবং পরিমাণগত সমবায়িকাগুলোকে কি ভালো করা যাবে ওদের সঙ্গে একটু কমপিট করার জন্য ?

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি ঠিকই বলেছেন, মানসবাবু তো মন্ত্রীসভায় ছিলেন, মন্ত্রীসভায় মাননীয়া মুখ্যমন্ত্রীর অভিপ্রায়টা উনি জানেন। মাননীয়া মুখ্যমন্ত্রী—যেমন এগ্রিকালচার মারকেটিং আর কো-অপারেটিভ, এগ্রিকালচার ডিপার্টমেন্ট, পুর্ণেন্দুবাবুর দপ্তর, এই গুলোকে নিয়ে একটা গ্রুপ অফ মিনিস্টার তৈরি করেছেন বা একটা গ্রুপ অফ ডিপার্টমেন্ট তৈরি করেছেন যাতে আমরা সবাই মিলেমিশে একসঙ্গে কাজ করতে পারি। আর দ্বিতীয় প্রশ্নতে আপনার যে আক্ষেপ যে সমবায়িকাগুলো এমন হলো কেন। আপনি আমাকে ৩-৪ মাস সময় দিন ক্যালকাটা বিশেষ করে হোলসেল এর একটা নাম ছিল সারা ভারতে, অত্যন্ত গুরুত্বপূর্ণ জায়গায় এই হোলসেলটা ছিল, এখন শুকিয়ে গেছে। আপনি রাজ্য সরকারকে ৩-৪ মাস সময় দিন আপনার মুখে আবার হাসি ফুটিয়ে দেওয়া যাবে, আবার এই হোলসেলকে জাগানো যাবে আমি বিশ্বাস করি।

আলুবীজ উৎপাদন

*৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৫১) **শ্রী রামেশ্বর দলুই** : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১৩-২০১৪ আর্থিক বছরে ও ২০১৪-২০১৫ আর্থিক বছরের ৩১শে জানুয়ারী, ২০১৫ সাপেক্ষে রাজ্য সরকার কত পরিমাণ আলুবীজ উৎপাদন করেছে ?

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্য শ্রী রামেশ্বর দোলই-এর প্রশ্নে উত্তরে জানাই

২০১৩-২০১৪ আর্থিক বৎসরে রাজ্যে মোট ৪০২৫৩ মেট্রিক টন উন্নতমানের আলুবীজ উৎপাদিত হয়েছে যার মধ্যে ৯৪৪০ মেট্রিক টন শংসিত (Certified) আলুবীজ।

২০১৪-২০১৫ আর্থিক বৎসরে আনুমানিক ৪৩৫৫০ মেট্রিক টন উন্নতমানের আলুবীজ উৎপাদিত হবার সম্ভাবনা আছে যার মধ্যে শংসিত (Certified) বীজ আলুর পরিমাণ হবে আনুমানিক ১২৪৮০ মেট্রিক টন।

শ্রী রামেশ্বর দলুই : স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। আমার এই প্রশ্নটা গত বছর নভেম্বরের অধিবেশনে করেছিলাম। তারপর না আসায় আমাকে ফেব্রুয়ারীতে করতে হল। এখন তো জলন্ত সমস্যা আলু নিয়ে। তা সত্ত্বেও আমি উত্থাপন করছি আলু, আলুবীজ প্রায় কাছাকাছি, কৃষকরা আক্রান্ত। বীজ আলু ভিন্ন রাজ্যে বেশির ভাগটা আমাদের রাজ্যে আনতে হয়।

[11.40—11.50 a.m.]

কে-২২ আলুর বীজ প্রতি কিলো ১২০-১৩০ টাকা কেজি ছিল। জ্যোতি ৫০ থেকে ৬৫ টাকা প্রতি কিলো ছিল। তারপর ভেজাল ছিল। তারা দুশ্চিন্তার মধ্যে ছিলেন এবং কৃষকরা খুবই ক্ষতিগ্রস্ত হয়েছেন। আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে জানতে চাইছি, আপনি যদি অনুগ্রহ করে বলেন আমাদের রাজ্যে মোট কত আলু উৎপাদন হয়, আলু বীজ কত লাগে এবং তার কত শতাংশ আপনি উৎপাদন করতে পেরেছেন, কত এলাকায় আলু চাষ হয় ? এই দুটো বছরের পরিসংখ্যানটা যদি আপনি দেন।

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই, ২০০৫-০৬ সাল থেকে ২০১৪-১৫ সাল পর্যন্ত বলছি। তাতে আপনি কম্পারিজনটা করতে পারবেন। আমি আপনাকে বুঝিয়ে বলার জন্য আপনার প্রশ্নটা যে জায়গায় আছে, যাতে আপনি ভাল করে উত্তরটা বুঝতে পারেন, সেই জন্য এটা বলছি। ২০০৫-০৬ সালে কাল্টিভেবল এরিয়া অর্থাৎ চাষ যোগ্য জমি ছিল ৮ লক্ষ ৪০ হাজার। ২০০৬-০৭ সালে ছিল ৭ লক্ষ ৪৬ হাজার, ২০০৭-০৮ সালে ছিল ৭ লক্ষ ৯৭ হাজার, ২০০৮-০৯ সালে ছিল ৭ লক্ষ ২০ হাজার, ২০০৯-১০ সালে ছিল ৭ লক্ষ ৩০ হাজার, ২০১০-১১ সালে ছিল ৮ লক্ষ ১৭ হাজার, ২০১১-১২ সালে ছিল ৭ লক্ষ ৫৮ হাজার, ২০১২-১৩ সালে ছিল ৭ লক্ষ ৭৮ হাজার, ২০১৩-১৪ সালে ছিল ৮ লক্ষ ১৯ হাজার, ২০১৪-১৫ সালে ছিল ৮ লক্ষ। এই যে কাল্টিভেবল এরিয়ায় সাপ্লাই অ্যারেঞ্জমেন্ট যেটা আমরা করতে পেরেছি সেটা সবাই জানেন যে, দীর্ঘকাল ধরে পশ্চিমবঙ্গে বিশেষ করে আলু বীজ তৈরির প্রচেষ্টাটা অত্যন্ত দুর্বল ছিল। আমরা ইদানীংকালে বেশ কিছু ব্যবস্থা গ্রহণ করেছি এবং এই রাজ্যে আলু বীজের যে উৎপাদন সেটার হিসাবটা আমি জানাচ্ছি। ২০০৫-০৬ সালে ২৪ হাজার ৩৮০ মেট্রিক টন, ২০০৬-০৭ সালে ২২ হাজার ৬৭০ মেট্রিক টন, ২০০৭-০৮ সালে ২৪ হাজার ৫৮০ মেট্রিক টন, ২০০৮-০৯ সালে ২৪ হাজার ২২০ মেট্রিক টন, ২০০৯-১০ সালে ২৬ হাজার ১৮০ মেট্রিক টন, ২০১০-১১ সালে ৩১ হাজার ৮৯০ মেট্রিক টন, ২০১১-১২ সালে ৩৩ হাজার ২৭০ মেট্রিক টন, ২০১২-১৩ সালে ৩৫ হাজার ৫৪০ মেট্রিক টন, ২০১৩-১৪ সালে ৪০ হাজার ২৫০ মেট্রিক টন, ২০১৪-১৫ সালে ৪৩ হাজার ৫৫০ মেট্রিক টন। এই থেকেই বোঝা যাচ্ছে প্রতি বছর কিছু কিছু বাড়ছে। আমাদের আগামী বছরের পরিকল্পনা বিশেষ করে ২০১৫-১৬ সালে এই মাত্রা প্রায় ৩৩ গুণ বাড়বে।

শ্রী রামেশ্বর দলুই : আমার শেষ অতিরিক্ত প্রশ্ন, রাজ্যে দুটি কৃষি বিশ্ববিদ্যালয় আছে, প্রায় প্রতিটি জেলাতেই কৃষি বিজ্ঞান কেন্দ্র আছে, সরকারি ফার্ম আছে। সব

জায়গাগুলো—কৃষি বিজ্ঞান কেন্দ্র, কৃষি বিশ্ব বিদ্যালয়, সরকারি যে ফার্ম কত এলাকায় কত পরিমাণ বীজ উৎপাদন করা হয়েছিল ? শতকরা হারটা জানতে চেয়েছি এবং এই উৎপাদন করতে কত টাকা খরচ হয়েছিল ?

শ্রী পূর্ণেন্দু বসু : এই বিষয়ে আমি মাননীয় বিধায়ককে জানাব, আমরা যে প্রক্রিয়া নিয়েছি, তাতে আপনি জানেন যে দুটি বিশ্ববিদ্যালয় আলু বীজ তৈরি করে। তাছাড়াও আমাদের বিভিন্ন ফার্মে চেষ্টা করছি, প্রয়োজনের তুলনায় সেটা যথেষ্টই কম। আপনাকে কিছু তথ্য দিয়ে আমি বোঝাবার চেষ্টা করছি। যে প্রশ্ন আপনি করেছেন এবং তার যে অংশটার উত্তর দিতে পারছি না সেই প্রশ্নটি আপনি পাঠাবেন, আমি সেই প্রশ্নের উত্তরটা দিয়ে দেব।

মিঃ স্পীকার : আপনি স্পেসিফিক উত্তর দিন। যে জায়গাটা উনি জানতে চাইছেন সেটা পিন পয়েন্ট করে উত্তর দিন। উনি যদি প্রশ্ন করেন আপনি লিখিত উত্তর দিয়ে দেবেন। কেননা, আমাদের আরও সাপ্লিমেন্টারিতে যেতে হবে।

শ্রী বিশ্বজিৎ কুণ্ডু : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, ২০১৪-১৫ সালে আমাদের পশ্চিমবঙ্গে যে আলু উৎপাদন হয়েছে সেই উৎপাদনের পরিমাণ কত এবং সেটা প্রয়োজনের তুলনায় আমাদের রাজ্যে ঠিক আছে, না কম আছে, একটু জানতে চাইছি, নমস্কার।

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাই, আমাদের রাজ্যে গত বছর আলু উৎপাদন হয়েছে ৯০ লক্ষ মেট্রিক টন। এ বছর আমরা আশা করছি যে, এই সংখ্যাটা এক কোটি লক্ষ মেট্রিক টন পেরিয়ে যাবে।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, এবার পড়শি পাঁচ রাজ্যে আলু চাষ নিয়ে ভর্তুকিতে বীজ, সার সরবরাহ হচ্ছে। বিশেষ করে আসাম, ঝাড়খণ্ড, উড়িশা, বিহার, ছত্তিশগড়—এই সব রাজ্যে। তার সঙ্গে আলুও কিনছে। আমাদের চাষিরা অভাবি দামে ২৬০ টাকাতে পঞ্চাশ কেজির প্যাকেট বিক্রি করতে বাধ্য হচ্ছে আর জ্যোতি আলু ২২০ টাকা প্যাকেট ব্যবসাদার কিনছে না। কারণ প্রতিবেশি রাজ্যে যাচ্ছে না। সেই জন্য সরকারের আলু কেনার কোনো পরিকল্পনা আছে কিনা মাননীয় মন্ত্রী জানাবেন।

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ককে জানাই, আপনি যে প্রশ্নটি করেছেন সেটা কৃষি বিপণন দপ্তরের। এই প্রশ্নটি আমার নয়।

Shri D. P. Roy : Sir, I am sorry I was about to raise the same question which does not pertain to it.

শ্রী শ্যামল সাঁতরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন, কেবল মাত্র আলুর বীজ সংরক্ষণ করার জন্য কতগুলি হিমঘর পশ্চিমবঙ্গে সচল রয়েছে এবং সেখানে কত মেট্রিক টন আলুর বীজ সংরক্ষণ করা যায় ?

শ্রী পূর্ণেন্দু বসু : এ বিষয়ে বিধায়ককে জানাই যে, আপনার প্রশ্নটির ব্যাপারে এইটুকু বলতে পারি যে, আমাদের যে আলু বীজ তৈরি হচ্ছে তার সংরক্ষণের যথাযথ ব্যবস্থা আছে, কিন্তু এটা অপ্রতুল। আরও যখন উৎপাদন বাড়বে তখন আরও কোল্ডস্টোরেজের দরকার হবে।

[11.50 a.m.—12.00 noon]

নবম শ্রেণীর পাঠ্যপুস্তক প্রদান

*৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *১১২) **শ্রী সমীর কুমার জানা** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে জানুয়ারী, ২০১৫ সাপেক্ষে মোট কতগুলি বিদ্যালয়কে নবম শ্রেণীর পাঠ্যপুস্তক দেওয়া হয়েছে (জেলাওয়াড়ী হিসেব সহ) ?

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীসমীর কুমার জানা মহাশয় কর্তৃক উত্থাপিত বিধানসভার প্রশ্ন-*১১২। প্রশ্নটি ছিল (ক) ৩১শে জানুয়ারী, ২০১৫ সাপেক্ষে মোট কতগুলি বিদ্যালয়-কে নবম শ্রেণীর পাঠ্য পুস্তক দেওয়া হয়েছে (জেলাওয়াড়ী হিসেব সহ) ?

উত্তরে জানাই, ৩১শে জানুয়ারী, ২০১৫ সাপেক্ষে মোট ৮৫৮৮টি বিদ্যালয়-কে নবম শ্রেণীর পাঠ্য পুস্তক দেওয়া হয়েছে (জেলাওয়াড়ী হিসেব সংযোজিত হল)। প্রত্যেকটি জেলারই তালিকা দেওয়া আছে। অধ্যক্ষ মহাশয় আপনি অনুমোদন দিলে আমি পড়ে দিতে পারি।

মিঃ স্পীকার : দীর্ঘ তালিকা দিয়েছেন, অনেক সময় লেগে যাবে। তার থেকে আপনি সাপ্লিমেন্টারী করুন।

শ্রী সমীর কুমার জানা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন। বামফ্রন্টের আমলে মোট কতগুলো উচ্চ-প্রাথমিক বিদ্যালয় ছিল এবং এ পর্যন্ত মোট কতগুলো নতুন উচ্চ-প্রাথমিক বিদ্যালয় নির্মিত হয়েছে ?

মিঃ স্পীকার : এই প্রশ্নের উত্তর উনি এর আগেও দিয়েছেন। এই প্রশ্নের উত্তর আছে। উনি একাধিকবার এখানে উত্তর দিয়েছেন। আপনি নেকস্ট সাপ্লিমেন্টারী করুন।

শ্রী সমীর কুমার জানা : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে দ্বিতীয় সাপ্লিমেন্টারী প্রশ্ন। 'নির্মল বিদ্যালয় অভিযান প্রকল্প' চালু হওয়ার পরে প্রাথমিক এবং উচ্চ-প্রাথমিক বিদ্যালয়ে এ পর্যন্ত কত শৌচাগার বা কত শতাংশ শৌচাগার নির্মিত হয়েছে ?

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয় প্রশ্নটি ছিল পুস্তক আর বিদ্যালয় নিয়ে। মাননীয় বিধায়ক এটা শৌচালয়ে নিয়ে চলে গেলেন। আমি বলি আমাদের এই রাজ্যে অত্যন্ত

কৃতিত্বের সঙ্গে ৯৮ শতাংশ বিদ্যালয়ে শৌচালয় নির্মাণ হয়েছে। যেটুকু বাকি আছে সেটুকুও আমরা শেষ করে দেব।

শ্রী শঙ্কর মালাকার : আপনারা জানেন নকশালবাড়ী বিধানসভা কেন্দ্রে প্রায় ৭০ হাজার মতো নেপালী ভাষাভাষী মানুষ বসবাস করেন। তাদের জন্য মাত্র দু-খানা হাইস্কুল। তার একটা হায়ার সেকেন্ডারী হয়েছে। আরেকটা, গান্ধী মেমোরিয়াল বিদ্যালয়। সেখানে ৩ হাজারের ওপর ছাত্রছাত্রী পড়াশোনা করে কিন্তু ক্লাস টেন পর্যন্ত। অবিলম্বে বাগডোগরা গান্ধী মেমোরিয়াল হাইস্কুলকে ক্লাস টুয়েলভ পর্যন্ত করার কথা আপনি ভাবছেন কি ? এটা খুব আর্জেন্ট। এর আগেও আপনাকে চিঠি দিয়েছিলাম এবং আজকেও দিয়েছি।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শঙ্কর মালাকার মহাশয় একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন করেছেন। আমি আপনাকে কথা দিচ্ছি যদি পরীক্ষা-নিরীক্ষার পরে, আমার দপ্তরকে বলব এবং তা যদি নিয়মের মধ্যে থাকে এবং দরকার, প্রয়োজন থাকে নিশ্চয় তার অনুমোদন দেব।

শ্রী রঞ্জিৎ কুমার মণ্ডল : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি একটি বিষয় ফ্লোরে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলেছিলাম। এটা আমার প্রশ্ন নয় তবুও একটু বলছি কারণ উনি বলছেন 'দেখব'। তবে এই প্রশ্ন করছি না। নাইনে যে বই সরবরাহ হচ্ছে তাতে প্রায় ২৫ শতাংশ ছেলে-মেয়ে এখনো বই পায়নি। আর, সিক্স ও সেভেনের বাংলা ব্যাকরণ বই পাচ্ছে না। বুক সেলার-রা বলছে 'আমরা করিনি, আমাদের দেওয়ার কথা নয়, জানি না'। আবার, সরকার এবিষয়ে কী ভাবছে জানি না।

কিন্তু আমার মূল প্রশ্ন, স্যার, এবার নাইনে যে বই দেওয়া হয়েছে, মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করব, যে সিলেবাস কমিটি বা নাইনে যে অঙ্ক বই দেওয়া হয়েছে এই বই-টা, বিভিন্ন স্কুলে যারা অঙ্কের বিশেষজ্ঞ-শিক্ষক, যারা অনার্স বা এম.এস.সি.তাঁরা বলছেন 'অঙ্ক বই-টা এত কঠিন হয়েছে যে এই বইটা যদি আবার রিভিউ না করা হয় তাহলে ব্যাপক অংশের ছেলে-মেয়েদের পক্ষে, শ্রেণী শিক্ষণের পক্ষে, টিচিং-লার্নিং যে প্রসেস ইন ক্লাস রুম সিচ্যুয়েশন, সে ক্ষেত্রে ছেলে-মেয়েরা, আনন্দদায়ক পাঠদান তো হবেই না উপরন্তু একটা বড় সংখ্যক ছেলে-মেয়ে অঙ্কে অ-কৃতকার্য হতে পারে। এই সম্ভবনা দেখা দিয়েছে। মাননীয় মন্ত্রীকে বলব এটা রিভিউ করে তিনি দেখবেন কি ?

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ক যে প্রশ্ন উত্থাপন করলেন তা অত্যন্ত গুরুত্বের সঙ্গে আমরা গ্রহণ করলাম। কিন্তু একটা জিনিস জানতে হবে সিলেবাস কমিটি যে পরিবর্তনগুলো আনছে তার রিভিউ প্রয়োজন। শুধুমাত্র অঙ্ক নয়, যে কটা নতুন এসেছে—আমি দপ্তরে আসার পর আমরা ঠিক করেছি যা ইন্ট্রোডিউস হয়েছে নতুন সিলেবাস অনুযায়ী, প্রত্যেকটা বিষয়ের বইগুলো অন্তত—তা কিরকমভাবে ছাত্ররা, ছাত্রীরা গ্রহণ করছে, কিরকমভাবে শিক্ষকেরা তা গ্রহণ করছে, কিরকমভাবে অভিভাবকরা, শিক্ষাবিদরা তা গ্রহণ করছে, ছাত্র-ছাত্রীদের কাছে তার গ্রহণযোগ্যতা কত, সহজবোধ্য হচ্ছে

কিনা—তারা এই পরীক্ষা করবে। বাস্তব অবস্থার সম্মুখীন হয়ে তারা এই বইগুলো নিয়ে এগোতে পারবে কিনা সেটাও দেখবে। আমরা এই নিয়ে জেলাওয়াড়ী একটি কমিটি করেছি। সেই কমিটিতে শিক্ষকদের নেওয়া হয়েছে। তারা স্কুলে স্কুলে গিয়ে খবর নিয়ে একটি রিপোর্ট আমাকে দেবে। আর অঙ্কের ব্যাপারে যেটা আপনি বললেন, এটা সবে ইন্ট্রোডিউস হয়েছে। আপনি যখন বলেছেন, জেলার থেকে খবর নিয়ে এব্যাপারে যদি মনে হয় এটা সত্যি কঠিন হয়েছে, তাহাল সিলেবাস কমিটিকে অনুরোধ করবো এটাকে আবার সংশোধন করবার জন্য।

শ্রী দিবাকর হাঁসদা : স্যার, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং জানতে চাই—নবম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জন্য পাঠ্যপুস্তক প্রতিবছর পরিবর্তন করা হয়। এটাকে যদি পরিবর্তন না করে কয়েক বছর যাবৎ চালানো হয় তাহলে ভাল হয়। সে ক্ষেত্রে ছাত্র-ছাত্রীদের আর্থিক দুরবস্থার মধ্যে প্রতি বছর বই কিনতে হয় না। এটা কি রোধ করা যাবে না ? মাননীয় মন্ত্রীর কাছে সেই বিষয়টা জানতে চাই ?

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের কাছে বলি, এই কারণেই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নির্দেশ দিয়েছিলেন সরকারের যে পাঁচটি বই তা বিনামূল্যে যেন নবম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের দেওয়া হয়। আমি জানি না অন্য রাজ্যে আছে কিনা ? কিন্তু এই রাজ্যে এটা প্রথম। আপনার এই যে অনুভব, ছাত্র-ছাত্রীরা কিনতে পারে না সেই অনুভবে আপনাদের সকলের কথা শুনে সেটিকে করা হয়েছে। আবার আমরা নিজেরা একটা আলোচনার মধ্যে রেখেছি যে ক্লাস ওয়ান থেকে যেগুলো আমরা দিয়ে থাকি, যেগুলো বাড়িতে নিয়ে যেতে পারে না ওখানেই থাকে সেইগুলোর কি হয় ? এই নিয়ে একটা ব্যাপক আলোচনার দরকার আছে। সকলের সাথে কথা বলবার দরকার আছে। সকলে বইগুলো নিয়ে চলে যায় ফেরত দেওয়ার কোন ব্যবস্থা থাকে না। এইগুলো শুধুমাত্র সিদ্ধান্ত নিলেই তো হবে না। কতটা বাস্তবসম্মত হবে, কীভাবে তা সংগ্রহ হবে, কিভাবে কে রাখবে, এই নিয়ে পরিকল্পনার দরকার। বিষয়টা আপনি বলেছেন আমরা শুনলাম। যদি মনে হয় এধরনের কোন সিদ্ধান্ত সকলকে সঙ্গে নিয়ে আলোচনা করে করা যায়, সেটা নিশ্চয়ই আমরা ভাবব।

শ্রীমতী সাবিনা ইয়াসমিন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় বিভাগীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য, মালদা জেলায় একটিও হিন্দি গার্লস স্কুল নেই। সেই পরিপ্রেক্ষিতে জেলা থেকে একটি প্রস্তাব এখানে পাঠানো হয়েছিল হিন্দি গার্লস স্কুল করার জন্য। এই ব্যাপারে সরকারের কোন ভাবনা-চিন্তা আছে কিনা জানাবেন ?

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয়া অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ককে বলি যে এই ধরনের প্রস্তাব যদি আমার দপ্তরে এসে থাকে নিশ্চয়ই তা বিবেচনা করবো। কিন্তু একটা জিনিস মনে রাখতে হবে আমরা একটি হিন্দি স্কুল করলাম কিন্তু সেই হিন্দি স্কুল চালানোর জন্য ছাত্র-ছাত্রী পেলাম কিনা। এটা একটা বড় সার্ভে করার দরকার। সেই সার্ভে অনুযায়ী যদি দেখা যায় এই ধরনের একটি স্কুলের প্রয়োজনীয়তা আছে এবং ডিসট্রিক্ট যদি সেটা দিয়ে থাকে তাহলে আমি নিশ্চয়ই সেটাকে খুঁজে বার করবো এবং আমি দেখব যে কেন এটা পড়ে আছে ?

শ্রী স্বপন বেলথারিয়া : নমস্কার স্যার। উচ্চ শিক্ষামন্ত্রীর কাছে আবেদন, কিছুদিন আগে মুখ্যমন্ত্রী পুরুলিয়া জেলায় ঘোষণা করেছিলেন, কাশীপুর বিধানসভার মধ্যে তিনটি গার্লস হাইস্কুলের, স্যার সেই তিনটির কতদূর কাজ এগিয়েছে ? আমি সেটা উচ্চশিক্ষা মন্ত্রীর কাছে জানতে চাই ?

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়ককে জানানো যাচ্ছে যে, ইতিমধ্যে আমাদের দপ্তর এই ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করেছে এবং কাজ শুরু হয়েছে।

আপনাদের যদি যাবতীয় প্রশ্ন একটি প্রশ্নকে কেন্দ্র করে সারা বিভাগে থাকে। লিখিতভাবে দেবেন, উত্তর দেব। এবং আপনারা যারা অলচিকি নিয়ে বলছেন, সেটুকু যখন রিসেস হবে আসবেন তখন আমি উত্তর দেব।

.....(Question's Hour is over).....

Starred Questions
(to which answers were laid on the 'Table')

কৃষি পেনশন

*৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৬) **শ্রী বিজয় বাগদী** : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৫ সালের ৩১শে জানুয়ারী সাপেক্ষে রাজ্যে ৬০ বৎসরের উর্ধ্বে কৃষি পেনশন প্রাপকের সংখ্যা কত ; এবং

(খ) এই বিষয়ে রাজ্য সরকারের নতুন কোন পরিকল্পনা আছে কি ?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১৫ সালের ৩১শে জানুয়ারী, সাপেক্ষে রাজ্যে ৬০ বৎসরের উর্ধ্বে কৃষি পেনশন প্রাপকের সংখ্যা হল ৬৬,৩৪০।

(খ) এই বিষয়ে রাজ্য সরকারের নতুন কোন পরিকল্পনা নেই।

অগ্নিকাণ্ডের ঘটনা

*৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৪০) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা** : বিগত ১০ই জুলাই, ২০১৪ তারিখের অ-তারকিত প্রশ্ন নং ৩৮ (অনুমোদিত প্রশ্ন নং ২০)-র উত্তরের পরিপ্রেক্ষিতে মাননীয় অগ্নিনির্বাপণ ও জরুরী পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৪ সাপেক্ষে রাজ্যে মোট কতগুলি অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে ; এবং

(খ) তন্মধ্যে, কতগুলি ঘটনার তদন্ত হয়েছে ?

অগ্নিনির্বাপণ ও জরুরী পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩১শে ডিসেম্বর,২০১৪ সাপেক্ষে রাজ্যে মোট ৮৯৫৩ (আট হাজার নয় শত তিপান্ন)-টি অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে।

(খ) এরমধ্যে ২১ (একুশ)-টির ক্ষেত্রে তদন্ত হয়েছে।

ময়নাগুড়ি কিষান মাণ্ডি

*৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৯১) **শ্রী অনন্ত দেব অধিকারী :** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

ময়নাগুড়ি কিষান মাণ্ডি কবে নাগাদ চালু হবে ?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

জলপাইগুড়ি জেলার ময়নাগুড়ি কৃষক বাজারের কার্য্যাদশ নং ১৮৬৯ তারিখ ২৬-০৬-২০১৪। উক্ত আদেশনামা অনুযায়ী কৃষক বাজারটির নির্মাণ কার্য সমাপ্ত হওয়ার তারিখ ২৬-০৯-২০১৫।

কৃষিজ পণ্যের বাজার

*৭০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৫) **শ্রী দীপক কুমার হালদার :** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১১ সালের আগে রাজ্যে কতগুলি কৃষিজ পণ্যের বাজার ছিল ও সেগুলি কোথায় কোথায় অবস্থিত ?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

২০১১ সালের আগে রাজ্যে নিয়ন্ত্রিত বাজার সমিতিগুলির প্রজ্ঞাপিত বাজার এলাকায় মোট ৪৩টি মুখ্যবাজার চত্বর ছিল। উক্ত বাজারগুলির অবস্থানের তালিকা সংযোজিত হলো।

নিয়ন্ত্রিত বাজার সমিতিগুলির প্রজ্ঞাপিত মুখ্যবাজার চত্বর সমূহের তালিকা
(২০১১ সালের পূর্বে)

জেলা	মুখ্যবাজার চত্বর
কোচবিহার	৬টি
জলপাইগুড়ি	৩টি

জেলা	মুখ্যবাজার চত্বর
দার্জিলিং	২টি
উত্তর দিনাজপুর	২টি
দক্ষিণ দিনাজপুর	০টি
মালদা	২টি
মুর্শিদাবাদ	৪টি
নদীয়া	২টি
উত্তর ২৪-পরগনা	১টি
দক্ষিণ ২৪-পরগনা	০টি
হাওড়া	২টি
হুগলী	৩টি
বর্ধমান	৫টি
বীরভূম	৫টি
বাঁকুড়া	৩টি
পুরুলিয়া	১টি
পশ্চিম মেদিনীপুর	১টি
পূর্ব মেদিনীপুর	১টি
মোট	**৪৩টি**

পার্শ্বশিক্ষকদের সংখ্যা

*৭১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫৮) **শ্রী শাহাজাহান চৌধুরী** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান আর্থিক বছরের ১লা ফেব্রুয়ারী, ২০১৫ সাপেক্ষে রাজ্যে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়গুলিতে পার্শ্বশিক্ষকদের সংখ্যা কত (জেলাওয়াড়ী তথ্যসহ) ;

(খ) উক্ত পার্শ্বশিক্ষকদের স্থায়ীকরণের ব্যাপারে সরকারের কোন পরিকল্পনা আছে কি ;এবং

(গ) থাকলে, তা কবে নাগাদ কার্যকরী করা হবে বলে আশা করা যায় ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বর্তমান আর্থিক বছরের ১লা ফেব্রুয়ারী, ২০১৫ সাপেক্ষে রাজ্যে প্রাথমিক

বিদ্যালয়ে ২৪,৩১৬ জন এবং উচ্চ প্রাথমিক বিদ্যালয়ে ২৮,২২১ জন পার্শ্বশিক্ষক নিযুক্ত আছেন। (জেলাওয়ারী তথ্য সংযোজিত হল)

জেলাভিত্তিক তথ্য নিম্নরূপ :

ক্রমিক সংখ্যা	জেলার নাম	বর্তমান পার্শ্বশিক্ষক সংখ্যা		
		প্রাথমিক	উচ্চ-প্রাথমিক	মোট
১	আলিপুরদুয়ার	৫৬১	৮২৭	১৩৮৮
২	বাঁকুড়া	১১৭৫	১৬৯৬	২৮৭১
৩	বর্ধমান	১০৪৯	২৫৬৭	৩৬১৬
৪	বীরভূম	৪৩৫	৯৮৫	১৪২০
৫	দক্ষিণ দিনাজপুর	১	৭৭৩	৭৭৪
৬	জি.টি.এ	১৫১	১৯৬	৩৪৭
৭	হাওড়া	১০১৭	১০৮১	২০৯৮
৮	হুগলী	১১৬৪	১৪০০	২৫৬৪
৯	জলপাইগুড়ি	৮৩৪	১২৩০	২০৬৪
১০	কোচবিহার	১৮৩	১১৩৮	১৩২১
১১	কলকাতা	৭৩০	৫৪৩	১২৭৩
১২	মালদা	২২৪৪	১১৭০	৩৪১৪
১৩	মুর্শিদাবাদ	৩৫৯৪	২৬৬৩	৬২৫৭
১৪	নদিয়া	১৪৭০	২৮৪৮	৪৩১৮
১৫	উত্তর ২৪ পরগণা	১৮৮৫	২৪৫৯	৪৩৪৪
১৬	পশ্চিম মেদিনিপুর	১৯২৬	১২৪৭	৩১৭৩
১৭	পূর্ব মেদিনিপুর	৯৭৮	১৬৭৩	২৬৫১
১৮	পুরুলিয়া	৯৮০	৯৩৩	১৯১৩
১৯	শিলিগুড়ি	৪৬১	১৮৮	৬৪৯
২০	দক্ষিণ ২৪ পরগণা	২০১২	১৮৪০	৩৮৫২
২১	উত্তর দিনাজপুর	১৪৬৬	৭৬৪	২২৩০
মোট		২৪৩১৬	২৮২২১	৫২৫৩৭

(খ) উক্ত পার্শ্বশিক্ষকদের স্থায়ীকরণের ব্যাপারে বিদ্যালয় শিক্ষা দপ্তর পশ্চিমবঙ্গ সরকারের প্রকাশিত নির্দেশনামা No. 376-SE(Pry) dated 09.06.2010 অনুযায়ী যে সকল পার্শ্বশিক্ষক/শিক্ষিকাগণ ০৯.০৬.২০১০ এর পূর্বে চাকুরীতে নিযুক্ত হয়েছেন, তাঁদের ৬০ বছর বয়স অবধি চাকুরী সুনিশ্চিত করা হয়েছে।

Government of West Bengal
School Education Department
Bikash Bhawan, Bidhannagar,
Kolkata-700 091

No.376-SE(Pry) Date :09/06/2010

ORDER

In continuation and partial modification of the Memorandum No.273SE(P)/PBRPSUS/ADMN/9/04-05 dt.23-04-2010 & 275SE (P)/ PBRPSUS/ADMN/9/04-05 dt.23-04-2010, the undersigned is directed by the order of the Governor to make the following inclusion/ modification in the aforesaid G.O :-

(i) No other allowance will be admissible to the Para Teachers, Siksha Bandhus, VRPs and other associated with PBSSM and the Contractual Teachers except the enhancement @ 5%of the remuneration, at every interval of 3 years, after the enhancement done as on 01-06-2010.

(ii) These persons will remain engaged till they attain 60 years of age, and the State Government will bear the expenditure if the Government of India stops funding the PBSSM Project before their cessation of engagement attaining 60 years of age.

(2) No new engagement of Para Teacher or any other category of employees can be made after issue of this order.

Sd/-

(Vikram Sen)
Secretary to the Government of West Bengal

(গ) পূর্বোক্ত উত্তর দ্রষ্টব্য।

কৃষিকার্যের সরঞ্জাম ক্রয়

*৭২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৫) **শ্রী বিশ্বনাথ কারক**: কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কৃষিকার্যের সরঞ্জাম ক্রয়ের জন্য সরকার বেশ কিছু ব্যবস্থা গ্রহণ করেছে ; এবং

(খ) সত্যি হলে, ব্যবস্থাগুলি কীরূপ ও হুগলী জেলার কোথায় এই সরঞ্জাম পাওয়া যাচ্ছে ?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, কৃষকদের জন্য রাজ্য 'কৃষি যন্ত্রপাতি ক্রয়-এর আর্থিক অনুদান প্রকল্পের ব্যবস্থা করেছে।

(খ) মূলত তিন প্রকার প্রকল্প বর্তমানে চালু আছে :-

(১) 'ক্ষুদ্র-যন্ত্রপাতি ক্রয়ের জন্য এককালীন আর্থিক অনুদান প্রকল্প' ২০১১-১২ থেকে চালু আছে এই প্রকল্পে এককালীন ৫০০০/- টাকা সরকারী ভর্তুকী কে.সি.সি. বা ব্যাঙ্ক অ্যাকাউন্ট মারফত ক্ষুদ্র ও প্রান্তিক চাষিভাইদের প্রদান করা হয়।

(২) বৃহৎ যন্ত্রপাতি যেমন ট্রাক্টর, পাওয়ার টিলার, পাম্পসেট, ধান কাটা ও রোপণ যন্ত্র ইত্যাদি ক্রয়ের জন্য ১০,০০০/- টাকা থেকে ১,০০,০০০/- টাকা অবধি সরকারী ভর্তুকী কে.সি.সি.—এর মাধ্যমে প্রদান করা হয়। প্রকল্পের নাম 'ফাইনানসিয়াল সাপোর্ট স্কিম ফর ফার্ম মেকানাইজেশন'।

(৩) 'কৃষি-যন্ত্রপাতি ভাড়াকেন্দ্র প্রতিস্থাপনের জন্য ব্যাঙ্ক ঋণ মারফত ভর্তুকী প্রকল্প' চলতি বছর চালু হয়েছে। এই প্রকল্পে ৪০ শতাংশ বা সর্বোচ্চ ২৪ লক্ষ টাকা (যেটি কম) পর্যন্ত অনুদান দেওয়া হয়।

হুগলী জেলায় এই তিনটি প্রকল্পে আর্থিক সহায়তা পাওয়ার জন্য ব্লকস্তর সহ কৃষি অধিকর্তা-এর করণে নির্দিষ্ট ফর্মে আবেদন করতে হবে। 'আগে আসলে আগে পাবে' এই ভিত্তিতে অগ্রাধিকার দেওয়া হয়।

রাসায়নিক সারের গুণমান পরীক্ষা

*৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৯) **শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ** : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে রাসায়নিক সারের গুণমান সঠিকভাবে পরীক্ষা হচ্ছে না; এবং

(খ) সত্যি হলে, এ বিষয়ে সরকার কী পদক্ষেপ গ্রহণ করেছে/করছে ?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সত্য নহে।

(খ) প্রযোজ্য নহে।

পুরুলিয়া জেলায় শিক্ষকদের শূন্যপদের সংখ্যা

*৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৮) **শ্রী ধীরেন্দ্রনাথ মাহাতো** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পুরুলিয়া জেলার উচ্চ বিদ্যালয়গুলিতে শিক্ষকদের শূন্যপদের সংখ্যা কত ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : পুরুলিয়া জেলার উচ্চ বিদ্যালয়গুলিতে শিক্ষকদের শূন্য পদের সংখ্যা ১৮৭৪ জন।

চলতি বছরে আলুর দাম

*৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৬) **শ্রী মনোরঞ্জন পাত্র** : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্তমান বছরে আলুর উৎপাদন অত্যধিক বেশি হওয়ার কারণে কৃষকগণ আলুর সঠিক দাম পাচ্ছেন না ; এবং

(খ) সত্যি হলে, এই বিষয়ে সরকারের পক্ষ থেকে কোন পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে কি ?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বর্তমান মা-মাটি-মানুষের সরকার ক্ষমতায় আসার পর থেকেই প্রতিটি আলুবর্ষে কৃষকরা ৯-১০ টাকা পর্যন্ত দাম পেয়েছেন, যা দপ্তরের রেকর্ড অনুযায়ী স্বাধীনতার পরে সর্বোচ্চ। বর্তমান আলুবর্ষ শুরু হবে ১লা মার্চ, ২০১৫ থেকে। এখন যে অল্প পরিমাণ আলু চাষীরা বিক্রি করছেন তাতে সরকারের কাছে কোন অভাবী বিক্রির খবর নেই।

(খ) সরকার পরিস্থিতির উপর নজর রাখছে।

[12.00 noon—12.10 p.m.]

NOTICE OF BREACH OF PRIVILEGE

Notice of Breach of Privilege and Contempt of the House, given by Shri Tapas Roy, MLA.

Mr. Speaker : I have received a notice of Breach of Privilege and Contempt of the House under Rule 226 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly from Shri Tapas Roy, MLA against Shri Aveek Sarkar, the Editor and Shri Pradipta Biswas, the Publisher, Ebela Patrika for alleged casting reflection on the Standing Committees of the West Bengal Legislative Assembly by making derogatory remarks in its edition published on 26th February, 2015 of the said Patrika.

After verifying the contents of the notice and the annexure carefully, I am satisfied that there is a prima facie case of Breach of Privilege in the instant matter.

As such, I request Shri Tapas Roy to raise the matter as a question of privilege under Rule 227 of Ruleas of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Shri Tapas Roy : Sir, I beg to move that the Privilege Notice against Shri Aveek Sarkar, the Editor and Shri Pradipta Biswas, the Publisher, Ebela Patrika for alleged casting reflection on the Standing Committees of the West Bengal Legislative Assembly by making derogatory remarks in its edition published on 26th February, 2015 of the said Patrika be referred to the Privileges Committee for investigation, enquiry and to submit a report thereon at an early date. স্যার, ২৬শে ফ্রেব্রুয়ারী, ২০১৫ এটা আমাদের সদনের এবং আমাদের প্রতিটি সদস্যের এবং আমরা যারা মেম্বার স্ট্যান্ডিং কমিটি এবং চেয়ারম্যান। আমিও দেড় বছরের উপর হোম স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান ছিলাম। আমি কখনো এই জিনিস শুনিনি বা দেখিনি। আপনারা যদি কোন মেম্বার জানেন, দেখে থাকেন বা শুনে থাকেন তাহলে নিশ্চয় বলবেন। চেয়ারম্যান যারা রয়েছেন তারা বলবেন। বিধানসভায় মুখ্যমন্ত্রী, স্পীকার, ডেপুটি স্পীকারের ঘরের পর্দা কাচার টাকাই নেই এবং অ্যার্টিকেল অ্যাক্টস বলছে, contents lying like বিধানসভার স্ট্যান্ডিং কমিটির বৈঠকের সময় সদস্যদের দেদার খাওয়া-দাওয়ার আয়োজন করা হয়। তখন খাবারের টাকা জোগানোর টাকা ঘাটতি হয় না। আমার জানা নেই, যদি কোন স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান বা সদস্যদের জানা থেকে থাকে যে কখনো স্ট্যান্ডিং কমিটির কোন মিটিংয়ে—আমি প্রায় ১৯ মাস মতন একটি স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান ছিলাম, হোম স্ট্যান্ডিং কমিটি। আমার তো মনে পড়ে না বা কোন সদস্য যে, কখনো কোনদিন খাওয়ানো হয়েছিল। এটা আমাদের সদনের এবং আমাদের স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান এবং সকল সদস্যের প্রতি একটি অর্মযাদাকর একটা এবং সর্বৈব একটি অসত্য খবর পরিবেশিত হয়েছে। আমি আপনাকে বলবো, কাইন্ডলি এটা পাঠিয়ে তাড়াতাড়ি এর রির্পোটটা যাতে আসে সেই ব্যবস্থা করবেন।

Mr. Speaker : Now I put the motion moved by Shri Roy that the matter be referred to the Committee of Privileges for investigation, enquiry and to submit a report thereon at an early date to vote.

As many as are of the opnion will please say Aye.

As many as are of the contrary opnion will please say No.

Ayes have it, Ayes have it.

The motion is adopted.

The matter is referred to the Committee of Privileges for investigation, enquiry and to submit a report thereon at an early date.

MOTION FOR FURTHER EXTENSION OF TIME FOR PRESENTATION OF REPORTS OF THE COMMITTEE ON PRIVILEGES (2014-2015)

Smt. Sonali Guha (Bose) (The Chairperson) : Sir, I beg to move that the time for presentation of the Report of the Committee of Privileges on the Privilege case against the Editor, 24 Ghanta News Channel, due to expire by the end of the current Session, be further extended till the end of the next Session.

Mr. Speaker : There is yet another Motion for further extension of time for presentation of Reports of the Committee on Privileges (2014-2015). I call upon Shrimati Sonali Guha (Bose) to move that.

Smt. Sonali Guha (Bose) : Respected Sir, I beg to move that the time for presentation of the Report of the Committee of Privileges on the privilege case against the Staff Reporter, Editor, Publisher and Printer of the Ananda Bazar Patrika, due to expire by the end of the current Session, be further extended till the end of the next session.

Mr. Speaker : The question before the House is that the two Motions put by the Chairperson of the Committee on Privileges.

As many as are of the opinion will please say Aye. As many as are of that contrary opinion will please say No.

Ayes have it. Ayes have it. The motion is adopted. The Motion is adopted.

NOTICE OF CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received **three (3)** notices of Calling Attention on the following subjects, namely :-

Subject	Name
i) Reported incident of physical torture on and suicidal death of a Madhyamik appearing girl student at Paschim Kamarkhuba (কামারখুবা), Habra on 27.2.2015	: Shri Sahajahan Choudhury
ii) Alleged problems faced by the patients for want of beds and lack of infrastructural facilities in Cardiology and Neurology	: Shri Basudeb Khan

Departments of the Superspeciality Hospital in Burdwan :

iii) Urge for upgradation of Ramji banpur-Kandra(রামজীবনপুর-কাঁদরা) block Health Centre to Rural Hospital in Ketugram Assembly Constituency area : Shri Sekh Sahonawez

I have selected the notice of Shri Sekh Sahonawez on the subject of Urge for upgradation of Ramjibanpur-Kandra Block Health Centre to Rural hospital in Ketugram Assembly Constituency area.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর সাথে কথা বলে নিশ্চয় এখানে উত্তর দেওয়ার ব্যবস্থা করব।

Mr. Speaker : Now, I call upon the Minister-in-Charge of the Tourism Department to make a statement on the subject of setting up of a Tourist Centre at Damunya Village in Burdwan district, the birthplace of Kabikankan Shri Mukundaram Chakraborty.

(Attention called by Shri Basudeb Khan on the 26th February, 2015)

শ্রী ব্রাত্য বসু : স্যার, গত ২৬ তারিখে মাননীয় বিধায়ক যে কলিং অ্যাটেনশানটি দিয়েছিলেন, আমার বিবৃতি—তার উত্তর হচ্ছে যে এই মুহূর্তে এই ধরনের কোন পরিকল্পনা পর্যটন দপ্তরের বিবেচনাধীন নেই। তবে আমাদের দপ্তর এই সব বরেণ্য কবি, সাহিত্যিক, স্বাধীনতা সংগ্রামী ও অন্যান্য মনীষীদের জন্মস্থানগুলিকে কেন্দ্র করে পর্যটন প্রকল্প গড়ে তোলার জন্য একটি বিভাগীয় কমিটি শীঘ্রই গঠন করছে। উক্ত কমিটি এ ব্যাপারে একটি সুষ্ঠু নীতি প্রণয়ন করবে। যার উপর ভিত্তি করে পর্যটন দপ্তর এই সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এই বিষয়ে পর্যটন দপ্তর শীঘ্রই কাজ শুরু করছে।

শ্রী বাসুদেব খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন—আপনি বলেছেন যে এই সময়ে পর্যটন কেন্দ্র গড়ার ওখানে সম্ভাবনা নেই। আপনার কাছে আমার অনুরোধ কবিকঙ্কণ মুকুন্দরামের যে স্মৃতিচিহ্নগুলি ওই গ্রামের মধ্যে আছে, সেগুলিকে রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে খুবই সমস্যা হচ্ছে। কারণ ওখানে একটা পুঁথি আছে, যেটা দুষ্প্রাপ্য। যারা ওখানে রিসার্চ করতে যাচ্ছে, সেই পুঁথি তারা নিয়ে বিভিন্নভাবে দেখাশোনার পরেও সেটি নষ্ট হওয়ার সম্ভবনা। দুই হচ্ছে সেখানে ১২টি দুষ্প্রাপ্য শিবের মূর্তি আছে। এছাড়াও ওখানে সিংহবাহিনীর মূর্তি আছে এবং দামুন্যায় কবিকঙ্কন মুকুন্দরামের নিজের যে ভিটে আছে, বিভিন্নভাবে সেই জায়গা দখল হয়ে যাচ্ছে। বিগত সরকারের সময়ে ওই

জায়গাটায় মঞ্চ বা বাস চলাচলের আপাতত একটা সমস্যার সমাধান আমরা করতে পেরেছি। আপনার কাছে আমার অনুরোধ শুধু ওই কবিকঙ্কন মুকুন্দরামকে ঘিরেই—এছাড়াও সুবলদা গ্রামে বিপ্লবী রাসবিহারী বসুর জন্মস্থান। শ্রীরামপুরে রূপরাম চক্রবর্তীর জন্মস্থান। এইরূপ কবি, সাহিত্যিক এবং বিপ্লবীদের নিয়ে রায়না দু'নম্বর ব্লকটি গঠিত আছে। সেইজন্য আপনার কাছে অনুরোধ, আপনি যদি খুব নজর দিয়ে দেখেন তাহলে পর্যটন গড়ার ক্ষেত্রে খুব অসুবিধা হয়।

[12.10—12.20 p.m.]

শ্রী ব্রাত্য বসু : আমি তো আপনাকে বললাম যে আমরা এই ধরনের একটা পলিসি নিচ্ছি, যাতে কিভাবে এই ধরনের মানুষদের গ্রহণ করা যায়, সংরক্ষণ করা যায়। আপনি স্বাধীনতা সংগ্রামীর কথা বললেন—আমাদের সরকারের সময়েই ওই বর্ধমান জেলায় আমাদের সময়েই স্বাধীনতা সংগ্রামী বটুকেশ্বর দত্তর জন্মভিটা সংস্কার করেছি এবং তারজন্য ৮৬ লক্ষ ৯৯ হাজার টাকা আমরা ওই সংরক্ষণের খাতে দিয়েছি। জেলাশাসক, ডি.এম, বি.ডি.ও—খণ্ডঘোষ এই পুরো কাজের দায়িত্ব নিয়েছে। আপনি যেরকমভাবে বললেন কথা সেইভাবেই গ্রামীণ ভিটে সংস্কার, অন্যান্য এবং সেইসঙ্গে তাঁর ব্রোঞ্জের আবক্ষ মূর্তি বসানো এবং জায়গাটা বাউন্ডারী দিয়ে ঘেরা—এইভাবে পুরো জায়গাটাকে আমরা ঢেলে সাজাচ্ছি। আপনারা জানেন যে বর্ধমানেই-শুধু বর্ধমানে কেন অন্যান্য জেলাতেও এইরকম বহু বরেণ্য মনীষী আছে। আমি সেইজন্য বারবার করে বলছি যে, আমরা একটা কমিটি করছি, সেখানে যার যে প্রস্তাব আসবে তারা খতিয়ে দেখবেন। আমার ধারণা আপনি যে পুঁথিটার কথা বললেন, সেটা ওনার চণ্ডীমঙ্গল গ্রন্থ, সেটা আমার ধারণা বর্ধমান বিশ্ববিদ্যালয় তারা একটা দায়িত্ব নিতে পারেন। কারণ এটা সরাসরি তাদের আওতাভুক্ত। আমি এই ব্যাপারে বিশ্ববিদ্যালয়কে জানব বা বিভাগীয় মন্ত্রীকেও বলব যে এই বিষয়ে যাতে একটা ব্যবস্থা নেওয়া যায়। আর শিব মন্দির এবং অন্যান্য বিষয়ে যেগুলি আপনি বললেন, সেগুলি যাতে ধ্বংস না হয় কারণ এগুলির শুধু ঐতিহ্য নয়, এগুলির মধ্যে একটা পুরাতাত্ত্বিক একটা ইতিহাস লুকিয়ে আছে। সেইটাকে সংরক্ষণ করার দরকার। সেই জায়গায় আমি দেখব। আপনি যদি এই বিষয়ে একটি আলাদা করে চিঠি আমাকে দেন, তাহলে সেক্ষেত্রে আমি অন্তত আপাতভাবে সংরক্ষণের দায়িত্ব আমরা নেব এটুকু আমি বলতে পারি।

PRESENTATION OF COMMITTEE REPORTS

Presentation of the 153rd Report of the Committee on Public Undertakings (2014-2015)

Shri Kollol Khan : Sir, with your kind permission I beg to present the 153rd Report of the Committee on Public Undertakings (2014-2015) on Audit Para No.2.2 of the Report of the Comptroller and Auditor General of India (Commercial) for the year 2007-2008 relating to West Bengal Infrastructure Development Finance

Corporation Limited under Finance Department, Government of West Bengal.

Presentation of the First Report of the Committee on Government Assurances (2014-2015)

Dr. Manas Ranjan Bhunia : Hon'ble Speaker Sir, I beg to present the First Report of the Committee on Government Assurances (2014-2015) on the Assurances given by the Minister-in-charge of the Department of Health and Family Welfare on the floor of the House during the year 2013-2014.

MENTION CASES

শ্রী শাহাজাহান চৌধুরী : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় শ্রম মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৭শে ফ্রেব্রুয়ারী কামারহাটি জুট মিল এবং হাওড়ার দাশনগর জুটমিলে সাসপেনশান অফ ওয়ার্কের নোটিশ কারখানার গেটে ঝুলিয়ে দেওয়া হয়েছে। যদিও প্রতিদিন এই দুটি কারখানায় ৯০ টন করে ছোটো বস্তার প্রোডাকশান হচ্ছে। তা সত্ত্বেও এই নোটিশ ঝোলানো হয়েছে। ফলে ৩ হাজার শ্রমিক আছে কামারহাটিতে এবং দাশনগরে ৮০০ শ্রমিক কর্মহীন হয়ে পড়েছে। যদিও এক টন চটের ব্যাগ বিক্রি করলে ৬২ হাজার টাকা পায়। সেখানে ভিন রাজ্যের বেসরকারী সংস্থার কাছে বিক্রি করলে ৫১ হাজার টাকা এবং গড়ে প্রায় দেড়কোটি টাকার পণ্য বিক্রি করছে এই দুটি কারখানা। তবুও কৃত্রিম সংকটের তত্ত্ব আবিষ্কার করছে। অবিলম্বে এই দুটি কারখানা যাতে খোলে তারজন্য ৩ হাজার ৮০০জন শ্রমিক যাতে কাজ ফিরে পায় তারজন্য মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী বাসুদেব খাঁ : স্যার আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। রাজ্যে তোলাবাজির দাপটে মানুষ অতিষ্ঠ। হাওড়া জেলাতে আগে পুকুর ভরাটকে কেন্দ্র করে কে একজন খুন হয়েছে—তার নামটা জানি না। তিনি নাকি এরসঙ্গে জড়িত আছেন। গত শনিবার ২৭ তারিখে একই ঘটনার আবার নতুন করে পুনরাবৃত্তি হল। সেখানে পুকুর ভরাটকে কেন্দ্র করে তোলাবাজরা হাওড়ার বয়স্ক একজন বিধায়ককে বন্দুক ঠেকিয়ে ভয় দেখায়। তিনি থানায় এফ.আই.আর করেছেন। তাই স্বরাষ্ট্র দপ্তরের কাছে আমি আবার নতুন করে দৃষ্টি আকর্ষণ করতে চাইছি যে তোলাবাজি বন্ধ করুন এবং শাসক দলের ও বিরোধী বিধায়কদের বাঁচান। ধন্যবাদ।

শ্রী ধীরেন্দ্রনাথ মাহাতো : মাননীয় উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে মাননীয়া স্বাস্থ্যমন্ত্রী মহোদয়ার দৃষ্টি আকর্ষণ করি যে, পুরুলিয়া জেলায় আমার বিধানসভা জয়পুর এলাকায় সিধি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের চারপাশে ঝাড়খণ্ড সীমান্ত এলাকার প্রায় ৪০টি গ্রামে প্রত্যন্ত এলাকার মানুষ বসবাস করে। স্বাস্থ্য কেন্দ্রটি তিন দিন খোলা থাকে। আমার অনুরোধ প্রতিদিন যেন এই স্বাস্থ্য কেন্দ্রটি খোলা হয়। ধন্যবাদ।

ডঃ তরুণ কান্তি নস্কর : অনারেবল ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে আমি মাননীয়া স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বহরমপুর শহরের কেন্দ্রে অবস্থিত যে সদর হাসপাতাল আছে, তার বর্তমানে চালু পরিষেবাগুলো স্থানান্তর করে দেওয়ার একটা উদ্যোগ চলছে। মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ ও হাসপাতাল গঠিত হওয়ার পর সদর হাসপাতালকে মেডিক্যাল কলেজের ক্যাম্পাস ঘোষণা করা হয়। এবং তার পরেই এক জায়গায় সমস্ত পরিষেবা থাকা উচিত এই অজুহাতে সদর হাসপাতালের চালু পরিষেবাগুলো স্থানান্তর করার একটা প্রচেষ্টা শুরু হয়েছে। আসলে ২০০০ সাল থেকেই বহরমপুর স্টেট জেনারেল হাসপাতাল ও সদর হাসপাতালকে এক করে ফেলার একটা চেষ্টা হয়েছিল। তখন এর বিরুদ্ধে প্রতিবাদ হয় এবং তা বন্ধ হয়। আবার সেই একই প্রচেষ্টা চলছে। এর ফলে লক্ষ মানুষের যে জেলা মুর্শিদাবাদ, তার চিকিৎসা পরিষেবা সঙ্কুচিত হবে। সাধারণ মানুষ সদর হাসপাতাল বাঁচাও কমিটি গড়ে তুলে এর বিরুদ্ধে আন্দোলন করছে। এই অপচেষ্টা বন্ধের দাবি আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য দপ্তরের মন্ত্রীকে অনুরোধ করছি।

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহোদয়া, সারা রাজ্যে চাষিরা ভীষণ উদ্বিগ্ন। প্রথমত পাটের দাম পায়নি, দ্বিতীয়ত ধানের দাম ঠিকমতো পায়নি, বিক্রি হয়নি। এখন আবার আলুর দাম নিয়ে সমস্যা হয়েছে। তারসঙ্গে যে ইনপুটস দরকার, তার মধ্যে এখন ইনপুটসের ভীষণ অভাব। বিশেষ করে কিছু এলাকায় ইউরিয়া কিনতেই পাওয়া যাচ্ছে না। এই রকম চরম একটা দুরবস্থার মধ্যে কৃষকেরা আছে। আমি আপনার মাধ্যমে এই সরকারের কাছে বিশেষ করে মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাব যে অবিলম্বে যাতে চাষিরা ঠিকমতো সার পায় সমস্ত জায়গায়, তার সরবরাহের ব্যবস্থা করা। আর এই যে মান্ডি ইত্যাদি যা যা আমরা করছি, আসলে কৃষকের জিনিস বেচার ব্যাপারে যদি নিশ্চয়তা না থাকে, দামের ব্যাপারে যদি নিশ্চয়তা না থাকে তাহলে এত অ্যারেজমেন্টের কোনো মূল্য হয় না।এই জন্যে যাতে নির্দিষ্ট দামে তারা জিনিস পত্র বিক্রি করতে পারে, বেচার নিশ্চয়তা পায়, সেটার ব্যবস্থা করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী শেখ শাহনাওয়াজ : মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে মাননীয় পর্যটন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় কেতুগ্রাম দু-নম্বর ব্লকে দক্ষিণ ডিহির পাশে অট্টহাস নামে বাহান্ন পীঠের একটা পীঠস্থান আছে। সেখানে লক্ষ লক্ষ ভক্তের সমাগম হয়। দীর্ঘ ৩০-৩৪ বছর যাবৎ ওর পাশে যে মন্দিরটি আছে সেটা ভগ্নদশা। সেখানে নতুন কোনো ইনফ্রাস্ট্রাকচার তৈরি হয়নি। বর্তমানে সরকার বিভিন্ন জায়গায় পর্যটন দপ্তর থেকে অনেক জিনিস রক্ষণাবেক্ষণের জন্য ব্যবস্থা গ্রহণ করছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে ওই বৃহৎ একটা মন্দির, যেখানে লক্ষ লক্ষ লোক যাতায়াত করে সেখানে নতুন করে ইনফ্রাস্ট্রাকচার তৈরি করে ওই জায়গাটাকে সুন্দরভাবে যাতে সাজানো হয় সেই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী ধীরেন বাগদী : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়া, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী এবং রাজ্যে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মাননীয় সদস্য

আনিসুর রহমান বললেন। ধানের অভাবী বিক্রি সরকার আটকাতে ব্যর্থ হয়েছে। সেই সঙ্গে এখন আলু চাষিরা আজকে বাজারে যে দাম পাচ্ছে, প্যাকেট প্রতি ২০০ টাকার বেশি দাম পাচ্ছে না।

[12.20—12.30 p.m.]

আজকে বিদ্যুতের মাসুল বেড়েছে, সারের দাম বেড়েছে, ফলে উৎপাদন খরচও বেড়েছে। এই সময় আলু চাষীরা যদি তাদের উৎপাদিত পণ্যের দাম না পায় তাহলে চরম বিপদে পড়বে। আলুর দাম বেড়ে গেলে মানুষের স্বার্থে সরকার বিভিন্ন রকম ব্যবস্থা নেয়, এটা আমরা দেখেছি। আজকে চাষীরা আলুর দাম পাচ্ছে না, অভাব বিক্রি হয়ে যাচ্ছে। এই অবস্থার বিরামের জন্য সরকার যাতে দ্রুত ব্যবস্থা নেয় সেইজন্য আবেদন জানাচ্ছি।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মা-মাটি-মানুষের সরকার চলছে। আমরা দেখতে পাচ্ছি মা ধর্ষিতা, মাটি চুরি হয়ে যাচ্ছে, মানুষ অত্যাচারিত হচ্ছে।

ম্যাডাম ডেপুটি স্পীকার : আপনি পটেটোর উপর দিয়েছেন। পয়েন্টের উপর বলুন।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : ইতিমধ্যে ১০০ জন কৃষক আত্মহত্যা করেছে। আবার আলুর দাম না পেয়ে আত্মহত্যার পথ বেছে নেবে। ধানের দাম,পাটের দাম পায়নি, কোন ফসলের দাম পাচ্ছে না চাষী। কিছু কিছু দাম পাচ্ছে ফড়েরা। ১৪০, ১৫০, ১৬০ টাকায় আলু মাঠে বিক্রি হচ্ছে। অথচ আমরা দেখেছি আলু উৎপাদন করতে গেলে বা অন্যান্য ফসল উৎপাদন করতে গেলে পেস্টিসাইডস থেকে আরম্ভ করে, বিদ্যুৎ থেকে আরম্ভ করে সারের দাম কত গুণ বেড়েছে। এই জায়গায় দাঁড়িয়ে সরকার নীরব দর্শকের ভূমিকা পালন করছে। কৃষক আত্মহত্যার পথে যাচ্ছে, সরকার এই আত্মহত্যাকে মেনেই নিচ্ছে না, বলছে আত্মহত্যা হয়নি। আমি খুব জোরালোভাবে দাবী করছি, এই হাউস থেকে সর্ব দলের সদস্যদের নিয়ে একটা কমিটি করা হোক, বিচার করে দেখা হোক সঠিক ঘটনা কী। মাঠে গিয়ে এই সমস্ত দেখা হোক। অবিলম্বে এই ব্যাপারে হস্তক্ষেপ করার দাবী করছি।

শ্রী শমীক ভট্টাচার্য : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আমি আপনার মাধ্যমে মাননীয় পুর এবং স্বাস্থ্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজ থেকে ১৭ বছর আগে বসিরহাট শহরে পুরসভা পরিচালিত মাতৃসদন খোলা হয়েছিল। সেখানে ২৬ জন স্টাফ আছে, কোন স্থায়ী ডাক্তার নেই। বহু মহিলারা সেখানে আসতেন, উপকৃত হতেন। টাকী এবং বসিরহাটে নয়, সন্দেশখালি ব্লক ১, যেখান থেকে বসিরহাট শহরে আসতে তিন চারটে নদী পার হয়ে, তিন চার ঘন্টা সময় লেগে যায়, তাদের পক্ষে বারাসাত বা কলকাতার কোন হাসপাতালে আসা সম্ভব নয়। কিন্তু দুর্ভাগ্যবশত বেশ কয়েক বছর যাবৎ সেই মাতৃসদনটি বন্ধ হয়ে আছে। সংখ্যালঘু এলাকা, সেখানে জনসংখ্যা বৃদ্ধির হার অত্যন্ত বেশি। বহু সংখ্যালঘু মহিলা ওইটির উপর নির্ভরশীল ছিলেন। আজকে সেই ২৬ জন স্টাফের টাকা যোগান দিচ্ছে পুরসভা। সেখানে মূলত তারা স্থানীয় কয়েকটি নার্সিং হোমের সঙ্গে লিঁয়াজো

মেইনটেন করার কাজ করছে। এই ব্যাপারে হস্তক্ষেপ করলে অসংখ্য মানুষ, প্রসূতি মায়েরা উপকৃত হবেন।

শ্রী দেবপ্রসাদ রায় : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, ৩৪ বছরের শাসন শেষ করে ২০১১ সালে নতুন সরকার ক্ষমতায় আসবার পর আলিপুরদুয়ার এবং তৎসংলগ্ন আলিপুরদুয়ার রেল সহ আলিপুরদুয়ার junction এর মানুষ আনন্দে উদ্বেলিত হয়ে উঠেছিল যখন তারা দেখেছে ৬৬ বছরের প্রত্যাশিত আলিপুরদুয়ার এবং রেল শহর আলিপুরদুয়ার junction এর মধ্যস্থ রেল গেটের ওপরে উড়ালপুল নির্মাণের সিদ্ধান্ত ঘোষিত হয়েছে। আরও উৎসাহিত হয়েছে যখন দেখেছে যে, নির্ধারিত সময়ে সেই উড়ালপুর নির্মাণের কাজ শুরু হয়েছে। এবং, যেহেতু প্রকল্পটি cost sharing basis, রেল প্রথম কাজে হাত দেয়, রেল প্রথম কাজ শুরু করে এবং রাজ্য সরকার কাজে হাত দেবে বলে আমরা প্রতীক্ষায় থাকি। যখন নির্মাণ কিছুটা এগিয়েছে, মানুষ বিস্ময়ের সাথে, হতাশার সাথে দেখছে ৭২ ফুট প্রশস্ত রাস্তার উপরে স্বল্পাকৃতি চেহারা নিয়ে ২২ ফুট চওড়া একটি উড়ালপুল তৈরি করা হচ্ছে। যারা জানেন তারা অবগত আছেন পুল নির্মিত হলে নিচের level crossing বন্ধ হয়ে যায়। অর্থাৎ দুটি শহরের মধ্যে সংযোগ রক্ষাকারী সড়কটি, যেটি আজকে ৭২ ফুট প্রশস্ত, সেই সড়কটি ২২ ফুটে পরিণত হবে এবং যথারীতি নবঘোষিত জেলার মানুষের যোগাযোগের সুবন্দোবস্ত যতটুকু আছে সেই বন্দোবস্তও খর্ব হওয়ার একটা আশঙ্কায় মানুষ দিন গুণছে।

বিষয়টি যখন রেল প্রশাসনের নজরে আনা হয় তখন তারা বলে আমরা আমাদের এলাকা, মধ্যস্থ এলাকা সম্প্রসারিত করতে প্রস্তুত আছি, রাজ্যসরকারকে বলুন তারা তাদের দিকটা যাতে সম্প্রসারিত করে। তার কারণ শর্ত অনুযায়ী এই উড়ালপুলগুলির মধ্য এলাকাটা রেল তৈরি করে এবং দুদিকের অ্যাপ্রোচ রাজ্যসরকার তৈরি করে। বিষয়টি যখন রেলের দপ্তর থেকে রাজ্যসরকারের কাছে নিয়ে আসা হয় রেল তখন বলে কস্ট শেয়ারিং বেসিসে আমি ১৬ কোটি টাকা ব্যয় করে, আমি সাত কোটি টাকা নিজে খরচ করছি, আমার দিক থেকে অর্থের কোন সংকট নেই, রাজ্যসরকারকে বলুন তাদের দিক থেকে এটিকে সংশোধিত করতে। মাননীয় পূর্তমন্ত্রী হস্তক্ষেপ চেয়ে তার সঙ্গে সম্পর্ক স্থাপন করলেন। আমি এই সদনে দাঁড়িয়ে তাকে ধন্যবাদ জানাচ্ছি তিনি সময়মতো হস্তক্ষেপ করে পূর্ত বিভাগের যারা বাস্তুকার তাদেরকে বিষয়টি পুনর্বিবেচনার নির্দেশ দিয়েছেন। আমি প্রত্যাশা করব পুনর্বিবেচনার সময়ে, পুনর্বিবেচনাকালীন তিনটি শর্তকে মাথায় রেখে নতুন পরিকল্পনা তৈরি করা হবে। একটি হল প্রস্তাবিত উড়াল পুলকে সর্পাকৃতি না করে রাস্তার মধ্যস্থল দিয়ে নিয়ে যেতে হবে। দু-পাশে উপযুক্ত পরিমাণ পথচারীদের যাতায়াতের রাস্তা রাখতে হবে। এবং প্রাচীর ভিত্তিক—দেওয়াল ভিত্তিক না করে, স্তম্ভ ভিত্তিক উড়াল পুল নির্মিত করতে হবে যাকে আমরা পূর্ত দপ্তরের ভাষায় ভায়াডাক্ট বলি। আমি আশা করব মাননীয় মন্ত্রী উপস্থিত আছেন তিনি বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করে মানুষের প্রত্যাশা পূর্ণ করবেন। ধন্যবাদ।

ZERO HOUR

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্য দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্যে সোয়াইন ফ্লুতে প্রতিদিন মৃত্যুর সংখ্য বাড়ছে। ইতিমধ্যে প্রায় ৯ জন মারা গেছেন। আক্রান্ত হয়েছে ১৩১ জন। ৫৯ জন বর্তমানে হাসপাতালে ভর্তি হয়েছেন। তার মধ্যে সরকারী হাসপাতালে ৩৮জন। বেসরকারী হাসপাতালে ২১ জন ভর্তি হয়েছেন। রাজ্যে একটা আতঙ্কের পরিবেশ সৃষ্টি হয়েছে। আরও পরীক্ষা শিবির চালিয়ে ভাইরাস ডিটেকশন করা হোক এবং বাইরে যাতে পর্যাপ্ত ওষুধ পাওয়া যায় তার জন্য ব্যবস্থা নেওয়া হোক। ভাইরাস প্রতিরোধে জরুরী পদক্ষেপ নেওয়ার আমি দাবি জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে আমি যে কথাটা বলতে চাইছি সেটা হল এই যে আজকে প্রায় চার বছর এই সরকারের বয়স হতে চলল। রাজ্যে সন্ত্রাস থামছে না। আমার ব্লকেও সন্ত্রাস থামছে না। আমাদের পার্টির পতাকা লাগালে সেই পতাকা জোর করে নামিয়ে দেওয়া হচ্ছে। যখনই সেই জায়গায় দাঁড়িয়ে বলা হচ্ছে কেন পতাকা নামানো হল তখন তার উপরে অত্যাচার করা হচ্ছে। গোটা রাজ্যে, আমার ব্লকেও এই ধরনের ঘটনা ঘটছে। তাই আমি স্বরাষ্ট্র দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে এই সন্ত্রাস বন্ধ করা হোক। অবিলম্বে সেখানকার পুলিশকে নির্দেশ দেওয়া হোক যারা এই ঘটনা ঘটাচ্ছে তাদের বিরুদ্ধে যেন ব্যবস্থা নেওয়া হয়।

শ্রী ধীরেন বাগদী : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে আমি মাননীয় রাজ্যসরকার স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আবার নতুন করে বীরভূম জেলায় গ্রাম দখলের লড়াই শুরু হয়েছে এবং তাতে গণতান্ত্রিক পরিবেশ নষ্ট হচ্ছে, শান্তি শৃঙ্খলা নষ্ট হচ্ছে। গত ২৭ তারিখে পাড়ুই থানার ভেরামারি গ্রামকে দখল করতে গিয়ে তৃণমূলের গুণ্ডাবাহিনীর সঙ্গে পুলিশের গুলি বিনিময় হয়। তারপরে আমরা এটাও দেখলাম ২৭ তারিখে ঘুড়িসা গ্রামে, ইলমবাজারে সেখানে বোম বাঁধতে গিয়ে তৃণমূলের এক দুষ্কৃতী মারা গেল এবং একজন আহত হয়ে হাসপাতালে। এইভাবে যদি গ্রাম দখলের লড়াই বিশেষভাবে তৃণমূলের গুণ্ডাবাহিনী যেভাবে বীরভূম জেলাকে অশান্ত করছে, যদি অতি সত্বর সেখানে শান্তি শৃঙ্খলা ফিরিয়ে আনা না হয়, গণতান্ত্রিক পরিবেশ ফিরিয়ে আনা না হয় তাহলে সেখানকার মানুষ সন্ত্রাসে ভুগবে, অনেকে ঘরছাড়া হবে, অনেকে রুজিরোজগার পাবে না। তাই আমি দাবি করছি অবিলম্বে সেখানে শান্তিশৃঙ্খলা, গণতান্ত্রিক পরিবেশ ফিরিয়ে আনা হোক। ধন্যবাদ।

[1.15—1.30 p.m.]

GENERAL DISCUSSION ON BUDGET

শ্রী তোয়াব আলি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৭ তারিখে এই মহতী সভায় মাননীয় অর্থমন্ত্রী ৬১ পাতার বাজেট বিবৃতি দিয়েছেন। সেই সম্পর্কে আমি কয়েকটি কথা

বলতে চাই সংক্ষেপে। আমার এই ৬১ পাতার বাজেট দেখে এই মন্ত্রীমহাশয়ের প্রথম বাজেটের কথা মনে পড়ে গেল। প্রথম বাজেটের প্রথম পাতায় উনি সাত পাতার বক্তৃতা দিয়েছিলেন। প্রথম পাতায় ভূতপূর্ব অর্থমন্ত্রীর বক্তব্যকে বিদ্রুপপূর্ণ কটাক্ষ করে বলেছিলেন আমি খুব সংক্ষেপে এবং কেতাবি পদ্ধতি প্রয়োগ না করে আমার বক্তব্য বলব এবং কাজ করব। কিন্তু এবার আমি দেখলাম যে এই ৬১ পাতার বক্তৃতা কেন করলেন ? কারণ সরকার দুশো দিনের পরই ঘোষণা করেছিলেন আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী যে সরকার যে কথা দিয়েছিল তার একশো ভাগ কাজ অধিকাংশ হয়ে গেছে। আর কয়েকটি কাজের নব্বই ভাগ কাজ হয়ে গেছে। আর কোন কাজই নেই। কাজেই প্রায়ই সরকারের শেষ পূর্ণাঙ্গ বাজেট। এইজন্য কাজ নেই, অথচ এতবড় বক্তৃতায় এতবড় ফিরিস্তি দিলেন। কেন, এর প্রয়োজন ছিল ? আর বাজেটটা পড়ে আমার গাঁয়ের একটা প্রচলিত কথা মনে পড়ছে। আমাদের এলাকাতে বলে। নেই কাজ তো খই ভাজ। স্যার, আপনি দেখবেন যে, বাজেটটা পড়ে আমার এটা মনে হয়েছে। তিন থেকে চোদ্দ পাতা, পনেরো থেকে আঠারো পাতা, উনিশ থেকে পঞ্চাশ পাতা। আপনি যদি বাজেটটা দেখেন, দেখবেন একই বিষয়বস্তু। শুধু বর্ণনা, ব্যাখ্যা, ভাষা, শব্দ, বাড়িয়ে একটা অসত্য অর্ধসত্য, গোঁজামিল দিয়ে মায়াজাল বিস্তারের চেষ্টা করেছেন। যেহেতু কোন কাজ নেই। কাজেই এই অবাস্তব, দিশাহীন, গোঁজামিলের বাজেট সমর্থন করা যায় না। আমি পারছি না। কি রকম অসত্য সেটা আমি বলছি, আমি কয়েকটি উদাহরণ দিচ্ছি। ছত্রে ছত্রে আছে, এটার আমি দু একটা উদাহরণ দিচ্ছি। শিক্ষাক্ষেত্রে দেখুন এতদিন ধরে বামফ্রন্টের মুণ্ডপাত করেছেন এই বলে যে কোন কাজ করেনি। গালাগালি দিয়েছেন। কিন্তু শুধু বামফ্রন্ট নয়, একেবারে স্বাধীনতার কালে চলে গেলেন। স্বাধীনতার কাল থেকে এগারো সাল পর্যন্ত—কি বললেন ? কলেজ হয়েছে কত ? ৩৭টা। আর এই আমলে প্রায় চল্লিশটা তিন বছরে। এটা কি বাস্তব। স্বাধীনতা গেলাম কেন ? কেন না প্রকৃত তথ্যটা দিতে গেলে বামফ্রন্টের সাফল্য চলে আসতে পারে এইজন্য বামফ্রন্টের আমল নয় স্বাধীনতার কাল থেকে। কিন্তু প্রকৃত তথ্যটা কি ? সাতাত্তর সালের আগে অর্থাৎ কংগ্রেস জমানাতে যখন আপনারা শরিক ছিলেন তার তখন কলেজের সংখ্যা ছিল ২৩৮টি। সাতাত্তর সালের পর এগারো সাল পর্যন্ত বামফ্রন্টের জমানায় কলেজ হয়েছিল ৪৪৭টি। অর্থাৎ বামফ্রটের জমানায় ২১১টি। যার মধ্যে শুধু ২০০৬ থেকে ২০১১ সাল, ৫ বছরে হয়েছিল ৭৩টি কলেজ। আর আপনারা বললেন, স্বাধীনতার পর থেকে—এছাড়া ১১৮টি বি.এড.কলেজ, ২৩টি আইন কলেজ, ৪টি আর্ট কলেজ হয়েছে। ইঞ্জিনিয়ারিং কলেজ স্বাধীনতার পর হয়েছিল ৪টি। বাস্তব চিত্রটা কি ? ইঞ্জিনিয়ারিং কলেজ ৭৭ সাল পর্যন্ত রাজ্যে ছিল ১২টি। আর বামফ্রন্টের জমানায় নতুন হয়েছিল ৭৮টি—সর্বমোট ৯০টি কলেজ হয়েছিল। জানেন না, নাকি লজ্জা হয়েছিল বলে বলেননি ? বিভ্রান্ত করছেন আমাদের, গোটা রাজ্যের মানুষকে। আপনার দেওয়া ৪টি নয়, স্বাধীনতার পরে বামফ্রন্টের জমানায় এই পর্যন্ত ৯০টি ইঞ্জিনিয়ারিং কলেজ হয়েছিল।

এবার আসুন বিশ্ববিদ্যালয়। কী বলেছেন বিশ্ববিদ্যালয় সম্পর্কে ? কী তথ্য দিয়েছেন ? স্বাধীনতার পর যে তথ্য দিয়েছেন, প্রতিটি তথ্য কি ? স্বাধীনতার আগে একটি

বিশ্ববিদ্যালয় ছিল কলকাতায়। ৭৭ সাল পর্যন্ত বিশ্বভারতী যদি ধরা যায়, তাহলে ৮টি বিশ্ববিদ্যালয় ছিল। আর ৭৭ সাল থেকে ১১ সাল পর্যন্ত ১৪টি। টোটাল মিলিয়ে মোট ২২টি বিশ্ববিদ্যালয় হয়েছিল। আবার মুর্শিদাবাদ আলিগড় ক্যাম্পাস ধরলে আরো একটি বাড়বে। শিক্ষা নিয়ে এই যে অসত্য, বিকৃত তথ্য, অন্য দিকে আজগুবি ফিরিস্তি দিয়েছেন—কত বিল্ডিং করেছেন, কত ক্লাসরুম করেছেন ইত্যাদি। ওইদিকে শিক্ষার ক্ষেত্রে আজকে রাজ্যে যে নৈরাজ্য, সেই ব্যাপারে একটি শব্দও উচ্চারণ করেননি। সব জায়গাতেই চলছে। শিক্ষার ক্ষেত্রে শিক্ষক, ছাত্র, অভিভাবক—সমস্ত গণতান্ত্রিক অধিকার কেড়ে নিয়েছেন। এস.এস.সি.-র ছেলেরা যোগ্যতা প্রমাণ করে পাশ করার পরেও পথে পথে ঘুরে বেড়াচ্ছে। নিয়োগ নেই। কোথাও-কলেজ থেকে স্কুল, প্রাইমারি কোথাও নিয়োগ নেই, সব বন্ধ। এর দিশা কি ? কি করছে ? তার কোনো দিশা নেই এই বাজেটে। এছাড়া প্যারা টিচার, এস.এস.কে, এম.এস.কে—প্রায় লক্ষাধিক টিচার, যারা আজকে আপনাদের অপদার্থতার জন্য কেন্দ্রীয় সরকারের যে নিয়ম, সেটা মানছেন না বলে অনিশ্চয়তার মধ্যে ভুগছে। প্রায় ১৬ লক্ষ শুধু এস.এস.কে ছাত্ররা অনিশ্চয়তার মধ্যে কাটাচ্ছে। এই অনিশ্চয়তাকে গ্যারান্টি করবার জন্য আপনাদের কি ভাবনা ? বাজেটে তার কোথাও দিশা নেই ! শুধু আজগুবি তথ্য, অসত্য ভাষণ দিয়ে আপনি শেষ করেছেন।

এবার আপনি দেখুন শিল্পের ক্ষেত্রে, কী বলেছেন ? শিল্প নিয়ে কী ভাবনা, সে তো বোঝাই যাচ্ছে। দেখবেন সাফল্যের শেষের দিকে শিল্পকে আপনারা নিয়ে গেছেন। শিল্প নিয়ে আমাদের অর্থমন্ত্রীর মনে আছে কিনা জানি না, তবে মনে করিয়ে দিচ্ছি আমি। ২০১১ সালের নির্বাচনে কি বলেছিলেন ? নির্বাচনি ইস্তাহারের ১০ পাতায়—"প্রকৃত শিল্পায়নে জোর দেওয়া হবে। ৫ বছরের মধ্যে প্রতিটি মহকুমায় ১০টি করে বড়, মাঝারি শিল্প গড়ার উদ্যোগ নেওয়া হবে। বেকারদের মুখে হাসি ফোঁটাতে তৃণমূল কংগ্রেস অঙ্গীকারবদ্ধ।" ৪ বছর অতিক্রান্ত হল। কী হয়েছে ? এ যদি হত, তাহলে আজকে ৬৬টি মহকুমায় ৬৬০টি মাথা তুলতো। আমি বলি, মহকুমা বাদ দিন, জেলা বাদ দিন, রাজ্যে সরকারি, বেসরকারী শিল্প কোথাও হয়েছে ? বাস্তবে হয়েছে ? যদি হয়, তাহলে প্রকৃত তথ্য বাজেট সমীক্ষায় কেন উল্লেখ করলেন না ? কী করলেন ? কী করেছেন ? কয়েকটা পার্ক, কয়েকটা সেন্টার, আর কয়েকটা কাল্পনিক বিনিয়োগের ফুলঝুরি বিতরণ করছেন। কিন্তু শিল্প স্থাপনের কোনো সঠিক তথ্য এই বাজেটে উল্লেখ করতে পারেননি। যেটুকু হয়েছে, বাম জমানায় যা শুরু হয়েছিল, সেটুকুর মধ্যে। সেটাও উল্লেখ করতে পারেননি লজ্জায়। অথচ অন্য দিকে শিল্প যেখানে শুরু হয়েছিল—জিন্দালের মত কারখানা—আপনি আই.টি.পার্ক বলেন। সব একটার পর একটা ছেড়ে চলে যাচ্ছে। কারখানায় লক্ আউট বাড়ছে, গুন্ডাগিরি বাড়ছে। ফলে শিল্প ক্ষেত্রে একটা অশান্ত জায়গা তৈরি হচ্ছে আমাদের। কর্মসংস্থান—একই কথা বলেছিলেন। বেকারদের এক কোটির গল্প শোনাচ্ছিলেন প্রথম বার বাজেট বক্তৃতায়। আজকে এককোটি চাকরীর কোথাও ব্যবস্থা আছে ? কর্মসংস্থান, আমরা বারে বারে কোশ্চেন করেছি যে তথ্য দিন কোন দপ্তরে ? কোথাও নেই। অথচ শিক্ষা দপ্তর থেকে সমস্ত সরকারি দপ্তরে পদ ফাঁকা। নিয়োগ হচ্ছে না, নিয়োগ বন্ধ। আর লক্ষ লক্ষ কর্মসংস্থানের গল্প

শোনাচ্ছেন। আপনার সাধের employment bank, কোটির গল্প কোথায় ?১৭ লক্ষ কয়জন ছেলের নাম লেখা রয়েছে, ১৪ হাজার কয়জনের চাকরী হয়েছে। তাহলে কর্মসংস্থান, চাকরির গল্প নেই। মন্ত্রী প্রথম বাজেট বক্তৃতায় বলেছিলেন এক কোটি বেকার। কি লজ্জা। তাহলে এক কোটির হাল কি ৪ বছর পর ? দয়া করে বলবেন, উত্তর দেবেন বলার সময়। সারদা নিয়ে গত বাজেটে খুব সাফল্য দেখিয়ে ছিলেন। এবার সারদা নিয়ে একটি কথাও নেই। একটি শব্দও নেই। কেন নেই ? ভুলে গেছেন ? শব্দ নেই কেন, যে সিগারেট খাইয়ে টাকা তুলেছিলেন, সেই টাকা মামলা মোকদ্দমায় সব শেষ করলেন।

(এই সময় মাইক অফ্ হয়ে যায়।)

শ্রী পরশ দত্ত : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ২৭শে ফেব্রুয়ারী মাননীয় অর্থমন্ত্রী ২০১৫-১৬ অর্থবর্ষের জন্য যে বাজেট পেশ করেছেন, সেই বাজেটকে সমালোচনা করতে গিয়ে বিরোধী পক্ষের বক্তারা কেবলই বলে যাচ্ছেন যে এটা মিথ্যা, এটা মিথ্যা, এটা অসত্য, এটা অসত্য। আচ্ছা, এই বাজেট বক্তৃতায় লিখিতভাবে কেউ অসত্য কথা বলতে পারে ? যাঁরা এখানে বহুদিন আছেন—যদি করেন তাহলে তো তার জন্য privilege হবে। যেগুলো অসত্য বলছেন সেই figures-গুলোর উত্তর মাননীয় অর্থমন্ত্রী দেবেন। আসল কথা অসত্য অসত্য বলছেন এই জন্য যে বাজেটের দিশা নিয়েও আপনাদের বলার কিছু নেই, বাজেটেব logic নিয়েও বলার কিছু নেই, তাই অসত্য অসত্য বলে চেঁচিয়ে You are trying to play to the galleries. Which gallery you are playing to ? Are you playing to any cerebral gallery or are you trying to play to the gallery of those groups to which you yourself belong ? স্যার, আমি মনে করি এই বাজেট বাস্তবসম্মত এবং উন্নয়নমুখী। স্যার, প্রথমেই বলি কেন্দ্রীয় সরকার একটি মূল্যায়নের নতুন পদ্ধতি চালু করেছেন, যে পদ্ধতিতে তাঁদের বৃদ্ধিটা অনেক বাড়িয়ে দেখানো হচ্ছে 7.5%। কিন্তু statistics দিয়েই তো আর সত্যকে মিথ্যা প্রমাণিত করা যায় না। সত্যটা সত্যই থাকে। সেই জন্য কেন্দ্রীয় সরকারের ওই পদ্ধতিতেও পশ্চিমবঙ্গের বৃদ্ধির হার gross value added সেটা কিন্তু কেন্দ্রীয় সরকারের যেখানে 7.5%, পশ্চিমবঙ্গে 10 এর উপরে 10.48, মানে সাড়ে ১০প্রায়। স্যার, capital expenditure করলে তবে asset করা যায়, এই asset বা সম্পদ থেকে দীর্ঘস্থায়ী আর্থিক উন্নয়ন হয়। আপনারা দেখুন ২০১০-১১তে বাম জমানায় capital expenditure ছিল কত ? -26%। আর তার পরে প্রত্যেকবার আমাদের সরকার আসার পরে বেড়েছে, -26%টা প্রথম বছরেই ২০১১-১২তে +24.17। ২০১২-১৩তে সেটা গিয়ে 69.53%। ২০১৩-১৪তে 52.33%। অর্থাৎ asset তৈরির দিকে আমাদের সরকার মন দিয়েছে। আমরা যখন ক্ষমতায় আসি তখন পাহাড়প্রমাণ ঋণ নিয়ে এসেছিলাম। আমি বলছি না যে ঋণ করা খারাপ। কেন না সব সরকারেই ঋণ করতে হয়। ঋণ করে বিশেষ করে welfare government খরচা মেটায়। খরচা মেটানো মানে শুধু non-plan খাতে খরচা মেটানো না, খরচাটা মেটায় plan খাতে,

capital খাতে। যে asset তৈরি হয় সেই asset-এর return থেকে ঋণও শোধ হয় এবং ভবিষ্যতের উন্নয়নের কাজও শোধ হয়। আরে সরকারতো আর টাকা জমিয়ে রেখে মাটির তলায় পুঁতে রাখবে না। যাঁদের ধারণা এই ধরনের আছে, তাঁরা মধ্যযুগীয়।

[1.30—1.40 p.m.]

এবং দুঃখের কথা, শতবর্ষ পূরণ মার্কসবাদ এখনো modern দিনের সঙ্গে পা ফেলে এগোতে পারেনি, অন্তত পশ্চিমবাংলার মার্কসিস্টরা, সেটা প্রমাণ করেছেন। স্যার, রাজ্যসরকার কিন্তু ২০১১-১৫-এর জানুয়ারী অবধি এক লক্ষ ২ হাজার ৭৭ কোটি টাকা ঋণের সুদ এবং আসল বাবদ কেটে নেওয়া সত্ত্বেও রাজ্যসরকার কিন্তু এক লক্ষ কোটি টাকারও বেশি শোধ করেছেন। এখনো শুনতে পাচ্ছি সেদিন Central Budget-এ শুনলাম পশ্চিমবাংলাকে package দেওয়া হবে। আমি জানি না, কোন package দেওয়া হবে। কি package দেওয়া হবে এখনো জানি না। কিন্তু যে package-ই দেওয়া হোক সেটা তো ওই যে এক লক্ষ টাকার বেশি, এক লক্ষ কোটি টাকার বেশি যে সুদ এবং আসল বাবদ ফেরৎ দেওয়া হয়েছে তারই একটা অংশ দেওয়া হবে। আপনারা তো চান না দেওয়া হোক। আপনারা তো সেই জন্য করেছিলেন ২ লক্ষ কোটি টাকা ঋণ আর তারপর FRBM করে যাতে ভবিষ্যতে ঋণের উপরে stoppage দেওয়া যায়, বামফ্রন্ট সরকারের পরে যে সরকার আসবে সেই সরকার যাতে চলতে না পারে। সেইজন্য করে গেছেন। আপনারা সরকারের বিরোধিতা করতে গিয়ে পশ্চিমবাংলার জনগণের বিরোধিতা করেছেন। সেইজন্য পশ্চিমবাংলার জনগণ গত তিন বছর ধরে যে কোনো নির্বাচনে আপনাদের আস্তাকুঁড়ে ছুঁড়ে ফেলে দিয়েছে—তাও লজ্জা হয়নি, তাও চেঁচাচ্ছেন এখানে।

স্যার, এই সরকার capital expenditure-এ খরচা করেছে। অথচ বামফ্রন্ট সরকার আগের সমস্তটা non-planned revenue expenditure-এ খরচা করেছেন ঋণ নিয়ে। এমনকি একসময় ছিল Peerless Company থেকে ঋণ নিয়ে আপনারা কর্মচারীদের মাইনে দিয়েছেন। লজ্জাও করছে না। তারপরে বলেছেন যে, আমরা বিরাট বড় অর্থনৈতিক বিপ্লব আনছি। আসল কথা আপনাদের অর্থমন্ত্রী যিনি ছিলেন, তিনি কিন্তু মেধাবী মানুষ। তাঁর মেধা প্রকাশ পেয়েছে যে, ১০০ টাকা পেয়েছেন, ৬০ টাকা খরচা করেছেন, ৪০ টাকার হিসেব দিতে পারেননি। এবারে অর্থমন্ত্রীকে দিয়েছেন এই ৬০-কে ১০০ করে দেখাও। উনি ৬০-কে ১০০ করে বার বার দেখিয়ে গেছেন। এই ম্যাজিকটা দেখেই বোধহয় বিশ্ববরেণ্য এক ম্যাজিশিয়ান মনে করেছিলেন যে, magic-টা বোধহয় রাজনীতির অঙ্গ, magic জানলে রাজনীতি করা যায়, তাই তিনি রাজনীতির অঙ্গনে প্রবেশ করেছেন।

স্যার, plan head-এ যেভাবে খরচা করেছেন, তাতে আমার পড়ত আগেকার দিনের সেই জমিদার, জমিদারের অপোগণ্ড পুত্র ধার করে, ঋণ করে, মহাজনের কাছে ঋণ করে বাইজী নাচিয়ে জমিদারী লাটে তুলে দিয়েছেন। আপনারাও এইভাবে বহু খরচা করে পশ্চিমবাংলার অর্থনীতিকে লাটে তুলে দিয়েছিলেন। আজকে এখানে চিৎকারে করছেন, লজ্জাও করছে না আপনাদের। স্যার, দেখুন মা-মাটি-মানুষের সরকার শাসনভার গ্রহণ

করার পরে রাজ্যের plan head-এ প্রচুর বাড়িয়েছেন, record সৃষ্টি করেছেন। ২০১১-১২ সালে plan head-এ খরচা ছিল ১৪ হাজার ১৬৫ কোটি টাকা। তিন বছরের ভেতরে plan head-এ খরচা বাড়িয়ে এই সরকার ২৮ হাজার ১৫৯.৩৭ কোটি টাকা করতে পেরেছেন। Double, আপনারা তো পারেননি। আপনারা তো কমিয়েছেন ক্রমশ। দেখুন, আমাদের সরকার যে asset creation করছেন, সেই asset creation-এর ভেতর দিয়েই এই যে ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা আপনারা ধার করেছিলেন, এক লক্ষ কোটি টাকা শোধ করা গেছে কেন ? না, asset creation করা হয়েছে। Asset মানে কী Asset? Infrastructure asset, human resource asset সেগুলোতেই আমাদের সরকার নজর দিয়েছে। এক এক করে তাকিয়ে দেখুন, ওই Section 4 যেটা মাননীয় অর্থমন্ত্রী বলেছেন, আপনারা পড়ে দেখুন Section 4টা।

স্যার, আমি এক সেকেন্ড সময় চাইবো। প্রত্যেকটা খাতে, যেমন ইনফ্রাস্ট্রাকচারে বাড়ানো হয়েছে। রোড অ্যান্ড কমিউনিকেশানে ৭১৪কোটি টাকা, সড়ক পরিবহণে খরচ করেছিলাম, এ বছরের খরচায় রাখা হয়েছে ডবল, তারও বেশি, ১৪৮৪.৬০ কোটি টাকা। পি ডাবলিউ ডি তে আগের বছর খরচ করেছিলাম ৬০২ কোটি টাকা এবারে সেটাকে বাড়িয়ে ১১৭৪.৫১ কোটি টাকার কাজ হচ্ছে। সেদিন সূর্য্যবাবু—আমি আপনাকে ধন্যবাদ জানাই, সূর্য্যবাবুর উপায় ছিল না বলেছেন যে হ্যাঁ কাজটা হচ্ছে। চোখে দেখতে পাচ্ছি। স্যার, স্বনির্ভর গোষ্ঠী Human resource development এরজন্য, স্বনির্ভরগোষ্ঠীতে খরচা করা হয়েছিল আগের বছর ৩০৫ কোটি টাকা, এবছর সেটা প্রায় ১০০ কোটি টাকা, টুয়েন্টি ফাইভ পারসেন্ট বাড়িয়ে প্রায় ৪০০ কোটি টাকা করা হয়েছে। স্যার, আমাদের এই সরকার এই রকম সমস্ত খাতগুলোতে এক এক করে খরচা বাড়িয়েছেন। আমি স্যার, আপনাদের কাছে আরো কয়েকটি জিনিস বলতে চাই, যেগুলো পরিষ্কারভাবে বলে দেবে যে আমরা কিভাবে খরচা বাড়িয়েছি। কৃষি ১১৫৭.৭২ ক্রোরস এর জায়গায় ১৫০০ কোটি টাকা, সরবরাহ ১৭৫.২০-র জায়গায় ২০২, ফুড অ্যান্ড সাপ্লাই—আপনাদের তো সময়ে ম্যাক্সিমাম ৬ লক্ষ মেট্রিক টনের বেশি প্রকিওরমেন্ট করতে পারেননি। আমরা গত বছরেও প্রকিওরমেন্ট করেছি ধান এবং চালে রেকর্ড-একটা ১৯ একটা ২৪ ; ১৯ লক্ষ মেট্রিক টন, ২৪ লক্ষ মেট্রিক টন। স্যার, এখন চারটে কেন্দ্র-রাজ্য সরকার ছাড়াও কনফেড, বেনফেড, নাফেড, ডি সি এস সি,প্রকিওরমেন্ট করছে। আপনাদের সময়ে তো মজার জিনিস হয়েছিল। কনফেড থেকে প্রকিওরমেন্ট করা হচ্ছিল ধান। কনফেড আপনাদের তৎকালীন চেয়ারম্যান তিনি প্রায় ৪০ কোটি টাকা ধানের হিসাব দিতে না পেরে বলেছিলেন, পাখিতে খেয়ে গেছে ৪০ কোটি টাকার ধান। ৪০ কোটি টাকার ধান যে পাখিতে খেতে পারে, সে পাখি না হাতি,- বলুন ? বাংলায় একটা ছড়া আছে না "খোকা ঘুমুলো, পাড়া জুড়লো, বর্গী এলো দেশে, বুলবুলীতে ধান খেয়েছে খাজনা দেবো কিসে ?" আপনাদের সেই বুলবুলি ৪০ কোটি টাকার ধানের হিসাব দিতে না পেরে বুলবুলি এখান থেকে তো পালিয়েছেনই, এখন শ্যামনগরের আশেপাশে মাঝেসাঝে দেখা যায়। স্যার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ণ তাতে ৭৪৬০ কোটি টাকা ছিল, এবারে বাড়িয়ে ৮৫৮০ কোটি টাকা রাখা হয়েছে। স্যার, হিউম্যান রিসোর্স

ডেভলপমেন্ট-বিদ্যালয় শিক্ষা ৬৮৮৪.৫ কোটি টাকা ছিল, এবার সেটা ৮০৫৫ কোটি টাকা করা হয়েছে। হায়ার এডুকেশান ৩৪২.৯৫ কোটি টাকা ছিল, এবারে সেটা বাড়িয়ে ৩৯১ কোটি টাকা করা হয়েছে। কারিগরী শিক্ষা অ্যান্ড ট্রেনিং মানুষকে এমপ্লয়েবেল করা, যাতে করে সে কর্ম পেতে পারে—কর্মসংস্থান উপযোগী, সেইটা করার জন্য আমাদের সরকার নজর দিয়েছে। অনেকগুলো আই টি আই খোলা হয়েছে। অনেকগুলো টেকনিক্যাল স্কুল খোলা হয়েছে, তার হিসাব তো এস বইয়ে আছে। আর তার জন্য টাকা কত ধার্য হয়েছে- ৫৪৯ কোটি টাকা ছিল আগের বছর, এ বছর ৬৪৭ কোটি টাকা ধরা হয়েছে। Human resource development করবো, ইনফ্রাস্ট্রাকচারাল ডেভলপমেন্ট করবো, এই অ্যাসেটের উপর দাঁড়িয়ে আগামী দিনে সোস্যাল সার্ভিসে অনেক বেশি টাকা খরচা করতে পারবো। সেইজন্য দেখবেন, লেবারে টাকা খরচা বেশি, জলসম্পদ উন্নয়নে টাকা খরচা বেশি, স্বাস্থ্যে টাকা খরচা বেশি।

[1.40—1.50 p.m.]

তথ্য সংস্কৃতিতে টাকা খরচ বেশি এবং power-এ বেশি খরচ allocation রাখা হয়েছে। power-এ তো একটা যুগান্তকারী বিপ্লব এসেছে। লোডশেডিং আর নেই। অমুকবাবু আসেন, যায়, থাকেন না—এখন আর সেই অমুকবাবু আসেন, যায় আর থাকেন না নেই। অমুকবাবু থাকেন। স্যার, আবাসনে প্রচুর বৃদ্ধি করা হয়েছে। স্যার, তথ্য প্রযুক্তির ক্ষেত্রে কতগুলি ইলেকট্রনিক হাব হয়েছে। আমি সাইন্স অ্যান্ড টেকনোলজির মেম্বার হিসাবে গত দু-মাসে অনেকগুলি হাব ঘুরে এসেছি। কর্ম চঞ্চল হাব হয়েছে। ইলেকট্রনিক্স মানে, আই.টি.মানে, শুধু সৌর বিদ্যুৎ তৈরি করা নয়, এখানে অনেক কম্পিউটার নিয়ে সফটওয়্যার এবং হার্ডওয়্যার তৈরি হচ্ছে যেটা প্রচুর ছেলেমেয়ের কর্মসংস্থান দিচ্ছে। স্যার, এইভাবে এই বাজেটে যে অর্থ সংস্থান এবং দিশা দিয়েছেন মাননীয় অর্থমন্ত্রী তাতে আমার বিশ্বাস এই সরকার পশ্চিমবাংলার আর্থিক ক্ষেত্রেও এক বিপ্লব আনবেন। স্যার, আমরা মনে করি সঠিক পথে সঠিকভাবে চলতে পারলে নিশ্চয়ই পারবে। অর্থনীতির revamped হবে।

(এই সময় লাল বাতি জ্বলে ওঠে।)

মোটের ওপরে এই বাজেট পশ্চিমবাংলাকে অনুন্নয়নের অন্ধকূপ থেকে তুলে উন্নয়নের সোনালী পথে নিয়ে যাওয়ার দিশা দেখাচ্ছে। দিশা দেখাচ্ছে বলেই পশ্চিমবাংলা তিন বছরের ভেতরে হাজার কোটি টাকার বেশি ঋণ শোধ করতে পেরেছে। আমরা ঋণ নিচ্ছি, ঋণ নেব, capital expenditure করব, Asset তৈরি করব, ঋণ শোধ করব, সার্ভিস দেব মানুষকে। এটাই আমাদের পথ। এই পথে যদি চলতে পারি তাহলে পশ্চিমবাংলা ভবিষ্যতে সোনার বাংলায় পরিণত হবে। যে সোনার বাংলাকে আপনারা পেতল, তামার বাংলাতে.....

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)

ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র বাজেট পেশ করেছেন। খুব অস্বাভাবিকভাবে আমার মনে হয়েছিল ২৮শে ফেব্রুয়ারি কেন্দ্রীয়

বাজেট, আর ২৭শে ফেব্রুয়ারী তিনি রাজ্যের বাজেট পেশ করলেন। আমার বিস্ময় হলেও ওঁর বিস্ময় হয়নি। কারণ উনি হয়তো খুব confident ছিলেন, in a cooperative Federal structure. একটি অঙ্গরাজ্য যাকে কেন্দ্রের অর্থনৈতিক বিন্যাস এবং সাপোর্টের ওপর নির্ভর করতে হয় কিছু কিছু ক্ষেত্রে এবং অনেক জায়গায় অনেক ক্ষেত্রে। সেই জায়গায় হয়তো রাজ্য এমন একটা জায়গায় আছে যেখানে কেন্দ্রীয় সাহায্যের প্রয়োজন নেই, a fonfident Finance Minister, Plant to submit his budget document ignoring central allocation. আমি জানতে চাইবো What prompted him so confidently. যেখানে আমাদের একটা বিরাট দেনার বোঝা, চক্রান্তের ইঙ্গিত। একটা সরকার কি করবে না করবে anticipate করা যাচ্ছে না। অনেক মিষ্টি মিষ্টি কথা বলছেন, কিন্তু deliver ability of the economy. সেটা কতটা হবে সন্দেহ আছে। সেই প্রেক্ষাপটে আপনার ২৭ তারিখ বাজেট পেশ করাতে আমি একটু বিস্মিত হয়েছিলাম। কারণ আমি '৮২সাল থেকে এই হাউসে আছি। খুব কম সময় দেখেছি যে সেন্ট্রাল বাজেটের আগে স্টেট বাজেট পেশ হয়েছে। এটা একটা নতুন অধ্যায় যেটা আপনি রচনা করেছেন। আপনার সাহসিকতাকে ধন্যবাদ জানাচ্ছি। আমি আপনার সাহসিকতাকে ধন্যবাদ জানাই।আই এপ্রিসিয়েট, কিন্তু এটা করতে গিয়ে আপনি anticipating the fiscal policy and discipline and its distribution, আমার চাইতে আপনি অনেক বেশি প্রাজ্ঞ। আমি অর্থনীতির ছাত্র নই, কিন্তু অর্থনীতিকে ভালোবাসি, পড়ি। আপনার সঙ্গেও অনেকবার অনেক ব্যাপার আমি ডিসকাস করেছি। আপনার লেখাও আমি খুব মনোযোগ দিয়ে পড়ি। এখন অবশ্য পাঠক হিসাবে আপনার লেখা থেকে আমি বঞ্চিত হয়েছি। আপনি তখন অনেক সেন্ট্রিক পজিশানে লিখতেন, এখন অবশ্য একটু হেলে লিখছেন। একটু ইনক্লায়েনড।সেদিনের অমিত মিত্র এবং আজকের অমিত মিত্রের মধ্যে একটা ক্যারেস্টারিস্টিক ডিফারেনস আছে, কোয়ালিটেটিভ ডিফারেন্স আছে। সেটা আপনার দোষ নয়, সেটা পরিবেশের দোষ। আমি ডঃ মিত্রের কাছে নিশ্চিতভাবে বলব আপনার অনেক সাহসী পদক্ষেপ আছে, কোন সন্দেহ নেই। কিন্তু What is the implementing agency of the different departments, আমি খুব thoroughly analysis করেছি। আপনার বই ৮৯পাতা, আপনার দেওয়া Budget at a Glance, আপনার Financial Document, আপনার outlay, আমি thoroughly পড়েছি। আমার পড়তে খুব ভালো লাগে। তার সঙ্গে রিজার্ভ ব্যাঙ্কের ডিটেইলস, The State's Economy, The State Budget Analysis, এসব দেখতে গিয়ে কেমন যেন সব গুলিয়ে যাচ্ছে ব্যাপারটা। আগামীকাল আপনার কাছ থেকে আমি ছাত্র হিসাবে পুরো বিস্তৃত ব্যাখ্যা শুনব। তার আগে আমার মনের মধ্যে যে প্রশ্নগুলো এসেছে সেগুলো আপনার কাছে রাখছি, এটাকে বিরোধিতার জন্য বিরোধিতা ভাববেন না। কারণ আমি আপনার ২৭তারিখের বাজেট পড়ার পরে, ২৮তারিখে মাননীয় কেন্দ্রীয় অর্থমন্ত্রী অরুণ জেটলির বাজেট শুনলাম এবং ডকুমেন্টেশান নিয়ে এসে অ্যানালিসিস করলাম, It is

dangerous, ভয়ঙ্কর। পুরো কেন্দ্রীয় সরকারের বাজেটটাই গরীবদের মুখে পাথর চাপা দিয়ে দিয়েছে এবং কর্পোরেট ওয়ার্ল্ডকে খুশি করার জন্য মিঃ জেটলি এবং প্রাইম মিনিষ্টার একেবারে কাকুতি-মিনতির ভঙ্গিতে তাদের প্রস্তাবনা রেখেছেন কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে। আমি নিজে মনে করি, পৃথিবীতে যখন পেট্রো ডলারের দাম ৪২ ডলার পার ব্যারেল নেমে গেছে, যখন positive advantageous economy সারা পৃথিবীতে prevail করছে, তখন ভারতবর্ষের মত একটি গুরুত্বপূর্ণ রাষ্ট্রের অর্থমন্ত্রী হিসাবে গরীবদের পাশে, দরিদ্র মানুষদের পাশে গ্রাম উন্নয়নের পাশে, শহর উন্নয়নের পাশে, আর্থ-সামাজিক উন্নয়নের পাশে with the attitude of inclusive growth যা করার কথা ছিল মিঃ অরুণ জেটলির প্রধানমন্ত্রীর নির্দেশে গরীব মানুষদের উপরে তিনি পাথর চাপা দিয়ে দিয়েছেন, মানুষ আজকে কাঁদছে। আমি আপনার প্রতিক্রিয়া শুনেছি। হঠাৎ আমি একটা জায়গায় যাচ্ছিলাম, আপনি ই.টিভিতে ইন্টারভিউ দিচ্ছিলেন, the only exclusive interview by Dr. Amit Mitra কিছুক্ষণ শুনছিলাম, পুরোটা শুনতে পারিনি। তাতে আপনি যা বলেছেন তার সঙ্গে আমি সহমত। বিপজ্জনক ! সেই perspective টাতে আমি পরে আসছি, এবারে আপনার কাছে আমি যাব। পরশ বাবু বলেছেন, দেনা করা দোষের নয়। আমিও তাই মনে করি। কারণ একটি উন্নয়নশীল দেশের অঙ্গরাজ্য টাকা পাবে কোথা থেকে ? সেকি টাকা ছাপবে নাকি ? টাকাতো ধার করতেই হবে—হয় সেন্ট্রাল গভর্নমেন্টের কাছ থেকে, না হয় ইনস্টিটিউশান থেকে, না হয় বিভিন্ন এজেন্সি থেকে, না হলে বন্ড বা এন.এস.এস. থেকে। যারা ক্ষমতা থেকে চলে গেলেন তারা ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা দেনা রেখে গিয়েছিলেন, আর আপনার দেনার পরিমাণ প্রায় ২ লক্ষ ৮৫ হাজার কোটিতে চলে এসেছে। আপনাকেও ধার করতে হচ্ছে, দেনা করতে হচ্ছে মেটানোর জন্য। বাজেট ডেফিসিয়েন্সির জন্য এটা করতেই হবে, উপায় নেই। কিন্তু আমি গতবারেও বলেছিলাম, তার আগের বারেও বলেছিলাম এবং আজও বলছি, আমি কয়েকদিন আগে অন্ধ্রপ্রদেশে গিয়েছিলাম আমার নিজের চিকিৎসার জন্য। সেখানে আমার ফেভারিট ডাক্তার রয়েছেন ডাঃ রেড্ডি, তার সঙ্গে আলোচনা করছিলাম, বন্ধুবান্ধবদের সঙ্গে পর্যালোচনা করছিলাম।

[1.50—2.00 p.m.]

২০১২-২০১৩-তে যদি অন্ধ্রপ্রদেশ ৬২ হাজার কোটি টাকা রেভিনিউ তুলতে পারে, আপনি ২০১৫-২০১৬-তে ৪৫ হাজার কোটি টাকা তুলবেন কি ৪৬ হাজার কোটি টাকা তুলবেন এই প্রত্যাশাটা আর একটু বাড়ালে ভাল হতো না ? একটু বাড়ালে ভাল হতো কি না ? কারণ কোন একটা জায়গায় লিকেজ হচ্ছে ভ্যাটে, সেলস ট্যাক্সের আদায়ের ক্ষেত্রে। তার প্রমাণ আপনি নিজে বিভিন্ন রকম সুবিধে করে দিয়ে রিলাকসেশান দিয়ে, সিমপ্লিফিকেশান করে আপনি কিন্তু ২১ হাজার কোটি থেকে তুলেছেন, অনেকটা। ২৫ হাজার, সেখান থেকে ৩৫ হাজার, ৩৫ হাজার থেকে ৪০ হাজার। এবার আপনি আশাবাদী ৪৬ হাজার কোটি টাকা তুলবেন। ৪৬৪৯৬ কোটি টাকা তোলার আপনি একটা প্রত্যাশা নিয়েছেন। আর সেই মোতাবেক আপনি বলছেন আপনার রেভিনিউ ডেফিসিট জিরো।

আমার ডঃ অসীম দাশগুপ্তর কথা মনে পড়ছে। ১৯৮৭ সালের মে মাসে তিনি বাজেট পড়লেন প্রথম অর্থমন্ত্রী হিসাবে। তিনি তার আগে ছিলেন State Planning Board-র মেম্বার। ডঃ দাশগুপ্ত এলেন, শুনছিলাম নাকি বিরাট বড় পণ্ডিত। MIT-র Post-doctorate। খুব ভাল কথা। এসেই বললেন, আমি আমার নতুন চিন্তা ধারা উপস্থাপনা করছি। কি ? না জিরো ডেফিসিট বাজেট। জিরো ডেফিসিট বাজেট। আমি বললাম, এই চিন্তা কোথা থেকে এলো ? আপনি তো বাজার ইকনমির ডক্টরেট। আর মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নেতৃত্বে বামফ্রন্টের অর্থমন্ত্রী। Whether you are sandwiched in between the two economic doctrines or not ? একটা অঙ্গ রাজ্য ভারতবর্ষের ফেডারেল স্ট্রাকচারে আপনি জিরো ডেফিসিট বাজেট করে দিচ্ছেন। হয় কখনো ? অবাস্তব। আমাদের কথা বাস্তবে প্রমাণিত হয়েছিল এবং আপনার কথাটা আবার টেনে আনছি এই কারণে আপনি গত বছর বলেছিলেন, জিরো—রেভিনিউ ডেফিসিট জিরো। কিন্তু সেটা দেখা গেল পরে ১০৩৬১ কোটি ৮৭ লক্ষ, in revised। এবারেও আপনি বলেছেন রেভিনিউ ডেফিসিট জিরো। এটা কতটা রেভিনিউ ডেফিসিটে গিয়ে দাঁড়াবে আপনি ভবিষ্যতটা বলবেন। আমি তো বলতে পারবো না। কারণ খাতা কলম আপনার কাছে, সেলস ট্যাক্স ডিপার্টমেন্ট আপনার কাছে। আপনি বলেছিলেন ২০১৪-২০১৫ সালে প্রথম বলেছিলেন, ৯ কোটি টাকা বাজেট ডেফিসিট। পরে সেটা হল ৩ কোটি টাকা। এবার বলেছেন ৭ কোটি টাকা বাজেট ডেফিসিট। তাহলে কি হল ? রেভিনিউ, ইনকাম বাড়লো। বললেন রেভিনিউ জিরো ডেফিসিট হবে। আবার বাজেট ডেফিসিট আপনি বলছেন, গতবারে ৩ কোটি, এবারে ৭ কোটি। কেমন কনট্রাডিকশান লাগছে না ব্যাপারটা ? এটা একটু যদি বুঝিয়ে বলেন, আমার বুঝতে অসুবিদে হচ্ছে। এবার ২০১৫-২০১৬ তে যে ধারটা পৌঁছোবে, আপনি বলছেন ওটা ২৯৯২৭৪ কোটি ১২ লক্ষ টাকায় গিয়ে দাঁড়াবে। এটা কতটা কমানো যায়, কিভাবে কমানো যায়। কারণ আমার মনে পড়ে, প্রণববাবু যখন অর্থমন্ত্রী ছিলেন তিনি আমাকে একবার বলছিলেন যে এই রাজ্যটাকে এগোতে হবে। আমি জিজ্ঞেস করেছিলাম কিভাবে, What is your advice ? উনি বললেন রেভিনিউ mop up করতে হবে বেশি করে আর Special project দিল্লি থেকে নিয়ে গিয়ে ডেভেলপমেন্টটাকে supplement করতে হবে। আপনি রেভিনিউটাকে তুলছেন এটা ভাল দিক। কিন্তু স্পেশাল প্রোজেক্টগুলো নিয়ে এসে যে কাজটাকে এগিয়ে, দেওয়া তারজন্য প্রণব বাবু ৮৭৫০ কোটি টাকা অ্যাপ্রুভ করেছিলেন স্পেশাল বি.আর.জি.এফে. এবং যেহেতু পশ্চিমবঙ্গের ১৯টা জেলার মধ্যে ১১টা জেলা Backward regions হিসাবে আইডেনটিফায়েড, You got the opportunity to utilize the fund for eleven districts in different project. এই যে চকচকে রাস্তা, আমরা সবাই গর্ব করছি, কি সুন্দর রাস্তা। এই ম্যাকসিমাম রাস্তাগুলোই কিন্তু হচ্ছে স্পেশাল বি.আর.জি.এফের টাকায়। এই যে সবার ঘরে আলো, এ.পি.এল.পরিবারগুলো বিদ্যুতের আলো পাচ্ছে। পশ্চিমবঙ্গে গ্রামীণ এলাকায় কত পরিবার আছে ৪১ হাজার গ্রামে ? ১ কোটি ৩০ লক্ষ ৯০২৭০-টা ফ্যামিলি। এর মধ্যে বি.পি.এল.গুলো হয়ে গেছে রাজীব গান্ধী বিদ্যুৎ যোজনায়। now the

electrification is going on under the aegis of BRGF। এই স্পেশাল বি.আর.জি.এফের টাকাটা কিন্তু ওই সেন্ট্রাল গভর্নমেন্ট দিয়েছিল। সেই টাকাতেই সবার ঘরে আলো হচ্ছে। এই কথাটা কিন্তু একটা জায়গাতেও লেখা নেই। এই সুব্রতবাবুর দপ্তর যে usual allocation of PHE ও'তো একটা আছে, কিন্তু তা সত্ত্বেও উনি প্রায় দুই হাজার কোটি টাকা special BRGF-এ পেয়েছিলেন। যার ফলে গ্রামে গ্রামে পানীয় জল—যেটা বলেছেন যে দুইশো কত Percent বেড়ে গেছে, পানীয় জল। হ্যাঁ, এটা কিন্তু special BRGF। তার স্বীকৃতি কিন্তু এখানে নেই। তার minimum স্বীকৃতিটুকু আপনারা দেননি। আমার প্রশ্ন, অনেকে প্রশ্ন করছেন যে এখনো নাকি আপনাদের সরকার, রাজ্য সরকার utilization certificate পাঠাতে পারছে না সময় মতো। ফলে সেকেন্ড installment, থার্ড installment আসতে দেরি হচ্ছে। প্রথম installment এসেছিল out of two, 8750 ক্রোরস্ ২২২৯ কোটি টাকা। তার কি installment-টা চলে গেছে utilization। যদি হয় পরে পরে কত আসছে, কেন ? সেই সময় প্রণববাবু আমাদের বলেছিলেন যে এই টাকা তো এখন দেওয়া যাবে না, প্যাকেট বা moratorium, fiscal discipline, প্ল্যানিং কমিশন National Developments Council এই সব জট পাকিয়ে আছে। এক্সপেন্ডিচারের একটা ফর্মুলা আছে। আমার চাইতে আপনি বেশি জানেন। অন্যান্য স্টেট ঝাঁপিয়ে পড়বে। তাহলে কি না, 14th Finance Commission-এ রাজ্য apply করবে, নিশ্চিতভাবে একটা দিশা পাওয়া যাবে। এটা ঠিক, moratorium ঋণ শোধের কোন দিশা 14th Finance Commission দেখায়নি। আমি আপনার সঙ্গে সহমত। কিন্তু ১১ হাজার ৭৬০ কোটি টাকা, প্রায় পৌনে ১২ হাজার কোটি টাকা—এই রাজ্য পাবে 14th Finance Commission-এর recommendation-এ, এটা কিন্তু বাস্তব। সেটা প্রথম দুটি বছরে আসবে পর পর বা তিনটি বছরে। তার মধ্যে এই বছর কত পাব, আগামী বছর কত পাব তা আপনি slab করে বলবেন আমাদের আমরা জানতে পারব। ওটা development-এর কাজে লাগবে। আবার মাননীয় কেন্দ্রীয় অর্থমন্ত্রী অরুণ জেটলির ভাষণ আমি শুনলাম—বেঙ্গল এবং বিহার—চোখ পড়ছে পূর্বাঞ্চলের দিকে প্রধানমন্ত্রীর। তাই বাংলা এবং বিহারকে নাকি উনি একটু বেশি প্রেম দেবেন। ভাল, অর্থনৈতিক প্রেম। সেই অর্থনৈতিক প্রেমে আপনি কত পাবেন, সেটা আপনিও সন্দিহান, আমিও সন্দিহান। কেন না, If it is the, model of the Andhra Pradesh Division then it is in the tune of Rs.850 crores and in the what form it will come we do not know. আপনি জানেন কিনা জানি না, ইতিমধ্যে দুই দিন কেটে গেছে আপনার সঙ্গে কেন্দ্রীয় সরকারের সচিবদের কোন কথা হয়েছে কিনা জানি না বা মিঃ জেটলির সঙ্গে কথা হয়েছে কিনা জানি না, আপনি আমাদের জানাবেন। কিন্তু এরই মাঝখানে আপনি যেটা বলছেন, সেটা হল এই যে—fiscal deficit, fiscal deficit-আপনি ২০১৪-১৫র budget estimate-এ বলেছিলেন ১৫ হাজার ২৮৯ কোটি ৫৫ লক্ষ হবে ; সেটা কিন্তু বেড়ে গেছে ডঃ মিত্র। বেড়ে গিয়ে ২৩ হাজার ৮৮১ কোটি ৯১ লক্ষ হয়ে গেছে এবং এবার আপনি বলছেন, ওটা ১৫ হাজার ৯৮২ কোটিতে আটকে রাখবেন। এটা কি ২৫/২৬ হাজার পেরিয়ে যাবে ? আমার

প্রশ্ন আপনার কাছে। আমার প্রশ্ন যে outstanding loan-টা হোক আমার কোন আপত্তি নেই, কিন্তু এটা কি recklessly বাড়বে, recklessly ? কারণ ৩৪ বছরের বামফ্রন্ট-আমরা সমালোচনা করছি, ওদের ভয়ঙ্করভাবে black listed করছি, Bengal একেবারে বেচে দিয়ে গেছে, মরুভূমি করে দিয়ে গেছে। কিন্তু আপনার তিন বছরে কিন্তু ৯৯ হাজার কোটি টাকা loan হয়ে যাচ্ছে। তাহলে ৩৪ বছর এবং তিন বছর এই comparative study-তে আপনি কিন্তু একেবারে fail করে যাচ্ছেন, ডঃ মিত্র, একেবারে বিপজ্জনকভাবে ফেল করছেন, recklessly খরচা করছেন। আপনি কি একটু বন্ধনের মধ্যে আসবেন ? আমি আপনার কাছে বিনীত প্রশ্ন রাখতে চাই। আমি কখনই loan-এর বিরুদ্ধে নই। লোন করতেই হবে, লোন না করলে চলবে কি করে। কেন না টাকা তো আপনি ছাপেন না, বাংলা ছাপে না। টাকা তো রিজার্ভ ব্যাঙ্ক ছাপে, আপনি কি করে চালাবেন। এইবার repayment-এর ক্ষেত্রে আপনি বলছেন যে, ২৮ হাজার কোটি টাকা কেড়ে নিচ্ছে কেন্দ্র। আমার কাছে যা হিসাব তাতে ৩২ হাজার কোটি টাকা কেড়ে নিচ্ছে—কোনটা correct, ২৮ হাজার না ৩২ হাজার ? আমার হিসাব ৩২ হাজার কোটি টাকা কেটে নিচ্ছে, আর আপনার হিসেব ২৮ হাজার কোটি টাকা। কোনটা ঠিক ? কেন্দ্র কিন্তু এই ব্যাপারে আপনার কথা শুনবে না, আমার কথাও শুনবে না fiscal policy অনুযায়ী ও কাটতেই থাকবে।

[2.00—2.10 p.m.]

কাটতেই থাকবে, কিছু করার নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পরবর্তী পর্যায়ে আসি। একটা অভিযোগ ওঠে, বাংলাকে কেন্দ্র বঞ্চনা করছে। একটা সেকটোরিয়াল পলিটিক্যাল শ্লোগান, একটা প্রভেনসিয়াল পলিটিক্যাল শ্লোগান। হ্যাঁ, করতে হয়, পার্টি বৃদ্ধির জন্য করতে হয়। এই সি.পি.এম করতো, বামফ্রন্ট করতো। আমাদের কেন্দ্র দিচ্ছে না, রক্ত দিয়ে বক্রেশ্বর করবো, বুকের পাঁজরা দিয়ে বাংলাকে রক্ষা করবো, জীবন দিয়ে দেব দার্জিলিং-এর জন্য, এই সব বলতো-টলতো।

(এ ভয়েস-আমরা তো করছি)

আরে বাপরে, একটুও পাঁজরা ভাঙেনি দেশের জন্য। বামপন্থীরা একটা পাঁজরাও ভাঙেনি দেশের জন্য। একটাও পাঁজরা ভাঙেনি বামপন্থীদের। উল্টে ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনকে পেছনে থেকে ছুরি মেরেছে বামপন্থীরা। কোন দিন ওদের পাঁজরা ভাঙেনি। আমি, ডঃ মিত্র, কয়েক দিন আগে আপনার নমস্য পিতাঠাকুরের ছবিতে ফুল দিয়েছি। তারই পুত্র আপনি। You are having a heritage, you are having a history. সেই জায়গায় দাঁড়িয়ে আমি আপনাকে বলবো, এই যে বলেন, বঞ্চনা, বঞ্চনা, আপনিও কি হাত তুলে বলবেন বঞ্চনা, বঞ্চনা, বঞ্চনা ? নাকি আপনি মেটিরিয়ালি academically একেবারে বাস্তবের উপর দাঁড়িয়ে সিদ্ধান্তটা নেবেন ? পশ্চিমবঙ্গ কি ভারতবর্ষের বাইরে ? Is it outside India and outside the fiscal discipline of Indian Economy ? ভারতবর্ষের প্ল্যানিং কমিশন ছিল, মোদী সাহেব এসে উড়িয়ে দিয়েছেন। এখন নীতি আয়োগ। কারণ তিনি বলছেন ভারতকে কংগ্রেস মক্ত করবো। প্ল্যানিং কমিশন,

নেতাজি সুভাষ বোসের চিন্তা, জওহরলাল নেহরুর রচনা। অতএব প্ল্যানিং কমিশন তুলে দাও। আমি নরেন্দ্র মোদী, প্রধানমন্ত্রী, আমি বি.জে.পি, আমি আর.এস.এস, আমি নীতি আয়োগ করবো। তুলে দিয়েছেন। ভারতবর্ষের প্রধানমন্ত্রী জওহরলাল নেহরু, ইন্দিরা গান্ধী রাজীব গান্ধীর নামে সমস্ত পরিকল্পনা মুছে দাও। কারণ ভারতকে কংগ্রেস মুক্ত করতে হবে। ওরা এটা ভাবছে। তো ওরা যেটা ভাবছেন আপনিও কি সেটা ভাববেন ? সম্ভব ? এই যে বেদনা হয়, রাজ্যের মুখ্যমন্ত্রী কেন মুখ্যমন্ত্রীদের সম্মেলনে যাবেন না ? রাজ্যের মুখ্যমন্ত্রী National Development Council Meeting-এর মিটিং-এ যাবেন না কেন ? রাজ্যের মুখ্যমন্ত্রী নীতি আয়োগের মিটিং-এ যাবেন না কেন ? উনি তো আমাদের মুখ্যমন্ত্রী, সবার মুখ্যমন্ত্রী। আপনি তার হয়ে রিপ্রেজেন্ট করছেন। কিন্তু Presence of Chief Minister 'Is it equal to the presence of Finance Minister ?' আমার হামবেল সাবমিশান। বাংলা পেছিয়ে যাচ্ছে, আজকে মমতা বন্দ্যোপাধ্যায় দিল্লীতে উপস্থিতি মানে একটা ঝড় ওঠা। আপনি গেছেন, মৃদু বসন্তের বাতাস বইছে। কিন্তু মমতা বন্দ্যোপাধ্যায় যাওয়া মানে ঝড় ওঠা। সেই ঝড় থেকে কেন বাংলা বঞ্চিত হচ্ছে ? কেন আজকে বাংলার কথাটা জোরালোভাবে দিল্লীতে বলা যাচ্ছে না ? এটা আপনার কাছে আমার প্রশ্ন থাকলো। এই যে ধরুন কেন্দ্র, Central share, state share of Central taxes. আজকে কিন্তু বেড়ে গেছে। ২০১৩-২০১৪-তে ছিল ২৩১৭৫ কোটি টাকা, ২০১৪-১৫ সালে বেড়ে হল ২৮২৪১ কোটি টাকা। ২০১৫-১৬-তে ওটা আরো বাড়বে, ৩১৯৬৬ কোটি টাকা। এটা আরো বেড়ে যাবে কারণ ৩২% থেকে ৪২%, আপনাদের দাবি ছিল ৫০% সেটা ৪২% হয়েছে 14th Finance Commission-এ। আরো বাড়বে। এটা আরো মিলিয়ে-জুলিয়ে ৬২%-এ চলে যাবে। এবার গ্রান্ট ইন অ্যাড অফ সেন্ট্রাল গভর্নমেন্ট, ২০১৩-১৪-তে এসেছিল ১১৮৫৩ কোটি। ২০১৪-১৫ তে এসেছে ২৫৯৬০ কোটি, এবার ইয়ার মার্কেট হয়েছে ৩২২৫৭ কোটি ২০ লক্ষ টাকা। এই দুটো মিলিয়ে প্রায় ৬৫ হাজার কোটি টাকা। তার সঙ্গে 14th Finance Commission-এর ১১৭৬০ কোটি টাকা। তারপরে আবার প্যাকেজ, কি দেন মোদিসাহেব, জেটলিসাহেব জানি না। আপনারও সন্দেহ আছে, আমারও সন্দেহ আছে, এই জায়গাটা। পশ্চিমবঙ্গ তো আলাদা নয় ? কিন্তু আমি আপনার সঙ্গে একমত যে লোন রিকভারির ক্ষেত্রে এবং মোরাটোরিয়ামের ক্ষেত্রে কেন্দ্রের এবং ফিনান্স কমিশনের একটা পথ বের করানোর দরকার। কারণ আমরা দেখছি বেতন দিতে আমাদের খরচা হয়ে যাচ্ছে। পশ্চিমবঙ্গে স্যালারি এবং পেনশনে আমাদের অনেক টাকা খরচ হয়ে যাচ্ছে। তাও দেখছি গতবারে কে টাকা স্যালারিতে গেল, ২০১৪-১৫ সালে ২ হাজার কোটি টাকা স্যালারিতে কম দিতে হচ্ছে। এটা কি কর্মী সংখ্যা কমে যাওয়া, শিক্ষকদের সংখ্যা কমে যাওয়া, পঞ্চায়েত পুর নিগমের কর্মচারীদের সংখ্যা কমে যাওয়ার জন্য ? এটা আমার জানতে ইচ্ছা করছে। পেনশন অ্যাকাউন্টে ১৩ হাজার কোটি টাকা লাগবে। কিন্তু সেখানেও দেখছি প্রায় দেড় হাজার কোটি টাকা কম লাগছে। এটা কেন হচ্ছে ? আপনারা কি রিটায়ার্ড লোকদের পেনশন দিচ্ছেন না, ইউটিলাইজেশন হচ্ছে

না ? অ্যালোটেড ফান্ড ১২ হাজার কোটি টাকা থেকে আরও কমে ১১ হাজার কোটি টাকা হয়েছে পেনশন অ্যাকাউন্টে। স্যালারির ক্ষেত্রেও আপনার প্রায় ২ হাজার টাকা কম লেগেছে। এর কারণটা কি ? কর্মী সংখ্যা কমে যাচ্ছে, রাজ্য সরকার, স্কুল, quasy-govt, পুরসভা, পঞ্চায়েতে কর্মী সংখ্যা কমে যাচ্ছে ? এটা আমার জানতে খুব ইচ্ছা করছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি পরবর্তী পর্যায়ে আসছি। স্টেট রেভিনিউ উনি বাড়াচ্ছেন। অফ্ কোর্স বাড়িয়েছেন। আমি অ্যাপ্রিসিয়েট করছি এবং ধন্যবাদ জানাচ্ছি। আপনার simplification of the structural method to mop up the revenue অনেকটা আপনাকে advantage দিয়েছে। এবারেও যেগুলো আপনি করেছেন, এগুলো নিশ্চয়ই দেবে। কিন্তু এই যে ইকোনমিক্স রেভিনিউ বইটা আপনি আমাকে দিয়েছেন, প্রত্যেকবারে দুটো বই পেতাম। গতবারেও আপনি একটা দিয়েছেন, এবারেও একটা দিয়েছেন। রবীনবাবুর dept. of statistics থেকে ছাপা হয়। এবারে শুধু গদ্য লেখা। সেখানে একটা একটা করে ফিগার বলে গেছেন। দেখুন, আমরা তো বিধায়ক, আপনাদের মাধ্যমেই তো শিখব, আর একটা statistics-এর appendix থাকে। সেই বইটা আমাদের দেওয়া হচ্ছে না। ফলে comparative study in different years and comparative figures of different states আমরা ইকোনমিক রিভিউতে পাচ্ছি না। এটা কি আপনি দয়া করে আমাদের জানার জন্য, শিক্ষার জন্য, পড়ার জন্য, বোঝার জন্য একটা স্পেশ্যাল ডকুমেন্টেশান তৈরি করে দেবেন ? যাতে করে পশ্চিমবঙ্গের হয়ে ভারতবর্ষ বা অন্যান্য রাজ্যে আমরা ভাল করে লড়াই করতে পারি যে, কেন বাংলা বঞ্চিত হবে ? আমরা জানতেই পারছি না। বই পেতাম, বই পাচ্ছি না। এটা কেন হবে ? যেমন ধরুন— ল্যান্ড রেভিন্যুউতে আপনার টার্গেট ছিল ২ হাজার ৮২৯ কোটি ১৩ লক্ষ টাকা। আপনি তুললেন ২ হাজার ৩৬৬ কোটি ২২ লক্ষ টাকা। অনেক কমে গেল। কেন কমল ? ৪৬২ কোটি ৯১ লক্ষ টাকা ল্যান্ড রেভিনিউ আপনি তুলতে পারেননি। আপনার ডিপার্টমেন্টের স্ট্যাম্প ডিউটি ফিনান্সের আন্ডারে। আপনার টার্গেট ছিল ৫ হাজার ৩৯৯ কোটি ৬ লক্ষ টাকা। আপনি তুলেছেন ৪ হাজার ২৫৭ কোটি ১১ লক্ষ টাকা। অর্থাৎ ১ হাজার ১৪১ কোটি ৯৫ লক্ষ টাকা স্ট্যাম্প ডিউটি আপনি তুলতে পারেননি। state excise- আপনার আন্ডারে, আপনার টার্গেট ছিল ৩ হাজার ৮১০ কোটি ৪১ লক্ষ টাকা। আপনি তুলেছেন ৩ হাজার ৬৫১ কোটি ৩৬ লক্ষ টাকা। আপনি ১৫৯ কোটি ৫ লক্ষ টাকা তুলতে পারেননি। transport and vehicle tax-আপনার টার্গেট ছিল ১ হাজার ৬৬৭ কোটি ৯৬ লক্ষ টাকা। আপনি তুলেছেন ১ হাজার ৪৫৮ কোটি ৭১ লক্ষ টাকা। আপনি ২০৯ কোটি ২৫ লক্ষ টাকা তুলতে পারেননি। ফলে এই যে ৪০ হাজার কোটি টাকা এবার তুলেছেন, এর সঙ্গে আরও ৪ হাজার ৪৫৯ কোটি ৬২ লক্ষ টাকা যুক্ত হত। এই বছরই আপনি ৪৫ হাজার কোটি টাকা রেভিনিউ তুলতে পারতেন। পারেননি। Is it the failure of your dept. ? কোন্ জায়গায় ফেলিওর, কোন জায়গায় গ্যাপ, কোন জায়গায় ল্যাকিউনা, কোন জায়গায় পিটফল, কোন জায়গায় ভ্যাকুয়াম, সেটা তো আপনাকে দেখতে হবে। আমরা তো চাই এই রাজ্য আরও বেশি করে রেভিনিউ ইনকাম করুক।

[2.10—2.20 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই যে আমার কাছে যে জিনিসটা খুব বিস্ময়কর লাগছে সেটা হল, এই salary account. salary account-এ ২০১৩-১৪ সালে যে টাকা দেওয়া হত, salary account ২০১৪-২০১৫ সালে সেই amount-টা বাড়ল। কিন্তু পরে দেখা গেল প্রায় দেড় হাজার থেকে পনে-দুহাজার কোটি টাকা কম দেওয়া হচ্ছে স্যালারি অ্যাকাউন্টে। কি কারণটা আমরা বুঝতে পারছি না। এটা একটু আমাদের explain করে দেবেন। এটা আমাদের খুব ভাবাচ্ছে।

এইবার আসি D.A-এত বড় ৮৯ পাতার একটা বাজেট, সরকারি কর্মচারীদের এবং আধাসরকারি কর্মচারীদের D.A-এর কথাটা একবারও বললেন না। দেবেন কি দেবেন না, না দিলে, কেন দেবেন না ? দিলে, কবে দেবেন, দিলে কত পার্সেন্ট দেবেন ? এইটা একটা আপনাকে অনুরোধ করছি, এটা করুন। কারণ আমি দেখছি, শাসকদলের কর্মচারী ফেডারেশন নাকি আপনাদের বিরুদ্ধে আন্দোলনে নামছে। এতো বিপজ্জনক ব্যাপার। এতো ঘরে আগুন ধরে গেছে। সেই ঘরে আগুন ধরাটা অন্তত জল দিয়ে নেভান। সেটা দেখুন।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, planning-planning-এ আপনি বলছেন, আমি বাড়িয়েছি টাকা। সেটা ২৪ হাজার কোটি টাকা থেকে এখন ৪৪ হাজার কোটি টাকায় চলে এসেছি। স্বাভাবিক, এটা তো বাড়াতেই হবে। কারণ এই জন্যই তো পরিবর্তনের সরকার দাবি করেছিলাম। ওরা non-plan expenditure করত, ওরা non-development expenditure করত। এই সরকার development expenditure, planning expenditure বাড়াবে বলেছিল। পরিবর্তন হয়েছে। এবং সেটা এগোবে এবং সংখ্যা বৃদ্ধি হবে। এটা নিশ্চয় বাহবার। কিন্তু comparative যে growth ট্র্যাক্ট-টা আরও বেটার হওয়া দরকার। কারণ study করে দেখলাম, non-development non-plan expenditure সমান্তরাল গতিতে কিন্তু চলেছে। ওটা কমেনি কিন্তু। non-development, non-plan expenditure সমান্তরাল গতিতে বৃদ্ধি হচ্ছে। ওটা কমেনি, এক্কেবারে কমেনি।

এবার চলে আসুন plan outlay plan outlay-তে আমি দেখেছি, খুব important department. খুব important department-irrigation. সেখানে ২৩৩৫ কোটি ৪৯ লক্ষ টাকা planning outlay. খরচা হল কত ? এই আর্থিক বছরে, ৩১শে মার্চ চলে যাচ্ছে, ১ হাজার ৮৯৪ কোটি ৭৩ লক্ষ টাকা। কেন ? প্রায় সাড়ে পাঁচশো, ছশো কোটি টাকা ইরিগেশানে খরচাই হল না ! খরচাই হল না ! এটা হল, financial document.

এবার বলি education নিয়ে। education-এ ধরে ছিলেন আপনি ৮ হাজার ৪০৪ কোটি ৩৮ লক্ষ টাকা plan outlay. খরচা হচ্ছে কত ? ৫ হাজার ৫৩৯ কোটি ৫০ লক্ষ টাকা। প্রায় ৩ হাজার কোটি টাকা education-এ খরচ হচ্ছে না। Is it a healthy sign of the expenditure of the plan outlay, Dr. Mitra ? এডুকেশন

মিনিস্টার খুব ব্যস্ত হয়ে পড়েছেন। ওকে বুঝিয়ে-টুঝিয়ে রাজি করুন যাতে খরচা হয়। আর এদের সময় চারটে education minister ছিল। এখন একটি। আমার মনে হয়, পরিধি, ব্যাপ্তি, ভারী, ওজন খুব বেড়ে গেছে। একটু Chief Minister-এর সঙ্গে কথা বলে higher education, school education, জনশিক্ষা—একটু ভাগ-টাগ করে দিলে মনে হয় ভালো হত। এই বিষয়টি একটু দেখুন। এটা বোধ হয় করে দেওয়া ভালো। পাচ্ছেন না।তা না হলে, তিন হাজার কোটি টাকার budget খরচা হয়নি। education minister-কে আমি দায়ী করছি। বাংলার শিক্ষাকে stagnant করে দিতে উনি ওর বরাদ্দের অর্থ খরচা করতে পারেননি। please reply Hon-ble Finance Minister. কেন করতে পারেননি।

এবার চলে আসুন, expenditure as a whole. Sundarban Affairs ৩০০ কোটি টাকার বরাদ্দ। সেখানে খরচ হয়েছে ২৬০ কোটি টাকা। ছোট ছোট self-help group ৩০৫ কোটি টাকা বরাদ্দ, খরচ হয়েছে ২৫৭ কোটি টাকা। Public Health Engineering-১ হাজার ৩৩৬ কোটি ৩২ লক্ষ।

খরচ হয়েছে ১ হাজার ৭৭ কোটি ৩৩ লক্ষ। জল মানে জীবন। কিন্তু তার টাকা পড়ে আছে খরচ হচ্ছে না। মাননীয় বিধায়করা বলছেন, 'জলের প্রকল্পের জন্য application করছি, জল-প্রকল্প পাচ্ছি না'। অথচ টাকা পড়ে আছে। প্রায় সাড়ে ৩০০ কোটি টাকা জল প্রকল্পে খরচ করা যাচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি as a whole picture পশ্চিমবঙ্গের দিলাম।

Industry, Industry নিয়ে আপনি যে কথাগুলো লিখেছেন আমি ডিটেলস-টা পড়েছি। খুব confusing. আমি মাননীয়া অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আপনাকে বিনীত নিবেদন করছি যে, কত Industry ২০১১-র ২০শে মে থেকে ২০১৫-র ৩রা মার্চ অবধি হয়েছে, আগামীকাল তো আপনি রিপ্লাই করবেন, কত proposal আপনার টাইমে এসেছে, কত proposal implement হয়েছে, আর কত proposal পাইপলাইনে আছে, তিনটে column করে দিন। আপনি একসঙ্গে দিয়ে দিয়েছেন। আমরা তো confused. Implementation and propose একসঙ্গে দিয়েছেন। ঠিক আছে, আমরা ভুল। আমরা ভুল, আপনি ঠিক। আগামীকাল একটা Printed lay out আপনি দিয়ে দেবেন আমাদের। ২০১১-র ২০শে মে থেকে ২০১৫-র ৩রা মার্চ অবধি।

এবার subsidy, আমি বলছি, মাননীয় অর্থমন্ত্রী একটা united protest হোক কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে। আমি প্রস্তাব দিচ্ছি। Subsidy ২ লক্ষ ৫৩ হাজার ৯১৩ কোটি থেকে কমিয়ে কেন্দ্রের সরকার ২ লক্ষ ২৭ হাজার ৩৮৭ কোটিতে নামিয়ে দিচ্ছেন।

পঞ্চায়েতের ১০০ দিনের কাজে কোনো বৃদ্ধি করেনি, ওটা একটা চমক, সেই ৩৪ হাজার কোটি থেকে গেছে। খাদ্য, Petroleum products and fertilize-সব ক্ষেত্রে Subsidy কমিয়ে দিয়েছে কেন্দ্রের সরকার। কেন্দ্রীয় সরকারের দরিদ্র মানুষের বিরুদ্ধে জেহাদ যেন আপনার হাত দিয়ে প্রতিফলিত না হয়। আপনি এই ব্যাপারে রুখে দাঁড়ান।

আমরা মনে করি সংঘবদ্ধভাবে কেন্দ্রীয় সরকারের দরিদ্র মানুষের বিরুদ্ধের প্রতিবাদ হওয়া দরকার এবং corporate world-এর প্রতি নতজানু হয়ে স্বীকৃতি এখানে যেন না আসে।

আর, আপনার কাছে অনুরোধ করব ইন্ডাস্ট্রি-টাকে Spell out করুন। আর, সঠিক তথ্য দিয়ে আমাদের আলোকিত করুন। গুলিয়ে গুলিয়ে গোল গোল করে বক্তৃতা করলে আমরা কেমন গুলিয়ে যাই, আমরা বুঝতে পারি না। আর, economic review, একটা statistical appendage বই দিন। আপনার বাজেটে অনেকটা এগোনোর কথা বলছে কিন্তু ব্যাপকভাবে কনফিউশনে ভর্তি। তাই আমারও কেমন গুলিয়ে যাচ্ছে। তাই সঠিকভাবেই আপনাকে সমর্থন করতে পারলাম না।

শ্রী জটু লাহিড়ী : মাননীয় স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয় ২০১৫-১৬ সালের জন্য যে বাজেট এনেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি।

স্যার, আমরা ঋণ নিচ্ছি বলে ওঁরা বলছেন। খুব স্বাভাবিক নিয়মে আমরা যদি একটা পরিবারের ক্ষেত্রে দেখি যে বাবা যদি ঋণে জর্জরিত হয়ে চলে যান তাহলে তার পুত্রের সেই ঋণ শোধ করতে গিয়ে উন্নয়নমূলক কাজ অনেক ক্ষেত্রেই তার পক্ষে করা সম্ভব হয় না।

[2.20—2.30 p.m.]

ওই ঋণের সুদ দিতে দিতেই তা শেষ হয়ে যায়। কিন্তু মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মহাশয়া তিনি মুখ্যমন্ত্রী হওয়ার পর রাজ্যের ঘাড়ে বিশাল ঋণ এবং সেই ঋণকে মাথায় রেখে সুদ দিতে হচ্ছে। ২৮ হাজার কোটি টাকা বছরে আমাদের সুদ দিতে হচ্ছে। এই সাড়ে তিন বছরে জানুয়ারীর মধ্যে প্রায় এক কোটি দুই লক্ষ টাকা আমাদের সুদ দিতে হয়েছে। সুদের পরিমাণ বাড়বে কিন্তু আমাদের যে মূল অর্থনৈতিক প্রচেষ্টা, যেটা অর্থমন্ত্রী করছেন যে—যত বেশি প্ল্যান বাজেটের মধ্যে দিয়ে খরচ হবে, যত বেশি আমরা উন্নয়নমূলক কর্মসূচি নেব এবং সেই উন্নয়নমূলক কর্মসূচির মধ্য দিয়ে আরো অনেক কর্মসংস্থানের লক্ষ্যমাত্রা বাড়বে, কর্মসংস্থান হবে। আমাদের রাজ্যের আর্থিক উন্নতি আরো বেশি বেশি করে হবে। এটা আমার নিজের ধারণা এবং অর্থনীতিও এটাই বলে। সেই লক্ষ্যে কিন্তু অর্থমন্ত্রী কাজ করছেন। আমি তাকে ধন্যবাদ জানাই। বিগত বাজেটগুলিতে তিনি প্রমাণ নয়, প্ল্যান বাজেটে যেভাবে অর্থ বরাদ্দ বাড়িয়েছেন এটা কিন্তু অভাবনীয়। অন্যদিকে আমাদের বামফ্রন্ট, কংগ্রেস, বিজেপি তারা কিন্তু বাংলার উন্নয়নের কথা বোঝে না। এরা বাংলার উন্নতি চায় না। বিশেষ করে বামফ্রন্ট। তারা তো দীর্ঘ ৩৪ বছর ক্ষমতায় ছিল। গরীব মানুষদের ওরা স্বপ্ন দেখিয়েছিলেন—১৯৭৭ সালের আগে পর্যন্ত মানুষের বদ্ধমূল ধারণা হয়ে গিয়েছিল পশ্চিমবাংলায়, বামফ্রন্টের কাছেই আছে সোনার চাবিকাঠি। বামফ্রন্টই দেখিয়েছে ওদের সোনার স্বপ্ন। সব উন্নতি গরীব মানুষের দরজার গোড়ায় তারা পৌঁছে দেবে। কিন্তু দীর্ঘ ৩৪ বছরে আমরা অর্থনীতির কি হাল দেখলাম ? একটু আগেই মানসবাবু

বলছিলেন, বামফ্রন্টের রাজত্বকালে দীর্ঘ ৩৪ বছরে ২১ হাজার কোটি টাকার বেশি রেভিনিউ আদায় হয়নি। তুলনা করছেন অঙ্কের কথা। কিন্তু বাংলার যে উন্নতি রেভিনিউর ক্ষেত্রে যেটা ২০১৫-১৬-তে আমরা বলছি ৪৫-৪৬ হাজার কোটি টাকা আদায় হবে, নিশ্চিতভাবে হবে। কারণ সাড়ে তিন বছরের মধ্যে যদি আমরা ২০ হাজার, ২১ হাজার কোটি টাকাকে ৪০ হাজার কোটি টাকার উপরে নিয়ে আসতে পারি এবং এই বছরে নিশ্চিতভাবে আমরা ৪৫-৪৬ হাজার কোটিতে অবশ্যই পৌঁছাবো। কিন্তু সহযোগিতা তো ওদের নেই। গরীব মানুষের অর্থনৈতিক উন্নয়নের জন্য মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা ব্যানার্জী যে পরিশ্রম করছেন, যেভাবে সারা রাজ্যজুড়ে শুধু প্রশাসনিক মিটিং নয়, উন্নয়নের প্রতিটি দিশার ক্ষেত্রে তিনি যেভাবে লেগে রয়েছেন—কথা বললে হয় না, কাজ করে দেখাতে হয়। যে কাজটা আমাদের মুখ্যমন্ত্রী করছেন। অথচ অন্যদিকে সহযোগিতা কোথায় ? খালি অপপ্রচার, খালি অপপ্রচার। খালি কুৎসা, খালি কুৎসা। আর ষড়যন্ত্র, যেভাবে হোক রাজ্যে অস্থিরতা আনতে হবে। রাজ্যকে যেভাবে হোক গোলমালের মধ্যে ফেলে দিতে হবে। তাই শিক্ষা ক্ষেত্রে—ওদের ছাত্র নেই, ওদের সমর্থক নেই। ৮-১০টা ছেলেমেয়েকে নিয়ে বিভিন্ন কলেজে ঘুরছেন, ইউনিয়নের নির্বাচনের ক্ষেত্রে প্রার্থী দেওয়ার লোক নেই খালি টি.ভি-র সামনে দাঁড়িয়ে বলছেন আমরা গিয়েছিলাম, আমাদের মনোনয়নপত্র কেড়ে নিয়েছে। যাদবপুরে যে অসভ্যতায় এরা মদত দিলেন তাতে কি শিক্ষার প্রসার ঘটবে বাংলার ? বাংলার ছেলে-মেয়েরা কি আস্থাসীন হবে ? এই বাংলায় যাদবপুরের ঘটনা তাদের শিক্ষার অগ্রগতির ক্ষেত্রে কি কোনো প্রেরণা জোগাবে ? ওরা কিন্তু ষড়যন্ত্র করছেন। ওরা ভেবেছিলেন বনগাঁ এবং কৃষ্ণগঞ্জের বিধানসভা ও লোকসভা নির্বাচনে এবার ওদের নিশ্চিতভাবে—বিজেপি স্বপ্ন দেখছে, বামফ্রন্টও স্বপ্ন দেখছে, কংগ্রেস অনেক তলিয়ে গেছে, স্বপ্ন নেই। ভাবছেন এবং আমরা জিতবো। সারদা, সারদা করে অপপ্রচার। শিক্ষার ক্ষেত্রে অন্যায় প্রচার। কিন্তু মানুষ কি বললো উপ-নির্বাচনে সাধারণ ক্ষেত্রে একটা সময় সেই সরকারের কার্যের একটা মূল্যায়ন হয়। এবার অধিকাংশ ক্ষেত্রে দেখা যায় যে, উপ-নির্বাচনে জয়লাভ করলেও ভোটের পার্থক্য কমে যায় আগের নির্বাচন থেকে। অনেক অপপ্রচার করলেন কিন্তু কি দেখা গেল ? আমরা বিধানসভার ক্ষেত্রে ২১ হাজার থেকে ৩৭ হাজার ভোটে জিতলাম। লোকসভায় ২ কোটির উপর ভোটে জিতলাম। জনগণ ওদের বলে দিল, আমরা অনেক দেখেছি, অনেক শুনেছি-সাড়ে তিন বছরে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গ্রাম বাংলার উন্নয়নে যেভাবে কাজ করেছেন তার তুলনা নেই। তাই অকুণ্ঠ চিত্তে সবাই মিলে ভোট দিয়ে ঘোষণা করল, ভাগ সি.পি.এম. বাংলা থেকে, ভাগ বি.জে.পি. ভাগ বাংলা থেকে, ভাগ কংগ্রেস ভাগ বাংলা থেকে। এটা ঘোষণা করে দিয়েছে বাংলার মানুষ। আজকে প্রতি বছরে পরিকল্পনা ক্ষেত্রে যে উন্নয়ন আমরা রাজ্য পরিকল্পনা খাতে যদি ২০১৩-১৪ সালে দেখি সেখানে আমাদের বরাদ্দ ছিল ২৬ হাজার ৬৭৪ কোটি টাকা। ২০১৪-১৫ সালে বেড়ে হল ৩০ হাজার ৮৪৭ কোটি টাকা। আর এই বছরে আমাদের অর্থমন্ত্রী তিনি বিশ্বাস করেন, আমরাও বিশ্বাস করি যে এবারও পরিকল্পনা খাতে আমাদের বাড়বে এবং সেটা নিশ্চয়ই ৪৯ হাজার ৫০৭ কোটির কাছাকাছি পৌঁছাবে। এইভাবে যে স্টেট বাজেটে পরিকল্পনাখাতে যে উন্নয়ন হয়েছে, সেই উন্নয়ন আমাদের আরো

এগিয়ে নিয়ে যাবে। খুব স্বাভাবিকভাবে, প্ল্যান বাজেটে যত বরাদ্দ বাড়বে, কর্মসংস্থানও তত বাড়বে। কারণ প্ল্যান বাজেটের মধ্যে দিয়ে নতুন নতুন কাজ হবে এবং তার মধ্যে দিয়ে কর্মীসংখ্যা বাড়বে, কর্মসংস্থানও বাড়বে। সেই ক্ষেত্রে আমরা দেখছি ২০১৪-১৫ সালে আমাদের ১৬ লক্ষ ৬ হাজার কর্মসংস্থানের সুযোগ হয়েছে। ২০১৫-১৬-তে আমরা ভাবছি, ১৭ লক্ষ ৫০ হাজার কর্মসংস্থানের সম্ভাবনা আছে, নিশ্চিতভাবে হবে।

[2.30—2.40 p.m.]

আজকে বৃহৎ শিল্প নেই, বৃহৎ শিল্প নেই, সব নাকি এখান থেকে চলে যাচ্ছে। কারা বলছেন ? বামফ্রন্ট। ৩৪ বছরে আপনারা বাংলাকে শ্মশান করে দিয়েছিলেন শিল্পের ক্ষেত্রে। আপনারা ভুলে গেছেন ঘেরাও, বনধ, নানাভাবে আপনারা চেষ্টা করেছেন বাংলার শিল্প যাতে চলে যায়। আপনারা যেহেতু ক্ষমতায় ছিলেন না, ৭৭-এর আগে। আপনাদের প্রচেষ্টাই ছিল দেশ আগে নয়, পার্টি আগে এবং পার্টিকে ক্ষমতায় আনতে গেলে যদি দেশের উন্নতি হয় তাহলে আমরা ক্ষমতায় আসব কি করে ? তাই ৭৭-এর আগে পর্যন্ত শুধু আপনারা ধ্বংসাত্মক নীতি নিয়ে চলেছেন। যার ফলে বাংলার শিল্পের ক্ষতি আপনারা করেছেন। ৭৭ থেকে ২০১১ সাল—এই বিশাল সময়ের মধ্যে আপনারা শিল্পের কতখানি উন্নতি করতে পেরেছেন ? করেননি। প্রায় ৫৬ হাজার শিল্প এখানে বন্ধ হয়ে গিয়েছে, না হয় চলে গেছে। সেই জায়গায় কৃষিজমি কেড়ে নিয়ে, মানুষকে প্রতারিত করে, গরীবকে আরও গরীব করার ষড়যন্ত্র আপনারা করছেন, আমাদের মুখ্যমন্ত্রী নিশ্চিতভাবে তাদের পাশে সহায়ক হিসাবে দাঁড়িয়েছিলেন, আছেন, থাকবেন। তাই বৃহৎ শিল্প তৈরির ক্ষেত্রে তিনি যে ন্যায়নীতির মধ্যে দিয়ে করেছেন, আপনারা কি সবটাকেই উপহাস, ব্যঙ্গ করে যাবেন ? তিনি সিঙ্গাপুরে গিয়েছিলেন। ১৩টি বাণিজ্যিক চুক্তি হয়েছে এবং বাণিজ্যিক চুক্তি মানেই যে সবগুলো হবে, আমরা জানি হয় না, সবগুলো হয় না। কিন্তু হবে, আপনারাও তো হাজার হাজার মৌ চুক্তি করেছিলেন। হয়েছিল একটাও ? দুটো না পাঁচটা হয়েছিল। কিন্তু আমরা জানি ১৩টি বাণিজ্যিক চুক্তি, যেগুলি সিঙ্গাপুরে গিয়ে করা হয়েছে, তার অধিকাংশগুলো সফল হবে। যার মধ্য দিয়ে কর্মসংস্থানের সুযোগ বাড়বে। OCL, এক্সপো ইন্ডিয়া লিমিটেড, IFB এগ্রো ইন্ডাস্ট্রিজ, উৎকর্ষ টিউব অ্যান্ড পাইপ, বেঙ্গল বেভারেজস—এই রকম বড় বন শিল্পসংস্থানগুলো, যারা কাজ শুরু করে দিয়েছে। এখানে কর্মসংস্থান বাড়ছে। কিছু দিন আগে দি বেঙ্গল গ্লোবাল বিজনেস সামিট ২০১৫-তে, যেটা আমাদের রাজ্যে হল, সেখানে বহু শিল্পপতি পশ্চিমবাংলায় শিল্পে আগ্রহী। আমাদের শিল্পের পরিবেশ এবং সরকারী সহযোগিতা যেভাবে করা হচ্ছে, তার ফলে বহু বাণিজ্যিক সংস্থা, যারা এখানে শিল্প করতে আগ্রহী হয়েছেন। প্রায় দু'লক্ষ তেতাল্লিশ হাজার একশো কোটি টাকার বিনিয়োগের প্রস্তাব এসেছে এবং নিশ্চিতভাবে সেটা হবে। স্যার, আমি একটা কথা বলি, আমরা যদি একটু লক্ষ করি, সময় সংক্ষেপ। স্টেট প্ল্যানের বিভিন্ন সেক্টরে যে প্ল্যান এক্সপেনডিচার, একটু দেখলেই বোঝা যায় যে কিভাবে অত্যন্ত দ্রুততার সঙ্গে বাংলা এগোচ্ছে। স্টেট প্ল্যান এক্সপেনডিচারে যদি দেখি এগ্রিকালচারাল মার্কেটিং আপনার ১৩-১৪তে ছিল ৬৯.৩৭ ক্রোর। '১৪-১৫তে

রিভাইজড ১১৭০.৪০ ক্রোর। '১৫-১৬তে ধরা হয়েছে ১৫০০০ কোটি টাকা। এটা তো বাড়ছে। '৬৯ থেকে ১১৭০ হয়েছে এবং এবারে ১৫০০ কোটি টাকা ধরা হয়েছে। নিশ্চিতভাবে ১১৭০ কোটি থেকে বেড়ে যাবে। যদি আমরা এগ্রিকালচারে দেখি, তাহলে ২০১৪ সালে ৪ হাজার ৯৫৩ ক্রোর, ২০১৪-১৫ সালে ১১৭০.৪০ ক্রোর।.....(এই সময় মাইক অফ হয়ে যায়)।

শ্রী উদয়ন গুহ : মাননীয় চেয়ারম্যান স্যার, পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন সেটা নিয়ে আলোচনা চলছে। অনেকে আলোচনা করতে গিয়ে এই বাজেটকে অসত্য, অর্ধসত্য—এইগুলো বলেছেন, আমি তার মধ্যে যাচ্ছি না। একটি ঘটনা আপনাকে বলি। যখন স্কুলে ছোটো ক্লাসের ছাত্র ছিলাম, তখন আমাদের পাকাবার জন্য উপরের ক্লাসের ছাত্ররা থাকতেন। এটা সব জায়গায় সব স্কুলে আছে। অনেক ক্যালেন্ডার নিয়ে দেখিয়েছে যে অর্ধসত্য বললে, অসত্য বললে, অসৎ উচ্চারণ করলে নরকে গিয়ে কি ধরনের শাস্তি পেতে হয়। একদিন একজনকে জিজ্ঞাসা করেছিলাম যে, কুরুক্ষেত্রের যুদ্ধে যুধিষ্ঠির বলেছিলেন 'অশ্বথামা হত ইতি গজ'—সেটা কি করে নোট হল যে তিনি মিথ্যা বললেন, অসত্য বললেন। তা বলল যে ওখানে নাকি একটা ঘন্টা আছে, এখানে আমরা অসত্য বললে সেটা নাকি বেজে ওঠে। তাই যুধিষ্ঠির ওই অশ্বথামা হত ইতি গজ চেপে গিয়েছিলেন, টুং করে বাজনা বেজেছিল তখন সেটা নোট হয়েছিল। সেদিন দেবরাজ ইন্দ্র দুপুরবেলায় খেয়েদেয়ে ঘুমচ্ছিলেন। হঠাৎ চিৎকার করে বলে উঠলেন কোথায় আগুন লেগেছে আর কোথায় দমকল যাচ্ছে। তখন অনুচরেরা এসে বলছেন যে কোথাও আগুন লাগেনি, আর কোথাও দমকল যাচ্ছে না। মর্ত্যে ভারতবর্ষ নামক দেশে, পশ্চিমবঙ্গ নামক রাজ্যের বিত্তমন্ত্রী আজকে বাজেট পেশ করছেন। যতক্ষণ এটা করবেন ততক্ষণ এই ঘন্টা বাজবে, ঘন্টা বন্ধ করা যাবে না। মানসবাবু জিজ্ঞাসা করেছেন এবং আমিও বলছি যে, কেন্দ্রীয় সরকারের বাজেট ২৮ তারিখ আর কি কারণে ২৭ তারিখে এখানে বাজেট পেশ করা হল—মানসবাবু সেখানে ঢুকে বেরিয়ে গেছেন। আমার যেটা মনে হয় যে, মাননীয় অর্থমন্ত্রী পরিকল্পিতভাবে তিনি হাউসে আমাদের জানতে দিতে চান না যে, কেন্দ্র কোন কোন খাতে কত টাকা রাজ্যের জন্য বরাদ্দ করেছেন। চেয়ারম্যান স্যার আপনি এটা জানেন যে, বাজেটের মূল কথা হচ্ছে স্বচ্ছতা। আজকে হাউসকে কেন্দ্রের বরাদ্দ, সেই বরাদ্দ এই রাজ্যের কোন কোন খাতে কত টাকা ব্যয় করা হবে সেটা না জানতে দিয়ে মাননীয় অর্থমন্ত্রী দুটো কাজ করেছেন। একটা হচ্ছে বাজেটের স্বচ্ছতাকে ক্ষুণ্ণ করেছেন, আর আমরা যারা বিধায়ক, আমাদের অধিকারকে ক্ষুণ্ণ করেছেন। এটা উনি নিশ্চয়ই বক্তব্য রাখার সময় বলবেন। মাননীয় অর্থমন্ত্রী পণ্ডিত মানুষ, বিদ্বান মানুষ, অর্থনীতিবিদ—সবাই ওনাকে শ্রদ্ধা করে কিন্তু আমি যেটা এর আগেও ওনাকে একবার বলেছিলাম—যে উনি হাউসে থাকলে ভাল হত-যে উনি রাজনীতির ময়দানে ফিট খেলোয়াড় না। কিন্তু উনি বাজেট বক্তৃতাটা শুরু করেন যে কোন কারণেই হোক ভোটের রাজনীতি দিয়ে। এবারেও ভোটের রাজনীতির কথা বলেছেন যে মানুষ আমাদের এতো সমর্থন করছে যে ৩৪টি আসনে লোকসভা নির্বাচনে জয়ী হয়ে গেলাম। উনি আসনের কথা বলেছেন কিন্তু ভোটের কথা বলেননি। এটা যদি উনি

বুঝতেন, এটা যদি বলতেন তাহলে দেখতে পারতেন যে গত লোকসভা নির্বাচনে এই রাজ্যের ভোটারের ৩৯ শতাংশ ওদের দলকে সমর্থন করেছে মানে সরকারকে সমর্থন করেছে, আর ৬১ শতাংশ ওদের বিরুদ্ধে মত দিয়েছে। ভোটের ফলাফলের মধ্য দিয়ে সব বিচার করা যায় না। ভোটের ফলাফলের মধ্য দিয়ে যদি সব বিচার হত তাহলে এই দেশের একটি রাজ্যের মুখ্যমন্ত্রী যিনি আগামী ১২ বছর নির্বাচনে লড়াই করতে পারবেন না, যার ইতিমধ্যেই জেলবাস হয়েছে, এখন জামিনে ছাড়া আছেন। তার ছেড়ে যাওয়া আসনে তাদের দলের প্রার্থী ৯৫ হাজার ভোটে জয়ী হয়েছেন—সেটা তিনিও জিততে পারেনি। তাহলে ভোটের ফলাফলের মধ্য দিয়ে আপনি নীতি, দুর্নীতি, ন্যায়, অন্যায়—এগুলো বিচার করতে পারবেন না। কিন্তু মাননীয় অর্থমন্ত্রী সেটা নিয়ে এসেছেন।

[2.40—2.50 p.m.]

আসলে উনি এই জায়গাটা বোঝেননি। ঋণের কথা বাজেটে আছে। ঋণের কথা সবাই বলেছে। আমরা এর আগে বলেছি এই দেশে এমন কোনো রাজ্য নেই যার ঋণ নেই। ঋণ নিয়ে বার বার ৩৪ বছরের কথা বলা হয়। কিসের ৩৪ বছর ? এটা তো ৬৩ বছর ধরে চলছে। কবে ঋণ ছিল না ? আর সাংবিধানিক বাধ্যবাধকতা, সেটাকে মানবেন না ? আমাদের এই দেশের নিয়ম হচ্ছে স্মল স্কেলে যদি আপনি একটা টাকাও সংগ্রহ করেন তার ৮০ পয়সা আপনাকে লংটার্ম ঋণ নিতে হবে কেন্দ্রের কাছ থেকে। কোনো বেরিয়ে যাওয়ার রাস্তা নেই। আমাদের সময় ৩৪ বছরে স্মল সেভিংসের উপর জোর দেওয়া হয়েছে, তার ফলে ওই ৮০ শতাংশ ঋণ হিসেবে নিতে হয়েছে। এখন আপনার সামনে দুটো অপসান আছে। আপনি হয় স্মল সেভিংস বাড়াবেন, এই ৮০ শতাংশ ঋণ নেবেন। আর না হলে স্মল সেভিংসকে বন্ধ করে দিয়ে সারদার গাড্ডায় পড়বেন। মাননীয় অর্থমন্ত্রী কোন পথে যাবেন ? তাহলে আপনাকে দুটো করতে হবে। লক্ষ লক্ষ আমানতকারীদের এই ধরনের চিটফান্ড-এর ফাঁদে ফেলে দেবেন স্মল সেভিংসে সংগ্রহ বন্ধ করে। আর না হলে স্মল সেভিংসে যত টাকা আপনি বাড়তি ঢোকাবেন, তার ৮০ শতাংশ আপনার উপর ঋণের বোঝা আসবে। কিন্তু ঋণ নেবেন মানে যে আপনি সেটাকে বাজে খরচ করবেন, ধুলো, মাটি এইসব উৎসব করে টাকা খরচ করবেন কেউ বলেনি। আপনি ঋণ নিন, সেই ঋণকে জায়গামতো ব্যবহার করুন এবং সময়মতো ঋণ পরিশোধ করুন, আবার ঋণ নিন। এটাই তো একটা রাজ্যের কাজ। আর রেকর্ড করে ফেললেন ! বামফ্রন্টের আমলে, আমি যদি ধরেও নেই যে কংগ্রেস আমলে ঋণের বোঝা বামফ্রন্টের আমলে পড়েনি, বামফ্রন্টের আমল থেকেই ঋণ শুরু হয়েছে, তাহলে ৩৪ বছরে ১ লক্ষ ৯২ হাজার কোটি টাকা, আর এই পাঁচ বছরের মাথায় সেটা দাঁড়াবে ২ লক্ষ ৯৯ হাজার কোটি টাকা। এক লক্ষ কোটি টাকার উপর বাড়তি ঋণ আপনি নিয়েছেন। কিন্তু প্রশ্ন হচ্ছে, ঋণ আপনি নিন, তা কতটা আপনি প্ল্যান বাজেটে খরচ করছেন, আর কতটা নন প্ল্যান বাজেটে খরচ করছেন। মানসবাবু বলে চলে গেলেন। এই রাজ্যে এখনও ৭০ শতাংশের ওপর টাকা ব্যয় হচ্ছে নন প্ল্যান বাজেটে। সর্বনাশের পথে আমরা এগোচ্ছি। এই জায়গা থেকে ফিরিয়ে আনার চেষ্টা মাননীয়

অর্থমন্ত্রীর করা উচিত। রেভিনিউ--এর কথা বলেছেন। বলছেন রেভিনিউ রিসিভ যেটা, সেটা বেড়েছে। আপনি টারগেট করেছিলেন ৪৫ হাজার কোটি টাকা, পৌঁছতে পেরেছেন ৪০ হাজার কোটি টাকা। হ্যাঁ, অনেকটা বাড়িয়েছেন। কিন্তু পাশাপাশি দেখতে হবে এই ৪০ হাজার কোটি টাকা বাড়াবার ক্ষেত্রে পেট্রোল ডিজেলের দাম আপনাকে কতটা সহায়তা করেছে। পেট্রোলডিজেলের দাম বৃদ্ধির ফলে আপনি কত বাড়তি টাকা সেস্ হিসেবে সাধারণ মানুষের কাছ থেকে আদায় করেছেন, সেই হিসেবটা যদি মাননীয় অর্থ মন্ত্রী হাউসের সামনে তুলে ধরেন তাহলে বোঝা যাবে ওনার আসল রেভিনিউটা কোথা থেকে তুলছেন, আর পেট্রোলডিজেলের বাড়তি দাম বৃদ্ধির ফলে যে সুযোগটা পাচ্ছেন তার ফলে কতটা রেভিনিউ বাড়ছে। স্যার, আমি আপনার কাছে একথা বলব সেদিন মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতার সময়—ওনার একটা অসুবিধে হচ্ছে উনি হয়তো অ্যাঙ্গলো ইন্ডিয়ান আয়ার দ্বারা লালিত হয়েছেন বলে বাংলা ঠিক ভালোমতো বলতে পারেন না, কিন্তু চেষ্টা করেন। উনি যে কথাটা সেদিন বলছিলেন যে একটি জায়গাতেও ওনার যে বরাদ্দ, সেই বরাদ্দ কমেনি। কিন্তু কি করছেন আপনি ? আপনি কৃষি বিপণন দপ্তর, প্রথম শুরু করেছেন কৃষি বিপণন দপ্তর দিয়ে। আমি বলছি কৃষি বিপণন দপ্তর, সেই কৃষি বিপণন দপ্তরে গতবার যা ধরা ছিল, সেই টাকা আপনি খরচ করতে পারেননি। কৃষি বিপণন দপ্তর কি শুধু টাস্ক ফোর্স তৈরি করবার জন্য ? কৃষি বিপণন দপ্তর কি শুধু আলু বাইরে রাজ্যে যাওয়া বন্ধ করবার জন্য ? আজকে কৃষককে মাঠ থেকে আলু বিক্রি করতে হচ্ছে ৩ টাকা কেজি দরে, অথচ ১ কেজি আলু উৎপাদন করতে একজন কৃষকের ৫ টাকা থেকে ৫.২৫ টাকা খরচ হচ্ছে। কৃষক যখন মাঠ থেকে ৩ টাকা কে.জি দরে আলু বিক্রি করছে, তখন কোনো টাস্ক ফোর্স নেই, তাদের পাশে দাঁড়াবার কেউ নেই, তখন কোনোরকম মেলা হচ্ছে না, কোনরকম উৎসব নেই। এটা ভাবতে হবে, কি করে কৃষকদের বাঁচানো যায়, না হলে আত্মহত্যার মিছিল তৈরি হয়ে যাবে। উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর নিয়ে বলা হয়েছে। আমি উত্তরবঙ্গের মানুষ। একেবারে ছোটবেলায় করা পাটিগণিতের কঠিন অঙ্কটা মনে পড়ছে তৈলাক্ত বাঁশে ওঠা-নামা। এই উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের খরচও তৈলাক্ত বাঁশে ওঠ-নামার মতো। আগের বারে যা ধরা হয়েছিল সেটা খরচ করতে পারলেন না। পরের বার বললেন ৩৭৫ কোটি টাকা বরাদ্দ করলাম। তার মধ্যে ৩৩৫ কোটি টাকা খরচ করেছিল, ৪০ কোটি টাকা খরচ করতে পারেনি। এবারে ৪৫০ কোটি টাকা ধরে দিলেন, বললেন এতে উত্তরবঙ্গের উন্নয়নের জন্য কাজ হবে। আপনাকে বলছি, উত্তরবঙ্গের উন্নয়নের জন্য সুচিন্তিতভাবে ভাববেন। উত্তরবঙ্গের এমন একটা ভৌগোলিক অবস্থান, বিচ্ছিন্নতাবাদী শক্তি সবসময় উত্তরবঙ্গের মধ্যে দিয়ে চলাফেরা করে। এই অর্থনৈতিক বঞ্চনা আগামী দিনে সেখানে ভয়াবহ অবস্থার সৃষ্টি করবে। উত্তরবঙ্গের ব্যাপারে আপনি বলেছিলেন ১,৭০০ কোটি টাকা বিনিয়োগ করার জন্য শিল্পপতিরা আসছেন। আজকের দিনে সারা রাজ্যে যত মানুষের বাস, তার ২২ শতাংশ মানুষের বাস উত্তরবঙ্গের ৭টি জেলায়। আর অর্গানাইজড সেক্টরে যত মানুষ কাজ করে তার ৬ শতাংশ কাজ করে সেখানকার মানুষ। সুতরাং কে প্রপোজাল দিল, কে আপনার কাছে শিল্প করতে চাইল, এই কথা বললে হবে না, আপনাকে সিরিয়াসলি ভাবতে হবে

উত্তরবঙ্গের উন্নয়নের ব্যাপারে। উত্তরবঙ্গের অর্থনৈতিক দুরবস্থাকে দূর করবার জন্য কি শিল্প করবেন, কিভাবে মানুষকে এগিয়ে নিয়ে যাবেন সেটা ভাবতে হবে। পরশবাবু বললেন, মানসবাবু বলেছেন। আপনি সেদিন বলেছেন বরাদ্দ টাকা কমছে না। প্রায় ৩ হাজার কোটি টাকা স্কুল শিক্ষা দপ্তর খরচ করতে পারেনি। আর সেখানে ৩০ হাজার শিক্ষকের পদ এখনও খালি আছে, ৩০ হাজার শিক্ষক নিয়োগ করতে পারছেন না। বিভিন্ন স্কুলবাড়ির অবস্থা খারাপ, প্যারা টিচারদের মাইনে ঠিকমতো হচ্ছে না। প্যারা টিচার নিয়োগ হচ্ছে না, শিক্ষক নিয়োগ হচ্ছে না, আর সেখানে শিক্ষা দপ্তরের মতো একটা দপ্তরে আপনি ২,১০০ কোটি টাকা খরচ করতে পারলেন না। এটা ব্যর্থতা ছাড়া আর কী ? এটা আপনার ব্যর্থতা, সরকারের ব্যর্থতা। আপনি কন্যাশ্রীর কথা বলছেন। হ্যাঁ, আমরা বলেছি এটা ভালো প্রকল্প, ভালো কাজ হচ্ছে, এটা স্বীকার করে নিচ্ছি। কিন্তু যদি দেখি উইমেন ডেভলপমেন্টের ১২০ কোটি টাকা খরচ করতে পারলেন না, তখন আপনি কি বলবেন ? আপনি কন্যাশ্রী করছেন, তাদের বালা পারানোর জন্য আরও ৬ কোটি টাকা খরচ করবেন বলছেন। বালা করুন, কিন্তু নারী উন্নয়নের টাকা যখন ঠিকমতো খরচ করতে পারবেন না, তখন তার কি কৈফিয়ত দেবেন ? আর বালার প্রতি আসক্তি তো মেয়েদের খুবই আছে। আবার মন্ত্রীরাও এখন কেউ কেউ বালা পরার জন্য উদগ্রীব হয়ে উঠছেন। মাননীয় অর্থমন্ত্রী, আমি আপনাকে আর একটি কথা বলতে চাই মাননীয় চেয়ারম্যানের মাধ্যমে, আপনি এই যে বাজেট পেশ করেছেন, দেখবেন পঞ্চায়েত এবং গ্রামীণ উন্নয়নে আপনি বরাদ্দ করেছেন ৭৪৬০ কোটি টাকা।

[2.50—3.00 p.m.]

খরচ করেছেন অনেক বেশি। ১১ হাজার ৮৮৫ কোটি টাকা। আপনি ১১হাজার ৮৮৫ কোটি টাকা খরচ করলেন গ্রামীণ উন্নয়নে, কিন্তু আপনার সাহস হল না যে এবারে, ২০১৫-১৬ সালে ওই একই টাকা যে টাকাটা, যেটা আপনি অ্যাচিভ করলেন, সেটা এবারে বরাদ্দ হিসাবে ধরার ক্ষমতা হল না। আপনি এবারের বরাদ্দ হিসাবে ধরলেন ৮ হাজার ৫৮০ কোটি টাকা। কেন করলেন ? তার মানে আপনি কেন্দ্রের বাজেট না দেখে এই যে রাজ্যের বাজেট করা আপনার নিজে কনফিডেন্স নেই যে কেন্দ্র এই খাতে আপনাকে কি টাকা দেবে আর কত টাকা আপনি বরাদ্দ করবেন ? তার জন্য আপনি যেটা অ্যাচিভ করলেন সেই টারগেটটা সামনে রেখে আপনি এগোতে পারেছেন না। আপনি কি উন্নয়ন করবেন ? আমি এবারে আসছি আপনার কর্মসংস্থানের ব্যাপারে। এই বছর ১৬ লক্ষ কর্মসংস্থান করেছেন। সামনের বছর সেটা আরও ১৭ লক্ষ করবেন। আমি এইসব তেলেভাজা অমুক-তমুক এই সবে যাচ্ছি না, কিন্তু আপনার বাজেট বলছে আপনি এই বছর স্যালারি এবং ওয়েজেসের জন্য যে টাকা বরাদ্দ করেছিলেন সেই টাকাটাও পুরো খরচ করতে পারেননি। কাদের মারছেন ? আপনি সরকারি কর্মচারীদের ডি এ দিচ্ছেন না, আপনি নতুন রিক্রুট করতে পারছেন না। তার ফলে আপনার নিজের বরাদ্দকৃত টাকা যেটা স্যালারি এবং ওয়েজেসের জন্য রেখেছেন, সেই টাকাটাও আপনি খরচ করতে পারছেন না। আপনার হইহই করে বলতে থাকেন এ রাজ্যে

বিদ্যুতের অনেক উন্নতি হয়েছে। একথা অস্বীকার করা যাবে না যে লোডশেডিংটা বন্ধ হয়েছে, অনেক কমে গেছে। কিন্তু অন্য অঙ্কটাও কিন্তু ডঃ মিত্র শুনতে হবে। ২০১২-১৩ সালে এ রাজ্যে বিদ্যুতের চাহিদা ছিল ৭ হাজার ৬ শো মিলিয়ন ইউনিট। নোট করুন ২০১৩-১৪-তে সেটা কমে দাঁড়িয়েছে ৭ হাজার ৪শো মিলিয়ন ইউনিটে। ডোমেস্টিক যে চাহিদা সেটা কমেনি। এগ্রিকালচার সেক্টরে চাহিদা কমেনি। তাহলে এই যে বিদ্যুতের চাহিদা কমে যাওয়া সেটা প্রমাণ করে যে আপনারা যথাযথভাবে শিল্প গড়তে পারছেন না বা যে শিল্পগুলো আছে সেই শিল্পও ঠিকমতো উৎপাদন করতে পারছে না বলে বিদ্যুতের চাহিদা কমে গেছে। আপনি যখন বক্তব্য রাখবেন নিশ্চয়ই এটা উত্তর দেবেন। এটা আমার কথা নয় এটা বিদ্যুৎ দপ্তরের কথা। আপনি শিল্পে একেবারে চারিদিকে লোক আসছে, শিল্পে বিনিয়োগ শুরু হয়েছে। দু-লক্ষ আশি হাজার টাকার নতুন বিনিয়োগ হবে। নানা রকম শিল্প নিয়ে কথা বলছেন। কিন্তু আপনার হিসাব অনুযায়ী ২০১৩-১৪ সালে ১৭ হাজার কোটি টাকার উপরে বিনিয়োগ এই রাজ্যে হয়েছিল। ২০১৪-১৫ সালে সেই বিনিয়োগ কমে ১০ হাজার কোটির সামান্য বেশি হয়েছে। সাত হাজার কোটি টাকা বিনিয়োগ কমে গেল। কত প্রস্তাব এল সেটা বড় কথা নয়। কিন্তু বাস্তবে কত বিনিয়োগ হচ্ছে, কেমন করে বিনিয়োগ বাড়াবেন, সেটা মাননীয় অর্থমন্ত্রী চিন্তা করুন। আপনাকে দেখে, আপনাদের দেখে আমার কন্যাদায়গ্রস্ত আইবুড়ো মেয়ের বাবার কথা মনে হয়। মেয়ে দেখতে ছেলের বাড়ির লোকেরা আসে, দলবল মিলে খাওয়া-দাওয়া করে যাওয়ার সময়ে বলে যায় যে এবারে গিয়ে খবর পাঠাচ্ছি মেয়ে পছন্দ হল, কি হল না। সেই ফোন আর চিঠি কোনদিনও আসে না। বারবার এক দল করে আসেন, খেয়ে চলে যান আর ওই কন্যাটিকে পছন্দ করেন না। আপনাদের অবস্থা সেই। আপনারা সামিট করছেন, বেঙ্গল লিস্ট করছেন দূর-দূরান্ত থেকে ব্যবসায়ীদের আনছেন, নিজেরাও মাঝে মধ্যে ছেলের বাড়ি সিঙ্গাপুরে পৌঁছে যাচ্ছেন, কিন্তু কোনো ছেলে মেয়েকে পছন্দ করে এই রাজ্যে আসছে না। কি করে সেটা করা যায়, বাংলাকে কি করে বাঁচানো যায়, সেই কথা চিন্তা করে আগামীদিনে বাংলাকে এগিয়ে নিয়ে যাবেন, এই আশা রেখে সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয়, যে বাজেট বিবৃতি ২৭শে ফেব্রুয়ারী ২০১৫ এই পবিত্র বিধানসভাতে দিয়েছেন তাকে সম্পূর্ণভাবে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। আমার আগে উদয়নবাবু কয়েকটি কথা বলে গেলেন। আমি সেই ব্যাপারে বলি যে মাননীয় অর্থমন্ত্রী যে প্রকৃত দুধ দেওয়া যে সারবস্তু তিনি এখানে ঘোষণা করেছেন, সেই দুধে তিনি জল ঢাললেন উদয়নবাবু। প্রথমেই ধন্যবাদ জানাই তাঁকে সাহসিকতার সঙ্গে তিনি কেন্দ্রীয় বাজেটের আগেই পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে মানুষের স্বার্থে জনহিতকর, কল্যাণকর যে বাজেট মানুষের জন্য ঘোষণা করেছেন নিশ্চিতভাবে সেটা অভিনন্দনযোগ্য। সেই কারণে তাঁকে অভিনন্দন জানাই। স্যার, এত বিদ্বেষ, এত কুৎসা, এত অপপ্রচার, বিভিন্ন বিরোধী দলের প্রচারমাধ্যম ইলেকট্রনিক্স মিডিয়ার মাধ্যমে আমরা দেখছি সাড়ে তিন বছর ধরে সেই

একই ইস্যু। সেই ইস্যু হল সারদা এবং বাংলায় কিছু হচ্ছে না। বাংলার চতুর্দিকে সন্ত্রাস ছাড়া নাকি আর কিছু নেই। কিন্তু এটা প্রমাণিত যে বিগত লোকসভা নির্বাচনে এবং কয়েকদিন আগে যে উপনির্বাচন হয়ে গেল সেখানে পুনরায় গণতান্ত্রিক পরিকাঠামোকে শক্তিশালী করে মমতা ব্যানার্জী নেতৃত্বে আস্থা পুনরায় যে ঘোষিত করেছে দুটি উপনির্বাচন এবং ৩৪টি আসন পেয়ে লোকসভায়, এটা নিশ্চিতভাবে আপনারা কোন জায়গায় অবস্থান করছেন সেটা বুঝুন। মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাই ২০১৪-১৫ আর্থিক বছরে তাঁর মূল্যায়ন অনুযায়ী বাংলার যে গ্রস ভ্যালু অ্যাডেড ১০.৪৮ বেড়েছে এবং সেখানে ভারতবর্ষে বৃদ্ধি ছিল ৭.৫। নিশ্চিতভাবে এটা অভিনন্দনযোগ্য। সেই কারণেই আজকে বাংলার উন্নয়নের ক্ষেত্রে এগিয়ে আছে। এবং আগামীদিনেও এগিয়ে থাকবে। এবং নিশ্চিতভাবে অর্থমন্ত্রীর যে পুঙ্খানুপুঙ্খ বিশ্লেষণ বাংলার বিভিন্ন ক্ষেত্রে দেখিয়েছেন, তার একটি হল দু-হাজার দশ-এগারোর আর্থিক বছরের মূলধনী ব্যয় বৃদ্ধি ছিল মাইনাস ২৬.৮%, সেখানে এগারো-বারো সালে এই নেগেটিভ গিয়ে পজেটিভে আনা একটা নতুন অভিজ্ঞতার ভিতর দিয়ে তিনি মূলধনী ব্যয় বৃদ্ধি করেছেন ২৪.১৭% এবং বারো-তেরোতে সেই পজিটিভকে আরও বাড়িয়ে তিনি ৬৪.৫৩%, তেরো চোদ্দতে ৫২.৩৩% এটা নিশ্চিতভাবে বাংলার সার্বিক জনসাধারণের কাছে একটা কৃতিত্বের অধিকার। প্রত্যেক সরকার যেভাবে ঋণের ফাঁদ যেভাবে বাড়িয়ে তুলেছেন সেক্ষেত্রে নিশ্চিতভাবে যে ঋণ বিগত ৩৪ বছরের শাসনব্যবস্থায় আমরা দেখেছি, পাহাড়প্রমাণ ঋণ। ঋণ এই সরকারও নিশ্চিতভাবে করেছে, এটা আমাদের অর্থমন্ত্রী এই পবিত্র সদনে বলেছেন। তা সত্ত্বেও আজকে এই ঋণকে সঙ্গে নিয়েও পাহাড় থেকে সাগর, সাগর থেকে জঙ্গলমহল এবং সার্বিক বাংলার বিভিন্ন জেলায় মহকুমাতে বিভিন্ন ক্ষেত্রে যে উন্নয়নের ধারা অব্যাহত আছে, এটা নিশ্চিত অর্থমন্ত্রীর সার্বিক প্রচেষ্টা এবং প্রয়াসের ফলে আজকের সেই উন্নয়নকে আমরা চাক্ষুষ দেখতে পাচ্ছি এবং তার বাস্তব রূপ আমার বাংলার মানুষের কাছে পৌঁছে দেওয়া যাচ্ছে।

[3.00—3.10 p.m.]

এটা নিশ্চিত যে ২০১৩-১৪ সালে আমরা যে সুদ প্রদান এবং ঋণ শোধের জন্য আমাদের ট্রেজারি থেকে কেটে নেওয়া হয়েছিল ২৮ হাজার কোটি টাকা এবং ২০১১ থেকে ২০১৫ সালের ১৫ই জানুয়ারী পর্যন্ত বাংলার ট্রেজারি থেকে কেটে নেওয়া হয়েছিল ১ লক্ষ কোটি টাকারও বেশি। সেক্ষেত্রে বাংলার মাননীয় অর্থমন্ত্রী, তিনি দয়াভিক্ষা চাননি কেন্দ্রীয় সরকারের কাছে এবং তিনি তাঁর অধিকারের সঙ্গে আজকে বাংলায় এই ঋণের বোঝা নিয়েও তাঁর চিন্তা-ধারার মধ্য দিয়ে আজকে বাংলাকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে চলেছেন, এটা নিশ্চয়ই একটা কৃতিত্বের এবং সাফল্যের।

আমরা দেখেছি, তাঁর রাজত্বে এই সাড়ে তিন-চার বছরে খাদ্য যে মজুত—২০১১-১২ সালে ছিল ৪০ হাজার মেট্রিক টন। যা মাত্র তিন বছরে বৃদ্ধি হয়ে দাঁড়িয়েছে ৩.৮০ লক্ষ মেট্রিক টন, যা ৯ গুণেরও বেশি এবং এই বছর ৩.২ কোটি মানুষকে দু'টাকা কিলো দরে চাল এবং ৫ টাকা কিলোগ্রাম দরে ৭০০ গ্রাম গম এই সরকার সরবরাহ

করছে বাংলার বিভিন্ন প্রান্তে। এটা নিশ্চিত যে, বামফ্রন্ট সরকারের আমলে এই কৃষক বাজার সম্পর্কে কৃষকরা বোধহয় জানতেন না, সেটা মাথে না খায়। কিন্তু বাস্তব—পশ্চিমবাংলার মা-মাটি-মানুষের সরকার আজকে কৃষকদের জন্য অত্যন্ত গুরুত্ব সহকারে ৯৫টি কৃষক বাজার তৈরি করেছে, তার মধ্যে ৮৪টি বাজার ইতিমধ্যেই পশ্চিমবাংলার কৃষকদের স্বার্থে চালু হয়েছে এবং এই বাজারগুলি চালু হওয়ার ফলে আজকে কৃষকদের বিভিন্ন সুযোগ-সুবিধা এবং কর্ম সংস্থানের ব্যবস্থা হয়েছে।

আমরা অর্থমন্ত্রীর বাজেটের ভেতর দিয়ে দেখতে পেয়েছি যে, পশ্চিমবাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তাঁর স্বপ্নের কর্মসূচী 'নিজ গৃহ নিজ ভূমি' প্রকল্পের ভেতর দিয়ে আজকে যে সাফল্য এসেছে, তা ২ লক্ষ ৩০ হাজারেরও বেশি পাট্টা দিয়ে 'নিজ ভূমি নিজ গৃহ' ঘর আমরা মানুষের কাছে পৌঁছে দেওয়ার ব্যবস্থা করেছি।

কৃষকরা আজকে সমাদৃত, তাদের মনের আনন্দ তারা ধরে রাখতে পারছে না 'জল ধরো, জল ভরো' প্রকল্পের মধ্যে দিয়ে। আজকে সেক্ষেত্রেও আমাদের সরকার সফলতা অর্জন করেছে। চাষীদের স্বার্থে, মানুষের জন্য আজকে এই 'জল ধরো, জল ভরো' প্রকল্প অত্যন্ত সময়োপযোগী হয়েছে। আমরা দেখেছি যে, পি.এইচ.ই-র মাধ্যমে যে গ্রামীণ জল সরবরাহ, গ্রামের মানুষ যে জলকষ্টের ভেতরে থাকতো, তাকে বাস্তবে রূপ দেওয়ার জন্য মা-মাটি-মানুষের সরকার প্রায় ৬১৫টি গ্রামীণ জল প্রকল্প আজকে বাস্তবে রূপ দিয়েছে। যেটা ২০০৭ এবং ২০১১ সালের তুলনায়—আপনাদের আমলের তুলনায় দ্বিগুণ। এটা নিঃসন্দেহে সরকারের একটা অন্যতম, অসাধারণ সাফল্য এই গ্রামীণ জল সরবরাহ প্রকল্প।

আপনারা নিশ্চয়ই স্বাস্থ্যের কথা—আমি ১০ বছর বিধায়ক ছিলাম। স্বাস্থ্যের ব্যাপারে বিগত দিনে যে ওষুধ থাকতো না, নার্স থাকতো না, ডাক্তার থাকতো না—সেই পরিস্থিতিকে ধীরে ধীরে এগিয়ে এনে ২০১১ সালে আমরা ৬টি সিক্ নিউ বর্ন কেয়ার ইউনিট তৈরি করেছি, ৯৫টি সিক্ নিউ বর্ন স্টেবিলাইজেশন ইউনিট তৈরি হয়েছে এবং চালু আছে। আর বিগত তিন বছরে আমরা ৬টি জায়গায় ৪৩টি এস.এন.সি.ইউ এবং ৯৫টি জায়গায় ২৮৫টি এস.এন.এস.ইউ স্থাপিত করেছি। এটা নিশ্চিতভাবে স্বাস্থ্যের দিক থেকে একটা সাফল্য।

আজকে শিক্ষার ক্ষেত্রে, এটা বাস্তব যে, আমরা—যেমন আমাদের নদীয়া জেলায় একটি সরকারি কলেজ ছিল। বর্তমান এই ৩ বছরে মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে আমার জেলায় চারটি সরকারি কলেজ তৈরি হয়েছে এবং আমার বিধানসভা মুড়াগাছাতেও একটি সরকারি কলেজ আগামী সেশনেই চালু হবে। এটা নিশ্চয়ই একটা শিক্ষক্ষেত্রে ইতিহাস। স্বাধীনতার পর থেকে ২০১১ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গে ৩২টি কলেজ, ৪টি ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপিত হয়েছে, এই তিন বছরের মধ্যে ৪০টি নতুন সরকারী এবং সরকার সাহায্যপ্রাপ্ত কলেজ স্থাপন করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এর মধ্যে ১৮টি কলেজকে ইতিমধ্যেই চালু করা হয়েছে, বাকিগুলি ২০১৫ সালের মধ্যেই চালু হবে। এটা নিশ্চয়ই একটা ঐতিহাসিক দিক, শিক্ষাক্ষেত্রে আজকে এই সরকার এই ব্যবস্থা গ্রহণ করেছে। আজকে

বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রেও আমরা দেখেছি যে ২০১২ পর্যন্ত ১৩টা বিশ্ববিদ্যালয় স্থাপন করা হয়েছিল এবং তিন বছরে এই সংখ্যা মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে মা-মাটি-মানুষের সরকার ১৩টি বিশ্ববিদ্যালয় স্থাপন করে এবং ৬টি সরকারি সাহায্যপ্রাপ্ত, ৭টি বেসরকারী করে আজকে 7.6 গ্রস এনরোলমেন্ট রেসিওতে আমরা তুলে আনতে পেরেছি, এটা একটা নতুন বৈশিষ্ট্য এবং সাফল্য। আমরা দেখেছি যে বৃত্তিমূলক দক্ষতাতেও আজকে পশ্চিমবঙ্গ সরকার পিছিয়ে নেই। আমাদের ওই দপ্তর ২০১১ সাল পর্যন্ত ৮০টি ITI তৈরি করেছে এবং এই তিন বছরে আরও ৪৩টা ITI তৈরি হয়েছে এবং আমরা এই ৪৩টা ITI আগামী দিনে মানুষের স্বার্থে, ছাত্র-ছাত্রীদের স্বার্থে চালু হবে এবং এই ITI-এর মধ্যে দিয়ে আজকে বেকারত্বের সমস্যাও আমরা ঘোচাবো। নিশ্চিতভাবে পশ্চিমবঙ্গে আদিবাসী এবং তপশিলি জাতি এবং অনগ্রসর শ্রেণীর মানুষের সংখ্যা কম নয়, সেক্ষেত্রেও পশ্চিমবঙ্গ সরকার তাদের উন্নয়নের ক্ষেত্রেও পিছিয়ে নেই। সেই পিছিয়ে পড়া সমাজের জন্য অত্যন্ত গুরুত্ব সহকারে সেই তপশিল জাতি ও উপজাতিদের জন্য তারা বৃত্তি প্রদান করেছে এবং সাইকেল বিতরণের ক্ষেত্রে আপনারা শুনেছেন যে মাননীয় অর্থমন্ত্রী তিনি ঘোষণা করেছেন প্রায় ৪০ লক্ষ সাইকেল ছাত্রছাত্রীদের ভিতরে বিতরণ করা হবে, এটা নিশ্চয়ই একটা ঐতিহাসিক ঘোষণা। নিশ্চিতভাবে অসংগঠিত শ্রমিকদের ক্ষেত্রেও একটা পরিবর্তন এই সরকার ঘটিয়েছে যে ক্ষেত্রে বিভিন্ন শ্রমজীবী মানুষ যারা নীচু স্তরে কাজ করে মিস্ত্রী, রাজমিস্ত্রী, জোগাড়ে , মোটরভ্যান চালক, বাসের অ্যাসিসটেন্ট, ড্রাইভাররা তারা এই অসংগঠিত শ্রমিকদের ক্ষেত্রে রাজ্য সরকার একটা অভূতপূর্ব পরিকল্পনা এবং পরিকাঠামোগত আর্থিক দিক থেকেও যে তাদের উন্নয়ন সেক্ষেত্রেও পিছিয়ে নেই। এটা তিন বছরের ভিতরে বাস্তবে আমি উপলব্ধি করেছিলাম যখন আমাদের ওই দপ্তরের মন্ত্রী ছিলেন মাননীয় পূর্ণেন্দু বসু, আমাদের জেলাতেই তিনি প্রায় কয়েক কোটি টাকা ওই সব গরীব শ্রমজীবী মানুষদের ভিতরে বিভিন্নভাবে তাদের হাতে তুলে দিয়ে এসেছেন। এটা নিশ্চয়ই একটা নতুনত্বের ইতিহাস। আমরা মনে করি যে পশ্চিমবাংলায় সমস্ত দপ্তরের ক্ষেত্রে কি স্বাস্থ্য, কি কৃষি, কি বিদ্যুৎ— আজকে বিদ্যুৎ পরিস্থিতি, আমি ১০ বছর বিরোধী দলের সদস্য ছিলাম, সেই সময় দেখতাম লোডশেডিং, ৪ঘন্টা, ৫ঘন্টা, ৬ঘন্টা লোডশেডিং। এটা নিশ্চয়ই লক্ষনীয় ঘটনা ছিল। কিন্তু বর্তমান সরকার বিদ্যুৎ দপ্তর অত্যন্ত দায়িত্বের সঙ্গে তারা তাদের এই পরিকাঠামোকে উন্নত করে আজকে বিদ্যুৎ পরিস্থিতিকে ৯৯% সঠিকভাবে মানুষের কাছে আজকে পৌঁছে দেওয়ার ব্যবস্থা করেছে। এছাড়াও বিভিন্ন ক্ষেত্রে আজকে একটা উন্নয়নের যে ধারা আজকে বাংলায় মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে পশ্চিমবঙ্গে মা-মাটি-মানুষের সরকার পৌঁছে দিচ্ছে, এতেই আপনাদের জ্বালা ধরেছে। সেটা আগামীদিনের পৌরসভার নির্বাচন এবং আগামীদিনে বিধানসভার নির্বাচনে মানুষের রায়ই প্রমাণ করে দেবে। তাই আমাদের মাননীয় ডঃ অমিত মিত্র, অর্থমন্ত্রীর বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী রামেশ্বর দলুই : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ২৭ তারিখে ডঃ অমিত মিত্র ২০১৫-১৬ সালের জন্য যে বাজেট পেশ করেছেন এবং বক্তব্য রেখেছেন আমি তার

বিরোধিতা করে কয়েকটি কথা সংক্ষিপ্তভাবে রাখতে চাই। বিরোধিতার কারণ হল যে,— দু'দশক পিছিয়ে দিলেন। এই চার বছরে মা-মাটি-মানুষের সরকার আমাদের রাজ্যটাকে পিছিয়ে দিয়েছেন সব দিক থেকে। মা-মাটি-মানুষের সরকার পিছিয়ে দিয়েছেন। শিক্ষাতে পিছিয়েছেন, স্বাস্থ্য পিছিয়েছেন, কৃষিতে পিছিয়েছেন, শিল্পে পিছিয়েছেন এগুলোতে সবক্ষেত্রে পিছিয়ে দিয়েছেন, পিছোচ্ছেন। এই বাজেট বক্তব্যের মধ্যে কৃষকদের আত্মহত্যা সম্পর্কে, তাদের সম্পর্কে, কৃষক ফসলের দাম না পেয়ে আত্মহত্যা করছেন। এইজন্য তো সমর্থন করতে পারছি না। এদের সম্পর্কে কিছু বলা নেই। কল্পিত বাজেট করা হয়েছে। কিছু আজগুবি অসত্য তথ্য আছে। ভিত্তিহীন অবাস্তব কিছু বক্তব্য আছে। কৃষক এবং শ্রমজীবী মানুষের স্বার্থবিরোধী এই বাজেট। সেই এই বাজেটের আবারও আমি বিরোধিতা করছি। আমরা প্রাইমারী স্কুলে যখন পড়েছিলাম, মাস্টারমশাইরা আমাদের বলতেন সদা সত্য কথা বলিবে। ডঃ মিত্র পণ্ডিত মানুষ, তিনি তাঁর বক্তব্যে বলেছেন, page 6-এ এখানে বলেছেন স্বাধীনতার পর ২০১১সাল পর্যন্ত ৩২টি College, ৪টি Engineering College স্থাপিত হয়েছে। মাত্র তিন বছরে ৪০টি ইত্যাদি ইত্যাদি বলে তিনি উল্লেখ করেছেন। আমি স্যার, আপনাকে শুধু বলতে চাই, সপ্তম বামফ্রন্টের সময়ে ২০০৬ থেকে ২০১১ এই সময় কলেজ হয়েছে ৭৩টি, এই পাঁচ বছরে মধ্যে, Engineering College হয়েছে ৩৬টি। বিশ্ববিদ্যালয় হয়েছে ৫টি। পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়, গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়, আলিয়া বিশ্ববিদ্যালয়, প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয় এবং সিধু-কানহু বিশ্ববিদ্যালয়। উনি এতো অসত্য কথা রাখলেন কী করে ? আমি সেইজন্য বলব যে, এখানে উনি অসত্য কথা উল্লেখ করেছেন। আর একটা হল যে, রাজ্যে একটা আর্থিক বিশৃঙ্খলা চলছে, কোনো শৃঙ্খলা নেই। আমাদের ২৭ তারিখের বাজেটের পর ২৮ তারিখ বিরোধী পক্ষের সদস্যরা তারা তথ্য দিয়েছেন, কিভাবে ঋণ নেওয়া হচ্ছে। কিভাবে তার ব্যয় ইত্যাদি এসব উত্থাপন করা হয়েছে। আমি উল্লেখ করতে চাই দ্রব্যমূল্য বৃদ্ধি নিয়ে কোনো কথা এখানে বলা নেই। একটা কেন্দ্রের বাজেট হয়েছে। সেখানেও নিত্যব্যবহার্য জিনিসের দাম রোধ করতে ব্যর্থ। সুদিন আসার কোনো বিষয়ই নেই। আর আমাদের এখানে রাজ্যের যে বাজেট করা হয়েছে সেখানে নিত্যব্যবহার্য জিনিসপত্রের দাম বিগত এক বছরে কোনো কোনো ক্ষেত্রে ১০০ গুণ বেড়েছে নিত্য ব্যবহার্য্য জিনিস। নুন, তেল, ঝাল, মসলা ইত্যাদির দাম বেড়েছে। ওষুধের দাম কোনো কোনো ক্ষেত্রে—জীবনদায়ী ওষুধ ১০০ থেকে ২০০ গুণ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। কৃষক ফসলের লাভজনক দাম এবং ফসল উৎপাদন করার জন্য কৃষিজ input-গুলো তার দাম বেড়েছে। সারের দাম বেড়েছে, ডিজেলের দাম বেড়েছে, পেট্রোপণ্যের দাম বেড়েছে, জল তোলার খরচ বেড়েছে, বিদ্যুতের খরচ বেড়েছে। এখানে বিদ্যুৎ নিয়ে অনেক কথা হল। আমি একটু মাননীয় সদস্যদের বলব যে, ২ টাকা ইউনিটে যে পাওয়া যেত আজকে সেটা বাড়তে বাড়তে ৭ টাকায় পরিণত হল domestic-এ দেখবেন। এতগুণ বৃদ্ধি হল। একটা গরীব মানুষ যেখানে ১০০ থেকে ১৫০ টাকা মাসে বিল দিতেন আজকে ৬০০ থেকে ৭০০ টাকা তাকে বিল দিতে হয়। এই যে বিষয়টা—বামফ্রন্টের আমলে বিদ্যুতে ভর্তুকি দেওয়া হত। বারে বারে সেখানে দেওয়া হয়েছে। কর্মসংস্থানের কোনো দিশা নেই।

কি কর্মসংস্থান এখানে এক কোটি, দেড় কোটি, পঞ্চাশ লক্ষ, কতরকমের কথা সেখানে বলা আছে। এর উত্তর কি আছে ? আমরা কোথাও সেখানে দেখিনি। মাননীয় অর্থমন্ত্রীর কাছে জানতে চাইব, গতবারে তিনি বলেছিলেন, সকলে টেবিল চাপড়েছিলেন যে, এসব চিটফান্ড ইত্যাদিকে আটকাবার জন্য উনি নাকি একটা মস্তিষ্কপ্রসূত খুব ভালো এরকম একটা প্রস্তাব বলেছিলেন State Savings Scheme, সেটা এবারের বক্তৃতায় নেই। ক'জন টাকা রাখলেন ? যারা মা-মাটি-মানুষের সমর্থক তারা কি ওই ব্যাঙ্কে অ্যাকাউন্টে টাকা রাখলেন ? কত টাকা জমা হল ? সঞ্চয় হল কত ? সেটা যদি অনুগ্রহ করে বলেন। মহামান্য রাজ্যপালের ভাষণ এবং মাননীয় অর্থমন্ত্রীর ভাষণ এই কয়েকদিনের মধ্যে ফারাক। সেখান দেখা যাচ্ছে যে, এই দুটোর মধ্যে তথ্যে অসংগতি আছে। নানান ক্ষেত্রে, মাত্র কয়েকদিনের ফারাক তো। উনি ১৯ তারিখ বললেন মাননীয় রাজ্যপাল, আর ইনি ২৭ তারিখ বাজেট বক্তৃতা করছেন। তথ্যে নানা অসংগতি আছে। দুর্নীতি একটা প্রতিষ্ঠানিক চেহারা নিয়েছে। পঞ্চায়েতগুলোর কী অবস্থা ? ৮৩০০০, শুধু NREGA-এর কাজ নিয়ে ৮৩০০০ অভিযোগ জমা পড়েছে। তার নিষ্পত্তি কোথায় ? সোসাল অডিট কি ব্যবস্থা আছে ? কোন ব্যবস্থা আছে ? বামফ্রন্টের আমলে যে ক্ষমতার বিকেন্দ্রীকরণ করা হয়েছিল, উন্নয়ন পরিকল্পনায় যে মানুষ অংশ গ্রহণ করতেন, পঞ্চায়েতটা ভালভাবে চলত, মানুষের অংশগ্রহণ ছিল, আজকে কোথায় সেখানেতে ? কি চলছে ? দলতন্ত্র চলছে। মানুষের অংশগ্রহণ সেই জায়গায় নেই। গ্রাম সংসদ কিভাবে হচ্ছে ? সংখ্যালঘু উন্নয়ন, সংখ্যালঘু উন্নয়নে কি অবস্থা ? আপনারা টাকা খরচ করতে পারছেন না। এস.সি, এস.টি. ও বি.সিদের জন্য যে টাকা ৪০ভাগ টাকা, ৫০ ভাগ টাকা খরচ করতে পারছেন না। টাকা রয়ে যাচ্ছে সেই জায়গায়। এই রকম নানানভাবে সেই টাকা আছে। নগর উন্নয়নের প্রশ্নে বলব যে, বস্তিবাসীদের জন্য কি পরিকল্পনা ? তাদের বাড়ী তৈরির জন্য যে টাকা বরাদ্দ হয়েছিল, খরচ করতে পারেননি। তার কি উত্তর দেবেন ? বস্তিবাসীদের জন্য ওই আলো, ঝলমলে আলো, কিছু রাস্তা, কিছু বাড়ী-টাড়ী ইত্যাদি, ঠিকাদার, ঠিকাদারী, প্রোমোটারী এইটাতে তো উৎসাহী হয়েছে। এটা একটা শিল্প এসেছে, শিল্প এ রকম একটা অবস্থা। শিল্পায়নের ব্যাপারে জিন্দাল নিয়ে কি বলবেন ? আমাদের জেলা শালবনীতে জিন্দাল, সেই জিন্দাল চলে যাচ্ছে কেন ? কি কারণ, সেটা মাননীয় অর্থমন্ত্রী সেখানে নিশ্চয় বলবেন। ইনডাস্ট্রিয়াল পার্ক, বিদ্যাসাগর ইনডাস্ট্রিয়াল পার্ক নিয়ে কি বলবেন। হলদিয়ার ব্যাপারে যদি জিজ্ঞাসা করি, হলদিয়া নিয়ে কি বলবেন ? সেখানে হলদিয়া থেকে একটার পর একটা শিল্প বন্ধ হয়ে যাচ্ছে, তার ব্যাপারে কি বলবেন ? যে হলদিয়াতে ছোট-বড় সব শিল্প মিলে ৪৬/৪৭টা শিল্প আমাদের সময়ে ছিল। সেখানে দেখা যাচ্ছে যে, পেট্রো-কেমিক্যালসে উৎপাদন বন্ধ। মানেকশিয়ার অস্থিরতা চলছে, মিৎসুবিশিতে দ্বিতীয় প্রোজেক্ট অনিশ্চিয়তার মুখে। লালবাবা কারখানা সমস্যার মধ্যে দিয়ে চলছে। আরো নানান অবস্থা। কি চলছে সেইসব জায়গায় ? হলদিয়াতে কি অবস্থা হয়ে আছে ? আমি সেইজন্য বলব যে, শিল্পের এই রকম একটা ভয়ঙ্কর অবস্থা। আর বাজেটটা তো অসম্পূর্ণ। ডঃ মিত্র আপনি নিশ্চয় দেখেছেন, আমি দেখেছিলাম ভাল করে, পড়ার চেষ্টা করেছি যে তাতে যা বলে আছে, গত

বছরের বাজেট, এবছরের বাজেট, দফাওয়ারী—৩৬টা দপ্তর। একটা দপ্তর গেল কোথায় পশ্চিমাঞ্চল ? পশ্চিমাঞ্চলের জন্য কোনো বরাদ্দ নেই। পশ্চিমাঞ্চল গেল কোথায় ? অন্য একটা জায়গায় লিখেছেন, পশ্চিমাঞ্চল। আমি পশ্চিমাঞ্চল নিয়ে দু-একটা কথা বলি। এখানে পশ্চিমাঞ্চলে নাকি শান্তি বিরাজ করছে বলা হয়েছে। আমি জিজ্ঞেস করি যে, পশ্চিমাঞ্চলের জন্য বামপন্থীরা, আমাদের ২৫৫জন বামপন্থী কর্মী, সমর্থক তারাও খুন হয়ে গেলেন। কাদের হাতে ? আজকে যারা অনেকে সরকারে অংশগ্রহণ করেছে তাদের হাতে, মাওবাদী-তৃণমূল জোট ছিল। তখন, আজকের যিনি মাননীয়া মুখ্যমন্ত্রী সাইকেলের পিছনে গিয়েছেন, প্রত্যন্ত এলাকায় গেছেন, মটর সাইকেলের পিছনে গেছেন। আজকে সেখানে কি রকম শান্তির পরিবেশ, কি অবস্থা আছে, যে তিনটে মুখ্যমন্ত্রী—ড্যামী দুটো করতে হয়, তারপর ওনাকে সেই জায়গায় যেতে হয়। আজকে ঝাড়গ্রাম এলাকার প্রত্যন্ত পশ্চিমাঞ্চল এলাকার মানুষকে ভিন রাজ্যে কাজ করতে যেতে হয়। এন আর ই জি এ-র কাজ বন্ধ, ২০ দিন তো কাজ বন্ধ। আমাদের সরকার যখন ছিল, ৪৫দিন আমরা কাজ দিতে পেরেছিলাম, ১০০দিনের মধ্যে। তাও ওরা সন্তুষ্ট নয়, আজকে ২৬দিন/২৭দিন কোথায় ? সেই জায়গায় কাজের সংখ্যা কমে যাচ্ছে। এখানেতে যদি আপনারা জোর করে বলেন যে ভারতবর্ষের মধ্যে প্রথম। প্রথম নাকি পশ্চিমবাংলা। পশ্চিমবাংলা, না ত্রিপুরা ? বারেবারে ত্রিপুরা প্রথম হয়েছে। ৮৮দিন, ৮৯দিন তারা কাজ দিতে পেরেছে ১০০ দিনের মধ্যে। প্রথম তো তারা সেখানেতে আর এখানে কথা উঠেছে যে, কন্যাশ্রী নিয়ে কথা হয়েছে, আমার অন্য কথা নেই, আমি ডঃ মিত্রকে বলব, এখন থেকে নকল বালা এই মেয়েদের পরাচ্ছেন কেন ? ওই যে বালাটা পরাচ্ছেন নকল কেন ? ওদেরকে যদি বালা দিতে হয়, তাহলে সত্যি সত্যিই সোনার বালা দিন না। আর হাউস অফ লর্ডস ওখানকার প্রতিনিধিরা আমাদের বিধানসভায় এসেছিলেন, আমি যা শুনলাম, তারা প্রশ্ন তুলেছেন, এত কন্যাশ্রী করছেন, এত উৎসব করছেন, নারী পাচার, দাঙ্গা এত বেশি কেন ? মেয়েদের উপর অত্যাচার এত কেন, হাউস অফ লর্ডস-এর তারা প্রশ্ন তুলেছেন ? তাই আমি সেইজন্য বলব যে, এই বিষয়টা খেয়াল করা। এছাড়া আই.সি.ডি.এস, আশা প্রকল্প, শিশু শিক্ষা, শিশু শ্রমিক বিদ্যালয়, ট্রেন্ড দায়ী, সি এইচ জি সম্পর্কে কোনো কথা এখানে বলা নেই। শতএক দলে যে মেয়েরা রান্না করে, তাদের বৃদ্ধির ব্যাপারে কোনো কথা এই জায়গায় বলা হয়নি। মিড-ডে মিলের সঙ্গে যারা রান্নার সঙ্গে যুক্ত তাদের বিষয়ে কোনো কথা এখানে বলা নেই। প্রাণী সম্পদের সঙ্গে যারা যুক্ত আছেন, প্রাণীবন্ধু তাদের বিষয়ে এই জায়গায় কোনো বলা নেই। ১০ বছরের বেশি যারা বিভিন্ন সরকারী বা সরকারী অনুমোদিত প্রতিষ্ঠানে কাজ করেন তাদের স্থায়ীকরণের ব্যাপারে বামফ্রন্ট সিদ্ধান্ত নিয়েছিলেন, এই জায়গায় কোনো দিশা নেই। কর্মরত অবস্থায় মারা গেলে তাদের পোষ্যকে চাকরি দেওয়ার ব্যাপারে বামফ্রন্ট সরকার যে উদ্যোগ গ্রহণ করেছিলেন, তা কোথায় ? আপনাকে আমরা সেইজন্য বলব, সেটা দেখার জন্য। বিভিন্ন ভাতা, বার্ধক্য ভাতা ইত্যাদি এইসব ভাতা অনিয়মিত দেওয়া হয়। এদের বৃদ্ধির ব্যাপারে যা বামফ্রন্টের আমলে ছিল তার থেকে আপনারা একটাও বাড়াতে পারেননি। কৃষক পেনশান, বার্ধক্য ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা এই জায়গায় কোথাও নেই। তাই সামগ্রিকভাবে

আমি বলব যে দিশা দেখাতে ব্যর্থ, মানুষের কল্যাণ করতে ব্যর্থ, অ্যাসোচেম ফিকি নিয়ে আপনি ব্যস্ত ছিলেন, কৃষকদের কথা, শ্রমিকদের কথা, সাধারণ মানুষের কথা তাদের নিয়ে প্রাক্-বাজেট সমীক্ষায় কোনো মতামত দেননি। আপনি ওই ধরনের মানুষ তাদের নিয়ে বলেন...

(সময় শেষ হয়ে যাওয়ায়, বক্তার মাইকের সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়।)

[3.20—3.30 p.m.]

শ্রীমতী সাবিনা ইয়াসমিন : স্যার,২৭শে ফেব্রুয়ারি বিশিষ্ট অর্থনীতিবিদ এবং অর্থ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী এই পবিত্র মহান সদনে ২০১৫-১৬ আর্থিক বছরে ব্যয়বরাদ্দের জন্য ৭ কোটি টাকার ডেফিসিট বাজেট এবং ১০,৩৬১ কোটি টাকা রাজস্ব ঘাটতির পরিমাণ দেখিয়ে ৪৯,৫০৭ কোটি টাকার প্রস্তাবিত বাজেট পেশ করেছেন। আমি তা সম্পূর্ণরূপে বিরোধিতা করে এই বাজেটের উপর আমার বক্তব্য পেশ করছি। কারণ এই বাজেট সম্পূর্ণরূপে অস্বচ্ছ, দিশাহীন, পরিকল্পনাহীন, অবাস্তব একটি রাজনৈতিক ইস্তাহার ছাড়া কিছুই নয়।। এই বাজেটে আয়-ব্যয়ের হিসাবকে তুলে ধরা হয়নি। এই বাজেটে প্রকাশ পেয়েছে গত সাড়ে তিন বছরে মা-মাটি-মানুষের সাফল্যের ইতিহাস। যে ইতিহাস বেশির ভাগ মানুষের কাছে হাস্যকর হয়ে দাঁড়িয়েছে। প্রথম যে ব্যর্থতা এবং অসত্য ফিগার এই বাজেটে প্রকাশ পেয়েছে, তা হল রাজ্যের নিজস্ব রাজস্ব আয় যা প্রস্তাবিত হয়েছিল, তার থেকে প্রায় ৫ হাজার কোটি টাকা কম আদায় করতে পেরেছে। তা সত্বেও এ বছর কিভাবে গত বছরের তুলনায় প্রায় ৬ হাজার কোটি টাকা বেশি প্রস্তাব দিয়েছেন তার দিশা এই বাজেটে দেখাতে পারেননি ডঃ মিত্র। ২০১৪-১৫-তে ফিসক্যাল ডেফিসিট প্রস্তাবিত হয়েছিল প্রায় ১৫,২৮৯ কোটি টাকা। কিন্তু বর্তমানে দেখেছি তা বেড়ে দাঁড়িয়েছে ২৩,৮৮১ কোটি টাকা। প্রায় সাড়ে আট হাজার কোটি টাকা বেশি। বর্তমানে তিনি প্রস্তাব রেখেছেন ১৫,৯৮২ কোটি টাকা। তিনি কিভাবে '১৪-১৫ থেকে প্রায় ৮,১০০ কোটি টাকা ফিসক্যাল ডেফিসিট কমাবেন তা এই বাজেটে তিনি ক্লিয়ার করে বলেননি। তিনি দেখিয়েছেন স্টেট ট্যাক্স রেভিনিউ। '১২-১৩-তে ৩২,৮০৮ কোটি টাকা , '১৩-১৪-তে ৩৫,৮০৩ কোটি টাকা, '১৪-১৫-তে ৪০,০৬২ কোটি টাকা এবং '১৫-১৬-তে ৪৬,৪৯৬ কোটি টাকা তিনি প্রস্তাব রেখেছেন। অর্থাৎ এই ৬ হাজার কোটি টাকা কোথা থেকে আসবে। বরঞ্চ আগে যা আয় হয়েছে তাও ভবিষ্যতে হবে কিনা সন্দেহ। কারণ প্রবেশ করের আইনি জটিলতা এবং শিল্পবিরোধী মনোভাব রাজস্ব আয়-ব্যয়ের ক্ষেত্রে প্রতিবন্ধক হয়ে দাঁড়াবে। তাহলে ডঃ মিত্রকে উত্তর দিতে হবে কোথা থেকে আসবে এই টাকা ? এর ওপরে এখন সারদাও নেই। এই রাজ্য শিল্পে ব্যর্থ তা বাজেটে প্রকাশ পেয়েছে। শিল্পের জন্য উপযুক্ত পরিবেশ দরকার। নিজের হাঁড়ির ফুটো বন্ধ না করে শিল্পে বিনিয়োগ চাই, শিল্পে বিনিয়োগ চাই বলে শিল্পপতিদের কাছে চিৎকার করলে হবে না। তার জন্য উপযুক্ত পরিবেশ তৈরি করতে হবে। আমরা দেখেছি, বামফ্রন্টের সময় প্রায় ৫৪ হাজার ইণ্ডাস্ট্রি বন্ধ হয়ে গেছে। এই সাড়ে তিন বছরে তৃণমূলের সময় আমরা দেখেছি ২২টা ইন্ডাস্ট্রি বন্ধ হয়ে গেছে। এইরকম

পরিস্থিতিতে শিল্প কিভাবে উৎপাদন বাড়ে ৮ পার্সেন্টের ওপরে। তা ডঃ মিত্রকে তাঁর জবাবী ভাষণে উত্তর দেওয়ার জন্য অনুরোধ জানাই। গত আর্থিক বছরে শিল্প থেকে প্রায় ১ লক্ষ ৩০ হাজার কর্মসংস্থানের আশা করেছিল সরকার। এই বছর সরকারই বলেছে বড়জোর ৩০ হাজার কর্মসংস্থান হতে পারে। ফলে গ্লোবাল বিজনেস সামিট এবং সিঙ্গাপুর অভিযান করতে গিয়ে সরকারের যে বিশাল অঙ্কের টাকা খরচ হয়েছে তার পরিণামে রাজ্যের পাওনা প্রায় শূন্য। আমি আসি, কৃষির ক্ষেত্রে। কৃষক বাজার নিয়ে অনেকেই বলেছেন। আমারও সেই একই বক্তব্য। ৯৫টি কৃষক বাজার হয়েছে। কৃষক বাজার যদি কেবলমাত্র সংখ্যা বাড়ানোর উদ্দেশ্য থাকে তাহলে আমাদের কোনো বক্তব্য নেই। কিন্তু কৃষক বাজারের মাধ্যমে যদি কৃষকদের লাভবান হওয়ার চেষ্টা করা হয় তাহলে সেইসব জায়গায় কৃষক বাজার করা হোক, যেখানে কৃষকদের বাজার করলে কৃষকরা ট্রুথফুল হবে, তাদের লাভ হবে। আমরা আজকে দেখতে পাচ্ছি, ৯৫টি কৃষক বাজারের মধ্যে কেবলমাত্র ১টি কৃষক বাজার চালু করতে পেরেছেন। শুধু তাই নয়, ৯৫টি কৃষক বাজারের মধ্যে ৫৫ হাজার কৃষক পরিবার কর্মসংস্থানের সুযোগ পাবে, সেটা ডঃ মিত্র ২০১৪-১৫-তে ঘটা করে এই হাউসে বিবৃতি দিয়েছিলেন। ওনার কাছে আমরা জানতে চাই, কতজন পরিবার আজকে এই কৃষক বাজারের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ পেয়েছে ? ওনাকে এই প্রশ্নের উত্তর দিতে হবে। আজকে মাননীয় মন্ত্রী আপনি ক্ষুদ্র ও সেচ ব্যবস্থার মাধ্যমে চাষযোগ্য জমিকে উর্বর করার জন্য চেষ্টা করছেন। ভালো কথা। ভালো কথা, আমি সেই বিষয়ে গেলাম না। আমি জানতে চাই, আমার জেলা মালদহে কত হেক্টর জমিতে আফিম চাষ হচ্ছে ? কালিয়াচক—১,২,৩, হবিবপুর, হরিশ্চন্দ্রপুর প্রত্যেকটি জায়গাতে আজকে আফিম চাষ ভরে গেছে। মালদহ জেলা আগামী দিনে আম এবং লিচুর জন্য বিখ্যাত থাকবে না, আগামী দিনে আফিম চাষের জন্য বিখ্যাত হয়ে উঠবে। আপনি তো আবগারী দপ্তরেরও মন্ত্রী, তাহলে আপনি কেন মালদহ জেলাকে বাঁচানোর চেষ্টা করছেন না। আমরা দেখেছি আজকে যুক্তরাষ্ট্রীয় কাঠামোয় জঙ্গলমহলকে শান্ত করার জন্য যৌথ উদ্যোগে চেষ্টা করছেন, কিন্তু আজকে কালিয়াচকে বেশির ভাগ বাড়ির বাচ্চারা পুতুল নিয়ে নয়, অস্ত্র নিয়ে তারা খেলা করে। ভাতের সঙ্গে ডালের চুমুক নয়, ভাতের সঙ্গে তারা আফিম খাচ্ছে। আজকে আমরা কোন জায়গায় আছি ? আজকে আমরা দেখতে পাচ্ছি কেন্দ্র বা রাজ্য কেউ এটা নিয়ে ভাবছে না। আজকে সংখ্যালঘু, সংখ্যালঘু বলে চিৎকার করছি। যখন ভোট আসে তখন সংখ্যালঘুদের কথা মনে পড়ে, অন্য সময় নয়। আজকে এই সংখ্যালঘু মুসলিমদের কথা মনে পড়ে যখন এন.আই.এ-কে দিয়ে তদন্ত করার পর তারা ধরা পড়ে, আসামী হয়ে দিনের পর দিন জেলে থাকুক, কেস লড়ুক, আফিমে আসক্ত হয়ে পঙ্গু হয়ে পড়ুক। এদিকে আজকে কারোর দৃষ্টি নেই। আজকে এইসব অবৈধ কার্যকলাপকে দমন করার জন্য রাজ্য এবং কেন্দ্র দুজনেই উদাসীন। কারণ একটাই—তারা সংখ্যালঘু, তারা সংখ্যালঘু। সেখানকার মানুষ চায় না মোয়াজ্জিম ভাতা, সেখানকার মানুষ চায় না ইমাম ভাতা। সেখানকার মানুষ চায় আত্মসম্মানের সঙ্গে মাথা উঁচু করে বাঁচতে—জাল নোটের কারখানা নিয়ে নয়, অস্ত্র কারখানা নিয়ে নয়, আফিম চাষের উপরে নির্ভর করে নয়। সংখ্যালঘু ছাত্র-ছাত্রীদের

কেবলমাত্র স্কলারশিপ এবং সাইকেল বিতরণ করলেই তারা শিক্ষার মূলস্রোতে ফিরে যাবে না। আজকে ড্রপ আউটের সংখ্য যদি কমাতে হয় তাহলে আমাদের জোর দিতে হবে কর্মোপযোগী শিক্ষাব্যবস্থার উপরে। তবেই আমরা ঠিক পথে এগোতে পারব। আজকে আপনারা যদি চান সংখ্যালঘু ছেলে-মেয়েরা সমাজের মূলস্রোতে ফিরে যাক, তাহলে কেবলমাত্র দান-খয়রাতি এবং ভিক্ষে দিয়ে নয়, চাকরির ক্ষেত্রে তাদের জন্য ২৭% আসন সংরক্ষণের ব্যবস্থা করুন। তাহলেই ভাববো আপনাদের দিশা আছে এবং সংখ্যালঘু সম্প্রদায়কে নিয়ে আপনারা চিন্তা করছেন। কেবলমাত্র স্কুল এবং কলেজের সংখ্যা বাড়িয়ে শিক্ষার মূলস্রোতে ফিরে যাওয়া যাবে না, পাশাপাশি দরকার শিক্ষাও। কতজন শিক্ষককে আপনারা নিয়োগ করতে পেরেছেন তার চিত্রও আমাদের জানা দরকার আছে। আজকে কন্যাশ্রী, যুবশ্রী ইত্যাদি প্রকল্প ক্ষণিকের জন্য চটকদারি প্রকল্প। এই প্রকল্প যুব সমাজের উদ্যম এবং কর্মক্ষমতাকে একেবারে পঙ্গু করে দিয়েছে। তাদের চাকরি দিন, কর্মসংস্থানের সুযোগ করে দিন, তবেই আগামী প্রজন্ম এগিয়ে যাবে। ডঃ মিত্রকে অনুরোধ করব, অনেক দপ্তরে প্রচুর ভ্যাকান্সি আছে সেগুলো পূরণ করুন। সিভিক পুলিশদের নাম চেঞ্জ করে সমস্যার সমাধান হবে না, তাদের উপযুক্ত প্রশিক্ষণ দিয়ে পার্মানেন্ট চাকরির ব্যবস্থা করা হোক। না হলে আগামীদিনে পরিবর্তন চেয়ে এরই আপনাদের দরজায় কড়া নাড়বে। বর্তমানে সারা দেশে, বিশেষ করে পশ্চিমবঙ্গের মতো পিছিয়ে পড়া রাজ্যে নারীরা প্রতিনিয়ত অপমানিত, লাঞ্ছিত, ধর্ষিত। এই বিরাট সামাজিক অবক্ষয় থেকে নারী সমাজকে মুক্ত করার জন্য স্বরাষ্ট্র দপ্তরকে এগিয়ে আসতে হবে। ঠিক তার পাশাপাশি মহিলা স্কুলগুলোতে একটি করে বাধ্যতামূলক ক্লাস নেওয়া হোক, যে ক্লাসে মেয়েদেরকে আত্মরক্ষার নানা কৌশল শেখানো হবে। কারণ এডুকেশান দপ্তর তিন হাজার কোটি টাকা খরচ করতে পারেনি। নারী, শিশুদেরকে কিভাবে রক্ষা করা যায় তার চিন্তা এই সরকারকে করতে হবে। আজকে এই বাজেটে দশটি নতুন মহিলা থানা করার কথা বলা হয়েছে। আমি তার জন্য ধন্যবাদ জানাই। কিন্তু কেবলমাত্র মহিলা থানা করেই এই সমস্যার সমাধান হবে না। পঞ্চায়েত যেভাবে সুব্রতবাবু মহিলাদের জন্য ফিফটি পারসেন্ট আসন সংরক্ষিত করে একটা বিরাট ক্রেডিটের পরিচয় দিয়েছেন, ঠিক তেমনি, এই সরকারের কাছে আমি দাবি রাখব, সত্যিকারে যদি মেয়েদেরকে এগিয়ে নিয়ে যেতে চান তাহলে চাকরিতেও ৫০ শতাংশ আসন সংরক্ষণ করে দিয়ে তাদের মধ্যেও লড়াইয়ের মানসিকতাকে তৈরি করতে হবে, মেয়েরা অবলা নয়, মেয়েরা সবলা। মেয়েরা অক্ষম নয়, মেয়েরা সক্ষম। মেয়েরা পরনির্ভরশীল নয়, মেয়েরা আত্মনির্ভরশীল। এই মানসিকতা তৈরি করতে হবে। এই সরকার মাইনিরিটি ডিপার্টমেন্ট এন.আর.এস.এমের টাকা খরচ করতে পারেনি।

[3.30—3.40 p.m.]

এই বাজেটে হসপিটাল, সুপার হসপিটালের কথা ফলাও করে বলা হয়েছে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি আমার জেলায় চাঁচোলে—চাঁচোলে সাবডিভিশান তিনবছর হয়ে গেল, যদিও ফলাও করে বলেছে এই সরকার—কিন্তু এখনো পর্যন্ত সেই সাবডিভিশানের কাজ

শুরু হল না। আজকে কালিয়াচক যেখানে সারা পশ্চিমবঙ্গের মধ্যে জন্মের হার সবথেকে বেশি সেই কালিয়াচকের শ্রীরামপুর হসপিটালকে রুরাল হসপিটাল ডিক্লেয়ার করলেও এখনো পর্যন্ত তার কাজ শুরু হল না। আজকে গাজলেও রুরাল হসপিটালের কাজ শুরু হল না। পঞ্চায়েতে আমার বেশি কিছু বলার নেই। শুধু আমি একটি কথা জানতে চাইবো, যে ইউ.পি.এ সরকার নাকি তৃণমূলকে বঞ্চনা করেছে কিন্তু তা সত্ত্বেও আমরা গর্বের সঙ্গে বলতে পারি, যে ইউ.পি.এ. সরকার বি.আর.জি.এফে ৮৭৫০ কোটি টাকা, এন.আর.ই.জি.এসে-ও আরো প্রচুর টাকা, বি.এ.ডি—তে ১২০ কোটি টাকা বিভিন্ন পারপাসে এক্সট্রা অ্যালটমেন্ট করেছে। আমি জানতে চাই এই ৯-মাসে বি.জে.পি আপনাদের কত টাকা দিয়েছে ? তাহলে প্রকৃত চিত্র ভেসে উঠবে যে ইউ.পি.এ. সরকার বঞ্চনা করেছে, না. আজকে আপনাদের বি.জে.পি সরকার বঞ্চনা করেছে। সেটা আমি জানতে চাই। স্যার, আমরা দেখতে পাচ্ছি, মনে রাখবেন, দিল্লি কিন্তু কংগ্রেসের জন্য। দিল্লিতে যখন কংগ্রেস সরকার থাকবে, তখন প্রতিটি রাজ্যের লোক ভাল থাকবে। যে যে রাজ্য আজকে ইউ.পি.এ সরকারকে বিরোধিতা করেছে যেমন কম্পিউটারাইজ সিস্টেম চালুর ক্ষেত্রে, ইংরেজি শিক্ষা তুলে দিয়ে, গ্যাট চুক্তির বিরোধি করে এফ.আর.বি.এম. সঠিক সময়ে লাগু না করে ফুড সিকিউরিটি বিলের বিরোধিতা করে, এফ.ডি.আই.-এর বিরোধিতা করেছে অর্থাৎ এককথায় ইউ.পি.এ সরকারের সিদ্ধান্তকে বুড়ো আঙুল দেখিয়েছে, সেইসব রাজ্যকে পিছিয়ে পড়তে হয়েছে। আগামী দু-বছরে এই রাজ্য আরো বুঝতে পারবে যে কারা ভাল, কংগ্রেস না বি.জে.পি। আজকে চা-শ্রমিক এবং বিড়ি শ্রমিক, চা-শ্রমিকের জন্য টি ওয়ার্কার্স ওয়েলফেয়ার ফান্ড ৬১ কোটি টাকা ব্যয়ে এটা তৈরি হয়েছে। ভাল কথা। কিন্তু আজকে বিড়ি শ্রমিক, আমিও যখন মন্ত্রী ছিলাম, পূর্ণেন্দুবাবু বলেছিলেন যে এক বছরের মধ্যে বিড়ি শ্রমিকদের আমরা পুরো টাকা দেবো। কিন্তু এখনো পর্যন্ত বিড়ি শ্রমিকরা তারা মজুরী পেলো না। তাদের প্রাপ্য মজুরী পেলো না। একটি কথাও এই বাজেটে তাদের জন্য নেই। এই বাজেটে প্যারা টিচার, আই.সি.ডি.এস., আশা কর্মী এবং সরকারী ডি.এ.নিয়ে একটি কথাও খরচ করেননি মাননীয় অর্থমন্ত্রী—এই বাজেট তাদেরকে হতাশ করেছে। এই বাজেট খেলা, মেলা, উৎসব, দান খয়রাতি, ৫০০ কোটি টাকা সারদায় ফেরানোর উদ্যোগ ইত্যাদির ক্ষেত্রে খরচ করে ব্যয়ের বোঝা দিনের পর দিন চাপিয়ে চলেছে। তাই এই বাজেটকে সমর্থন না করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ২৭ ফেব্রুয়ারী আমাদের রাজ্যের অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র যে বাজেট এখানে পেশ করেছেন, আমি সেই বাজেটের বিরোধিতা করছি। কারণ এই বাজেট হচ্ছে দিশাহীন, এই বাজেট হচ্ছে জনগণের স্বার্থবিরোধী বাজেট। এই বাজেটে সাধারণ মানুষের কোনো মঙ্গল করার কথা উল্লেখিত নেই। কথার মায়াজালে আবদ্ধ এই বাজেট। সেইজন্য এই বাজেটকে আমরা সমর্থন করতে পারছি না। তিনি বলেছিলেন, গতবার বাজেটের সময় বলেছিলেন, ঘাটতিশূন্য বাজেট তিনি পেশ করবেন। ঘাটতি তিনি নির্মূল করবেন। কিন্তু সেইখানে দেখা গেল, সেই বাজেট সমীক্ষায় দেখা যাচ্ছে তিনি পারলেন না। ঘাটতি রেখেই তাকে বাজেট পেশ করতে হল। যেটা আর্থিক সমীক্ষায়

যে কথা বলেছেন যে দেশের বৃদ্ধির হার যেখানে ৮ পার্সেন্ট ছাড়িয়ে যাচ্ছে, সেদিন বিধানসভায় ৩ লক্ষ কোটি টাকা ঋণের বোঝা মাথায় নিয়ে তিনি এই ২০১৫-২০১৬-র বাজেট পেশ করছেন। আমরা এতদিন ধরে শুনে আসছি, যে ৩৪ বছর বামফ্রন্ট সরকারের ১ লক্ষ ৯২ হাজার কোটি টাকা দেনা, এটা বামফ্রন্টের আমলে শুধু না, দেশ স্বাধীন হওয়ার পর থেকেই। সেই দেনা বাড়তে বাড়তে এসে বামফ্রন্টের আমলে ১ লক্ষ ৯২ হাজার কোটি দাঁড়িয়েছিল এবং অনেকেই সেই কথা বলেছেন যে, দেনা করতে হয় বিভিন্ন কারণে। বিভিন্ন কারণে যেমন করতে হয়, দেশ চালাতে গেলে করতে হয় সেটা। আমাদের চাইতে অন্যান্য রাজ্যে তারাও অনেক এগিয়ে তারা। তাদের লোন আমাদের থেকেও অনেক বেশি। কিন্তু সাড়ে তিন বছরে এই সরকার যে লোন করেছেন প্রায় ১ লক্ষ ৮ হাজার কোটি টাকা, সাড়ে তিন বছরের এই লোন, এই সরকার সেই লোন করেছে। তিনি এই বাজেটে রাজস্ব ঘাটতি দেখিয়েছেন ১০ হাজার ৩৬১ কোটি টাকার। আপনাদের এই সরকার মিলন-খেলা-মোচ্ছবে না গিয়ে লাগামহীভাবে, অপরিচালিতভাবে এই সব খাতে টাকা খরচ করিয়ে, দেশের আর্থিক ক্ষতি, সেই ক্ষতি করছেন। আমাদের রাজ্যের ২০১৩-১৪ সালের প্রায় ১৫০টি শিল্প করার প্রস্তাব হয়েছে এবং এখানে যে অর্থলগ্নি হয়েছিল এবং তাতে যে কর্মসংস্থানের কথা বলা হয়েছে ১ লক্ষ ৩০ হাজারের কথা বলা হয়েছে। তার পরের বছরেও আবার ১৪৮টি শিল্পের প্রস্তাব রাখা হয়েছিল। সেখানে দশ হাজার কোটি টাকার বলা হচ্ছিল। কিন্তু ৭৭ হাজার কোটি এক বছরে কমে গেল। এই দ্বি-বছরে আমরা দেখি যে কর্মসংস্থানের যে কথা সরকার অর্থমন্ত্রী বোধহয় বলেছিলেন, তার আর্থিক সমীক্ষায় দেখা যাচ্ছে—তার কর্মসংস্থান হয়েছে, অনেক কম ৩০ লক্ষ মাত্র। তাহলে আমাদের দেশের আর্থিক রাজস্ব বৃদ্ধি হবে কি করে। যে দেশে শিল্প আসছে না, শিল্পের নামে আবার যেমন সিঙ্গাপুর যাওয়া হচ্ছে, প্রচুর টাকা খরচ করা হচ্ছে, হলদিয়াতে Bengal Leads-এর নামে খরচ করা হচ্ছে। তারপর business summit-এর নামে যে খরচ করা হচ্ছে, তাতে বলা হচ্ছে, বিভিন্নভাবে প্রস্তাব আসছে। আগেও সেই প্রস্তাব আসেনি। এই আসবে আসবে শুনছি কিন্তু আসেনি। এই শিল্প যদি হত, তাহলে এই শিল্প হলে সেখান থেকে কিছু রাজস্ব আদায় হত, মানুষ কাজ পেত, মানুষ কাজ পেলে তারা বাজার থেকে বিভিন্ন সংসার পরিচালনা করার জন্য জিনিসপত্র কিনতেন এবং সেখানে ভ্যাট, রাজস্ব আদায় হত। তাহলে আপনি যে ঘাটতির কথা বলেছেন, সেই ঘাটতি ১০৩৬১ কোটি টাকা ঘাটতি, এই ঘাটতি হত না। সেই জায়গায় আপনাদের এই সরকার ব্যর্থ। আমাদের উত্তরবঙ্গের চা-শিল্প, সেই চাশিল্প ধুঁকছে। আপনি বলেছেন পাঁচটা নাকি চা-শিল্পের কথা বলছেন, সেখানে আমরা পুনরুজ্জীবিত করছি। তাহলে আর একটা চা-বাগান, সেই চা-বাগান বন্ধ হওয়ার পথে, বন্ধ হওয়ার পথে। মইনাবাদ চা-শিল্প বন্ধ হয়ে যাচ্ছে। ওখানকার এল.এ.এ মাননীয় বিধায়ক মনোজ ওরাওঁ তিনি তাদের যে চাল দেওয়া হত, সেই পচা চাল এনে আপনাদের এখানে দেখানো হয়েছে। তিনি দেখিয়েছেন। ব্যবস্থা নেওয়া হবে বলেছেন, কি ব্যবস্থা নেওয়া হয়েছে ? চা-শিল্প থেকে একটা বিরাট রাজস্ব আদায় হয়, সেই চা-শিল্প শেষের দিকে। সেখানে না খেতে পেয়ে শ্রমিকরা মারা যাচ্ছেন, দিনের পর দিন মারা যাচ্ছে। সেই চা-শিল্পের উন্নয়নের একটি কথাও আপনার

বাজেটে উল্লেখ নেই। আপনি শিক্ষা দপ্তরের টাকা খরচ করতে পারছেন না, আপনি বিভিন্ন দপ্তরের, পূর্ত দপ্তরের টাকা খরচ করতে পারছেন না, আপনি ইরিগেশানের টাকা খরচ করতে পারছেন না। তিস্তা প্রকল্প সম্পর্কে একটি কথাও বলা হয়নি।

[3.40—3.50 p.m.]

কান্দি মাস্টার প্ল্যান সম্পর্কে একটা কথাও বলে হয়নি। বন্যাতে আমাদের কান্দি সাবডিভিশান ভেসে যায়। সেই বন্যা প্রতিরোধের একটা কথাও বলা হয়নি। তিস্তার মাধ্যমে সেচব্যবস্থার উন্নয়ন যেটা দীর্ঘ দিন আগে বামফ্রন্ট সরকার শুরু করেছেন সেই তিস্তায় ইরিগেশানের ব্যবস্থা করার জন্য এখানে কোনো কথা বলা হয়নি। শিক্ষার ক্ষেত্রে, এম.এস.কে সম্পর্কে একটা কথাও বলা হয়নি। স্কুল চালাচ্ছেন প্যারা টিচাররা, সেই প্যারা টিচার সম্পর্কে একটা কথাও বলা হয়নি। মাদ্রাসা শিক্ষাকেন্দ্র সম্পর্কে একটা কথাও বলা হয়নি। আমাদের রাজ্যের মাননীয় রাষ্ট্রমন্ত্রী সংখ্যালঘু সম্প্রদায়ের, কিছুদিন আগে মুর্শিদাবাদে গিয়েছিলেন চণ্ডীপুরে একটা মিটিং করতে। সেখানে তিনি বলেছেন—আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী ১০ হাজার মাদ্রাসার কথা বলেছিলেন—তিনি সেই দিন বললেন ১০ হাজার মাদ্রাসার কথা ভুলে যান ২৩৪-টা না ২৩৭-টা করা হয়েছে তার মধ্যে কয়েকটা বেছে নিয়ে নাকি উন্নয়ন করবেন। এই কথা তিনি বলেছেন। তাই আমরা দেখছি বাজেটে সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষের কোনো উল্লেখ সেইভাবে নেই। কবর স্থান ঘেরার কথা বলছেন দেখলাম। কোথায় বাস্তবে তার কোনো অস্তিত্ব আমরা দেখতে পাচ্ছি না। সেই জন্য এই বাজেট, যে বাজেটের মাধ্যমে আপনি অর্থ চাইছেন, আপনি বিভিন্ন দপ্তরের টাকা খরচ করতে পারছেন না, সুন্দরবন উন্নয়ন দপ্তরের টাকা খরচ করতে পারেননি, উত্তরবঙ্গ উন্নয়নের টাকা খরচ করতে পারছেন না, পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের কথা এখানে উল্লেখ নেই। আমরা দেখছি বিভিন্ন দপ্তরের টাকা, শিক্ষা দপ্তরের টাকার কথা এখানে উল্লেখ নেই। সরকারি কর্মচারীদের ডি.এ-র কথা বলা হচ্ছে, ৪২% বাকি, ৪৯ শতাংশ বাকি ছিল, সেটা বেড়ে নাকি ৬২ শতাংশে চলে যাবে, সেই সরকারি কর্মচারীদের সেই ডি.এ-র কথা এখানে উল্লেখ নেই। অথচ অন্যদিকে শিক্ষা দপ্তরের খাতে যে টাকা সেই টাকা কমানো হয়েছে। শিক্ষক নিয়োগ নেই, প্রাথমিক শিক্ষক নিয়োগ নেই, কলেজগুলো চালাচ্ছেন যারা সেই কনট্রাক্ট টিচার, পার্ট টাইম টিচার তারা সরকারের কাছে, মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে ডেপুটেশান দিয়েছেন তাদের বেতন বৃদ্ধি, তাদের পারমানেন্ট করার কথা উল্লেখ হয়নি। যার ফলে আজকের এই বাজেটটা জনস্বার্থ-বিরোধী বাজেট। এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় অর্থমন্ত্রীর যে বাজেট স্পীচ সেই সম্পর্কে মাননীয় অর্থমন্ত্রীকে কিছু কথা জানাতে চাইছি। গোটা বাজেট পড়ে দেখলাম যে কর্মসংস্থান এবং স্বনিযুক্তি প্রকল্প ১৯ থেকে ২০ বার লেখা আছে। তার মধ্যে দুবার স্বনিযুক্তি প্রকল্প। আমি এর দুটো ব্যাখ্যা করেছি। একটা ব্যাখ্যা হচ্ছে কর্মসংস্থানে রাজ্য সরকারের এত ব্যর্থতা সেটাই মনে হয় মাননীয় অর্থমন্ত্রীকে তাড়া

করে বেড়াচ্ছে। এটা একটা ব্যাখ্যা হতে পারে। আর একটা ব্যাখ্যা হতে পারে সত্যিই কর্মসংস্থান এতো বেশি হয়েছে যে রাজ্য সরকার তার রিপোর্টে বা বাজেট স্পীচে মন্ত্রী এটা বার বার না বলে পারেননি। আমি দ্বিতীয় ব্যাখ্যা নিয়ে শুরু করছি, অর্থাৎ প্রচুর কর্মসংস্থান হয়েছে। আমি প্রথমে মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাইছি যে কর্মসংস্থানের ডেফিনেশান কি তাঁর কাছে। একটা লোক একদিন কাজ করলো সেটা কি কর্মসংস্থান বলেন আপনি ? চাকুরী কথার মানে কি ? উপযুক্ত বেতনে সারা বছরের জন্য একটা পারমানেন্ট কাজ। অর্থাৎ একটা গেনফুল এমপ্লয়মেন্ট বলতে যা বোঝায়। যদি এক কোদাল মাটি কাটার সুযোগ করে দেন, তাকে কর্মসংস্থান বলে কিনা আমি জানি না। যত লক্ষ লোকের কর্মসংস্থানের কথা আপনি এখানে বলেছেন, তাতে আর কয়েক বছর পরে কিন্তু আর এখানে বেকার থাকবে না। ৩৯.৬ লক্ষ এখানে নথীভুক্ত হয়েছে, বাইরের রাজ্য থেকে আপনাদের লোক ধরে আনতে হবে চাকুরী দেবার জন্য। এটা আমার মনে হয়েছে। ভেবে দেখবেন। আপনাদের লোকজনই বিশ্বাস করেন না, আমি অনেকের সঙ্গে কথা বলেছি। তারা বলেছেন, আরে বাবা সামনে ইলেকশান, লিখতেই হবে এই কথাগুলো, না হলে কি উপায় আছে। মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, আপনি উচ্চশিক্ষিত ব্যক্তি, পরিযায়ী শ্রমিক বা মাইগ্রেটরী লেবার সম্পর্কে আপনি নিশ্চয়ই খোঁজখবর রাখেন। তারা রাজ্যে ঘুরে বেড়ায়। ইউ.পি, বিহার, উড়িষ্যা থেকে আগে এই রাজ্যে আসত এবং একটা সময় পর্যন্ত এই রাজ্য কিন্তু তাদের ডেস্টিনেশন ছিল। এখন ব্যাপারটা কিন্তু সম্পূর্ণ উল্টো। এই ধরনের শ্রমিকের সংখ্যা এই রাজ্যে এবং কলকাতায় এখন কিন্তু পারসেন্টেজ অর্থে অন্যান্য রাজ্যের তুলনায় সব থেকে কম। আমি আপনাকে জানাচ্ছি কেরালাতে প্রতি বছর ২ লক্ষ ৩৫ হাজার করে বিভিন্ন রাজ্য থেকে এমন শ্রমিক যাচ্ছে এখন। গত ২০১৩ সালের বাজেট অধিবেশনে কেরালার শ্রমমন্ত্রী একটা রিপোর্ট পেশ করেছিলেন, আমি আপনাকে জানাচ্ছি। তিনি সেই রিপোর্টে বলেছিলেন এই যে শ্রমিকরা বিভিন্ন রাজ্য থেকে আসছে, তার মধ্যে সিংহভাগই পশ্চিমবঙ্গ থেকে আসছে। ২০১৩-তে তিনি রিপোর্ট দিয়ে বলছেন। উনি বলছেন ১০ বছরে এটা ৪৮ লক্ষ টাচ্ করে যাবে। অর্থাৎ বাইরে থেকে যেসব শ্রমিকরা কেরালায় আসছে, তার মধ্যে পশ্চিমবঙ্গের সংখ্যাই বেশি। এটা শুধু কেরালার চিত্র নয়। গুজরাট, মহারাষ্ট্র, কর্নাটক, দিল্লী- সমস্ত জায়গার চিত্রটা কিন্তু এই রকমই। তাহলে এতই যদি কর্মসংস্থান হয়, তাহলে এত লোক পশ্চিমবঙ্গ থেকে ওই রাজ্যে যাচ্ছে কেন ? এটা কিন্তু আমার মাথায় একবারে পরিষ্কার নয়। তারা কিভাবে থাকে সেটা আপনারা জানেন ? কি অমানবিক পরিস্থিতির মধ্য দিয়ে তারা সেখানে দিন কাটায়, জীবন কাটায়, সেটা নিশ্চয়ই আপনার ধারণা আছে। মূলতঃ নির্মাণ শ্রমিকরা কাজ করে। মহিলাদের ১৬-২০ ঘন্টা কাজ করতে হয়। তাদেরকে ফোর্স হতে হয় sex worker হিসাবে কাজ করার জন্য। এইগুলো ঘটনা। এই শ্রমিকরা নানাভাবে বঞ্চিত হয়। তারা ৬০-৭০ টাকা দৈনিক মজুরী পায়। এটা মহিলাদের ক্ষেত্রে। এত অস্বাস্থ্যকর পরিবেশে তারা কাজ করে। অথচ আপনি বলছেন এখানে এত কর্মসংস্থান হচ্ছে। তাহলে তারা যেতে বাধ্য হচ্ছে কেন ? এই প্রশ্নের জবাব আপনি নিশ্চয়ই আপনার উত্তর দেওয়ার সময় বলবেন। এটা যদি হয়, তাহলে out migration হচ্ছে না কেন, এখান

থেকে লোক যাচ্ছে না কেন ? out migration বেশি হচ্ছে কেন, in migration তো হতে পারত। in migration-এর সংখ্যা কিন্তু এখানে অনেক কম। আর্থিক সমীক্ষা কি বলছে ? আর্থিক সমীক্ষা বলছে, ১লা এপ্রিল থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত মাত্র ১৪ হাজার ৭৫৭ জন চাকরি পেয়েছে। এটাই হচ্ছে একটা রিয়েল এমপ্লয়মেন্ট। তাহলে এই যে এত লক্ষ লক্ষ কর্মসংস্থান, এই কথাগুলো কিন্তু সম্পূর্ণ অর্থহীন মনে হয়েছে। নথিভুক্ত বেকারের সংখ্যা ৩৯.৬ লক্ষ এবং তার মধ্যে মাত্র এক লক্ষকে আপনি ১৫০০ টাকা করে বেকার ভাতা দেওয়ার চেষ্টা করেছেন। বাকীদের কী হবে, সেই সম্পর্কে তারা কিন্তু হতাশ যে তারা কেন এই বেকার ভাতার সুযোগ পাবে না। রাজস্ব আদায় সম্পর্কে আমি কিছু কথা বলতে চাইছি। অন্যান্য সদস্যরা বলেছেন রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা কিন্তু পূরণ করতে পারেনি। তাই বাবা বাছা করে তাদেরকে মাথায় হাত বুলিয়ে নানা কনসেশন দিয়ে রাজস্ব আদায় করার চেষ্টা করছেন। আবার পাশাপাশি চা-বাগানের মালিকদের সেসের জন্য ছাড় দিয়েছেন, তাদের বকেয়া সুদ মকুব করে দিয়েছেন। এতে উত্তরবঙ্গে সাধারণ মানুষের জীবন-জীবিকায় সুবিধা হবে বলেছেন। অথচ চা-বাগানের শ্রমিকদের Plantation Labour Act অনুযায়ী তাদের যে সুযোগ-সুবিধা দেওয়ার কথা, এটা যে obligatory মালিকদের ওপরে statutory obligation, সেই statutory obligation তাদেরকে বাধ্য করার জন্য কোন কথা কিন্তু আপনার এই বাজেট স্পীচের মধ্যে আমি অন্ততঃ খুঁজে পাইনি। খাদ্যদ্রব্য-খাদ্যদ্রব্যের ক্ষেত্রে বলেছেন প্রোডাকশান প্রকিওরমেন্ট একবারে সর্বকালীন উচ্চমাত্রায় গিয়ে পৌঁছেছে। সেটা বিশেষ করে প্রোডাকশানের ক্ষেত্রে বলেছেন। তা এতই যদি হয় তাহলে খোলা বাজারে জিনিসপত্রের দাম এত বেশি কেন বলুন তো ? যদি এত প্রোডাকশান হয়, প্রকিওরমেন্ট এত হয়, তাহলে তো খোলা বাজারে তো জিনিসপত্রের দাম কম যাওয়ার কথা ছিল। তাহলে খাদ্যশস্যের মূল্যের উপরে কোথায় সরকারী নিয়ন্ত্রণ আছে সেটা কিন্তু আমার এ মাথায় পরিষ্কার নয়। কৃষি বিপণনমন্ত্রী অনেক সময় অনেক কথা বলেন। কিন্তু তার নেট রেজাল্টাটা কি, সেটা কিন্তু বাজারে গিয়ে গরীব মানুষরা বুঝতে পারে না। আই.সি.ডি.এস.কর্মী—আই.সি.ডি.এস কর্মী এবং সহায়িকা যাদের উপর মা-বোন, মা-বাচ্চাদের শারীরিক, মানসিক, বৌদ্ধিকে বিকাশের দায়িত্ব কিন্তু তাদের উপরই পড়ে। কিন্তু তাদের নিয়ে সরকার সত্যি কিছু ভাবছে কি ? না, কেবলমাত্র মন্ত্রী মাঝে মাঝেই বলছেন, কেন্দ্রীয় সরকারের একটা প্রোজেক্ট। কিন্তু রাজ্য সরকারের একটা দায়িত্ব থাকে। অন্য রাজ্য কিন্তু অনেকাংশে, এমনকি হরিয়ানার মতো রাজ্য অনেকটা কিন্তু দায়িত্ব নিচ্ছে। তাদের খাবারের জন্য একটা বাড়তি অ্যালটমেন্ট, তার ঘোষণা এখানে নেই। তাদের বেতন বাড়াবার কিন্তু কোনো ঘোষণা মন্ত্রী মহাশয় তার উত্তরে দিননি। বাজেট স্পীচের মধ্যেও কিন্তু আমি অন্তত পাইনি। শিক্ষার ক্ষেত্রে দু-একটা কথা বলতে চাইছি। একটা কথা চালু হয়েছে আপনার বাজেট স্পীচ থেকে যে সামনে যেহেতু পৌরসভা নির্বাচন, পরের বছর বিধানসভার ভোটের দিকে তাকিয়ে বাজেট হয়েছে।

[3.50—4.00 p.m.]

তাই এত ডোল দেওয়ার ব্যবস্থা হয়েছে, বিতরণের ব্যবস্থা করা হয়েছে। স্কুল, কলেজে নানা স্তরে অতিথি শিক্ষক, চুক্তির ভিত্তিতে শিক্ষক, আংশিক সময়ের শিক্ষক—এই

যে নানা ধরনের শিক্ষক আছেন তারা দীর্ঘদিন ধরে আন্দোলন করছেন। রাস্তায় কেউ বসে আছেন, কেউ অনশন করছেন। তাদেরকে পুলিশ টেনে টেনে নিয়ে যাচ্ছেন, মারধর করছেন, বাস থেকে নবান্নের সামনে নামতে দিচ্ছে না—এই সমস্ত ঘটনাগুলি ঘটছে। সেটা আমরা দেখেছি। তারা মিছিল করছে, ডেপুটেশন দিচ্ছে, অনশন করছে—এই সমস্ত কাজগুলি করছে। কিন্তু তাদের বেতন বৃদ্ধির সিদ্ধান্ত হয়নি। অথচ নানা জায়গায় ডোল দেওয়ার ব্যবস্থা এই বাজেটের মধ্য দিয়ে করা হয়েছে । এবং এখানে যে কথাটা আসছে, সেটা হচ্ছে যে—এমনকি আমি কোনো কোনো ক্ষেত্রে এটাও শুনেছি যে, বিভিন্ন দপ্তরের সঙ্গে কথা বলতে গিয়ে সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের উচ্চ পদাধিকারীদের সঙ্গে কথা বলতে গিয়ে আমি যেটা বুঝেছি যে, এমনকি আমার শিক্ষা দপ্তরের ক্ষেত্রে, হায়ার এডুকেশন স্ট্যান্ডিং কমিটির রিপোর্টে রয়েছে, যে সরকারের কাছে এই যে পার্টটাইম শিক্ষক এবং চুক্তির ভিত্তিতে শিক্ষক কলেজ স্তরে তাদের বেতনের জন্য টাকা আছে, কারণ কলেজ স্তর থেকে যে বেতনটা আসছে তার থেকে ২৫ কোটি টাকা সরকারের ঘরে জমা আছে। তাদের বেতন বৃদ্ধি করা যেতে পারে। হায়ার এডুকেশন স্ট্যান্ডিং কমিটির মিটিং-এ হায়ার এডুকেশন দপ্তরের অফিসাররা রিপোর্ট করেছেন। কিন্তু তৎসত্ত্বেও আর্থিক প্রতিবন্ধকতার কথা বলা হচ্ছে। কেন শিক্ষকদের প্রতি এই বঞ্চনা সেটা আমার মাথায় ঢুকছে না। তাদের সংখ্যা কি কম এবং তার জন্য ভোট কম, সেই জন্য কি এই ব্যবস্থা করা হচ্ছে কিনা, সেটা কিন্তু আমি অন্তত বুঝতে পারছি না। আমি যে জায়গাটাতে সব চেয়ে অবাক লাগছে সেটা হচ্ছে যে শিক্ষার ক্ষেত্রে পরিকাঠামোটা কোথায় গিয়ে দাঁড়িয়েছে। নতুন নতুন বিশ্ববিদ্যালয় হচ্ছে। সেই নতুন নতুন বিশ্ববিদ্যালয় হওয়াটা অত্যন্ত জরুরি। এটাতে আমার কোথাও কনফিউশান নেই। সেখানে যে গ্রস এনরোলমেন্ট রেসিও বেশি হওয়া দরকার সেটা নিয়েও আমার কনফিউশান নেই। গ্রস এনরোলমেন্ট রেসিও বেশি হওয়ার জন্য নতুন নতুন বিশ্ববিদ্যালয় হওয়া এটা নিয়ে আমার কোনো কনফিউশান নেই। কিন্তু আমার যে জায়গায় বুঝতে অসুবিধা হচ্ছে যে, এতগুলি বিশ্ববিদ্যালয় হচ্ছে সেখানে যদি ন্যূনতম পরিকাঠামোর ব্যবস্থা থাকা দরকার সেই ন্যূনতম পরিকাঠামোটা কোথায় ? এই ন্যূনতম পরিকাঠামোর ব্যবস্থা না থাকার ফলে যে, কেবলমাত্র নির্বাচনের সময় pamphlet লিখে যাবে, আমরা এত বিশ্ববিদ্যালয় তৈরি করেছি, এর থেকে বেশি কিন্তু হবে না। কারণ ওখানে যদি পরিকাঠামো না থাকে তাহলে শিক্ষা ব্যাহত হবে, পঠন-পাঠন ব্যাহত হবে, গবেষণা ব্যাহত হবে। সব থেকে বড় কথা, মূল যে বিষয়টি দাঁড়িয়ে আছে বিশ্ববিদ্যালয়গুলির ক্ষেত্রে গত পাঁচ-সাত বছর ধরে যে বিশ্ববিদ্যালয়গুলি হয়ে এসেছে সেখানেও ইউ.জি.সি-এর যে স্বীকৃতির প্রয়োজন সেই স্বীকৃতি নেই। 12B-এর স্বীকৃতি যদি না পায় বিশ্ববিদ্যালয়গুলি তাহলে সেখানে কেন্দ্রীয় স্তরে বা অন্য রাজ্যে তাদের ডিগ্রির স্বীকৃতি থাকবে না এবং সেখানে শিক্ষকদের গবেষণার জন্য যে পরিকাঠামো, যে রিসার্চ ফান্ড যেটা কেন্দ্রীয় সংস্থার কাছ থেকে—ফান্ডিং এজেন্সিগুলি কাছ থেকে পাওয়ার কথা, ইউ.জি.সি-র কাছ থেকে পাওয়ার কথা সেই ফান্ডিং এসেন্সি তাদেরকে ফান্ড দেবেন না। কারণ, তাদের ইউ.জি.সি-র 12B স্বীকৃতি নেই। অথচ আগের বিশ্ববিদ্যালয়গুলিতে এখনও তৈরি করা হল না। নতুন যে বিশ্ববিদ্যালয়গুলি আছে সেগুলিতে

কবে সেই পরিকাঠামো তৈরি হবে। তারও কোনো নিশানা ওর মধ্যে নেই। ফলে গোটা বিষয়টা, বিশেষ করে শিক্ষার ক্ষেত্রটা আমার কাছে অত্যন্ত frustrating মনে হয়েছে। সব মিলিয়ে এই বাজেটকে আমি সমর্থন করতে পারছি না। ধন্যবাদ।

শ্রীমতী ফিরোজা বিবি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার অনুমতি নিয়ে, আপনাকে যথাযোগ্য সম্মান জানিয়ে মা-মাটি-মানুষের সরকারের অর্থমন্ত্রী ডঃ মিত্রের যে বাজেট ভাষণ তাকে সম্পূর্ণভাবে সমর্থন করে কিছু বলতে চাই। আমি দীর্ঘ ১৯ তারিখ থেকে রাজ্যপালের ভাষণ থেকে আরম্ভ করে আমাদের অর্থমন্ত্রীর ভাষণ শুনেছি এবং আমাদের সপক্ষে এবং বিপক্ষে বিরোধীদের ভাষণ পরপর একাগ্র সহকারে শুনছি। তাই আমি বলতে চাই, এই বাজেট সম্পূর্ণ আমাদের গণতান্ত্রিক ও অর্থনৈতিক এবং মানুষের সঙ্গে থাকা এবং সম্পূর্ণরূপে মানুষকে শান্তিতে রাখার প্রচেষ্টার বাজেট। মানুষকে নিয়ে সুখে থাকার, শান্তিতে থাকার বাজেট। তাই এই বাজেটকে আমি সম্পূণরূপে সমর্থন করছি।

আমার সময় অল্প। সেই জন্য আমি শুধু আমাদের বিরোদী ভাইদের বলতে চাই, আপনারা অনেক সময় অনেক কথাই বলছেন; বাজেটের সম্বন্ধে এবং মা-মাটি-মানুষের সরকারের সম্বন্ধে। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় এই সরকারের হৃৎপিণ্ড। আজকে দীর্ঘ ৩৪ বছর পর মা-মাটি-মানুষের সরকার মানুষকে নিয়ে এই চেয়ারে বসেছে। আপনারা জানেন, গত উপ-নির্বাচনে, আমি ২০০৯-এ মানুষের সমর্থন নিয়ে, মানুষের হয়ে, আপনারা আজকে যেখানে বসে আছেন ওখানে আমিও একদিন বসে ছিলাম। আপনাদের কাছে তখন ঘৃণিত, অবহেলিত। তখন আপনারা এইদিকের চেয়ারে ছিলেন। আপনারা দাঁত বের করে হাসতেন। নন্দীগ্রামের কথা কিছু বললে বলতেন 'ফিরোজাবিবি, তুমি যাই কর না কেন মন্ত্রী কিন্তু হচ্ছ না। আপনাদের অনেকেই এখানে আছেন। তারা কিন্তু জানেন। সেই কথাগুলো খুব বেশিদিনের নয়। ০৯-১০, দুবছরের ভেতরে। এত তাড়াতাড়ি ভুলে গেলেন ? '১১-তে এসেছে আমাদের মা-মাটি-মানুষের সরকার মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এই রাজ্যের হৃৎপিন্ড, গরীবের হৃৎপিন্ড। মানুষকে সঙ্গে নিয়ে কীভাবে চলতে হয় তা তিনি শিখিয়ে দিয়েছেন। মা-মাটি-মানুষের সমস্ত মন্ত্রী মহোদয়গণ আমাদের মা-মাটি-মানুষের মুখ্যমন্ত্রীর সঙ্গে অক্লান্ত পরিশ্রম করে ঋণের বোঝা মাথায় নিয়ে, কেন্দ্রীয় সরকারের বঞ্চনার স্বীকার হয়েও কীভাবে মানুষের মুখে হাসি ফোটাতে হয়, ঘরের বাচ্চাদের কান্না বন্ধ করতে হয়, শিক্ষা-দীক্ষায় এগিয়ে যেতে হয়, মানুষকে সমাজে প্রতিষ্ঠিত করতে হয় সেটা শিখিয়ে দিয়েছেন। সেজন্য আমি আমাদের মা-মাটি-মানুষের সমস্ত মন্ত্রী মহোদয়কে কৃতজ্ঞতা এবং শ্রদ্ধা জানাই। আপনারা অনেক কিছুই বলছেন। আপনারা বলছেন 'সারদা'। আপনারা বুকে হাত দিয়ে বলুন তো আমাদের এই তিন বছর কয়েক মাস হল কত চিটফান্ড হয়েছে এই মা-মাটি-মানুষের সরকারের আমলে ? সেটা কিন্তু আপনারা বুকে হাত দিয়ে বলতে পারবেন না। আপনারা বলেন, আমাদের নাকি হইহই করে রব উঠেছে মানুষের সমর্থন নেওয়ার জন্য, কারণ সামনে নির্বাচন আসছে। মানুষ এত বোকা নয় যে আমরা হইহই করলেই বা আপনাদের সেই পুরনো দিনগুলো ভুলে যাবে। আমি জানি আপনারা অনেক কিছুই বলবেন। '৭৭ থেকে '১১ পর্যন্ত আপনারা

ক্ষমতায় ছিলেন। কী করেছেন তা আপনারা ভালোই জানেন। আপনারা ধর্ষণ, ধর্ষণ করে চিৎকার করেন। আপনারা কী জানেন না নন্দীগ্রামে প্রকাশ্য দিবালোকে মা, মেয়ে, শাশুড়ি, বউ-মাকে একসঙ্গে ধর্ষণ করা হয়েছিল। তখন তো আপনাদের প্রতিবাদ করতে দেখা যায়নি।প্রকাশ্য দিবালোকে পুলিশের সঙ্গে আপনাদের বাহিনী দিয়ে গণধর্ষণ হয়েছে। সেই সঙ্গে গণহত্যা এবং গণ-প্রতিবন্ধী তৈরি করেছিলেন। আমি সেই নন্দীগ্রামের মানুষ। আমার ১৭ বছরের ছেলে ছিল। তার কী অপরাধ ছিল ? অন্যান্য ছেলে যারা আহত হয়েছিল তাদের তুলে নিয়ে পালিয়ে আসছিল। যে জন্য আপনারা আপনাদের লোক দিয়ে তাকে কুপিয়ে কুপিয়ে মেরেছিলেন। তাকে শুধু গুলি করে এবং বোমা মেরেই ক্ষান্ত হননি। আপনারা বলতে পারেন, কেশপুর থেকে আপনাদের সম্পদ কেন এসেছিল ?

[4.00—4.10 p.m.]

নন্দীগ্রামের মা-কে নিয়ে কেন পালিয়ে গিয়েছিলেন রক্তাক্ত অবস্থায় ? কেন রাস্তায় ধরা পড়েছিল ? কেন আপনারা তাদের ফুলের মালা দিয়ে জামিন করে নিয়ে গিয়েছিলেন আপনাদের সম্পদ বলে ? আপনারা ঠান্ডাঘরে বসে বসে প্রতিনিধিত্ব করেন আর মানুষের রক্তে—আপনারা আমাদের মুখ্যমন্ত্রীর সমালোচনা করেন, তেলেভাজা-তেলেভাজা আপনারা খাবেন কি করে ? মানুষের চর্বিতে ভাজা মানুষের মাংস আর রক্ত খেয়ে তো আপনাদের শরীর খুব তাজা হয়ে আছে। তাই আপনাদের তেলেভাজার দরকার হয় না। চর্বিতে ভাজার দরকার হয়। আমরা সাধারণ মানুষ আমরা তেলটাই ভাল বুঝি। আমরা চর্বি ভাল বুঝি না। আমরা ভালভাবে বাঁচতে চাই। তাই আপনাদের বলি—আপনাদের যে কয়েকজন ফিরে এসেছেন এই সদনে, ওই সিটে গিয়ে বসেছেন, আপনারা মানুষের সমর্থন নিয়ে, মানুষের আশীর্বাদ নিয়ে এসেছেন। মানুষ কিসে শান্তি থাকে, যেন ছোট আঙারিয়া না হয়, যেন নন্দীগ্রামের মতো গণধর্ষণ, গণপ্রতিবন্ধী আর গণহত্যা না হয়। রক্তে রাঙিয়ে মানুষ যেন হাহাকার না করে। আমি নন্দীগ্রামের ফিরোজা বিবি, সেই মাটিতে আমার জন্ম। আমি চেয়েছিলাম সেই মাটিতে আমার কবরও হোক। কিন্তু আপনারা চেয়েছিলেন বিদেশী বেনিয়ার হাতে তুলে দিয়ে আমাদের ওখান থেকে উৎখাত করে দিতে। আপনারা একদিনও সান্ত্বনা দেননি যে আপনারা জায়গা দিলে আমরা আপনাদের বসবাস করতে দেব। আমরা আপনাদের যথাযোগ্য সম্মান দেব। আমরা আপনাদের খাওয়া-পরা, ছেলেমেয়েদের শিক্ষা-দীক্ষায় প্রতিষ্ঠিত করবো। কিন্তু তার বদলে কি করেছিলেন ? আমাদের মতো মায়েদের অনেকের কোলের সন্তান কেড়ে নিয়েছেন। অনেককে আহত করেছেন। অনেককে গণধর্ষণ করেছেন। মনে করেছিলেন মানুষ খুব বোকা। একটা ছোটবেলার গল্প বলি—আমার মা সব সময় বলতেন। গাধার বাচ্চা গাধা হয়, আর ঘোড়ার বাচ্চা ঘোড়া হয়। একটা বাঘিনী ছোট একটা গাধার বাচ্চাকে কুড়িয়ে এনেছিল। কুড়িয়ে এনে তার বাচ্চাদের সঙ্গে লালন-পালন করতো। বাঘিনী তার বাচ্চাকে নিয়ে জলে ফেলে দিত। আবার সেখান থেকে হাবুডুবু খেলে গিয়ে তুলে আনত, শিকার করা শেখাত। আর বাঘকে লাফাতেও শিখাত। গাধা ভাবল আমিও এদের মত হবো। সেও লাফালাফি করতে করতে পরপর বড় হতে থাকল। বড় হতে থাকতে থাকতে একদিন অন্য এক বাঘের কাছে গিয়ে এইরকম লাফাতে

আরম্ভ করল। কিন্তু অন্য বাঘটা তার ঘাড় মটকে দিল। সেই দশা হয়েছে আপনাদের। আপনারা ভাবছেন মানুষের সমর্থন তো আমরা আর পাচ্ছি না। আমরা এখানে এসে হই চই করবো। এখানে এসে ধর্ষণ ধর্ষণ করবো। ধর্ষণ একটা দুরারোগ্য ব্যাধি। সেই ব্যাধিটা আপনারা তৈরি করেছেন প্রকাশ্য দিবালোকে আপনাদের রাজ্যের পুলিশ প্রশাসন দিয়ে, আপনাদের বাড়ির শিক্ষক দিয়ে, আপনাদের বাড়ির ছেলে-মেয়েদের দিয়ে, আপনাদের সম্পদদের দিয়ে। কেন এসেছিল অন্য জায়গার মানুষ নন্দীগ্রামে ? কেন এসেছিল ? আমাদের ছেলে-মেয়েদের কেড়ে নিতে ? আপনি জানেন, আমার ছেলের সঙ্গের সাথীরা আজও যখন স্কুল-কলেজে যায় তখন আমি ঘরের ভিতরে ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁদি। আজ পর্যন্ত আমি ছেলের ঘরে ঢুকতে পারিনি। কেন ? কেন ? এর জবাব কে দেবে ? তখন আপনাদের কিছু বললে আপনারা খিলখিল করে হাসতেন। আপনারা বলতেন পাগল হয়ে গেছে। নন্দীগ্রামকে কিছু দেওয়া হবে না। তুমি বোস। তুমি যতই চিৎকার কর না কেন, মন্ত্রী কিন্তু হচ্ছ না। সেদিনের কেউ কেউ এখনো আছেন। মনে আছে, সেদিন আপনাদের বলেছিলাম মন্ত্রী হতে এখানে আসিনি। এখানে এসেছি দেশের শান্তি বিরাজ করতে, শান্তিতে বসবাস করতে। আমার ছেলে গেছে আর যেন কারোর ছেলে না যায়। আমাদের দেশের অনেক.....(এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

Dr. Harka Bahadur Chhetri : Hon'ble Speaker, Sir, I rise before this august House to speak in support of the Budget. However, there are certain concerns which I would like to highlight and bring it before the authority.

There are some steps in this budget which has been taken by the Hon'ble Finance Minister and I found it that his steps are really well intended and if taken to its logical limits it would definitely deliver to the welfare of the people like the Spending in Education for 2013-2014 was 2237 crores which has multiplied to three and half fold to 8055 crores in 2015-16. 13 universities have come up, 7 in PPP model and 6 State-aided, 40 new Government and Government-aided colleges, 34 poly-technique colleges plus 32 are still under construction stages. 22 lakhs girls have benefited from Kanyashree Prakalpa. Hon'ble Speaker, Sir, You also remember when last time the British Parliamentarians have come where we were getting exchange-meeting, where they were really impressed and said that though women liberation movement started in England, the feminist movement started, gender-bias came off there, but even they have not taken such major steps to empower women. There is twenty-fold increase in the tourism budget, as I was leafing through the budget speech of the Hon'ble Finance Minister, Sir. It is a background of hope, of growth and of development but I have

my concern so far the people I represent are concerned. Sir, today the ivestment in education has gone up but there are 32 listed schools running since 1967 awaiting recognitions that have not been done so far. I hope that those schools are brought under the ambit of this year's budget to recognize them. I know that two new Government colleges have come up in my place. In 1957 the first Government college came up in Darjeeling and after that almost for a lapse of five decades no colleges, Government colleges, were there. Immediately after coming into power this Government has announced two colleges ; colleges are under construction and session will start by mid-June/July, but what I want to request and bring to notice of the Hon'ble Education Minister through you, Sir, is that Sir, one college is still awaiting the approval of the Cabinet for its faculty and if that does not happen, then the session in Pedong Government college will not begin. Sir, there is in the Finance Minister's speech he had highlighted the need to strengthening of than as and fire services and who else but we know that better because we are the victims. Sir, last time when the Standing Committee on Home visited Kalimpong, we went to Pedong. Sir, there is a check post in Pedong which was there since independence when Sikkim was a separate country. The check post was meant to check the illegal fraud people and goods but now after Sikkim became a part of India; there is no need of a check post but we need a more full-fledged police sub-station there and a fire brigade also. The public has submitted a representation to the Hon'ble Members of the Standing Committee in November last year, and in January a fire gutted down the entire Pedong town and they have not received any compensation or any relief came from the Calamity Disaster Management Department. That may kindly be taken into consideration. One more important thing, Sir which I want to highlight is that in the Hon'ble Finance Minister speech there was no reference of Darjeeling or GTA for that matter. When I leafed through the State Plan Budget where in page 11 Hill Affairs is mentioned and some amount 178 crores is mentioned there. I would like to request that Hill Affairs were a thing of the past. The nomenclature was used long time back when even the DGHC was not there in place. Now there is the GTA and for future reference I would like to request you to mention Gorkhaland Territorial Administration in place of Hill Affairs. Hon'ble Finance Minister talked about creating important

opportunities in so many departments. Some of my friends have also highlighted that issue. I would like to request that before creating new jobs more important is to fill up the vacant posts which are already there. There are almost 50% under-staffed offices where the work is not happening because one man is taking charge of three/four places like one rank officer is looking after three ranges. In Panchayats the same is the situation. One job assistant is looking after three/four Gram Panchayats. Hence there is the scope of corruption and everything because it is under-staffed heavily. That may kindly be taken into consideration which will take care of a lot of unemployment problem, I guess Sir.

[4.10—4.20 p.m.]

Sir, there was a question of medical college in Kurseong which the Hon'ble Chief Minister has announced in 2011. So far nothing has started about medical college when so many institutions are coming, universities are coming and new colleges are coming. That is a place which is suitable for all health purposes. But despite the announcement from the Chief Minister this work has not started yet. I would like to bring to the notice of the authorities that it may be expedited. whenever the tourists from West Bengal, from plains come to hill they say Dr.Chhetri, you do something for the roads. Lava, Lolegaon, Sillary-these are all devastated. There is nothing, not even trace of road. They come and request to do something, to spend something for the roads. Hon'ble Minister for Panchayat, Shri Subrata Mukherjee knows, and when in the Hon'ble Finance Minister's speech strengthening of rural road is there, I request, please give some importance to that because 24 fold tourism budget has gone up. Darjeeling is an international tourist destination. When the Government is deciding to create Bengali into a tourist destination then please do keep it in mind about this area which has so much of scenic beauty.

Water supply is another problem. Once a week local inhabitants get water despite Balason project which is yet to be operationalised. It has not yet been operationalise. Whatever is the reason I would request you to definitely look into it. There is a programme called "Nijer Griha, Nijer Bhumi". This project has not been extended to the hill. Let it be extended to the Hill and North Bengal Development

Department includes Darjeeling also. But, conveniently North Bengal Development Department does not include a single project of GTA. Hon'ble Minister has done again some mistake of not including any project for Darjeeling.

Many universities have already come into existence in West Bengal. I would request the concerned minister that let there be a state university over there to fulfill the dream, a declaration which the Hon'ble Chief Minister herself had made. Sir, I am at the end of my time. I have been given less time. When so much is done about sports I feel that one stadium in each sub-division is a must. So Darjeeling also should be included into making that stadium and Sir one more point with which I conclude my speech. When the Standing Committee for Home visited Kalimpong under my arrangement for the first time came to realize that Kalimpong police station is the largest one in Asia with an area of 1068 square kilometer. Even in Kolkata the jurisdiction of police station is not more than 400 square Kilometer. Keeping this in view 3 police stations in 3 blocks of Kalimpong is important. I request to the concerned minister to look into this. And at the end Sir, the Urban Development Minister has announced through the Chief Minister herself to give 10 crore rupees for solid waste management for Kalimpong. That money has not yet reached. It was announced July last. I would like to request that these concerns should be taken care of. It is a well intended budget. He has taken some serious major steps. Now it remains to be seen. Though there are many a slip between the cup and the lip I think the slips will not be there and I congratulate the Hon'ble Finance Minister for presenting such a bold budget and translate it into action remains to be seen. With these words I conclude.

শ্রী অখিল গিরি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ২৭শে ফেব্রুয়ারী ২০১৫-১৬ আর্থিক বর্ষে পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয় যে বাজেট বিবৃতি দিয়েছেন, তাকে সম্পূর্ণভাবে সমর্থন করে কয়েকটি কথা, আমার নিজের প্রতিবেদন আমি এই সভায় রাখছি। তিনি এটা নিয়ে চারবার এই সভায় বাজেট বিবৃতি দিয়েছেন। প্রতি আর্থিক বর্ষে বাজেটে ব্যয়বরাদ্দ বাড়ছে প্রতিটি দপ্তরের। এর থেকে বোঝা যায় যে পশ্চিমবঙ্গের মানুষের যা চাহিদা এবং বিভিন্ন দপ্তরের যে কাজকর্ম, তা সঠিকভাবে আগামী দিনে রূপায়ণ হচ্ছে। মাননীয় অর্থমন্ত্রীর সব থেকে বড় কৃতিত্ব হচ্ছে এই যে বাজেট বিবৃতি তিনি দিয়েছেন, তাতে নিজস্ব সম্পদকে যথাযথভাবে ব্যবহার করে এবং তার উৎকর্ষতা বৃদ্ধি

করে রোজগারের দিকে তিনি গুরুত্ব আরোপ করেছেন। তাতে আমাদের যেটা মূলধনী ব্যয়, তার পার্সেন্টেজ হিসাব করলে বোঝা যায় যে কতটা রোজগারের উপরে গুরুত্ব আরোপ করে তিনি রাজ্যটাকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছেন। আর একটা সাফল্য হচ্ছে, তিনি কর আদায়ের ক্ষেত্রে যে অভাবনীয় সাফল্য দেখিয়েছেন এবং তার সরলীকরণের নীতি গ্রহণ করার ফলে তিনি তার উপর নির্ভর করেই জনমুখী পরিকল্পনা রূপায়ণ করতে পারছেন এই সরকারের অর্থমন্ত্রী হিসাবে। তাই আমি মনে করি যে এই বাজেট অত্যন্ত বাস্তবোচিত এবং এই বাংলার মানুষকে আগামীদিনে দিশা দেখাবার পক্ষে যথেষ্ট গুরুত্ব দেওয়া হয়েছে। বিরোধীপক্ষ থেকে অনেকেই সমালোচনা করেছেন, কেউ ঋণের কথা বলেছেন। সঠিকভাবে ঋণের সংখ্যাটা কেউ কেউ বিভিন্নভাবে বলেছেন। মোদ্দা কথা ৩৪ বছর-৪ বছরের হিসাব না করে যখন আজকের দিনে বাজেট পেশ করা হচ্ছে—আয়-ব্যয়ের হিসাব, একথা ঠিক যে, ৪ বছর পরে এই সরকারের তহবিল থেকে ১ লক্ষ কোটি টাকা দিল্লি কেটে নিয়েছে। কেউ বলেছেন ৬৩ হাজার কোটি টাকা ঋণ হয়েছে, কেউ বলেছেন ৮০ হাজার কোটি টাকা ঋণ হয়েছে। তর্কের খাতিরে বিরোধী পক্ষ থেকে যদি ধরে নেওয়া যায় ৮০ হাজার কোটি টাকা ঋণ নিয়েছে এই সরকার চার বছরে, চার বছরের হিসাব না করে যদি একথা বলা যায় ১ লক্ষ কোটি টাকা আমার তহবিল থেকে নিয়েছে কেন্দ্রীয় সরকার। আর ৮০ হাজার কোটি টাকা আমি নিয়েছি। তাহলে যদি আমার ১ লক্ষ কোটি টাকা দিতে না হত তাহলে ২০ হাজার কোটি টাকা থেকে যেতে পারত—এটা অঙ্কের হিসাবে বলতে পারি। তাহলে আমাদের ঋণ নেওয়ার কোনো প্রয়োজন হত না। কিন্তু কেউ বলেছেন—মানসবাবু বলেছেন ঋণ নিতে হবে সরকার চালাতে গেলে। আবার উদয়নবাবু বলেছেন নন্-প্ল্যানিংয়ে খরচা করেছেন ৭০ শতাংশ। ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা যখন বামফ্রন্ট সরকার ঋণ করেছিল, তখনো যদি হিসাব করে দেখা যায় নন্-প্ল্যানিংয়ে কত টাকা খরচ করা হয়েছে ঋণ নিয়ে—সে কথা তো আলোচনা হয়নি বিধানসভায়, হাউসে আলোচনা হয়নি যে কতটা নন্-প্ল্যানিংয়ে খরচ হয়েছে। স্বাভাবিক কারণে আজকে এই বাংলায় মানুষের যে চাহিদা—এই বাংলায় শুধু নয়, আমাদের দেশের মানুষের চাহিদা—তিনটি বিষয়ের উপরে মানুষ সর্বাধিক গুরুত্ব দেয়। তিনটে চাহিদা হচ্ছে প্রথমে খাদ্য দরকার, বস্ত্র দরকার, বাসস্থান দরকার। উদয়নবাবু বলেছেন, কেন্দ্রীয় সরকারের বাজেট পেশ না করে আপনাদের বাজেট হয়েছে—এটা আমাদের অধিকারকে খর্ব করা হয়েছে।এটা বামফ্রন্টের বলা সহজ কারণ বামফ্রন্ট সরকারের কোনো নিজস্বই প্রকল্প ছিল না। কেন্দ্রীয় সরকারের দিকে তাকিয়ে থাকতে হত। সর্বক্ষেত্রেই তাকিয়ে থাকতে হত, সব দপ্তরের ক্ষেত্রে তাকিয়ে থাকতে হত। কেন্দ্রীয় সরকার দিলে তারপরেই সরকার খরচ করতেন, বিভিন্নভাবে পরিকল্পনা করতেন, খরচ করতেন। কিন্তু এই সরকার কেন্দ্রীয় সরকারের উপরে নির্ভর না করে আমাদের নিজস্বভাবে সম্পদ বৃদ্ধি করে আমাদের সরকারের নিজস্ব প্রকল্পের উপরে রাজ্যকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা হচ্ছে। তার জন্য। আপনাদের প্রকল্প কী ছিল ? কেন্দ্রীয় সরকারের ইন্দিরা আবাস যোজনা। আপনারা মানুষকে বাসস্থান দেবেন। কী প্রকল্প ? একটা প্রকল্প—'ইন্দিরা আবাস যোজনা।' কখন কেন্দ্রীয় সরকার ১০টা দেবে, ১ হাজার দেবে, আপনারা মানুষকে ঘর দেবেন। কিন্তু

এই সরকার চার বছরে ৪৮টা নিজস্ব প্রকল্প আছে। তার মধ্যে 'আমার বাড়ি' প্রকল্প আছে, 'আমার ঠিকানা' প্রকল্প আছে, 'গীতাঞ্জলি' প্রকল্প আছে, আবাসন প্রকল্প আছে। আর আপনারা অধিকার প্রকল্পে এম.এল.এ-রা সুপারিশ করে নন্ বি.পি.এল—যারা বি.পি.এল তালিকাভুক্ত নন, তাদেরকে বাসস্থানের ব্যবস্থা করছেন। এটা রাজ্য সরকারের নিজস্ব প্রোগ্রাম। আমাদের অর্থমন্ত্রী সেই সাহসিকতা দেখিয়েছেন।

[4.20—4.30 p.m.]

খাদ্যের কথা বলি। বামফ্রন্টের আমলে যে গোডাউন ছিল, যে মজুত ভাণ্ডার ছিল ৪০ হাজার মেট্রিক টন, আমাদের সময় চার বছরে ৩ লক্ষ ৮০ হাজার মেট্রিক টন বাড়ানো হয়েছে। আপনাদের সময় তন্তুজ বন্ধ হয়ে গিয়েছিল। তাঁতশিল্প বন্ধ হয়ে গিয়েছিল। আর এখন হাজার হাজার স্টল খুলে দেওয়া হয়েছে। আজকে তাঁতশিল্পীরা মর্যাদা পাচ্ছে। তাঁতের শাড়ি আজকে বিদেশে যাচ্ছে। আপনাদের সময় তো সংস্কৃতি চর্চা উঠে গিয়েছিল। আজকে লোকশিল্পীরা ভাতা পাচ্ছে, লোকশিল্পীরা মর্যাদা পাচ্ছে। আমি তাই মনেকরি আজকের এই যে বাজেট, এই বাজেট বাংলাকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছে, বাংলাকে প্রতিষ্ঠিত করবার চেষ্টা করছে বিভিন্নভাবে সম্পদ সৃষ্টি করে। আজকে স্বাস্থ্য দপ্তরে ৩৬৪ কোটি টাকা দিয়ে ন্যায্য মূল্যের ওষুধের দোকান থেকে ১ কোটি ৩০ লক্ষ রোগীকে সাহায্য করা হয়েছে। তাই আমি এই বাজেটকে সম্পূর্ণভাবে সমর্থনভাবে করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী গোকুল রায় : মাননীয় চেয়ারম্যান স্যার, পশ্চিমবঙ্গ সরকারের ভারপ্রাপ্ত অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র ২০১৫-১৬ আর্থিক বছরের যে বাজেট এই পবিত্র সদনে রেখেছেন, তাকে আমি সমর্থন করতে পারছি না। কারণ বর্তমান সরকার কথায় কথায় মা-মাটি-মানুষের কথা বলেন। আর মাটি উৎসবে কোটি কোটি টাকা খরচ করে। অথচ ২০১২-১৩ এবং ২০১৩-১৪ সালে ক্ষুদ্র ও প্রান্তিক চাষিরা যারা ব্যাঙ্ক থেকে লোন নিয়েছিল, প্রাকৃতিক দুর্যোগে যখন তাদের ফসল নষ্ট হয়ে যায়, শস্য বিমা বাবদ তাদের প্রিমিয়ামের টাকা যথাসময়ে ব্যাঙ্ক কেটে নিয়ে ইনসিওরেন্স কোম্পানির কাছে পাঠিয়ে দেয়। কিন্তু রাজ্য সরকারের যেটা প্রদেয় টাকা, ১৫৩ কোটি টাকা রাজ্য সরকার দিতে পারেনি। তাতে কয়েক হাজার কৃষক ক্ষতিগ্রস্ত হয়। প্রায় ৫০০ কোটি টাকার মতো কৃষি লোন থেকে বঞ্চিত হয়। এ ব্যাপারে তাদের কোনো খেয়াল নেই। ক্রপ ইনসিওরেন্স বাবদ যে কিছু টাকা ধরতে হয়, বাজেটে তার কোনো উল্লেখই নেই। আর এদিকে কথায় কথায় মা-মাটি-মানুষের কথা বলেন। এবার আর একটা আমি উদাহরণ দেব। সেটা হচ্ছে আমাদের পশ্চিম বাংলায় প্রায় ৪০ লক্ষ পাটচাষি ও আড়াই লাখ চটকল শ্রমিক আছে। কেন্দ্রীয় সরকারের জুট প্যাকেজিং মেটিরিয়ালস অ্যাক্ট অনুযায়ী যে সুবিধা ছিল, খাদ্যশস্যে ও চিনির ক্ষেত্রে ১০০ পার্সেন্ট চটের ব্যবহারের নিয়ম, সেটা কেন্দ্রীয় সরকার তুলে নিচ্ছে। কিন্তু পশ্চিমবঙ্গ সরকার আমাদের রাজ্যে যেসব জিনিস উৎপন্ন হয় যেমন আলু, চিনি, গম—এর ক্ষেত্রে কেন ১০০ শতাংশ চটের ব্যবহার বাধ্যতামূলক করছে না ? পশ্চিমবঙ্গ সরকার যদি এটা করত তাহলে আমাদের চটের সঙ্গে

যুক্ত যারা পাটচাষি, চটকল শ্রমিক, তারা রক্ষা পেত। এদিকে কিন্তু মা-মাটি-মানুষের সরকারের কোনো হুঁশ নেই যে তাদের কথা চিন্তা করতে হবে। এবার আমি আসব ইরিগেশনের কথা। এশিয়া মহাদেশের অন্যতম বৃহত্তম সেচ প্রকল্প হল তিস্তা। যার উপর উত্তর দিনাজপুরের কৃষকদের কৃষিকাজ নির্ভর করে। এই বাজেটে তার কোনো উল্লেখ নেই। এটা যেখানে জাতীয় প্রকল্প হিসেবে ঘোষণা হয়েছে, ৯০ শতাংশ কেন্দ্রীয় সরকার দেবে এবং ১০ পার্সেন্ট রাজ্য সরকার দেবে, কিন্তু সেই কাজ বন্ধ । বন্ধ কেন ? জমিজটের জন্য। প্রাক্তন যিনি সেচমন্ত্রী ছিলেন ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা, উনি চেষ্টা করেছিলেন। কিন্তু বর্তমান সেচ মন্ত্রী চেষ্টাই করলেনই না জমিজট খুলবার জন্য। এটাকে কি করলেন ? তিস্তাকে নন প্রায়োরিটি জোন হিসেবে কাজ বন্ধ আছে। কবে এই নন প্রায়োরিটি জোনকে প্রায়োরিটি জোন করা হবে তার কোনো ঠিক নেই। তিস্তা প্রকল্প, যেটার উপর নির্ভর করে উত্তর দিনাজপুরের কৃষকেরা আশায় বুক বেঁধেছিল, সেটা বন্ধ হয়ে গেল। মেজর ইরিগেশন বন্ধ। এবার মাইনর ইরিগেশনের কথা বলি। মাইনর ইরিগেশনের অবস্থা মোটেও ভালো নয়। মাইনর ইরিগেশন এই জন্য ভালো নয় যে, একজন অপারেটারকে ১০-১২টা করে পাম্প চালাতে হয়, ডিপ টিউবওয়েল বা আর.এল.আই। মেকানিক্যাল স্টাফ নেই। বেশির ভাগই খারাপ হয়ে যাচ্ছে। মাইনর ইরিগেশনের সেচসেবিত এলাকা, সেটা বন্ধ হয়ে যাচ্ছে। রেভিনিউ ইনকাম হচ্ছে না। মেজর ইরিগেশন তিস্তার কাজ হচ্ছে না। মাইনর ইরিগেশনের কাজ প্রায় মৃতপ্রায় অবস্থা। অপরদিকে বলা হচ্ছে 'জল ধরো জল ভরো' প্রকল্প। বিশেষ করে উত্তর দিনাজপুরের কথা বলব। এখানে P & RD Department, MGNREGA প্রকল্প যে সব হচ্ছে ব্যক্তি মালিকানাধীন পুকুর, তাতে সেচের দিকে কোনো সুবিধা হচ্ছে না। বাজেটে উল্লেখ আছে ২০১৪-১৫ পর্যন্ত ৮১৭টি পুকুর, ৭১৭৩টি জল সংরক্ষণ। আমি বলেছিলাম মাননীয় মন্ত্রীকে—এই যে সংখ্যাটা দিচ্ছেন, কোন কোন জেলায়, কোথায় কোথায় কটি হয়েছে যদি বলেন। উনি উত্তর দিতে পারেননি। আমার মনে হয় এই সংখ্যাটা ঠিক নয়। Ground water বিষয়টা একটা alarming অবস্থায় আছে। এখানে গ্রাউন্ড ওয়াটারের যে যথেচ্ছ ব্যবহার হচ্ছে সেটা কন্ট্রোলের ব্যাপারে এই মা-মাটি-মানুষের সরকার কি অবস্থান নিয়েছে তার উল্লেখ নেই। জলে আর্সেনিক থাকার ফলে আমরা দেখেছি খাদ্যেও তার প্রভাব পড়ছে। অতি সত্বর এই বিষয়ে ব্যবস্থা নেওয়া উচিত। কিন্তু বাজেটে এর কোনো উল্লেখ নেই। কিষান মাণ্ডির কথা বলা হয়েছে। আমার জেলায় ইসলামপুর এবং ইটাহার দুটো কিষান মাণ্ডির কাজ কমপ্লিট, কিন্তু সেগুলো এখনো চালু হয়নি। এবারে আমাদের জাতীয় সরকারের অবস্থান নিয়ে একটু বলি। শুধু North Bengal, South Bengal নয়, নর্থ-ইস্ট ইন্ডিয়ার সঙ্গে বাকি দেশের সংযোগকারী মূল রাস্তা ৩৪ নং জাতীয় সড়ক। সেখানে ডালখোলা রেলগেটে একটা বাইপাসের কাজ চলছে, কিন্তু জমিজটের জন্য সেটি আটকে আছে। ৫/৭ঘন্টা যানজটে আটকে থাকতে হয়। জমি অধিগ্রহণের অভাবে এই কাজটি হচ্ছে না। এই কটি কথা বলে, এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী মঞ্জু বসু : মাননীয় চেয়ারম্যান স্যার, গত ২৭শে ফেব্রুয়ারী ২০১৫ তারিখে আমাদের পশ্চিমবঙ্গের মা-মাটি-মানুষের মাননীয় অর্থমন্ত্রী, আমরা যার জন্য গর্ব অনুভব

করি, সেই ডঃ অমিত মিত্র যে বাজেট এখানে পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন এবং অজস্র অভিনন্দন জানিয়ে দু-চারটি কথা বলতে চাই।

এই বাজেটের মধ্যে দিয়ে তিনি বাংলার মানুষের উন্নয়ন এবং সর্বাঙ্গীণ উন্নতির, বহু জন হিতায় বহু জন সুখায় যে দিশা দেখিয়েছেন তার জন্যই এই সমর্থন। ৩৪ বছর ধরে বাংলায় যে অপদার্থ সরকার চলছিল, যারা নিজস্ব ক্যাডারদের বহু টাকা ব্যয় করে পুষেছিল এবং তাদের দিয়ে প্রতিটি নির্বাচনকে প্রহসনে পরিণত করে গদি আঁকড়ে রেখেছিল, বাংলার মানুষ বাংলার কাণ্ডারীকে পেয়ে তাদের দু-হাতে ঠেলে সরিয়ে দিয়ে ২০১১ সালের ২০শে মে মা-মাটি-মানুষ এর এই সরকারকে নিয়ে এসেছিল। মাননীয় অর্থমন্ত্রী তাঁর বিবৃতির প্রথমেই যা বলেছেন সেটা বাংলার অর্থনীতির ক্ষেত্রে এক নতুন দিন। পূর্ববর্তী সরকার বুঝে গিয়েছিল যে জীবনে আর আসতে পারবে না, সেইজন্য তারা কোষাগার শূন্য করে দিয়ে গিয়েছিল। সব কিছু চেটেপুটে খেয়ে সাফ করে দিয়েছিল। কিন্তু না বন্ধু, সত্যেরই জয় হয়। সেই শূন্যতা, সেই ভয়ঙ্কর ঋণের বোঝা নিয়েই এই সরকার এসেছে।

[4.30—4.40 p.m.]

ভয়ঙ্কর ঋণের বোঝা। মাথার উপরে দু-লক্ষ কোটির উপরে যে ঋণ তা এতদিন ধরে কেটে নেওয়া হচ্ছে। তিন বছর ধরে। বাংলা কোনো কাকুতিমিনতি করেনি। কেন্দ্রীয় সরকারের দয়া-দাক্ষিণ্যে নয়, ন্যায্য অধিকার চেয়েছিলেন। বঞ্চনার শিকার হয়ে ২৮ হাজার কোটি টাকা এই জানুয়ারী মাস পর্যন্ত কেটে নেওয়া হয়েছে। আজ পর্যন্ত তা বাংলার এক লক্ষ কোটিরও বেশি অর্থাৎ এক লক্ষ দু-হাজার তিরানব্বই পয়েন্ট ষোলো কোটি টাকার ঋণ শোধ করতে হয়েছে। আমাদের গত উনিশ তারিখে মহামান্য রাজ্যপালও সেই কথা স্বীকার করেছেন। এই ঋণের বোঝা না থাকলে সরকার আরও দ্রুতভাবে এগিয়ে যেত। উন্নয়ন আরও সুপ্রসারিত হত। সেই জায়গা থেকে আমরা কিন্তু পিছিয়ে নেই। আমাদের সুযোগ্য পুত্র এবং সুযোগ্য সরকার তিনি বলেছেন আমরা কাকুতি মিনতি করি না, 'বিপদে মোরে রক্ষা করো এ নহে মোর প্রার্থনা আমারে তুমি করিবে ত্রাণ এ নহে মোর প্রার্থনা তরিতে পারি শকতি যেন রয়'। এই সংকল্প নিয়ে তিনি এগিয়ে চলেছেন। তিনি যে কাজ করলেন তা অভূতপূর্ব। বাংলার অর্থনীতিকে একটা নতুন উচ্চতায় তিনি নিয়ে গেছেন। একথা সমস্ত কথার সার কথা হচ্ছে নতুন মূল্যায়ন অনুযায়ী বাংলার গ্রস ভ্যালু অ্যাডেড ১০.৪৮ শতাংশ বেড়েছে, যেখানে নতুন অঙ্কে ভারতের বৃদ্ধি হয়েছে মাত্র ৭.৫ শতাংশ। বাংলা এগিয়েছে, এগোচ্ছে এবং আরও এগোবে। আপনারা শুধু দেখবেন আর চক্ষু ছানাবড়া হবে। আর নিন্দা-মন্দয় আপনারা মেতে উঠবেন। স্যার, বাজেট বিবৃতির প্রথমেই আমাদের মাননীয় অর্থমন্ত্রী মাত্র তিন বছরেই যে সাফল্যের কথা তিনি তুলে ধরেছেন। সেই সাফল্যের খাতগুলো হচ্ছে সবচেয়ে বড় হল খাদ্যশস্যের মজুত ক্ষমতা যা ৪০ লক্ষ মেট্রিক টন ছিল '১০-১১ সালে তা বৃদ্ধি পেয়ে ৯ গুণেরও বেশি বৃদ্ধি পেয়েছে। মাত্র তিন বছরে ৩.৮০ লক্ষ মেট্রিক টনে। এটা কি উন্নয়ন নয় ? এটা কি সত্য কথা নয় ? স্যার, ৯১ লক্ষ ভুয়ো রেশন কার্ড বাতিল করা হয়েছে এবং সেই রেশন কার্ডের ডিজিটাইজেশনের সংখ্যা ৭.৮০

কোটিতে ছুঁয়েছে। এই সাফল্য নজিরবিহীন। শুধু তাই নয়, এই সাফল্য তিনি তুলে ধরেছেন প্রতিটি ক্ষেত্রে। বহু নাম আছে। একশো দিনের কাজ থেকে নির্মল বাংলা অভিযান দরিদ্র মানুষের বাসস্থান নিজগৃহ নিজ ভূমি, জল ধরো জল ভরো, পানীয় জল, স্বাস্থ্য, বিদ্যালয় শিক্ষা, উচ্চ শিক্ষা, কলেজ, বিশ্ববিদ্যালয় স্থাপন সমস্ত জায়গায় যে উন্নয়ন হয়েছে মাত্র তিন বছরে তা সব জায়গায় বেড়েছে দু-গুণ, তিনগুণ, চারগুণ, পাঁচগুণ দশগুণ পর্যন্ত বৃদ্ধি পেয়েছে। কি করে সম্ভব হল ? সম্ভব হয়েছে আপনারা সেটা শিখে নিন সমালোচনা না করে, যা পারেননি ৩৪ বছরে। যা হয় না নয়েতে, তা হয় না নব্বুইতে। এটা আপনারা জানবেন। তাই আপনারা শুধু আসর গরম করার চেষ্টা করছেন। আজকে বহু প্রকল্প তিনি চালু করেছেন আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী। তাঁর একটাই লক্ষ্য বাংলার মানুষকে এগিয়ে নিয়ে যেতে হবে। বাংলাই আমার জীবন। বাংলাই আমার সর্বস্ব। তাই বাংলাকে নতুন পথের দিশা দেখাতে ৯ কোটি মানুষের প্রত্যাশা পূরণের জন্য তিনি সর্বদা শশব্যস্ত। তাই অভিনব অভিনব প্রকল্প তিনি চালু করেছেন। সেই প্রকল্পগুলো হল—নির্মল বাংলা অভিযান, নিজ গৃহ নিজ ভূমি, জল ধরো জল ভরো, একশো দিনের কাজ, কন্যাশ্রী প্রকল্প, সবার ঘরে আলো, সবচেয়ে গুরুত্বপূর্ণ হল সবার ঘরে আলো, সবার ঘরের জল। শুধু তাই নয়, স্যার, মানুষের ন্যূনতম চাহিদা হচ্ছে রোটি কাপড়া আউর মকান। আজকে জঙ্গলমহল থেকে শুরু করে, সিঙ্গুর থেকে শুরু করে, আয়লাবিধ্বস্ত অঞ্চল থেকে শুরু করে বি.পি.এল লোকদের দু-টাকা কেজি দরে চাল তারা পাচ্ছে। এই উন্নয়নের জন্য আজকে বাংলা যেখানে অশান্ত ছিল তা শান্ত হয়েছে। জঙ্গলমহল শান্ত। যে সমস্ত দুর্গম স্থান এই পাহাড় থেকে সমুদ্র সমস্ত জায়গায় আলো দেখা গেছে। সমস্ত মানুষ স্বস্তিতে আছে। সেই জন্য এবারের বাজেটে স্যার, প্রতি ক্ষেত্রে তিনি বরাদ্দ বৃদ্ধি করেছেন। কৃষিক্ষেত্রে গতবারের তুলনায় এক হাজার একশো সাতান্ন দশমিক বাহাত্তর কোটি টাকার জায়গায় এবারে দেড়শো কোটি টাকা করা হয়েছে। বিদ্যালয় শিক্ষা, স্বাস্থ্য পরিষেবা থেকে শুরু করে সেখানেও দু-লক্ষ দুশো এগারো হাজার ছয় কোটির জায়গায় দু-লক্ষ পাঁচশো আটান্ন অষ্ট-আশি দশমিক নব্বই কোটি টাকা বিদ্যালয় শিক্ষা, নারী কল্যাণ শিক্ষা শ্রম সমস্ত ক্ষেত্রে সবচেয়ে বড় কথা কন্যাশ্রী প্রকল্প যে প্রকল্প....(মাইক অফ)

শ্রী অরুণ মহাপাত্র : মাননীয় চেয়ারম্যান স্যার আমি কয়েকটি কথা বলতে চাইছি। ২৭ তারিখ মহতী সদনে ডঃ অমিত মিত্র যে বাজেট প্লেস করেছেন, সেই সম্পর্কে বলি প্রত্যেক সরকারই বাজেট করে। তার কিছু ভালো থাকে, আবার কিছু মন্দও থাকে। কিন্তু একটা কথা বলতে চাইছি অমিতবাবুকে উনি পণ্ডিত মানুষ, সাড়ে তিন বছর হয়ে গেল একটা লোকেরও অ্যাপয়েন্টমেন্টের কোনো ব্যবস্থা করতে পারলেন না। কি সরকারি কর্মচারী, কি আই সি ডি এস কর্মী, কি প্রাইমারী স্কুলের মাস্টারমশাই, মাধ্যমিক স্কুলের মাস্টারমশাই কোন জায়গাতেও একজনেরও চাকরী হল না। তাহলে অমিতবাবু এই রাজ্যটা চলবে কি করে ? আমার আপনার কাছে এটাই প্রশ্ন। সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রায় পঁচাত্তর হাজার পোস্ট ভ্যাকান্ট পড়ে রয়েছে। তার অ্যাপয়েন্টমেন্টের কোনো ব্যবস্থা হয়নি। কোনো হায়ার সেকেণ্ডারী স্কুলের মাস্টারমহাশয়দের অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হচ্ছে না। কি

করে অমিতবাবু চলবে ? কোনো আই সি ডি এস সেন্টারে অ্যাপয়েন্টমেন্ট হচ্ছে না। তাহলে বলেন কেন হাজার হাজার অ্যাপয়েন্টমেন্ট দেব ? কোথা থেকে বের করলেন সিভিক পুলিশ ? কি রে বাবা ওই যে বামপন্থী বন্ধুরা আন্দোলন করে এন আর ই.জি এ প্রথম ইউ পি এ সরকারের আমলে আইনিসিদ্ধ হয়েছিল, সেই প্রকল্পের লোকরা ১৭০ টাকা পায়। আর এই সিভিক পুলিশরা ১৪০ টাকা করে পায় কী করে ? এই হচ্ছে চাকরী ? কিরে বাবা কী চাকরী এল ! আগে গ্রামে শুনতাম যে আমার ছেলে পাশ করে ক্লাস সেভেনে উঠছে মানেই ম্যাট্রিক পড়ছে। তাই বিয়ে দিলেই এবারে যৌতুক পাওয়া যাবে। অমিতবাবুর এটাই ব্যাপার যে, চাকরী দিচ্ছি। কী চাকরী দিচ্ছেন—না সিভিক পুলিশ। তার অ্যামাউন্ট কত—না এত ? আমি বলি অমিতবাবু পণ্ডিত মানুষ, ওনার অর্থনীতিতে যথেষ্ট জ্ঞান আছে। আপনি এই অ্যাপয়েন্টমেন্টগুলি দেওয়ার ব্যবস্থা করুন, তা না হলে গোটা রাজ্যটাই অচল হয়ে যাবে। গোটা রাজ্যটাকে অচল করে দিলেন। এবারে কৃষিতে আসছি। আমাদের কৃষিমন্ত্রী পূর্ণেন্দুবাবু আছেন। যথেষ্ট বয়স্ক লোক। কিন্তু কৃষকদের কী হবে ? কৃষক যে পথে বসে গেল। আমাদের খাদ্যমন্ত্রী নেই। সরকারের কিনবার কোনো ক্ষমতা নেই। ধানের দর বেঁধে দিল কেন্দ্রীয় সরকার। কেন্দ্রীয় সরকার ধানের দর বেঁধে কেন্দ্রীয় সরকার বললেন এফ সি আই কিন্তু নামল না। এফ সি আই নামতে দিল না। তাহলে রাজ্য সরকার কিনল না। বেনফেড নামল না। তাহলে বলুন ধানচাষীরা ধান কোথায় নিয়ে যাবে ? এখন গ্রামে ধানের ধানের দাম ১১০০ টাকা কুইন্টাল। কি উঠবে ? কি চাষ করবে ? এবার বোরো ধান উঠলে মাঠে আগুন লাগাতে হবে। আপনারা ভাবুন এই ব্যাপারে। এরপরে আলুতে আসছি। আলুর কি হবে ? আলুচাষীরা গতবার আলু বিক্রি করতে পারেনি এবং যা নিয়ে গিয়েছিল সেই আলু নাকি ভিনরাজ্যে যাওয়ার নামে আপনাদের যে লুঠেরা বাহিনী আছে, তারা আপনাদের লোক কিনা আমি জানি না। তারা বলে যে আপনাদের লোক। কিন্তু আমি জানি না যে একটা রাজনৈতিক দলে এই রকম বাজে লোকরা থাকতে পারে, যারা গাড়ী ঘিরে টাকা আদায় করে। যারা গাড়ী ঘিরে টাকা আদায় করতে পারে। সে যে দলের লোকই করুক না কেন। সেই দলের কিন্তু সেই লোক নয়। তারা এইসব করে।

[4.40—4.50 p.m.]

টাকা আদায় করে, তোলাবাজ। আমি আরেকটা কথা বলতে চাই মিত্রসাহেবকে। আমার কনস্টিটুয়েন্সিতে প্রধানমন্ত্রী যোজনার ১১, ১২টা রাস্তা আছে। সেই রাস্তাগুলোর কোনো কাজ হচ্ছে না। আমি এই ব্যাপারে—সুব্রতবাবু নেই—তাঁকে চিঠি দিয়েছিলাম, দেখা করেছিলাম। সুব্রতবাবু একটা রাস্তা আরম্ভও করে দিয়েছিলেন। কিন্তু আপনাদের যে বাহিনীর আছে, এমন টাকা ডিমান্ড করলো, সেই কনট্রাক্টর অর্ধেক রাস্তা করে পালিয়ে গেলো। সে আর নেই। অর্ধেক রাস্তা করে পালিয়ে গেল। তাই আমি বলছি, পশ্চিমবঙ্গের মানুষ অনেক আশা করে আপনাদের হাতে ক্ষমতা দিয়েছিল, অনেক আশা করেছিল। কিন্তু আপনারা একেবারে নিরাশ করে দিচ্ছেন অমিতবাবু। তাই আমি আশা করবো, এক বছর চার মাস আছে আপনাদের আয়ু। তার মধ্যে কিছু করুন। জনগণের জন্য কিছু করুন।

জনগণ অন্তত ভাববে যে, হ্যাঁ, এরা কিছু করেছে। এই বলে আমি আমার বক্তব্যটা শেষ করলাম, নমস্কার।

শ্রী উজ্জ্বল প্রামাণিক: নমস্কার চেয়ারম্যান স্যার। ২৭শে ফেব্রুয়ারী ২০১৫, এই পবিত্র সদনে অর্থ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ডঃ অমিত মিত্র যে বাজেট পেশ করেছেন, আমি তা সমর্থন করে আমার বক্তব্য পেশ করছি। স্যার, কিছুদিন যাবৎ আমরা লক্ষ্য করে দেখছি, কিছু পত্রিকা এবং টি.ভি.চ্যানেল এবং আমার বিরোধী দলের বন্ধুরা বাংলার খেটে খাওয়া গরীব মানুষকে বার বার বোঝাবার চেষ্টা করছে, বাংলায় নাকি কোনো উন্নয়ন হচ্ছে না এবং গ্রাম বাংলায় গরীব মানুষের ওপর তৃণমূল কংগ্রেস নাকি অত্যাচার করছে। গ্রাম বাংলায় নাকি কোনো শাসন নেই। আমি সেইসব বিরোধী বন্ধুদের এবং সংবাদ পত্রে যারা এই ধরনের খবর প্রকাশ করছেন, তাদের উদ্দেশ্যে বলতে চাই যে, আপনারা লক্ষ করে দেখেছেন যে গ্রাম বাংলায় যদি শাসনব্যবস্থা না থাকতো এবং খেটে খাওয়া গরীব মানুষের গত সাড়ে তিন-চার বছরে উন্নয়ন না হত, তাহলে আজকে গত লোকসভা নির্বাচনে এবং বনগাঁ ও কৃষ্ণগঞ্জে যে উপনির্বাচন হয়ে গেল, সেই প্রত্যন্ত গ্রাম অঞ্চলে খেটে খাওয়া গরীব মানুষগুলো কিন্তু তৃণমূল কংগ্রেস অর্থাৎ মা-মাটি-মানুষের সরকারকে ভোট দিত না। এটা সত্য কথা, আমরা যারা প্রত্যন্ত গ্রামাঞ্চলে বাস করি এবং যাদের সঙ্গে আমাদের নিয়মিত যোগাযোগ, সেইসব খেটে খাওয়া গরীব মানুষেরা আজকে বাঁচার নতুন করে অধিকার পেয়েছে বাংলায় মা-মাটি-মানুষের সরকার আসার পর থেকে। এই জয় এবং এই উন্নয়নের যে বাংলার প্রধান কাণ্ডারি, আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী—মা-মাটি-মানুষের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আপনাদের মনে রাখতে হবে, আমি বিরোধী দলের বন্ধুদের কাছে অনুরোধ করছি যে, আপনারা আমাদের সরকার আসার আগে ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার ঋণ রেখে গেছেন। আমরা যারা বাংলার খেটে খাওয়া গরীব মানুষ, আমরা সেই উন্নয়নের কোনো স্বাদ পাইনি। আমরা এখনো বুঝতে পারি না, যে ঋণ নেওয়া হয়েছিল, সেই ঋণ বাংলার কোন উন্নয়নের কাজে লেগেছে ? স্যার, আমরা অবাক হয়ে যাই, এই বছরও ৪০ হাজার কোটি টাকা আমাদের ট্রেজারি থেকে কেটে নেওয়া হয়েছে। আমাদের অনুমতি নেওয়ার প্রয়োজন পর্যন্ত বোধ করে না কেন্দ্রীয় সরকার। এই গত তিন বছরে আমরা অবাক হয়ে যাচ্ছি, প্রায় ১ লক্ষ কোটি টাকা আমাদের ট্রেজারি থেকে কেটে নেওয়া হয়েছে—বাংলার রাজস্ব থেকে। আমরা জানতে চাই, বাংলার প্রথম মা-মাটি-মানুষের সরকার আসার পর যখন নতুন করে নিজের পায়ে উঠে দাঁড়াবার চেষ্টা করছে, আমাদের রাজ্যের অর্থমন্ত্রী যিনি নিজের প্রশাসনিক ব্যবসা ছেড়ে দিয়ে শুধু বাংলার উন্নয়নের জন্য নিজের সর্বস্ব নিয়োগ করেছেন, যে অর্থমন্ত্রীর মাধ্যমে আমাদের বাংলা আজ নতুন চেহারা পেয়েছে, সেই সময়ের বি.জে.পি সরকার আমাদের এই টাকা দিনের পর দিন কেটে নিয়ে চলে যাচ্ছে। আমরা দেখেছি, গ্রাম বাংলায় নতুন করে যখন একটা অর্থনৈতিক ব্যবস্থার পরিবর্তন হচ্ছে, কেন্দ্রীয় সরকার—এই যে বি.জে.পি-র নতুন সরকার এসেছে, তারা ১০০ দিনের কাজ বন্ধ করে দিল। শুধু তাই নয়, বাংলার যে ১৮০০ কোটি টাকা ১০০ দিনের কাজের বকেয়া আছে, আজ পর্যন্ত তা আমরা পেলাম না। চেয়ারম্যান স্যার, আপনি শুনলে অবাক হয়ে

যাবেন, আমি বর্ধমান জেলার মানুষ, আমার জেলার ২৫০ কোটি টাকা এখনো বাকি আছে। যখন আমরা গ্রাম বাংলার খেটে খাওয়া গরীব মানুষদের কাছে যাই, যারা ১০০ দিনের কাজের টাকা আমাদের কাছে চায়, আমরা উত্তর দিতে পারি না, আমরা তাদের বোঝাতে পারি না যে, এই ব্যাপারে রাজ্য সরকারের কোনো দোষ নেই।রাজ্য সরকারের টাকা দেওয়ার ইচ্ছা থাকলেও কেন্দ্রীয় সরকার টাকা না দেওয়ার জন্য সেই টাকা আমরা তাদের হাতে পৌঁছে দিতে পারছি না। এটা আমাদের লজ্জার কথা স্যার। আমরা দেখেছি গ্রামবাংলাতে বার বার মানুষকে বোঝাবার চেষ্টা করা হচ্ছে, তখন গ্রামবাংলার নতুন অর্থনৈতিক ব্যবস্থাকে আবার নতুন করে তৈরি করার চেষ্টা হচ্ছে সেই সময় ১০০ দিনের কাজ যাঁরা বন্ধ করে দিয়েছে তাঁরা সেই মানুষগুলোকে বোঝাবার চেষ্টা করছে, গ্রামবাংলার মানুষ যখন ১০০ দিনের কাজ না পেয়ে শহরের দিকে আসার চেষ্টা করছে, সেই সময় কিছু বিরোধী দলের নেতারা তাদের বোঝাবার চেষ্টা করছে এই দেখ তৃণমূলের সরকার তোমাদের কাজ দিতে পারছে না, তাই আজকে তোমাদের গ্রাম ছেড়ে শহরের দিকে চলে যেতে হচ্ছে। বাংলাতে এক অরাজকতা সৃষ্টি করার চেষ্টা করা হচ্ছে বন্ধু। আমরা জানি আমাদের এমন প্রকল্প আছে, যে প্রকল্পগুলির মাধ্যমে শুধু বাংলা বা ভারতবর্ষ নয়, পৃথিবীর অন্যান্য দেশেতেও তার একটা তুলনামূলক বক্তব্য রাখা হয়েছে এবং এই কন্যাশ্রী প্রকল্পের মাধ্যমে পৃথিবীর সমস্ত দেশ আজকে আমাদের কাছে জানতে চাইছে এই কন্যাশ্রী প্রকল্পের ব্যাপার নিয়ে। আমি ধন্যবাদ জানাই অর্থমন্ত্রীকে আমা বারবার যখন বলেছিলাম এই কন্যাশ্রী প্রকল্পের ব্যাপারে নিয়ে অর্থমন্ত্রী আমাদের কথা শুনে, আমাদের বিধায়কদের কথা শুনেও ৫০০ টাকা করে প্রতি বছর পড়াশোনার জন্য দেওয়ার যে কথা হয়েছিল, সেটাকে বাড়িয়ে উনি ৭৫০ টাকা করেছেন, তার জন্য ওনাকে আমি ধন্যবাদ জানাই। আমি ধন্যবাদ জানাই কন্যাশ্রী প্রকল্পটা সার্থকভাবে বাংলায় রূপায়িত হওয়ার জন্য। শুধু পড়াশোনার জন্যই নয়, এই কন্যাশ্রী প্রকল্পের দুটো দিক আছে, আমরা যারা গ্রামবাংলায় বাস করি, আমরা যখন খেটে খাওয়া গরীব মানুষের পাশে থাকার চেষ্টা করি, আমরা দেখেছি গরীব মানুষেরা অল্প বয়সে তার মেয়ের বিয়ে দিয়ে দেয়। তারা বলে মেয়েছেলের পড়াশোনা করে কি হবে ? ওর তো বিয়ে দিতে হবে, তাই কখনো ১৫ বছর, কখনো ১৭ বছরের মাথায় সেই অভাবী সংসারে সে তার মেয়ের বিয়ে দিতে বাধ্য হয়। সেই বিয়েকে রোধ করার জন্য অর্থাৎ বাল্যবিবাহ রোধ করার এই উদ্দেশ্য নিয়েই কন্যাশ্রী প্রকল্প চালু করা হয়েছে। এই কন্যাশ্রী প্রকল্পের আবার দুটো দিক আছে, একটা হচ্ছে গ্রামের অল্পবয়সী মেয়েরা যাতে পড়াশোনা করতে পারে এবং তার বাবা অভাবে পড়ে যাতে অল্প বয়সে তার মেয়ের বিয়ে না দেয়। তাই যখন সে ১৮ বছরের বেশি বয়স হবে, সেই সময়টাতেও যদি সে পড়াশোনার সাথে যুক্ত থাকে, তাহলে ২৫ হাজার টাকা এককালীন সে অনুদান পাবে। আমি আমাদের রাজ্যের অর্থমন্ত্রীর কাছে আমি অনুরোধ করব আমাদের কন্যাশ্রী প্রকল্পে বছরে ১ লক্ষ ২০ হাজার টাকা যার ইনকাম সেই সমস্ত বাড়ীর মেয়েদের এই সুযোগ দেওয়ার সুবিধা দেওয়া হয়েছে। আমি অনুরোধ করব এই টাকাটা আরও কমিয়ে দিয়ে অন্তত ৮০ হাজার করুন। যাদের ৮০ হাজার টাকার উপরে ইনকাম হবে তারা এই সুযোগ পাবে না, যাদের ৮০ হাজার টাকার নিচে ইনকাম তারাই এই সুযোগ পাবে এবং যদি সম্ভব হয় ২৫ হাজার টাকাটা বাড়িয়ে যদি

আপনি আরও কিছু টাকা বেশি করে দেন, তাহলে কন্যাশ্রী প্রকল্পের সার্থকতা আরও বেশি করে বাংলার মধ্যে হবে। বাংলার খেটেখাওয়া গরীব মা এবং বোনেরা পাবে। আমাদের মা-মাটি-মানুষের সরকারকে তারা আশীর্বাদ করবে। আমরা জানি আমাদের পশ্চিমবঙ্গের ২৪১টা ব্লকে প্রাণীসম্পদের জন্য ৪০ লক্ষ মুরগী বিতরণ করা হয়েছে। এই ৪০ লক্ষ মুরগী শুধু মানুষকে দেওয়ার জন্য নয়, এর একটা সুদূরপ্রসারী অর্থনৈতিক ব্যবস্থার মধ্যে দিয়ে আমাদের যেতে হচ্ছে। এই ছোট ছোট মুরগীর ছানাগুলো যখন বড় হবে, আপনি জানেন স্যার যে, আমাদের এই পশ্চিমবঙ্গে এখন বেশির ভাগ ডিম এবং মাছ বাইরের রাজ্য থেকে আমদানি করা হয়। একদিনে এই সব আমদানি বন্ধ করে দেওয়া সম্ভব নয় রাজ্য সরকারের পক্ষে। তাই রাজ্য সরকার চেষ্টা করছে গ্রামবাংলার গরীব মানুষকে বিনাপয়সায় মুরগীর বাচ্চা বা ছানা বিতরণ করে যাতে আগামী দিনে এই মুরগীর ছানাগুলো বড় হয়ে ডিম দেবে এবং বাংলা একদিন ডিমে সমৃদ্ধ হবে। তখন বাইরের রাজ্য থেকে আমাদের রাজ্যে আর ডিম আমদানি করতে হবে না। আগে আমাদের রাজ্যে খাদ্যশস্য মজুতের ভাণ্ডার ছিল ৪০ হাজার মেট্রিক টন, আপনি শুনলে অবাক হয়ে যাবেন স্যার, এই সাড়ে তিন বছরের মধ্যে সেই মজুত ভাণ্ডার বেড়ে ৩ লক্ষ ৮০ হাজার মেট্রিক টনে পৌঁছেছে। এটা একটা অভূতপূর্ব সাফল্য আমাদের রাজ্যে। কিছু কিছু বিরোধী দলের সদস্যরা বার বার বলছেন যে ক্লাবকে নাকি অযাচিতভাবে টাকা দেওয়া হচ্ছে। আমি তাঁদের উদ্দেশ্যে বলতে চাই যাঁরা গ্রামবাংলায় বাস করেন, আমরা অনেক গ্রামবাংলাকে জানি যেখানে ক্লাবগুলো অল্প কিছু টাকার জন্য পরিকাঠামো গড়ে তুলতে পারে না, একটা ক্লাবঘর করতে পারে না, ক্রিকেট, ফুটবল, বাস্কেট বা হকির কোনো অনুষ্ঠান করতে পারে না। আজকে গ্রামবাংলায় আমরা যখন যাই প্রত্যেকটা অঞ্চলে আমরা দেখেছি নতুন করে খেলাধুলার জোয়ার এসেছে। গ্রামবাংলার খেটে খাওয়া মানুষগুলো—প্রত্যেকটা অঞ্চলে আমাদের যেতে হয়,

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)

[4.50—5.00 p.m.]

শ্রীমতী মমতা রায় : মাননীয় চেয়ারম্যান স্যার, পশ্চিমবঙ্গ সরকারের অর্থ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ডঃ অমিত মিত্রের যে বাজেট বিবৃতি গত ২৭শে ফেব্রুয়ারী, ২০১৫, এই মহতী সদনে পেশ করেছিলেন সে বাজেট অর্থহীন বাজেট এবং দিশাহীন বাজেট। আমি একটা ছোট্ট কথা বলতে চাই, ডঃ অমিত মিত্রকে আমি শ্রদ্ধা জানাই। কারণ, উনি নিজে এ বাজেট লেখেননি। এক উকিল যখন তার মক্কেলকে ডেকে নিয়ে যান, আড়ালে ডেকে নিয়ে গিয়ে বলেন যে, আপনাকে যা যা জিজ্ঞেস করবে আপনি সেটার উত্তর দিবেন। আপনাকে যদি বলে, এটা ঠিক বলবেন, ব্যা। যদি বলে এটা কী কারণে হয়েছে, তবুও বলবেন, ব্যা। কি বিষয়ের উপরে, সেটাও ব্যা আজকে এর অর্থ বাজেটে যে কথাগুলো বলা হয়েছে সেটাও এই ব্যা-র মধ্য দিয়েই চলে যাচ্ছে। কারণ আজকের যে বাজেট পেশ করা হল, উত্তরবঙ্গের কথা বলছেন। উত্তরবঙ্গে যে চা-বাগানগুলো রয়েছে, গতকাল আর একটি চা-বাগান বন্ধ হয়ে গেল। সেখানে আরো শ্রমিক তারা অনাহারে থাকবে। আজকের এই

বাজেটে চা-শ্রমিকদের কথার কোনো উল্লেখ করা নেই। চা-বাগানের উন্নয়নের কথার কোনো উল্লেখ নেই। কারণ ৬০০ জন শ্রমিক এখানে থাকে। তার পরিবারসহ ২৫০০০ মানুষ, সেই মানুষগুলো কিভাবে সেখানে তারা বাঁচবেন কিভাবে তাদের পেট চলবে, সেই বিষয়ে এই বাজেটে কোনো দিশা নেই। তাই আজকে এই বাজেট আমাদের কাছে দিশাহীন বাজেট, অর্থহীন বাজেট। যে বাজেটের মধ্য দিয়ে আজকে রাজ্যবাসী জানতে চাইবে যে, সাধারণ মানুষের জন্য কী করা হয়েছে, গরিব মানুষের জন্য এই বাজেটে কি দিশা রাখা হয়েছে, সেই বাজেটে কোনো দিশা নেই। কারণ SSK, MSK-তে যেগুলো বামফ্রন্ট সরকার কর্মসংস্থান করে গিয়েছিলেন, কর্মসংস্থানের মধ্য দিয়ে SSK,MSK, শিক্ষাবন্ধু, আশাকর্মী, ICDS এই সমস্ত কিছু বিষয়ের উপরে একটা কলমও এই বাজেটের মধ্যে পেশ করা হয়নি। আজকে এই বাজেটে যারা Mid Day Mill-এর কাজ করেছে, বামফ্রন্ট সরকারের সময় যে মহিলাদেরকে নিয়ে গ্রুপ তৈরি করা হয়েছিল, রেখা গোস্বামী এর উদ্যোক্তা ছিলেন। তিনি গোটা পশ্চিমবাংলায় মহিলাদের জন্য গ্রুপ তৈরি করে তাদেরকে নিজেদের পায়ে দাঁড়ানোর চেষ্টা করেছিলেন স্বনির্ভর হওয়ার জন্য। যে, পুরুষদের পাশাপাশি মহিলারাও তাদের সঙ্গ দিয়ে তাদের পরিবারকে একটা জায়গায় তৈরি করাবে, তাদের ছেলে-মেয়েদেরকে পড়াশুনা করাবার জন্য। সেই বাজেটে-যে মহিলাগুলো কাজ করছে Mid Day Mill-এর রান্না করছে, তারা প্রতিনিয়ত কষ্ট করে স্কুলে যাচ্ছেন, তাদের জন্য কোনো বরাদ্দ করা হয়নি এই বাজেটের মধ্যে। আজকে এই বাজেটের মধ্য দিয়ে যে দিশা দেখার কথা ছিল, বড় বড় কথা আপনারা বলছেন, অনেক উন্নয়নের কথা বলছেন, কন্যাশ্রীর কথা বলছেন। কন্যাশ্রী বলতে গেলে আমাদের সময়ে বালিকা সমৃদ্ধি যোজনা ছিল এর নাম। কারণ SC,ST-এর মেয়েরা এটা পেতেন। যারা নাকি ক্লাস VIII থেকে উচ্চ মাধ্যমিক পর্যন্ত পেতেন। কিন্তু আজকে আপনারা এটার উপর দিয়ে এটাকে প্রলেপ দিয়ে বলছেন এটা কন্যাশ্রী প্রকল্প আপনারা করেছেন। এই কন্যাশ্রী প্রকল্প করেছেন খুব ভালো হয়েছে, কিন্তু বর্তমান পরিস্থিতিতে এই রাজ্যে প্রতিনিয়ত একটার পর একটা ঘটনা ঘটে যাচ্ছে। যেখানে নাকি কামদুনি থেকে শুরু করে, কাটোয়ার থেকে শুরু করে, পার্ক স্ট্রীট থেকে শুরু করে গতকাল আমাদের কলকাতায় বিধাননগরের কাছে একটা ধর্ষণ হয়ে গেল। আজকে এই ধর্ষণকাণ্ড-এ মহিলারা প্রতিনিয়ত আক্রান্ত হচ্ছে। আজকে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী, তিনি একজন মহিলা মুখ্যমন্ত্রী, যার কাছে নাকি সবাই চেয়েছিল যে রাজ্যে এমন একটা আইনশৃঙ্খলা তৈরি হবে, যেখানে নাকি আপনারা বলছেন, আইন খুব ভালোভাবে চলছে। কিন্তু এতো দুর্ঘটনার পরেও মেয়েরা আজকে দিনের বেলায় ধর্ষিতা হচ্ছে। মায়ের সামনে মেয়ে ধর্ষিতা হচ্ছেন। এর থেকে অপমানজনক কাজ রাজ্যবাসীর কাছে আর কিছু নেই। তাই আমি ধিক্কার জানাই—এই বাজেটে সেই কথা নাই। এই বাজেটে আমি কন্যাশ্রীকেও ধিক্কার জানাই, আজকে যে স্বাবলম্বী হওয়ার দিকে লক্ষ্য, এই বাজেটে তার কোনো কিছু লেখা নেই। আপনারা বলছেন ঋণের কথা, বামফ্রন্ট সরকারের ৩৪ বছরের ঋণের কথা প্রত্যেকবারই বলে যাচ্ছেন, প্রতিনিয়তই বলে যাচ্ছেন, ১ লক্ষ ৯২ হাজার কোটি টাকা আপনারা বলে যাচ্ছেন, কিন্তু আপনারা এই সাড়ে তিন বছরের মধ্যে কত টাকা আপনারা ঋণ করলেন,

সেই ঋণের বোঝা প্রত্যেকটা শিশুকে বইতে হবে। ৮০ হাজার কোটি টাকা আপনারা ঋণ করেছিলেন এই সাড়ে তিন বছরের মধ্যে আর ৩৪ বছরের কথা বলে কেন চেঁচাচ্ছেন ? ৩৪ বছরে যা উন্নয়ন করা হয়েছে, সেই স্বপ্ন আপনারা আর দেখতে পাচ্ছেন না, কারণ আপনাদের গা জ্বালা করে যে ৩৪ বছরের সরকার যে মানুষের স্বাধীনতা দিয়েছিল, সেই স্বাধীনতাকে খর্ব করছেন, সেই গণতন্ত্রকে হত্যা করার দিকে চলেছেন, গণতন্ত্রকে আপনারা যতই গলা টেপার চেষ্টা করুন না কেন, সেই গণতন্ত্রকে আপনারা গলা টিপতে পারবেন না। কারণ বামফ্রন্ট সরকার যখন ছিল, বামফ্রন্ট সরকারের সমর্থিত যারা আমরা উপস্থিত হয়েছি, আমাদের কণ্ঠরোধ আপনারা কখনো করতে পারবেন না। এটা আমরা আজকেও বলব, আগামীতেও বলব। আমরা যতদিন আছি এই লালঝান্ডার নীচে, ততদিন আমরা বলতে থাকবো, গরীব মানুষের ঝান্ডা কেউ রোধ করতে পারবে না। এই ঝান্ডা দিনের পর দিন আরো উঁচুতে যাবে, যতই আপনারা বলুন না কেন। আজকে আপনারা বলছেন গরীব মানুষের কথা, যে গরীব মানুষদের আপনারা পিছিয়ে ফেলতে চাচ্ছেন, যে গরীব মানুষদের কন্যা পাচার ঘটনা, যে শিশু, নারী পাচার হয়ে যাচ্ছে, আমার বাগানের শিশুরা আজকে পাচার হয়ে যাচ্ছে, আমি এই বিধানসভায় দাঁড়িয়ে বলছিলাম যে প্রশ্ন করেছিলাম মন্ত্রীকে, যে আমার এই শিশুরা যারা পাচার হয়ে যাচ্ছে, তার সংখ্যাটি আপনারা দিন। হোম থেকে কত শিশু পাচার হল ? সেই নথি আপনাদের কাছে নেই। আপনারা শুধু বলে যাচ্ছেন উন্নয়ন করছেন। রাস্তাঘাটের উন্নয়ন। আপনারা বলতে পারবেন, নতুন করে কোন রাস্তা আপনারা তৈরি করেছেন ? আমার ধূপগুড়ি ব্লক, জলপাইগুড়ি ব্লকে যে বামফ্রন্ট সরকার রাস্তা তৈরি করে দিয়েছে গ্রামেগঞ্জে সেই রাস্তার উপর দিয়ে আপনারা বিটুমিন ফেলছেন। সেই রাস্তার উপরে আপনারা শুধু রিপেয়ারিং করছেন, নতুন করে কোন দিকে পথ তৈরি করছেন—আপনারা কি বলতে পারেন ? আজকে আলু, কৃষির উপরে বলছেন, চাষীতে যে কৃষকরা আত্মহত্যা করল, সেই কৃষকের কথা আপনারা এখানে লেখেননি। মদ খেয়ে মারা গেলে দুই লক্ষ টাকা আপনারা দিলেন, কিন্তু কৃষক মারা যাচ্ছে, সেখানে এক পয়সাও আপনারা দেননি। তাই এই বাজেট দিশাহীন, এই বাজেটকে আমি সমর্থন করতে পারছি না। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী স্নেহাশীষ চক্রবর্তী : মাননীয় চেয়ারম্যান স্যার, এই বিধানসভার মধ্যে উপস্থিত রাজ্য সরকারের বিভিন্ন মন্ত্রীগণ আমার বিধায়করা, গত ২৭শে ফেব্রুয়ারি এই পবিত্র সদনে পশ্চিমবাংলার মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র ২০১৫-১৬ সালের যে অ্যানুয়াল ফাইনান্সিয়াল স্টেটমেন্ট যেটাকে আমরা সাধারণ ভাষায় বাজেট বলি, সেটা পেশ করেছেন তাঁকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি কয়েকটি কথা বলতে চাই। স্যার, দস্যু রত্নাকর মহাকবি বাল্মীকি আগে দস্যু রত্নাকর ছিলেন। দস্যুবৃত্তি করে তিনি সংসার প্রতিপালন করতেন। একদিন রত্নাকর গেল তাঁর মায়ের কাছে গিয়ে বলল মা আমি তো দস্যুবৃত্তি করে তোমাদের খাওয়াই, এতে আমার পাপ হয়, তোমরা কি আমার পাপের বোঝা নেবে ? মা বলল, না আমি তোর পাপের বোঝা নিতে পারব না। রত্নাকর গিয়েছিল তাঁর স্ত্রীর কাছে, বলল, তুমি কি আমার পাপের বোঝা নেবে ? স্ত্রীও রত্নাকরের মুখের উপর বলে দিয়েছিল যে না আমি

তোমার পাপের বোঝা নিতে পারব না। তারপর রত্নাকরের একটা মানসিক পরিবর্তন ঘটে, তিনি মহাকবি বাল্মীকিতে রূপান্তরিত হন এবং তাঁর হাত দিয়েই রচিত হয় রামায়ণ-এর মতন মহাকাব্য। স্যার, রত্নাকরের পাপের বোঝা তাঁর স্ত্রীও নেয়নি, তাঁর মাও নেয়নি। কিন্তু বামফ্রন্ট সরকারের করে যাওয়া ঋণের বোঝা আমাদের সরকারকে বহন করতে হচ্ছে। আমরা কিন্তু নিয়েছি।

[5.00—5.10 p.m.]

স্যার, আমি জানি না যে আমার বামফ্রন্টের বন্ধুদের ওই দস্যু রত্নাকরের মতো কোনো মানসিক পরিবর্তন হয়েছে কিনা। এটাও জানি না, বামফ্রন্টের বন্ধুরা মহাকবি বাল্মীকির মতো বসে কোথাও কোনো মহাকাব্য লিখছেন কিনা। কিন্তু এটা নিশ্চিভাবে জানি এবং হলফ করে বলতে পারি যে আমাদের রাজ্যের অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র রাজ্যের অর্থনৈতিক উন্নয়নে সত্যি একটা মহাকাব্য রচনা করে ফেলেছেন। যেটা আগামী প্রজন্মের মানুষ শ্রদ্ধার সঙ্গে স্মরণ করবে। স্যার, একটা সরকার যদি ক্রমাগত ঋণ নিতে থাকে, ঋণের ওপর নির্ভরশীল হয়ে পড়ে, তাহলে আর্থিক ঘাটতির পরিমাণ বাড়তে থাকে এবং পুরনো ঋণ শোধ করতে গিয়ে তাকে নতুন নতুন করে ঋণ নিতে হয়। এতে একটা ঋণের ফাঁদ সৃষ্টি হয়। যেটাকে বলে ইংরেজিতে ডেট ট্র্যাপ। এই ঋণের ফাঁদ থেকে তখন ওই সরকারের বেরিয়ে আসা কঠিন হয়। স্যার, অর্থনীতির যে কোনো ছাত্র অর্থনীতির সাধারণ এই বিষয়টা জানে। কিন্তু গত ২৭ তারিখ যেদিন এই সদনে বাজেট পেশ হচ্ছিল সেদিন আমরা দেখছিলাম বামফ্রন্টের বন্ধুরা গলায় একটা প্ল্যাকার্ড ঝুলিয়েছে এবং তাতে বড়ো বড়ো করে লেখা যে চার বছরের মধ্যে আবার ৬৬ হাজার টাকা ঋণ। আমি ভাবছিলাম এই ঋণের ফাঁদের তত্ত্বটা হয় বামপন্থী বন্ধুরা পড়েননি, নয় জানেন না। কিংবা যদি জেনেও থাকেন তাহলে শুধুমাত্র লজ্জাশরমের মাথা খেয়ে বিরোধিতা করার জন্য বিরোধিতা করছেন। স্যার, বামফ্রন্ট সরকারই পশ্চিমবঙ্গকে ঋণের ফাঁদে জড়িয়ে দিয়ে চলে গেছে। স্যার, একটা গান আছে জানেন—'ফান্দে পড়িয়া বগা কান্দে রে।' কিন্তু আমাদের সরকারের অবস্থা সেটা হয়নি। আমাদের অর্থমন্ত্রীর কৃতিত্বে আমরা ঋণের ফাঁদের মধ্যে থেকেও বাংলার অর্থনৈতিক, সামাজিক উন্নয়নকে এগিয়ে নিয়ে চলেছি, এটা কিভাবে করছি, কেন করতে পারছি, আমি কয়েকটি কথা দিয়ে এই ব্যাপারে বুঝিয়ে বলতে পারি। স্যার, বামফ্রন্টের শেষ বছরে ২০১০-১১ সালের আর্থিক বছরে পশ্চিমবঙ্গের কর রাজস্ব বাবদ আদায় কত ছিল—২১,১২৯ কোটি টাকা। ঠিক সেই বছর পশ্চিমবঙ্গের ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার যে ঋণ তার সুদ-আসলে রাজ্য সরকারকে পরিশোধ করতে হয়েছে সাড়ে ২১ হাজার কোটি টাকার মতো। অর্থাৎ নিজস্ব রাজস্বের যে ভাণ্ডার, সেই ভাণ্ডারকে শূন্য করে শুধু সুদ-আসল দিতে আপনাদের সব টাকা চলে গিয়েছিল। আপনারা সামাজিক উন্নয়ন করবেন কেমন করে। আজ সেই অবস্থার পরিবর্তন ঘটে গিয়েছে। আজকে ঋণের পরিমাণ যেমন বেড়েছে, যেমন প্রতি বছর আমাদের ২৮ হাজার কোটি টাকা সুদ-আসল দিতে হচ্ছে, তেমনি পাশাপাশি পশ্চিমবঙ্গের কর রাজস্ব বাবদ আয় বেড়ে ৪০ হাজার কোটি টাকায় পৌঁছে গিয়েছে। অর্থাৎ আমরা ঋণের সুদ-আসল সব পেমেন্ট করেও বহু হাজার

কোটি টাকা আমাদের হাতে থাকছে যেটা আমাদের পশ্চিমবঙ্গের সামাজিক উন্নয়নে, পরিকাঠামো গড়ে তোলার ক্ষেত্রে খরচ করতে পারছি। এটাই বামফ্রন্ট সরকারের সঙ্গে আমাদের সরকারের পার্থক্য। তাই অনেক বেশি বেশি করে প্রতিটি দপ্তরে আমরা বাজেট বরাদ্দ বাড়াতে পারছি। আজকে বামফ্রন্ট সরকারের সঙ্গে আমাদের তুলনা করার কোনো প্রয়োজনীয়তা নেই। কার্ল লুইসের মতো আমরা প্রতি বছর নিজেদের রেকর্ড নিজেরাই ভাঙছি। যেমন দেখুন, গত বছর কৃষিতে কত ছিল—১১৫৭.৭২ কোটি টাকা। এবার আমরা সেটা আনুমানিক করেছি ১৫০০ কোটি টাকা। গ্রামোন্নয়নে কত—৭৪৬০.২২ কোটি টাকা, সেটা বেড়ে হয়েছে ৮৫৮০ কোটি টাকা। স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনায় ২২১১.০৬ কোটি টাকা ছিল, সেটা বেড়ে হয়েছে ২৫৮৮.৯০ কোটি টাকা। শিশু কল্যাণে ২৪২০ কোটি টাকা ছিল, সেটা বেড়ে হয়েছে ২৮০৯.০৫ কোটি টাকা। অর্থাৎ সব দপ্তরেই আমরা বাজেট বরাদ্দ বাড়াতে পেরেছি। আগে যেমন আমরা শুধুমাত্র হাই মাদ্রাসার ছাত্রীদের সাইকেল দিয়েছিলাম। এখন শুধুমাত্র ছাত্রীরা নয়, ছাত্ররাও সাইকেল পাবে, এবং নবম থেকে দ্বাদশ শ্রেণীর ছাত্র-ছাত্রীরা সবাই সাইকেল পাবে। জনপ্রিয় কন্যাশ্রী প্রকল্পে টাকার পরিমাণ ৫০০ টাকা থেকে বাড়িয়ে ৭০০ টাকা করা হয়েছে। পরিবহণ কর্মীদের সুরক্ষার জন্য আরও কিছু প্রকল্প হাতে নেওয়া হয়েছে। স্বনির্ভর গোষ্ঠীগুলিকে আমরা আরও শক্তিশালী করতে পেরেছি। ক্ষুদ্র প্রান্তিক চাষীদের জন্য আমরা প্রায় দশ লক্ষ পাম্প সেট দিয়েছি। অর্থাৎ এই যে উন্নয়নগুলো আমরা করতে পেরেছি তার একটাই কারণ, শক্ত আর্থিক ভিতের উপর দাঁড়িয়ে আছে এই সরকার। স্যার, একটা সরকার পরিকল্পনা খাতে ব্যয় বেশি করে তখনই, যখন সে উন্নয়ন বাড়াতে পারে, পরিকাঠামো দ্রুত তৈরি করতে পারে এবং কর্মসংস্থান বাড়াতে পারে। তাহলেই রাজ্যের সার্বিক আর্থিক উন্নয়ন এগিয়ে চলে। আমাদের সরকারের লক্ষ্য ছিল গ্র্যাজুয়ালি পরিকল্পনা খাতে ব্যয়কে বাড়ানো এবং সেটাই আমরা করছি। বামফ্রন্ট সরকারের শেষ বছরে পরিকল্পনা খাতে ব্যয় কত ছিল ? ২০১০-১১ সালে এই ব্যয় ছিল ১১,৮৩৮ কোটি টাকা। আর ২০১৪-১৫ সালে সেটা আমরা করেছি ৪২,৭০০ কোটি টাকা। এটা একটা রেকর্ড। বামফ্রন্ট সরকার তার শেষ বছরে পরিকল্পনা খাতে ৬৫.২২ শতাংশে পৌঁছাতে পারেনি, আমরা সেটাকে ৯৮ শতাংশ লক্ষ্যমাত্রায় পৌঁছাতে পেরেছি। এটাও কিন্তু রাজ্যের ক্ষেত্রে একটা রেকর্ড। আমাদের লক্ষ্য হচ্ছে পরিকল্পনা খাতে ব্যয় বাড়িয়ে দেওয়া এবং সেই লক্ষ্যে ১০০ শতাংশে পৌঁছানো। আমি যদি টাকার হিসাবে বলি, তাহলে বামফ্রন্ট সরকার শেষের দিকে ৩১ হাজার কোটি টাকার বেশি পরিকল্পনা খাতে ব্যয় করেছেন। সেই জায়গায় আমরা ষাট শতাংশ পরিকল্পনা খাতে ব্যয় বাড়াতে পেরেছি। এটা আমরা পেরেছি বলেই আজকে বাজেট পরিকল্পনা খাতে ব্যয় গত বছরের তুলনায় ১৬ শতাংশ বাড়াতে পেরেছি। যার পরিমাণ হচ্ছে ৪৯,৫০৭ কোটি টাকা। সেটাও অবশ্য আমরা পূরণ করতে পারব। স্যার, বামফ্রন্ট সরকার চৌত্রিশ বছরের মধ্যে তেত্রিশ বছরই ঘাটতি বাজেট পেশ করেছে। আজকে রাজ্যের ঘাটতির অনুপাদটাকে আমরা কমিয়ে দিচ্ছি। ২০১০-১১ সালে এর পরিমাণ ছিল ৪.১ পারসেন্ট, আমরা সেটা কিন্তু কমিয়ে নিয়ে এসেছি। ২০১৪-১৫ সালে এটা আমরা দুই শতাংশরও কম করেছি। রাজ্যের ক্ষেত্রে ঘাটতির পরিমাণ কমছে।

বামফ্রন্ট সরকারের লাস্ট বছর একশো টাকার মধ্যে নিরানব্বই টাকা বেতন দিতে, পেনশান দিতে এবং সুদ দিতে খরচ হত। আজকে অবশ্য একশো টাকার মধ্যে মাত্র সত্তর টাকা আমরা এই খাতে খরচ করছি এবং তিরিশ শতাংশ টাকা যেটা বাঁচছে সেটা অন্য খাতে উন্নয়ন করছি। আপনারা এই সভায় বলেছেন, আপনারা এত দান খয়রাতি করছেন এই টাকার উৎস কোথায় ? এই টাকা কোথা থেকে আসছে ? আমাদের অর্থমন্ত্রী কিন্তু জনগণের পকেট কাটার দিকে নজর দেননি। তিনি কর সংগ্রহের ক্ষেত্রে সরলীকরণ এবং স্বচ্ছতার দিকে নজর দিয়েছেন। তিনি কিছু কৌশল অবলম্বন করে তার লক্ষ্যমাত্রায় পৌঁছানোর চেষ্টা করছেন। এবারের বাজেটে ভ্যাট ছাড়ের পরিমাণ পাঁচ লক্ষ থেকে দশ লক্ষ টাকা করা হয়েছে। স্ট্যাম্প ডিউটির ক্ষেত্রে এক শতাংশ ছাড় দেওয়া হয়েছে। এসবই হচ্ছে কর সরলীকরণের সুবিধা। যাতে আমরা টার্গেটে পৌঁছাতে পারি। এক, রাজস্ব সংগ্রহের ক্ষেত্রে সরলীকরণ করে আমরা রাজস্ব বাড়ানোর চেষ্টা করছি। দুই, রাজস্ব ঘাটতির অনুপাতটাকে কমিয়ে আনছি। তিন, আমরা পরিকল্পনা খাতে ব্যয় বেশি করে উন্নয়ন এবং কর্মসংস্থান বাড়ানোর চেষ্টা করছি। চার, কৃষি, শিল্প, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা সহ সমস্ত দপ্তরের ব্যয়-বরাদ্দ আমরা বাড়াচ্ছি। পাঁচ, আমরা শক্ত আর্থিক ভিতের উপর রাজ্যটাকে দাঁড় করাচ্ছি। আজকে বাজেট তৈরি করার আগে তীর্থের কাকের মতো সেন্ট্রাল বাজেটের দিকে আমাদের তাকিয়ে থাকতে হয় না এবং এটার উপরে নির্ভর করে আমাদের বাজেট তৈরি করতে হয় না।

[5.10—5.20 p.m.]

এটাই তো রাজ্য আজকে নিজের পায়ের ওপর দাঁড়িয়েছে। ঋণ তো নিতে হয়। ঋণ যদি আমরা না নিই—এতে দেশের আর্থিক অবস্থা কিন্তু খারাপ হয় না কিন্তু যদি ঋণ ক্রমাগত নেওয়া হয় তাহলে সেই ঋণের সুদ মেটাতে গেলে রাজ্যকে তখন একটা ঋণের ফাঁদে ফেলতে হয়, সেটা আপনারা ফেলে দিয়ে গেছেন। এখন তার দায় আমাদের বহন করতে হচ্ছে। স্বাভাবিকভাবে ঋণের পরিমাণ বাড়বে। কিন্তু সঙ্গে সঙ্গে এই রাজস্ব আদায়ের পরিমাণটা আমরা বাড়াতে পেরেছি, আজকে আমাদের টার্গেট ৪৬ হাজার কোটি টাকা। আমরা সেটাতে পৌঁছোতে পারছি বলেই কিন্তু আমরা এত ডেভেলপমেন্ট করতে পারছি। তাই একটা ভরসা রাখবেন। ভরসাটা হচ্ছে এটাই যে একটা ছ-মাসের শিশুর মতো। আপনি দেখবেন সেই শিশুকে আপনি ছুঁড়ে দেবেন শূন্যে, দেখবেন সেই শিশু খিলখিল করে হাসছে। কারণ সে জানে ঠিক সময়মতো আপনি আবার তাকে ধরে নেবেন। এভাবেই সরকারের ওপর আপনাদের ভরসা রাখবেন। দেখবেন বাংলার উন্নয়ন অবশ্যই এগিয়ে চলবে এবং আমরা আস্তে আস্তে অন্ধকার কাটিয়ে বাংলাকে আলোর দিকে নিয়ে যেতে পারব। সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কানাই মণ্ডল : মাননীয় চেয়ারম্যান মহোদয়, ২৭ ফেব্রুয়ারি রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী ২০১৫-২০১৬ সালের রাজ্য বাজেট এই মহতী সদনে পেশ করেছেন। এই বাজেটের পক্ষে-বিপক্ষে সকলে মূল্যবান বক্তব্য রেখেছেন। এই বাজেটে মা-মাটি-মানুষের মাননীয় অর্থমন্ত্রী মাটি ছাড়া হয়ে আকাশে উড়ছেন এবং কেমন করে ডানা মেলে উড়তে

হয় তাও তিনি দেখালেন। সরকার কি সত্যিই মাটি ছাড়া হচ্ছে ? প্রবাদে আছে, পিপীলিকার পাখা ওড়ে মরিবার তরে। অর্থাৎ এই রাজ্যের পরিকাঠামো শিল্পের বাস্তবতা, কৃষকদের বাঁচার মূল সম্ভাবনাগুলোকে নস্যাৎ করে দিয়ে তিনি ভোটের রাজনীতির জন্য তিনি চটকদারী ও কল্পনাপ্রসূত বাজেট পেশ করলেন। বিপুল, বিশাল, বিরাট, নজীরবিহীন অনেকগুলো বিশেষণ ব্যবহার করলেন। আপনি এই সাড়ে তিন বছরে ৮০ হাজার কোটি টাকার বেশি ঋণ গ্রহণ করে কেন ঘি খাচ্ছেন ? ক্লাবের নামে তাসা পার্টি, জুয়া পার্টি, গাঁজা পার্টি থেকে—সকলকে খয়রাতি, মদো-মাতালদের জন্য দানছত্রের মানে কি ? প্রায় ঘাটতিশূন্য বাজেট ২০১৪-২০১৫-তে পেশ করলেও অর্থমন্ত্রীর ব্যর্থতার কারণে রাজস্ব ঘাটতি ১০৩৬১ কোটি টাকা হল কেন ? বামফ্রন্টের ঘাড়ে দোষ চাপিয়ে আর কতদিন বৈতরণী পার হবেন ? প্রারম্ভিক বক্তব্যে আপনি বলেছেন—আমারে তুমি করিবে ত্রাণ এ নহে মোর প্রার্থনা, তরিতে পারি শকতি যেন রয়। এটা যদি সত্যি আপনি বুঝে থাকেন তবে কেন ভোট কেনার জন্য এত কেন খয়রাতির দামামা বাজাচ্ছেন ? তথ্যভিত্তিক আলোচনা, কতকগুলো ক্ষেত্রে উদাহরণ দিই। কৃষিক্ষেত্রে রাজ্যের গ্রামাঞ্চলের ৮০ ভাগের বেশি মানুষ কৃষির ওপর নির্ভরশীল। এই খাতে ক টাকা বাড়ালেন, কমালেন তাতে কৃষকের কিছু যায়-আসে না। চাষের উৎপাদনের জন্য, কৃষকের জন্য কি ভাবনা ? সার, বিদ্যুৎসহ উৎপাদন খরচ ও তার ফসলের দামের ক্ষেত্রে চাষী কি উৎসাহিত হচ্ছে ? পাট চাষী পাটের দাম পেল না। ধানচাষীর ধান কেনার জন্য কাগজ-কলমে কিছু ক্যাশ দেখানো হল কিন্তু ধানের দাম চাষী পেল না। আলুচাষীর ৪ টাকার নীচে কে.জি.-তে দাম নেমে এসেছে। রেশমচাষী গত বছর দাম পেয়েছিল, ২ হাজার থেকে ২৪০০ টাকা। সেই দাম এবার কমে হয়েছে ১২০০ থেকে ১৪০০ টাকা। চাষী আত্মহত্যার পথে যাচ্ছে। ইতিমধ্যে ১০০-র বেশি এই রাজ্যে আপনার সরকারের আমলে আত্মহত্যা করেছে। কৃষির জন্য মৌলিক ভাবনার প্রতিফলন এই বাজেটে নেই। সবার ঘরে আলো বাক্যটি শুনতে খুব মধুর, কিন্তু গ্রামের বস্তিতে গিয়ে দেখেছেন কি তার কোনো বাস্তব ভিত্তি আছে। বামফ্রন্টের আমলে বিদ্যুতের পরিকাঠামো তৈরি হয়েছিল, গ্রাম থেকে মাঠ পর্যন্ত বিদ্যুৎ বিস্তৃত হয়েছিল। গ্রামের বি.পি.এল. গ্রাহকের মানুষরা সস্তায় বিদ্যুৎ পেয়েছেন। এই রাজ্য সরকার ডোমিস্টিক এগ্রিকালচারে বিদ্যুতের দাম বাড়িয়ে—গ্রাহকদের নাগালের বাইরে চলে যাচ্ছে। বিদ্যুৎ পরিষেবা ক'দিনের সরকার আপ সরকার যদি বিদ্যুতের দাম অর্ধেক করতে পারে ; তাহলে এই সরকার ৪০ লক্ষ সাইকেল যদি ভোটের জন্য বিলি করতে পারেন, তাহলে বিদ্যুতের দাম অর্ধেক করতে পারবেন না কেন ? আজকে গ্রামের চাষীদের বিদ্যুতের বিল দিতে দেরি হলে লক্ষ লক্ষ টাকা জরিমানা হচ্ছে কেন ? বি.পি.এল. গ্রাহকদের হাজার হাজার টাকার বিল আসছে কেন ? বকেয়া বিল না দিতে পারলে তার যে ফাইন, সেই ফাইন দিতে না পারলে তার জেল পর্যন্ত হচ্ছে। বিদ্যুৎ উৎপাদনের গল্প হচ্ছে আর রাজ্যের বহু বোরো চাষ বিদ্যুতের অভাবে চারা পোঁতা হল না। বিদ্যুতের আংশিকভাবে থাকলেও ভোল্টেজ রাজ্যের সর্বত্র থাকছে না। ইরিগেশান দপ্তর টাকার অভাবে ট্রান্সফর্মার দিতে পারছে না। এগুলি কি জানেন ? পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন দপ্তরের উন্নয়নে এই চার বছর তলানিতে এসে ঠেকেছে। অধিকাংশ টিউবওয়েল অকেজো।

রাস্তাঘাটের অবস্থা বেহাল। মেরামত করার পয়সা পঞ্চায়েতগুলিতে নাই। ১০০ দিনের কাজের টাকা, প্রতিটি পঞ্চায়েতে লক্ষ লক্ষ টাকা বকেয়া আছে। এই সরকার যখন পি.এম.জি.এস.ওয়াই.-এর যোজনায় রাস্তা হয়, তখন এই সরকারের পঞ্চায়েতমন্ত্রী তিনি সাফল্যের সঙ্গে দাবি করেন কত কিলোমিটার রাস্তা করেছেন। আর সেই রাস্তা যখন খারাপ হয়, ভেঙে যায়, তখন পঞ্চায়েতমন্ত্রী বলেন—এ দপ্তরে আমার কোনো দায়িত্ব নাই, দায়িত্ব এড়িয়ে যান। বহু গ্রামে মোরাম রাস্তা আছে—তার কি পরিকল্পনা আছে ? সেই রাস্তাগুলি মেরামতের কি ভাবনা আছে আপনার ? অনগ্রসর জাতি, তপশিলি জাতি এবং আদিবাসীদের শুধু সার্টিফিকেট বিলির গল্প আর চলবে না। অ্যাকাডেমির ঘর ও সাইকেল বিলি যথেষ্ট নয়। রাজ্যের ৩০ শতাংশ জনসংখ্যার জন্য বরাদ্দ মাত্র ৪৩৮ কোটি ৫০ লক্ষ টাকা। বহু আদিবাসী এবং তপশিলি গ্রাম আছে—আজও যোগাযোগ বিচ্ছিন্ন। এদের জন্য রাস্তা, পানীয় জল, কমিউনিটিভিত্তিক সামাজিক ভাবনা বাজেটে নেই। সিভিক পুলিশ নিজেদের দাবি আদায়ের জন্য লড়াই করতে গিয়ে সিভিক ভলেনটিয়ার হয়ে গেল। ১০ হাজারের বেশি ছাঁটাই হয়ে গেল। ১৪১ টাকা দিয়ে মাসে ২০ দিন খাটিয়ে এদের ভোটকর্মী গড়ে তোলার স্বপ্ন ভঙ্গ হয়েছে। আর যখন ভঙ্গ হল, তখন গণতন্ত্রের পূজারী, গণতন্ত্রের টুঁটি কেন চেপে ধরছেন ? আই.সি.ডি.এস. কর্মীদের বাঁচার মতো সাম্মানিক নেই এই বাজেটে। এম.এস.-কে., এস.এস.কে., আশাকর্মী যারা গরিবের সরকারের বাজেটের দিকে তাকিয়েছিল, তাদের কী হল ? ৫০ হাজারের প্রাইমারি, হাইস্কুলের চাকরির কথা বাজেটে উল্লেখ নেই কেন ? দলের লোকেদের জন্য কি অতিথি শিক্ষক নিয়োগের কথা ভাবছেন ! অবসরদের কাজ দিলে বেকারদের কি হবে ? মাটি কাটার কাজকেও কি আপনারা স্থায়ী চাকরি বলছেন ? স্বাস্থ্য দপ্তরের বেহাল অবস্থার কথা বাজেটে উল্লেখ নেই। গ্রামের হাসপাতালগুলিতে চতুর্থ শ্রেণীর কর্মীর অভাবে হাসপাতালে তালা বন্ধ হচ্ছে। আর সেই সুযোগ বুঝে তৃণমূলের হোলটাইমাররা বোমা রাখা শুরু করেছে। সেদিন সদনে মাননীয়া মুখ্যমন্ত্রী প্রথমে বিরোধীদের জেলে ঢোকাতে চাইলেও, পরে তিনি মিঠে কথা বলেছিলেন। সবাই মিলে উন্নয়নের মোদি যাত্রা। ত্রিপুরার মুখ্যমন্ত্রী উন্নয়নের সভাতে গেলে হিন্দু, হিন্দু গন্ধ ছোটে। আর তিনি গেলে কিসের গন্ধ ছুটবে ? সেদিন এই সদনে সরকার পক্ষের একজন বলেছিলেন, মাননীয়া মুখ্যমন্ত্রীর উদারনীতি, উদার ভাবনা, তার উদ্ভাবনী ভাবনাতে নতুন নতুন জনমোহিনী প্রকল্পের নাম। আর একটা শিল্প প্রকল্পের নাম বলেননি, তার নাম তেলেভাজা শিল্প। আর এটি যদি শিল্পের সংজ্ঞা হয়, তাহলে এই শিল্প বামফ্রন্টের আমলেই তৈরি হয়েছিল। রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী এখন হাড়ে হাড়ে বুঝতে পারছেন, সিঙ্গুরে কারখানাটা নিয়ে যে সস্তায় রাজনীতি করেছিলেন তার খেসারত বাংলাকে বহুকাল দিতে হবে। সিঙ্গাপুরে বিশ্ববাণিজ্য সম্মেলন করে শিল্পের নামে কোটি কোটি টাকা খরচ করেছেন। তাতে শিল্পের প্রচার পাবে, কিন্তু এই বঙ্গে পাখিরালয় ছাড়া কিছু হবে না। কেন্দ্রীয় সরকারের প্রকাশিত শিল্প-বাণিজ্য মন্ত্রকের রিপোর্টে ১৪তম স্থানে আছে আমাদের এই রাজ্য। আর আগামী দিনে ২৪তম জায়গায় যাবে। তাই বলি, ফাগুনের জলে আমের মুকুল ঝরছে, সারদার টাকায় এম.পি., মন্ত্রীরা জেলে ঢুকছে, অর্থমন্ত্রীর বাজেটে ফুলঝুরি ঝরছে, তৃণমূল সরকার মাটি ছাড়া হচ্ছে।

[5.20—5.30 p.m.]

শ্রী জয়ন্ত নস্কর : মাননীয় চেয়ারম্যান স্যার, ১৯শে ফেব্রুয়ারি এই সভায় মাননীয় রাজ্যপাল ভাষণ দিয়েছিলেন। ২৭শে ফেব্রুয়ারি আমাদের রাজ্যের অর্থমন্ত্রী, তিনি ২০১৫-১৬ সালের বাজেট বক্তৃতা দিয়েছিলেন, দুটি ক্ষেত্রেই আমি সারাক্ষণ ছিলাম বিধানসভায়। প্রারম্ভিক ভাষণ যিনি দিয়েছিলন তিনি হলেন মাননীয় সুভাষবাবু, তিনি দুটি ক্ষেত্রেই বক্তব্য শুরু করেছিলেন। প্রথম ক্ষেত্রে বলেছিলেন যে, পশ্চিমবঙ্গের মাননীয়া মুখ্যমন্ত্রীর কৃতিত্ব রাজ্যপালকে দিয়ে সমস্ত মিথ্যা কথা বলিয়ে নেওয়া হয়েছে। অর্থমন্ত্রীর ভাষণে বলেছিলেন, এটা দিশাহীন বাজেট, অসত্য বাজেট, নানারকম বিশেষণে ভূষিত করেছিলেন। এখানে বামফ্রন্টের বন্ধুরা আছেন, এই সদনে অনেক সদস্য-সদস্যা আছেন, কোনটা সত্য, কোনটা মিথ্যা তার কয়েকটি উদাহরণ আমি এখানে দিচ্ছি। ২০০৮ সালে পঞ্চায়েত নির্বাচনের আগে এখানে সুভাষবাবু বলেছিলেন যে কতকগুলো ব্রীজের নাম উল্লেখ করে সেই ব্রীজগুলোর কথা বাজেটে উল্লেখ নেই। ঠিক ২০০৮ সালের পঞ্চায়েত নির্বাচনের আগে উনি যে ব্রীজগুলোর কথা বললেন একটা হচ্ছে রামপুর পিঁপড়েখালি জেলেখালি ব্রীজ, একটা চুনোখালি শম্ভুনগর ব্রীজ, একটা ইটেভাটি পাটনখালি ব্রীজ, ডি.পি.আর. হয়ে গিয়েছিল, কিন্তু আজ পর্যন্ত তার কোনো উল্লেখ এই বাজেটে নেই। আপনারা সবাই শুনে রাখুন এই তিনটি ব্রীজ আমি খোঁজ করেছিলাম আমি যখন ২০১১ সালে আমরা এই বিধানসভায় নির্বাচিত হয়ে আসি। তিনটি ব্রীজের কোনো খোঁজ পাওয়া যায়নি। ২০০৮ সালে চুনাখালি শম্ভুনগর ব্রীজ উদ্বোধন করেছিলেন তখন দুজন মন্ত্রী, একজন ভূমিরাজস্ব মন্ত্রী, আর একজন পূর্তমন্ত্রী। কিন্তু উনি পরিষ্কারভাবে এখানে বললেন ডি.পি.আর হয়ে গিয়েছিল। তার কোনো উল্লেখ নেই। আমি দায়িত্ব নিয়ে বলছি সবার সামনে, উনি সেই ডি.পি.আর. দেখাতে পারবেন না। আরো বলেছিলেন যে গোসাবা গদখালি যে ব্রীজ ২০১২ সালে জানুয়ারি মাসে মুখ্যমন্ত্রী সেখানে ঘোষণা করেছিলেন সেই ব্রীজের এখানে উল্লেখ নেই। আমি ওনাকে এই ব্যাপারে একটু বলতে চাই, কেননা এই ব্রীজটা আমার বিধানসভার মধ্যেই পড়ে, এই ব্রীজটার সয়েল টেস্ট হয়ে গেছে ডি.পি.আর. কমপ্লিট হয়ে গেছে। ২০৮ কোটি টাকা খরচ হবে এই ব্রীজটা করতে গেলে, এই পর্যায়ে আছে। আমি ওনাকে ধন্যবাদ জানাচ্ছি এই ব্রীজটার কথা উল্লেখ করেছেন, আমিও বলছি এই পর্যায়ে আছে আমি আশাবাদী খুব তাড়াতাড়ি এই ব্রীজটা হয়ে যাবে। এই ব্রীজটার কথা বলছি, গোসাবা গদখালি ব্রীজ আরম্ভ হবে। উনি বললেন যে রাস্তাঘাটের বেহাল অবস্থা। সম্মানীয় সদস্য ৮-বার নির্বাচিত হয়ে এই সদনে এসেছেন। দীর্ঘদিন মন্ত্রিত্বে ছিলেন। দুটো দপ্তর ওনার দলের কবলে ছিল। একটা হচ্ছে পূর্ত দপ্তর, আরেকটা হচ্ছে সেচ দপ্তর। উনি সেচ দপ্তরের মন্ত্রী ছিলেন। উনি বলছেন, রাস্তাঘাটের বেহাল অবস্থা। আমার মনে আছে ২০১১-তে যখন এখানে আমাদের সরকার গঠন হয়, তারপরে কোনো কোনো রাজনৈতিক দল প্রতিবাদ করতে গিয়ে রাস্তার গর্তগুলোতে মাছ চাষ করেছিলেন। রাস্তার অবস্থা এত বেহাল তা দেখানোর জন্যই এখানে মাছ চাষ করা হচ্ছে। এখানে যারা বামপন্থী বন্ধুরা আছেন, তাদেরকে বলতে চাই আপনারা একবার গিয়ে দেখে আসুন। আমি কয়েকদিন আগে

উত্তরবঙ্গেও গিয়েছিলাম, ডুয়ার্স, কালচিনি বিভিন্ন জায়গায় ঘুরে এসেছি। সেখানকার রাস্তার হালও দেখে এসেছি। সুভাষবাবুর এলাকা বাসন্তী ব্লক, যেখানে ২০১২ সালে মাননীয়া মুখ্যমন্ত্রীর এমন অবস্থা হয়েছিল, তাঁকে রাস্তায় নেমে নদীপথে গোসাবায় যেতে হয়েছিল। আর এখন আপনারা গিয়ে দেখুন, সেই রাস্তাগুলো কেমন অবস্থায় আছে। আপনারা গিয়ে দেখে আসতে পারেন। একটা রাস্তাও খারাপ নেই। প্রত্যেকটা রাস্তা ভালো হয়ে গেছে। আমার মনে হয় বয়সের ভারে হোক বা দীর্ঘদিন কাজ করার জন্য বা এখানে থাকার দরুন আর ওনার গ্রামে যাওয়া হয়নি, না জেনেশুনে এই কথাগুলো উনি বলেছেন। সেখানে প্রত্যেকটা রাস্তা এখন দেখার মতো। সেই রাস্তাগুলো সবই সুভাষবাবুর বিধানসভা এলাকার। সরবেরিয়া থেকে ঝড়খালি, ঝড়খালি মাজার থেকে নতুন রাস্তা, বাসন্তী থেকে বকখালি, দরগার থেকে চুনোখালি—এই যে রাস্তাগুলো খুব সুন্দর রাস্তা। আমি এর আগে বলেছিলাম, আপনাদের অনেকের মনে থাকতে পারে আবার নাও থাকতে পারে পশ্চিমবাংলার মধ্যে একটা ব্লক আছে, যেখানে এক ইঞ্চিও পিচ রাস্তা নেই এবং যেখানে কোনো ফোর হুইলার যেতে পারে না। আমি এই বিধানসভায় বলেছিলাম। আমাদের অনেক স্ট্যান্ডিং কমিটি গিয়েছিলেন, তারা সেখানে ঘুরে এসে স্বীকার করেছেন, আপনি যে কথাটা বলেছেন আমরা চোখে না দেখলে এটা বিশ্বাস করতাম না। গোসাবা ব্লক—উনি পূর্তমন্ত্রী ছিলেন আর.এস.পি.-র সেচমন্ত্রী ছিলেন। গোসাবা ব্লকে এক ইঞ্চি পাকা রাস্তা কোথাও ছিল না এবং কোনো ফোর হুইলার চলত না। ২০১১-তে ক্ষমতায় আসার পরে প্রায় প্রতিটি অঞ্চলে, অঞ্চল বলব না, দ্বীপ, ওখানে ন'টা দ্বীপ নিয়ে আমার বিধানসভা। ছোটো ছোটো দ্বীপ, একটা অঞ্চল, একটা দ্বীপ। আমাদের এখানে মাননীয় এম.এল.এ. নিরাপদবাবু আছেন, তিনি জানেন প্রত্যেকটা দ্বীপে পাকা রাস্তা হয়েছে, তার কাজ চলছে। শুরু হয়েছে, কতকগুলো শেষ হয়েছে, কতকগুলো কাজ চলছে। এখন সেইসব জায়গায় ফোর হুইলার চলে গেছে, অটো চলে গেছে, ম্যাজিক গাড়ি চলে গেছে বা অন্যান্য ছোটো যানবাহন এখন সেইসব এলাকায় চলে গেছে। গ্রামাঞ্চলে বিশেষ করে আমরা যেখানে বাস করি, সেখানে ৭০ ভাগ মানুষ কৃষির উপর নির্ভরশীল। বেশির ভাগ মানুষই কৃষির উপরেই নির্ভরশীল। আপনারা জানেন, ২০০৯ সালের ২৫শে মে যে ভয়াবহ আয়লা হয়েছিল, সেই আয়লাতে গোসাবা ব্লক, সন্দেশখালি ব্লক, বাসন্তীর কিছু অংশ এবং সুন্দরবনের অনেকটা জায়গায় নদীর নোনাজলে তলিয়ে গিয়েছিল। সেখানে কয়েক বছর চাষও হয়নি। কিন্তু ওনারা ২০০৯ থেকে যারা বামপন্থীরা আছেন, তারা শুনে রাখুন ২০১১ পর্যন্ত ক্ষমতায় ছিলেন। ২০০৯ আয়লা হল। ৮৮ লক্ষ টাকা তাদের হাউস বিল্ডিং গ্র্যান্ট বাকি রেখে এসেছিলেন। আপনারা দিতে পারেননি। আপনারা দিতে পারেননি। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী ক্ষমতায় আসার সঙ্গে সঙ্গে ৮৮ লক্ষ টাকা দিয়ে দিয়েছিলেন। এবং সেখানকার মানুষের সার্বিক উন্নয়নের জন্য ...(নয়েজ)... সবাই টাকা পেয়েছে। আপনারা খোঁজ নিয়ে দেখবেন। এমন কোনো লোক নেই যে টাকা পায়নি। সবাই টাকা পেয়েছে। নাহলে পেপারে বেরোত। সেই টাকা দেওয়া হয়েছে। দু'টাকা কেজি দরে চাল সমস্ত গরিব মানুষরা এখনও পর্যন্ত পাচ্ছেন। আমাদের সময় দু'লক্ষ ত্রিশ হাজার পাট্টা বিলি হয়েছে। এই যে, কেন্দ্রীয় ইন্দিরা আবাসন, আমার ঠিকানা ইত্যাদি

যে প্রকল্পগুলি আছে, আপনারা যেভাবে তাদেরকে রেখে এসেছিলেন তাদের এইসব প্রকল্পগুলি গ্রহণ করার মতো জায়গা ছিল না। এই সরকার আসার পরে দু'লক্ষ ত্রিশ হাজার পাট্টা বিলি করা হয়েছে এবং প্রত্যেককে ঘর বাঁধার ব্যবস্থা করে দিয়েছে। ...(এই সময় বক্তার মাইক অফ হয়ে যায়।)...

[5.30—5.40 p.m.]

মিঃ স্পীকার : আমাদের মাননীয় সদস্য এবং সদস্যাদের অবগতির জন্য জানাই, আগামীকাল সকাল দশটার সময় আমাদের হাউস হবে। শুধু কোশ্চেন আওয়ার হবে। মেনশান বা জিরো আওয়ার বা কলিং অ্যাটেনশান হবে না। কারণ সময়ে পোষাবে না। কালকে প্রচুর বিজনেস আছে। একই সঙ্গে বলছি যে, কালকে বিধানসভার পক্ষ থেকে লাঞ্চের অ্যারেঞ্জমেন্ট করা হয়েছে। মাননীয় সদস্য এবং সদস্যাদের কাছে অনুরোধ যে, আমাদের রিসেস পিরিওডে ওপরে আপার লবিতে লাঞ্চের অ্যারেঞ্জমেন্ট হবে। রিসেসের সময় ওখানে সবাই লাঞ্চ করে নেবেন।

শ্রী সমীর কুমার জানা : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় ভারপ্রাপ্ত অর্থ দপ্তরের মন্ত্রী ডঃ অমিত মিত্রের বাজেট বিবৃতি পনের এবং ষোল সালের জন্য বিগত ২৭শে ফেব্রুয়ারি এই সদনে উপস্থাপন করেছেন তাকে পূর্ণাঙ্গ সমর্থন করে আমি আমার গুটিকয়েক প্রতিবেদন উপস্থাপন করছি। আমরা দীর্ঘ সময় ধরে শুনছিলাম, বিরোধী পক্ষের যাঁরা রয়েছেন সরকার পক্ষের এই বাজেটের বিরুদ্ধে তাদের বক্তব্য থাকতে পারে, এ ব্যাপারে বলার কিছু নেই। কিন্তু বেশির ভাগ ক্ষেত্রে যে অসত্য অসত্য কথাগুলি বলবার চেষ্টা করেছেন, তাহলে অসত্য বিষয়গুলি যদি এখানে উপস্থাপিত হয়ে থাকে মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেটের মধ্য দিয়ে যে দিশাটাকে তুলে ধরতে পেরেছেন, যে অর্থনৈতিক বুনিয়াদটাকে সুন্দরভাবে উপস্থাপন করতে পেরেছেন, যারা একটু রাজনীতিটার থেকে অর্থনৈতিক দিক দিয়ে চিন্তা-ভাবনা করে থাকেন তাঁরা যদি একটু ভালো করে দেখেন, এটা কোনো গল্পের জন্য গল্প নয়, অর্থনৈতিক বুনিয়াদ একটা সুন্দরভাবে পরিলক্ষিত হয়েছে এই বাজেটের মধ্য দিয়ে। যেখানে দেখা গেছে ২০১৪-১৫ আর্থিক বছরে যেটা গ্রস ভ্যালু অ্যাডেড ১০.৪৮ শতাংশ বেড়েছে। এটা বোধহয় আমরা গল্প করে এখানে লিখিনি। যেখানে ভারতের বৃদ্ধি হয়েছে ৭.৫ শতাংশ সেখানে আমাদের গ্রস ভ্যালু অ্যাডেড হয়েছে ১০.৪৮ শতাংশ। অতএব, এই কারণে যে বাংলা এগিয়ে যাচ্ছে সেটা বলার অপেক্ষা রাখে না। দ্বিতীয়ত, ২০১০-১১ আর্থিক বছরে মূলধনী ব্যয়ের যেটা বৃদ্ধি ছিল নেগেটিভ আপনাদের সময়ে মাইনাস ২৬.০৮ শতাংশ সেটা আমরা দেখতে পাচ্ছি যে, ২০১৩-১৪ সালে ৫২.৩৩ শতাংশ অর্থাৎ পজিটিভ জায়গায় চলে গেল। এই যে ব্যাপারটা এটা বোধহয় গল্পের কথা নয়। এটা বাস্তবধর্মী চিন্তা-ভাবনা। এটা মা-মাটি-মানুষের সরকারের চিন্তা-ভাবনা যে, মাইনাস থেকে কিভাবে পজিটিভে নিয়ে আসতে হয়। তাঁর তিনি গুরুত্বপূর্ণ অধ্যায়ের সূচনা করেছেন। পরিকল্পনা খাতে ব্যয়ের যে বৃদ্ধি যেটা আপনাদের সময়ে ছিল ১৪১৬৫.১৬ কোটি টাকা, কি মিরাকেল পদ্ধতিতে, মাত্র তিন বছরের একটা সরকার যেটা ডবলে নিয়ে যেতে পারল। তাহলে

পরিকল্পনা খাতে ব্যয়ের যে হিসাব আপনাদের সময়ে হয়েছিল তারপরে এটা যে বৃদ্ধি হল এটা নিশ্চয় অর্থনৈতিক চিন্তা-ভাবনাপ্রসূত মাথা আছে বলে এবং সেইমতো কাজ করতে পারেন বলে এই মা-মাটি-মানুষের সরকারের এই ব্যাপক একটা ডেভলপমেন্ট করা সম্ভব হয়েছে। এর ফলে আজকে আমরা উন্নতিকে একটা ভালো জায়গায় নিয়ে যেতে পেরেছি এটা বোধ হয় নতুন করে বলার অপেক্ষা রাখে না। আপনারা ভালোভাবেই জানেন, আজকে যে বিষয়টি নিয়ে আপনারা আলাপ-আলোচনা করছেন, বামফ্রন্টের আমলে '১০-১১ সালে পরিকল্পনা ব্যয় ধরা হয়েছিল ১৭,৯৮৫ কোটি টাকা। কিন্তু প্রকৃত খরচ হয়েছিল ১১,৮৩৪ কোটি টাকা। অর্থাৎ ৬৫.৮২ শতাংশ টাকা আপনারা কেবলমাত্র খরচ করতে পেরেছিলেন। মা-মাটি-মানুষের সরকারের সঙ্গে তফাতটা কোথায় ? এ পর্যন্ত আমরা আস্তে আস্তে করে ৮১.২৭, ৯৬ শতাংশ এবং এবারের বাজেটে ৯৮ শতাংশ খরচ করতে পেরেছি। যেখানে আপনারা করেছেন ৬৫.৮২ শতাংশ সেখানে মা-মাটি-মানুষের সরকার সেই খরচ নিয়ে যাচ্ছে, রেকর্ড, একটা অধ্যায়ের সূচনা করছে ৯৮ শতাংশ খরচ করে। একটা গুরুত্বপূর্ণ জায়গায় নিয়ে যেতে সমর্থ হয়েছে।

আরেকটা বিষয় দেখার দরকার আছে। রাজস্ব বৃদ্ধির ক্ষেত্রে ঋণ এবং রাজস্ব ঘাটতি নির্দিষ্ট সীমায় রাখা সম্ভব হয়েছে এই মা-মাটি-মানুষের সরকারের আমলে। যেখানে আমাদের আভ্যন্তরীণ উৎপাদনে GSDP সাপেক্ষে FRBM-র অনুযায়ী ঋণের লক্ষ্যমাত্রা ছিল '১৪-১৫ সালে ৩৪.৩ শতাংশ। সেই জায়গায় আমরা ৩৪.১ শতাংশে নিয়ে আসতে পেরেছি। অথচ এটা আপনাদের সময় কত ছিল ? ৪১ শতাংশ। তাহলে ৪১ শতাংশ থেকে আমরা ৩৪.১ শতাংশে নিয়ে আসতে সক্ষম হয়েছি। ব্যবধানটা শুধু দেখে নিন, কেন আজকে আমরা এত ডেভলপমেন্ট করতে পারছি সেটা বুঝতে পারবেন। আজকে GSDP-র অনুপাতে রাজকোষ ঘাটতির লক্ষ্যমাত্রা FRBM অনুযায়ী ৩ শতাংশ থেকে ২ শতাংশ, যেটা আপনাদের সময় '১০-১১-তে ছিল ৪.১ শতাংশ। অর্থাৎ ৪.১ শতাংশ থেকে আমরা চার বছরে আজকে এটাকে দুই শতাংশে এবং পরবর্তীকালে এক শতাংশে নিয়ে যেতে পারছি। ডেফিসিটকে আজকে কমাতে পেরেছি এবং অর্থনৈতিক চিন্তা-ভাবনায় একটা উন্নত মানসিকতার প্রসার ঘটাতে পেরেছেন মাননীয় অর্থমন্ত্রী।

স্যার আজকে এঁরা কর ব্যবস্থার কথা বলছেন। রাজ্যের কর ব্যবস্থায় ভ্যাট আসতে পারে, স্ট্যাম্প ডিউটি হতে পারে, আবগারী দপ্তরের ট্যাক্স হতে পারে। এই তিনটি দপ্তর থেকে মোট করের প্রায় ৮০ শতাংশ সংগৃহীত হয়ে থাকে। আপনারা ২১ হাজার কোটি টাকা অর্জন করতে পেরেছিলেন। আমরা সেই জায়গায় ৪০ হাজার কোটি টাকায় নিয়ে যেতে সমর্থ হয়েছি। ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা বললে আপনাদের গয়ে লেগে যায়। কিন্তু তার জন্য ২৮ হাজার কোটি টাকা কেন্দ্রীয় সরকার কেটে নিচ্ছে। তা সত্ত্বেও আজকে ৪০ হাজার কোটি টাকার ওপর আমরা কর থেকে আদায় করতে পারছি এবং যার ফলে প্রত্যেকটা দপ্তরের টাকা বর্ধিত হচ্ছে। সেটা কী বুঝতে পারছেন না কীভাবে বর্ধিত হচ্ছে, কোথা থেকে দিচ্ছে ? আপনারা শুধু ঘাটতিশূন্য বাজেট তৈরি করে গেছেন। কিন্তু আমাদের মাননীয় অর্থমন্ত্রী একদিকে যেমন ঘাটতি কমিয়ে আনার চেষ্টা করছেন আবার অন্যদিকে

সম্পদ সৃষ্টি করবার চেষ্টা করছেন। আর, এর ফলেই রাজ্যে ব্যাপকভাবে কাজকর্ম করা যাচ্ছে তা আর মনে হয় নতুন করে বলার অপেক্ষা রাখে না।

আপনারা দেখতে পাচ্ছেন রাজ্যে ট্যাক্সের সরলীকরণ করা হচ্ছে। এই সরলীকরণের মধ্যে দিয়ে আমরা চিন্তা-ভাবনা করছি ৪৯ হাজার কোটি টাকা আমরা আয় করতে পারব। এই সরলীকরণের মধ্যে দিয়ে এবং দিশাটা আছে বলে ২১ হাজার থেকে ৪০ হাজার এবং ৪০ হাজার থেকে ৪৯ হাজার কোটি টাকাতে যাওয়ার আমরা স্বপ্ন দেখছি না, বাস্তবে তার ভিত্তি আছে বলে আমরা মনে করছি।

আপনারা সমালোচনা করছেন সাইকেল ইত্যাদি দেওয়া হচ্ছে এবং আপনারা বার বার করে বলার চেষ্টা করছেন 'পশ্চিমবঙ্গটাকে একেবারে শেষ করে দিল'। খেলা, মেলা ইত্যাদি করে বহু টাকা চলে যাচ্ছে। এটা আপনারা বার বার করে বলার চেষ্টা করেছেন। আমরা আগে টাকা অর্জন করি। অর্থনৈতিক দিক থেকে স্বাবলম্বী হওয়ার পরে প্রত্যেকটা জায়গায় একটা চেতনা তৈরি করার চেষ্টা করি। এই চেতনা বৃদ্ধির জন্য মা-মাটি-মানুষের সরকার বিভিন্ন জায়গায়, কৃষিমেলা হতে পারে বা অন্যান্য সমস্ত মেলার মধ্যে দিয়ে একটা চেতনা বৃদ্ধি করতে সমর্থ হয়েছে।

[5.40—5.50 p.m.]

এই কারণের জন্য গোটা বাংলায় এই চেতনা বৃদ্ধি হয়েছে বলে গোটা বাংলার মানুষ আজ মমতা ব্যানার্জীকে বিশেষভাবে সমর্থন করেছে। এটা বারে বারে পঞ্চায়েত নির্বাচন, লোকসভা নির্বাচন, এবারের উপনির্বাচনে তার প্রতিফলন ঘটেছে। এটা গল্পের বিষয় নয়, বাস্তব ক্ষেত্রে যেটাকে করা দরকার, সেটুকু করা হয় বলে এইভাবে উন্নয়নটাকে সংগঠিত করা সম্ভব হয়েছে। আজকে আমরা দেখতে পাচ্ছি—কৃষিক্ষেত্রে যেখানে 1157.72 কোটি টাকা ছিল, সেই জায়গায় এক হাজার পাঁচশো কোটি টাকা ব্যয় বৃদ্ধির কথা এখানে ঘোষণা করা হয়েছে। আজকে আমরা দেখতে পাচ্ছি ডালশস্য—যদি এগুলো কিছুই করতে পারছি না, তাহলে ভারতবর্ষ থেকে 'কৃষি কর্মণ' উপাধি তিন-তিনটে বছর কিভাবে করে আমাদের সম্মানিত করা হল ? এটা কি, গল্প না এমনি করে আমাদের দিয়ে দেওয়া হচ্ছে। এটাকে নিশ্চয়ই আজকে আপনাদের মূল্যায়ন করে দেখা দরকার। আজকে কৃষি যন্ত্রপাতি—প্রত্যেকটা গ্রামে খোঁজ করে দেখুন। আপনারা খুঁজে পাচ্ছেন না, আমাদের দুর্ভাগ্যের বিষয়। আমরা জানি আজকে প্রত্যেকটা গ্রামে-গঞ্জে কিষান ক্রেডিট কার্ড যেটা একটা উল্লেখযোগ্য—৬৫ লক্ষ কিষান ক্রেডিট কার্ড বিতরণ করা হয়েছে। তার মধ্যে কৃষি যন্ত্রপাতিগুলো—গ্রাম-গঞ্জের ভাইয়েরা সেই যন্ত্রপাতি দিয়ে আজকে আধুনিক চাষবাস সম্পর্কে ওয়াকিবহাল হচ্ছে। আজকে উত্তরবঙ্গে, বর্ধমানে 'মাটি তীর্থ কৃষি কথা', কৃষি তথ্যভাণ্ডার যেটা তৈরি করা হয়েছে—আজকে কৃষকদের মধ্যে নতুন একটা আকর্ষণ তৈরি করতে পেরেছে। এর ভিতরে আপনারা যাওয়ার চেষ্টা করেননি। আজকে খাদ্য, কৃষিদ্রব্য মূল্যের ক্ষেত্রে—এটাকে কি বলবেন আপনারা ? 3.2 কোটি মানুষকে দু-টাকা কিলো দরে চাল দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। এটা কি অস্বীকার করতে পারবেন ? আপনারা দেখুন

না সেই জঙ্গলমহল থেকে আরম্ভ করে, সুন্দরবনের আয়লায় যারা বিধ্বস্ত হয়ে গেছেন, সুন্দরবনের যে সমস্ত বিধায়করা রয়েছেন আপনারা জানেন দু-হাজার নয় সালে যে বিধ্বস্ত বন্যায় গোটা সুন্দরবনটাকে ভেঙে চুরমার করে নিয়ে গিয়েছিল সেই জায়গাতে আজকে মা-মাটি-মানুষের সরকার দু-টাকা কিলো দরে চালের ব্যবস্থা করেছে। এখনও পর্যন্ত বহু মানুষ তার জন্য উপকৃত হচ্ছে। এটা কি আমরা অন্যায়ভাবে কাজকর্ম করছি ? এটার কি প্রয়োজন ছিল না ? আজকে সেই জায়গায় সমালোচনা করবার জন্য কোনো সুযোগ আপনারা পাননি বলে আজকে মিথ্যে কথা বলবার চেষ্টা করছেন, অসত্য কথা বলবার জন্য চেষ্টা করছেন। গ্রামে-গঞ্জে কিষান বাজারের দরকার আছে। সেই ইনফ্রাস্ট্রাকচার আপনারা তৈরি করে যেতে পারেননি। আজকে সেই ইনফ্রাস্ট্রাকচার তৈরি করবার জন্য ৮৪টি কৃষক বাজার ইতিমধ্যে তৈরি করা হয়েছে। রেশন কার্ডের ব্যাপারে বলি—আপনাদের সময়ে ভুয়ো রেশন কার্ড ছিল। আজকে সেই রেশন কার্ডে যে সমস্ত মালগুলো ছিল, কারা নিত সেই মালগুলো, কোথায় যেত সেই টাকা, তার জমা-খরচ আপনারা কোনোদিনই দিতে পারবেন না। আজকে এই মা-মাটি-মানুষের সরকার এখানে আসার পরে ৯১ লক্ষ ভুয়ো রেশন কার্ডকে ধরতে আমরা সক্ষম হয়েছি। রেশন কার্ডের ডিজিটাইজেশানের সংখ্যা ৭.৮ কোটিতে আপাতত পৌঁছতে পেরেছি। আজকে আমরা দেখতে পাচ্ছি স্বাস্থ্য পরিষেবা, আজকে আমরা কলকাতায় আসি বা যে কোনো জায়গায়—আপনাদের সময় স্বাস্থ্য ব্যবস্থা ভেঙে পড়েছিল। আজকেই সেই জায়গায় সমস্ত সাধারণ মানুষ যাতে পরিষেবা পান তার চেষ্টা করছেন। যেখানে দু-হাজার দুশো একুশ দশমিক ছয় কোটি টাকা ছিল—দু হাজার পাঁচশো ৮৮ কোটি টাকা, এখানে আজকে ব্যয়-বরাদ্দে নিয়ে আসা হয়েছে। যেখানে এস.এন.সি.ইউ. ৬টা মাত্র ছিল, সেখানে ৪৩টি করা হয়েছে। যেখানে এন.এস.এস.ইউ. ৯৫টা ছিল সেখানে ২৩৫টা করা সম্ভব হয়েছে। সি.টি.ও. ৪১টার মধ্যে ২১টির কাজ ইতিমধ্যে শুরু করা সম্ভব হয়েছে। প্রসূতি মৃত্যুর হারটা ১৪৫ থেকে ১১৭-তে নিয়ে আসা সম্ভব হয়েছে। প্রতিটি ব্লকে পি.পি.পি. মডেলে ওষুধের দোকান করা হয়েছে। আপনাদের আমলে যেগুলো কোনোদিনও ছিল না। এই কাজ আজকে গ্রহণযোগ্যভাবে এলাকার মধ্যে বিশেষভাবে পরিদর্শিত হয়েছে। আজকে কন্যাশ্রী প্রকল্প—যেখানে ২২ লক্ষ ছাত্রীর নাম অন্তর্ভুক্ত করতে পেরেছি। এই কারণের জন্য কন্যাশ্রী প্রকল্প কেবলমাত্র পশ্চিমবঙ্গে নয়, গোটা ভারতবর্ষের বাইরে আন্তর্জাতিক দুনিয়ায় তার বিশেষ খ্যাতি লাভ করতে পেরেছে। ২০১৪ সালের জুলাই মাসে লন্ডনে অনুষ্ঠিত গার্লস সামিটে আজকে অন্যতম শ্রেষ্ঠ প্রকল্প হিসাবে এটা প্রকাশিত হতে পেরেছে। Asia Pacific Award-এ ই-গভর্নেন্সে প্রথম স্থান পেতে পেরেছে। আজকে সেই জায়গায় সাতশো টাকা থেকে সাড়ে সাতশো টাকাতে বাড়ানো হয়েছে। আপনারা এর কি প্রতিবাদ করতে পারবেন ? আজকে এতবড়ো একটা গুরুত্বপূর্ণ অধ্যায়কে সূচনা করা গেছে। তাই আমি মনে করি বিদ্যুতের ব্যাপারে আপনারা বলছেন, বিদ্যুতের আলো নাকি নেই। আমি একটা সুন্দরবনের প্রত্যন্ত এলাকার মানুষ হিসাবে বলতে চাই, আমাদের প্রায় ১৫টি অঞ্চল যেখানে ১২টি দ্বীপ নিয়ে গঠিত। সেই জায়গায় আজকে আমরা দেখতে পাচ্ছি প্রতিটি জায়গাতে বিদ্যুতায়নের সংযোগ তৈরি হয়ে গেছে। সমস্ত জায়গায় আজকে

টাওয়ারের মাধ্যমে বিদ্যুৎকে পৌঁছে দেওয়ার জন্য পরিকল্পনা নেওয়া হয়েছে। টাওয়ারগুলোকে সেখানে পৌঁছে দেওয়া হচ্ছে। আর আপনারা বলছেন কোনো উন্নয়ন হচ্ছে না ? এই যে উন্নয়নের জায়গায় পৌঁছে দেওয়া হয়েছে, অর্থনৈতিক দিক থেকে একটা বিশেষ জায়গায় পৌঁছে দেওয়া গেছে... (এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

শ্রী স্বপন বেলথারিয়া : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার অনুমতি নিয়ে মা-মাটি-মানুষের অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয় যে মহতী সদনে ২০১৫-১৬ সালের বাজেট পেশ করেছেন ২৭.২.২০১৫ তারিখে তাকে আমি সম্পূর্ণভাবে সমর্থন জানিয়ে দু-চার কথা বলছি। বিগত দিনের বামফ্রন্টের যে পাপের বোঝা আমরা মাথায় নিয়ে, আমাদের সরকার যে চলছে। ২৮ হাজার কোটি টাকা ঋণ আমাদের কোষাগার থেকে কেটে নিয়ে চলে যাচ্ছে। তারপরেও এই যে বিভিন্ন খাতে বৃদ্ধি দেখিয়ে যে বাজেট পেশ করেছেন তার জন্য সাধুবাদ জানাই। কারণ সামনে আমরা দেখতে পাচ্ছি আমাদের খাদ্যশস্যের যে মজুত ক্ষমতা ২০১১-১২ সালে ছিল ৪০ হাজার মেট্রিক টন। আজকে তিন বছরে দাঁড়িয়েছে সেটি বৃদ্ধি হয়ে ৩ লক্ষ ৮০ হাজার মেট্রিক টনে, ন গুণেরও বেশি। আজকে ৯৫টি কৃষক বাজার এখানে শুরু হয়েছে, তার মধ্যে ৮৪টি কৃষক বাজার অলরেডি চালু হয়ে গেছে। আজকে ই-গভর্নেন্সের মাধ্যমে গণবিতরণ পদ্ধতি সম্পূর্ণভাবে ঢেলে সাজিয়েছেন। ৯১ লক্ষ যে বিগত দিনের বামফ্রন্ট সরকারের যে সব ভুয়ো রেশন কার্ড তারা জুগিয়ে রেখেছিলেন সেইসব বাতিল করে আজ সঠিকভাবে গণবন্টন ব্যবস্থা সঠিক হয়েছে। ১০০ দিনের কাজ আমাদের সবাই তো বলে গেলেন, ১০০ দিনের কাজ আজকে বিশ্বে আলোচনা হচ্ছে। ১০০ দিনের কাজ ভারতবর্ষে প্রথম আমাদের পশ্চিমবাংলা তথা মাননীয়া মুখ্যমন্ত্রী শেষ করতে পেরেছেন। গত তিন বছরে ২৪ লক্ষের বেশি বাড়িতে শৌচালয় তৈরি হয়েছে। স্কুল, অঙ্গনওয়াড়ি কেন্দ্রে ২৫ লক্ষ প্রায় শেষ হয়েছে। আজকে দুর্বল শ্রেণীর এস.ই.এ. বাসস্থানে প্রায় তিনগুণেরও বেশি, আজকে রাজ্য সরকার বাড়ি আমার ঠিকানা আবাসন প্রকল্পের মাধ্যমে সংখ্যা বৃদ্ধি পেয়েছে। আজকে বিভিন্নভাবে পশ্চিমবাংলায় যে দরিদ্র মানুষ আছে তাতে দেখা যায় খুব কম সময়ের মধ্যে মাননীয়া মুখ্যমন্ত্রীর স্বপ্নের প্রকল্প নিজ ভূমি, নিজ বাড়ি পাট্টা ২ লক্ষ ৩০ হাজার গরিব মানুষকে দিতে পেরেছেন। বিভিন্নভাবে এই সরকারের সাফল্য সেখানে বিরোধীরা শুধু বিরোধিতা করে যাচ্ছেন। আজকে যদি বলি, এই ৩ বছরে যা হয়েছে তা ৩৪ বছরে হয়নি। যেটা আমরা দেখে গেছি—আমি পুরুলিয়া জেলার পিছিয়ে পড়া এলাকার বিধায়ক। আমরা জঙ্গলের সামনে বসবাস করি। বিভিন্নভাবে মানুষের গরিবতা দেখেছি। আজকে তাদের দেখেছি সেইসব আমলে তারা পাতা মাথায় বোঝা করে নিয়ে আসতো। ওই পাতা সেলাই করে বিগত দিনে ২ টাকা শ বিক্রি করেছে। সেইসব মানুষগুলো আজকে বিভিন্নভাবে কাজ করে নিজেদের বাড়ি পরিচালনা করছেন, নিজেদের সংসার চালাচ্ছেন। আজ সেই জায়গা থেকে সরে এসে সরকারের বিভিন্ন রকম পরিকল্পনায় সরকার তাদেরকে সাহায্য করছেন সেটাতে তারা সংসার পরিচালনা করতে সক্ষম হয়েছেন। আজকে আমি যদি বলি, আপনারা হয়তো জানেন কি জানেন না, অনেকেই হয়তো জানেন, অনেকেই হয়তো জানেন না, আমার এরিয়াতে পুরুলিয়া জেলায় আমাদের চিফ হুইপ

গিয়েছিলেন সেখানে, সেটা দেখেও এসেছেন। সেখানে প্রায় ৮০টি পরিবার রাত্রে হয়তো রাস্তায় থাকত, তারা চুরি-ছিনতাই করত, তারা জঙ্গলে মধু খেত, কিন্তু দিনের বেলায় তারা জঙ্গলে যেত। এই সরকার আসার পর মাননীয়া মুখ্যমন্ত্রী এমনভাবে তাদের বাসস্থানের জায়গা করে দিয়েছেন ৫ কাঠা করে জমি দিয়ে তাদের গীতাঞ্জলি বাড়ি তৈরি করে দিয়ে, তাদের আই.সি.ডি.এস. তৈরি করে দিয়ে, তাদের সেখানে প্রাইমারি স্কুল তৈরি করে দিয়ে, তাদের রাস্তাঘাট তৈরি করে দিয়ে তাদের বাঁচার, আশার আলো দেখিয়ে তারা আজকে গ্রামে বাস করছেন। এই হচ্ছে আমাদের সরকার, পরিবর্তনের সরকার এই কাজ করে গেছে।

[5.50—6.00 p.m.]

বিগত সরকারের আমলে আমরা সকলে দেখেছি মানুষ খেতে পেত না। জঙ্গলমহলের মানুষ পিঁপড়ের ডিম খেয়ে বসবাস করত। আজকে জঙ্গলমহলে ঢালাও উন্নয়ন হচ্ছে বিভিন্নভাবে। আপনারা সত্যি কথা বলছেন না, বিরোধিতা করাই আপনাদের কাজ, সেইভাবেই আপনারা বিরোধিতা করছেন। কারণ এই সরকার কর্মসংস্থানের রাস্তা তৈরি করছেন। আপনারা জানেন এই যে পুকুর খননের কথা বলছেন, যে কথা ছিল পাঁচ বছরে ৫০ হাজার পুকুর খনন করব। সেখানে এক লক্ষ আঠেরো হাজার তিন বছরে প্রায় শেষ হয়েছে। আমরা চাক্ষুষে দেখছি এই সময় আপনারা পুরুলিয়া জেলায় খোঁজ নিয়ে দেখবেন একশোটি চেকড্যাম, একশোটি পুকুর, যেখানে চল্লিশ লক্ষ টাকা থেকে আড়াই কোটি টাকা পর্যন্ত, সেইসব পুকুর এবং চেকড্যামে কাজ হচ্ছে। আপনারা বলছেন কোথাও কাজ হচ্ছে না। অতএব বিভিন্নভাবে আপনারা বিরোধিতা করার চেষ্টা করছেন। যাই হোক, এই যে আপনারা দেখছেন 'কন্যাশ্রী' প্রকল্প মাননীয়া মুখ্যমন্ত্রী নিয়েছেন, যে কন্যাশ্রী থেকে মেয়েরা অনেক বেনিফিট পাচ্ছে। আজকে তারা আশার আলো দেখতে পাচ্ছে। আজকে মেয়েরা শিক্ষার জায়গায় পৌঁছতে পারছে। আজকে ৫০০ টাকা থেকে ৭৫০ টাকা তাদের দেওয়া হচ্ছে। অত্যন্ত গরিব বাড়ির মেয়েরা, দিনমজুরি, দিন খাওয়া, টাকার অভাবে লেখাপড়ার জন্য স্কুলে পাঠাতে পারত না, তাদের স্কুলের রাস্তা দেখানো হয়েছে। তোমরা স্কুলে যাও। আঠেরো বছর বয়স হলে, যখন তারা মাধ্যমিক দিচ্ছে বা দেবে তখন তাদের অ্যাকাউন্টে পঁচিশ হাজার টাকা ঢুকে যাচ্ছে। এটা আপনারা সকলেই জানেন। তবু আপনাদের বিরোধিতা করা কাজ, বিরোধিতা করে যেতেই হবে। আজকে পাঁচ লক্ষ সাইকেল বিতরণ হয়েছে। গত '১৩-১৪-তে পড়াশোনায় যে ছাত্রীদের তাতে একটা উৎসাহ আমরা দেখেছি, তারা সেই সাইকেলে চেপে স্কুলে যাচ্ছে। গত ১৪-১৫ যে চল্লিশ লক্ষ সাইকেল বিতরণ হবে, তাতে লেখাপড়ার হার, শিক্ষার হার অনেকটাই বেড়ে যাবে। এটা আমরা আশা রাখি। বিগত দিনে এইসব ছেলে-মেয়েরা স্কুলে যেত না। মেয়েদেরকে ক্লাস ফোর, ফাইভ পর্যন্ত পড়িয়ে অভিভাবকরা বাড়িতে বসিয়ে রাখতেন। এই সময়ে মেয়েরা শিক্ষার আলো দেখতে পেয়েছে। অতএব আপনারা বিভিন্নভাবে বিরোধিতা করে যাচ্ছেন। আপনারা যখন সরকারে ছিলেন তখন কিন্তু তেমন কিছুই করে যাননি। আমার এলাকায় যে আদ্রা টাউন পড়ে, আপনারা সকলেই জানেন, সেই আদ্রা টাউনে একটা জায়গায় মাত্র তিনজন অফিসার থাকত। চুরি, ডাকাতি, ছিনতাই সবসময় লেগে থাকত। এই সরকার আসার পর সেখানে থানা ঘোষণা

করে, এখন থানা শুরু হয়ে গেছে। সেখানে অফিসার বাড়ানো হয়েছে, স্টাফ বাড়ানো হয়েছে। আদ্রায় যে টোটাল পনেরোটি বুথ আছে, যেখানে প্রায় ত্রিশ হাজার মানুষ বসবাস করে, সেই আদ্রার জন্য বিগত দিনে আপনারা চিন্তা-ভাবনা করেননি। মাননীয় পৌরমন্ত্রী সেখান থেকে সমস্ত খবর নিয়েছেন, আগামী দিনে আদ্রা পৌরসভা হবে। এই আশা রেখে আমি এই বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নিরাপদ সর্দার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৭ তারিখে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, আমরা আজকে দু'দিন ধরে সেই বাজেট বিতর্কে অংশগ্রহণ করছি। এমন একটা সময়ে এই বাজেট বিতর্কে আমরা অংশগ্রহণ করছি, যে সময়ে আমরা যদি এই বিধানসভার বাইরের দিকে তাকাই, তাহলে আমরা দেখতে পাব যে গোটা রাজ্যে মহিলাদের উপর নির্যাতন দিনের পর দিন বেড়ে চলেছে। স্কুল, কলেজে সমস্ত জায়গায় আক্রমণ নেমেছে। কৃষক আত্মহত্যার পথ বেছে নিয়েছে। আলুর দাম না পেয়ে কৃষক আত্মহত্যার পথে চলে যাচ্ছে। ফসলের দাম না পেয়ে তারা এই পথ বেছে নিচ্ছে। এই রকম জায়গায় দাঁড়িয়ে আমরা আজকে এই বিধানসভার অভ্যন্তরে মাননীয় মন্ত্রী যে অসত্য এবং মিথ্যায় পরিপূর্ণ একটা বাজেট পেশ করেছেন, সেই বাজেটের উপর আলোচনায় অংশ নিয়েছি। স্যার, আমি বলতে গিয়ে বলছি যে বাজেটটা দেওয়া হয়েছে আমাদের কাছে ৬৮টি দপ্তরের যে টাকা বরাদ্দ করা হয়েছে, সেই ৬৮টি দপ্তরের মধ্যে আমরা দেখেছি যে ২৯টি দপ্তর, তাদের অপদার্থতার জন্য আমাদের রাজ্যের মানুষ সুযোগ থেকে বঞ্চিত হয়েছে। তাদের বরাদ্দকৃত টাকা তারা খরচ করতে পারেনি। সেই দপ্তরগুলো এবার নিশ্চয়ই টাকা পাবে এবং আগামীদিনে ভালো কাজ হবে। স্যার আমি বলতে চাই এই সময়ে দাঁড়িয়ে যে মাননীয় মুখ্যমন্ত্রী বলেছিলেন আমাদের রাজ্যে মাদ্রাসা তৈরি হবে, মুসলিম ছেলেমেয়েরা সেই মাদ্রাসায় পড়বে এবং তারা চাকরি পাবে। সেই ১০ হাজার মাদ্রাসার কি অবস্থা হয়েছে আমি জানতে চাই মাননীয় অর্থমন্ত্রীর কাছে। কেন আলাদা করে তার বাজেট বরাদ্দ করা হল না ? আমি জিজ্ঞাসা করি স্যার রাজারহাট নিউ টাউনে যে আলিয়া বিশ্ববিদ্যালয় তৈরি হয়েছিল, সেই আলিয়া বিশ্ববিদ্যালয়ে বামপন্থীরা মেডিকেল শিক্ষার ব্যবস্থা করেছিল। এই মা-মাটি-সরকার আসার পর সেই মেডিকেল ব্যবস্থা বাদ দিয়ে দিল। সাধারণ শিক্ষা চালু করেছে কেন ? আজকে আমাদের রাজ্যের ছেলেমেয়েরা এই সুযোগ থেকে বঞ্চিত হয়েছে। স্যার আপনি একটু বাজেটের দিকে লক্ষ রাখলে দেখবেন যে, মাল্টি সেক্টর ডেভলপমেন্ট স্কিমে কেন্দ্রীয় সরকার যে টাকা দিয়েছিল ১১১৭.২৬ কোটি টাকা। রাজ্যের বাজেট ছিল ২২৬ কোটি টাকা। এই মোট ছিল ১৩৪৩.২৬ কোটি টাকা। খরচ করেছে মাত্র—স্যার আমি অপদার্থ সরকার বলছি এই কারণে যে এই রকম পিছিয়ে পড়া মানুষ, তাদের যে বরাদ্দকৃত টাকা, সেই টাকার মাত্র ৮৫৪.৭৭ কোটি টাকা খরচা করেছে। অর্থাৎ এই অঙ্কটা এই রকম দাঁড়ায় যে রাজ্য সরকার যে বাজেট বরাদ্দ করেছিল, সেই বাজেটের শূন্য খরচ হয়েছে—এক পয়সাও খরচ করেনি এই সরকার। এই জায়গায় আমি দৃষ্টি আকর্ষণ করছি মাননীয় অর্থমন্ত্রী তার জবাব দেবেন। এই জায়গায় দাঁড়িয়ে আমরা দেখতে পাই তপশিলি জাতি-উপজাতিদের জন্য আজকে ১ লক্ষ ৩০ হাজার আদিবাসী, তাদের বার্ধক্যভাতা চালু করেছিল

তৎকালীন বামফ্রন্ট সরকার। সেই ১ লক্ষ ৩০ হাজার আস্তে আস্তে কমতে শুরু করেছে। একজনও মানুষ আজকে বাড়েনি, আর সেই আজকে ১ লক্ষ ৩০ হাজার বার্ধক্যভাতা প্রাপকদের তালিকা যেমন কমছে, তেমনি তাদের প্রাপ্য টাকা অনিশ্চিত হয়ে গেছে, তারা বার্ধক্যভাতা এখন পাচ্ছে না। এই জায়গায় দাঁড়িয়ে আমি বলতে চাই, গত বছরে মাননীয় মন্ত্রী আলাদা বরাদ্দ দেখিয়েছিলেন, এবারে কেন আলাদা করে বরাদ্দ দেখানো হল না। গত বছরে আমরা সেই বরাদ্দ চেপে ধরেছিলাম। মাত্র ৩ মাসের টাকা ধরে ৬ মাসের হিসাব দিয়েছিলেন। এই চাপ সৃষ্টির জন্যই কি এই বছরে আলাদা করে তিনি বরাদ্দ করেননি। আমি দৃষ্টি আকর্ষণ করলাম মাননীয় অর্থমন্ত্রীকে জবাব দেওয়ার জন্য। কাস্ট সার্টিফিকেটের কথা বলা হয়েছে এখানে। ২ লক্ষ ৭৪ হাজার কাস্ট সার্টিফিকেট দিয়েছে আদিবাসীদের। এই চার বছর ধরে হিসাব করে দেখেছেন আপনারা কত বিরক্ত করে বলেছেন, একবারও হিসাব করে দেখেছেন যে এক-একটা ব্লকে এক বছরে মাত্র ১৫টা করে কাস্ট সার্টিফিকেট ইস্যু করার মতন দক্ষতা বাড়িয়েছেন আপনাদের অফিসারদের। এক-একটা ব্লকে একজন থেকে ৪ জন পর্যন্ত অফিসার আছেন, তারা যে টাকা মাইনে পায় সেই তুলনায় তাদের কাজ কি দাঁড়িয়েছে। অথচ আপনারা এই বিধানসভায় এসে এটাকে বড়ো করে তোলার চেষ্টা করেছেন। মহিলাদের স্বশক্তিকরণ যোজনা—আদিবাসী মহিলাদের আর্থিক স্বয়ম্ভর করে তুলতে হবে—এই স্বপ্ন থেকে বামফ্রন্ট সরকার তখন চালু করেছিল। কেন আপনারা বন্ধ করে দিলেন ? টাকা তো দিত কেন্দ্র। আপনারা মাত্র ২৫ শতাংশ টাকা দিতেন অথচ রিকভারি ছিল ভালো। সেই প্রকল্প বন্ধ করে দিয়েছেন। অর্থাৎ আদিবাসী মেয়েরা যাতে স্বনির্ভর হয় সেটা আপনারা ভালোভাবে নিচ্ছেন না বলেই এই প্রকল্প আজকে বন্ধ হয়ে গেছে। আশ্রম হোস্টেল, হোস্টেল—রাজ্যের সমস্ত হোস্টেল বন্ধ। কেন বন্ধ—আপনারা ব্যাখ্যা দিয়েছেন একবার। একবার ভাবার চেষ্টা করেছেন যে কেন হোস্টেলগুলো বন্ধ। আজকে টাকা না দিলে আদিবাসী ছেলেমেয়েরা হোস্টেলে থাকতে পারবে না। কিন্তু বামফ্রন্ট সরকার যখন ছিল, তখন আগে হোস্টেলে থাকবে তারপরে হোস্টেলে গ্রান্ট পাঠিয়ে দেওয়া হত। হোস্টেলের গ্রান্ট নিয়েই তারা সেখানে পড়াশুনা করত। আজকের সরকার সিদ্ধান্ত করেছেন যে টাকা না দিলে তারা হোস্টেলে থাকতে পারবে না। তাই আজকে আস্তে আস্তে আদিবাসী ছেলে-মেয়েদের ড্রপ আউট বাড়ছে। তাই আজকে দিনের পর দিন সারা রাজ্যে আদিবাসীদের হোস্টেল বন্ধ হয়ে গেছে। এই জায়গায় দাঁড়িয়ে আমরা দেখতে পাচ্ছি যে, আদিবাসীদের যে সুযোগগুলো ছিল, নিয়োগ প্রক্রিয়াতেও তাদেরকে বঞ্চিত করা হচ্ছে। তাদের যে সুযোগ ছিল, তাদের যে রিজার্ভেশান ছিল, সেই রিজার্ভেশান থেকে তাদেরকে বঞ্চিত করা হচ্ছে। আমরা বারে বারে লক্ষ করছি এখানে এই পবিত্র সদনে আলোচনা হচ্ছে, আলোচনা করতে গিয়ে আমরা দেখতে পাচ্ছি আমাদের রাজ্য এগোচ্ছে, দ্রুত গতিতে এগোচ্ছে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি আজকে আমাদের রাজ্যে রাজ্য সরকার বাজেটে কর রাজস্ব আদায়ের ক্ষেত্রে যে বিষয়টা বলেছেন, আজকে ৫ হাজার কোটি টাকা ঘাটতি রয়েছে। বামফ্রন্ট সরকারের শেষ সময়ে ২০১০-১১ সালে কর আদায়ের বৃদ্ধির হার ছিল ২৫ শতাংশ। এই মা-মাটি-মানুষের সরকার আসার পর ২০১১-১২ সালে কর আদায়ের

বৃদ্ধির হার কমতে কমতে দাঁড়িয়েছে ১৮ শতাংশ। ২০১২-১৩ সালে প্রবেশ কর চালু করলেন আপনারা গায়ের জোরে। এখানে আমরা বিরোধিতা করেছিলাম, আমরা সবাই বামপন্থীরা বলেছিলাম এটা ঠিক করছেন না, বেআইনী করছেন। যার জোরে করলেন সেই বছরে আপনাদের রাজস্ব কর আদায়ের হার বৃদ্ধি হয়েছিল মাত্র ৩১.৬ শতাংশ। কিন্তু আপনারা দেখেছেন এ বছরে আপনারা মুখ থুপড়ে পড়েছেন।

[6.00—6.13 p.m.]

আজকে হাইকোর্ট রায় দিয়েছে এই জিনিস করা যায় না, তাই আজকে বন্ধ হয়ে গিয়েছে। তাই ২০১৩-১৪ সালে আমরা যখন দেখতে পাই কর আদায় বৃদ্ধির লক্ষ্যমাত্রা ১৯ শতাংশ থাকলেও, বাস্তবে কার্যকর হয়েছে ৯ শতাংশ। অর্থাৎ নামছেন আস্তে আস্তে করে। নামতে নামতে তলানিতে ঠেকছেন। ২০১৪-১৫ সালে কর আদায় বৃদ্ধির লক্ষ্যমাত্রা ১৬ শতাংশ থাকলেও মাত্র হয়েছে ১২ শতাংশ। এই জায়গায় দাঁড়িয়ে পরিষ্কার বোঝা যায় আপনারা শিল্প নিয়ে যত চিৎকার করুন না কেন, শিল্পতে নিয়োগ হচ্ছে না। শিল্প উৎপাদনে পিছোচ্ছে। এটা পরিষ্কার শিল্প যদি এগোতো তাহলে ভ্যাট কালেকশনে রিফ্লেকশান হত। শিল্প উৎপাদন কম হচ্ছে বলেই আজকে ভ্যাট কালেকশান কম হচ্ছে। খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধির হার বাড়িয়েছেন বলে আপনারা দাবি করছেন। কিন্তু কিসের ভিত্তিতে আপনারা দাবি করছেন ? কিসের ভিত্তিতে আপনারা এ কথা বলছেন। কে বা কারা ঠিক করে দিচ্ছে ? আমাদের দেশের এবং রাজ্যের নিয়ম অনুযায়ী কৃষি উৎপাদনের ক্ষেত্রে কৃষি দপ্তর, বন ও ভূমিরাজস্ব দপ্তর এবং আমাদের রাজ্যে ব্যুরো অফ অ্যাপলায়েড ইকোনমিক্স অ্যান্ড স্ট্যাটিসটিক্স যে বিশেষজ্ঞ টিম আছে, এই টিম ঠিক করে দেয় আমাদের রাজ্যে খাদ্য উৎপাদন বাড়ছে, না কমছে। আপনারা যেদিন থেকে ক্ষমতায় এসেছেন, আজকে তিন বছর হল এই ব্যবস্থাটা তুলে দিয়েছেন। তাহলে কে বা কারা ঠিক করছে ? কিভাবে বলছেন আপনারা খাদ্য উৎপাদন বাড়ছে ? অর্থাৎ আপনারা যেটা বলছেন সেটা যে সর্বৈব মিথ্যা, তা প্রমাণিত হয়ে যাচ্ছে। এই জায়গায় দাঁড়িয়ে আমি বলতে চাই আজকে ঋণ সম্পর্কে অনেক কথা বলার চেষ্টা করেছেন। বামফ্রন্ট সরকার যখন ছিল, শেষ সময় ১ লক্ষ ৯২ হাজার কোটি টাকা ঋণ আমাদের ছিল। সেখান থেকে বাড়তে বাড়তে আজকে ২ লক্ষ ৭৫ হাজার কোটি টাকাতে দাঁড়িয়েছে। দশ মাসে আপনারা দুবার ঋণ নিয়েছেন। দশ মাসে আপনারা ১৭ হাজার ৫০০ কোটি টাকা ঋণ নিয়েছেন। অর্থাৎ আমাদের কাছ থেকে যে সুদ বাবদ টাকা কাটছে সেটা তো যতদিন যাবে তত বাড়বে। অর্থাৎ আপনাদের এই অল্প সময়ের মধ্যে চার বছরে সাড়ে তিরাশি হাজার কোটি টাকা ঋণ নিয়েছেন। অর্থাৎ আপনার ঋণ যেমন বাড়বে, তেমনিভাবে আপনাকে সুদ দিতে হবে কেন্দ্রীয় সরকারকে। বামফ্রন্ট সরকারের সময় স্বল্প সঞ্চয় ছিল। স্বল্প সঞ্চয় থাকলে কেন্দ্র থেকে ৮০ শতাংশ ঋণ নিতে হবে, এটাই ছে দেশের আইন। রাজ্য সরকার যত বেশি স্বল্প সঞ্চয় করতে পারবে, তাকে তত বেশি ঋণ গ্রহণ করতে হবে। আমাদের সেই সময় ৭৯ হাজার কোটি টাকা ঋণ গ্রহণ করেছিল। আজকে আপনাদের কী দাঁড়িয়েছে ? বামফ্রন্ট সরকারের রেসিও অনুযায়ী আজকে বাৎসরিক ঋণ হচ্ছে ৪ হাজার কোটি টাকা। আপনাদের এই চার বছরের হিসেব যদি দেখা যায় তাহলে

আপনাদের বাৎসরিক ঋণের পরিমাণ হচ্ছে ২০ হাজার কোটি টাকা। কারা বেশি ঋণ করছে ? বামফ্রন্ট সরকার বেশি ঋণ করেছে, না আপনারা বেশি ঋণ করেছেন ? ঋণ করা অপরাধ নয়, আপনারাও এখন স্বীকার করছেন। কিন্তু ঋণের টাকা কোথায় যাচ্ছে ? উন্নয়নের খাতে খরচ হচ্ছে, না মেলা, উৎসবে খরচ করছেন—বিষয়টা আমি জিজ্ঞাসা করছি আপনাকে। স্বাস্থ্য দপ্তরের যা অবস্থা, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী তার দায়িত্বে আছেন। স্বাস্থ্যের বেহাল অবস্থা হয়ে দাঁড়িয়েছে। ২০১৩-১৪ সালে ক্যালেন্ডার তৈরি হল, সেই ক্যালেন্ডারে বলা হল ৩৪টি সুপার স্পেশালিটি হসপিটাল তৈরি হবে। তার কি হল আমি জবাব চাইছি। ৩০ লক্ষ গরিব পরিবারের রাষ্ট্রীয় স্বাস্থ্য বিমা যোজনার কি হল ? আমি জিজ্ঞাসা করছি আপনাকে কেন্দ্রীয় প্রকল্পে এস.এন.সি.ইউ., সি.সি.ইউ. এই যে গুরুত্বপূর্ণ ইউনিট, এখানে ১৯০ জন ডাক্তার নিয়োগ করা হয়েছিল, চুক্তির ভিত্তিতে ছিল। কম পয়সা দেওয়া হচ্ছিল বলে তারা পালিয়ে গেছে। চোর, গুন্ডা, বদমাশদের আক্রমণে তারা আজকে আর নেই। মাত্র ৭৫ জন আজকে হসপিটালে কাজ করে। ২৩১৫ জন ডাক্তার দরকার, ২৪৪৯ জন নার্স দরকার। বিজ্ঞাপন করা হল। নিয়োগপত্র দেওয়া হল। তারপর মাত্র ৮০ শতাংশ লোক জয়েন করল না। নিয়োগপত্র নেওয়ার পরেও ৮০ শতাংশ ডাক্তার নিয়োগ করা গেল না কেন, এর জবাব দিতে হবে আপনাদের। কি এমন পরিবেশ তৈরি হল আজকে ডাক্তাররা চাকরি করতে অনীহা প্রকাশ করছে ? এই জায়গায় দাঁড়িয়ে মুখ্যমন্ত্রীর সাধের ....(এই সময় মাইক অফ হয়ে যায়)

শ্রী স্বপন বাউড়ি: মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এই মহতী সদনে গত ২৭ তারিখে আমাদের মা-মাটি-মানুষের সরকারের সম্মানীয়া মুখ্যমন্ত্রী এবং তার সুযোগ্য মন্ত্রী সম্মানীয় ডঃ অমিত মিত্র মহাশয় এই সদনে যে ২০১৫-১৬ আর্থিক বছরের বাজেট পেশ করেছেন আমি তাকে পূর্ণ সমর্থন জানিয়ে এই বাজেট বিবৃতি সম্পর্কে কয়েকটি কথা তুলে ধরার চেষ্টা করছি মাত্র। আমি বিভিন্ন সম্মানীয় সদস্যদের বক্তব্য শুনছিলাম। বিশেষ করে বিরোধী সদস্যরা যেন শুধু বিরোধিতা করার জন্যই বিরোধিতা করছেন। তারা বলছেন এটা ভোটমুখী বাজেট, দিশাহীন বাজেট, এই বাজেটের কোনো অর্থ নেই। যে যে ভূষণে ভূষিত করা যায় করছেন। কিন্তু মাননীয় অর্থমন্ত্রীর এই বইটা খুলে দেখবেন এর ছত্রে ছত্রে উন্নয়নের কথা বলা হয়েছে, বলা আছে কিভাবে এই রাজ্যটা এগোবে। অবশ্য আপনারা সেটা দেখতে পাচ্ছেন না। আমরা গ্রাম বাংলায় যারা বাস করি তারা সকলেই এই বাজেটে খুশি, কেননা এই বাজেটে গ্রাম বাংলার মানুষের উন্নয়নের দিশা দেখানো আছে। ৪০ লক্ষ সাইকেলের কথা বলা আছে। গত বছর ৫ লক্ষ দেওয়া হয়েছিল, এই বছর বাড়িয়ে ৪০ লক্ষ করা হয়েছে শুধুমাত্র দুস্থ ছাত্র-ছাত্রীদের জন্য। স্কুলছুট আটকানোর জন্য এটা খুবই উপকারে আসবে। এইগুলো ওদের ভাবতে কষ্ট হচ্ছে। এই রাজ্যটাকে ওরা একেবারে নিঃস্ব করে, ছিবড়ে করে, ভিখিরি করে দিয়ে চলে গিয়েছিল। ভেবেছিল আর কেউ চালাতে পারবে না, আমরাই আবার এসে চালাব। এটাই ছিল ওদের উদ্দেশ্য। কিন্তু যখন মাননীয়া মুখ্যমন্ত্রী বাংলার মানুষের আশীর্বাদ নিয়ে এই রাজ্যটাকে ধরেছেন এবং সেই জায়গা থেকে তুলে এনেছেন, সেটা শুধু বাংলা নয়, ভারতবর্ষকে দিশা দেখাচ্ছে। সেই কথাই এই বাজেট বইয়ের

ছত্রে ছত্রে উল্লিখিত আছে। কাজ করার ইচ্ছা থাকলে, কাজ করার মানসিকতা থাকলে কোনো বাধাই যে বাধা নয়, সেটা দেখিয়ে দিয়েছেন আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী। আজকে বাংলার প্রতিটি ক্ষেত্রেই শুধু উন্নয়ন আর উন্নয়ন। আপনাদের অনেকে বলছেন কন্যাশ্রী ভালো, কেউ বলছেন ভালো না। একটু আগেই একজন বিধায়ক বললেন কন্যাশ্রী পছন্দ করি না, ঘৃণা করি। যে কন্যাশ্রী আজকে সারা বিশ্বে সমাদৃত, সেই কন্যাশ্রীকে একজন মহিলা হয়ে আপনি কিভাবে বলছেন পছন্দ করেন না, সেটা ভাবতে অবাক লাগছে। আপনারা আজকে কোনো উন্নয়নই চোখে দেখতে পারছেন না। কেননা, কোনও দিকে চলে না গাড়ি, চারিদিকে পুলিশের গাড়ি। আজকে উত্তরবঙ্গে উন্নয়নের বন্যা বইছে। সুন্দরবনের বিধায়ক বললেন শুধু ৩৪ বছর নয়, স্বাধীনতার পর কেউ ভাবেনি যে সুন্দরবনের উন্নয়ন করা যায়। আজকে সেই কাজই হচ্ছে, সুন্দরবনের উন্নয়ন হচ্ছে। আগে জঙ্গলমহলে কোনো উন্নয়ন ছিল না। সেখানে গিয়ে দেখবেন আজকে কী ভাবে উন্নয়ন হচ্ছে, মাননীয় মুখ্যমন্ত্রী কোন জায়গায় নিয়ে এসেছেন জঙ্গলমহলকে। এটা শুধু কথার কথা নয়, আমরা এটা জোর গলায় সাড়ে তিন বছরে বলতে চাই আপনারা দেখতে পাচ্ছেন না। উন্নয়নের ফলে আজকে বাংলাটা কোন জায়গায় গেছে। অনেকেই স্বীকার করছেন এই কথা আবার অনেকেই করছেন না। এত দেনা থাকা সত্ত্বেও আজকে বাংলাকে যেভাবে এগিয়ে নিয়ে যাওয়া হচ্ছে তাতে বাংলার মানুষ মমতা ব্যানার্জীকে স্যালুট জানাচ্ছে আর তার যোগ্য উত্তরসূরী হিসাবে আমাদের অর্থমন্ত্রীকে আমরা ধন্যবাদ জ্ঞাপন করি যে তিনিও সমান যোগ্যতায় আজকে বাংলার উন্নয়নে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছেন। অনেক বাঁকুড়ার এম.এল.এ.-রা রাস্তাঘাট হয়নি বলে চিৎকার করছেন। আমি ওনাদের নিয়ে গিয়ে দেখাতে চাই বাঁকুড়ার প্রত্যন্ত এলাকাতে যেভাবে রাস্তা হয়েছে আপনাদের দেখতে হবে আপনাদের বলতে হবে যে উন্নয়ন হয়েছে বিরোধিতা করার জন্য বিরোধিতা করলে চলবে না। দেখতে হবে যে উন্নয়নটা হয়েছে বাঁকুড়া জেলা যে রুক্ষ এলাকা যেখানে স্বপ্নেও কোনোদিন জল প্রকল্পের কথা ভাবা যায়নি আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী এই সাড়ে তিন বছরের মধ্যে একটা বিশাল প্রোজেক্ট বাঁকুড়াতে একটা জলপ্রকল্প এনে দিয়েছেন। আজকে ঘরে ঘরে জল পাবে। এটা আমদের মাননীয় মুখ্যমন্ত্রী দেখিয়ে দিয়েছেন। এটা আমাদের একটা বিশাল গর্বের বিষয়। জল ধরো জল ভরো প্রকল্পে আমি আমার এলাকাতে বলব স্যার, প্রচুর পরিমাণে পুকুর কাটা হচ্ছে। আমাদের মন্ত্রীরা যোগ্যভাবে সবাই আজকে সমান তালে সেই কাজগুলি করে যাচ্ছে। আজকে তাই বাংলার প্রত্যেকটা জায়গাতে উন্নয়ন দেখা যাচ্ছে। কোন জায়গাতে আপনি যাবেন। যে কোনো দিক দিয়ে বলুন উন্নয়ন সত্যি হচ্ছে। আজকে টিভি দেখে ভোট হয় না। গ্রামের মানুষ সংবাদপত্র পড়ে না। গ্রামবাংলার মানুষ উন্নয়ন দেখে। গ্রামবাংলার মানুষ কাজ দেখে, এলাকার উন্নতি দেখে। তাই তো আজকে গ্রামবাংলার মানুষের কাছে মমতা ব্যানার্জী নয়নের মণি। যতই বিরোধিতা করুক, যতই বিরোধিতা আসক না, আমাদের মুখ্যমন্ত্রী এগিয়ে চলেছেন, এগিয়ে চলবেন, একটা কথা আমি বলি এই বাজেটকে সমর্থন করে এত কুৎসা, এত লাঞ্ছনা, এত বঞ্চনার ফল, এত কুৎসার ঢেউ তা সত্ত্বেও আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী যেভাবে এগিয়ে চলেছেন তিনি একাই একশো। তাকে রুখতে পারবে না কেউ। ধন্যবাদ স্যার।

Mr. Speaker : Hon'ble Members, the House will sit tomorrow at 10 a.m.. There will be no new Calling Attention, Mention and Zero Hour on that day. The House stands adjourned.

Adjournment

The House was adjourned at 6.13 p.m. till 10 a.m. on Tuesday, the 3rd March, 2015 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Tuesday, the 3rd March, 2015 at 10.00 a.m.

PRESENT

Mr. Speaker (**SHRI BIMAN BANERJEE**) in the Chair, 32 Ministers, 08 Ministers of State, 20 Parliamentary Secretaries and 188 Members.

[10.00–10.10 a.m.]

Starred Questions
(to which oral answers were given)

রাজ্য কর্ম বিনিয়োগ কেন্দ্র

*৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৬) **শ্রী রামেশ্বর দলুই** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৪ সাপেক্ষে রাজ্যের কর্ম বিনিয়োগ কেন্দ্রে কতজন বেকার যুবক-যুবতী নাম নথিভুক্ত করেছেন ; এবং

(খ) তন্মধ্যে ২০১৪-২০১৫ অর্থবর্ষে উক্ত সময় সাপেক্ষে কতজন ওই কেন্দ্রের মাধ্যমে চাকুরি পেয়েছেন (দপ্তরভিত্তিক তথ্যসহ) ?

শ্রী মলয় ঘটক : (ক) ৩১শে ডিসেম্বর দু হাজার চোদ্দ সাপেক্ষে উত্তর নথিভুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা হল ৭৭,২৯,১১৩ জন। এর মধ্যে নথিভুক্ত মহিলা কর্মপ্রার্থীর সংখ্যা হল ২৪,২৩,৪৮৬ জন।

(খ) আপনাকে প্রথমেই জানাই যে যেহেতু কমপালসারি নোটিফিকেশন অফ ভেকেন্সিস অ্যাক্ট হয়ে গেছে যার জন্য এখন কর্মসংস্থান ছাড়াও ব্যাপকভাবে পাবলিসিটি করতে হয়। এবং কতজন চাকরি পাচ্ছে সেই হিসাব কর্মসংস্থান পর্যন্ত আসে না। কিন্তু আমাদের রেকর্ডে যা আছে, ৩১শে ডিসেম্বর দু হাজার চোদ্দ পর্যন্ত কর্মসংস্থান কেন্দ্রগুলির মাধ্যমে ওই এক বছরে ৩৬ জন চাকরি পেয়েছেন।

শ্রী রামেশ্বর দলুই : স্যার, আপনার মাধ্যমে অতিরিক্ত প্রশ্ন—এখন দুটো জায়গা আছে। একটা হচ্ছে এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক, আর একটা হচ্ছে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ। কংগ্রেসের আমলে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ তৈরি হয়েছিল। বামফ্রন্টের আমলে আর একটু তলা পর্যন্ত। ব্লক স্তরে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ ছিল। মহকুমা স্তরেও ছিল। এখন তো মা মাটি মানুষের

সরকার। আমি জানতে চাইছি যে এগারো সাল থেকে এখন পর্যন্ত এই সময়কালে এক্সচেঞ্জে নাম নথিভুক্তের সংখ্যা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে কি ? এবং চাকরি কতজন পেয়েছেন এগারো সাল থেকে এই পর্যন্ত। দু হাজার এগারো থেকে এখন পর্যন্ত কতজনের নাম এক্সচেঞ্জগুলিতে নথিভুক্ত হয়েছে।

শ্রী মলয় ঘটক : আমার কাছে টোটাল যে নাম নথিভুক্ত হয়েছে সেই সংখ্যাটা আছে, আপনাকে পড়ে দিলাম। এবং জেলা ওয়াইজ আছে। কিন্তু ওই চার বছরের যদি আলাদা করে চান তাহলে নিশ্চয় আমার দপ্তরে থাকবে, আপনাকে আমি ওটা চিঠি মারফত জানিয়ে দেব।

শ্রী রামেশ্বর দলুই : আমার শেষ অতিরিক্ত প্রশ্ন—এটা কি সত্য যে চাকরি না পেয়ে দলে দলে ছেলেমেয়েরা ভিনরাজ্যে চলে যাচ্ছে। এই ব্যাপারে আমাদের অবগত করুন।

শ্রী মলয় ঘটক : দেখুন বিগত সরকারের সময়ে এই ধরনের অবস্থা ছিল। কিন্তু মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরে পুরো চিত্রটা কিন্তু উল্টো হয়ে গেছে। এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক আমাদের মাননীয়া নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় প্রতিষ্ঠা করেছেন। এমপ্লয়মেন্ট ব্যাঙ্কের মাধ্যমে ব্যাপক হারে চাকরি ছেলেরা পাচ্ছে এবং এক লক্ষ বেকারকে যুবশ্রী প্রকল্পের মাধ্যমে দেড় হাজার টাকা করে ভাতা দেওয়া হচ্ছে। এবং এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক যেহেতু হয়েছে, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের ৩৬ শুনে আপনারা হয়তো হতাশ হলেন। কিন্তু এমপ্লয়মেন্ট ব্যাঙ্কের মাধ্যমে চাকরির সংখ্যা অনেক বেশি।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ্ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মন্ত্রী মহাশয় তৈরি না হয়ে বিবৃতি দিচ্ছেন। যা বলছেন, তার সঙ্গে কোনো সামঞ্জস্য নেই। আমার প্রশ্ন হচ্ছে, উনি বলেছেন ৭৭ লক্ষ ২৯ হাজার ১১৩ জনের নাম নথিভুক্ত আছে। তার মধ্যে কর্মসংস্থান হয়েছে ১৩৬ জন। তার পাশাপাশি একটা কথা বলার চেষ্টা করেছেন, বিভিন্ন অ্যাডভার্টাইজমেন্ট, নেট ইত্যাদিতে ঘোষণা করেন, তারপরে চাকরি হয়। কিন্তু নিয়ম হচ্ছে, যাই হোক না কেন বিষয়টা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে জানাতে হয় যে, এরা চাকরি পেয়েছে। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ তাদের নামগুলো নথিভুক্ত করে। এই ব্যাপারে মন্ত্রী যে তথ্য দিলেন, সেই তথ্য ঠিক নয়। আপনি বলুন, যারা বাইরে বিভিন্ন ভাবে কাজ পেয়েছে, তাদের সংখ্যা কত ?

শ্রী মলয় ঘটক : দেখুন, তাদের সংখ্যাটা বলা কোনো দিনই সম্ভব নয়। তবে আমাদের রাজ্য সরকারেই গত চার বছরে লক্ষ লক্ষ ছেলে চাকরি পেয়েছে এবং যেটা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে তার রিফ্লেক্শন্ হয়নি। কারণ, কম্পালসারি নোটিফিকেশন অ্যাক্ট অনুযায়ী প্রত্যেকটা এমপ্লয়মেন্টের নোটিফিকেশন হয়েছে, পেপারে ছাপানো হয়েছে, সেই খবরের কাগজ দেখে তারা অ্যাপ্লাই করেছে এবং চাকরি পেয়েছে।

শ্রী সমরেশ দাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় শ্রমমন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আমাদের রাজ্যে কর্ম বিনিয়োগ কেন্দ্র ছাড়া এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক আছে। আপনি

যদি অনুগ্রহ করে গত ২০১১-১২ থেকে অদ্যাবধি এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক থেকে কত মানুষের চাকরি হয়েছে, সেটা যদি জানান তাহলে অনুগৃহীত হব।

শ্রী মলয় ঘটক : স্যার, এই ব্যাপারে আজকেই—কোয়েশ্চেন নাম্বার ৪ এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক নিয়ে আছে। যাইহোক, স্যার, আমি ওঁনার প্রশ্নের উত্তরে জানাই, এমপ্লয়মেন্ট ব্যাঙ্কের মাধ্যমে আমাদের কাছে যেটুকু খবর এখনো পর্যন্ত আছে, তাতে ১ হাজার ৪৩ জনের চাকরি হয়েছে এবং যে সমস্ত সরকারি দপ্তরে চাকরিগুলি হয়েছে, আমরা সেই সেই দপ্তরে চিঠি লিখেছি এবং সেখান থেকে আমরা ডাটা কালেক্ট করছি যে, যারা চাকরি পেয়েছে, তাদের মধ্যে এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নাম আছে, এই সংখ্যাটা কত ? আমার মনে হয় এটা অনেক বেশি বেড়ে যাবে।

শ্রী মহঃ সোহরাব : স্যার, মাননীয় মন্ত্রীকে একটা প্রশ্ন করতে চাই, মাননীয় মন্ত্রী বললেন, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে ৩৬, আর এমপ্লয়মেন্ট থেকে ১ হাজার সামথিং। তাহলে বাকি যে বললেন, লক্ষ লক্ষ—এগুলো কি সিভিক পুলিশ বা অন্য যেগুলো আছে, সেগুলোকে ধরে লক্ষ, লক্ষ ধরা হচ্ছে ?

শ্রী মলয় ঘটক : দেখুন, সিভিক পুলিশের কথা আমি বলছি না। আমাদের রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে যে সমস্ত চাকরি হয়েছে, তাদের নামও এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক বা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নিশ্চয়ই আছে। কিন্তু যেহেতু কম্পালসারি নোটিফিকেশন অ্যাক্ট অনুযায়ী আজকাল এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক থেকে নাম চাইলেও বাইরের লক্ষ লক্ষ ছেলে অ্যাপ্লাই করতে পারে এবং সেখানে এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নাম থাকুক বা না থাকুক, তারা সেখানে এলিজেব্‌ল। পরীক্ষা দিতে পারে এবং তারা চাকরি পেতে পারে। তারজন্য এই যে চাকরিটা হচ্ছে তাদের এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক বা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম থাকলেও আমরা সেটা জানতে পারছি না যে, এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক বা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে তারা চাকরিটা পেল কিনা। সেটা আমরা সরকারি দপ্তরে ইতিমধ্যে চিঠি করেছি এবং সরকারি দপ্তরে যে সমস্ত পার্মানেন্ট চাকরি হয়েছে, সেগুলো এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক এবং এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নিশ্চয়ই থাকবে এবং এই সংখ্যাটা অনেক অনেক গুণ বেড়ে যাবে, সেটা আমি আগের প্রশ্নের উত্তরে জানালাম।

[10.10-10.20 a.m.]

শ্রী আনিসুর রহমান : স্যার, মাননীয় মন্ত্রী সভাকে খুব বিভ্রান্ত করছেন, এটা খুবই অস্পষ্টতা বাড়বে। প্রথমত আপনি ঠিক বললেন যে, এখন কমপালসারি নোটিফিকেশান হয়ে গেছে, অতএব এক্সচেঞ্জ থেকে চাকরি হওয়ার ব্যাপার আর নাই, ঠিক বলেছেন। দ্বিতীয়বারে বললেন যে এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক থেকে প্রচুর চাকরি হয়েছে। সেটা কি করে ঠিক করলেন ? স্যার, আমার প্রশ্ন হচ্ছে একই সঙ্গে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ এবং একই সঙ্গে এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক থাকা উচিত কি না ?

শ্রী মলয় ঘটক : দেখুন, এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক এবং এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ এই দুটো একই সঙ্গে থাকা উচিত কিনা, এটা একটা পলিসি ডিসিশান গভর্নমেন্টের। সুতরাং আমি

এখানে তার উত্তর দিতে পারি না। দ্বিতীয়ত, আমি আপনাকে জানাই যে এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে জব প্রোভাইডার্স এনরোল্ড করা আছে। অর্থাৎ কিছু কিছু কোম্পানি যারা এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক থেকে চয়েস্ করে ছেলেদেরকে ডেকে নেয়। এই জব প্রোভাইডার্সদের সংখ্যা হচ্ছে ৩১৫। এখনও পর্যন্ত ৩১৫টা জব প্রোডাভাইডার্স আছেন, তারা যখনই ডাকে এবং চাকরি হয়, তখনই সেটা আমরা জানতে পারি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে যে কার্ড লেখান, সেই কার্ড লিখে যাওয়ার পরে বহু মানুষ আছেন যারা চাকরি পেয়ে যান কিন্তু এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে জানান না। ফলে বহু মানুষ আছেন, লক্ষ লক্ষ মানুষ আছেন যারা হয়তো এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে যাওয়ার ইন্টারেস্টই দেখান না। স্বাভাবিকভাবেই তখন সরকারকে বাধ্য হতে হয়েছিল—এমন বহু লক্ষ লক্ষ মানুষ আছে যারা চাকরি পাচ্ছে না। তারা যনি নাম লেখায়, তাদের একটা অ্যালাউন্সও দেওয়া হবে এবং এই যে ৩১৫ জন এমপ্লয়মেন্ট প্রোভাইডার আছেন, তাদের মাধ্যমে চাকরি দেওয়া যাবে। আমি আমাদের শ্রমমন্ত্রীর কাছে জানতে চাইছি এই যে এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক, এই যে এমপ্লয়মেন্ট ব্যাঙ্কের মাধ্যমে যারা চাকরি পাচ্ছেন, তাদের তালিকা কি আপনি রাখছেন ? যাতে তারা দু জায়গায় এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে এবং এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে দুটো সুবিধা না পায়।

শ্রী মলয় ঘটক : স্যার, আমি মাননীয় সদস্য শোভনদেব চট্টোপাধ্যায়ের প্রশ্নের উত্তরে জানাই যে এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে ইতিমধ্যেই ২৪ লক্ষ ৩২ হাজার ৩৮৬ জন নাম নথিভুক্ত করেছেন, যার মধ্যে ভ্যালিডেটেড হয়েছে ১৭ লক্ষ ৯৩ হাজার ৫৬৮ জন। নন ভ্যালিডেটেড হয়েছেন ৬ লক্ষ ৩৮ হাজার জন এবং এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে জব প্রোভাইডার্স আছেন অর্থাৎ বিভিন্ন কোম্পানির সাথে টাইআপ করা আছে, যাদের যদি কোনো লোকের দরকার হয়, তাহলে এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে কম্পিউটারে তাদের নাম এবং কোয়ালিফিকেশান সমস্ত কিছু দেওয়া আছে, সেই অনুযায়ী তারা ডেকে নেন। এই ৩১৫ জনের মধ্যে এই যে প্রাইভেট এজেন্সি আছে ১৩৪টা, তারাও এদের জবের জন্য চেষ্টা করে, এবং ইতিমধ্যে ১০৪৩ জন আমাদের রেকর্ডে চাকরি পেয়ে গেছেন। কিন্তু এই সংখ্যাটা আরও বেশি বেড়ে যাবে, আমি বার বার যে কথা বলছি স্যার, যে, এখন যে আইন হয়ে গিয়েছে কমপালসারি নোটিফিকেশান অফ্ ভেকেন্সীস্ অ্যাক্ট, সেই অনুযায়ী এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ এবং এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক থেকে নাম নেওয়া ছাড়াও খবরের কাগজে অ্যাডভার্টাইজমেন্ট করতে হয় এবং সেই অ্যাডভার্টাইজমেন্ট অনুযায়ী তারাও সেই পরীক্ষাতে বা ইন্টারভিউতে বসতে পারেন। এবং যে চাকরিটা হয় তাতে তাদের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ এবং এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নাম লেখা না থাকলেও তারা চাকরি পাবার যোগ্য। নাম যদি লেখাও থাকে তারা যে চাকরিটা পাচ্ছেন সেই ফিড ব্যাকটা আমাদের কাছে ফেরত আসার কোনো scope নেই। কিন্তু সরকারি ক্ষেত্রে বিভিন্ন দপ্তরে যে চাকরিগুলো হয়েছে, আমরা ইতিমধ্যে বিভিন্ন দপ্তরকে সার্কুলার দিয়ে জানিয়েছি যে, তাদের ডিটেল্স দিতে যাতে আমরা এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক এবং এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের থেকে সেই নামগুলোকে আইডেনটিফাই করে আমরা সেই সংখ্যাটা ঠিক করতে পারি। এবং সংখ্যাটা যদি আমরা পেয়ে যাই তাহলে এই সংখ্যাটা আমরা আশা করি কয়েক লক্ষ পেরিয়ে যাবে।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। অবসরপ্রাপ্ত কর্মী এবং আধিকারিকদের বিভিন্ন দপ্তরে পুনর্নিয়োগ হয়েছে। এই অবসরপ্রাপ্ত কর্মীদের পুনর্নিয়োগের সংখ্যা কত এবং অবসরপ্রাপ্ত আধিকারিকদের পুনর্নিয়োগের সংখ্যা কত kindly একটু জানাবেন।

মিঃ স্পীকার : এটা মূল প্রশ্নের সাথে related নয়। আপনি এই প্রশ্নটা করবেন না কারণ এটা মূল প্রশ্নের সঙ্গে related নয়।

শ্রী মলয় ঘটক : স্যার, আমি বলি এটা মূল প্রশ্ন ছাড়া আমাদের দপ্তরের সাথেও related নয়।

শ্রী নেপাল মাহাত : অনারেবল স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে একটা অতিরিক্ত প্রশ্ন করতে চাই। স্যার, আমরা জানি বিশেষ করে আমাদের এলাকাতে এবং আরও অনেক জায়গায় ঘুরে আমি দেখেছি অনেক কম বয়সী ছেলেরা বাইরে বিভিন্ন জায়গায় কাজে যাচ্ছে। বিভিন্ন কাজেই তারা যায় এবং যাওয়ার পরে সেখানে অনেক জায়গায় অ্যাক্সিডেন্ট হয়ে মারাও যাচ্ছে। তাদের আইডেন্টিফিকেশান এবং তাদের নিয়ে আসা বহু ঝামেলা এই ব্যাপারে। এই বিষয় একটা কোনও সিস্টেম নেই যে কে কোথায় গেল কি ব্যাপার। মাননীয় মন্ত্রীর কাছে আমার স্পেসিফিক অতিরিক্ত প্রশ্ন, বিশেষ করে যে এরিয়া থেকে এই সব ছেলেমেয়েরা বাইরে কাজ করতে যাচ্ছে তাদের লেবার ডিপার্টমেন্ট থেকে কোনও রেকর্ড রাখার বা যাচ্ছে তার একটা রেকর্ড করে রাখা এই ধরনের কোনো ব্যবস্থার কথা আপনি চিন্তাভাবনা করছেন কি ? এটা কিন্তু খুব জরুরি।

শ্রী মলয় ঘটক : স্যার, উনি যে প্রশ্ন করলেন সেটা আমার মনে হয় প্রায় অবাস্তব প্রশ্ন। কারণ কোনো একটা জায়গা থেকে ৫ জন বা ১০ জন বেকার যদি তাদের নিজের ইচ্ছাতে ভারতবর্ষের অন্য রাজ্যে চাকরি করতে যান সেই রেকর্ড যতক্ষণ না তারা আমাদেরকে জানাচ্ছেন ততক্ষণ পর্যন্ত সেটা জানা সম্ভব নয়।

শ্রী অজয় দে : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার একটি প্রশ্ন। আপনি এখানে বলেছেন যে দুটো জায়গায় এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ এবং ব্যাঙ্কের রেজিস্টার্ড বেকারের সংখ্যা প্রায় ২৪ লক্ষ এবং তার মধ্যে ভ্যালিডিটি রয়েছে প্রায় ১৭ লক্ষ ৯৩ হাজার। আপনি বলেওছেন যে কতকগুলো এমপ্লয়েড হয়েছে। আমার প্রশ্ন সরকারের একটা যে অ্যালাউন্স দেওয়া যে ভাতা, এটা তো দেওয়া নিশ্চিতভাবেই আছে। এটা কত সংখ্যক মানুষকে এখন পর্যন্ত বেকার ভাতা বা অ্যালাউন্সটা দিচ্ছেন এবং সেটা কত পরিমাণ যদি একটু বলেন।

মিঃ স্পীকার : ৪নং প্রশ্নেই আছে এটা আপনি বলে দিন উত্তরটা দিয়ে দিন।

শ্রী মলয় ঘটক : স্যার, আপনার মাধ্যমে মাননীয় সদস্য শ্রী অজয় দে-কে তার প্রশ্নের উত্তরে জানাই যে, এখনও পর্যন্ত সরকার ৯৯ হাজার ৪২৬ জনকে এই ভাতা দিচ্ছে এবং বাজেটারি প্রভিশান ছিল ৯৮ কোটি। কিন্তু আমাদের লেগেছে ৭৪ কোটি ০৮ লক্ষ।

জলের গুণমান নির্ধারণ

*৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭০) **শ্রী কল্লোল খাঁ :** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

জলের গুণমান পরীক্ষা ও রাসায়নিক বিশ্লেষণকরণে রাজ্যে কী ধরনের ব্যবস্থা বর্তমান ?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই, ভূগর্ভস্থ জলের গুণমান সংক্রান্ত গতিপ্রকৃতির উপর নজর রাখার জন্য বছরে দুবার (নভেম্বর/এপ্রিল) চালু স্থায়ী জল পরিমাপক কেন্দ্র অথবা প্রায় সমান গভীরতা সম্পন্ন নিকটবর্তী কূপগুলি থেকে কালপর্বভিত্তিক জলের নমুনা সংগ্রহের ও বিশ্লেষণের ব্যবস্থা রয়েছে। এইসব তথ্যগুলি সুপরিকল্পিত ভাবে বিশ্লেষণ করা হয় এবং বিভিন্ন সময়ে কালপর্বভিত্তিক প্রতিবেদন প্রস্তুত করে সংশ্লিষ্ট ব্যবহারকারিদের জানানো হয়।

ভূগর্ভস্থ জলস্তরের অবনমন ছাড়াও রাজ্যে স্থানীয়ভাবে কোনো কোনো অঞ্চলে ভূগর্ভস্থ জলে আর্সেনিক ও ফ্লুরাইডের মাত্রাধিক্য পরিলক্ষিত হয়েছে। প্রাথমিক পরিদর্শনের ভিত্তিতে ৮১টি ব্লককে চিহ্নিত করা গেছে যেখানে স্থাপিত নলকূপের জলে আর্সেনিকের সহন মাত্রা (০.০১ মি.গ্রা./লিটার) অতিক্রান্ত হয়েছে। অনুরূপে রাজ্যের ৪৯টি ব্লকে ফ্লুরাইডের মাত্রাধিক্য (১.৫ মি.গ্রা./লিটার) লক্ষিত হয়েছে।

বিশ্বব্যাঙ্কের সহায়তাপ্রাপ্ত পশ্চিমবঙ্গে, ত্বরান্বিত ক্ষুদ্রসেচ উন্নয়ন প্রকল্পের অর্থানুকূল্যে, রাজ্য জল অনুসন্ধান অধিকার নিয়ন্ত্রিত এবং সল্টলেকে সেচভবনে তৃতীয়তলে অবস্থিত কেন্দ্রীয় রসায়ন ও জলবিজ্ঞান গবেষণাগারটির উচ্চতর পর্যায়ে উন্নতিকরণ সম্পূর্ণ হয়েছে। রাজ্যস্তরে সব রসায়নাগারের জন্য প্রথম পর্যায়ের উন্নতিকরণ প্রায় সমাপ্ত (সংযোজিত কিটতালিকা)। আরো উন্নত ব্যবস্থাকরণের উদ্দেশ্যে এইচ পি ৩ প্রকল্পে আধুনিক যন্ত্রাংশ নেবার পরিকল্পনা আছে।

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য যে, জলের গুণগত মান এবং জলতলের অবস্থান অনুযায়ী রাজ্যের বিভিন্ন ব্লক এবং কলকাতা শহরের প্রকৃত তথ্য কি অবস্থায় আছে সেটা একটু জানাবেন।

[10.20–10.30 a.m.]

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : শ্রদ্ধেয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে সম্মানীয় কল্লোল খাঁ মহোদয় যে প্রশ্ন করেছেন, তার উত্তরে বলি, সত্যি সত্যি আজকে যে প্রশ্নটি এসেছে এতদিনের বিধানসভায় আমার দপ্তরে একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন। কারণ ইতিমধ্যে অনেক কিছু আলোচনা হয়েছে কি ধরনের কাজ করি। কিন্তু SWID বলে একটি দপ্তর আছে যেখানে জলের গুণগত মান যেটা সমস্ত যারা ইরিগেশানের সঙ্গে যুক্ত থাকেন, কৃষকবন্ধুদের থেকে জানা উচিত। বিশেষ করে পানীয় জলের ব্যবহারের ক্ষেত্রেও উনি যেটা জানতে চেয়েছেন, আমাদের সারা বাংলা জুড়ে ৩৪১টি ব্লক আছে। এরমধ্যে আমরা ২৬৯টি ব্লকে

স্টাডি করেছি ১৩টি ব্লক যেটা হিল স্টেশানে সেই জায়গায় আমরা কোনো স্টাডি করতে পারিনি। কারণ, স্টাডি করার জন্য যে সায়েন্টিফিক টেকনোলজিগুলো লাগে সেগুলি এখনও গভর্নমেন্ট অফ ইন্ডিয়া থেকে শুরু কোনো গভর্নমেন্টের থেকে পাওয়া যায়নি। যার ফলেতে, সারা এলাকায়, বিশেষ করে আর্সেনিক, ফ্লোরাইড, স্যালিনিটি এইগুলি আর জলতল নেমে যাওয়া এগুলি জানার প্রয়োজন আছে। তাই আমরা দেখেছি আমাদের এখানে যে জলস্তরটা আছে সেটা ২৭.৫৮ লাখ হ্যাম। আর ৩৯.৫৪ আমাদের জলের স্টেজ। তো এই জলের স্টেজটা, প্রতি পোস্ট মনশুন, মনশুন, এবং প্রি মনশুন এগুলোতে আমরা অ্যানালিসিস করে দেখেছি, বেশকিছু এলাকায় প্রায় ২৫ সেন্টিমিটার করে নামছে। যার ফলে, ক্রিটিক্যাল ব্লক এবং সেমি ক্রিটিক্যাল ব্লক এগুলোর সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। তার কারণ, গ্রাউন্ড ওয়াটার যেটা আমরা ব্যবহার করি সেই গ্রাউন্ড ওয়াটার উপযুক্ত ম্যানেজমেন্টের অভাব বিগতদিনে ছিল এখন কিছুটা বৃদ্ধি পেলেও সেটা সব জায়গায় আমরা পৌঁছতে পারিনি। তার ফলে, ২৩১টি ব্লক আমরা দেখেছি safe ব্লক। সবদিক থেকে যদি আমরা বিচার করি ১৩৯টি ব্লক free from all hazards. সেমি ক্রিটিক্যাল আছে, ৩৮টি ছিল। গ্র্যাজুয়েলি এটা increase করতে করতে ৫৪-এ যাচ্ছে। তবুও ফাইনাল ডিসিশান আমরা নিতে পারিনি। আর্সেনিক affected ব্লক আছে ৮১টি। ফ্লোরাইড affected ব্লক আছে ৪৯টি। আর স্যালিনিটি আছে ৫৯টি এইটা হচ্ছে সারা বাংলার চিত্র। এর সঙ্গে কলকাতার একটা চিত্র আছে। যে চিত্রটা আমি যদিও জানি উত্তরটা দিতে গেলে একটু দীর্ঘ হয়ে যাচ্ছে কিন্তু কলকাতার চিত্রটা আমাদের একটু জানার প্রয়োজন আছে। কলকাতায় বিশেষ করে আর্সেনিক, যেটা near ভিক্টোরিয়া এই জায়গায় কিন্তু আর্সেনিক আসার একটা প্রবণতা আছে। তাহলে আমরা ধরে নিই আর্সেনিকের পরিমাণটা 0.01 less than greater than, এইটা নিয়ে আমরা ডিটারমাইন করি। তবে এটা কিন্তু greater than-র জায়গায় আছে। আনোয়ার শাহ রোড এই জায়গাটাতেও per square million যেটা আমরা হিসেব করেছি, সেটাও একটা alarming জায়গায় আছে। আমহার্স্ট স্ট্রিট এখনও control-এ আছে। বিবেকানন্দ রোড control-এ আছে, হরিশ মুখার্জী রোড under control, এছাড়া আমরা দেখতে পাই দরগা রোড alarming, সাহাপুর alarming, চৌবাগান alarming, বালিয়া মোড় alarming, মুখার্জী রোড এটাও alarming, নারায়ণতলা ওয়েস্ট, কলকাতা, তেঘরিয়া, আটঘোড়া, কৈখালী এবং গোলাঘাটা, লেক টাউন এগুলো alarming, এই হচ্ছে সারা বাংলার চিত্র।

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে আমার দ্বিতীয় এবং শেষ প্রশ্ন যে, কতগুলি রাসায়নিক গবেষণাগার কোথায় আছে এবং কিসের উপর ভিত্তি করে এই যে আপনি SWID-র কথা বললেন, সেই সুইড থেকে টিউবওয়েল বসানোর অনুমতি দেওয়া হয় এটা জানাবেন কি ?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : আমাদের সারা বাংলা জুড়ে ১৩টি রাসায়নিক laboratory আমরা তৈরি করতে পেরেছি। তারমধ্যে সবচেয়ে বৃহৎ যেটি সেটি এখন সেচভবনে। আমরা ওখানে তৈরি করেছি। তারপরে ১২টি জায়গাতে আছে আমাদের ল্যাবরেটরি। পশ্চিম মেদিনীপুর, বর্ধমান, মালদা, বহরমপুর, জলপাইগুড়ি, বারাসাত,

ডায়মন্ডহারবার, কৃষ্ণনগর, সিউড়ি, পুরুলিয়া, রায়গঞ্জ এবং কোচবিহার। আপনার জেলাতেও আছে কৃষ্ণনগরে। তা, আপনার মাধ্যমে বলি, আমাদের জলের অনেকগুলো প্যারামিটার দেখতে হয়, সেই প্যারামিটারগুলোর মধ্যে যেমন সোডিয়াম আছে, আয়রনও আছে, ফ্লোরাইডও আছে। কারণ বিশেষ করে যে জায়গাটা স্যালাইন আমরা বলি, যখন দেখি যে ক্লোরাইডটাকে ইলেকট্রিকাল কনডাকটিভিটি দিয়ে দু হাজার মিলিমোলে বেশি হয়ে যায়, তখন সেই জায়গাটা আমরা ধরে নিই স্যালাইন। এইটা কৃষক বন্ধুর জানা দরকার কেন, না ম্যাকসিমাম স্যালাইন হয়ে যাওয়া মানে সীড জার্মিনেশান হবে না সেই জায়গায়। বিশেষ করে আমরা কন্টাই, ওই সমস্ত সী কোস্ট যেটা সেই জায়গাটাতে এটা দেখি। আরো আমরা দেখি যেমন যেটা সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ hexavalent cromium আমাদের দেখার দরকার আছে। পটাসিয়াম দেখার দরকার আছে। এছাড়া সবচেয়ে বড় যেটা কতগুলো ব্যাকটেরিয়া ইনফেকশান এর কিছু জায়গায় আছে কিনা সেটা আমাদের জানা প্রয়োজন। সর্বোপরি আমাকে দেখে নিতে হয়, ফ্লোরাইডটা যদি ১.০৫ এম এল পার লিটারে গ্রেটার দ্যান লেস দ্যান হয় তাহলে সেটাকে আমরা বলে দিই ফ্লোরাইড অ্যাফেকটেড। আর্সেনিক আগেই বলেছি ০.০১ গ্রেটার দ্যান লেস দ্যান সেই জায়গাটাকে আমরা বলি affected, এই দুটো আমাদেরকে ভালো করে দেখে নিতে হয়। কন্টামিনেশানের জায়গায় যেহেতু আমাদের ড্রিঙ্কিং ওয়াটারের ক্ষেত্রে প্যাথজিনিক এলাকাগুলো দেখে নেওয়ার দরকার আছে, তাই আপনাদের সবার আইডিয়া আছে, আমরা যে ল্যাবরেটরি তৈরি করেছি, সেই জায়গায় বিশেষ করে আলট্রা ভায়োলেট রে কতকগুলো সাইন্টিফিক জায়গায়, সবটা আমি বলতে চাইছি না এলাবোরেটেলি, আলট্রা ভায়োলেট রে ব্যবহার করে সেই জায়গাটা আমরা disinfect করে নিই, তারপর কতকগুলো স্টেরিলাইজেশানের মাধ্যম দিয়ে এগুলো আমরা টেস্ট করি। আর আমরা উচ্চমানের সমস্ত যন্ত্রপাতি এখানে ব্যবহার করছি, যেগুলো বিগত দিনে ছিল না। সেইভাবে আমরা অ্যানালিসিস করে এদিক, আর সর্বোপরি জলতলটা দেখে নিই, তখনই তাদের সুইডের পারমিশান দেওয়া হয়, তাছাড়া SWID-র পারমিশান দেওয়া হয় না।

শ্রী বিশ্বনাথ কারক : ধন্যবাদ স্যার, আমি মাননীয় মন্ত্রীকে আমার যে প্রশ্ন তার সম্পর্কে একটু বলি যে হুগলি জেলায় একমাত্র ২টি ব্লক, পান্ডুয়া ব্লক আর আমার কন্সটিটিউয়েন্সি এরিয়ায় গোঘাট এক নম্বর ব্লক। এই দুটি ব্লক হচ্ছে, ক্রিটিকাল এরিয়া হিসাবে ঘোষণা করেছেন। আমি এই ব্যাপারে অনেক আবেদন করেছি জেলাস্তরে এবং ডিএম-এর সঙ্গেও মিটিং করার সময়ে অনেক বলেছি, যে একমাত্র দুটি ব্লক হুগলি জেলার মধ্যে গোঘাট এক এবং গোঘাট পান্ডুয়া, এই দুটি ব্লকে কিন্তু আমাদের বামপন্থী বিধায়ক— পান্ডুয়া আর গোঘাট। আর দুটি ছাড়া বাকি ব্লকগুলো আর কোনো ক্রিটিকাল নেই। কিন্তু আমি হানড্রেড পারসেন্ট সিওর, আপনাকেও আমি যেহেতু মিনিস্টারকে বলছি, যে গোঘাট এক নম্বর ব্লক কখন ক্রিটিকাল এরিয়া হিসাবে কখনো পড়বে না। আমি এটা হানড্রেড পারসেন্ট সিওর। আপনার কাছে আমার অনুরোধ, আমি অনেক আবেদন করেছি, আপনি কি পুনরায় ওই ব্লকটিকে ইনভেস্টিগেশান করার জন্য আপনি কি অনুমোদন দেবেন ?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : শ্রদ্ধেয় অধ্যক্ষ মহোদয়, সম্মানীয় বিধায়কের উত্তরে বলি, দেখুন যেখানে বিজ্ঞান বলবে, যেটাকে সেমি ক্রিটিকাল করতে হবে, কি ক্রিটিকাল করতে হবে, সেই জায়গায় আমরা হাত দিতে পারব না। আপনি বলতে পারেন এইটার পরিবর্তে আপনি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ? ইরিগেশান কিংবা পানীয় জলে ? আপনার অবগতির জন্য জানাই, আপনি বললেন, রাজনৈতিক সাম্প্রদায়িকতার কথা, যেহেতু বামপন্থী বিধায়ক আছেন, তাই এই দুটি ক্রিটিকাল করা হয়েছে, ক্রিটিকাল নেই। ওইটা সেমি ক্রিটিকাল, আরো ৯টি ব্লককে সেমি ক্রিটিকাল করা হয়েছে, সেখানে কিন্তু ডানপন্থী বিধায়করাই আছেন। রাজনৈতিক সাম্প্রদায়িকতা, বিজ্ঞানের কাছে চলে না, তার ফলে বলি, আপনার ওই জায়গায় আমরা আজ যেটা সেমি ক্রিটিকাল আছে, কাল ওটা আবার হয়তো সেফ ব্লক হয়ে যাবে। আমরা প্রচুর পরিমাণে, সেইজন্য আমাদের সম্মানীয় মুখ্যমন্ত্রীর মস্তিষ্কপ্রসূত সেই প্রকল্প জল ধরো, জল ভরো—অর্থাৎ পুকুর কাটার বেশি ব্যবস্থা করেছি। রিচার্জিংও হবে, আপনার সেচের জলও আপনারা পাবেন।

[10.30–10.40 a.m.]

Dr. Harka Bahadur Chhetri : Hon'ble Speaker, Sir, through you I would like to draw the kind attention of the Hon'ble Minister that he himself just a while ago said that the 13 blocks falling under the hill region which have not been studied. There are 8 blocks in the GTA area, Sir, So I would like to know from the Hon'ble Minister that there are places like Baday, Rungshel, Bormeck Mongsong, Surkh—these are all tribal dominated areas—dry and the source of water is so far distant in the forest—that is almost 7 to 8 kms from where people cannot bring water for irrigation as well for drinking. And as the water is such a big crisis in the hills with Balasone project yet to materialize, there is dearth of drinking water ; at the same time the whole area has become dry because of lack of drinking water, sometimes the forest officials, they don't allow public to use their source. So in the near future has the Hon'ble Minister decided any project, any pilot project, Sir ?

Mr. Speaker : In fact it relates to PHE Department—Hon'ble Minister Shri Subrata Mukherjee's Department. The question that you are putting Dr. Chhetri it relates to PHE department—not under the Minister.

Dr. Harka Bahadur Chhetri : Sir, it is about irrigation also, the whole area has gone dry.

Mr. Speaker : His Department is Investigation & Development Dept. so far as water resources are concerned. But you are talking about the crisis of supply of drinking water. ...(noise)... That reply has been given, I think, that reply was given by Hon'ble Minister

Subrata Mukherjee. You have answered it. His question is there is dearth of water in Darjeeling. They are not getting water and whether there is any proposal or not.

Dr. Harka Bahadur Chhetri : Sir, irrigation as well as drinking water, Sir, in tribal areas in my constituency. There are places like that.

Mr. Speaker : So the Hon'ble Minister Shri Subrata Mukherjee is here. See, if you can answer.

Shri Subrata Mukherjee : For your information, স্যার, দার্জিলিঙে আমরা কয়েকটি গুরুত্বপূর্ণ প্রজেক্টের কাজ করছি। He knows pretty well that in Neorakhola in Kurseong area there is one dedicated line towards the military people and the rest for the civil people and things are going well, so far my information goes. Another is that from Balasone and the treatment plan in Jorebungalow – that were also completed, only the distribution channel is yet to be finished-that is the only problem. The third is the Kurseong. All our plan is going on and then there is Mirik. These are our planning in the hills area. But we are determined that even in the rural areas people are not without water. From Jhalong we will try to supply the drinking water and that would be fluoride free and strong-iron free and bacteria free. Thank you.

Mr. Speaker : I think, Dr. Chhetri, you have got the reply, proper reply, from the Minister. Thank you.

সবং ও পিংলায় পুকুর সংস্কার

*৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *২১০) **ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা :** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চলতি আর্থিক বছরে পশ্চিম মেদিনীপুর জেলার সবং ও পিংলা ব্লকে পুকুর ও জলাশয় সংস্কার ও খননের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ;

(খ) কোন্ কোন্ অঞ্চলে কোন্ কোন্ জলাশয় ও পুকুর খনন ও সংস্কারের জন্য কত পরিমাণ অর্থ বরাদ্দ করা হয়েছে (পৃথক পৃথকভাবে) ; এবং

(গ) এই কাজের দায়িত্ব কোন্ কোন্ সংস্থার উপর দেওয়া হয়েছে ?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : শ্রদ্ধেয় অধ্যক্ষ মহোদয়, সম্মানীয় সদস্য ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা যে প্রশ্ন উত্থাপন করেছেন তার উত্তরে বলি,

(ক) চলতি আর্থিক বছরে পশ্চিম মেদিনীপুর জেলার সবং ব্লকে পুকুর ও জলাশয় সংস্কার ও খননের জন্য বরাদ্দকৃত মোট অর্থের পরিমাণ ১৭৪.৮৭ লক্ষ টাকা এবং পিংলা ব্লকে এই খাতে এখনো পর্যন্ত কোনো অর্থ বরাদ্দ হয়নি।

(খ) সবং ব্লকে দশগ্রাম মৌজায় দশগ্রাম উচ্চ বিদ্যালয়ে মোটি তিনটি জলাশয় ও পুকুর খনন ও সংস্কারের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ যথাক্রমে ৪৪.৭৪ লক্ষ টাকা, ৩৪.০৬ লক্ষ টাকা ও ২৮.৯৪ লক্ষ টাকা এবং সবং ব্লকে কেরুর মৌজায় কেরুর উচ্চ বিদ্যালয়ে একটি জলাশয় ও পুকুর খনন ও সংস্কারের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ ৬৭.১৩ লক্ষ টাকা।

(গ) এই কাজের দায়িত্বে জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের নির্বাহী বাস্তুকার (কৃষি সেচ) মেদিনীপুর (কৃষি সেচ)ভুক্তি মেদিনীপুর আছেন।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী অধ্যাপক সৌমেন্দ্রনাথ মহাপাত্র উত্তর দিয়েছেন, আমি তাকে অতিরিক্ত প্রশ্ন করছি। উনি খুবই ভালো উদ্যোগ নিয়েছেন। সবং ব্লকে সেকেন্ডারি এবং হায়ার সেকেন্ডারি মিলিয়ে ৪৮টি বিদ্যালয় আছে। আমি দেখছি দুটি বিদ্যালয়ে চারটি পুকুরের জন্য ১ কোটি ৭৪ লক্ষ ৮৭ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। আমি নিজে সরেজমিনে তদন্ত করে দেখলাম, একটা পুকুর কেরুর যেটা আপনি দ্বিতীয় পর্যায়ে বলেছেন, এই একটা পুকুরের জন্য ৬৭ লক্ষ ১৩ হাজার টাকা আপনি দিয়েছেন। ডি.পি.আর. তৈরি করতে গিয়ে আপনার দপ্তরের ইঞ্জিনিয়াররা যদি একটু ভালো করে দেখে করতেন তাহলে ভালো হত। আপনি যে টাকা দিয়েছেন তারজন্য আপনাকে ধন্যবাদ জানাই, সরকারকে ধন্যবাদ জানাই। কিন্তু দুটি স্কুলের পরিবর্তে এই ১ কোটি ৭৪ লক্ষ ৮৭ হাজার টাকায় পনেরোটা স্কুলের পুকুর সংস্কার আমরা করতে পারতাম। মাই কোশ্চেন ইজ, এই অস্বাভাবিক ডি.পি.আর. এবং একটি জায়গায় এত পরিমাণ টাকা—আমাদের গুরুদেব, আমাদের মাননীয় পঞ্চায়েতমন্ত্রী সুব্রতবাবু, এখানে বসে আছেন—ওর দপ্তর এম.জি.এন.আর.এ.জি.এ.-এর কাজ করছেন মাটি কেটে, উনি জরুরি ভিত্তিতে নির্দেশ দিয়েছেন মেশিন ব্যবহার করা যাবে না একসেপ্ট ল্যাটারাইট জোন এবং স্টোনি জোন ছাড়া। সুব্রতদা জানেন সবংতো কালোমাটির জায়গা সৌমেনও জানেন, কারণ ও পিংলার ছেলে। কালো মাটি, নরম মাটিতে মেশিন লাগিয়ে কন্ট্রাকটারকে সুবিধা পাইয়ে দিতে একটা পুকুরে ৬৭ লক্ষ টাকা খরচ করা হয়েছে। আর তিনটে পুকুরের জন্য ১ কোটি ৭৪ লক্ষ ৮৭ হাজার টাকা। আমি আপনার কাছে প্রশ্ন করছি, এই ডি.পি. আর.-টা কি আপনি রি-মডেলিং করবেন যাতে আরও বেশি স্কুলগুলো টাকা পেতে পারে ?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সম্মানীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি, আমরা যে সমস্ত পুকুর সংস্কার করি, সেই জায়গায় দেখে নিই ইরিগেশান পোটেনশিয়াল কতটা। আপনার ওখানে যে তিনটে পুকুর সংস্কার হচ্ছে, জেনে রাখুন সেটাতে ১২০ হেক্টর এরিয়ায় ইরিগেশান পোটেনশিয়াল ক্রিয়েট হচ্ছে, আর কেরুরে ৫০ হেক্টর ইরিগেশান পোটেনশিয়াল ক্রিয়েট হচ্ছে। আপনি ৬৭ লক্ষ টাকার ডি.পি.আর.-টা যদি ভালো করে লক্ষ করেন, তাহলে দেখবেন মাটি কাটার জন্য সেখানে ১০ লক্ষ টাকা অনুমোদন করা হয়েছে। সবংয়ের মাটি আপনিও যেমন চেনেন, আমিও তেমন চিনি। সবংয়ের এঁটেল মাটিতে ধস নামতে খুব বেশি সময় লাগে না। স্কুল কর্তৃপক্ষ যখন দেখলেন পোটেনশিয়াল এরিয়াটা ঠিক আছে, অ্যাডিশনালি ছাত্রদের জন্য ওই পার্টটা যাতে ভেঙে না

পড়ে সেইজন্য পাড়গুলোকে বাঁধাই করা হবে। ছাত্ররা যাতে স্নানের জন্য সুযোগ পায়। আপনি তো জানেন আমাদের মেদিনীপুরের গ্রামবাংলার ছেলেরা পুকুরেই স্নান করে। আর ওখানে বড় বড় ছাত্রাবাস আছে। নিশ্চিত আপনি যেটা বলেছেন ওতে পনেরোটা পুকুর কাটা হত। কিন্তু যেটা করব সেটা একটু ভালো করেই করি, সেইজন্য ডি.পি.আরটা ওই জায়গায় পৌঁছেছে। এটা সারা বাংলার চিত্র নয়। আর আপনি যেটা বলেছেন, এই যে 'জল ধরো জল ভরো' প্রকল্পে পুকুর কাটা দেখছেন, আমরা ১ লক্ষ ২০ হাজার পুকুর কেটেছি। এর মধ্যে একশো দিনের কাজে সম্মানীয় পঞ্চায়েত মন্ত্রী সুব্রতবাবুর ডিপার্টমেন্ট ৭৩ হাজার পুকুর কেটেছেন। যেটাকে একশো দিনের কাজে লাগানো গিয়েছিল, কারণ নারেগা চলছিল। আমরা তার থেকে একজন এজেন্সি হিসাবে নিয়েছিলাম, তাতে আমরা মাত্র ওই খাতে দশ হাজার পুকুর কেটেছি। আর বাদ বাকির জন্য কোনো আর্থিক বরাদ্দ ছিল না। কোর সেক্টর, আর.আই.ডি.এফ. বিভিন্ন জায়গা থেকে টাকা সংগ্রহ করে আমি সারা বাংলায় ১ লক্ষ ২০ হাজার পুকুর কেটেছি। তাই আপনার ওই জায়গায় যেহেতু দপ্তরের টাকা দিয়ে করা হচ্ছে, নারেগায় কোনো শ্রমিককে লাগানোর জায়গা নেই। থাকলে লাগাতর শ্রম দিবস তৈরি করা হত, ভালো লাগত। আরেকবার আমি বলি, কেন্দ্রীয় সরকারের কাছে দরবার করুন, যাতে নারেগার টাকাটা বাড়ে।

ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার দ্বিতীয় প্রশ্ন, কি হচ্ছে সেটা অধ্যাপক মহাপাত্র জানেন, আমিও জানি এবং হাউসও জানে। আর সব চাইতে ভালো জানেন সুব্রতদা। কারণ মাটি কাটায় কন্ট্রাক্টারের মেশিন মানেই এদিক, ওদিক। মাননীয়া মুখ্যমন্ত্রী যখন শ্রম দিবস বৃদ্ধির জন্য চিন্তিত এবং তিনি এই ব্যাপারে খুব ইচ্ছা প্রকাশ করেন। জলসম্পদ বৃদ্ধির জন্যও তিনি ইচ্ছা প্রকাশ করেন। আপনি যে ১০০ হেক্টর জমির কথা বললেন বোধহয় হিসেবটা একটু গুলিয়ে যাচ্ছে।

[10.40–10.50 a.m.]

মিঃ স্পীকার : আপনি কোয়েশ্চেন করুন প্লিজ। প্লিজ। আমাকে অন্য প্রশ্ন নিতে হবে।

ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : আমি মাননীয় মন্ত্রীর কাছে সরাসরি প্রশ্ন করছি যে, এই ধরনের কাজগুলো পর্যবেক্ষণের জন্য আপনার দফতর ব্লকের বি.ডি.ও., জেলার ডি.এম. মহকুমার এস.ডি.ও., আপনার এগজিকিউটিভ ইঞ্জিনিয়ার, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদকে দিয়ে সমগ্র পশ্চিমবঙ্গে একটা তদারকি কমিটি করবেন ? যাতে পুকুর চুরি না হয়।

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : এইজন্যই বিভিন্ন এলাকায় জনপ্রতিনিধির প্রয়োজন। আপনি যেমন এইটা দেখেছেন এবং আমাদের নজরে নিয়ে এসেছেন। যখনই কোনো জনপ্রতিনিধি এইভাবে আমার নজরে এনেছেন সেই জায়গার এনকোয়ারি করা রিপোর্ট পাঠানোর ব্যাপারে তাকেই দায়িত্ব দেওয়া হয়েছে। আপনি জানবেন ইতিমধ্যে আপনার কাছে অর্ডারটা নিশ্চয় পৌঁছেছে। আপনি যেটা বলছেন ১০০ হেক্টর, মোটেই হিসেবে গণ্ডগোল

নেই। ৪০ হেক্টর করে তিনটে পুকুর, ১২০ বা ৫০ এইটা আছে। তদারকি কমিটি যেটা আমরা করে দিয়েছি তাতে ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা বিধায়ক সবং অ্যাসেম্বলী ওয়ান অফ্ দ্য মেম্বার এবং আমার দফতরে যারা অ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়ার আছেন তারা থাকবেন। আপনাকে সাহায্য করবেন ওই তিন স্কুলের প্রধান। ওখানকার যিনি কর্মাধ্যক্ষ আছেন এবং আপনার পঞ্চায়েত সমিতির সভাপতি থাকবেন। জোরদার কমিটি হয়েছে। আপনি আরও বিশ্লেষণ করুন, আরও আমাকে অবগত করুন। নিশ্চয় আমরা এর প্রতিবিধান করব।

শ্রী নিরাপদ সর্দার : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন। একটু আগে স্যালাইনিটি নিয়ে কথা বলছিলেন। আমার ওনার কাছে আমার যেটা প্রশ্ন, সেটা হল আমাদের সুন্দরবনে ১৯টা ব্লক আছে। এই ১৯টা ব্লকের নিচের দিকে একেবারে প্রত্যন্ত এলাকায় নদীর ধারে যে সমস্ত ব্লকগুলো আছে সেইসব ব্লকগুলো কি অবস্থায় আছে ? তলার থেকে আর্সেনিক উঠছে এই রকম ব্লক কতগুলো আছে ? এবং স্যালাইনিটির সম্ভাবনা রয়েছে এই রকম কতগুলো ব্লক আছে। এই ব্লকগুলোতে এইরকম অবস্থা রোধ করার জন্যে পুকুর সংস্কারের কি প্রক্রিয়া আপনি নিয়েছেন যদি একটু বলেন।

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে বলি, আপনি যে জায়গার কথা বলছেন, এটা হল উত্তর এবং দক্ষিণ চব্বিশ পরগনা—নদী এলাকা। এইসব জায়গায় মাতলা, রায়মঙ্গল এইসব নদীগুলো গেছে। গোসাবা, সন্দেশখালি ওয়ান-টু এই জায়গাগুলোতে স্যালাইনিটির পরিমাণটা বেশি আছে। যার জন্য আপনি দেখবেন, আমরা ওইসব জায়গায় জল ধরো, জল ভরো প্রকল্পে বেশি পুকুর কাটার ব্যবস্থা করেছি এবং এই পুকুরগুলো আড়াই মিটারের বেশি আমরা যেতে পারিনি। যখনই আড়াই মিটারের পরে যাচ্ছি তখন সেই জায়গায় স্যালাইনিটিটা—আমাদের ওই ২ হাজার ইউনিট যেটা বললাম, সেই ইউনিটের বাইরে চলে যাচ্ছে। তাই আমরা আরো পরিকল্পনা নিয়েছি, আয়লার পরে যে বাঁধগুলো বাঁধা হচ্ছে, দেখবেন বাঁধার পরে যে ডীচটা তৈরি হয়ে গেছে ওইটাকে বেঁধে আমরা আরো জল সংরক্ষণের ব্যবস্থা করছি।

শ্রীমতী মমতা রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমার একটি অতিরিক্ত প্রশ্ন, আমার ধূপগুড়ি ব্লকে, শালবাড়ি ১ নম্বর গ্রাম পঞ্চায়েতে সেখানে জলটা আর্সেনিক যুক্ত এবং এই জল পানের যোগ্য নয়। সেখানে আর্সেনিক মুক্ত করার কোনো পরিকল্পনা আছে কিনা একটু জানাবেন।

মিঃ স্পীকার : এটা পি.এইচ.ই. দফতরের প্রশ্ন। এটা ওনার দফতরের সঙ্গে রিলেটেড নয়।

শ্রী তজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, এই প্রশ্নটা আমি ওনাকে বার বার করেছি, এই যে গুণমান পরীক্ষা যেটা এর আগে বলেছেন, মালদা জেলায় হরিশ্চন্দ্রপুর-দুই নম্বর ব্লকের; এই যে নিম্নস্তর নেমে গেছে, ওখানে যে একটা সার্ভে হয়েছে, এই সার্ভেটা সরলীকরণ করার জন্য আপনি কোন প্রক্রিয়া গ্রহণ করেছেন ? হরিশ্চন্দ্রপুর দুই নম্বর ব্লকের জন্য যে সমস্যাগুলো আপনাকে

বলেছি এবং আপনার আধিকারের সঙ্গে মালদায় অনেকবার দেখা করেছি। কিন্তু এখনও পর্যন্ত ওরা কোনো অ্যাকশান নিচ্ছে না, clusterও বসতে দিচ্ছে না। সেটার জন্য আপনি সরলীকরণ করার কোন পদক্ষেপ নিচ্ছেন ?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, উনি যে প্রশ্নটা করেছেন খুবই গুরুত্বপূর্ণ। সরলীকরণ করা যাবে না। ওটাকে আরও micro analysis—অর্থাৎ আমরা crude way-তে analysis করেছিলাম, সেটাকে আরও micro level-এ analysis করা চলছে। মালদার laboratory-টা ওটাকে উন্নতিকরণ করা হয়েছে, কিছু কিছু sample. আমরা মূল laboratory-তে নিয়ে আসছি। সেইজন্য দেখবেন, আমরা সব ঘোষণাটা বন্ধ রেখেছি যে, ওই জায়গাটা এখনই semi critical এই রকম বলা যাচ্ছে না। আর্সেনিকের ব্যাপারে, আপনি চাষের জলে আর্সেনিকের সমস্যা বললে আমরা কি measurement নিয়েছি, সেটা বলতেই পারি। কেননা, আর্সেনিকে আমরা সব সময় দেখেছি Organic form-এ আর্সেনিক থাকলে কিচ্ছু যায় আসে না, inorganic form-এ যদি আর্সেনিক থাকে, বড় একটা পুকুর কাটি, তার মধ্যে সান-রে pass করাই তাহলে অটোমেটিকলি তার density কমতে থাকে। এটা আমরা ইরিগেশানে ব্যবহার করব। আর এখনও পর্যন্ত critical বা semi critical হলেও পানীয় জলের জন্য কিন্তু আমরা permission দিয়েই যাচ্ছি ; cluster-গুলো একটু বন্ধ রেখেছি।

যুবশ্রী প্রকল্প

*৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৭) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে ডিসেম্বর, ২০১৪ সাপেক্ষে রাজ্যে যুবশ্রী প্রকল্পে মোট অনুদান প্রাপকের সংখ্যা কত (জেলাওয়াড়ি তথ্যসহ) ?

শ্রী মলয় ঘটক : রাজ্যে যুবশ্রী প্রকল্পে মোট অনুদান প্রাপকের সংখ্যার (জেলাওয়াড়ি তথ্য) খতিয়ান নিম্নে দেওয়া হল :

জেলা	জেলাভিত্তিক মোট প্রাপকের সংখ্যা
কলকাতা	১৮৩২
নদিয়া	৯৫৮৭
মুর্শিদাবাদ	৭৯৯৮
মালদা	৩৫৬০
দক্ষিণ দিনাজপুর	২৯১৩
দার্জিলিং	৩৫০

জেলা	জেলাভিত্তিক মোট প্রাপকের সংখ্যা
আলিপুরদুয়ার	৯৩৬
জলপাইগুড়ি	১৩৫৫
বীরভূম	৫৫৯৪
বর্ধমান	৯৬৬৯
বাঁকুড়া	৭৪৭১
পুরুলিয়া	২৭৫৭
হুগলি	৭৯৪৫
হাওড়া	৩৯১৮
কোচবিহার	৩৬৭৬
২৪-পরগনা উত্তর	১১০৬৫
২৪-পরগনা দক্ষিণ	৬৬৫৪
পশ্চিম মেদিনীপুর	৬৬২৮
পূর্ব মেদিনীপুর	৩০১৭
উত্তর দিনাজপুর	২৫০১
মোট	**৯৯,৪২৬**

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : অনারেবেল স্পীকার স্যার, আমাদের মা-মাটি-মানুষের সরকার ক্ষমতায় আসার পর মাননীয়া মুখ্যমন্ত্রী বাংলার বেকার যুবকদের জন্য যে যুবশ্রী প্রকল্প ঘোষণার মধ্যে দিয়ে বাংলার বেকার যুবকদের মধ্যে একটা আলো দিশা দেখাবার চেষ্টা করেছেন। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, ২০১৫-১৬ আর্থিক বছরে রাজ্য সরকার আরও বেশি সংখ্যক যুবকদের যুবশ্রী প্রকল্পের আওতায় আনার জন্য কোনো পদক্ষেপ গ্রহণ করেছেন কিনা বা নিয়েছেন কিনা ? দয়া করে যদি জানান, তাহলে বাধিত হব।

শ্রী মলয় ঘটক : যুবশ্রী প্রকল্প হচ্ছে আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রীর একটা স্বপ্নের প্রকল্প। তিনি ০৩.১০.১৩-তে এই প্রকল্প ঘোষণা করেছিলেন যে, রাজ্যের যারা বেকার যুবক—এক লক্ষ বেকার যুবককে মাসে দেড় হাজার টাকা করে, তাদেরকে ভাতা দেওয়া হবে। যতদিন পর্যন্ত না তারা নিজেরা trained হতে পাচ্ছে এবং কোনও চাকরি পাচ্ছে। এবং ছয় মাস পর পর এটা আমরা review করে থাকি। তাই এই প্রকল্পের ধরনটাই আলাদা। যে এক লক্ষ বেকারকে এটা দেওয়া হয়, তারা যাতে ট্রেনিং নিতে পারে,

সেইজন্য দেড় হাজার টাকা করে দেওয়া হয়। এটা immediately কিছু সিদ্ধান্ত নেই যে এটা বাড়াতে হতে পারে। এই ধরনের কোনো রাজ্য সরকারের হাতে সেই ধরনের কোনো অনুরোধ নেই বা রাজ্য সরকারের অনুমোদনের জন্য কোনো এখনও পর্যন্ত কোনো pending নেই।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : অনারেবেল স্পীকার স্যার, মাননীয় মন্ত্রী বলছেন যে, আমাদের রাজ্য সরকারের ঘোষিত ছিল ১ লক্ষ, তার মধ্যে ৯৯,৪২৬ হয়ে গেছে। অতএব নতুন করে ২০১৫-১৬ সালে বেশি সংখ্যক যুবকদের বাড়াবার কোনো পরিকল্পনা নেই। আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে জানতে চাই যে, দেড় হাজার টাকাটা বাড়িয়ে একটু বেশি করার কোনো পরিকল্পনা আছে কিনা ? এখনও পর্যন্ত মোট কত টাকা এই প্রকল্প বাবদ খরচ করা হয়েছে দয়া করে জানাবেন কি ?

[10.50-11.00 a.m.]

মিঃ স্পীকার : এই প্রশ্নটা বোধহয় হয়ে গেছে আগে, এই প্রশ্নের উত্তর দিয়ে দিয়েছেন, একটা সাপ্লিমেন্টারি হয়ে গেছে, আপনি প্রথম পার্টের উত্তরটা দিন।

শ্রী মলয় ঘটক : এই প্রকল্পের বাজেটারি অ্যালটমেন্ট হচ্ছে ৯৮ কোটি টাকা কিন্তু খরচ হয়েছে ৭৪.০৮ কোটি টাকা। আপনি বলেছেন এই প্রকল্প বৃদ্ধি হওয়ার কোনো পরিকল্পনা আছে কিনা। এখনও পর্যন্ত এটা বৃদ্ধি হবার কোনো পরিকল্পনা রাজ্য সরকারের হাতে নেই।

শ্রী শাহাজাহান চৌধুরী : সম্মানীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। বর্ধমান জেলায় বলেছেন ৯৬৬৯। যুবশ্রী প্রকল্পে কতজন নাম নথিভুক্ত করেছিল সেই সংখ্যাটা কাইন্ডলি একটু জানাবেন ?

শ্রী মলয় ঘটক : যুবশ্রী যে প্রকল্প সেই প্রকল্পতে এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক থেকে প্রথম ১ লক্ষ যারা নাম নথিভুক্ত করেন তাদেরকে এই প্রকল্পের আওতায় আনা হয় এবং সেই এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নথিভুক্ত করার জন্য ২৪ লক্ষ ৩২ হাজার ৩৮৬ জন দরখাস্ত করেছেন ওয়েব সাইডে। যার মধ্যে ভ্যালিডেটেড হয়েছে ১৭ লক্ষ. ৯৩ হাজার ৫৬৮ জন। নাম রিজেক্টেড হয়েছে ৬ লক্ষ ৩৮ হাজার ৮১৮ জন। বর্ধমান জেলার সংখ্যাটা উনি নিজে বলে কোশ্চেন করেছেন।ক

কুমারগ্রামে সড়ক সংস্কার

*৮০। (অনুমোদিত প্রশ্ন নং *২২২) **শ্রী মনোজ কুমার ওরাওঁ :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কুমারগ্রাম ব্লকের কামাক্ষ্যাগুড়ি থেকে তেঁতুলতলা পর্যন্ত সড়ক মেরামতির কোনো পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি ?

শ্রী শঙ্কর চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই ওনার উল্লেখিত রাস্তাটি পূর্ত দপ্তরের অন্তর্ভুক্ত নহে।

শ্রী মনোজ কুমার ওরাওঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে জানাই, আপনি ঠিকই বলেছেন এটা পূর্ত দপ্তরের অধীনে নয়। এটা আমাদের জেলা দিয়ে গিয়েছে, জেলায় কোনো টাকা দেওয়া হয়নি, এটা জেলাপরিষদের কাজ। আমি জানতে চাইছি জেলাপরিষদ এটা করতে পারবে না, আপনারা কি এটা করতে পারবেন ?

শ্রী শঙ্কর চক্রবর্তী : আমরা ওইভাবে রাস্তা করতে পারি না, যতক্ষণ রাস্তাটি আমাদের পূর্ত দপ্তরের অন্তর্ভুক্ত না হয় ততক্ষণ পর্যন্ত সেই রাস্তার কাজটা করতে পারি না।

শ্রী মনোজ কুমার ওরাওঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন মাননীয় মন্ত্রীকে, আলিপুরদুয়ার ব্লক (১) ভাটিবাড়ি থেকে শামুকখোলা রোড পর্যন্ত রাস্তাটি অকেজো হয়ে পড়ে আছে, সেটা কবে নাগাদ শুরু হবে ?

শ্রী শঙ্কর চক্রবর্তী : আপনি যে রাস্তাটির কথা বললেন সেটা আমি খোঁজ নিয়ে দেখবো, যদি অন্যান্য প্রক্রিয়া সমস্ত কমপ্লিট হয়ে থাকে তাহলে যত তাড়াতাড়ি শুরু হয় সেই দিকটা আমি দেখব।

শ্রী মনোজ কুমার ওরাওঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত দু-নম্বর প্রশ্ন হচ্ছে তাহলে কুমারগ্রাম ব্লক এবং আলিপুরদুয়ার ব্লক (১) মধ্যে পূর্ত দপ্তরের কোন কোন কাজগুলো হচ্ছে ?

শ্রী শঙ্কর চক্রবর্তী : আপনি বিস্তারিতভাবে প্রশ্ন করবেন আমি আপনাকে জানিয়ে দেব।

শ্রী খগেন মুর্মু : আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে অতিরিক্ত প্রশ্ন, মালদা জেলায় আমাদের পশ্চিমবঙ্গের সাথে বিহারের সাথে সংযোগকারী ৮১ নম্বর জাতীয় সড়ক আছে। আমাদের বিগত বামফ্রন্ট সরকারের সময় চেষ্টা হয়েছিল। আপনি মা-মাটি-মানুষের সরকার আসার পর এই জাতীয় সড়কটি সংযোগ করবার জন্য অনেকবার আলোচনা হয়েছে, অনেকবার এখানে বলেছেন। কিন্তু আজ পর্যন্ত এটার বাস্তবে কোনো কিছু হয়নি। আপনার দপ্তরে এই বিষয়ে কোনো পরিকল্পনা আছে, এই বিষয়ে কি উদ্যোগ গ্রহণ করেছেন দয়া করে জানাবেন ?

শ্রী শঙ্কর চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি মাননীয় বিধায়ককে জানাই যে, ইতিপূর্বে একটা প্রশ্নের উত্তরে আমি জানিয়েছিলাম এই ব্যাপারে যে নোটিফিকেশানটা প্রয়োজন হয়, সেই নোটিফিকেশানটা এখনও পাবলিকেশান হয়নি। সেই নোটিফিকেশানটা পাবলিকেশান হয়ে গেলেই আমাদের দিক থেকে যে সমস্ত ব্যবস্থা নিতে হবে, আমরা সেটা তৈরি রেখেছি।

শ্রী নিরাপদ সর্দার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন, সায়েন্স সিটি থেকে বাসন্তী হাইওয়ে, এসএইচ-থ্রি-সুন্দরবন হাইওয়ে, এই রাস্তার পাশে সরবেড়িয়া থেকে ধামাখালি পর্যন্ত ১০ কি.মি. পূর্ত দপ্তরের রাস্তা আছে। এই রাস্তাটি সংস্কার করার কোনো ব্যবস্থা আপাতত হচ্ছে না। এই রাস্তাটির সংস্কার করতে না পারলে ন্যাশনাল হাইওয়ের গুরুত্বটাই গুরুত্বহীন হয়ে পড়বে। সরবেড়িয়া থেকে ধামাখালি—এই রাস্তাটি সংস্কার করার কোনো পরিকল্পনা আপনি রেখেছেন কিনা ?

শ্রী শঙ্কর চক্রবর্তী : আপনি যে অংশটির কথা উল্লেখ করলেন, সেই অংশটার যদি সংস্কার করার প্রয়োজন হয়ে থাকে, তাহলে নিশ্চয়ই সেটা আমাদের যে সমস্ত পরিকল্পনা নেওয়া হচ্ছে, সেটার মধ্যে অন্তর্ভুক্ত করে সেই কাজটি করা হবে।

শ্রী অশোক সাউ : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে আমার প্রশ্ন—হুগলি জেলার চন্দননগরে বি.টি. রোড খুব সুন্দরভাবে তৈরি হয়েছে। কিন্তু রোড প্ল্যান অনেক নিচু হয়ে গেছে এবং নর্দমাগুলো নিচু হয়ে গেছে। এই নিচু রোড প্ল্যান এবং নর্দমা উঁচু করার ব্যবস্থা হবে কি বা কবে হবে ?

শ্রী শঙ্কর চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাই উনি দু-একদিন আগেই আমার সঙ্গে এই ব্যাপারটা নিয়ে আলোচনা করেছিলেন। অমরা ঠিক পুজোর আগে গোটা জি.টি. রোডটা এমদম শুরু থেকে হুগলি জেলায় যে বিস্তীর্ণ অঞ্চল আছে, তা সম্পূর্ণভাবে সংস্কার করেছি। উনি যেটা বলেছেন, সেই প্ল্যাঙ্ক এবং ড্রেনের ব্যাপারটা আমরা বিবেচনা করছি এবং সেটা ইতিমধ্যেই আমাদের বিবেচনাধীন আছে।

শ্রী বনমালী হাজরা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিভাগীয় মন্ত্রী মহাশয়কে একটি প্রশ্ন করছি। আউসগ্রাম ১নং ব্লক এবং ভাতার ব্লকের মধ্যে বনপাস স্টেশন রোড বলে একটা সড়ক আছে। সেই সড়কের অবস্থা অত্যন্ত করুণ। কামারপাড়াতে বনপাস শিক্ষা নিকেতন নামে একটি স্কুল আছে। সেখানে বিভিন্ন জায়গা থেকে ছাত্র-ছাত্রীরা আসে। ছাত্র-ছাত্রীর সংখ্যা প্রায় ১৬০০। সেই রাস্তাটার এমনই করুণ অবস্থা যে যানবাহন আর চলে না। এই রাস্তাটির ব্যাপারে অর্থাৎ বনপাস স্টেশন রোড থেকে কামারপাড়া পর্যন্ত যে জনপদটি রয়েছে, সেই রাস্তাটি সংস্কার এবং প্রশস্তকরণ করার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা ?

শ্রী শঙ্কর চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে জানাই, অনেকেই আপনারা অনেক সময় অনেক রাস্তার কথা বলেন। কিন্তু পরবর্তীকালে আমরা দেখেছি সেই রাস্তাটি আমাদের দপ্তরের অন্তর্গত নয়। আপনি যে রাস্তাটার কথা উল্লেখ করলেন, আমি খোঁজ নিয়ে দেখব। যদি এই রাস্তাটি আমার দপ্তরের অন্তর্ভুক্ত হয়, তাহলে কি প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া যায় সেটা আমরা দেখব।

মিঃ স্পীকার : মাননীয় সদস্যদের আমি বলব, এগুলো আপনারা মেনশনে দিতে পারেন, মেনশনে দিলে পরে ঠিক হয়। একটা সিঙ্গল রাস্তা বললে পরে মাননীয় মন্ত্রী কত

রাস্তার কথা বলবেন ? আমার তো মুশকিল হয়ে যাচ্ছে। এইগুলো আপনারা মেনশন করবেন। তারপর উনি ওনার দপ্তর থেকে তার উত্তর দেওয়ার ব্যবস্থা নেবেন।

শ্রী অসিত মিত্র : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে একটি অতিরিক্ত প্রশ্ন করছি। ঠিকই বলেছেন স্যার, এইগুলো মেনশনে যাওয়া উচিত। দু-তিনদিন তো মেনশন হয়। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে আগেই কুলিয়া ব্রিজ সম্পর্কে বলেছি। হাওড়া জেলায় কুলিয়া ব্রিজটা হাওড়া জেলা পরিষদের করার কথা। সেটার জন্য ন্যাবার্ড থেকে টাকা দেওয়া হয়েছে। কিন্তু টাকার পরিমাণ কম। এটা নিয়ে গত ৩-৪ বছর ধরে টালবাহানা চলছে। এটা দু'বার ভিত্তি প্রস্তর স্থাপন হয়ে গেছে। আপনার মতো একজন কর্মঠ মানুষের কাছে আমার একটাই অনুরোধ, হাওড়া জেলা পরিষদ বলেছে আমরা করতে পারব না, আমরা পি.ডব্লু.ডি.-কে দিয়ে দেব। এই নিয়ে আপনার সঙ্গে হাওড়া জেলা পরিষদের কোনো আলোচনা হয়েছে অথবা আপনার কাছে কোনো চিঠি এসেছে ?

[11.00–11.10 a.m.]

শ্রী শঙ্কর চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই যে, আমার কাছে এ রকম কোনো চিঠি এসেছে বলে মনে পড়ছে না। আপনি যেটা বললেন সেটা আমি অফিসে যারা আধিকারিকরা এই সমস্ত দায়িত্বে আছেন তাদের কাছে খোঁজ নিয়ে দেখব যে, জেলা পরিষদের পক্ষ থেকে এরকম কোনো প্রস্তাব এসেছে কিনা।

(Question hour is over)

Starred Questions
(to which answers were laid on the 'Table')

ময়নাগুড়ি বাইপাস

*৮১। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৭) **শ্রী অনন্ত দেব অধিকারী** : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

ময়নাগুড়ির আসাম মোড় থেকে ৩১ নং জাতীয় সড়ক সংযোগকারী বাইপাস রাস্তাটি পাকা হওয়ার কোন সম্ভাবনা আছে কি ?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

রাস্তাটি পূর্ত দপ্তরের অন্তর্ভুক্ত নহে।

রাজ্য কর্মসংস্থান প্রকল্প

*৮২। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৩) **শ্রী নর্মদা চন্দ্র রায়** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জানুয়ারি, ২০১৩ থেকে ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত সময়ে রাজ্যের কর্মসংস্থান প্রকল্পে মোট কত সংখ্যক বেকার যুবক/যুবতী আবেদন করেছিলেন ; এবং

(খ) তার মধ্যে কতজন যুবক/যুবতীকে সরকার ভর্তুকি বাবদ কত টাকা দিয়েছে ?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) (১) জানুয়ারি ২০১৩ থেকে ডিসেম্বর ২০১৪ পর্যন্ত সময়ে রাজ্যের উদীয়মান স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্প—২০০৮ (USKP-2008)-এ আবেদনকারী মোট বেকার যুবক/যুবতী-র সংখ্যা ৫৯৮৬ জন।

(২) বেকার যুবক-যুবতীদের স্বনির্ভর করে তোলার জন্য গতিধারা প্রকল্প ১৮.০৮.২০১৪ তারিখ থেকে পরিবহণ ক্ষেত্রে চালু করা হয়েছে। ডিসেম্বর ২০১৪ পর্যন্ত ৫৪৫ জন এই প্রকল্পের জন্য নথিভুক্ত হয়েছেন।

(খ) (১) উদীয়মান স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্প-২০০৮-এর আবেদনকারীদের মধ্যে মোট ২১২৩ জন বেকার যুবক/যুবতী-কে সরকার ভর্তুকি বাবদ মোট ২,৬৫,৩৭,৫০০ টাকা দিয়েছে।

(২) গতিধারা প্রকল্পে নথিভুক্ত ৫৪৫ জন বেকার যুবক-যুবতীদের ভর্তুকি দেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে।

দূরদর্শনে বিজ্ঞাপন দ্বারা প্রতারণা

*৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৪) **শ্রী বিশ্বজিৎ কুণ্ডু** : ক্রেতা সুরক্ষা বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

দূরদর্শনে কিছু বিজ্ঞাপনের দ্বারা মানুষকে যেভাবে প্রতারিত করা হচ্ছে তার বিরুদ্ধে ক্রেতা সুরক্ষা বিষয়ক দপ্তরের পক্ষ থেকে কোনো ব্যবস্থা নেওয়া হয়েছে / হচ্ছে কি ?

ক্রেতা সুরক্ষা বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

দূরদর্শনে কিছু বিজ্ঞাপনের দ্বারা মানুষকে যেভাবে প্রতারিত করা হচ্ছে তার বিরুদ্ধে উপভোক্তা বিষয়ক দপ্তর অবশ্যই কিছু সদর্থক পদক্ষেপ গ্রহণ করেছে। বিভিন্ন এফ.এম. চ্যানেল, কলকাতার মেট্রো রেল স্টেশনগুলিতে ইনকোডা চ্যানেলে ও বিভিন্ন টেলিভিশন চ্যানেলে ক্রেতা সুরক্ষা ও সচেতনতা প্রসারের উদ্দেশ্যে দপ্তরের নানাবিধ প্রচারমূলক বিজ্ঞাপন দেওয়া হচ্ছে। ক্রেতারা যাতে বিভ্রান্তিকর বিজ্ঞাপনের ফাঁদে না পড়েন এবং বিভ্রান্তিকর বিজ্ঞাপনের দ্বারা ক্ষতিগ্রস্ত হলে কোথায় কীভাবে প্রতিকার পাওয়া যাবে—এ সব তথ্যই সেখানে পরিবেশিত হয়। সাম্প্রতিক অতীতে রাষ্ট্রীয় চ্যানেল দূরদর্শনে ''কেনাকাটার সাত সতেরো'' নামে উপভোক্তা বিষয়ক দপ্তরের যে অনুষ্ঠান সম্প্রচারিত হত,

তাতেও 'বিভ্রান্তিকর বিজ্ঞাপন''—বিষয়ক পর্বে এই ধরনের বিজ্ঞাপন থেকে কীভাবে সতর্ক থাকা উচিত এবং কীভাবে আইনি প্রতিকার পাওয়া যায় তার বিস্তারিত আলোচনা হয়েছে। প্রতারণামূলক বিজ্ঞাপন থেকে মানুষকে সাবধান করতে এই দপ্তর বিজ্ঞাপনকেই অন্যতম হাতিয়ার করে তুলেছে।

প্রচারধর্মী কার্যকলাপ ছাড়াও উপভোক্তা বিষয়ক দপ্তর উপভোক্তা সুরক্ষা আইন, ১৯৮৬ অনুযায়ী সুরাহা দিতে সক্ষম। বিভ্রান্তিমূলক বিজ্ঞাপনের দ্বারা প্রতারিত / ক্ষতিগ্রস্ত উপভোক্তারা জেলা উপভোক্তা ফোরাম, রাজ্য কমিশন বা জাতীয় কমিশনে বিভ্রান্তিমূলক বিজ্ঞাপনের বিরুদ্ধে অভিযোগ দায়ের করতে পারেন। উপভোক্তা সুরক্ষা আইন, ১৯৮৬-র ১৪(১)(এইচসি) ধারা অনুযায়ী, ক্রেতা সুরক্ষা আদালত কোনো সংস্থাকে নিজ খরচায় বিভ্রান্তিমূলক বিজ্ঞাপন প্রত্যাহার করে সংশোধিত বিজ্ঞাপন প্রকাশের নির্দেশ দিতে পারে, যাতে ওই বিভ্রান্তিমূলক বিজ্ঞাপনের প্রভাব প্রশমিত হয়। এছাড়া ক্ষতিগ্রস্ত উপভোক্তারা ক্ষতিপূরণও দাবি করতে পারেন।

রাজ্য মাদার ডেয়ারি

*৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫৯) **শ্রী শাহাজাহান চৌধুরী** : প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৪-২০১৫ আর্থিক বছরের ডিসেম্বর মাস পর্যন্ত রাজ্যের মাদার ডেয়ারীর উৎপাদন কেন্দ্র ও উৎপাদিত দ্রব্যের বিপণন কেন্দ্রের সংখ্যা কত (জেলাওয়াড়ি তথ্যসহ) ;

(খ) উক্ত সময় সাপেক্ষে মাদার ডেয়ারীর লাভের পরিমাণ কত ; এবং

(গ) নতুন কোন উৎপাদন কেন্দ্র বা বিপণন কেন্দ্র স্থাপনের পরিকল্পনা আছে কি (প্রস্তাবিত কেন্দ্রের নামসহ) ?

প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১৪-১৫ আর্থিক বছরের ডিসেম্বর মাস পর্যন্ত রাজ্যে মাদার ডেয়ারীর উৎপাদন কেন্দ্রগুলি

(১) মাদার ডেয়ারী ডানকুনি প্ল্যান্ট, ডানকুনি, হুগলি

(২) বেঙ্গল নেস্টার ইন্ডাস্ট্রিজ লিমিটেড, গুসকরা, বর্ধমান

(৩) বর্ধমান স্টেট ডেয়ারীল নবাবহাট, বর্ধমান

(৪) ডেয়ারপোল মিলটন প্ল্যান্ট, হাওড়া

২০১৪-২০১৫ আর্থিক বছরের ডিসেম্বর মাস পর্যন্ত রাজ্যে মাদার ডেয়ারীর উৎপাদিত দ্রব্যের বিপণন কেন্দ্রের মোট সংখ্যা ২৭৩৯।

জেলাওয়ারি তথ্য সংযোজিত হ'ল :

Mother Dairy Calcutta

Status Report on No. of District-wise Outlets

Name of District	Total No. of Mother Dairy Outlets (upto Dec '14
KOLKATA	1169
BANKURA	28
BIRBHUM	39
BURDWAN	147
COOCHBEHAR	0
DAKSHIN DINAJPUR	0
DARJEELING	50
HOWRAH	315
HOOGHLY	272
JALPAIGURI	05
MALDA	51
MURSHIDABAD	0
NADIA	43
24-PARGANAS (North)	182
PASCHIM MEDINIPUR	123
PURBA MEDINIPUR	87
PURULIA	43
24-PARGANAS (South)	185
UTTAR DINAJPUR	0
TOTAL	**2739**

N.B.: For the districts, where we have not yet entered, are under active consideration to start the service for the people as soon as we will arrange a production unit at North Bengal.

(খ) (—) ৯০৫ লক্ষ

(গ) হ্যাঁ

(১) নতুন উৎপাদন কেন্দ্র : দুর্গাপুর রাজ্য দুগ্ধাগার

(২) নতুন বিপণন কেন্দ্র : ২৪০টি।

রাইপুর পলিটেকনিক কলেজ

*৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫২৫) **শ্রী উপেন কিস্কু :** কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

প্রস্তাবিক রাইপুর পলিটেকনিক কলেজের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে ?

কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

প্রস্তাবিক রাইপুর পলিটেকনিক কলেজের কাজ প্রশাসনিক অনুমোদন পেয়েছে ও নাবার্ডের আর্থিক সহায়তায় কেন্দ্রীয় সংস্থা, হিন্দুস্থান স্টিল কনস্ট্রাকশান লিমিটেড-কে নির্মাণকার্যের দায়িত্ব অর্পণ করা হয়েছে। ইতিমধ্যে দরপত্র আহ্বান ও ঠিকাদার নির্ধারণ সম্পন্ন হয়েছে। মার্চ, ২০১৫-এর দ্বিতীয় সপ্তাহ থেকে কাজ শুরু হবে।

আশা করা যায়, ২০১৬-এর মাঝামাঝি সময়ের মধ্যে নির্মাণ কাজ সম্পূর্ণ করা যাবে।

Vacant post of Operators

*86. (Admitted Question No. *561) **Dr. Sukhbilas Barma :** will the Minister-in-Charge of the Water Resources Investigation and Development Department be pleased to State—

(a) How many post of operators (Deep Tubewell, RLI etc.) were vacant till March, 2011 in the department (categorywise) ;

(b) How many were filled up in 2012-2013 and 2013-2014 (categorywise) ; and

(c) If there are still vacant posts available what steps have been taken to fill up the same ?

জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বিভাগে বিভিন্ন ধরনের অপারেটরের শূন্য পদের সংখ্যা ৩১শে অক্টোবর ২০১১ অবধি নিম্নরূপ ;

(১) অপারেটর (ডি টি ডব্লু/এল আর/আর-এল-আই) = ১৮১৫ (এক হাজার আটশো পনেরো)টি।

(২) অপারেটর-কাম-মেকানিক (আর-এল-আই) = ২০০৪ (দুই হাজার চার)টি।

(খ) ২০১২-১৩ ও ২০১৩-১৪ এই দুটি বৎসরে উক্ত পদগুলি পূরণ করা যায়নি।

(গ) যথাযথ পদক্ষেপ নেওয়া হয়েছে অনেকদিন ধরেই কিন্তু অর্থ দপ্তরে সবটাই আটকে আছে।

মডিউলার এমপ্লয়ব্‌ল স্কিল ডেভেলপমেন্ট প্রোগ্রাম

*৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬২০) **শ্রী অপূর্ব সরকার** : কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১লা এপ্রিল, ২০১১ থেকে ৩১শে ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত সময়কালে মডিউলার এমপ্লয়ব্‌ল স্কিল ডেভেলপমেন্ট প্রোগ্রামের মাধ্যমে কতজন ছাত্র-ছাত্রীকে প্রশিক্ষণ দেওয়া সম্ভব হয়েছে (বছর অনুযায়ী পৃথক পৃথকভাবে) ?

কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

১লা এপ্রিল, ২০১১ থেকে ৩১শে ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত সময়কালে মডিউলার এমপ্লয়ব্‌ল স্কিল ডেভেলপমেন্ট প্রোগ্রামের মাধ্যমে নিম্নলিখিত সংখ্যক ছাত্র-ছাত্রীকে প্রশিক্ষণ দেওয়া সম্ভব হয়েছে :

এপ্রিল ২০১১ - মার্চ ২০১২ : ৩০,০০০ জন
এপ্রিল ২০১২ - মার্চ ২০১৩ : ৬৬,৩০০ জন
এপ্রিল ২০১৩ - মার্চ ২০১৪ : ১,৪৩,৮৭৯ জন
এপ্রিল ২০১৪ - ৩১শে ডিসেম্বর, ২০১৪ : ৬৪,৯৯৩ জন।

Unstarred Questions
(to which written replies were laid on the 'Table')

বহুতলে অগ্নিকাণ্ডজনিত উদ্ধারকার্যে ব্যবহৃত সরঞ্জাম

১। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭) **শ্রী নির্মল ঘোষ** : অগ্নি নির্বাপণ ও জরুরী পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের শহর ও শহরতলির বহুতল বাড়িগুলিতে অগ্নিকাণ্ডের পর উদ্ধারকার্যে ব্যবহৃত আধুনিক সরঞ্জাম ও প্রযুক্তিগুলি কীরূপ :

অগ্নি নির্বাপণ ও জরুরী পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : রাজ্যের শহর ও শহরতলির বহুতল বাড়িগুলিতে অগ্নিকাণ্ডের পর উদ্ধারকার্যে নিম্নলিখিত অগ্নি নির্বাপণ সরঞ্জামগুলি বর্তমানে ব্যবহৃত হচ্ছে :

(1) Circular Saw (2) Chain Saw (3) Concrete Cutter (4) Spreader (5) Smoke Exhauster (6) Search Light (7) Inflatable Emergency Light ইত্যাদি।

তাছাড়া বিভিন্ন উচ্চতাসম্পন্ন কতিপয় যন্ত্রচালিত মই উক্ত কাজে ব্যবহার করা হয়, যার মধ্যে সর্বোচ্চ মইটি ৬৮ মিটার উচ্চতাসম্পন্ন। সম্প্রতি বর্তমানে সরকার ৫৪ মিটার এবং ৪২ মিটার উচ্চতাবিশিষ্ট আরও দুইটি নতুন যন্ত্রচালিত মই ক্রয় করেছেন।

কিষাণ ক্রেডিট কার্ডভিত্তিক ঋণের পরিমাণ

২। (অনুমোদিত প্রশ্ন নং ১৯১) **শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ :** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১১-২০১২, ২০১২-২০১৩ ও ২০১৩-২০১৪ আর্থিক বছরে রাজ্যে বণ্টিত কিষাণ ক্রেডিট কার্ডের সংখ্যা কত (জেলাওয়াড়ি হিসাবসহ) ; এবং

(খ) উক্ত সময়ে উক্ত কার্ডের ভিত্তিতে অনুমোদিত ঋণের মোট পরিমাণ কত ?

সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) (২০১১-১২, ২০১২-১৩ ও ২০১৩-১৪ আর্থিক বছরে রাজ্যে বণ্টিত কিষাণ ক্রেডিট কার্ডের সংখ্যা নিম্নরূপ :

২০১১-১২	১৯,৭৪,২১৭
২০১২-১৩	২০,৮৩,১৯৬
২০১৩-১৪	২১,৫১,১১৬

জেলাওয়াড়ি হিসাব নিম্নরূপ :

Serial No.	Name of the District	Total No. of Kishan Credit Card Issued		
		2011-12	2012-13	2013-14
1.	Bankura	73309	100882	104657
2.	Birbhum	95604	116499	116579
3.	Burdwan	198454	206945	209108
4.	Dakshin Dinajpur	21528	25146	30755
5.	Darjeeling	17826	19301	19301
6.	Hooghly	152713	166558	172128
7.	Howrah	38247	43847	44720
8.	Jalpaiguri	42975	49363	49806
9.	Malda	61677	77799	80058

Serial No.	Name of the District	Total No. of Kishan Credit Card Issued		
		2011-12	2012-13	2013-14
10.	Purba Medinipur	379590	414663	431095
11.	Paschim Medinipur	255465	185112	192747
12.	Murshidabad	135654	141193	143867
13.	Nadia	89080	97841	106939
14.	Purulia	51356	52686	53464
15.	Uttar Dinajpur	134766	145341	146625
16.	Coochbehar	78000	79858	81679
17.	North 24 Parganas	101447	103077	105546
18.	South 24 Parganas	46526	57085	62042
	Grand Total	**1974217**	**2083196**	**2151116**

(খ) অনুমোদিত ঋণের মোট পরিমাণ নিম্নরূপ :

২০১১-১২ : ১৬১২.৬৩ কোটি টাকা
২০১২-১৩ : ২০০১.৫৭ কোটি টাকা
২০১৩-১৪ : ২৩৯৯.৯০ কোটি টাকা

ধানের সরকার নির্ধারিত মূল্য

৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩৭২) **শ্রীমতী অপর্ণা সাহা :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

ধানের সরকার নির্ধারিত মূল্য কত ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : খাদ্য ও গণবণ্টন দপ্তর, ভারত সরকার কর্তৃক জারি করা আদেশনামা নং 4(9)2013-Py 1 dated 07.07.2014 অনুসারে মোটা ধানের মূল্য ১৩৬০ টাকা প্রতি কুইন্টাল এবং গ্রেড-এ ধানের মূল্য ১৪০০ টাকা প্রতি কুইন্টাল।

চাঁচল ব্লকে পানীয় জল সরবরাহ প্রকল্প

৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫২৩) **শ্রী আসিফ মেহবুব :** জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মালদা জেলার চাঁচল ১ এবং ২ নং ব্লকে পানীয় জল সরবরাহের বর্তমান প্রকল্পটিতে কেন্দ্রীয় সরকার কর্তৃক বরাদ্দকৃত আর্থিক অনুদানের পরিমাণ কত ; এবং

(খ) কত সংখ্যক গ্রামে ও কবে নাগাদ ওই প্রকল্প রূপায়িত হবে বলে আশা করা যায় ?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) চাঁচল ১ এবং ২ নং ব্লকের ১,৪১,৬০৫ (এক লক্ষ একচল্লিশ হাজার ছয়শত পাঁচ) জন প্রকল্পিত আধিবাসীকে নিরাপদ পানীয় জল সরবরাহ করার জন্য ১২ (বারো)টি প্রকল্প রূপায়ণ করা হচ্ছে এবং এই ১২ (বারো)টি প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকারের অংশ হল ১৭.১৫ কোটি (সতেরো কোটি পনেরো লক্ষ) টাকা।

(খ) ৪২ (বিয়াল্লিশ)টি গ্রামে এই ১২ (বারো)টি নলবাহিত জলসরবরাহ প্রকল্প রূপায়ণ করা হচ্ছে। প্রকল্প অনুযায়ী সম্পূর্ণ হওয়ার প্রত্যাশিত তারিখ নিম্নে দেওয়া হল :

চাঁচল ১ এবং চাঁচল ২ নং ব্লকে চলমান নলবাহিত জল সরবরাহ প্রকল্পের অবস্থা

ক্রমিক নং	ব্লকের নাম	প্রকল্পের নাম	অনুমোদিত বর্ষ	আনুমানিক মূল্য (লক্ষ টাকায়)	উপকৃত জনসংখ্যা (জনগণনা, ২০১১)	প্রকল্পিত জনসংখ্যা	আওতাভুক্ত মৌজা	বর্তমান অগ্রগতি	চালু হওয়ার প্রত্যাশিত তারিখ
১	চাঁচল-১	আরবোরা	২০১২-১৩	২৩২.৪৫	৯,০৩১	১১,৭৩৭	৫	৮০%	আগস্ট, ১৫
২		ধনজনা	২০১২-১৩	১৯৮.২২	৫,৩৭১	৭,৮৮২	৩	নির্মাণ কাজ সম্পূর্ণ হয়েছে।	জুন, ১৫
৩		কেন্দুয়া	২০১২-১৩	২৫১.৪২	৮,৫৯৫	১৩,১৮৩	৫		জুন, ১৫
৪		দক্ষিণ শহর	২০১২-১৩	২৪১.৫১	৭,২২৮	১০,০৪২	৩	বিদ্যুৎ সংযোগ এখনো হয়নি।	
৫		মহানন্দপুর	২০১৩-১৪	২৫৪.২৫	৫,৮৬৭	৮,৪৯৬	৩	১৫%	মার্চ, ১৬
৬		খানপুর-হুলাসপুর.	২০১৩-১৪	২৭৩.৫৩	৭,৬০৩	১১,৭২৩	৪	১৫%	মার্চ, ১৬
৭	চাঁচল-২	জালালপুর	২০১২-১৩	২৭৮.৭১	১৪,৮৪৮	১৯,৯০৭	২	৫০%	ডিসেম্বর,১৫
৮		রামপুর	২০১২-১৩	২৫২.৭৮	৮,৭৫৯	১২,৯৮৭	৫	কাজ সম্পূর্ণ হয়েছে। বিদ্যুৎ সংযোগ করা হয়েছে।	মার্চ/এপ্রিল, ১৫
৯		গৌরহান্ডা	২০১২-১৩	২৬১.১৬	৭,৬১৩	১০,৬৭৩	৩	নির্মাণ কাজ সম্পূর্ণ হয়েছে।	জুন, ১৫
১০		খানপুর	২০১২-১৩	২২৮.৩৫	৬,৯২০	৯,৯১৫	১	বিদ্যুৎ সংযোগ এখনো হয়নি।	
১১		বেলুনগাঁও	২০১৪-১৫	৪৯৯.৬৬	৭,৫৫৩	১১,২৮৫	৫	১০%	মার্চ, ১৬
১২		রানাঘাট	২০১৪-১৫	৪৫৭.৩৮	৯,২২০	১৩,৭৭৫	৩	১০%	মার্চ, ১৬
		মোট		৩৪২৯.৪২	৯৮,৬০৮	১,৪১,৬০৫	৪২		

নদীয়া জেলায় আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহ প্রকল্প

৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫৩৭) **শ্রী সমীর কুমার পোদ্দার** : জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে জানুয়ারি, ২০১৫-এর হিসেব অনুযায়ী নদীয়া জেলায় আর্সেনিক দূষণমুক্ত পানীয় জলের প্রকল্প রূপায়ণে মোট কত টাকা ব্যয়িত হয়েছে ?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ৩১শে জানুয়ারি, ২০১৫ পর্যন্ত নদীয়া জেলায় আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহ প্রকল্প রূপয়ণ করার জন্য মোট ৩৫৪.৯৮ কোটি (তিনশত চুয়ান্ন কোটি আটানব্বই লক্ষ) টাকা ব্যয় করা হয়েছে।

নদীয়া জেলায় নতুন রেশন কার্ডের আবেদন পত্র

৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪৩) **শ্রী অসিত মিত্র** : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে জানুয়ারি, ২০১৫ সাপেক্ষে নদীয়া জেলায় নতুন রেশন কার্ডের মোট কত সংখ্যক আবেদন পত্র জমা পড়েছে (ব্লকওয়াড়ি হিসেবসহ) ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ৩১শে জানুয়ারি, ২০১৫ পর্যন্ত নদীয়া জেলায় নতুন রেশন কার্ডের মোট ৯৯৫৫টি আবেদন পত্র জমা পড়েছে। ব্লকওয়াড়ি তথ্য নিম্নরূপ :

Name of the Block in the District	No. of pending new application as on 31.01.2015
Krishnagar-I	477
Krishnagar Municipality	100
Krishnagar-II	315
Nabadwip	349
Nabadwip Municipality	15
Chapra	414
Krishnaganj	398
Kaliganj	00
Nakashipara	325
Ranaghat-I	242
Ranaghat Municipality	263
Birnagar Municipality	157
Taherpur N.A.A	49

Name of the Block in the District	No. of pending new application as on 31.01.2015
Ranaghat Block-II	1233
Coopers N.A.A.	222
Santipur Municipality	209
Santipur Block	798
Hanskhali Block	992
Kalyani Municipality	120
Gayeshpur Municipality	85
Chakdaha Municipality	234
Chakdaha Block	250
Haringhata Block	552
Saguna GP	70
Kanchrapara GP	50
Tehatta-I	598
Tehatta-II	504
Karimpur-I	479
Karimpur-II	455
Total	**9955**

বীরভূম জেলায় কিষাণমাণ্ডি

৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫৫২) **শ্রী ধীরেন বাগদী** : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূম জেলায় কতগুলি কিষাণমাণ্ডি তৈরি হয়েছে ;

(খ) তন্মধ্যে কটি মাণ্ডি চালু হয়েছে ;

(গ) উক্ত চালু মাণ্ডিগুলি কোথায় কোথায় অবস্থিত ; এবং

(ঘ) এখনও পর্যন্ত কতজন কৃষক উক্ত মাণ্ডিগুলির দ্বারা উপকৃত হয়েছেন ?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) বীরভূম জেলায় প্রথম পর্যায়ে ১০টি কৃষক বাজারের কাজ গ্রহণ করা হয়েছিল। তন্মধ্যে ৯টি কৃষক বাজারের নির্মাণ কাজ সম্পূর্ণ হয়েছে এবং ১টি কৃষক বাজারের নির্মাণ কাজ শীঘ্রই শেষ হবে। দ্বিতীয় পর্যায়ে ৩টি কৃষক বাজারের কাজ চলছে।

(খ) উক্ত কৃষক বাজারগুলির মধ্যে ৮টি কৃষক বাজার বীরভূম জেলা নিয়ন্ত্রিত বাজার সমিতি-র কাছে হস্তান্তর করা হয়েছে। আগামী দিনে বীরভূম জেলা নিয়ন্ত্রিত বাজার সমিতি ওই কৃষক বাজারগুলি চালু করবে।

(গ) বীরভূম জেলায় কাজ সম্পূর্ণ হওয়া ৯টি কৃষক বাজারের অবস্থানসহ তালিকা নিম্নে দেওয়া হল :

বীরভূম জেলার নির্মাণ কাজ সম্পূর্ণ হওয়া কৃষক বাজারের অবস্থান

ক্রমিক নম্বর	জেলার নাম	ব্লক	স্থানের নাম
১	বীরভূম	সিউরী	সিউড়ি স্টেট এগ্রিকালচারাল ফার্ম
২		দুবরাজপুর	দুবরাজপুর ব্লক সীড ফার্ম
৩		ময়ুরেশ্বর-১	ময়ুরেশ্বর-১ ব্লক সীড ফার্ম
৪		রামপুরহাট-২	রামপুরহাট-২ ব্লক সীড ফার্ম
৫		রামপুরহাট-১	রামপুরহাট-১ সাব-ডিভিশনাল আডপ্টিভ রিসার্চ ফার্ম
৬		নানুর	নানুর ব্লক সীড ফার্ম
৭		বোলপুর	বোলপুর সাব-ডিভিশনাল আডপ্টিভ রিসার্চ ফার্ম
৮		মহঃ বাজার	মহঃ বাজার সাব-ডিভিশনাল আডপ্টিভ রিসার্চ ফার্ম
৯		মুরারোই-২	মুরারোই-২ ব্লক সীড ফার্ম

(ঘ) 'খ' প্রশ্নের উত্তরের নিরিখে এই প্রশ্নের উত্তর প্রাসঙ্গিক নয়।

বন্যপ্রাণীর মৃত্যু

৮। (অনুমোদিত প্রশ্ন নং ৬১০) **ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা** : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বনাঞ্চলে বুনোজন্তুর মৃত্যুর ঘটনা ঘটছে ;

(খ) সত্যি হলে, ১লা এপ্রিল, ২০১১ থেকে ৩১শে জানুয়ারি, ২০১৫ পর্যন্ত সময়কালে—

(১) কত সংখ্যক হাতি, বাইসন, গন্ডার, হরিণ ও অন্যান্য জন্তুর মৃত্যু হয়েছে ;

(২) ট্রেনে কাটা পড়ে বা ধাক্কায় মৃতের সংখ্যা কত ; ও

(৩) চোরাশিকারীর হাতে বা বিষপ্রয়োগে কত সংখ্যক মৃত্যু হয়েছে ; এবং

(গ) উক্ত মৃত্যুর ঘটনা প্রতিরোধে সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছে/ করছেন ?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, এটা সত্যি।

(খ) মৃত বন্যপ্রাণীর তালিকা

১লা এপ্রিল ২০১১ থেকে ৩১শে জানুয়ারি ২০১৫

বছর	হাতি	বাইসন	গণ্ডার	বাঘ	স্বর্ণ হরিণ (Barking deer)	চিতল হরিণ (Spotted deer)	বরা হরিণ (Hog deer)	বারশিং (Swamp deer)	সাম্বার (Sambar)	চিতাবাঘ (Leopard)	বনবিড়াল	মেছোবিড়াল	লেপার্ড ক্যাট (Leopard Cat)	বন্যশূকর	হায়না	শৃগাল	শুশুক	কুমীর	ভল্লুক	মোট
২০১১-১২	২৯	৫৩	৭	২	১৭	৫৮	৪	১	১২	২৯	০	০	৭	৫	০	০	১	৩	২	২৩০
২০১২-১৩	৩৮	৬৬	৮	৩	১৩	২৫	১	১	১৫	২৮	৮	৪	২	৮	১	৬	৪	৪	০	২৩৫
২০১৩-১৪	৫৭	৫৬	৫	০	২০	৩৩	২	১	৭	২৭	৬	২	৪	১৩	১	৩	১	২	২	২৪২
২০১৪-১৫ (৩১.০১.১৫ পর্যন্ত)	২৭	৩৬	১২	০	৫	৪	০	০	১	১৪	০	১	৩	১০	০	১	০	০	১	১১৫
মোট	১৫১	২১১	৩২	৫	৫৫	১২০	৭	৩	৩৫	৯৮	১৪	৭	১৬	৩৬	২	১০	৬	৯	৫	৮২২

ট্রেনের ধাক্কায় মৃত বন্যপ্রাণীর তালিকা

১লা এপ্রিল ২০১১ থেকে ৩১শে জানুয়ারি ২০১৫

বছর	হাতি	অজগর	চিতল হরিণ (Spotted deer)	বাইসন	লেপার্ড ক্যাট (Leopard Cat)	মোট
২০১১-১২	৩	৪	১	১	০	৯
২০১২-১৩	৮	১	০	১	০	১০
২০১৩-১৪	১৩	১	০	০	০	১৪
২০১৪-১৫ (৩১.০১.১৫ পর্যন্ত)	৩	১	০	০	১	৫
মোট	২৭	৭	১	২	১	৩৮

চোরাশিকারী দ্বারা মৃত বন্যপ্রাণীর তালিকা
১লা এপ্রিল ২০১১ থেকে ৩১শে জানুয়ারি ২০১৫

বছর	হাতি	বাইসন	গন্ডার	চিতল হরিণ (Spotted deer)	সাম্বার (Sambar)	বন্য শূকর	মোট
২০১১-১২	০	১	০	২	১	০	৪
২০১২-১৩	১	১	০	০	০	১	৩
২০১৩-১৪	৪	১	০	০	০	১	৬
২০১৪-১৫ (৩১.০১.১৫ পর্যন্ত)	০	০	২	০	০	১	৩
মোট	৫	৩	২	২	১	৩	১৬

বিষক্রিয়ায় মৃত বন্যপ্রাণীর তালিকা
১লা এপ্রিল ২০১১ থেকে ৩১শে জানুয়ারি ২০১৫

বছর	হাতি	চিতাবাঘ (Leopard)	বাইসন	মোট
২০১১-১২	১	০	০	১
২০১২-১৩	০	৩	০	৩
২০১৩-১৪	০	১	১	২
২০১৪-১৫ (৩১.০১.১৫ পর্যন্ত)	০	০	০	০
মোট	১	৪	১	৬

(গ) অবাঞ্ছিত মৃত্যুর ঘটনা প্রতিরোধের জন্য সরকার গৃহীত বিভিন্ন পদক্ষেপগুলি নিম্নে দেওয়া হল :

(অ) সুরক্ষা ব্যবস্থা।

(১) অভয়ারণ্য, জাতীয় উদ্যান ও অন্যান্য অরণ্য অঞ্চলে বনকর্মীদের ব্যাপক টহলদারি।

(২) যোগাযোগ ও ওয়ারলেস ব্যবস্থা জোরদার করা।

(৩) বনরক্ষীদের জন্য অস্ত্রশস্ত্রের ব্যবস্থা করা।

(৪) সুরক্ষা ক্যাম্প নজরমিনার প্রভৃতি বিশেষ বিশেষ এলাকায় চালু করা এবং বন্যপ্রাণীর চলাচলের গতিবিধির উপর নজর রাখা হচ্ছে।

(৫) উপদ্রুত এলাকায় বনরক্ষা ফোর্স গঠন করা।

(৬) গোপন সংবাদ সংগ্রহের জন্য ইনটেলিজেন্স ব্যবস্থা গড়ে তোলা।

(৭) বিভিন্ন আইন প্রয়োগকারী সংস্থার মধ্যে সমন্বয় আনা।

(৮) বনভূমিগুলিতে আইন সেল চালু করা।

(আ) জনচেতনা ও প্রকৃতি শিক্ষা ব্যবস্থা।

(১) যৌথ বন পরিচালন ব্যবস্থার মাধ্যমে স্থানীয় জনগণের সুরক্ষার কাজে লাগানো।

(২) আইন বিষয়ে বন্যপ্রাণ, পুলিশ প্রভৃতি কর্মীদের প্রশিক্ষণের জন্য ওয়ার্কশপের আয়োজন করা।

(৩) স্থানীয় মানুষ, পঞ্চায়েত ও বিদ্যালয়ে গণশিক্ষার ও চেতনার প্রসার করা।

(৪) বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য প্রকৃতি ক্যাম্পের ব্যবস্থা করা।

(৫) জাতীয় উদ্যান ও অভয়ারণ্যগুলিতে প্রকৃতি বীক্ষণকেন্দ্র গড়ে তোলা।

(৬) বন্যপ্রাণ সংরক্ষণ সংক্রান্ত চলচ্চিত্র জনগণকে দেখানো।

(৭) সচেতনতা গড়ে তোলার জন্য পুস্তিকা, প্রচারপত্র, স্টিকার প্রভৃতি বিতরণ।

(ই) অবাঞ্ছিত মৃত্যুর ঘটনা প্রতিরোধে অন্যান্য পদক্ষেপ।

(১) কেন্দ্রীয় বন ও পরিবেশ মন্ত্রকের কাছে উক্ত সমস্যার বিভিন্ন দিকগুলি তুলে ধরা হয়েছে এবং কেন্দ্রীয় বন ও পরিবেশ মন্ত্রক ও রেল মন্ত্রকের সঙ্গে এই বিষয়ে বিভিন্ন আলাপ আলোচনা চলছে, যাতে অবাঞ্ছিত রেল দুর্ঘটনা এড়ানো যায়।

(২) জঙ্গলের মধ্যে রেল লাইনের দুপাশের দৃশ্যমানতা বৃদ্ধির জন্য নিয়মিতভাবে আগাছা পরিষ্কার করা হয়।

(৩) রেল চালকদের জন্য বিশেষ সেমিনার, ওয়ার্কশপ, আলোচনা সভা ইত্যাদি আয়োজন করা এবং রেল লাইনের ধারে সতর্কীকরণ হোর্ডিং, ব্যানার ইত্যাদি লাগানো হয়।

(৪) রেলের কর্মকর্তাদের সাথে আলোচনা করে অনুরোধ করা হয়েছে যে জঙ্গল এলাকার রেলপথে রেলের গতি কমানো।

(৫) রেল কর্মচারী এবং জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা।

মিঃ স্পীকার : মাননীয় সদস্যদের অবগতির জন্য এবং ওনাদের মতামতও আমার চাওয়ার দরকার আছে, বিএ কমিটিতে আমরা আলোচনা করি, অনেক সময় ওনারা জানতে পারেন না। দেখুন, আজকে অনেকগুলি দপ্তরের প্রশ্ন ছিল। যেমন, আজকে মঙ্গলবারে Consumer Affairs, Women and Child Development, Animal Resources Development, Technical Education and Training, Science and Technology, Bio-Technology, Paschimanchal Unnayan, Water Resources Investigation and Development, Agriculture Marketing, Panchayet and Rural Development, Sports, Sundarban Affairs—এই

বারোটি দপ্তরের মধ্যে শুধু তিনটি দপ্তরের প্রশ্ন নিতে পেরেছি। যেহেতু এক একজন সদস্য দুটি করে প্রশ্ন দিয়েছেন। আমি হাউসে সবাইকে বলছি যে, একটা করে স্টার প্রশ্ন প্রত্যেক দপ্তর থেকে নেব, তাহলে বিভিন্ন দপ্তরের মন্ত্রীদের কাছে প্রশ্নগুলি করা সম্ভব হবে। না হলে একই মন্ত্রীর দুটি করে স্টার প্রশ্ন থাকলে অন্য মন্ত্রীর প্রশ্ন নিতে পারি না। সুতরাং সেইভাবে আমি তৈরি করতে বলে দেব। এ বিষয়ে অসন্তুষ্ট হওয়ার কারণ নেই। আমি চাই, সব দপ্তরের মন্ত্রীদের প্রশ্ন বিধানসভায় উঠুক।

Hon'ble Members, I have received a message from Respected Governor of West Bengal. The message is in reply to motion of Thanks adopted by the House on the 26th February, 2015.

Now, as required under Rule 23 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I report it.

MESSAGE FROM THE GOVERNOR UNDER RUKE 23

কেশরীনাথ ত্রিপাঠী
রাজ্যপাল, পশ্চিমবঙ্গ

রাজভবন
কলকাতা-৭০০ ০৬২
২৭.০২.২০১৫

প্রিয় অধ্যক্ষ মহোদয়,

আমাকে ধন্যবাদসূচক প্রস্তাব পাঠানোর জন্য ধন্যবাদ।

গত ১৯শে ফেব্রুয়ারি পশ্চিমবঙ্গ বিধানসভার ১৫তম অধিবেশনে রাজ্যপালের ভাষণ উপস্থাপিত করতে পারায় আমি সম্মানিত বোধ করছি। এই বিধানসভা গৌরবময় ঐতিহ্য এবং সমুজ্জ্বল পরম্পরায় ওতপ্রোত। এই বিধানসভার সমস্ত বিধায়ক যাঁরা এই ভবনকে অতীতে অলঙ্কৃত করেছেন বা ভবিষ্যতে করবেন, এর দ্যুতিময়তা ও আকর্ষণকে ঋদ্ধ করেছেন বা করবেন।

ব্যক্তিগত পরিপ্রেক্ষিতের দিক থেকে ওইদিন রাজ্যপালের বক্তৃতা চলাকালীন মাননীয় বিধায়কদের শান্ত মনোনিবেশ এবং ধৈর্য আমাকে মুগ্ধ করেছে। আমি তাঁদের এই মনোভাবে আপ্লুত। আমি আপনাকে এবং আপনার মহিমান্বিত দপ্তরের মাধ্যমে, সকল বিধায়কদের আমার অনন্য অভিজ্ঞতার জন্য কৃতজ্ঞতা জানাতে চাই।

হার্দিক শ্রদ্ধা সহ,

ভবদীয়,
শ্রী কেশরীনাথ ত্রিপাঠী

CALLING ATTENTION

Now, I call upon the Minister-in-Charge of the Public Works Department to make a statement on the subject of reconstruction of Jhalda-Gola Road in Purulia district.

(Attention called by Shri Nepal Mahata on the 23rd February, 2015)

শ্রী শঙ্কর চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ক শ্রী নেপাল মাহাত কর্তৃক ২৩.০২.২০১৫ তারিখে পশ্চিমবঙ্গ বিধানসভা কার্যপ্রণালি ও পরিচালনা নিয়মাবলির ১৯৮ নম্বর ধারা অনুযায়ী উত্থাপিত দৃষ্টি আকর্ষণ নোটিসের প্রসঙ্গে জানাই যে, পুরুলিয়া জেলায় এক নম্বর ব্লকের ঝালদা-গোলা রাস্তার প্রশস্তকরণ ও দৃঢ়করণ সহ পুনঃনির্মাণ কাজের প্রয়োজনীয় বিস্তারিত প্রকল্প প্রতিবেদন তৈরির কাজ চলছে। প্রশাসনিক অনুমোদনের পর কাজের দরপত্র আহ্বান করা হবে।

শ্রী নেপাল মাহাত : মাননীয় স্পীকার স্যার, আপনাকে ধন্যবাদ আমার এই calling attention গ্রহণ করার জন্য।

মাননীয় মন্ত্রী এর আগেও আমাকে জানিয়েছিলেন। ঝালদা ওয়ানে এটা খুব গুরুত্বপূর্ণ একটা রাস্তা। এটা ঝাড়খণ্ডের হাজারিবাগ জেলার সাথে লিঙ্ক করে এবং short রাস্তা দিয়ে আমরা ওখানে পৌঁছে যেতে পারব। দীর্ঘদিন ধরে এই রাস্তাটির মালিকানা নিয়ে ঝামেলা চলছিল। কিন্তু বহুদিন পর আমি মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাই যে, P.W.D department এই রাস্তাটা তাদের department-র অন্তর্ভুক্ত করেছে। এই রাস্তাটি খুবই গুরুত্বপূর্ণ এবং অবিলম্বে এর কাজ হওয়া দরকার। তিনি সে কথাও কিছুটা বলেছেন। আমি specific ভাবে মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই, ইতিমধ্যে এই রাস্তার ব্যাপারে কিছু টাকা বরাদ্দ করার একটা খবর আমি শুনেছি ডি.এমের মারফৎ। এই বিষয়টা কতটা সত্যি ? যদি সত্যি হয় তাহলে সেই টাকার পরিমাণ কত এবং কবে নাগাদ সেই কাজটা শুরু হবে ?

শ্রী শঙ্কর চক্রবর্তী : মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই, D.P.R. complete না হলে তো বোঝা যাচ্ছে না। D.P.R. ওখান থেকে তৈরি হয়ে আসছে। এখানে আমাদের দপ্তরের যাঁরা দায়িত্বপ্রাপ্ত আছেন তাঁরা তা পরীক্ষা-নিরীক্ষা করে final করবেন। Final করার পরে প্রশাসনিক অনুমোদন হবে। সুতরাং, ওই D.P.R. final না হওয়া পর্যন্ত অর্থের পরিমাণ এখনই আপনাকে সঠিকভাবে বলতে পারব না।

Mr. Speaker: Now, I call upon the Minister-in-Charge of the Irrigation and Waterways Department to make a statement on the subject of construction of a Bridge on river Babla at Nutangram under Ketugram Block-II in Burdwan district.

Attention called by Shri Sekh Sahonawez on the 25th February, 2015.

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ক শেখ শাহনওয়াজের দৃষ্টি আকর্ষণী নোটিশের উত্তরে জানাই, বর্ধমান জেলার কেতুগ্রাম বিধানসভার কেতুগ্রাম ২নং ব্লকের অধীনে মৌগ্রাম পঞ্চায়েতের অন্তর্গত নতুনগ্রাম গ্রামটি কুয়ে-বাবলা নদীর বাম পাড়ে অবস্থিত। এই গ্রাম থেকে ৬ কি.মি. দক্ষিণে কুয়ে-বাবলা নদী গঙ্গার সাথে মিলিত হয়েছে। নদীর ডানপ্রান্ত থেকে নতুনগ্রামে যাওয়ার জন্য নদী পারাপারের উদ্দেশ্যে দুই

তীরেই নৌকাঘাট রয়েছে। তবে বর্ষাকালে ওই ঘাটে পৌঁছানোর রাস্তাগুলি বেশি বৃষ্টিতে জলমগ্ন হয়ে থাকে। এখানে নদী পারাপারের জন্য একটি সেতু নির্মাণ প্রয়োজন। তবে বর্ষাকালের জলমগ্নতার কথা মাথায় রেখে সেতুর উচ্চতা এবং সেতুতে পৌঁছানোর রাস্তাগুলির উচ্চতা নির্ধারণের জন্য প্রয়োজনীয় সমীক্ষার কাজ করতে হবে। সাথে সাথে কিছু পরিমাণ জমি অধিগ্রহণেরও প্রয়োজন হবে বলে মনে করা হচ্ছে। রাজ্যে বড় সেতু নির্মাণের কাজ মূলত পূর্ত বিভাগ করে থাকে। পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের অধীনে জেলা পরিষদও অনেক জায়গায় সেতু নির্মাণ করেছে এবং করছে। এছাড়াও সেচ বিভাগও মূলত খাল ও ছোট নদীর উপরে, বিশেষ করে যেখানে দুপাশে পূর্ত বিভাগের রাস্তা নেই সেখানে সেতু নির্মাণ করে থাকে। রাজ্য সরকারের সিদ্ধান্ত অনুযায়ী সেতু নির্মাণের দায়িত্ব সেচ বিভাগের উপর ন্যস্ত হলে পরবর্তী পদক্ষেপ সমূহ নেওয়া যেতে পারে।

LAYING OF REPORTS

The Annual Report containing Annual Accounts, Audit Report and comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal Infrastructure Development Finance Corporation Limited for the year 2013-14

Dr. Amit Mitra : Mr. Speaker, Sir, I beg to lay the Annual Report containing Annual Accounts, Audit Report and comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal Infrastructure Development Finance Corporation Limited for the year 2013-14.

The 39th Annual Report containing Annual Accounts, Audit Report and comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal Pharmaceutical & Phytochemical Development Corporation Limited for the year 2012-13

Dr. Amit Mitra : Mr. Speaker, Sir, I beg to lay the 39th Annual Report containing Annual Accounts, Audit Report and comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal Pharmaceutical & Phytochemical Development Corporation Limited for the year 2012-13.

The 40th Annual Report containing Annual Accounts and Audit Report thereon, of the West Bengal Mineral Development & Trading Corporation Limited for the year 2012-13

Dr. Amit Mitra : Mr. Speaker, Sir, I beg to lay the 40th Annual Report containing Annual Accounts and Audit Report thereon, of the West Bengal Mineral Development & Trading Corporation Limited for the year 2012-13.

The 40th Annual Report and Accounts along with Audit Report thereon, of the West Bengal Sugar Industries Development Corporation Limited for the year 2012-13

Dr. Amit Mitra : Mr. Speaker, Sir, I beg to lay the 40th Annual Report and Accounts along with Audit Report thereon, of the West Bengal Sugar Industries Development Corporation Limited for the year 2012-13.

[11.10–11.20 a.m.]

The Annual Reports and Accounts along with Audit Reports thereon, of the West Bengal Minorities Development & Finance Corporation for the years 2010-2011, 2011-2012 and 2012-2013

Shri Giasuddin Molla : Sir, I beg to lay the Annual Reports and Accounts along with Audit Reports thereon, of the West Bengal Minorities Development & Finance Corporation for the years 2010-2011, 2011-2012 and 2012-2013.

GENERAL DISCUSSION ON BUDGET

শ্রী খগেন মুর্মু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৭শে ফেব্রুয়ারি এই পবিত্র সদনে মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র ২০১৫-১৬ আর্থিক বছরের বাজেট বিবৃতি পেশ করেছেন। স্যার, ৫৮ পাতা ধরেই অসত্য, আজগুবি, মনমোহিনী নিছক একটি তৃণমূল কংগ্রেসের নির্বাচনী ইস্তেহার ছাড়া কিছু নয়। স্যার, রাজ্যের বাজেট হবে পিছিয়ে পড়া এলাকার মানুষের উন্নয়ন-সহ সামগ্রিক রাজ্যের আগামী দিনের দিশা সম্বলিত একটি দলিল। এই বাজেট বিবৃতি সম্পূর্ণ মনগড়া, রাজনৈতিক এবং দিশাহীন। স্যার, উজ্জ্বল নীল, সাদা রঙে সাজানো হচ্ছে গোটা রাজ্য। কারণ এই দুটি রঙ হচ্ছে মাননীয় মুখ্যমন্ত্রীর প্রিয়। এখন শোনা যাচ্ছে বাড়ি নীল, সাদা রঙ করলে আবার করে ছাড় পাবে। কিন্তু রাজ্যের শিল্প, কৃষি, শিক্ষা, স্বাস্থ্য এসবের রঙ ধীরে ধীরে মলিন হয়ে উঠছে। কারণ সর্বত্রই রাজ্য সরকারের ব্যর্থতার ছাপ স্পষ্ট। ২০১১ সালে বিধানসভা নির্বাচনের আগে তৃণমূল কংগ্রেস তার

ইস্তেহারে বলেছিল যে গোটা রাজ্যেই তারা প্রকৃত শিল্পায়নের উপর জোর দেবেন। পাঁচ বছরের মধ্যে অন্তত ১০টি করে বড়, মাঝারি শিল্প গড়ে তোলার উদ্যোগ নেওয়া হবে। বেকারদের মুখে হাসি ফোটাতে হবে তৃণমূল কংগ্রেস এরজন্য বদ্ধপরিকর। শিল্পে সবুজ বিপ্লব ঘটানো হবে ইত্যাদি। মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র তিনিও বলেছেন ৪০ লক্ষ বেকারের কর্মসংস্থান হবে। আবার একজন এই সদনের সদস্য তিনি বলেছেন বড় শিল্প, মাঝারি শিল্প আসবে না। তাহলে কোনটা ঠিক ? সেটা উনি বলবেন। স্যার, এই তিন বছর ৯ মাসে কটি বড় বা মাঝারি শিল্প আমাদের রাজ্যে এসেছে সেটা আমাদের মন্ত্রী ডঃ মিত্র বলবেন। উল্টো দিকে ডাকব্যাগ, হিন্দুস্তান মোটর্স, জেসপ, ডানলপ, চা-বাগান, জুটমিল সহ শতাধিক শিল্প আজকে বন্ধ। মাননীয় মন্ত্রী ডঃ মিত্র অনুগ্রহপূর্বক আপনি একটু বলবেন জিন্দাল নিয়ে কি হল ? ২০টি জেলায় একটিও শিল্প হয়নি তিন বছর ৯ মাসে। আপনি একটু দয়া করে বলবেন কেন হয়নি ? স্যার, তৃণমূল কংগ্রেসের ছত্রছায়ায় থাকা তোলাবাজদের দাপাদাপির জেরে পশ্চিমবাংলা থেকে শিল্প চলে যাচ্ছে। শিল্পপতিরা আসতে চাইছেন না, বিনিয়োগ করতেও চাইছেন না। এ বিষয়ে আমি আলোচনা করতে চাইছি না। তবে মাননীয় অর্থমন্ত্রী ডঃ মিত্র আপনি একটু বলবেন—এটা হচ্ছে আপনার কাছে আমার প্রশ্ন—কি হল শিল্পের জন্য যে ল্যান্ড ব্যাঙ্কের কথা আপনি বলেছিলেন ? জমি ব্যাঙ্ক করবেন বলেছিলেন—এটার বিষয়ে আপনি একটু দয়া করে বলবেন। ২০১০ এবং ২০১১ সালের মে মাস পর্যন্ত বিনিয়োগের জন্য আমাদের পশ্চিমবাংলায় ৩ লক্ষ ২ হাজার ৫১৫ কোটি টাকা বিনিয়োগের জন্য এখানে এসেছিল। তৃণমূল কংগ্রেসের নৈরাজ্য থাকা সত্ত্বেও আমাদের পশ্চিমবঙ্গ বিনিয়োগের বিচারে দেশের মধ্যে অষ্টম স্থানে ছিল। আর বর্তমানে দেশের মধ্যে বিনিয়োগের বিচারে আমাদের রাজ্য হচ্ছে ১৮ নম্বরে। আপনি একটু বলবেন এ বিষয়টায় ? আমরা জানি মহারাষ্ট্র এক নম্বরে। কিন্তু পাশের রাজ্য অসমও আমাদের রাজ্যকে টপকে গিয়েছে। বিষয়টা একটু বলবেন ? এখন এই ৩ বছর ৯ মাসে গোটা রাজ্যে চলছে তোলা আদায়ের শিল্প নীতি, এটাই চলছে গোটা রাজ্যে। স্যার, ডঃ মিত্র আপনি একবারও বললেন না, বেঙ্গল লিডস্ বা সিঙ্গাপুরের প্রসঙ্গটা। একবারও বললেন না যে, সেটা নিয়ে কি হল। আপনার বিবৃতিতে পেলাম না। হিন্দি, উর্দু, সাঁওতালি ভাষায় শিক্ষাদানের জন্য বিদ্যালয় বা উচ্চবিদ্যালয়গুলি গড়ে তোলার বা শিক্ষক নিয়োগ বিশেষ করে সাঁওতালি ভাষায় তার জন্য যে অলচিকি অক্ষরে পঠন-পাঠনের বা শিক্ষক নিয়োগ করবার ক্ষেত্রে বা তাদেরকে প্রশিক্ষণ দেওয়ার ক্ষেত্রে বিশেষভাবে কোনো উল্লেখ নেই ৫৮ পাতার এই বাজেট বিবৃতিতে। তাহলে এত ঢাক ঢোল পিটিয়ে আদিবাসীদের পাশে মা-মাটি-মানুষের সরকার আছে, থাকবে এই কথাটা বলার উদ্দেশ্যটা কি ? শুধু কি নির্বাচনের জন্য ? ডঃ মিত্র জবাব দেওয়ার সময় নিশ্চয় এই বিষয়টি বলবেন। আদিবাসীদের উন্নয়নের জন্য বামফ্রন্ট সরকারের সময় গড়ে তোলা হয়েছিল ১৫৫টি ল্যাম্পস। এই বিষয়ে ৫৮ পাতার আপনার যে বাজেট বিবৃতি তাতে কোনো জায়গাতে স্থান পেল না। সাঁওতালি অ্যাকাডেমির বিষয়ে আপনি একবারও বললেন না। সাঁওতালি অ্যাকাডেমি যেটা আছে সেটা কি হবে ? স্যার, সংখ্যালঘু উন্নয়নে আমাদের পশ্চিমবাংলা চরম ব্যর্থ। এখানে যে সংখ্যালঘু উন্নয়নের কথা বার বার বলা হচ্ছে, আপনি জানেন স্যার এখানে চরম ব্যর্থ। কেন্দ্রের দেওয়া ২০০ কোটিরও বেশি টাকা খরচ করতে

পারেনি। কি হল ১০ হাজার মাদ্রাসার অনুমোদন ? কটা মাদ্রাসার অনুমোদন দেওয়া হয়েছে, আপনি দয়া করে একটু বলবেন আপনার বলার সময়। সংখ্যালঘুদের বিশেষ তহবিল কমিশন এখনও গঠন হয়নি। মাদ্রাসা শিক্ষকদের বিশেষ কোনো বেতন কাঠামো হয়নি। ৫৬টি মার্কেটিং হাব হয়নি। ৫৬ হাজার সংখ্যালঘুর কাজ হয়নি। মাদ্রাসার শূন্য পদ পূরণ হয়নি। আই.টি.আই., পলিটেকনিক বিশবাঁও জলে পড়ে আছে। স্যার, আমরা জানি যে আমাদের এখানে পশ্চিমবাংলার মতো একটা রাজ্য—ভূমি সংস্কার বা শিল্প ছাড়া কখনও কোনো দেশ বা রাজ্য এগিয়ে যেতে পারে না। উনি বাজেট বিবৃতিতে চার বছর, চার বছর বারে বারে বলেছেন। সেই জন্য আমি ৩৪ বছরে বামফ্রন্ট সরকারের যে সাফল্যগুলো যেটার উপর জোর করে সাধারণ মানুষের উন্নয়ন, তার আর্থিক বা নিজের পায়ে দাঁড়ানোর জন্য যে উন্নয়নের চেষ্টা হয়েছিল সেটা একটু তুলে ধরবার চেষ্টা করছি, স্যার। ১৫ই জানুয়ারি, ২০১১ পর্যন্ত আমাদের পশ্চিমবাংলায় বণ্টিত জমির পরিমাণ ছিল ১১ লক্ষ ৩২ হাজার ৪০০ একর। উপকৃত হয়েছিলেন ৪০ লক্ষ ৪৪ হাজার ৯০০ জন। তপশিলী জাতি, আদিবাসী, সংখ্যালঘু সম্প্রদায়ের উপকৃতের সংখ্যা হচ্ছে ৬৬%। যৌথ পাট্টা দেওয়া হয়েছিল ৬ লক্ষ ২০ হাজার পরিবারকে। মহিলা পাট্টা দেওয়া হয়েছিল ১ লক্ষ ৬৫ হাজার জনকে। ভূমি সংস্কারের গুরুত্বপূর্ণ অঙ্গ হিসাবে বামফ্রন্ট সরকার গ্রামীণ কৃষকদের মর্যাদাকে সম্মান দিতে ৩৪ বছরে প্রায় ১৫ লক্ষ ১৬ হাজার বর্গাদারকে বর্গাচাষী হিসাবে নথিভুক্ত করেছিলেন সেই সময়। তার মধ্যে তপশিলী জাতি, আদিবাসী, সংখ্যালঘু ৫৩% উপকৃত হয়েছিলেন। বাস্তুজমির মালিকানা পাওয়ার জন্য ৩ লক্ষ ২৪ হাজার দরিদ্র ভূমিহীন ক্ষেত মজুরকে জমি দেওয়া হয়েছিল। তপশিলী জাতি, আদিবাসী, সংখ্যালঘু সম্প্রদায় উপকৃত হন ৭১%। চাষ ও বাসের প্রকল্প ২০০৯-১০ সালে যখন গ্রহণ করা হয়েছিল বাজার দরের ২৫% শতাংশ বেশি দরে জমি কিনে বাজার থেকে, সেই সমস্ত ভূমিহীন কৃষকদের সেই জমিগুলো দেওয়া হয়েছিল। সেচ প্রসঙ্গে একটু বলি স্যার, ১৯৭৭-৭৮ সালে পশ্চিমবাংলায় ৩২% জমিতে সেচের ব্যবস্থা ছিল। ২০১১-১২ সাল আর্থিক বর্ষে বামফ্রন্ট সরকারের ৩৪ বছরে রাজ্যে ৭৩.৭% জমিতে সেচ আওতাভুক্ত করা হয়। ধান উৎপাদন প্রসঙ্গে আমরা এখানে জানি, ধানের উৎপাদনে ১৯৭৭-৭৮ সালে আমার সামনে আছেন এবং বাঁদিকে আছেন এরা জানেন ধান উৎপাদনে আমাদের এখানে জমির অনুপাত ছিল মাত্র ২৮%। ২০১০-১১ সালে এটা দাঁড়ায় ৯৯%-এ। কৃষি উৎপাদন এখানে ধান, চাল উৎপাদনের এক নম্বর ছিল। সবজিতে এক নম্বর ছিল, আনারসে এক নম্বর ছিল। দেশের মধ্যে লিচু উৎপাদনে এক নম্বর ছিল। আম উৎপাদনে সপ্তম স্থানে ছিল। নিজ জমি নিজ গৃহ এখানে বলেননি যে, এখানে কত জন গরীব মানুষকে পাট্টা দিয়েছেন। স্যার, মাননীয় অর্থমন্ত্রী ডঃ মিত্রের কাছে আমার প্রশ্ন, উনি আবার চলে গেলেন। সিঙ্গুর নিয়ে তিনি একটা কথা এখানে উল্লেখ করলেন না। কি হবে এখানে ? সিঙ্গুরে জমিতে চাষ হবে না সেখানে শিল্প হবে ? চা বাগান এবং শ্রমিকদের সমস্যার সমাধান সম্পর্কে তিনি একটা কথাও এখানে বললেন না। জুট মিল বন্ধ হয়ে আছে ২২টিরও বেশি। এখানে চার লক্ষ শ্রমিক এবং ১১ লক্ষ পাট চাষী, তাদের বিষয়েও তিনি এখানে বলেননি। তিনি যখন উত্তর দেবেন তখন নিশ্চয় এই সমস্ত প্রশ্নের উত্তর দেবেন। ধন্যবাদ।

[11.20-11.30 a.m.]

শ্রী নির্মল ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডঃ অমিত মিত্র কর্তৃক আনীত বাজেট বিবৃতির সমর্থনে আমি কয়েকটি দিক এখানে উপস্থাপনা করতে চাইছি। যেখানে বিরোধীরা—আজকে তৃতীয় দিন, তারা একটি কথাও এখানে বলতে পারেননি যে সরকার ট্যাক্স বৃদ্ধি করেছে। বাজেটে অনেক নৈরাজ্যের কথা বলেছেন, অনেক কথা বিরোধীরা বলেছেন। কিন্তু ট্যাক্স বৃদ্ধি না করে, জনগণকে হয়রান না করে, জনগণকে ক্ষতিগ্রস্ত না করে তাদের আর্থিক অবস্থাটাকে একটু টেনে উপরে তোলার যে ব্যবস্থা তিনি করেছেন, সেটা একেবারেই ভ্যাটের সীমা বৃদ্ধি করেছেন। রেজিস্ট্রেশনের জন্য Amnesty ঘোষণা করেছেন। সেটেলমেন্ট অফ ডিসপিউট স্কীম সম্বন্ধে বলেছেন। প্রতিটি জায়গায় তিনি ছোট ব্যবসায়ী, ক্ষুদ্র ব্যবসা, MSME-এর উপরে অনেক বেশি জোর দিয়েছেন। যেখানে পাঁচ কোটি টাকা পর্যন্ত ধার্য ছিল, তারপরে তার ভ্যাট, তার ক্যালকুলেশান হবে দশ কোটি টাকা পর্যন্ত, সেখানে কভারেজ দিয়েছেন। এই যে ট্যাক্স বৃদ্ধি না করা, এটা ১৫-১৬ সালের বাজেটের একটা অভিমুখ যে আমি ট্যাক্স বৃদ্ধি করব না। কিন্তু আমি জানি এই রাজ্যের উপরে যে আর্থিক ইনডিসিপ্লিন রয়েছেন, ফিসকাল ইনডিসিপ্লিন, যার সম্পূর্ণ দায়িত্বই, দীর্ঘ বছর ধরেই যারা ক্ষমতায় ছিলেন, তারা এই আর্থিক দুরবস্থার সৃষ্টি করেছিলেন। সেই আর্থিক দুরবস্থার দুটি দিক। স্যার, একটি দিক হচ্ছে যে অর্থ আমি উপার্জন করেছি, রেভিনিউ ইনকাম করেছি, তাতে আমি সেই ব্যয়, আমি কতটা সম্পদ সৃষ্টি করার জন্য করেছি। আমরা দেখেছি যে প্রাথমিক অর্থে যেটা কেউ কখনোই, বিরোধীরা এর উপরে কোনো আলোকপাত করতে পারেননি। স্যার, এটা নেগেটিভ ছিল, যেটা ২৬% বলেছেন। পরবর্তীকালে এই বছরে ১৩-১৪-তে আমরা একটা রেকর্ড সৃষ্টি করেছি যে ৫৩%-এর বেশি আমি যে উপার্জন করেছি, সেই উপার্জিত অর্থ আমি সম্পদ সৃষ্টি করার জন্য ব্যয় করেছি। এই জন্য ব্যয় করেছি সম্পদ সৃষ্টির জন্য কারণ আমাদের জানা ছিল এই রাজ্যের যে দেনা, debt trap বলে, ঋণের ফাঁদ, যে ফাঁদ থেকে—অনেকে বলেন যে ওনারা দেনা করেছেন। কিন্তু দেনা করলে তার যে সব থেকে ভয়ঙ্কর দিক সেটা হচ্ছে debt trap থেকে কোনো দেশ সহজে বের হতে পারে না। কদাচিৎ কেউ ওই debt trap থেকে বেরিয়ে আসতে পারে। যে অঙ্কের—দুই লক্ষ তিন হাজার কোটি টাকার যে দেনা, সেই দেনাকে যখন আমি আমার ঘাড়ে নিয়ে একটি সরকার গত চারটি আর্থিক বছর আমরা চলার চেষ্টা করছি, তখন আমাকে দেনা শোধ করতে হয়েছিল। স্যার, যে অ্যামাউন্ট অফ মানি আমাকে রিপেমেন্ট করতে হচ্ছে, তার জন্য আমাদের সরকার, মা মাটি মানুষের সরকার মমতা ব্যানার্জীর নেতৃত্বে যে সরকার, সেই সরকার দায়ি নয়। তার মানে এই নয় যে ভারতবর্ষের সংবিধান আমাকে এর থেকে মুক্ত করে দেবে। আমি দায়ি নই বলে, আমি ধার করিনি বলে আমার সরকার মুক্ত হবে তা নয়। এই মুক্তি আমি চাইনি। যারা আমাকে মুক্ত করতে পারে, যারা আমাদের টাকা কেটে নেয়, ভারত সরকার RBI-এর মাধ্যমে। তাদের কাছে আমাদের সরকার বারবার দরবার করেছে। তখন ইউ.পি.এ. সরকার ছিল, কংগ্রেসের বন্ধুরা ছিলেন। তারাও এই ব্যাপারে কোনো সদুত্তর দিতে পারেননি। রাজ্যের পাশে বিশেষভাবে দাঁড়াতে পারেননি। বর্তমানে একটি সরকার যে সরকার ভারতবর্ষে এসেছে তাদের কাছে অনেক

আশা-প্রত্যাশা ভারতবর্ষের মানুষের ছিল। আমাদের আশা-প্রত্যাশা খুব একটা ছিল না। কারণ আমরা জানি যে সরকার—ভারতবর্ষে বিজেপি সরকার আসছে তার কাছে আমাদের মতন রাজ্য দারিদ্রতা পীড়িত যে রাজ্য সেই রাজ্যে মানুষের কোনো প্রত্যাশা তারা পূর্ণ করবে বলে কিন্তু আমাদের আগেও আশা ছিল না। কারণ তারা তাদের যে নিদর্শন দিয়েছে গত বাজেটে তাতে তারা কর্পোরেট সেক্টরকে বিশেষ করে ভারতের যারা ব্যবসায়ী, ভারতের যারা কর্পোরেট সেক্টর তাদের ক্ষেত্রেই তারা বেশি নজর দিয়েছেন। স্যার এই দেনাটাকে যদি আমরা ব্যালেন্স করতে পারি তাহলে আমাদের এই দেনার জন্য ২০১৩-১৪ সাল থেকে যদি দেখেন তাহলে আমাদের এই বছর দেনার জন্য সরকারি ঋণের ক্ষেত্রে ৩৮ হাজার ৮৯৪ পয়েন্ট টাকা এইবারে সরকারি ক্ষেত্রে ঋণের জন্য আমাদের দিতে হবে। আমাদের টার্গেট কত ? আমরা আয় করব ৪৮ হাজার পয়েন্ট সাম কোটি টাকা আমরা আয় করব বলেছি। যেটা ২৭ তারিখে বাজেট দিয়েছে নিশ্চয়ই জানুয়ারির সূচক নিয়েছেন। আমাদের আশা ফেব্রুয়ারি মাসের পুরোটা এবং মার্চ মাস তার পুরোটা যদি আমাদের আয় revenue income হয়, মার্চ মাসের পরেও রিটার্ন সাবমিট করে আমাদের আশা যেটা আমাদের ডেফিসিট আছে কমবেশি ১০ হাজার কোটি টাকার মতন, আমাদের অনেকটা এর মধ্যে এসে যাবে। এসে গেলে আমাদের অর্থনৈতিক যে খরচ, তার উপর debt trap থেকে বেরতে হবে, তাই আমাদের ধীরে ধীরে সুদ, আসল শোধ করতে হচ্ছে এবং যার পরিমাণ হাউসে আলোচিত হয়েছে। আমরা এই চারটি আর্থিক বছরে এক লক্ষ পয়েন্ট টু—এই টাকা আমাদের কোষাগার থেকে আমাদের যে ইনকাম আমাদের যে revenue income তার থেকে সরাসরি কেন্দ্রীয় সরকারকে ধার শোধ করার জন্য চলে গেছে। এই সত্ত্বেও একটা ফিনানসিয়াল ডিসিপ্লিনের মাধ্যমে ডঃ মিত্র তিনি তার প্র্যাকটিক্যাল অভিজ্ঞতার মাধ্যমে চেষ্টা করেছেন। আমি যে গতি ২০১১-১২ থেকে এনেছি সেটাকে বৃদ্ধি করেছি ২০১২ ১৩-তে এবং ২০১৪-১৫-তে এখন ২০১৫-১৬ আমার যে লক্ষ্য পথ সেই লক্ষ্যপথে আমরা দেখেছি বিশেষ কতগুলি ক্ষেত্রের জন্য তিনি জোর দিয়েছেন। প্রথম হচ্ছে খাদ্যের ক্ষেত্রে তিনি জোর দিয়েছেন এবং সেটা আলোচিত হয়েছে। খাদ্যের ক্ষেত্রে বলি ধান সংগ্রহ এবং চাল সংগ্রহের ক্ষেত্রে আমরা ৯০ ভাগ জানুয়ারির মধ্যেই, এই রাজ্য ফেব্রুয়ারির ১৫-১৬ তারিখের মধ্যে ৯০ ভাগ ধান এবং চাল যেটা মেন বাঙালির বড় খাদ্য সেটা সংগ্রহ করে ফেলতে পারব। সেটা আমরা করতে পেরেছি। তিনি বাজেটে তা বৃদ্ধি করেছেন। আর কোথায় করেছেন ? তিনি গ্রামাঞ্চলে গ্রামীণ ক্ষেত্রে যেটা পঞ্চায়েতের ক্ষেত্র, যেটা গ্রামীণ উন্নয়নের ক্ষেত্র সেখানে তিনি এক হাজার কোটি টাকার বেশি গত আর্থিক বছরে ২০১৪-১৫ থেকে প্রতিটি গ্রামীণ ক্ষেত্রে সবথেকে বেশি জোর দিয়েছেন। যদি গ্রামীণ ইকনমিটাকে stable করা যায় তাহলে আমাদের রাজ্যের দরিদ্রতা ও আমাদের রাজ্যের যে উন্নয়ন সেই দারিদ্র্য দূর হবে এবং উন্নয়নের পথে আমরা এগিয়ে যাব। স্যার শিক্ষার কথা বলার অপেক্ষা রাখে না। শিক্ষাক্ষেত্রে ডঃ মিত্র যেভাবে আজকে thrash দিয়েছেন নতুন শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে, প্রাথমিক থেকে উচ্চ মাধ্যমিক তারপর কলেজ শিক্ষা এবং বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে এর কোনো তুলনা নেই। এত কম সময়ের মধ্যে তিনটি বছর পার করার পর চতুর্থ বছরে এসে আমরা শিক্ষার ক্ষেত্রে যে টাকার প্রয়োজন সেই টাকা আমরা

জানি যেটা concurrent list-এ আছে দিল্লি এবং রাজ্য দুই—কেন্দ্র এবং রাজ্য। কিন্তু দিল্লির ক্ষেত্রে আমাদের যে আশা সেই আশা পূরণ হয়নি। তা সত্ত্বেও শিক্ষার ক্ষেত্রে আমাদের যে উন্নয়নের ধারা, যে প্রবাহ, যে গতি সেটা যদি তিনটে যুগের পিছনের দিকে চলে যান তাহলে দেখা যাবে এই তিন বছরে যে rate of increase, rate of development সেটা সবথেকে বেশি এই তিন বছরে। অনেকে বলছেন তিন বছরে আপনারা দেনা করেছেন। স্যার আমি প্রথমে বলছি একটি পাপ থেকে আমাদের মুক্তি পেতে গেলে আমাকে সুদগুলি শোধ করতে হবে। যে ধারা আপনারা ধার করেছেন তা শোধ করতে হবে। তার টাকার অঙ্ক কতটা—আমি বলি। আমার revenue income যা তার থেকে যদি দেনা বেশি থাকে, তার থেকে সুদ আসল শোধ করতে হয় তাহলে আমার যে পরিস্থিতি সেই পরিস্থিতিটাই সহজেই অনুমেয় স্যার।

[11.30-11.40 a.m.]

তাই আমি বলতে চাই যে, আমাদের যেটা আজকে শিশু ও নারী কল্যাণের ক্ষেত্রেও আমাদের সরকার জোর দিয়েছে এবং প্রত্যেকটি ক্ষেত্রে—যেখানে মানুষের শিল্পে, যেখানে মানুষের চাকরি সৃষ্টি হবে, সর্বক্ষেত্রেই ডঃ মিত্র তিনি থ্যাস দিয়েছেন এবং এই থ্যাস দেওয়ার ক্ষেত্রে তিনি ট্যাক্স বাড়াননি। এই থ্যাস দেওয়ার ক্ষেত্রে তাঁর মাথায় ছিল যে তাকে দেনা শোধ করতে হবে, তাঁর মাথায় ছিল রেভিনিউ ইনকাম বাড়াতে হবে। স্যার এই যে রেভিনিউ ইনকামটা, যেটা ৩৫ বছরে একটা স্ট্যাগনেশানে চলে এসেছিল ২০ থেকে ২১ হাজার কোটি টাকায়, আজকে এটা একটা অসাধারণ—যেটা আমার মনে হয় আমাদের প্রত্যেক দেশবাসীর কাছে এটা একটা ম্যাসেজ যে, এই অল্প সময়ের মধ্যে—এই ৩টি বছরের মধ্যে আমাদের সরকার যেভাবে রেভিনিউটাকে তুলে এনেছেন, সমস্ত ট্যাক্সকে সরলীকৃত করেছেন তার জন্য আমাদের রাজ্য আজকে ঘুরে দাঁড়াবার যে অবস্থা, সেই ঘুরে দাঁড়ানোর অবস্থায় গিয়েছে এবং তার জন্যই আমি বলি যে, আর্থিকক্ষেত্রে আবার সুদিন ফিরিয়ে আনার জন্য যে গতি আমাদের রাজ্যের এই মা মাটি মানুষের সরকার এনেছেন, তাকে আমি সমর্থন করে, এই ডঃ মিত্রের আনীত বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নেপাল মাহাত : অনারেবেল স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র ২০১৫-১৬ সালের যে বাজেট বিবৃতি এই বিধানসভায় পেশ করেছেন, এই বাজেট বিবৃতি যেটা দিয়েছেন, তার কোনো জায়গাতেই সঠিকভাবে যে মূল্যায়ন, সেই মূল্যায়ন আমরা দেখতে পাইনি। স্বাভাবিকভাবেই তার বিরোধিতা করে আমি স্যার দু-একটা কথা বলি। আজকে স্যার আমি প্রথমেই বলি যে, তিনি তাঁর বাজেট ভাষণে কয়েকটা কথার উপরে বিশেষভাবে জোর দিয়েছেন। সেটা হচ্ছে কর্মসংস্থান, শিল্পে বিনিয়োগ, শিক্ষাক্ষেত্রে বিভিন্নরকম পরিকল্পনা বা বিভিন্নরকম প্যাকেজ ঘোষণা, ইরিগেশানের উপরেও কিছুটা জোর দেওয়া হয়েছে এবং সর্বোপরি স্বাস্থ্য ও পরিষেবা কল্যাণ—এতেও কিছুটা তার বিবৃতি অনুযায়ী জোর দেওয়া হয়েছে। স্যার আমরা এর আগের কয়েকটা তথ্য যদি সামনে নিয়ে আসি, তাহলে আমরা দেখতে পাব যে বাজেট ভাষণটা ভাষণেই আছে, তার প্র্যাকটিকাল ইমপ্লিমেনটেশান যেটা হওয়া উচিত সেটা আমরা দেখতে পাচ্ছি না। আমি উদাহরণস্বরূপ

বলতে পারি কর্মসংস্থান—এই কর্মসংস্থানের যে বিষয়টি, এটা একটা এমন গোলমেলে হিসাব, যেটা বিভিন্ন সময়ে বিধানসভায় পেশ করা হচ্ছে, সেটা এমনিতেই ধাঁধা লেগে যাচ্ছে। আমরা দেখেছি গত বছরে শিল্প থেকে ১ লক্ষ ৩০ হাজার কর্মসংস্থানের কথা তিনি ঘোষণা করেছিলেন। কিন্তু তথ্য অনুযায়ী দেখা যায় সেটা খুব বেশি হলেও ৩০ হাজার মাত্র হয়েছে। আজকে এই হচ্ছে পারফরমেন্স। আমরা দেখেছি স্যার এবারে তিনি বললেন যে ১৭ লক্ষ কর্মসংস্থানের ব্যবস্থা আমরা করছি। এই কর্মসংস্থানের সংজ্ঞাটা তিনি যদি সঠিকভাবে বলেন—কারণ আমরা দেখেছি বিভিন্ন জায়গায় অনেকভাবে কর্মসংস্থান হয়। আমরা দেখেছি সরকারি দলের অনেক নেতা-কর্মীদের নাম থানাতে এনলিস্ট করা আছে, ১০ জন-১২ জন করে প্রতি থানাতে। তারা কেস নিয়ে যায়, পুলিশের সাথে যোগাযোগ থাকে, সেখান থেকে পয়সা রোজগার করে। এইগুলো যদি কর্মসংস্থানের মধ্যে পড়ে তাহলে এই হিসাবটা হয়ত আরও উল্টোপাল্টা হতে পারে। আজকে আমরা দেখেছি এই বিনিয়োগের ব্যাপারে মাননীয় অর্থমন্ত্রীর পরপর তিনটে কথা আমরা শুনেছি। প্রথমে তিনি বলেছিলেন যে ৮৪ হাজার কোটি টাকা আসতে পারে, পরবর্তীকালে বললেন ১ লক্ষ ৩০ হাজার কোটি টাকা আসতে পারে, তার পরবর্তীকালে যেটা দেড় দিনের সামিট হল, তাতে উনি বললেন ২ লক্ষ ৪১ হাজার কোটি টাকা বিনিয়োগের একটা সম্ভাবনা আছে। কিন্তু স্যার এর আগে যদি আমরা দুটো বছরের বিশ্লেষণ করি, তাহলে আমরা দেখতে পাব ২০১৩-'১৪ সালে রাজ্য সরকারেরই হিসাব ১৭ হাজার ৭৩২ কোটি টাকা বিনিয়োগের কথা তারা জানিয়েছিল। ২০১৪-'১৫ সালে সেটা কমে হল ১০ হাজার ৪৫৮ কোটি টাকা। অর্থাৎ ৭ হাজার ২৭৪ কোটি টাকা বিনিয়োগ কমে গেল। এই যে বিষয়গুলো, এই বিষয়গুলো আমরা সঠিকভাবে বুঝতে পারছি না স্যার। আজকে সারা বছর পরিশ্রম করে মাত্র যেখানে ১০ হাজার কোটি টাকার বিনিয়োগ করতে পেরেছিল রাজ্য সরকার ২০১৪-'১৫ সালে। সেই জায়গাতে একটা দেড় দিনের সামিট করে ২ লক্ষ ৪৩ হাজার কোটি টাকা নিয়ে আসল, এটা কতটা বিশ্বাসযোগ্য আছে এই বিষয়ে নিশ্চয়ই পরবর্তীকালে দেখতে পাব। শিল্পের ব্যাপারে দীর্ঘদিন ধরে আমি এই কোশ্চেনগুলো প্রায়ই দেখি বামফ্রন্ট আমলে এবং আপনাদের আমলে। আজকে শিল্পের অবস্থাটা এত খারাপ হল কেন ? রঘুনাথপুরে যে শিল্প হওয়ার কথা ছিল, কোথায় গেল ? জায়গা জমি সব নেওয়া হল, বেড়া দেওয়া আছে—আমি তখনকার শিল্প মন্ত্রী পার্থবাবুকে একটা কোশ্চেন করেছিলাম যে, রঘুনাথপুরে বালাজি গ্রুপ অফ ইন্ডাস্ট্রির যে কারখানা, এই বিষয়ে আপনি জানান এর বর্তমান স্ট্যাটাস কি ? তিনি উত্তর দিয়েছিলেন মালিককে আমরা খুঁজে পাচ্ছি না। স্যার, আজকে যদি এই ধরনের পরিস্থিতি হয়, শিল্প হওয়ার যে জায়গাগুলো, আমরা আসল জায়গাতে ভুল করছি। আজকে আমাদের জেলার পাশে ঝাড়খণ্ড স্টেট। সেখানে শিল্পপতিরা সরকারের মন্ত্রী নেতাদের তেলমারে। তাদেরকে অনেকভাবে বোঝাবার চেষ্টা করে যে আমরা ঝাড়খণ্ডে একটা শিল্প করতে চাই। ওরা নিজেরা ইন্টারেস্ট নিয়ে আসে। কিন্তু পশ্চিমবঙ্গে এই জিনিসটা ঘটছে না কেন ? আমাদের অসুবিধাগুলো কোথায় ? এই অসুবিধাগুলো পর্যালোচনা করা হচ্ছে না। আমার ছোটো বুদ্ধিতে যা বলে, যেমন পুরুলিয়া জেলাতে খুব সহজে জমি পাওয়া যাবে, সহজে লেবার পাওয়া যাবে, সহজে র-মেটিরিয়ালস পাওয়া যাবে। কিন্তু সেখানে কোনো

শিল্প হোক এই ধরনের মানসিকতা এই সরকারের নেই, গতবারের সরকারেরও ছিল না। আজকে এই বিষয়টাকে একটু গুরুত্ব সহকারে দেখতে হবে। কেননা আমাদের কাছাকাছি বোকারো স্টিল আছে, টাটা আছে। টাটা আয়রন অ্যান্ড স্টিল কোম্পানি হচ্ছে এশিয়ার বিখ্যাত। পুরুলিয়া থেকে মাত্র এক ঘন্টার রাস্তা। সিঙ্গুরে কারখানা করে একটা ঝগড়া বাধিয়ে এতবড় একটা কাণ্ড ঘটে গেল। সিঙ্গুরের কারখানাটা তো পুরুলিয়াতে করতে পারতেন। ওখানে জায়গার ঝামেলা ছিল না। র-মেটিরিয়ালস আসত টাটা আয়রন অ্যান্ড স্টিল কোম্পানি থেকে। কিন্তু এই মানসিকতা নেই। সব কলকাতা কেন্দ্রিক করার একটা বিষয়। মাননীয় মন্ত্রী সাধন পান্ডে বলছিলেন, তাঁর বক্তৃতা আমি শুনছিলাম। তিনি বলেছেন যে বড় শিল্পের আর কোনো আশা নেই পশ্চিমবঙ্গে। এই বিষয়টা কি ঘটছে আমাদের ? এই ধরনের একটা লোক ভোলানো বিষয় যদি করা হয়, এই বিষয়গুলো একটু সঠিকভাবে দেখা দরকার। স্যার, আজকে এই কর্মসংস্থানের ব্যাপারে আমি একটা তথ্য দিতে চাই। আমরা দেখেছি সমস্ত দপ্তরে যেখানে আমরা যাই, ইরিগেশানের মাননীয় মন্ত্রী ভালো কাজ করার চেষ্টা করছেন, বি.এল.আর.ও. ডিপার্টমেন্ট আছে, স্বাস্থ্য আছে, বিভিন্ন ডিপার্টমেন্ট আছে। প্রতিটি ডিপার্টমেন্টে শতকরা ৪০-৫০ ভাগ পোস্ট খালি। আজকে ডিপার্টমেন্টগুলো এফিসিয়েন্সি পুরোপুরি কমে গেছে। আমরা যদি একটা ডাটা দেখি সেখানে দেখা যাচ্ছে গত বছরের বেতনের জন্য তিনি বরাদ্দ করেছিলেন, সরকারি, আধা-সরকারিদের জন্য যে টাকা সরকার থেকে যায়, ৩০ হাজার ২০০ কোটি টাকা। সেখানে আমরা দেখতে পাচ্ছি প্রায় ২ হাজার কোটি টাকা খরচ হয়নি। খরচ হচ্ছে না কেন ? যেখানে ফিক্সড একটা অ্যামাউন্ট প্লেস করা আছে, সেখানে সরকারি, আধা-সরকারি বা অন্যান্য যেসব কর্মচারীরা আছে তাদের বেতনের টাকা ধরা হয়েছে ৩০ হাজার কোটি টাকা, সে জায়গাতে ২ হাজার কোটি টাকা বেঁচে যাচ্ছে। পেনশান, গ্র্যাচুয়িটির জন্য টাকা ধরা হল ১৩ হাজার কোটি টাকা। সেখানেও আপনার দেড় হাজার কোটি টাকা বেঁচে গেল। আসল জায়গাতে আমরা হাত না দিয়ে—আজকে কেন সমস্ত স্কিমগুলো ফ্লপ করছে ? এগ্রি ইরিগেশনের কোনো ইঞ্জিনিয়ার নেই যে স্পটে গিয়ে এনকোয়ারি করবে, স্পটে গিয়ে কাজ করবে। অফিসে গেলে কোনো লোক পাওয়া যাচ্ছে না। এই বিষয়টির উপর গুরুত্ব দেওয়া হচ্ছে না কেন ? এই বিষয়টাকে দেখার জন্য স্যার আপনাকে অনুরোধ করছি। ইতিমধ্যে আমরা দেখেছি হেলথের বিষয়। হেলথ্-এ ডাক্তার প্রচণ্ড অভাব সবাই আমরা জানি। ডাক্তারের একটা পরীক্ষা নেওয়া হল, সেখানে কিছু ডাক্তারের অ্যাপয়েন্টমেন্ট হবে। রেজাল্টে দেখা যাচ্ছে যত ভ্যাকেন্সি আছে তার মাত্র শতকরা ৬০ ভাগ রেজাল্ট প্রকাশ করা হল এবং বলা হল যে ৬০ ভাগ আসন ফিলআপ করা হবে। এর কারণটা কি ? আজকে এই বিষয়টা দেখতে হবে। আমাদের জেলাতে প্রায় ২২০ জন ডাক্তার দরকার। সেখানে ১২০-১৩০-এ চলছে। ইতিমধ্যে ৩০ জন ডাক্তার গেছে, অনেকে জয়েন করেনি। আর স্বাস্থ্য ব্যবস্থাটা এখন জায়গাতে পৌঁছে গেছে, ডাক্তারগুলোকে সরকারের বেতন দেওয়ার ক্ষমতা নেই না কি ?

[11.40–11.50 a.m.]

যত ভ্যাকেন্সি আছে, সেই ভ্যাকেন্সিগুলোতে ডাক্তার যখন অ্যাপ্লিকেন্টস পাওয়া গেল, সেইগুলো রিডিউস করে ৬০% অ্যাপয়েন্টমেন্ট মাত্র দেওয়া হচ্ছে। এটা কেন হচ্ছে ?

মানুষের সেবার এই বিষয়টা অবিলম্বে দেখা দরকার। এই বাজেটে দেখছি বিভিন্ন ভাবে টাকা-পয়সা দেওয়া হচ্ছে, বিলানো হচ্ছে। আপনারা অনেকেই জানেন পুরুলিয়া জেলায় মাওবাদী আন্দোলন। সেই আন্দোলনের ফলে যারা মারা গেছে বিভিন্ন ভাবে, কেন্দ্রীয় সরকার থেকে একটা ঘোষণা করা হয়েছিল যে, তাদের ৩ লক্ষ টাকা করে দেওয়া হবে এবং রাজ্য সরকারের থেকে ২ লক্ষ টাকা করে দেওয়া হবে, মোট ৫ লক্ষ টাকা করে দেওয়া হবে। পুরুলিয়া জেলাতে এই সংখ্যাটা ছিল ৫২ জন। কিন্তু স্যার আশ্চর্যের বিষয়, এই ৫২-এর মধ্যে মাত্র ৫ জন ৫ লক্ষ টাকা করে পেল, বাকি ৪৭ জন এই টাকাটা পেল না, মাত্র ৩ লক্ষ করে টাকা পেল। রাজ্য সরকারের যে ২ লক্ষ টাকা কন্ট্রিবিউশন ছিল, রাজ্য সরকারের টাকার অভাবের জন্য এটা দেওয়া হল না। এই বিষয়টা ভালো করে দেখতে হবে। অনুরূপ ভাবে পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া সব জায়গাতেই এই ব্যাপারটা ভয়াবহ। এই বাজেটে দেখলাম না পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের জন্য কোন ব্যয়বরাদ্দ আছে বা টাকা ধরা আছে। হয়ত পরবর্তীকালে ধরবেন। পশ্চিমাঞ্চলে যে ব্যাকওয়ার্ড ব্লকগুলো আছে, সেইগুলোতে কাজ করার জন্য তারা বদ্ধপরিকর এবং অনেক কাজই করে, সেই কাজের পরিসংখ্যানও আছে। কিন্তু এই বিষয়টাকে পুরোপুরি ইগনোর করা হয়েছে, যেখানে এই টাকাটা খুব দরকার ছিল। দ্বিতীয় গুরুত্বপূর্ণ কথা, আপনারা অনেকেই জানেন, আমার এরিয়াতে, বিশেষ করে জঙ্গলমহল থেকে অন্যান্য জায়গায় চাষীরা বহু কষ্ট করে ধান বা অন্যান্য সবজি উৎপাদন করে, কিন্তু তারপর হাতির আক্রমণে সেইসব ফসল নষ্ট হয়ে যায়। আমার এরিয়াতে কয়েকদিন ধরে প্রচুর হাতির আক্রমণ হচ্ছে, সেখানে ক্ষেতের ফসল সব নষ্ট হয়ে যাচ্ছে। হাতি ফসল নষ্ট করলে তার কম্পেনসেশন কত পশ্চিমবঙ্গ সরকারের ? ২০০৬ সাল পর্যন্ত এই কম্পেনসেশন ছিল ডেসিমেল প্রতি ৩০ টাকা। এই বিষয়ে আমি মাননীয় বনমন্ত্রীকে বারবার বলেছিলাম, বিধানসভাতেও বলেছিলাম। এক মাস আগে একটা নোটিফিকেশন বেরিয়েছে, সেখানে ডেসিমেল প্রতি কম্পেনসেশনের পরিমাণ ৬০ টাকা। হাতিগুলো যেখান থেকে আসে, সেই ঝাড়খণ্ডে কম্পেনসেশনের পরিমাণ ডেসিমেলে ৫০০ টাকা থেকে শুরু। পরবর্তীকালে তাদের শস্যের একটা অ্যাসেসমেন্ট করা হয়। সেই অ্যাসেসমেন্ট ধানের জন্য একটা হতে পারে, সবজির জন্য একটা হতে পারে। সেই অ্যাসেসমেন্ট অনুযায়ী তাদের টাকা কমা-বাড়া হয়। স্যার, আজকে তাই আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীকে আমার জিজ্ঞাসা, এক্ষেত্রে অন্যান্য রাজ্যের তুলনায় কম্পেনসেশনের রেট আমাদের রাজ্যে এতটা কম কেন ? এই বিষয়টা দেখা দরকার। আমি আগেও বিধানসভাতে বারবার বলেছি, ইরিগেশনের স্কিমগুলো অনেকটাই নির্ভর করে মাটিটা কি ধরনের তার উপর। পুরুলিয়া জেলাতে দেখেছি ৭২ থেকে ৭৭ সালে বড় বড় ৩৪টা ড্যাম করতে পেরেছিলাম আমরা সেইসময়। সেই ৩৪টা ড্যাম এখনও তাদের কাজ করে যাচ্ছে। পরবর্তীকালে যে স্কিমগুলো সেখানে ধরা হয়েছে সেই স্কিমগুলো মোটেই অ্যাপ্রোপ্রিয়েট নয়। পুরুলিয়ার মাটির ক্ষেত্রে আমরা দেখেছি সেই স্কিম ধরা হচ্ছে টাকা খরচ হচ্ছে। ইরিগেশনের নামে এখনও পর্যন্ত আমি জেলা পরিষদের কাছ থেকে হিসাব বার করেছিলাম ইরিগেশন ডিপার্টমেন্ট থেকে প্রায় দু হাজার কোটি টাকা পুরুলিয়ার ইরিগেশন বাবদ খরচ হয়েছে। কিন্তু এখনও পর্যন্ত ইরিগেটেড ল্যান্ড তার পারসেনটেজ হচ্ছে মাত্র ১৫%। ২২% থেকে

কমে সেটা ১৫%-এ দাঁড়িয়েছে। আজকে স্যার আমি আপনার মাধ্যমে বলতে চাই যে 'জল ধরো জল ভরো' প্রকল্প এগ্রি ইরিগেশন থেকে বিভিন্ন স্কিম হচ্ছে, ইরিগেশন থেকে বিভিন্ন রকম স্কিম হচ্ছে। এই স্কিমগুলোর লঞ্জিভিটি কতটা। এই বিষয়টাকে গুরুত্ব দেওয়া হচ্ছে না কেন ? আমরা লঞ্জিভিটির কথাটা এই কারণে বলছি যে আজকে যতগুলো চেক ড্যাম, এখানে এই বিধানসভায় জোর গলায় বলছি। এখানে যদি একশোটা চেক ড্যাম করা হয় আপনি দেখবেন এক বছর বাদে বা দু বছর বাদে একশোর জায়গায় দুটো বা তিনটের একসিসটেন্স আছে। পাঁচ বছর বাদে একটারও একজিসটেন্স নেই। এইটা হচ্ছে পুরুলিয়ার মাটি বা পুরুলিয়ার জলের যে স্রোত সেই স্রোতের একটা নেচার। মানেটা হচ্ছে এই যে ইরিগেশন পারপাসে আমি টাকা খরচ করলাম। ইরিগেশন পারপাসে আমি সমস্ত রকম স্কিম করলাম এবং সেটা ওই মাটি এবং জলের কাছে অ্যাপ্রোপ্রিয়েট না হওয়ার জন্যে সেই স্কিমগুলো আমার মার খেয়ে গেল। টাকাটা জলে গেল। আলটিমেটলি আমরা ইরিগোন থেকে বঞ্চিত হলাম। এই যে বিষয়গুলো এই বিষয়গুলোকে ভালভাবে চিন্তা-ভাবনা করা দরকার। কিষাণ মাণ্ডির টাকা—কিষাণ মাণ্ডির বিল্ডিংটাই হয়ে যাচ্ছে বড় জিনিস। আমি স্যার, জোর গলায় বলতে পারি যে কিষাণ মাণ্ডির যে টাকাগুলো দেওয়া হচ্ছে যে বিভিন্ন জায়গায় বিশেষ করে পুরুলিয়াতে, ঘরগুলো তৈরি হওয়ার পরে এখানে ইঁট পাটকেল বিক্রি হবে। কোনো সবজি বিক্রি হবে না। আজকে এই বিষয়টা কি দেখা হয়েছে যে সবজিটা আসবে কোথা থেকে ? তার বদলে যদি কোল্ড স্টোরেজ করা হত সেটা বরং কিছুটা ভাল ছিল। আজকে স্যার এই বিষয়টা কিন্তু দেখা হল না। এই বিষয়গুলো আমি আপনার মাধ্যমে অর্থমন্ত্রীর কাছে এটাই তুলতে চাই এবং সরকারকেও বলতে চাই সেই চিরাচরিত প্রথা, সেই ট্রাডিশনাল সিস্টেম যে সিস্টেমে আপনারা কাজ করবেন তাতে ঠিকাদারের লাভ হবে কিছু কমিশন পাওয়া যাবে। এর বেশি আর কিছু কাজ হবে না। আজকে স্যার এই কথা বলে আমি শেষ করছি এই যে বাজেট এই বাজেটে কোনোরকমভাবে এত সব খরচের কথা বলা হয়েছে কিন্তু কি ভাবে টাকা আসবে তা কোনো জায়গাতে ভালো করে বলা নেই। আমরা আগের যে টার্গেট দেখেছি সেই টার্গেটেও যে আয় হয়েছে সেই আয়ের যে পরিমাণ ছিল সেই পরিমাণও অনেকটাই টার্গেট থেকে কম। আজকে এই বিষয়টা দেখা দরকার ছিল। আমি একটা উদাহরণ দিয়ে শেষ করছি স্যার, পিওর গোলাপ ফুল খুব ভাল। পিওর গোলাপ ফুল যদি কাউকে দেওয়া হয় ওটা হাতে নিয়ে নাড়াচাড়া করলে কাঁটা লাগে। যদি কাঁটা লাগে তবেই জানা যাবে যে ওটা গোলাপ ফুল। যদি কাঁটা না লাগে তাহলে গোলাপ ফুলটা কাগজের গোলাপ ফুল। আজকে মাননীয় মন্ত্রী একটা কাগজের গোলাপ ফুল উপহার দিলেন আমাদের পশ্চিমবঙ্গকে। ধন্যবাদ।

ডাঃ আবুল কাশেম মোল্লা : মাননীয় চেয়ারম্যান স্যার ও সম্মানীয় সদস্যবৃন্দ এই মহতী সভায় গত ২৭শে ফেব্রুয়ারি ডঃ অমিত মিত্র অর্থ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী যে বাজেট ২০১৫-১৬ সালের উপস্থাপন করেছেন তাকে সর্বান্তকরণে সমর্থন করে মাননীয় চেয়ারম্যানের মাধ্যমে দু-একটি কথা উপস্থাপিত করতে চাই। প্রথমেই মনের মণিকোঠা হতে অসংখ্য ধন্যবাদ জানাই মা মাটি মানুষের নেত্রী বাংলার মানুষের উন্নয়নের প্রতীক মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়কে। ধন্যবাদ জানাই বাংলার ৯ কোটি মানুষকে গতমাসে

উপনির্বাচনে মাননীয়া মুখ্যমন্ত্রীর প্রতি আস্থা রাখার জন্য। ২৭শে ফেব্রুয়ারি মাননীয় অর্থমন্ত্রী যে সময়োচিত বাজেট মা মাটি মানুষের নেত্রীর আদেশ অনুসারে উপস্থাপিত করেছেন সেটা বাংলার কোটি কোটি গরীব মানুষের উন্নয়নের স্বার্থে একটা উদাহরণ হয়ে থেকে যাবে। বিগত ২০১১ সালের আগে মা মাটি মানুষের সরকারের জন্মলাভের আগে ৩৪ বছরের যে অনুন্নয়নের ইতিহাস সেই ইতিহাসের জন্য পশ্চিমবঙ্গ ভারতবর্ষের আঙিনায় পিছিয়ে পড়েছিল। বিগত সাড়ে তিন বছরের মধ্যে মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে সামনের সারিতে পশ্চিমবঙ্গ এগিয়ে চলেছে। তাই ভারতবর্ষের জাতীয় বাজেটের আগে বাংলার বাজেট পেশ করা হয়েছে।

[11.50 a.m.-12.00 noon]

মা মাটি মানুষের সরকারের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশ ও আদেশে এই বাজেট পেশ করেছেন। মহামান্য গোখলের কথা মনে পড়ে যাচ্ছে। হোয়াট বেঙ্গল থিংকস টুডে ইন্ডিয়া উইল থিংক টুমরো। তাই তো বাংলার বাজেট ভারতবর্ষের আগে হল। আমরা ভারতবর্ষের নিরিখে এগিয়ে আছি। এটা তার একটা প্রমাণ। যেহেতু আমি একজন চিকিৎসক স্বাস্থ্যক্ষেত্রে যে বাজেট পেশ করা হয়েছে তারজন্য আমি ধন্যবাদ জানাতে চাই মাননীয় অমিত মিত্রকে। দু হাজার এগারো সালের আগে মাত্র ছয়টি এস এন সি ইউ এবং পঁচানব্বইটি এস এন এস ইউ চালু ছিল। মা মাটি মানুষের সরকার তিন বছরের কিছু সময়ের মধ্যে তেতাল্লিশটি এস এন সি ইউ এবং দুশো পঁচাশিটি এস এন এস ইউ স্থাপিত করেছে। বাংলায় চিকিৎসকের হাহাকার। কিছুক্ষণ আগে আমার পূর্ববর্তী বক্তা বলছিলেন যে গ্রামে-গঞ্জে চিকিৎসক নেই। আমিও সেটা স্বীকার করছি যে বাংলাতে চিকিৎসকের হাহাকার। আর গ্রামাঞ্চলে গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রগুলিতে চিকিৎসক পাওয়া যাচ্ছে না। কারণ বামফ্রন্টের বিগত ৩৪ বছরে মেডিক্যালের আসন সংখ্যা বাড়ানোর দিকে নজর দেওয়া হয়নি। মাননীয় অপজিশন লিডার সূর্য্যকান্ত মিশ্র এখানে নেই। কিন্তু তিনি স্বাস্থ্যমন্ত্রী থাকার সময়ে বাংলার মানুষের প্রতি তঞ্চকতা করেছেন। মেডিক্যাল কলেজ করেননি। এম বি বি এসের সিটও বাড়াননি। তাই তো আজকে ডাক্তারের হাহাকার। আমরা বিগত তিন বছরের মধ্যে এই মেডিক্যালের আসন সংখ্যা প্রায় তিন হাজারে নিয়ে গেছি। যেটা বামফ্রন্টের দু হাজার এগারোর তুলনায় ডবলেরও বেশি। আমরা আগামী দু হাজার ষোলো সালের মধ্যে এই মেডিক্যালের আসন সংখ্যা পাঁচ হাজারে নিয়ে যাওয়ার আশা রাখছি। পি পি পি মডেলে নেই নেই করে পঁচানব্বইটি ন্যায্যমূল্যের ওষুধের দোকানও হয়েছে। এরফলে এক কোটি তিরিশ লক্ষ মানুষ উপকৃত হচ্ছেন। বিশেষজ্ঞ চিকিৎসকের অভাব যেটাতে ছটি জেলা হাসপাতালকে ৬০টি আসন বিশিষ্ট ডি এন ডি কোর্স চালু করা হয়েছে। পশ্চিমবঙ্গের মানুষ ১৯৪৭ সাল থেকে আজ পর্যন্ত প্রফুল্ল ঘোষ থেকে আরম্ভ করে বুদ্ধদেব ভট্টাচার্য্যক পর্যন্ত অনেক মুখ্যমন্ত্রী দেখেছেন। কিন্তু কেউই এই পশ্চিমবঙ্গের পিছিয়ে পড়া সংখ্যালঘু মানুষের মনের ব্যথার বেদনার কথা বুঝতে পারেননি। পিছিয়ে পড়া সংখ্যালঘু মানুষ তাদের ব্যথা বেদনা যিনি বুঝতে পেরেছিলেন তিনি সাড়ে তিন বছরে বাংলার উন্নয়নের প্রতীক মমতা বন্দ্যোপাধ্যায়। সংখ্যালঘুদের কিছু দেননি বলে আজকে অপজিশনে বসেছেন। সংখ্যালঘুদের

কিছু দিলে অপজিশনে বসে হাত নাড়াতে হত না। এখানে বসে বাজেটটা আপনারা পড়তেন। সাড়ে তিন বছরের মধ্যে সংখ্যালঘু পঁচাত্তর লক্ষ ছাত্রছাত্রীকে অনুদান দেওয়া হয়েছে। যেটা দু হাজার সাত আট থেকে দু হাজার দশ এগারোর তুলনায় প্রায় আট গুণেরও বেশি। সংখ্যাটা দেখুন। সংখ্যালঘুর ভোটটা নিয়েছেন। কিন্তু সংখ্যালঘুর কথা কোনো দিন ভাবেননি। তাদের হাতে বন্দুক রিভলভার ধরিয়ে দিয়ে বুথ দখল করে ভোটে জিতেছেন। তাই আজকে অপজিশনে বসে আছেন। আগামী দিনে অপজিশনের টেবিলটাও নিশ্চিহ্ন হয়ে যাবে। ১৬টি জেলা সংখ্যালঘু এলাকার ১৫১টি ব্লকে ১১২৬ কোটি টাকা সামাজিক পরিকাঠামো তৈরি করা হয়েছে। দু হাজার এগারো সালের পর থেকে এখনও পর্যন্ত ১৮৭০টি কবরস্থানের পাঁচিল দেওয়া হয়েছে। যা বিগত বামফ্রন্টের তুলনায় ১২ গুণেরও বেশি। শুধু তাই নয় শিক্ষাক্ষেত্রে আপনারা বিগত ৩৪ বছরে একটা বিশ্ববিদ্যালয় করেছিলেন। আমরা ১৩টা বিশ্ববিদ্যালয় দিয়েছি। তাই 'কন্যাশ্রী' প্রকল্প—মাননীয়া মুখ্যমন্ত্রীর 'মানসকন্যা' বিশ্ব জুড়ে বিপুল সাড়া ফেলেছে। তাকে অনুসরণ করে আমাদের মোদীজি 'বেটি বাঁচাও, বেটি পড়াও' প্রকল্প এনেছেন, টুকলি করেছেন। গ্রামীণ রাস্তা উন্নয়নে মুখ্যমন্ত্রীর নেতৃত্বে বিপুলভাবে পশ্চিমবঙ্গ এগিয়ে চলেছে। বিদ্যুৎ উৎপাদনে পশ্চিমবঙ্গ ভারতবর্ষের বুকে প্রথম। তাই কবির ভাষায় বলি, 'বল বল বল সবে, শত বীণা বেণু রবে, বাংলা আবার জগৎ সভায় শ্রেষ্ঠ আসন লবে।' আপনাকে ধন্যবাদ জানিয়ে, এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি, নমস্কার।

শ্রী তজমুল হোসেন : মাননীয় চেয়ারম্যান স্যার, গত ২৭ তারিখ অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, তার বিরোধিতা করে কয়েকটি কথা আপনার সামনে রাখছি। স্যার, ২০১৪-১৫ আর্থিক বছরে কর আদায়ের লক্ষ্যমাত্রা রাখা হয়েছিল ৪৫ হাজার কোটি টাকা। এই বছরে আদায় হয়েছে ১৯ হাজার ৭০০ কোটি টাকা। ২০১৩-১৪ সালে আয়কর হয়েছিল ২৭ হাজার ২০০ কোটি, এবারের বাজেটে লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৪৬ হাজার কোটি। আপনারা বিভিন্ন প্রকল্পে নিজেদের সেরা ঘোষণা করেছেন। এই সেরার খতিয়ানগুলো পেশ করছি স্যার এম.এস.ডি.পি.-তে ৯২৬ কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল, তার মধ্যে হাতে পেয়েছে ৪৯৭ কোটি। ৪২ হাজার কাজের মধ্যে ৪ হাজার কাজ শেষ হয়েছে স্যার। ১৬ হাজার কাজে এখনো হাত পড়েনি। ২০১৪ পর্যন্ত কাজ শেষ হয়েছে মাত্র ৯%। এই হচ্ছে কাজের নমুনা।

স্যার, আপনারা অভূতপূর্ব অগ্রগতির কথা বলেছেন যে, শিক্ষার ক্ষেত্রে অভূতপূর্ব অগ্রগতি, ঠিকই অগ্রগতি হয়েছে ! অগ্রগতি হয়েছে কিসে ? নৈরাজ্য, হিংসাত্মক ঘটনা, শাসক দলের দাদাগিরি ও নিয়োগের দুর্নীতি—এই হচ্ছে অগ্রগতি।

কর্মস্থানের সুযোগের কথা বলেছেন। বিভিন্ন জায়গায় কর্মসংস্থান হয়েছে। ২ বছরে এখনো পর্যন্ত এস.এস.সি.-র পরীক্ষা হচ্ছে না।

জাতীয় সড়কে রেকর্ড করার কথা বলেছেন। বিহার সংযোগকারী রাস্তা সংযোগ হয়ে গেছে, কিন্তু আমাদের বেঙ্গলের যে মাত্র ১২ কিলোমিটার রাস্তা, এখনো পর্যন্ত সেটার কাজ ধরা হয়নি।

কৃষিতে বলেছেন অভূতপূর্ব হয়েছে। কৃষকরা তাদের ন্যায্য ফসল—ধান, পাট, আলুর ন্যায্য মূল্য পাচ্ছে না।

শিল্পতে বলেছেন যে, অনেক বিনিয়োগ হয়েছে। কিন্তু এখনো পর্যন্ত কোনো শিল্পপতি এখানে আসেনি। সমস্ত কল-কারখানা বন্ধ হয়ে গেছে। শিল্পপতিরা আমাদের রাজ্য ছেড়ে চলে যাচ্ছেন। এটা হচ্ছে শিল্পের অগ্রগতি !

এবার স্যার মাদ্রাসার কথায় আসছি। এই সরকার আসার পরেই একটা ঘোষণা করেছিল যে, ১০ হাজার মাদ্রাসার অনুমোদন পাওয়া যাবে। কিন্তু এখনো পর্যন্ত ক'টা মাদ্রাসা হয়েছে ? দয়া করে অর্থমন্ত্রী একটু জানাবেন কি ? কিন্তু আমাদের বামফ্রন্টের আমলে যে সমস্ত মাদ্রাসা অনুমোদন পেয়েছিল, তা সত্ত্বেও তারা এখনো পর্যন্ত টিচিং অ্যাপ্রুভাল পাচ্ছে না। হাজার বার বলা সত্ত্বেও এখনো পর্যন্ত অনেকগুলো মাদ্রাসা টিচিং অ্যাপ্রুভাল পাচ্ছে না।

স্যার, আমি আরও নমুনাগুলো বলছি। এই যে বাজেট, এই বাজেটে পার্শ্ব শিক্ষক, শিক্ষাবন্ধু, শিক্ষামিত্র, প্রাণী বন্ধু, আই.সি.ডি.এস. কর্মী, আশা, সিভিক পুলিশ, গ্রামীণ পুলিশ—তাদের সম্বন্ধে কিছুই বলা হয়নি। তাদের ভবিষ্যৎ কি হবে এখনো পর্যন্ত বোঝা যাচ্ছে না। স্যার, আমাদের বামফ্রন্ট সরকার ২০১০ সালে চাঁচল পৌরসভা গঠন হয়ে যাবে ঘোষণা করেছিল। কিন্তু এই ঘোষণা সত্ত্বেও এখনো পৌরসভার কাজ আরম্ভ হয়নি। এটাই আপনাদের সাফল্য !

[12.00 noon-12.10 p.m.]

পানীয় জল ২০১০ সালে বিভিন্ন জায়গায় নলবাহিত জলের স্কিমগুলি নেওয়া সত্ত্বেও এখনও পর্যন্ত সেই নলবাহিত জলের স্কিমগুলি শেষ হয়নি। স্যার, দারিদ্রসীমার নীচে বাসস্থানের কথা বলেছেন, এটা খুবই আনন্দের কথা, কিন্তু ২০১২-১৩ সালে 'গীতাঞ্জলি', 'আমার বাড়ী' আমাদের মালদা জেলায় যে সমস্ত হয়েছিল—এস.ডি.ও., বি.ডি.ও. পর্যন্ত আসা সত্ত্বেও, মালদা জেলায় 'গীতাঞ্জলি', 'আমার বাড়ী' কিংবা 'আশ্রয়' কিংবা কোনো কিছু এখনও পর্যন্ত হয়নি। কিন্তু আপনারা এখানে গীতাঞ্জলিতে বিরাট সাফল্য দেখিয়েছেন। স্যার, স্বাস্থ্যের কথা বলি, স্বাস্থ্যে অসাধারণ সাফল্যের কথা বলেছেন। বিশেষ করে শিশু মৃত্যুর হারের কথা বলেছেন—আমাদের মালদা জেলায় শিশু মৃত্যুর হার বৃদ্ধি পেয়েছে। এটা আপনাদের একটা বিরাট সাফল্য। গ্রামীণ হাসপাতাল, আমাদের যে সমস্ত ব্লক লেভেল হাসপাতাল আছে, গ্রামীণ হাসপাতাল আছে কিংবা মহকুমা হাসপাতাল আছে, সেই সমস্ত হাসপাতালগুলোতে ডাক্তারের অভাব, নার্সের অভাব, কর্মীর অভাবের ফলে স্বাস্থ্য পরিষেবা থেকে মানুষ বঞ্চিত হচ্ছে। স্যার, এই বাজেটে বার্ধক্যভাতা, বিধবাভাতা, কৃষিভাতা, অক্ষমভাতা—এই সমস্ত ভাতা ৫ মাস, ৬ মাস, ৮ মাস পর্যন্ত তারা পাচ্ছে না। তার সম্বন্ধে একটাও কথা, বা বৃদ্ধি করার কথা বা এটা নিয়মিত পাওয়ার ব্যাপারে কোনো কথা নেই। স্যার, বাজেটে সংখ্যালঘুদের উন্নয়নের কথা বলেছেন, শুধু সাইকেল দিয়ে বা ইমাম ভাতা দিয়ে সংখ্যালঘুদের উন্নয়ন করা যায় না। সংরক্ষণ করে তাদের চাকরির ব্যবস্থা না করলে তাদের অগ্রগতি হবে না। স্যার, এখানে অগ্নি সুরক্ষার কথা বলা হয়েছে। আমাদের মালদা

জেলায় কয়েকটি অগ্নিনির্বাপক কেন্দ্র আছে, সেখানে ফোন করলে আগুন লাগা সত্ত্বেও অগ্নিনির্বাপক কেন্দ্রের কর্মীরা সেখানে যায় না। তার পরে ১০০ দিনের কাজের ব্যাপারে বলি, ১০০ দিনের কাজে যা দুর্নীতি তাতে দেখা যাচ্ছে যে লেবাররা কাজ করেছে তারা কিন্তু এখনও পর্যন্ত ৬ মাস, ৭ মাস, ৮ মাস হয়ে গেল টাকা পাচ্ছে না। আপনারা একটা ব্যাপারে রেকর্ড করেছেন সেটা কি ? সেটা হচ্ছে মেলা, মাটি উৎসবে আপনারা রেকর্ড করেছেন। গোটা হাউসের আমি দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, আপনার পূর্ণাঙ্গ বাজেট আপনি যা পেশ করেছেন এবং এই সমস্ত টাকা আপনি খরচ করবেন, তাতে আমাদের বিধায়ক এলাকা উন্নয়নের ব্যাপারে বলি মাত্র ৬০ লক্ষ টাকা আপনি দিচ্ছেন সারা বছরের জন্য, কিন্তু এক কি.মি. রাস্তা করতেই ৬০ লক্ষ টাকা লাগে। তাহলে এই ৬০ লক্ষ টাকায় সে সারা বছরে কি কি কাজ করতে পারবে ?

শ্রী সুজিত বোস : মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার অনুমতি নিয়ে আমাদের রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী শ্রী অমিত মিত্রের বাজেট বিতর্কে অংশ নিয়ে এই বিষয়ে প্রথমেই বলতে চাই, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় এই মা মাটি মানুষের সরকার ২০১৫-১৬ এই আর্থিক বছরে বাজেট বাস্তবিক অর্থে মা মাটি মানুষের জন্যে। এটা কোনো ভাঁওতাবাজি বা বছবের পর বছর ঘাটতিশূন্য বাজেট স্রষ্টাদের অনুকরণে নয়। এটাই প্রাথমিকভাবে আপনাদের সকলকেই বলি এটা মনে হয়েছে। আপনারা জানেন ২৭ তারিখ আমাদের রাজ্য বাজেট পেশ হয়েছে এবং তারপরের দিনই কেন্দ্রীয় সরকারের বাজেট পেশ হয়েছে। আমরা মানুষের কাছে যে কথাটা বলছি, আমাদের এই মা-মাটি-মানুষের সরকারের এই বাজেটে আপনারা লক্ষ করবেন, আমি পরে ডিটেলে আসব সাধারণ মানুষের কথা সেখানে বলা হয়েছে। বিশেষ করে মধ্যবিত্ত মানুষের কথা সেখানে বলা হয়েছে। রাজ্যের উন্নতির কথা বলা হয়েছে, প্ল্যানিং কত টাকা এবং অন্যান্য যে বিষয়গুলো আছে আমি ডিটেলে আসছি কিন্তু তার সাথে সাথে দিল্লিতে কেন্দ্রীয় সরকারের যে বাজেট পেশ হয়েছে সেটা আপনারা লক্ষ করেছেন। মানুষের হয়তো একটা আশা-ভরসা ছিল যে এত বিপুল সংখ্যা নিয়ে তারা দিল্লিতে সরকার গঠন করেছেন এবং নির্বাচনের আগে তারা বড় বড় কথা বলেছিলেন। বলেছিলেন কালকেই সংসদে দেখবেন—আমাদের সাংসদরা যারা আছেন তারা প্রতিবাদ জানিয়েছেন। যে কালো টাকা তারা ফেরত আনবে বলেছিল এবং তারা ১০০ দিনের মধ্যে যে তালিকা প্রকাশ করবে বলেছিল এই বাজেটে তার কোথাও কোনো জায়গায় বলা নেই। এবং বলেছিল ১৫ লক্ষ টাকা করে—প্রত্যেকেই একটা আশা করে প্রচুর ব্যাঙ্ক account খুলে ফেলেছিল যাতে ১৫ লক্ষ টাকা করে তাদের account-এ চলে আসে। এগুলো মনে হচ্ছে মানুষ বুঝতে পারছে এবং পরবর্তী নির্বাচনগুলোতেও মানুষ বুঝতে পারছে। এই সরকারের ১ বছর এখনও হয়নি। রেল বাজেটে সবাই বলছে রেলের ভাড়া বাড়ায়নি। কিন্তু আপনারা জানেন দিল্লিতে সরকারে আসার পরেই ১৪% রেল বাজেট বাড়িয়েছে, রেলের ভাড়া বাড়িয়েছে। যা আজ পর্যন্ত ভারতবর্ষের ইতিহাসে এইভাবে কোনোদিন হয়নি যে একবারে ১৪% রেলের ভাড়া কখনও বেড়েছে। মানুষ লক্ষ্য করছে, সাধারণ মানুষ লক্ষ করছে যে রেলের পরিষেবা থেকে মানুষ বঞ্চিত, যেমন—রেল লাইনগুলোর কি অবস্থা মানুষ বুঝতে পারছে। যেভাবে ভারতবর্ষে এবং বিভিন্ন জায়গায়

রেলের দুর্ঘটনা ঘটছে সেটা মানুষ উপলব্ধি করছে। তার কারণ ভাঁওতা এবং বিশেষ করে কথার ফুলঝুরি অনেকেই অনেক রকমভাবে দিতে পারে। কিন্তু বাস্তবে আমরা লক্ষ করছি কোনো কাজই সেখানে হচ্ছে না। তার সাথে সাথে সাধারণ মানুষের আশা-প্রত্যাশাকে বিশেষ করে কেন্দ্রীয় যে বাজেট হয়েছে সেটা ভীষণভাবে মানুষকে আঘাত করেছে। আর সব থেকে যেটা গুরুত্বপূর্ণ international market-এ পেট্রোল-ডিজেলের দাম যেভাবে কমেছে সেই অনুযায়ী কিন্তু আমরা কোথাও লক্ষ করছি না যে, আমরা ভেবেছিলাম হয়তো ট্রেনের ভাড়া কিছুটা কমবে কিংবা জিনিসপত্রের দাম কিছু কমবে এবং বাজেটেও তার প্রতিফলন থাকবে কিন্তু কোথাও সেখানে তা দেখছি না।

আমাদের বাজেটে কতকগুলো positive দিক আছে। সেই positive দিকগুলোর কথা আমি প্রথমে বলি। Planning expenditure বা পরিকল্পনা খাতে ২০১০-১১ সালে বাজেটে ব্যয় ছিল ১৪ হাজার ১৬৫ কোটি টাকা। যা এই তিন বছরে বেড়ে দ্বিগুণ হয়েছে ২৮ হাজার ১৫৯ কোটি টাকা। আর এ বছরের জন্য ধরা হয়েছে ৪৯ হাজার ৫৬০ কোটি টাকা। আর capital expenditure বা মূলধনী ব্যয়ের মাধ্যমে অর্থাৎ রাস্তা, সেতু, পানীয় জল, স্কুল, কলেজ, হাসপাতাল ইত্যাদি যা কিনা সরকারি মূলধনী ব্যয়ের অঙ্গ ২০১০-১১ সালে ছিল -২৬.০৮%। ২০১১-১২-তে আমরা positive করে মূলধনী ব্যয়ের বৃদ্ধির হার করেছি ২৪.১৭% আর ২০১৩-১৪-তে ৫২.৩৩%। এই বাজেটে মাত্র চার বছরে বিগত সরকারের চেয়ে ২৬৯% বেশি মূলধনী ব্যয় হয়েছে। আপনারা দেখেছেন পানীয় জলে ২০১০-১১ সালে খরচ ধরা ছিল ৪৭০ কোটি টাকা। আর ২০১৪-১৫ সালে খরচ হয়েছে ১ হাজার ৩৩৬ কোটি টাকা। আর এ বছর বাজেটে আছে ১ হাজার ৪৭০ কোটি টাকা। তার মানে আমাদের মুখ্যমন্ত্রী যখন এখানে শপথ নিয়েছিলেন এবং বারবার তিনি বলেছেন যে পরিস্রুত পানীয় জল আমাদের সব জায়গায় পৌঁছে দিতে হবে। আমরা গর্ব করে বলতে পারি আমাদের এই সরকার জল কর তুলে দিয়েছে। বিভিন্ন জায়গায়, অন্য স্টেটে আপনারা জানেন জল কর আছে কিন্তু আমাদের রাজ্যে কোনো জল কর নেই। আমাদের মুখ্যমন্ত্রী সব জায়গায় বারংবার যে কথাটা বলেন, যে করের বোঝা চাপিয়ে মানুষের উপর আর বোঝা চাপাতে চান না। এটা আমরা মুখে নয় কাজেও দেখছি। আজকে জল প্রকল্প অনেকগুলো নেওয়া হয়েছে। বিভিন্ন পৌরসভা এলাকায় যেমন হচ্ছে তেমনই দেখছি গ্রামেও হচ্ছে। বিভিন্ন জায়গায় আমরা দেখতে পাচ্ছি যেমন বাঁকুড়াতে জলের development হচ্ছে তেমন পুরুলিয়াতেও হচ্ছে। আবার আমাদের ডিস্ট্রিক্টে যেমন হচ্ছে তেমন শহরতলিতেও আমরা দেখছি।

[12.10–12.20 p.m.]

এই যে রাজারহাটে আমরা দেখছি, নিউ টাউন এলাকায় গঙ্গা থেকে পাইপ বসিয়ে জলের ব্যবস্থা করা হয়েছে। সেখানে শুধু রাজারহাট পাবে না রাজারহাটের আশেপাশে সমস্ত জায়গায় বিধাননগর পাবে, দমদম পাবে, বিভিন্ন জায়গার মানুষেরা এই জল পাবে। এইরকম পরিকল্পনা সমস্ত জায়গায় হচ্ছে, এটা রাজ্যের পক্ষে অত্যন্ত মঙ্গল এবং positve একটা দিক। দ্বিতীয়ত, বলছি স্বাস্থ্যে ২০১১ সালে রাজ্যে মাত্র ৬ খানা সিক নিউ বর্ন কেয়ার

ইউনিট SNCU ছিল আর ৯৫ খানা সিক বর্ন স্টেরিলাইজেশান ইউনিট ছিল যা বর্তমানে ৬-এর জায়গায় ৪৩টি এবং ৯৫-এর জায়গায় ২৮৫টি স্থাপিত হয়েছে। শিশুদের ক্ষেত্রে এটা দারুণ সাফল্য পেয়েছে। বাচ্চাদের ক্ষেত্রে বিশেষ করে আমরা দেখেছি আমাদের অনেক আমাদের বাচ্চাদের NICU-র দরকার হয়। এতে রাজ্যের অনেকটা বড় সাফল্য পেয়েছে। আর ২০১৪-১৫-তে ২,২১১ কোটি টাকার জায়গায় ২০১৫-১৬-তে ২,৫৮৮ কোটি টাকা বরাদ্দ হয়েছে। আর একটা বিষয়ে বলি ppp মডেলে আমরা দেখেছি বিভিন্ন জায়গায় যে ন্যায্য মূল্যের ওষুধের দোকান হয়েছে। এতে বহু মানুষ উপকার পাচ্ছে। বিভিন্ন হাসপাতালগুলোতে যেমন হচ্ছে, বিভিন্ন সরকারি হাসপাতালে, প্রায় ৯৫টি আজ পর্যন্ত খুলেছে রাজ্যে এই ধরনের ppp মডেলে ন্যায্য মূল্যের ওষুধের দোকান। শিক্ষাক্ষেত্রে রাজ্য দারুণ সাফল্য অর্জন করেছে। আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী আজকে হাউসে আছেন। আমি একটা কথা বলি, এটা সত্যি বলছি যে, শিক্ষার ক্ষেত্রে এই সরকারের সাফল্য ঈর্ষণীয়। এই সরকার আজ পর্যন্ত ৪৯৮টি নতুন প্রাথমিক বিদ্যালয় তৈরি করেছে এবং ১৪৩৮টি নতুন উচ্চমাধ্যমিক বিদ্যালয়, ১৬১৮টি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করা হয়েছে এবং ৩১৯টি জুনিয়ার হাই বিদ্যালয়কে মাধ্যমিক স্তরে উন্নীত করা হয়েছে। কলেজের সংখ্যা প্রায় ৪০টি বেড়ে যাচ্ছে, আর বিশ্ববিদ্যালয় ২০১২ সাল পর্যন্ত ছিল মাত্র ১৩টি। যা বেড়ে আজ ২৬টি হয়েছে। যার মধ্যে ৭ খানা বেসরকারি বিশ্ববিদ্যালয় আছে। এই বিশ্ববিদ্যালয়, মহাবিদ্যালয় বা ইউনিভার্সিটি হওয়ার জন্য আমাদের কর্মসংস্থানের সংখ্যা বেড়ে গেছে। এ বছর ৮,৪০০ কোটি টাকার উপরে বরাদ্দ করা হয়েছে। আপনারা জানেন, আপনাদের বলি যে, আমাদের রাজ্যে সত্যিকারের বলছি আজকে অনেকগুলি ইউনিভার্সিটি আমরা দেখছি। বর্ধমানে ইউনিভার্সিটি হয়েছে, নজরুল ইউনিভার্সিটি, কোচবিহারে, পঞ্চানন বর্মা ইউনিভার্সিটি, ডায়মন্ড হারবারে ইউনিভার্সিটি আমাদের মহিলাদের জন্যে। এছাড়া বেসরকারি এবং সেন্ট জেভিয়ার্সের জন্য জমি দেওয়া হয়েছে। প্রেসিডেন্সির সেকেন্ড ক্যাম্পাস আমাদের রাজারহাটে হচ্ছে। আলিয়া ইউনিভার্সিটি হয়েছে আমাদের। এই আলিয়া ইউনিভার্সিটির ভিত্তিপ্রস্তরের দিনে আমি মাননীয়া মুখ্যমন্ত্রীর সঙ্গে ছিলাম, দু'বছরের মধ্যে সেই ইউনিভার্সিটির কাজ সম্পূর্ণ হয়েছে। এটা আমাদের রাজ্যের একটা বড় সাফল্য। তার সাথে সাথে আমরা লক্ষ করেছি প্রাইভেট যে সমস্ত ইউনিভার্সিটিগুলো আছে সেগুলোকেও—প্রাইভেট কিছু ইউনিভার্সিটি আমরা দিয়েছি। যেমন আমাদের অনেকগুলো আছে উদাহরণস্বরূপ বলা যেতে পারে। আর একটা যেটা আমাদের সব থেকে মুখ্যমন্ত্রীর brain child আমি বলব কন্যাশ্রী প্রকল্প। এটা সত্যি বলছি এতে সাধারণ মানুষ ভীষণভাবে উপকৃত হয়েছে। ৫০০ টাকা থেকে তারা মাসিক ৭৫০ টাকা পেয়েছে এটা একটা বিরাট সাফল্য। আমি এক মিনিট সময় নেব। আর একটা বড় সাফল্য যেটা আমরা দেখেছি বিশেষ করে বহু মানুষ আছেন যারা flat বা একটা বাড়ি কেনেন। সেই flat বা বাড়ির ক্ষেত্রে আমরা দেখেছি যখন তারা রেজিস্ট্রেশান করবার জন্য যায় তাদের টাকা থাকে না বলে তখন অনেক সময় তারা মিউটেশান করতে পারে না, অনেক কিছু করতে পারে না। আমরা লক্ষ্য করেছি যে, এই যে এখানে ৩০ লক্ষ থেকে ৪০ লক্ষ টাকা পর্যন্ত ধার্য করা হয়েছে পারসেন্টেজটা কমিয়ে দেওয়া হয়েছে, stamp duty-র পরিমাণ ৭% থেকে

৬% করা হয়েছে। পরিশেষে যে কথাটা বলি যে, আমাদের পাশের যে সমস্ত প্রতিবেশী রাজ্যগুলো আছে মহারাষ্ট্র গতবছরে ৬.৬৬%, অন্ধ্রপ্রদেশে ১৫.৭%, গুজরাতে ১৪.৫% নিজস্ব কর বাড়িয়েছে। কিন্তু আমাদের রাজ্য কোনো কর না বাড়িয়ে মানে এই যে কাজগুলো করে যে আয় করেছে এটা একটা বিরাট বড় সাফল্য। সুতরাং এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ নমস্কার।

শ্রী ধীরেন বাগদী : ধন্যবাদ চেয়ারম্যান সাহেব। আমি আমাদের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র গত ২৭ তারিখে যে বাজেট প্রস্তাব রেখেছেন, সেই প্রস্তাবের উপর আলোচনা চলছে, এই আলোচনা করতে গিয়ে মাননীয় অর্থমন্ত্রী বারবার ৩৪ বছরের কথা টেনেছেন এবং তার বাজেট প্রস্তাবে দশ গুণ, বিশ গুণ, চল্লিশ গুণ বরাদ্দ বেশি করেছেন, এইসব দাবি করেছেন। কিন্তু বাস্তবে সেই প্রস্তাবে আলোচনা করতে গিয়ে যে বিষয়গুলো স্যার, আমার নজরে এসেছে, আমি সেটা রাখতে চাই। প্রথমত হচ্ছে যে পারিবারিক সহায়তা প্রকল্প। এই প্রকল্পের মাধ্যমে বিশেষ করে যারা দারিদ্রসীমার নিচে বসবাস করে, বার্ধক্য, বিধবা, প্রতিবন্ধী, সেই সঙ্গে সঙ্গে কৃষি পেনশান যারা পায়, এইসব মানুষের ক্ষেত্রে আমরা দেখলাম যে গত '১৩-'১৪ সালে যে বরাদ্দ ছিল, সেখানে প্রস্তাবে রেখেছিলেন ১৬৬৯ কোটি টাকা, কিন্তু বাস্তবে খরচ হল ১৩২৮ কোটি টাকা, ২০০ কোটি টাকা তিনি খরচ করতে পারলেন না। জানিনা, এটা স্টেট শেয়ার না সেন্ট্রাল শেয়ার। কিন্তু আমার কথা হচ্ছে যে এই পেনশানগুলো, এই ভাতাগুলো নিয়মিত দেওয়ার ক্ষেত্রে, অর্থ দপ্তরের উদাসীনতা লক্ষ করছি। স্যার, যখন এই পরিবর্তনের সরকার এসেছিল, তখন এক তারিখে শিক্ষকদের বেতন করে দিয়েছে, এখন সেই জায়গায় দাঁড়িয়ে শিক্ষক মশাইরা মাসে দুইবার বেতন পাচ্ছেন কিনা সেটা বলতে পারব না। কিন্তু যারা দারিদ্রসীমার নিচে বাস করে যে মানুষগুলোর ওই ৪০০ টাকা কিংবা ৭০০ টাকা ভাতা, তার মাসের যেটুকু সম্বল, সেইটা কেন নিয়মিত দেওয়া হয় না ? কেন অর্থ দপ্তর সেই ক্ষেত্রে কার্যকরী পদক্ষেপ নেয় না, এইক্ষেত্রে স্যার, আমি বুঝতে পারি না। সেইজন্য যে কথাটা বলতে চাইছি, যে পরবর্তী ক্ষেত্রে এই পরিবর্তনের সরকার, পারিবারিক আর্থিক সমীক্ষার রিপোর্ট করার জন্য ব্যবস্থা গ্রহণ করলেন। খুব বিনয়ের সঙ্গে আমি প্রশ্নটা অর্থমন্ত্রীর কাছে রাখতে চাই, স্যার, কেন এখনও পর্যন্ত সেই পারিবারিক সহায়তার যে সমীক্ষা, সেটা এখনও কেন পেশ করা হচ্ছে না ? কেন প্লেস করা হচ্ছে না, সেইটা প্লেস করা হলে যে মানুষগুলো হয়তো দারিদ্রসীমার নিচে বসবাসকারীর তালিকায় আসতে পারে, কিন্তু তারা আসতে পারছে না। যার জন্য অনেক মানুষ যারা ৬০ বছরের ঊর্ধ্বে তারা এই বার্ধক্য ভাতা, বিধবা ভাতা বা অন্যান্য ভাতা পাওয়ার ক্ষেত্রে বঞ্চিত হচ্ছে। সুতরাং আমি এই মানুষগুলোর প্রতি, এই বাজেট বরাদ্দে সেই রকম কোনো প্রস্তাব দেখতে পেলাম না। প্রতিবন্ধী ভাতা, ব্লকে ব্লকে রেজিস্ট্রেশান তাদের নিয়মিত হচ্ছে না। প্রত্যেক প্রতিবন্ধী তারা ভাতা নিয়মিত পাচ্ছে না। সুতরাং স্যার, এই প্রস্তাবে আমি বলতে চাই যে প্রতিবন্ধীদের রেজিস্ট্রেশান ব্লক স্তরে রেজিস্টার্ড হওয়া চাই। এবং প্রত্যেক প্রতিবন্ধী যাতে নিয়মিত তারা ভাতা পায়, তারা যে সমাজের মানুষ,—মানব সম্পদ—তাদের প্রতি দায়বদ্ধতা এই সরকারের মনে হচ্ছে সেই ভাবে আমরা দেখতে পাচ্ছি না। ক্ষেতমজুর, দিন মজুর এবং একটা শ্রমজীবী মানুষের বড়

অংশ স্যার। কৃষি শ্রমিক—আজকে তাদের ন্যূনতম মজুরি, তাদের সামাজিক সহায়তা প্রকল্প, তাদের ভবিষ্যনিধি প্রকল্প একটা কথাও অর্থমন্ত্রী উচ্চারণ করলেন না। একটা বড় অংশ স্যার। তাহলে সেই জায়গায় দাঁড়িয়ে এই ক্ষেতমজুর, দিনমজুর, কৃষি শ্রমিক, এদের ক্ষেত্রে তাদের যদি ন্যূনতম মজুরি তাদের পারিবারিক সহায়তা, তাদের ভবিষ্যনিধি প্রকল্প—আগে মিনিমাম ওয়েজেস ইন্সপেক্টাররা ব্লকে বসতেন এবং এদের মজুরি কি হবে না হবে, অনেক সময় তারা মধ্যস্থতা করে সেটা ঠিক করতেন।

[12.20–12.30 p.m.]

এখন তাদের প্রত্যেক ব্লকে মিনিমাম ওয়েজ ইন্সপেক্টার নেই। এখানে আমি দাবি রাখতে চাই, প্রত্যেক ব্লকে মিনিমাম ওয়েজ ইন্সপেক্টার যাদের মাধ্যমে এই দিনমজুর, ক্ষেত মজুর অর্থাৎ কৃষি মজুরদের সামাজিক সুরক্ষা, সেই সঙ্গে ভবিষ্যনিধি প্রকল্প এবং মিনিমাম ওয়েজ, এই ব্যাপারগুলো নির্ধারণ করার ক্ষেত্রে কার্যকরী ব্যবস্থা এই বাজেটে পরিলক্ষিত হয়নি। আমি এটাও এই বাজেটে দেখলাম স্যার, বিশেষ করে কর্মচারীদের বেতন ৩২,৭৭৩ কোটি টাকা যেটা গত আর্থিক বছরে দিয়েছিলেন, এই বছর দিয়েছেন ৩০,৩২২ কোটি টাকা। তাহলে স্যার বৃদ্ধির জায়গায় কমছে। এখন এই জায়গায় কর্মসংস্থানের ক্ষেত্রে আমরা কর্মসংকোচন দেখছি। তাহলে এখানে আমরা কি বুঝব ? তাহলে কি যারা অবসর গ্রহণ করছেন তাদের কি পুনরায় নিয়োগ করছেন ? তাদের কি চুক্তিভিত্তিক কম বেতনে কাজ করাচ্ছেন ? এখানে পুনর্নিয়োগ হওয়ার ক্ষেত্রে প্রকৃত যারা বেকার যুবক তারা সেখানে কাজের সুযোগ পাচ্ছে না। তাহলে সেই জায়গায় দাঁড়িয়ে আজকে এই বাজেটে যেখানে বেশি হওয়া দরকার ছিল, বিশেষ করে সরকারি কর্মচারী সহ আধা-সরকারি কর্মচারী তাদের এখনও ৪২% ভাতা বাকি, সেই জায়গায় আমরা দেখছি আপনার বাজেটে তাদের স্যালারি বাবদ কমে যাচ্ছে। যেখানে মুদ্রাস্ফীতি হচ্ছে, টাকার দাম কমে যাচ্ছে, সেই জায়গায় আজকে আপনার বাজেটে স্যালারি দেওয়ার ক্ষেত্রে বরাদ্দ কমে যাচ্ছে। কারণটা বলার সময় অর্থমন্ত্রী নিশ্চয় বলবেন। আমি এটাও বাজেটে লক্ষ করলাম স্যার, সমবায় ব্যবস্থা রাজ্যে ভেঙে পড়েছে। বীরভূমে সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক বন্ধ আছে। এখানে বরানগর সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক বন্ধ। হাওড়াতে সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক বন্ধ। স্যার আমার কথা হল, যেখানে লক্ষ লক্ষ আমানতকারী তাদের আমানত জমা রাখছে, সেখানে কৃষকরা, কর্মচারীরা সেইসব ব্যাঙ্ক থেকে লোন পায়। আমাদের বীরভূমে সমবায় ব্যাঙ্ক খোলার ক্ষেত্রে মাননীয় মন্ত্রী বলেছেন ৭৮ কোটি টাকা হলে সেটা খোলা হবে। এই বাজেটে কি সেই টাকার ব্যবস্থা রাখা হয়েছে ? আমি অতি সত্বর সেই সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক খোলার কথা বলছি। সেই সঙ্গে সঙ্গে এটাও আমরা দেখছি যে সেচের ক্ষেত্রে টাকা ফেরত যাচ্ছে। আজকে জল সম্পদ উন্নয়ন মন্ত্রী বলার সময় বলছিলেন যে প্রতি বছর জলের স্তর নেমে যাচ্ছে। সেমি ক্রিটিক্যাল থেকে ক্রিটিক্যাল ব্লকে পরিণত হচ্ছে। সেই জায়গায় মাননীয় অর্থমন্ত্রী কল্পতরু হয়ে বলছেন, দশ লক্ষ স্যালো, সাব মার্সিবল করবেন। স্যার, তাহলে কি জলের স্তর নেমে যাবে না ? পানীয় জলের সংকট হবে না ? সেই জায়গায় দাঁড়িয়ে আগামীদিনে জলের সংকট হবে। এখানে আমি শিল্পের কোনো দিশা দেখতে পেলাম না। শিক্ষার ক্ষেত্রে

শিক্ষক নিয়োগের কোনো ব্যবস্থা নেই। গীতাঞ্জলির ক্ষেত্রে বিরোধী এম.এল.এ.-দের সুযোগ দেওয়া হচ্ছে না। আমাদের কোনো লিস্ট দেওয়া হচ্ছে না। সেইসঙ্গে স্বাস্থ্য ব্যবস্থাও ভেঙে পড়েছে। স্বাস্থ্য কেন্দ্রে বোমা পাওয়া যাচ্ছে। রোগী ঠিকমতো চিকিৎসা পরিষেবা পাচ্ছে না। সামনে পৌর নির্বাচন আসছে, অন্যান্য নির্বাচন আসছে। এই নির্বাচনকে দেখে এই বাজেট। সুতরাং...

(এইসময় মাইক বন্ধক হয়ে যায়।)

শ্রী শীতল কুমার সর্দার : মিঃ চেয়ারম্যান স্যার, মাননীয় অর্থমন্ত্রী গত ২৭শে ফেব্রুয়ারি এই পবিত্র সদনে ২০১৫-১৬ সালের জন্য যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। স্যার, 'বাংলার মাটি-বাংলার জল বাংলার বায়ু-বাংলার ফল, পুণ্য হউক, পুণ্য হউক হে ভগবান'। এই বাজেট হচ্ছে শ্রমজীবি মানুষের বাজেট, এই বাজেট হচ্ছে খেটে-খাওয়া মানুষের বাজেট, এই বাজেট হচ্ছে পশ্চিমবঙ্গবাসীর বাজেট, তাই এই বাজেট বরাদ্দকে আমি সমর্থন করছি। বামফ্রন্ট সরকারের শ্লোগান ছিল—'কৃষি আমাদের ভিত্তি, শিল্প আমাদের ভবিষ্যৎ'। কৃষি যদি ভিত্তি হয় তাহলে সিঙ্গুরের তাপসী মালিককে কারা খুন করেছিল ? কৃষক রমণীকে কারা খুন করে ঘরে আগুন লাগিয়ে দিয়েছিল ? বীরভূমের সূচপুরের ঘটনার কথা আমরা ভুলে যাইনি। সেখানে কৃষক পরিবারের তেরো জনকে খুন করা হয়েছিল। ভূতের মুখে রামনাম—এরা বলে কৃষি আমাদের ভিত্তি, আর শিল্প আমাদের ভবিষ্যৎ। স্যার, 'শস্যের দাম না পেয়ে ওনাদের আমলে বহু কৃষক আত্মহত্যা করেছিল। আর ভূতের মুখে রামনাম—কৃষি আমাদের ভিত্তি, শিল্প আমাদের ভবিষ্যৎ। আজকে আপনারা শিল্পের কথা বলছেন। হাওড়াবাসী হিসাবে একটা সময় আমরা গর্বিত ছিলাম। আমাদের হাওড়াকে শেফিল্ড বলা হত। হাওড়ায় ছোটোখাটো কারখানা অনেক ছিল। হাওড়ার সেইসব কারখানা সব বন্ধ হয়ে গিয়েছে ওনাদের আমলে। হাওড়ার গেস্টকিন-রেমিংটন থেকে আরম্ভ করে, সেখানকার সমস্ত কারখানা একে একে বন্ধ হয়ে গেছে ওনাদের আমলে। ফলে অনেক মানুষ বেকার হয়ে গেছে। ওরা বেকারের সমস্যার সমাধান করবেন কি করে। আমরা অত্যন্ত গর্বিত, মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় কৃষকদের মধ্যে ৫০ লক্ষ পাম্প সেট বিতরণ করেছি। এই পাম্প সেটের মাধ্যমে চাষীরা চাষবাস করতে পারেন এবং ফসল উৎপাদন করে কৃষিতে আমরা স্বয়ম্ভর হতে পারি। বর্তমানে পশ্চিমবঙ্গে শিল্প স্থাপনের জন্য শিল্পপতিরা অর্থ বিনিয়োগ করছেন। কারণ তারা দেখছেন পশ্চিমবঙ্গে শিল্পের পরিবেশ তৈরি হয়েছে। রাস্তাঘাট থেকে আরম্ভ করে, বিদ্যুৎ থেকে আরম্ভ করে সর্বত্র। তারজন্য শিল্পপতিরা আজকে এই রাজ্যে বিনিয়োগ করতে এগিয়ে আসছে। আজকে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তা সকলকে সমর্থন করতেই হবে, আপনারাও করুন। দু লক্ষ তিন হাজার কোটি টাকা ঋণের বোঝা এই সরকারের মাথায় এবং সেই ঋণের সুদ বাবদ আঠাশ হাজার কোটি টাকা আমাদের সরকারকে দিতে হয়। মাননীয়া মুখ্যমন্ত্রীর সততা-স্বচ্ছতা-আন্তরিকতা এবং মন্ত্রীমণ্ডলীর সাহায্যে এই মা-মাটি-মানুষের সরকার বাজেট বরাদ্দকে বাড়িয়ে বাড়িয়ে আজকে ৪০ হাজার কোটি টাকা নিয়ে গেছেন। আমি মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করব এই রাজস্ব আদায়ের পরিমাণ ২০১৬ সালের মধ্যে এক লক্ষ কোটি টাকায় নিয়ে যাবেন।

আমরা জানি এটা সম্ভব। আজকে কন্যাশ্রী প্রকল্প আমাদের গর্বের। এই প্রকল্পে ২১ লক্ষ ছাত্রী উপকৃত হয়েছেন। অনেক বাবা-মা ভেবেছিল আমার মেয়ে কালো, মেয়েকে বিয়ে দিতে পারব না, পড়াশোনা করতে দিতে পারব না। আজকে কন্যাশ্রী প্রকল্পের ভাতার পরিমাণ ৫০০ টাকা থেকে বাড়িয়ে ৭৫০ টাকা করা হয়েছে। শুধু তাই নয় আঠারো বছর পর তাদের ২৫ হাজার টাকা করে দেওয়া হবে। এটা শুধু আমাদের পশ্চিমবাংলার গর্ব নয়, ভারতবর্ষের অন্যান্য রাজ্য থেকে জানতে চাইছে আপনারা কি করে এই প্রকল্পটা করেছেন সেটা আমাদের জানান।

[12.30–12.40 p.m.]

এটা বিশ্বের লোক বলছে। এরপরেও কি বলবেন পশ্চিমবঙ্গের জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী মাননীয় অর্থমন্ত্রী কিছু করেননি। এরপরেও কি দোষারোপ করবেন ? স্যার, রাস্তাঘাটের কথা বলছিলেন, গ্রামীণ রাস্তা, উনারা ২০১১ সাল পর্যন্ত মাত্র ৩৮৫ কিলোমিটার রাস্তা তৈরি করেছেন। স্যার, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর প্রেরণায় সেই জায়গায় আমরা ২৬৩১ কিলোমিটার রাস্তা নির্মাণ করতে পেরেছি। স্যার, জঙ্গলমহলের কথা বলব না ? আমাকে একটু সময় দেবেন। স্যার, জঙ্গলমহলে আগে ঢুকতে পারা যেত না। কেউ যেত না। আজকে আমরা গর্বের সঙ্গে বলতে পারি যে জঙ্গলমহল হাসছে, সেখানে খেলাধুলা হচ্ছে, সেখানে লেখাপড়া হচ্ছে, সেখানে মানুষ স্বচ্ছন্দে বাস করছে। পাহাড়, পাহাড়ের কি অবস্থা ছিল ? স্যার, আমি হাউসিং—ফায়ার সার্ভিস, হিল অ্যাফেয়ার্স স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান। আগে পাহাড়ে যেতে পারা যেত না কিন্তু এখন, এই তো ঘুরে এলাম, সেখানে মানুষ স্বচ্ছন্দে রয়েছে। আমাদের মা-মাটি-মানুষের সরকার মমতা ব্যানার্জীর সরকার সেখানে রাস্তা-ঘাট থেকে আরম্ভ করে বিদ্যুৎ থেকে আরম্ভ করে সমস্ত কিছু করছেন। অতএব স্যার, ভাবুন আজকে উনারা বলেন কি করে। স্যার, ওখানে দু টাকা কে.জি. দরে চাল দেওয়া হচ্ছে প্রত্যেক পরিবারকে। সেখানে স্কুল হয়েছে। কলেজ হয়েছে, সব কিছু হয়েছে। স্যার, আমরা আগে আর একটা কথা বলতাম লোডশেডিংয়ের সরকার আর নেই দরকার। কিন্তু আমাদের মাননীয় বিদ্যুৎ মন্ত্রী মহাশয় দেখিয়ে দিয়েছেন এবং আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী দেখিয়ে দিয়েছেন আন্তরিকতা দরকার, সদিচ্ছা দরকার। তিনি যতটা সম্ভব আজকে সেটা করে দেখিয়ে দিয়েছেন। (...এই সময় মাইক অফ্ হয়ে যায়।...)

শ্রী বিরাম মাণ্ডি : মাননীয় চেয়ারম্যান সাহেব, আপনাকে ধন্যবাদ। গত ২৭ ফেব্রুয়ারি মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তার ওপর আমি কয়েকটি কথা বলছি। এখন সরকার পক্ষের বিধায়করা বলছেন যে ঋণের ফাঁদ। এখন সরকারকে কাজ করতে হলে তো ঋণ করতেই হবে। আগে অনেক সরকার করেছেন, এখনো করবেন, পরে যারা আসবেন তাদেরও করতে হবে। এটা তো নিয়ম আছে। কিন্তু একটা বিষয়, আগের জমানায় যে সরকারটা ছিল তাতে স্বল্প সঞ্চয়ে প্রথম ছিল। আর বর্তমান যে সরকারটা আছে তাতে স্বল্প সঞ্চয় কত নম্বরে আছে বলা যাবে না, তবে এইটুকু জানি যে স্বল্প সঞ্চয়টা আটকে গেছে। এখন আমাদের এই বাংলার যত জনগণের টাকা, সঞ্চয়ের টাকা এখন সব চিট ফান্ডে জমা পড়েছে। আর আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছিলেন যে, নতুন একটা স্বল্প

সঞ্চয় সংস্থা খুলবেন। এখন জানি না কোথায় আপনারা হয়তো জানেন কিনা, আমরা তার মুখ দেখতে পাইনি। আর এখন সরকার পক্ষের বিধায়করা বলছেন সব দোষ নাকি [***] নন্দ ঘোষ না [***] আগের সরকারের সব দোষ। তো যাই হোক, এখন এই ফেজটা চলবে, এটাকে কাটাতে হবে। বর্তমান সরকার যে বিষয়গুলো রেখেছেন খাদ্যে নাকি আমাদের খুব ভাল অবস্থা। ২ টাকা কে.জি. দরে চাল দেওয়া হচ্ছে। সরকার আগেও দিত এখনও দিচ্ছে। বি.পি.এল.-দের জন্য আগেও ছিল এখনো আছে। একটা বিষয় হচ্ছে যে ইধার কা মাল উধার হয়েছে। আগে সমস্ত বি.পি.এল.-দের ইউনিটপিছু ১ কে.জি. ৫০০ গ্রাম চাল দেওয়া হত। সেটাকে কমিয়ে দিয়ে কেবলমাত্র জঙ্গলমহলের জন্য ইউনিটপিছু ২ কে.জি. আর অন্যান্য গোটা এলাকার জন্য ১ কে.জি. ২৫০ গ্রাম চাল। এদিকে পাচ্ছে দুই কেজি চাল, আর ওইদিকে পাচ্ছে এক কেজি আড়াইশো গ্রাম। মানে কারও পৌষ মাস কারও সর্বনাশ। "আদ অকয়াঃ দ আঁঘাড় বঙ্গা, অকয়াঃ দ এখেন ঠঙ্গা, নঃঅয়া নংকা তিঙ্গু আকানা নুয় সরকারাঃ অবস্থা"। ১০০ দিনের কাজ, আমাদের মন্ত্রী মাঝে মাঝে এমন আস্ফালন করে বলেন যে প্রথম হয়ে গেছি নাকি ইত্যাদি ইত্যাদি স্যার। আর আমরা বলছি, ১০০ দিনের কাজে পাহাড়প্রমাণ দুর্নীতি হয়েছে রাজ্যে। দেখছি এখানে ছোটো ছোটো সিন্ডিকেটেড বাজারের দিকে বড় বড় আছে। আবার গ্রামের দিকে ছোটো ছোটো তোলাবাজ আছে। তারা সব লুণ্ঠন করছেন। আর প্যানেল জানেন ? ১০০ দিনের কাজের প্যানেলে যারা কোনোদিন ঘর থেকে বেরোয়নি, তাদের কেউ চেনে না, সেই প্যানেলে তাদের নাম আছে। এ রকম চলছে দুর্নীতি। আর সর্বশিক্ষার যা অবস্থা এখনও তিন মাস, চার মাস, পাঁচ মাস, ছয় মাস আবার কোথাও কোথাও এক বছরের টাকা বাকি আছে, ১০০ দিনের টাকা পাননি। আর এইটাকে নিয়ে আমরা অনেক বড় বড় কথা বলছি। জল ধর জল ভরো। এখন অনেক পুকুর খনন হয়েছে। আপনি সবাইকে অনুরোধ করব, দেখতে যাবেন এখানে আমাদের বলছিলেন নেপালদা—পুকুর খনন হয়েছে, কিন্তু জল নেই। আর কেলেঘাই, বাঘাই, কি কংসাবতীতে ; কেলেঘাইতে জল নেই, কংসাবতীতেও জল নেই। কি যে সমস্যার সমাধান করছেন আপনারা জানেন। টাকাগুলো কি অবস্থা হচ্ছে ! আর বেশ কিছু মানুষ এখানে বসে লুটে-পুটে খাচ্ছে, এটাই হচ্ছে আমাদের লাভ। স্বাস্থ্য দপ্তর, মাননীয়া স্বাস্থ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী আছেন—কি এস.এন. ইউ.সি. হচ্ছে, এস.ইউ. বাড়ছে, কি স্পেশ্যালিটি, সুপার স্পেশ্যালিটি হসপিটাল, স্বাস্থ্যকেন্দ্র ইত্যাদি ইত্যাদি হয়েছে। কিন্তু ডাক্তার নিয়োগ হয়নি, নার্স নেই, ফার্মাসিস্ট নেই, সুইপার নেই, স্টাফ নেই—কারা চালাবে এত সংস্থা, এত উন্নয়ন। মেডিকেলের কোটা পূরণ হয় না। খোলা বাজারে স্বল্প মূল্যের ওষুধের দোকান, সেখানে দেখা যাচ্ছে যে কিছু ওষুধ বাজারের থেকে সেখানে বেশি দামে আছে—এই অবস্থা হয়েছে। কিন্তু ঘোষণা আছে, বলবেন কি ? এক সময় আমরা দেখলাম ডাঃ ঘরাই, তাঁকে নাকি সাসপেন্ড করা হল। এখন কি তিনি চাকরিতে আছেন ? কাজ করছেন ? বেতন পাচ্ছেন ? অনেকের জানা নেই। এখন স্বাস্থ্য দপ্তরে হামেশাই হামলা চলছে। নিরাপদে নেই ডাক্তার, নার্সরাও। বিদ্যালয়ে শিক্ষা, শিক্ষামন্ত্রী কোথায় চলে গেলেন—যাই হোক, এখন বিতর্ক চাইছে না। শিক্ষকরা এমনিতেই নেই, তারা বলছেন 'ঠেলার নাম বাবাজি'। আর

*** 'মিঃ চেয়ারম্যানের আদেশক্রমে বাতিল'

বেশি বৃষ্টি হলে নাকি সরিষা চাষ হয়। আবার মাঝখানে মাঝখানে বই বিতর্ক আছে। শিক্ষাবর্ষের মাঝখানে বই তুলে নেওয়া, আবার শিক্ষাবর্ষের শেষের দিকে বই তুলে নেওয়া—এই অবস্থা। আর স্কুল-কলেজে যা অবস্থা চলছে। আবার কলেজে নাকি ইলেকশান চলছে, তাহলে একটু লম্ফ-ঝম্প বাড়ছে। বিদ্যালয় শিক্ষায় আর একটা ব্যবস্থা আছে। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বলছিলেন ৯০০টা অলচিকি স্কুল হবে, আদর্শ শিক্ষক নিয়োগ হবে—স্বপ্ন দেখানো হল, বাস্তবে হয়নি, কিছুই হল না। আর সিলেবাস কমিটি নেই, অলচিকির কোনো সিলেবাস কমিটি তৈরি হয়নি। নতুন বই হচ্ছে না, তৈরি হচ্ছে না। মস্করা হচ্ছে কিনা জানি না। সাঁওতালি ভাষায় কি অ্যাকাডেমি হবে, বীরসা মুন্ডা অ্যাকাডেমি ঘোষণা হল, কিছুই হয়নি। অলচিকিতে পড়াশোনা করছে, তাদের জন্য নতুন কোনো বই তৈরি হয়নি এখনও। সিলেবাসও নেই, বইও নেই—ছাত্ররা এখনও বলছে, রবীন্দ্রনাথ ঠাকুরের গীতাঞ্জলি, আপনাদের একটা গীতাঞ্জলি আছে—ওই গীতাঞ্জলি সাঁওতালী ভাষায় সংস্কার হয়েছে কি ? চাইছেন অনেকে। পাওয়া যায় না, কোথায় পাওয়া যায় বলবেন, দয়া করে খোঁজ করে বলবেন ? সংখ্যালঘু সম্প্রদায়ের উন্নয়নের অনেক কথা বলা হয়েছে, বলেছেন মাদ্রাসা নাকি দশ হাজার হওয়ার কথা ছিল, হয়নি। কেন বন্ধ হল, মাদ্রাসায় যে সমস্ত এস.এস.কে., এম.এস.কে. চালু ছিল সেগুলোও বন্ধ হয়ে গেছে। ইমাম· ভাতা, মোয়াজ্জেম ভাতা ; সেই বিতর্ক ছাড়ছে না—কোর্ট বলছে না ইত্যাদি ইত্যাদি। তারপর মাঝখানে নাকি—খাগড়াগড় ; একই ছাদের তলায়, নিচে শাসক দলের অফিস আর উপরে খাগড়াগড়। এখন সেটা নিয়ে অনেক বিতর্ক। সমাজে একটা সম্প্রদায়ের মানুষকে মনে হয় আসামির কাঠগড়ায় দাঁড় করাচ্ছে—এদের জন্য ওরাই দায়ী। এটার জ ন্য সরকার কিছুই করছে না।

[12.40-12.50 p.m.]

আর শিশুকন্যাদের নিয়ে ওই আস্ফালন করছে শুধু। আমরা তো কেউ না বলিনি, কন্যাশ্রী প্রকল্প খারাপ কেউ বলেছে কি ? কেউ বলেনি। আবার কি, অনেক তো শিশুকন্যা যারা কলেজ-স্কুলে পড়াশোনা করছে। অনেককে প্রাণ দিতে হল, অনেকে নির্যাতিতা হলেন। অনেকে লজ্জায় আত্মহত্যা করলেন। এই তো কয়েকদিন আগেকার ঘটনা, দেখা গেল জঙ্গলমহলে ৫ জন মেয়ে একসঙ্গে আত্মহত্যা করল। এই তো অবস্থা, তার কোনো সুরাহা হয়নি। মহিলাদের যেটা শেষ কান্নার জায়গা, মহিলা কমিশন সেটার আর মুখ দেখা যাচ্ছে না, সেখানে বিচার হয় না, সেখানে কেউ নেই। এই অবস্থায় আছে। আর কন্যাশ্রী এইদিকে অদৃশ্যশ্রী হয়ে গেছে। আদিবাসীদের ক্ষমতা দেওয়া হয়েছে। অনেক রকম নাকি ক্ষমতা দেওয়া হয়েছে। বলছি আমি। আগে ছিল শংসাপত্র, বৃত্তি, সাইকেল, বিভিন্ন ভাতা, সেই সঙ্গে যুক্ত হয়েছে এক আপদ। কি আপদ ? আদিবাসীদের বাঁচানোর জন্য একটামাত্র সংস্থা ছিল বিশল্যকরণী এল.এ. এম.পি.এস সোসাইলিট। এটাকে আর কেউ দেখছে না, নাড়াচাড়া করছে না। একটাও নতুন হয়নি, সেখানে ঋণ দেওয়া হয় না। এখানে পুঁজি লাগে না আদিবাসীদের জন্য। টাকা দেওয়া হয়নি, বরাদ্দ নেই। তার জন্য WBTDC ছিল। ওই যে কমিটিটা আছে ওটাই আছে। আমি যোগাযোগ করছিলাম, নতুন কমিটি হয়নি। কাজ এগোয়নি, কিছুই হয়নি। সেটা রাতের অন্ধকারে চলে গেছে। আর আদিবাসীদের জন্য

সংরক্ষণ ? মাঝখানে তো চেঁচামেচি হল এখানে সংরক্ষণ তুলে দেওয়া হয়েছে। আই.সি.ডি.এস.-এ নাকি পাওয়া যাচ্ছে না মাধ্যমিক পাশ, এই অবস্থা।

(এই সময় লালবাতি জ্বলে ওঠে)

এখন আর একটা আপদ হয়েছে। ৭০০ টাকা মাসে না দিলে হোস্টেলে থাকা যাবে না। এই অবস্থা। এখন ছেলে-মেয়েরা কি করবে ? হয় টাকা দাও তো পড়, না হলে নামালখামি চলে যাও। শিক্ষার এই অবস্থা হয়েছে। সিধু-কানু-কে নিয়ে তো মশকরা করা হচ্ছে, ডহরবাবুকে কোথা থেকে আনা হল। কোথাও নেই তার ঠিকানা। ডহরবাবুকে দেখানো হচ্ছে ! যাই হোক আর আমি বেশি বলব না, বলার অনেক ছিল। স্বরাষ্ট্র দপ্তর, পুলিশ, এতো পুলিশ, জেলা পুলিশ, পুলিশ জেলা, অথচ সমস্ত জায়গায় অত্যাচার বাড়ছে।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

মিঃ চেয়ারম্যান : এখানে [* * *] নামটা উল্লেখ আছে, নামটা বাদ যাবে।

শ্রী শ্যামল সাঁতরা : মাননীয় চেয়ারম্যান স্যার, মা-মাটি-মানুষ সরকারের প্রিয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয় যে পূর্ণাঙ্গ বাজেট পেশ করেছেন তার পূর্ণ সমর্থন জানিয়ে কয়েকটি কথা উত্থাপন করছি। স্যার, ডঃ অমিত মিত্র মহাশয় যে বাজেট পেশ করেছেন তা অত্যন্ত বিজ্ঞানসম্মত, বাস্তবধর্মী, জনমুখী এবং মানবকল্যাণকামী বাজেট যা সর্বকালের সেরা বলে আমি মনে করি। যেটা প্রমাণ করেছে আমাদের একাধিক সংবাদপত্র বা একাধিক মিডিয়া রয়েছে সেখানে কিন্তু ওনারা স্বীকার করেছেন এই অর্থমন্ত্রীর যে বাজেট, সেটা মানুষের কাছে অত্যন্ত গ্রহণযোগ্য। বাংলার যে অর্থনীতি তা নতুন উচ্চতার দিকে এগিয়ে চলেছে। ২০১৪-১৫ আর্থিক বছরে নতুন মূল্যায়ন অনুযায়ী বাংলার গ্রস ভ্যালু অ্যাডেড ১০.৪৮ শতাংশ বেড়েছে। যেখানে নতুন অঙ্কে ভারতে বৃদ্ধি হয়েছে ৭.৫ শতাংশ। এটা দেখে আমরা সহজেই বলতে পারি যে বাংলা অত্যন্ত দুরন্ত গতিতে এগিয়ে চলেছে সর্বদিক দিয়ে। স্যার, বাম জমানায় ২০১০-১১ সালে পরিকল্পনাখাতে ব্যয়-বরাদ্দ ধরা হয়েছিল ১৭৯৮৫ কোটি টাকা। কিন্তু এই টাকা মাত্র খরচ হয়েছিল ১১৮৩৪ কোটি টাকা। যা শতাংশের বিচারে ৬৫.৮২ শতাংশ। কিন্তু এই মা-মাটি-মানুষ সরকারের আমলে এই উচ্চতা একেবারে আকাশচুম্বী। সেই ধারাটা আমি আপনার মাধ্যমে একটু বলতে চাই। ২০১২-১৩ সালে সেই শতাংশের হার ৮১.২৭%, ২০১২-১৩ সালে ৯৬%, ২০১৪-১৫ সালে ৯৮%। সুতরাং এই যে পরিকল্পনাখাতে যে ব্যয়, সেটা কিন্তু আমাদের এই মা-মাটি-মানুষের সরকারের ঊর্ধ্বমুখী বা আকাশচুম্বী, এটা আমরা প্রত্যেকে উপলব্ধি করতে পারছি। বাম জমানায় কর বাবদ আদায় হয়েছিল ২১ হাজার কোটি টাকা, সেখানে আমরা কর থেকে আদায় করেছি ৪০ হাজার কোটি টাকা। ২০১৫-১৬ অর্থবর্ষে ৪৯ হাজার ৫০৭ কোটি টাকা লক্ষ্যমাত্রা আমাদের রয়েছে। আমাদের কেন্দ্রীয় সরকার—বিগত বাম সরকারের ধার করে ঘি খাওয়ার যে ঋণ—সেখান থেকে কেটে নিয়ে যাচ্ছে ২৮ হাজার কোটি টাকা। সুতরাং ৪০ হাজার থেকে ২৮ হাজার বাদ দিলে যে ১২ হাজার কোটি টাকা রয়েছে, সেই ১২ হাজার কোটি

*** 'মিঃ চেয়ারম্যান-এর আদেশক্রমে বাতিল'

টাকা দিয়েই কিন্তু আমাদের এলাকার বিভিন্ন স্তরের উন্নয়নের কর্মযজ্ঞ চলছে। সুতরাং বাংলা এগিয়ে চলেছে। ৩৪ বছর ধরে যে নিম্নমুখী পর্যায়ে ছিল, সেই জায়গাটা থেকে একবারে উত্থানের পথে বাংলা এগিয়ে চলেছে মা-মাটি-মানুষের সরকারের হাত ধরে। স্যার, আমাদের বাংলার প্রিয় মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় বেশি সংখ্যক গরীব মানুষকে উপকৃত করার জন্য অর্থমন্ত্রীর হাত ধরে বাজেটের পরিষেবা প্রদানের দিকে গুরুত্ব প্রদান করেছেন। মুখ্যমন্ত্রীর উদ্ভাবিত প্রকল্পের হাত ধরেই প্রান্তিক এবং দীর্ঘদিনের অবহেলিত মানুষের পাশে থেকেছে সরকার। তাই 'কন্যাশ্রী', ছাত্র-ছাত্রীদের সাইকেল প্রদান, ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের সহায়তা প্রদান, অসংগঠিত শ্রমিকদের সামাজিক মুক্তি কার্ড, পরিবহণ কর্মীদের সামাজিক সুরক্ষা প্যাকেজ বা স্বনির্ভর গোষ্ঠীর মুক্তি ধারা প্রকল্পের প্রতি তিনি জোর আরোপ করেছেন আমাদের মাননীয়া অর্থমন্ত্রী অমিত মিত্রের হাত ধরে। এই সব প্রকল্পের সুফল মিলেছে। প্রায় আড়াই হাজার কোটি বাংলার বিভিন্ন ডিস্ট্রিক্টের মানুষ এই সুফল ভোগ করছেন। আর ক্ষুদ্র প্রান্তিক কৃষকদের সহায়তা প্রদানের ব্যাপারে নতুন প্রকল্পের মাধ্যমে সারা রাজ্যে ১০ লক্ষ পাম্প বসানোর জন্য প্রতি ক্ষেত্রে দশ হাজার টাকা করে আর্থিক সহায়তা করা হবে ওই সমস্ত গরীব ও প্রান্তিক চাষীদের। এই উদ্যোগের ফলে অতিরিক্ত ২০ লক্ষ হেক্টর জমিতে চাষ করা যাবে। সুতরাং সেচের মাধ্যমে আমাদের যে চাষের জমি দিনের পর দিন বৃদ্ধি পাচ্ছে, সেটা আমাদের বাংলার কৃষিক্ষেত্রে একটা সবুজ বিপ্লবের ধারা অব্যাহত রেখে যাচ্ছে। আর পাশাপাশি স্বনির্ভর গোষ্ঠীকে শক্তিশালী করতে পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুরের মতো বাঁকুড়া, বীরভূম, দক্ষিণ দিনাজপুর, কোচবিহার এবং দক্ষিণ ২৪-পরগনাতেও মুক্তিধারা প্রকল্পের মাধ্যমে এটা আওতায় আনা হয়েছে। এই সমস্ত জেলাগুলো উন্নয়ন করার জন্য প্রায় একশো কোটি টাকা তহবিল গঠন করা হয়েছে। সুতরাং এই জেলাগুলির উন্নয়নের ধারা বর্তমানে কিন্তু আরও ঊর্ধ্বমুখী হচ্ছে। স্যার, আপনার মাধ্যমে আমাদের বাজেটের বিভিন্ন গ্রহণযোগ্য দিকগুলো মানুষের কাছে তুলে ধরতে পেরেছি, মানুষেরা সেটাকে অত্যন্ত মান্যতার সঙ্গে গুরুত্ব আরোপ করেছেন। তার মধ্যে কয়েকটি দিক আমি আপনার সামনে তুলে ধরতে চাইছি। দু-বছরের মধ্যে নবম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ৪০ লক্ষ ছাত্র-ছাত্রীকে সাইকেল প্রদান করা হবে। কারণ শিক্ষার ক্ষেত্রে আমাদের একটা নবজাগরণ চলছে। ৩৪ বছর ধরে আমাদের পিছিয়ে পড়া এস.সি., এস.টি. এবং মাইনরিটি সম্প্রদায়ের মানুষকে বাম সরকার যেভাবে পিছিয়ে ফেলে রেখেছিল, তারা সেইভাবে শিক্ষার আঙিনায় আসতে পারত না। ফলে মিটিং-মিছিলের কোনো বক্তৃতায় তারা কিন্তু বলতে পারত না। এই সময়ের পিছিয়ে পড়া ছেলেগুলোকে শিক্ষার আঙিনায় নিয়ে যেতে হবে। কারণ তারা বুঝতে পেরেছিল এই সমস্ত এস.সি., এস.টি. এবং মাইনরিটি সম্প্রদায়ের মানুষেরা যদি শিক্ষার আঙিনায় চলে আসে, তাহলে কিন্তু তারা প্রতিবাদের ভাষা বলতে পারবে। সুতরাং প্রতিবাদের ভাষা যাতে তারা বলতে না পারে, সেইজন্য তাদের কিন্তু কোনো মিটিং-মিছিলে কিছু বলতে দিত না। যে কারণে তারা শিল্পের পরিবর্তে বাংলার বিভিন্ন প্রান্তে একাধিক বোমা, বন্দুকের কারখানা গড়ে তুলেছে। সুতরাং তাদের উচিত ছিল ওই সমস্ত ছাত্র-ছাত্রীদের হাতে কলম ধরিয়ে দেওয়া। তার পরিবর্তে তারা ধরিয়ে দিয়েছিল বন্দুক আর পিস্তল। সুতরাং তার ফল কিন্তু আজ তারা ভোগ করছে। তারা বিরোধী বেঞ্চে

বসে রয়েছে। কারণ আজকে বাংলার সাধারণ মানুষ বুঝতে পেরেছে যে, মমতা বন্দ্যোপাধ্যায়ই হল আসল শক্তি যার হাত ধরে বাংলার অগ্রগতি হচ্ছে। সুতরাং, আমাদের অর্থমন্ত্রী যে সুন্দর বাজেট পেশ করেছেন তা অন্তত মানুষের কাছে গ্রহণযোগ্য এবং একে পূর্ণ সমর্থনে জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

12.50–1.00 p.m.]

শ্রী ইনসার আলি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ২৭ তারিখে পশ্চিমবঙ্গ সরকারের অর্থ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী যে বাজেট বিবৃতি করেছেন সেই বাজেটের বিরোধিতা করে বাজেটের ওপর দু-একটি কথা বলতে চাই। কেন বাজেট বিরোধিতা করছি, সেই সম্পর্কে প্রথমেই যেটা বলতে হয় যে, এই বাজেট হচ্ছে অসত্য, গল্পের কাহিনী, অর্ধসত্য, দিশাহীন, গরীব মানুষের উন্নয়নের পরিপন্থী। অসত্য কথা এই একষট্টি পাতার বাজেট বক্তৃতায় বলেছেন। ডঃ মিত্র এর আগে ২০১২ সালে যখন বাজেট পেশ করেন তখন 'অ্যাট এ গ্ল্যান্স' বলে বাজেট পেশ করতে চেয়েছিলেন। ডঃ অসীম দাশগুপ্ত যখন অর্থমন্ত্রী ছিলেন তাকে তখন কটাক্ষ করেছিলেন এই মহতী সভায়। আজকে তিনি কি বলবেন যে, তার এই বাজেট এত পৃষ্ঠার লিখতে হল কেন ? তাহলে তিনি কি ভুলে গেলেন যে, তিনি ২০১১ সালে যে কথা বলেছিলেন সেই কথা ভুলে গিয়ে গল্পের গরু রচনা করার মতো তিনি শুধু রচনা করে গেছেন, অসত্য কথা বাংলার মানুষকে পরিবেশিত করেছেন। এই কথাটা বলছি এই জন্যে যে, লক্ষ্য করলাম, বাজেটের পরেই একটা প্রেস কনফারেন্স হয় আর সেই কনফারেন্সে কনভেনশান অনুযায়ী অর্থমন্ত্রী প্রেস কনফারেন্সে মিট করেন। সাংবাদিকরা তাদের প্রশ্ন করেন। আমরা লক্ষ্য করলাম, সাংবাদিকদের প্রশ্নে কি উত্তর দেবে, তাই প্রেস কনফারেন্স মিটে অসহায় অর্থমন্ত্রীর পাশে থাকলেন মুখ্যমন্ত্রী। পাশ থেকে বলছেন এই এই ঘটনা। অর্থমন্ত্রী নিজের অভিজ্ঞতা দিয়ে, নিজের যোগ্যতা দিয়ে, নিজের যুক্তি দিয়ে, নিজের বুদ্ধি দিয়ে কাজ করতে পারছেন কিনা আমাদের সন্দেহ আছে। দ্বিতীয়ত তিনি বলছেন, ঋণের ফাঁদে ভয়াবহ পরিস্থিতি এই বাংলার। এবং তিনি অনেক ফুলঝুরি ছুটিয়েছে, ঝরিয়েছেন এই বাজেটের মধ্যে যে, এক লক্ষ ৮৬ হাজার কোটি টাকা ঋণ। তিনি বলছেন, ২৮ হাজার কোটি টাকা কেটে নেয় ট্রেজারি। বাংলার উন্নয়নের কাজ বন্ধ হয়ে যাচ্ছে। আমার প্রশ্ন, এই সময়কালের মধ্যে আপনি যে ৮০ হাজার কোটি টাকা ঋণ গ্রহণ করলেন তার কি কোনো সুদ দিতে হয় না ? না সেই সুদ-সমেত আপনি কথাটা বলছেন ? এর মধ্যে যদি বলে থাকেন তাহলে আপনি ভেবে রাখুন, কিভাবে একের পর এক আপনি ঋণ নিয়ে রাখছেন। আপনি একদিকে শিল্পমন্ত্রী, একদিকে অর্থমন্ত্রী। আপনি বলছেন, শিল্প আসবে, গোটা রাজ্যে শিল্প হবে, বড় শিল্প আসবে, বৃহৎ শিল্প আসবে। গতকালকে দেখলাম আপনার মন্ত্রিসভার একজন সদস্য তিনি বলছেন, বাংলায় বড় শিল্প হবে না। জমির সমস্যা আছে। আপনারা কি ক্যাবিনেটে এই কথা বলেন যে, আপনার গোপনীয়তা থাকে। মধ্যে মধ্যে ফাঁস হয়ে যায় যে, আমরা শিল্প করব না, জনগণকে ধোঁকা দেব। জনগণকে এই কথা বলব। না হলে একজন ক্যাবিনেট মন্ত্রী কি বলতে পারে, মাঝারি শিল্প, ছোট শিল্প ? ছোট শিল্প মানে তেলেভাজার দোকান ? এই কি আপনার শিল্প ? আপনার বাংলায় কি শিল্প হচ্ছে, কি অবস্থা

হচ্ছে ? আজকে আপনার কর্মসংস্থান নেই। আজকে সকালবেলায় মন্ত্রী প্রশ্নের উত্তর দিচ্ছেন যে, এক বছরে ৩৬ জনের চাকরি হয়েছে। আর এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক থেকে হয়েছে হাজার তেতাল্লিশজনের। ১৬ লক্ষের ওপরে কর্মসংস্থান হবে এ কথা বলেছেন। কোথা থেকে এই কর্মসংস্থান হবে ? কোন জায়গা থেকে হবে ? তার কোনো কথা বলেননি। কোথায় বলছেন ? আপনি বলবেন সেগুলি। তাহলে যত রাস্তার ধারে, বড় বড় রাস্তার ধারে ওই তেলেভাজার দোকান, চানাচুরের দোকানে যে সমস্ত ছেলে-মেয়েরা কাজ করে তারাই এই কর্মসংস্থানের সঙ্গে যুক্ত আছে বলে আপনি হিসাবে দেখিয়েছেন। আমার মনে হচ্ছে, এই বিষয়টি দেখা প্রয়োজন। তাহলে এত মেলা করার দরকার কী ? বৃহৎ শিল্প আসবে না, আমি সিঙ্গাপুরে ছুটলাম একশোজনকে সঙ্গে করে নিয়ে, খেলাধুলা করলাম, ওখানে দেখে এলাম, পাখি—ঐ সমস্ত কী হবে, আমাদের চিড়িয়াখানায় পাখির বাসা হবে, না কী হবে, এই রকম দেখলাম। তাহলে কী দরকার ছিল শিল্পমেলা করার ? বেঙ্গল লিডস করার ? বাংলার কোটি কোটি টাকা খরচ করে এই জিনিসগুলো করছেন। এইভাবে কী বাংলাকে ভাঁওতা দেওয়ার চেষ্টা করছেন না ? আজ জিন্দাল পালিয়ে যাচ্ছে। সিঙ্গুরের কারখানা নিয়ে আমার একটাই কথা, 'সিঙ্গুর নিয়ে আমরা পশ্চিমবাংলায় ক্ষমতায় এসেছি। আমার রক্ত থাকতে সিঙ্গুরের কারখানা হবে না'—এই কথা আপনারা বলেছিলেন সেই সময়ে। কিন্তু আজকে সিঙ্গুরের কী অবস্থা ? চাষীরা ক্ষোভ দেখাচ্ছে, বিক্ষোভ দেখাচ্ছে। এটা আপনাদের আজকে মনে রাখতে হবে। আজকে এখানে লক্ষ করলাম কেন্দ্রীয় বাজেটের আগে রাজ্য সরকার বাজেট পেশ করল। যুক্ত-রাষ্ট্রীয় শাসন ব্যবস্থায় পশ্চিমবাংলাকে আমরা 'বিশ্ব-বাংলা' গঠন করে নিয়েছি। আমরা বিশ্ব-বাংলার সংবিধান অনুযায়ী কাজ করব কিনা জানি না। কিন্তু একটা জিনিস লক্ষ করলাম, কেন্দ্রীয় বাজেটে নারী ও শিশু কল্যাণে ৫৬ পারসেন্ট কেটে নেওয়া হয়েছে, ঘাটতি দেখানো হয়েছে, হ্রাস করেছে। আমার বাংলায়ও দেখছি নারী ও শিশু কল্যাণ দপ্তরে ব্যয়-বরাদ্দ কমানো হয়েছে। কেন ? আজকে ICDS-এর কর্মীদের অনারিয়াম বৃদ্ধির কথা বলা হয়নি। কেন্দ্রীয় সরকার চাইছে তাদের অনারিয়াম কমিয়ে দিতে। আপনাদের ক্ষেত্রেও একই জিনিস লক্ষ করছি। নারী ও শিশু কল্যাণ দপ্তরে এদের কেন অনারিয়াম বৃদ্ধি করা হয়নি ? সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত করা হচ্ছে। সঙ্গে সঙ্গে যে সমস্ত 'আশা' কর্মীরা কাজ করে হেল্‌থে তাদের কথা বলেননি। SSK, MSK-তে যে সমস্ত ছেলেরা যুক্ত আছে তাদের কথা আপনি বলেননি। আপনি ৫০০ শিক্ষকের কথা, শিক্ষাবন্ধুদের কথা বলেননি। প্রাণীবন্ধুদের কথা বলেননি। এরা একটা সামান্য অনারিয়াম পায়। এই রকম দ্রব্যমূল্য বৃদ্ধির সময়ে দাঁড়িয়ে এদের সংসার কীভাবে চলবে তা আপনি এই বাজেটের কোনো জায়গায় উল্লেখ করলেন না। শিক্ষাক্ষেত্রে বাজেটে দেখছি ২০১৪-১৫ সালে ৩৩,৬২৫ কোটি ৩৩ লক্ষ টাকার প্রস্তাব করা হয়েছিল। খরচ করলেন কত ? ৩১,৫৪৪ কোটি ৩৪ লক্ষ টাকা। তাহলে খরচ কম কত হল ? ২ হাজার ৮০ কোটি ৯৯ লক্ষ টাকা খরচ করতে পারলেন না। এক পারসেন্ট ডি.এ. দিতে হলে ২৫ কোটি টাকা লাগে। তাহলে আপনি সরকারি শিক্ষকদের ডি.এ. দিতে পারছেন না, খরচ করতে পারছেন না এবং শিক্ষক নিয়োগও করতে পারছেন না। তিন হাজার এখনও শূন্য পদ আছে। তাহলে আপনি এই টাকাটা খরচ করতে পারলেন না। আমি লক্ষ করছি পেনশন খাতে ১৩,৫৬৮ কোটি

৮০ লক্ষ টাকা ধার্য ছিল। খরচ করলেন ১২,৬৮২ কোটি ৬৮ লক্ষ টাকা। ১ হাজার কোটি টাকা কম খরচ করলেন। তাহলে পেনশন ভোগীদের কী অবস্থা ? আপনি যদি এইভাবে তথ্যের অপলাপ করেন, বলেন, টাকা নেই, পয়সা নেই, অমুক নেই, তমুক নেই আবার যেটা জরুরি দরকার, শিক্ষা, গুরুত্বপূর্ণ বিষয়, সেই শিক্ষাকে এই রকম একটা জায়গায় নিয়ে গেলেন। আর, পরিকল্পনাখাতে ? আপনি পরিকল্পনাখাতে কী খরচ করছেন ? ৪২,৯৬৪ কোটি বরাদ্দ করা হয়েছিল। কিন্তু সেখানে খরচ করলেন ৪৪ হাজার ৭৪ কোটি ৩৪ লক্ষ টাকা। ২ হাজার কোটি টাকার বেশি নন-প্ল্যানে বেশি খরচ করে দিলেন। কেন ? আপনি শিক্ষা খাতে খরচ করতে পারছেন না, আপনি পেনশন খাতে খরচ করতে পারছেন না অথচ পরিকল্পনা বহির্ভূত খাতে এত বেশি খরচ করে দিলেন। তাহলে এখান থেকে কী বোঝা যাবে ? গোটা বাংলা আজকে কোন জায়গায় দাঁড়িয়ে আছে ?

আপনি স্বাস্থ্য পরিষেবার কথা বলেছেন। আজকে S.S.C., শিক্ষক নিয়োগ দুর্নীতিতে পরিপূর্ণ। এই রকম একটা জায়গায় দাঁড়িয়ে রাস্তায় অনশন করছে, ধর্না দিচ্ছে, আর আপনারা এখানে বহাল তবিয়তে বসে আছেন, আপনাদের কোনো কাজ নেই। আপনারা এই রকম জায়গায় দাঁড়িয়ে একের পর এক এই কাজগুলো করে যাচ্ছেন।

সংখ্যালঘু দপ্তর। আপনি বলছেন না কেন্দ্রীয় প্রকল্পের কোন টাকাগুলো খরচ হচ্ছে। ওই কবরস্থান ঘেরা বলুন, এম.এস.জি.পি.-র যে গার্লস হোস্টেল তৈরি হচ্ছে, বিল্ডিং তৈরি হচ্ছে তাতে কারা টাকা দিচ্ছে ? আপনার একটা সামান্য পারসেন্ট টাকা দেওয়া দরকার কিন্তু আপনি ঢুকিয়ে দিলেন 'সংখ্যালঘু দপ্তরে এত কাজ করছি'।

১০ হাজার মাদ্রাসার কথা বলেছিলেন। একটাও হয়নি। ২৪৩টা মাদ্রাসার একটা সার্ভে হয়েছিল। ৩৭টি মাদ্রাসা আপনি MSK করতে বলেছেন। মাদ্রাসা শিক্ষকেরা তাদের দাবিতে বিকাশ ভবনে অনশন করছে, সংখ্যালঘু দপ্তরে অনশন করছে। এদের কথাগুলো একবার চিন্তা করবেন না। আমি শেষের দিকে চলে এসেছি। আমি আর একটি কথা বলতে চাই—রাজ্যের স্বরাষ্ট্র দপ্তর (এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

মিঃ স্পীকার : অনারেবল মেম্বার আপনাদের সবার জন্য লাঞ্চের অ্যারেঞ্জমেন্ট করা হয়েছে আপার লবিতে। আমি মাননীয় সদস্যদের অনুরোধ করব আপনারা আপার লবিতে যাবেন। সেখানে লাঞ্চের অ্যারেঞ্জমেন্ট করা রয়েছে। আমাদের বিশ্রাম কক্ষেও কাউন্টার আছে। আপনারা দুটো জায়গায় ভাগাভাগি করে লাঞ্চ করে নেবেন। আর আমাদের মাননীয় যারা এখানে সাংবাদিক বন্ধুরা রয়েছেন তাদের জন্য লাঞ্চ প্যাকেট শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়ের (গভর্নমেন্ট চিফ হুইপ) ঘরে রাখা রয়েছে। আপনারা নিয়ে নেবেন। ধন্যবাদ।

(At this stage the House was then adjourned till 2.15 p.m.)

[2.15–2.30 p.m.]

শ্রী বাচ্চু হাঁসদা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের ভারপ্রাপ্ত অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র গত ২৭শে ফেব্রুয়ারি, ২০১৫-১৬ সালের যে বাজেট বিবৃতি দিয়েছেন, যে বাজেটের কথা বলেছেন সেটা পূর্ণ সমর্থন করে আমি এই বাজেটের সাপেক্ষে সংক্ষিপ্ত কথা

উপস্থাপন করতে চাই। আমরা জানি বিগত সরকারের ঋণের বোঝা এবং সেই ঋণের সুদ বাবদ আমাদের ২০১৪-১৫ সালের ২৮ হাজার কোটি টাকা কেটে নেওয়ার পরেও আমাদের মাননীয় অর্থমন্ত্রী বাজেটে যে দিশা দেখিয়েছেন, পশ্চিমবঙ্গকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য যেভাবে প্রত্যেকটা দপ্তরে বরাদ্দ বাড়িয়েছেন—কৃষি থেকে আরম্ভ করে শিক্ষা—৬৮টি দপ্তরে যে বরাদ্দ বাড়িয়েছেন সত্যি আগামীদিনে পশ্চিমবঙ্গকে এগিয়ে নিয়ে যাবে। ২০১১ সালের পর থেকে আমরা যেভাবে দেখছি, আমাদের মাননীয় অর্থমন্ত্রী পশ্চিমবঙ্গকে এগিয়ে নিয়ে যাচ্ছেন এইরকমভাবে আমরা যদি এগিয়ে যেতে পারি আগামীদিনে পশ্চিমবাংলা ভারতবর্ষের মধ্যে শ্রেষ্ঠ রাজ্য বলে ঘোষিত হবে। আমরা লক্ষ করছি, আপনারা যতই চিৎকার করুন গণতন্ত্রে উন্নয়নই শেষ কথা বলবে। আমরা মা-মাটি-মানুষের সরকার—উন্নয়নের সঙ্গে কোনো আপস করে না। এই রকম অনেক নজির আপনারা অস্বীকার করলেও আপনারা নিজের জেলাতেও দেখতে পাচ্ছেন মা-মাটি-মানুষের সরকারের কি উন্নয়ন হচ্ছে। প্রত্যেকটা দপ্তর, খাদ্য থেকে আরম্ভ করে—আপনারা জানেন খাদ্য দপ্তরে বিগত সরকারের আমলে যেখানে সংরক্ষিত মজুতের পরিমাণ ছিল মাত্র ৪০ হাজার মেট্রিক টন। আমাদের সরকার—বর্তমানে আমরা প্রায় সেই মজুতের পরিমাণ ৯ গুণ বাড়িয়েছি এবং তার ফলে আমরা দু টাকা কেজি দরে চাল এবং পাঁচ টাকা কেজি দরে গম সরবরাহ করতে পারছি। যেটা সত্যি জঙ্গলমহলের সাধারণ মানুষ, আদিবাসী সম্প্রদায়ের মানুষ, চা বাগানের মানুষ আজকে সেইজন্য হাসিমুখে সচ্ছল জীবনযাপন করতে পারছেন। আপনারা অনেকে বলতে পারেন, যে পরিমাণ চাল দেওয়া হচ্ছে সেটার পরিমাণ আরো বাড়ানো উচিত। আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে এটা প্রস্তাব রাখব, আর একটু বাড়ানো হোক সেটা। এটার কথা আপনারা অস্বীকার করতে পারবেন না। আপনারা যারা বিরোধিতা করছেন, এটাকে যারা পরিহাস করছেন, পরিহাস করবেন না। আমাদের সরকার এগিয়ে যাচ্ছে, আমাদের জঙ্গলমহলের সাধারণ মানুষ, চা বাগানের যারা সাধারণ শ্রমিক তারা কিন্তু এই সুবিধা পাচ্ছে। আমরা দেখতে পাচ্ছি, আপনাদের আমলে যে ভুয়ো রেশন কার্ড ছিল, আমাদের সরকার সেই ভুয়ো রেশন কার্ডগুলোর তালিকা বের করে প্রায় ৯১ লক্ষ ভুয়ো রেশন কার্ড বাতিল করতে চলছে। আগামীদিনে যে ডিজিটাইজেশান রেশন কার্ড চালু হবে তার লক্ষ্যমাত্রা হিসাবে কয়েক কোটি রেশন কার্ড তৈরি করতে পারব। আজকে মানুষের যেটা অধিকার ১০০ দিনের কাজ—যে ১০০ দিনের কাজে পশ্চিমবাংলা এক নম্বর স্থানে ছিল কিন্তু কেন্দ্রে বিজেপি সরকার ১০০ দিনের কাজে আমাদের বঞ্চিত করছে। আপনারা সেটাতে সরব হচ্ছেন না। আপনারা বিধানসভার একজনও বিরোধী সদস্য প্রতিবাদস্বরূপ কোনো কথা বললেন না। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী আপনাদের আহ্বান জানিয়েছেন। আগামীদিনে, ৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর কাছে যাওয়ার কথা। আপনারা সেখানে সামিল হয়ে এই একশো দিনের কথাটা সেখানে তুলবেন। আমরা সেইজন্য বলব আমরা কিন্তু এগিয়ে যাচ্ছি। যাদের মাথার উপর ছাদ ছিল না, আমরা লক্ষ করেছি বিগত সরকারের সময়ে, ২০১১ সালের আগে পর্যন্ত সাধারণ মানুষের থাকার জায়গা ছিল না। আমাদের সরকার আসার পর বরাদ্দ বাড়িয়ে দিয়েছেন 'গীতাঞ্জলি', 'আমার বাড়ী' প্রকল্পে। অনেক মানুষ 'গীতাঞ্জলি', 'আমার বাড়ী' প্রকল্পের আওতায় এসে অনেক উপকার পেয়েছে, প্রায়

৯৩ হাজার ৮৫২ জন এর আওতায় এসেছে। এটা আপনাদের আমলের থেকে সাড়ে সাত গুণ বৃদ্ধি পেয়েছে। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর স্বপ্নের প্রকল্প 'নিজ ভূমি, নিজ গৃহ'। আমাদের মাননীয় বিধায়ক খগেনবাবু বলছিলেন যে কোথায় পাট্টা পেয়েছে ? আপনাদের আমলে জমি আন্দোলন করে সাধারণ গরীব মানুষদের, আদিবাসী মানুষদের খালি ঝান্ডা ধরিয়েছিলেন। কিন্তু পাট্টা দিতে পারেননি। এখনও অনেক মানুষ আছে যারা আপনাদের আমলে জমি পেয়েছে কিন্তু পাট্টা পায়নি। কিন্তু আমাদের সরকার অনেক সমস্যার সমাধান করে দিয়েছে। প্রায় দু'লক্ষ তিরিশ হাজার পাট্টা আমরা প্রদান করেছি। এটা একটা নজির। আপনারা বলছিলেন আমাদের যে ল্যাম্পস আছে, ল্যাম্পস কারা শেষ করেছে ? আপনারাই ল্যাম্পসকে সর্বনাশ করে দিয়েছেন। আমরা স্ট্যান্ডিং কমিটির ভিজিটে বিভিন্ন জায়গায় যাই। এখনও সেই জায়গাতে আপনাদের চার-পাঁচজন লুটপাট করে খাচ্ছে। আমি বলব যারা এখনও সেখানে বর্তমান আছে, তাদের যাতে কোনো ফান্ডে বরাদ্দ না হয়, এখনও কয়েকজন সেখানে লুটপাট করে খাচ্ছে। 'জল ধরো, জল ভরো' প্রকল্পে আমাদের পাঁচ বছরে যে টার্গেট ছিল পঞ্চাশ হাজার, সেখানে সেটা আমরা দ্বিগুণ করে ফেলেছি। আপনারা সেগুলো বলবেন না ? আপনারা শুধু বিরোধিতার জন্যই বিরোধিতা করছেন। পানীয় জলের বরাদ্দের ব্যাপারে বলি। আমি দক্ষিণ দিনাজপুরের কথা বলছি। দক্ষিণ দিনাজপুরে পানীয় জল, আমরা একসময়ে লক্ষ করেছি বিগত সরকারের আমলে সেখানে যিনি বিধায়ক ছিলেন আর.এস.পি.-র খাড়া সোরেন, তিনি সেখানে পানীয় জলের সমস্যার সমাধান করতে পারেননি। সেখানে মানুষ পুকুরের জল খেত। সেখানে মানুষ খাঁড়ির জল খেত। বাংলার বর্ডারের দোরগোড়ার থেকে মানুষ জল এনে খেত। আমি গর্ব করে বলতে পারি আমাদের সরকারের যিনি মন্ত্রী আছেন, তাঁর কাছে আমি বার বার আবেদন করে পাইপ লাইনের মাধ্যমে সেখানে জল দেওয়ার সুব্যবস্থা করার জন্য কাজ শুরু হয়ে গেছে। দক্ষিণ দিনাজপুরের মানুষ অবাক হয়ে গেছে। এত পাইপ পড়ছে, এত পাইপ পানীয় জলের জন্য পড়ছে, পাইপ রাখার জায়গা নেই। আগামী দু'-এক বছরের মধ্যে পাইপ লাইনের মধ্যে পানীয় জল আমরা মানুষের কাছে পৌঁছে দিতে পারব। সেই জায়গায় দাঁড়িয়ে বলব পানীয় জলের ক্ষেত্রে আমরা অভাবনীয় উন্নয়ন দেখছি। আদিবাসী ছেলে-মেয়েদের সাইকেল প্রদান থেকে আরম্ভ করে, তাদের সার্টিফিকেট প্রদান থেকে শুরু করে বিভিন্নভাবে আমরা আদিবাসীদের উন্নয়নের জন্য চেষ্টা করছি। আমাদের সরকার, আমাদের নেত্রী, মাননীয়া মুখ্যমন্ত্রী নানাভাবে চেষ্টা করছেন কি করে এই পিছিয়ে পড়া সম্প্রদায়কে মূল স্রোতে আনা যায় এবং কি করে মিলিয়ে মিশিয়ে দেওয়া যায় তার জন্য চেষ্টা করছেন। স্বাস্থ্যক্ষেত্রের কথা শুনলে আপনারা অবাক হয়ে যাবেন, গোটা পশ্চিমবঙ্গের সঙ্গে সঙ্গে দক্ষিণ দিনাজপুরের স্বাস্থ্য ব্যবস্থার আমূল পরিবর্তন হয়েছে। পাশের কেন্দ্রের যিনি বিধায়ক আছেন, তিনি বালুরঘাট হাসপাতালে আসলে দেখতে পাবেন স্বাস্থ্য ব্যবস্থার উন্নতির বিষয়টি। কিছুদিন আগে স্বাস্থ্য আধিকারিকরা ওখানে গিয়েছিলেন এবং তারা বলেছেন এই জেলার স্বাস্থ্য ব্যবস্থা রাজ্যের মধ্যে প্রায় এক নম্বরে। বিদ্যুতে আমাদের হান্ড্রেড পারসেন্ট কানেকশান, মার্চ অর্থাৎ এই মাসেই আমরা উদ্বোধন করব। আমাদের ডি.এমের সঙ্গে কথা হয়ে গেছে। হান্ড্রেড পারসেন্ট বিদ্যুতের কানেকশান আমরা মানুষকে দিতে পেরেছি।

(এই সময়ে লালবাতি জ্বলে ওঠে।)

আগামী দিনে আমরা আরও এগিয়ে যাব। প্রশাসনিক বৈঠকের মধ্যে দিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন যে দক্ষিণ দিনাজপুরের বুনিয়াদপুরের যে পৌরসভা, আমরা এক—

(এই সময়ে মাইক অফ হয়ে যায়।)

Shri Ali Imran Ramz : Honourable Speaker Sir

ڈاکٹر امیت مترا کے ذریعے Finance budget پڑھا گیا۔ اس بجٹ کو دیکھ کر مجھے شک ہوا کیونکہ بجٹ کے بیچ میں ایک شعر لکھا ہوا ہے اور آخر میں بھی ایک کاویتہ لکھا ہوا ہے۔ کیونکہ عزت مآب سی ایم صاحبہ نے خود ہی اس ہاوس میں بتایا ہے کہ وہ کتاب لکھتی ہیں، کاویتہ لکھتی ہیں۔ عزت مآب وزیر مالیات نے لکھا ہے یا نہیں مجھے اس بات پر شک ہو رہا ہے۔ ۲۰۱۱ سے لیکر ابتک ہمارے بنگال میں جو investment آ رہا ہے۔ جس کا دعویٰ ہمارے وزیر مالیات نے کیا ہے۔ انہوں نے کہا ہے کہ ۱۵ء۲۰۱۴ میں بنگال میں ۱۷ لاکھ نوجوانوں کو روزگار دے دیا گیا ہے۔ تو میں اپنے طور پر بین کر کے میں جو سمجھ پایا۔ کہ ۱۷ لاکھ نوجوانوں کو اگر بنگال میں نوکری مل گئی ہوتی تو ہمارے ہاوس میں ۲۹۴ ایم ایل اے ہیں۔ اگر اُس کو ۲۹۴ میں بھاگ کیا جائے ایک بدھان سبھا میں ۵۷۸۲ نوجوانوں کو نوکری ملنی چاہئے تھی۔ کہ یہاں میرے ہاوس کے ساتھی بتا سکتے ہیں کہ کیا بدھان سبھا میں ۵۷۸۲ لوگوں کو نوکری ملی ہے؟ خود ہماری عزت مآب سی ایم صاحبہ، میں اُن سے سوال کرتا ہوں کہ اُن کے بدھان سبھا میں کیا انہوں نے ۵۷۸۲ لوگوں کو نوکری دی ہے؟ اگر دیا ہے تو ہاوس کو بتایئے کہ ہاں (آمار بدھان سبھائے اِتو لوگ کے چاکری دئے چی) یہ بول کر دیکھائیں۔

آپ لوگ قرض کی بات کرتے ہیں۔ بایاں محاذ سرکار جاتے وقت بنگال پر ایک لاکھ ۹۲ ہزار کروڑ کا قرض دے کر گیا ہے۔ اُس قرض کے دباؤ میں آپ لوگ دبتے جا رہے ہیں اور آپ سب کا قرض چھوٹا ہوتا جا رہا ہے۔ بوجھ اٹھاتے اٹھاتے لیکن آپ لوگوں کو بتانا چاہوں گا کہ ہندستان آزاد ہونے کے بعد جب سے یہ پارلیمنٹری سسٹم شروع ہوا ہے تب سے لیکر ۲۰۱۱ تک کا جو لمبا وقت گزرا ہے اس دوران میں ایک لاکھ ۹۲ ہزار کروڑ کا لون بنگال پر تھا۔ یہ صرف ۳۴ سالوں کا لون نہیں ہے۔ اور آپ کی سرکار ان تین سالوں میں اُسی ایک لاکھ ۹۲ ہزار کروڑ کو بڑھا کر ۱۵ء۲۰۱۴ میں 2.74 thousand crore میں لے کر گئی ہے اور ۱۶ء۲۰۱۵ میں یہ 2.99 thousand crore میں پہنچے گا۔ یہ آپ کی سرکار کا کام ہے۔ اگر ۳۴ سال آپ لوگ رہیں تو آپ لوگوں کو بنگال کا دیولیہ کرنے میں ٹائم نہیں لگے گا۔ ہمارے عزت مآب وزیر مالیات صاحب آپ نے اپنے بجٹ میں دعویٰ کیا ہے 72 thousand crore ایک سو دنوں کے کام میں خرچ کیا گیا ہے اس سلسلے میں ہندوستان ایک نمبر پر ہے۔ تو میں پوچھنا چاہوں گا کہ ایک سو دنوں کے کام میں کہاں پر آپ نے تلاب کھودا ہے؟ کون سے بلاک میں پانی جمع کیا ہے؟ آپ نے کہاں ندی کی مرمت کی ہے؟ کہا راستہ بنایا گیا ہے؟ اُس کے بارے میں کچھ نہیں بتایا گیا ہے۔ اور یہ ۷۲ ہزار کروڑ کا دعویٰ کرتے ہیں۔

تو اس طرح سے ہمارے عزت مآب treasury bench کے ایک ممبر نے کہا تھا کہ جوگائی مدھائی اُسی طرح سے کہیں دی دوسرا جوگائی مدھائی اگر یہ ۷۲ ہزار کروڑ کے لئے کورٹ میں چلا جائے تو پھر پتہ چلے گا سارداscam سے بھی بڑا scam یہاں پر ہو چکا ہے۔ اور یہ بھی میں کہہ سکتا ہوں کہ آپ لوگوں کو پتہ ہے کہ جوگائی مدھائی وہ نمائی کو کولوسی پھینک کر مارے تھے اور بعد میں جوگائی مدھائی نمائی کا ہی شاگرد بن گئے تھے۔ لیکن یہ جو جوگائی مدھائی ہے جو سارداسعاملے کئے ہیں۔ یہ آپ کا شاگرد کبھی نہیں بنے گا۔ ۲۰۱۴ کے اندر آپ نے بولا کہ چالیس (۴۰) super speciality hospital بنے گا۔ 40 super speciality hospital کی بات آپ لوگوں

نے کی ہے۔ایک بھی super speciality hospital کسی بھی بلاک میں، کسی بھی ضلع میں آپ نے ابھی تک شروع نہیں کیا ۔صرف کام ہو رہا ہے، کام ختم نہیں ہوا ہے۔ایک بھی super speciality hospital ابھی نہیں بنا ہے۔

دوسری بات میڈیکل کالج کی بات کی گئی ہے۔ایک بھی میڈیکل کالج شروع سے لیکر ختم تک آپ نے نہیں کیا ہے بنگال میں کوئی میڈیکل کالج start نہیں ہوا ہے۔مرشد آباد میں جو میڈیکل کالج ہے وہ بایاں محاذ کے دور میں بنا تھا۔ صرف آپ نے اُس پر نیلا اور سادا رنگ پوت دیا ہے اس کے علاوہ اور آپ نے کچھ نہیں کیا ہے۔گزشتہ ۲۷ فروری کو ہمارے عزت مآب وزیر مالیات نے بجٹ پیش کیا اُس میں اقلیت کے لئے بڑی بڑی باتیں کی گئیں کہ اقلیت کا جو کل allocation of amount ہے وہ بڑھا دیا گیا ہے۔اُس کے دوسرے دن ہمارے عزت مآب وزیر مالیات کے بجٹ کو لیکر اخبار میں تصویر چھپا اور ساتھ میں دوسری تصویر ہمارے عزت مآب وزیر فرہاد حکیم صاحب کا چھپا، جو فورفورا شریف دوڑ کر چلے گئے۔تو مجھے یہ کہانی یاد آیا کہ شیو بگوان کے دو بچے تھے ۔ایک گنیش اور دوسرا کارتیک، اُس میں کون بڑا ہے یہ پتہ نہیں چل رہا تھا۔اسلئے کہا گیا جو پہلے پورا دنیا گھوم کر آئے گا وہ بڑا ہوگا۔تو کارتیک دوڑ گیا پورا دنیا گھومنے کیلئے اور گنیش تھوڑا چالاک و چطور تھا۔وہ اپنے ماتا پیتا کے چاروں طرف گھوم کے پرنام کر کے بولا کہ میں نے پوری دنیا کا دورہ کر لیا۔تو گنیش کو بڑا مان لیا گیا۔تو اُسی طرح سی ایم صاحبہ دعویٰ کرتی ہیں کہ وہ اقلیت کیلئے کام کرتی ہیں۔اگر وہ صحیح میں کام کرتیں تو اُن کو فورفورا شریف تو حی صدیقی صاحب کے پاس جانے کی ضرورت نہیں پڑتی۔وہاں جا کر گھوم کر سوچتی ہیں کہ یہی پر گھوم لو پورا اقلیت کا ٹھیکہ مل جائے گا۔یہ آپ کر رہی ہیں۔

دوسری بات Entry Tax کی بات کر رہے ہیں۔میں سمجھ نہیں پا رہا ہوں کہ ہمارے عزت مآب وزیر مالیات اتنے قابل آدمی ہیں۔جن کی تعلیم کو لیکر ہمیں فخر ہوتا ہے اتنے پڑھے لکھیں اور قابل آدمی آج ہمارے ریاست کے وزیر مالیات ہیں لیکن جس ریاست کی سرکار گیارہ کروڑ خرچ کرتی ہے کہ سارداسی بی آئی انکوائری نہ ہو وہاں پر اتنے legal advisor کے رہتے ہوئے اتنا advise آپ کو نہیں ملا، سرکار نہیں لے سکی میں ایک لا کا استوڈنٹ ہوں اُس وقت بھی میں نے کہا تھا کہ یہ Entry Tax کہیں نہ کہیں legally آپ کو problem دیگا اور یہ ہائی کورٹ میں روک دیا جائے گا۔آج کورٹ نے اس پر stay order لگا رکھا ہے۔آپ اتنا صلاح نہیں لے سکیں۔یہ آپ کے لئے افسوس ناک بات ہے۔آپ جیسے ذمہ دار لوگ اس کرسی پر رہ کر اتنی سمجھی کے ساتھ کام

[2.30-2.40 p.m.]

کریں۔تو میں بجٹ کو دیکھتے ہوئے کہنا چاہوں گا کہ یہ بجٹ اپنی غلطیوں کو ڈھکنے کیلئے کیا گیا ہے۔ایک کا دینڈ ہے

اندھا وہ نہیں ہے جس کی آنکھیں نہیں

اندھا وہ ہے جو اپنے دوشوں کو ڈھکتا ہے

تو یہاں آپ لوگ وہی کام کر رہے ہیں۔دوسری بات آپ اپنے بجٹ میں Excise revenue Tax کے بارے میں بول رہے ہیں۔یہاں پر بھی آپ revenue collection کرنے میں ناکام ہوئے ہیں۔ Excise department کی طرف سے ابھی اضلاع میں دھمکی دی جا رہی ہے کہ (تم رابیشی کورے موت بکری کورو ریوینو دتو لو) یہ سرکار زبردستی شراب پلا کر revenue اٹھانے میں لگی ہوئی ہے۔لیکن افسوس پھر بھی آپ کامیاب نہیں ہو پائیں، اپنا ٹارگیٹ پورا نہیں کر پائیں۔اور یہاں تو ہمارے قابل منسٹر کو پورا بنگال کو دھوکہ دے رہا ہے ریوینو کا لکشن میں، اُس میں ایک ہمارے عزت مآب وزیر جو جیل میں ہیں وہ بھی چپ چاپ گھٹک لیتے ہیں اور

پتہ بھی نہیں چلتا کہ revenue کہا گیا؟ جیل میں بیٹھ کر کھا رہے ہیں اور پتہ نہیں چل رہا ہے۔ تو revenue کا دھوکہ منتری صاحب بھی دے رہے ہیں۔ اُس کے بعد میں کہنا چاہوں گا کہ ائیر پورٹ کی بات کہی گئی ہے کوچ بہار میں، کوچ بہار میں راجا کی وقت سے ائیر پورٹ چل رہا تھا بیچ میں بند ہو گیا لیکن آپ کی سرکار نے ائیر پورٹ چلانے کی بات کی مگر سات دن میں ائیر پورٹ بند ہو گیا۔ اور اُس کے بعد چیف منسٹر جہاں جاتی ہیں وہی بولتی ہیں کہ (اندولے ائیر پورٹ ہوبے، دورگاپور ے ائیر پورٹ ہوبے) ہلدیہ میں ہوگا، مالدہ میں ہوگا، بالورگھاٹ میں ہوگا ہر جگہ ائیر پورٹ ہو رہا ہے کہیں پر کچھ کام نہیں ہو رہا ہے۔ بجلی کو پھر بنانے کی بات یہ بھی بہت جلد بند ہونے جا رہا ہے۔ ہمارے عزت مآب وزیر مالیات بہت قابل آدمی ہیں۔ انکی قابلیت پر ہمیں فخر ہیں ہملوگ جانتے ہیں کہ وہ ایک اچھے reputed family سے آئے ہیں۔ گزشتہ دن ہمارے عزت مآب ممبر مانس بھونیاں نے کہا You are having a history کیونکہ اُن کے والد بھی یہاں honourable post پر رہ چکے ہیں۔ اس خاندان کے ایک ہونہار سپوت ہونے کے ناطے ٹیکی کو آپ نے آگے بڑھایا اور آج آپ ذمہ داری لے کر بنگال میں آئیں۔ اُس کے بعد آپ سے یہ امید نہیں کی جا سکتی ہے کہ آج آپ کے سر پر بیٹھ کر کوئی حکومت کریں اور آپ بنگال کو دھیرے دھیرے پیچھے ڈکھیلے اس کے لئے میں کہنا چاہوں گا Atleast you are not expected to do the same as the Honourable CM is doing بس یہی کہہ کر میں اپنی بات ختم کرتا ہوں۔

শ্রী রবীন্দ্রনাথ ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৭ ফেব্রুয়ারি রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয় এই পবিত্র সদনে যে বাজেট পেশ করেছেন তাকে সম্পূর্ণ সমর্থন করে দু-চারটি কথা আমি সংক্ষিপ্তভাবে তুলে ধরতে চাই। এই সদনে অনেক আলোচনা হয়েছে। আমি শুধু একটা কথা বলতে চাই যে, শিক্ষা জাতির মেরুদণ্ড। শিক্ষা সমাজকে সমৃদ্ধ করে। বামফ্রন্টের ৩৪ বছরে সেই শিক্ষা ব্যবস্থা মুখ থুবড়ে পড়েছিল। ১ লক্ষ ছাত্র-ছাত্রী যদি ওয়ানে ভর্তি হত মাধ্যমিক, উচ্চমাধ্যমিক পর্যায়ে পৌঁছাতে পৌঁছাতে তার ৮২ পার্সেন্ট ড্রপ আউট হত, অর্থাৎ ছুট। নিরক্ষরতা দূরীকরণের নামে 'চল পড়াই কিছু করে খাই', এই শ্লোগান দিয়ে কোটি কোটি টাকা তছরূপ করা হয়েছে, লুঠপাট করা হয়েছে। আমার সরকার ক্ষমতায় আসার পরে এই গুরুত্বপূর্ণ বিষয়টার উপরে আলোকপাত করে এবং গুরুত্ব দিয়ে এই ড্রপ আউটটাকে শূন্যতে আনার জন্য সিদ্ধান্ত নিয়ে একটার পর একটা ব্যবস্থা গ্রহণ করেছে। ইতিমধ্যে ক্লাস নাইন পর্যন্ত এবার থেকে বিনে পয়সায় ছাত্র-ছাত্রীদের বই দেওয়া হচ্ছে। ড্রপ আউটের যে কারণগুলো ছিল তার মধ্যে বেশ কয়েকটা কারণ এই বই কেনার অভাবে স্কুল যাওয়া বন্ধ করে দেওয়া, স্কুল ড্রেসের অভাবে স্কুলে যাওয়া বন্ধ করে দেওয়া এবং দুপুরের খাওয়ার, মিড ডে মিল-এর অভাবে পড়াশোনা বন্ধ করা, ক্লাস রুমের অভাবে স্কুলে যাওয়া বন্ধ হওয়া, এই কারণগুলো ছিল। ইতিমধ্যে আপনারা জানেন আমার সরকার, আমার শিক্ষা দপ্তর প্রত্যেকটা ছাত্রের জন্য ক্লাস নাইন পর্যন্ত এবার থেকে বিনে পয়সায় বই দিচ্ছে, মিড ডে মিল দিচ্ছে দুপুরের খাওয়ার এবং স্কুলের ড্রেস দেওয়া হচ্ছে। বসার জন্য এক একটা স্কুলে দশটা থেকে শুরু করে কুড়িটা, পঁচিশটা পর্যন্ত ক্লাস রুম করে দেওয়া হয়েছে। পানীয় জলের ব্যবস্থা করে দেওয়া হয়েছে। স্কুলগুলোতে বাথরুম ছিল না, সেটা করে দেওয়া হয়েছে। মেয়েদের জন্য আলাদা বাথরুমের

ব্যবস্থা করা হয়েছে। মেয়েরাও যাতে ছেলেদের মতো পড়াশোনায় এগিয়ে যেতে পারে তার জন্য কন্যাশ্রীর মতো একটা গুরুত্বপূর্ণ প্রকল্পের মাধ্যমে মেয়েদেরকেও স্কুলে নিয়ে যাওয়ার ব্যবস্থা করা হচ্ছে। আমরা আগে দেখেছি সিক্স, সেভেন, এইট-এর পরে মেয়েদের আর স্কুলে পাওয়া যেত না। হায়ার সেকেন্ডারি লেভেল পর্যন্ত মেয়েরা সামান্য পার্সেনটেজ পৌঁছাত। কিন্তু আজকে দেখা যাচ্ছে যে ৮২ পার্সেন্ট স্কুলছুট ছিল, এখন সেই স্কুলছুটটা প্রায় শূন্যতে এসে পৌঁছেছে। প্রত্যেকটা স্কুলেই ছাত্র-ছাত্রীরা ৯৫ পার্সেন্ট প্লাস প্রতিদিন অ্যাটেন্ড করছে। এই অবস্থায় কন্যাশ্রী, আমি মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাব যে ৫০০ টাকার জায়গায় ৭৫০ টাকা করেছেন এবং ১৮ বছর পূরণ হওয়ার সাথে সাথে ২৫ হাজার টাকা পেয়ে যাচ্ছেন। আমার কুচবিহার জেলা সবচেয়ে পিছিয়েপড়া জেলা ছিল একটা সময়। রাজ্যের শেষ প্রান্তের জেলা ছিল। সেখানে কোনো ইউনিভার্সিটি ছিল না। সেখানো কোনো ইঞ্জিনিয়ারিং কলেজ ছিল না। আমার সরকার আসার পরে মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী কুচবিহারে ঠাকুর পঞ্চানন বর্মার নামে একটা ইউনিভার্সিটি চালু করেছেন। সেখানে পরপর দুটো পরীক্ষা হয়ে গেল। এবারেও পরীক্ষার রেজাল্ট রেকর্ড সময়ে বেরিয়েছে। পরীক্ষা হওয়ার নয় দিনের মাথায় সেই রেজাল্ট বেরিয়েছে। ৬৫০ জন ছাত্র-ছাত্রী সেখানে পড়াশোনা করছে। যদি ইউনিভার্সিটি কুচবিহারে না হত তাহলে কুচবিহার জেলার একজন ছাত্র-ছাত্রীও, যারা এই ইউনিভার্সিটিতে পড়ছে, তারা কিন্তু উচ্চশিক্ষা থেকে বঞ্চিত হত।

[2.40-2.50 p.m.]

একটা ইঞ্জিনিয়ারিং কলেজ, দ্রুতগতিতে তার কাজ চলছে, সামনের শিক্ষাবর্ষে সেখানে ইঞ্জিনিয়ারিং-এর ছাত্র-ছাত্রীরা ভর্তি হতে পারবে। দুটো পলিটেকনিক কলেজ—একটা চালু হয়েছে, একটা মাথাভাঙাতে চলছে। ৬টা আই.টি.আই., একটা দিনহাটায়, উদয়নবাবুর জায়গায়, তার কাজ শুরু হয়েছে। জেলার বিভিন্ন প্রান্তে আরও ৫টার কাজ শুরু হতে চলেছে। এইভাবে শিক্ষাব্যবস্থাটাকে আমাদের সরকার এগিয়ে নিয়ে যেতে চাইছে। ৪০ হাজার ছেলে-মেয়েকে সাইকেল দেওয়ার যে ঘোষণা মাননীয় অর্থমন্ত্রী করেছেন, তার জন্য তাঁকে স্বাগত জানাই। হাই মাদ্রাসার মেয়ে, যাদের আমরা দেখতাম ৬/৭ ক্লাসের পর পড়াশোনা বন্ধ করে দিত, কম বয়সেই তাদের বিয়ে হয়ে যেত, আজকে আমরা দেখছি সেই মেয়েরা নতুন সাইকেলে চড়ে স্কুলে যাচ্ছে এবং কোনো মেয়েই এখন কম বয়সে বিয়ে করতে চাইছে না, পড়াশোনা করতে চাইছে। আজকে হায়ার সেকেন্ডারি লেভেলে ১০০% হাজিরা দেখতে পাচ্ছি। এই ৪০ হাজার সাইকেল দিলে সারা রাজ্যের ছেলে এবং মেয়েরা অল্প সময়ের মধ্যে যেমন স্কুলে যেতে পারবে, তেমনি স্কুল থেকেও ঠিক সময়মতো বাড়িতে ফিরতে পারবে। মাননীয় অর্থমন্ত্রী শিক্ষাখাতে গতবারের থেকে অনেক টাকাই বৃদ্ধি করেছেন। বিদ্যালয় শিক্ষা, উচ্চশিক্ষা, কারিগরী শিক্ষা, তিনটে মিলে গত বছর ছিল ৭৭.৭৫ কোটি ৫০ হাজার টাকা, এবারে সেটা বাড়িয়ে ৯০.৯৩ কোটি টাকা করা হয়েছে। আশা করছি শিক্ষাব্যবস্থায় আরও উন্নয়ন ঘটবে, শিক্ষা আরও এগিয়ে যাবে। ৩৪ বছরে পশ্চিমবঙ্গ শিক্ষা ক্ষেত্রে ১৭/১৮/২০ নম্বরে চলে গিয়েছিল, এখন এই তিন বছরে এগিয়ে এগিয়ে মনে

করছি ৭/৮ নম্বর স্থান পেয়েছে। রাজ্যে যাতায়াত ব্যবস্থারও প্রভূত উন্নতি ঘটছে। পি.ডব্লু.ডি., পি.ডব্লু.ডি.রোডস, পি.ডব্লু.ডি. কনস্ট্রাকশন, এই তিনটে বিভাগ মিলে রেকর্ড সংখ্যক রাস্তা সারা পশ্চিমবাংলায় তৈরি করেছে। এখানে জঙ্গলমহলের যারা আছেন তাদের বক্তৃতা শুনলাম। আমিও সেসব জায়গায় যাই, ফরেস্ট ডেভেলপমেন্ট কর্পোরেশনের চেয়ারম্যান হিসাবে যেতে হয়। জঙ্গলমহলের যেসব জায়গায় আগে কোনো রাস্তাঘাট ছিল না, সেখানে পি.ডব্লু.ডি., পি.ডব্লু.ডি.রোডস, পি.ডব্লু.ডি. কনস্ট্রাকশন, এই তিনটে দপ্তর মিল ব্যাপক পরিমাণে রাস্তা করেছে। কুচবিহারেও নতুন নতুন রাস্তা হয়েছে। আগে কুচবিহার থেকে শিলিগুড়িতে যেতে ৬/৭ ঘণ্টা সময় লাগত, এখন আড়াই ঘণ্টার মধ্যে শিলিগুড়িতে যাওয়া যায়। স্বাস্থ্যক্ষেত্রেও বিপুল উন্নতি হয়েছে এই সরকারের আমলে। চিকিৎসার জন্য কুচবিহারের মানুষকে আগে কলকাতায় বা ভিন রাজ্যে যেতে হত, এখন কুচবিহারেই তারা চিকিৎসা করাতে পারে। আজকে উত্তরবঙ্গ এবং দক্ষিণবঙ্গে পর্যটন শিল্পের ব্যাপক উন্নতি ঘটেছে। এখানে ১০০ দিনের কাজ রেকর্ড পরিমাণে হয়েছে। কিন্তু কেন্দ্রীয় সরকার আমাদের রাজ্যকে ভাতে মারতে চায়, তারা ১০০ দিনের কাজ বন্ধ করে দিচ্ছে, গরীব মানুষকে অনাহারে মারতে চাইছে। গত ২৭শে ফেব্রুয়ারি মাননীয় অর্থমন্ত্রী এখানে যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অপূর্ব সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৭ তারিখে মাননীয় অর্থমন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবি পশ্চিমবঙ্গের উন্নয়নের জন্য এখানে উপস্থাপন করেছেন, সেই নিয়ে দু-একটি কথা বলতে চাই। এই বাজেট বক্তৃতা পড়ে মনে হল এটা ভারতবর্ষের ফেডারেল স্ট্রাকচারের মধ্যে কোনো রাজ্যের বাজেট নয়, এটা একটা রাষ্ট্রের বাজেট। ওনার ধন্যবাদ অবশ্যই প্রাপ্য, কেননা উনি অন্তত রেভিনিউ ইনকাম বাড়ানোর জায়গায় একটা সদর্থক ভূমিকা গ্রহণ করেছেন। এবং সেই জায়গায় রেভিনিউ ইনকাম বেড়েছে '১০-১১ সালে ২১ হাজার ১৭৮.৭৪ ক্রোড়ের জায়গায় তিনি ১৩-১৪-তে ৩৫ হাজার ৮৩০ কোটি টাকার রেভিনিউ ইনকাম বাড়িয়েছেন। এই জায়গায় নিয়ে এসেছেন রেভিনিউ গ্রোথের ক্ষেত্রে তিনি যেটা '১২-১৩ সালে সবচেয়ে বেশি ৩১.৫৬% গ্রোথ তিনি রেভিনিউ ইনকামের ক্ষেত্রে করেছেন। ধন্যবাদ এই কারণের জন্যে। কিন্তু পাশাপাশি আবার সেই গ্রোথ কিন্তু নেমে আসছে। '১৩-১৪-তে নেমে চলে এল ৯.২১%। '১৪-১৫-তে রিভাইসড এস্টিমেটে দেখা যাচ্ছে ১১.৮১%। রেভিনিউ গ্রোথ যেটা সেই রেভিনিউ গ্রোথ কিন্তু কমছে। ওন রেভিনিউ বাড়ার ক্ষেত্রে যে বিষয়গুলো সবচেয়ে বেশি গুরুত্ব পেয়েছে। আমার মনে হয়েছে স্ট্যাম্প এবং রেজিস্ট্রেশন ফি যেটা বেড়েছে বেশি। এই স্ট্যাম্প এবং রেজিস্ট্রেশন ফি-র জায়গায় আমরা লক্ষ করে দেখেছি যে গ্রাম বাংলার সাধারণ মানুষ যখন জমি কেনা-বেচা করে তার একটা ল্যান্ড টাইটেল থাকে। কোথাও আমন থাকে, কোথাও ভিটে থাকে, কোথাও বাগান থাকে, কোথাও পুকুর থাকে। এই ল্যান্ড টাইটেলের ক্ষেত্রে আমরা দেখছি যে এখন ল্যান্ড টাইটেল অনুযায়ী ভ্যালুয়েশন নির্ধারণ হত। কিন্তু বর্তমানে সেই ভ্যালুয়েশন নির্ধারণ হচ্ছে ল্যান্ড টাইটেল যাই থাক ভ্যালুয়েশন কিন্তু এক। নাম্বার ওয়ান। নাম্বার টু যে রেজিস্ট্রেশন অফিসারগুলো আছে তাদের বলে দেওয়া হয়েছে এক-একটা এরিয়া ধরে সেই ভ্যালুয়েশন এমনভাবে বাড়িয়ে দিচ্ছে ৬% রেজিস্ট্রেশন ফি না বাড়লেও ভ্যালুয়েশন যেভাবে বাড়ানো

হচ্ছে তাতে সেটা যদি ৮% হত রেজিস্ট্রেশন ফি মনে হয় ভাল হত। উল্টোপথে তিনি আমাদের কাছ থেকে পশ্চিমবঙ্গের মানুষের কাছ থেকে রেজিস্ট্রেশন ফি আদায়ের নামে নিজের রেভিনিউ বাড়াচ্ছেন। দ্বিতীয় বিষয়, ইলেকট্রিসিটি ডিউটিস, এখানে আমি অঙ্কের ফিগারে যাচ্ছি না, আমার সময় খুব কম। তিনি ইলেকট্রিসিটি ডিউটি বাড়িয়েছেন এখানে। ইলেকট্রিসিটি ডিউটি বাড়ানোর ক্ষেত্রে দেখবেন যে আপ টু টু হানড্রেড ইউনিট পর্যন্ত যে গরীব মানুষ, খেটে খাওয়া মানুষ, নিম্নমধ্যবিত্ত আয়ের মানুষরা যাদের বাড়িতে দুশো ইউনিট বিদ্যুৎ পোড়ে। সর্বভারতীয় ক্ষেত্রে পশ্চিমবঙ্গের ইউনিট প্রতি বিদ্যুতের মাশুল সর্বোচ্চ, নাম্বার ওয়ান স্যার, নাম্বার ওয়ান পাঁচ টাকা ঊনষাট পয়সা প্রতি ইউনিট ১-৪-২০১৪ থেকে এই পশ্চিমবঙ্গে লাগু হয়েছে অথচ অন্ধ্রপ্রদেশে এই একই দুশো ইউনিট যারা কারেন্ট পোড়ায় তাদের দু টাকা তিরানব্বই পয়সা, কর্নাটকে দু টাকা সত্তর পয়সা পার ইউনিট। বিহারে তিন টাকা আঠারো পয়সা পার ইউনিট। আর আমাদের পাঁচ টাকা ঊনষাট পয়সা পার ইউনিট। আমাদের কাছে গরীব মানুষ, প্রান্তিক মানুষ, খেটে খাওয়া মানুষের কাছ থেকে তিনি রেভিনিউ বাড়ানোর জন্য সেখান থেকে অর্থ আদায় করছেন। তিনি রেভিনিউ আদায় করতে পারেন, রেভিনিউ বাড়ানোর অনেক জায়গা আছে। অসংখ্য মানুষ ভ্যাটের আওতায় নেই। অসংখ্য ব্যবসাদার ভ্যাটের আওতায় নেই। অনলাইন করে কিছু মানুষকে ভ্যাটের আওতায় আনা হয়েছে ঠিক। কিন্তু এখনও বহু ব্যবসাদার আছে যারা এখনও ভ্যাটের আওতায় আসেনি। এর বাইরে যারা ব্যবসাদার আমরা যারা খরিদ্দার, কাস্টমার সবাই আমরা যারা খরিদ্দার আমরা যখন মাল কিনছি সেখানে কিন্তু আমাদের ক্যাশ মেমো দেওয়া হয় না। সাধারণ মানুষ মাল কিনে নিয়ে চলে আসে। সেখানে একটা বড় কর ফাঁকির ব্যবস্থা এই পশ্চিমবঙ্গে, এই রাজ্যে আছে। সেই জায়গায় যদি আরও ভাল করে সুপারভিশন করা যায় সেখান থেকে কিন্তু ব্যবসাদারদের কাছ থেকে রেভিনিউ ইনকাম বাড়বে। বর্তমানে একটা নতুন ব্যবসা শুরু হয়েছে শুধু ভারতবর্ষে নয়, গোটা পৃথিবীজুড়ে। আমরা অনেকেই তার সাথে আজকালকার যুব সমাজ, ছাত্র সমাজ যার সাথে ওতপ্রোতভাবে জড়িত। অন লাইনে মাল কেনা। সেই অনলাইনে মাল কেনায় আমরা দেখলাম যে ফ্লিপকার্ট একদিনে ভারতবর্ষের বাজারে ব্যবসা করল ৬শো কোটি। মিনট্রা ব্যবসা করল তিনশো কোটি। অথচ সেই মাল পশ্চিমবঙ্গে আমরা কিনছি। আমার জিজ্ঞাস্য মাননীয় অর্থমন্ত্রীর কাছে যে সেন্ট্রাল গভর্নমেন্টের এই বাজেটে যে সার্ভিস ট্যাক্স করেছে এইসব কোম্পানিগুলোর ক্ষেত্রে সেখান থেকে কোনো শেয়ার এই পশ্চিমবঙ্গে আসবে কিনা ? অথবা পশ্চিমবঙ্গে আমরা যারা মাল কিনছি অনলাইনে সেখান থেকে এই রাজ্যের আমাদের কোনো অর্থের সংস্থান হবে কিনা সেটা জানতে চাইছি। আমাদের ইনকামের ব্যবস্থা আছে। সফট মিনারেলস যেখানে প্রচুর পরিমাণে ফাঁকি দেওয়া হয়েছে। ল্যাটেরাইট হোক, পাথর হোক, বালি হোক এই সফট মিনারেলসের জায়গাটা যে তিনশো সি.এফ.টি. মালের রয়ালটি দিয়ে সেখানে ৬শো, ৭শো সি.এফ.টি. মাল বহন করা হচ্ছে। ওভারলোডিং হচ্ছে। প্রতি টন ওভারলোডিং-এর ক্ষেত্রে ফাইন হচ্ছে দু হাজার টাকা। অথচ বি.এল.আর.ও., পুলিশ, আধিকারিকরা সবাই মিলে সেই টাকা সরকারের ঘরে না এনে ভাগাভাগি করে খাওয়ার ব্যবস্থা করছে। আপনারা খাচ্ছেন সারদা তারা খাচ্ছে এইসব পয়সা। এটা এই রাজ্যে চলছে।

[2.50–3.00 p.m.]

এই রাজ্যে চলছে যে এখানকার রেভিনিউ এক্সপেন্ডিচার '১০-১১ সালে যখন বামপন্থী বন্ধুরা চলে গেল একশো টাকা রোজগার করে ১৩৬ টাকা ২৫ পয়সা খরচ করেছে। আপনারা লাস্ট বারো-তেরোতে কমিয়ে এনেছিলেন একশো টাকায় একশো কুড়ি টাকা তিরিশ পয়সা। তেরো-চোদ্দ-তে আবার বেড়ে গেল একশো পঁচিশ টাকা পঁচানব্বই পয়সা বেড়ে গেল। একটা জায়গায় খরচ কমিয়েছেন। একটা রেভিনিউ এক্সপেন্ডিচারে খরচ কমিয়েছেন কোথায় ? স্যালারী এবং পেনশনে। যদি আপনি দেখেন স্যালারী এবং পেনশনের গ্রোথ আপনার অ্যাডমিনিস্ট্রেটিভ রিপোর্টে, সেখানে দেখা যাবে স্যালারীর গ্রোথ ছিল দশ এগারো সালে চোদ্দ পয়েন্ট জিরো ফাইভ পার্সেন্ট। সেটা তেরো-চোদ্দতে চলে এল থ্রি পয়েন্ট এইট টু পার্সেন্ট। অর্থাৎ স্যালারী এবং পেনশনের যে খরচের গ্রোথ সেটাকে কমাচ্ছেন। অর্থাৎ রেভিনিউ এখানে বেঁচে যাচ্ছে। তার কারণ কোনো কর্মসংস্থান নেই সরকারি দপ্তরে। প্রতিটি সরকারি দপ্তরের মন্ত্রীদের কাছে গিয়ে বলে আমার দপ্তরে পঞ্চাশ পার্সেন্ট স্টাফ নেই। কেউ বলে পঞ্চান্ন পার্সেন্ট স্টাফ নেই। কর্মসংস্থানের ব্যবস্থা কিন্তু এই পশ্চিমবঙ্গে নেই। অথচ এই পশ্চিমবঙ্গের কর্মসংস্থানের কথা আপনি বলেছেন। ষোলো-সতেরো লাখের গল্প শুনিয়েছেন। জানি না শ্যামবাজারের ঘোড়া আপনার কথা শুনে হাসবে কিনা। আমি সেই কথা বলতে পারব না। আপনি বলবেন সতেরো লক্ষ চাকরি কোথায় দিয়েছেন ? অথচ প্রতি হাজারে এই পশ্চিমবঙ্গ রাজ্য কর্মসংস্থানের ক্ষেত্রে সবচেয়ে পিছিয়ে আছে এক নাম্বারে। প্রতি হাজারে বাহান্ন জন বেকার পশ্চিমবঙ্গে। সেটা যদি দেখেন কর্নাটকে আঠারো জন প্রতি হাজারে। মহারাষ্ট্রে আঠাশ জন। মধ্যপ্রদেশে উনত্রিশ জন। অন্ধ্রে পঁয়ত্রিশ জন। তামিলনাড়ুতে ছত্রিশ জন। আর এই রাজ্যে প্রতি হাজারে বাহান্ন জন বেকার। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের হিসাব আজকে মন্ত্রী দিচ্ছিলেন। ৭৬ লক্ষের উপরে বেকার। চাকরি হয়েছে মাত্র ৩৬ জনের। এমপ্লয়মেন্ট ব্যাঙ্কের নামে করা হয়েছে। সেখানে বোধহয় এক লক্ষ ছেলেমেয়েকে পনেরোশো টাকা করে দেওয়ার ব্যবস্থা। চাকরি হয়েছে ক'জনের ? হাজার তেতাল্লিশ জনের চাকরি হয়েছে। বলছেন কর্মসংস্থান হয়েছে ? আমি মুর্শিদাবাদ জেলাকে রিপ্রেজেন্ট করি। সংখ্যালঘু অধ্যুষিত এলাকার মানুষ, সেই এলাকা থেকে প্রতিদিন শয়ে শয়ে ছেলেমেয়ে কোথায় যাচ্ছে কাজের খোঁজে ? মুম্বাই, পুনা, দিল্লি হায়দ্রাবাদে যাচ্ছে। শুধু তাই নয়, মিডল ইস্ট কান্ট্রিগুলিতে আমাদের ছেলেমেয়েরা শিক্ষিত ছেলেমেয়েরা যাচ্ছে। মালয়েশিয়া যাচ্ছে চাকরির জন্য। এখানে কর্মসংস্থানের কোনো সুযোগ নেই। এখান থেকে মাইগ্রেট হচ্ছে। আমাদের মেধা মাইগ্রেট হচ্ছে। আমাদের শ্রমশক্তি মাইগ্রেট হচ্ছে। সেই মেধা এবং সেই শ্রম যদি পশ্চিমবঙ্গে কাজে লাগত তাহলে এই পশ্চিমবঙ্গের আরও অর্থনৈতিক উন্নয়ন হত বলে আমি মনে করি। একটা সাফল্যের কথা বলেছেন। আমি মাননীয় অর্থমন্ত্রীকে জিজ্ঞাসা করব আপনি পঞ্চাশ হাজার মেট্রিক টনের জায়গায় তিন লক্ষ আশি হাজার মেট্রিক টন খাদ্য গুদাম তৈরি করেছেন। এই গুদাম তৈরি করতে যে খরচ যদি খাদ্য দপ্তরের বাজেট দেখা যায় যে লাস্ট তিন বছর বারো-তেরো, তেরো-চোদ্দ, চোদ্দ-পনেরো-তে চারশো এককোটি টাকা তিন বছরের বাজেট। কি দিচ্ছে খাদ্য দপ্তর ? বলছে দু টাকা কেজি দরে তিন কোটির উপরে মানুষকে চাল দিচ্ছে। এত স্টোরেজ

গোডাউন সমস্ত কিছু নাকি এই টাকার মধ্যে তৈরি হয়েছে। আমি কেন বলছিলাম এটা রাষ্ট্রের বাজেট, রাজ্যের বাজেট নয়। আমি বলছি রাজ্যের বাজেট এটা রাষ্ট্রের সহযোগিতা ছিল বলে আজকে এগুলি বানানো সম্ভব হয়েছে। কেন্দ্রীয় সরকারের ইউ.পি.এ. টু ইউ.পি.এ. ওয়ান, যে প্রকল্পগুলি হাতে নিয়েছিল, সেই প্রকল্পের টাকাগুলি এই রাজ্যে এসেছে। অথচ একবারও ভারত সরকারকে ধন্যবাদ দেওয়ার প্রয়োজন মাননীয় অর্থমন্ত্রী করেননি। আমার বক্তব্য এই জায়গায়। ভারত সরকারকে একবারের জন্য, ইউ.পি.এ. সরকারকে একবারের জন্য ধন্যবাদ দিতে পারতেন। যার উল্লেখ বাজেট বক্তৃতাতে নেই। আমি আপনাদের কাছে অনুরোধ করব এখানকার মানুষ অনেকে খেতে পায় না। আমি খাদ্য দপ্তরের কাছে জিজ্ঞাসা করব একটা জিনিস—বি.পি.এল. তালিকাটা কেন প্রকাশ হল না ? নির্বাচনী ম্যানুফেসটোতে তো ছিল। বি.পি.এল. তালিকার ইকনমিক সার্ভে তো বহুদিন হয়ে গেছে। বি.পি.এল. তালিকা প্রকাশ হয়নি। এখনও অর্ধেক মানুষ বঞ্চিত হচ্ছে। আমরা জানি যে এই ডানদিকের বন্ধুরা বসে আছেন। আপনারা বলেন দু লক্ষ তিন হাজার কোটি, আবার কেউ বলে এক লক্ষ তিরানব্বই হাজার কোটি টাকা বাকি। আপনি যে বাকি করেছেন, সেই বাকি করতে করতে আপনার যে পরিমাণ দাঁড়িয়েছে আপনি ছেষট্টি হাজার কোটি টাকা বাকি। লাস্ট তিন বছরে আপনি করে নিয়েছেন। বাজার থেকে আপনি লোন নিয়েছেন। অবশ্য লোন নেওয়ার ক্ষেত্রে আপনি শুধু নয়, আজকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর গুজরাট এক লক্ষ পঁচাশি হাজার কোটি টাকা লোন করে তিনি আজ ভারতবর্ষের প্রধানমন্ত্রী হয়েছেন। আপনিও কিন্তু মার্কেট থেকে লোনের ক্ষেত্রে এগিয়ে যাচ্ছেন। কৃষি বিপণনে আপনি বলছেন চুরাশিটা কমপ্লিট কৃষক বাজার তৈরি হয়েছে। সেই কৃষক বাজার চুরাশিটা যদি তৈরি হয়, সেটা তৈরি করতে পাঁচ কোটি টাকা করে নাকি খরচ, সেখানে দেখা যাচ্ছে সাড়ে চারশো কোটি টাকা লাস্ট তিন বছরের বাজেট। যে রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনা—কেন্দ্রীয় সরকারের, ভারত সরকারের—সেই প্রকল্পের যে টাকা, রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনার উন্নয়নের ক্ষেত্রের সেই টাকা এখানে এনে কৃষক বাজার তৈরি হচ্ছে। কই, মাননীয় বন্ধুরা তো একবারও ভারত সরকারের কথা উল্লেখ করলেন না, বললেন না। মাননীয় অর্থমন্ত্রী না হয় ভুলে যেতে পারেন, তাঁর প্রতি নির্দেশ থাকতে পারে। কিন্তু মাননীয় বন্ধুদের তো বলা উচিত ছিল যে, ভারত সরকারের আনুকূল্যে এই কাজ হচ্ছে। আমি স্যার আপনার কাছে একটা আবেদন রাখতে চাই এই হাউসের কাছে, শুনলে অবাক হবেন—এম.জি.এন.আর.ই.জি.এ. নিয়ে অনেকে বলেছেন যে, বাজেট কার্টেল করেছে কেন্দ্রীয় সরকার—ঠিক। আবার এ'বছর কিছুটা বাড়িয়েছে, বলছে আমরা বাড়ালাম, না, '১৩-১৪ সালে কেন্দ্রীয় সরকারের বাজেট ছিল ৩৯ হাজার কোটি টাকা—এম.জি.এন.আর.ই.জি.এ.। সেই বাজেট কেটে করা হয়েছিল ২৩ হাজার কোটি। তারপর সেটাকে বাড়িয়ে করা হল ৩৬ হাজার কোটি। কিন্তু আমার বক্তব্য যে জায়গায় সেটা হ'ল, এই সরকার একটা অর্ডার করেছে গত ০৯.০২.২০১৫ তারিখে। স্যার, শুনবেন ভালো করে। আগামীদিনে কিন্তু মাননীয়া মুখ্যমন্ত্রীর 'জল ধরো, জল ভরো' হবে না, কাজ করা যাবে না, পুকুর খনন বন্ধ করে দেওয়া হয়েছে। পুকুর কাটা যাবে না। জেনে রাখুন, এই রাজ্য সরকার, আপনার সরকার এটা অর্ডার করেছে গত ০৯.০২.২০১৫ তারিখে, রুরাল ডেভেলপমেন্ট, অর্ডার নাম্বার ৭০৫। সেখানে বলা হয়েছে, ল্যাটারাইট মোরামের রাস্তা তৈরি

করা যাবে না। সেখানে বলা হয়েছে ঝোপঝাড় কাটা যাবে না। সেখানে নির্দেশ দেওয়া হয়েছে। খুব স্বাভাবিকভাবেই গ্রামবাংলার যে মানুষ কাজ করে কায়িক পরিশ্রমের মধ্য দিয়ে, সে রিএক্সকাভেশন করে চ্যানেল, পুকুর কাটে—সেই কাজগুলো কিন্তু আগামী দিনে বন্ধ হয়ে যাবে। স্বাভাবিকভাবেই স্যার, আমরা আশঙ্কিত যে, আগামী দিন গ্রাম বাংলার মানুষ কাজ হারাবে। বিষয়টা মাননীয় অর্থমন্ত্রীকে দেখার জন্য অনুরোধ করব। স্যার, অনেকগুলো উন্নয়ন পর্ষদ তৈরি হয়েছে। আমি শুধু জিজ্ঞাসা করব স্যার, বিগত চার বছরে ৯৯ শতাংশ কাজ হয়ে গেলেও উন্নয়ন পর্ষদ তৈরি করতে হচ্ছে কেন ? আবার শুনছি একটা হুগলিতে তৈরি হবে। অথচ মুর্শিদাবাদ জেলায় ৭১ শতাংশ মাইনরিটি মানুষ বাস করে। সেই জেলার জন্য কোনো উন্নয়ন পর্ষদ নেই। প্রত্যেকটা জেলার জন্য কেন উন্নয়ন পর্ষদ তৈরি হচ্ছে ? এর হিসাব বা এর কৈফিয়ত চাইছি আমি এই সরকারের কাছে। বিভিন্ন জায়গায় মানুষকে খুশি করার জন্য উন্নয়ন পর্ষদ হচ্ছে, ক্লাবকে খুশি করার জন্য সেখানে টাকা দেওয়া হচ্ছে। এই সারদা স্ক্যামের মতো আগামী দিনে ক্লাব স্ক্যাম বেরোবে। কারণ, সেখানে কোনো কাগজপত্র ঠিকঠাক জমা না নিয়ে শুধু একটা কাগজের ওপরে তাদেরকে দু'লক্ষ করে টাকা দেওয়া হচ্ছে। আমি দায়িত্ব নিয়ে এই হাউসে এই কথা বলছি, যদি আমি প্রমাণ না করতে পারি, তাহলে আমি এম.এল.এ. পদ থেকে রিজাইন করে দেব। আমি দায়িত্ব নিয়ে এই কথা বলছি। ...(নির্দিষ্ট সময় শেষ হয়ে যাওয়ার কারণে এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন করে দেওয়া হয়।)

RULLING FROM THE CHAIR

Mr. Speaker : Hon'ble Members, I received two notices of Motion under Rule 186 and one notice for short duration discussion under Rule 194 of Rules of Procedures and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

The First Notice of Motion under Rule 186 is from Dr. Partha Chatterjee, Shri Firhad Hakim, Dr. Surjya Kanta Mishra, Shri Md. Sohrab, Shri Shovandeb Chattopadhyay, Shri Tapas Roy, Shri Aroop Biswas, Shri Prabodh Chandra Sinha, Dr. Manas Ranjan Bhunia, Shri Asit Mitra, Shri Subhas Naskar, Shri Udayan Guha, Shri Arun Mahapatra, Dr. Tarun Kanti Naskar, Dr. Harka Bahadur Chhetri on the subject of decision taken by the Union Government for privatization of Kolkata Airport.

The Second Notice of Motion under Rule 186 is from Dr. Surjya Kanta Mishra, Shri Anisur Rahaman, Shri Md. Sohrab, Shri Gyan Singh Sohanpal, Dr. Manas Ranjan Bhunia, Shri Asit Mitra, Shri Udayan Guha, Shri Subhas Naskar, Shri Arun Mahapatra, Shri Prabodh Chandra Sinha, Dr. Tarun Kanti Naskar, Shri Apurba Sarkar and Shri Samik Bhattacharya on the development of Tea Industry in the State.

And the third one for Short Duration Discussion under Rule 194 is from Dr. Partha Chatterjee, Shri Firhad Hakim, Shri Shobhandeb Chattopadhyay, Shri Tapas Roy, Shri Aroop Biswas, Shri Md. Sohrab, Shri Gyan Singh Sohan Pal, Shri Asit Mitra, Dr. Harka Bahadur Chhetri on the subject of non-refund of money to the depositors by the Chit Fund Organisations since 1980.

I have admitted the First Notice of Motion on the subject of Decision taken by the Union Government for privatization of Kolkata Airport given by Dr. Partha Chatterjee and others under rule 188.

I have also admitted the Third Notice for Short Duration Discussion on the subject of non-refund of money to the depositors by the Chit Fund Organisations since 1980 given by Dr. Partha Chatterjee under Rule 195. The matter was discussed in today's B.A. Committee meeting. But owing to want of time the matter would not be taken up in the House during this session.

[3.00–3.10 p.m.]

Mr. Speaker : I have examined the Second Notice of Motion on the subject of development of Tea Industry in the State given by Dr. Surjya Kanta Mishra and others under rule 187 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. The subject matter of the Motion was raised during discussion on Governor's Address held in this Session and Hon'ble Chief Minister in her speech thereon, had elaborately stated the steps taken and to be taken by the State Government for rejuvenation of the Tea Gardens as well as development and social security of the Tea Gardens Workers.

In terms of sub-rule (vi) of rule 187 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I disallow it.

REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Presentation of the 61st Report of the Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the 61st Report of the Business Advisory Committee. The Committee met in my chamber and recommended the following Revised Programme of Business for the 4th March, 2015.

No. 1177

Revised Programme of Business for the 4th March, 2015 (as adopted by the House on the 61st Report of the Business Advisory Committee presented on the 3rd March, 2015)

04.03.2015, Wednesday :	(i) The West Bengal Finance Bill, 2015 **(Introduction, Consideration and Passing)**	$1^1/_2$ hours
	(ii) The West Bengal Appropriation (Vote on Account) Bill, 2015 **(Introduction, Consideration and Passing)**	$^1/_2$ hour
	(iii) The West Bengal Appropriation Bill, 2015 **(Introduction, Consideration and Passing)**	1 hour
	(iv) Motion under rule 185 regarding decision taken by the Union Government for privatization of Kolkata Airport (Notice given by **Dr. Partha Chatterjee, Shri Firhad Hakim, Dr. Surjya Kanta Mishra, Shri Md. Sohrab, Shri Sobhandeb Chattopadhyay, Shri Tapas Roy, Shri Aroop Biswas, Shri Prabodh Chandra Sinha, Dr. Manas Ranjan Bhunia, Shri Asit Mitra, Shri Subhas Naskar, Shri Udayan Guha, Shri Arun Mahapatra, Dr. Tarun Kanti Naskar and Dr. Harka Bahadur Chettri**)	15 minutes

N.B. : The House will sit at 10.00 a.m. and there will be no Question for Oral Answer, New Calling Attention and Mention Case on that day.

MOTION

Mr. Speaker : The Minister-in-Charge of the Parliamentary Affairs may please move the Motion for acceptance of the House.

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য উপদেষ্টা কমিটির ৬১তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

I think the Motion is adopted. I think the Motion is adopted.

GENERAL DISCUSSION ON BUDGET

শ্রী রণজিৎ কুমার মণ্ডল : স্যার, গত ২৭শে ফেব্রুয়ারি মাননীয় অর্থমন্ত্রীর যে বাজেট তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে দু-একটি কথা বলতে চাই। একটি জায়গাতে মাননীয় অর্থমন্ত্রী লিখেছেন ভয়ঙ্কর ঋণের ফাঁদ। সত্যি কথা স্যার, এত লক্ষ কোটি টাকা

দেনার পরেও প্রতি বছর যে হারে কেন্দ্রীয় সরকার ট্রেজারি থেকে টাকা কেটে নিচ্ছে, তারপরেও বাংলার সাথে বাংলার মানুষের স্বার্থে, পিছিয়েপড়া মানুষের স্বার্থে যে বাজেট তিনি দিয়েছেন, আমি মনে করি বাংলার মানুষের স্বার্থ রক্ষার্থে এই বাজেট, বাংলার মানুষের উন্নয়নের স্বার্থে এই বাজেট। আমরা লক্ষ করে দেখেছি স্যার, গত ৩৪ বছর ধরে বাংলার প্রতিটি প্রান্তে বেশ কিছু জায়গায় যেমন খাদ্য দপ্তরে, রেশনিং ব্যবস্থা থেকে শুরু করে গুদামজাত পদ্ধতিতে সমস্ত কিছু ছিল, মাননীয় মন্ত্রী খাদ্য দপ্তরের পক্ষ থেকে সেই জায়গায় অস্থায়ীভাবে অনেক গুদাম ভাড়া নিয়ে সেখানে চালের গুদাম, গমের গুদাম সমস্ত কিছুর ব্যবস্থা হয়েছে। যেখানে রেশন কার্ড ছিল ভুয়া রেশন কার্ড। সেই জায়গাগুলোতে সেখানে অত্যন্ত সতর্কতার সহিত সমস্ত জায়গায় ভুয়া রেশন কার্ড বাদ দিয়ে যারা প্রকৃত রেশন কার্ড পাওয়ার যোগ্য তাদের ব্যবস্থা হয়েছে। এছাড়াও সময়মতো যে সমস্ত রেশনের দোকান বা ইউনিট ছিল ১৮ থেকে ১৯ হাজার সেগুলোকে পদ্ধতিগতভাবে সাবডিলার রেফারেন্সের মাধ্যমে সেগুলো ৫ থেকে ৬ হাজারে নিয়ে আসা হয়েছে। ফলে খাদ্য বিলি বন্টনের পক্ষে সুবিধা হয়েছে। আমি লক্ষ করে দেখেছি আমার নির্বাচনী কেন্দ্র খেজুরি যেখানে বঙ্গোপসাগরের উপকণ্ঠে আমাদের পি.এস সেখানে আমরা দাঁড়িয়ে দেখেছি বর্ষকালে সমুদ্রের ধারে যেভাবে জলোচ্ছ্বাস আসে সেখানে বাঁধ থাকে না, মানুষ ভয়-আতঙ্কে উঁচু জায়গায় চলে গেছে, কোনো পাকা ঘর তারা দেখে চলে আসে। আমাদের মা-মাটি-মানুষের সরকারের সেচ দপ্তরের পক্ষ থেকে সে সমস্ত জায়গায় আজকে বাঁধের ব্যবস্থা করেছে। বোল্ডার পিচিংয়ের ব্যবস্থা হয়েছে। আজকে মানুষ বর্ষার দিনে ঘুমোতে পেরেছে। সেখানে ভয়ের কোনো কারণ নেই। এক সময় আমি লক্ষ করে দেখেছি, আমি পূর্ব মেদিনীপুরের জেলাপরিষদের সভাধিপতি ছিলাম ২০০৮ সাল থেকে। মাননীয় প্রাক্তন মন্ত্রী মহোদয় বসে রয়েছেন, আমি খেজুরি নিয়ে বহুবার এ কথা বলেছিলাম, কিন্তু তিনি কোনোদিন কর্ণপাত করেননি। কিন্তু আমাদের মা-মাটি-সরকারের মাননীয় মন্ত্রীর সামনে দাঁড়িয়ে আমি একবার বলেছিলাম খেজুরি থেকে পূর্ব মেদিনীপুরের নদীর পাশের বাঁধ সেখানে বাঁধের উন্নয়নের দরকার হয়েছে সেখানে আজকে আমরা নির্ভয়ে ঘুমোতে পারি। এখানে আমাদের কেলেঘাই, কপালেশ্বরী—সেচ দপ্তরের পক্ষ থেকে আমরা দেখেছি প্রতি বছর বর্ষার সময় বন্যা হত, খেজুরি অবধি চলে আসত প্রায় ২০ থেকে ২২ কিলোমিটার ধরে। আজকে সেখানে কেলেঘাই, কপালেশ্বরী সংস্কার হয়েছে। আজকে আমরা অত্যন্ত আনন্দের সহিত গর্ব বোধ করি যে মা-মাটি-মানুষের সরকার এখানে একটা উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছে। বিপর্যয় মোকাবিলা—আজকে আমাদের মাননীয় মন্ত্রী মহোদয় বসে রয়েছেন। আজকে আমাদের সুন্দরবনে আয়েলার উন্নয়নের জন্য আয়েলার বাঁধ হচ্ছে। বন্যা নিয়ন্ত্রণের জন্য বিভিন্ন ব্যবস্থা হচ্ছে। আমাদের সমস্ত নোনা নদীর পাশেই flood rescue সেন্টার হচ্ছে। প্রায় ২ হাজার মানুষ থাকতে পারবে। তিনতলা বাড়ি সেখানে পশু থেকে শুরু করে, মানুষ থেকে শুরু করে, মায়েরা থেকে শুরু করে সকলের ব্যবস্থা হয়েছে। সেখানে আমাদের cyclone centre তৈরি হচ্ছে। এছাড়াও বিভিন্নভাবে আমরা উপকৃত। ত্রিস্তর পঞ্চায়েতের মধ্য দিয়ে গ্রামে আজকে সরলীকরণ হয়েছে তাতে মানুষ সুযোগ-সুবিধা পাচ্ছে। ত্রিস্তর পঞ্চায়েতে গিয়ে মানুষ আজকে রাজনৈতিক কবলে পড়ছে না। মানুষ সেখানে গিয়ে অত্যন্ত

আনন্দের সহিত সেখানকার পরিষেবা পাচ্ছে। সেখানে রাজনৈতিক রং দেখা হচ্ছে না। আজকে যারা বলছেন, এই বাজেটকে যারা বিরোধিতা করছেন তাদের আমরা বলতে চাই, একজন মাননীয় সদস্য সেদিনকে বলছিল আমার শুনতে ভীষণ খারাপ লাগছিল আমি ব্যক্তিগত ভাবে বলতে পারি। সেদিনকে রাজ্য, ঋণের বোঝার পরেও যারা ২ লক্ষ কোটি টাকার উপরে ধার করার পরেও আমরা সংসার চালাতে গেলে মানুষের যদি রোজগার না থাকে তাহলে কি হবে আমাদের ঋণের উৎস—আমাদের রোজগারের উৎস আর সে জায়গায় কেন্দ্রের বঞ্চনা, আমাদের রেভিনিউ থেকে যদি ঠিকমতো না আসে, আমাদের যে সমস্ত জিনিসগুলো রয়েছে, যে সমস্ত জায়গায় আমাদের সেভিংস-টেভিংস থেকে না আসে তাহলে বাংলার মানুষের স্বার্থে আমাদের মাননীয় নেত্রী যদি ধারও করে থাকে, বাঁচিয়ে রাখার যদি পথ অবলম্বন করে থাকে তাতে অপরাধটা কিসের ? সে দিনকে মাননীয় সদস্য বলেছিলেন কোথায় কি social network-এ কি না একটা বলেছে। বাঁশের কথা নাকি বলে গেল। অনেক বাঁশ তো আপনারা ৩৪ বছর ধরে রেখে দিয়ে চলে গেছেন। এখন আর আমাদের বাঁশের গল্প শুনিয়ে লাভ কি ? এখন তো আমরা একটা বিপদগ্রস্ত অবস্থায় পড়েছি। তা সত্ত্বেও মাননীয় সরকারের যে বাজেট আমি মনে করি উল্লেখযোগ্য বাজেট। মানুষের স্বার্থে বাজেট, মেহনতী মানুষের স্বার্থে বাজেট, খেটেখাওয়া মানুষের স্বার্থে এই বাজেট। আজকে জল সম্পদ দপ্তর থেকে বড় বড় পুকুর খনন হচ্ছে। সেখানে মানুষ মাছের চাষ থেকে শুরু করে, কৃষিকার্যের দিক থেকেও দেখা গেছে সে জায়গাতেও সেই সমস্ত পরিষেবা যাচ্ছে। আজকে আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীকে উল্লেখ করে বলতে পারি, আজকে আমি জোর করে বলতে পারি বিদ্যুতের উন্নয়নের ক্ষেত্রে নীরব বিপ্লব হয়েছে। আজকে বিদ্যুতের উন্নয়ন করতে প্রতিটি প্রত্যন্ত গ্রামে বিদ্যুতের লাইন গেছে। এক সময় নামিদামি বাড়িতে বিদ্যুৎ যেত। আমি মনে করি সেই বিদ্যুৎ ব্যবস্থা ১০০% হয়েছে। প্রতিটি জায়গায় বিদ্যুৎ গেছে। নতুন নতুন sub-station হয়েছে। বিদ্যুতের ঘাটতি কমেছে। আজকে মানুষের কাছে বিদ্যুতের পরিষেবা একটা ভালো জায়গায় পৌঁছছে। আমি মনে করি নিজ ভূমি, নিজ গৃহ প্রকল্পে বিগত সরকারের আমলে কাউকে ২ বিঘা, ৩ বিঘা করে পাট্টা দিয়েছে। জায়গা নেই শ্মশান, ভাগাড় সমস্ত কিছু এরা পাট্টা দিয়ে চলে এসেছে। তবুও মানুষের বাঁচার স্বার্থে, সেখানে মানুষের উল্লেখযোগ্য একটা ঠিকানা পাওয়ার সাথে নিজ ভূমি, নিজ গৃহ সেই জায়গায় আজকে ব্যবস্থা হয়েছে। খেটে খাওয়া মানুষ, গরীব মানুষ মেহনতী মানুষ আজকে বাঁচার ঠিকানা পেয়েছে। আমি মনে করি এটা এই সরকারের একটা উল্লেখযোগ্য ঘটনা। এই বাজেট অত্যন্ত ভালো বাজেট। মানুষের উপযোগী বাজেট। তাই বাজেটকে সমর্থন করে আমি সকলকে অভিনন্দন জানিয়ে আমার কথা শেষ করছি। ধন্যবাদ।

[3.10-3.20 p.m.]

শ্রী শমীক ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ২৭শে ফেব্রুয়ারি এই সদনে ডঃ অমিত মিত্রের পেশ করা বাজেট সম্পর্কে কিছু কথা, কিছু ব্যথা, কিছু প্রশ্ন আপনাদের সামনে উপস্থাপিত করব। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের এই বাজেট খুশির বাজেট, এই

বাজেট আনন্দের বাজেট। এই বাজেটের মধ্যে দিয়ে সীমার মধ্যে অসীমের সন্ধান করেছেন ডঃ মিত্র। কর্মসংস্থানের ভাবসাগরে ডুব দিয়ে ফেলেছেন। মাননীয় অর্থমন্ত্রী বাজেট পেশ করবার সময় তাঁর বক্তব্যের প্রত্যেকটি ছত্রে ছত্রে বার বার উঠে এসেছে কর্মসংস্থানের প্রসঙ্গ। অতীতের রাজ্যের মুখ্যমন্ত্রী থেকে শুরু করে রাজ্যের বিভিন্ন দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীরা বার বার বলেছেন তারা প্রচুর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেছেন। তারা বহু সরকারি পদে নতুন নিয়োগকে সম্পূর্ণ করেছেন। কিন্তু বাজেট বক্তৃতার মধ্য দিয়ে যে তথ্য আমাদের সামনে উঠে এসেছে ২০১৩-২০১৪ আর ২০১৪-১৫-র যে expenditure ধরা হয়েছে, সেই ক্ষেত্রে তার কিন্তু প্রতিফলন এই জায়গায় কোথাও নেই। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা সিঙ্গুর দেখেছিলাম। দেখেছিলাম একটা অদূরদর্শিতার সঙ্গে একটা বল্গাহীন আবেগের সংঘাত। আর এই সংঘাতের মধ্য দিয়ে যারা অনিচ্ছুক কৃষক ছিলেন তারা জমি ফেরত পাননি। যারা ইচ্ছুক কৃষক ছিলেন তারা কর্মসংস্থানের সুযোগ পাননি। একটা শিল্প সম্ভাবনার মৃত্যু ঘটে গিয়েছিল পশ্চিমবঙ্গে। দীর্ঘদিন ধরে আমাদের এই রাজ্যের পক্ষ থেকে বার বার বলা হচ্ছে যে, ৮৩,০০০ কোটি টাকার বিনিয়োগ এসেছে। গত বছরে বলা হয়েছিল যে, ১৭,০০০ কোটি টাকার বেশি বিনিয়োগ হয়েছে, বাস্তবে বিনিয়োগ সম্পূর্ণ হয়েছে। কিন্তু গত ক্যালেন্ডার ইয়ারে আবার দেখা গেল তা কমে ১০,০০০ কোটি টাকায় পৌঁছে গেছে। যারা এই বিনিয়োগের মধ্য দিয়ে ১ লক্ষ ৩০,০০০ কর্মসংস্থান প্রত্যক্ষ এবং পরোক্ষের কথা বলেছিলেন, বাস্তবে তা এসে ৩০,০০০-এ দাঁড়িয়ে গেছে। তার কারণ কি, তার কারণ বড় শিল্প নিয়ে আসার জন্য, বড় বিনিয়োগ রাজ্যে নিয়ে আসবার জন্য বর্তমান রাজ্য সরকারের কোথাও কোনো উদ্যোগ নেই। রাজনীতি এটা যেটা চলেছে that is the politics of dole giving, দান-খয়রাতির প্রশ্ন। খেলা, মেলা, মোচ্ছব শুরু হয়ে গেছে। আর এই সমস্ত কিছু মাথায় নিয়ে শেষ ও আর্থিক বছরে ১০,৩৬১ কোটি টাকার রাজস্ব ঘাটতি নিয়ে অর্থমন্ত্রী বাজেট পেশ করছেন। কিন্তু আমরা কোথায় যাব পশ্চিমবঙ্গকে নিয়ে ? এই বাজেটের মধ্য দিয়ে পশ্চিমবঙ্গের মানুষ যে স্বাচ্ছন্দের মধ্যে আছে—তাদের অর্থনৈতিক অবস্থার প্রতিফলন এই বাজেটের মধ্যে নেই। কারণ আমাদের সরকারের আমলে একমাত্র যে শিল্প আছে রিয়েল এস্টেট, যে প্রোমোটারি শিল্প আজকে সেখান থেকেও রেভিনিউ আদায়ের কথা ছিল, স্ট্যাম্প ডিউটির যে লক্ষ্যমাত্রা ছিল ৫৪০০ কোটি টাকার, সেখানেও প্রায় ২১ শতাংশ হ্রাস পেয়ে গেছে। রাজ্যে নতুন কোনো বিনিয়োগ নেই। অতীতে আমরা শুনেছিলাম ডলার আসছে, ইয়েন আসছে, পাউন্ড, স্টার্লিং আসছে, রাজ্যে বিনিয়োগ হচ্ছে। বিদেশী বিনিয়োগ ছাড়া কর্মসংস্থানের কোনো সুযোগ নেই। বর্তমান সরকারের আমলে দুর্বোধ্য জমিনীতির মাধ্যমে এ রাজ্যে কত নতুন শিল্প এসেছে তা আমরা বাস্তবে এখনও পর্যন্ত বুঝে উঠতে পারিনি। ইনফোসিস চলে গেছে, জিন্দালের দরজায় তালা, রাজ্যে কোথাও কোনো বিনিয়োগ নেই। গত ৩৪ বছরে যারা এ রাজ্যের জমিকে জলের দামে কিনে নিজেদের পুঁজি তৈরি করেছিলেন তারা আজকে ভিন্ন রাজ্যে বিনিয়োগ করছেন। এই flight of capital-কে রোধ করবার জন্য রাজ্য সরকারের হাতে কোথাও কোনো বাস্তব পরিকল্পনা নেই। স্যার, এই বাজেট বক্তৃতার মধ্য দিয়ে আমাদের সামনে বার বার বলা হচ্ছে যে, রাজ্য সরকার ১৭ লক্ষ কর্মসংস্থানের সুযোগ তৈরি করতে সমর্থ হয়েছেন। রাজ্য সরকারের পক্ষ থেকে সরকারি সমর্থনে বক্তব্য রাখবার জন্য বার বার কেন্দ্রীয় সরকারের

উপর আক্রমণ করা হচ্ছে। কেউ মেঘের আড়াল থেকে আক্রমণ করছেন, কেউ জলের নীচ থেকে আক্রমণ করছেন। কেন্দ্রীয় সরকারের বৈমাত্রেয়সুলভ আচরণ, কেন্দ্রীয় সরকারের অসহযোগিতা, কেন্দ্রীয় সরকার টাকা না দেওয়ার জন্য আজকে রাজ্যের এই চরম দুর্ব্যবস্থা। আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রীকে ২০১১ সালে ক্ষমতা পরিবর্তনের আগে থেকে একটা প্রশ্ন করেছিলেন এক সাংবাদিক, যে, বিপুল ঋণের বোঝা নিয়ে আপনি কি করে সরকার পরিচালনা করবেন ? উত্তর দিতে গিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী বলেন, কি করে করব সেটা আমাদের ব্যক্তিগত ব্যাপার, বউ আর ব্যবসা নিয়ে আগে থেকে কাউকে কিছু বলবার প্রয়োজন নেই। কিন্তু বাস্তবস্থিতি কোথায় দাঁড়িয়েছে ? আজকে ২ লক্ষ ৪৩ হাজার কোটি টাকা যে বিনিয়োগের কথা মাননীয় অর্থমন্ত্রী বলছেন, এখানে কেন্দ্রীয় সরকারের রুটিন ইনভেস্টমেন্ট কত হাজার কোটি টাকার আছে, আজকে শ্বেতপত্র প্রকাশ করে মানুষের সামনে তা জানানো দরকার। যারা বলছেন আমরা চাকরি দিয়েছি, চাকরি সৃষ্টি করেছি, যারা বলছেন ট্রান্সপারেন্স গভর্নেন্স-এর কারণে, ই-গভর্নেন্স-এর কারণে আমাদের স্বচ্ছতার জন্য বিভিন্ন রাজ্য থেকে দেখতে আমাদের রাজ্যে মানুষজন আসছেন, আজকে ওয়েবসাইটে প্রকাশ করুন, কাদের চাকরি দিয়েছেন। কত চাকরি দিয়েছেন। কত কর্মসংস্থানের সুযোগ তারা তৈরি করে দিয়েছে। দিনের পর দিন আমরা শুনতে পেলাম যে কেন্দ্রীয় সরকারের অসহযোগিতার কথা। কিন্তু কেন্দ্রীয় সরকারের কাছ থেকে গতবার পাবার কথা ছিল ৩০,৮০০ কোটি টাকা, যা নেমে এসেছে ২৬,০০০ কোটি টাকাতে। কারণ ম্যাচিং গ্রান্ট রাজ্য সরকার জোগাড় করতে না পারার কারণে বহু কেন্দ্রীয় প্রদত্ত অর্থ আজকে বিভিন্ন জায়গায় ফিরে যাচ্ছে। স্যার, কয়লার খাদানের নতুন আইন আনার কারেণ রাজ্য সরকার অর্থ পেয়েছেন। ফোর্টিস্থ অর্থ কমিশন, ভারতবর্ষের মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী মেনে নেওয়ার কারণে ৪২ শতাংশ রাজ্য থেকে আদায় করা করের টাকা আজকে রাজ্যে ফিরে আসছে। স্যার, পশ্চিমবঙ্গের জন্য আলাদা আর্থিক প্যাকেজ তৈরি করা হয়েছে, তাহলে আমাদের উদ্দেশ্য কি ? আমাদের উদ্দেশ্য কি শুধুমাত্র এই ডোল গিভিং, উদ্দেশ্য চিরকাল মানুষকে অনুদানের মধ্যে দিয়ে বাঁচিয়ে রাখা। মানুষের হাতে যদি ক্রয়ক্ষমতা না যায়, মানুষ যদি সরাসরি বাজারে অংশগ্রহণ না করতে পারে তাহলে পশ্চিমবঙ্গের অর্থনীতির পুনরুজ্জীবন কিভাবে সম্ভব হবে আমাদের এ কথা জানা নেই। আমাদের ক্যাপিটাল এক্সপেন্ডিচারের যে কথা মাননীয় অর্থমন্ত্রী তাঁর আগের বক্তব্যে শুনিয়েছিলেন, সেই ক্যাপিটাল এক্সপেন্ডিচারও আজকে দিনের পর দিন কমে এসেছে। কারণ সম্পদ সৃষ্টি করার থেকে এই সরকার মানুষকে দান খয়রাতি দিতে বেশি ব্যস্ত। একদিকে তারা ক্লাবের জন্য বিভিন্ন জায়গায় মুক্ত হস্তে দান করে যাচ্ছেন, অন্যদিকে বাজার থেকে নতুন করে আজকে টাকা তুলছেন। আমরা বারবার বলছি, আমাদের সরকারের পক্ষ থেকে বারবার দাবী করা হচ্ছে যে ন্যাশানাল জি.ডি.পি. থেকে আমাদের জি.ডি.পি. অনেকটা বেশি এগিয়ে আছে। এই ন্যাশানাল জি.ডি.পি.-র কথা বলতে গেলে মনে রাখতে হবে আমাদের নর্থ ইস্টার্ন বিভিন্ন স্টেটস-এর কথা। আজকে ৬টি রাজ্য—উত্তর পূর্বাঞ্চলের ৪টি রাজ্য, জম্মু কাশ্মীর এবং তার সঙ্গে পশ্চিমবঙ্গ আজকে সম্পূর্ণভাবে রিজার্ভ ব্যাঙ্কের ঋণের উপর নির্ভরশীল হয়ে গেছে। আজকে আমাদের ২৪,০০০ কোটি টাকা থেকে ওভারড্রাফট বাবদ রাজ্য সরকার ৩০,০০০ কোটি টাকা নিয়েছেন, ২৪,০০০ কোটি টাকা নতুন ঋণ নেবার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

অর্থনীতির যারা বিশেষজ্ঞ আছেন, তারা বলছেন, এই ঋণের বোঝা দিন দিন বাড়বে। তাহলে মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমরা অর্থমন্ত্রীর কাছে জানতে চাই, যারা বলছেন শিল্প আসছে, এগিয়ে চলেছে, পশ্চিমবঙ্গের অগ্রগতি অব্যাহত, শিল্পে জোয়ার এসেছে, যারা বললেন ওই বেঙ্গল সামিটের মধ্যে দিয়ে সিঙ্গাপুরে গিয়ে বিপুল পরিমাণ বিনিয়োগ এসেছে, তার ব্রেকআপ কি ? পশ্চিমবঙ্গে তার অবস্থা কোথায় এসে দাঁড়িয়েছে ? সল্টলেকে তথ্যপ্রযুক্তি কেন্দ্র, সল্টলেকে আই.টি পার্ক সেখানে গিয়ে দেখতে পাবেন আজ থেকে চার বছর আগে একটা অফিসের ভাড়া ছিল ৬০ থেকে ৬৫ টাকা প্রতি স্কোয়ার ফিট, আজকে সল্টলেক সেক্টার ফাইভে প্রতি স্কোয়ার ফিটের দাম এসে দাঁড়িয়েছে ২০ থেকে ২৫ টাকায়। আজকে একটা ভূতুড়ে শহর হয়ে যাচ্ছে সেটা। একটার পর একটা বাড়ি খালি পড়ে থাকছে। কারণ সেখানে নতুন কোনো বিনিয়োগ নেই, কোনো অফিস আসছে না।

অতীতের সরকার যাদেরকে তথ্যপ্রযুক্তি কেন্দ্রে সরকারি জমি দিয়েছিল, সরকার যাদের সহযোগিতা করেছিল, সেইখানে ইনফর্মেশান টেকনোলজির পরিবর্তে অফিসগুলোকে বিভিন্ন কাজে ব্যবহার করা হচ্ছে। এই সম্পর্কে রাজ্য সরকারের কোনো স্পষ্ট দিশা নির্দেশ নেই। আমাদের এমপ্লয়মেন্ট জেনারেশানের কথা বলা হয়েছে। আগের বক্তৃতাতেও বিভিন্ন জায়গায় পলিটেকনিক কলেজ, আই.টি.আই নতুন নতুন তৈরি করবার কথা বলা হচ্ছে, কিন্তু বাস্তব স্থিতি কি পশ্চিমবঙ্গে ? এতগুলো নতুন ইঞ্জিনিয়ারিং কলেজ, বহু ইঞ্জিনিয়ারিং কলেজে পাস আউটরা তারা নির্মাণ সহায়ক হিসাবে গ্রামে কাজ করছেন। আজকে বহু জায়গায় গ্রাজুয়েট ইঞ্জিনিয়ার তারা প্রাইমারি স্কুলের শিক্ষক হবার জন্য অ্যাপ্লাই করছেন। ব্যাঙ্কের কেরানী হবার জন্য তারা পরীক্ষা দিচ্ছেন। আমরা যাদের তৈরি করেছি, একটার পর একটা তাদের আমরা জবলেস বানিয়ে দিয়েছি। যারা ক্রিমি লেয়ার আছে, তারা দক্ষিণ ভারতে চলে যাচ্ছে। পশ্চিমবঙ্গের যে মূল রোজগারের যে জায়গা, আজকে সেখানে আমরা বড় শিল্প আনতে পারিনি। আজকে যদি বড় বিনিয়োগ না হয়, বড় যদি শিল্প না হয়, তাহলে দীর্ঘদিনের এই ক্ষুদ্র এবং মাঝারি শিল্পের যে গর্ব আমরা মানুষের সামনে করছি, এটা বাস্তবায়িত হওয়া সম্ভব নয়। স্যার, ২২ একরের মধ্যে কোনো বিরাট শিল্প স্থাপন সম্ভব নয়। পশ্চিমবঙ্গের মোট কৃষিযোগ্য জমির ৮৪ শতাংশের মালিক ছোট মালিক, এই ফ্রাগমেন্টেড ল্যান্ডকে সম্পূর্ণভাবে এক জায়গায় নিয়ে এসে সেখানে বিনিয়োগ করবেন, সেখানে বিনিয়োগ করবেন কোনো নতুন উদ্যোগপতি, এটা কোনোদিন বাস্তবে সম্ভব নয়। স্যার, যেখানে এত ছোট জমির মালিক যেখানে দিনের পর দিন ফার্টিলাইজারের দাম বাড়ছে, পেস্টিসাইডস-এর দাম বাড়ছে, জমির উপর মানুষের নির্ভরতা ধীরে ধীরে কমছে, এই বিপুল সংখ্যক মানুষের কর্মসংস্থানের যদি শ্রীবৃদ্ধি করতে হয় তাহলে এখানে বড় বিনিয়োগের প্রয়োজন আছে।

[3.20–3.30 p.m.]

বড় বিনিয়োগ আনতে গেলে এই সরকারের জমিনীতি পরিবর্তনের প্রয়োজন আছে। স্যার, আমি সামগ্রিকভাবে বলছি এই বাজেট দেখে আমার মনে হচ্ছে যে এতদিন পর্যন্ত আমরা সুখে ছিলাম, শান্তিতে ছিলাম। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয় একটি কথা বলে আমি শেষ

করব—বিপদ কিন্তু আপনারও ঘনিয়ে আসছে। কারণ দক্ষিণেশ্বরে এতদিন মানুষ যেদিন কল্পতরু হয় সেদিন ভিড় দেখত, এখন পুরো ভিড় এবার বিধানসভার পেছনের গেটে আসছে, এখানে কল্পতরু এসে গেছে স্যার। যা চাইবেন আপনি এখানে সব পাবেন। কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বিষোদগার করে কেন্দ্রীয় সরকারের অসহযোগিতার কথা বলে নিজেদের ধারাবাহিক ব্যর্থতাকে ঢেকে রাখবার এই অপপ্রচারের আমি বিরুদ্ধাচরণ করছি। ধন্যবাদ।

শ্রী নির্মল চন্দ্র মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের ভারপ্রাপ্ত মন্ত্রী, মা-মাটি-মানুষের সরকারের মন্ত্রী ডঃ অমিত মিত্র ২০১৫-১৬ সালের ২৭শে ফেব্রুয়ারি যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে আমি সম্পূর্ণ সমর্থন করে কিছু বক্তব্য আপনার সামনে রাখছি। বিগত দিনে যারা সরকারে ছিলেন আজকে আমাদের সরকারের বিরুদ্ধে তারা বিভিন্নভাবে সমালোচনা করে বিভিন্ন বক্তব্য রেখেছেন। আমি প্রথমে বলতে চাই, আমাদের মাননীয় অর্থমন্ত্রী তিনি ২০১৪-১৫ সালে প্রথম বক্তব্যের মধ্যে গ্রস ভ্যালু অ্যাডেড, GVA-এর মধ্য দিয়ে প্রথমেই তিনি প্রকাশ করেছেন যে যেখানে কেন্দ্রীয় সরকারের গড়, আর্থিক ক্ষেত্রে যেখানে আয় বেড়েছে সাড়ে ৭ শতাংশ, সেখানে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের এই সময়কালের মধ্যে গড় প্রায় ৪৮ শতাংশ বৃদ্ধি হয়েছে। এই বৃদ্ধির মধ্য দিয়ে আমরা কি বোঝাতে চাই। আমরা বলতে চাই যে দীর্ঘ ৩৫ বছর শাসনের পর বাংলা বিভিন্ন দিক থেকে পিছিয়ে গিয়েছে। ২০১১ সালে তৃণমূল কংগ্রেস সরকার গঠন হওয়ার পরে মা-মাটি-মানুষের মুখ্যমন্ত্রী তিনি বাংলাকে নতুনভাবে সাজানোর জন্য তার যে ঐকান্তিক প্রচেষ্টা, বিভিন্ন পরিকল্পনার মধ্য দিয়ে তিনি বাংলাকে নতুন করে গড়ে তুলতে চাইছেন। এই গড়ে তোলার ক্ষেত্রে আমাদের মাননীয় অর্থমন্ত্রী বলেছেন 'মূলধনী ব্যয়'। একটা সরকারের মূলধনী ব্যয়ের অঙ্ক যদি সমস্ত উন্নয়নখাতে যে বিভিন্ন দপ্তর আছে সেখানে যদি ব্যয়-বরাদ্দের মাধ্যমে উন্নয়নের কর্মসূচি না থাকে তাহলে এই রাজ্য এগোতে পারে না। আমাদের এই সাড়ে তিন বছরের সরকার, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী প্রত্যেকটা জেলায় জেলায় গিয়ে সমস্ত প্রশাসনকে সঙ্গে নিয়ে উন্নয়নের যে বাজেট, যে খরচ, বা বিভিন্ন ধরনের যে তথ্য, প্রশাসনের মাধ্যমে নির্দিষ্ট সময় বেঁধে দিয়ে সেগুলি কার্যকরী করার চেষ্টা করেছেন, যার জন্য শুধু শিক্ষা নয়, স্বাস্থ্য নয়, পরিবহণ থেকে আরম্ভ করে রাস্তাঘাট, বিদ্যুৎ থেকে আরম্ভ করে সমস্ত ক্ষেত্রে বাংলার উন্নয়ন ঘটে চলেছে। এটা বাংলার মানুষ কিন্তু দেখছেন। এই সাড়ে তিন বছরের মধ্যে মাঠে, ঘাটে সমস্ত জায়গায় সবাই বলছে যে তৃণমূল সরকার নতুন করে উন্নয়ন আমরা দেখতে পাচ্ছি। কিন্তু আমাদের বন্ধুরা তারা বিরোধিতা করতে হয়, তাই বিরোধিতা করছে এবং করবে। আমি কিছু কিছু বিষয়ে আপনাকে তথ্য দিয়ে বলতে চাইছি। আমরা দেখেছি '১০-১১ সালে আগের সরকার যে মূলধনী ব্যয়-বরাদ্দ উত্থাপন করেছিলেন, সেখানে আমরা দেখেছি আমাদের ব্যয়-বরাদ্দ মাইনাস ২৬.৮ ছিল। আমাদের মাননীয় অর্থমন্ত্রী সেই নেগেটিভ ফিগারটাকে পজিটিভে নিয়ে গেছেন ২০১১-১২ সালে এবং ২৪.১৭% অগ্রগতি ঘটিয়েছেন। ২০১২-১৩ সালে সেটা পজিটিভ ছিল এবং ৬৪.৫৩ শতাংশ তিনি বাড়িয়েছেন। ২০১৩-১৪ সালে ৫২.৩৩ শতাংশ তিনি বাড়িয়েছেন। এটাই এই সরকারের কৃতিত্ব। একটা সরকারের আয় না বাড়ালে তো চলবে না। আয় কোথা থেকে বাড়বে ? পরিকল্পনা করে কাজ করতে হবে। আমি শুধু

বলতে চাই, আমরা ঋণের ফাঁদে জড়িয়েছিলাম, বামফ্রন্ট সরকার যে দেনা করে গিয়েছিল, সেই দেনার সুদ বাবদ কেন্দ্রীয় সরকার আমাদের প্রাপ্য টাকা থেকে টাকা কেটে নিয়ে চলে যাচ্ছে। এই রকম একটা অবস্থার মধ্যে দিয়ে আমাদের সরকার খাদ্যে, কৃষিক্ষেত্রে, বিদ্যুৎ, রেশন কার্ড থেকে আরম্ভ করে সমস্ত দপ্তরের বরাদ্দ বৃদ্ধি করে উন্নয়নের দিকে এগিয়ে নিয়ে চলেছে। আমার সময় খুব কম, তাই আমি মাননীয় অর্থমন্ত্রীর এই ব্যয়-বরাদ্দকে পূর্ণভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Dr. Michael Shane Calvert: Hon'ble Chairman, Sir, thank you so much for giving me this opportunity to present my opinion on the budget that was presented by the Hon'ble Finance Minister. What exactly a State Budget is ? State Government Budget is an important economic policy tool. What it does ? It translates Government policy, political Commitments and goals into decisions on how much revenue to raise, how to plan to raise it and how to use these funds to meet the compelling and competing needs of our society from improving health care to alleviating poverty to satisfying educational needs and to empowering the minorities, the youth and the women. These are factors that need to be taken into account when considering presentation of a Budget. The State Government Budget as I have seen it, Hon'ble Chairman, directly or indirectly affects the lives of every individual, of every citizen in our State. Sir, I would like to look at just a few aspects of the Budget because of limited time factor. These aspects are minorities, school education, college education, women and the youth. The budget as presented by the Hon'ble Finance Minister is definitely and surely a very forward looking budget. It is a people oriented budget. The focus of this budget has been on the social sector, schools, colleges, college education, the development and the care of the minority, minority welfare and of course, as I stressed earlier, the youth and the women. The operative word here which has been repeatedly mentioned in the budget statement is empowering and that is exactly what this budget has done and what the budget intends to do.

[3.30-3.40 p.m.]

It empowers by providing for education through schools, through colleges. Facts and figures are there in the public domain are available. It is there in the budget speech. It is open to scrutiny but when you analyse this one can easily see that it focuses on the three Es—if you educate, all that you do is you make a person employable, educate and employable and if a person becomes

employable then all that you are doing is that you are empowering and that is what the State is doing—to educate, employ and empower. If you take a look at the minority aspects and what the government intends to do and what the government has done you will realize that in any State, in any society the index of a progressive State is visible to how the State treats its minorities. And the minorities here in West Bengal are safe, they are secured because the government looks after their need, takes care of their need and is well intended to ensure that our need are fulfilled in every aspect. A lot of people talk about sports and clubs and the amount of money that is being given to them. What is the purpose of this ? The whole purpose of providing to sports and clubs is to allow for our youth to be gainfully occupied, it is to allow them to focus their free time into an entertainment which will finally bring about a healthy body and a healthy mind. And therefore, the criticism is not valid according to me because sports today is a dying need. It is a need for our community, because the young stars need to be involved in very positive avenues so that they can do something progressive and positive for our State. When we look at the ladies, when we look at the women and look at the number of schemes that has been provided for our women through the budget, whether it be providing cycle or whether it be the 'Kanya Prakalpo' all these are aimed at empowering our women and that comes because there is a certain amount of respect and love for the women of our society. On analyzing this budget what emerges is the commitment of the government that poverty must be overcome, quality education must be delivered, mass awareness and empowerment, participation and enfranchisement must be furthered. This is a phenomenal resurgence of inclusive growth and development. The Anglo-Indian and Christian communities have a distinct role to play in this historic match to reclaim Bengal's pre-eminence in the community of Indian States and we dedicate ourselves to strengthening the hands of our Hon'ble Chief Minister and her government to help her redeem her pledge to people of West Bengal.

I would like to end with your permission Chairman Sir, with a quotation of Swami Vivekananda :-

> Let everybody workout his own vision, of his Uniqueness according to his own ideas-injure none, deny the position of none ; take man where he stands, and if you can lend him a helping hand and put him on a higher platform, but do not injure and do not destroy. Thank you Chairman.

শ্রী রাধাকান্ত মাইতি : মাননীয় চেয়ারম্যান মহোদয়, গত ২৭ ফেব্রুয়ারি মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট এই সদনে পেশ করেছেন আমি তাকে সমর্থন করেই বক্তব্য রাখছি। বাংলার শ্মশানভূমিতে তিনি যে নতুন অর্থনীতির প্রাণ সঞ্চার করতে পেরেছেন তার জন্য আমি তাকে কৃতজ্ঞতা জ্ঞাপন করি। মাননীয় চেয়ারম্যান মহোদয়, বাংলায় বামফ্রন্ট শেষ বছরে রাজস্ব আদায় করেছিল ২১১২৯ কোটি টাকা। সেই বাংলার তিন বছরে দাঁড়িয়ে মাননীয় অর্থমন্ত্রী রাজস্ব আদায়ে ৪৫ হাজার কোটি টাকার পৌঁছানোর লক্ষ্যে, ৪০ হাজার কোটি টাকা পর্যন্ত ফেব্রুয়ারি মাসে অর্ধেকে এসে পৌঁছতে পেরেছেন। এতে আমার মনে হয়েছে যে, এই বাংলায় দাঁড়িয়ে যে ইনফ্রাস্ট্রাকচার অতীতে ছিল, আজও তা বর্তমান আছে। অথচ এই রাজস্ব আদায়ের ক্ষেত্রে যে আন্তরিকতার অভাব ছিল—এটা আজকে বাস্তবে পরিলক্ষিত হয়েছে। তাই সম্মানীয় পণ্ডিত অর্থমন্ত্রী অমিত মিত্র মহাশয়, মানুষের উপর ট্যাক্সকে না বাড়িয়ে তার নিজস্ব ভাবনা দিয়ে, মানুষের ট্যাক্স রেহায় করে—এত টাকা অর্জনের ক্ষমতা যদি তিনি ধরতে পারেন, তাহলে প্রাক্তন অর্থমন্ত্রী সেই ভাবনায় থাকতে পারেননি বলেই আজকে আমরা এই জায়গায় পৌঁছতে পেরেছি। আমরা দেখেছি বিগত দিনে এই সরকারের যে রাজস্ব আদায় হত তার ১০০ টাকার ৯৯ টাকা চলে যেত সরকারি কর্মচারীদের বেতন, তার পেনশান এবং তার অন্যান্য খরচ জোগাতে। তাই প্রশাসনিক ব্যয় এবং যে ঋণ করেছিল এবং ঋণের সুদ দিতে হলেই দিনের পর দিন—রিজার্ভ ব্যাঙ্ক থেকে টাকা ধার নিয়ে দেশকে বিপন্ন করেছে। আজকে পশ্চিমবাংলায় দাঁড়িয়ে সেদিনকার অর্থমন্ত্রী বাজেট পেশ করার দিনে এই বামপন্থী বন্ধুরা ৬৬ হাজার কোটি টাকার ঋণের একটা পোস্টার নিয়ে গোটা বিধানসভায় উত্তাল হয়েছিল। আমরাও ঋণ করেছি, একথা সত্য অর্থনীতিতে, উন্নয়নশীল দেশের ভাবনায় ঋণ নিশ্চয় নিতে হবে। ঋণ করে যদি মানুষের বা সমাজের কল্যাণে উন্নয়নের কাজ করা যায়—সেই ঋণের বোঝাটা কমিয়ে দেওয়ার জন্যে আগামী দিনে তার একটা রাজস্ব আদায়ের শর্ত থাকে। কিন্তু দুর্ভাগ্য সেই জায়গায় আমরা পৌঁছাতে পারিনি। তাই দিনের পর দিন এই বাংলায় দাঁড়িয়ে ঘাটতি বাজেট পেশ করে করে বাংলাকে নিঃস্ব হয়ে গেছে। আজকে বর্তমানে আমরা দেখেছি এই বিধানসভায় প্রশ্নোত্তর পর্বে মাননীয় সেচমন্ত্রী রাজীব বন্দ্যোপাধ্যায়ের কাজের প্রশংসা করেন সরকার পক্ষ এবং বিরোধী পক্ষ। কিন্তু সেচ দপ্তরের কাজকর্ম নিয়ে যে উপমা তুলে ধরেন তা বাস্তবে কতটা সত্য সেটাকে অনুধাবন করার জন্য মাননীয় বিধায়কদের অনুরোধ করব। আমি মেদিনীপুর জেলার ডেবরার বিধায়ক—পশ্চিম মেদিনীপুরের জেলার অনেক বিধায়ক এখানে উপস্থিত আছেন। এই এলাকায় সেচ দপ্তরের নেতৃত্বে মেদিনীপুরে অ্যামনেস্টি তৈরি হচ্ছে। সেই অ্যামনেস্টি যখন ভেঙে গিয়েছিল আজকের বিধায়ক মাননীয় সুভাষ নস্কর সেচমন্ত্রী থাকা অবস্থায়—আমি সেই দরবার করতে এসেছিলাম। খুব মিষ্টিমুখে আপ্যায়ন করে তার ১০ কোটি টাকা তিন বছরে, তিন বার কাজ পাওয়া সত্ত্বেও সেই দপ্তরের, সেই আনিকট তৈরি করতে পারলেন না। প্রাক্তন সেচমন্ত্রী মাননীয় আমাদের মানস রঞ্জন ভূঞ্যা মহাশয় তখন সরকারি মন্ত্রী হিসাবে ১০৫ কোটি টাকা খরচ করে মাননীয়া নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে যা শুরু হল। আজকে সেই ইনফ্রাস্ট্রাকচার সবং, পিংলা, ডেবরা, ময়না, খড়গপুর লোকাল, দাসপুর, ঘাটাল বিভিন্ন এলাকায় যে জল সংরক্ষণের ব্যবস্থা তৈরি

করা হয়েছে। যার ফলে রাজস্ব আদায়ের ক্ষেত্রে সেচ দপ্তর ঘাটতি করেছিল, সেই ঘাটতি পূরণ করার জায়গা তৈরি হয়ে গেছে। তাহলে এখানে যেমন সেচ দপ্তরের জায়গায় অ্যামনেস্টিতে তৈরি হয়েছে, আবার বসরাঘাটের মতো জায়গায়, যেখানে একটা ব্রিজ নির্মাণ হচ্ছে। সেই নির্মাণের ক্ষেত্রে উন্নয়নের পরিকল্পনার মাধ্যমে যেমন বসরাঘাটের উন্নয়ন হচ্ছে। আবার লালগড়ের ব্রিজ তৈরি করে, লালগড়েও উন্নয়ন করা হচ্ছে।

[3.40–3.50 p.m.]

এই উন্নয়ন যদি আমরা ঋণ করে করে থাকি তাহলে সেই ঋণের ভাবনাটা আমাদের আগামী দিনে একটা ভাল জায়গায় পৌঁছে দেবার চেষ্টা করে যাবে। তাই আমার কথা, আমি এটা বলতে চাই, এই রাজস্ব উদ্বৃত্ত করার ক্ষেত্রে আমাদের অর্থমন্ত্রী, তিনি যা ভাবনা করে মানুষের কাছে উপস্থাপন করেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানাই। আর একটা কথা বলে আমি শেষ করব, যে দীর্ঘদিন বামপন্থী বন্ধুরা দেওয়ালে দেওয়ালে লিখতেন শিক্ষা আনে চেতনা, চেতনা আনে বিপ্লব, বিপ্লব আনে মুক্তি। আজকে পশ্চিমবাংলা শিক্ষা ক্ষেত্রে ছেলে-মেয়েদের পুস্তক দিয়ে, পোশাক দিয়ে, সাইকেল দিয়ে, হোস্টেল তৈরি করে উচ্চশিক্ষায় কলেজে, ইউনিভার্সিটিতে, ইঞ্জিনিয়ারিং কলেজে, স্কলারশিপ দিয়ে যে বিপ্লব তৈরি হয়েছে, এটা বিপ্লব, না অতীত দিনের বা বিগত দিনে যারা শিক্ষা নিয়ে দেওয়ালে লিখেছিলেন, সেটা বিপ্লব, এই কথাটা চিন্তা করার অনুরোধ জানাচ্ছি। এই কথা বলে সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আনিসুর রহমান : মাননীয় চেয়ারম্যান স্যার, গত ২৭ তারিখে আমাদের মাননীয় অর্থমন্ত্রী যখন এই বাজেট বক্তৃতা করছিলেন তখন আমার মনে হয়েছিল কি ব্যাপার, এটা কি বাজেট না একটা নির্বাচনী ইস্তাহার। পরে আমি দেখলাম যে ঠিকই ভেবেছিলাম। সামনে দুটো ভোট, একটা হচ্ছে পৌরসভার ভোট কয়েক দিন পরে, আর একটা ভোট ২০১৬ সাল, বিধানসভার ভোট। এই দুই ভোটের আগে এটাই হচ্ছে শেষ পূর্ণাঙ্গ বাজেট। কারণ এর পরে আর পাবেন না। খুব স্বাভাবিক কারণেই এটা যে একটা নির্বাচনী বাজেট হবে তাতে অবাক হবার কিছু ছিল না, সেটাই হয়েছে। আমি বলছি এই কারণে, যে আমাদের মাননীয় অর্থমন্ত্রী তো আমরা যখন কোনো প্রশ্ন রাখি তার উত্তর দেন না। তিনি আগে থেকে যেগুলো ভেবে আসেন সেইগুলো বলেন, কোনো দিনই ভালো উত্তর আমরা পাইনি। যাই হোক আজকে কি হবে আমরা জানি না। আমার কয়েকটি বিষয় এখানে উল্লেখ করার আছে, কতকগুলো ভুল তথ্য দেওয়া হয়েছে। রাজ্যপালের ভাষণে কিছু ভুল তথ্য দেওয়া ছিল, আজকে ভেবেছিলাম অর্থমন্ত্রী নিজে যখন পেশ করছেন অন্তত এই ভুলগুলো থাকবে না। প্রথমে একটা দেখলাম এই গ্রামোন্নয়নে যা বলা আছে একেবারে অসত্য। এই বছর ২৩ কোটি শ্রমদিবস তৈরি হয়নি, ২২.৯২। দেখবেন এটা ভুল লেখা আছে। এটা বলেছিলেন যে এটা সর্বকালের রেকর্ড, আমি আবারও বলছি যে এটা ঠিক বলেননি। আর আমাদের সময় বলেছেন গড়ে ১০ কোটি হয়েছে। আমি যে হিসাব দিচ্ছি ২০০৯-১০ সাল। ২০০৯-১০ সালে আমাদের শ্রমদিবস হয়েছিল ১৫ কোটি ৫১ লক্ষ আর গড়ে কাজ পেয়েছিল ৪৫ দিন। আর আপনাদের এবারে হয়েছে ২২ কোটি শ্রমদিবস, আর

গড়ে কাজ পেয়েছে ৩৭ দিন। এতবড় ভুল কি করে করলেন আমি জানি না। আপনার মনে আছে ২০১২-১৩ সালে আপনি যখন বাজেট পেশ করেন, আমার কাছে বই-এ লেখা আছে, আপনি বলেছিলেন যারা ১০০ দিন পার করেছে তাদের আমরা ২০০ দিনের কাজ দেব। আর আজকে বলছেন কেন্দ্র টাকা দেয়নি। কিসের ভরসায় বলেছিলেন ? যার ২০০ দিনের কাজ দেবার ক্ষমতা ছিল, সে বাকি টাকাগুলো কেন পেল না ? এই টাকা দিতে পারতেন ইচ্ছা করলে। ২০০ দিনের কাজ একদিনও দেননি। আর এই কথাটা একবার মনে করেও দেননি যে আপনি এই কথাটা বলেছিলেন। কৃষি বিপণনে আপনি অদ্ভুত বললেন, তিনটি বাজেট পড়লাম। তিনটি বই-এ তিন কথা। ২০১২-১৩ সালে আপনি বললেন যে ৬২ মান্ডি প্রথম দফায় ১৯৯ কোটি টাকায় হইয়া গিয়াছে। আপনি পড়ে দেখুন ২০১২-১৩ সালে লেখা আছে। ২০১৩-১৪-তে গিয়ে বললেন যে ৬৩৫ কোটি টাকায় ৯৫টির কাজ শেষ হবে নভেম্বর মাসে আর ২০১৪-১৫ সালে আরো ১০২টির কাজ শেষ হবে। আর এবারে এসে বলছেন ২০১৫-১৬ সালে যে ৮৪টি চালু হয়ে গেছে। আর যখন আমরা ওই দপ্তরের মন্ত্রীকে জিজ্ঞাসা করছি তখন বলছে না হয়নি। এ অদ্ভুত রিপোর্ট কোথা থেকে পেলেন আমি জানি না। সেই রিপোর্ট দেওয়া হয়েছে। দ্বিতীয় একটা বিষয় হচ্ছে যে, আপনি বাজেট দেখাচ্ছেন প্লান বাজেট নন-প্লান বাজেট। এমনভাবে হিসাবটা দেন মনে হয় যে বিরাট পরিমাণ টাকা। ঠিকই, টাকাটা বিরাট পরিমাণ। কিন্তু বাস্তবে কত পায় ? আপনার বলার সময় শুনে গেলাম যে এবারে যেমন ৪৯ হাজার কোটি টাকা। কিন্তু আসলে কত পাবে ? কি হয় আপনি দেখুন। তিনটি সাল, একটা হচ্ছে ২০১০-১১ সাল, আমরা ছিলাম। তখন প্লান বাজেট ছিল কত ? ১৬৩৪১ কোটি টাকা। পেল কত ? ১১৮৩৭ কোটি টাকা। হয় আপনি দিতে পারেননি, না হয় খরচ করতে পারেননি। হওয়ার কথা ১৬৩৪১ কোটি পেল মাত্র ১১৮৩৭ কোটি। এটা হচ্ছে সাড়ে ২৭% কম। যা পাওয়ার কথা, তার ২৭.৫% কম পেল। তার পরের বছর আপনাদের সময়, ২০১১-১২ সাল। কত বাজেট ছিল ? ২০ হাজার ৯৪৯ কোটি টাকা। পেল কত ? ১৪ হাজার ৭৪ কোটি টাকা। কত কম ? ৩২.৮% কম। এই রকম সব করা আছে, দেখলেই বুঝতে পারা যাবে যে যা আপনি টাকা ধরছেন, এতে এত টাকা দিলাম, ওতে এত টাকা দিলাম, বাস্তবে কিন্তু সেই টাকা পাচ্ছে না। আবার যা পাচ্ছেন, যা ধরেছেন, সেটা বিরাট কিছু নয়। আপনার ভাষায় বিরাট, ব্যাপক, বিপুল, ভয়ঙ্কর, ভয়ঙ্কর রেল স্টেশন মানে প্লেন চলছে ভয়ঙ্করভাবে, বিপুলভাবে, ব্যাপকভাবে, সেইসব আপনি বলেছেন ভাল কথা। কিন্তু বাস্তবে হয়েছে একবারে আলাদা। সেই পরিমাণ টাকা পাচ্ছে না। যেগুলো দেখিয়েছেন ১৬% প্ল্যান বাজেট বেড়েছে। আপনার যে মূল বাজেট, বাজেট টু বাজেট ১৬%, কিন্তু আপনি যে রিভাইজড বাজেট করেছেন, সেখান থেকে হিসাব করলে ১২% হয়। আর ১২% মানে ইনফ্লেশান যোগ করলে আসলে এক পয়সাও বাড়ে না। অথচ মনে হয়েছে বিরাট কিছু বাড়িয়ে দিয়েছেন। সেটা হিসাব করলে বুঝতে পারা যায় যে কি হয়েছে, না হয়েছে। ২০১০-১১ সালে ১৬ হাজার ৩৪১ কোটি টাকা প্ল্যান বাজেট ছিল। পেয়েছি ১১ হাজার ৮৩৭। আর আপনি যখন আসলেন ২০১১-১২-তে, তখন ২০ হাজার টাকা বাজেট ছিল, আর পেলেন মাত্র ১৪ হাজার ৭৪ কোটি টাকা। This is the difference. তারপরে আমাদের এই যত

কাজকর্ম হচ্ছে, আমি তো অবাক হয়ে যাচ্ছি যে আপনার মতো মানুষ, যত গভর্নমেন্ট অর্ডার বেরোয়, তাতে ফিনান্স দপ্তরের ক্লিয়ারেন্স লাগে। এমন এমন অর্ডার বেরিয়েছে যার কোনো মানে হয় না। সেই অর্ডারগুলো বেরোচ্ছে কেন—তা হচ্ছে রাজনৈতিকগতভাবে, পলিটিক্যালি যে বিরোধী এম.এল.এ. থাকলে তাদেরকে কোনো কাজ করতে দেব না। এই যে এত ক্লাবকে টাকা দেওয়া হয়েছে, আমাদের বামপন্থী একটা ক্লাব, টাকা পায়নি। আমি তো একটা উদাহরণ দিলাম, এই রকম সব জায়গায় আছে এগুলো হয় না। অর্ডারগুলো বেরোচ্ছে, এমনকি যে অর্ডারগুলো বেরোচ্ছে সেখানে যে এম.এল.এ যুক্ত হবে, সেই এম.এল.এ.-দের নাম দেওয়া আছে, তার কপিটা পর্যন্ত যায়নি। আই.সি.ডি.এস. নিয়ে যা করেছে সেটা তো আপনারা ভাল করে জানেন। কিন্তু আমি সম্প্রতি দেখলাম, এই যে অধিকার, এর আগে 'অধিকার' বলে একটা স্কীম হয়েছিল। প্রথম যখন অর্ডার বের করেন আমাদের সুব্রতবাবুরা, তখন বললেন যে, এম.এল.এ.-রা নাম তো দেবে। আর এখানে তিন কমিটিতে ঠিক করবে যে কারা কারা পাবে, কারা কারা পাবে না। তারপর এই নিয়ে হইচই হল যে এ হতে পারে না। তারপর দেখা গেল যে, এম.এল.এ. কনস্টিটিউয়েন্সী ঠিক করবে কে ? না এই তিন কমিটি। তাতে সুব্রতবাবু থাকবেন, অরূপবাবু থাকবেন, ফিরহাদ হাকিম থাকবেন। তারা ঠিক করবেন কোন কোন এম.এল.এ. কেন্দ্রে হবে। দেখা গেল, সব তৃণমূল এলাকায় দেওয়া হল, বামপন্থীরা পেল না। এবারে একটা নতুন অর্ডার করেছে, সেখানে বলেছে যে জেলা পরিষদ বি.পি.এল. লিস্ট in consultation with the MLA quota. অদ্ভুত ব্যাপার। আমাদের জেলায় ভালোই কংগ্রেসের পরিচিতি ছিল, তাই শেষ পর্যন্ত খবরটা পেলাম। এতদিন তো পাইনি। তারপর দেখছি তো ১০টা করে নাকি, খবর পাঠিয়েছে, আমাদের কিছু জানায়নি। কোনো মিটিং করেনি, কোনো কপি দেয়নি। লোকের মুখে মুখে শুনলাম যে আমাদের নাকি দশটা করে কোটা রেখেছে। তা আমরা গিয়ে জিজ্ঞাসা করলাম কি ব্যাপার অর্ডার দেখি, অর্ডার দেখাতে পারেন না। কোটা কি আছে দেখি, দেখাতে পারে না। শেষ পর্যন্ত অনেক ঝগড়া করার পর একটা অর্ডার বেরোল তাতে শুধু এইটুকু লেখা আছে in consultation with the MLA. আর কিছু লেখা নেই। কোটা কত, কিছুই বলে না। বহু ঝগড়ার পরে বলল যে কোটা হচ্ছে এগারোশ পঞ্চাশ। মানে পার কেন্দ্র পঞ্চাটা করে নাম দিতে পারবে। ঠিক করবে এম.এল.এ.-রা। করে দিয়েছে, জেলা পরিষদ করে দিয়েছে। আমরা কোনো কপি পেলাম না, কোনো আলোচনা হল না, হয়ে গেল। সর্বক্ষেত্রে এই রকম হচ্ছে। সেটা আপনার ক্লাবকে টাকা দেওয়া বলুন, কি অন্যান্য কাজ বলুন, সব জায়গায় হচ্ছে। এই যে সকালবেলায় বলছিলাম, এ তো অদ্ভুত ব্যাপার। এ কখনও হয় নাকি ! একটা সরকার অফিস করে গেল, যেহেতু বামফ্রন্ট সরকার, অতএব ওই অফিসে যাব না, অন্য একটা অফিস করব, এ কোথাও হয় ? এখানে হয়। কি দেখলাম আমরা ? এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ করেছে। সে তো কংগ্রেসি আমলে করা। তখন আপনারা তো সবাই কংগ্রেসে ছিলেন। সেই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থাকল পড়ে, এবার আপনারা একটা করে দিলেন এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক। আর এমপ্লয়মেন্টের ব্যাঙ্কের সঙ্গে প্রাইভেট পার্টিকে যুক্ত করে দিলেন। তোমাদের যদি চাকরি দিতে হয়, তাহলে এখান থেকে দিয়ে দিও। যত নামগুলো লিখিয়েছি, সেখানে সব তৃণমূল ছেলেদের নাম আসবে, তারা এখানে চাকরি

পাবে। শুধু চাকরি নয়, দেড় হাজার করে টাকা পাবে। সেদিনকে একজন মন্ত্রী বলছিলেন যে, মোবাইলে ফোন করে ডাকতে হয়। মোবাইলে ফোন করে ডেকে তাকে টাকা দিচ্ছেন। কোনো বিজ্ঞাপন নেই, কোনো নোটিফিকেশান নেই। এই যে কি অদ্ভুত সরকার, আর কিভাবে চলে বুঝতে পারি না। আমি আপনাকে বলতে চাই যে এই যে, বাজেটের বিরোধিতা মানে ভোট হয় না। নিশ্চয়ই বাজেট পাশ হবে। কিন্তু যা করছেন, যে কায়দায় চলছে, এই কায়দায় চলা যায় না।

[3.50-4.10 p.m.]

একটা ন্যূনতম গণতান্ত্রিক পদ্ধতি, ন্যূনতম যে নিয়ম-কানুন—এটা হয় না যে, আমাদের বিরোধীদের লোককে কোনো সুযোগ দেব না, জানতে দেব না, আমরা যা খুশি করব—এই করে চলে না। এর নাম স্বৈরতন্ত্র, একে গণতন্ত্র বলে না। আমি বলব, আমাদের যে এই বাজেট যা আমাদের এখানে মানুষকে এগিয়ে নিয়ে যাওয়ার কথা, তা তো এগোচ্ছে না। সবথেকে আমাদের বড় সমস্যা হচ্ছে, বেকারী। এই বাজেটটা হচ্ছে শুধু দানছত্র করা, ভোটের জন্য দান কর, যা যা আছে দান করে যাও—এখানে সাইকেল দান কর, ওখানে টাকা দান কর—দান করে যাও। কিন্তু আমাদের অর্থনীতির বেসিক যে বুনিয়াদগুলি আছে, কৃষির উন্নয়নের জন্য তার কোনো ভাবনা নেই। শিল্পের তো নেই। আমাদের শিল্পমন্ত্রী নিজেই অর্থমন্ত্রী। তিনি বলেছেন, ল্যান্ড ব্যাঙ্ক করেছি। ল্যান্ড ব্যাঙ্ক করেছেন সেটা খাস জমি। এখানে দশ কাঠা, ওখানে এক বিঘা, ওখানে তিন কাঠা, এক একর—এই সব জমি নিয়ে ল্যান্ড ব্যাঙ্ক হয় না। সেখানে আর যাই হোক শিল্প হয় না। শিল্পের জন্য আলাদা জমি লাগে। জমি দেব না, শিল্প হবে—এ কখনও হয় না। আর আজকে আমাদের দেশে ওই মুড়ি ভাজাকে শিল্প বলতে পারেন, মাননীয়া মুখ্যমন্ত্রী বলতে পারেন। চানাচুর ভাজাকে শিল্প বলতে পারেন। কিন্তু শিল্প বলতে যা বোঝায় আজকে যেটা ভারতবর্ষে দরকার, সেটা হচ্ছে ম্যানুফ্যাকচারিং শিল্প। সেটা না হলে হতে পারে না। এই বড় ম্যানুফ্যাকচারিং শিল্প ছাড়া আমাদের দেশের অগ্রগতি হতে পারে না। কিন্তু আপনারা যে নীতি নিয়ে চলছেন শিল্প দূরে থাক আজকে আমাদের রাস্তাগুলিকে ঠিক করা দরকার। এন.এইচ.-৩৪ যেটা আমাদের হৃৎপিণ্ড মানে, সিরাজকি দণ্ড সেটা আজকে বন্ধ হয়ে আছে। এই রকম গুরুত্বপূর্ণ কাজগুলি বন্ধ হয়ে আছে। ...(এই সময় বক্তার মাইক অফ হয়ে যায়)...

শ্রী বিশ্বজিৎ দাস : মাননীয় চেয়ারম্যান সাহেব, মাননীয় অর্থমন্ত্রী হঃ অমিত মিত্রের বাজেটকে সমর্থন জানিয়ে বলতে চাই যে, মা-মাটি-মানুষের সরকারের জনমুখী দৃষ্টিভঙ্গিতে গরীব কৃষক, খেতমজুর থেকে শুরু করে আনঅর্গানাইজড সেক্টরদের জন্য বেশি সুযোগ করে দিয়েছেন এবারের এই বাজেটে। বিগত বাম সরকারের দু'লক্ষ তিন হাজার কোটি টাকার দেনা মাথায় নিয়ে মা-মাটি-মানুষের সরকারের পথ চলা শুরু। এরই মধ্য থেকে ট্রেজারি ২৮ হাজার কোটি টাকা কেটে নেয়। বাংলার মা-মাটি-মানুষের সরকারের এই উন্নয়নকে স্তব্ধ করে দেওয়ার যে চক্রান্ত সংবাদপত্র থেকে শুরু করে সর্বত্র আমরা দেখতে পাই। বাংলার উন্নয়নটাকে অন্যদিকে দৃষ্টি ঘুরিয়ে দেওয়ার যে চক্রান্ত সেই চক্রান্তকে বাংলার মানুষ ব্যর্থ করছেন। প্রতিটি পদক্ষেপে দেখতে পাচ্ছি। দরিদ্র মানুষের জন্য বর্তমানে

মা-মাটি-মানুষের সরকার কাজ করছেন। বাসস্থানে আমরা প্রায় বিগত দিনের থেকে তিনগুণ বেশি বাড়াতে পেরেছি। পিপিপি মডেলে ন্যায্য মূল্যের ওষুধের দোকান হয়েছে যেটা অন্য রাজ্যে আজও নেই। পশ্চিমবাংলায় যে ৯৫টি দোকান চালু হয়েছে যা এক কোটি ত্রিশ লক্ষ রোগী ওষুধের দামে ৩৬৪ কোটি টাকা ছাড় পেয়েছেন। এটা কোনো উন্নয়ন নয় ? বাংলার গরীব মানুষের কথা যারা ভাবেনি বিগত দিনে, আজ হাসপাতালের শয্যা সংখ্যা গত তিন বছরে পঞ্চাশ হাজার ৩৮০ থেকে বেড়ে হয়েছে ৭৪৫০৭টি। চল্লিশটি সুপার স্পেশালিটি হাসপাতাল হচ্ছে। একচল্লিশটি ক্রিটিক্যাল কেয়ার ইউনিট, এর মধ্যে কুড়িটির কাজ শুরু হয়েছে। ওষুধ, সরঞ্জামের জন্য ২০১০-১১ সালে বরাদ্দ ছিল ৮০ কোটি টাকা আর এখানে বরাদ্দ হয়েছে ৪০৩ কোটি টাকা। এই সরকার যে গরীব মানুষদের কথা বলে, এই সরকার বাংলার উন্নয়ন চাইছে। আর বিগত দিনগুলিতে আমরা তাকালে বুঝতে পারব যে, বাম সরকারের আমলে পশ্চিমবাংলা ক্রমশ পেছতে পেছতে যেভাবে পিছিয়ে ছিল আর বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এই সরকারকে এগিয়ে নিয়ে চলেছেন। আজকে সাড়ে তিন বছরে তার প্রমাণ পেয়েছি। শিক্ষা থেকে শুরু করে সর্বত্রই আমরা পিছিয়ে ছিলাম। এই বাজেটে সমস্ত দিক খুলে দিয়েছে। চোখে আঙুল দিয়ে দেখিয়ে দেওয়ার মতো পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র বাংলার মুখ্যমন্ত্রীর নির্দেশমতো কাজ করে চলেছেন। ৫৮৪টি নতুন প্রাথমিক বিদ্যালয় হয়েছে। কন্যাশ্রী প্রকল্পে বাইশ লক্ষ নাম নথিভুক্ত করেছেন। এর মধ্যে কুড়ি লক্ষকে আর্থিক সহযোগিতা দেওয়া হয়েছে। চৌত্রিশটি পলিটেকনিক ইতিমধ্যেই স্থাপন করা হয়েছে। একচল্লিশটি নতুন কলেজ হচ্ছে। এগুলি আপনারা কোনো কাজের মধ্যে দেখতে পাচ্ছেন না। সামাজিক সুরক্ষার প্রকল্প-এর সুবিধা হিসাবে ২০০১ থেকে ২০১১ পর্যন্ত বরাদ্দের তুলনায় প্রায় চল্লিশগুণ বেশি বাড়িয়েছে এই মা-মাটি-মানুষের সরকার। আপনারা গ্রামীণ রাস্তা-ঘাটের কথা বলছিলেন। ২০১০-১১ সালে মোট গ্রামীণ রাস্তা সম্পন্ন হয়েছিল ৩৮৫ কিলোমিটার। আর, ২০১৩-১৪ সালে নির্মিত হয়েছে ২,৬৩১ কিলোমিটার। যা প্রায় চার গুণ। আপনারা এই বাজেটের ভালো দিকগুলো দেখতে পাচ্ছেন না। আপনারা কৃষকদের কথা বলতেন কিন্তু তাদের জন্য কিছুই করেননি। এখন পর্যন্ত ৬৫ লক্ষ কৃষাণ ক্রেডিট কার্ড কৃষকদের মধ্যে বিতরণ করা হয়েছে। এছাড়াও ২৫০০ কোটি টাকার কৃষি ঋণ চাষীদের মধ্যে প্রদান করা হয়েছে।

আর, জঙ্গলমহল, সিঙ্গুর, বন্ধ চা-বাগান, আইলা এলাকার পিছিয়ে পড়া ৭টা ব্লকে মোট ৩.২ কোটি গরীব মানুষ উপকৃত হয়েছে ২ টাকা কে.জি. দরে চাল এবং ৫ টাকা করে আটার প্যাকেট মানুষের কাছে পৌঁছে দেওয়ার ফলে। ১৭টি জেলা অপুষ্টিতে ভুগছিল। তাই প্রতি মাসে মাথাপিছু ১০ কে.জি. অতিরিক্ত খাদ্যশস্য দিয়ে তাদের পুষ্টি বাড়ানোর প্রকল্প নেওয়া হয়েছে। স্বাভাবিক কারণেই আমরা বলতে পারি, বর্তমান পশ্চিমবঙ্গ সরকারের এই বাজেট, জনমুখী বাজেট। এই সরকার পশ্চিমবাংলাকে যেভাবে এগিয়ে নিয়ে চলেছে স্বাভাবিক কারণেই আপনাদের গাত্রদাহ হওয়ার কারণ নেই। আপনারা বিরোধিতা করছেন। কন্যাশ্রী প্রকল্পের কথা এখানে বলা হয়েছে। আজকে যেভাবে মাদ্রাসায় সাইকেল বিতরণ থেকে শুরু করে মাদ্রাসাগুলো ঢেলে সাজানোর ব্যবস্থা হয়েছে। ইমাম ভাতা, মোয়াজ্জম ভাতা দেওয়া হয়েছে। সাইকেলে করে মেয়েরা স্কুলে যেতে পারছে এবং সকাল সকাল বাড়ি

ফিরতে পারছে পড়াশোনা চালিয়ে যেতে পারছে। সমাজে যদি মেয়েদের এগিয়ে আনা না যায় তাহলে আগামীদিনে পশ্চিমবাংলা অনেক পিছিয়ে পড়বে, যা বিগত দিনগুলোতে আপনারা ভাবতে পারেননি। তাই আপনাদের কাছে বলতে চাই, এই বাজেট বাংলার গরীব মানুষকে এগিয়ে নিয়ে যাওয়ার বাজেট। কেন্দ্রীয় সরকারের বিমাতৃসুলভ আচরণ রয়েছে। কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকারকে চাপে রাখার রাজনীতি করছে। কিন্তু আমরা বনগাঁ লোকসভা কেন্দ্রের উপ-নির্বাচনে আমরা কী দেখলাম ? অপপ্রচারের মধ্যে দিয়ে বাংলার উন্নয়নকে যেভাবে বন্ধ করে দেওয়ার প্রচেষ্টা নিয়েছিলেন তা সফল হয়নি, হবে না, কারণ বাংলার মানুষ আপনাদের সঙ্গে নেই। বাংলার মানুষ মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে রয়েছে। বাংলার মানুষ প্রমাণ করেছে বনগাঁ লোকসভা কেন্দ্র থেকে প্রায় ৬০ হাজারের বেশি ভোটে ২ লক্ষ ১১ হাজার ৭৮৫ ভোট পেয়ে জয়লাভ করেছে আমাদের প্রার্থী আপনাদের অপপ্রচার, ইত্যাদি সমস্ত কিছুর মধ্যে দাঁড়িয়ে। বাংলা এগিয়ে চলেছে। আপনারা যেভাবে অপপ্রচার, কুৎসা করছেন আগামীদিনে ২০১৬ সালের নির্বাচনে তার প্রমাণ পাবেন। আমার সামনের দিকে যে বিরোধী বন্ধুরা বসে আছেন, যাঁরা ৩৪ বছরে বাংলাটাকে শেষ করেছেন তাঁরা আগামী ২০১৬ সালের নির্বাচনের পরে আরও ফাঁকা হয়ে যাবেন। এই কথা বলে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করলাম।

শ্রী আশুতোষ মুখার্জী : মাননীয় চেয়ারম্যান স্যার, গত ২৭ তারিখে বাংলার অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয় এই বিধানসভায় যে বাজেট পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন করে আমি দু-চারটি কথা বলছি।

স্যার আপনি জানেন, আজকে পশ্চিমবাংলায় উনি যে বাজেট পেশ করেছেন সেই বাজেট অত্যন্ত হৃদয়গ্রাহী, পশ্চিমবাংলার খেটে-খাওয়া, আর্থ-সামাজিক দিক থেকে পিছিয়ে পড়া মানুষের এই বাজেট। মূলত অনুন্নত এবং আর্থ-সামাজিক দিক থেকে পিছিয়ে পড়া সেই সমস্ত মানুষের কথা যে বাজেটে থাকে সেই বাজেটকে জনমুখী বাজেট বলে। আমাদের নেত্রী সম্মানীয়া মমতা ব্যানার্জী। তাঁর চিন্তা-ভাবনা পিছিয়ে পড়া আর্ত মানুষগুলোকে সামাজিক দিক থেকে এগিয়ে নিয়ে যাওয়ার। আর, সেই চিন্তা-ভাবনাকে সামনে রেখে অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয় বিধানসভায় এই বাজেট পেশ করেছেন এবং আমি মনে করি এটা অত্যন্ত মর্মস্পর্শী বাজেট। আজকে বিরোধী দলে যারা আছেন তারা এই বাজেটকে দেখে ভয়ে ভীত হচ্ছেন। ভীত হওয়ার মূল কারণ সামনে নির্বাচন। নির্বাচন, নির্বাচন করে ওনারা চিৎকার করছেন।

[4.00-4.10 p.m.]

কারণ এই বাজেটের সফলতা যখন সাধারণ মানুষের হাতে এসে পৌঁছবে, সেই জায়গার থেকে তৃণমূল যে জনসমর্থনটা পাবে, সেই জায়গা থেকে তারা সমালোচনা না থাকলেও সেখানে সমালোচনা করছেন। আমি অর্থনীতি সম্বন্ধে, বাজেট সম্বন্ধে যেটা জানি—একটা বাজেট ভাল হতে পারে যে তার মূলধনী ব্যয়—সেই ব্যয়টাকে তারা কিভাবে বাড়িয়ে নিয়ে যাচ্ছে এর উপরে বাজেটের চর্চা হয়। এক লপ্তে বাজেটটা ভাল কি বাজেটটা খারাপ সেটা প্রমাণের উপায় হচ্ছে মূলধনী ব্যয়টা কিভাবে বৃদ্ধি পেয়েছে ? আমরা ২০১০ সালে

বাজেটে—আজকে যারা বাজেটের বিরোধিতা করে বক্তব্য রাখছেন—আমরা মাইনাস ২৬ পয়েন্ট সামথিং মূলধনী ব্যয়টা পেয়েছিলাম। পরবর্তী ক্ষেত্রে যখন ২০১১ পরে আমরা ক্ষমতায় এলাম ২০১১-১২ সালে সেটা প্লাস ২৪ পয়েন্ট সামথিং অর্থাৎ ওই ২৬ মাইনাস ২৬-কে ক্রস করে অর্থাৎ আমরা ৫০ প্লাস ৫০। ২০১২-১৩-তে আমরা ৬২ পয়েন্ট সামথিং এবং ২০১৩-১৪-তে আমরা প্রায় ৫২ পারসেন্ট এই মূলধনী ব্যয় বৃদ্ধি করেছি। আজকে এই বাজেটের সবথেকে বড় সার্থকতা, যে সার্থকতাটা হচ্ছে আমাদের ২০১০-১১-তে রাজস্ব আদায় মাফিক, রাজস্ব আদায়টাকে মানদণ্ড করে তারপরে বাজেট তৈরি হয়। এর আগে আমাদের রাজস্ব আদায় হত ২১ হাজার কোটি টাকা। কোন জাদুমন্ত্রে আজকে সেই জায়গায় ৪১ হাজার কোটি টাকা রাজস্ব বৃদ্ধি হয়েছে। এই সাফল্য কি অর্থমন্ত্রীকে আপনারা দেবেন না ? অন্যান্য যে অর্থনীতির লিকেজগুলি আছে, সেই লিকেজগুলো বন্ধ করে মানুষের করের প্রতি আগ্রহ বাড়ানো। এই আগ্রহ বাড়ানোর যে চাতুর্যতা, তার যে ডিপ্লোম্যাসি সেই ডিপ্লোম্যাসিকে নিশ্চয়ই আমাদের প্রত্যেকের এই অর্থমন্ত্রীকে স্বাগত জানানো উচিত। আজকেও বাজেটে তিনি যখন বক্তব্য রেখেছেন, তিনি অ্যামিনেস্টির কথা বলেছেন, যারা দীর্ঘদিন ধরে ভ্যাটের আওতায় আসেনি, তাদের কাছে 31.7.15 পর্যন্ত সুযোগ দেওয়া হয়েছে তারা সেই জায়গায় নিজেদের নাম রেজিস্ট্রেশান করতে পারবে। তাদের আগেকার কর ফাঁকির কোনো দায়দায়িত্ব নিতে হবে না। নিজস্ব যে প্রমাণ দেবেন তার ভিত্তিতে কর পরিকাঠামোয় তাদেরকে নিয়ে আসা হবে। এছাড়া আরো বেশি বেশি মানুষকে আগ্রহান্বিত করার জন্য আমাদের রেজিস্ট্রেশানের ক্ষেত্রে—রেজিস্ট্রেশানে ৬ পারসেন্ট, ৭ পারসেন্ট ছিল সেটাকে কমিয়ে জমির ক্ষেত্রে ৭ পারসেন্ট থেকে ৬ পারসেন্টে নিয়ে এসেছেন। সেই জায়গায় ৩০ লক্ষ থেকে ৪০ লক্ষ পর্যন্ত তার সীমা বেঁধে দিয়েছেন। আজকে যে সমস্ত কর্মকাণ্ডগুলি মানুষের স্বার্থে বিশেষ করে আমরা দেখতে পাচ্ছি বাজেটের সাফল্যে ইতিমধ্যে আমাদের ৩ কোটি ২০ লক্ষ মানুষকে ২ টাকা কেজি দরে চাল দেওয়া হচ্ছে। মানুষকে সেই সমস্ত সুযোগটা দেওয়া হচ্ছে। নিশ্চয়ই এই সাফল্যটা আজকে অমিত মিত্রকে সকলের দেওয়ার দরকার আছে। আমরা মনে করি ফেয়ার মেডিসিন শপ প্রতিটি হাসপাতালে হাসপাতালে ৬০ পারসেন্ট কমে দামে গরীব মানুষেরা কেনার সুযোগ পাচ্ছেন। নিশ্চয়ই এই সাফল্যটা মা-মাটি-মানুষের সরকারের পক্ষে যাওয়া উচিত বলে আমি মনে করি। বিরোধীরা বিরোধিতা করছেন, বিরোধিতা করুন। কিন্তু আজকে আপনারা এই ভাবনা ভাবছেন যে কেন্দ্রীয় সরকার-এর আগে বললেন আজকে যেভাবে একশো দিনের কাজকে বন্ধ করে দেওয়া হচ্ছে, কেন্দ্রীয় সরকার বন্ধ করে দিচ্ছেন এবং প্রত্যক্ষ করকে ছাড় দিচ্ছেন যাতে বিভিন্ন বড় লোকদেরকে, একদিকে গরীব মানুষের পেটের ভাত মারার জন্য কেন্দ্রের যে সরকার সেই সরকার চক্রান্ত করছেন। এই চক্রান্তের বিরুদ্ধে আমাদের সবাইকে জেহাদ করতে হবে। তাই আজকে কেন্দ্রীয় সরকারের প্রতি আমাদের আস্থা এবং অবিশ্বাসের মধ্য দিয়ে। (এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়।)

ডঃ সুখবিলাস বর্মা : মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে আমি গত ২৭ তারিখে যে বাজেট আমাদের মাননীয় অর্থমন্ত্রী পেশ করেছেন তার সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। প্রথমে আপনার বক্তব্য দিয়ে শুরু করছি। আপনি যে বক্তব্য রেখেছিলেন

এখানে, বইটা দেখিয়ে বলেছিলেন, এই যে বইটা এটাতে কি ডঃ মিত্র সব মিথ্যা কথা বলেছেন ? সবই মিথ্যা ? আমি আপনার সাথে একমত। সব মিথ্যা নয়, তবে বহুলাংশে মিথ্যা এবং এই যে বহুলাংশে মিথ্যা সেটা আমি আপনার কাছে, সদনের কাছে প্রমাণ করার চেষ্টা করব। আমাদের একজন জুনিয়র মেম্বার ইমরান আলি আজকে উল্লেখ করেছেন এন্ট্রি ট্যাক্সের কথা। এন্ট্রি ট্যাক্স তুলে দেওয়া হয়েছে। আমি এর আগে অনেকবার বলেছি, Entry tax was supposed to be the most obnoxious tax in the country. তার জন্য তুলে দেওয়া হয়েছে। এবং তার পরিবর্তে বলা হয়েছিল এক সময় ওই এন্ট্রি ট্যাক্সের ওটাই আমরা সেল ট্যাক্স ইত্যাদিতে নিয়ে আসব। যাই হোক, এই গভর্নমেন্ট আবার ২০১২ সালে এন্ট্রি ট্যাক্স ইন্ট্রোজিউজ করল। এন্ট্রি ট্যাক্সের মানে কি ? এন্ট্রি ট্যাক্সের শেয়ারটা কে পাবে ? না, এন্ট্রি ট্যাক্সের শেয়ারটা পাওয়ার কথা লোকাল বডির। আমরা এখানে এন্ট্রি ট্যাক্সের নতুন আইন করলাম। তাতে অনেকগুলো কথা বললাম। লোকাল বডি ছাড়াও এই হবে, ওই হবে, ওই হবে ইত্যাদি। তারই পরিপ্রেক্ষিতে বোধহয় হাইকোর্টে কেস করা আছে। সেটা তো মাননীয় অর্থমন্ত্রী নিশ্চয় জানেন। কিন্তু আমি বলছি CETF-এর কথা, নামটা সবাই শুনেছেন, বাজেটে দেখেছেন কিন্তু বস্তুটি কি কজনে জানেন আমি জানি না। Compensatory Entry Tax Fund অর্থাৎ এই ২০১২ সালের এন্ট্রি ট্যাক্স থেকে যে আদায় হবে সেই আদায় দিয়ে একটি ফান্ড তৈরি হবে। এবং সেই ফান্ড থেকে কমপেনশেসান দেওয়া হবে। কাকে ? এন্ট্রি ট্যাক্স ইমপোজ করার মালিক যারা লোকাল বডিজ, পঞ্চায়েত অ্যান্ড মিউনিসিপ্যালিটিস অ্যান্ড কর্পোরেশান তাদেরকে কমপেনশেসান দেওয়া হবে। It was the conception, যার জন্য CETF। এবারে CETF-এর অদ্ভুত অঙ্কটা দেখুন। আমাদের পণ্ডিত অর্থমন্ত্রী, তার অঙ্কটা অদ্ভুত অঙ্ক। আমার মাথায় অন্তত ঢোকেনি, কি করে সম্ভব। না, ঢুকবে না তার কারণ আমি বোঝাচ্ছি আপনাদেরকে। ৪নং বইয়ের যদি আপনারা ৪৫ পৃষ্ঠা দেখেন, তাহলে দেখবেন, এই ৪নং বইয়ে ৪৫ পৃষ্ঠায়— ৪নং বই মানে রেভিনিউ। রয়েছে রেভিনিউ ইনকাম এই এন্ট্রি ট্যাক্সের। ২০১৩-১৪-অ্যাকচুয়ালস্ ৯৯৭ কোটি। ২০১৪-১৫-এ বাজেট এস্টিমেট ১৬২৯ কোটি টাকা। তখনই বলেছিলাম, এটা সম্ভব নয়। রিভাইজ্‌ডে সেটা নেমে এল ৮৬৮ কোটি টাকা। ১৬২৯ থেকে ৮৬৮-তে নেমে এল। আর আগামী বছরের বাজেটে কত ? ৯৭৫ কোটি টাকা। তাহলে ইনকাম কত, রেভিনিউ কত ? এই এন্ট্রি ট্যাক্স থেকে রেভিনিউ কত আগামী বছর—৯৭৫ কোটি টাকা। কি বলা আছে আমাদের আইনে। আমাদের আইনে বলা আছে, যে কালেকশান হবে সেই কালেকশান থেকে কালেকশান কস্ট মাইনাস হবে।

[4.10-4.20 p.m.]

সাধারণত ২%, ৩% কালেকশান কস্ট ধরা হয়। ওটা একটা অ্যাডহক হিসাবে ধরা হয় ২%, ৩% কালেকশান কস্ট। সেলস্ ট্যাক্সেও তাই ধরা হয়। আমি এন্ট্রি ট্যাক্সে কি ধরা হবে জানি না। যেটাই হোক না কেন তাহলে ৯৭৫ কোটি টাকার থেকে সেটা মাইনাস হবে। মাইনাস হয়ে বাকিটা দিয়ে ফান্ড তৈরি হবে। পাঁচ নম্বর বইয়ে ৩৫ পৃষ্ঠায় আপনাদের দৃষ্টি আকর্ষণ করব। কি বলা আছে ? পাঁচ নম্বর বইয়ে ৩৫ পৃষ্ঠায় বলা আছে, এইজন্য আমি বলছি আমার মাথায়

ঢুকল না, হয়তো লেখাপড়ায় আমাদের কুলোয়নি, তাই ঢুকল না। ৩৫ পৃষ্ঠায় বলা আছে যে এই ফান্ডটা হবে আগামী বছর ১৮৯৩ কোটি টাকা। কোথা থেকে আসবে ? সারদা দেবে ? রোজভ্যালি দেবে ? নাকি ওনার পকেট থেকে আসবে ? আসার কথা ৯৭৫ কোটি টাকার থেকে কস্ট মাইনাস করে যা থাকে সেইটা ফান্ড হবে। আর এখানে ১৮৯৩ কোটি টাকা। আবার ১৩৪৪ কোটি টাকা হচ্ছে রিভাইজড। যেটা আমি আগে বললাম যে রিভাইজড এস্টিমেটে আপনার ইনকাম কত, কালেকশান কত ? দেখানো হয়েছে ৮৬৮, সেটা থেকে ১৩৪৪ কোটি টাকা এল রিভাইজড। শেষ হল বছর, ১৩৪৪ কোটি টাকার ফান্ড কোথা থেকে আসবে ? ৮৬৮ কোটি টাকা যদি আপনার কালেকশান হয় ? এমন তো নয় যে, কনসোলিডেটেড ফান্ডটা একেবারে ফুলেফেঁপে আছে, সেখান থেকে নিয়ে আসা হবে ? কনসোলিডেটেড ফান্ড, সেখানেও তো লবডঙ্কা। সেটাতে আমি আসছি। লবডঙ্কা। সেই লবডঙ্কা থেকে এক পয়সা নিয়ে আসার ক্ষমতা নেই। অথচ এখানে হচ্ছে ১৮৯৩ কোটি টাকা। কোথা থেকে আসবে ? পুরো হাউসকে ভাঁওতা দেওয়া হয়েছে, ধাপ্পা দেওয়া হয়েছে। আমি মনে করি পুরো হাউসকে ধাপ্পা দেওয়া হয়েছে। সিম্পল অঙ্ক, টোটাল কালেকশান মাইনাস কালেকশান কস্ট ইজ ইকুয়াল টু সি.ই.টি.এফ, আপনার কম্পেনসেটরি এন্ট্রি ট্যাক্স ফান্ড। এই ফান্ডটাকে ফুলিয়ে-ফাঁপিয়ে, কয়েকশো কোটি টাকা ফুলিয়ে, ফাঁপিয়ে সেটা ডিস্ট্রিবিউট করা হয়েছে অমুক ডিপার্টমেন্ট, অমুক ডিপার্টমেন্ট, অমুক ডিপার্টমেন্ট, অমুক ডিপার্টমেন্টকে। আর সেই সমস্ত ডিপার্টমেন্টে এত বাজেট বাড়ালাম, এত বাজেট বাড়ালাম, এত বাজেট বাড়ালাম। আরে, নেই, কিচ্ছু নেই আপনার, আপনি ধাপ্পা দিচ্ছেন। এতগুলো মানুষকে ধাপ্পা দিচ্ছেন। আপনি ভাবছেন আপনি একাই পণ্ডিত, আর কেউ জানে না কিছু ? কেউ কিছু পড়াশোনা করে না ? আপনি এটাই ভাবছেন। এই সি.এ.টি.এফ—আপনাদের মনে আছে মাননীয় সূর্য্যকান্ত মিশ্রের একটা প্রশ্নের উত্তরে উনি পাণ্ডিত্য দেখানোর জন্য এই যে গুবলেট করেছেন, সেই গুবলেটটাকে ঢাকার জন্য, পাণ্ডিত্য দেখানোর জন্য উনি নিয়ে এলেন কার নাম ? না, জোসেফ স্টিকলিজ, নোবেল লোরিয়েট জোসেপ স্টিকলিজের নাম নিয়ে এলেন। যে জোসেফ স্টিকলিজ নাকি বলেছেন মার্কেট লিঙ্ক ইত্যাদির গুরুত্ব। ওই মার্কেট লিঙ্কের রাস্তার জন্য আমরা এই টাকাটা দেব। স্যার, আপনি বড় অর্থনীতিবিদ। আমরাও অর্থনীতি নিয়ে লেখাপড়া করি। আমি অধ্যাপক এককালে ছিলাম, বহুদিন আগে। প্রথম জীবনে তিন বছর অধ্যাপনা করেছি। স্টিকলিজ ইম্‌পার্‌ফেক্ট (Imperfect) ইনফরমেশানের কথা বলেছেন, সেটাকে আপনি মার্কেট লিংকে আনিয়ে নিলেন ? জোসেফ স্টিকলিজ বলেছেন যে মার্কেট সম্পর্কে যে ইনফরমেশানের গ্যাপ থাকে, a symmetry থাকে, যে অসমতা থাকে, যা বোঝা যায় না, তার জন্য আজকে মার্কেটে নানা রকমের প্রবলেমস্ হয়। সেখানে গভর্নমেন্টের যে ইন্টারভেনশানের প্রশ্নটা আছে, গভর্নমেন্ট ইন্টারভেনশানে সেটা কিছুটা সমাধান করা যেতে পারে। সেই জোসেফ স্টিকলিজকে নিয়ে এসে আপনি মার্কেট লিঙ্ক দেখালেন। টাকা দিয়েছেন পি.ডব্লু.ডি.-কে। আপনার সাপ্লিমেন্টারী বাজেটেই আছে পি.ডব্লু.ডি.-কে কত টাকা দিয়েছেন এবং মাননীয় পি.ডব্লু.ডি. মিনিস্টার, তার যে বাজেট স্পিচ, অন্য কোনো সময় দেখিনি, এবারে দেখেছি যে বাজেট স্পিচে কোন স্কীমে, কোন কোন ফান্ডে কত টাকার কাজ হয়েছে সেটা তিনি ওখানে পেশ করেছিলেন। সেখান থেকেও আমরা দেখতে পাচ্ছি বড় বড় সব রাস্তার কাজে,

আর আপনি বললেন মার্কেট লিঙ্কে, সেগুলোতে CETF থেকে টাকা দিয়েছি। এত বড় ধাপ্পা কেন দিলেন আপনি ? কেন দেবেন আপনি ? পণ্ডিত মানুষ, কেন ধাপ্পা দেবেন, কেন ভাঁওতা দেবেন এবং এতগুলো মানুষকে ? কাজেই এই যে ব্যাপারটা যেখানে আপনার আয় নেই, revenue নেই সেখানে আপনি বড় বড় কথা বলছেন। আপনার revenue যে আরো নেই সেটা আমি দেখাচ্ছি। সেটাও দেখাচ্ছি—আপনি যদি Central Government থেকে Grant-in-Aid দেখেন। এই গভর্নমেন্টটা তো চলছে Grant-in-Aid-এর উপর। সেই Grant-in-Aid—আপনাদের কি অবস্থা, আপনি দেখে নিন। আপনি Grant-in-Aid-এ ধরেছেন কি ? আপনি Grant-in-Aid-এ বলেছেন যে revenue loss due to introduction of VAT-এর জন্য টাকা ছাপাবেন। প্রতি বছর আপনি করে যাচ্ছেন, আপনার আগের মন্ত্রীও করে গেছেন। Knowing fully-এর একটি টাকাও গভর্নমেন্ট অফ ইন্ডিয়া দেবে না। পেয়েছেন গত বছর ? পাননি, তার আগের বছর পাননি। কিন্তু সেটার জন্য কত হাজার টাকা ধরেছেন—দুই হাজার কোটি টাকা। পাবেন কত ? জিরো। বিরাট zero। ধরেছেন দুই হাজার কোটি টাকা। একটা গভর্নমেন্ট বড় বড় কথা বলছে—সব মন্ত্রী, সব এম.এল.এ.-রা। BRGF-এর ৮ হাজার ৭৫০ কোটি টাকা তৎকালীন অর্থমন্ত্রী, বর্তমান president তিনি দিলেন একটা special package-এর মাধ্যমে। সেই ৮ হাজার ৭৫০ কোটি টাকা থেকে ২ হাজার ৮৮৯ কোটি টাকা ২০১১-১২ সালেই কেন্দ্রীয় সরকার দিয়ে দিলেন আপনার প্রেফারে। আপনার ট্রেজারিতে এল। আর আপনি কি করেছেন ? এখানে যা দেখতে পারছি ২০১৩-১৪ সালে আউট অফ দ্যাট খরচ হয়েছে ৬২৭ কোটি টাকা। তার পরের বছর ধরেছেন কত—৩২৫০। রিভাইসড কত—স্যার জানি না আপনি কি করে বাজেট করেছেন ? রিভাইসড জিরো, নো ফিগার। আগামী বছর নো ফিগার। ৮ হাজার ৭৫০ কোটি টাকা, এই যে ৩২৫০ লিখেছেন স্যার তার রিভাইসড নেই কিছু। আপনি জানেন না কত টাকা খরচ হল। বারবার করে জিজ্ঞাসা করেছি, আপনাকে আমি প্রশ্ন করেছি। কিন্তু বলা হল ফিনান্স মিনিস্টার কোনো উত্তর দেবেন না। আমি জানি উত্তর দেবেন না। আমি প্রশ্ন করেছি যে স্পেশাল BRGF-এর যে ৮ হাজার ৭৫০ কোটি টাকা, তার মধ্যে আপনি কত টাকা পেয়েছেন আর কত খরচ করেছেন ? আপনার বলার নেই কিছু। এই স্পেশাল BRGF-এর অনেক টাকা কাটা হয়েছে। আজকে বিদ্যুৎ নিয়ে যে এত কথা বলছেন যে ঘরে-ঘরে বিদ্যুৎ যেগুলি বাকি ছিল সবগুলি এই স্পেশাল BRGF-এ হয়েছে। সেখানে আমি অবশ্যই মাননীয় বিদ্যুৎমন্ত্রী মণীশ গুপ্তর প্রশংসা করব যে তার নেতৃত্বে কাজটা খুব-খুব-খুব ভাল হয়েছে। অথচ অন্যদিকে কাজের খুব খারাপ অবস্থা। হেল্‌থ সেক্টরে যে ৩৪টা super speciality hospital হওয়ার কথা অ্যাসিওরেন্স কমিটির রিপোর্টটা আমি গতকালই পেয়েছি, দেখবেন। দয়া করে দেখবেন কি লেখা আছে। সব কটা এখন পর্যন্ত, তিন বছর পরে অল আর ইন টেন্ডার প্রসেস। আসলে টেন্ডারগুলি ফাইনালাইজ করতে বড় কাটমানির এদিকে-ওদিকে কোথায় পাব, কি পাব তার জন্য সময় লাগছে বড়।

অথচ এই টাকা দিয়ে হসপিটালগুলো করা যেত। অবশ্য প্রশ্ন থাকছে super speciality hospital মানে কি ? যেখানে আমাদের district hospital, sub-divisional hospital-এ স্পেশালিস্ট নেই। না আছে gynoecologist, না আছে

orthopaedics, কিছুই নেই সেখানে super speciality hospital করবেন কিভাবে আমি জানি না। মেডিক্যাল কলেজ চালানোর মতোন আমাদের ক্ষমতা নেই। মেডিক্যাল কাউন্সিল অফ ইন্ডিয়া বারবার করে, দয়া করে আমাদের এক্সটেনশান দিচ্ছে। আমরা এই অবস্থার মধ্যে আছি। আর বড় বড় কথা বলছি। বড় বড় কথা বলছি, সাইকেল দিচ্ছি। কোনো সরকারকে যারা উন্নয়ন করেন তাকে ডোল দিতে হয় না। এই সাইকেল যাদের দিচ্ছেন যে মেয়েগুলোকে, এটা যদি সত্যিকারের রাজ্যের উন্নয়ন হত, তাহলে ওই ফ্যামিলিগুলো সাইকেল কিনতে পারত। তাদের ডোল দিতে হত না। সাইকেল ডিস্ট্রিবিউশানের জন্য সভা করতে হত না। এটা আমরা বুঝি না। আসলে এটাই হল মুশকিল।

[4.20-4.30 p.m.]

আবার পরের বি.আর.জি.এফ.-টা দেখুন—বাজেটে ধরা নরমাল বি.আর.জি.এফ। সেই নরমাল বি.আর.জি.এফ-এ আবার ২ হাজার ২০ কোটি টাকা ধরেছেন। গভর্নমেন্ট অফ ইন্ডিয়া বলেছে নো ফারদার বি.আর.জি.এফ.। তাহলে এই ২ হাজার ২০ কোটি টাকা কোথা থেকে ধরলেন ? কোথা থেকে ধরলেন আপনি ? কোথায় পাবেন ? এক পয়সাও পাবেন না। এখানে দু হাজার, ওখানে ২ হাজার, ওখানে ৯ হাজার। এমনি করে দেখা যায় যে আপনি যে রেভিনিউটা দেখাচ্ছেন, রিসিপ্টটা দেখাচ্ছেন, সেটা অনেক-অনেক-অনেক কম হবে। এছাড়া মনে আছে আপনার—গত বছর ডিপোজিট অ্যাকাউন্টের কথা বলেছিলাম। আপনি উত্তরে বলেছিলেন ৮ পয়েন্ট সামথিং পারসেন্ট অফ টোটাল এক্সপেন্ডিচার ডিপোজিট অ্যাকাউন্ট। একটা অভাবনীয় ফিগার। সেই অভাবনীয় ফিগার থেকে আপনি দয়া করে বলবেন, সেই ডিপোজিট অ্যাকাউন্ট থেকে গত বছর কত টাকা ছেড়েছিলেন ? নিশ্চয়ই আপনার কাছে হিসাব থাকবে কত টাকা-কত হাজার কোটি টাকা এডুকেশান, পঞ্চায়েতকে দিয়েছেন ? আজকে পঞ্চায়েতে আপনারা কি করেছেন ? গরীব মানুষগুলোকে দিয়ে ১০০ দিনের কাজ করিয়েছেন, আর নির্লজ্জের মতোন তাদের ৬ মাসের-৭ মাসের ওয়েজ দেননি—নির্লজ্জ, আর এদিকে বলছেন মা মাটি মানুষ। নির্লজ্জের মতোন ফিল্ম ফেস্টিভ্যাল করছেন ২২ কোটি টাকা দিয়ে। আর যতসব বড় বড় জায়গায় যাদের তেলা মাথা, সেই তেলা মাথায় তেল দিচ্ছেন। অথচ এইদিকে একেবারে সাধারণ মানুষ, গরীব মানুষ—তাদের আপনারা ওয়েজ দিচ্ছেন না, তাদের ওয়েজ কয়েক মাসের জন্য বাকি। আর এদিকে কথা বলে যাচ্ছেন। আপনার ডিপোজিট অ্যাকাউন্টে যে ব্যাপারটা গত বছর ছিল, এবছরেও ঠিক একই অবস্থা আছে। ডিপোজিট অ্যাকাউন্টের হিসাব যদি দেখেন—রিসিপ্ট এবং ডিসবার্সমেন্ট, রিসিপ্টে কত টাকা, ডিসবার্সমেন্টে কত টাকা। রিসিপ্ট এবং ডিসবার্সমেন্টের পার্থক্য। এবারেও আপনি দেখেছেন। অর্থাৎ সব টাকা ছাড়েননি। কিন্তু সব টাকা এক্সপেন্ডিচারে দেখিয়ে দিয়েছেন। যার ফলে কোনো কাজ হয়নি। আর কাজ হবেই বা কি করে ? এমপ্লয়িজ কোথায় ? কালকে মাননীয় মানস ভূঞ্যা মশাই বার বার উল্লেখ করেছেন যে, এমপ্লয়িজের খাতে এত কম কেন ? কম কেন—প্রথমত ডি.এ. দেননি, এতগুলো ডি.এ. বাকি রেখেছেন। দ্বিতীয়ত সব পোস্ট তো খালি। আমি আমার জলপাইগুড়ি

জেলায় এগ্রি ইরিগেশান, এগ্রি মেকানিকাল অফিসে গিয়েছিলাম। তাদের বললাম আমাদের এই এই কাজ আছে। তাদের অদ্ভুত কথা, স্যার কে কাজ করবে ? ২৭ জন স্টাফের মধ্যে ৪ জন আছে। তিনটে সাব-ডিভিশনাল ইঞ্জিনিয়ার। তিনটে সাব-ডিভিশানে কেউ নেই। নোবডি। এমনি করে প্রত্যেকটা ডিপার্টমেন্টে যান, কোথাও স্টাফ নেই। তাহলে কাজটা করবে কে ? আর এমপ্লয়িদের জন্য এক্সপেন্ডিচারটা আপনি depressed করে রেখেছেন। এক্সপেন্ডিচারটা depressed করে রেখেছেন বলেই আজকে সাপ্লিমেন্টারিতে আমরা এত ফিগার দেখতে পাচ্ছি এবং সাপ্লিমেন্টারি বাজেটে আমরা নিশ্চয়ই সেটা আলোচনা করব যে কেন এটা হল। সাপ্লিমেন্টারি বাজেট থেকে স্পষ্ট আসছে যে আপনি এক্সপেন্ডিচারকে depressed করে রেখেছেন। এক্সপেন্ডিচারকে depressed করে ওদিকে রেভিনিউকে প্রচণ্ডরকম ইনফ্লেট করে দিয়ে আপনি ফুলিয়ে-ফাঁপিয়ে একটা বিশাল রোজি পিকচার সবার সামনে তুলে ধরেছেন এবং বলছেন, তোমাকে আমি এত দিলাম, তোমাকে এত দিলাম, আপনার ডিপার্টমেন্ট এত পেল, সব ডিপার্টমেন্টগুলো একেবারে সহাস্যে, আনন্দে আমার রাজ্যটাকে ভাসিয়ে তুলবে। এই যে আপনার বিভ্রান্তিকর ব্যবস্থা, এটা অবশ্যই নিন্দনীয়। তার জন্য আমি আপনার বাজেটকে সাপোর্ট করব না। তাই আমাদের তরফ থেকে যে কাটমোশানগুলো দেওয়া হয়েছে, সেই কাটমোশানগুলোকে সাপোর্ট করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী পার্থ ভৌমিক : মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গ সরকারের ভারপ্রাপ্ত অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্রের ২০১৫-১৬ সালের বাজেট বিবৃতিকে সমর্থন করে দু-চারটি কথা বলতে চাই। স্যার, আমি বক্তব্য শুনছিলাম। ডঃ অমিত মিত্রর সবই ভুলে ভরা। সাইকেল সবাই নাকি আজকাল কিনতে পারে। আজকে উনি একজন আই.এ.এস অফিসার ছিলেন বলে গাড়ি চড়ে অভ্যস্ত, তাই সাইকেল কেনার কষ্টটা কি সেই সম্যক ধারণা ওনার নেই। আর এত সত্যি কথা ওনারা দীর্ঘদিন ধরে বলে এসেছেন যার জন্য ভারতবর্ষের লোকসভার আসন সংখ্যা ৪৪-এ নেমে গেছে। এটা হচ্ছে মানুষের ওনাদের প্রতি বিশ্বাসযোগ্যতা। কালকে শুনছিলাম একজন বলেছেন যে ডঃ অমিত মিত্র যখন বাজেট পড়ছিলেন তখন নাকি যমরাজের ঘণ্টা বাজছিল, যেটা না কি মিথ্যা কথা বললে বাজে। আমি রিসেন্টলি দেখছি মা সারদায় ওনাকে ভর করেছে। আমি একটু রামকৃষ্ণদেবের আশ্রয় নিচ্ছি। 'যেখানে দেখিবে ছাই, উড়াইয়া দেখ তাই, পাইলেও পাইতে পার অমূল্য রতন।' বাজেটের খারাপ দিকগুলো দেখলেন, ভালো দিকগুলোর দিকে একবারও নজর দিলেন না। স্যার, আমার মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ভাষা দিবসে বাংলাদেশ গিয়েছিলেন। 'আমার ভাইয়ের রক্তে রাঙানো ২১ ফেব্রুয়ারী, আমি কি ভুলিতে পারি।' বাংলাদেশকে, আপনি যদি কাউকে জিজ্ঞেস করেন ওই দেশের নাম বাংলায় কি, সে বলবে বাংলাদেশ। ইংরেজিতে জিজ্ঞেস করুন, সে বলবে বাংলাদেশ। আপনি যদি জিজ্ঞেস করেন পাকিস্তানের নাম কি ? যে বলবে বাংলায় সে বলবে পাকিস্তান, ইংরেজিতে যে বলবে সেও বলবে পাকিস্তান। আপনি যদি ভারতবর্ষের ক্ষেত্রে জিজ্ঞেস করেন বাংলায় দেশের নাম বলবে ভারতবর্ষ, ইংরেজিতে বলবে ইন্ডিয়া। স্যার, ডঃ অমিত মিত্রের বাজেট মমতা বন্দ্যোপাধ্যায়ের পদাঙ্ক অনুসরণ করে ৯৭ পার্সেন্ট মানুষ যারা গরীব, নিম্নবিত্ত, নিম্ন মধ্যবিত্ত, মধ্যবিত্ত, উচ্চ মধ্যবিত্ত, যারা

ভারতবর্ষের ৯৭ মানুষকে রিপ্রেজেন্ট করে, ডঃ অমিত মিত্রের বাজেট তাদের জন্য। আর যারা এখানে শিল্পপতিদের কথা বলছেন, বড় বড় হেভি ইন্ডাস্ট্রির কথা বলছেন, তারা ইন্ডিয়ার রিপ্রেজেনটেটিভ। যারা সারা ভারতবর্ষের মাত্র ৩ শতাংশকে রিপ্রেজেন্ট করেন, যারা ২৮ ফেব্রুয়ারি দিল্লিতে বাজেট পেশ করেছেন। স্যার, ভারতবর্ষের উন্নতি করবার জন্য আই.সি.ডি.এস.-এ ১৫ পার্সেন্ট বাজেট ঘাটতি করে দিয়েছেন। ভারতবর্ষের উন্নতি করবার জন্য সর্বশিক্ষা মিশনে ২২.১৪ পার্সেন্ট লেস করে দিয়েছেন বাজেট। এন.এল.এম.এ. ১২ পার্সেন্ট লেস করে দিয়েছেন। আমাদের অল ওভার ইন্ডিয়ায় যে গ্র্যান্ড থাকে সেটাকে ২০ পার্সেন্ট ডিডাকসান করে দিয়েছেন। আর রাজ্যের প্রাপ্য যে স্টেট শেয়ার ট্যাক্স, সেটা ৬২ করেছেন, যেটা ছিল ৬১.৮৮ পার্সেন্ট। এইটা হচ্ছে রাজ্যের প্রতি কেন্দ্রের মনোভাব। আর ডঃ অমিত মিত্র কি করেছেন ? যারা ৯৭ পার্সেন্টকে রিপ্রেজেন্ট করে তাদের জন্য খাদ্যশস্যের মজুত ক্ষমতা ৯ গুণ বেশি করেছেন, ৩.৮০ লক্ষ মেট্রিক টন। ডঃ অমিত মিত্র কি করেছেন ? ৩.২ কোটি মানুষকে দু টাকা কেজি দরে চাল আর ৫ টাকা কেজি দরে ৭৫০ গ্রাম গম দিয়েছেন। ডঃ অমিত মিত্র কি বলেছেন ? যে আমি ৯১ লক্ষ ভুয়ো রেশন কার্ড বাতিল করেছি। আমার ডিজিটাইজেশন ৭.৮০ কোটি ছুঁয়েছে। গীতাঞ্জলি, আমার ঠিকানা প্রকল্পে প্রাপকদের সংখ্যা ৯৩ হাজার ৮৫২। নিজগৃহ নিজভূমি প্রকল্পে গৃহহীন মানুষ ২ লক্ষ ৩০ হাজারের বেশি, তারা গৃহের পাট্টা পেয়েছে। পানীয় জল বাবদ ব্যয় ২৫২ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ৬১৫টা গ্রামীণ জল সরবরাহ প্রকল্প চালু হয়েছে। এস.এন.এস.ইউ. ছিল ৯৫টা, সূর্যবাবু মন্ত্রী ছিলেন, এখন হয়েছে ২৮৫ মাত্র সাড়ে তিন বছরে। সূর্যবাবু মন্ত্রী ছিলেন এস.এন.সি.ইউ. ছিল ৬টা, এখন হয়েছে ৪৩টা। মেডিকেলের আসন সংখ্যা তিন বছরে দ্বিগুণ বেড়ে হয়েছে ২ হাজার ৯০০। ন্যায্যমূল্যে ওষুধের দোকান, ৯৫টা দোকান, ১ কোটি ৩০ লক্ষ মানুষ উপকৃত, ৩৬৪ কোটি টাকা এর জন্য বরাদ্দ করা হয়েছে। শয্যাসংখ্যা বেড়ে হয়েছে ৭৪ হাজার ৫০৭। অনেকে বলছেন আমার হাসপাতালে ডাক্তার নেই। স্যার, ডাক্তার তো আকাশ থেকে তৈরি হবে না। ডাক্তার তো বাতাস থেকে তৈরি হবে না। ডাক্তার তো এমনি এমনি তৈরি করা যাবে না। তার জন্যে তো মেডিকেলের আসন সংখ্যা বাড়ানো হয়েছে। আজকে নেই যাতে আগামী দিন পাই। তার জন্য ব্যবস্থা করা হয়েছে। নির্মল গ্রাম অভিযান, এই প্রকল্পের মাধ্যমে বাড়িতে শৌচালয় তৈরি হয়েছে ২৪ লক্ষ ৩৫ হাজার ১০৫। বিদ্যালয়ে তৈরি হয়েছে ৮৩ হাজার ৫৮৩, অঙ্গনওয়াড়িতে হয়েছে ৩০ হাজার। ১০০ দিনের কাজ নিয়ে অনেকে টোন-টিটকারি করছেন পয়সা দেওয়া হচ্ছে না কেন। স্যার, আমি জিজ্ঞাসা করি আমি ফার্স্ট হয়েছি, আমি ফার্স্ট হলে স্কুলের দায়িত্ব আমাকে প্রাইজ দেওয়া। কিন্তু আমি পড়াশোনা করে ফার্স্ট হয়েছি, বাংলা এন.আর.ই.জি.এ. প্রকল্পে ফাস্ট, আমাকে কেন কেন্দ্র টাকা দিচ্ছে না, কেন স্কুল প্রাইজ দিচ্ছে না, তার দায়-দায়িত্ব কিন্তু এই ছেলেটার নয়।

[4.30–4.40 p.m.]

আমি বলতে চাই, ১৩টি নতুন বিশ্ববিদ্যালয় হয়েছে। ৭৫ লক্ষ সংখ্যালঘু ছাত্র-ছাত্রীদের ১৩৯২ কোটি টাকার বৃত্তি দেওয়া হয়েছে। আলিয়া বিশ্ববিদ্যালয়ের জন্য ২৩৬

কোটি টাকা ব্যয় করা হয়েছে। কন্যাশ্রী প্রকল্পে ২২ লক্ষ নাম রেজিস্টার্ড, ২০ লক্ষ ছাত্রীকে অনুদান দেওয়া হয়েছে, কন্যাশ্রী বৃত্তির পরিমাণ বার্ষিক ৫০০ টাকা থেকে বাড়িয়ে ৭৫০ টাকা করা হয়েছে। কন্যাশ্রী প্রকল্পের বাজেট ১৫০ কোটি টাকা। শমীকবাবুকে বলতে চাই, এই বাজেটে কেন্দ্রীয় সরকার রেখেছে ১০০ কোটি টাকা। একটা রাজ্যের জন্য যেখানে ১৫০ কোটি টাকা, সেখানে সারা দেশের জন্য সেন্ট্রাল বাজেট ১০০ কোটি টাকা। শুধু দৃষ্টিভঙ্গীর তফাতটা দয়া করে একটু লক্ষ্য করবেন, মনোভাবটা লক্ষ্য করবেন। তপশিলি জাতির শংসাপত্র ২.৭৪ কোটি দেওয়া হয়েছে। ছাত্র-ছাত্রীকে বৃত্তি প্রদান করা হয়েছে ২ কোটি ১৯ লক্ষ। ১০ গুণ বেশি সাইকেল দেওয়া হয়েছে আদিবাসী ছাত্র-ছাত্রীদের। সামাজিক সুরক্ষা প্রকল্পে ৩৫৯ কোটি টাকা ১২ লক্ষ কর্মীকে প্রদান করা হয়েছে। শ্রমিকদের সামাজিক সুরক্ষা দিতে পরিবহণ কর্মীদের জন্য মাসিক ১৫০০ টাকা পেনশন। ফ্যামিলি পেনশন ৭৫০ টাকা। দেড় লক্ষ টাকা পর্যন্ত স্বাস্থ্য সুরক্ষা। ২৫ হাজার টাকা বিমা ও মাতৃত্বকালীন সুবিধা। মৃত্যুজনিত ক্ষতিপূরণ ২ লক্ষ টাকা দেওয়ার কথা ঘোষণা করা হয়েছে। বিভিন্ন জায়গায় বিভিন্ন ছোট ছোট ক্লাবকে উৎসাহিত করার জন্য ২ লক্ষ টাকা দেওয়া হয়েছে। রাস্তার কি উন্নতি হয়েছে সেটা আমি বলব না, গতবার সূর্য্যবাবু তাঁর বক্তৃতায় বলেছেন। বিদ্যুতের কি উন্নতি হয়েছে গ্রামের মানুষ লক্ষ্য করতে পারছে। এত যখন উন্নয়নের কাজ, সেই উন্নয়নের কাজকে চাপা দিতে না পারার কারণে, বিরোধিতা করতে না পারার কারণে, হতাশা থেকে অনেক মানুষ আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নামে কুৎসা করছে। স্যার, আমি ইতিহাসের দু-চারটি ঘটনার কথা আপনাকে বলতে চাই। রবীন্দ্রনাথ ঠাকুর যখন নোবেল প্রাইজ পেয়েছিলেন, ১৯২৬ সালে টাউন হলে রবীন্দ্রনাথ ঠাকুরের সংবর্ধনা সভা হয়েছিল। সেখানে তিনি বলেছিলেন, 'যে পরিমাণ অবজ্ঞা অপমান আমি আমার বাঙালী জাতির কাছ থেকে পেয়েছি, এরূপ অবজ্ঞা এবং অপমান আর কাহারো কাছ থেকে পাই নাই।' বিদ্যাসাগর যখন বিধবা বিবাহ প্রচলন করলেন, তখন বলা হয়েছিল—এই লোকটা হিন্দু ধর্মকে রসাতলে পাঠিয়ে দিল। বিদ্যাসাগরকে জুতো ছুঁড়ে মারা হয়েছিল। কাজী নজরুল ইসলাম যখন শ্যামাসঙ্গীত লিখেছিলেন, তখন বলা হয়েছিল, এ মুসলমান, এ কি করে শ্যামাসঙ্গীত লেখে ? আর নেতাজী সুভাষ চন্দ্র বোস যখন ভারতবর্ষকে স্বাধীন করবার জন্য বিদেশে গিয়েছিলেন, তাঁকে বলা হয়েছিল তোজার কুকুর। আর ও যুদ্ধ করবার জন্য যায়নি, সুন্দরী রমণীদের সাথে রাত কাটাবার জন্য গেছে। রবীন্দ্রনাথকে কারা গালাগালি দিয়েছিল, আমি নিশ্চিতভাবে বলতে পারি, এই হাউসের কেউ বলতে পারবে না। কাজী নজরুল ইসলামকে কারা গালাগালি দিয়েছিল, আমি নিশ্চিত করে বলতে পারি এই হাউসের কেউ তাদের নাম বলতে পারবে না। বিদ্যাসাগরকে কারা জুতো ছুঁড়ে মেরেছিল, আমি নিশ্চিতভাবে বলতে পারি এই হাউসের কেউ তাদের নাম বলতে পারবে না। নেতাজী সুভাষ বোসকেও পার্টিকুলারলি কে এই গালাগালি দিয়েছিল, তার নামও কেউ বলতে পারবে না। কিন্তু রবীন্দ্রনাথ ঠাকুর, বিদ্যাসাগর, কাজী নজরুল ইসলাম, নেতাজী সুভাষচন্দ্র বোস, তাঁদের নাম সবাই জানে, কারণ তাঁরা ইতিহাস হয়ে আছেন। মমতা বন্দ্যোপাধ্যায়ের নামে যারা কুৎসা করছেন, তাদের নাম আগামী প্রজন্মের কেউ জানবেনও না, কিন্তু মমতা বন্দ্যোপাধ্যায় ইতিহাস হয়ে বাংলার বুকে থেকে যাবে। এটাই বাংলার ভবিষ্যৎ। তাই আমি

আপনাদের বলছি, গরীব মানুষের উত্তরণের মাধ্যমে, সমস্ত নিম্ন মধ্যবিত্তদের উত্তরণের মাধ্যমে তাদের একটা পর্যায়ে পৌঁছে দিলে তবেই এই বাংলার সামগ্রিক উন্নয়ন সম্ভব। স্বাধীনতার পর ১৯৭৭ সাল পর্যন্ত কংগ্রেস সরকার ক্ষমতায় ছিল। দুঃখের কথা, এখনও ২০/৩০ কোটি মানুষ দারিদ্র্যসীমার নীচে বসবাস করেন। আমরা কিন্তু তাদের উন্নত করতে পারিনি, তাদের উচ্চ পর্যায়ে উন্নীত করতে পারিনি। আমাদের প্রথম টার্গেট হওয়া উচিত, যারা ঐ দারিদ্র্যসীমারক নীচে বাস করে তাদের উন্নয়ন কিভাবে ঘটানো যায়। যদি তাদের প্রকৃত উন্নয়ন ঘটানো যায়, তাহলে সেটাই হবে আসল উন্নয়ন, যেটা ডঃ অমিত মিত্রের বাজেটে পরিষ্কারভাবে পরিস্ফুট হয়েছে। তাই ডঃ অমিত মিত্রের এই বাজেটকে সর্বান্তকরণে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মিঃ স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বিবৃতি পেশ করেছেন ২৭ তারিখে যাকে আমরা জেনারেল বাজেট বলি। তার উপরে আলোচনা হচ্ছে। সে সম্পর্কে আমাদের বিরোধিতা একটা নীতিগত বিরোধিতা। সরকার চলতে হলে বাজেট করতে হবে। কাল অ্যাপ্রোপ্রিয়েশন হবে, ভোট অন অ্যাকাউন্ট হবে। ওগুলোর আমরা বিরোধিতা করি না। কারণ সরকারকে খরচ করতে হবে সেজন্য ভোট অন অ্যাকাউন্ট দিতে হবে। অ্যাপ্রোপ্রিয়েশন করতে হবে। না হলে সরকার কোথা থেকে খরচ করবে। এগুলোর আমরা বিরোধিতা করি না। দফাওয়াড়ি যখন বাজেট হয় তখনও যে সবগুলোর আমরা বিরোধিতা করি, তা আমরা করি না। কিন্তু সাধারণ বাজেট যখন হয়, আপনাকে আগের বারেও আমি বলেছিলাম, তার আগের বারেও বলেছিলাম, এবারেও বলছি যে আমরা নীতিগতভাবে বিরোধিতা করি। কেন ? কারণ বার বার আপনাকে বলি, সেই সব কথার পুনরাবৃত্তি করতে আমার ভাল লাগে না, খুব ক্লান্তিকর পুনরাবৃত্তি। দীর্ঘ সময় ধরে আলোচনা হচ্ছে। আচ্ছা আপনি উন্নয়ন মাপবেন কি মাপকাঠি দিয়ে ? গ্রস ডোমেস্টিক প্রোডাক্ট— জি.ডি.পি., জি.এস.ডি.পি আপনি ঠিকই বলেছেন যে এটা নিয়ে বিতর্ক ইত্যাদি আছে। এখন গ্রস ভ্যালু অ্যাডেড এখন জাতীয় স্তরে আন্তর্জাতিক স্তরে সব মাপকাঠি করা হচ্ছে। আমি সেই বিতর্কের মধ্যে যাচ্ছি না। কিন্তু আমরা সবাই জানি যে খালি এইটা দিয়ে মাপা যায় না। কিন্তু এটা আন্তর্জাতিক স্তরে তুলনার জন্য ব্যবহার হয়। আপনার জি.এস.ডি.পি. কি হল, কি হারে বৃদ্ধি হল তা দিয়ে সবটা বোঝা যায় না। জি.ডি.পি.'কি হল তা দিয়ে সবটা বোঝা যায় না। হ্যাঁ, মোটা দাগের কিছু জিনিস বোঝা যায় সাধারণভাবে। সেইজন্য এখন যে সব মাপা হয় হিউম্যান ডেভেলপমেন্ট ইনডেক্স ইত্যাদি বেরিয়েছে ইউ.এন.ডি.পি. যাকে ফলো করে সেগুলো হচ্ছে প্রকৃত উন্নয়নের মাপকাঠি। কিন্তু যদি আমি জি.ডি.পি. দিয়েই ধরি। এখন জি.ভি.এ.-র সমস্যা হচ্ছে যে আপনি এখানে কাগজপত্র যা তৈরি করেছেন এটা দেখতে পাচ্ছি মিডিয়ামটা ফিসক্যাল পলিসি স্টেটমেন্টে যে আপনি সেখানে বলেছেন যে কি প্রায় বছর দু-তিনেকের আপনি এগুলো আপনি হিসাব করে এখন জি.ভি.এ. প্লাস ফ্যাক্টর আপনি মোটামুটি একটা তৈরি করেছেন। এটা কমপেয়ার করা যায়। আগের বছর থেকে যদি কমপেয়ার করতে হয় দেশের জন্যই হোক বা আমাদের রাজ্যের জন্যই হোক সেটাতে তো আমাদের ফিগার নেই, সেই জি.ডি.পি. ধরেই বার করতে হবে এবং সেই হিসাব আমি আপনার বই থেকেই করি। আমার বলা ঠিক হবে না। আমি খুঁজে দেখলাম যেহেতু আপনি আর স্ট্যাটিসটিক্যাল

অ্যাপেনডিক্স দিচ্ছেন না। সেটা ভারি মুশকিল হয়েছে, কথা হচ্ছে একটা স্ট্যাটিসটিক্যাল অ্যাপেনডিক্স দেওয়ার। এটা একটা কমপেয়ার করা যায়। আপনারও সুবিধা আপনি হিসাব রাখতে পারেন। আমরাও বুঝতে পারি। কিন্তু আপনার ওইসব তো নেই। কিন্তু আপনার এই অ্যানুয়াল অ্যাডমিনিস্ট্রেটিভ রিপোর্টটা আমি খুঁজে দেখলাম যে কি আছে। আমি অ্যানুয়াল অ্যাডমিনিস্ট্রেটিভ রিপোর্ট থেকে বলি কারণ এগুলো আপনার ডিপার্টমেন্টের তথ্য তো। আমি দুটো কথাই একসঙ্গে বলে আপনাকে বলে যাব। যাতে অনেক সময় না লাগে। সেটা হচ্ছে আপনার জি.ডি.পি. বৃদ্ধির হার কি, পারসেন্টেজটা জি.এস.ডি.পি.-গ্রস স্টেট ডোমেস্টিক প্রোডাক্ট, আর তার সঙ্গে স্টেটের ওন ট্যাক্স গ্রোথ কি ? এটা ভালই যে আপনার ডিপার্টমেন্ট যারা তৈরি করেছেন, তারা এটা পাশাপাশি তুলনামূলকভাবে করেছেন। ২০০৮-০৯, '০৯-১০ বা '১১-১২-তে আপনি তিনটে বছর যদি ধরেন আমাদের শেষ তিন বছর, আমরা যখন গেলাম তখন জি.এস.ডি.পি.-র গ্রোথ, পারসেন্টেজ, আপনি যদি পারসেন্টেজ টার্মস দেখেন তাহলে সেটা ছিল যথাক্রমে এই শেষ তিন বছরে ১৪.৪৫, ১৬.৬৫, ১৫.৫৬।

[4.40-4.50 p.m.]

এটা জি.এস.ডি.পি. অ্যাট কারেন্ট প্রাইসেস। তিনি তো সেই হিসাবে হিসাব করেছেন। আর এই যে ফিগারগুলি এখানে আপনারা যা দিয়েছেন, তাতে দেখতে পাচ্ছি টেকেন ফ্রম এ জি ওয়েস্টবেঙ্গল অ্যান্ড ব্যুরো অ্যাপ্লায়েড ইকনমিকস স্ট্যাটিসটিক্স আপনার ডিপার্টমেন্টের। তারা এটা তৈরি করেছেন। এই ১৪.৪৫, ১৬.৬৫, ১৫.৫৬ এর সঙ্গে আপনি গত বছর '১৩-১৪, আর '১৪-১৫-তে আপনি মার্চ না গেলে করতে পারবেন না, কাজেই ১৩-১৪-তে ১৪.২৭। তাহলে এটা কি ১৪.৪৫, ১৬.৬৫, ১৫.৫৬-এর চাইতে আপনি বলতে পারেন যে এটা ১৪.২৭টা কম না বেশি। এটা আপনার ফিগার, আমার ফিগার নয়। দু হাজার দশ-এগারো সালে শেষ বছর যদি ধরি State-s own tax growth percentage, সেই স্টেটের ওন গ্রোথ ট্যাক্স পারসেন্টেজ কি ছিল ? ২৫.০২, পঁচিশ দশমিক শূন্য দুই। আমরা আমাদের শেষ বছর। তারপরের বছরে আপনার ট্যাক্স গ্রোথ পারসেন্টেজ কি হল ? আঠারো দশমিক শূন্য তিন। দু হাজার বারো-তেরোতে আপনার সিগনিফিকেন্টলি বাড়ল উল্লেখযোগ্যভাবে একত্রিশ দশমিক পাঁচ ছয়। কারণটা আপনিও জানেন, আমিও জানি। শ্রী সুখবিলাস বর্মা এর আগে এন্ট্রি ট্যাক্সের ব্যাপারে বলছিলেন। যেটার আমরাও বিরোধিতা করেছিলাম। কিন্তু তারপরে আপনি যদি সময় পান বলবেন ওটার কি হল। আমি জানি না, আপনার সঙ্গে আমার নিয়মিত যোগাযোগ রাখবার চেষ্টা করি। আমি লাস্ট জেনেছিলাম যে ডিভিশন বেঞ্চে আপনি রায় পেয়েছিলেন। তারপরে কি হল আমি জানি না। কিন্তু আমি দেখছি যে কালেকশন কমে গেছে। আমি অত ফিগারে যাচ্ছি না। তেরো-চোদ্দতে স্টেট ওন ট্যাক্স গ্রোথ এসে দাঁড়াল নাইন পয়েন্ট টু ওয়ান। আমরা যখন ছেড়ে গিয়েছিলাম তখন ছিল পঁচিশ দশমিক শূন্য দুই। আর তেরো-চোদ্দ গত বছরে হচ্ছে নাইন পয়েন্ট টু ওয়ান। এটা আপনার বইয়ের তথ্য। এই যে অ্যাডমিনিস্ট্রেটিভ রিপোর্ট ডিপার্টমেন্টের। Administrative Report 'Finance' Government of West Bengal. এটা এই হাউসে সার্কুলেট হয়েছে। তারপরে আপনি এই চোদ্দ-পনেরোর জন্য যেটা আপনি রিভাইজড্ এস্টিমেট করেছেন সেটার রিভাইজড এস্টিমেট ফিগার দেখছি খুব বেশি ধরেছেন না কি টুয়েলভ

পারসেন্ট ধরেছেন ? যাই হোক আপনার টার্গেট সিক্সটিন না অন্য কিছু হবে। ওই রকমই আপনার রিভাইজড্ এস্টিমেট দাঁড়াবে বলে আপনি এখন প্রত্যাশা করছেন। তাহলে ট্যাক্সের গ্রোথ রেট ধরেন আপনি জি.ডি.পি.-এর গ্রোথ রেট ধরেন ওই হিসাবে, অ্যানুয়াল গ্রোথ রেট হিসাবে, একটা নতুন জায়গায় পৌঁছে গেছি। বিরাট কিছু করেছি বলে দাবি করাটা খুব যুক্তি আছে বলে মনে হয় না। এটা বোঝাবার দরকার নেই। মনে হয় না যে দরকার আছে। Figures speak for itself. আপনি দেখুন revenue expenditure as percentage of revenue receipt. এগুলির ক্ষেত্রে মূলটুল যা দিয়ে আমরা বিচার করি। আমি কত রেভিনিউ আয় করছি, আর রাজস্ব আয় কত, আর রাজস্ব ব্যয় কত। তার সম্পর্ক কি। ধরুন দু হাজার সাত-আটে যখন অপেক্ষাকৃত কম ছিল, আমাদের সময়ে যখন কম ছিল এটা, এটা একশো সাতাশ ১২৭.০১-এ নামানো গিয়েছিল। আপনি নামিয়েছেন তার চাইতে এতে কোনো সন্দেহ নেই। বারো-তেরো-তে আপনি ১২০.২৩ আর তেরো-চোদ্দ-তে ১২৫.৯৫ নামছে। কিন্তু আপনি যেটা ফিসক্যাল পলিসি স্টেটমেন্ট ইত্যাদি এফ.আর.বি.এম-এর জন্য করতে হয়, আমি তাতে যা ফিগার দেখতে পাচ্ছি—সেটা কিভাবে আপনি অ্যাচিভ করবেন এই জায়গা থেকে, গত বছরের আপনি ট্রেন্ড যদি দেখেন, এটা আপনি বিচার করবেন। কারণ আপনি যেগুলি বলছেন আপনার নিজের কাছে যদি মনে হয় যে ঠিক বলছি ঠিক আছে। আর বলতে হয় যে আমরা বাজেট-ফাজেট লিখি হয়তো, অনেক সময়ে ভেবে যে আচ্ছা সরকারের কৃতিত্ব আমাদের করার দরকার, নিশ্চয় বলবেন। কেন বলবেন না। কিন্তু বৃহৎ আপেক্ষিক ক্ষেত্রে অসাধারণ কৃতিত্ব এই হেডলাইন, এটা কি সময় নাকি ! সারা পৃথিবীর অবস্থা কি, দেশের অবস্থা কি, আমরা তো তার মধ্যেই রয়েছি।

আপনি জানেন The world is in recession since 2009 এবং এখনকার শেষ হিসেব হচ্ছে ২০০৯-এর গ্রোথ যা ছিল সারা পৃথিবী জুড়ে, সব দেশ মিলিয়ে, আমরা এখন তার ৪০%-এ পৌঁছাতে পারিনি এবং আপনি যে রকম যোশেফ ট্রিকলিজের নাম করেন, আমি কেইন্স বললে আপনি হয়তো কারোর নাম বলবেন—আপনার পছন্দ আছে, আমার পছন্দ আছে। দৃষ্টিভঙ্গি আলাদা। আমি আপনাকে বলি, আপনি মাইকেল রবার্টস্-এর ব্লগ ফলো করেন regularly, আপনি ইন্টার‍্যাকশন আপনি যেখানে পাবেন। World GDP this year, আপনি যে বছরের জন্য বাজেট করতে যাচ্ছে It's not going to be more than 3.2% এবং তার মধ্যে ডেভেলপিং ইকোনমি—emerging মার্কেট যাকে বলা হয়, Indian economy, other economy যারা ৬-৭% গ্রোথ করবে বলে প্রায় ধরে নেওয়া হয়, পারবে না। None of these countries going to achieve this. এই রকম একটা সময়ে আপনি একটা অঙ্গরাজ্যে, রাজ্যে মনে করতে পারেন যে, এইরকম একটা বৃহৎ আর্থিক ক্ষেত্রে কিছু অসাধারণ কৃতিত্ব করার মতো অবস্থা রয়েছে ? সারা দেশে যখন এইরকম হয়, দুনিয়াতে যখন এই রকম হয়, তখন বুঝতে হবে যে, আমাদের কি স্ট্রাটেজি নিতে হবে। What strategy should have to be placed. What are the subjects that I must address. সেটা আপনি খুব কনফিডেন্টলি করছেন, হয়নি. আমার মনে হয় না যে, এত আত্মসন্তুষ্টির কোনো সুযোগ আছে যে পরিস্থিতির মধ্যে আমরা রয়েছি। তার পরের পেজে যান, আপনি ডিমান্ড করছেন যে, ক্যাপিটাল এক্সপেন্ডিচার আর প্ল্যানড এক্সপেন্ডিচার—এটা

আপনি আগে দেখাচ্ছেন মাইনাস ছিল, আপনি প্লাস করেছেন। আচ্ছা, এগুলো আত্মপ্রবঞ্চনা করে তো কোনো লাভ নেই। বছর দু-এক হল সিস্টেমটা বদলেছে। আমাদের সময় লোকাল ফান্ড যেটা পঞ্চায়েত, মিউনিসিপ্যালিটিতে থাকত, আমরা বলতাম, এটাকে ক্যাপিটাল এক্সপেন্ডিচার ধরছ না কেন ? ওরা ধরবে না। এখন সেটা ক্যাপিটাল এক্সপেন্ডিচার কাউন্টেড হচ্ছে। ফলে আপনার ক্যাপিটাল এক্সপেন্ডিচার পার্সেন্টেজ বাড়বে। এটার আবার কি ব্যাপার আছে ? আর আমরা যখন বাজেট পড়তাম, আমাদের central schemes-এ স্টেটের শেয়ার দিতে হত, সেটাই কেবলমাত্র বাজেটে থাকত। যেটা সেন্ট্রাল দিত, সেটা আমাদের বাজেটে ধরা হত না। এখন আপনি সেন্ট্রাল, স্টেট সব শেয়ার মিলিয়ে—এখন গত দু'বছর যা নিয়ম হয়েছে, তাতে—সারা দেশের জন্য হয়েছে, আপনার জন্য বলে নয়, সারা দেশে হয়েছে—সেগুলো টোটালটাই আপনার ধরা হচ্ছে প্ল্যান্ড এক্সপেন্ডিচার হিসেবে, আপনার বাজেটে ঢুকে যাচ্ছে। আপনার তো ওটা বাড়বে। আর তাছাড়া আপনি নিশ্চয়ই কিছু শেয়ার আগের চাইতে বেশি পাচ্ছেন। এতে কোনো সন্দেহ নেই। যদিও আরো পাওয়ার আপনার সুযোগ ছিল খরচ যদি ভালো হত। তারপর হচ্ছে ঋণের ফাঁদে ভয়াবহ পরিস্থিতি। ঋণের ফাঁদ কাকে বলে debt trap ইত্যাদি, আমি সেই ডিবেটের মধ্যে যাচ্ছি না। ঋণের ফাঁদ একটা কান্ট্রির জন্য, রাজ্যের জন্য—এই financial debate আমার দেওয়ার ইচ্ছা নেই এখানে, সময়ও নেই। কিন্তু আমি আপনাকে কয়েকবার বিনীতভাবে বলবার চেষ্টা করেছি যে, যাই ঋণ থাক পশ্চিমবাংলার, সেটা পার ক্যাপিটা যদি আপনি হিসেব করেন, মাথাপিছু ঋণ যদি আপনি ধরেন, সব রাজ্যের মধ্যে আমাদের পোজিশন থার্টিনথ্। ১২টা রাজ্য আমাদের চাইতে বেশি ছিল। আপনি অন্য ইন্ডিকেটর নিন। বা সি.এস.ডি.পি.-র পার্সেন্টেজ—সেই হিসেবে নিন। তাহলেও ৫টা, ৭টা রাজ্য আমাদের ওপরে ছিল। আপনি এখন হিসেব করুন যে, এই ইন্ডিকেটর ধরে এখন পশ্চিমবাংলার অবস্থা কি ? আপনি জানেন তো বলবেন, তাহলে সেটা কম্পেয়ার করা যাবে, তা না হলে আমরা এই রকম ক্লান্তিকর বক্তৃতা করি, যার মধ্যে কিছু চিন্তা নেই, গভীর চিন্তা কোথায় আছে বোঝবার চেষ্টা নেই—সেটা ঠিক হবে না। সেটা আমাদের ঠিক পথ দেখাতে সাহায্য করবে না। আপনি জানলে বলবেন। আপনার সময় কতদিন হচ্ছে সেটাতে আমি যাচ্ছি না। কারণ, তার মধ্যে ৮০ হাজার কোটি টাকা ছাড়িয়ে গেছে। মানে মার্কেট ব্যরোয়িং, আমাদের সময় হয়তো যা করেছিলাম, তার তুলনায় তো অনেক বেশি আপনি—ফিগার দেওয়ার তো কোনো দরকার আছে বলে আমার মনে হয় না। আপনি বুঝতেই পারেন। যখন মার্কেট ব্যরোয়িং অ্যালাওড্ হল, তখন লিমিট ইত্যাদি করে দিল। এটা আমরা সিক্সথ্ লেফ্ট্ ফ্রন্ট গভর্নমেন্টের সময় হায়েস্ট মার্কেট ব্যরোয়িং আমাদের এক সময়, এক বছরে ৯ হাজার ৫০০ কোটি টাকা হয়েছিল।

[4.50-5.00 p.m.]

আপনি প্রায় সাড়ে ১৭ হাজার কোটি টাকা ছাড়িয়ে গেছেন। আরও বাড়বে, আপনি বুঝতেই পারছেন আপনার যা প্রোজেক্শান দেখছি বেড়ে চলবে আপনার। যাই হোক খালি ঋণ নিয়ে একটা খালি বলবার জন্য বলা ইত্যাদি এগুলো বোধহয় ঠিক হচ্ছে না। আচ্ছা, এই গ্রোথ গ্রোথ বলে তার শেষমেশ দাঁড়াবে যে এই গ্রোথের বেসিস কি ? অর্থাৎ এই গ্রোথ থেকে এমপ্লয়মেন্ট হচ্ছে ? কর্মসংস্থান হচ্ছে ? লোকের কাজ বাড়ছে, আয় বাড়ছে ? আমি বলছি

যে এমপ্লয়মেন্ট হচ্ছে কি না ? ইনকাম বাড়ছে কি না ? ইনকাম রিডিস্ট্রিবিউশান কি হচ্ছে, recession মোকাবিলা করা আপনার চাইতে কেউ বেশি জানবে না। আপনি নিশ্চয়ই সব চাইতে ভালো জানবেন। বড় ব্যাপার হচ্ছে যে লোকের হাতে পার্চেজিং পাওয়ার কি হবে ? এটা হচ্ছে বড় প্রবলেম world wide। আপনি যেহেতু গাহি সাম্যের গান দিয়ে শেষ করেছেন। সাম্য, বৈষম্যের বিরুদ্ধে যে লড়াই এটা সহজ লড়াই ? কি রকম বিরাট বৈষম্য বাড়ছে দুনিয়াতে, আমাদের দেশে। আমাদের দেশে ১২৫ কোটি লোক, তাদের হাতে হাউস হোল্ড অ্যাসেটের ৪৯%, অর্ধেক, আর বাকি ১২৫ কোটি লোক তাদের হাতে ৫১, প্রায় সমান সমান। এই যে বৈষম্য বাড়ছে, আপনি পশ্চিমবাংলায় দেখুন, আমি অত গভীরে যাচ্ছি না, কিন্তু এই যে বিরাট বৈষম্য বাড়ছে, এটাকে কতখানি কমাতে পারি, কতটা আমি রিডিস্ট্রিবিউশন স্টেটের পাওয়ারে আপনার যা আছে আপনি করতে পারেন। কি করে আপনি ওই নীচের লোকের ইনকাম বাড়াতে পারেন ? তার হাতে যদি পয়সা আসে বাজার মন্দা থাকবে না, কেনা-কাটা বাড়বে, গঞ্জ-দোকান বাড়বে, লোকের কিছু কাজ হবে, ইত্যাদি ইত্যাদি। এ তো বেসিক ইকনমি, Keynesian model—আপনার সাথে আমার আবার সেই বিতর্কে যাবার ইচ্ছা নেই, কিন্তু আমি আপনাকে বলছি যে আপনি এইগুলো কেন ভাবছেন ? রেভিনিউ যেখানে বাড়াবার আছে সেখানে আপনি বাড়াবেন। আমি আপনাকে দুটো-একটা কথা বলি, আপনার টোটাল রেভিনিউ বললাম, আমি এগুলো বুঝতে পারি না, আপনি যদি জানেন, আপনি বলবেন, এই যে রেভিনিউ টার্গেট অ্যাচিভমেন্ট আপনার রেজিস্ট্রেশন স্ট্যাম্প ডিউটি, যেটা আপনি এখন কিছু কমাতে চাইছেন, রিলিফ দিতে চাইছেন, দিন, সেটাতে আমি কোনো বিরোধিতা করছি না। এই আপনার বই থেকেই বলছি 27.64 গ্রোথ রেট ছিল 2009-10, 2010-11-এ 26.15, যা টার্গেট তা অ্যাচিভমেন্টের দিক থেকে 95%, 96% ছিল, এটা আপনার ২০১৩-১৪-তে কোথায় আপনার 26, 27 থেকে 4.68%-এ নেমে এল। এটা 95, 96 ছিল, সেটা 89%-এ নেমে এল। এ আপনার ফিগার, রাজ্যের লেটেস্ট ফিগার। কারণ আপনি বলতে পারবেন না যে, তখন সব খারাপ ছিল, এখন আমি সব বাড়িয়ে ফেলেছি। নিশ্চয়ই সমস্যা আছে, তারপর একটা লেভেলে যাওয়ার পরে গ্রোথ রেট মেন্টেন করা যায় না, সে সব রিজ্‌নেবল্, আপনার নিশ্চয়ই হিসাবের মধ্যে আছে। আপনাকে তো দেখতে হবে যে কোথায় আপনার যে মনিটরিং সিস্টেম ওটাও আমি ঠিক ভালো করে বুঝি না—আপনি অনেকবার বলছেন আমি এই পুরস্কার পাচ্ছি, সেই পুরস্কার পাচ্ছি, ভালো এসব। যাকে বলে e-Governance চালু করেছেন, আপনি নানা সিস্টেম চালু করেছেন, ফাইল ট্র্যাকিং তার ডিস্‌পোজাল ইত্যাদি—আপনি দেখুন কি রকম আপনার ফাইল ট্র্যাকিং, আমি যদি বলি ২০০৬-০৭ থেকে আপনার হিসাব দেওয়া আছে। আপনি স্ট্যাটিস্‌টিক্যাল অ্যাপেনডিক্স না হলে ওই বইটা দিয়ে আমাকে সুবিধা করেছেন, তা বলে এই বইটা আসছে বছর বন্ধ করে দেবেন না। ২০০৬-০৭-এ 99% ফাইল ডিস্‌পোজড অফ্, ফাইল ডিস্‌পোজ হল। পেন্ডিং ফাইল ছিল বছরের শেষে ২৬টা, ২০০৭-০৮-এ 99%, ২০০৮-০৯-এ 99%, আপনার সময়েও 99% হয়েছে ২০১১-১২-তে, এখন 98% গত বছর। ফাইল ডিস্‌পোজড অফ ১০০, বাকি পেন্ডিং ফাইল বছরের শেষে ১২২টা ছিল গত বছরে। আচ্ছা কিছু বিরাট পার্থক্য হচ্ছে ? ওই 99%, ২৬টা ফাইল ডিস্‌পোজ হয়নি বছরে,

বাকি থেকে গিয়েছিল, আপনার 98% বরং ১% কমেছে। আর ফাইলের সংখ্যা যদি ধরেন তাহলে ১২২টা বেড়েছে। আপনার এটা নিয়ে বিরাট কিছু বলবার আছে ? আপনার বিরাট অগ্রগতি হয়েছে ? যদি বলেন আপনি slightly কমেছে বা আমি ধরে নিলাম insignificant. It remains same. আপনার file-টা কি ? এটা হচ্ছে আপনার budget branch-এর file। Budget হচ্ছে এখানে। Budget branch-এর file. আমি সেই জন্যে এটা বললাম। কিংবা আপনি ধরুন যদি আপনি চান যে কি বলে, কারণ আমি যেতে পারি। কিন্তু অত কথা হয়তো বলার সময় হবে না আমার। আপনার এই যে statistical cell এখানে দেখছি যা present strength যা আছে, its not adequate, It's not properly looked after. আপনার কি রকম করে চলছে আমি জানি না। আপনি যে ধান এত উৎপাদন এইসব দেখাচ্ছেন অর্ধেক figure আপনি জানেন তো সবই আপনার এখান থেকে যখন কোট করছি আমি এগুলো বেশি provisional figure. এর মধ্যে advance estimates বেশি আর quick estimates বেশি। এবং আমরা সবাই জানি এবং বার বার আপনাকে বলি যে CSO-এর সঙ্গে যখন আপনার কি বলে provisional figure estimate যতক্ষণ পর্যন্ত না আপনি reconcile করছেন ততক্ষণ তার কোনো মানে নেই। আমি যে কোনো একটা quick estimate করে দিলাম, যে কোনো একটা advanced estimate দিয়ে দিলাম, তাতে কি হবে ? শেষমেশ তো দেখতে হবে আসলে কি দাঁড়াল। এবং সেই mechanism-টা আপনার কি রকম করে কাজ করছে সেটাই। আপনার একটা Economic Offene Investigating Cell আছে। আচ্ছা এখানে দেখুন আপনি কি অবস্থা। আপনার director নেই, Deputy Superintendent Police দু'জন থাকবার কথা দুটোই vacant. ফাঁকা। Inspector of Police ৮ জন থাকবার কথা একজনও নেই। Nil. Sub-Inspector of Police ১০ জন থাকবার কথা ওইটা ৭ জন আছে। আর Constable ১৪ জন তাও নেই ৮। আর একজনকে আপনি re-employment দিয়ে ওখানে রেখেছেন। আচ্ছা, এটা কি করে Economic Offence দেখবে ? আর একটা performance আপনি দিয়েছেন। Financial institution working as non banking financial companies, deposit taking companies যেটা এত hot discursion হচ্ছে। আচ্ছা আপনি কি করেছেন আপনি দেখুন। During this period 251 communications were received by the cell to different units directly or indirectly to the petitioners related to petition regarding non payment of deposited money after mature values for enquiry against the deposit taking company. আপনি কি action নিয়েছেন ? 10% investors. 10. দশজন would be given rest by the way of refunding the invested money to the tune of 3,07,400 rs. এই হচ্ছে সারা বছরের কাজ, গত financial year-এর কাজ। এই আপনার statement আর এই হচ্ছে আপনার staff strength যা আমি বললাম। আচ্ছা ঠিকই, আপনি একটু বলবেন তো এই যে ১০ জনই হোক সে ৩ লাখ ৭ হাজার টাকাই হোক তাতে কিছু যায়-আসে না। This is an achievement. যদি আপনি ফেরত

দিয়ে থাকেন। Because এটা যদি করা যায় তাহলে আপনি সেলটাকে যদি শক্তিশালী করেন, আপনার যদি রাজনৈতিক সদিচ্ছা থাকে তাহলে resolution ইত্যাদির দরকার নেই। যেটা দরকার সেটা হচ্ছে There is a way. There would be some solution. যেটা আপনি you can offer. আপনি করতে পারেন। আমি আপনার বিরোধিতা করছি এই সব নীতির জন্য, নীতিগত কারণে। আর এই যে সব বলেন, Health নিয়ে আমি কিছু বলব না নীতিগতভাবে ঠিক করেছি। যাই হোক সেই জন্য আমি বলি না। কি ছিল কি হয়েছে আমি তার মধ্যে যাচ্ছি না। কিন্তু এগুলো কি ঠিক নাকি ? স্বাধীনতার পর থেকে ২০১১ পর্যন্ত পশ্চিমবঙ্গে মাত্র ৩২টি কলেজ ও ৪টি ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপিত হয়েছে। স্বাধীনতার পর থেকে এ পর্যন্ত ? এ figure কোথা থেকে ? Is it true ? এই যে figure স্বাধীনতার পর ২০১২ পর্যন্ত ১৩টি বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছে। ১৩টি বিশ্ববিদ্যালয় ? স্বাধীনতার পর থেকে ? স্বাধীনতার পরে মানে এতগুলো বছর এ তো আমরা জানি আমি আপনাকে নাম ধরে তালিকা দিয়ে দেব। ৫ বছরে কটা, ২৫ বছরে কটা দিতে পারব। কিন্তু তার আগেও তো ছিল। কলেজ হয়েছে। এই রকম যদি standard হয়, তাহলে এই রকমই থাকবে। চেঁচামেচি হবে আর ওদের কথায় চলবে ঠিকই আছে। তাতে কিছু অসুবিধা নেই। তাতে আমার কিছু অসুবিধা হবে না। আমি বিরোধিতা করছি যে এই সব কথাগুলো বলবার সময় যখন আপনি বলছেন তখন মানে সমস্যা কি সেটার গভীরতায় যাচ্ছি না আমি।

ধরুন আপনার নগর উন্নয়ন। আমি বলছি যে, আচ্ছা urbanities হচ্ছে। আপনি জানেন যে by 2020 যে urbanization হবে তার 80% growth in this urban area population will be in the slam area. যেগুলো added area, কিচ্ছু নেই।

[5.00-5.10 p.m.]

জল নেই, বিদ্যুৎ নেই, রাস্তাঘাট নেই নতুন এরিয়া হচ্ছে। সেখানে ICDS নেই, অমুখ নেই। This is a challenge. আপনার দরকার যেখানে, সেখানে নতুন পুরসভা করা। আমি যখনই ওঁকে জিজ্ঞাসা করি ফিরহাদ হাকিম মহাশয়কে, উনি বলেন যে, আমি তো পাঠিয়েছি। তবে পৌরসভা কতগুলো আমরা ক্যাবিনেটে ঠিক করে রেখেছিলাম, রাজ্যপাল ছেড়ে দিয়েছিলেন, তারপরেও আমি জানি না, সত্যি কি না আপনি জানবেন যে, ফাইল আপনাদের কাছে—টাকার, এটা তো করতে হবে এগুলো। এই যে কাজগুলো এই কাজগুলোর মধ্য দিয়ে you can reach those people, ওই যে গরীব marginalized বলছিলেন, তাদের কাছে আপনি পৌঁছতে পারবেন এবং আপনি যেরকম industry-তে unorganized sector-এ করছেন। কিন্তু government sector-টা তো বিরাট unorganized sector হয়ে গেছে ever expanding. এই যে অঙ্গনওয়াড়ী ওয়ার্কার, ICDS-এ যারা কাজ করে, মিড-ডে মিল ওয়ার্কার এতে যারা কাজ করে, তারপরে আশা এতে যারা কাজ করে, তারপরে SSK, MSK, Para-teacher, তারপরে higher secondary থেকে শুরু করে কলেজ, ইউনিভার্সিটিতে পার্ট টাইম টিচার, তারপরে সিভিক পুলিশ, সিটি পুলিশ ইত্যাদি ইত্যাদি। এই যে অসংখ্য লোক এই

লোকগুলি গভর্নমেন্টের হিসাবে আছে। কিন্তু তিন বছর, চার বছর—বছর তিনেক আগে শেষ আমরা যা করেছিলাম করেছিলাম, এই যে ৬৫ বছর হয়ে গেল, যেটা আমি বার বার বলি, ওদের তো কিছুই করা যাচ্ছে না। এককালীন কিছুদিন এতদিন কাজ করল, আর সবচেয়ে গভর্নমেন্টের যদি lowest level-এ লোকের কোনো একটা গভর্নমেন্টের কিছু একটা থাকে সেটা ছিল ICDS, এখন আশা হয়েছে। এই যে গভর্নমেন্টের একটা লোক যদি কিছু পায়, slight increase একটা security minimum. আপনি এই section-টাকে address করতে পারলে people will have some money with them. আপনি যদি একটা installment তাদের দিতেন that will have an addition to the purchasing power in the market. আপনি যদি গ্রামের যারা গরীব কৃষক ইত্যাদি ইত্যাদি যারা ফসলের দাম পাচ্ছে না। একটা বোনাস দিয়ে যদি কোনো distress sale আমি খানিকটা আটকাতে পারতাম seriously, not by ওই কি বলে Rice Mill-এর levy নিয়ে নিলাম আর ওদের ছেড়ে দিলাম এরকম। এই যে focus has to be, যে এই লোকগুলোর actually কি বলে purchasing power directly বাড়ছে কি না। তবে গিয়ে এই খুব limitation-এর মধ্যেও আপনার এখানে হতে পারে। আপনার income বাড়ছে না তার একটা বড় কারণ হচ্ছে, VAT increase এই যে আপনার বাড়ছে না, তার কারণ হচ্ছে যে, because there is no industry. আর এইসব নিয়ে তর্ক করে কি লাভ আছে। Heavy industry-র বিরুদ্ধে আমরা নই। বড় industry-র বিরুদ্ধে—medium, small, heavy সবরকম Industry আমাদের লাগবে। কোনো দেশ advanced, developed বলা হয় because they are industrially developed. কেউ বলতে পারে না যে আমরা agriculture নিয়েই developed হয়ে যাব। Agriculture has to be the basis. There is no question about it. কিন্তু Based on agricultural growth, to sustain that agricultural growth এবং তার সঙ্গে তার উপরে industry-র যদি growth না হয়, তাহলে সরকারের আয় বাড়বে কি করে। আর সরকারের আয় না বাড়লে, এই যে আমাদের দিল্লির সরকার যা বাজেট করছে—ভয়ঙ্কর ব্যাপার, আমি কাল দেখছি যে, ৩.১৮ টাকা হয়ে গেল পেট্রোলের দাম লিটারে বেড়ে গেল। ৩.০৯ টাকা ডিজেলে বেড়ে গেল। When the Global price that has come down by 4.55% অর্থাৎ যেটা ১ টাকা ছিল সেটার দাম global goods-এর দাম যখন ৪৫ পয়সা, আমার তাহলে দাম যেখানে ১ টাকার জায়গায় ৪৫ পয়সা হওয়া উচিত তখন নভেম্বর, ডিসেম্বর আর জানুয়ারি নিয়ে এটা প্রায় ২৫,০০০ কোটি টাকা আমাদের পকেট কেটে tax বসিয়ে নিয়ে যাচ্ছে। আমি কি পাচ্ছি না কি সে সব ? It has a inflationary effect. Railway budget তার যে ওই যে আপনার যা মাশুল বাড়াচ্ছে রেলের তাতে এর পণ্য পরিবহনে it has an inflationary effect. It will eat into the income of the people. কিছুতেই ক্ষমতা নেই আপনার, সেই যদি না থাকে বোঝাপড়ার মধ্যে যে, এই ক্ষমতা নিয়ে আমি কি করে এর পাশে দাঁড়াই। এই 10 focus যদি না থাকে তাহলে you are not going to make a headway এবং not to make big claims there, not to think

যে আমরা বিরাট একটা জায়গায় পৌঁছেছি in a greater height, a new height. আমার আর কথা বাড়াবার মতো scope নেই। কিন্তু আপনি যেহেতু সেই গাহি সাম্যের গান বলে শেষ করেছেন, আমার এই কথাগুলো বলা ধৃষ্টতা হচ্ছে। এবং ধৃষ্টতা নিয়েই আমি আপনার এই বাজেটের বিরোধিতা করছি। ধন্যবাদ।

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি খুবই ধৈর্য ধরে সবাইকার বক্তব্য মাননীয় বিধায়কদের বক্তব্য, মাননীয়া বিধায়কদের বক্তব্য শুনেছি, নোট তৈরি করেছি এবং তার থেকে যেগুলি আমার মনে হয়েছে যে সত্যি সত্যি উত্তর দেওয়া দরকার, জরুরি, মানুষের স্বার্থে, মানুষের বোঝার বা বোঝানোর স্বার্থে, সেইগুলি আমি আজকে চেষ্টা করব, অল্প করে সীমিত সময়ের মধ্যে সেগুলো উত্তর দেওয়ার। প্রথম কয়েকটা স্ট্যাটিসটিক্যাল ইস্যু যেগুলো অনেকে রেইজ করেছেন সেগুলোর চট করে জবাব দিয়ে দিই যাতে সেটা আমাদের দীর্ঘ বিচারের মধ্যে না গিয়ে অল্প সময়ের মধ্যে করা যায়। অনেকে বলেছেন পশ্চিমাঞ্চল, আমাদের জন্যে জঙ্গলমহল—ভয়ঙ্কর প্রিয় ; মাননীয় মুখ্যমন্ত্রী আপনি জানেন কতবার সেখানে গেছেন এবং সেখানে ভয়ঙ্কর কাজ হয়েছে, এটা আমি সবাইকার কাছ থেকে শুনছি। আমি বাধিত যে ডাঃ মিশ্র, লিডার অফ দি অপজিশান বলেছেন যে রাস্তা হচ্ছে ইত্যাদি হচ্ছে, যারা ওখানকার লোক তারাও বলছেন। এখন প্রশ্ন যেটা উঠেছিল যে পশ্চিমাঞ্চলে কি অ্যালোকেশান দেওয়া হয়েছে। আপনারা জানেন, ৬৩টি ডিপার্টমেন্ট, আমি তার থেকে তুলেই জানাচ্ছি, আমার বিশেষ মন্ত্রী ওই এলাকার, তিনি নিজেই বলছিলেন আমাকে, তিনি খুব খুশি। আগে বলি, এক্সপেন্ডিচার—২০১০-১১-তে পশ্চিমাঞ্চল এলাকায় কত খরচ হয়েছে। জানা থাকলে আমাদের ভালো হবে। আমি খুঁজে এনেছি স্ট্যাটিসটিক্সটা, এখানে উত্তর দেওয়ার জন্যই বের করেছি। আসছি এবারে, ৪৮.৭৭ কোটি অর্থাৎ ৪৯ কোটি টাকা, ২০১০-১১-তে খরচ হয়েছিল। এটা রিয়েল এ.জি.-র ফিগার। সেহেতু আমার এতে কোনো স্পেকুলেশান নেই। ২০১৩-১৪-তে অ্যাকচুয়াল এ.জি.-র ফিগার খরচ হয়েছে ১৬৭.৯৫ কোটি টাকা। এটা হল চার গুণ। একজাক্টলি ফোর টাইমস। এখন হয়তো জিজ্ঞাসা করবেন যে ২০১৪-১৫, '১৪-১৫-র এখনও অ্যাকচুয়াল এ.জি.-র ফিগার পাওয়া যায়নি। তবে আর.ই. বলছেন ২৭১.৪২ কোটি টাকা। তার মানে ৪৮, আমরা আসার পরে ২০১৩-১৪-তে ১৬৭, '১৪-১৫-তে আর.ই.-র বেসিসে ২৭১.৪২—বি.ই.-তে এবং আর.ই. ২০৪, তার মানে ৪৮ কোথায় আর আমরা কোথায় ? এবারে প্রশ্ন করবেন, নিশ্চয় ২০১৫-১৬-তে বি.ই.-তে কত অ্যালকেড করেছেন, বইতে পাবেন, ৩১৮ কোটি টাকা। ৪৮ কোটি টাকা ২০১০-১১-তে খরচ হয়েছিল। আমার মাননীয় মন্ত্রী উপস্থিত আছেন, তাই উনি আজকে হাসছেন। তার কারণ উনি খুশি হয়েছেন ৩১৮ কোটি টাকায়। এই স্ট্যাটিস্টিক্সটা অন দি ফ্লোর অফ দি হাউস আমি বললাম। এটা বইগুলোতে আছে। এখন হয়তো খুঁজে পাননি। তাই আমি ভাবলাম স্পেশিফিকালি বইতে আছে, দয়া করে দেখে নেবেন। মাননীয় ডাঃ মানস ভুঁইয়া সাহেব আমার বন্ধু এবং অত্যন্ত বিজ্ঞান মানুষ, আমি জানি ওঁর বিভিন্ন জিনিসে ক্যাপাসিটি আছে। উনি ৩/৪টি ইম্পর্টেন্ট কথা তুলেছেন স্যার। সেগুলোর জবাব দিচ্ছি। উনি তুলেছেন একটা কথা, সেটা হচ্ছে, স্কুল এডুকেশান। স্কুল এডুকেশান সম্বন্ধে বলেছেন আমাদের নাকি খরচ অতটা হয়নি বা করতে পারেনি। তার

তত্ত্বটা একটু বলে দিই। স্কুল এডুকেশান ২০১০-১১-তে আমরা আসার আগে—টোটালেও আসছি, আলাদা করেই বলব—স্কুল এবং হায়ার ২০১০-১১-তে ১৬১৮.৩৬ কোটি টাকা খরচ হয়েছে, এটা হচ্ছে স্কুল এডুকেশান।

[5.10-5.20 p.m.]

২০১৩-১৪ সালে কি হল আমরা আসার পরে ? ২২৩৭ কোটি টাকা যা ৩৮ শতাংশ হারে বেড়েছে। এটা অ্যাকচুয়াল খরচ। আমি বানিয়ে বলছি না বা speculate করছি না। ২০১৪-১৫ সালের অ্যাকচুয়াল ফিগার নেই। তাই আমি চলে আসছি ২০১৫-১৬ সালে। এখানে কত বরাদ্দ হয়েছে ? ৮০৫৫ কোটি টাকা। যেখানে ২০১০-১১-তে ১৬১৮ কোটি টাকা খরচ হয়েছিল। পাঁচ গুণ বেড়েছে। ডাঃ ভূঞ্যা নিশ্চয় বলবেন যে This is an achievement। যার জন্য স্কুলের ফোকাস, এরপরে যদি আমার বক্তব্য দেখেন তাহলে দেখবেন কত গুণ বেড়েছে, কতগুলো স্কুল হয়েছে। এটার পেছনে রয়েছে এই fantastic allocation। এবারে আসছি, হায়ার এডুকেশান, উচ্চশিক্ষার ক্ষেত্রে। হায়ার এডুকেশানে ২০১৪-তে, আমি বি.ই. বা বাজেট এস্টিমেট করেছিলাম ২৫১৬। রিভাইজড এস্টিমেটে সেটাকে বাড়িয়ে ২৬০২.৫৮ এবং টিল ডেট খরচ কত হয়েছে এই প্রশ্নটা স্যার আপনি করেছিলেন। ৮৬ শতাংশ অলরেডি খরচ হয়ে গেছে, মার্চ মাসে হান্ড্রেড পার্সেন্টে খরচে পৌঁছে যাবে হায়ার এডুকেশান। এটা আমার speculation নয়, স্পেসিফিক স্ট্যাটিসটিক্স দিয়ে আমি ডাঃ ভূঞ্যার রেসপেক্টফুলি এই প্রশ্নটার উত্তর দিলাম। দ্বিতীয় প্রশ্ন উনি তুলেছেন, correctly so. He is concerned about irrigation। সেচব্যবস্থা। উনি নিজেই ক্যাবিনেট মিনিস্টার ছিলেন। ওর এটা সম্বন্ধে যথেষ্ট জ্ঞান আছে। আমরা একসঙ্গে কাজ করেছি। এরপরে কোনদিকে যাবেন সেটা আমি ঠিক বলতে পারছি না। তবে আপনার সামনে আপাততের জন্য অন্তত স্ট্যাটিস্টিক্সটা আমি এগিয়ে দিই। ইরিগেশানের ক্ষেত্রে ২০১৪-১৫-তে ৮৮৭২.৪৯ কোটি টাকা অ্যালোকেশান হয়েছে। উনি খুব ভালো করে জানেন। আমার থেকে বেশি জানেন। এই অ্যালোকেশানের Accelerated Irrigation Benefit Programme, এটা কেন্দ্রীয় সরকারের। উনি এটা হ্যান্ডেল করেছেন। যাকে AIBP বলা হয়। সেটা ছিল ৯০০ কোটি টাকা expected। এটা আশা করাটাই স্বাভাবিক। কত টাকা এসেছে যখন আমরা খরচের কথা বলছি। আমি লজ্জিত, আমি দুঃখিত, আমি সত্যি deeply hurt যে ৯০০ কোটি টাকা যখন আসার কথা ছিল, এসেছে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ৭.৮৪ কোটি টাকা। 900 crores was expected। আশা করি এখন রেসপেক্টে ডাঃ ভূঞ্যা বুঝতে পারছেন যে কোথায় আমরা দাঁড়িয়ে আছি। কেন্দ্রীয় সরকারের অবস্থানটা কোথায়। আমি শুনেছি কথায় কথায় কেউ বলেছেন, আমি নামটা নোট করতে ভুলে গিয়েছিলাম, তাই ক্ষমা করবেন, স্যালারির ক্ষেত্রে কেউ বললেন। স্যালারি নাকি কমে গেছে। এরও তথ্যটা আমি দিয়ে দিই। ২০১০-১১ সালে স্যালারি ছিল ২৩,৭২১ কোটি টাকা। এবারে ২০১৪-১৫ সালে সেটা উঠে হয়েছে ২৯,৮৩৭ কোটি টাকা। কমে গেছে ? কোথায় ২৩,৭২১, আর কোথায় ২৯,৮৩৭। আর একজন কেউ বললেন পেনশান নাকি কমে গেছে। স্যার এই ধরনের rumour দয়া করে ছড়াতে বলবেন না। পেনশানের ক্ষেত্রে কি হয়েছে ? ২০১০-১১-তে ৮০৭৭ কোটি টাকা পেনশানে অ্যালোকেটেড হয়েছিল,

খরচ হয়েছিল। ২০১৪-১৫-তে সেটা বেড়ে হয়েছে ১২,৬৮২ কোটি টাকা। কোথায় ৮০৭৭, কোথায় ১২,৬৮২। স্যার আমার বিনীত অনুরোধ হচ্ছে দয়া করে এই ডেটা না দেখে এইরকম কথা বলবেন না। এবারে আমি আসছি ২-৩টি প্রশ্নে। যেগুলো ডাঃ মিশ্র শুরুর দিন তুলেছিলেন। আজকে হয়তো সময়ের অভাবে উনি সেটা তোলেননি। প্রথম দিনই তুলেছিলেন উনি। প্রথম দিনই বলেছিলেন DIPP, ডিরেক্টর অফ ইন্ডাস্ট্রিয়াল পলিসি অ্যান্ড প্রোমোশান। তাদের ওয়েবসাইটের সঙ্গে আমি যে ডেটা দিচ্ছি ইন্ডাস্ট্রির ওপরে সেটা মিলছে না। তিনি বার বার এই ব্যাপারটা বলেছেন তার আমি উত্তর দিচ্ছি, আজকে আমি শুধু উত্তরই দেব না, ডিটেইলসেও যাব। দুটোর মধ্যে একটা পার্থক্য আছে, Industrial Entrepreneurs Memorandum, এটা যে ফাইল করা হয়, ডঃ মিশ্র সেটা নিশ্চয় জানেন, সঙ্গে সঙ্গে সেটা সেন্ট্রাল গভর্নমেন্টের সিস্টেমে চলে যায়। এটার থেকে Department of Industrial Promotion and Policy-তে চলে যায়। তিনটে কারণের জন্য DIPP ডাটা, যেটা আপনার কাছেও আছে, আমার কাছেও আছে, এটা ডাউনলোড করেছি আমি, এটার সঙ্গে পার্থক্যের একটা জিন এসে গেছে। কেন ? এক, IEM, এটার হার্ডকপি আমাদের কাছে এসে যায়। ওরা তাকে ওয়েবসাইটে তুলে দেয়। আপনারা শুনলে আশ্চর্য হবেন, DIPP Website যা আছে, আর আমাদের কাছে যে হার্ডকপি আছে, দুটোর মধ্যে সামঞ্জস্য নেই। আমি উদাহরণস্বরূপ দিচ্ছি, ২০১২ সালে Industrial Entrepreneurs Memoramdum ওরা পাঠিয়েছিলেন ৮৩টি। খুব খুশি আমরা। তার কত টাকা ছিল ? ৫,৬১৪ কোটি টাকা ছিল। কিন্তু ওয়েবসাইটে এল ৪২টি। আপনি নিশ্চয় দেখেছেন ২০১২ সালে ওয়েবসাইটে এসেছে ৪২টি। ৪২টির কত টাকা এল ? ১,৩৭৮ কোটি টাকা এল। আমাদের কাছে পাঠানো হল ৫,৬১৪, আর ওয়েবসাইটে উঠল ১,৩৭৮ কোটি টাকা। এটাই হচ্ছে অসামঞ্জস্য বা পার্থক্যের একটা উদাহরণ। দ্বিতীয় কারণ, কেন DIPP এবং আমাদের ডাটার মধ্যে পার্থক্য হচ্ছে। DIDP includes কি কি ? রেসিডেনশিয়াল বিল্ডিংস, ইলেকট্রিসিটি জেনারেশান and believe it or not দুটো কোম্পানি DIPP-র ডাটাতে আছে চিট ফান্ড বলে, সেও ইনক্লুড DIDP। আমাদের ক্ষেত্রে যে ৮৪ হাজার ২২১ কোটি টাকার কথা আমি বলেছি, যেটা ইমপ্লিমেন্টেড আর আন্ডার ইমপ্লিমেন্টেশান ওনলি ফর ইন্ডাস্ট্রি এবং DIPP-র এই সমস্ত থেকে আমরা বাইরে। তাই DIPP-র সঙ্গে আমাদের এই অসামঞ্জস্য। তৃতীয় কারণটা খুবই গুরুত্বপূর্ণ স্যার, IEM যেটাকে Industrial Entrepreneurs Memorandum সেটা ফাইল করা হয়, ২০১১ সালের পরে IEM ফাইল হয়েছে ১২৮টি। কিন্তু IEM-এর বাইরে আরেকটি ক্যাটাগরি আছে সেটা হচ্ছে মাঝারি সাইজের ব্যবসা, মিডিয়াম ইন্ডাস্ট্রি। সেটা কিন্তু IEM যায় না। সেটার সংখ্যা হচ্ছে ২০৮। এটার জন্য ফাইল করতে হয় এন্টারপ্রেনারস মেমোরেন্ডাম, নট IEM, ওনলি EM। আমাদের কাছে যে ডাটাটা রয়েছে সেটা হচ্ছে মাঝারি এবং বৃহৎ মিলিয়ে। ৪৩০টি ইউনিটের কথা এই ৮৪,২২১ আমি বলেছি। এই তিনটে কারণের জন্য DIPP-র ওয়েবসাইটের সঙ্গে আমাদের পার্থক্য আছে। এটা খুব পরিষ্কার, হয়তো ডাঃ মিশ্র জানতেন না, আমিও ওর প্রশ্নের জন্য খুঁড়ে বার করেছি। Why this inconsistent ? সেইজন্য আমি পুরোপুরি উইথ কনফিডেন্স হাউসে বলতে চাই, ৮৪,২২১ কোটি টাকা

ইমপ্লিমেন্টেড অর ইমপ্লিমেন্টেশান, I stand by today. DIPP-র ডাটা নিয়ে। আপনি পুরো লিস্ট চাইলে পাবেন, লিস্ট এখানে আছে।

[5.20–5.30 p.m.]

আমি নিয়ে এসেছি। এরকম নয় যে ফাঁকা আওয়াজ করছি। দ্বিতীয়, এবারে আসি সুখবিলাসবাবু কিছু গুরুত্বপূর্ণ কথা বলেছেন। আমার উত্তর দেওয়াটা দরকার। তার আগে আমি একটু ইলেকট্রিসিটির কথায় যেতে চাই। এক্ষেত্রে শ্রী উদয়ন গুহ মহাশয়, রেসপেকটেড এম.এল.এ. সাহেব আমি যখন ওঁর কথাটা শুনছিলাম একটু অবাক হয়ে গেলাম স্যার। আমি বললাম আমি ইলেকট্রিসিটি সম্বন্ধে জানি না, আমি তো ইঞ্জিনিয়ার নই। হয়তো, হি মাস্ট বি রাইট কিন্তু নোট করতে গিয়ে দেখলাম উনি বলছেন, মিলিয়ান ইউনিটস। উনি বলছেন ৭৬০০ মিলিয়ান ইউনিটসটা ৭৪০০ নেমে গেছে। আমি বললাম মিলিয়ান ইউনিটস তো এটা নয়। এটা কি মেগাওয়াটের সঙ্গে গুলিয়ে ফেলেছেন ? দেখতে গিয়ে কি দেখলাম, যার জন্যে আমি খুব বিনীতভাবে বলব আমাদের একটা ট্রেনিং স্কুল আছে, দরকার হলে আমি ব্যবস্থা করে দেব আমি, আপনি দুজনেই তাতে পড়ব। ২০১২-১৩-তে কত মেগাওয়াট তৈরি হয়েছিল ? ৬৮৩২ মেগাওয়াট। কবে ? এটা পিক-টোয়েন্টি সেকেন্ড মার্চ, এটা পিক হিসাবেই মেজার করা হয়। সেটা ২০১৩-১৪-তে কততে গিয়ে দাঁড়াল ? ৭১৮০ মেগাওয়াট। কমে গেছে ? দুই। এবারে মিলিয়ান ইউনিটসে আসছি। টোটাল কনজামশান ইন দ্য স্টেট। এটা একদম আলাদা। উনি গুলিয়ে ফেলেছিলেন ৭৬০০ বলছিলেন ওটা মেগাওয়াটের সঙ্গে তুলনামূলক। নট উইথ মিলিয়ানস। মিলিয়ান ইউনিটের টোটাল কনজামশান ইন দ্য স্টেট ২০১২-২০১৩-তে ৪০৬৪৯ মিলিয়ান ইউনিটস। ২০১৩-২০১৪-তে কত হয়েছে স্যার ? ৪১৬৫২ মিলিয়ান ইউনিটস। কম ? দ্য মাচ লার্জার। সেটা উনি জানেন না, গুলিয়ে ফেলেছেন, গুলিয়ে ফেলতেই পারেন। আমার কোনো আপত্তি নেই। তবে ডেটাটা আমি হাতে তুলে দেব। টোটাল কনজিউমার্স। এটাও একটা প্রশ্ন। টোটাল কনজিউমার্স কত হয়েছে ? এইট্টি ফোর ল্যাখস থেকে ওয়ান পয়েন্ট ফাইভ ক্রোড়স ইন লাস্ট ফোর ইয়ার্স। ৮৪ লক্ষ থেকে ১.৫ কোটি টাকার টোটাল কনজিউমার্স বেড়েছে। আরও ডিটেল দিয়ে দিই, ইন রেসপেকটিং দ্য অনারেবল মেম্বার। আর একটু ডিটেল দিয়ে দিই মার্চ ২০১১-তে ৮১১১৩ ছিল ইন্ডাস্ট্রিয়াল কনজিউমার। উনি বলেছিলেন ইন্ডাস্ট্রিয়াল কনজিউমারের কথা। মার্চ মাসে ছিল, ৮১১১৩ জন ইন্ডাস্ট্রিয়াল কনজিউমার এবং কত মিলিয়ান ইউনিটস তারা কনজিউম করত ? এক্ষেত্রে ৬৩৩২.৯৬ এবং মার্চ ২০১৪-তে ৯০৯১৬ কনজিউমার ইন ইলেকট্রিক কনজামশান। এই এত বাড়ার কারণে কি হয়েছে—মাননীয় মন্ত্রী আমাদের পাওয়ার 2 মিনিস্টার মণীশ গুপ্ত সাহেব আমায় বললেন যে ৩৫টা কাস্টমার কেয়ার সেন্টার এবং ১৩টা ডিভিশনাল অফিস অ্যাক্রোশ দ্য স্টেট এই চারটে বছরে আমাদের খুলতে হয়েছে। এই বৃহৎ প্রগতি under the Ministry of Mr. Manish Gupta। আমি আশা করি গুহ সাহেবকে উত্তর দিতে পেরেছি ওঁর বক্তব্যের। এবারে আমি আসছি স্যার, honoured Sukhbilas Babu, উনি বলেছেন, উনি অনেক কথা বলেছেন। তার থেকে দুটো কথা তুলে নেব। উনি বলছেন যে ফুলিয়ে-ফাঁপিয়ে আপনি সমস্ত ডেটা দেখাচ্ছেন। আমি একটু বলে দিই স্যার, কি কি কারণে উনি তো খুব ভালো করে জানেন। উনি senior

bureaucrat ছিলেন। আজকে বড় কষ্ট হল স্যার, গানটা শুনতে পেলাম না। তবুও তথ্য হিসেবে বলি, fiscal deficit as percentage of DSTP, ২০১০-২০১১-তে কত ছিল ? এটা তো fiscal discipline-এর একটা mark 4.12% আমরা আসার পরে নেমে as a part of discipline, 3.38%, actuals ২০১২-২০১৩-তে 3.08% এবং RE-তে যদি আমি ২০১৪-২০১৫-তে চলে যাই এটা 2.98%। আমি শুনলাম কেন্দ্রীয় বাজেটে Union Finance Minister বললেন, fiscal deficit যাই ছিল তাই থাকবে 4.1। আমাদের ক্ষেত্রে আমরা systematical নামিয়ে আনছি। Revenue deficit, নিশ্চয় আপনারা জিজ্ঞাসা করতে পারেন revenue deficit কি হয়েছে ? আমরা যখন এসেছি, তার আগের বছরে 2010-11-তে revenue deficit ছিল 3.65, সেটাকে নামিয়ে আমরা 2.78-এ, ২০১১-১২-তে, আরও নামিয়ে 2.22, ২০১২-১৩-তে এবং R.E.-তে ২০১৩-১৪-তে আমরা 1.29-এ চলে যাচ্ছি, moving towards zero. This is called fiscal discipline. তৃতীয় পয়েন্ট আপনারা শুনে খুশি হবেন that even আপনি যদি এটা ছেড়েও 1 সে আপনি যদি আরও একটা ইস্যু নেন, সেটা খুব interesting, ডেট GDP ratio, ডেট GDP ratio—তার মানে GDP-র তুলনায় ঋণের হার। আমরা যখন এসেছি তখন ছিল 40.60। ২০১১-তে 39.10 এবং finally ২০১৪-১৫-তে 34.30 R.E.। তার মানে যেদিকে দেখবেন There is fiscal fiscal control, fiscal sincerity to bring down the health of fiscal environment. স্যার, সুখবিলাসবাবু বলেছেন যে, আমি নাকি Sir, Joseph Stiglitz ইচ্ছের কথা বলেছিলাম। Joseph Stiglitz-এর কথা বলেছিলাম, as incomplete market, এই কথাটা Joseph Stiglitz বলেছিলেন। তার মানে ডাঃ মিশ্র নিজে যেটা বলছিলেন যে মানুষরা গরীব, যারা দরিদ্র তারা হয়তো আমাদের সবাইকার মতো আমরা বাজার থেকে কিনি, তারা বাজার থেকে সংস্পর্শে নেই। সেহেতু interesting হচ্ছে incomplete market concept-এর উপরে অনেক কাজ করছেন। উনি asymmetric information কথা বলেছেন। একজন নোবেল প্রাইজ পেয়েছিলেন ১৯৭৪ সালে, তিনি প্রথম লিখেছিলেন on the imperfect information, তা asymmetric পরে কথাটা আছে। সেহেতু তার মধ্যে আমি যেতে চাই না। আমার শুধু এইটুকু বক্তব্য, যেটা বলেছিলাম incomplete market, I stand by it. Joseph Stiglitz incomplete market খুব অল্প বয়সে সেই কাজটা করেছিলেন। স্যার, এবারে আমি ফাইনালি আসছি, আমি খুব সময় নিতে চাই না, data-তে আসছি। যেটা নতুন সেহেতু আমাদের, Hon'ble Member of the House খুব interested হবে। সেটা হচ্ছে যে এই ঋণের আগের কথা বলা হয়েছে। আমি একটু আপনাকে shocking data দিতে চাই। আমরা বার বার বলি যে, ঋণের ভার আপনারা ছেড়ে গেছেন, সেই ঋণের ভারের জন্য আমাদের এই ব্যবস্থা। কোশ্চেন, এটা কতটা সত্য, তা আমি তথ্যের মাধ্যমে জানাতে চাই। আমরা যখন এসেছিলাম, তারপরে আপনারা figuresগুলো জানেন, debt ২০১৫-র RE-তে 31.3.15-এ debt 2,74,800। এই কথাটা বলেছেন আপনারা ইট ইজ এ পাবলিক ডেটা, আমি reaffirm করছি। তার মানে increasing debt বেড়েছে।

82,964, আমাদের ঋণ বেড়েছে। প্রশ্নটা হচ্ছে এই যে বেড়েছে ঋণ তার কতটা আগের ঋণকে service করতে পেরেছে, আর কতটা আমরা নিয়েছি। এটা খুব গুরুত্বপূর্ণ, important। এই প্রশ্নের জবাবটা পেলেই আমরা যে বলছি, অচ্ছেদ্য চক্র বা বিশেষ সাইকেল, সেটা হয় fail করবে, না হয় প্রমাণিত হবে। 82,964 হচ্ছে ২০১৫-র RE-র debt। আপনারা শুনে অবাক হয়ে যাবেন যে, principal শোধ করা of only the burden যে burden-টা শোধ করা principal ২৬০০৯। আর ইনটারেস্ট ৫০৩৩৭। আমি দায়িত্বের সঙ্গে বলছি, out of 82,964 ক্রোড়স 76,346.78 ক্রোড়স—ওই যে burden ওটাকে carry করার জন্যে exact debt আপনাদের সামনে তুলে দিলাম।

[5.30-5.40 p.m.]

অ্যাডিশনাল আমরা কত বরো করেছি ? ৬৬১৭ ইন থ্রি ইয়ার্স। আমি খুব স্পষ্টভাবে বলতে চাই যে, ৮২,৯৬৪ কোটি টাকা ধার, তার ৭৬,৩৪৬ কোটি টাকা হচ্ছে ওই পুরনো ঋণের বোঝা, ওই পাপের বোঝা বহন করার জন্য। আপনারা যদি চান আমি ব্রেক ডাউন দিয়ে দিচ্ছি। মারকেট লোন ওই ঋণের জন্য ১১,০৯০ কোটি টাকা, ইনটারেস্ট ২১,৩৫৫ কোটি টাকা, এন.এস.এফ.এফ. লোন ১২,০৬৯ কোটি টাকা, এই লোনের জন্য এবং ২৮,২৪৯ কোটি টাকা ইনটারেস্ট। ডব্লু.বি.আই.ডি.এফ.সি. লোন ২৮৫০ কোটি টাকা, প্রিন্সিপ্যাল এবং ইনটারেস্টের জন্য ৭৩২ কোটি টাকা, এটা যদি যোগ করেন, দেখবেন প্রিন্সিপ্যাল ওই ঋণের জন্য আমাদের শোধ দিতে হচ্ছে, ১০ বছর পরে ম্যাচিয়োর করছে আপনারা জানেন, সেটা শোধ দিতে হয় প্রিন্সিপ্যালটা, সেটা হচ্ছে ২৬ হাজার কোটি টাকা, ওই ঋণের যেটা ১০ বছর আগে নেওয়া হয়েছিল। আর ইনটারেস্ট ৫০,৩৩৭ কোটি টাকা ইটস এ সেম যে ওই ওজন, এই ঋণের ফাঁদ আমাদের গলায় পরিয়ে দিয়ে গেছেন, সেইজন্য এই কথাটা আগে যখন বলতাম আপনারা প্রোটেস্ট করতেন, আজ তথ্যের মাধ্যমে দেখিয়ে দিচ্ছি what is it does be mean যেটা একটা অচ্ছেদ্য চক্র, vicious circle কেন বলেছি আমি এই বাজেটে তা ডেটা দিয়ে দেখিয়ে দিচ্ছি। তাহলে Actual debt অফ দিস গভর্নমেন্ট কত ? ৬৬১৭ crores since we came to office। সেই হেতু স্যার আমি এই কথা বলে শেষ করতে চাই যে এই বাজেটে আমরা চেষ্টা করেছি ট্রান্সপারেন্সির সঙ্গে ওপেনলি আমরা আপনাদের সামনে যে ভয়ঙ্কর ইনক্রিজ হয়েছে। একটা কথা ছেড়ে গেলাম সেটা শেষ করে দিই, অন এমপ্লয়মেন্ট, কর্মসংস্থান সম্বন্ধে। ৪টি কথা বলব স্যার। প্রথম হচ্ছে, কোথা থেকে এল, লেবার ক্যাপিটাল রেসিয়ো ক্যালকুলেট করুন। ক্যাপিটেলের ক্ষেত্রে কি হয়েছে ? এক্সপেন্ডিচার নেগেটিভ ২৬% ছিল, পজেটিভ ২৪%, তার পরের বছর ৬৪% তার পরের বছর ৫২%। তার মানে একিউমুলেটেড ক্যাপিটাল প্রোভাইডিং এমপ্লয়মেন্ট।

মিঃ স্পীকার : উইথ দি কনসেন্ট অফ দি হাউস আমি ৫ মিনিট সময় বাড়ালাম।

ডঃ অমিত মিত্র : স্যার, ১ নম্বর হচ্ছে লেবার ক্যাপিটাল রেসিও ক্যালকুলেট করুন, নম্বর পেয়ে যাবেন। নাম্বার টু, লেবার আউটপুট রেসিয়ো। আউটপুট মানে কি ? জি.ডি.পি. বা জি.এস.ডি.পি., সেই ক্ষেত্রে কি হয়েছে ? সিস্টেমেটিক্যালি জি.ডি.পি., জি.এস.ডি.পি.জি. বি.এ. বেড়ে চলেছে। তার থেকে হচ্ছে এমপ্লয়মেন্ট। তৃতীয় স্মল অ্যান্ড মিডিয়াম

এন্টারপ্রাইস যেটা আপনারা ধরতে পারবেন না, তাতে আমরা প্রাইজ পেয়েছি ২ বছর। ২০১৩-১৪ bank lending, যেটা লেবার ইনটেনসিভ। বিশাল কর্মসংস্থান এই রাজ্যে থ্রু লেবার ইনটেনসিভ সেক্টর হয়েছে। অ্যান্ড ফাইনালি সারভিসেস সেক্টর, যেটা এই ধরনের ইকনমিক্সে ধরা যায় না। আমি বলব বিরাট সারভিসেস সেক্টর, প্রগতির অনেক উদাহরণ আমি দিয়েছি। এই ৪টি জিনিস যদি ধরে রাখেন it will be very simple for you Sir. আমার Hon'ble Members তাঁরা খুশি হবেন জেনে যে, যে ফিগারস আমি দিয়েছি দ্যাট ইজ এন আন্ডার এস্টিমেটস আই হোপ যখন আমরা আগের বছর আসব দেখব সেটা আমরা ফুলফিল করেছি। আমি স্যার সবাইকে ধন্যবাদ দেব, আপনারা প্রেজেন্টলি শুনেছেন, তার জন্য আমি সত্যিই বাধিত স্যার। আমার Hon'ble Members Across parties তাঁদের সবাইকে আমি বিশেষভাবে ধন্যবাদ দেব এই বাজেট আলোচনায় পার্টিসিপেট করার জন্য, of course leader of the Opposition and a very remarkable statement, আশা করি আপনার অনেকগুলোর উত্তর আমি দিয়েছি। এই বলে আমার বক্তব্য নমস্কার প্রণাম করে শেষ করছি। থ্যাঙ্ক ইউ।

MOTION FOR VOTE ON ACCOUNT

Dr. Amit Mitra : Sir, on the recommendation of the Governor, I beg to move—

That a sum not exceeding ₹ 36367,51,48,000 only be granted to the Governor, on account, for or towards defraying the charges for the following services and purposes during the year ending on the 31st March, 2016, namely :—

Demand No.	Major Head		Sum not exceeding
1	2		3
			₹
1	2011—State Legislatures	..	18,80,84,000
	2059—Public Works	..	1,54,00,000
	4059—Capital Outlay on Public Works	..	4,50,00,000
3	2013—Council of Ministers	..	9,86,54,000
4	2401—Crop Husbandry	..	16,66,67,000
	2408—Food, Storage and Warehousing	..	4,37,46,000
	2435—Other Agricultural Programmes	..	14,30,84,000
	3451—Secretariat—Economic Services	..	37,05,000
	4401—Capital Outlay on Crop Husbandry	..	16,66,67,000
	4435—Capital Outlay on Other Agricultural Programmes	..	37,00,00,000

1	2		3
			₹
5	2235—Social Security and Welfare	..	22,90,54,000
	2236—Nutrition	..	1,17,000
	2401—Crop Husbandry	..	352,20,22,000
	2402—Soil and Water Conservation	..	25,29,60,000
	2415—Agricultural Research and Education	..	71,99,06,000
	2551—Hill Areas	..	91,67,000
	3451—Secretariat—Economic Services	..	2,13,91,000
	4401—Capital Outlay on Crop Husbandry	..	197,66,67,000
	4415—Capital Outlay on Agricultural Research and Education	..	1,66,67,000
6	2235—Social Security and Welfare	..	47,000
	2401—Crop Husbandry	..	33,33,34,000
	2403—Animal Husbandry	..	162,84,59,000
	2404—Dairy Development	..	62,94,92,000
	2415—Agricultural Research and Education	..	2,23,98,000
	2515—Other Rural Development Programmes	..	16,95,33,000
	2551—Hill Areas	..	1,46,67,000
	3451—Secretariat—Economic Services	..	1,08,45,000
	4403—Capital Outlay on Animal Husbandry	..	23,69,00,000
	4404—Capital Outlay on Dairy Development	..	5,81,67,000
7	2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes and Minorities	..	204,47,27,000
	2251—Secretariat—Social Services	..	1,08,10,000
	4225—Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities	..	8,81,67,000
8	2216—Housing	..	3,38,000
	2250—Other Social Services	..	27,000
	2401—Crop Husbandry	..	38,69,71,000
	2404—Dairy Development	..	1,82,000
	2425—Co-operation	..	70,22,25,000
	2515—Other Rural Development Programmes	..	4,47,44,000
	3451—Secretariat—Economic Services	..	1,45,71,000
	4216—Capital Outlay on Housing	..	10,00,000
	4250—Capital Outlay on Other Social Services	..	27,000
	4425—Capital Outlay on Co-operation	..	5,46,38,000
	6250—Loans for Other Social Services	..	14,000
	6425—Loans for Co-operation	..	1,04,01,000

1	2		3
			₹
	2058—Stationery and Printing	..	11,75,52,000
	2852—Industries	..	248,64,94,000
	2853—Non-Ferrous Mining and Metallurgical Industries	..	2,06,10,000
	3451—Secretariat—Economic Services	..	2,73,70,000
	3475—Other General Economic Services	..	30,86,000
	4059—Capital Outlay on Public Works	..	3,34,000
	4407—Capital Outlay on Plantations	..	1,000
	4551—Capital Outlay on Hill Areas	..	1,000
9	4857—Capital Outlay on Chemical and Pharmaceutical Industries	..	1,21,82,000
	4860—Capital Outlay on Consumer Industries	..	33,34,000
	4885—Other Capital Outlay on Industries and Minerals	..	8,33,34,000
	6407—Loans for Plantations	..	1,28,63,000
	6551—Loans for Hill Areas	..	2,94,01,000
	6857—Loans for Chemical and Pharmaceutical Industries	..	1,12,34,000
	6860—Loans for Consumer Industries	..	1,13,67,000
	6885—Other Loans to Industries and Minerals	..	66,67,000
	7465—Loans for General Financial and Trading Institutions	..	11,83,34,000
	2052—Secretariat—General Services	..	65,57,000
10	3456—Civil Supplies	..	19,07,62,000
	3475—Other General Economic Services	..	4,73,25,000
	2401—Crop Husbandry	..	6,18,38,000
	2551—Hill Areas	..	1,34,000
	2851—Village and Small Industries	..	207,04,78,000
11	3451—Secretariat—Economic Services	..	1,63,50,000
	4851—Capital Outlay on Village and Small Industries	..	68,15,34,000
	6851—Loans for Village and Small Industries	..	3,30,00,000
	6860—Loans for Consumer Industries	..	18,59,32,000
	2059—Public Works	..	16,67,000
	2505—Rural Employment	..	14,56,05,000
	2575—Other Special Areas Programmes	..	59,00,00,000
12	3451—Secretariat—Economic Services	..	3,79,89,000
	4235—Capital Outlay on Social Security and Welfare	..	16,67,000
	4575—Capital Outlay on Other Special Areas Programme	..	31,46,34,000

1	2		3
			₹
13	2202—General Education	..	818,90,36,000
	2203—Technical Education	..	20,93,82,000
	2204—Sports and Youth Services	..	9,94,73,000
	2205—Art and Culture	..	8,17,96,000
	2251—Secretariat—Social Services	..	2,85,69,000
	3454—Census, Surveys and Statistics	..	25,55,000
	4202—Capital Outlay on Education, Sports, Art and Culture	..	29,65,40,000
	5054—Capital Outlay on Roads and Bridges	..	5,33,34,000
14	2202—General Education	..	72,66,11,000
	2205—Art and Culture	..	1,71,67,000
	2235—Social Security and Welfare	..	7,03,98,000
	2251—Secretariat—Social Services	..	76,39,000
	2515—Other Rural Development Programmes	..	1,89,08,000
	4202—Capital Outlay on Education, Sports, Art and Culture	..	2,01,42,000
	4235—Capital Outlay on Social Security and Welfare	..	30,67,000
15	2202—General Education	..	6993,52,91,000
	2204—Sports and Youth Services	..	2,28,68,000
	2251—Secretariat—Social Services	..	1,78,72,000
	2551—Hill Areas	..	16,67,000
	4202—Capital Outlay on Education, Sports, Art and Culture	..	54,33,34,000
16	2215—Water Supply and Sanitation	..	1,19,16,000
	2251—Secretariat—Social Services	..	1,11,37,000
	3425—Other Scientific Research	..	29,37,000
	3435—Ecology and Environment	..	16,36,67,000
17	2039—State Excise	..	50,64,83,000
	2052—Secretariat—General Services	..	35,30,000
	4059—Capital Outlay on Public Works	..	3,41,67,000
18	2014—Administration of Justice	..	1,65,85,000
	2020—Collection of Taxes on Income and Expenditure	..	7,49,72,000
	2029—Land Revenue	..	26,79,000
	2030—Stamps and Registration	..	33,15,83,000
	2035—Collection of Other Taxes on Property and Capital Transactions	..	32,64,000

1	2		3
			₹
	2040—Taxes on Sales, Trades etc.	..	73,34,89,000
	2045—Other Taxes and Duties on Commodities and Services	..	2,11,25,000
	2047—Other Fiscal Services	..	11,24,43,000
	2052—Secretariat—General Services	..	26,79,65,000
	2054—Treasury and Accounts Administration	..	49,25,73,000
	2058—Stationery and Printing	..	91,67,000
	2059—Public Works	..	59,000
	2070—Other Administrative Services	..	78,65,000
18	2071—Pensions and Other Retirement Benefits	..	4615,42,50,000
	2075—Miscellaneous General Services	..	22,03,23,000
	2235—Social Security and Welfare	..	53,58,29,000
	2250—Other Social Services	..	7,50,25,000
	3454—Census, Surveys and Statistics	..	99,92,000
	3475—Other General Economic Services	..	5,97,000
	4059—Capital Outlay on Public Works	..	5,83,34,000
	4216—Capital Outlay on Housing	..	16,67,000
	4885—Other Capital Outlay on Industries and Minerals	..	18,33,34,000
	5465—Investments in General Financial and Trading Institutions	..	1,66,67,000
	7610—Loans to Government Servants etc.	..	2,40,35,000
	2052—Secretariat—General Services	..	61,61,000
	2059—Public Works	..	22,08,000
19	2070—Other Administrative Services	..	72,07,67,000
শ্রী পরশ দত্ত : মাননীয় চেয়ারম্যান স্যার, এখানে যে ডিমান্ডটা দেওয়া হয়েছে এটা কোনো পলিসিগত ডিমান্ড নয়। This is absolutely an administrative demand। এটা যদি বুঝে থাকেন, তাহলে এতক্ষণ ধরে আমার পূর্ববর্তী বক্তা বন্ধু যিনি মন্ত্রীও ছিলেন আগে, আমি বুঝি না, তিনি এতক্ষণ ধরে গরু রচনার বক্তৃতা কেন করে গেলেন ? স্যার, এখানে এই ডিমান্ডটা কিসের ডিমান্ড ? উনি প্রথম sentence টায় বলেছেন যে উন্নয়নশীল দেশে উন্নয়ন করতে গেলে budget provision, revised budget provision তার বাইরেও কিছু খরচা হয়। সেই খরচাটাকে যেহেতু এই Assembly-র অনুমোদন ছাড়া কোনো খরচা লিপিবদ্ধ করা যায় না, সেইজন্য এই Demand-টাকে Grant করতে হবে। সেইজন্য supplementary। দেখবেন supplementaryটা ১৪-১৫-র। বাজেটটা হচ্ছে ১৫-১৬টা next year-এর। এটা ১৪-১৫-র যেটা খরচা হয়ে গেছে। উনি First sentenceটা ঠিক বলেছেন। উন্নয়নশীল দেশে এই ধরনের খরচা হয়ে যায় এবং সেটাকে তারপরে regularize করতে হয়। লোকসভাও করা হয়, বিভিন্ন রাজ্যেও করা হয়। ...(গোলমাল)... আরে শুনে নিন না, যদি না বুঝে থাকেন বুঝুন। কিন্তু মাঝখানে ওরকম কথা বলবেন না। এখানে এই যে সাপ্লিমেন্টারি বাজেটটা বিচার করতে হবে যে খরচটা কিভাবে করা হয়েছে। মেলার জন্য খরচ একটা হেড অফ অ্যাকাউন্ট নেই। অথচ বলে গেলেন আপনি, you have been an administrator, I failed to understand what prompted you to say such thing being a senior member. মেলার জন্য খরচার একটা হেড অফ অ্যাকাউন্টও নেই। দেখুন, কোথায় আছে। capital outlay—হ্যাঁ, যদি সত্যি সত্যি রাজ্যের উন্নয়ন করতে হয়, রাজ্যের ইনফ্রাস্ট্রাকচারের উন্নয়ন করতে হয়, রাজ্যের ভবিষ্যৎ economic edifice-কে বাড়াতে হয়, দাঁড় করাতে হয় তাহলে খরচা কিছু কিছু বেড়ে যেতে পারে। সেটাকে এখানে অনুমোদন দেওয়ার জন্য এই হাউসে আনা হয়েছে, Am I right Mr. Finance Minister. গত বছরও আনা হয়েছিল, প্রত্যেক বছরে আনা হয়। আমি অবাক হয়ে দেখছি, Necessary expenditure made beyond budget provision of normal budget of revised budget estimate. তার বাইরেও যেগুলো করতে হচ্ছে সেইগুলোকে এখানে আনতে হবে। দেখুন, এর ভেতরে আনা হয়েছে কি ? প্রথমেই আমি দেখাব, ডিমান্ড নং—৪৪টা দেখুন। Additional provision is required to increase State share of DFID assisted restructuring public sector enterprises in West Bengal. এই যে পাবলিক সেক্টর এন্টারপ্রাইজগুলোকে রিস্ট্রাকচার করবার জন্য সেখানকার শেয়ার ক্যাপিটালে বাড়ানোর দরকার ছিল। এটা তো যখন বাজেটটা তৈরি হয়েছিল গত বছর তখন তো এটা আসেনি। পরবর্তীকালে এসেছে তাই এই খরচটা করবার দরকার হয়েছে। সেইজন্য সেই খরচটাকে রেগুলারাইজ করবার জন্য এখানে ডিমান্ড নং ৪৮-এ দেওয়া হয়েছে। আপনার যদি মনে হয় ভুল বলছি, তাহলে আপনার যখন বলার আসবে তখন নিশ্চয় বলবেন। If you say something, please say logical. এখান থেকে বলবেন না, এখান থেকে বলবেন। স্যার, আর একটা দেখুন, ২৪ নং ডিমান্ডে ৮২৮ কোটি ৮৪ লক্ষ ৯৩ হাজার টাকা এখানে চাওয়া হয়েছে। কেন ? প্রত্যেকটার হেড অফ

অ্যাকাউন্টের তলায় কিন্তু এক্সপ্লানেশান দেওয়া হয়েছে। Additional provision is mainly required from meeting additional requirement for establishment charges for National Rural Health Mission. একটা ওয়েলফেয়ার স্টেট সে এই কাজে এক্সট্রা পয়সা খরচ করবে না ? কেউ বলতে পারেন করবে না। সেইজন্য তো এটা চাওয়া হয়েছে। Charged Rs. 1,50,000.00 was drawn as an advance from the contingency fund of West Bengal for payment of decretal dues and an equivalent amount is required for recoupment to that fund during the current financial year. Hence the additional provision is being taken. করবেন না এখানে কাজ ? এটাকে কি কেউ oppose করবেন ? স্যার, oppose করার জায়গা নেই তো, oppose করতে গেলে ওই গরুর রচনা করতে হবে, উপায় নেই। স্যার, আমি কতগুলো এক্সজাম্পেল দিচ্ছি। Sir, Demand No. 53 loan for inland water transport. Additional provision is required for payment of salaries and wages to Shalimar Works.

[6.00—6.10 p.m.]

আপনারা জানেন শালিমার ওয়ার্কসের লায়াবিলিটিটা কিভাবে এসেছিল। সেই লায়াবিলিটিটাকে এই যে অ্যাডিশনাল ওয়েজেস অ্যান্ড পেনস, তার জন্য অরিজিনাল বাজেটে প্রভিশান করার কোনো উপায় ছিল না। সেইজন্য এটাকে এখানে আনা হয়েছে। কত টাকা ? ৬ কোটি ৯৮ লক্ষ ১২ হাজার। স্যার, এইগুলো করার দরকার এইজন্য, আমি আমার বাজেট ভাষণে গতকাল বলেছিলাম, বাজেট নিয়ে গতকাল যখন আমি ডিবেটে বলছিলাম যে এক তো ক্যাপিটাল আউট লে-তে খরচা করলে রাজ্যের উন্নয়নের পথ পরিষ্কার হয়। অথবা প্ল্যানে, প্ল্যান খাতে, নন-প্ল্যানে খরচা করে উন্নয়ন হয় না। আমি বলছিলাম, একটা সময় ছিল, যখন আমি ওদিকে বসতাম। প্রত্যেকবার বাজেটের সময় চিৎকার করতাম যে এতটা নন-প্ল্যানে খরচা কেন ? যেখানে লোন করতে হচ্ছে সেখানে নন-প্ল্যানে এতটা খরচা কেন ? Tighten your belt, নন-প্ল্যানে খরচা কমিয়ে দিয়ে প্ল্যানের খরচা কমপারেটিভলি বাড়ান। যত প্ল্যানের খরচা বাড়াবেন, তত অ্যাসেট ক্রিয়েশান হবে। যত অ্যাসেট ক্রিয়েশান হবে, তত অ্যাসেট থেকে রিটার্ন আসবে। যত রিটার্ন আসবে তত আপনি ভবিষ্যৎ নন-প্ল্যানেও খরচা করতে পারবেন। আর তা যদি না করেন তাহলে ভবিষ্যৎ নন-প্ল্যানের খরচাগুলো আপনাকে সমস্ত লোন নিয়ে করতে হবে। যার জন্য আমি কালকে বলেছিলাম একসময় এমন অবস্থা হয়েছিল বামফ্রন্ট সরকারের যে পিয়ারলেস কোম্পানি থেকে লোন নিয়ে কর্মচারীদের মাইনে পর্যন্ত দিতে হয়েছে। এই দুর্দিন আমরা দেখেছি। আজকে যে ২ লক্ষ তিন হাজার কোটি টাকার কথা আমরা বলি, এটা তো আর একদিনে হয়নি। ওটা কিউমুলেটিভ লোন। আপনারা লোন করেছিলেন, নন-প্ল্যানে খরচা করেছেন, সুদটা দিতে পারেননি, আসলটার সঙ্গে সুদ বেড়ে লোনটা বেড়েছে। কিছু সুদ শোধ করেছেন, বেশিরভাগটা শোধ করতে পারেননি। আর পারেননি বলেই ধীরে ধীরে সেটা অ্যাকুমুলেটেড হয়ে যখন আমরা সরকারে এলাম, দেখলাম ২ লক্ষ তিন হাজার কোটি টাকা

ঋণ। আমরা সেটাকে শোধ করছি দেখুন। প্ল্যান এক্সপেনডিচারে খরচা করছি, ক্যাপিটাল এক্সপেনডিচারে খরচা করছি যাতে এই রাজ্যের সম্পদ সৃষ্টি হয়। সম্পদ সৃষ্টি হলে সম্পদ থেকে তার রিটার্ন আসবে। সেই রিটার্ন থেকে এক তো আপনাদের ফেলে যাওয়া যে প্যাকেজ আমরা নিয়ে যাচ্ছি, এই পাপের বোঝা লাঘব করতে পারব। আর সেই সঙ্গে সঙ্গে রাজ্যের উন্নয়নের জন্য অনেক খরচা করতে পারব। যেমন যেমন রিটার্ন আসবে, তেমন তেমন খরচা করব। তাই সাপ্লিমেন্টারি বাজেটের সেই খরচা বাজেটের প্রভিশান বহির্ভূত খরচা করতে হয়। সেটাকে গ্রান্ট নেব। এটাই তো একটা উন্নয়নের পথ। আনিসুর সাহেব কেসটা বুঝেছেন। সেইজন্য বলছি স্যার, এই সাপ্লিমেন্টারি গ্রান্টের যে ডিমান্ড, এটার উপর বিতর্কের কোনো অবকাশ নেই। আমারও এত কথা বলার কোনো ইচ্ছাই ছিল না। আমি একটু আগে বলছিলাম মাননীয় অর্থমন্ত্রীকে যে আমাকে যে সময় দেওয়া হয়েছে, এতটা সময় তো এতে লাগে না। কিন্তু আমাকে এখানে বলতে হল কেন ? এই সমস্ত কথা হচ্ছে বলে। I had the audacity, I take the audacity to say that I had to say all this things to educate poor people যারা জানেন না সাপ্লিমেন্টারি গ্রান্টটা কিভাবে হয়। স্যার, সেইজন্য আমি বলছি এই গ্রান্টটা বিতর্ক ছাড়া দু-চার কথায় সকলের মেনে তো নিতেই হবে। সকলেই মেনে নিন। আমি সবাইকে ধন্যবাদ জানাই।

ডঃ সুখবিলাস বর্মা : মিঃ চেয়ারম্যান স্যার, সাপ্লিমেন্টারি গ্রান্ট নিয়ে এখন যে বিতর্ক হচ্ছে, পরেশবাবু ঠিকই বলেছেন, বিতর্কের কোনো অবকাশ নেই। কেননা এটা দিতেই হবে। কনস্টিটিউশনালি আমরা বাধ্য। তবে কিছু কথা বলতে ইচ্ছা করে এইজন্য যে সাপ্লিমেন্টারি গ্রান্টের মানেটা কি ? মানে হল যেটা বাজেটে ধরা হয়নি, যেটা রিভাইজেও ধরা হয়নি, তার বাইরে যে টাকাটা খরচ হচ্ছে, সেই টাকাটা সাপ্লিমেন্টারি হিসাবে মঞ্জুর করতে হবে। আশ্চর্য হয়ে যাচ্ছি যে রিভাইজ্‌ড পর্যন্ত সেই টাকাটা কেন ধরা হল না। যেমন ইন্টারেস্ট পেমেন্ট। জানা আছে ইন্টারেস্ট পেমেন্ট দিতেই হবে। সেটা আমরা ধরব না কেন ? ওই একটাই কারণ ডিপ্রেস্‌ড করা এক্সপেনডিচারকে। অন্য কোনো কারণ থাকার কথা নেই। কারণ ইন্টারেস্ট পেমেন্ট দিতেই হবে। এখানে যেমন আছে ইন্টারেস্ট পেমেন্ট কত টাকা—নয়শো কত কোটি টাকা। এবং এই ইন্টারেস্ট পেমেন্টটা কি ? মজা হচ্ছে, সবই তো হচ্ছে যত দোষ নন্দ ঘোষ—ওরা টাকা নিয়েছিল এইজন্য আমাদের ইন্টারেস্ট দিতে হচ্ছে। কিন্তু এই ইন্টারেস্টগুলি কি—শুনুন কি লেখা আছে ৯.৮৫% ওয়েস্ট বেঙ্গল ২০০৪ রিসিভ্‌ড অন ২৬.২.২০১৪। ২০১৪ সালে যে ঋণগুলি নেওয়া হয়েছে। এবং ২০১৩ সালে সেই ঋণগুলির উপর ইন্টারেস্ট। এগুলি জানা উচিত। এগুলি কেন ধরা হয়নি। রুরাল এমপ্লয়মেন্টের টাকা জানা উচিত, কেন সেগুলি ধরা হয়নি ? কেন ধরা হয়নি আমি বুঝতে পারছি না। একটা অঙ্ক দেখানো আছে এখানে ৬০ কোটি টাকা, উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগকে দেওয়া হয়েছে। আমি এর আগে অনেকবার কথা বলেছি যে উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগ constitution-এর বাইরে কাজ করছে। উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের মাধ্যমে কাজ করার কথা রুল্‌স অফ বিজনেস অনুসারে। বারবার আমরা কমিটির মিটিংয়ে বলেছি। লিখিত দেওয়া হয়েছে কিন্তু করছে না এবং টাকা নয়-ছয় করছে, কোটি কোটি টাকা। আমি মাননীয় অর্থমন্ত্রীকে চিঠি দিয়েছিলাম। অথচ তাকেই

আবার ৬০ কোটি টাকা দেওয়া হচ্ছে ; হোয়্যার অ্যাজ একই অবস্থার PUP অর্থাৎ পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ, তারা পর্ষদের মাধ্যমে কাজ করছে। আমরা দেখে এলাম, আমরা কয়েকদিন আগে দেখে এসেছি। মাননীয় চেয়ারম্যান নিজেও ছিলেন। অপূর্ব কাজ হয়েছে সেখানে। কি কাজ করেছে সুকুমার হাঁসদার ডিপার্টমেন্ট CADP মিলে, দেখার মতন। পুরুলিয়াতে যে ধরনের ক্রস বাঁধ করেছেন, ইরিগেশান ইত্যাদির ব্যবস্থা করেছেন, কত সুন্দর সব কাজ হয়েছে। আর এখানে এক উত্তরকন্যা—একটা শো পিস। ৬০ কোটি না ৭০ কোটি টাকা দিয়ে করেছেন যার কোনো ইউটিলিটি নেই। সেখানে ৬০ কোটির বাইরে ৯ কোটি টাকা দিয়ে গেস্ট হাউস ! এই বিভাগের এক-একটা রাস্তার এস্টিমেট যেটা জেলা পরিষদে ৮৫ লক্ষ, ৯০ লক্ষ সেটা এদের হচ্ছে চার কোটি টাকা। কয়েকজন মাত্র ইঞ্জিনিয়ার তাকে নিয়ে কাজ করছে। PWD-এর এত ইঞ্জিনিয়ার আছে ; তারা অত কাজ করে না। এই একজন না দুইজন ইঞ্জিনিয়ারকে তাদের সঙ্গে শাটমিল করে মন্ত্রী এবং সেখানকার অন্যান্য যারা আমলা তারা এটার সর্বনাশ করছে। উত্তরবঙ্গের সর্বনাশ করছে। যে গ্যাপ ফিলিং, আসল উদ্দেশ্য ছিল গ্যাপ ফিলিং—ক্রিটিক্যাল গ্যাপ ফিলিং, সেইসব ছেড়ে দিয়ে বড়ো বড়ো PWD-এর কাজ করছে, ইরিগেশানের কাজ করছে। কোটি কোটি টাকার একেবারে সর্বনাশ করছে। তাকে আবার দেওয়া হচ্ছে ৬০ কোটি টাকা। কেন ? কিসের জন্য ? আমার আপত্তিটা সেখানেই। যেখানে খরচ লাগবে অবশ্যই দেবেন। কিন্তু যেটা আন্দাজ করা যাচ্ছিল সেখানে কেন এই সাপ্লিমেন্টারি হবে ? তারপরে ওল্ড এজ পেনশানের জন্য টাকা—মাননীয় অর্থমন্ত্রী বলছিলেন পেনশানের জন্য টাকা নাকি দেওয়া হয়নি। পেনশানের জন্য টাকা কম ধরা হয়েছিল। যার জন্য এখন সাপ্লিমেন্টারি দিতে হচ্ছে। স্যালারিতে উনি কমপেয়ার করলেন ২০১০-১১ সালের সঙ্গে ২০১৪-১৫ সালের। আমি জানি না কোনো অর্থনীতিবিদ ২০১০-১১ সালের সঙ্গে ২০১৪-১৫ সালের compare করেন। Can you compare like that। অথচ তিনি এখানে একজন মাননীয় সদস্যকে নিয়ে বিদ্রূপ করলেন মিলিয়ন ওয়াট, মেগাওয়াট নিয়ে। আরে মিলিয়ন ইউনিট আর মেগাওয়াট কতজন জানেন ? কত জন জানেন, ডিফারেন্স ? কিন্তু উনি বিদ্রূপ করলেন, একজন সদস্যকে নিয়ে। আর নিজে ২০১০-১১ সালের সঙ্গে ২০১৪-১৫ সালের কমপেয়ার করলেন।

এগুলি খারাপ লাগে। আমাদের প্রত্যেক মেম্বারের একটা সম্মান আছে। আমি না জানতে পারি কিছু কিন্তু তার জন্য মন্ত্রীমশাই বিদ্রূপ করবেন ইট ইজ টু মাচ। স্যার এটা আমি আপনার নজরে নিয়ে আসছি। এই যে সাপ্লিমেন্টারি বিল, এই সাপ্লিমেন্টারির ব্যাপারে আমি আবার বললাম আমাদের আপত্তিগুলি হল ওখানে যেখানে দরকার নেই সেখানে দেওয়া আর যেখানে এস্টিমেট ধরার কথা জানা কথা সেটা কেন এস্টিমেটে আসেনি। আগে আসেনি অর এখন আসছে। আমাদের বাধ্য করা হচ্ছে ওই টাকাগুলোর অনুমোদন করার জন্য।

[6.10—6.20 p.m.]

কারণ আপনারা জানেন যে কনসলিডেটেড ফান্ড থেকে সদনের অনুমোদন ছাড়া একটি পয়সা নেওয়া যাবে না। আমি আর একটা কথা বলতে চাই যে, সাপ্লিমেন্টারিতে যেটা আসার কথা ছিল সেটা কেন এল না বুঝলাম না। আমরা যে সারদা নিয়ে এত কথা

বললাম—মাননীয় মুখ্যমন্ত্রী বললেন যে আমরা ৫০০ কোটি টাকার ফান্ড করব, আমরা এত কোটি টাকার ফান্ড করব। আলটিমেটলি সেটা এক পয়সারও ফান্ড হয়নি, একটি পয়সার ফান্ড নেই। ক্লেম করে যাচ্ছেন এত কোটি টাকার ফান্ডে আমরা এত টাকা দিচ্ছি। অথচ কি হয়েছে—আপনাদের নিশ্চয়ই মনে আছে যে, ২০১৩-'১৪ সালে সাপ্লিমেন্টারিতে আমরা অনুমোদন দিয়েছিলাম ১৬৫ কোটি ৭৫ লক্ষ ৩৫ হাজার। কিসের জন্য ? না, Government assistance towards compensation under West Bengal Compensatory Scheme for affected persons under the Sardha scam, 2013. তার জন্য ১৬৫ কোটি টাকা দিয়েছি। তারপরে এক পয়সারও অনুমোদন নেই। কোনটা সত্যি ? ১৬৫, না ওই ৩০০ কোটি—যেটা মাননীয়া মুখ্যমন্ত্রী বলছেন, নাকি ৫০০ কোটি টাকা। বলুন এখানে ঠিক করে অ্যাকচুয়ালি কোনটা। কেন মানুষকে বিভ্রান্ত করব, কেন আমরা সভাকে বিভ্রান্ত করব ? তাহলে সেটা বলুন ঠিকমতো করে। অথচ সেই সাপ্লিমেন্টারি এখানে আসেনি, যেটা আসার কথা ছিল। আর এছাড়া আমি জানি না আবার বলব কিনা—'কন্যাশ্রী' নিয়ে এত কথা, এত কথা—এটা নাকি পাইলট স্কিম। দুর্ভাগ্য আমাদের যে আমাদের নলেজটা খুব কম। এই ধরনের স্কিম ২০০৬-'০৭ সালে গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার ছিল, আরও ১৪টা স্টেটের ছিল এবং এই প্রকল্পের review study-র জন্য ২০১০ সালে প্ল্যানিং কমিশনে একটা কমিটি হয়েছিল। তারা Special Financial Incentive Scheme for the Girl Child in India : A Review of Selected Schemes নামে study report দিয়েছিল। কি ধরনের স্কিম ছিল ? কারা করেছেন study ? International Institute for Population Sciences at Mumbai তারা স্টাডি করেছেন ফর প্ল্যানিং কমিশন in collaboration with United Nations Population Fund। স্কিমগুলো নাম কি ? 'ধনলক্ষ্মী স্কিম' গভর্নমেন্ট অফ ইন্ডিয়া, 'ভাগ্যলক্ষ্মী স্কিম' কর্নাটক, 'লাডলি যোজনা'—এম.পি., 'গার্ল চাইল্ড প্রোটেকশান স্কিম' A.P.—এমনি এমনি করে ১৪টা স্টেটের স্কিম ছিল। আমরা শুধু শুধু সবাইকে এখানে বিভ্রান্ত করছি। খুব ভালো হচ্ছে কন্যাশ্রী প্রকল্প—আমি এক বাক্যে স্বীকার করে নিয়েছি খুব ভালো প্রকল্প। But definitely we cannot say that this is a pilot scheme. This is a model scheme. এর আগে অনেক স্কিম—বিভিন্ন স্টেটের ছিল। তাহলে সেই কারণে বলব না কেন যে এই ধরনের স্কিমগুলো আমাদের আগের সরকার করেনি। কিন্তু আমরাই প্রথম করলাম, অন্য কোথাও নেই—এই যে কথাগুলো এগুলো ভালো লাগে না, এগুলো বিভ্রান্তিকর হয়। আমি এই কয়েকটা মাত্র প্রতিবেদন রাখলাম। এটা রেখে বললাম যে, আমাদের কোনো উপায় নেই এটা অনুমোদন করতে হবে, এটা constitutional obligation, তাই সেই constitutional obligation-এ বাধ্য হয়ে আপনাদেরকে অনুমোদন দিতেই হবে। এই কথা বলে আমি শেষ করছি। ধন্যবাদ।

শ্রী কল্লোল খাঁ : স্যার ডিমান্ড ফর সাপ্লিমেন্টারি গ্রান্ট ২০১৪-'১৫ অর্থমন্ত্রীর আনা, সেটাকে সম্পূর্ণভাবে সমর্থন করে আমি কয়েকটা কথা বলতে চাই। এটা প্রথা অনুযায়ী যতদিন থেকে ভারতবর্ষের স্বাধীনতা লাভের পরে এই সংসদীয় গণতন্ত্রের উপরে দাঁড়িয়ে

বিধানসভার ভিতরে বহির্ভূত কাজের যে খরচ, তা অনুমোদন দিতে হয়। এই অনুমোদনটা ২০১৪-'১৫-র। বিগত দিনে নিশ্চয়ই যে উন্নয়ন হয়েছে সেটা আপনারা চাক্ষুষ দেখেছেন। বিরোধীরা আজকে এখানে কাটমোশান এনেছেন। আমি মনে করি এই কাটমোশান আনার কোনো প্রয়োজন নেই। তার কারণ মানুষ কয়েকদিন আগে উপনির্বাচনে তার জবাব দিয়েছেন বনগাঁ এবং কৃষ্ণগঞ্জে। সেই কারণে সুখবিলাসবাবু যেটা বলছিলেন 'কন্যাশ্রী'—আজকে আমাদের 'কন্যাশ্রী' আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এই পরিকল্পনাকে এমন জায়গায় পৌঁছে দিয়েছেন যে তা আজকে শুধু বাংলায় নয়, ভারতবর্ষে নয়, পৃথিবীর বিভিন্ন দেশে আজকে তা সমাদৃত হচ্ছে। তার জন্য পশ্চিমবঙ্গবাসীর সম্মানটা আজকে বেড়েছে। সুখবিলাসবাবু নিশ্চয়ই অনেক যোগ্য ব্যক্তি—তার উচিত হয়নি যে কন্যাশ্রী সম্পর্কে সমালোচনা করা। আমি আর এর বেশি কিছু বলতে চাই না। আমি শুধু বলতে চাই যে মাননীয় অর্থমন্ত্রী আজকে বাজেট বিবৃতির ভেতর দিয়ে ছন্দে ছন্দে সমস্ত ডিমান্ডের ওপরে অত্যন্ত সহজ সরল ভাষায় তিনি তাঁর অর্থ বরাদ্দের কথা বলেছেন। আমি নতুন করে আর বলতে চাই না। কারণ প্রথাগত দিক থেকে, গণতান্ত্রিক পদ্ধতিতে আজকে পাহাড় থেকে সাগর, সাগর থেকে জঙ্গলমহল-সহ দক্ষিণবঙ্গ সার্বিকভাবে বিভিন্ন দপ্তরের যে উন্নয়ন, সেই উন্নয়নের ক্ষেত্রে যে ডিমান্ডগুলো আজকে প্রতিফলিত হয়েছে, সেই বহির্ভূত অর্থের অনুমোদন সকলে মিলেই—আজকে কায়দা করে বলছেন, না আমরা এটা প্রথাভিত্তিক বলেই সমর্থন করছি। সোজাসুজি বলবার সাহসটা রাখুন। আমরা যেমন সোজাসুজি বলছি যেটা গণতান্ত্রিক পদ্ধতিতে, পরিষদীয় রাজনীতিতে বহির্ভূত কাজের যে উন্নয়ন, সেই অর্থ বরাদ্দের খরচটা অনুমোদিত করতে হয়। যখন বামফ্রন্ট সরকার ছিল ওনারাও করেছেন। নিয়ম মেনেই এই প্রস্তাব আমাদের অর্থমন্ত্রী নিয়ে এসেছেন। আমরা সেই সাপ্লিমেন্টারি বাজেটকে পুরোপুরি সমর্থন জানিয়ে, অর্থমন্ত্রীর সুন্দর পরিভাষণকে অভিনন্দন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

ডঃ অমিত মিত্র : অনারেবল স্পীকার স্যার, না আমার বক্তব্য বিশেষ নেই এই সম্বন্ধে। কেননা যেটা আমার সিনিয়ার কলিগ পরেশদা বলেছেন This is a financial exercise, সাপ্লিমেন্টারি—মাঝখানে আমরা রিভাইজ্‌ড পাশ করেছিলাম। এখন যেগুলো ওভার-ফ্লো আছে অ্যাকাউন্টিং ফরম্যাটে আমরা সেগুলো পাশ করেছি। So, I will not go into that discussion. কেননা এটা সবাই বোঝেন যে It is a routine matter. আমি এইটুকু বলে শেষ করব। আমি অনুরোধ করব যে House should pass.

Demand No. 3

Mr. Speaker : There is 1 cut motion to Demand No. 3. I put the cutmotion to vote.

As many as are of that opinion will please say AYE,
As many as are of the contrary opinion will please say NO.

NOES have it. NOES have it. The cut motion is lost.

Now I put to vote the Demand moved by Dr. Amit Mitra that a sum of Rs. 8,00,01,000 be granted for expenditure under Demand No. 3, Major Heads : "2013-Council of Ministers" during the current financial year.

As many as are of that opinion will please say Aye,
As many as are of the contrary opinion will please say NO.

AYES have it. AYES have it. The Demand No. 3 is passed.

Demand No. 4

Mr. Speaker : There are 3 cut motions to Demand No. 4. I put the cut motions to vote.

As many as are of that opinion will please say AYE,
As many as are of the contrary opinion will please say NO.

NOES have it. NOES have it. The cut motions are lost.

Now I put to vote the Demand moved by Dr. Amit Mitra that a sum of Rs. 10,00,00,000 be granted for expenditure under Demand No. 4, Major Heads : "6435—Loans for Other Agricultural Programmes" during the current financial year.

As many as are of that opinion will please say Aye,
As many as are of the contrary opinion will please say NO.

AYES have it. AYES have it. The Demand No. 6 is passed.

Demand No. 6

Mr. Speaker : There are four cut motions to Demand No. 6. I put the cut motions to vote.

As many as are of that opinion will please say AYE.
As many as are of the contrary opinion will please say NO.

NOES have it. NOES have it. The cut motions are lost.

Now I put to vote the Demand moved by Dr. Amit Mitra that a sum of Rs. 5,58,00,000 be granted for expenditure under Demand No. 6, Major Heads : "2403—Animal Husbandry" during the current financial year.

As many as are of that opinion will please say Aye,
As many as are of the contrary opinion will please say NO.

AYES have it. AYES have it. The Demand No. 6 is passed.

Demand No. 7

Mr. Speaker: There are six cut motions to Demand No. 7. I put the cut motions to vote.

As many as are of that opinion will please say AYE,
As many as are of the contrary opinion will please say NO.

NOES have it. NOES have it. The cut motions are lost.

Now I put to vote the Demand moved by Dr. Amit Mitra that a sum of Rs. 33,44,37,000 be granted for expenditure under Demand No. 7, Major Heads: "2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities and 2251—Secretariat—Social Services" during the current financial year.

As many as are of that opinion will please say Aye,
As many as are of the contrary opinion will please say NO.

AYES have it. AYES have it. The Demand No. 7 is passed.

[6.20—6.30 p.m.]

Demand No. 8

Mr. Speaker: There are three cut motions to Demand No. 8. I put the motions to vote.

As many as are of that opinion will please say AYE;
As many as are of the contrary opinion will please say NO.

NOES have it, NOES have it.
The cut motions are lost.

Now I put to vote the main motion that a sum of Rs. 1,60,00,000 be granted for expenditure under Demand No. 8, Major Head: 6425—Loans for "Co-operation" during the current financial year.

As many as are of the opinion will please say AYE;
As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.
Demand No. 8 is passed, Demand No. 8 is passed.

Demand No. 9

Mr. Speaker: There are one cut motion to Demand No. 9. I put the motions to vote.

As many as are of that opinion will please say AYE;

As many as are of the contrary opinion will please say NO.

NOES have it, NOES have it.
The cut motion is lost.

Now I put to vote the main motion that a sum of Rs. 121,97,50,000 be granted for expenditure under Demand No. 9, Major Heads : "6407—Loans for Plantations, 6551—Loans for Hill Areas and 6885—Other Loans to Industries and Minerals" during the current financial year.

As many as are of that opinion will please say AYE ;
As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.
Demand No. 9 is passed, Demand No. 9 is passed.

Demand No. 11

Mr. Speaker : There are four cut motions to Demand No. 11. I put the motions to vote.

As many as are of that opinion will please say AYE ;
As many as are of the contrary opinion will please say NO.

NOES have it, NOES have it.
The cut motions are lost.

Now I put to vote the main motion that a sum of Rs. 73,70,02,000 be granted for expenditure under Demand No. 11, Major Heads : "2581—Village Industries and 4851—Capital Outlay on Village and Small Industries" during the current financial year.

As many as are of the opinion will please say AYE ;
As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.
Demand No. 11 is passed, Demand No. 11 is passed.

Demand No. 12

Mr. Speaker : There are two cut motions to Demand No. 12. I put the motions to vote.

As many as are of that opinion will please say AYE ;
As many as are of the contrary opinion will please say NO.

NOES have it, NOES have it.

The cut motions are lost.

Now I put to vote the main motion that a sum of Rs. 4,89,00,000 be granted for expenditure under Demand No. 12, Major Heads: "4235—Capital Outlay on Social Security and Welfare and 4575—Capital Outlay on Other Special Areas Programme" during the current financial year.

As many as are of the opinion will please say AYE;
As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.
Demand No. 12 is passed, Demand No. 12 is passed.

Demand No. 13

Mr. Speaker: There is no cut motion to Demand No. 13.

Now I put to vote the main motion that a sum of Rs. 69,34,32,000 be granted for expenditure under Demand No. 13, Major Heads: "2202—General Education, 2203—Technical Education, 2204—Sports and Youth Services, 4202—Capital Outlay on Education Sports, Art and Culture and 5054—Capital Outlay on Roads and Bridges" during the current financial year.

As many as are of the opinion will please say AYE;
As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.
Demand No. 13 is passed, Demand No. 13 is passed.

Demand No. 14

Mr. Speaker: There is no cut motion to Demand No. 14.

Now I put to vote the main motion that a sum of Rs. 12,22,00,000 be granted for expenditure under Demand No. 14, Major Head: "2202—General Education" during the current financial year.

As many as are of the opinion will please say AYE;
As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.
Demand No. 14 is passed, Demand No. 14 is passed.

Demand No. 17

Mr. Speaker: There are one cut motion to Demand No. 17. I put the motion to vote.

As many as are of that opinion will please say AYE;
As many as are of the contrary opinion will please say NO.

NOES have it, NOES have it.
The cut motion is lost.

Now I put to vote the main motion that a sum of Rs. 9,40,93,000 be granted for expenditure under Demand No. 17, Major Head: "2039—State Excise" during the current financial year.

As many as are of that opinion will please say AYE;
As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.
Demand No. 17 is passed, Demand No. 17 is passed.

Demand No. 18

Mr. Speaker: There are two cut motions to Demand No. 18. I put the motions to vote.

As many as are of that opinion will please say AYE;
As many as are of the contrary opinion will please say NO.

NOES have it, NOES have it.
The cut motions are lost.

Now I put to vote the main motion that a sum of Rs. 17,60,00,000 be granted for expenditure under Demand No. 18, Major Heads: "4059—Capital Outlay on Public Works and 5465—Investments in General Financial and Trading Institutions" during the current financial year.

As many as are of the opinion will please say AYE;
As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.
Demand No. 18 is passed, Demand No. 18 is passed.

Demand No. 20

Mr. Speaker: There are two cut motions to Demand No. 20. I put the cut motions to vote.

As many as are of the opinion will please say AYE;
As many as are of that contrary opinion will please say NO.

NOES have it, NOES have it.
The cut motions are lost.

Now I put to vote that a sum of Rs. 12,06,09,000 be granted for expenditure under Demand No. 20, Major Heads: "2401—Crop Husbandry and 2405—Fisheries" during the current financial year.

As many as are of the opinion will please say AYE;
As many as are of that contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.
Demand No. 20 is passed.

Demand No. 21

Mr. Speaker: There is no cut motion to Demand No. 21. So I put to vote that a sum of Rs. 21,58,57,000 be granted for expenditure under Demand No. 21, Major Head: "4408—Capital Outlay on Food, Storage and Warehousing" during the current financial year.

As many as are of the opinion will please say AYE;
As many as are of that contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.
Demand No. 21 is passed.

Demand No. 24

Mr. Speaker: There are 5 cut motions to Demand No. 24. I put the cut motions to vote.

As many as are of the opinion will please say AYE;
As many as are of that contrary opinion will please say NO.

NOES have it, NOES have it.
The cut motions are lost.

Now I put to vote that a sum of Rs. 831,63,43,000 be granted for expenditure under Demand No. 24, Major Heads: "2210—Medical and Public Health and 6210—Loans for Medical and Public Health" during the current financial year.

As many as are of the opinion will please say AYE;
As many as are of that contrary opinion will please say NO,

AYES have it, AYES have it.
Demand No. 24 is passed.

Demand No. 25

Mr. Speaker: There is one cut motion to Demand No. 25. I put the cut motion to vote.

As many as are of the opinion will please say AYE;
As many as are of that contrary opinion will please say NO.

NOES have it, NOES have it.
The cut motions is lost.

Now I put to vote that a sum of Rs. 391,64,94,000 be granted for expenditure under Demand No. 25, Major Heads: "4059—Capital Outlay on Public Works, 5054—Capital Outlay on Roads and Bridges and 7075—Loans for Other Transport Services" during the current financial year.

As many as are of the opinion will please say AYE;
As many as are of that contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.
Demand No. 25 is passed.

Demand No. 26

Mr. Speaker: There is no cut motion to Demand No. 26.

Now I put to vote that a sum of Rs. 240,15, 70,000 be granted for expenditure under Demand No. 26, Major Heads: "2551—Hill Areas and 3451—Secretariat—Economic Services" during the current financial year.

As many as are of the opinion will please say AYE;
As many as are of that contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.
Demand No. 26 is passed.

Demand No. 27

Mr. Speaker: There is one cut motion to Demand No. 27. I put the cut motion to vote.

As many as are of the opinion will please say AYE;
As many as are of that contrary opinion will please say NO.

NOES have it, NOES have it.
The cut motion is lost.

Now I put to vote that a sum of Rs. 197,85,81,000 be granted for expenditure under Demand No. 27, Major Heads : "2015—Elections, 2055—Police, 2070—Other Administrative Services and 2235—Social Security and Welfare" during the current financial year.

As many as are of the opinion will please say AYE;
As many as are of that contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.
Demand No. 27 is passed.

Demand No. 29

Mr. Speaker : There is no cut motion to Demand No. 29.

Now I put to vote that a sum of Rs. 25,00,000 be granted for expenditure under Demand No. 29, Major Head : "6860—Loans for Consumer Industries" during the current financial year.

As many as are of the opinion will please say AYE;
As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.
Demand No. 29 is passed.

Demand No. 30

Mr. Speaker : There is no cut motion to Demand No. 30.

Now I put to vote that a sum of Rs. 68,70,08,000 be granted for expenditure under Demand No. 30, Major Heads : "2202—General Education, 2205—Art and Culture, 2220—Information and Publicity, 2235—Social Security and Welfare, 4059—Capital Outlay on Public Works and 4220—Capital Outlay on Information and Publicity" during the current financial year.

As many as are of the opinion will please say AYE;
As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.
Demand No. 30 is passed.

[6.30—6.45 p.m.]

Demand No. 32

Mr. Speaker : There is no cut Motion to Demand No. 32. Now I put to vote the Motion of Dr. Amit Mitra that a sum of

Rs. 231,43,73,000 be granted for expenditure under Demand No. 32, Major Heads : "4700—Capital Outlay on Major Irrigation, 4701—Capital Outlay on Major and Medium Irrigation and 4711—Capital Outlay on Flood Control Proects" during the current financial year.

As many as are of that opinion will please say AYE ;
As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

Demand No. 34

Mr. Speaker : There is no cut Motion to Demand No. 34. Now I put to vote the Motion of Dr. Amit Mitra that a sum of Rs. 83,58,48,000 be granted for expenditure under Demand No. 34, Major Heads : "2014—Administration of Justice, 2052—Secretariat—General Services, 2216—Housing, 2235—Social Security and Welfare and 4059—Capital Outlay on Public Works" during the current financial year.

As many as are of that opinion will please say AYE ;
As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

Demand No. 35

Mr. Speaker : There is no cut Motion to Demand No. 35. Now I put to vote the Motion of Dr. Amit Mitra that a sum of Rs. 32,05,75,000 be granted for expenditure under Demand No. 35, Major Head : "2230—Labour and Employment" during the current financial year.

As many as are of that opinion will please say AYE ;
As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

Demand No. 36

Mr. Speaker : There is no cut Motion to Demand No. 36. Now I put to vote the Motion of Dr. Amit Mitra that a sum of Rs. 23,67,37,000 be granted for expenditure under Demand No. 36, Major Heads : "2401—Crop Husbandry and 4059—Capital Outlay on Public Works" during the current financial year.

As many as are of that opinion will please say AYE;
As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

Demand No. 37

Mr. Speaker: There is no cut Motion to Demand No. 37. Now I put to vote the Motion of Dr. Amit Mitra that a sum of Rs. 1,19,78,000 be granted for expenditure under Demand No. 37, Major Head: "2052—Secretariat—General Services" during the current financial year.

As many as are of that opinion will please say AYE;
As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

Demand No. 38

Mr. Speaker: There is no cut Motion to Demand No. 38. Now I put to vote the Motion of Dr. Amit Mitra that a sum of Rs. 37,85,43,000 be granted for expenditure under Demand No. 38, Major Heads: "2052—Secretariat—General Services, 2202—General Education and 2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities" during the current financial year.

As many as are of that opinion will please say AYE;
As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

Demand No. 40

Mr. Speaker: There is no cut Motion to Demand No. 40. Now I put to vote the Motion of Dr. Amit Mitra that a sum of Rs. 4317,82,53,000 be granted for expenditure under Demand No. 40, Major Heads: "2235—Social Security and Welfare, 2401—Crop Husbandry, 2505—Rural Employment, 2515—Other Rural Development Programmes, 4401—Capital Outlay on Crop Husbandry, 4515—Capital Outlay on Other Rural Development Programmes" during the current financial year.

As many as are of that opinion will please say AYE;
As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

Demand No. 41

Mr. Speaker : There is no cut Motion to Demand No. 41. Now I put to vote the Motion of Dr. Amit Mitra that a sum of Rs. 4,35,79,000 be granted for expenditure under Demand No. 41, Major Head : "2070—Other Administrative Services" during the current financial year.

As many as are of that opinion will please say AYE ;
As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

Demand No. 47

Mr. Speaker : Now I put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of Rs. 7,93,00,000 be granted for expenditure under Demand No. 47, Major Head : "4059—Capital Outlay on Public Works" during the current financial year.

As many as are of the opinion please say, AYES, and
As many as are of the contrary opinion please say, NOES.

AYES have it. AYES have it. The motion is passed.

Demand No. 49

Mr. Speaker : Now I put to vote the motion moved by Shri Asit Mitra that the amount of the demand be reduced by Rs. 100/-.

As many as are of the opinion please say, AYES, and
As many as are of the contrary opinion please say, NOES.

NOES have it. NOES have it. The motion is lost.

I put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of Rs. 4,79,21,000 be granted for expenditure under Demand No. 49, Major Head : "2204—Sports and Youth Services" during the current financial year.

As many as are of the opinion please say, AYES, and
As many as are of the contrary opinion please say, NOES

AYES have it. AYES have it. The motion is passed.

Demand No. 50

Mr. Speaker: Now I put to vote the Motion moved by Dr. Amit Mitra that a sum of Rs. 63,94,000 be granted for expenditure under Demand No. 50, Major Head: "2575—Other Special Areas Programmes" during the current financial year.

As many as are of the opinion please say, AYES, and
As many as are of the contrary opinion please say, NOES.

AYES have it. AYES have it. The motion is passed.

Demand No. 51

Mr. Speaker: Now I put to vote the motion moved by Shri Gouranga Chatterjee that the amount of the demand be reduced by Rs. 100/-.

As many as are of the opinion please say, AYES, and
As many as are of the contrary opinion please say, NOES.

NOES have it. NOES have it. The motion is lost.

I put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of Rs. 78,46,41,000 be granted for expenditure under Demand No. 51, Major Heads: "2230—Labour and Employment and 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture" during the current financial year.

As many as are of the opinion please say, AYES, and
As many as are of the contrary opinion please say, NOES.

AYES have it. AYES have it. The motion is passed.

Demand No. 53

Mr. Speaker: Now I put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of Rs. 41,74,74,000 be granted for expenditure under Demand No. 53, Major Heads: "2070—Other Administrative Services, 2251—Secretariat—Social Services, 3055—Road Transport, 5075—Capital Outlay on Other Transport Services and 7056—Loans for Inland Water Transport" during the current financial year.

As many as are of the opinion please say, AYES, and
As many as are of the contrary opinion please say, NOES.

AYES have it. AYES have it. The motion is passed.

Demand No. 54

Mr. Speaker: Now I put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of Rs. 34,10,87,000 be granted for expenditure under Demand No. 54, Major Heads: "2217—Urban Development, 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions and 4217—Capital Outlay on Urban Development" during the current financial year.

As many as are of the opinion please say, AYES, and
As many as are of the contrary opinion please say, NOES.

AYES have it. AYES have it. The motion is passed.

Demand No. 55

Mr. Speaker: Now I put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of Rs. 171,09,51,000 be granted for expenditure under Demand No. 55, Major Heads: "2402—Soil and Water Conservation, 4401—Capital Outlay on Crop Husbandry and 4702—Capital Outlay on Minor Irrigation" during the current financial year.

As many as are of the opinion please say, AYES, and
As many as are of the contrary opinion please say, NOES.

AYES have it. AYES have it. The motion is passed.

Demand No. 57

Mr. Speaker: Now I put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of Rs. 13,25,000 be granted for expenditure under Demand No. 57, Major Head: "2052—Secretariat—General Services" during the current financial year.

As many as are of the opinion please say, AYES, and
As many as are of the contrary opinion please say, NOES.

AYES have it. AYES have it. The motion is passed.

Demand No. 60

Mr. Speaker: Now I put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of Rs. 19,99,88,000 be granted for expenditure under Demand No. 60, Major Head: "2070—Other Administrative Services" during the current financial year.

As many as are of the opinion please say, AYES, and
As many as are of the contrary opinion please say, NOES.

AYES have it. AYES have it. The motion is passed.

Demand No. 61

Mr. Speaker: Now I put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of Rs. 40,78,000 be granted for expenditure under Demand No. 61, Major Head: "2052—Secretariat—General Services" during the current financial year.

As many as are of the opinion please say, AYES, and
As many as are of the contrary opinion please say, NOES.

AYES have it. AYES have it. The motion is passed.

Demand No. 62

Mr. Speaker: Now I put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of Rs. 95,00,000 be granted for expenditure under Demand No. 62, Major Head: "4575—Capital Outlay on Other Special Areas Programme" during the current financial year.

As many as are of the opinion please say, AYES, and
As many as are of the contrary opinion please say, NOES.

AYES have it. AYES have it. The motion is passed.

Demand No. 63

Mr. Speaker: Now I put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of Rs. 2,14,03,000 be granted for expenditure under Demand No. 63, Major Heads: "2401—Crop Husbandry, 3454—Census, Surveys and Statistics and 4059—Capital Outlay on Public Works" during the current financial year.

As many as are of the opinion please say, AYES, and
As many as are of the contrary opinion please say, NOES.

AYES have it. AYES have it. The motion is passed.

Demand No. 64

Mr. Speaker: Now I put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of Rs. 171,04,04,000 be granted for

expenditure under Demand No. 64, Major Heads : "2235—Social Security and Welfare, 2236—Nutrition and 4235—Capital Outlay on Social Security and Welfare" during the current financial year.

As many as are of the opinion please say, AYES, and
As many as are of the contrary opinion please say, NOES.

AYES have it. AYES have it. The motion is passed.

Demand No. 65

Mr. Speaker : Now I put to vote the motion moved by Dr. Amit Mitra that a sum of Rs. 150,75,10,000 be granted for expenditure under Demand No. 65, Major Head : "2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes, Other Backward Classes and Minorities" during the current financial year.

As many as are of the opinion please say, AYES, and
As many as are of the contrary opinion please say, NOES.

AYES have it. AYES have it. The motion is passed.

Adjournment

The House was then adjourned at 6.45 p.m. till 10 a.m. on Wednesday, the 4th March, 2015 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, the 4th March, 2015 at 10.00 a.m.

PRESENT

Mr. Speaker (**Shri Biman Banerjee**) in the Chair, 25 Ministers, 05 Ministers of State, 19 Parliamentary Secretaries and 191 Members.

[10.00–10.10 a.m.]

Unstarred Questions
(to which written replies were laid on the table)

নদীবাঁধ নির্মাণ ও সংস্কারকল্পে বরাদ্দকৃত অর্থ

৯। (অনুমোদিত প্রশ্ন নং ৪) **শ্রী তজমুল হোসেন** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৪-১৫ আর্থিক বছরে নদীবাঁধ নির্মাণ ও সংস্কারকল্পে কত পরিমাণ অর্থ বরাদ্দ করা হয়েছে ; এবং

(খ) ৩১শে জানুয়ারী, ২০১৫ সাপেক্ষে কোন কোন স্থানে কত পরিমাণ অর্থ ব্যয় করা সম্ভব হয়েছে ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১৪-১৫ আর্থিক বছরে নদীবাঁধ নির্মাণ ও সংস্কারকল্পে প্ল্যান বাজেটে মোট ১১৭০.২৬ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

(খ) ৩১শে জানুয়ারী, ২০১৫ সাপেক্ষে নদীবাঁধ নির্মাণ ও সংরক্ষণকল্পে মোট ৭৬০.৯৭ কোটি টাকা খরচ করা হয়েছে। বিভিন্ন স্থানে অর্থব্যয়ের ভাগ নিম্নরূপ :

জেলা	খরচ (কোটি টাকায়)
১। উত্তর ২৪-পরগনা	৪৬.১৫
২। দক্ষিণ ২৪-পরগনা	১৯২.২৬
৩। আলিপুরদুয়ার	২৩.৭৪
৪। কোচবিহার	১০.২৯
৫। জলপাইগুড়ি	১৪.৭৬
৬। দার্জিলিং	৬.৬২

৭।	মালদা	৪৫.৪৮
৮।	উত্তর দিনাজপুর	১০.২৩
৯।	দক্ষিণ দিনাজপুর	১২.১০
১০।	মুর্শিদাবাদ	৪৯.২২
১১।	নদীয়া	১৮.২১
১২।	হুগলী	২১.২৪
১৩।	হাওড়া	৮৩.১১
১৪।	পূর্ব মেদিনীপুর	১৫৪.৮৮
১৫।	পশ্চিম মেদিনীপুর	৭২.৬৮
	মোট	**৭৬০.৯৭**

নতুন পৌরসভা গঠনে গৃহীত পদক্ষেপ

১০। (অনুমোদিত প্রশ্ন নং ২৩) **শ্রী অসিত মিত্র** : পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে ডিসেম্বর, ২০১৪ সাপেক্ষে রাজ্য সরকার ঘোষিত কয়েকটি নতুন পৌরসভা গঠনের সিদ্ধান্ত কার্যকরী করার ক্ষেত্রে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(১) দক্ষিণ দিনাজপুর জেলার বুনিয়াদপুরে নতুন পৌরসভা গঠনের চূড়ান্ত প্রজ্ঞাপন পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের সঙ্গে যৌথভাবে খুব শীঘ্রই প্রকাশ করা হবে।

(২) পশ্চিম মেদিনীপুর জেলার বেলদা ও বীরভূম জেলার মল্লারপুর পৌরসভা গঠনের প্রাথমিক প্রজ্ঞাপন প্রকাশিত হয়েছে।

(৩) এছাড়া আরও ২০টি এলাকায় নতুন পৌরসভা গঠনের প্রক্রিয়া পশ্চিমবঙ্গ পৌর আইন, ১৯৯৩ অনুযায়ী ইতিমধ্যে গ্রহণ করা হয়েছে এবং বিষয়গুলি প্রশাসনিক অনুমোদনের বিভিন্ন স্তরে আছে।

চাল সংগ্রহের পরিমাণ

১১। (অনুমোদিত প্রশ্ন নং ২৪) **শ্রী অসিত মিত্র** : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

চলতি অর্থবর্ষে ৩১শে ডিসেম্বর পর্যন্ত কত পরিমাণ চাল সংগৃহীত হয়েছে ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

চলতি অর্থবর্ষে ১লা এপ্রিল থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত সংগৃহীত চালের পরিমাণ মোট ৮.৬৬ লক্ষ মেট্রিক টন।

অনগ্রসর সম্প্রদায় অধ্যুষিত এলাকার উন্নয়ন

১২। (অনুমোদিত প্রশ্ন নং ২৫) **শ্রী অসিত মিত্র** : অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১লা জুন, ২০১১ থেকে ৩১শে ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত সময়কালে রাজ্যের অনগ্রসর সম্প্রদায় অধ্যুষিত এলাকার উন্নয়নকল্পে সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছে ?

অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

অনগ্রসর সম্প্রদায়ভুক্ত মানুষের উন্নয়নকল্পে সরকারের গৃহীত পদক্ষেপসমূহ :

(১) জাতিগত শংসাপত্র ক্ষেত্রে অনলাইন ব্যবস্থার প্রণয়নে সাধারণ মানুষের সুবিধা বৃদ্ধি হয়েছে।

২০১১ সালে বণ্টিত মোট শংসাপত্র—৬,০০,২১০

২০১২ সালে বণ্টিত মোট শংসাপত্র—৭,০৯,০১৬

২০১৩ সালে বণ্টিত মোট শংসাপত্র—৯,৪৭,৬০০

২০১৪ সালে বণ্টিত মোট শংসাপত্র—১১,৮৮,২৬৯

(২) স্কলারশিপ—প্রিম্যাট্রিক, পোস্ট ম্যাট্রিক, শিক্ষাশ্রী ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে অনলাইন ব্যবস্থার প্রণয়নে ছাত্র-ছাত্রীদের সুবিধা বৃদ্ধি হয়েছে। এই রাজ্যের দূরতম প্রান্তে বসবাসকারী ছাত্র-ছাত্রীরাও অনলাইন পরিষেবার জন্য সহজে আবেদন করতে পারছেন। ২০১৪-১৫ থেকে চালু শিক্ষাশ্রীর ক্ষেত্রে ছাত্র-ছাত্রীদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরিভাবে স্কলারশিপের টাকা প্রেরিত হওয়ার জন্য জানুয়ারীর মধ্যে এস.সি. এবং এস.টি. ছাত্র-ছাত্রীদের জন্য যথাক্রমে ৭০.৫ কোটি টাকা এবং ১৬.৫১ কোটি টাকা বণ্টিত করা গেছে।

(৩) উত্তরবঙ্গ সেচ সমবায় প্রকল্প—এস.সি. সম্প্রদায়ভুক্ত ক্ষুদ্র এবং প্রান্তিক চাষীদের জন্য বিগত তিন বছর ধরে জলপাইগুড়ি এবং কোচবিহার জেলায় এই প্রকল্পটি অত্যন্ত সফল। প্রায় ২০ হাজার পরিবারকে ইতিমধ্যেই এর আওতায় আনা গেছে।

(৪) বৃত্তিমূলক প্রশিক্ষণ এবং কর্মসংস্থান—২০১১ থেকে ২০১৪ পর্যন্ত এই ক্ষেত্রে অনেকগুলি কর্মসূচি রূপায়িত হয়েছে এবং হচ্ছে। যেমন—আই.এ.এস. সহ বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য প্রশিক্ষণ,

CIPET, ATDC, EDCIL, NSIC ইত্যাদি কেন্দ্রীয় প্রতিষ্ঠানের মাধ্যমে বৃত্তিমূলক প্রশিক্ষণ, সিকিওরিটি গার্ড-এর জন্য প্রশিক্ষণ, গ্রামীণ মহিলাদের জন্য Ethnic Beauty Care-এর প্রশিক্ষণ, DOEACC O Level Computer Course ইত্যাদি।

(৫) বাবু জগজীবনরাম কেন্দ্রীয় ছাত্রাবাস—২০১১ সাল থেকে ২০১৪ সালের মধ্যে মোট ৩৭টি নতুন হস্টেল অনুমোদিত হয়েছে।

(৬) এস.টি. ছাত্রীদের জন্য বাইসাইকেল—২০১১ থেকে ২০১৪ পর্যন্ত ১,০১,১১৬টি সাইকেল ইতিমধ্যে প্রদত্ত হয়েছে।

(৭) অনগ্রসর শ্রেণীভুক্ত মানুষের সাংস্কৃতিক ঐতিহ্য এবং পরম্পরা রক্ষার্থে এই বিভাগের রুলস অফ বিজনেস সংশোধন করে অনেকগুলি নতুন বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে।

এগুলির মধ্যে আছে বাউল, ভাটিয়ালি, গম্ভীরা, ছৌ, ১৮৭৩ সালের আইনের চোখে সাম্য এবং মর্যাদার জন্য আন্দোলন, কবিগান অ্যাকাডেমী ইত্যাদি।

(৮) আম্বেদকর সেন্টার ফর এক্সেলেন্স—বিভাগীয় কাজকর্ম এবং অনগ্রসর শ্রেণীভুক্ত মানুষের উন্নয়নকল্পে এই প্রতিষ্ঠানটি কাজ করছে। উত্তর ২৪-পরগনা জেলার বনগাঁ মহকুমায় এই প্রতিষ্ঠানটির স্থায়ী ভবন নির্মাণের কাজ শুরু হয়েছে।

(৯) অর্থনৈতিক উন্নয়নকল্পে বিভিন্ন ঋণপ্রকল্প, মহিলা সমৃদ্ধি যোজনা, ছাত্র-ছাত্রীদের জন্য শিক্ষাঋণ, পরিকাঠামো উন্নয়ন প্রকল্প ইত্যাদি ক্ষেত্রে তফশিলী জাতির জন্য SCA to SCP এবং তফশিলি উপজাতির জন্য SCA to TSP এবং Article 275(1) খাতে প্রাপ্ত অর্থ খরচ করা হয়।

সংশোধনাগারে বন্দীদের শ্রেণীবিভাগ

১৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৬) **শ্রী অসিত মিত্র** : সংশোধন-প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৪ সাপেক্ষে রাজ্যে মোট কতগুলি সংশোধনাগার আছে ;

(খ) সংশোধনাগারে বন্দিদের রাখার জন্য শ্রেণীবিভাগ আছে কি ; এবং

(গ) থাকলে 'শ্রেণীবিভাগ'-এর উত্তর কী ?

সংশোধন-প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৪ সাপেক্ষে রাজ্যে মোট ৫৮ (আটান্ন)টি সংশোধনাগার আছে।

(খ) হ্যাঁ।

(গ) পঃ বঃ সংশোধনী পরিষেবা আইন ১৯৯২-এর ধারা ১৯ অনুযায়ী সংশোধনাগারের সকল বন্দিদের নিম্নলিখিত ভিন্ন প্রকারে পৃথকীকৃত করা হয়—

(১) সংশোধনাগারে মহিলা ও পুরুষ বন্দিদের সম্পূর্ণ আলাদাভাবে রাখা হয়।

(২) সাজাপ্রাপ্ত ও বিচারাধীন বন্দিদের পৃথকভাবে রাখা হয়।

(৩) যে সকল সাজাপ্রাপ্ত বন্দি ভারতীয় দণ্ডবিধির ১৮শ পরিচ্ছেদের কোনো ধারা বা ৩৬৬, ৩৬৬-এ, ৩৭৬ এবং ৪২০ ধারা অনুযায়ী পূর্বে দণ্ডিত হয়েছেন বা এমন সকল অপরাধমূলক কাজের প্রচেষ্টায় যুক্ত অথবা অবৈধ গুদামজাতকরণ, নিষিদ্ধ পণ্যের ব্যবসা ও বাণিজ্য বা খাদ্য ও ঔষধের ভেজালসংক্রান্ত অপরাধের সাথে যুক্ত, সেইসকল বন্দিদের যথাসম্ভব অন্যসকল প্রকার সাজাপ্রাপ্ত ও বিচারাধীন বন্দিদের থেকে পৃথক করে রাখা হয়।

(৪) রাজনৈতিক বন্দিদের (Political prisoner, political detenue) অন্যসকল বন্দিদের থেকে আলাদা রাখা হয়।

(৫) যে সকল সাজাপ্রাপ্ত মহিলা বন্দি গুরুতর নৈতিক ভ্রষ্টাচারজনিত অপরাধের কারণে দণ্ডিত বা পূর্বে ঐরকম অপরাধজনিত কারণে দণ্ডিত হয়েছেন, সেই সকল সাজাপ্রাপ্ত মহিলা বন্দিদের অন্য মহিলা বন্দিদের থেকে পৃথকভাবে রাখা হয়।

(৬) সংক্রামক বা ছোঁয়াচে রোগে আক্রান্ত বন্দিদের অন্যসকল বন্দিদের থেকে সম্পূর্ণভাবে আলাদা রাখা হয়।

(৭) দেওয়ানি মামলার সাথে যুক্ত বন্দিদের (Civil Prisoners) ফৌজদারি মামলার সাথে যুক্ত বন্দিদের (Criminal Prisoners) থেকে আলাদা রাখা হয়।

ধানের সহায়ক মূল্য নির্ধারণ

১৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩৪) **শ্রী শাহাজাহান চৌধুরী** : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটি কি সত্যি যে সরকারিভাবে ধান্যসহায়ক মূল্য কুইন্টাল প্রতি ১৩৬০ টাকা ধার্য করা হলেও সরকারের পক্ষ থেকে এ বিষয়ে কোনো কার্যকর ভূমিকা গ্রহণ করা হয়নি ;

(খ) সত্যি হলে এর কারণ কী ; এবং

(গ) ধানের সহায়ক মূল্য নির্ধারণের ক্ষেত্রে স্বামীনাথন কমিশনের সুপারিশ কার্যকর করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সরকারিভাবে ধানের মূল্য নির্ধারিত হয়েছে ১৩৬০ টাকা প্রতি কুইন্টাল। কৃষকরা যাতে ন্যূনতম সহায়ক মূল্য পান না সুনিশ্চিত করার জন্য নিম্নলিখিত পদক্ষেপগুলি গ্রহণ করা হয়েছে।

৪৩২টি চালকলগেটে সরাসরি কৃষকদের কাছ থেকে ধান ক্রয় করা হয়েছে। সি.এম.আর. এজেন্সিগুলি ৬৯৪৬টি ক্যাম্প সংগঠিত করে কৃষকদের কাছ থেকে সরাসরি ধান ক্রয় করেছে। ৩৫৫টি প্রাথমিক কৃষি সমবায় সমিতি সরাসরি কৃষকদের কাছ থেকে ধান কিনে সি.এম.আর. এজেন্সিগুলিকে সংগৃহীত ধান প্রদান করেছে। ৪৬টি স্থায়ী কিষান মাণ্ডি থেকেও কৃষকদের কাছ থেকে সরাসরি ধান কেনা হয়েছে। বর্তমান খরিফ মরশুমে ১৪ই ফেব্রুয়ারি, ২০১৫ পর্যন্ত সরাসরি কৃষকদের কাছ থেকে মোট ১৮,০৯,৮৬৯ মেট্রিক টন ধান কেনা হয়েছে।

(খ) প্রযোজ্য নয়।

(গ) Commission for Agricultural Costs and Prices-এর সুপারিশক্রমে খরিফ মরশুমের শুরুতে কেন্দ্রীয় সরকার ধানের ন্যূনতম সহায়ক মূল্য নির্ধারণ করেন।

আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহ প্রকল্প

১৫। (অনুমোদিত প্রশ্ন নং ৬১) **শ্রী কল্লোল খাঁ** : জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটি কি সত্যি যে রাজ্যে এশিয়া মহাদেশের মধ্যে দ্বিতীয় বৃহত্তম আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহের একটি প্রকল্প রূপায়ণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ;

(খ) সত্যি হলে, ঐ পরিকল্পনাটি রাজ্যের কোন জেলায় রূপায়িত হবে ও কত সংখ্যক মানুষ তাতে উপকৃত হবেন ; এবং

(গ) বর্তমানে ঐ প্রকল্পটি কোন পর্যায়ে আছে ?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পশ্চিমবঙ্গ সরকারের জনস্বাস্থ্য কারিগরী দপ্তর পশ্চিমবঙ্গের গ্রামীণ এলাকায় বিশুদ্ধ পানীয় জল সবরাহের জন্য দায়বদ্ধ। পশ্চিমবঙ্গের ৮ (আট)টি জেলায়

আর্সেনিক আক্রান্ত ৭৯ (উনআশি)টি ব্লকের কথা চিন্তা করে ও ঐ সমস্ত এলাকায় নিরাপদ পানীয় জল সরবরাহের জন্য ১২ (বারো)টি ভূপৃষ্ঠস্থ জলভিত্তিক বৃহৎ নলবাহিত জল সরবরাহ প্রকল্প এবং আর্সেনিক প্রশমন ইউনিট সমেত ৩৩৮ (তিনশত আটত্রিশ)টি ভূগর্ভস্থ জলভিত্তিক জলসরবরাহ প্রকল্পের জন্য বৃহৎ পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

বিভিন্ন জেলায় ক্রমাগত অনুসন্ধানের সময় এটা দেখা গেছে যে সময় পেরিয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে উপরিউক্ত আর্সেনিক আক্রান্ত এলাকার সংলগ্ন অন্য ব্লকে আর্সেনিক দূষণ সংক্রামিত হচ্ছে। এই কথা মনে রেখে দক্ষিণ ২৪-পরগনা জেলায় ১৩৩২.৪১ কোটি (এক হাজার তিনশত বত্রিশ কোটি একচল্লিশ লক্ষ) টাকা ব্যয়ে ২২.৫১ লক্ষ (বাইশ লক্ষ একান্ন হাজার) (জনগণনা, ২০১১) অধিবাসীর সুবিধার্থে ৯০২ (নয়শত দুই)টি গ্রাম অন্তর্ভুক্ত করতে ফলতা-মথুরাপুর নামক বৃহৎ ভূপৃষ্ঠস্থ জলভিত্তিক জল সরবরাহ প্রকল্প গ্রহণ করা হয়েছে। এই প্রকল্পে দক্ষিণ ২৪ পরগনা জেলার ১০ (দশ)টি ব্লক যেমন—কুলপি, ডায়মন্ডহারবার-১ ও ২, ফলতা, জয়নগর-২, কুলতলি, মগরাহাট-১, মন্দিরবাজার এবং মথুরাপুর-১ ও ২ অন্তর্ভুক্ত হয়েছে এবং প্রকল্পটির কাজ অগ্রগতির পথে। এই প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে যে এটি একটি সুবৃহৎ প্রকল্প যার জল পরিশোধন ক্ষমতা ৫২ এম.জি.ডি. এবং ভারতের গ্রামীণ এলাকায় সুবৃহৎ প্রকল্পের মধ্যে এটি অন্যতম।

(খ) এই প্রসঙ্গের উত্তর উপরেই বর্ণিত হয়েছে।

(গ) প্রকল্পটি রূপায়ণের পথে। জলগ্রহণ অংশের কাঠামো ২৫ শতাংশ শেষ হয়েছে এবং জল পরিশোধন অংশের কাজ ইতিমধ্যেই ৬০ শতাংশ শেষ হয়েছে। মূল জল পরিবহণ অংশের (rising main) জরিপ এবং মাটি পরীক্ষা চলছে। মূল জল উত্তোলন অংশের (head works site) জমি অধিগ্রহণ অগ্রগতির পথে।

শিশু শিক্ষা ও মাধ্যমিক শিক্ষা কর্মসূচি

১৬। (অনুমোদিত প্রশ্ন নং ৬২) **শ্রী কল্লোল খাঁ** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটি কি সত্যি যে রাজ্যের শিশু শিক্ষা কর্মসূচি ও মাধ্যমিক শিক্ষা কর্মসূচি নামক দুইটি প্রকল্প চালু আছে ;

(খ) সত্যি হলে, ঐ প্রকল্পগুলির রূপরেখা কী ও রাজ্যের কোন কোন অঞ্চলে ঐ প্রকল্পগুলি চালু আছে ; এবং

(গ) রাজ্যে বর্তমানে মোট কত সংখ্যক শিশু শিক্ষা কেন্দ্র ও মাধ্যমিক শিক্ষা কেন্দ্র আছে (জেলাওয়াড়ী হিসাব অনুসারে) ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, রাজ্যে শিশু শিক্ষা কর্মসূচি ও মাধ্যমিক শিক্ষা কর্মসূচি নামক দুটি প্রকল্প চালু আছে।

(খ) ১৯৯৭ সালে শিশু শিক্ষা কর্মসূচি শুরু হয়। পঞ্চায়েত এলাকায় ১ কিলোমিটার দূরত্বের মধ্যে প্রাথমিক বিদ্যালয়হীন জনপদগুলিতে যেখানে ৫+ থেকে ৯ বছর বয়সি ২০ জন ছাত্র/ছাত্রী বিদ্যালয়ে ভর্তি হয়নি বা বিদ্যালয়-ছুট ছিল, সেই সব মৌজা/গ্রাম/বসতি এলাকায় একটি করে শিশু শিক্ষা কেন্দ্র খোলা হয়েছিল। পঞ্চায়েত এলাকায় ৩ (তিন) কিলোমিটার দূরত্বের মধ্যে উচ্চ-প্রাথমিক বিদ্যালয়হীন জনপদগুলিতে যেখানে ৯ বছরের বেশি বয়সি ৪০ জন ছাত্র/ছাত্রী বিদ্যালয়ে ভর্তি হয়নি বা বিদ্যালয়-ছুট ছিল, সেই সব এলাকায় একটি করে মাধ্যমিক শিক্ষা কেন্দ্র খোলা হয়েছিল। ২০০৩ সালে মাধ্যমিক শিক্ষা কর্মসূচি শুরু হয়। বর্তমানে এই কেন্দ্রগুলি বিদ্যালয় শিক্ষা দপ্তরের অনুমোদনপ্রাপ্ত, কিন্তু পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর দ্বারা পরিচালিত।

এই বিষয়ে বিস্তারিতভাবে জানার জন্য পশ্চিমবঙ্গ রাজ্য শিশু শিক্ষা মিশনের ওয়েবসাইট www.pbrssm.org দেখা যেতে পারে।

রাজ্যের সমস্ত জেলায় ঐ প্রকল্পগুলি চালু আছে।

(গ) ১৬০৯৮ (ষোলো হাজার আটানব্বই)টি শিশু শিক্ষা কেন্দ্র এবং ১৯১৮টি (এক হাজার নয় শত আঠারো) মাধ্যমিক শিক্ষ কেন্দ্র আছে (জেলাওয়াড়ী কেন্দ্রের সংখ্যা সংযোজন করা হল) :

সংযোজনী

জেলাওয়াড়ী শিশু শিক্ষা কেন্দ্র ও মাধ্যমিক শিক্ষা কেন্দ্রের সংখ্যা

(২৩/০২/২০১৫ তারিখ পর্যন্ত)

ক্রমিক সংখ্যা	জেলা	শিশু শিক্ষা কেন্দ্রের সংখ্যা	মাধ্যমিক শিক্ষা কেন্দ্রের সংখ্যা
১।	বাঁকুড়া	৪৪৮	৭৩
২।	বীরভূম	৬৫০	১০১
৩।	বর্ধমান	১,০৬৩	৯৯
৪।	কোচবিহার	৬৯৮	১১৯
৫।	দক্ষিণ দিনাজপুর	৫২৬	৪০

ক্রমিক সংখ্যা	জেলা	শিশু শিক্ষা কেন্দ্রের সংখ্যা	মাধ্যমিক শিক্ষা কেন্দ্রের সংখ্যা
৬।	জি. টি. এ., দার্জিলিং	৫৩৯	৬৭
৭।	হুগলী	২৭৭	২৭
৮।	হাওড়া	৩০৫	২৭
৯।	জলপাইগুড়ি	১,০৮৯	১১২
১০।	মালদা	৬১৮	১০৮
১১।	মুর্শিদাবাদ	১,৫৮৪	২০২
১২।	উত্তর ২৪-পরগনা	৯৫৪	১১৬
১৩।	নদীয়া	৫৫৪	১০৬
১৪।	পশ্চিম মেদিনীপুর	২,৪৫৯	২৩২
১৫।	পূর্ব মেদিনীপুর	১,৪৪৩	১৫৩
১৬।	পুরুলিয়া	৪১৫	১৩৯
১৭।	দক্ষিণ ২৪-পরগনা	১,২১৩	৮০
১৮।	শিলিগুড়ি মহকুমা পরিষদ	২৮২	১০
১৯।	উত্তর দিনাজপুর	৯৮১	১০৭
	মোট	১৬,০৯৮	১,৯১৮

বেথুয়াডহরীকেন্দ্রিক পর্যটন

১৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭৩) **শ্রী কল্লোল খাঁ** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলার বেথুয়াডহরী অভয়ারণ্যকে কেন্দ্র করে বিশেষ পর্যটন কেন্দ্র গড়ে তোলার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, উক্ত পরিকল্পনার রূপরেখা কী ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) নদীয়া জেলার বেথুয়াডহরী অভয়ারণ্যকে কেন্দ্র করে বিশেষ পর্যটন কেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা পর্যটন দপ্তরের আছে।

(খ) বেথুয়াডহরী অভয়ারণ্য বন দপ্তরের অধীন। বন দপ্তর থেকে বেথুয়াডহরী পর্যটন কেন্দ্রের জন্য প্রস্তাব চাওয়া হয়েছে, কিন্তু এখনও পর্যন্ত সুনির্দিষ্ট প্রস্তাব পাওয়া যায়নি।

আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহ

১৮। (অনুমোদিত প্রশ্ন নং ৭৭) **শ্রী নির্মল ঘোষ** : জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারী, ২০১৫ সাপেক্ষে রাজ্যে আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহের ক্ষেত্রে কত সংখ্যক প্রকল্পের কাজ শেষ হয়েছে ও কতগুলি কাজ চলছে ; এবং

(খ) ঐরূপ প্রকল্প রূপায়ণের মাধ্যমে কত সংখ্যক মানুষ উপকৃত হবেন (জেলাওয়াড়ী হিসাব) ?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পশ্চিমবঙ্গ সরকারের জনস্বাস্থ্য কারিগরী দপ্তর ভূগর্ভস্থ জলে আর্সেনিক দূষণ আক্রান্ত এলাকার জনগণকে আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহের জন্য বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছে। এই দপ্তর ইতিমধ্যে আরও একটি বৃহৎ পরিকল্পনা রূপায়িত করেছে, যার মাধ্যমে ৩৩৮ (তিনশত আটত্রিশ)টি ভূগর্ভস্থ জলভিত্তিক জল সরবরাহ প্রকল্প এবং ১২ (বারো)টি ভূপৃষ্ঠস্থ জলভিত্তিক জল সরবরাহ প্রকল্প অন্তর্ভুক্ত আছে। এই বৃহৎ পরিকল্পনা ছাড়াও এই দপ্তর ঐসব এলাকায় অনেকগুলি ভূপৃষ্ঠস্থ জলভিত্তিক জল সরবরাহ প্রকল্প রূপায়িত করেছে অথবা রূপায়ণের পর্যায়ে আছে।

২০১৫ সালের ৩১শে জানুয়ারী অনুযায়ী পশ্চিমবঙ্গ সরকারের জনস্বাস্থ্য কারিগরী দপ্তর ঐসব এলাকার অধিবাসীদের আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহের জন্য ১৫৬ (একশত ছাপ্পান্ন)টি নলবাহিত জল সরবরাহ প্রকল্প (ভূপৃষ্ঠস্থ জলভিত্তিক জল সরবরাহ প্রকল্প এবং ভূগর্ভস্থ জলভিত্তিক জল সরবরাহ প্রকল্প) রূপায়ণ করছে। চলমান নলবাহিত জল সরবরাহ প্রকল্পের মধ্যে ১৫৩ (একশত তিপ্পান্ন)টি ভূগর্ভস্থ জলভিত্তিক, যার অনুমোদিত ব্যয় ৪৫২.৮৫ কোটি (চারশত বাহান্ন কোটি পঁচাশি লক্ষ) এবং ২২.৭৪ লক্ষ (বাইশ লক্ষ চুয়াত্তর হাজার) (আনুমানিক) জনগণকে (জনগণনা, ২০১১) উপকৃত করার জন্য এবং ৩ (তিন)টি প্রকল্প ভূপৃষ্ঠস্থ জলভিত্তিক, যার অনুমোদিত ব্যয় ৪১৪.৭৪ কোটি (চারশত চোদ্দো কোটি চুয়াত্তর লক্ষ) এবং ১৫.২১ লক্ষ (পনেরো লক্ষ একুশ হাজার) (আনুমানিক) জনগণকে (জনগণনা, ২০১১) উপকৃত করার জন্য। ৪.৫৭ লক্ষ (চার লক্ষ সাতান্ন হাজার), (জনগণনা, ২০১১) জনগণকে অন্তর্ভুক্ত করার জন্য বৃহৎ প্রকল্পের অন্তর্গত হাড়োয়া-রাজারহাট এবং ভাঙড়-২ নামক একটি প্রকল্প অনুমোদনের পর্যায়ে আছে। পশ্চিমবঙ্গ সরকারের জনস্বাস্থ্য কারিগরী দপ্তর আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহের জন্য ১৯৩ (একশত তিরানব্বই)টি অনুরূপ প্রকল্প (ভূপৃষ্ঠস্থ

জলভিত্তিক এবং ভূগর্ভস্থ জলভিত্তিক) শেষ করেছে/চালু করেছে। ঐ প্রকল্পগুলির মধ্যে ১৮৫ (একশত পঁচাশি)টি ভূগর্ভস্থ জলভিত্তিক এবং ৮ (আট)টি ভূপৃষ্ঠস্থ জলভিত্তিক প্রকল্প, যার দ্বারা যথাক্রমে, আনুমানিক ২৩.৮৬ লক্ষ (তেইশ লক্ষ ছিয়াশি হাজার) (জনগণনা, ২০১১) ও আনুমানিক ২৬.৮২ লক্ষ (ছাব্বিশ লক্ষ বিরাশি হাজার) (জনগণনা, ২০১১) অধিবাসী উপকৃত হবে।

(খ) আর্সেনিক আক্রান্ত এলাকায় সমস্ত প্রকল্প শেষ হলে ৮৩.৭৯ লক্ষ (তিরাশি লক্ষ উনআশি হাজার) (জনগণনা, ২০১১) অধিবাসী আর্সেনিকমুক্ত পানীয় জলের আওতাভুক্ত হবে। জেলাওয়াড়ী হিসাব সংযোজনী দেওয়া হল।

পশ্চিমবঙ্গের আর্সেনিক আক্রান্ত অঞ্চলে নলবাহিত জল সরবরাহ প্রকল্পের দ্বারা উপকৃত জনসংখ্যার জেলাওয়াড়ী বিবরণ :

জেলা	আর্সেনিক আক্রান্ত ব্লকে অনুমোদিত গ্রামীণ নলবাহিত জল সরবরাহ প্রকল্পসমূহ	উপকৃত জনসংখ্যা (জনগণনা, ২০১১) (হাজারে)
মুর্শিদাবাদ	১২৪	১,৪৭৮
নদীয়া	১০৯	১,৯৪৭
উত্তর ২৪-পরগনা	৭২	১,২৭৩
দক্ষিণ ২৪-পরগনা	২	২,০৭৫
মালদা	৩১	১,৩৮০
বর্ধমান	১১	১৭২
হাওড়া	১	২০
হুগলী	৭	৩২
মোট	**৩৫৭**	**৮,৩৭৯**

** আর্সেনিক আক্রান্ত অঞ্চলে আর্সেনিক মহা পরিকল্পনা এবং অন্যান্য প্রকল্পের অধীনে ভূগর্ভস্থ জলভিত্তিক এবং ভূপৃষ্ঠস্থ জলভিত্তিক নলবাহিত জল সরবরাহ প্রকল্পসমূহ অন্তর্ভুক্ত।

ধান সংগ্রহের পরিমাণ

১৯। (অনুমোদিত প্রশ্ন নং ৭৯) **শ্রী নির্মল ঘোষ** : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৪-১৫ আর্থিক বর্ষে ৩১শে জানুয়ারী পর্যন্ত ধান সংগ্রহের পরিমাণ কত ; এবং

(খ) ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা পূরণে কী কী ব্যবস্থা গৃহীত হয়েছে/হচ্ছে ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১৪-১৫ আর্থিক বর্ষে ১লা এপ্রিল থেকে ৩১শে জানুয়ারি পর্যন্ত ধান সংগ্রহের পরিমাণ ২৬.৫৪ লক্ষ মেট্রিক টন।

(খ) ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা পূরণের জন্য চালকলগুলি যেমন সরাসরি চাষীদের থেকে ন্যূনতম সহায়ক মূল্যে ধান কিনছেন, তেমন রাজ্য সরকার WBECSC, BENFED, CONFED, NACOF, West Bengal Agri, Mktg. Corpn. প্রভৃতি এজেন্সিগুলির মাধ্যমে বিভিন্ন স্থায়ী ধান সংগ্রহ কেন্দ্র এবং অস্থায়ী শিবিরের মাধ্যমে কৃষকদের থেকে ন্যূনতম সহায়ক মূল্যে ধান সংগ্রহ করছেন।

বর্তমান খরিফ মরশুমে ৩১শে জানুয়ারী পর্যন্ত ৫,০৭,০৫৪ মেট্রিক টন চাল সংগৃহীত হয়েছে। এছাড়াও রাজ্যে কৃষক মাণ্ডি ব্যবস্থাকে উন্নত করার লক্ষ্যে রাজ্য সরকার ৪৬টি কেন্দ্রকে স্থায়ীভাবে ধান সংগ্রহের কেন্দ্র হিসাবে চিহ্নিত করেছেন এবং সেখানে কৃষকগণ সরাসরি ধান বিক্রি করলে ন্যূনতম সহায়ক মূল্যের উপর কুইন্টাল প্রতি ১৫ টাকা করে ভাতা পাবেন।

বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি ও সংরক্ষণ

২০। (অনুমোদিত প্রশ্ন নং ৮২) **শ্রী নির্মল ঘোষ** : বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারী, ২০১৫ সাপেক্ষে রাজ্যে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির মোট পরিমাণ কত ; এবং

(খ) উৎপাদিত উদ্বৃত্ত বিদ্যুৎ সংরক্ষণের জন্য কী ব্যবস্থা গৃহীত হয়েছে/হচ্ছে ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) উৎপাদন বৃদ্ধির পরিমাণ ২৪৮৩.৯১ মিলিয়ন ইউনিট।

(খ) বিদ্যুৎ ব্যাঙ্কিং ব্যবস্থার মাধ্যমে উদ্বৃত্ত বিদ্যুৎ অন্য রাজ্যে পাঠানো হয়। দরকার মতো ফেরত নেওয়া হয়।

পরিশোধিত পানীয় জল সরবরাহ প্রকল্প

২১। (অনুমোদিত প্রশ্ন নং ৮৯) **শ্রী নির্মল ঘোষ** : পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৪-১৫ আর্থিক বছরের ৩১শে জানুয়ারী, ২০১৫ পর্যন্ত শহর ও শহরতলীতে কতগুলি পরিশোধিত পানীয় জল সরবরাহ প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে ও কতগুলির কাজ চলছে ;

(খ) উক্ত প্রকল্পের খরচের পরিমাণ কত ; এবং

(গ) উক্ত প্রকল্পের মাধ্যমে কত সংখ্যক মানুষ উপকৃত হবে ?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১৪-১৫ আর্থিক বছরের ৩১শে জানুয়ারী, ২০১৫ পর্যন্ত রাজ্যের শহর ও শহরতলীতে মোট ৩৭টি পরিশোধিত পানীয় জল সরবরাহ প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে ও ৩৮টি প্রকল্পের কাজ চলছে।

(খ) উক্ত সময়কালের মধ্যে সম্পূর্ণ হওয়া প্রকল্পগুলিতে মোট খরচের পরিমাণ হল ১৭৬৭ কোটি ৭৭ লক্ষ টাকা।

(গ) উক্ত প্রকল্পের মাধ্যমে রাজ্যের শহর ও শহরতলিতে প্রায় ৬৭ লক্ষ ৯৩ হাজার মানুষ উপকৃত হবে।

এন.আর.ই.জি.এ. প্রকল্পে অর্থ খরচের পরিমাণ

২২। (অনুমোদিত প্রশ্ন নং ১১০) **শ্রী সমীর কুমার জানা** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৪-এর হিসাব অনুযায়ী এন.আর.ই.জি.এ. প্রকল্পে রাজ্য সরকার মোট কত টাকা খরচ করেছে ; এবং

(খ) কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এ বাবদ মোট কত টাকা পাওয়া গিয়েছে ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৪-এর হিসাব অনুযায়ী রাজ্য সরকার এন.আর.ই.জি.এ. প্রকল্পে মোট ২৬৪৬,২০,০০,০০০ (দুই হাজার ছয়শত ছেচল্লিশ কোটি কুড়ি লক্ষ) টাকা খরচ করেছে।

(খ) ২০১৪-১৫ সালে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এ বাবদ মোট ৩৭৪৪,৯৫,২৯,০০০ (তিন হাজার সাতশত চুয়াল্লিশ কোটি পঁচানব্বই লক্ষ ঊনত্রিশ হাজার) টাকা পাওয়া গেছে।

ভারতসেরা-কৃষি কর্মন উপাধি

২৩। (অনুমোদিত প্রশ্ন নং ১১৬) **শ্রী সমীর কুমার জানা** : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্তমান সরকার এবার নিয়ে তৃতীয়বার ভারতসেরা কৃষি কর্মন উপাধিতে ভূষিত হতে চলেছে ; এবং

(খ) এই সরকার, রাজ্যে ডালশস্য, তৈলবীজ ও ভুট্টা চাষে অধিক মাত্রায় উৎপাদন বাড়াতে কী উদ্যোগ গ্রহণ করেছে ?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, পশ্চিমবঙ্গ সরকার এবার নিয়ে তৃতীয়বার কৃষি কর্মন পুরস্কার পেয়েছে।

(খ) রাজ্যে ডালশস্য, তৈলবীজ ও ভুট্টার উৎপাদন বাড়ানোর জন্য রাজ্য সরকারের অনেকগুলি প্রকল্প/স্কীম চালু রয়েছে।

স্কীমগুলি নিম্নরূপ :

১। **'খাদ্য সুরক্ষা মিশন প্রকল্প'** এই প্রকল্পের মাধ্যমে বর্তমান অর্থবর্ষে বিভিন্ন ডালশস্য যেমন (মসুর, খেসারী, মুগ, ছোলা, কলাই) প্রভৃতি ফসলের ১০০ হেক্টরের ১৬৮টি প্রদর্শনীক্ষেত্র সারা রাজ্যের বিভিন্ন জেলায় প্রদর্শিত হচ্ছে।

ডালশস্যের শস্য পর্যায় প্রদর্শনীক্ষেত্র ১০০ হেক্টরে ৩০টি প্রদর্শিত হচ্ছে, ডালের উৎপাদন বাড়ানোর জন্য ১৩৮০ হেক্টর এলাকায় অনুখাদ্য সার বিতরণ করা হয়েছে।

বিভিন্ন ডালশস্যের উন্নতমানের ৩০০ কুইন্টাল শংসিত বীজ ভর্তুকীতে কৃষকদের মধ্যে বিতরণ করা হয়েছে। এছাড়াও কৃষকদের কৃষি পাঠশালার মাধ্যমে অনুখাদ্য, জীবাণুসার ও সুসংহত রোগপোকা নিয়ন্ত্রণ-এর প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

২। **'বিকল্প ফসলের চাষ'** এই প্রকল্পের মাধ্যমে নিম্নলিখিত বীজ মিনিকিট বিভিন্ন জেলায় বিতরণ করা হয়েছে।

ক্রমিক নং	মিনিকিটের নাম	পরিমাণ	সংখ্যা	মন্তব্য
১.	টোরিয়া	১ কেজি	১৩৯৯৭	
২.	সরষে	১ কেজি	৪১৪১৭	
৩.	মসুর	৪ কেজি	৮০০০	প্রতিটি মিনিকিট
৪.	মুগ	৪ কেজি	৯০০০	১ বিঘা জমিতে
৫.	হাইব্রিড ভুট্টা	৪ কেজি	১৩২৪৬	চাষ করার জন্য
৬.	হাইব্রিড সূর্যমুখী	১ কেজি	১০০০	

৩। **'শুখা অঞ্চলে ফসল বৈচিত্র্যকরণ'** প্রকল্পের মাধ্যমে বিভিন্ন জেলায় নিম্নলিখিত প্রদর্শনীক্ষেত্র করার জন্য বিভিন্ন ফসলের বীজ বিতরণ করা হয়েছে।

ক্রমিক নং	প্রদর্শনীক্ষেত্রের নাম	পরিমাণ	সংখ্যা	মন্তব্য
১.	হাইব্রিড ভুট্টা	৪ কেজি	৫০৯০	প্রদর্শনীক্ষেত্র ১
২.	চিনাবাদাম	১৫ কেজি	১৬০৯	বিঘার জন্য
৩.	কলাই	৪ কেজি	৩৫২৬	

৪। **'রাজ্য সরকারের উচ্চ ফলনশীল/হাইব্রিড বীজ বিতরণ প্রকল্প'**-এর মাধ্যমে বিভিন্ন জেলায় নিম্নলিখিত ফসলের বীজ ও সার (এন.পি.কে. ১০ : ২৬ : ২৬) বিতরণ করা হয়েছে।

ক্রমিক নং	প্রদর্শনীক্ষেত্রের নাম	পরিমাণ	সংখ্যা	মন্তব্য
১.	খেসারী	৮ কেজি	৬০০০	প্রদর্শনীক্ষেত্র ১ বিঘার জন্য এবং প্রতি বিঘার জন্য ৫ কেজি (এন.পি.কে. ১০ ঃ ২৬ ঃ ২৬) বিতরণ করা হয়েছে।
২.	মুগ	৪ কেজি	৭০০০	
৩.	মসুর	৪ কেজি	৪০০০	
৪.	তিল	১ কেজি	১১০০০	

৫। **'জাতীয় তৈলবীজ ও তৈলপাম মিশন প্রকল্প'**-এর মাধ্যমে বিভিন্ন জেলায় তৈলবীজ উৎপাদন বাড়ানোর জন্য নিম্নলিখিত কর্মসূচি নেওয়া হয়েছে।

ক্রমিক নং	কাজের বিবরণী	সংখ্যা/পরিমাণ
১.	ভালো জাতের বীজ তৈরি	২০২২ কুইঃ
২.	শস্য প্রদর্শনী ক্ষেত্র	৪২০০ হেক্টর
৩.	কৃষক প্রশিক্ষণ শিবির	৪৫৫টি
৪.	কীটনাশক ও সার (এস.এস.পি.)	৬৯৫৩৭ হেক্টর
৫.	সুসংহত রোগপোকা নিয়ন্ত্রণ প্রশিক্ষণ	১০০টি
৬.	কৃষি যন্ত্রপাতি	৫৯৯৫টি
৭.	কেঁচোসার উৎপাদন ইউনিট	৩০০টি
৮.	জলসেচের পাইপ	১,৬০,০০০ মিটার

১০০ দিনের কাজের প্রাপ্য অর্থ

২৪। (অনুমোদিত প্রশ্ন নং ১২৩) **শ্রী অজয় দে** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ১০০ দিনের কাজের ক্ষেত্রে রাজ্যের প্রাপ্য সম্পূর্ণ অর্থ কেন্দ্র কর্তৃক প্রদত্ত হয়নি ; এবং

(খ) সত্যি হলে, ঐরূপ প্রাপ্য অর্থের পরিমাণ কত ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, এটা সত্যি যে, ১০০ দিনের কাজের ক্ষেত্রে রাজ্যের প্রাপ্য সম্পূর্ণ অর্থ কেন্দ্র কর্তৃক প্রদত্ত হয়নি।

(খ) ২০১৩-১৪ অর্থবর্ষে রাজ্যের প্রাপ্য কিন্তু না পাওয়া অর্থের পরিমাণ ১৯৭৫,৮১,৪৫,০০০ (এক হাজার নয় শত পঁচাত্তর কোটি একাশি লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা।

পি.এম.জি.এস.ওয়াই. প্রকল্পে রাস্তার অনুমোদন

২৫। (অনুমোদিত প্রশ্ন নং ১২৪) **শ্রী অজয় দে** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৪-১৫ সালে পি.এম.জি.এস.ওয়াই. প্রকল্পে কত সংখ্যক রাস্তার অনুমোদন পাওয়া গিয়েছে (তালিকা-সহ) ;

(খ) ঐরূপ রাস্তার কাজ শুরু করার ক্ষেত্রে কোনো সময়সীমা নির্ধারণ করা হয়েছে কি না ; এবং

(গ) উক্ত প্রকল্পের কাজের ক্ষেত্রে রাজ্যের প্রাপ্য অর্থ বাকি আছে কি না ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১৪-১৫ সালে পি.এম.জি.এস.ওয়াই. প্রকল্পে কোনো রাস্তার অনুমোদন পাওয়া যায়নি।

(খ) কোনো রাস্তার অনুমোদন পাওয়া যায়নি। সুতরাং এক্ষেত্রে কোনো সময়সীমা নির্ধারণ করা যায়নি।

(গ) প্রশ্ন ওঠে না।

এস.এস.কে. ও এম.এস.কে.-গুলিকে বিদ্যালয় শিক্ষা বিভাগের সঙ্গে সংযুক্তকরণ

২৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৬) **শ্রী আনিসুর রহমান** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পঞ্চায়েত পরিচালিত এস.এস.কে ও এম.এস.কে. প্রকল্পগুলিকে বিদ্যালয় শিক্ষা বিভাগের সঙ্গে যুক্ত করার কথা ভাবা হচ্ছে বলে সরকার ঘোষণা করা সত্ত্বেও এখনো তা কার্যকর হয়নি ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত কাজ সম্পূর্ণ হবে বলে আশা করা যায় ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না এটা সত্যি নয়। ১৯/০১/২০১৩ তারিখের মন্ত্রিসভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে, বিদ্যালয় শিক্ষা বিভাগের সংশ্লিষ্ট পর্ষদগুলির অধীনে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ পরিচালিত শিশু শিক্ষা কেন্দ্র ও মাধ্যমিক শিক্ষা কেন্দ্রগুলিকে স্বীকৃতি প্রদান করা হবে।

বিদ্যালয় শিক্ষা বিভাগের পক্ষ থেকে ইতিমধ্যে সংশ্লিষ্ট পর্ষদগুলিকে শিশু শিক্ষা কেন্দ্র ও মাধ্যমিক শিক্ষা কেন্দ্রগুলিকে স্বীকৃতি প্রদান করার জন্য 'নো অবজেকশন' দেওয়া হয়েছে।

(খ) এই প্রশ্নের উত্তর পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের সঙ্গে সংশ্লিষ্ট নয়।

রাজবন্দির সংখ্যা

২৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৯) **শ্রী বাসুদেব খাঁ** : সংশোধন-প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে জানুয়ারী, ২০১৫ সাপেক্ষে রাজ্যের সংশোধনাগারে রাজবন্দির সংখ্যা কত ?

সংশোধন-প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

পশ্চিমবঙ্গ সংশোধনী পরিষেবা আইন ১৯৯২-এ কোনো বন্দিকে 'রাজবন্দি' হিসাবে আখ্যায়িত করা হয় না।

মহিলা বিশ্ববিদ্যালয় স্থাপন

২৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৬) **শ্রী অসিত মজুমদার** : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১১ সালের মে মাস থেকে ২০১৫ সালের জানুয়ারী মাস পর্যন্ত রাজ্যে কটি মহিলা বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছে ?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

২০১১ সালের মে মাস থেকে ২০১৫ সালের জানুয়ারী মাস পর্যন্ত রাজ্যে এই প্রথম একটি মহিলা বিশ্ববিদ্যালয়—ডায়মন্ডহারবার মহিলা বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছে।

এস.সি., এস.টি. এবং ও.বি.সি. ছাত্রবৃত্তি

২৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৯) **শ্রী অসিত মজুমদার** : অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০শে মার্চ, ২০১১ থেকে ৩১শে জানুয়ারী, ২০১৫ পর্যন্ত সময়কালে সরকার কত সংখ্যক এস.সি., এস.টি. এবং ও.বি.সি. ছাত্র-ছাত্রীকে ছাত্রবৃত্তি প্রদান করেছে ; এবং

(খ) উক্ত অর্থের পরিমাণ কত ?

অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১১-১২ সালে ৪২,০৮,০০৯ জন এস.সি., এস.টি. এবং ও.বি.সি. ছাত্র-ছাত্রীকে ছাত্রবৃত্তি দেওয়া হয়েছিল।

২০১২-১৩ সালে ৩৮,৬৫,৬৭৫ জন এস.সি., এস.টি. এবং ও.বি.সি. ছাত্র-ছাত্রীকে ছাত্রবৃত্তি দেওয়া হয়েছিল।

২০১৩-১৪ সালে ৩৫,৭৪,৬৭০ জন এস.সি., এস.টি. এবং ও.বি.সি. ছাত্র-ছাত্রীকে ছাত্রবৃত্তি দেওয়া হয়েছিল।

২০১৪-১৫ সালে এস.সি., এস.টি. এবং ও.বি.সি. ছাত্র-ছাত্রীদের ছাত্রবৃত্তি প্রদানের কাজ চলছে।

৩ বছরে মোট ১,১৬,৪৮,৩৫৪ জন এস.সি., এস.টি. এবং ও.বি.সি. ছাত্র-ছাত্রীকে ছাত্রবৃত্তি দেওয়া হয়েছিল।

(খ) ২০১১-১২ সালে প্রদত্ত অর্থের মোট পরিমাণ ছিল ৪১৪,১৬,৫৫,১১৭ টাকা।

২০১২-১৩ সালে প্রদত্ত অর্থের মোট পরিমাণ ছিল ৪০৮,৭৪,২৮,৪৬৭ টাকা।

২০১৩-১৪ সালে প্রদত্ত অর্থের মোট পরিমাণ ছিল ৪৩৭,১৪,৩৯,৫১৪ টাকা।

৩ বছরে প্রদত্ত অর্থের মোট পরিমাণ ছিল ১২৬০,০৫,২৩,০৯৮ টাকা।

২০১৪-১৫ সালে এখনো পর্যন্ত প্রদত্ত মোট অর্থের পরিমাণ ৫৮১,৬৯,২৭,৬২২ টাকা।

ফ্ল্যাট আবণ্টনে কোটা রীতি

৩০। (অনুমোদিত প্রশ্ন নং ১৭১) **শ্রী অসিত মজুমদার** : আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ফ্ল্যাট আবণ্টনের ক্ষেত্রে সমস্ত কোটা রীতির বিলোপ করা হয়েছে ; এবং

(খ) আবণ্টন পদ্ধতির স্বচ্ছতা আনার লক্ষ্যে, ফ্ল্যাট বণ্টনে সরকারী কর্মচারীর ক্ষেত্রে ভাড়াভিত্তিক আবাসন কেন্দ্রগুলি (আর.এইচ.ই.) ও নিম্ন/মধ্য/উচ্চ আয় গোষ্ঠীর জন্য সরকার কী ব্যবস্থা গ্রহণ করেছে ?

আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, এটা সত্যি যে, ফ্ল্যাট আবণ্টনের ক্ষেত্রে সমস্ত রকম কোটা রীতির বিলোপ করা হয়েছে।

'বঙ্গবিভূষণ' সম্মান প্রাপকদের জন্য ব্যতিক্রমী ব্যবস্থা রাখা হয়েছে।

(খ) (১) **সরকারী কর্মচারীর ক্ষেত্রে আবাসন** (R.H.E.) **বণ্টন ব্যবস্থা** : সরকারী কর্মচারীদের থাকার জন্য সারা রাজ্যে মোট ১০৪টি আবাসনে ১২,১৯১টি ফ্ল্যাট আছে। এর মধ্যে কলকাতা ও তার আশপাশে আবাসন সংখ্যা ৩৬টি এবং ফ্ল্যাট সংখ্যা ৪৬৩৪টি ('A' Type-৭৭০টি, 'B' Type-১৪১৬টি, "C" Type-১৩১২টি এবং 'D' Type-১১৩৬টি) যে সকল সরকারী কর্মচারী কলকাতার অফিসে কর্মরত এবং যাদের বাসস্থান কর্মস্থল থেকে ২০ কিমি-র বেশি দূরত্বে অবস্থিত, তারাই আর.এইচ.ই. ঘরের জন্য দরখাস্ত করতে পারেন। এর জন্য একটি নির্দিষ্ট আবেদনপত্র পূরণ করে জমা দিতে হয়। প্রত্যেকটি আবেদনপত্র কম্প্যুটার-এ তালিকাভুক্ত করা হয় এবং তার উপর একটি ক্রমিক সংখ্যা দেওয়া হয়। একজন কর্মচারীর মূল বেতনের উপর ভিত্তি করে ঘরের শ্রেণী অর্থাৎ 'এ', 'বি', 'সি' এবং 'ডি' শ্রেণী বিভাগ নির্ধারণ করা হয়।

যেই ক্রমে ঘর খালি হতে থাকে, সেই ক্রমানুসারে অপেক্ষমাণ তালিকা থেকে ঘর বণ্টন হতে থাকে। বণ্টনের সময় সেই কর্মচারীর অপিসের ঠিকানাই প্রধান বিবেচ্য অর্থাৎ যতদূর সম্ভব অফিসের নিকট ঘর দেওয়ার ব্যবস্থা করা হয়।

বণ্টন-এর সময় একটি রোস্টার বা পর্যায় তালিকা মেনে চলা হয়, তার মধ্যে 'জুডিসিয়াল অফিসার', 'ট্রান্সফার', প্রতিবন্ধী এবং অবিবাহিতা/ডিভোর্সি/ বিধবা মহিলা কর্মচারীদের জন্য অগ্রাধিকার দেওয়া হয়।

স্বচ্ছতা বজায় রাখার জন্য একদিন অন্তর আবাসন দপ্তরের ওয়েবসাইটে (www.wbhousing.gov.in) অপেক্ষমাণ তালিকা update করা হয়। আবেদনকারী নিজেই অপেক্ষমাণ তালিকায় তাঁর নিজের অবস্থান জানতে পারেন।

জেলাগুলিতে মোট ৬৮টি আবাসনে ৭৫৫৭টি ফ্ল্যাট 'A' Type-১০৯৯টি, 'B' Type-১৮৯৩টি, 'C' Type-২২৬১টি এবং 'D' Type-২৩০৪টি) আছে।

জেলায় ঘর বণ্টন করা হয় জেলাশাসক অথবা মহকুমা শাসকদের অধীনে একটা 'বণ্টন কমিটি'-র দ্বারা এবং সেই ক্ষেত্রে শুধুমাত্র যেই কর্মচারী ওই জেলায় বা মহকুমায় কর্মরত, তিনিই ঘর পেতে পারেন।

(২) **নিম্ন/মধ্য/উচ্চ আয় গোষ্ঠীর জন্য ব্যবস্থা** : সারা বাংলায় ৮৯টি P.R.H.E.-তে মোট ২০২৮৪টি ফ্ল্যাট আছে। উচ্চ আয় গোষ্ঠীভুক্ত পরিবার হল যাদের পারিবারিক মাসিক আয় ৪০,০০০ (চল্লিশ হাজার) টাকার বেশি, মধ্য আয় গোষ্ঠীভুক্ত পারিবারিক মাসিক আয় ১৫,০০১ থেকে ৪০,০০০ এবং নিম্ন আয়ভুক্ত গোষ্ঠীর পারিবারিক মাসিক আয় ১৫,০০০ টাকা পর্যন্ত।

উক্ত আয় গোষ্ঠীভুক্ত ব্যক্তিগণ যাদের নির্দিষ্ট P.R.H.E.-এর ২৫ কিমি-র মধ্যে নিজেদের বা তাদের পরিবারের বসবাসের জন্য যদি কোনো ফ্ল্যাট/বাড়ি না থাকে তাহা হইলে তাঁরা তাঁদের আয়ের শংসাপত্র সহ নির্দিষ্ট আবেদনপত্রে Estate Manager-এর নিকট দরখাস্ত করেন। এক একজন সর্বোচ্চ চারটি P.R.H.E.-এর option দিতে পারেন। স্বচ্ছভাবে ফ্ল্যাট বণ্টনের জন্য সমস্ত দরখাস্ত Estatewise কম্প্যুটারে লিপিবদ্ধ করে কম্প্যুটারাইজড অপেক্ষমাণ তালিকা তৈরি করা হয়। এই তালিকা থেকে ফ্ল্যাট খালি হওয়ার সাথে সাথে ক্রমানুসারে মাসিক ভাড়ার ভিত্তিতে বণ্টন করা হয়।

বর্তমানে অপেক্ষমাণ তালিকায় ৩২,৬৬৭ জনের ৮৫,৭৭৩টি দরখাস্ত আছে। স্বচ্ছতা বজায় রাখার জন্য একদিন অন্তর আবাসন দপ্তরের ওয়েবসাইটে (www.wbhousing.gov.in) অপেক্ষমাণ তালিকা update করা হয়। আবেদনকারী নিজেই অপেক্ষমাণ তালিকায় তাঁর নিজের অবস্থান জানতে পারেন। অপেক্ষমান তালিকায় যাঁরা আছেন, তাঁদের মধ্যে ৩১শে ডিসেম্বর, ২০০৫ পর্যন্ত যাঁরা দরখাস্ত করেছেন, তাঁদের যোগ্যতা (eligibility) নতুন করে যাচাই-এর জন্য দরখাস্ত পুনর্নবীকরণের ব্যবস্থা করা হয়েছে। ৩১শে মার্চ, ২০১৫ পর্যন্ত পুনর্নবীকরণ চলবে। পুনর্নবীকরণের পর নতুন অপেক্ষমাণ তালিকা তৈরি করে খালি ফ্ল্যাটগুলি মাসিক ভাড়ার ভিত্তিতে বণ্টনের ব্যবস্থা করা হবে।

ইন্দিরা আবাস যোজনায় বরাদ্দকৃত অর্থব্যয়

৩১। (অনুমোদিত প্রশ্ন নং ১৮০) **শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন সম্প্রদায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ২০১৩-১৪ ও ২০১৪-১৫ অর্থবর্ষে ইন্দিরা আবাস যোজনায় বরাদ্দকৃত অর্থ রাজ্য সরকার খরচ করতে পারেনি ;

(খ) সত্যি হলে, উক্ত বরাদ্দের কত পরিমাণ অর্থ খরচ করা সম্ভব হয়নি ; এবং

(গ) ঐরূপ অর্থ খরচ না করতে পারার কারণ কী ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না, এটা সত্যি নয়।

(খ) প্রযোজ্য নয়।

(গ) প্রযোজ্য নয়।

কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক

৩২। (অনুমোদিত প্রশ্ন নং ২০১) **শ্রী বিজয় বাগদী** : সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূম জেলায় কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক পুনরায় চালু করার কোনো পরিকল্পনা সরকার গ্রহণ করেছে কিনা ; এবং

(খ) যদি করে থাকে, তবে কবে নাগাদ সেটি চালু হবে বলে আশা করা যায় ?

সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্য সরকার, নাবার্ড এবং কেন্দ্রীয় সরকারের সঙ্গে যৌথ উদোগে বীরভূম জেলায় কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের পুনরুজ্জীবনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কেন্দ্রীয় সরকারের প্রস্তাবিত মৌ রাজ্য সরকারের পক্ষ থেকে নীতিগত সম্মতি জানানো হয়েছে ও সেই মৌ ইতিমধ্যে স্বাক্ষরিত হয়েছে।

মোট ৭৮ কোটি টাকার মধ্যে, রাজ্য সরকারের প্রদেয় ৩৯ কোটি টাকা, নাবার্ডের প্রদেয় ঋণ ৭.৮০ কোটি টাকা এবং কেন্দ্রীয় সরকারের শর্তসাপেক্ষে প্রদেয় ৩১.২০ কোটি টাকা।

ব্যাঙ্কটির পুনরুজ্জীবনের জন্য সংশ্লিষ্ট সব পক্ষকে নিয়ে একটি প্রকল্প তৈরি করা হচ্ছে।

(খ) পুনরুজ্জীবনের প্রকল্পটি বাস্তবায়িত হলে এবং সংশ্লিষ্ট সংস্থার অর্থ প্রাপ্ত হলে যত তাড়াতাড়ি সম্ভব ব্যাঙ্কটিকে চালু করা হবে।

কেলেঘাই-কপালেশ্বরী-বাঘাই প্রকল্প

৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ২১৫) **ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পশ্চিম ও পূর্ব মেদিনীপুর জেলায় কেলেঘাই-কপালেশ্বরী-বাঘাই নদী সংস্কার ও বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পটির কাজ ধীরগতিতে চলছে ; এবং

(খ) সত্যি হলে (১) প্রকল্পটি বর্তমানে কোন পর্যায়ে আছে ; ও (২) প্রকল্পটি কবে নাগাদ সম্পূর্ণ হবে বলে আশা করা যায় ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলায় কেলেঘাই-কপালেশ্বরী-বাঘাই নদী সংস্কার ও বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পটির কাজ যথাযথ গতিতে অগ্রসর হচ্ছে।

(খ) (১) কেলেঘাই-কপালেশ্বরী-বাঘাই ও চন্ডীয়া-বড় নদীগুলির মোট প্রস্তাবিত ১৩৫ কিমি খননের মধ্যে জানুয়ারী ২০১৫ সাপেক্ষে ৫৪ কিমি-র কাজ সম্পূর্ণ হয়েছে। প্রস্তাবিত মোট ১৬০ কিমি ছোট খাল খননের মধ্যে ১৫৮.৪৪২ কিমি-র কাজ সম্পূর্ণ হয়েছে। ১৫.০২.১৫ অবধি কেন্দ্রীয় অনুদান এবং রাজ্যের অংশ মিলিয়ে মোট ২০৩.১৭৩ কোটি টাকা খরচ হয়েছে।

(২) আশা করা যায় দ্বাদশ পরিকল্পনাকালে আগামী মার্চ, ২০১৭-র মধ্যে প্রকল্পের কাজ সম্পূর্ণ হবে।

সংকোশ নদীর ওপর ধন্দ্রাপাড়ায় বাঁধ নির্মাণ কাজের অগ্রগতি

৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ২২৪) **শ্রী মনোজ কুমার ওরাওঁ** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সংকোশ নদীর তীরে ভস্কার ধন্দ্রাপাড়ায় বাঁধ নির্মাণ কাজের অগ্রগতি কীরূপ অবস্থায় আছে ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

কোচবিহার জেলার কুমারগ্রাম ব্লকের ধন্দ্রাপাড়ায় সংকোশ নদীর বাঁধ নির্মাণের জন্য টেন্ডার প্রক্রিয়া, জানুয়ারী ২০১৫-তে শুরু হয়েছে। আশা করা যায় মার্চ ২০১৫-র মধ্যে কাজ শুরু হবে এবং আগামী বর্ষার আগে বাঁধ নির্মাণের কাজ শেষ হবে।

রহিমাবাদ চা বাগানের অধিগ্রহণ

৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ২২৭) **শ্রী মনোজ কুমার ওরাওঁ** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রহিমাবাদ চা বাগানটি অধিগ্রহণের কোনো পরিকল্পনা রাজ্য সরকারের আছে কী ?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

না। বর্তমানে এরকম কোনো পরিকল্পনা নেই।

দক্ষিণ ২৪-পরগনা জেলার পঞ্চায়েত এলাকায় সড়ক নির্মাণের কাজ

৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৩) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে ডিসেম্বর, ২০১৪-এর হিসেব অনুযায়ী দক্ষিণ ২৪-পরগনা জেলার পঞ্চায়েত এলাকায় মোট কত সংখ্যক সড়ক নির্মাণের কাজ চালু হয়েছে ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৪-এর হিসাব অনুযায়ী পি.এম.জি.এস.ওয়াই. প্রকল্পে দক্ষিণ ২৪-পরগনা জেলার পঞ্চায়েত এলাকায় মোট ৫৭টি রাস্তা নির্মাণের কাজ চালু আছে যার দৈর্ঘ্য ২৯২.৭৮২ কিমি (দুই শত বিরানব্বই কিলোমিটার সাত শত বিরাশি মিটার)।

(খ) ৩১শে ডিসেম্বর, ২০১৪-এর হিসাব অনুযায়ী দক্ষিণ ২৪-পরগনা জেলার পঞ্চায়েত এলাকায় নীচে উল্লিখিত প্রকল্পে চালু থাকা সড়ক নির্মাণের বিবরণ—

(১) Special BRGF প্রকল্পে—৪ (চার)টি

(২) RIDF প্রকল্পে—৩১ (একত্রিশ)টি

আইলা দুর্গত এলাকার বাঁধ সংস্কার

৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৯) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৪ সাপেক্ষে আইলা দুর্গত এলাকায় মোট কতগুলি বাঁধ সংস্কারের কাজ শুরু হয়েছে ; এবং

(খ) উক্ত কাজের জন্য মোট কত টাকা বরাদ্দ করা হয়েছে ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৪ সাপেক্ষে আইলা দুর্গত এলাকায় মোট ৩৭টি বাঁধ নির্মাণের কাজ চালু আছে, এর মধ্যে দক্ষিণ ২৪-পরগনা জেলায় ২৯টি এবং উত্তর ২৪-পরগনা জেলায় ৮টি।

(খ) উক্ত ৩৭টি কাজের জন্য মোট ২৭৯.০২ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

জেল হাসপাতালের সংখ্যা

৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৪২) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা** : সংশোধন-প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৪ সাপেক্ষে সংশোধনাগারে বিচারাধীন বন্দিদের শারীরিক চিকিৎসার জন্য কতগুলি জেলা হাসপাতাল চালু আছে ; এবং

(খ) উক্ত হাসপাতালগুলিতে মোট কতজন ডাক্তার নিয়োগ করা হয়েছে ?

সংশোধন-প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৪ সাপেক্ষে সংশোধনাগারে সকল প্রকার বন্দিদের শারীরিক চিকিৎসার জন্য পঁচিশ (২৫)টি সংশোধনাগার হাসপাতাল চালু আছে।

(খ) উক্ত হাসপাতালগুলিতে মোট সাঁইত্রিশ (৩৭) জন ডাক্তার বর্তমানে নিযুক্ত আছেন।

কন্যাশ্রী প্রকল্প

৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৪) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা** : নারী বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে ডিসেম্বর, ২০১৪-এর সাপেক্ষে দক্ষিণ ২৪-পরগনা ও উত্তর ২৪-পরগনা জেলায় কন্যাশ্রী প্রকল্পে মোট কতজন ছাত্রীকে অনুদান দেওয়া হয়েছে ?

নারী বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া :

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৪ সাপেক্ষে দক্ষিণ ২৪-পরগনা জেলায় কন্যাশ্রী প্রকল্পে মোট ১,৪৯,৭৩৪ জন ছাত্রীকে অনুদান দেওয়া হয়েছে।

(খ) ৩১শে ডিসেম্বর, ২০১৪ সাপেক্ষে উত্তর ২৪-পরগনা জেলায় কন্যাশ্রী প্রকল্পে মোট ১,৯৩,২৫৩ জন ছাত্রীকে অনুদান দেওয়া হয়েছে।

মুর্শিদাবাদ জেলায় পঞ্চায়েত এলাকায় সড়ক নির্মাণ

৪০। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৩) **শ্রী রবিউল আলম চৌধুরী** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে ডিসেম্বর, ২০১৪-এর হিসেবে মুর্শিদাবাদ জেলায় পঞ্চায়েত এলাকায় মোট কত সংখ্যক পাকা সড়ক নির্মাণ করা হয়েছে (ব্লকওয়াড়ী হিসেবে) ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৪-এর হিসাব অনুযায়ী মুর্শিদাবাদ জেলার পঞ্চায়েত এলাকায় প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনা প্রকল্পে মোট ৩৬০টি পাকা সড়ক নির্মাণ করা হয়েছে। ব্লকওয়াড়ী হিসাব সংযোজনী ১-এ দেওয়া হল।

(খ) ৩১শে ডিসেম্বর, ২০১৪-এর হিসাব অনুযায়ী মুর্শিদাবাদ জেলার পঞ্চায়েত এলাকায় আর.আই.ডি.এফ. প্রকল্পে মোট ৫২টি পাকা সড়ক নির্মাণ করা হয়েছে। ব্লকওয়াড়ী হিসাব সংযোজনী ২-এ দেওয়া হল।

সংযোজনী-১

৩১শে ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত মুর্শিদাবাদ জেলায় প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনা প্রকল্পে রূপায়িত গ্রামীণ সড়ক নির্মাণের ব্লকওয়াড়ী হিসাব :

ক্রমিক সংখ্যা	ব্লকের নাম	নির্মিত সড়কের সংখ্যা	অনুমোদিত দৈর্ঘ্য (কিলোমিটার)
১	সাগরদিঘী	২৪	১২৬.৫২
২	রঘুনাথগঞ্জ-১	১০	৩৭.২১
৩	রঘুনাথগঞ্জ-২	১২	৩৩.৪৯
৪	সামসেরগঞ্জ	৬	১৭.৯
৫	সুতি-১	৯	২০.২৪
৬	সুতি-২	৭	২৪.৮
৭	ফরাক্কা	৭	২৪.১৬
৮	লালগোলা	১৪	৫৬.৬৫
৯	ভগবানগোলা-১	১৪	৬৩.১৩
১০	ভগবানগোলা-২	১১	৫৯.২৯
১১	মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ	১৩	৬৭.৬৫
১২	নবগ্রাম	১১	৪০.৭২
১৩	ডোমকল	২৪	১৫৫.৩৬
১৪	জলঙ্গী	১০	২৮.৮৭
১৫	রাণীনগর-১	১০	৫৩.১৪
১৬	রাণীনগর-২	১৩	৬৯.৭৯
১৭	খড়গ্রাম	১৫	৮৯.০৪
১৮	বারোয়ান	১৮	৮৮.২৭
১৯	কান্দি	২১	১০৯.৭৩
২০	ভরতপুর-১	১৭	৮৬.৪৭
২১	ভরতপুর-২	১৩	৬৭.৭৪
২২	বেলডাঙ্গা-১	১৬	৬৭.৬২

ক্রমিক সংখ্যা	ব্লকের নাম	নির্মিত সড়কের সংখ্যা	অনুমোদিত দৈর্ঘ্য (কিলোমিটার)
২৩	বেলডাঙ্গা-২	১২	৬০.৬৫
২৪	নওদা	১০	৪০.৮২
২৫	হরিহরপাড়া	১৩	৭৯.৬
২৬	বহরমপুর	৩০	১৬০.৮৯
	মোট	৩৬০	১৭২৯.৭৫

সংযোজনী-২

৩১শে ডিসেম্বর, ২০১৪-এর হিসাব অনুযায়ী মুর্শিদাবাদ জেলার পঞ্চায়েত এলাকায় রূপায়িত আর.আই.ডি.এফ. প্রকল্পে ব্লকওয়াড়ী নির্মিত সড়কের সংখ্যা :

ক্রমিক সংখ্যা	ব্লকের নাম	সড়কের সংখ্যা
১	হরিহরপাড়া	৪
২	নবগ্রাম	৩
৩	ডোমকল	১০
৪	জলঙ্গী	৪
৫	লালগোলা	১
৬	বেলডাঙ্গা-১	১
৭	বেলডাঙ্গা-২	৫
৮	খড়গ্রাম	২
৯	বড়ঞা	৪
১০	রঘুনাথগঞ্জ-১	২
১১	রঘুনাথগঞ্জ-২	১
১২	সাগরদীঘি	৩
১৩	নওদা	২
১৪	ভরতপুর-১	১
১৫	ভরতপুর-২	২
১৬	মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ	৪
১৭	কান্দি	১
১৮	বহরমপুর	১
১৯	সুতি-২	১
	মোট	৫২

সরকার নির্ধারিত সহায়ক মূল্যে ধান ক্রয়

৪১। (অনুমোদিত প্রশ্ন নং ২৬০) **শ্রী ধীরেন বাগদী** : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সরকার নির্ধারিত সহায়ক মূল্যে কৃষকদের কাছ থেকে ধান ক্রয় করার জন্য কী ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা পূরণের জন্য চালকলগুলি যেমন সরাসরি চাষীদের থেকে ন্যূনতম সহায়কমূল্যে ধান কিনছেন, তেমন রাজ্য সরকার WBECSC, BENFED, CONFED, NACOF, West Bengal Agri. Mktg. Corpn. প্রভৃতি এজেন্সিগুলির মাধ্যমে বিভিন্ন স্থায়ী ধান সংগ্রহ কেন্দ্র এবং অস্থায়ী শিবিরের মাধ্যমে কৃষকদের থেকে ন্যূনতম সহায়কমূল্যে ধান সংগ্রহ করছেন। এছাড়াও রাজ্যে কৃষক মাণ্ডি ব্যবস্থাকে উন্নত করার লক্ষ্যে রাজ্য সরকার ৪৬টি কেন্দ্রকে স্থায়ীভাবে ধান সংগ্রহ কেন্দ্র হিসাবে চিহ্নিত করেছেন এবং সেখানে কৃষকগণ সরাসরি ধান বিক্রি করলে ন্যূনতম সহায়কমূল্যের উপর কুইন্টাল-প্রতি ১৫ টাকা করে ভাতা পাবেন।

আয়লায় ক্ষতিগ্রস্ত নদীবাঁধ সংস্কারে কেন্দ্রীয় সহায়তা

৪২। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৮) **শ্রী রামশঙ্কর হালদার** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, আয়লায় ক্ষতিক্রস্ত সুন্দরবনের নদীবাঁধগুলির পুনর্নির্মাণ ও সংস্কারের ক্ষেত্রে কেন্দ্রীয় আর্থিক সহায়তা পাওয়া গেছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত টাকা ব্যয়ের খতিয়ান কীরূপ ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, আয়লায় ক্ষতিগ্রস্ত নদীবাঁধগুলির পুনর্নির্মাণ ও সংস্কারের জন্য এযাবৎ ৫২৫.৭৫ কোটি টাকার কেন্দ্রীয় অনুদান পাওয়া গেছে।

(খ) ৩১শে জানুয়ারী, ২০১৫ পর্যন্ত ২৯৬.৫০ কোটি টাকা কেন্দ্রীয় অনুদান খরচ করা গেছে। এর সঙ্গে রাজ্য থেকে প্রাপ্ত ১০৭.১১ কোটি টাকা সম্পূর্ণভাবে খরচ হয়ে গেছে। অর্থাৎ মোট খরচ ৪০৩.৬১ কোটি টাকা।

দক্ষিণ দিনাজপুর জেলায় সহায়ক মূল্যে ধান ক্রয়

৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৬) **শ্রী নর্মদা চন্দ্র রায়** : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দক্ষিণ দিনাজপুর জেলায় কৃষকদের কাছ থেকে সরকার নির্ধারিত সহায়ক মূল্যে ধান ক্রয় কেন্দ্র খোলা হয়নি ; এবং

(খ) সত্যি হলে, তার কারণ কী ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) উক্তিটি সত্য নহে। দক্ষিণ দিনাজপুর জেলায় ধান ক্রয় কেন্দ্র মারফত কৃষকদের কাছ থেকে সরকার নির্ধারিত সহায়ক মূল্যে ধান ক্রয় করা হচ্ছে। বর্তমান খরিফ মরসুমে (২১.০২.২০১৫ পর্যন্ত) উক্ত জেলায় ধান ক্রয় কেন্দ্র খোলা হয়েছে—

(A) কিষান মান্ডি খোলা হয়েছে—০২টি (কুমারগঞ্জ ও বালুরঘাট)

(B) সিএমআর (CMR) এজেন্সি কর্তৃক ক্যাম্প খোলা হয়েছে—

(i) কনফেড কর্তৃক ক্যাম্প খোলা হয়েছে — ৫৫টি

(ii) ইসিএসসি কর্তৃক ক্যাম্প খোলা হয়েছে — ২৫৯টি

মোট — ৩১৪টি

রাইস মিল কর্তৃক ক্যাম্প খোলা হয়েছে — ৮১টি

এবং উক্ত সময়ে উক্ত জেলায় ধান ক্রয়/সংগ্রহ করা হয়েছে :

(i) রাইস মিল কর্তৃক ধান ক্রয় করা হয়েছে—০.১৫ লক্ষ মে.টন।

(ii) CMR এজেন্সি কর্তৃক ধান ক্রয় করা হয়েছে—০.৫৫ লক্ষ মে. টন (including Kishan Mandi)

(iii) কিষান মাণ্ডি কর্তৃক ধান ক্রয় করা হয়েছে—০.০৭৮ লক্ষ মে. টন।

(খ) প্রযোজ্য নহে।

গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়

৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৯) **শ্রী নর্মদা চন্দ্র রায়** : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০৭ সালে স্থাপিত গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়কে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের চিন্তা-ভাবনা সরকারের আছে কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, এই বিষয়ে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয় রাজ্যের আইন দ্বারা স্থাপিত একটি বিশ্ববিদ্যালয়। তাই সেটির স্থাপনকাল থেকেই গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয় একটি পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়। তাই এটিকে নতুন করে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করার প্রয়োজন নেই।

(খ) একটি পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ের মতো এই বিশ্ববিদ্যালয়টিতেও—

(১) একজন উপাচার্য নিয়োগ করা হয়েছে ;

(২) একটি বিশ্ববিদ্যালয় পর্ষদ গঠন করা হয়েছে ;

(৩) এর অধীনে উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর ও মালদা জেলার মহাবিদ্যালয়গুলির ভার দেওয়া হয়েছে ; এবং

(৪) সম্প্রতি এর 'স্ট্যাটিউট'-এরও অনুমোদন দেওয়া হয়েছে।

তিস্তার ভাঙন

৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৪) **শ্রী অনন্ত দেব অধিকারী** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, তিস্তার ভাঙনরোধে ১ নং স্পারের কাজ এখনো অসমাপ্ত রয়েছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত কাজ কবে নাগাদ সম্পন্ন হবে বলে আশা করা যায় ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) তিস্তার ভাঙনরোধে জলপাইগুড়ি জেলার সদর ব্লকে জুবিলী পার্ক অঞ্চলে ১নং স্পার পুনর্গঠনের কাজ মে ২০১৩ সালে শেষ হয়ে গেছে।

(খ) প্রযোজ্য নয়।

রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ যোজনা

৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ৩০১) **শ্রী অসিত মিত্র** : বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ যোজনার কাজ বন্ধ হয়ে গেছে ; এবং

(খ) সত্যি হলে, বিদ্যুৎহীন গ্রামীণ এলাকায় বিদ্যুৎ সরবরাহের জন্য সরকার কর্তৃক কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন আসে না।

ভাসমান সৌরবিদ্যুৎ কেন্দ্র স্থাপন

৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ৩১৯) **শ্রী তজমুল হোসেন** : বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে দেশের মধ্যে প্রথম ভাসমান সৌরবিদ্যুৎ কেন্দ্র স্থাপন হচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, প্রকল্পটির অগ্রগতি কীরূপ ?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) প্রকল্পটির কাজ সম্পন্ন হয়েছে।

নথিভুক্ত প্রতিবন্ধীর সংখ্যা

৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩৬০) **শ্রী শাহাজাহান চৌধুরী** : সমাজকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারী, ২০১৫ সাপেক্ষে রাজ্যে নথিভুক্ত প্রতিবন্ধীর সংখ্যা কত ; এবং

(খ) উক্ত সময় সাপেক্ষে শংসাপত্রের জন্য আবেদনকারীর সংখ্যা কত ও শংসাপত্রপ্রাপ্ত প্রতিবন্ধীর সংখ্যা কত ;

(গ) প্রতিবন্ধী ভাতা প্রদানের ক্ষেত্রে বয়ঃসীমা কমানোর কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ?

সমাজকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া :

(ক) ২০১১-র জনগণনা অনুসারে রাজ্যে নথিভুক্ত প্রতিবন্ধকতাযুক্ত মানুষের সংখ্যা—২০১৭৪০৬ জন (কুড়ি লক্ষ সতেরো হাজার চারশত ছয় জন—২.২১%)

(খ) উক্ত সময় সাপেক্ষে শংসাপত্রের জন্য আবেদনকারীর সংখ্যা—১৩৩৯৩২৭ (তেরো লক্ষ উনচল্লিশ হাজার তিনশত সাতাশ জন)

শংসাপত্রপ্রাপ্ত (প্রতিবন্ধকতার পরিমাপ চল্লিশ এবং তদূর্ধ্ব) প্রতিবন্ধীর সংখ্যা ৯৫৮০৭২ জন (নয় লক্ষ আটান্ন হাজার বাহাত্তর জন)

প্রতিবন্ধকতার পরিমাপ ৪০ শতাংশের কম হওয়ার জন্য ৩৮১২৫৫ জন (তিন লক্ষ একাশি হাজার দুইশত পঞ্চান্ন জন) ব্যক্তিকে শংসাপত্র প্রদান করা হয়নি।

(গ) রাজ্য সরকার প্রাপ্ত প্রতিবন্ধী ভাতা প্রদানের ক্ষেত্রে উল্লিখিত কোনো বয়ঃসীমা নেই।

কেন্দ্রীয় সরকারের ইন্দিরা গান্ধী ন্যাশনাল ডিজেবিলিটি পেনশন স্কীমে উল্লিখিত বয়ঃসীমা ১৮ থেকে ৬৪ বছর। কেন্দ্রীয় সরকারের উল্লিখিত বয়ঃসীমা কমানোব কোনো পরিকল্পনা আছে কিনা এরূপ কোনো তথ্য নেই।

কৃষি যন্ত্রপাতির ব্যাঙ্ক

৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩৭০) **শ্রী শাহাজাহান চৌধুরী** : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য কৃষি বিভাগ কৃষি যন্ত্রপাতির ব্যাঙ্ক তৈরি করার সিদ্ধান্ত নিয়েছে ;

(খ) সত্যি হলে, জেলায় জেলায় কৃষি যন্ত্রপাতি ভাড়া দেওয়ার পরিকল্পনা নেওয়া হয়েছে কি ; এবং

(গ) নেওয়া হলে, কৃষি যন্ত্রপাতি ভাড়া দেওয়ার শর্তাবলী কী কী ?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, রাজ্য কৃষি বিভাগ কৃষি যন্ত্রপাতির ব্যাঙ্কের অনুরূপ 'কৃষি যন্ত্রপাতি ভাড়া কেন্দ্র' প্রতিস্থাপনের উদ্দেশ্যে আর্থিক অনুদান প্রকল্প চলতি আর্থিক বছর থেকে চালু করেছে।

(খ) উক্ত প্রকল্প রূপায়ণের জন্য জেলাভিত্তিক পরিকল্পনা নেওয়া হয়েছে।

(গ) উক্ত কেন্দ্র থেকে অগ্রাধিকার ভিত্তিতে সংশ্লিষ্ট এলাকার ক্ষুদ্র এবং প্রান্তিক কৃষকদের যন্ত্রপাতি ভাড়া দেওয়া হবে।

কর্মীশূন্য অঙ্গনওয়াড়ি কেন্দ্রের সংখ্যা

৫০। (অনুমোদিত প্রশ্ন নং ৩৭৫) **শ্রীমতী অপর্ণা সাহা** : শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্ধমান জেলার কর্মীশূন্য অঙ্গনওয়াড়ি কেন্দ্রের সংখ্যা কত ?

শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া :

বর্ধমান জেলায় কর্মীশূন্য অঙ্গনওয়াড়ি কেন্দ্রের সংখ্যা-৩০৭।

নতুন পৌরসভা গঠন

৫১। (অনুমোদিত প্রশ্ন নং ৩৮৬) **শ্রী বিশ্বনাথ কারক** : পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারী, ২০১৫ সাপেক্ষে রাজ্য মোট কয়টি নতুন পৌরসভা গঠন করা হয়েছে ; এবং

(খ) উক্ত সময় সাপেক্ষে পূর্বঘোষিত পৌরসভাগুলি ছাড়া আর কোনো নতুন পৌরসভা গঠন করার পরিকল্পনা আছে কিনা ?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) দক্ষিণ দিনাজপুর জেলার বুনিয়াদপুরে নতুন পৌরসভা গঠনের চূড়ান্ত প্রজ্ঞাপন পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের সঙ্গে যৌথভাবে খুব শীঘ্রই প্রকাশ করা হবে।

(খ) উক্ত সময় সাপেক্ষে পূর্বঘোষিত পৌরসভাগুলি ছাড়া জলপাইগুড়ি জেলার ময়নাগুড়িতে নতুন পৌরসভা গঠনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

আই.সি.ডি.এস. কর্মীদের সরকারি কর্মীর স্বীকৃতি

৫২। (অনুমোদিত প্রশ্ন নং ৩৮৭) **শ্রী বিশ্বনাথ কারক** : শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আই.সি.ডি.এস. কর্মী, সহায়িকাদের সরকারী কর্মী হিসাবে স্বীকৃতি দেওয়ার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি ; এবং

(খ) হলে, তা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া :

(ক) অঙ্গনওয়াড়ি কর্মী এবং সহায়িকাদের যথাক্রমে তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মী হিসাবে স্বীকৃতি দেওয়ার জন্য ২০০৬ সালে রাজ্য সরকার ভারত সরকারের কাছে একটি প্রস্তাব পেশ করেছেন।

(খ) কবে নাগাদ এই প্রস্তাব ভারত সরকার কৃর্তক অনুমোদিত হবে, তা ভারত সরকারের এক্তিয়ারভুক্ত বিষয়। আই.সি.ডি.এস. সম্পূর্ণভাবে ভারত সরকার কর্তৃক গৃহীত নীতি অনুসারে চলে ও পশ্চিমবঙ্গ সরকার কেবল তা রূপায়িত করেন মাত্র।

আই.সি.ডি.এস. প্রকল্পে শূন্যপদ পূরণ

৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩৮৮) **শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ** : শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, আই.সি.ডি.এস. কর্মী/সহায়িকা/সুপারভাইজারের শূন্যপদ পূরণের জন্য রাজ্য সরকার ব্যবস্থা গ্রহণ করতে চলেছে ; এবং

(খ) সত্যি হলে, তা কবে নাগাদ শূন্যপদগুলি পূরণ হবে বলে আশা করা যায় ?

শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া :

(ক) কোর্টে কেস চালু থাকায় কিছু জেলায় অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকা পদে নিয়োগ আপাতত মুলতুবি রাখতে হয়েছে। যে জেলাগুলিতে কোর্ট কেস নেই সেখানে ওই পদদুটিতে নিয়োগ প্রক্রিয়া অব্যাহত আছে।

৬৩৬টি সুপারভাইজারের শূন্যপদে পদোন্নতির মাধ্যমে অঙ্গনওয়াড়ি কর্মী থেকে নিয়োগের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

২১১৬টি সুপারভাইজারের শূন্যপদে স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে সরাসরি নিয়োগের বিষয়ে বিবেচনা করা হচ্ছে।

যে জেলাগুলিতে কোর্টকেস আছে—মালদা, পুরুলিয়া, বর্ধমান, কোচবিহার, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার। এছাড়া পশ্চিম মেদিনীপুর, মুর্শিদাবাদ, হুগলী, বীরভূম, উত্তর ও দক্ষিণ দিনাজপুরে কয়েকটি প্রোজেক্টে কোর্টেকেস আছে।

(খ) অত্যন্ত দ্রুততার ভিত্তিতে শূন্যপদগুলি পূরণ করার জন্য সরকারি স্তরে সমস্ত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। স্বল্প সময়ের মধ্যে সদর্থক ফলের আশা করা যায়।

আই.সি.ডি.এস. কেন্দ্রের সংখ্যা

৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯৫) **শ্রী নগেন্দ্র নাথ রায়** : শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্তমানে কোচবিহার ২ নং ব্লকে আই.সি.ডি.এস. কেন্দ্রের সংখ্যা কত ?

শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া :

অনুমোদিত অঙ্গনওয়াড়ি কেন্দ্রের সংখ্যা—৪৮০ (চারশত আশি)।

চালু অঙ্গনওয়াড়ি কেন্দ্রের সংখ্যা—৪২৪ (চারশত চব্বিশ)।

কন্যাশ্রী প্রকল্পে নথিভুক্ত ছাত্রীর সংখ্যা

৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯৮) **শ্রী বিশ্বজিৎ কুণ্ডু** : নারী বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩০.১২.২০১৪ সাপেক্ষে কালনা ১ নং ও ২ নং ব্লকে কন্যাশ্রী প্রকল্পে নথিভুক্ত ছাত্রীর সংখ্যা কত ; এবং

(খ) তন্মধ্যে, কতজন ২৫,০০০ টাকা পেয়েছে ও কতজন পেতে বাকি আছে ?

নারী বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া :

ব্লকের নাম	কন্যাশ্রী প্রকল্পে নথিভুক্ত ছাত্রীর সংখ্যা
কালনা ১ নং	৩৫৫
কালনা ২ নং	১৪৯

ব্লকের নাম	এককালীন অনুদান পেয়েছে	এককালীন অনুদান পেয়েছে
কালনা ১ নং	২৬৯	৫৯
কালনা ২ নং	১০৭	৩৯

'রাজীব গান্ধী আবাসন যোজনা' রূপায়ণ

৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯৯) **শ্রী বিশ্বজিৎ কুণ্ডু** : পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোনো পৌরসভাতে রাজীব গান্ধী আবাস যোজনা রূপায়িত হচ্ছে কি ;

(খ) 'ডি' ক্যাটাগরি পৌরসভাগুলি রাজীব গান্ধী আবাস যোজনার আওতায় পড়ছে কি না ; এবং

(গ) যদি পড়ে, তাহলে কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার, পৌরসভা ও বেনিফিসিয়ারীকে কী অনুপাতে টাকা দিতে হবে ?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পশ্চিমবঙ্গের মোট ৫০টি পৌরসভাতে রাজীব গান্ধী আবাস যোজনা রূপায়িত হচ্ছে।

(খ) উক্ত ৫০টি পৌরসভার মধ্যে সকল 'ডি' ক্যাটাগরি অর্ন্তভুক্ত (৭টি) পৌরসভা রাজীব গান্ধী আবাস যোজনার আওতায় পড়ছে।

(গ) রাজীব গান্ধী আবাস যোজনার আওতায় ২০১১ সালের আদমসুমারী অনুযায়ী ৫ লক্ষের বেশি জনসংখ্যাবিশিষ্ট শহরগুলিতে নতুন গৃহ নির্মাণের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার ও উপভোক্তা কর্তৃক দেয় টাকার অনুপাত হল ৫০ ঃ ৪০ ঃ ১০ এবং বস্তি এলাকার পরিকাঠামো উন্নয়নের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার ও পৌরসভা কর্তৃক দেয় টাকার অনুপাত হল ৫০ ঃ ৪০ ঃ ১০।

৫ লক্ষের কম জনসংখ্যাবিশিষ্ট শহরগুলিতে নতুন গৃহ নির্মাণ ও বস্তি এলাকার পরিকাঠামো উন্নয়নের ক্ষেত্রে উক্ত অনুপাত হল ৭৫ ঃ ২০ ঃ ৫।

পৌরসভা এলাকার পার্ক আলোকিতকরণ

৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ৪০৫) **শ্রী বিশ্বজিৎ কুণ্ডু** : বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পৌরসভা এলাকার পার্ক আলোকিতকরণের জন্য বিদ্যুৎ বিভাগ থেকে কোনো আর্থিক সাহায্য পাওয়া যায় কিনা ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, উক্ত সাহায্য কোনো পৌরসভা পেয়েছে কি ?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না। কিন্তু বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

(খ) না।

পি.এইচ.ই.-র মাধ্যমে জল সরবরাহ প্রকল্প

৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ৪০৬) **শ্রী বিশ্বজিৎ কুণ্ডু** : জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১১ সাল থেকে ৩১শে জানুয়ারী, ২০১৫ পর্যন্ত সময়ে বর্ধমান জেলায় পি.এইচ.ই.-র মাধ্যমে জল সরবরাহের কতগুলি নতুন প্রকল্প চালু হয়েছে ;

(খ) ওই জেলায় কালনা ২নং ব্লকের জন্য আবেদন করা প্রকল্পগুলির মধ্যে কত সংখ্যক অনুমোদিত হয়েছে ; এবং

(গ) উক্ত জেলায় কোন কোন ব্লক আর্সেনিক-কবলিত এলাকা হিসাবে চিহ্নিত হয়েছে ?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১১ সালে ৩১শে জানুয়ারী হইতে আজ পর্যন্ত (ফেব্রুয়ারী, ২০১৫) ২৬টি (ছাব্বিশ) নলবাহিত জলসরবরাহ প্রকল্প ১০৯.৭২ কোটি (একশত নয় কোটি বাহাত্তর লক্ষ) টাকা অনুমিত ব্যয়ে পশ্চিমবঙ্গ সরকারের জনস্বাস্থ্য কারিগরী দপ্তর বর্ধমান জেলায় চালু করেছে। এই সমস্ত নলবাহিত জলসরবরাহ প্রকল্প দ্বারা ৪,৮৬,২৯২ (চার লক্ষ ছিয়াশি হাজার দুইশত বিরানব্বই) জন অধিবাসী নিরাপদ পানীয় জলের দ্বারা উপকৃত হবে।

(খ) বর্ধমান জেলার কালনা ২নং ব্লকে 'কুলটি এবং সংলগ্ন মৌজার ভূগর্ভস্থ জলভিত্তিক জলসরবরাহ প্রকল্প' নামক একটি প্রকল্প ২.৭১ কোটি (দুই কোটি একাত্তর লক্ষ) টাকা অনুমিত ব্যয়ে ১১,৬১২ (এগারো হাজার ছয়শত বারো) জন প্রকল্পিত অধিবাসীকে উপকৃত করার লক্ষ্যে প্রশাসনিক অনুমোদনপ্রাপ্ত হয়েছে। এই প্রকল্পটির ক্ষেত্রের কাজ রূপায়ণের পর্যায়ে আছে এবং প্রকল্পটি জুন, ২০১৫ নাগাদ চালু হবে বলে আশা করা যায়। আরও একটি প্রকল্প রাজ্যস্তরে প্রকল্প অনুমোদন কমিটি (SLSSC) প্রযুক্তিগত অনুমোদন দিয়েছে এবং প্রশাসনিক অনুমোদন নির্দিষ্ট সময়ে পাওয়া যাবে।

(গ) বর্ধমান জেলার ৫ (পাঁচ)টি ব্লক আর্সেনিক আক্রান্ত, যথা-পূর্বস্থলী-১ ও ২, কাটোয়া-১ ও ২ এবং কালনা-২।

কন্যাশ্রী প্রকল্প

৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ৪১৪) **শ্রী রামশঙ্কর হালদার** : নারী বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১লা এপ্রিল, ২০১৪ থেকে ৩১শে ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত রাজ্যে কতজনকে কন্যাশ্রী প্রকল্পে নথিভুক্ত করা হয়েছে (জেলাওয়াড়ি তথ্যসহ) ?

নারী বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া :

১লা এপ্রিল, ২০১৪ থেকে ৩১শে ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত রাজ্যে মোট ৭,৬৪,৪৭৩ জনকে কন্যাশ্রী প্রকল্পে নথিভুক্ত করা হয়েছে।

জেলাওয়াড়ি তথ্য নীচের সারণীতে দেওয়া হল :

	জেলা	নথিভুক্ত করা হয়েছে
(১)	বাঁকুড়া	৪২,৩৮৯
(২)	বর্ধমান	৫৬,৯০০
(৩)	বীরভূম	২৯,৮২৮
(৪)	কোচবিহার	২৫,৬৬৭
(৫)	দক্ষিণ দিনাজপুর	১৭,১৪৫
(৬)	দার্জিলিং	৪,৯৭২
(৭)	হাওড়া	৪৬,০৬৪
(৮)	হুগলী	৩৬,৪৪৮
(৯)	জলপাইগুড়ি	৪৬,০০৮
(১০)	কলকাতা	১৮,৩১৯
(১১)	মালদহ	৩৭,৬৯৪
(১২)	মুর্শিদাবাদ	৬৬,১২২
(১৩)	নদীয়া	৪১,৯৩৫
(১৪)	উত্তর ২৪-পরগনা	৫৯,৩৭১
(১৫)	পশ্চিম মেদিনীপুর	৭৪,৯৯৯
(১৬)	পূর্ব মেদিনীপুর	৬৫,০৯০
(১৭)	পুরুলিয়া	৭,৬২৩
(১৮)	শিলিগুড়ি	১২,৭৪৮
(১৯)	দক্ষিণ ২৪-পরগনা	৪৫,৯৭৫
(২০)	উত্তর দিনাজপুর	২৯,১৭৬

এম.জি.এন.আর.ই.জি.এ. প্রকল্পে কাজের মজুরী

৬০। (অনুমোদিত প্রশ্ন নং ৪২৭) **শ্রী মনোরঞ্জন পাত্র** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৪-১৫ সালের ৩১শে জানুয়ারী পর্যন্ত এম.জি.এন.আর.ই.জি.এ. প্রকল্পে রাজ্যের জবকার্ডধারীরা গড়ে কত দিনে কাজ পেয়েছেন ; এবং

(খ) উক্ত সময়ে এই প্রকল্পে নিযুক্ত কর্মীদের মজুরী বাবদ কত টাকা বকেয়া আছে ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১৪-১৫ সালের ৩১শে জানুয়ারী পর্যন্ত এম.জি.এন.আর.ই.জি.এ. প্রকল্পে রাজ্যের জবকার্ডধারীরা গড়ে ২৮ দিন কাজ পেয়েছেন।

(খ) উক্ত সময়ে এই প্রকল্পে নিযুক্ত কর্মীদের মজুরী বাবদ ৮০১.৭২ কোটি (আটশত এক কোটি বাহাত্তর লক্ষ) টাকা বকেয়া আছে।

রাজ্যে আই.সি.ডি.এস. কেন্দ্রের সংখ্যা

৬১। (অনুমোদিত প্রশ্ন নং ৪২৯) **শ্রী মনোরঞ্জন পাত্র** : শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারী, ২০১৫ সাপেক্ষে রাজ্যে আই. সি. ডি. এস. কেন্দ্রের সংখ্যা কত ; এবং

(খ) কতগুলি কেন্দ্রের নিজস্ব পরিকাঠামো যথা-বাড়ী, রান্নাঘর ও পানীয় জলের ব্যবস্থা নেই ?

শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া :

(ক) রাজ্যে বর্তমানে চালু আই.সি.ডি.এস. কেন্দ্রের সংখ্যা—১,১৪,৪৫৫ (এই তথ্য ৩১শে ডিসেম্বর, ২০১৪ প্রেক্ষিতে প্রেরিত)।

(খ) নিজস্ব বাড়ী ও রান্নাঘর নেই—৭৪,৮৮৯টি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে এবং পানীয় জলের ব্যবস্থা নেই—৪৪,৫১৯টি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে।

অভাবী ধান কেনার ব্যবস্থা

৬২। (অনুমোদিত প্রশ্ন নং ৪৩৭) **শ্রী নিরাপদ সর্দার** : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৪-১৫ বর্ষে রাজ্যের কটি স্থানে কৃষকদের অভাবী ধান কেনার ব্যবস্থা করা হয়েছে ; এবং

(খ) সরাসরি কৃষকদের কাছ থেকে কত ধান কেনা হয়েছে ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১৪-১৫ খরিফ মরসুমে ১৪ই ফেব্রুয়ারি ২০১৫ পর্যন্ত সরাসরি কৃষকদের কাছ থেকে নিম্নোক্ত চার উপায়ে ধান কেনা হয়েছে—

(১) ৪৩২টি চালকলগেটে সরাসরি কৃকেদের কাছ থেকে চালকল মালিক ধান ক্রয় করেছেন।

(২) সি.এম.আর. এজেন্সিগুলি ৬,৯৪৬টি ক্যাম্প সংগঠিত করে কৃষকদের কাছ থেকে সরাসরি ধান ক্রয় করেছে।

(৩) ৩৫৫টি প্রাথমিক কৃষি সমবায় সমিতি সরাসরি কৃষকদের কাছ থেকে ধান কিনে সি.এম.আর. এজেন্সিগুলিকে সংগৃহীত ধান প্রদান করেছে।

(৪) ৪৬টি স্থায়ী কিষান মান্ডি থেকেও কৃষকদের কাছ থেকে সরাসরি ধান কেনা হয়েছে।

(খ) বর্তমান খরিফ মরসুমে ১৪ই ফেব্রুয়ারি, ২০১৫ পর্যন্ত সরাসরি কৃষকদের কাছ থেকে মোট ১৮,০৯,৮৬৯ মেট্রিক টন ধান কেনা হয়েছে।

ডিজিটাল রেশন কার্ড তৈরির জন্য তথ্য গ্রহণ

৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪৩) **শ্রী রামশঙ্কর হালদার** : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে ডিজিটাল রেশন কার্ড তৈরি করার জন্য পরিবারভিত্তিক তথ্য গ্রহণের কাজ সম্পূর্ণ হয়েছে ;

(খ) সত্যি হলে, মোট পরিবারের সংখ্যা কত ; এবং

(গ) তন্মেধ্যে, এ.পি.এল. ও বি.পি.এল. পরিবারের সংখ্যা কত ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্য সরবরাহ দপ্তরের তরফে যে তথ্য সংগ্রহ করা হচ্ছে তা রেশন কার্ড গ্রহীতার কার্ড সংক্রান্ত তথ্য। এই তথ্য কম্পিউটারাইজ করা হচ্ছে। এই কাজ প্রায় ৮৫% সম্পূর্ণ।

(খ) সমগ্র রাজ্যে এখন পর্যন্ত মোট ২,৪৪,৭২,৮৭৫টি পরিবারের রেশনকার্ড সংক্রান্ত তথ্য ডিজিটাইজড করা হয়েছে।

(গ) এর মধ্যে APL পরিবারের সংখ্যা ১,৬৩,৮৫,১০৮ ও BPL পরিবারের সংখ্যা ৫৮,১৮,৯৮০।

পানীয় জল সরবরাহ প্রকল্প

৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ৪৬১) **শ্রী দীপক কুমার হালদার** : পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এটা কি সত্যি যে, ডায়মন্ড হারবার পৌরসভা এলাকায় পানীয় জল সরবরাহের জন্য প্রকল্প গৃহীত হয়েছে ?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

হ্যাঁ। ডায়মন্ড হারবার পৌরসভা এলাকায় পানীয় জল সরবরাহের জন্য জওহরলাল নেহরু ন্যাশনাল আরবান রিনিউয়্যাল মিশন (জে.এন.এন.ইউ.আর.এম.)-এর অধীনে ইউ.আই.ডি.এস.এস.এম.টি. কর্মসূচীতে একটি প্রকল্প গৃহীত হয়েছে।

মুর্শিদাবাদ জেলায় 'উন্নয়ন পর্ষদ' গঠন

৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪৬২) **শ্রী অপূর্ব সরকার** : পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার উন্নয়নের জন্য 'উন্নয়ন পর্ষদ' গঠনের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকলে, তা কবে নাগাদ রূপায়িত হবে বলে আশা করা যায় ?

পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এই বিষয়ে কোনো পরিকল্পনা এই দপ্তরের জানা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

নতুন বি.পি.এল. তালিকা

৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪৬৪) **শ্রী অপূর্ব সরকার** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে নতুন করে বি.পি.এল. তালিকা প্রকাশের কোনো পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

অতি সম্প্রতি সারা রাজ্যজুড়ে আর্থ-সামাজিক ও জাতিগত জনগণনা সম্পন্ন হয়েছে। এই সমীক্ষার চূড়ান্ত তালিকা ১২টি জেলার ক্ষেত্রে প্রকাশিত হয়েছে। ৮টি জেলার ক্ষেত্রে তালিকা ফেব্রুয়ারি মাসেই প্রকাশিত হবে। ভবিষ্যতে প্রয়োজনীয় দারিদ্রসীমার নীচে বসবাসকারী পরিবারসমূহের তালিকা উক্ত জনগণনার ফলাফল থেকেই তৈরি করার পরিকল্পনা আছে।

কৃষিকাজে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ পরিষেবা প্রদান

৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ৪৬৫) **শ্রী অপূর্ব সরকার** : বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

চলতি বোরো চাষ মরশুমে কৃষকদের স্বার্থে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ পরিষেবা প্রদানে কী কী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে/ হচ্ছে ?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

রাজ্য WBSEDCL পরিচালনাধীন এলাকায় সার্বিকভাবে বিদ্যুৎ পরিষেবা প্রদানের উদ্দেশ্যে ২০১৪-১৫ অর্থবর্ষে নিম্নলিখিত পদক্ষেপগুলি গ্রহণ করা হয়েছে বা হচ্ছে—

(১) বিদ্যুৎ বণ্টনের জন্য প্রয়োজনীয় পরিকাঠামো উন্নয়ন, যথা—

(ক) নতুন লাইন তৈরি	HT-৭২৬ কিমি, LT-৯,৭২৪ কিমি
(খ) নতুন ৩৩/১১ কেভি স্থায়ী সাব-স্টেশন সংস্থাপন	২৮টি (১০৩.৪৫ এম.ভি.এ.)
(গ) চালু স্থায়ী সাব-স্টেশনগুলির ক্ষমতা বৃদ্ধি	৮৫টি (২৯৯.১৫ এম.ভি.এ.)
(ঘ) নতুন ডি.টি.আর. সংস্থাপন	১০,২৩৫টি (৪২৬ এম.ভি.এ.)
(ঙ) নতুন ডি.টি.আর.-এর ক্ষমতা বৃদ্ধি	৪,৯৩৮টি (১৪৪ এম.ভি.এ.)
(চ) ১১ কেভি ফিডার বাইফারকেশন	৭০ কিমি
(ছ) ১১ কেভি ফিডার ক্ষমতা বৃদ্ধি	২৫৫ কিমি

(২) চাষের জন্য ২০১৩-১৪ অর্থবর্ষে অস্থায়ীরূপে ১৮টি নতুন ৩৩/১১ কেভি সাব-স্টেশন চালু করা হয়েছে, যার ক্ষমতা ৫০.৪ এম.ভি.এ. এবং এই অর্থবর্ষেও ওই সাব-স্টেশনগুলি চালু রাখা হয়েছে।

(৩) বোরো চাষের জন্য স্বল্পমেয়াদী STW Connection দেওয়ার ব্যবস্থা পূর্বে যা করা হয়েছিল, তা চালু রাখা হয়েছে। এছাড়াও বিদ্যুৎ সংযোগে চাষীদের

আর্থিক সুবিধা প্রদানের উদ্দেশ্যে 'One Time Assistance' নামে যে ব্যবস্থা চালু করা হয়েছিল, তা বর্তমানেও বজায় রাখা হয়েছে।

(৪) নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা প্রদানের উদ্দেশ্যে চাষের জন্য সম্পূর্ণ আলাদা লাইনের ব্যবস্থা রাখার জন্য 'সেচবন্ধু' প্রকল্পে মোট ১৪৫টি ১১ কেভি ফিডার বিবেচনায় আনা হয়েছে এবং প্রাথমিকভাবে মোট ১০টি ফিডারকে আলাদা করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এর আনুমানিক ব্যয়ভার ৩৮ কোটি টাকা।

ন্যায্য মূল্যে আলু বিক্রি

৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ৪৬৮) **শ্রী অপূর্ব সরকার** : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

আলুচাষীদের স্বার্থে এই বছর উৎপাদিত আলু ন্যায্য মূল্যে বিক্রির জন্য কোনো পরিকল্পনা সরকারিভাবে আছে কি ?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

এখন রাজ্যে যে আলু কৃষকরা বিক্রয় করছেন তার পরিমাণ অতি অল্প, এইগুলি সাধারণত পোখরাজজাতীয়। কিন্তু রাজ্যে জ্যোতি শ্রেণীর আলু মূলত উৎপাদিত হয় যা এখনও ওঠা শুরু হয়নি। সরকার পরিস্থিতির উপর নজর রাখছে।

'কন্যাশ্রী বালা'

৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ৪৮২) **শ্রী রামেশ্বর দলুই** : নারী বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার কন্যাশ্রী প্রকল্পের মাধ্যমে ছাত্রীদের 'কন্যাশ্রী বালা' বিতরণের পরিকল্পনা গ্রহণ করেছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত প্রকল্পে কত টাকা বরাদ্দ হয়েছে (জেলাভিত্তিক তথ্যসহ) ?

নারী বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া :

(ক) হ্যাঁ।

(খ) উক্ত প্রকল্পে ৩,৯৭,০৮,১৯৬ (তিন কোটি সাতানব্বই লক্ষ আট হাজার একশো ছিয়ানব্বই) টাকা বরাদ্দ হয়েছে।

এ সম্পর্কিত জেলাভিত্তিক তথ্য নিম্নে দেওয়া হল—

Statement of Expenditure Towards Distribution of Bangles (@ Rs. 23.75 per piece)

Sl. No.	Name of the District	Amount (in Rs.)
1.	Kolkata	9,88,000/-
2.	South 24-Pgs.	32,30,000/-
3.	North 24-Pgs.	39,97,125/-
4.	Howrah	16,22,125/-
5.	Bardhaman	32,89,375/-
6.	Birbhum	15,05,750/-
7.	Hooghly	21,44,625/-
8.	Nadia	35,60,197/-
9.	Bankura	17,03,374/-
10.	Paschim Medinipur	26,22,000/-
11.	Purba Medinipur	26,36,250/-
12.	Purulia	13,01,500/-
13.	Dakshin Dinajpur	9,42,875/-
14.	Uttar Dinajpur	13,39,500/-
15.	Malda	19,26,125/-
16.	Murshidabad	31,23,125/-
17.	Cooch Behar	15,43,750/-
18.	Jalpaiguri, Alipurduar	14,89,125/-
19.	Darjeeling (GTA area)	2,11,375/-
20.	Darjeeling (Siliguri-non GTA area)	5,32,000/-
	Total :	**3,97,08,196/-**

(Rupees three crore ninety seven lakh eight thousand one hundred and ninety six) only.

অঙ্গনওয়াড়ি কর্মী/সহায়িকার শূন্যপদের সংখ্যা

৭০। (অনুমোদিত প্রশ্ন নং ৪৬২) **শ্রী রামেশ্বর দলুই** : শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারি, ২০১৫ সাপেক্ষে রাজ্যে অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকার শূন্যপদের সংখ্যা কত (জেলাভিত্তিক তথ্যসহ) ; এবং

(খ) উক্ত কর্মী/সহায়িকাদের ভাতা বৃদ্ধির কোনো পরিকল্পনা আছে কি না ?

শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া :

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১৪ সাপেক্ষে রাজ্যে আই.সি.ডি.এস. কেন্দ্রের কর্মী ও সহায়িকার শূন্যপদের সংখ্যা যথাক্রমে ৮,৭৮৪ এবং ১৩,৯৪৫।

জেলাভিত্তিক তথ্য নিম্নে দেওয়া হল—

জেলাভিত্তিক আই.সি.ডি.এস. কর্মী/সহায়িকার শূন্যপদ

(৩১শে ডিসেম্বর, ২০১৪ সাপেক্ষে)

ক্রমিক সংখ্যা	জেলা	অনুমোদিত পদের সংখ্যা		শূন্যপদের সংখ্যা	
		অঃওঃ কর্মী	সহায়িকা	অঃওঃ কর্মী	সহায়িকা
০১।	বাঁকুড়া	৫৫৪১	৫৫৪১	৫৫০	৮২০
০২।	বীরভূম	৪৭৯৬	৪৭৯৬	২০০	৫৫৯
০৩।	বর্ধমান	৯২৭৮	৯২৭৮	৩০৭	৭৪৬
০৪।	কলকাতা	১৫২৮	১৫২৮	১১৫	১৭২
০৫।	কোচবিহার	৪১৫২	৪১৫২	৭৩৮	৮১৮
০৬।	দার্জিলিং	৩৮৯১	৩৮৯১	৪৪৮	৫৫৮
০৭।	হুগলী	৬৬৬০	৬৬৬০	৩৪৮	৮২৭
০৮।	হাওড়া	৪৫০৬	৪৫০৬	৬১৭	৬৮৫
০৯।	জলপাইগুড়ি	৬৯৮৪	৬৯৮৪	৫৫০	৪১৯
১০।	মালদা	৫৫৭৩	৫৫৭৩	২৭১	৫৩৮
১১।	পূর্ব মেদিনীপুর	৫৯৬৯	৫৯৬৯	৪৭১	৯১৮
১২।	মুর্শিদাবাদ	৮৬৭১	৮৬৭১	৫২৫	৯৪৯
১৩।	নদীয়া	৬৬২০	৬৬২০	৬৩০	১৩৬৭
১৪।	পুরুলিয়া	৪৮৪৫	৪৮৪৫	২২২	৩৯১
১৫।	উত্তর ২৪ পরগনা	১০,২৪৫	১০,২৪৫	৮৫৯	১৩০৩
১৬।	উত্তর দিনাজপুর	৩৭৩৭	৩৭৩৭	০৭৪	০৮৮
১৭।	দক্ষিণ ২৪ পরগনা	১১,১০৬	১১,১০৬	১০৮৯	১৪৯৬
১৮।	দক্ষিণ দিনাজপুর	৩২৭৯	৩২৭৯	২৫৪	২৫৬
১৯।	পশ্চিম মেদিনীপুর	৯০০৯	৯০০৯	৫১৬	১০৩৫

(খ) আপাতত কোনো প্রস্তাব নেই।

বড়ঞা ও পাঁচথুপী জল সরবরাহ প্রকল্প

৭১। (অনুমোদিত প্রশ্ন নং ৪৮৯) **শ্রীমতী প্রতিমা রজক** : জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মুর্শিদাবাদ জেলায় বড়ঞা ও পাঁচথুপী অঞ্চলের জল সরবরাহ কেন্দ্র থেকে পর্যাপ্ত পরিমাণ জল প্রদানের কোনো পরিকল্পনা আছে কিনা ?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

১৮,৫২৭ (আঠারো হাজার পাঁচশত সাতাশ) জন (জনগণনা, ২০১১) অধিবাসীর সুবিধার্থে ২৫.৩৭ লক্ষ (পঁচিশ লক্ষ সাঁইত্রিশ হাজার) টাকা অনুমিত ব্যয়ে মুর্শিদাবাদ জেলার কান্দি মহকুমায় বারওয়ান ব্লকে 'বারওয়ান ও সংলগ্ন মৌজায় নলবাহিত জল সরবরাহ প্রকল্প' নামক প্রকল্প পশ্চিমবঙ্গ সরকারের জনস্বাস্থ্য কারিগরী দপ্তর ১৯৮৭-১৯৮৮ সালে চালু করেছিল। প্রকল্পটি বর্তমানে একটি নলকূপের সাহায্যে চলছে এবং অপর একটি নলকূপ অকেজো অবস্থায় আছে। আরও, গ্রামীণ রাস্তা তৈরি করার ফলে সংবহন নলের (pipeline) বেশ কিছু দৈর্ঘ্য নষ্ট হয়ে গেছে। সেই কারণে, অকেজো নলকূপ পরিবর্তন করার জন্য প্রযুক্তিগত তথ্য তৈরি করা হয়েছে এবং ২৪তম রাজ্যস্তরের প্রকল্প অনুমোদন কমিটি (SLSSC)-তে উৎস অনুমোদিত হয়েছে। তারপরে, ওই প্রকল্পটির বিস্তারিত প্রকল্প তথ্য (DPR) তৈরি অগ্রগতির পথে এবং উপযুক্ত কর্তৃপক্ষের কাছে অনুমোদনের জন্য শীঘ্রই পেশ করা হবে।

মুর্শিদাবাদ জেলায় কান্দি মহকুমায় বারওয়ান ব্লকে 'পাঁচথুপী ও সংলগ্ন মৌজায় নলবাহিত জল সরবরাহ প্রকল্প' নামক অপর একটি প্রকল্প ২১.৩০ লক্ষ (একুশ লক্ষ ত্রিশ হাজার) টাকা অনুমিত ব্যয়ে২১,১২০ (একুশ হাজার একশত কুড়ি) জন (জনগণনা, ২০১১) অধিবাসীর সুবিধার্থে ১৯৮৭-৮৮ সালে চালু করা হয়েছিল। প্রকল্পটি বর্তমানে ২ (দুই)টি নলকূপের সাহায্যে চলছে। যাই হোক, এই নলকূপগুলির উৎপাদন ক্ষমতা কম এবং গ্রামীণ রাস্তা তৈরির কারণে সংবহন নলের (pipeline) বেশ কিছু দৈর্ঘ্য নষ্ট হয়ে গেছে। সেই কারণে, অকেজো নলকূপ পরিবর্তন করার জন্য প্রযুক্তিগত তথ্য তৈরি করা হয়েছে এবং ২৪তম রাজ্যস্তরের প্রকল্প অনুমোদন কমিটি (SLSSC)-তে উৎস অনুমোদিত হয়েছে। তারপরে, ওই প্রকল্পটির বিস্তারিত প্রকল্প তথ্য (DPR) তৈরি অগ্রগতির পথে এবং উপযুক্ত কর্তৃপক্ষের কাছে অনুমোদনের জন্য শীঘ্রই পেশ করা হবে।

ইউরিয়া সারের সঙ্কট

৭২। (অনুমোদিত প্রশ্ন নং ৫০০) **শ্রী নর্মদা চন্দ্র রায়** : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের চাষিরা বোরো চাষের জন্য প্রয়োজন মতো ইউরিয়া সার পাচ্ছেন না ; এবং

(খ) সত্যি হলে, মরসুমের শুরুতে এই সঙ্কট মেটানোর জন্য সরকার কি পরিকল্পনা গ্রহণ করেছে/করছে ?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সত্য নহে।

(খ) প্রযোজ্য নহে।

আলু পাচার

৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫০৮) **শ্রী মনোজ কুমার ওরাওঁ** : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, আলুর মরসুমে আলিপুরদুয়ার জেলার বারোবিশা ও কোচবিহার জেলার বক্সীর হাট গেট দিয়ে আসামে আলু পাচার হয়ে যায় ; এবং

(খ) সত্যি হলে, সরকার এই বিষয়ে কী ব্যবস্থা গ্রহণ করেছে/করছে ?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) প্রাকৃতিক দুর্যোগ অথবা বিশেষ কোনো অস্বাভাবিক পরিস্থিতি ছাড়া সাধারণভাবে প্রতিবছরই আলুর মরসুমে আলিপুরদুয়ার জেলার বারোবিশা ও কোচবিহার জেলার বক্সীর হাট গেট দিয়ে আমাদের প্রতিবেশী রাজ্য আসামে প্রচুর পরিমাণে আলু যায়। এই ঘটনা আইনসঙ্গত আন্তঃরাজ্য বাণিজ্যের অন্তর্ভুক্ত এবং কোনোভাবেই "পাচার" জাতীয় অবৈধ কার্যকলাপ-এর সাথে সম্পর্কিত নয়।

(খ) প্রযোজ্য নয়।

চাঁচল মহকুমাতে অগ্নিকাণ্ড

৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫২১) **শ্রী আসিফ মেহবুব** : অগ্নিনির্বাপণ ও জরুরি পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৪ সালে মালদহ জেলার চাঁচল মহকুমাতে কতগুলি অগ্নিকাণ্ড ঘটেছে ; এবং

(খ) ওইসব ক্ষেত্রে ক্ষতিপূরণ দেবার কোনো পরিকল্পনা সরকারের আছে কি ?

অগ্নিনির্বাপণ ও জরুরি পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১৪ সালে মালদহ জেলার চাঁচল মহকুমাতে ১৩৬ (একশত ছত্রিশ)টি অগ্নিকাণ্ড ঘটেছে।

(খ) ওইসব ক্ষেত্রে ক্ষতিপূরণ দেবার বিষয়টা এই বিভাগের আওতায় পড়ে না।

রাইপুর ও সারেঙ্গা ব্লকে ধান্য ক্রয় কেন্দ্র

৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫২৬) **শ্রী উপেন কিস্কু** : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার রাইপুর ও সারেঙ্গা ব্লকে কোন্ কোন্ স্থানে ধান্য ক্রয় কেন্দ্র খোলা হয়েছে ; এবং

(খ) বর্তমান অর্থবর্ষে (৩১শে জানুয়ারি পর্যন্ত) কত পরিমাণ ধান ক্রয় করা হয়েছে ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বাঁকুড়া জেলার রাইপুর ও সারেঙ্গা ব্লকে বড়জামবেড়িয়া, বিক্রমপুর, খামানি, কুসুমটিকরি সমিতি ক্যাম্পাস এবং সারুলিয়া প্রভৃতি স্থানে ক্যাম্পের মাধ্যমে ধান্য ক্রয় কেন্দ্র খোলা হয়েছে।

(খ) বর্তমান অর্থবর্ষে (৩১শে জানুয়ারি পর্যন্ত) রাজ্যে ধান ক্রয় করা হয়েছে—

রাইস মিল	A/c-এ	১৪.৩৬ লক্ষ মেট্রিক টন
CMR	A/c-এ	১২.১৮ লক্ষ মেট্রিক টন
মোট		**২৬.৫৪ লক্ষ মেট্রিক টন**

বাঁকুড়া জেলায় উক্ত সময় পর্যন্ত ধান ক্রয় করা হয়েছে—

রাইসমিল	A/c-এ	৭১ হাজার মেট্রিক টন
CMR	A/c-এ	৩৫ হাজার মেট্রিক টন
মোট		**১.০৬ লক্ষ মেট্রিক টন**

অনুদানপ্রাপ্ত ক্লাবের সংখ্যা

৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫৩৪) **শ্রী মনোজ কুমার ওরাওঁ** : যুব কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১৪-১৫ আর্থিক বছরে কুমারগ্রাম বিধানসভার অন্তর্গত আলিপুর ২নং ব্লক এবং কুমারগ্রাম ব্লকে কয়টি ক্লাব অনুদান পেয়েছে ?

যুব কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

উক্ত দুই ব্লকের অন্তর্গত কোনো ক্লাব ২০১৪-১৫ আর্থিক বছরে আমাদের দপ্তরে আবেদন জমা দেয়নি।

নদীয়া জেলায় যুবশ্রী প্রকল্পে অনুদান প্রাপক

৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫৩৬) **শ্রী সমীর কুমার পোদ্দার** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে জানুয়ারি, ২০১৫ সাপেক্ষে নদীয়া জেলায় যুবশ্রী প্রকল্পে অনুদান প্রাপকের সংখ্যা কত (ব্লকওয়ারি তথ্যসহ) ?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

৩১শে জানুয়ারি, ২০১৫ সাপেক্ষে নদীয়া জেলায় যুবশ্রী প্রকল্পে অনুদান প্রাপকের সংখ্যা ৯৫৮৭ জন।

যেহেতু এই প্রকল্পে সরকারি অনুদান মহকুমা শাসকের মাধ্যমে দেওয়া হয়, তাই অনুদান প্রাপকের সংখ্যা মহকুমাভিত্তিক রাখা হয়, ব্লকওয়ারি তথ্য দেওয়া সম্ভব নয়।

নদীয়া জেলার মহকুমা অনুযায়ী হিসাব নিম্নে দেওয়া হল—

মহকুমা	প্রাপকের সংখ্যা
কল্যাণী	১৯৩৯
কৃষ্ণনগর	৩৩৮৪
রানাঘাট	৩৩৮৪
তেহট্ট	৮৮০
মোট	**৯৫৮৭**

অগ্নিনির্বাপণ কেন্দ্র

৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪২) **শ্রী সমীর কুমার পোদ্দার** : অগ্নিনির্বাপণ ও জরুরি পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলার অন্তর্গত রানাঘাট ২ নং ব্লকের দত্তফুলিয়ায় একটি অগ্নিনির্বাপন কেন্দ্র স্থাপনের জন্য সরকারের কোনো প্রস্তাব আছে কি ; এবং

(খ) থাকলে কবে নাগাদ এটি চালু হবে বলে আশা করা যায় ?

অগ্নিনির্বাপণ ও জরুরি পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) নদীয়া জেলার অন্তর্গত রানাঘাট ২ নং ব্লকের দত্তফুলিয়ায় এই মুহূর্তে কোনো অগ্নিনির্বাপণ কেন্দ্র স্থাপনের জন্য সরকারের কোনো প্রস্তাব নেই।

(খ) প্রশ্নই ওঠে না।

মাটি পরীক্ষাকেন্দ্র

৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫৫৫) **ডঃ সুখবিলাস বর্মা** : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কতগুলি মাটি পরীক্ষাকেন্দ্র রয়েছে (জেলাভিত্তিক হিসাবসহ) ;

(খ) প্রতিটি কেন্দ্রে কৃষি রসায়নবিদসহ অন্যান্য কর্মচারী আছে কি ;

(গ) রাজ্যে ভ্রাম্যমাণ মাটি পরীক্ষাকেন্দ্রের সবকটি কাজ করছে কি ; এবং

(ঘ) গত তিন বছরে ভ্রাম্যমাণ কেন্দ্রে কত সংখ্যক নমুনা পরীক্ষা করা হয়েছে ?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্যে সরকারি স্তরে মোট ১০টি মাটি পরীক্ষাকেন্দ্র রয়েছে। এগুলির জেলাভিত্তিক হিসাব :

মাটি পরীক্ষাকেন্দ্রের নাম	কাজের বিবৃতি
১। টালিগঞ্জ	উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া এবং নদীয়া জেলার রানাঘাট মহকুমা
২। মাটি পরীক্ষাগার, মেদিনীপুর	পূর্ব মেদিনীপুর এবং পশ্চিম মেদিনীপুর
৩। মাটি পরীক্ষাগার, বর্ধমান	বর্ধমান, এবং হুগলী
৪। মাটি পরীক্ষাগার, বহরমপুর	মুর্শিদাবাদ, বীরভূম এবং রানাঘাট মহকুমা বাদে নদীয়া জেলা।
৫। মাটি পরীক্ষাগার, মালদা	মালদা
৬। মাটি পরীক্ষাগার, রায়গঞ্জ	উত্তর এবং দক্ষিণ দিনাজপুর
৭। মাটি পরীক্ষাগার, পুরুলিয়া	পুরুলিয়া
৮। মাটি পরীক্ষাগার, কোচবিহার	কোচবিহার এবং শিলিগুড়ি মহকুমা বাদে জলপাইগুড়ি
৯। মাটি পরীক্ষাগার, বাঁকুড়া	বাঁকুড়া
১০। মাটি পরীক্ষাগার, কালিম্পং	দার্জিলিং এবং শিলিগুড়ি মহকুমা

(খ) ১০টি মাটি পরীক্ষাগারের মধ্যে বর্তমানে মোট ৭ জন কৃষি রসায়নবিদ (Soil Chemist) আছেন, অ্যানালিটিক্যাল অ্যাসিস্ট্যান্ট, ড্রাইভার, নাইটগার্ড, ক্লারিক্যাল স্টাফের অভাব আছে।

(গ) রাজ্যে ৮টি ভ্রাম্যমাণ মাটি পরীক্ষাকেন্দ্রের মধ্যে মোট ৫টি কেন্দ্রে সর্বতোভাবে কাজ হচ্ছে।

(ঘ) গত তিন বছরে ভ্রাম্যমাণ কেন্দ্রের মোট সংখ্যা নিম্নে দেওয়া হল :

২০১১-১২ সালে মোট ২১১৫টি

২০১২-১৩ সালে মোট ১৪০৩টি

২০১৩-১৪ সালে মোট ২০৩৬টি

অনুদানের জন্য ক্লাব নির্বাচনের ভিত্তি

৮০। (অনুমোদিত প্রশ্ন নং ৫৫৭) ড: **সুখবিলাস বর্মা** : যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থবর্ষে রাজ্যের ক্লাবগুলিকে অনুদানের জন্য নির্বাচনের ভিত্তি কী ছিল ;

(খ) উক্ত অর্থবর্ষে অনুদানপ্রাপ্ত ক্লাবগুলি, ২০১৪-১৫ অর্থবর্ষে পুনরায় অনুদান পেয়েছে কি ; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, সংশ্লিষ্ট ক্লাবগুলি বিগত দুই অর্থবর্ষের প্রাপ্ত অনুদানের অডিট রিপোর্টসহ খরচের হিসাব জমা দিয়েছে কিনা ?

যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বিগত ২০১২-১৩ অর্থবর্ষে রাজ্যের ৪৮৬টি ক্লাবকে এককালীন ২ লক্ষ টাকা করে মাল্টিজিম স্থাপনের জন্য, ১৪৮টি ক্লাবকে এককালীন ২ লক্ষ টাকা করে খেলার মাঠ উন্নয়নের জন্য এবং ৮৩টি ক্লাবকে মিনি ইন্ডোর গেমস কমপ্লেক্স নির্মাণের জন্য অনুদান দেওয়া হয়েছিল ও ২০১৩-১৪ অর্থবর্ষে রাজ্যের ৬৬৫টি ক্লাবকে এককালীন ২ লক্ষ টাকা করে মাল্টিজিম স্থাপনের জন্য, ১০০টি ক্লাবকে একাকলীন ২ লক্ষ টাকা করে খেলার মাঠ উন্নয়নের জন্য এবং ১০৭টি ক্লাবকে মিনি ইন্ডোর গেমস কমপ্লেক্স নির্মাণের জন্য অনুদান দেওয়া হয়েছিল।

অনুদানের জন্য নির্বাচনের ভিত্তি এই দপ্তরের বাজেট বই-এর ২০ থেকে ২১ নং পৃষ্ঠায় উল্লেখ আছে।

(খ) মাল্টিজিম স্থাপন ও খেলার মাঠ উন্নয়নের জন্য এককালীন অনুদান দেওয়া হয়। পুনরায় অর্থ প্রদান করা হয় না। মিনি ইন্ডোর গেমস্ কমপ্লেক্স নির্মাণের ক্ষেত্রে ২য় কিস্তির অর্থ প্রদান করা হয়েছে।

(গ) মিনি ইন্ডোর গেমস্ কমপ্লেক্স নির্মাণের ক্ষেত্রে ২য় কিস্তির অর্থ প্রদানের ক্ষেত্রে অডিট রিপোর্টসহ খরচের হিসাব জমা নেওয়া হয়।

কৃষি খামারের অবস্থা

৮১। (অনুমোদিত প্রশ্ন নং ৫৭১) **শ্রী তজমুল হোসেন** : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্তমানে রাজ্যের অধিকাংশ কৃষি খামারের সামগ্রিক অবস্থা ভালো নয় ; এবং

(খ) সত্যি হলে, এরূপ অবস্থার কারণ কী ?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্যের বর্তমান ১৯৪টি কৃষি খামারের সামগ্রিক উন্নয়নের জন্য বিগত তিন বৎসরে বিভিন্ন উন্নয়নমূলক পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

অবসরজনিত কারণে বিভিন্ন সরকারি কৃষি খামারগুলিতে কৃষি শ্রমিকের সংখ্যা কমে যাওয়ায় বর্তমানে খামারের বীজ উৎপাদন প্রক্রিয়া সাময়িকভাবে ব্যাহত হয়েছে। দৈনিক মজুরিভিত্তিক কৃষি শ্রমিক নিয়োগ করে স্বাভাবিক বীজ উৎপাদন ব্যবস্থা চালু রাখার ব্যবস্থা করা হচ্ছে।

এখানে উল্লেখ্য যে, বেশ কিছু খামারের জমি আংশিকভাবে বিভিন্ন উন্নয়নমূলক কাজের জন্য যেমন কৃষক বাজার, খাদ্যশস্য-গুদাম, ইত্যাদি অন্যান্য দপ্তরে হস্তান্তরিত হয়েছে।

(খ) প্রযোজ্য নহে।

যুবশ্রী প্রকল্পের রূপরেখা

৮২। (অনুমোদিত প্রশ্ন নং ৬১৫) **শ্রী বিরাম মাণ্ডি** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের 'যুবশ্রী' প্রকল্পের রূপরেখা কীরূপ ?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

রাজ্যের 'যুবশ্রী' প্রকল্পের রূপরেখা নিম্নে দেওয়া হল—

মাননীয় অর্থমন্ত্রী বাজেটে যে উৎসাহভাতা দেওয়ার কথা ঘোষণা করেছিলেন তা ইতিমধ্যেই চালু হয়েছে। প্রকল্পটির নাম 'যুবশ্রী' যা শ্রম দপ্তরের সংখ্যা ১৭৫ ই.এম.পি., তারিখ ২৯.০৮.২০১৩ ও ২০০ ই.এম.পি., তারিখ ১৮.০৯.২০১৩ মাধ্যমে ঘোষিত হয়েছে। গত ০৩.১০.২০১৩ তারিখে মাননীয়া মুখ্যমন্ত্রী এই প্রকল্পটির উদ্‌বোধন করেন।

'যুবশ্রী' প্রকল্পের রূপরেখা

প্রকল্পের উদ্দেশ্য ঃ প্রকল্পটির লক্ষ্য হল এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নথিভুক্ত কর্মপ্রার্থীদের উৎসাহভাতা প্রদান করা যাতে তাঁরা নিজেদের দক্ষতার মাত্রা বাড়িয়ে নিজেদের কর্ম-উপযুক্ত করতে পারেন অথবা উপযুক্তভাবে নিজেদের স্বনিযুক্তি উদ্যোগ স্থাপন করতে পারেন।

যোগ্যতাবলী ঃ এই প্রকল্পে উৎসাহ ভাতার আবেদন করার জন্য কোনো ব্যক্তির যে যে যোগ্যতা থাকতে হবে সেগুলি হল ঃ

(১) তাকে অবশ্যই কর্মহীন হতে হবে এবং পশ্চিমবঙ্গের বাসিন্দা হতে হবে।

(২) তাকে অবশ্যই এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে 'কর্মপ্রার্থী' হিসেবে নথিভুক্ত হতে হবে।

(৩) তার শিক্ষাগত যোগ্যতা অবশ্যই অষ্টম শ্রেণী উত্তীর্ণ বা তার বেশি হতে হবে।

(৪) এই প্রকল্পে যে বছর তাঁর আবেদন বিবেচনা করা হচ্ছে, সেই বছরের ১লা এপ্রিল তাঁর বয়স হতে হবে ১৮-৪৫ বছর।

(৫) তিনি কোনো রাজ্য অথবা কেন্দ্রীয় সরকারের কোনো স্বনিযুক্তি প্রকল্পে ঋণ গ্রহণ করেননি।

(৬) একটি পরিবারের মাত্র একজন সদস্য এই প্রকল্পে ভাতা নিতে পারবেন।

প্রকল্প রূপায়ণ

- রাজ্যের যে সব কর্মপ্রার্থী এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নাম নথিভুক্ত করেছেন, তাদের প্রথম এক লক্ষ ছেলেমেয়েকে এই ভাতা দেওয়া হবে।
- কর্মপ্রার্থীদের প্রতি মাসে ১৫০০ টাকা করে ভাতা দেওয়া হবে, যতদিন না তারা কোনো চাকরি পাচ্ছে, ওই অর্থ তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে জমা হবে।
- জেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট মহকুমাশাসকের দপ্তর এবং কলকাতার ক্ষেত্রে সল্টলেক পূর্ত ভবনের ভারপ্রাপ্ত যুগ্ম-অধিকর্তা, কর্মসংস্থান-এর অফিস থেকে এই ভাতার টাকা দেওয়া হবে।
- যারা ভাতা পাচ্ছেন তাদের প্রতি ছয় মাস অন্তর তারা কী ট্রেনিং করছেন এবং তারা এখনও পর্যন্ত চাকরি পেয়েছেন কি না তা Annexure-III ফর্মটির মাধ্যমে ডিক্লারেশন দিয়ে জেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট মহকুমাশাসকের দপ্তর এবং কলকাতার ক্ষেত্রে সল্টলেক পূর্ত ভবনের ভারপ্রাপ্ত যুগ্ম-

অধিকর্তা, কর্মসংস্থান-এর অফিসে জমা দিতে হবে। এই প্রসঙ্গে জানানো যাচ্ছে যে, 'এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক'-এ নাম নথিভুক্ত করার নির্দেশিকা বিশদভাবে 'এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক' ওয়েব পোর্টাল www.employmentbankwb.gov.in-এ দেওয়া আছে। কর্মপ্রার্থীরা ওই নির্দেশিকা অনুসরণ করে সহজেই 'এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক'-এ নাম লেখাতে পারবেন। ইন্টারনেট ব্যবস্থার সুবিধা আছে ওইরকম যে কোনো কম্পিউটার থেকেই এই ওয়েব পোর্টালে নাম নথিভুক্ত করা যাবে। এই বিষয়ে সহায়তার জন্য কর্মপ্রার্থীদের নিকটবর্তী কর্মবিনিয়োগ কেন্দ্রে যোগাযোগ করার সুযোগ আছে।

এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এ নথিভুক্ত বেকার

৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ৬২১) **শ্রী অপূর্ব সরকার** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে ডিসেম্বর, ২০১৪ সাপেক্ষে রাজ্যের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এ নথিভুক্ত বেকারের সংখ্যা কত ?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

৩১শে ডিসেম্বর, ২০১৪ সাপেক্ষে রাজ্যের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এ নথিভুক্ত বেকারের সংখ্যা হল ৭৭,২৯১১৩ জন। এর মধ্যে নথিভুক্ত মহিলার সংখ্যা ২৪,২৩,৪৮৬ জন।

এস.সি ও এস.টি. ছাত্রাবাস

৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ৬৩০) **শ্রী সুশান্ত বেসরা** : অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারি, ২০১৫ সাপেক্ষে রাজ্যে মোট কতগুলি তপশিলি জাতি ও উপজাতিভুক্ত ছাত্রাবাস/ছাত্রীনিবাস রয়েছে (জেলাওয়ারি তথ্য);

(খ) আবাসিক ছাত্র/ ছাত্রীর মোট সংখ্যা কত ;

(গ) বর্তমানে কত সংখ্যক ছাত্রাবাস/ছাত্রীনিবাস বন্ধ আছে (জেলাওয়ারি) ; এবং

(ঘ) বন্ধ থাকার কারণ কী ?

অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩০৩টি আশ্রম হোস্টেল, ১৫২২টি স্কুল অ্যাটাচড্ হোস্টেল এবং ৬৪টি সেন্ট্রাল হোস্টেল—সর্বমোট ১৮৮৯টি তপশিলি জাতি ও উপজাতিভুক্ত ছাত্রাবাস/ছাত্রীনিবাস রয়েছে (জেলাওয়ারি তথ্য নিম্নে দেওয়া হল)

ক্রমিক সংখ্যা	জেলা	আশ্রম হোস্টেল		স্কুল অ্যাটাচড্ হোস্টেল		সেন্ট্রাল হোস্টেল	
		সর্বমোট	বন্ধ আছে	সর্বমোট	বন্ধ আছে	সর্বমোট	বন্ধ আছে
১।	কোচবিহার	৯	০	১১	৪	২	০
২।	জলপাইগুড়ি	৭	২	১০	২	৫	০
৩।	আলিপুরদুয়ার	৬	০	১০	০	৪	০
৪।	দার্জিলিং (জি.টি.এ.)	৫	০	৭	২	৩	১
৫।	দার্জিলিং (শিলিগুড়ি)	১	০	৩	০	৩	০
৬।	উত্তর দিনাজপুর	১৩	০	২৮	৪	১	০
৭।	দক্ষিণ দিনাজপুর	১১	০	৫০	০	২	০
৮।	মালদহ	১৯	০	২৩	৪	৩	০
৯।	বীরভূম	২১	০	৬৮	১	২	০
১০।	বাঁকুড়া	৪৭	০	২০৬	১৭	৭	০
১১।	পুরুলিয়া	৩৫	৬	১৮৮	৪৯	৪	০
১২।	পশ্চিম মেদিনীপুর	৫০	০	৩৮৬	০	৬	০
১৩।	পূর্ব মেদিনীপুর	১১	০	২৪০	৩	০	০
১৪।	বর্ধমান	১৮	১	৫৪	৬	৩	০
১৫।	হুগলী	৬	০	২৯	১	২	০
১৬।	হাওড়া	৬	০	৮	০	১	০
১৭।	মুর্শিদাবাদ	৭	১	১৯	৭	২	০
১৮।	নদীয়া	৬	০	১১	২	৩	০
১৯।	উত্তর ২৪ পরগনা	৮	০	১৭	৪	৪	০
২০।	দক্ষিণ ২৪ পরগনা	১৭	০	১৫৪	০	৩	০
২১।	কলকাতা	০	০	০	০	৪	০
	মোট	**৩০৩**	**১০**	**১৫২২**	**১০৬**	**৬৪**	**১**

(খ) আবাসিক ছাত্র/ছাত্রীর মোট সংখ্যা ১,১৮,৪৬৯ জন।

(গ) বর্তমানে ১০টি আশ্রম হোস্টেল, ১০৬টি স্কুল অ্যাটাচড্ হোস্টেল এবং ১টি সেন্ট্রাল হোস্টেল বন্ধ আছে। জেলাওয়ারি তথ্য নিম্নে দেওয়া হল।

(ঘ) বন্ধ থাকার কারণগুলি হল—উৎসাহী ছাত্র-ছাত্রীর অভাব, স্থানীয় সমস্যা এবং কিছু হোস্টেলের ভগ্নদশা ইত্যাদি।

পুরুলিয়া জেলায় পর্যটন

৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ৬৩২) **শ্রী সুশান্ত বেসরা** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারি, ২০১৫ তারিখ সাপেক্ষে পুরুলিয়া জেলায় মোট পর্যটন কেন্দ্রের সংখ্যা কত ;

(খ) উক্ত জেলায় পর্যটন শিল্পকে অধিকতর আকর্ষণীয় করার জন্য সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছে/করছে ; এবং

(গ) (১) বান্দোয়ান দুয়ারসিনী পর্যটন কেন্দ্র গড়ে তোলার জন্য সরকারের কোনো পরিকল্পনা আছে কি না ; ও

(২) থাকলে, তা কোন্ পর্যায়ে আছে ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩১শে জানুয়ারি ২০১৫ তারিখ সাপেক্ষে পুরুলিয়া জেলায় অনেকগুলি পর্যটনের উপযুক্ত স্থান আছে। তার মধ্যে নিম্নলিখিত উল্লেখযোগ্য পর্যটন কেন্দ্রগুলির বিবরণ দেওয়া হল।

(১) নিতুরিয়া সমষ্টি উন্নয়নের অন্তর্গত পাঞ্চেৎ পাহাড় তৎসহ পঞ্চরত্ন মন্দিরের ধ্বংসাবশেষ এবং পাঞ্চেৎ জালধার।

(২) সাঁতুড়ী সমষ্টি উন্নয়নের অন্তর্গত মুরাডি সেচ জলাধার এবং বড়ন্তি।

(৩) রঘুনাথপুর-১ সমষ্টি উন্নয়নের অন্তর্গত জয়চণ্ডী পাহাড়।

(৪) রঘুনাথপুর-২ সমষ্টি উন্নয়নের অন্তর্গত তেলকুপিঘাট।

(৫) আরশা সমষ্টি উন্নয়নের অন্তর্গত দেউলঘাটা।

(৬) বাঘমুণ্ডি সমষ্টি উন্নয়ন এবং ঝালদা-২ নং সমষ্টি উন্নয়নের অন্তর্গত অযোধ্যা পাহাড় তৎসহ মাঠা, পাখি পাহাড়, খয়রাবেড়া জলাধার, মুরগুমা জলাধার, তুর্গা জলপ্রপাত, বামনি জলপ্রপাত, দুর্গাবেড়া, পিপিএসপি জলাধার ইত্যাদি।

(৭) বান্দোয়ান সমষ্টি উন্নয়নের অন্তর্গত দুয়ারসিনি।

(৮) পুঞ্চা সমষ্টি উন্নয়নের অন্তর্গত পাকবিরা।

(৯) মানবাজার-১ নং সমষ্টি উন্নয়নের অন্তর্গত দোলাডাঙা।

(খ) (১) দেশীয় এবং বিদেশি পর্যটকদের আকর্ষণ করার লক্ষ্যে উক্ত জেলায় কেন্দ্রীয় অর্থ সাহায্যে এবং রাজ্যের পরিকল্পনা খাতের অর্থে নিম্নলিখিত দশটি পরিবেশ বান্ধব পর্যটন প্রকল্পের কাজ হাতে নেওয়া হয়েছে, যার মধ্যে দুটি প্রকল্পের কাজ ইতিমধ্যে শেষ হয়েছে।

(অ) জয়চণ্ডী পাহাড়ে গ্রামীণ পর্যটন উন্নয়ন প্রকল্পের জন্য রাজ্যের পরিকল্পনা খাত থেকে ৭৬.৫৩ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। এই প্রকল্পটির কাজ সমাপ্ত হয়েছে।

(আ) পাকবিরায় গ্রামীণ পর্যটন উন্নয়ন প্রকল্পের জন্য রাজ্যের পরিকল্পনা খাত থেকে ৭৬.৬৬ লক্ষ টাকা দেওয়া হয়েছে। বেড়া দেওয়া, দর্শকদের জন্য বিশ্রামাগার এবং প্রসাধন কক্ষের কাজ সম্পূর্ণ হয়েছে। বেড়া দেওয়া, দর্শকদের জন্য বিশ্রামাগার এবং প্রসাধন কক্ষের কাজ সম্পূর্ণ হয়েছে। চারটি মন্দিরের সুরক্ষার জন্য দেওয়াল তৈরির কাজ শেষ হয়েছে। নতুন তৈরি জাদুঘরের মেঝে তৈরি এবং রঙের কাজ ভালোভাবেই চলছে। বাগান তৈরি এবং সৌন্দর্যায়নের কাজ শীঘ্রই শুরু হবে। সমগ্র প্রকল্পটি মে, ২০১৫-এর মধ্যে সম্পন্ন হবে আশা করা যায়।

(ই) তেলকুপি ঘাটে গ্রামীণ পর্যটন উন্নয়ন প্রকল্পের জন্য রাজ্যের পরিকল্পনা খাত থেকে ৭৬.৮৭ লক্ষ টাকা দেওয়া হয়েছে। এখানে ২০ শয্যার ডর্মিটরি তৈরির কাজ সম্পূর্ণ হয়েছে এবং তার রঙের কাজ শীঘ্রই শুরু হবে। পর্যটকদের জন্য এখানে যথেষ্ট সংখ্যক শৌচাগার নির্মাণ করা হয়েছে। তথায় সৌন্দর্যায়ন ও বাগান তৈরির কাজও শীঘ্র শুরু হবে। সমগ্র প্রকল্পটি জুন, ২০১৫-এর মধ্যে সম্পূর্ণ হবে আশা করা যায়।

(ঈ) গড়পঞ্চকোটে পর্যটন কটেজ ও ডর্মিটরি তৈরির জন্য পরিকল্পনা খাতে মোট ১.২২ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে। দুই শয্যাবিশিষ্ট তিনটি পর্যটন কটেজ এবং কুড়িশয্যা বিশিষ্ট ডর্মিটরি সিভিল ওয়ার্কের কাজ সম্পূর্ণ হয়েছে এবং এদের শেষ পর্যায়ের কাজ শীঘ্রই শুরু হবে। পর্যটকদের জন্য শৌচালয় তৈরির কাজও চলছে। ১.৫ কিমি সংযোগকারী রাস্তা নির্মাণের জন্য ২০১৪-১৫ অর্থবর্ষে পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ থেকে ৩৫ লক্ষ টাকা দেওয়া হয়েছে এবং কাজটি সম্পূর্ণ হয়েছে। সমগ্র প্রকল্পটিই জুন, ২০১৫-এর মধ্যে শেষ হবে আশা করা হচ্ছে।

(উ) রাজ্য পরিকল্পনা তহবিলের অধীনে মাঠায় পর্যটন সংক্রান্ত কার্যকলাপ উন্নয়নের নিমিত্ত পরিকাঠামোগত সুযোগসুবিধা নির্মাণের উদ্দেশ্যে

৭৫.২৩ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। নির্মাণ কার্য চালাবার জন্য কর্ম সম্পাদন করার আদেশ (ওয়ার্ক অর্ডার) এবং নকশা প্রদান করা হয়েছে। বর্তমানে, সিভিল নির্মাণ কার্য (সিভিল ওয়ার্ক) আরম্ভ করার জন্য ৫০০ মিটার দীর্ঘ গন্তব্যমুখী রাস্তা (অ্যাপ্রোচ রোড) নির্মাণের কাজ শুরু করা প্রয়োজন। মোরাম বিছানো গন্তব্যমুখী রাস্তা নির্মাণের কাজটি মাঠা গ্রাম পঞ্চায়েত হাতে নিয়েছে।

(ঊ) কেন্দ্রীয় আর্থিক সহায়তায় অযোধ্যা পাহাড় পর্যটনচক্রের জন্য ৪.৮৫ কোটি টাকা মঞ্জুর করা হয়েছিল। এর ভেতরে ৬টি প্রকল্প গৃহীত হয়েছে ;

(১) অযোধ্যা পাহাড়ে জনসাধারণের জন্য পথিপার্শ্বস্থ সুবিধা নির্মাণের জন্য ১০৩.৩৬ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছিল। কালীপাহাড়ে এই কাজ চলছে। ৩০ শয্যাবিশিষ্ট পর্যটক আবাস নির্মাণের জন্য ৮০% সিভিল কার্য শেষ হয়ে গেছে। কাজটি ২০১৫-এর জুন মাসের মধ্যে সম্পূর্ণ হয়ে যাবে বলে আশা করা যায়।

(২) অযোধ্যায় জনসাধারণের জন্য পথিপার্শ্বস্থ সুবিধা নির্মাণের জন্য ৮৩.৩৫ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছিল। কুচরিবেখায় কাজ চলছে। অসামরিক নির্মাণকার্য চলছে এবং ৭৫% কাজ সম্পূর্ণ হয়ে গেছে। এখানে ছটি কুটিরে ছটি পরিবার এবং ডর্মিটরিতে ২০ জন থাকতে পারবে, সঙ্গে একটি ক্যাফেটেরিয়াও নির্মিত হবে। প্রকল্পটি জুলাই ২০১৫-এর মধ্যে সম্পূর্ণ হয়ে যাবে বলে আশা করা যায়।

(৩) সংকুপিতে জনসাধারণের জন্য পথিপার্শ্বস্থ সুবিধা নির্মাণের জন্য ৯১.৫৪ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছিল। ৮০% কাজ সম্পূর্ণ হয়ে গেছে। এখানে ১০ জন পর্যটক মোটেলে থাকতে পারবেন। জুলাই, ২০১৫-এর মধ্যে কাজটি সম্পূর্ণ হয়ে যাবে বলে আশা করা যায়।

(৪) খয়রাবেড়ায় পরিবেশবান্ধব পর্যটন প্রকল্প উন্নয়নের জন্য ৮০ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছিল। অসামরিক নির্মাণকার্য শেষ হয়ে গেছে। মার্চ মাসের শেষে একটি যথাযথভাবে চালু হয়ে যাবে। এখানে ৩টি কুটির, ২০ শয্যাবিশিষ্ট ডর্মিটরি এবং একটি ক্যাফেটেরিয়া আছে।

(৫) মুরাডিতে পরিবেশ বান্ধব পর্যটন কেন্দ্র গড়ে তোলার জন. ৬১.৩৫ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছিল। ২০ শয্যাবিশিষ্ট একটি

ডর্মিটরি নির্মাণ করা হয়েছে। কুটির, ক্যাফেটেরিয়া ও জেটি নির্মাণের কাজ চলছে। পুরো কাজটি আগস্ট, ২০১৫-এর মধ্যে সম্পূর্ণ হয়ে যাবে বলে আশা করা যায়।

(২) পথিকদের জন্য পাঁচটি পথসাথী (মোটেল) নির্মাণের কাজ পূর্ত বিভাগ হাতে নিয়েছে। এগুলি হল ঝাপড়া মোড় (৫নং রাজ্য সড়কের পাশে), জয়চণ্ডী পাহাড় (জয়চণ্ডী পাহাড়ের কাছে), হুড়া (৬০ নং জাতীয় সড়কের পাশে), চাস মোড় (৩২ নং জাতীয় সড়কের কাছে) ঝাপড়া মোড়ে পথসাথীর কাজ সম্পূর্ণ হয়ে গেছে।

(৩) রাজ্য ও জাতীয় সড়কের পাশে রঘুনাথপুর, আনারা, জয়পুর, কোটশিলায় ৫টি সুলভ শৌচালয় পূর্ত বিভাগ নির্মাণ করেছে।

(৪) পাহাড় ও অযোধ্যা পাহাড়ে দুটি যুব আবাসে ৩০০ জন পর্যটক থাকতে পারবেন। পুরুলিয়ায় বিদ্যমান যুব আবাসটির সংস্কার করা হয়েছে এবং ১২০ জন পর্যটকদের বসবাসের জন্য চালু হয়ে গেছে এবং পুরুলিয়া যুব আবাসে একটি সংলগ্নী ভবনের (অ্যানেক্স বিল্ডিং) নির্মাণকার্য চলছে।

(৫) ১৩০ জনের উপযোগী অযোধ্যায় সি এ ডি সি সংস্কার করা হয়েছে। আগস্ট, ২০১৫-এর মধ্যে আরও ৩০টি শয্যা বাড়ানোর কাজ চলছে।

(৬) পর্যটকদের ব্যবহারের জন্য নেতুরিয়া পঞ্চায়েত সমিতি ২০টি শয্যাবিশিষ্ট একটি অতিথি নিবাস নির্মাণ করেছে এবং সেটি চালু করে দিয়েছে। পর্যটকদের ব্যবহারের জন্য ২০ শয্যাবিশিষ্ট একটি অতিথি নিবাস রঘুনাথপুর-২ পঞ্চায়েত সমিতি নির্মাণ করেছে এবং সেটি চালু করে দিয়েছে। পর্যটকদের ব্যবহারের জন্য জয়পুর পঞ্চায়েত সমিতি ২০ শয্যাবিশিষ্ট একটি অতিথি নিবাস নির্মাণ করেছে এবং সেটি চালু করে দিয়েছে।

(৭) তথ্য ও সংস্কৃতি বিভাগ থেকে গড়পঞ্চকোটে পঞ্চরত্ন মন্দির সংস্কারের জন্য ৩১.২১ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে এবং কর্ম সম্পাদন করার আদেশ প্রকাশ করা হয়েছে।

(৮) তথ্য ও সংস্কৃতি বিভাগ পাকবিড়ায় মন্দির সংস্কারে ৮৫.৬৩ লক্ষ টাকা মঞ্জুর করেছে। রূপায়ণের কাজটি পূর্ত বিভাগ করবে।

(গ) দুয়ারসিনী এবং বান্দোয়ানে পর্যটন প্রকল্প গড়ে তোলার জন্য পরিকল্পনাগুলি এই দপ্তরের বিবেচনাধীন রয়েছে।

PRESENTATION OF COMMITTEE REPORT

Presentation of the Twenty-second Report of the Standing Committee on Municipal Affairs and Urban Development (2014-2015)

Shri Prabodh Chandra Sinha : Sir, with your kind permission I beg to present the Twenty-seccond Report of the Standing Committee on Municipal Affairs and Urban Development (2014-2015) on the 'Supply of safe Drinking Water to Urban Population and issues related thereto.'

LAYING OR REPORTS

The Audit Reports on the Accounts of the West Bengal Biodiversity Board for the years 2008-2009, 2009-2010, 2010-2011 and 2011-2012

Dr. Sudarshan Ghosh Dastidar : Sir, I beg to lay the Audit Reports on the Accounts of the West Bengal Biodiversity Board for the years 2008-2009, 2009-2010, 2010-2011 and 2011-2012.

LEGISLATION

The West Bengal Finance Bill, 2015

Mr. Speaker : This Bill is to be introduced by the Hon'ble Minister-in-Charge of Finance and Excise Department. I think due to the inclement weather he has not been able to turn up. So let me adjourn the House for 5 minutes.

...(At this stage the House was adjourned for 5 minutes)...

This time the House was adjourned at 10.03 a.m. and reassembled at 10.08 a.m.

Mr. Speaker : Now, the Hon'ble Minister-in-Charge of Finance and Excise Department may please introduce to Bill.

ড. অমিত মিত্র : স্কুল পরীক্ষার জন্য আমি একই জায়গায় দাঁড়িয়ে আছি, যেহেতু সাইরেন ব্যবহার করি না, তাই ক্ষমা করবেন।

Hon'ble Speaker Sir, I beg to introduce the West Bengal Finance Bill, 2015.

(Secretary then read the Title of the Bill)

Mr. Speaker : Now the Minister-in-Charge of Finance and Excise Department may now move the motion for consideration of the Bill.

Dr. Amit Mitra : Hon'ble Speaker Sir, I beg to move that the West Bengal Finance Bill, 2015 be taken into consideration.

[10.10—10.20 a.m.]

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহোদয় এই যে ফিনান্স বিল যেটা এখানে আনা হয়েছে, তাতে কিছু নতুন নতুন প্রস্তাবের ব্যাপার আছে। সেইসব নিয়ে কথা বলার আগে প্রথমে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলি যে আজকে আপনি যখন বাজেট রিপোর্ট রাখছিলেন তখন আমি মাঝে মাঝে বলছিলাম যে ভারতবর্ষ শুধু নয়, বিশ্বে এমন কোনো জায়াগ নেই, যেখানে অনেক কাজ তিনি করেছেন। আজকেও তিনি একটা রেকর্ড করলেন যে আমাদের এই দীর্ঘ ৩৪ বছরের জীবনে আমি কোনোদিন দেখিনি যে পাঁচ মিনিট সময় বিরতি করতে হয়েছে। আজকে করতে হল। তার জন্য আপনাকে ধন্যবাদ। দ্বিতীয় বিষয় হচ্ছে, ফিনান্স বিলের যে মূল বিষয়গুলো আছে, সেগুলো বলার আগে একটা কথা বলে রাখা ভালো, কালকে আপনি লোনের কথা নিয়ে একটা কথা বলছিলেন যে পাপ করেছি আমরা, বহু পাপ করেছি, পাপের দায় আপনাদের ঘাড়ে পড়েছে। আমি আপনাদের বলব আপনি তো এগুলো দেখেননি। '৮০ সাল। তখন আমদের পশ্চিমবাংলায় স্কুল ছিল চার রকম—লাম্প গ্রেড এডেড, আন এডেড, ডি এ গেটিং পার্শিয়াল এডেড, এইরকম স্কুল ছিল। স্কুলে বেতন ছিল না। '৮০ সালে সবগুলোকে স্যালারি ডেফিসিট স্কিমের মধ্যে আনা হল। সবাই সমান বেতন পেতে লাগল। '৮১ সালে একটা পে-কমিশন হল। '৮৬ সালে আর একটা পে-কমিশন হল। '৯০ সালে আর একটা পে-কমিশন হল। '৯৯ সালে আর একটা পে-কমিশন হল। ২০০৮-০৯ সালে আর একটা পে-কমিশন হল। এক-একটা পে-কমিশন হওয়া মানে কত টাকা করে বাড়তে থাকে। আপনার রিপোর্টে একটা উল্লেখ আছে। '০৮-০৯ সাল। দেখবেন, ঋণ বেড়ে গেছে কত। দেখবেন, স্যালারি বেড়ে গেছে কত। কত বেড়েছে সেটা দেখলেই বুঝতে পারবেন। কী পরিমাণ স্যালারি বেড়েছে। ঋণের দিকে তাকালেও দেখতে পাবেন তাই। এই স্যালারি এবং পেনশন দেখবেন ২০০৮-০৯ সালে যা ছিল ৩০-৩৫-এর মধ্যে সেট গ্রোথ বেড়ে সেই বছরে হয়েছে ৫৯ শতাংশ। তারপরে পার্সেন্ট বাড়ানো হয়েছে। তারপরে আবার কমতে কমতে চলে এসেছে ৪০-এ। এটা থেকে বুঝতে পারা যায় সমস্যাটা কী। আর একটা বিষয় হচ্ছে, আপনি কতগুলি পরিবর্তন এনেছেন। তার মধ্যে একটা হচ্ছে স্ট্যাম্প রেজিস্ট্রেশন। স্ট্যাম্প রেজিস্ট্রেশনের ক্ষেত্রে বলেছেন যে ৩০-এর ওপরে যেটা ছিল ১ শতাংশ কমানো, সেটা এখন ৪০ করেছেন। আমাদের যতগুলো আয়ের জায়গা আছে তার মূল হল—ল্যান্ড রেভিনিউ, স্ট্যাম্প, এক্সাইজ ডিউটি, সেলস ট্যাক্স, ভেহিকেল ট্যাক্স, ট্যাক্সেশান ডিউটি অফ ইলেকট্রিসিটি, এছাড়া আদার ট্যাক্স আছে। এই কয়টি হল আপনার আয়ের জায়গা। আপনি এই যে ওয়ান পার্সেন্ট মাপের কথা বললেন সেটা কার জন্য। দেখবেন, গ্রামাঞ্চলে যারা জমি বিক্রি করে তারা বেশির ভাগ গরীব মানুষ। আর যারা কেনে তারা বেশির ভাগই সঙ্গতিওয়ালা মানুষ। আবার শহরে আছে দুই রকমের মানুষ। যারা গরীব মানুষ তারা জমি বিক্রি করে দেয়, বড়লোক কেনে। যারা বাড়ি, ঘর, জমির ব্যবসা করে তারা নিজেরাও বড়লোক, আবার যারা বিক্রি করে তারা তো বরং তুলনামূলকভাবে একটু কম ইনকামের। যার জন্য মাপটা দিচ্ছেন তাদেরকেই, যাদের সংগতি বেশি আছে। যারা জমি কিনছে তাদেরকে কিনতে হয়। কিন্তু যারা বেচে তাদেরকে কিনতে

হয় না। যার ফলে সুযোগটা তারাই পাবে। এটা করা উচিত কিনা সেটা আপনি ভাবুন। আমি চাই যে কিভাবে গরীব মানুষরা মাপ পেতে পারে সেটা দেখা দরকার। আর যারা সংগতিওয়ালা তারা যাতে ট্যাক্স দেয়, তারা দেবে, তাহলে সরকারের আয় বাড়বে। সেটা কিভাবে বিবেচনা করা যায় সেটা একবার ভেবে দেখতে পারেন। আর একটা বিষয় হল যে, অ্যামিউজমেন্ট ট্যাক্সের ব্যাপারে যেটা বলেছেন সেটা ঠিক আছে, কেননা বেশির ভাগ ক্ষেত্রে না করলে ফাঁকি দেয়। অতএব সেটা ঠিক আছে। আরো ২-১টা বিষয়ে যাওয়ার আগে আমার কয়েকটা পরামর্শ আছে। এক নম্বর হল, ল্যান্ড রেভিনিউ, যে টাকা আমাদের আদায় হয়, আমার মনে হয় ইটের জন্য যে রয়্যালটি চাপানো হয়েছে সেটাও বোধহয় যুক্ত আছে, কারণ জমির খাজনা তো খুবই কম। জমির খাজনার ব্যাপারে যে পদ্ধতি এখনো আছে সেখানে কতগুলো জটিলতা হয়। আলাদা আলাদা নামে নেওয়ার জন্য জমির খাজনা দেওয়ার ক্ষেত্রে খুব সমস্যা হয়। আমার একটা বক্তব্য হল, যার যা বকেয়া আছে এককালীন কিছু মাপ করে দেওয়া। এটা করে দিয়ে সব সরল করে দিলাম। যার যতটুকু জমি আছে এটা টাকা ঠিক করে দেওয়া হোক যে পার বিঘা, পার একর এত জমি হলে এত দিতে হবে। তাহলে সব সহজ হয়ে যাবে। যার নামে যা থাকবে সেটা তার হয়ে যাবে। এখন যে জটিল অবস্থা আছে সেটার একটা পরিবর্তন হতে পারে। এটা এক নম্বর। দুই নম্বর হল। ইটভাটায় গিয়ে দেখলাম ইটের ব্যবসার অবস্থাও খুব খারাপ। কয়লার দাম বেড়ে গেছে। ইটের দাম বাড়েনি। ইটের চাহিদা খুব পড়ে গেছে। আবার কয়লা আনতে অফিসিয়ালি যা খরচ হয় তার থেকে বাস্তবে আরো ২-৩ গুণ বেশি হয়। যতগুলো থানার পাশ দিয়ে যেতে হয় সেখানে সেলামি দিতে হয়। এইসব ঘুরতে ঘুরতে ইটভাটায় যখন কয়লা যায় তখন তার এত দাম হয়ে যায়, আমি দেখলাম সেটা খুবই খারাপ অবস্থা হয়ে যায়। লোকরা আবার ফাঁকি দেয়, যতখানি মাটি কাটে ইটের জন্য তার হয়তো ওয়ান থার্ড কি ওয়ান ফোর্থ দেখিয়ে দিল, এবং তার জন্য অফিসার থেকে আরম্ভ করে সবাইকে কিছু কিছু টাকা দিতে হয়। এই গোটা বিষয়টা সহজ থেকে সহজতর করে দিতে পারলে অর্থাৎ সরল করে দিতে পারলে তাহলে আপনার টাকাও বাড়বে এবং অ্যাকচুয়াল যারা যে টাকা দিল সেই টাকাটা সরকারের ঘরেও আসবে। কিন্তু সেই টাকা সরকারের ঘরে ওঠে না। এটা একটা সমস্যা হয়ে আছে। তারপরে সেলস ট্যাক্সের সমস্যা আছে। বিশেষ করে ভ্যাটের ব্যাপার নিয়ে আপনি যা বলেছেন সেগুলো সব ঠিক আছে। কিন্তু এটাকে আরো সরল করে নিয়ে আরো বেশি ফাঁকি দেওয়ার ব্যবস্থা আছে। আমি কালকে দেখলাম, আমাদের বিরোধী দলের একজন বলছিলেন, আজকেও আমি দেখলাম, যে পরিমাণ লোক থাকা দরকার এইসব দেখার জন্য, সেই পরিমাণ লোক নেই।

দুই-একজন সৎ, অসৎ লোক আছে, সে তো আলাদা কথা। কিন্তু লোক যা দরকার, সেই পরিমাণ লোক নেই। যার ফলে দেখারও ক্ষমতা নেই যে কোথায় কি পরিমাণ যারা এর মধ্যে পড়ে, তাঁরা পড়ে না, দেখা গেল খুব অসুবিধা হবে পরে। সেটার একটা ব্যবস্থা করার দরকার বলে মনে করি। আর অন্যান্য ট্যাক্স-এর ব্যাপারে বিশেষ করে যে ট্যাক্সের কথা বলা আছে, ভেহিকেল ট্যাক্স অন্যান্য ট্যাক্স তার মধ্যে যেখানে সব থেকে বেশি হচ্ছে

আমাদের সেলস ট্যাক্স-এর ব্যাপারে, সেটা ভ্যাটের কারণে সুবিধা আছে, তার মধ্যে এমন ইচ্ছা মতন করা যায় না সেটা আমরা জানি। আর এক্সাইডে যে পরিমাণ আদায় হয় দেখলাম এখানে আরো বেশি সুযোগ আছে সেগুলি ব্যবহার করা, বিশেষ করে অ্যামিউজমেন্ট ট্যাক্স-এর ব্যাপারে যেহেতু ট্যাক্সটা বেশি পরিমাণ বা বেশি ছিল, এইজন্য বেশির ভাগ ফাঁকি দেওয়ার ব্যবস্থা করত তারা, নানাভাবে এইসব করার চেষ্টা করত। যেমন জমিতে অনেক সময় করে, আগে যেমন করত যে জমি যত বেশি দেওয়া হবে তত ট্যাক্স বেশি লাগবে। ওইজন্য একই জমিতে ভাগ ভাগ করে দলিল করত। হয়ত এক একর জমিকে তিন ভাগ করে নিল, তাহলে ট্যাক্সটা কম লাগবে। আবার উল্টোটা করলে তারা উল্টো কাজ করে। এই রকম বুদ্ধি ফাঁকি দেওয়ার প্রবণতা তাদেরও আছে, এটা যদি দূর করা যায়, যদি আমাদের কিছুটা রেজিস্ট্রেশনটা কম্পিউটারাইজেশন করা হয়েছে। তেমনি এই সুপারভিশানটা যদি ঠিকমতন হয় এবং এই কি পরিমাণ জমির দাম ঠিক হবে, সেটা একটা করে দেওয়া হয়েছে, অনেক সময় মেলে না। পাকা রাস্তার ধারে বলে সবকে এক করে দেওয়া হবে, কিন্তু একটা শহরের পাশে পাকা রাস্তার ধারে জমি, আর একটু দূরে পাকা রাস্তার ধারে জমি সব এক নয়। অনেক জায়গায় এমনভাবে দামটা করা থাকে, যে দামের সাথে কোনো সাম্য থাকে না। সেইটা যদি একটা সাইন্টিফিক কোনো পথ বের করা যায় যাতে জমির এই দামগুলো ঠিকমতন বাড়ে, তাহলে আমাদের স্ট্যাম্প ডিউটিটা ঠিকমতন পাওয়ার ক্ষেত্রে অনেকখানি সুবিধা হয়। আর, একটা জিনিস আমি দেখতে পেলাম সব থেকে যে আমাদের ট্যাক্স না বাড়িয়ে যদি আমাদের ট্যাক্স কালেকশান এফিসিয়েন্সি বাড়ানো যায় তাহলে আমার মনে হয় যে আরো টাকা অনেক বেশি বাড়ানো যেতে পারে এর মধ্যে থেকেই। আমি আলাদাভাবে দেখলাম, বেশির ভাগ ক্ষেত্রেই যে পরিমাণ লোকের অভাব আছে, সে তো আছেই। তার উপরও ইনিসিয়েটিভের ভীষণ অভাব আছে। একই সঙ্গে লোকের ব্যবস্থা করা, তার সঙ্গে ইনিসিয়েটিভ নেওয়া, এটা করতে পারলে এই অবস্থার পরিবর্তন করা অনেক সহজ হয়ে যায়। এইজন্য আপনাকে বলব যে আপনি যেটা বলছিলেন বারে বারে এই যে আমাদের ঋণের কথা, এটা আমাদের বড়ে পাপ না, আমাদের ঘাড়ে বিরাট দায়িত্ব। এই যে আপনাকে বললাম, একে তো হচ্ছে আমাদের চারটে-পাঁচটা হচ্ছে পে-কমিশন তার বিরাট বোঝা আমাদের ঘাড়ে পড়েছে। আর আপনার সুবিধা হচ্ছে যে আপনি অনেকগুলো জিনিস বন্ধ করে দিয়েছেন। এই যে আমাদের ডি এ, যারা সরকারি কর্মচারী, মাস্টারমশাই তাদের আপনি প্রায় ৪৯ ভাগ, তার মানে টোটাল বেতনের ওয়ান ফোর্থ, টোটাল স্যালারি আপনার যা খরচ হয় যেটা দেখলাম আমি, তার ওয়ান ফোর্থ আপনি বন্ধ করে দিয়েছেন। এটা হলে আপনার কত খরচ পড়ত আপনি ভালো করে জানেন। সেটা আপনি রেহাই পেয়েছেন। জোর করে নিয়েছেন। দ্বিতীয় হচ্ছে, যাদের পেনশান পাওয়ার কথা, এই কারণে তারা পেনশানও ঠিকমতো পাচ্ছে না। পেনশান হোল্ডারদের একে অবস্থা খারাপ, যারা আগে রিটায়ার্ড করেছেন, তারা এইসব ডি এ বাড়লে পেতেন, তাঁরা সেটা পাচ্ছেন না। তিন নম্বর হচ্ছে, আমাদের প্রায় ১ লক্ষ মতন স্কুল টিচারের পোস্ট খালি আছে। আপনার বেতন লাগত, এই চার বছর আপনার লাগেনি। তার থেকে আপনি রেহাই পেয়েছেন। তারপর

প্রায় সরকারি কর্মচারী যা ফাঁকা দেখলাম, মনে হচ্ছে যেন এক লক্ষ হবে বোধহয় ফাঁকা পড়ে আছে। মানে এক লক্ষ টিচারের পদ ফাঁকা, এক লক্ষ কর্মচারীর পদ ফাঁকা, ফিফটি পারসেন্ট ডি এ না দেওয়া, এইসব মিলিয়ে আপনি অনেকখানি বেঁচে গেছেন। এইগুলো যদি সব দিতে হত তাহলে আপনার ঋণের বোঝা ৮০ হাজার কোটি টাকা বলেছেন আপনি নীট, সেটা বেড়ে দেড় লক্ষ পার হয়ে যেত। সব মিলিয়ে আমাদের ছিল ১ লক্ষ ৭৮ হাজার কোটি টাকা, সেটা এখন দুই লক্ষ না কত হয়ে গেছে, পঞ্চাশ না বাহান্ন দেখলাম। সেটা আরো বেশি হয়ে গেছে। এইসব না থাকলে আপনি বুঝতে পারতেন যে কী অবস্থা ! ওই জন্য বলি, আমরা সখ, বিলাসিতার জন্য কোনো লোন নিইনি, উন্নয়নের জন্য লোন নিয়েছি, উন্নয়নের জন্য কাজও আমরা করেছি। ক্যাপিটাল গ্রান্টে দেখবেন, ক্যাপিটাল এক্সপেন্ডিচারে আমাদের সেই রকম করা হয়েছে, আজকে গোটা কলকাতা শহরের দিকে তাকিয়ে দেখুন, কয় বছর আগে কী ছিল আর এখন কী হয়ে গেছে। কতকগুলো পরিকাঠামো তৈরি করতে হয়েছে, যা আগে ছিল না। গ্রামাঞ্চলে যের পরিকাঠামো তৈরি হয়েছে তা আগে ছিল না। আগে পঞ্চায়েত ছিল না, পঞ্চায়েত ব্যবস্থা হওয়ার পরে সরকারি টাকা বাদেও কেন্দ্রীয় সরকার বাদেও রাজ্য সরকারের নিজস্ব অনেক স্কীম ছিল তখন, তখন তো পঞ্চায়েত ছিল না, যখন আমাদের পঞ্চায়েত পরিকল্পনা, সারা ভারতবর্ষে পঞ্চায়েত ছিল না, কেন্দ্রীয় সরকার টাকাও দিত না, একটা বিরাট সময় চলে গেছে যখন আমাদেরকেই টাকা দিতে হয়েছে। যার ফলে গ্রামীণ ডেভেলপমেন্ট বলুন, শহরের ডেভেলপমেন্ট বলুন, এইসব ক্ষেত্রে আমাদের একটা বিরাট দায়িত্ব পালন করতে হয়েছে। আর আমরা দেখলাম যে এই নগর উন্নয়নের ব্যাপারে এই অদ্ভুত ঘটনা যে আমরা ৪ বছর আগে কয়েকটা পৌরসভা হয়ে আছে, আমি দেখলাম, আমার ওখানে একটা ৪ বছর আগে পৌরসভা হয়ে আছে, সেখানে রাজ্যপাল গিয়ে তাঁর অর্ডারের কপি দিয়ে এলেন চালু হবে, চার বছরের মধ্যে চালু হয়নি। কিছুদিন পর দেখলাম যে ২২টি পৌরসভা হবে, হয়ে গেছে, রেডি হয়ে গেছে, চালু হবে। তার কোনো নামগন্ধ নেই। এইসব কাজ হয়নি। আর যারা গরীব মানুষ, আপনি কাজের ব্যাপারে বলছেন বারেবারে, আমার মনে আছে, গতবারের আগেরবার আপনি কোনো লক্ষ্য ঠিক করেছিলেন না কত ছেলের কাজ হবে। তো মাননীয় মুখ্যমন্ত্রী পিছনে ছিলেন, উনি যখন বললেন, তখন আপনি বলে দিলেন, হঠাৎ করে, ১১ লক্ষ ছেলের কাজ হবে।

[10.20—10.30 a.m.]

আমরা জিজ্ঞাসা করলাম কোথায় হবে ? আপনি বললেন কৃষিতেই মূলত হবে, প্রধানত হবে। আমরা শুনে অবাক, যে কৃষিতে তো এখন সব কাজ বন্ধ হয় যাচ্ছে। কৃষিতে যন্ত্র আসছে। এখন তো আমাদের এখানে এসেছে। একশো বছর আগে আমেরিকায় ট্রাক্টর তৈরি হয়েছে। কিন্তু আমরা যত আধুনিক হচ্ছি লোক কমে যাচ্ছে। আমেরিকায় দেখেছিলাম যে ১.২ পার্সেন্ট, শতকরা ১.২ পার্সেন্ট লোক এগ্রিকালচারে আসে। আর আমাদের এখানে শতকরা ৬০ ভাগ লোক এগ্রিকালচারে আসে। এগ্রিকালচারে নতুনভাবে কাজ করার লোক নেই। কিন্তু আপনি কি বললেন বুঝলাম না। এবারও দেখলাম আপনি বললেন, গতবার

নাকি ১৬ লক্ষ চাকরি হয়ে গেছে। এবারেও আবার ১৭ লক্ষ না কত হবে লিখেছেন আপনি, কোথায় হবে নির্দিষ্ট করে বলছেন না। আর বার বার বলে দিচ্ছেন হবে। কাজের মতো করে বলতে হবে। আর দ্বিতীয়ত টাকা আরও বাড়াতেই হবে এবং সেই টাকা বাড়ানোর জন্য ট্যাক্স বসাবার দরকারই হবে না যদি আমরা ঠিকমতো এফেকটিভ এবং এফিসিয়েন্টলি এটা করতে পারি যে আমরা আদায় করার ব্যবস্থা করে নেব, সেই ব্যাপারে উদ্যোগ নেব। তাহলে হতে পারে। এই জন্যে এই যে ফিনান্স বিলে যে প্রস্তাবগুলো আছে আমি সবগুলোর বিরোধিতা করছি না, কয়েকটা নিশ্চয়ই সমর্থনযোগ্য, সমর্থন করতে চাই। কিন্তু আমি যেগুলো বললাম, দেখে নিতে হবে কাদের বাড়াচ্ছে, কাদের কমাচ্ছে। ১ পার্সেন্ট আমি স্ট্যাম্প ডিউটি কমিয়ে দিলাম, কমালাম কাদের জন্য না যারা সঙ্গতিওয়ালা, যারা জমি কিনবে, যাদের সঙ্গতি আছে তাদের জন্য করলাম। এতে গরীব মানুষের লাভ হবে না। অথচ আপনার আদায়টা কমে যাবে। একইভাবে অন্যান্য ক্ষেত্রে যেমন বললাম, যেগুলো আছে, শহরে যেমন আছে, যারা জমি বিক্রি করে তারা হয়তো সঙ্গতিওয়ালা লোক বাড়ি-ঘরদোর তৈরি করে বিক্রি করে, তাদের ক্ষেত্রে যদি বাড়ানো যায়, তাতেই লাভ বেশি। এস সবটা ভেবে নিয়ে আমাদের এই যে কর ব্যবস্থা যেটা আছে, তাকে কি করে আরও আধুনিক করা যায়, সেটা আগে ভাবা দরকার। আমরা যত আধুনিক করতে পারব, তত আমাদের আয় বাড়বে। কেননা এখনো আমাদের এই রেভিনিউয়ের সঙ্গে রেভিনিউ কালেকশন যেটা হচ্ছে তার সঙ্গে টোটাল যে টাকা আমাদের যা আদায় হয়, বা আমাদের যা লাগে তার সঙ্গে সঙ্গতি আনার জন্য এফিসিয়েন্টলি আমাদের এটা করতেই হবে, নাহলে আমাদের ফিসকাল ডেফিসিট বেড়েই যাবে, কমবে না। এইটা একটা বড় কাজ আমাদের সামনে। আর যেটা বড় কাজ আমি আগে বললাম যে, এই কর ব্যবস্থা যেটা আছে তা আদায়ের ক্ষেত্রে মানুষের উদ্যোগ তৈরি করা এবং তার সঙ্গে কর্মচারী যারা যুক্ত আছেন এইসব কাজ করেন যারা, তাতে যে বিশাল পরিমাণ ঘাটতি আছে তাকে অবিলম্বে পূরণ করা এবং তাকে ঠিকমতো পরিচালনা করতে পারলে—যারা কর ফাঁকি দেয়, তাদের কিভাবে আটকাতে পারি, সেটা দেখা এবং আমি এইজন্যই ওই কথা বললাম, ইটভাঁটার কথা বললাম এরকম বহু জায়গা আছে। যেখানে অকারণে টাকা খরচ করে সেই টাকা আমাদের সরকারের কাছে আসে না। কিভাবে তা সরকারের কাছে আসতে পারে তার ব্যবস্থা করা দরকার। আমি সবগুলোর বিরোধিতা করছি না, কতগুলো বিষয়ে আমাদের আপত্তি আছে, আমি জানলাম। আর কতগুলো প্রস্তাব আমি রাখলাম, আশা করি মাননীয় মন্ত্রী নিশ্চয় সেগুলি বিবেচনা করবেন। এই কথা বলে সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় স্পীকার স্যার, The West Bengal Finance Bill, 2015 একে সমর্থন করা ছাড়া কোনো উপায় আছে কি আমাদের বিরোধী সদস্যদের ? মাননীয় সদস্য আনিসুর রহমান তিনি এটার বিরোধিতা করতে পারেননি। তিনি কিছু নতুন প্রস্তাবনা করেছেন, নিশ্চয়ই আমাদের অর্থমন্ত্রী তিনি সেগুলো নিয়ে তাঁর বক্তব্য রাখবেন। সহজ এবং সরল করার অর্থ হচ্ছে যে কী কারণে—তিনি যখন বাজেট পেশ করেছেন এই হাউসে তখন তিনি তার যে রেভিনিউ ইনকাম সেই রেভিনিউ ইনকামকে পাকাপোক্ত করার জন্য তাতে সম্পূর্ণতা আনার জন্য তাকে টার্গেটের মধ্যে আনার জন্যে তিনি কতগুলো

প্রস্তাবনা করেছেন। সেই প্রস্তাবনাগুলো—তিনি ভ্যাটের ক্ষেত্রে করেছেন, রেজিস্ট্রেশনের ক্ষেত্রে amnesty scheme করেছেন settlement of dispute scheme করেছেন। তিনি একের পর এক ভ্যাটে—অতিক্ষুদ্র এবং মাঝারি শিল্প এম.এস.এম.ই.-র মধ্যে যাঁরা আছেন যেটা আমাদের আজকের দিনে, পশ্চিমবাংলার সব থেকে বড় আমাদের চলার পথ, মিডিয়াম এবং স্মল স্কেলে যারা শুধু নিযুক্ত নয়, দেশের উৎপাদনকে রক্ষা করে দেশের ইকনমিকে রাজ্যের ইকনমিকে আরো শক্তিশালী করতে পারবে।

কর নির্ধারণের ক্ষেত্রে তিনি কতগুলি সরলীকৃত ব্যবস্থা তিনি করবেন এবং দ্রুত ট্যাক্স যারা শিল্প উদ্যোগ করবেন বা যা ব্যবসা-বাণিজ্য করবেন তাদের যে প্রাপ্য ফেরত অর্থ—তারা যাতে তাড়াতাড়ি পান সেটাই করেছেন। প্রি-অ্যাসেসমেন্টের সুযোগ তিনি বৃদ্ধি করেছেন এবং সহজে বৃত্তি কর যাতে রেজিস্ট্রেশান হয়, ইনক্লুডিং ইলেকট্রনিক্স টোলস। মামলার সংখ্যা যদি দিনের পর দিন বেড়ে যায়, তাহলে টি দপ্তরকেই বেশির ভাগ ক্ষেত্রেই মামলার সঙ্গে যুক্ত হয়ে থাকে। তাদের মূল যে সার্ভিস টু দ্যা পাবলিক তারা দিতে পারে না। সেক্ষেত্রে তিনি সতর্কতার সঙ্গে সেগুলো করেছেন। স্ট্যাম্প পেপার শুল্ক ছাড় দিয়েছেন, শিল্পে সহায়তা সমিতি। চা-বাগানগুলোর ক্ষেত্রেও তিনি একটা বিশেষ দিক নির্মাণ করেছেন। এখানে যে চা-শিল্পের উপরে উত্তরবঙ্গের মানুষের নির্ভরতা—এই জায়গাটা করতে গিয়ে তিনি পরিচয় দিয়েছেন যে এই রাজ্যের যে আর্থিক অবস্থাটা ছিল এটা অনেক আলোচনার প্রয়োজন হয় না যে একটা রাজ্য debt trap-এর মধ্যে আছে। কতটা কার আছে, এই ব্যাপারে বিশদে এই হাউসে হয়েছে এবং দেনাটা শোধ করতে আরও দেনা করতে হবে। এটাই ইকনমিক্সের মূল সূত্র। একবার যদি দেনার মধ্যে পড়ে যান, সেই দেনা বছরের পর বছর তো চলবেই এবং তার জন্য আপনার ধন-সম্পত্তি এমনকি যারা ছোটো ছোটো কারবারি মানুষ তাদের ধনসম্পত্তি ; এমনকি যারা গরীব মানুষ যারা নিজের বাড়ি বন্ধক দেয় বা নিজেদের বাড়িতে বিভিন্ন রকম ধরে নেয়—পরিশেষে তাদের সব কিছু খুইয়ে ফেলতে হয়। একটি রাজ্যের ক্ষেত্রে তার কোনো বিকল্প কোনো ব্যবস্থা আমাদের নেই। যদিও প্রাক্তন অর্থমন্ত্রী তিনি বিকল্প রাস্তা খুঁজেছেন, দীর্ঘ বছর ধরে মোর দ্যান টোয়েন্টি ইয়ারস্ ; ২০ বছরের মতো সময় ধরে তিনি বিকল্প-বিকল্প-বিকল্প, কিন্তু কোনো বিকল্প দিতে পারেননি। ভারতবর্ষ একটা sovereign country, তার সংবিধান হয়েছে, সংবিধানকে বাদ দিয়ে যদি আমি বিকল্প কোনো পথ খুঁজতে চাই তাহলে রাজ্যের অবস্থা কি দাঁড়ায় তা সহজেই অনুমেয় এবং এটা আমরা সরকার এবং বিরোধী সম মাননীয় সদস্যরাই আজকে সেটা বুঝতে পাচ্ছি যে, রাজ্যটাকে কোথায় অর্থনীতিটাকে নিয়ে গেছে। তাই মাননীয় স্পীকার স্যার, আমাদের অর্থমন্ত্রী, রাজ্যের যিনি মুখ্যমন্ত্রী, তিনি বলছেন যে, যতটা সম্ভব করের বোঝা না বাড়িয়ে—আমাদের প্রাপ্য কর সেটাকে যথা সময়ে তাকে তোলা এবং সেই কর ব্যবস্থাকে সরলীকৃত করা। এটা না হলে, আমাদের হাতে অর্থই যদি না থাকে—যত কথাই বলি না উন্নয়নে ফিক্সড কস্টে আমি কোনোভাবেই এড়িয়ে যেতে পারব না। Unless we have money in the state exchequer এখন সব থেকে মুশকিল হচ্ছে যে টাকা exchequer-এ থাকবে কোথা থেকে। সেটা নিয়ে বিশদে আলোচনায় যায় না। তাই তিনি

রাজস্ব বাড়াবার উপরে ধ্যান দিয়েছেন এবং কিভাবে রাজস্ব বেড়েছে এই বিবৃতি এখানে দেওয়ার প্রয়োজনীয়তা আছে কিনা আমি জানি না। একটা span of 35 years। যেখানে আমরা টোয়েন্টি থাউজেন্ড-এর কাছাকাছি প্লাস-মাইনাস আমরা ছিলাম এবং থ্রি অ্যান্ড হাফ ইয়ারস এই চতুর্থ বাজেটে আমরা সেটা ফরটি থাউজেন্ড ক্রোড়স পার করে আমাদের টার্গেট কি নিয়েছেন অর্থমন্ত্রী। মাননীয় অর্থমন্ত্রী তিনি বলছেন, সংশোধনীতে ২০১৪-১৫-র আর্থিক বছরে 46,000 কোটি টাকা তুলবেন কবে ২০১৪-১৫-তে। shortfall আছে, এই shortfall-কে যেটাকে রাজস্ব ঘাটতি আমরা বলি। এই shortfall-কে ওটা কি সত্বর যারা কর দেয়নি, যারা এই কর ব্যবস্থার মধ্যে নিজেকে সংখ্যার কারণে দিতে চায় না তা নয়, আমি যদি একবার করের এই প্রথার মধ্যে, আইনের এই প্রথার মধ্যে ঢুকে যাই, আমি হয়তো আইন থেকে বেরিয়ে আসতে পারব না, তখন আমাদের ইনকামের থেকে বেশি ট্যাক্স দিয়ে দিতে হবে। যখনই দেখবেন, একটি সরকার দ্বারা অত্যন্ত সরল, সহজ করে দিয়েছেন এবং দেশের এই পরিবর্তনের সঙ্গে সঙ্গে সায়েন্স অ্যান্ড টেকনোলজি পরিবর্তনের সঙ্গে সঙ্গে তারা যে ইলেকট্রনিক সিস্টেমটাকে ইনট্রোডিউস করেছে, যাতে তারা সেই সুযোগ পেয়ে তারা বুঝতে পারে যে তারা কোথায় আছে এবং সরকারের আইন কোথায় কোথায় তারা সহজ এবং সরল করে দিয়েছেন।

[10.30—10.40 a.m.]

আমার বিশ্বাস সেক্ষেত্রে যেটা শর্টফল ছিল—ফেব্রুয়ারির ২৭ তারিখে তিনি বাজেট বিবৃতি দিয়েছেন, তার থেকে আরও ১৫ দিন তলায় গেলে, এই যে দেড় মাস সময় তিনি পেয়েছেন, দেড় মাসের সঙ্গে যদি মার্চ মাসের পরেও অনেকে ফাইন দিয়ে ছোটো ছোটোভাবে করে থাকেন, অর্থাৎ এপ্রিলের ফুল মাস্থ তারা নিয়ে থাকেন, সেক্ষেত্রে তাদের যা কিছু দেওয়ার আছে ট্যাক্সে, তারা সেটা যদি দিয়ে থাকেন, তাহলে আমার বিশ্বাস যত সরলীকরণ করে দেবেন, তত বেশি এই কাজে, এই লক্ষ্য পূরণে সাহায্য করবে। কারণ, লক্ষ্যপূরণে যদি সাহায্য না করেন, আবার ২০১৫-১৬-তে আমাদের টার্গেট ফর্টি এইট থাউজেন্ড প্লাস ক্রোড়স, এখানে আমাদেরকে যেতে হবে। আমাদের এই যাওয়াটা যদি না ২০১৪-১৫-কে সম্পূর্ণ করতে পারি এবং ২০১৫-১৬-তে যে আবার যে ট্যাক্স আদায় করব, যে রেভিনিউ আদায় করব, সেটা আমার পক্ষে একটু দুরূহ হবে। তাই অত্যন্ত বিচক্ষণতার পরিচয় মাননীয় অর্থমন্ত্রী দিয়েছেন। উনি বিচক্ষণতার সঙ্গেই তিনি এই বিলটিকে এনেছেন। তিনি খুব সহজভাবেই এই বিলের মধ্যে বলেছেন যে কোন কোন এরিয়াতে বর্তমান যে অবস্থা আছে এবং বর্তমান আইনের যে পরিস্থিতি রয়েছে, রুলসের যে পরিস্থিতি, তার সঙ্গে গিভেন সিচুয়েশন, আমি যে আর্থিক সিচুয়েশানের কথা বললাম, আর্থিক সিচুয়েশানটা আমাদের মধ্যে খুবই সংকটজনক ছিল, ধীরে ধীরে এই সংকট থেকে এই ডিপার্টমেন্টের মাননীয় অর্থমন্ত্রীর নেতৃত্বে এবং মুখ্যমন্ত্রীর যে নির্দেশিকা, তার যে সংকল্প—আমি রাজ্যের মানুষকে যত সম্ভব রিলিফ দিয়ে রাখব, কর বৃদ্ধি আমি করব না—সেখানে তাই তিনি বলেছেন The Bengal Amusements Act, 1922, the Bengal Electricity Duty Act, 1935, the West Bengal State Tax on Professions,

Trades, Callings and Employments Act, 1979-একে উনি করতে চেয়েছেন, The West Bengal Sales Tax Act, 1994, the West Bengal Sales Tax (Settlement of Dispute) Act, 1999 and the West Bengal Value Added Tax Act, 2003। এই ক'টি এরিয়াতে তিনি এর অ্যামেন্ডমেন্ট চেয়েছেন এবং সঙ্গত কারণেই আমার মনে হয় এর বিতর্ক সৃষ্টি করা যায়। কিন্তু সমর্থন না দেওয়ার কোনো জায়গা আছে বলে আমার ধারণা নেই। তাই আমি বলছি, মাননীয় অর্থমন্ত্রী উত্তরণের ক্ষেত্রে যে বিচক্ষণতার পরিচয় দিয়েছেন, আমি বার বার বলি যে একটা উত্তরণ করতে হবে, আমার ডিফিকাল্টিজ আছে, আমার আর্থিক সংকট আছে, আমি যেখান থেকে সব থেকে বেশি সাপোর্ট পেতে পারি সেন্ট্রাল গভর্নমেন্ট, তারা যখন আমাকে একটা জায়গায় ঠেলে ফেলে দিয়েছে, যখন আমি তার থেকে বেরোতে গেলে আমাকেই, আমার রাজ্যকেই বা রাজ্যের মানুষকেই ভরসা করতে হবে, তাই তিনি রাজ্যের মানুষের উপর ভরসা করেছেন। রাজ্যের ব্যবসা, বাণিজ্যের উপর তিনি ভরসা করেছেন। রাজ্যের কর্মজীবী, শ্রমজীবী মানুষের উপর তিনি ভরসা করেছেন। তাঁর ভরসা বাস্তবমুখী এতে কোনো সন্দেহ আছে বলে আমি মনে করি না। তাই এখানে আমার বেশি কথা বলার প্রয়োজন হয় না। তিনি তাঁর statement of Objects and Resons-এর মধ্যে ছোটো করে কতকগুলো কথা বলেছেন। একটা হচ্ছে, to provide relief to the registrant people for purchasing immovable property। এখানে হচ্ছে stamp duty। তিনি বলেছেন ৩০ লাখ টাকা পর্যন্ত আমার ছিল। আমি এটাকে ৪০ করলাম। ৪০ লাখ পর্যন্ত ছোটো, একবারে মাঝারি, আর মধ্যবিত্তরাই আসবে। আজকের দিনে বাজারে যা দাম, তাতে ৪০ লাখ একটা মধ্যবিত্ত ফ্যামিলির কাছে সম্ভব। একটু উচ্চমধ্যবিত্ত, আর মধ্যবিত্ত তো আছেই। কিন্তু এর উপরে যদি যায়, তার জন্য তিনি প্রভিশান করেছেন ১%। তিনি দু-দিকেই ব্যালান্স করেছেন। এটাই হচ্ছে দূরদর্শিতা। যে মানুষগুলোর তলায় আছে, তারা যখন সম্পত্তি কেনাবেচা করবেন, তাদের ক্ষেত্রে যতদূর সম্ভব রিলিফ দেব, কনসেশন দেব, And the government will stand by them। আর যারা একটু ওপরে যাবে, তাদের ক্ষেত্রে আমি কিছু ট্যাক্স নিয়ে এগোব। তাই তিনি করেছেন। ৪০ লাখ পর্যন্ত তিনি তো রিলিফ দিয়ে রেখেছেন। আর একটা হচ্ছে, the Bengal Amusements Tax Act। দেখুন স্যার, এই যে সাত টাকা পর্যন্ত ছিল, কভারেজ দিয়েছেন হান্ড্রেড রুপিস। তারপর এখানে বলা হয়েছে এটা দেওয়া হয়নি, যারা cabaret আছে, তাদের ক্ষেত্রে ছাড়া সব জায়গায় তিনি দিচ্ছেন। এতে সুবিধা কী হবে ?

আজকের দিনে যে সকল মানুষেরা এর সঙ্গে যুক্ত, সংস্কৃতির সঙ্গে যুক্ত, এটা তাদের ক্ষেত্রে লোভনীয় হবে এবং সবাই এগিয়ে এসে অন্তত এই ব্যাপারে, এই ছোট্ট amusement tax-টুকু দিয়ে সরকারের পাশে দাঁড়াবেন। মাননীয় অর্থমন্ত্রীর এই যে আশা তা সমীচীন, বাস্তব।

স্যার, উনি আরো বলেছেন, "sales tax on profession, trade and calling and employment". এখানেও উনি concession relief-এর কথা

বলেছেন। বিশেষ করে Co-operative society registered under the Bengal Cooperative Societies Act 2006 and the West Bengal Cooperative Act 1983—এখানেও তিনি হেঁটেছেন। Profession tax-এর ক্ষেত্রেও তিনি certificate required purchased goods, services by the Government, local bodies, etc. এই সবগুলোকে তিনি এর মধ্যে এনেছেন এবং provides as per the technical or the profession consultancy. এটাও তিনি তাঁর orbit-এর মধ্যে এনেছেন।

স্যার, আমি আমার শেষ বক্তব্য বলছি, value added tax-এর ক্ষেত্রে তিনি ৫ কোটিকে ১০ কোটিতে নিয়ে গেছেন। প্রথমে ৫ লক্ষকে ১০ লক্ষতে নিয়ে গেছেন এবং চেষ্টা করেছেন সমস্ত বিজনেসটাকে augmented করতে যে সমস্ত জায়গা থেকে আমাদের tax আসে। সেই জন্য আমি মনে করি এটা সময়োচিত এবং দূরদর্শিতার সঙ্গে করা হয়েছে। তাই এই বিলকে আমি পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নাজমুল হক : মিঃ স্পীকার স্যার, আমি সবিনয়ে জানাচ্ছি, এই বিলের আমরা বিরোধী না। কিন্তু স্যার কয়েকটা জায়গায় আমাদের কিছু সংশয় আছে তাই constructive criticism আছে। মাননীয় অর্থমন্ত্রী সহৃদয়ভাবে নিশ্চয় বলবেন ওনার কথা।

আমি প্রথমেই আবার বলছি অন্য একটা দৃষ্টিকোণ থেকে যে, এই imposition of tax one rupee per centum on immovable properties—এটা ৩০ থেকে ৪০ লাখ টাকা পর্যন্ত রেহাই বা সুবিধা দেওয়া হচ্ছে। এটা মূলত গরীব ক্রেতা যদি হয় তার ক্ষেত্রে উপকার কতটা হবে বা real estate নিয়ে যারা ব্যবসা করে, মূলত promoting-এর সঙ্গে যুক্ত তাদেরকে কতটা উপকৃত করবে ? আমি এই কথাটা এই জন্য তুলছি কারণ current financial year, যেটা আপনি ৩১ তারিখে শেষ করবেন তার এখন পর্যন্ত দেখা যাচ্ছে ৫,৩০০ কোটি টাকা realisation বা collection-এ ঘাটতি থাকছে। হাতে আর আপনার ২৬ দিন আছে। আপনি স্যার এই ব্যাপারটা নিয়ে বিবেচনা করবেন কি ?

আরেকটা কথা হচ্ছে, Bengal Amusement Tax নিয়ে। এখানে ঐ যে ticket-গুলো, বিশেষ করে ঐ যে সান্ধ্যকালীন নৃত্যানুষ্ঠান, magic show, non-cinema amusement, except cabaret, এখানে ৬০ টাকা থেকে ১০০ টাকা পর্যন্ত টিকিটকে যে ছাড় দিচ্ছেন এতে significant কী ? Specially economic significant কী ? এই কারণে বলছি, যারা দেখতে যান তারা তো ৬০ টাকার টিকিট কাটতেন তার সাথে আবার ice-cream, cold drink-ও খেতেন। এখন ১০০ টাকা পর্যন্ত ছাড় দিলে আরেকটু বেশি ice-cream, cold drink খাবেন এই গরমের দিনের সন্ধ্যায়। স্বাভাবিকভাবেই স্যার, আপনি যখন ২০১৩-১৪-তে পরিকল্পনা খাতে বরাদ্দ সাবমিট করে আমাদের দেখাচ্ছিলেন ১৪-১৫টাকে convert করে, একদম একলাফে ২০

হাজার কোটি টাকা বাড়িয়ে দিয়েছিলেন plan expenditure-এ। আর, নতুন বছরের জন্য যা করলেন, সেখানে মাত্র ৫ হাজার কোটি টাকা মতো বাড়াতে পারলেন। এই রকম একটা dilemma যখন কাজ করছে তখন এই যে সর্বত্যাগী সন্ন্যাসী মতো সব কিছু ত্যাগ করে, রাজ্যপাট ছেড়ে আপনি যদি স্যার অর্থনৈতিক দিগম্বরী হতে চান তাহলে আমরা খুব বিপদে পড়ব।

[10.40—10.50 a.m.]

রাজ্যের মানুষ বিপদে পড়বে। তাই আপনি স্যার, একটু ভাববেন। আর আমাদের বামফ্রন্টের নেতা তো আগেই বলেছেন, এই আপনার ট্যাক্স অন প্রভিশানস, ট্রেডস, কলিংস ইত্যাদির ব্যাপারে ঠিকই—ইটশিল্প একটি ক্ষয়িষ্ণু শিল্প, আমাদের রাজ্যে এর পুনরুজ্জীবন কিভাবে ঘটানো যায় সেটা অবশ্য আপনি ভাববেন। আমি স্যার, এর সাথে সাথে রাজ্যের স্বর্ণশিল্পীদের ব্যাপারে বলছি। লেফট ফ্রন্ট গভর্নমেন্টের তুলনায় এ সময় পর্যন্ত প্রায় ফাইভ টাইমস ইমপোর্টেড হচ্ছে গোল্ড। আর সেই ইমপোর্টেড গোল্ড জেমস অ্যান্ড জুয়েলারীতে বিভিন্ন জায়গায় নানান অরনামেন্টে রূপান্তরিত হয়ে এক্সপোর্টেড হচ্ছে। এতে আমাদের গ্রামের হাজার হাজার, লক্ষ লক্ষ ছেলেমেয়ে জড়িত আছে। অল্প কয়েক মাস আগে এই বিধানসভায় ট্রেড অ্যান্ড কমার্স কমিটির তরফে দেশের একমাত্র গ্রিন এস.ই.জেড. 'মণিকাঞ্চন' বেড়াতে গিয়েছিলাম। ওদের কাছে যা শুনলাম ৩৯টা ইউনিট চলছিল এখন ২৩টা ইউনিট চলছে। ২৪-পরগনা এবং হাওড়ার বহু স্থানীয় ছেলের সঙ্গে দেখা হল। তারা তাদের তারা ন্যূনতম বেতনের কথা বলল। আমি বলছি ইউনিট কমে গেছে। চীন একটা কমপিটিটিভ রাষ্ট্র হিসাবে আন্তর্জাতিক বাজারে তীব্র প্রতিদ্বন্দ্বিতায় আছে এ বিষয়ে। ওরা উদ্বেগও প্রকাশ করলেন। ইউনিটের মালিকদের সঙ্গে আমরা মিটিং করছিলাম। আমি মূল কথা যেটা বলছি 'মণিকাঞ্চন' গড়েছিলেন, সুযোগ-সুবিধা দিয়েছেন অনেকটা। তা সত্ত্বেও ৩৯টা ইউনিটের জায়গায় ২৩টা হয়েছে, ১৬টা কমে গেছে। স্থানীয় বহু সংখ্যক, সব জেলারই দেশের মধ্যে, রাজ্যের মধ্যে এবং রাজ্যের বাইরেও যারা কাজ করছেন তাদের স্বার্থ জড়িয়ে আছে। ওখানে ইমপোজিশানের ব্যাপারে আপনি নিশ্চয়ই চিন্তা-ভাবনা করবেন। আর এইজন্যই বলছি আর একটা জায়গাতে আপনি বলেছেন যে মূল্য ছেড়ে দিয়ে মূল্যের উপর কর না বসিয়ে ওজন, পরিমাপ, ইত্যাদি ইত্যাদি আনছেন। আমি আবার সোনা প্রসঙ্গে বলি স্যার, আমাদের যত বিয়ে, সাদি হচ্ছে রাজ্যে, সব সোনা তো দোকান থেকে কেনা হয় না। বহু সোনা মা, দিদিমা, জ্যাঠাইমারা সঞ্চিত রাখেন, গচ্ছিত রাখেন। ১০ বছর, ২০ বছর, ২৫ বছর আগেকার পুরনো যা বৌমা, নাতি, নাতনি ইত্যাদির বিয়েতে সেই পুরনো সোনা দেন। এখন এই ওজন, পরিমাপ করার নামে আপনার দপ্তরের লোকেরা ওখানেও যে টানা-হিঁচড়া শুরু করবে কিনা খুব সংশয়ের ব্যাপার থেকে যাচ্ছে। আর একটি প্রশ্ন আমার রয়েছে সবিনয়ে আপনার কাছে—রিসেন্টলি কি এরকম হয়েছে ? কোন চলচ্চিত্র প্রযোজক আপনার কাছে দরবার করতে গিয়েছিলেন বা আপনার ম্যাডন স্ট্রিটের অফিস ওই ভদ্রলোককে ডেকে পাঠিয়েছিল। কিন্তু নিয়মবহির্ভূত সুযোগ-সুবিধার সন্ধান করছিলেন সম্ভবত তিনি। এ সম্পর্কে কিছু খবরাখবর বেরিয়েছিল। স্যার, আপনার যদি জানা থাকে আপনি দয়া করে বলবেন। আমি মূলত প্রশ্ন করেছি আপনাকে ২০১৩-১৪-র তুলনায়

২০১৪-১৫-তে বাজেটে এক লাফে ২০ হাজার কোটি টাকা পরিকল্পনা বরাদ্দ বাড়তি দেখিয়েছিলেন। নতুন অর্থবর্ষে যা কমে একদম ৫ হাজার কোটিতে নেমে এল। এর কারণ কি ? এত ডিফারেন্সের কারণ কি ? আর একটা হাসির কথা বলছি আপনাকে। এটা অর্থনৈতিক বিষয়ে বাজেট। এই বাজেটের 'ট' বাদ দিলে বাকি যা থাকে তার মানে সবাই জানেন। আপনি এখানে গুরুদেব রবীন্দ্রনাথকে, বিদ্রোহী নজরুলকে, কখনও কখনও স্বামী বিবেকানন্দকে হাজির করেছেন। সেদিন হাজির করেছেন একজন উর্দু সায়েরকে। সায়েরিটা ঠিকই, বেশি না দুশো বছর আগেকার। ওতে স্যার, প্রথম লাইনটা খুব ডেঞ্জারাস। "ফিকর না কর আনজাম কি"। পরিণাম চিন্তা করো না। স্যার, দুশো বছর আগের কেন ? আপনি তো আড়াই হাজার বছর আগের শ্রীমৎ ভাগবৎ গীতা থেকে বলতে পারতেন। "কর্মন্যে বাধিকে বস্তু, মা ফলেষু কদাচন।" স্যার ও তো শ্রীকৃষ্ণের মুখ নিঃসৃত। "মা ফলেষু কদাচন"। স্যার, অর্থনীতি কি ওইভাবে চলবে ? উইথআউট আউটপুট ? উইথআউট গ্রোথ ? না দেখে কেউ শ্রম করতে রাজি হবে ?

কেউ কাজ করতে রাজি হবে এই চলমান দুনিয়াতে। কাল স্যার, জোসেফ স্টিকলিসকে নিয়ে চর্চা হয়েছে। আপনি তার প্রথম জীবনের লেখার কথা বলেছেন, কিন্তু তার সায়াহ্নে লেখা Globalisation and its discontent—তার প্রতি পঙ্‌ক্তিতে উদ্বেগ, যন্ত্রণা ফুটে উঠেছে। যে দুনিয়াকে এক সূত্রে বাঁধতে চেয়েছিলাম, একটা জীবনযাত্রা তৈরি করতে চেয়েছিলাম, আজ খেদে ভুগছি কেননা তার বিরূপ ফল ফুটে উঠছে দুনিয়া জুড়ে। মন্দাক্রান্ত দুনিয়া, মন্দাক্রান্ত সভ্যতা, অর্থনৈতিক বাজারের প্রেক্ষাপটে স্যার আপনার মন্তব্য যেহেতু খুবই গুরুত্বপূর্ণ, তাই আপনি স্যার যখন মন্তব্য করবেন চিন্তা-ভাবনা করে করবেন অবশ্যই, আপনাকে ধন্যবাদ।

ডঃ সুখবিলাস বর্মা : মাননীয় স্পীকার স্যার, আজকে যে ফিনান্স বিল এখানে উপস্থাপিত হয়েছে যদিও টুকটাক এখানে-ওখানে ফেস লিফটিংয়ের মতো, সেই সম্পর্কে দু-চারটি কথা আমি বলতে চাই। এটা ঠিক মাননীয় অর্থমন্ত্রী গত তিন বছরের একটা রেভিনিউ ড্রাইভ দিয়েছেন এবং আমাদের পশ্চিমবঙ্গের অর্থনীতিতে রেভিনিউ বেসটা এত লো ছিল, সেই লো বেসটাকে উনি তুলে নিয়ে আসার চেষ্টা করছেন। প্রায়শই বলা হয়, এটার এত পার্সেন্ট বেড়েছে, এত পার্সেন্ট বেড়েছে—ঠিকই বেড়েছে। আপনাদের যদি মনে থাকে আমি প্রথম বছরেই বলেছিলাম, আমাদের এখানে ট্যাক্সের লেভেলটা যে হারে আছে সেখানে বাড়ানোর স্কোপটা প্রভূত, প্রভূত বেশি। বিভিন্ন সময়ে বিভিন্ন সংস্থা সে প্ল্যানিং কমিশন হোক, ফিনান্স কমিশন হোক বা NIPFP-র মতো অর্গানাইজেশান, তারা সব সময় স্টাডি করে দেখিয়েছেন যে আমাদের স্টেটে সেলস ট্যাক্স, এম.ভি.ট্যাক্স, রেজিস্ট্রেশান, প্রফেশান ট্যাক্স প্রত্যেকটি ট্যাক্সের ক্ষেত্রে আমরা অনেক পিছিয়ে আছি কমপ্যারাবেল স্টেটের থেকে। বিশেষ করে আমরা যদি দেখি যে অন্ধ্রপ্রদেশ—সব সময় অন্ধ্রপ্রদেশের কথা বলি এই জন্য যে পপুলেশান এবং জিওগ্রাফিক্যাল এরিয়া ইত্যাদি। সব দিক থেকে যদি দেখা যায় অন্ধ্রপ্রদেশ হচ্ছে মোস্ট কমপ্যারাবেল স্টেট উইথ দ্যা স্টেট অব ওয়েস্ট বেঙ্গল। ইভেন কর্নাটক, গুজরাট, ইভেন রাজস্থান তাদের যা রেভিনিউ পজিশান, তাদের যা ট্যাক্স ইত্যাদি

আদায়ের পজিশন সেই তুলনায় আমরা অনেক পিছিয়ে ছিলাম। মাননীয় অর্থমন্ত্রী চেষ্টা করেছেন। এক্সসাইজের ক্ষেত্রে যেমন অনেক চেষ্টা করেছেন, চেষ্ট করে অনেক বাড়িয়েছেন। আমরা আমাদের কমিটি থেকে মাননীয় জটু লাহিড়ী মহাশয়ের নেতৃত্বে আমাদের যে ফিনান্স কমিটি রয়েছে, ডেভেলপমেন্ট কমিটি রয়েছে, সেই কমিটি থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন সাজেশান দিয়েছি। মাননীয় অর্থমন্ত্রী সেটাকে মানার চেষ্টা করেছেন। আমাদের সঙ্গে বসেছেন, বসে এটা করেছেন। কাজেই আজকে এই বিলে যে সংশোধনীগুলো নিয়ে এসেছেন, এগুলো আমার মনে হয় মোটামুটি বিবেচনা করেই তিনি করেছেন যাতে আমাদের রেভিনিউটা আরো বাড়ে। রেভিনিউ বাড়ানো হচ্ছে প্রধান উদ্দেশ্য। অবশ্যই সাধারণ মানুষকে কিছু কিছু বেনিফিট দেওয়ার ব্যাপারটা আছে। যেমন ধরুন, এখানে আছে অ্যামিউজমেন্ট ট্যাক্স দিতে হবে। ৬০ টাকার উপরে হলে অ্যামাউজমেন্ট ট্যাক্স। আমরা সবাই জানি, গ্রাম, দেশে, ছোটো ছোটো শহরে এই অ্যামাউজমেন্ট ট্যাক্স প্র্যাকটিকালি কিছুই ওঠে না। কেননা ৬০ টাকার উপরে যদি দিতে হয় তাহলে তার যে ঝামেলা অমুক জায়গায় দরখাস্ত করতে হবে, এমবোসিং করে নিতে হবে। এই সব ক্ষেত্রে অনেক অসুবিধা হয়। তার ফলে হয়তো দেখা গেল কিছুই আদায় হল না। আমার মনে হয়, এটাকে ৬০ টাকা থেকে ১০০ টাকা করা হয়েছে। গ্রামদেশে বিভিন্ন অর্গানাইজেশান তারা এই সমস্ত যাত্রা বলুন, থিয়েটার বলুন বা অন্যান্য মিউজিক্যাল ফাংশান করেন। আজকাল তো লোকসংস্কৃতি থেকে আরম্ভ করে সব কিছুর জন্য প্রচুর ফাংশান হয়।

[10.50—11.00 a.m.]

কাজেই সেখানে ঝামেলাগুলো কমবে, হ্যারেসমেন্টগুলো কমবে। আমার মনে হয় যেখানে ১০০ টাকার ওপর যারা টিকিটের হার করে, বড় বড় functionগুলো, যেমন, খেলাধুলো ইত্যাদি। সেক্ষেত্রে অবশ্য আমরা প্রায়ই দেখি যেমন ক্রিকেট খেলার ক্ষেত্রে, আমি জানি না, এখনও ঠিক একই ঘটনা ঘটেছে কিনা। আমি যখন Finance Department-এ ছিলাম তখনও একই ঘটনা ঘটতো। ক্রিকেট খেলার বিশাল বিশাল অঙ্কের টিকিট, অথচ তার exemption-এর জন্য আসতো তারা এবং অধিকাংশ সময়ে exemption দিয়ে দেওয়া হত। এখন সেগুলোও বোধহয় কমানো দরকার।

Stamp Duty-র ক্ষেত্রে আপনি ৩০ লাখ থেকে ৪০ লাখ করেছেন। আমি জানি না, নিশ্চয়ই কোনো তথ্যের ভিত্তিতে চলছেন যে ৩০ লাখ থেকে ৪০ লাখ করলে হয়তো registration-এর সংখ্যা বাড়তে পারে ; এই ধরনের নিশ্চয়ই Study আছে। আমি অবশ্যই বলব না যে, এটা একটা adhoc arrangement হয়েছে। নিশ্চয়ই কোনো study-র বেসিসে তথ্যের বেসিসে আপনারা করছেন এবং তাতে যদি revenue বাড়ে। কেননা আমরা দেখেছি, অতীতেও সম সময়ই দেখা গেছে, যেখানে tax-এর হারটা খুব বেশি থাকে সেখানে একটা অনীহা থাকে, সেখানে avoid করার, evade করার নয়, avoid করার একটা ইচ্ছে থাকে, একটা চেষ্টা থাকে। সেই চেষ্টা অন্তত দূর হবে এটা আমি আশা করি। Professional Tax-এর ক্ষেত্রে আমরা কমিটি থেকে বার বার বলেছি

Professional Tax-র administration-এ যাঁরা আছেন Commercial Tax-এর সঙ্গেই, Sales Tax-এর organization তার সঙ্গেই একটা wing আছে Professional Tax-এর। এবারে শুনেছিলাম যে, Professional Tax, বোধহয় বাজেট বক্তৃতাতেই আছে যে Professional Tax-টা Sales Tax-এর সঙ্গে মিশিয়ে দেওয়া হবে। যাই হোক, in any case ওটা একটা wing, তাদের সঙ্গে আমরা অনেকবার বসেছি। কিভাবে professional Tax-এর যে আওতায় সবাইকে আনা যায়। কারণ আমরা দেখেছি যে, বহু Organisation-এ বহু Private organisation-এর employee এখনও সেই Professional Tax-এর আওতার বাইরে রয়েছে। কাজেই এই ব্যাপারটা কমিটিতে আলোচনা করেছি বার বার। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমরা বলব যে, আপনি এই ব্যাপারটা যদি বিশেষভাবে দেখেন। তাদেরকে আমরা কিন্তু বিশেষ কতগুলো suggestion-ও দিয়েছিলাম যে, আপনারা এই এই করুন। আপনারা SMS করুন, আপনারা রেগুলার চিঠিপত্র পাঠান। সবাইকে অন্যান্য যারা Income Tax থেকে শুরু করে সমস্ত organisation তাদের সঙ্গে কনট্যাক্ট করে একটা কো-অর্ডিনেশন করুন। যাতে প্রত্যেককে এই Professional Tax-এর আওতায় আনা যায়। এই Professional Tax-এর একটা বিশাল স্কোপ, Professional Tax-এর বাড়ানোর আমার মনে হয় স্কোপ আছে। সেটা আমরা অনুরোধ করবো আপনি এই ব্যাপারটা দেখবেন এবং Professional Tax-এর জন্য যে রিভাইজড রিটার্নের ব্যবস্থা রয়েছে তারপরে কতগুলো অসুবিধা ছিল যেমন ধরুন, West Bengal Co-operative Societies Act, 2006 আর Co-Operative Societies Act, 1983 এর মধ্যে একটা পার্থক্য ছিল। এ দুটোকে at per নিয়ে আসা। এটার প্রয়োজনীয়তা দীর্ঘদিনের ছিল, আপনি করেছেন তার জন্য আপনাকে ধন্যবাদ। কেননা Co-operative Society Act, Co-operative Society যাঁরা করেন তাঁরা তো কোনো অ্যাক্টে 83-তে, নাকি 2006-এ সে সব নিয়ে এত মাথা ঘামান না। কাজেই এই যে সরলীকরণ, ট্যাক্সের ক্ষেত্রে সরলীকরণ একটা বড় জিনিস। এই simplification করেছেন, reform করছেন এটাকে remodel করার চেষ্টা করছেন, এটাকে অবশ্যই আমি সাধুবাদ জানাবো। আবার আপনাকে বলব প্রত্যেকটা ক্ষেত্রে যে লিকেজগুলো আছে সেই leakage-গুলো যদি দূর করা যায়, আমাদের ট্যাক্সের তবে কিন্তু এখনও অনেক অনেক অনেক পরিমাণে বাড়ানোর সম্ভাবনা আছে। আমি শুধু মাথায় রাখবো যে অন্ধ্রপ্রদেশ কি করে করল। আমরা কমিটিকে বলেছিলাম আপনারা স্টাডি করুন। অন্ধ্রপ্রদেশ এবং অন্যান্য স্টেট কি করে করল তার স্টাডি করুন। স্টাডি করে আমাদের কাছে একটা রিপোর্ট দিন। আমরা স্টাডি করে দেখি—যদিও কিছু সাজেশানস আছে। স্যার, দুর্ভাগ্যের বিষয়, আমাকে তৎকালীন Additional Commissioner বলেছিলেন স্টাডি করেছি, আপনাদের কাছে পাঠাবো। আজ পর্যন্ত কমিটি তা পায়নি। আমি জানি না সত্যিকারের তারা স্টাডি করেছেন কি না। আর করলেও রিপোর্টে কী আছে, সেটা কিন্তু আমরা জানতে পারলাম না। অথচ আমাদের চেয়ারম্যান সাহেব, মাননীয় জটু লাহিড়ী সাহেব বার বার এই বিষয়টির উপর জোর দিয়েছেন। আপনি জানেন আমরা আমাদের কমিটির মাধ্যমে সাজেশান দিয়ে যাতে রেভিনিউটাকে বাড়ানো যায়, সেই চেষ্টা করি। আমরা সাজেশান দিতে চেষ্টা করি। আমি

আপনাকে অনুরোধ করব যদি এই ধরনের কোনো স্টাডি হয়ে থাকে, সেই রিপোর্টটা পাঠাতে। আর যদি স্টাডি না হয়ে থাকে তাহলে যদি আপনি মনে করেন, বিবেচনায় রাখেন কমার্শিয়াল ট্যাক্স অর্গানাইজেশানকে, সেলস ট্যাক্স অর্গানাইজেশানকে বলুন তারা এই স্টাডিগুলো করুক। নিশ্চয় কোথাও গ্যাপ আছে, নিশ্চয় কোথাও লুপ হোল আছে। তাহলে তারা না হলে অন্ধ্রপ্রদেশ যদি আদায় করতে পারে ৬৪ হাজার কোটি, আমরা সেখানে কেন ৪৫ হাজার কোটি করব ? snagটা কোথায় ? সেই snagটা আমাদের অবশ্যই স্টাডি করে দেখা দরকার এবং সেই snagটা দূর করার জন্য যা করণীয়, সেটা আমাদের করা দরকার। আমি তার জন্য আপনাকে অনুরোধ করব এই ব্যাপারটা নিয়ে ভাবতে। মোটর ভেহিকেল ট্যাক্সের তো—কোথায় যে আছি আমরা জানি না। আমার মনে আছে এখানে মাননীয় ট্রান্সপোর্ট মিনিস্টার, তিনি বলেছিলেন, সদনে বসেই বলেছিলেন যে আমাদের কত বাস আছে, আমাদের কোথায় কত ট্রাক ইত্যাদি আছে, তার হিসাব আমরা জানি না। এখানেই বলেছিলেন। আমরা শুনেছি এখানে। অর্থাৎ আমাদের কম্পিউটারাইজেশন বলুন, ই-গভর্ন্যান্স বলুন, যতই বলি না কেন, তাহলে এই যে কাজটা, এই কাজটা করতে পারছি না কেন ? কেন আমরা সমস্ত মোটর ভেহিকেলসকে আমাদের আওতায় আনতে পারছি না ? আমাদের একটা বড় snag আছে, আমি জানি না এখনও হচ্ছে কিনা। সি.এস.টি.সি., এস.টি.সি., যতগুলো অর্গানাইজেশন আছে তারা কেউ এম.ভি. টাক্স দেয় না। তারা দেখাচ্ছেন এত লাভ করছি, এত লস করছি ইত্যাদি ইত্যাদি। তাহলে এম.ভি. ট্যাক্সে এখানে আমাদর রিটার্নে, রেভেনিউতে সেটা আসা দরকার। আসার পরেই তাদেরকে গভর্নমেন্ট সাবসিডি দিক, বাড়িয়ে দিক সাবসিডি। তাহলে তো রিফ্লেকটেড হয় যে আমাদের রেভিনিউটা কি। আমাদের রেভিনিউটা কতটা রিফ্লেকটও হয়। কিন্তু ওই ট্যাক্সগুলো আসে না বলে এতগুলো বাসের কোনো ট্যাক্স আমরা আমাদের এখানে পাই না। এই অবস্থাটা ছিল। আমি জানি না এখনও আছে কিনা। আপনি যদি একটু দেখেন। এটাকে করা যেতে পারে যে রেভিনিউটা আসুক, রিফ্লেকটেড হোক সাবডিডির রেভিনিউয়ের মধ্যে। তারপরে ঠিক আছে, অঙ্কটা বাড়িয়ে দিন এবং তাদের উপর প্রেসার ক্রিয়েট করুন যে তোমাদের নিজেদের রিসোর্স জেনারেট করতে হবে। শুধু শুধু এত বাস কেনার টাকা দেওয়া হচ্ছে তাদেরকে। নতুন নতুন JNNURM-এর প্রচুর বাস বিভিন্ন কর্পোরেশনকে দেওয়া হয়েছে। আমি সিওর এই বাসের জন্য যে টাকা দেওয়ার কথা কর্পোরেশনগুলোকে, তারা কেউ কোনো টাকা দেবে না। তাহলে সাবসিডি তো যাচ্ছে। কিন্তু ট্যাক্সের ক্ষেত্রে রেভিনিউটাকে দেখানোর জন্য যখন আমরা বিভিন্ন গভর্নমেন্টের সঙ্গে, বিভিন্ন রাজ্যের সঙ্গে আমরা কমপেয়ার করি, এই সব কারণেই কিন্তু আমরা অনেক পিছিয়ে থাকি। সেই ব্যাপারগুলো আমি আপনাকে দেখতে অনুরোধ করব। ভ্যালু অ্যাডেড ট্যাক্স নিয়ে আমি খুব কম বুঝি। সত্যিই কম বুঝি। তার কারণ হচ্ছে আমি যখন ছিলাম, তখন এই ভ্যালু অ্যাডেড ট্যাক্স ব্যাপারটা আসেনি। তখনও পর্যন্ত ইন্ট্রোডিউস হয়নি। আরে ট্যাক্স ব্যাপারগুলোই এমন, প্রভিশানগুলোই এমন, অমুক জায়গায় অমুক, অমুক জায়গায় অমুক—এ বোঝা খুবই কঠিন। এমনকি যারা প্রতিদিন ট্যাক্স অ্যাডমিনিস্ট্রেশানে থাকে, তাদেরও সবাই জানে বলে আমার মনে হয় না। তারাও কিছু ট্র্যাডিশনাল যা তাই চালিয়ে যাচ্ছে। কাজেই ভ্যালু

অ্যাডেড ট্যাক্স নিয়ে যে একগাদা অ্যামেন্ডমেন্ট আপনি রেখেছেন, আমি আবার নিশ্চয় বলব যে এগুলো বিচার-বিবেচনা করেই রেখেছেন। এর ফলে রেভিনিউটা বাড়বে, এর ফলে সরলীকৃত হবে। এর ফলে যারা ভ্যালু অ্যাডেড ট্যাক্স দিচ্ছে, ব্যবসায়ীরা, ট্রেডার্সরা, ইন্ডাস্ট্রি, যারাই হোক না কেন, তারা নিশ্চয় এই ট্যাক্স দিতে গিয়ে তাদের সুবিধা হবে, সেটা আমি ধরে নিচ্ছি। সব সময় ধরে নিচ্ছি এই কথা যে এতে আমাদের রেভিনিউটা বাড়বে। তবে একটা কথা স্যার না বলে পারছি না, এই যে স্ট্যাম্প রেজিস্ট্রেশান, স্ট্যাম্পের যেটা, ডেটের পিকচারটা সেকেন্ড ডে অফ মার্চ। অদ্ভুত ডেট। সাধারণত ৩১ মার্চ বা সাধারণত ফার্স্ট ডে ইত্যাদি করা হয়। সেকেন্ড ডে অফ মার্চ কেন হচ্ছে আমি জানি না।

[11.00—11.10 a.m.]

কোনো বিশেষ পার্টিকে কোনো সুবিধা দেওয়ার জন্য এটা হচ্ছে কি না সেটাও আমি জানি না। কেন না registration নিয়ে বেশ কিছু কথা আমরা ইতিমধ্যে খবরে পেয়েছি, যে কিছু পার্টিকে সুবিধা দেওয়ার জন্য বিশেষ করে corporation—কিছু পার্টিকে সুবিধা দেওয়ার জন্য এসব করছে। আমি জানি না, এটা এর মধ্যে আছে কি না। যদি থাকে তাহলে আপনাকে অনুরোধ করব সেটাকে অন্তত বাধা দিতে। আমি এই কয়েকটি কথা বলে আপনার সুদক্ষ প্রচেষ্টা, সেই প্রচেষ্টাকে ধন্যবাদ জানিয়ে শেষ করছি। কেবল একটা জিনিসই বলব যে এর জন্য যে লস হবে সেটা আপনি indicate করেননি। প্রত্যেকটার ক্ষেত্রে লস হচ্ছে। ফিনান্স বিলে সাধারণত লসটা indicate করা হয়, লাস্টের দিকে বলা থাকে এই লসটা এখন বোঝা যাচ্ছে না বা কত হবে, না হবে ; সেই রকম কোনো কথা নেই। সেটার বোধহয় দরকার ছিল, ধন্যবাদ স্যার।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয় রাজ্যের অর্থমন্ত্রী শ্রী অমিত মিত্র The West Bengal Finance Bill 2015 place করেছেন তার সপক্ষে দু-একটি কথা বলব। স্যার গতকাল চারদিন আলোচনার পর যে বাজেট গৃহীত হল আপনার নিশ্চয়ই মনে আছে—আপনি ছিলেন সেই বাজেটে কোনো ডিভিশন কেউ চায়নি। অর্থাৎ এই বাজেট এবং ফিনান্স বিল দুটি একই সঙ্গে কারণ ফিনান্স বিলে যা যা বলা আছে সেটা বাজেটের মধ্যে incorporate করা আছে। বাজেট বইয়ের মধ্যে সেটা incorporate করা আছে। গতকাল যেহেতু এটা বিনা বাধায় পাশ হয়ে গেছে ফিনান্স বিল আমাদের obligatory এটাকে পাশ করতে হবে। আমি স্যার আপনাকে বলি কয়েকটা কথা সেটা হল এই যে গত চারদিন ধরে আমাদের মনে হচ্ছিল এখানে বেশ কিছু বক্তা হাত-পা নেড়ে অনেক কিছু বোঝাবার চেষ্টা করছিলেন। আমরা এবং আমাদের সঙ্গে যাঁরা আছেন তাঁরা ভাবছিলেন সত্যি তো অমিত মিত্র এমন একটা জিনিস কিছু করেছেন যেটা কিনা রাজ্যের পক্ষে ভয়ঙ্কর বিপদজনক। তারপর একটা দৃশ্য দেখলাম রাজ্যের অর্থমন্ত্রী যখন বলতে উঠলেন এবং তিনি যেভাবে একজন শিক্ষকের মতন ক্লাস নিলেন তাতে এখানে অনেকে নানাভাবে যেটা বলবার চেষ্টা করেছিলেন আমি দেখলাম সকলেই একেবারে বাধ্য ছাত্রদের মতন বিনা বাধায় সমস্ত বক্তব্যটা শোনার পর—

...(হইচই)...

ঠিক আছে স্যার আমি নাম বলছি না। অনেক বক্তাকে আমি দেখলাম substance কিছু নেই কিন্তু এমন হাত-পা নেড়ে বক্তৃতা করছেন তাতে অনেকের কাছে convincing মনে হচ্ছিল। কিন্তু অর্থমন্ত্রী অমিত মিত্র যখন একের পর এক যুক্তির জাল তৈরি করে এখানে এমন একটা পরিবেশ তৈরি করলেন আমার মনে হল আমি এবং আমরা সকলে একেবারে অনুগত ছাত্রের মতন আমরা তাঁর বক্তব্য শুনে, বিশ্বাস করে চলে গেলাম। দুটি বিষয়—একটা হচ্ছে financial irregularities। কালকে যখন বলছিলেন আমাদের অপজিশান লিডার তার তো মনে রাখা উচিত ছিল কি করে গেছেন ! FRBM আইন যেটা কিনা কালকে তিনি উল্লেখ করেছেন যে FRBM আইন ফিনানসিয়াল রেগুলেশান অ্যান্ড বাজেট ম্যানেজমেন্ট—এই আইন তারা পাশ করলেন কোন বারে ? যখন নিশ্চিত হয়ে গেলেন পশ্চিমবাংলায় তারা চলে যাবেন। পরের সরকার এসে যাতে গোঁথ খেয়ে পড়ে, যাতে মমতা বন্দ্যোপাধ্যায় সরকারী কর্মচারীদের মাইনে দিতে না পারে, অন্যান্য উন্নয়নমূলক কাজ স্তব্ধ হয়ে যায়, গোটা রাজ্য যাতে স্তব্ধ হয় যায়—সেই জন্য তারা ঠিক যাওয়ার আগে FRBM আইন পাশ করে দিয়ে গেলেন।

তাতে করে সব থেকে বড় কথা হল এই যে ঋণের ফাঁদ আপনারা তৈরি করে দিয়ে গিয়েছেন—স্যার কোনো ফিনানসিয়াল ডিসিপ্লিন বামফ্রন্টের আমলে ছিল না। তার ফলে গতকাল এই ব্যাপারটা আমাদের অর্থমন্ত্রী বলেছেন এবং আমি আবারও মনে করিয়ে দিতে চাই, যে ঋণ ওরা করে গিয়েছেন, সেই ঋণের জন্য যে টাকা ধার শোধ করতে হয় ৮২ হাজার ৯৬৪ কোটি টাকা। এই যে টাকাটা ক্রমশ বাড়ছিল তার মধ্যে আমাদের সরকার কতটুকু ঋণ নিয়েছেন যদি সেই ধার শোধ করার পর দেখা যায়—এটা তো একটা ভিসা সার্কেল। এতো চক্রবৃদ্ধি হারে বাড়তে থাকে। ফলে আমাদের সরকার যে কথা গতকাল অমিত মিত্র মহাশয় বলেছেন যে, অ্যাকচুয়ালি আমাদের ঋণ হচ্ছে ৬৬১৭ কোটি টাকা। আর যে ঋণের বোঝা, এই ঋণের বোঝা চক্রবৃদ্ধি হারে আমাদের ঘাড়ের উপরে চেপে বসেছে। ফিনান্সিয়াল ডিসিপ্লিন কাকে বলে, ফিনন্সিয়াল স্বচ্ছতা কাকে বলে এবং আমার রাজ্যে যা সম্পদ আছে, তাকে আমি কতটা এক্সপ্লয়েট করব মানুষের উপরে চাপ সৃষ্টি না করে। আমার মুখ্যমন্ত্রী কী বলেন—যখন রেলমন্ত্রী ছিলেন, তিনি ভাড়া বাড়াতে দিতেন না। কারণটা কী ? যারা মধ্যবিত্ত বড়লোক, ভাড়া বাড়লে তাদের কোনো সুবিধা হয় না। বহু মিডিয়া আছে, তারা রাস্তার ধারে দাঁড়িয়ে একজনকে জিজ্ঞাসা করে—'আচ্ছা ভাড়া বাড়ালে কি হবে ?' সে বলে 'খুব অসুবিধা হবে না।' কিন্তু ভারতবর্ষের অধিকাংশ মানুষ হচ্ছে দরিদ্র মানুষ। ভাড়া বাড়লে তাদের গায়ে আঘাত লাগবে। একটিমাত্র রাজ্য পশ্চিমবঙ্গে, যেখানে জলের উপরে কোনো ট্যাক্স নেওয়া হয় না—that is due to Mamta Bandyopadhyay, that is due to our Chief Minister. যে, এই রাজ্যে জলের উপরে ট্যাক্স দিতে হয় না, জলের অপর নাম জীবন। অনেক জায়গা আছে, যে জায়গাগুলোকে exploit করতে হবে। এখানে আনিসুর রহমান একটা কথা বলেছেন। সেটার সাথে আমি সহমত পোষণ করছি। সেই ব্যাপারে আমি পরে আসছি। কিন্তু এই যে ঋণের কথা গতকালও বলছিলেন এবং আজ থেকে আমার মনে হয় বিরোধীরা রাস্তায়

বেরিয়ে আমরা কত হাজার কোটি টাকা ঋণ নিয়েছি সেটা চিৎকার করে না বলে, এইটা বলবে আগামী দিন থেকে যে, আমরা যে ঋণের বোঝা চাপিয়ে দিয়েছি সেই ঋণের বোঝা থেকে বেরোবার জন্য আমাদের আবার ঋণ শোধ করতে হচ্ছে। আমি আবারও রিপিট করছি—for everyone's consumption আমাদের অ্যাকচুয়াল ঋণ হচ্ছে ৬৬১৭ কোটি টাকা। স্যার আর একটা জিনিস আপনাকে বলি, আজকে কোনো কোনো সংবাদপত্রে বেরিয়েছে যে, আমরা নাকি চিট ফান্ডের আলোচনা থেকে—চিট ফান্ড একটা বড় ব্যাপার, এখান থেকেও অনেক টাকা ট্যাক্স আসে।

মিঃ স্পীকার : এটা আজকে এখন আলোচনার বিষয়বস্তু নয়।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : অসুবিধা কি আছে স্যার, I have got the liberty to say so.

মিঃ স্পীকার : I do not dispute that you have the liberty. কিন্তু আমাদের আলোচনা হচ্ছে ফিনান্স বিলের উপরে। তাই সেটার উপরে আলোচনা করলে ভাল হয়।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার আমাদের রাজ্যে গভর্নমেন্ট অফ ইন্ডিয়া ২০১৩ সালের ৩০শে এপ্রিল একটা নোটিফিকেশন জারি করে। তাতে ৭২টা চিট ফান্ডের নাম দেওয়া আছে। ভোগাস—কি বলছেন ইন্ডিয়া গভর্নমেন্ট issued list of bogus chit fund investment company ৭২টার নাম দেওয়া আছে। আমি খুব জোরের সঙ্গে আজকে জানাতে চাই গোটা হাউসের জন্য এই ৭২টা চিট ফান্ডই বামফ্রন্টের আমলে তৈরি হয়েছিল, তার মধ্যে একটাও আমাদের সময়ে তৈরি হয়নি। কে দায়ী, কারা দায়ী, আজকে ফিনান্সিয়াল—যে অর্থনৈতিক ইরেগুলারিটিস, যে আর্থিক দুর্নীতি, যে আর্থিক অসংগতি তৈরি করে দিয়ে গিয়েছেন এই পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার, তার মধ্যে দাঁড়িয়ে—এই ফিনান্স বিল কি স্যার, এই ফিনান্স বিলের মধ্যে কোথাও ট্যাক্সসেশানের কথা লেখা নেই। আমার যা সম্পদ আছে, তাকে কতটা বেশি পরিমাণ আমি এক্সপ্লয়েট করতে পারি, তার থেকে কতটা সম্পদ আমি সংগ্রহ করতে পারি, কতটা সুযোগ বৃদ্ধি করে দিতে পারলে তারা ট্যাক্স দিতে উৎসাহিত হবেন—শুধু এই কথাটাই লেখা আছে আর কিছু না। আজকে আমাদের আলোচনার বিষয়বস্তু হচ্ছে এটাই। আমি ভাবছিলাম হয়ত সুখবিলাসবাবু আজকে একটু গান-টান করবেন কিন্তু তিনি গান করলেন না। যাই হোক তিনি গান না করলেও তিনি আজকে এটাকে সমর্থন করেছেন স্যার।

[11.10—11.20 a.m.]

আর্থিক দিক থেকে শুরু করে প্রত্যেকটা ক্ষেত্রে আমাদের রাজ্য ডঃ অমিত মিত্রের নেতৃত্বে, মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে আমরা দৃঢ় পদক্ষেপে এগোচ্ছি। only because আমাদের সরকার একটা আর্থিক discipline-এর মধ্যে দিয়ে চলছে। আমি পরপর বলে যাই—আমাদের এই Government CSI, e-Governance award পেয়েছে। আমাদের সরকার excellence in e-governance পেয়েছেন। মানেটা কী ? আমি কি

মনে করব আমাদের যিনি প্রাক্তন অর্থমন্ত্রী ছিলেন তিনি খুব অদক্ষ বা অশিক্ষিত ? তা বলব না। তিনি যথেষ্ট শিক্ষিত, আমার class friend ছিলেন। কিন্তু ভিসান, অভিমুখ, একটা দলের অভিমুখ এবং নীতি নির্ধারিত যদি না হয়, যদি তারা নিজেরাই ডায়ালেমার মধ্যে ভোগেন, তাহলে আমি নিশ্চিতভাবে জানি সেই সরকার কোনোদিন ভালো কাজ করতে পারে না। আমাদের অর্থমন্ত্রী অমিত মিত্রের ভিশানটা, অভিমুখটা, নীতিটা ক্লিয়ার যে, মানুষের উপর সবচেয়ে কম চাপ সৃষ্টি করে কি করে আমি maximum পেতে পারি। সেইজন্য VAT-এর সীমা বৃদ্ধি করেছেন, registration-এর জন্য amnesty scheme করেছেন, settlement of dispute schemes করেছেন। ক্ষুদ্র, মাঝারি, শিল্পোদ্যোগীদের অব্যাহতি দিয়েছেন। কর নির্ধারণ যত সরল হবে, ততই আমাদের tax পাওয়ার পরিমাণ বাড়বে। মানুষ অত ঝঞ্ঝাটের মধ্যে যেতে চায় না। তিনি কমাতে কমাতে দু-তিনটি item-এর মধ্যে সীমাবদ্ধ করেছেন—যে ফর্মটা ফিল আপ করতে হত। তিনি দ্রুত ট্যাক্স ফেরতের ব্যবস্থা করেছেন, pre assessment ফেরতের সুযোগ বাড়িয়েছেন, সহজ বৃত্তিকর registration করার সুযোগ দিয়েছেন—মামলার সংখ্যা কমিয়ে আনার চেষ্টা করেছেন, বৃত্তিকরের সঙ্গে বাণিজ্যিক করের সংযোগ স্থাপন করেছেন, input tax credit dispute due to credit slips করেছেন, stamp শুল্কে ছাড় দিয়েছেন, শিল্পের উন্নতির জন্য সহায়তা প্রকল্পের সময়সীমা বৃদ্ধি করেছেন, চা-বাগানে cess ছাড় দিয়েছেন, চা-বাগানে করের সুবিধা দিয়েছেন চা-মালিকদের এবং সঙ্গীত আসরের জন্য tax কমিয়ে দিয়েছেন। এই যে একটা অভিমুখ, যেখানে নতুন ট্যাক্স বসল না, কিন্তু এমন একটা system তৈরি করে দেওয়া হল যাতে আমরা আমাদের পরিকল্পনা ব্যয় বাড়াতে পেরেছি, capital expenditure বাড়াতে পেরেছি, ক্রমে ক্রমে আমরা রাজ্যের আর্থিক দুর্বলতাগুলো কমিয়ে আনতে পেরেছি। তাই এই finance bill-কে সমর্থন না করার জায়গা খুব কম। আমি আর একটা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি, রাজ্যে VANO চলছে। গ্রামবাংলার এখন প্রধান পরিবহণ VANO। এই VANO-তে যে engine লাগিয়ে চালানো হচ্ছে, সেটা কাটা তেলে চালানো হচ্ছে। এতে একদিকে যেমন পরিবেশ দূষিত হচ্ছে, অপরদিকে সরকারকে tax দিচ্ছে না। আর জমির খাজনা প্রসঙ্গ, এটা অত্যন্ত লিটিগেটেড ব্যাপার, খুব জটিল ব্যাপার, এটাকে সরলীকরণ যদি করতে পারেন তাহলে আরও ট্যাক্স বাড়তে পারে আমাদের রাজ্যে। এছাড়া আরও অনেক জায়গা আছে, যে জায়গাগুলোকে exploit করতে পারলে হয়ত আমরা আমাদের আয় আরও বৃদ্ধি করতে পারি, আমাদের বাংলা আরও এগিয়ে যেতে পারে। এই কথা বলে একে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজ খুবই সুন্দর আলোচনা আমি শুনলাম, যাতে অনেকগুলো points আমার বিশিষ্ট এবং মাননীয় colleaguesরা raise করেছেন। সরকার পক্ষ থেকেও যেমন, তেমনি opposition পক্ষ থেকেও অনেকগুলি point raise করেছেন। আমি চেষ্টা করব তার কিছু কিছু উত্তর দিতে। প্রথমে আনিসুর রহমান সাহেবের বক্তব্য সম্বন্ধে বলি। আমি খুবই খুশি যে, উনি sales tax সম্বন্ধে বলেছেন এবং Entertainment Tax সম্বন্ধেও ওঁর সম্মতি আছে। তার জন্য ওঁকে ধন্যবাদ দেব। সঙ্গে উনি land revenue সম্বন্ধে previous experience-এর ভিত্তিতে

কিছু suggestions দিতে চেয়েছেন, কিছু কিছু indications দিয়েছেন। স্যার, আমি বলব ওঁর যদি কিছু sugestions থাকে land revenue কি করে বাড়ানো যায় জমি সম্বন্ধে He is very welcome। উনি যদি সেই সম্বন্ধে কিছু জানান। আমাদের সবারই collective efforts হচ্ছে, কী করে আমরা আমাদের রেভিনিউ বাড়িয়ে নিয়ে যাব, legitimately and transparently. লেজিটিমেটলি অ্যান্ড ট্রান্সপারেন্টলি। সেটা আমি ওনাকে বলব যে ওনার যদি কিছু সাজেশনস থাকে, সময় অল্প ছিল বিস্তারিতাভাবে বলতে পারেননি। ওই সাবজেক্টটার উপরে আমরা খুব ইন্টারেস্টেড এবং যদি কিছু হয় সাজেশনস তাহলে নিশ্চয়ই সরকার সেটাকে সরকার কনসিডার করবে। স্যার, উনি একটা কথা বলেছেন, যেটা অন্যরাও বলেছেন, যেটা নির্মলবাবুও বলেছেন, যেটা নজমুল হক সাহেবও বলেছেন সেটা হচ্ছে স্ট্যাম্প ডিউটি। স্ট্যাম্প ডিউটির যে ৩০ লাখ থেকে ৪০ লাখে আমরা তুলে দিয়েছি 111 লেভেলে। তার কারণটা কী ? সুখবিলাসবাবুও বলেছেন যে নিশ্চয়ই এটা কিছু স্টাডি করে করেছেন, এর কারণটাও কিন্তু সুখবিলাসবাবু বলে দিয়েছেন, তার জন্য আমি ওঁকে ধন্যবাদ দেব। রেজিস্ট্রেশন সাফিসিয়েন্টলি হচ্ছিল না। সেই জন্য ২০ থেকে ৩০ যেই আমরা করেছি আমরা দেখেছি কিছু রেজিস্ট্রেশন বেড়েছে। লার্জ নাম্বার অফ রেজিস্ট্রেশন আটকে পড়ে আছে, তারা ওই স্ট্যাম্প ডিউটি দিতে পারে না। একস্ট্রা স্ট্যাম্প ডিউটি তার জন্য তারা রেজিস্টার করে না। রেজিস্টার না করলে স্ট্যাম্প ডিউটি আর পাওয়া যায় না। সেহেতু এটা একটা এফর্ট হচ্ছে আমরা একটা স্টাডি করেছি, বোঝার চেষ্টা করেছি যে ৩০ থেকে যদি আমরা ৪০-এ নিয়ে যাই তাহলে একটা বাঞ্চ যারা রেজিস্টার আজ করে না।এই এক পার্সেন্ট ইনসেনটিভের দরুন তারা রেজিস্টার করবে। তাতে রেজিস্ট্রেশনের ফি-টা যেটা এক পার্সেন্ট ওটা পাওয়া যাবে। প্লাস স্ট্যাম্প ডিউটি যেটা ৬-৭%-এর জায়গায় সেটাও পাওয়া যাবে। এবং এই সম্বন্ধে আমি হাউসকে ভবিষ্যতে অবগত করব যে এর থেকে কত আমরা—ইলাসটিসিটি ক্যালকুলেট করা মুশকিল হবে—তবে আন্দাজে একটা মোটামুটি এতে যে কি এফেক্ট হল সেটা নিশ্চয়ই আমরা জানিয়ে দেব। সেটা মাননীয় আনিসুর রহমান সাহেবও বলেছেন, নির্মল ঘোষ সাহেবও বলেছেন, নাজমুল হক সাহেবও বলেছেন, সুখবিলাস বর্মা সাহেবও বলেছেন—তাই ওঁদের আমি বলতে চাই যে কারণটা হচ্ছে আমরা স্টাডি করে দেখলাম যে, ২০ থেকে ৩০-এ গিয়ে কিছু রেজিস্ট্রেশন আমাদের ইলাসসিসিটি ওয়ান পারসেন্ট ইনক্রিজ তাতে কত পারসেন্ট ইনক্রিজ রেজিস্ট্রেশন কিছু রেজাল্ট আমরা পেয়েছি। আমরা আশা করছি এর থেকে রেজাল্ট পাব এবং নিশ্চয়ই হাউসকে আমরা এই সম্বন্ধে অবগত করব। স্যার, নজমুল হক সাহেবের একটা গুরুত্বপূর্ণ বিষয় ছিল, যেটা উনি রেইজ করেছেন, সেটা হচ্ছে সোনা সম্বন্ধে উনি বলেছেন। জেমস অ্যান্ড জুয়েলারি সম্বন্ধে উনি বলেছেন। প্রথমত আমি স্পষ্ট করে দিতে পারি আমি জানি না, কি করে কোথা থেকে এই আইডিয়াটা এসে থাকতে পারে। সোনার উপরে কোনো সেলস ট্যাক্স বাড়ানোর প্রশ্ন নেই। স্পষ্ট করে দিতে চাই অ্যাজ এ কমিটমেন্ট টু দি হাউস এটা কোনো চিন্তার বিষয় নয়। আমাদের সেই সম্বন্ধে চিন্তা আছে। সেটা করব না এটা আমি স্পষ্টভাবে বলে দিচ্ছি। দ্বিতীয়ত, জেমস অ্যান্ড জুয়েলারির জন্য আমাদের নতুন জিনিস

করেছি স্যার। আগে তো ছিল মণিকাঞ্চন। এখন ডোমজুড়ে আমরা প্রথমে এক লক্ষ পঁচিশ হাজার স্কোয়ার ফুটের নতুন সোনার কাজ এবং জেমস জুয়েলারির কাজের জন্য একটি বিল্ডিং-এর জন্য আমরা অ্যাডভার্টাইজ করেছি। শুনে খুশি হবেন স্যার যে তিন মাসের মধ্যে ইট ওয়াজ ফুল। ৩২টি কোম্পানি এসেছে। ডোমজুড়ে স্যার বসে আছেন আমাদের হাওড়ার মেয়র। সঙ্গে সঙ্গে ভরে যাবে। তখন আমরা ঠিক করি যে আর একটি বিল্ডিং ওখানে ১ লক্ষ ২৫ হাজার স্কোয়ার ফিটের করা যাক। আপনারা শুনে খুশি হবেন যে খুব ভাল রেসপন্স। শুধু তাই নয়, অ্যাসোসিয়েশনের তরফ থেকে তারা বলল আমরা একটি কারিগরি শিক্ষার ব্যবস্থা ওই বিল্ডিং-এর মধ্যে করতে চাই এবং ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কাউন্সিল যেটা রাষ্ট্রীয় স্তরে তারা এসে বলল আমরা পার্টনার করতে চাই স্টেটের সঙ্গে। সেহেতু শুধুমাত্র দু লক্ষ পঞ্চাশ হাজার স্কোয়ার ফুটের স্পেসে হবে না, তার সঙ্গে প্রশিক্ষণের যে ব্যবস্থা এবং স্কিল ডেভেলপমেন্টের ব্যবস্থাটাও ন্যাশনাল অ্যান্ড ডোমেস্টিক লেভেল উইথ ইন্ডাস্ট্রি করে দেওয়া হবে। এটা আমি খুশির সঙ্গে বলতে চাই স্যার। খুব, এটা ঠিক যে আগের বছরগুলোতে অনেক বাঙালি এখান থেকে দেশের বিভিন্ন জায়গায় গিয়ে কাজ করছে।

[11.20—11.30 a.m.]

আমরা আশা করছি যে তারা সবাই ফিরে আসবেন। আরও যদি কোথাও বাড়ানো যায় এই তো দু লক্ষ পঞ্চাশ হাজার স্কোয়ার ফিট ইজ নট সাফিসিয়েন্ট, আরও যদি কোথাও বাড়ানো যায়, আমরা সরকারের তরফ থেকে এই ক্ষেত্রে বাড়াব। এবং West Bengal will become the future of gems & jewellery industry. এটা আমাদের পরিপ্রেক্ষ আছে। এই স্বপ্ন সামনে নিয়ে আমাদের সরকার এগোচ্ছে। তাই উনি যেটা রেইজ করেছিলেন নাজমুল হক সাহেব, সেই ব্যাপারে We are proceeding forward aggresively. বলতে চাই। উনি জোসেফ স্টিগলিটসের গ্লোবালাইজেশন ইন ডিসকনটেন্টের কথা বলেছেন। আমি শুনে খুব খুশি। কেন না এইসব নাড়াচাড়া করাটা আমাদের অভ্যাস। আমি ওঁকে বলে দেব যে এর একটা জবাব যার সঙ্গে আমি সহমত নই, কিন্তু জবাব এর একটা দিয়েছিলেন ওই বইটা জগদীশ ভগবতীর। আমি বলব যে আপনি যদি সেই বইটা পড়ে নেন খুব আনন্দ পাবেন। তার কারণ এই যে ডিবেটটা ডিসকনটেন্ট ভারসেস কনটেন্ট, এটা কিন্তু দুটো বইই আজকে আছে এবং আমি তাঁর সঙ্গে একমত নই জগদীশ ভগবতীর সঙ্গে I am more in agreement with Joseph Stiglits. কিন্তু ডিবেটটা পড়লে আমার মনে হয় উনি নাজমুল হক সাহেবের—যখন প্রথম বাজেটে আমি যখন মেনশন করেছিলাম একটি পেরুভিয়ান অথরের কাজ, ওনার সেটা ভালো লেগেছিল—আমি বলব এটা যাতে উনি পড়েন খুশি হবেন। মাননীয় সুখবিলাসবাবুকে ধন্যবাদ দেব আপনার মাধ্যমে উনি অনেকগুলি কাজ যেটা আমরা বাজেটে করেছি তাতে উনি প্রসন্নতা এক্সপ্রেস করেছেন। আই অ্যাম ভেরি গ্রেটফুল। আমি দু-একটা কথা শুধু বলতে চাই ভ্যাট রেগুলেশন, ভ্যাট এবং প্রবেশনাল ট্যাক্স—অবস্থাটা কী ছিল। আপনি ভ্যাট রেজিস্ট্রেশনের জন্য যেই অন লাইনে যাবেন অনলাইনে ড্রপ মেনু বলবে। where is your

professional tax registration ? তার জন্য অনেকে ভ্যাট রেজিস্ট্রেশান করত না। তাই আমরা এবারে আমরা দুটোকে একসঙ্গে সংযুক্ত অনলাইন করে দিয়েছি। যেই আপনি ভ্যাট রেজিস্ট্রেশন করতে যাবেন, অটোমেটিক্যালি প্রফেশনাল ট্যাক্স রেজিস্ট্রেশনে ড্রপ মেনু আসবে, একসঙ্গে দুটো করে দেবেন। এটা ভারতবর্ষের কোথায় আছে বলে আমি জানি না। We have combined VAT registration and Professional Tax registration into one single menu এবং আমি আশা করব যে সুখবিলাসবাবু যে কথাটা রেইজ করেছিলেন অন প্রফেশনাল ট্যাক্স এতে আমরা অনেক দূর যেতে পারব। এতে একটা প্রবলেম ছিল। আমি ভ্যাট রেজিস্টার, আমি কম্পিউটারে গেলাম। রেজিস্ট্রি করতে গেলাম। ড্রপ মেনু বলছে করতে পারবে না। কেন ? প্রবেশনাল ট্যাক্স রেজিস্ট্রেশনেরটা ফাইল কর। এখন আমরা বলছি ফাইল করতে হবে না, একই সঙ্গে ফাইল করবেন। সেম সফটওয়্যার সংযুক্তভাবে will do VAT registration and professional Tax registration এতে আমরা আশা করছি সুখবিলাসবাবু এই প্রশ্নটা তুলেছিলেন, আমি আশা করছি দুটোতেই আমাদের সুবিধা হবে। এছাড়া স্যার, সেকেন্ড ডে অফ মার্চ কেন বলা হয়েছে ? ভালো প্রশ্ন। আপনারা সবাই চান আমাদের রাজস্ব বাড়ুক। যত তাড়াতাড়ি রেজিস্ট্রেশন করে আমাদের স্ট্যাম্প ডিউটিটা পাওয়া যায়, ততই শুভ। পয়লা মার্চ কেন নয় স্যার ? পয়লা মার্চ রবিবার। তাই সেকেন্ড অফ মার্চ যাতে মার্চ মাসে যারা এই অ্যাডভানটেজটা নিতে চায় তারা মার্চ মাসের মধ্যে এই ফাইনানসিয়াল বছরের মধ্যেই রেজিস্ট্রেশানটা বাড়াতে পারবে। যেহেতু এটা ভালো প্রশ্ন করেছেন হোয়াট নট থার্টি ফার্স্ট অফ মার্চ ? আপনারা সবাই এগ্রি করবেন যদি রাজস্ব কিছু বাড়ে আমরা সবাই খুশি হব। সেহেতু পুরো মার্চ মাসটা রেজিস্ট্রেশন করার অপারচুনিটি তারা পাবে এই ফাইনানসিয়াল ইয়ারে, তার জন্য এটা করা হয়েছে। স্যার, আমি একটা কথা বলেই আমার বক্তব্য শেষ করব। এটা নিয়ে অনেক আলোচনা হয়েছে। একটা প্রশ্ন ওঠেনি কিন্তু, হয়ত তোলা যেত সেটা হচ্ছে সোশাল সার্ভিসের উপরে। কত শতাংশ এই বাজেট অ্যালোকেট হয়েছে। এটা আমাদের কাছে খুবই গুরুত্বপূর্ণ ব্যাপার। হেল্‌থ, স্কুলিং বিভিন্ন ব্যাপার, যা সামাজিক পরিকাঠামোর উপরে এমফ্যাসাইস করে আমরা এই বাজেটে চুপচাপ করে আমরা চেষ্টা করেছি, ড্রাম না বাজিয়ে। তার আউটপুট কি ? শুনে খুব খুশি হবেন স্যার, সবাই শুনে খুশি হবেন social services as a percentage on total expenditure for 2015-16—কত বলুন তো স্যার ? শুনে খুব খুশি হবেন স্যার, ৩৭.৬২%। সামাজিক পরিমাঠামোর উপরে আমরা এই বাজেটে অ্যালোকেট করেছি সোসাল সার্ভিসেস। এটা অত্যন্ত পজিটিভ স্টেপ বলে আমি মনে করি। আপনারাও তাতে এগ্রি করবেন। সেহেতু আমার এটুকু বক্তব্য যে, আজকের আলোচনায় নির্মল ঘোষ সাহেব এই স্ট্যাম্প ডিউটির কথা রেইজ করেছিলেন। এবং আমাদের চিফ হুইপ সাহেবও বিভিন্ন ইস্যুর ওপরে বলেছেন, সেগুলো সত্যি খুবই গুরুত্বপূর্ণ। আমি এই বলেই শেষ করব আজ এই ফিন্যান্স বিলটা পেশ করতে গিয়ে যে, বিরাট আলোচনা হয়েছে। স্পিকার যা বলেছেন, প্রত্যেকটি আমরা নোট করেছি, কিছু জবাব দিতে পেরেছি, যাদের জবাব দিতে পারিনি জবাবি ভাষণে, আমি তাদের

কাছে বলব, আমরা নোট করে রেখেছি এবং তাতে যদি কারোর বক্তব্য থেকে যদি কিছু শিক্ষা পাই অ্যাক্রস পার্টিস অন্য দ্যা ফ্লোর অফ দিস হাউস যা বলা হয়েছে, আমি নিশ্চয়ই নেবো। সেহেতু এটাকে আর বিশেষ দীর্ঘায়িত না করে আমি বলব স্যার, এই বিলটা যাতে এই মহতী সদন গ্রহণ করে, তার জন্য অফিসিয়াল মুভ করবো। কিন্তু এর সঙ্গে আমি বলি, অনেক ভালো কথা আজকে সকালে শুনলাম, অনেক পজিটিভ কথা অপোজিশন থেকেও আমরা শুনলাম। তার জন্য আমরা বাধিত। স্যার, আপনার কমিটিতে যে পাবলিক অ্যাকাউন্টস কমিটির চেয়ারে বসে আছেন, তাঁরা যে সমস্ত সাজেশনস করেন স্যার, আমরা অত্যন্ত বাধিত, সেগুলো আমরা খুব সিরিয়াসলি নিই। এই বলেই আমি ধন্যবাদ দেবো সবাইকে—এতো ইতিবাচক আলোচনা অপোজিশন এবং ট্রেজারি বেঞ্চ থেকে, আগে আমার শোনার সুযোগ হয়নি। তার জন্য আমি সবাইকে ধন্যবাদ দিই, নমস্কার।

Mr. Speaker : Now the question before the House is that the West Bengal Finance Bill, 2015 be taken into consideration. As many as are of the opinion please say, Ayes, and as many as are of the contrary opinion please say, Noes. Ayes have it. Ayes have it.

CLAUSE 2 to 9

Mr. Speaker : There is amendment to clauses 2 to 9.

The question before the Hosue is that the Clauses 2 to 9 do stand part of the Bill. As many as are of the opinion please say, Ayes, and as many as are of the contrary opinion say, Noes. Ayes have it. Ayes have it.

Clause 1, Enacting Formula, Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to Clause I, Enacting Formula, Preamble and the Title of the Bill. The question before the House is that the Clause 1, Enacting formula, Preamble and the Title of the Bill do stand part of the Bill. As many as are of the opinion please say, Ayes, and as many as are of the contrary opinion please say, Noes. Ayes have it. Ayes have it.

Dr. Amit Mitra : Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Finance Bill, 2015, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before it House is that the West Bengal Finance Bill, 2015, as settled in the Assembly, be passed. As Many as are of the opinion please say, Ayes, and as many as are of the contrary opinion please say, Noes. Ayes have it. Ayes have it.

The Bill is passed. The Bill is passed.

The West Bengal Appropriation (Vote on Account) Bill, 2015

Dr. Amit Mitra : Mr. Speaker, Sir, I beg to introduce the West Bengal Appropriation (Vote on Account) Bill, 2015.

(Secretary read the title of the Bill)

Mr. Amit Mitra : Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal (Vote on Account) Bill, 2015 be taken into consideration.

শ্রী দিবাকর হাঁসদা : .....(অনুপস্থিত)

শ্রী সমীর কুমার জানা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী 'The West Bengal Appropriation (Vote on Account) Bill 2015', যেটা পেশ করেছেন তাকে পূর্ণাঙ্গ সমর্থন জানিয়ে দু-একটি কথা তুলে ধরতে চাই। আমরা জানি যে গত ২৭ তারিখে মাননীয় অর্থমন্ত্রী তাঁর যে বাজেট পেশ করেছিলেন সেই বাজেটের মধ্যে পশ্চিমবঙ্গে নানাবিধ উন্নয়ন সংক্রান্ত বিষয় উপস্থাপন করেছেন এবং যে অর্থনীতির দিশাকে তিনি তুলে ধরতে পেরেছেন তার বিভিন্ন রকম তথ্যের ভিত্তিতে, সেটা নিঃসন্দেহে উল্লেখযোগ্য। আমরা জানি যে এটা Appropriation Bill, এই বিলে বিরোধী পক্ষের কোনো বক্তব্য থাকার কোনো সুযোগ নেই, কারণ বাজেট বিবৃতির পরবর্তীকালে যে ফিনান্স বিল এই মুহূর্তে আলোচনা হয়েছে, সেই ফিনান্স বিলের মাধ্যমে টাকাটা কোথা থেকে আসবে, কিভাবে খরচ করা হবে, সে বিষয় নিয়ে যেমন বলা হয়েছে, আর এই অ্যাপ্রোপ্রিয়েশান বিলের মধ্যে দিয়ে তার অনুমতি প্রদান, অতএব এটা একটা প্রথাগত দিক, এর মধ্যে দিয়ে তেমন কিছু সমালোচনার কিছু কারণ থাকতে পারে বলে আমি মনে করি না। কিন্তু আমরা দেখেছি যে আমাদের মাননীয় অর্থমন্ত্রী যেভাবে অর্থনীতির দিশা দেখিয়ে একটা বিশেষ জায়গায় পৌঁছে যাবার জন্য চেষ্টা করেছেন, তার মধ্যে আমরা বিশেষভাবে উল্লেখ করতে পারি যে gross value added এই জায়গাতে ১০.৪৮% বাড়িয়ে অর্থনৈতিক একটা বিশেষ দিশা তিনি এখানে তুলে ধরতে চেষ্টা করেছেন। আমরা দেখেছি যে মূলধনী ব্যয়, যেখানে আমরা দেখতে পাচ্ছি ২০১৩-১৪-তে ৫২.৩৩%, অথচ ২০১০-১১ সালে ২৬.০৬% মাইনাস। সেখান থেকে মূলধনী ব্যয়টাকে একটা বিশেষ জায়গায় তুলে আনতে সক্ষম হয়েছেন। আমরা পরিকল্পনা খাতেও দেখতে পাচ্ছি যে ২০১০-১১ সালে যেখানে ১৪,১৬৫, সেখানে আমরা এই তিন বছরে ২৮,১৫৯,৩৭% বাড়াতে সক্ষম হয়েছি। অর্থাৎ এই তিন, সাড়ে তিন বছরের মধ্যে আমরা দ্বিগুণ জায়গাতে পৌঁছানোর চেষ্টা আমরা করেছি। বিশেষভাবে উল্লেখযোগ্য যেটা বামফ্রন্টের আমলে আমরা রাজস্ব আয়টা করতাম মাত্র ২১ হাজার কোটি টাকা, সেই জায়গাতে আমরা এই কয়েক বছরের মধ্যে ইতিমধ্যেই প্রায় ৪০ হাজার কোটি টাকা এবং এবারে ২০১৫-১৬-তে ৪৬ হাজারকে কভার করবো। এই যে অল্প পরিসর সময়ের মধ্যে যে রাজস্ব বৃদ্ধি করবার জন্য যে সাহসী পদক্ষেপ নিয়েছেন মাননীয় অর্থমন্ত্রী, বিশেষ করে সেই জায়গাতে আমরা দেখতে পেয়েছি যে ভ্যাটের

সীমাটাকে ৫ লক্ষ থেকে বাড়িয়ে ১০ লক্ষ টাকা করা, রেজিস্ট্রেশনের জন্য Amnesty Scheme-এর প্রবর্তন করা, সেটেলমেন্ট অফ ডিসবার্স স্কিমে সেখানে সুদ এবং পেনাল্টি মকুব করা, সেখানে যাতে বেশি পরিমাণে টাকাটাকে আমরা নিয়ে আসতে পারি তার জন্য একটা বিশেষ ব্যবস্থা করা। ক্ষুদ্র ও অতিক্ষুদ্র, মাঝারি শিল্পব্যবসায়ীদের ক্ষেত্রে MSN এখানেও আমরা দেখতে পাচ্ছি যে ৫ কোটি থেকে ১০ কোটি টাকা বাড়িয়ে দিয়ে সেক্ষেত্রে আমরা যেভাবেই হোক ট্যাক্সটাকে কালেকশানের উপর করার গুরুত্ব দিয়েছি। এটা একটা অভিনন্দিত অবস্থা, যেটা ইতিপূর্বে কখনও বোধহয় কেউ এভাবে করে দেখাতে পারেননি। এটা ভারতবর্ষের অর্থনৈতিক যে দিশা তার থেকে পশ্চিমবঙ্গে এই মুহূর্তে এত বড় একটা ঋণের বোঝা নিয়ে গতকাল মাননীয় মন্ত্রী মহাশয় বলছিলেন যে, আমাদের যে ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা ঋণের কথা বলে রাখি, এর জন্য আমাদের যে burden হচ্ছে, যেখানে আমাদের হয়তো ৮২ থেকে ৮৩ হাজার কোটি টাকা ঋণ করতে হয়েছে, তার মধ্যে আপনাদের আমলে প্রায় ৭৬ হাজার কোটি টাকা এই পারপাস থেকে এটাকে বহন করতে গিয়ে আমাদের এই দায়কে বহন করতে হচ্ছে। ফলে আমাদের হিসাবমতো দেখতে গেলে প্রায় ৬ হাজার কোটি টাকা আমাদের extra ঋণ বহন করতে হচ্ছে। এই রকম এতবড় একটা অর্থনৈতিক দিশাকে তুলে নেওয়ার ফলে যেভাবে বাংলার উন্নয়নটাকে নিয়ে যাবার চেষ্টা করেছেন, আমরা মনে করি মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী তাঁর ৭৫ দিনের যে administrative meeting-এর মধ্যে দিয়ে যে বাংলার উন্নয়নটাকে করতে চেয়েছেন, সেই উন্নয়নকে দিশা হিসাবে রেখে মাননীয় অর্থমন্ত্রী তাঁর অর্থনৈতিক দিশাকে তিনি যেভাবে তুলে ধরবার চেষ্টা করেছেন এটা নিঃসন্দেহে অভিনন্দিত বলে মনে করি। high school থেকে higher secondary school, irrigation, salary, pension সব জায়গায় বিশেষভাবে বাজেট বৃদ্ধি করতে পেরেছি। সেই সঙ্গে সঙ্গে আর একটি বিষয় উল্লেখযোগ্য, আগে বাজেটে আমাদের যে ধরনের deficit ছিল, fiscal deficit, যেখানে ২০১০-১১-তে fiscal deficit ৪.২% ছিল, সেই জায়গায় সেটা ২০১৪-১৫-তে নামিয়ে এনেছি ২.৯৮%-এ। এই যে fiscal deficit-টা একদিকে যেমন আমরা taxation-এর মধ্যে দিয়ে আমাদের অর্থনৈতিক দিশাটাকে একটা বিশেষ জায়গায় তুলে আনবার চেষ্টা করছি। প্রচুর পরিমাণে ওখান থেকে টাকা তুলে আনবার জন্য করটাকে ভালো করে আদায় করার জন্য যেমন আমরা রেভিনিউটাকে বাড়াতে সক্ষম হয়েছি, তেমনিভাবে ফিসক্যাল ডেফিসিটটাকে সুন্দরভাবে আমরা কমিয়ে আনার চেষ্টা করছি। রেভেনিউ ডেফিসিটের ক্ষেত্রে ২০১০-১১ সালে যেখানে ৩.৬৫ শতাংশ ছিল, সেটা এখন ২০১৪-১৫-তে ১.২৯ শতাংশে নিয়ে আসবার জন্য চেষ্টা করা হয়েছে। একদিকে যেমন উন্নয়নটাকে বৃদ্ধিপ্রাপ্ত করা হচ্ছে, ট্যাক্সেসানের মধ্যে দিয়ে যেমন আমরা রেভিনিউটাকে বাড়িয়ে নেওয়ার চেষ্টা করছি, সেই সঙ্গে সঙ্গে আমরা পরবর্তীকালে ফিসক্যাল ডেফিসিটটাকে কমিয়ে আনার চেষ্টা করছি। এটা হচ্ছে ওয়েস্ট বেঙ্গল অ্যাপ্রোপ্রিয়েশন ভোট অন অ্যাকাউন্ট বিল। এখানে উল্লেখ করা হয়েছে রুপিজ ৫৭, ৪১২, ৬৩, ৭৯,০০০, এটা পেশ হয়েছে। সরকার যাতে এই টাকাটাকে নিয়ে ভালোভাবে খরচ করতে পারে তার অনুমোদন দেওয়ার জন্য, হাউসের সম্মতি জ্ঞাপনের

জন্য হাউসে এটা উপস্থাপন করা হয়েছে। আমি সকলের কাছে আবেদন জানাব এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলকে সকলে স্বাগত জানিয়ে বাংলার অভিমুখ অর্থনৈতিক দিক থেকে যে দিশা তৈরি হয়েছে, তাকে স্বাগত জানাবেন। ধন্যবাদ।

ড. সুখবিলাস বর্মা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভোট অন অ্যাকাউন্ট নিয়ে আজকে যে বিলটা এখানে করা হল এটা তো একটা কম্পালসান। আমাদের কনস্টিটিউশনের প্রভিশান হল যে, এই সদনের অর্থাৎ লেজিসলেটিভ অ্যাসেম্বলীর অ্যাপ্রুভাল ছাড়া, পারমিশান ছাড়া এক পয়সা খরচ করা যায় না। যদিও চার্জড এক্সপেনডিচার করা যায় হাইকোর্টের কোনো জাজমেন্ট ইত্যাদি হলে। এছাড়া কোনো খরচ করা যাবে না। অথচ পয়লা এপ্রিল থেকে খরচ চালাতে হবে। আমাদের প্রত্যেকটা দফাওয়ারি বাজেট আলোচনা এখানে হয়নি, হওয়া সম্ভবও নয়। কেননা এখন প্রেজেন্ট সিস্টেম যেটা আছে স্ট্যান্ডিং কমিটি, সেই স্ট্যান্ডিং কমিটিগুলো প্রি-বাজেট স্ক্রুটিনি করে। প্রি-বাজেট স্ক্রুটিনি করে তারা তাদের মন্তব্য জানাবেন। ধরে নেওয়ার ব্যাপার যে, সেই মন্তব্যগুলোকে মাথায় রেখে আমাদের দফাওয়ারি বাজেট আলোচনা হবে। যদিও এখানে হয় না। এটা আগামী দিনে আনা যায় কিনা দেখতে হবে। প্রি-বাজেট স্ক্রুটিনি সিস্টেম থাকার ফলে দফাওয়ারি আলোচনা করে পুরো বাজেটটাকে পাশ করে তার অ্যাপ্রুভাল নেওয়া সম্ভব নয়। যেহেতু কাজ চালাতে হবে, তাই আগামী তিন মাস বা চার মাসের জন্য কাজ চালাবার মতো খরচ, সেই অ্যাপ্রুভালটা লেজিসলেটিভ অ্যাসেম্বলীর কাছ থেকে মাননীয় অর্থমন্ত্রী চেয়ে নেন এবং সেটি হল ভোট অন অ্যাকাউন্ট বাজেট। এই ভোট অন অ্যাকাউন্ট বাজেটে আমাদের করণীয় কিছু নেই, আমাদের অ্যাপ্রুভাল দিতেই হবে কাজ চালানোর জন্য। এমপ্লয়িজরা মাইনে পাবেন, জরুরি কাজ যেমন, রিলিফের কাজ হতে পারে—এই সমস্ত কিছুর জন্য এই বাজেট পাশ করতে হবে সাধারণত তিন মাস বা চার মাসের জন্য। এখানে শুধু একটি কথা আমি বলব সাধারণত দেখা যায় যে, এই সময়টাতে একমাত্র মাইনে ছাড়া খুব বেশি টাকা ছাড়া হয় না। মাননীয় মন্ত্রী মশাইরা এই সময়টা বড় অসহায় ফিল করেন। কোনো খরচ করতে পারেন না, স্কিমের কিছুই করতে পারেন না। আর আমি এখন যা দেখছি আপনি ১০ হাজার কোটি ডেফিসিট নিয়ে আর্থিক বছর শেষ করেছেন, রিভাইজড ১০ হাজার কোটি ডেফিসিট। মাননীয় সদস্যরা বুঝতে পেরেছেন এই ডেফিসিট ১০ হাজার কোটি নয়, অনেক বেশি হবে। কেননা যে টাকাগুলো সাপ্লিমেন্টারি বাজেটে আমরা ধরেছি, সেগুলোও এসে যাবে এর সঙ্গে। কাজেই এত ডেফিসিট বাজেট নিয়ে, আমি জানি না আগামী তিন মাসে ওই মাইনে ছাড়া আর কিছু দেওয়া সম্ভব হবে কি না। কিন্তু আপনার কাছে আমি অনুরোধ করব বিশেষ করে সোসাল সেক্টরের জন্য। আমি একটু আশ্চর্য হয়ে গিয়েছিলাম যে সোসাল সেক্টরে এই বছরে ওল্ড এজ পেনশান ইত্যাদি ইত্যাদিতে আমাদের একটা সাপ্লিমেন্টারি নিতে হল।

[11.40—11.50 a.m.]

অর্থাৎ আমরা budget-এ sufficient amount ধরিনি। অথচ এটা আমাদের জানার কথা ছিল। একই ব্যাপার ওখানে ঘটেছে কিনা জানি না, কারণ পুরো details-এ বই দেখার সুযোগ পাইনি। ৪ দিন আগে এই budget বই পেয়েছি, আগামী

দিনে দেখব। কিন্তু আপনাকে অনুরোধ করব এগুলো যেন বাদ না যায়। মহিলারা, বিধবারা, একেবারে বৃদ্ধ মানুষরা তারা মাসের পর মাস pension পাননি। এটা ঘটেছে এই বছর। এটা আপনি দেখুন। আর যারা ১০০ দিনের কাজের মজুরী পাননি কিন্তু কাজ করেছেন ৩ মাস, ৪ মাস সেই মজুরীগুলো যাতে দেওয়া যায় তার জন্যও আমি আপনাকে অনুরোধ করব। এছাড়া plan expenditure-এ কতটা খরচ করতে পারবেন আমি জানি না। আমি জানি constraint আছে। এই অনুরোধ রেখে আমাদের compulsion যেটা এই vote on account-কে পাশ করতেই হবে, এই compulsion-এ আমি সহমত প্রকাশ করে বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, একটু আগে সুখবিলাসবাবু বলছিলেন যে vote on account এই ৩, ৪ মাসের জন্য মাননীয় অর্থমন্ত্রীকে যে খরচ আয়-ব্যয় সেই ব্যাপারে আমাদের একটা mandatory evidence থেকে যাচ্ছে যাতে তিনি খরচ করতে পারেন। Vote on Account তার উপর আমি আমার মতামত প্রকাশ করছি। সেটা আমাদেরকে দিতেই হবে। দেওয়ার সাথে সাথে দফাদারি বাজেট সেটা আলোচনা হয়েছে, কিন্তু একটা বড় পরিমাণ টাকা ঘাটতি রয়েছে। বলেছেন ১০ হাজার কোটি টাকা, কিন্তু তার উপরেও ঘাটতি রয়েছে। সেটা মাথায় রেখে পরিকল্পিতভাবে যেন vote on account-এ খরচটা হয়। কারণ দেখা যাচ্ছে যে পরিকল্পনাবহির্ভূত খাতে খরচের প্রবণতা এই সরকারের রয়েছে। আমি অনুরোধ করব সেটা যাতে ব্যাহত না হয়। Vote on account-এর পাশপাশি Social Sector-এর ক্ষেত্রেও সামাজিক সহায়তা প্রকল্প খাতে একটা বিরাট পরিমাণ টাকা বাকি থেকে যাচ্ছে। অনেকে বার্ধক্য ভাতা, pension থেকে শুরু করে একেবারে দুস্থ বিধবা মহিলা যারা আছেন তারা সেটা ৭ মাস, ১০ মাস, ১২ মাস পাচ্ছেন না। এই ব্যাপারটা দৃষ্টি দেওয়ার জন্য আমি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্বাভাবিকভাবেই vote on account-এ যেভাবে খরচ হয়, পরিকল্পিতভাবে যাতে খরচ হয়, তার জন্য দৃষ্টি দেওয়ার অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

ডঃ অমিত মিত্র : স্যার, আমার বিশিষ্ট এবং মাননীয় মেম্বাররা বলেছেন vote on account, আমাদের কাজ চালিয়ে যাওয়ার সময়ের জন্যে যে টাকাটা বরাদ্দ হয় তার উপর। আমি বলি specifically যে Social Sector-এ আপনাদের বলেছি আজ সকালেই, ৩৭.৬২% expenditure হচ্ছে social service-এর percentage. আপনারা যেটা বলেছেন, সুখবিলাসবাবু বলেছেন এবং শাহাজাহানবাবু বলেছেন এটাতে আমরা সহমত। আমি মনে করি সামাজিক ক্ষেত্রে যেটা দরকার নিশ্চয়ই আমরা চালিয়ে যাব। এটা একটা procedural vote on account তার জন্য আমি আর এটাকে বিশেষ বাড়াব না। ওনারা যা বলেছেন সেটা আমাদের strike করেছে এবং সেটা নিশ্চয়ই আমাদের commitment. মা-মাটি-মানুষের সরকারের সেই commitment নিশ্চয়ই রাখব। এইটুকু বলে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker: Now the question before the House is that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 2015 be taken into consideration.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

Clauses 2-3

Mr. Speaker: There is no amendment to Clauses 2 to 3. So I put to vote Clauses 2 to 3 do stand part of the Bill.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

The Schedule of the Bill

Mr. Speaker: There is no amendment to the Schedule of the Bill. So I put to vote the Schedule of the Bill do stand part of the Bill.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say No

Ayes have it. Ayes have it

Clause 1, The Enacting Formula, The Preamble And The Title of the Bill

Mr. Speaker: There is no amendment to Clause 1, the Enacting formula, the Preamble and the Title of the Bill.

So I put to vote Clause, 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill

As many as are of the opinion will please say AYE

As amny as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

Dr. Amit Mitra: Sir, i beg to move that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 2015, as settled in the Assembly be passed.

Mr. Speaker: Now I put to vote the Motion of Dr. Amit Mitra that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 2015 as settled in the Assembly be passed.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say No.

AYES have it. AYES have it.

The West Bengal Appropriation (vote on Account) Bill, 2015 is passed.

The West Bengal Appropriation Bill, 2015

Dr. Amit Mitra: Sir, I beg to introduce the West Bengal Appropriation Bill, 2015.

(Secretary then read the Title of the Bill)

Dr. Amit Mitra: Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 2015 be taken into consideration.

শ্রী প্রবোধ চন্দ্র সিনহা: মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহোদয় The West Bengal Appropriation Bill, 2015 যেটা এনেছেন এই সম্পর্কে বিরোধিতার কিছু নেই। কারণ, এটা নিয়মমাফিক আনতে হয়। যেহেতু supplementrary এবং additional granted budget পাশ হয়ে গেছে। সুতরাং এটা আমাদের সমর্থনের যোগ্য বা এটা আমরা সমর্থন করছি। এখানে বিরোধিতার কিছু নেই। কারণ, যে টাকাটা অনুমোদন হয়েছে ৩১শে মার্চের মধ্যে খরচা করতে হবে, আর মাত্র কয়েকটা দিন বাকি আছে additional grant বা supplementary grant খরচ করতে হবে, আর মাত্র কয়েকটা দিন বাকি আছে। অধিকাংশ টাকাটা খরচা হয়েই গেছে। আমাদের এই সংসদীয় একটা জিনিস আমার মাঝে মধ্যেই মনে হয়, একটা financial ব্যবস্থার ক্ষেত্রে বোধহয় কিছু একটা ঘাটতি আছে। সাধারণ মানুষের কাছ থেকে যে টাকাগুলো আমরা আদায় করি সেটা যাতে ঠিকমতো খরচা হয় তার guardian বা custodian হচ্ছে legislature। সেই জন্য legislative control over finance এইটা যাতে যথাযথভাবে পালিত হয় সেইটা দেখার কথা। আমরা একটা বাজেট পাশ করছি যখন তার appropriation bill পাশ করছি। যখন আমরা অতিরিক্ত খরচা করে দিচ্ছি বাজেট পাশের চাইতে, তখন কিন্তু আমরা appropriation bill-এর মাধ্যমে বিধানসভার অনুমোদন গ্রহণ করছি। কিন্তু বাজেট পাশ করার পরে যখন আমরা সব টাকাটা খরচা করতে পারছি না বা কম খরচা করছি সেটা কিন্তু বিধানসভার নজরে থাকছে না। যেটা আমরা বাজেট পাশ করলাম, ৫০০ কোটি টাকার বাজেট পাশ মরে দিলাম। সরকার ৫০০ কোটি খরচা করতে পারল না, ৪০০ কোটি করল, তা এই যে বাকি ১০০ কোটি টাকা করল না। বিধানসভার অনুমোদন দেওয়া সত্ত্বেও তাহলে তার যে হিসেবটা তার যে ব্যাপারটা অনুমোদন নেওয়ার দরকার ছিল এটা

আপনার কোনো ত্রুটি নয়, এটা আমাদের system-এর ত্রুটি। Financial যে legislative পদ্ধতি রয়েছে এই ত্রুটিটা হচ্ছে। তো যাই হোক, আপনি এই টাকাটা খরচা করেছেন, আমরা পেলামটা কী ? সেইটাই তো দেখতে হবে। মাননীয় অর্থমন্ত্রী মহোদয়, যে লক্ষ্যটা বাজেটের লক্ষ্য দু'তিনটি আছে। সাধারণভাবে, একটা হচ্ছে উন্নয়নকে এগিয়ে নিয়ে যাওয়া, দুই হচ্ছে আইনের শাসন চালু করা, তিন নম্বর হচ্ছে, দল নিরপেক্ষ প্রশাসন প্রতিষ্ঠিত করা। এইসব জিনিসগুলো আমাদের দেখতে হবে। অতএব, আপনি হিসেব করে দেখবেন চিন্তা করে দেখবেন, আপনি যে অর্থ ব্যয় করলেন সেই অর্থ ব্যয় করার মধ্য দিয়ে আপনি কতখানি এই লক্ষ্যপূরণ করতে সক্ষম হয়েছেন। আইনের শাসন, উন্নয়নে গতি আনা এবং উন্নয়নমূলক কাজকে রূপায়িত করার ক্ষেত্রে স্বচ্ছতাকে প্রতিষ্ঠিত করা স্বচ্ছতার মধ্যে কাজ করা আর হল জনগণের গণতান্ত্রিক অধিকার ইত্যাদি রক্ষা করার জন্য যে ব্যবস্থাপনা থাকা দরকার সেটা কতখানি effectively করতে পারছেন।

[11.50 a.m.—12.00 noon]

এখন যেটা মনে হচ্ছে যে এই ক্ষেত্রে ইমপ্রুভমেন্টের আপনি একদম পারেননি, সেটা যদি বলি তাহলে সত্যের অপলাপ হবে। কিন্তু দেয়ার ইজ মাচ স্কোপ ফর ইমপ্রুভমেন্ট। কারণ চতুর্দিকে রাজ্যে আপনারা দেখছেন, আমরা বললে হয়ত বলবেন বিরোধীরা বলছে, কিন্তু শুধু বিরোধীরা নয়, নানা মহল থেকে নানাভাবে রাজ্য সরকারের কাজকর্মের সমালোচনা হচ্ছে বিশেষ করে সাধারণ প্রশাসন, আইনশৃঙ্খলা রক্ষার প্রশ্নে রাজ্য সরকারের কাজকর্মের ব্যাপক সমালোচনা হচ্ছে। তাকে কী করে উন্নত করা যায় এই অর্থ ব্যয় করে সেটা আপনাকে দেখতে হবে। উন্নয়নের ক্ষেত্রে যাতে দুর্নীতিটা না হয়, অস্বচ্ছতা না হয়, নানা ক্ষেত্রে দুর্নীতির অভিযোগ উঠছে, সেই দুর্নীতিগুলোকে দূর করার জন্য কী কী আরো প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা সম্ভব সেটা আপনাকে ভেবে দেখতে হবে, নাকি। আর কী করতে হবে, এই জনগণের অর্থ যাতে অপচয় কিংবা অপব্যয় না হয়, ওয়েস্টফুল এক্সপেন্ডিচার যাতে না হয় সেটা দেখতে হবে। ইকনমি অফ এক্সপেন্ডিচার কোথায় করা দরকার সেটা আপনাকে ভাবতে হবে। এবং একটা জিনিস মাঝেমধ্যে আমার মনে হয় যে, আমি অন্য খাতের কথা বলছি না, আমার নিজের যেটা চোখে পড়েছে, অনেক মেলা হচ্ছে এই সরকারের আমলে, আমি বাইরের মেলার কথা বলব না, এইখানে মিলন মেলায় যে নানা ধরনের মেলাটা হয়, উৎসব অনুষ্ঠান হয়, সেই মেলা সংক্রান্ত বিষয়ে ওই জায়গায় যে পাবলিসিটিটা দেওয়া হয়, হোর্ডিং এর মাধ্যমে, অর্থাৎ ওই যে বিরাট ফ্লাইওভার, ফ্লাইওভারের প্রত্যেকটা পিলারের চারটে পাশ, বড় বড় লম্বা হোর্ডিং দিয়ে মেলার বক্তব্য, তারপরে গোটা মিলন মেলার লোহার যে বাউন্ডারিটা আছে সেই বাউন্ডারীটা গোটাটা একদম ছেয়ে দেওয়া, লোহার রেলিং দেখা যায় না প্রচারের জন্য, এটা আমার নিজের চোখে মনে হয়েছে যে জনগণের অর্থের অপব্যবহার, যদৃচ্ছ ব্যবহার, আপনি প্রচার করুন নিশ্চয় আপনাকে দেখতে হবে, আপনারা নিজেরা বলেন মা-মাটি-মানুষের সরকার, কিন্তু কার টাকাটা আপনি এইভাবে অপচয় করে যাচ্ছেন সেটা দেখতে হবে। সুতরাং এটা আমার

যাতায়াতের পথে পড়ে, আমি সব মেলাগুলো যখন দেখি আমার মনে স্ট্রাইক করে। সুতরাং আপনাকে দেখতে হবে যাতে অপচয়টা না হয়। এখানে ইকনমি অফ এক্সপেন্ডিচার করার সুযোগ রয়েছে, এই অর্থনৈতিক নিয়ন্ত্রণটা যদি আপনি না আনতে পারেন, তাহলে এমনিতে রাজ্যের ভাঁড়ারে টানাটানির ব্যাপার চলছে। ধার করতে হচ্ছে, মার্কেট বরোয়িংস করতে হচ্ছে তাহলে সেটাকে যদি কম করতে হয়, কম করতে হয় তাহলে কোন কোন ক্ষেত্রে আপনি অর্থটা অপচয় কম করতে পারেন, ইকনমি করতে পারেন, সেটা আপনার দেখার প্রয়োজন রয়েছে। তারপরে হচ্ছে কি, না আপনাকে আর একটা জিনিস দেখতে হবে, সেটা হচ্ছে যে আপনার বাজেটটাকে আরো একটু বাস্তব সম্মত করার কথা ভাবা যায় কিনা দেখতে হবে। কারণ আপনি প্রত্যেক বছর বাজেটে যেটা অনুমিত আয় এবং যেটা ব্যয় বলে পেশ করছেন, দেখা যাচ্ছে যে আয়টা অত হচ্ছে না। আর ব্যয়টাও ততটা করতে পারছে না। আয় না হলে ব্যয় হবে কি করে ? অর্থাৎ বাজেট যখন আপনি পেশ করছেন তখন সাধারণ মানুষের কাছে যে রাজ্যের অর্থনৈতিক চিত্রটা তুলে ধরছেন, যখন খরচাটা শেষ হয়ে যাচ্ছে, দেখা যাচ্ছে সেই চিত্রটার মধ্যে খানিকটা ফিকে ভাব এসে যাচ্ছে। অর্থাৎ আপনার রাজস্ব আদায় কম হচ্ছে এবং তার ফলে এক্সপেন্ডিচারও কম হচ্ছে। এটা ধারাবাহিকভাবে চলছে। আপনার সরকারের সময় হচ্ছে তা নয়, অতীতের সরকারেও এই ঘটনা ঘটে গেছে। কোনো সরকারই তারা চায় না যে সঠিকভাবে জিনিসটা জনসাধারণের সামনে তুলে ধরতে যে আমরা অনেক কিছু পারি, অনেক কিছু করব। এইটা দেখাতে গিয়ে ইনফ্লেটেড ওয়েতে ইনকামটাকে দেখানো হয়। রাজস্ব যেখানে ৫ কোটি টাকা আসবে, সেখানে সেটাকে ৭ কোটি টাকা দেখালাম, এতো হাইপোথেটিকাল ব্যাপার। রাজস্ব আসার ক্ষেত্রে। এটা হাইপোথেটিকাল ব্যাপার। খরচের ক্ষেত্রে আরো ২টি জনমুখী প্রকল্পের কথা ঘোষণা করে দিলাম মানুষকে, এই করে করে আমরা কিন্তু একটা অন্য রকমের পরিবেশ তৈরী করেছি, যার ফলে মানুষের আস্থাটা এই সমস্ত কারণের জন্য সরকার কিংবা জনপ্রতিনিধি কিংবা গভর্ণমেন্ট এর উপর থেকে কিছুটা দূরে সরে চলে যাওয়ার চেষ্টা করছে। সুতরাং এই যে অ্যাপ্রোপ্রিয়েশান বাজেট, এই বাজেট সম্পর্কে আপত্তি করার কিছু নেই। শুধু আমরা সরকারের কাছে চাই যে জনগণের অর্থ যাতে সঠিকভাবে স্বচ্ছতার সাথে এবং যে খাতে টাকা বরাদ্দ হয়েছে সেই খাতে যাতে টাকা খরচ হয়। কিন্তু সেটা এক খাত থেকে অন্য খাতে চলে যাচ্ছে, অনুমোদন থাকছে না। যদিও আপনার অধিকার রয়েছে, উইথ ইন দ্য বাজেট হেড আপনি টাকা রি-অ্যাপ্রোপ্রিয়েট করতে পারেন।

(এই সময় লাল বাতি জ্বলে ওঠে)

এই অধিকার যদিও আপনার আছে, তাহলেও এইসব অধিকারকে যথেচ্ছভাবে ব্যবহার না করে লেজিসলেশান বা বিধানসভায় যেভাবে বাজেট পাশ হয় সেইভাবে যাতে খরচ হয় সেদিকে লক্ষ রাখবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী বিপ্লব রায়চৌধুরী : মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী দ্য ওয়েস্ট বেঙ্গল অ্যাপ্রোপ্রিয়েশান বিল, ২০১৫ পেশ করেছেন সেই বিল নিয়ে এখন আমাদের

আলোচনা চলছে। আমরা সবাই জানি যে, বাজেট পেশ করলে তারপরে যদি অ্যাপ্রোপ্রিয়েশান বিল পাশ না করা হয় তাহলে সরকার অর্থ খরচ করতে পারবে না। সেই জন্য এগুলো আইন অনুযায়ী পাশ করাতে হয়। এটা আপনারা ঠিকই বলেছেন। আমরা সবাই জানি। এই যে বাজেট পাশ করা হল এই বাজেটের মৌলিক উদ্দেশ্য, তার সম্পর্কে বলতে গিয়ে প্রবোধদা কতগুলি কথা বলছিলেন। উনি চাইছিলেন যে একটা সরকারের কি দৃষ্টিভঙ্গি, তা প্রকাশ পায় আইনের শাসন প্রচলিত আছে কিনা, উন্নয়ন হচ্ছে কিনা, জনগণের কল্যাণে সরকার কাজ করছে কিনা, দুর্নীতি রোধ করা যাচ্ছে কিনা, ইকোনমি অফ দ্য এক্সপেন্ডিচার এটা হচ্ছে কিনা। এগুলির ওপরে উনি দৃষ্টি আকর্ষণ করেছেন এবং ভালো কথা বলেছেন। আমি প্রবোধদাকে ধন্যবাদ দিচ্ছি যে উনি অনেকদিন ধরে আগের সরকারে ছিলেন, সেই সরকারের মন্ত্রীও ছিলেন। উনি সরকারের পদ্ধতি সম্পর্কে সবকিছুই জানেন। মন্ত্রী থাকার সুবাদে কোথায় কোথায় কী ল্যাপস হয়, কোথায় কোথায় কী কী হাইপোথেটিক্যাল কাজকর্ম হয় সেটাও উনি জানেন। তিনি তার সঙ্গী ছিলেন, শরিক ছিলেন। আজকে দুঃখ বোধ হচ্ছে কিনা, তার থেকে এই কথাগুলি বেরিয়ে আসছে কিনা আমি জানি না। দুর্নীতি সমাজ থেকে নির্মূল করা যাবে এমন সমাজ কেউ তৈরী করতে পারবে কিনা আমরা কেউ জানি না। দুর্নীতি যতটা কমানো যায়, দুর্নীতি যতটা সংকুচিত করা যায়, দুর্নীতিকে যতটা আটকানো যায় তার চেষ্টা করা সব সরকারেরই লক্ষ্য, সবাই তার চেষ্টা করে থাকেন। সেই চেষ্টা করতে গিয়ে সব সরকার নানা ধরনের কথাবার্তা বলেন। কিন্তু যে কথাটা আমি প্রবোধদাকে বলব, অর্থমন্ত্রী মহাশয় যে কথাটা একটু আগে বললেন, আমাদের সোস্যাল সার্ভিস সেক্টারে ৩৭ শতাংশের ওপরে ৩৮ শতাংশ এক্সপেন্ডিচার করেছি। এটা একটা প্রচণ্ড জোর যে সোস্যাল সার্ভিস সেক্টারকে বাড়িয়ে তোলা, তাকে শক্তিশালী করা, বাজেটের মূল উদ্দেশ্যকে তার দোরগোড়ায় নিয়ে গিয়ে পৌঁছে দেওয়া, এর ওপরে যে গুরুত্ব দিয়েছেন এই গুরুত্ব আমাদের সরকারের একটা মৌলিক দৃষ্টিকোণ। যে দৃষ্টিকোণ থেকে আমরা বলতে চাইছি যে সমাজের সর্বস্তরের মানুষের মধ্যে আমরা আমাদের কাজগুলো পৌঁছে দিতে চাইছি। আপনারা সবাই লক্ষ করেছেন, আমরাও লক্ষ করেছি যে কেন্দ্রীয় সরকার যে বাজেট পেশ করেছে সেই বাজেটে আমরা দেখেছি এবং সর্বস্তরে আলোচনা হচ্ছে যে এটা একটা কর্পোরেট বাজেট, বড়লোকদের বাজেট, বড়লোকদের দিকে তাকিয়ে করা বাজেট। ৮ মাস কেটে গেছে, প্রধানমন্ত্রী এখন পার্লামেন্টে চিৎকার করে বলছেন, না, এটা বড়লোকদের বাজেট নয়। আস্তে আস্তে সোস্যাল সেক্টারকে তার দিকে কি করে নজর ফেরানো যায় তার জন্য তিনি ক্রমাগত চেষ্টা করছেন। কিন্তু যে লিখিত বাজেট পেশ করেছেন তার থেকে দৃষ্টিভঙ্গি ফেরানো সম্ভব নয়। এটা তিনি বুঝতেও পেরেছেন।

[12.00 noon–12.10 p.m.]

তাই আমরা বলছি এই যে, সাধারণভাবে মধ্যবিত্তদের নিম্নবিত্তদের জন্য গ্রাম বাংলার জন্য যে বাজেট করা হয়েছে এই বাজেটের যে দৃষ্টিকোণ এই দৃষ্টিকোণকে আমরা সবাই সমর্থন করছি এবং এই দৃষ্টিকোণকে যাতে আরো বাড়িয়ে তোলা যায় আরও ভালোভাবে এগিয়ে

নিয়ে যাওয়া যায় তার জন্যে আমাদের সবাইকেই চেষ্টা করতে হবে। এ বাজেট সংহারের বাজেট নয়। এটাকে সংস্কারের বাজেট এবং অগ্রগতির বাজেট বলাটাই আমাদের প্রকৃতপক্ষে ভালো। আর সবসময়ই এরকম হয়, যে খাতে যে টাকা বরাদ্দ থাকে কোন কোন সময় সেই খাত থেকে একটু সরে গিয়ে অন্য খাত থেকে টাকা বরাদ্দ করতে হয়। হঠাৎ করে একটা বন্যা হয়ে গেল, সেখানে টাকা কম আছে, অন্য দপ্তর থেকে একটু টাকা নিয়ে গিয়ে সেখানে খরচ করতে হয়—প্রচণ্ড খরা দেখা দিয়েছে তার জন্যে খরচ করতে হয়, তার জন্যে কিছু কিছু পরিবর্তন করতেই হয়। এ ধরনের ঘটনা ঘটে থাকে কিন্তু আমরা সবাই একমত যে খুব বড় ধরনের পরিবর্তন যেন না হয় তা দেখা অর্থ মন্ত্রীর দায়িত্ব এবং অর্থ মন্ত্রী নিশ্চয় তা দেখবেন। কেন না, অর্থমন্ত্রী যে দৃষ্টিকোণ থেকে তার বাজেটকে আমাদের সামনে রেখেছেন তা নানা বিচারে অভূতপূর্ব। সোস্যাল সার্ভিস সেক্টরে বিভিন্ন ক্ষেত্রগুলো আপনি যখন দেখেন তখন আমরা সবাই অবাক হই। এর আগে আমরা এই হাউসে বিভিন্ন বাজেট দেখেছি কিন্তু এত ভালোভাবে সোস্যাল সার্ভিস সেক্টরের ক্ষেত্রে তিনি এগিয়েছেন যেটা রীতিমতো উল্লেখযোগ্য। পঞ্চায়েত থেকে ইরিগেশান অ্যান্ড ওয়াটারওয়েজ, হেলথ্ অ্যান্ড ফ্যামিলি প্ল্যানিং, ওয়াটার রিসোর্সেস অ্যান্ড ইনভেস্টিগেশান ডেভেলপমেন্ট, স্কুল এডুকেশান, হায়ার এডুকেশান, টেকনিক্যাল এডুকেশান অ্যান্ড ট্রেনিং, উইমেন ডেভেলপমেন্ট, সোস্যাল ওয়েলফেয়ার অ্যান্ড চাইল্ড ডেভলপমেন্ট ইত্যাদি নানা ক্ষেত্র। স্পোর্টস অ্যান্ড ইয়ুথ অ্যাফেয়ার্স এই সমস্ত নানা ক্ষেত্র যত আমরা দেখি তত আমরা ভাবি যে দিল্লিতে থাকা একটা মানুষ দীর্ঘদিন ধরে দিল্লিতে থেকেছেন এবং সেখানকার কালচারের সঙ্গে অভ্যস্ত হয়েছেন কিন্তু এখানে আসবার পরে মাত্র তিন বছরের মধ্যেই প্রমাণ করলেন যে বাংলার মাটিতে তার পা রয়েছে। সেই যোগাযোগটা তিনি হারিয়ে ফেলেননি এবং সেই যোগাযোগটা মনে রেখেই বাংলার সবচেয়ে দরিদ্র এবং অবহেলিত মানুষদের পাশে দাঁড়িয়ে কিভাবে তিনি সেই কাজ করবেন, তারজন্যে তিনি তার পদক্ষেপকে সুনির্দিষ্টভাবে ফেলেছেন এবং এইভাবে তিনি যে বাংলাকে এগিয়ে নিয়ে যাচ্ছেন সেই কাজ যাতে আরো সুন্দরভাবে সুচারুভাবে সুষ্ঠুভাবে করতে পারেন তার জন্যে তার প্রতি আবেদন জানিয়ে এই অ্যাপ্রিপ্রিয়েশান বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ স্যার।

শ্রী মহঃ সোহরাব : মাননীয় চেয়ারম্যান স্যার, আমরা প্রত্যেকেই Constitutional ambit-র মধ্যে কাজ করছি। Appropriation Bill যেটা মাননীয় অর্থমন্ত্রী এনেছেন, এটা হচ্ছে একটা constitutional obligation। যেমন রাজ্যপালের ভাষণ সরকার যেটা তৈরী করে দেন তিনি সেটা পড়েন That is Constitutional obligation। গতকাল আমরা পাস করেছি Finance Bill, Constitutional obligation। আজকেও যেটা স্যার, Appropriation Bill 2 যেটা এসেছে সেটার Statement of Objects-এর মধ্যেই মাননীয় অর্থমন্ত্রী বলে দিয়েছেন যে consolidated Fund থেকে আজকে যদি আমরা এটা পাস না করি তাহলে একটি পয়সাও পাবেন না। সুতরাং এ ব্যাপারে আমাদের তো বিরোধিতা করার প্রশ্ন নেই, তাহলে তো এক পয়সা খরচই হবে না, সবাই আমরা সমর্থন না দিলে, তাই এটা আমরা করতে বাধ্য, করছি। এই প্রসঙ্গে স্যার, আমি দুটো কথা বলতে চাইছি যে Appropriation Bill পাস করার পরে দয়া করে যেন

misappropriation না হয়। Misappropriation of money and misappropriation of money and misappropriation of power এই দুটোতেই যত গণ্ডগোল। স্যার, আমি প্রথমে power-এর কথা বলি, এর আগের দিন আমি নতুন আবুল কালাম আজাদ ইউনিভার্সিটির অবস্থার কথা বলেছিলাম। আজকে মাননীয় কৃষিমন্ত্রী আছেন এখানে কথাটা আগে বলি, যে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের যিনি vice-chancellor, স্যার এগুলো সবই আসছে এর মধ্যে, তার কথা কি উনি জানেন যে সে ভদ্রলোকের অতীতটা কি ? কে, কোন মানুষ আজকে vice-chancellor-এর মতো পদে বহাল আছেন এবং কিভাবে আছেন। আমরা যদি দেখি তাহলে দেখব তার যে বায়োডাটা, সেই বায়োডাটা সম্পূর্ণ ভুল। স্যার, একটা 'ডেকান হেরাল্ড' বলে একটা পত্রিকা, একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ পত্রিকা। সেই পত্রিকাতে বেরিয়েছিল, ভদ্রলোকের সম্বন্ধে, তিনি ইউ.পি.তে এলাহবাদে Head of the Department ছিলেন। তাতে কি বেরলো, The Head of Genetics and Plant Breeding Department at Allahabad Agricultural Institute (Deemed University) prof. অমুক has been suspended on charges of sexual Harassment. অ্যাকরডিং দ্য প্রেস রিলিজ গিভিন বাই দি রেজিস্ট্রার অফ দি ইনস্টিটিউট, তিনি বললেন, যে Following a written complaint submitted by the concerned woman who was working under him an enquiry was conducted and the final report was submitted to the V.C. and he was suspended. সেই ভদ্রলোক এবং তার আগেও এখানে বলা হচ্ছে তিনি Orissa-র University-তে কাজ করেছিলেন। সেখানে for the same reson ১২ বছর কাজ করেছিলেন। তাকে ওখান থেকে তাড়িয়ে দেওয়া হয়েছিল। He was appointed as V.C. of Kalyani-র কৃষি বিশ্ববিদ্যালয়। তিনি ছুটিতে গিয়েছেন, without any consent of the Chancellor, যখন আমেরিকাতে গিয়েছিলেন। তার বায়োডাটা সম্বন্ধে জানতে চাওয়া হয়েছে গভর্ণর বলে দিয়েছেন এটা তাকে জানাও, কোনো উত্তর আসেনি। Search Committee-র report, সেটা কি হয়েছে, সেটার কোনো পাত্তা নেই। অথচ He was working as V.C. তাই আমি যেটা বলতে চাইছি, কয়েকদিন আগে The Statesman কাগজে এর detailsটা বেড়িয়েছে তার কাজকর্ম সম্বন্ধে। আমি মাননীয় কৃষিমন্ত্রীকে অনুরোধ করব যে, ব্যাপারটা The Statement কাগজে detailsএ বেরিয়েছে। আমি তার নাম করছি না, অ্যাকরডিং টু দ্যা V.C. of Kalyani University আপনি তার বিরুদ্ধে একটা এনকোয়ারী করে—আমি যেটা বলতে চাইছি on the floor of the House mentioning the papers, সেটা সত্য কিনা, Enquire into the matter. স্যার, Next pointএ আমি যাচ্ছি মাননীয় মন্ত্রী Social Service Sectorএ বললেন, অনেকটা ঠিক। আমি কি স্যার, আপনাকে অনুরোধ করতে পারি ? ...(নয়েজ) .....মাননীয় মন্ত্রীর কাছে।

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি ওনার কাছে ক্ষমা চেয়ে নিচ্ছি, উনি একটা খবরের কাগজে কী বেরিয়েছে, আর কোথা থেকে কী বেরিয়েছে, সেটা আগে

আমাকে না বলে উনি যখন পেশ করছেন এবং আমার কাছে demand করছেন, আমি ওনাকে বলব যে আপনি অর্ধ সত্য জানেন, উনি যদি প্রকৃত সত্যটা জানতে চান তাহলে আমার কাছে যেন আসেন। আর আমি কৃষিমন্ত্রী হওয়ার আগেই ওনার appointmentটা হয়েছিল।

মহঃ সোহরাব : উনি আগে কী বলেছেন ; That person is still in the post আমি যেটা বলছি এবং এটা Governor-এর দপ্তর থেকে চিঠি গিয়েছে তাও আমি বলতে চাইছি। The Government has recommended ডেটা...(নয়েজ).....

মিঃ চেয়ারম্যান : আপনি অ্যাপ্রোপ্রিয়েশান বিলের উপরে বলুন, আপনি তার বাইরে যাচ্ছেন কেন ?

মহঃ সোহরাব : স্যার, হাউসকে বলছি, As because he is still the Minister of the Department and the ইউনিভার্সিটি is under him, সুতরাং তাকে আমি বলতেই পারি। নেক্সট্ স্যার, আমি যেটা বলতে চাইছি, মাননীয় মন্ত্রী বললেন যে service sector-এ। আমরা তো সবাই উন্নয়ন চাই, আমি আপনাকে অনুরোধ করছি যে, আমাদের MLA-দের যে ৬০ লক্ষ টাকা আছে, এটাকে বাড়িয়ে এক কোটি টাকা করা যায় কিনা। আমরা তো উন্নয়নের জন্যই খরচ করব, আমরা তো BPL-এর মধ্যে পড়ে যাচ্ছি। আজকে অন্ততপক্ষে মন্ত্রীকে অনুরোধ করছি, আজকে অন্তত পক্ষে announce করুন যে, আমরা তো উন্নয়নের জন্যই তো খরচ করব। আমাদের only interestটা কী ? উন্নয়ন will be done as per our suggestion, এটা আপনি দয়া করে যদি ব্যবস্থাটা করেন। স্যার এর পরে সেন্ট্রাল গভর্নমেন্টের স্কীম, নতুন সরকার করেছেন মা গঙ্গা মিশন।

[12.10–12.20 p.m.]

তার মধ্যে আমাদের পশ্চিমবাংলা থেকে ৪৪টি শহরকে বেছে নেওয়া হয়েছে। আমি আপনাকে অনুরোধ করব, আমাদের ৪৪টি শহর বেছেছে ওরা—এই ৪৪টির মধ্যে মুর্শিদাবাদ জেলার অনেক কিছু তো বাদ যায়, এখানে যে কটা শহর আছে, অন দি ব্যাঙ্ক অফ ভাগীরথী, স্টাটিং ফর্ম ধুলিয়ান, জঙ্গীপুর, ধুলিয়ান, লালবাগ, বহরমপুর, বেলডাঙ্গা এই শহরগুলো যাতে ইনক্লুডেড হয় সেটা যদি আপনি দয়া করে দেখেন। স্যার, টুরিজিমের ক্ষেত্রেও আমাদের ওখানে একটা বিল আছে, আহিরন বিল, স্যাংচুয়ারী, পাখিরালয় করার জন্য ব্যবস্থা করা হয়েছিল। সেটা কি কারণে আটকে গিয়েছে বন বিভাগ থেকে, আপনাকে অনুরোধ করছি সেই জিনিসটা দেখার জন্য। স্যার, এর আগেও আমরা অনেকে বলেছিলাম, আই.সি.ডি.এস. যে প্রোজেক্ট, যেটা গরীব ছেলে-মেয়েদের খাওয়ার জন্য, এর আগে যা হত, সেই এলাকার এম.এল.এ.—আমরা তো বলছি না যে আমাদের শুধু করতে হবে, আপনাদের দলেরও তো আছে সবাই, আপনাদের তো বেশী—লেট দি এম.এল.এ. চেয়ারম্যান অফ ব্লক লেভেল, সেন্ট্রাল গভর্নমেন্টের যে অর্ডারটা আছে, যে সার্কুলারটা

আছে, সেই সার্কুলারটাকে সাবস্টান্সিয়েট করে, সুতরাং আমি অনুরোধ করব মাননীয় মন্ত্রীকে, রেসপেক্টিভ মিনিস্টারের সঙ্গে কথা বলে যেন আই.সি.ডি.এস.-এর চেয়ারম্যান আগে যেরকম ছিল এবং সেন্ট্রাল গভর্নমেন্টের যে সার্কুলার সেটাকে সম্মান দিয়ে সেই রকম কিছু ব্যবস্থা যেন করা হয়। স্যার, স্কুল এডুকেশানে সর্বশিক্ষা অভিযান প্রথমে শুরু হয়েছিল। তারপরে মাধ্যমিক শিক্ষা অভিযান, এবারে হচ্ছে উচ্চশিক্ষা অভিযান, সেখানেও একটা সময় দেওয়া হয়েছে যে এই টাইমের মধ্যে গ্রস এনরোলমেন্ট যেন ৩০% হয়। গড়ে নাম্বার বাড়ছে, সমস্ত কিছু বাড়ছে। গতবারে সমস্ত টাকা যেটা আসছে সেন্ট্রাল গভর্নমেন্টের flagship programme, এইগুলো যাতে ব্যবহার হয়। আমি সেটা বলেছিলাম এবং উনি রাজিও হয়েছেন, মাননীয় মন্ত্রী এখানে এসেছেন, যে আমরা ক্লাস এইট পর্যন্ত টিচার নিয়োগের ক্ষেত্রে কিছু বার আছে আইনে সেন্ট্রাল গভর্নমেন্টের। কিন্তু নাইন টু টুয়েলভ সেখানে টিচারের ক্ষেত্রে ট্রেনিং নেবার কোনো বাধ্যবাধকতা নেই। সেখানে we can appoint honours graduates, উনি রাজি হয়েছেন। আশা করছি যে কিছু দিনের মধ্যে এই প্রবলেমগুলো হবে। কেন স্যার ? আজকে ইউনিভার্সিটি থেকে শুরু করে—আমি যেটা বলতে চাইছি, আমরা শিক্ষার উন্নয়ন চাইছি, কিন্তু যদি স্টাফ না থাকে, প্রিন্সিপ্যাল না থাকে, প্রিন্সিপ্যাল থাকবে না, প্রফেসর থাকবে না, হেডমাস্টার থাকবে না, টিচার থাকবে না, কোনো কিছু থাকবে না, অথচ আমরা যদি চাই শিক্ষার উন্নয়ন হবে, এই জিনিসটা হতে পারে না। এটা চলতে পারে না। সুতরাং আমরা সবাই চাইছি। শিক্ষাই মানুষের উন্নয়নের পথ, সুতরাং সেটাকে যাতে সর্বাঙ্গীন উন্নয়ন করা যায় তার জন্য যতগুলো কাজ করা দরকার সেইগুলো আপনি গ্রহণ করে, এই সরকার যাতে গ্রহণ করে, তার জন্য টাকাও আছে, আপনিও অনেক টাকার বাজেট করছেন, সেন্ট্রাল গভর্নমেন্টের flagship programme আছে। সব টাকাকে প্রপারলি ইউটিলাইজ করে যাতে ব্যবস্থা করা যায় সেইগুলোর জন্য আমি অনুরোধ করছি। স্যার, কুটির শিল্পের কথা বলছি। মুর্শিদাবাদে তিনটি কুটির শিল্প খুব বিখ্যাত। স্যার, খাগড়ার কাঁসার বাসন, সেখানে হাতির দাঁতের শিল্প এবং কম্বল, এই শিল্পগুলো মৃতপ্রায় হয়ে যাচ্ছে। সুতরাং যেগুলো একজিস্টিং, যেগুলোর সুনাম ছিল সেইগুলো আজকে যদি মৃতপ্রায় হয়ে যায়, সেইগুলোকে যাতে পুনর্জীবন দেওয়া যায় তার জন্য সেই সমস্ত শিল্পীদেরকে যাতে সরকারের তরফ থেকে সাহায্য করা যায় তার জন্য অনুরোধ করছি ব্যবস্থা করার জন্য। স্যার, ইরিগেশান ডিপার্টমেন্টের আমাদের মুর্শিদাবাদ, মালদার ভাঙন। এখন স্যার এন.টি.পি.সি.-তে কয়লা যাচ্ছে ভাগীরথীর উপর দিয়ে। তাতে দু-পাড়টা ভাঙছে সমস্ত এলাকা জুড়ে। আমি অনুরোধ করব to take up the matter with the Calcutta Port Trust এবং যাতে এই ভাঙনটাকে রোধ করা যায়। এই কটা কথা বলে আজকে যে অ্যাপ্রোপ্রিয়েশান বিল, সেটাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শুভাশীষ বটব্যাল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে এই পবিত্র কক্ষে মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহোদয় যে 'The West Bengal Appropriation Bill 2015' পেশ করেছেন তা আমি পূর্ণভাবে সমর্থন করে আমার

বক্তব্য পেশ করছি। স্যার, মাননীয় অর্থমন্ত্রী গত ২৭.০২.২০১৫ তারিখে ২০১৫-১৬ সালের যে বাজেট পেশ করেছিলেন, গত কয়েকদিন ধরেই বিতর্কের পর তা গৃহীত হয়েছে। এই বিল ভারতীয় সংবিধান অনুযায়ী পেশ হয়। সংবিধানে আছে—204-'As soon as may be after the grants under article 203 have been made by the assembly, there shall be introduced a Bill to provie for the appropriation out of the Consolidated Fund of the State of all moneys required to meet. (a) the grants so made by the Assembly; and (b) the expenture charged on the Consolidated Fund of the State but not exceeding in any case the amount shown in the statement previously laid before the House or Houses.' অর্থাৎ সংবিধান অনুযায়ী এই বিল পেশ করতে হয়। এই বিল পেশের মাধ্যমেই অনুমোদিত বাজেটের ব্যয়-বরাদ্দ খরচের অধিকার প্রদান করা হয়। অর্থাৎ এই যে অ্যাপ্রোপ্রিয়েশান বিল একটা একটা conventional। কারণ এটা হচ্ছে খরচ করার অধিকার প্রদান। সুতরাং বাজেটের যে অংশটা অলরেডি পাশ হয়ে গেছে, বাজেটের তিনটি অংশ—প্রথম হচ্ছে Annual Financial Statement that is estimated income and expenditure. It is the First part of the Budget. 2nd part হচ্ছে, Finance Bill, সেই ফিনান্স বিলটা আজকে সকালে পাশ হয়েছে। অর্থাৎ এই বাজেট অনুযায়ী কাজ করার জন্য টাকা-পয়সা কোথায় পাওয়া যাবে ? সেই টাকা-পয়সা কোন্ জায়গা থেকে আসবে, সেখানে বলা আছে। সেটা হচ্ছে 2nd part-That is called the Finance Bill. এই টাকা-পয়সা খরচা করার জন্য অনুমতি নিতে হয়, তাকে অ্যাপ্রোপ্রিয়েশান বিল বলে। তাহলে তিনটি পার্ট। এই তিনটি পার্ট নিয়ে সম্পূর্ণ একটা বাজেট। It is the third part and that is the last part of the Budget. সেই অ্যাপ্রোপ্রিয়েশান বিল, যেটা আমাদের মাননীয় অর্থমন্ত্রী পেশ করেছেন, তার আগে বাজেটের ব্যাপারে বিচার বিশ্লেষণ হয়েছে। আজকে ফিনান্স বিলের উপরে বক্তব্য রেখেছেন আমাদের কংগ্রেসের বিধায়ক সুখবিলাস বর্মা মহাশয়, তিনি ফিনান্স স্ট্যান্ডিং কমিটির একজন সদস্য। আমিও ফিনান্সের মেম্বার ছিলাম। উনি খুব ভালো কথাই বলেছেন যে, আমরা ফিনান্স কমিটির মধ্যে যে আলাপ-আলোচনা করতাম, বিভিন্ন জেলায় গিয়ে ঘুরে ঘুরে সেখানকার বিষয়বস্তু নিয়ে, ফিনান্সের যে সমস্ত উৎসগুলো আছে, সেগুলো নিয়ে কথাবার্তা বলে এবং ডিপার্টমেন্টের সঙ্গে কথাবার্তা বলে সেখানে রেভিনিউ যাতে বাড়ানো যায়, সেই ব্যাপারে আমরা একটা চেষ্টা করতাম। আমরা ফিনান্স মিনিস্টারের কাছে সেটা রিপোর্ট হিসাবে জমা দিতাম। সেই রিপোর্টের পজিটিভ এবং নেগেটিভ দিকের অধিকাংশ তিনি গ্রহণ করতেন, সেই সমস্ত বিষয়গুলো নিয়ে একটা ব্যাপকভাবে আলোচনা হত। সুতরাং এই আলোচনার পরিপ্রেক্ষিতে আমাদের অর্থমন্ত্রী তিনি বাস্তবিকভাবে সমস্ত ভালো জিনিসগুলো গ্রহণ করবার চেষ্টা করেছেন। এই বাজেটের মধ্যেও সেটা আপনারা পাবেন। কারণ ফিনান্স বিলে আপনারা শুনেছেন নিশ্চয়ই, তিনি যে বাজেট অ্যালোকেশান করেছেন, সেই অ্যালোকেশানের মধ্যে বিভিন্ন ডিপার্টমেন্ট আছে, সেই প্রতি ডিপার্টমেন্টের টাকাগুলো বাড়ানো হয়েছে। অর্থাৎ যে ডিপার্টমেন্টের যে টাকা, তার থেকে

বেশী খরচা করে আগামীদিনে growth, development and standard যাতে ভালো করে বাড়ে, সেই ব্যাপারটা তিনি লক্ষ রেখেছেন। তার সঙ্গে সঙ্গে শুধুমাত্র প্রোডাক্টিভ সেক্টর নয়, তার সঙ্গে উনি সার্ভিস সেক্টরে, যেটা আমরা জানতাম না, উনি তার ফিগারটাও দিয়ে দিয়েছেন। আজকে ওনার জবাবী ভাষণে উনি বলেছেন, সোস্যাল সেক্টরে আমরা ভাবতাম ২০-২২% অ্যালোকেশান থাকবে, কিন্তু আমরা দেখেছি যে উনি বললেন, ৩৭.৬২% যেটা অ্যালোকেশান করেছেন, প্রায় ৩৮%-এর মতো, এটা একটা ঐতিহাসিক। আমি এর আগে বাজেট ভাষণে বলেছিলাম, যা কিছু অর্থনৈতিক কার্যকলাপ বিবর্তিত হচ্ছে, সবই for the development of the people and the welfare to the society. সুতরাং সেখানে যদি সোসাইটির ব্যাপারে, সমাজের ব্যাপারে অর্থাৎ সোস্যাল সেক্টরগুলোর উপরে যদি ৩৭.৬২% অ্যালোকেশান করা হয় সেটা একটা জনকল্যাণকামী রাষ্ট্রে, সেটা একটা ওয়েলফেয়ার স্টেটের পক্ষে অত্যন্ত শুভ ব্যাপার। যেটা ভারতবর্ষের কাছে একটা দৃষ্টান্তমূলক ঘটনা।

[12.20-12.30 p.m.]

সুতরাং আমি মাননীয় অর্থমন্ত্রীকে এই জায়গায় ধন্যবাদ জানাচ্ছি। সুখবিলাসবাবু আরও কয়েকটি ব্যাপারে ধন্যবাদ জানিয়েছেন। উনি কয়েকটি কম্প্যারিজন করেছেন—মহারাষ্ট্রের সঙ্গে এবং অন্ধ্রের সঙ্গে। আমি সুখবিলাসবাবুকে একটা বিষয় বলতে চাই, সুখবিলাসবাবু, আমরা যে পরিস্থিতির মধ্যে পশ্চিমবাংলায় ক্ষমতায় এসেছি, যে ভঙ্গুর একটা অর্থনৈতিক সিস্টেমকে মাথায় নিয়ে আমাদের অর্থমন্ত্রী এবং আমাদের মুখ্যমন্ত্রী পশ্চিমবাংলার অর্থনীতি যে জায়গাতে ট্যাক্স-স্ট্রাকচার ছিল, রেভিনিউ কালেকশানের যে সোর্সগুলি ছিল, যে অভিমুখগুলি ছিল—সেগুলি ছিল অত্যন্ত সঙ্কুচিত, সেই জায়গা থেকে একেবারে বেরিয়ে এসে প্লাস যাদের মাধ্যমে ট্যাক্স কালেকশান করব তার যে স্ট্যানডার্ড—একটা কোয়ালেটেটিভ চেঞ্জ সহজে করা যায়, এককের পাশে শূন্য দাঁড় করিয়ে দশ সঙ্গে সঙ্গে করা যায় কিন্তু কোয়ালিটেটিভ একটা অত্যন্ত জটিল ব্যাপার। সুতরাং কোয়ালেটেটিভ চেঞ্জ করতে টাইম লাগছে। কিন্তু আমাদের যিনি অর্থমন্ত্রী তিনি চেষ্টা করছেন যে, বিভিন্ন অ্যালোকেশানগুলি বাড়িয়ে, ট্যাক্স-স্ট্রাকচারগুলিকে বাড়িয়ে এবং ট্যাক্স কালেকশানের মাধ্যমে সমাজে যে সমস্ত অর্থনৈতিক লিকেজগুলি আছে সেগুলিকে বন্ধ করে দিয়ে ট্যাক্সগুলি যাতে বেশি করে করা যায়। প্রতি বছর দেখবেন ট্যাক্সের ওপর উনি রিভিউ করছেন। সেই রিভিউ-এর মাধ্যমে তিনি আপগ্রেডেশান করছেন যাতে ট্যাক্স-স্ট্রাকচারটাকে কীভাবে করা যায়। যেমন, ভ্যালু-অ্যাডেড ট্যাক্স, ভ্যাটের ক্ষেত্রে তিনি একটা পছন্দভাবে তার একটা ইভুলিউশান করেছেন। এবং যে জায়গাগুলি ক্ষতিগ্রস্ত অবস্থায় আছে সেগুলিকে তিনি আপগ্রেডেশান করবার চেষ্টা করেছেন। সেগুলি সংশোধন করে আরও বেশি পজিটিভ করে যাতে বেশি করে ট্যাক্স কালেকশান করা হয় সেগুলির দিকে তিনি ব্যবস্থা করেছেন। সেইরকমভাবে স্ট্যাম্প-এর ক্ষেত্রেও একই ব্যবস্থা নিয়েছেন যাতে সেখানে পরিমাণটা বাড়িয়ে দিয়ে যাতে ট্যাক্সের পরিমাণ বেশি করে আদায় করা যায়। সেইটার দিকে লক্ষ্য রেখে তিনি সেই স্ট্রাকচারের ব্যবস্থা করেছেন। এই বিল যাতে পাশ হয় সেই জন্য প্রত্যেককে

আমি অনুরোধ জানিয়ে এবং বিলের অনুমোদনে সম্পূর্ণভাবে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। সকলকে ধন্যবাদ।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : The West Bengal Appropriation Bill, 2015, মাননীয় অর্থমন্ত্রী এই সভায় পেশ করেছেন। বাধ্যবাধকতার দিকে থেকে এই বিলকে আমাদের সমর্থন করতে হবে। .....(নয়েজ).....

মিঃ স্পিকার : ওনাকে বলতে দিন। ওনাকে বলতে দিন, বলতে দিন।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : বাধ্যবাধকতার দিকে থেকে এই বিলকে আমাদের সমর্থন করতেই হবে। ....(নয়েজ).... কেননা গতকালকে বাজেট পাশ হয়েছে। বাজেটের আমরা বিরোধিতা করিনি। আজকে যদি এই বিলকে সমর্থন না করা হয় তাহলে যে দায় সরকারের থেকে যায় সেটা সঙ্কুচিত হবে। তাই আমি এই বিলকে সমর্থন করছি। ট্রেজারি বেঞ্চের সদস্যরা কথা বলতে গেলেই চৌত্রিশ বছরের কথা বলেন। কেন বলেন, আমি জানি না। চৌত্রিশ বছরে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার যে উন্নয়ন ঘটিয়েছে যার অনন্য নজির যা ভারতবর্ষের ইতিহাসে নেই। ভূমিসংস্কার—ভূমিসংস্কার আমরা করেছি। আজকে জোরদার, জমিদার কথাটা উঠে গেছে পশ্চিমবাংলা থেকে। তার জন্য পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারই এর গর্ব অনুভব করতে পারে। আমরা ফসল উৎপাদনে চূড়ান্ত জায়গায় পৌঁছিয়েছি। আজকে আপনারা সেটাকে বলছেন, আমরা চূড়ান্ত জায়গায় নিয়ে গেছি। যেমন, আমাদের কাজগুলিকে নীল-সাদা রং করে আপনারা বলছেন, আমরা করেছি, কিন্তু আমরাও পশ্চিমবাংলাকে যে জায়গায় নিয়ে গিয়েছি তার ধারে-কাছে আপনারা যেতে পারেন না। আজকে ইউরিয়া সার পাওয়া যাচ্ছে না। আগেও আমরা বলেছি, ইউরিয়া সার পাওয়া যাচ্ছে না, তার কি ব্যবস্থা নিয়েছেন ? ইউরিয়া সারের কোনো ব্যবস্থা নিয়েছেন ? কৃষক কী করবে ? ব্ল্যাকে বিক্রি হচ্ছে। বহু টাকা দিয়ে বিক্রি হচ্ছে। অথচ সরকার এই জায়গায় নীরব দর্শকের ভূমিকা পালন করছেন। আজকে আমরা খরচের ক্ষেত্রে দেখতে পাচ্ছি—সুখবিলাসবাবু বলে গেছেন, আমাদের এঁরা বলে গেছেন, সেটা হচ্ছে এই যে, কৃষকের টাকা আজকে বিভিন্নভাবে খরচ হয়ে যাচ্ছে। আমরা দেখলাম আমাদের রাজ্যে Flim Festival হল। এই Flim Festival-এ যে টাকা বরাদ্দ ছিল তার থেকে বহুগুণ টাকা বরাদ্দ করা হয়ে গেল। বাজেটে এটা ছিল না, বাজেট বহির্ভূতভাবে খরচ করা হল। আমি বলছি এইভাবে টাকা খরচ বা বরাদ্দ বন্ধ করা দরকার। উনি বলেছেন "বন্যা-খরা, ইত্যাদি"। সেটা ঠিকই আছে। প্রাকৃতিক দুর্যোগ হলে, সেটা ঠিকই আছে। কিন্তু প্রাকৃতিক দুর্যোগের বাইরে মেলা-খেলা-উৎসব, মাটি উৎসব, অমুক উৎসব, তমুক উৎসবের জন্য যদি শত শত কোটি টাকা খরচ করেন তাহলে সাধারণ মানুষ বঞ্চিত হবে, কৃষক বঞ্চিত হবে, কৃষক ফসলের দাম পাবে না। এটা দেখার জন্য আমি আপনাকে বলব।

আজকে শিক্ষা ক্ষেত্রে দেখছেন একটা অদ্ভুত পরিবেশ গড়ে উঠেছে। গণ-টোকাটুকি শুরু হয়ে গেছে। ১৯৭৭ সালের আগে যেটা ছিল এখন আবার শুরু হয়ে গেছে। গণ-টোকাটুকি। মাননীয় মন্ত্রী এখানে স্বীকার করেছেন কিন্তু পারিষদ স্বীকার করেছে না।

আজকে এর জন্য দরকার রাজনৈতিক সদিচ্ছা। রাজনৈতিক সদিচ্ছা না থাকলে এই কাজ হতে পারে না। সর্বশিক্ষা মিশন যে রিপোর্ট দিয়েছে তা আপনারা দেখেছেন। আপনারা গর্ব করছেন ! আমি বীরভূমের কথা বলছি। সর্বশিক্ষা মিশনের রিপোর্টে দেখেছেন এখনও ২,৯৯৬ জন ইস্কুলে যায়নি। আশ্চর্য ব্যাপার ! সর্বশিক্ষা মিশনে লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা খরচ হচ্ছে। আপনারা রিপোর্ট পাঠাচ্ছেন 'সমস্ত স্কুলের ছেলে-মেয়েরা সর্বশিক্ষা মিশনের মধ্যে লেখা-পড়া করছে'। কিন্তু কাগজে বেরিয়েছে, আপনারাও হয়তো দেখেছেন, সব ছেলে-মেয়ে স্কুলে যাচ্ছে না। ইস্কুল যাওয়া থেকে তারা বঞ্চিত হচ্ছে।

আপনারা শৌচাগার নির্মাণের কথা বলছেন। আমরা রাজনৈতিক কর্তব্যবোধ থেকে, রাজনৈতিক সদিচ্ছা থেষক এটা করেছি। কী পরিশ্রম করতে হয়েছে ! সমস্ত পঞ্চায়েতকে নামাতে হয়েছে শৌচাগারের জন্য। শৌচাগার তৈরীর জন্য বাড়ী বাড়ী যাও। বামপন্থী কর্মীদের বলা হয়েছে বাড়ী বাড়ী গিয়ে শৌচাগার নির্মাণের কথা বল। এটা আমরা একটা জায়গা পর্যন্ত নিয়ে গেছি। অথচ এটা নিয়ে আপনারা আজকে গর্ব করছেন, যেন আপনারা সমস্ত শৌচাগার তৈরী করেছেন। এই শৌচাগার তৈরী করার ক্ষেত্রে বামফ্রন্টের কর্মীদের অবদান অস্বীকার করতে পারবেন না। তখনকার পঞ্চায়েতকে অস্বীকার করতে পারবেন না। পঞ্চায়েত ভালোভাবে কাজ করেছে তাই এই কাজ গতি পেয়েছে। হ্যাঁ, এখন কিছু বেড়েছে। এটা অস্বীকার করার কোনো জায়গা নেই। কিন্তু গতি আনার কাজটা আমরা শুরু করেছি। সেটাকে অস্বীকার করার কোনো জায়গা নেই।

আপনারা শিল্প নিয়ে গর্ব করছেন। সিঙ্গুর থেকে তো তাড়ালেন। সিঙ্গুরের কারখানা তৈরীর কাজ ৮০ ভাগ হয়ে গিয়েছিল। সেখান থেকে তাড়িয়ে দিলেন। সারা রাজ্যে, সারা ভারতবর্ষে তার ফলে কী বার্তা গেল ? আজকে আর কোনো শিল্প এখানে আসছে না। আপনারা যতই লিখুন না কেন, আপনারা যতই শিল্প সম্মেলন করুন না কেন কোনো শিল্প পশ্চিমবাংলায় ঢুকবে না আপনাদের কাজ-কর্মের জন্য। আজকে চা-শিল্পের অবস্থা দেখুন, পাট শিল্পের অবস্থা দেখুন। কী অবস্থা ! আজকে যুবকরা আত্মহত্যার পর আত্মহত্যা করছে চাকরী না পাওয়ার কারণে, অবস্থান করছে চাকরী না পাওয়ার কারণে।

মাননীয় সদস্য সোহরাব সাহেব MLA কোটার টাকা বাড়ানোর কথা বলেছেন। আমি অন্য MLA-দের কথা জানি না তবে আমার কথা হচ্ছে, বামপন্থী MLA-দের ক্ষেত্রে আগেও বলেছি, BDO obstruction করেছে, পঞ্চায়েতের কর্মাধ্যক্ষরা obstruction করছে। বলছে, যে প্লান দিয়েছে, যে স্কীম দিয়েছে আমরা ওই স্কীমে টাকা খরচ করতে দেব না। আমরা কবেই স্কীম দিয়ে দিয়েছি, অনেক আগেই টাকা খরচ হয়ে যাওয়ার কথা কিন্তু টাকা খরচে obstruction করেছে। এই নিয়ে ভীষণ সমস্যা হচ্ছে আপনি একযু দেখুন। কেন আমাদের পছন্দ মতো কাজ তারা করতে দেবে না ? এটা একটু দেখুন। টাকা বাড়ান না বাড়ান অন্ততপক্ষে টাকা খরচের ব্যবস্থাটা করুন। আমাদের জন্য টাকা খরচ হচ্ছে না, খরচ হচ্ছে আপনাদের জন্য। তারা খরচ করতে দিচ্ছে না। আর, পঞ্চায়েত সমিতির যারা আছে আরা এই টাকা খরচ করতে দিচ্ছে না। এটা একটু ভালো করে দেখবেন।

সরকারী কর্মচারীদের ডি.এ.-র কী হবে ? সরকারী কর্মচারী ডি.এ. পাবে না ? এটা কী ভিক্ষাবৃত্তি ? ভিক্ষা তো নয় এটা। কেন মাসের পর মাস সরকারী কর্মচারীদের ডি.এ. হবে না ? বছরের পর বছর অনেকগুলো টাকা সরকারী কর্মচারীদের ডি.এ. বাকি রয়েছে। কেন তাদের ডি.এ. থেকে বঞ্চিত করছেন ? নিজেরা নানা রকম কথা বলছেন। এটা তো ভিক্ষার দান নয়। সুতরাং, বিষয়টা দেখার জন্য আপনাদের বলব। বাম জমানায় স্বয়ম্ভর গোষ্ঠী তৈরি হয়েছিল। সেই স্বয়ম্বর গোষ্ঠী একটা প্রসার আন্দোলন গড়ে তুলেছিল। মহিলা সমাজের অংশগ্রহণ উল্লেখযোগ্য ছিল। এই সরকার আসার পর থেকে আবার শুনছি মেয়েদের হাতে চুড়ি পরিয়ে দেবে। চুড়ি পরিয়ে দেবে মেয়েদের হাতে। বালা হয়, চুড়ি পরিয়ে দেবে। তাদের হাতে কিছু টাকা তুলে দিয়ে তাদের সঙ্গে স্বয়ম্ভর গোষ্ঠীর মানসিকতাকে তারা ধ্বংস করে দেবে। তাদের আত্মমর্যাদাটাকে ধ্বংস করে দেবে। আমি বিষয়টা দেখার জন্য বলব। ধন্যবাদ।

[12.30-12.40 p.m.]

ডঃ অমিত মিত্র : স্যার, আমি জানি, প্রায় আমরা শেষের দিকে পৌঁছে গেছি। শুধু দুটি কথা বলব—একটা হচ্ছে, হেদায়েতউল্লাহ সাহেব একটা কথা বললেন যেটা আমার মনে হল উল্লেখ করা উচিত। উনি বললেন, পার্টি ওয়ার্কাররা গিয়ে শৌচালয় তৈরি করেছে। স্যার, প্রশ্ন হচ্ছে সরকারকে কি তাহলে পার্টি ওয়ার্কাররাই চালাচ্ছিল ? একটু হাল্কা মেজাজে বলি আমাদের হক সাহেব একটা সুন্দর কথা তুলেছিলেন। আমি যে শায়েরিটা বলেছিলাম সেই সম্বন্ধে। সেটা বলে আমার বক্তব্য দীর্ঘায়িত করব না। উনি বলেছিলেন যে কথাটা—সেটা আমাদের দু-একজন রেসপেক্টেড মেম্বার বলেছেন যে—উর্দুটার বাংলা করে দিলে ভালো হত ওই শায়েরিটা একবার পড়ে—আপনি যদি অনুমিত দেন স্যার। এর বাংলাটা খুব ইমপর্টেন্ট। দ্বিতীয় স্ট্যাঞ্জাতে ছিল—পুরোটা একবার বলে দিই স্যার। "আনজামকে ফিকর না কর, আগাজ করকে দেখ", 'ভিগে হুয়ে পঁরোসে হি'—এটা খুব ইমপর্টেন্ট স্যার—"ভিগে হুয়ে পঁরোসে হি, পরয়াজ কর কে দেখ"। তার বক্তব্যটা ছিল, পাখির পালক ভিজে গেছে, কিন্তু ভয় করো না। 'ভিগে হুয়ে' যে হয়েছে এটা কিসে ভিজে গেছে স্যার ? ওই যে কালকে ডেটাটা দিয়েছিলাম—৮২ হাজার ৯৬৪ কোটি, তার সঙ্গে কোথা থেকে এল তার সোর্স ? এবং কেন আমাদের এই ধার করতে হল ? তার কারণটাও কালকে দিয়েছিলাম স্যার। 76 হাজার 346 কোটি due to the debt of the past. তার মানে পাখিটার যে ডানা ভিজে গেছে that is the Left Front loan debt left behind. তাই একথা বলেই শেষ করব স্যার। আর একবার মনে করিয়ে দিই থ্রু ইউ—আপনার মাধ্যমে স্যার হাউসকে। "আনজামকে ফিকর না কর, আগাজ করকে দেখ"—সাহস কর, 'ভিগে হুয়ে পঁরোসে হি'—ভিজে গেছে যে ডানা, সেই ডানা দিয়েই—'পরয়াজ করকে দেখ'। এইটুকু বলে আমার বক্তব্য শেষ করতে চাই।

Mr. Speaker: The question before the House is that the West Bengal Appropriation Bill 2015 be taken into consideration.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say No.

Ayes have it. Ayes have it.

Clauses 2-3

Mr. Speaker : There is no amendment to Clauses 2-3. So I put to vote Clauses 2 to 3 do stand part of the Bill.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say No.

Ayes have it. Ayes have it.

The Schedule of the Bill

Mr. Speaker : There is no amendment to the Schedule of the Bill. So I Put to vote the Schedule of the Bill do stand part of the Bill.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say No.

Ayes have it. Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill.

So I put to vote Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say No.

Ayes have it. Ayes have it.

Now, the Hon'ble Minister-in-Charge of the Finance and Excise Department may please move the motion for passing of the Bill.

Dr. Amit Mitra : Sir, I beg to move that the Appropriation Bill, 2015 be passed.

Mr. Speaker : The question before the House is that the Bill as settled in the Assembly be passed.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say No.

AYES have it. AYES have it.

The Bill is passed. The Bill is Passed.

NOTICE OF PRIVILEGE

Mr. Speaker: Hon'ble Members today I have received a Notice of Breach of Privilege from Dr. Partha Chatterjee, MLA under rule 226 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly against Shri Joy Prakash Majumdar, representative of BJP and the news editor of the Focus channel. It is alleged that Shri Majumdar while participating in a debate under the caption "Yukti Tarko Arko' on the 3rd March, 2015 in the said channel made some derogative comments against Dr. Chatterjee which according to him constitutes a Breach of Privillege as a Member of the House. The Notice is under my examination and I shall give my ruling in due course after receipt of the relevant C.D.

MOTION UNDER RULE 185

Now motion under Rule 185 regarding decision taken by the Union Government for privatization of Kolkata Airport standing in the name of Dr. Partha Chatterjee, Shri Firhad Hakim, Dr. Surya Kanta Mishra, Shri Md. Sohrrb, Shri Sobhandeb Chattopadhyay, Shri Tapas Roy, Shri Aroop Biswas, Shri Probodh Chandra Sinha, Dr. Manas Ranjan Bhunia, Shri Asit Mitra, Shri Subhas Naskar, Shri Udayan Guha, Shri Arun Mahapatra, Dr. Tarun Kanti Naskar and Dr. Harka Bahadur Chettri.

Now I call upon Dr. Partha Chatterjee to move his Motion.

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ফিরহাদ হাকিম, সূর্যকান্ত মিশ্র, মহঃ সোহরাব, শোভনদেব চট্টোপাধ্যায়, তাপস রায়, অরূপ বিশ্বাস, প্রবোধ চন্দ্র সিনহা, মানস ভূঞ্যা, অসিত মিত্র, সুভাষ নস্কর, উদয়ন গুহ, অরুণ মহাপাত্র, তরুনকান্তি নস্কর, হরকা বাহাদুর ছেত্রী—আমরা সকলে মিলেই এটি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় যা রুল ১৮৫-এ আমরা এখানে সকলে মিলে উত্থাপিত করেছি। বিষয়টি হল, যেহেতু সাম্প্রতিককালে কলকাতা বিমান বন্দরে পি.পি.পি. মডেলের নামে বেসরকারীকরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। যেহেতু ইতিপূর্বে আধুনিকীকরণের এই কাজটি রাষ্ট্রায়ত্ত সংস্থা এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়ার মাধ্যমে ২৭০০ কোটি ব্যয়ে ২০১৩ সালে সাফল্যের সঙ্গে সম্পন্ন হয়েছে। যেহেতু বর্তমানে সরকারী সংস্থা এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়ার পরিচালনাধীনে কলকাতা বিমান বন্দর জানুয়ারী ২০১৫ পর্যন্ত ৩২০ কোটি টাকা লাভ করেছে। যেহেতু সরকারী পরিচালনাধীন এই সংস্থা বর্তমানে একটি মিনি রত্ন রাষ্ট্রায়ত্ত সংস্থা, যেহেতু একটি লাভজনক উদ্যোগকে বেসরকারীকরণ করার ফলে সংশ্লিষ্ট কর্মচারীদের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়বে এবং বিমান বন্দরের সুষ্ঠু পরিচালন ব্যাহত হবে। যেহেতু

বেসরকারীকরণের মধ্য দিয়ে পরোক্ষভাবে বিমানভাড়া বৃদ্ধি পাবে এবং সাধারণ যাত্রীদের উপর আর্থিক চাপ পড়বে। সেহেতু, এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে এই সিদ্ধান্তকে প্রত্যাহার করার দাবি জানাচ্ছে।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মিস্টার স্পীকার স্যার, মোশান আন্ডার রুল ১৮৫ যেটা বলা হয়েছে আমাদের সবার নামে, এখানে আলোচনার জন্য আনা হয়েছে আমি এটাকে সমর্থন করেই এটা বলতে পারি যে, এখানে যা বলা আছে মোশানের মধ্যে যেটা প্রস্তাবের মধ্যে লিখিত সেটা self explanatory.

[12.40–12.50 p.m.]

বিশেষ ব্যাখ্যার কোনো প্রয়োজন আছে বলে মনে হয় না। সবাই এই বিষয়ে সহমত পোষণ করেন। আমি কেবলমাত্র একটা কথাই মনে করিয়ে দিই যে ২০০৬ সালে যখন এটা বেসরকারীকরণের অন্যান্য কতকগুলি এয়ারপোর্টের সঙ্গে সারা দেশের সিদ্ধান্ত হয়েছিল, তখন কলকাতায় তিনদিন এয়ারপোর্ট বন্ধ হয়ে গিয়েছিল। সেখানে ধর্মঘট হয়েছিল এবং এর বিরুদ্ধে সবাই ঐক্যবদ্ধভাবে লড়াই করেছিলেন। আমরা চাই না যে সেই রকম পরিস্থিতি আবার একটা তৈরি হোক। আমরা মনে করি যে আমরা যদি সর্বসম্মতভাবে এইরকম একটা প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে পৌঁছে দিতে পারি, এই বার্তা, তাহলে সেটাকে এড়ানো যায় এবং শান্তিপূর্ণভাবেই বিষয়টির সমস্যার সমাধান হয়। এখানে দেখানো হয়েছে যে ৩২০ কোটি টাকার, ১৩ সালে কাজটা কমপ্লিট হয়েছে। আর ২০১৫-এর জানুয়ারী পর্যন্ত ৩২০ কোটি টাকা লাভ হয়েছে। আমরা কাগজপত্র দেখেছি। কাজেই যে ২৭০০ কোটি টাকা এয়ারপোর্ট অথরিটি খরচা করেছে, তা উঠে আসতে এমন কোনো সমস্যা নেই। এটা এখন পি.পি.পি. মডেলের নামে এর সার্ভিস ইত্যাদি যে আবার বেসরকারীকরণ করার জন্য যে টেন্ডার করা হয়েছে, সেই কারণেই বিরোধিতা করছি, এটা প্রত্যাহার করে নিতে বলছি। আমার অন্ততপক্ষে দেখে মনে হয়নি, সবারই অভিজ্ঞতা তাই হবে, যেগুলো প্রাইভেটাইজ করা হয়েছে, সেগুলো খুব ভালো, চকচক করে চলছে। আর আমাদের এখানে যত গোলমাল। সেই রকম কোনো অবস্থা নেই, একই রকম আমরা দেখি সার্ভিস। ওখানে পয়সা দিতে হয় ঢুকতে। তাছাড়া কর্মচারীদের, তাদের কাজের কোনো নিরাপত্তা নেই। এই কারণেই এটার বিরোধিতা। আমি আশা করি সবাই একে সমর্থন করবেন। ধন্যবাদ।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় স্পীকার স্যার, এর আগে আমাদের মাননীয় পরিষদীয় মন্ত্রী যে প্রস্তাব, সেই প্রস্তাব তিনি রেখেছেন, আর নতুন করে সেটা বলার প্রয়োজন নেই। ভারতবর্ষের অর্থনৈতিক অবস্থান সম্পর্কে আমরা সবাই জানি। যে ইউ.পি.এ. সরকারের আমল থেকেই বিশ্ব পুঁজির কাছে দেশকে বিক্রি করে দেওয়ার যে চক্রান্ত শুরু হয়েছিল, সেই সময় আমাদের যিনি মুখ্যমন্ত্রী, বিভিন্ন বিষয়ে প্রতিবাদ করেছিলেন এবং চারটি দেশের এয়ারপোর্ট, মেন এয়ারপোর্ট—চেন্নাই, আমেদাবাদ, কলকাতা এবং জয়পুর, এই চারটি এয়ারপোর্টকে পি.পি.পি. মডেলে নিয়ে যাওয়ার যে পরিকল্পনা, আমি স্যার আপনাকে বলি দায়িত্ব নিয়েই, যে এটা দ্বিতীয় ইউ.পি.এ সরকারের আমলেই এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল। কিন্তু পরবর্তীকালে সেটা বাস্তবায়িত হয়নি। বর্তমান যে সরকার, যে

সরকার দেশকে আবার নতুন করে বিশ্ব পুঁজির কাছে বিক্রি করে দিতে চাইছেন, দেশীয় পুঁজির কাছে বিক্রি করে দিতে চাইছেন, এটা তারই একটা ভয়াবহ পদক্ষেপ বলে আমি মনে করি। যে প্রতিষ্ঠান ৩২০ কোটি টাকা লাভ করেছে, যে প্রতিষ্ঠানের কোনো দুর্বলতা নেই, যে প্রতিষ্ঠানের কর্মচারীরা মাইনে পায়, যে প্রতিষ্ঠানের কর্মচারীরা সব রকমের সুযোগ-সুবিধা পাচ্ছেন এবং তাদের লাভের অঙ্ক বাড়ছে, সেই প্রতিষ্ঠান বন্ধ করে দেওয়ার মতো কোনো কারণ আছে বলে বা সেই প্রতিষ্ঠানকে তার শেয়ার কোনো পুঁজিপতিদের কাছে বিক্রি করে দেওয়ার মতো কারণ আছে বলে আমি মনে করি না। এই যে বিভিন্ন প্রতিষ্ঠানগুলো যেমন ধরুন L&T, GMR, GVK, রিলায়েন্স ইন্সফ্রাস্ট্রাকচার—এইরকম ধরনের কিছু কোম্পানীর কাছে, কোম্পানীর সঙ্গে যুক্তভাবে ব্যবসা করা। সূর্য্যকান্তবাবু বলেছেন, আমিও একমত যে পি.পি.পি. মডেলে করলেই সেটা আরও ভালো কাজ করবে এমন কোনো প্রমাণ ভারতবর্ষে এখনও পর্যন্ত প্রমাণিত হয়নি। বরং অনেকগুলি সরকারী সংস্থা আছে যেগুলো দুর্বল অবস্থা থেকে আস্তে আস্তে উন্নত হচ্ছে, তাদের নিজেদের পায়ে দাঁড়াবার চেষ্টা করছে। এই রকম একটা জায়গায় দাঁড়িয়ে আজকে যে প্রস্তাব এসেছে, এটা সর্বদলীয় প্রস্তাব। স্বাভাবিকভাবেই এই বেসরকারীকরণ করলে সঙ্গে সঙ্গেই যারা আসছেন, আসবেন, তাদের কাছে মূল লক্ষ্যটা কী ? সরকারের কাছে মূল লক্ষ্যটা কখনও মুনাফা হয় না। কোনো সরকারের কাছে মূল লক্ষ্যটা মুনাফা হয় না। কিন্তু যখনই ব্যক্তি পুঁজি আসবে, যখনই বিদেশী পুঁজি আসবে, তাদের কাছে মূল শর্তটাই হবে আরও বেশি মুনাফা বাড়ানো। স্বাভাবিকভাবেই এই যে ফেয়ার, ফ্রেট, এটা আরও বেড়ে যাবে, যেটা আগামীদিনে সাধারণ মানুষের উপর চাপ সৃষ্টি করবে। স্বাভাবিকভাবেই আমিও স্যার সম্পূর্ণভাবে একমত যে এইটা সর্বদলীয়ভাবে যে সিদ্ধান্ত হচ্ছে, এই সিদ্ধান্ত নিয়ে আমাদের অবিলম্বে দিল্লিতে এই সিদ্ধান্ত পাঠিয়ে দেওয়া দরকার। যাতে বর্তমান সরকার এই নিয়ে আর এক-পা এগোবার মতন সাহস দেখাতে না পারেন। প্রয়োজন হলে প্রত্যেকটা রাজনৈতিক দল আন্দোলনের পথে যাবেন, গণ-আন্দোলন সৃষ্টি করবেন। যাতে এই সিদ্ধান্ত থেকে তারা পিছিয়ে আসতে বাধ্য হয়। এই বলে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

ডঃ তরুণ কান্তি নস্কর : স্যার rule-185-এ মাননীয় মন্ত্রী ডঃ পার্থ চ্যাটার্জী যে প্রস্তাবটি পেশ করেছেন যেটা আমরা অনেকে মিলে সমর্থন করেছি। এই প্রস্তাবটি self explanatory, আমার যেটা মনে হয়েছে যে গত ইউ.পি.এ. সরকারের সময় থেকে এই যে বিভিন্ন নবরত্ন সংস্থা যেগুলিকে বা বিভিন্ন PSU যেগুলিকে disinvest করবার চেষ্টা হয়েছিল। তারাই ধারাবাহিকতা চলছে এবং এই PSUগুলি আপনারা প্রত্যেকেই জানেন স্বাধীনতার পর থেকে জনগণের tax-এর টাকায় তৈরি হয়েছে। এরা কিন্তু job create করেছেন, পজিটিভ জব ক্রিয়েট করেছে। ডঃ মিত্রের মতন কর্মসংস্থান নয়, এরা জব ক্রিয়েট করেছে। সেইরকম PSUগুলিকে এইভাবে জনগণের টাকায় গড়ে ওঠা পরিকাঠামোগুলিকে ব্যবসায়ী প্রতিষ্ঠানের হাতে তুলে দেওয়া কেবলমাত্র মুনাফার পাহাড় তৈরি করার জন্য এই অধিকার কে তাদেরকে দিয়েছে ? যারা ক্ষমতায় বসে আছেন তারা কি নির্বাচনের সময় বলেছিল যে আমরা ক্ষমতায় গিয়ে এগুলি disinvest করব। তারা কোথাও কি জনগণের মত চেয়েছিল, না চেয়ে তারা ক্ষমতায় গিয়ে এই কাজ করছে। এই কাজ করার অধিকার

তাদের কে দিয়েছে ? ইতিমধ্যে ডিফেন্সে 49% তারা প্রাইভেট ইনভেস্টমেন্ট ইনভাইট করেছে। ইনস্যুওরেন্স বিল টেবিলড হয়েছে গতকাল এবং সেখানে ২৬% থেকে ৪৯% FDI তারা invite করেছে। ইতিমধ্যে ৭০ হাজার কোটি টাকা PSU-এর যে মূলধন তারা disinvest করার জন্য প্রস্তাব দিয়েছে। ফলে এইসমস্ত অধিকার এদের একেবারে নেই। ঠিক তেমন করে এই যে Airport-কে তারা বেসরকারী করার চেষ্টা করছে। এই ২৭০০ কোটি টাকা, সেটাও জনগণের টাকা। সেই জনগণের টাকা দিয়ে সেটাকে modernize করা হয়েছে। তাকে এইভাবে তুলে দেওয়া হচ্ছে। এই তুলে দেওয়ার অধিকার তাদের একেবারে নেই। একটা কথা আমি বলতে পারি—PPP বলে যে কথাটা চালু হয়েছে আজকাল, এই PPP মডেল আসলে একটা অত্যন্ত শ্রুতিমধুর কথা, বেসরকারীকরণের একটা প্রতিশব্দ এছাড়া আর কোনো কিছু নয়। ফলে সরকারের এই প্রস্তাবকে আমি বিরোধিতা করছি। আমি মনে করি যে সমস্ত দল একে সমর্থন করুন। আমি শমীকবাবুকেও রিকোয়েস্ট করছি—তিনিও এটা সমর্থন করুন। জনগণের স্বার্থে তিনি একটা সমর্থন করুন। এই কথা বলে আমার বক্তব্য এখানেই শেষ করছি, ধন্যবাদ।

শ্রী অসিত মিত্র : স্যার, মাননীয় ডঃ পার্থ চ্যাটার্জী এবং অন্যান্য মাননীয় সদস্য কলকাতা বিমানবন্দরকে যে PPP মডেলে রূপান্তরিত করার বিরুদ্ধে যে প্রস্তাব আনা হয়েছে 185 আমি তাকে সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য রাখছি। স্যার সকলেই বলেছেন সূর্য্যবাসু থেকে তরুণবাবু পর্যন্ত। স্যার আমি শুধু একটা কথা বলতে চাই ২০০৬ সালে কলকাতা বিমানবন্দরে PPP মডেলের কথা বলা হয় তখন কিন্তু কলকাতা বিমানবন্দরে যে অর্থনৈতিক অবস্থা ছিল সেই অর্থনৈতিক অবস্থা আজকের অর্থনৈতিক অবস্থার সঙ্গে অনেকখানি পার্থক্য আছে তার। কারণ ২০০৬ সালে কলকাতা বিমানবন্দরে আয় এবং ব্যয়ের মধ্যে যে পার্থক্য ছিল সেই পার্থক্যটা আজ নেই। এবং এটা খুব সঠিকভাবে বলা হয়েছে যে ২০১৫ পর্যন্ত ৩২০ কোটি টাকা লাভ করেছে after that modernization এবং এটা প্রথমেই বলা আছে। সাম্প্রতিককালে কলকাতা বিমানবন্দরকে PPP মডেলের নামে বেসরকারীকরণ—তারপরে বলা হচ্ছে ইতিপূর্বে আধুনিকীকরণের কাজটি রাষ্ট্রায়ত্ত সংস্থা Airport Authority of India-র মাধ্যমে ২ হাজার ৭০০ কোটি টাকা ব্যয়ে ২০১৩ সালে সাফল্যের সঙ্গে সম্পন্ন হয়েছে। আমি স্যার আপনার কাছে একটা কথা বলতে চাই এই যে লাইনটা আমি পড়লাম আপনার কাছে এটা কি মনে হয় না তারই মাঝখানে ২০০৬ সালে যে কথাটা তরুণবাবু বলছিলেন, শোভনবাবু বলেছেন...

[12.50-1.00 p.m.]

২০০৬ সালে এটাকে পিপিপি মডেলে আনার কথা হয়েছিল কিন্তু তারপর মর্ডানাইজেশান করে তার ইনকাম বাড়ানো হল, সেই ইনকাম বাড়ানোর পর আজকে যে পরিস্থিতি তৈরি হয়েছে, আজকে মাননীয় সমস্ত সদস্যদের সঙ্গে একমত হয়ে আমি তাদের অনুরোধ করব যে বর্তমানে এখানে নরেন্দ্র মোদীর সরকার—তারা সবকিছুতেই বেসরকারীকরণের স্পর্শ আনার চেষ্টা করছেন—সেটা বীমা হতে পারে, সেটা এল.আই.সি. হতে পারে—সমস্ত কিছু হতে পারে। কিন্তু তার থেকে এই জায়গাটাকে—এই কলকাতা এয়ারপোর্টকে পিপিপি

মডেলে নিয়ে যাওয়ার কোনো কারণ থাকতে পারে না। কারণ কলকাতা এয়ারপোর্ট এখন নিজের পায়ে দাঁড়িয়ে এগিয়ে যাওয়ার ক্ষমতা রাখছে এবং একই সঙ্গে পিপিপি মডেলের সব থেকে বড় ভয়ঙ্কর দিক যেটা আপনি দেখেছেন যে, এখানে আরও একটা কথা উল্লেখ করা আছে যে 'মিনি রত্ন রাষ্ট্রায়ত্ত সংস্থা'। স্যার 'মিনি রত্ন রাষ্ট্রায়ত্ত সংস্থা' কোনগুলো ? যারা ইতিমধ্যে অনেক ভালো রেজাল্ট করতে পেরেছে তাদের অর্থনৈতিক উন্নয়নের দিক থেকে। আমি আপনাকে এইটুকুই বলব একসঙ্গে আধুনিকীকরণ হয়েছে, তারপর তার প্রফিট হয়েছে, তারপর সেটা মিনি রাষ্ট্রায়ত্ত সংস্থা—মিনি রত্ন হয়েছে—এতগুলো তার এগিয়ে আসার পর এখন যদি বর্তমান কেন্দ্রীয় সরকার এটাকে মনে করেন যে পিপিপি মডেলের নামে আমি বেসরকারীকরণের দিকে এগিয়ে নিয়ে যাব—এই সরকার যেমন কর্পোরেট সংস্থার সঙ্গে—কেন্দ্রীয় সরকার—সে নিজেকে বিকিয়ে দিচ্ছে বা আমাদের বিকিয়ে দেওয়ার চেষ্টা করছে, আমি তার বিরোধিতা করছি এবং যে প্রস্তাব আনা হয়েছে তাকে সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়—বিমান বন্দরকে বেসরকারীকরণের যে চেষ্টা, তার বিরুদ্ধে আমরা সবাই মিলেই রুখে দাঁড়িয়েছি। কোনো কোনো কণ্ঠস্বর হয়ত আছে, তারা মনে করছেন যে এই—আমরা সকলে মিলে আজকে সূর্য্যবাবু থেকে শুরু করে অসিতবাবু, শোভনদেব চট্টোপাধ্যায়, তরুণকান্তি নস্কর—সকলেই এই গুরুত্বপূর্ণ বিষয়টির উপরে বক্তব্য রেখেছি। আমি শুধু বলতে চাই যে, সরকারের অভিমুখটা কি। যে ৩০০ কোটি টাকা—৩২০ কোটি টাকার লাভজনক সংস্থা—তাকে 'মিনি রত্ন' আখ্যা দিলাম, তারপরে তার রত্নকে কেড়ে নিয়ে গিয়ে অন্য জায়গায় ব্যবস্থা করলাম। এর বিরুদ্ধে বিগত দিনে সূর্য্যবাবু ঠিকই বলেছেন—বিগত দিনেও আমরা আমাদের দলমত নির্বিশেষে এই বিমান বন্দরকে বেসরকারীকরণের বিরুদ্ধে সেখানকার সর্বস্তরের অফিসার এবং কর্মীরা তারা রাস্তায় নেমেছে। কিছুদিন আগেও আমাদের যে 'প্রদীপ' বলে একজন যিনি ওখানে এই বিমানবন্দরের কর্মচারীদের বিষয়টি দেখেন এখন—তিনিও মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের হাতে তিনি বিমানবন্দরে যখন ছিলেন তখন তুলে দিয়েছিলেন এই সাংঘাতিক কাজটি, যাতে তিনিও আবার প্রতিবাদে সামিল হয়ে এই বিষয়টিকে দেখেন। স্বভাবতই যখন এই বিষয়টি সূর্য্যবাবু নিয়ে আসেন আমাদের বি.এ. কমিটিতে, তখন আমরা সকলে মিলে বলি যে এটা একার নয়, এটা সবারই—সবাই মিলেই আমরা চাই যে এটার একটা প্রতিবাদ হওয়া উচিত এবং প্রত্যাহার করা উচিত। কর্মচারীরাও দিল্লিতে গিয়েছেন, তারা নিজেরাও প্রতিবাদ করছেন তারা তাদের কেন্দ্রীয় দপ্তরে গিয়ে। তাদের প্রতিবাদ এবং এটা প্রত্যাহার করবার দাবিতে উপস্থিত হয়েছেন। ইতিমধ্যেই সেখানকার কর্মচারীরা অতি সংযতভাবে যাতে যাত্রী সাধারণ বা বিদেশী যাত্রীরা যারা আসছেন, তারা যাতে অসুবিধায় না পড়েন, সে দিকটাকে দেখে তারা প্রতিবাদে সোচ্চার হয়েছেন। এইরকম একটি অবস্থায় দাঁড়িয়ে বিধানসভার মধ্যে যারা জনপ্রতিনিধি আছেন তারা চুপ করে থাকতে পারেন না। তাই আমরা সকলে মিলেই এই প্রস্তাব এনেছি এবং আমরা মনে করি যে পরপর কতগুলি ক্ষেত্রে কর্মচারীদের শুধু নিরাপত্তা

